Barcode - 4990010123474
Title - Bengal Legislative Assembly Proceedings (1972) vol.53, pt.2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1758
Publication Year - 1972
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 123474

53—No. 2

Assembly Proceedings

Official Report

# West Bengal Legislative Assembly

**Fifty-third Session**

(June-August, 1972)

*(From 26th June, 1972 to 11th August, 1972)*

( The 5th, 6th, 7th, 8th, 9th, 10th, 11th, 13th, 14th, 15th, 21st, 24th, 25th, 26th, 27th, and 28th July, 1972. )

Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Price—Rs. 30·00

Vol. 53—No. 2.

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

### Fifty-third Session

(June-August, 1972)

*(From 26th June, 1972 to 11th August, 1972)*

( The 5th, 6th, 7th, 8th, 9th, 10th, 11th, 13th, 14th,
15th, 21st, 24th, 25th, 26th, 27th, and
28th July, 1972. )

Published by authority of the Assembly under rule 353 of the Rules of
Procedure and Conduct of Business in the West Bengal
Legislative Assembly.

Superintendent Government Printing
West Bengal, Alipore, Calcutta-27

## Government of West Bengal

## Governor

SHRI ANTHONY LANCELOT DIAS

## Members of the Council of Ministers

Shri Siddhartha Sankar Ray, Chief Minister and Minister-in-charge of Home Department ( excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Abdus Sattar, Minister-in-charge of Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch).

Dr. Zainal Abedin, Minister-in-charge of Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries and Department of Co-operation.

Shri Mrityunjoy Banerjee, Minister-in-charge of Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Department of Power.

Shri Tarun Kanti Ghosh, Minister-in-charge of Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri Sankar Ghose, Minister-in-charge of Finance Department and Department of Development and Planning.

Shri Gurupada Khan, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

Shri Sitaram Mahato, Minister-in-charge of Department of Forests and Veterinary Services (excluding Dairy Development Branch) and Department of Excise.

Shri Kashi Kanta Maitra, Minister-in-charge of Department of Food and Supplies and Dairy Development Branch of Department of Animal Husbandry and Veterinary Services.

Dr. Gopal Das Nag, Minister-in-charge of Department of Labour and Department of Closed and Sick Industries

Shri Gyan Singh Sohanpal, Minister-in-charge of Transport, Jails and Parliamentary Affairs Branches of Home Department.

Shri Ajit Kumar Panja, Minister-in-charge of Department of Health (excluding Rural Water Supply Branch).

Shri Santosh Kumar Roy, Minister-in-charge of Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and the Department of Scheduled Castes and Tribes Welfare) and Department of Fisheries.

Shri Bholanath Sen, Minister-in charge of Public Works Department and Housing Department.

**Ministers of State**

Shri Pradip Bhattacharyya, Minister of State for Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Ananda Mohan Biswas, Minister of State for Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Barnch)

Shri Prafullakanti Ghosh, Minister of State-in-charge of Department of Municipal Services, Department of Panchayats and Sports Branch of Department of Education.

Dr. Md. Fazle Haque, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Denis Lakra, Minister of State for Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri Subrata Mukhopadhaya, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Gobinda Chandra Naskar, Minister of State for Department of Health (excluding Rural Water Supply Branch).

Shri Ramkrishna Saraogi, Minister of State for Public Works Department and Housing Department.

Shri Atish Chandra Sinha, Minister of State for Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

## Deputy Ministers

Shrimati Amala Saren, Deputy Minister for Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Gajendra Gurung, Deputy Minister for Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri Suniti Chattaraj, Deputy Minister for Department of Irrigation and Waterways and Department of Power.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

### PRINCIPAL OFFICERS AND OFFICIALS

| | |
|---|---|
| *Speaker* ... ... | Shri Apurba Lal Majumdar. |
| *Deputy Speaker* ... ... | Shri Haridas Mitra. |

### SECRETARIAT

| | |
|---|---|
| *Secretary* ... ... | Shri K. K. Moitra, M. A. (Cal.), LL.B. (London), Barrister-at-Law. |
| *Deputy Secretary* ... ... | Shri A. K. Chunder, B.A. (Hons.) (Cal.), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-Law. |
| *Deputy Secretary* ... ... | Shri Dhruba Narayan Banerjee, B.A., (Hons.), LL.B. |
| *Deputy Secretary* ... ... | Shri Debavrata Chakravarthy, B.A. |
| *Assistant Secretary* ... ... | Shri Nayan Gopal Chowdhury, B.A. |
| *Assistant Secretary* ... ... | Shri Sankoriprosad Mukherjee, B.A. |
| *Assistant Secretary* ... ... | Shri Asadur Rahman |
| *Assistant Secretary* ... ... | Shri Sailendra Nath Patra. |
| *Editor of Debates* ... ... | Shri Amiya Kumar Dutta. |
| *Chief Reporter* ... ... | Shri S. K. Chatterjee. B.COM. |
| *Private Secretary to the Speaker* | Shri Panchu Gopal Chatterjee. |
| *Personal Assistant to the Secretary* | Shri Shyamal Kumar Banerjee. |
| *Section Officers* ... ... | Shri Asim Kumar Adhya.<br>Shri Ganesh Chandra Das.<br>Shri Prasantakumar Maulik, B.SC., LLB. |
| *English Reporters* ... ... | Shri Himadri Bhusan Chatterjee, B. COM.<br>Shri Prithwish Chandra Sen Gupta.<br>Shri Jawhar Lal Dutt, B.COM.<br>Shri Sailendra Mohan Chakrabarti.<br>Shrimati Subrata Sen Gupta. |

| | | |
|---|---|---|
| *English Reporters :* | ... | Shri Shyamal Kumar Banerjee |
| | | Shri Parimal Kanti Ghosh. |
| | | Shri Pulak Chandra Banerjee. B A. |
| *Bengali Reporters* .. | ... | Shri Arindam Ghosh. |
| | | Shri Bimal Kanti Bera |
| | | Shri Prafulla Kumar Ganguli, B.Com. |
| | | Shri Prabhat Chandra Bhattacharyya, B A. |
| | | Shri Abney Golam Akbar, B.A. |
| | | Shri Manas Ranjan Das, B.Com. |
| | | Shri Jagadish Chandra Biswas, B.A. |
| | | Shri Swadhin Chatterjee. |
| | | Shri Ranjit Kumar Basu, M.A., LL.B. |
| | | Shri Tarak Nath Chatterjee. |
| | | Shri Dhirendra Nath Bera. |
| *Hindi Reporter* ... | .. | Shri Ram Naresh Tripathi. |
| *Caretaker* .. | .. | Shri Gopal Chandra Ghatak. |

# West Bengal Legislative Assembly

## Alphabetical List of Members

### A

(1) Abdul Bari Biswas, Shri (54-Jalangi—Murshidabad)
(2) Abdur Rauf Ansari, Shri (144-Taltala—Calcutta)
(3) Abdur Razzak Molla, Shri (100-Bhangar—24-Parganas)
(4) Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)
(5) Abedin, Dr. Zainal (30-Itahar—West Dinajpur)
(6) Abu Raihan Biswas, Shri (57-Hariharpara—Murshidabad)
(7) Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri (44-Suzapur—Malda)
(8) Aich, Shri Triptimay (244-Hirapur—Burdwan)
(9) Ali Ansar, Shri (164-Kalyanpur—Howrah)
(10) Anwar Ali, Shri Sk (158-Panchla—Howrah)

### B

(11) Baidya, Shri Paresh Chandra [91-Gosaba (SC)—24 Parganas]
(12) Bandopadhayay, Shri Shib Sankar (6?-Kaliganj—Nadia)
(13) Bandyopadhyay, Shri Ajit Kumar (2?2-Faridpur—Burdwan)
(14) Bandyopadhyay, Shri Sukumar (246-Baraboni—Burdwan)
(15) Banerjee, Shri Mrityunjoy (153-Howrah Central—Howrah)
(16) Banerjee, Shri Pankaj Kumar (139-Tollygunge—Calcutta)
(17) Banerjee, Shri Ramdas (245-Kulti—Burdwan)
(18) Bapuly, Shri Satya Ranjan (115-Patharprotima—24-Parganas)
(19) Bar, Shri Ram Krishna [108-Bishnupur East (SC)—24-Parganas]
(20) Basu, Shri Ajit Kumar (173-Singur—Hooghly)
(21) Basu, Shri Ajit Kumar (212-Kharagpur Local—Midnapur)
(22) Basu, Shri Chittaranjan (174-Haripal—Hooghly)
(23) Basu, Shri Lakshmi Kanta (138-Rashbehari Avenue—Calcutta)
(24) Bauri, Shri Durgadas [228-Raghunathpur (SC)—Purulia]
(25) Bera, Shri Rabindra Nath (205-Debra—Midnapur)
(26) Bera, Shri Sudhir (187-Daspur—Midnapur)
(27) Besra, Shri Manik Lal [232-Raipur (ST)—Bankura]

(28) Besterwitch, Shri A.H. [13-Madarihat (ST)—Jalpaiguri]
(29) Bhaduri, Shri Timir Baran (59-Beldanga—Murshidabad)
(30) Bharati, Shri Ananta Kumar [147-Beliaghata (North)—Calcutta]
(31) Bhattacharjee, Shri Keshab Chandra (81-Ashokenagar—24-Parganas)
(32) Bhattacharjee, Shri Sakti Kumar (77-Haringhata—Nadia)
(33) Bhattacharjee, Shri Shibapada (126-Baranagar—24-Parganas)
(34) Bhattacharjee, Shri Susanta (163-Bagnan—Howrah)
(35) Bhattacharya, Shri Narayan (11-Alipurduar—Jalpaiguri)
(36) Bhattacharyya, Shri Harasankar (270-Bolpur—Birbhum)
(37) Bhattacharyya, Shri Pradip (257-Burdwan South—Burdwan)
(38) Bhowmik, Shri Kanai (190-Moyna—Midnapur)
(39) Bijali, Dr. Bhupen (105-Maheshtola - 24-Parganas)
(40) Biswas, Shri Ananda Mohan [72-Hanskhali (SC)—Nadia]
(41) Biswas, Shri Kartic Chandra (65-Tehatta—Nadia)

## C

(42) Chaki Shri Neresh Chandra (74-Ranaghat West—Nadia)
(43) Chakrabarti, Shri Biswanath (103-Behala West—24 Parganas)
(44) Chakravarty, Shri Gautam (39-Harischandrapur—Malda)
(45) Chakravarty, Shri Bhabataran (240-Vishnupur—Bankura)
(46) Chatterjee, Shri Debabrata (9-Kumargram—Jalpaiguri)
(47) Chatterjee, Shri Kanti Ranjan (82-Barasat—24-Parganas)
(48) Chatterjee, Shri Naba Kumar (261-Memari—Burdwan)
(49) Chatterjee, Shri Tapan (124-Panihati—24-Parganas)
(50) Chattaraj, Shri Suniti (274-Suri—Birbhum)
(51) Chattopadhyay, Dr. Sailendra (178-Pandua—Hooghly)
(52) Chattopadhyay, Shri Santasri (169-Uttarpara—Hooghly)
(53) Chattopadhyay, Shri Sukumar (259-Raina—Burdwan)
(54) Chowdhury, Shri Abdul Karim (25-Chopra—West Dinajpur)

## D

(55) Das, Shri Barid Baran (129-Shyampukur—Calcutta)
(56) Das, Shri Bijoy (204-Pingla—Midnapur)
(57) Das, Shri Bimal (42-English Bazar—Malda)

(58) Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)
(59) Das, Shri Rajani [3-Cooch Behar West (SC)—Cooch Behar]
(60) Das, Shri Sarat [227-Para (SC)—Purulia]
(61) Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapur)
(62) Das Gupta, Dr. Santi Kumar (154-Howrah South—Howrah)
(63) Das Mohapatra, Shri Kamakhyanandan (198-Contai North—Midnapur)
(64) Daulat Ali, Shri Sheikh (110-Diamond Harbour—24-Parganas)
(65) De, Shri Asamanja (73-Santipur—Nadia)
(66) Deshmukh, Shri Nitai (223-Arsa—Purulia)
(67) Dey, Shri Tarapada (157-Jagatballavpur—Howrah)
(68) Dihidar, Shri Niranjan (247-Asansol—Burdwan)
(69) Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (SC)—Midnapur]
(70) Dolui, Shri Hari Sadhan [186-Ghatal (SC)—Midnapur]
(71) Duley, Shri Krishnaprasad [207-Garbeta East (SC)—Midnapur]
(72) Dutt, Dr. Ramendra Nath (28-Raiganj—West Dinajpur)
(73) Dutta, Shri Adya Charan (52-Nabagram—Murshidabad)
(74) Dutta, Shri Hemanta (200-Ramnagar—Midnapur)

E

(75) Ekramul Haque Biswas, Dr (55-Domkal—Murshidabad)

F

(76) Fazle Haque, Dr. Md. (4-Sitai—Cooch Behar)
(77) Fulmali, Shri Lalchand [276-Mayureswar (SC)—Birbhum]

G

(78) Ganguly, Shri Ajit Kumar (79-Bongaon—24 Parganas)
(79) Gayen, Shri Lalit Mohan [98-Baruipur (SC)—24-Parganas]
(80) Ghiasuddin Ahmad, Shri (68-Chapra—Nadia)
(81) Ghosal, Shri Satya (185-Chandrakona—Midnapur)
(82) Ghose, Shri Sankar (134-Chowringhee—Calcutta)
(83) Ghosh, Shri Lalit Kumar (88-Basirhat—24-Parganas)
(84) Ghosh, Shri Nitai Pada (275-Mahammad Bazar—Birbhum)
(85) Ghosh, Shri Prafulla Kanti (128-Cossipur—Calcutta)

(86) Ghosh, Shri Rabindra (161-Uluberia South—Howrah)
(87) Ghosh, Shri Sisir Kumar (123-Khardah—24-Parganas)
(88) Ghosh, Shri Tarun Kanti (85-Habra—24-Parganas)
(89) Ghosh Maulik, Shri Sunil Mohan (62-Barwan—Murshidabad)
(90) Golam Mahiuddin, Shri (279-Nalhati—Birbhum)
(91) Goswami, Shri Paresh Chandra (263-Nadanghat—Burdwan)
(92) Goswami, Shri Sambhu Narayan (239-Onda—Bankura)
(93) Gurung, Shri Gajendra (20-Kalimpong—Darjeeling)
(94) Gurung, Shri Nandalal (22-Jorebunglow—Darjeeling)
(95) Gyan Singh Sohanpal Shri (211-Kharagpur—Midnapur)

H

(96) Habibur Rahaman, Shri (48-Jangipur—Murshidabad)
(97) Hajra, Shri Basudeb [182-Khanakul (SC)—Hooghly]
(98) Halder, Shri Birendra Nath [114-Mathurapur (SC)—24-Parganas]
(99) Halder, Shri Harendra Nath [61-Khargram (SC)—Murshidabad]
(100) Halder, Shri Kansari [99-Sonarpur (SC)—24-Parganas]
(101) Halder, Shri Manoranjan [111-Magrahat East (SC)—24-Parganas]
(102) Hatui, Shri Ganesh (167-Jangipara—Hooghly)
(103) Hazra, Shri Haran [159-Sankrail (SC)—Howrah]
(104) Hembram, Shri Shital Chandra [220-Banduan (ST)—Purulia]
(105) Hembrom, Shri Benjamin [37-Gajol (ST)—Malda]
(106) Hembrom, Shri Patrash [35-Tapan (ST)—West Dinajpur]
(107) Hemram, Shri Kamala Kanta (235-Chhatna—Bankura)

I

(108) Isore, Shri Sisir Kumar [8-Tufanganj (SC)—Cooch Behar]

J

(109) Jana, Shri Amalesh (196-Bhagabanpur—Midnapur)
(110) Jerat Ali, Shri (46-Farakka—Murshidabad)

## K

(111) Kar, Shri Sunil (6-Cooch Behar North—Cooch Behar)
(112) Karan, Shri Rabindra Nath [193-Sutahata (SC)—Midnapur]
(113) Karar, Shri Saroj Ranjan (166-Udainarayanpur—Howrah)
(114) Khan, Shri Garupada [243-Sonamukhi (SC)—Bankura]
(115) Khan, Nasiruddin, Shri (56-Naoda—Murshidabad)
(116) Khan Samsul Alam, Shri (211-Egra—Midnapur)
(117) Kolay, Shri Akshay Kumar (241-Kotulpur—Bankura)

## L

(118) Lahiri, Shri Somnath (140-Dhakuria—Calcutta)
(119) Lakra, Shri Denis [10-Kalchini (ST)—Jalpaiguri]
(120) Lohar, Shri Gour Chandra [234-Indpur (SC) Bankura]

## M

(121) M Shaukat Ali, Shri (84-Deganga—24-Parganas)
(122) Mahabubul Haque, Shri (38-Kharba—Malda)
(123) Mahanti, Shri Pradyot Kumar (214-Dantan—Midnapur)
(124) Mahapatra, Shri Harish Chandra (217-Gopiballavpur—Midnapur)
(125) Mahata, Shri Kinkar (224-Jhalda—Purulia)
(126) Mahata, Shri Thakurdas (209-Salbani—Midnapur)
(127) Mahato, Shri Madan Mohan (229-Kashipur—Purulia)
(128) Mahato, Shri Ram Krishna (225-Jaipur—Purulia)
(129) Mahato, Shri Satadal (230-Hura—Purulia)
(130) Mahato, Shri Sitaram (221-Manbazar—Purulia)
(131) Maiti, Shri Braja Kishore (213-Narayangarh—Midnapur)
(132) Maitra, Shri Kashi Kanta (71-Krishnagar East—Nadia)
(133) Maity, Shri Prafulla (203-Pataspur—Midnapur)
(134) Majhi, Shri Rup Sing [222-Balarampur (ST)—Purulia]
(135) Maji, Shri Saktipada [236-Gangajalghati (SC)—Bankura]
(136) Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (SC)—24-Parganas]
(137) Majumdar, Shri Bhupati (175-Chinsurah—Hooghly)

(138) Majumdar, Shri Indrajit (102-Behala East—24-Parganas)
(139) Mal, Shri Dhanapati [278-Hassan (SC)—Birbhum]
(140) Malik, Shri Sridhar [253-Ausgram (SC)—Burdwan]
(141) Malla Deb, Shri Birendra Bijoy (218-Jhargram—Midnapur)
(142) Mandal, Shri Arabinda (64-Karimpur—Nadia)
(143) Mandal, Shri Jokhi Lal (43-Manikchak—Malda)
(144) Mandal, Shri Nrisinha Kumar [49-Sagardighi (SC)—Murshidabad]
(145) Mandal, Shri Prabhakar [268-Ketugram (SC)—Burdwan]
(146) Mandal, Shri Prabhonjan Kumar (117-Sagore—24-Parganas)
(147) Mazumder, Shri Dinesh (101-Jadavpur—24-Parganas)
(148) Md. Safiullah, Shri (168-Chanditala—Hooghly)
(149) Md. Shamsuzzoha, Shri (140-Vidyasagar—Calcutta)
(150) Medda, Shri Madan Mohan [184-Goghat (SC)—Hooghly]
(151) Misra, Shri Ahindra (192-Mahisadal—Midnapore)
(152) Misra, Shri Chandra Nath (86-Swarupnagar—24-Parganas)
(153) Misra, Shri Kashinath (238-Bankura—Bankura)
(154) Mitra, Shri Chandipada (80-Gaighata—24-Parganas)
(155) Mitra, Shri Haridas (76-Chakdaha—Nadia)
(156) Mitra, Shrimati Ila (148-Manicktala—Calcutta)
(157) Mitra, Shri Somendra Nath (145-Sealdah—Calcutta)
(158) Mohammad Dedar Baksh, Shri (51-Bhagabangola—Murshidabad)
(159) Mohammad Idris Ali, Shri (53-Murshidabad—Murshidabad)
(160) Mohanta, Shri Bijoy Krishna [16-Mainaguri (SC)—Jalpaiguri]
(161) Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)
(162) Mojumdar, Shri Jyotirmoy (267-Mongalkot—Burdwan)
(163) Molla Tasmatulla, Shri (89-Hasnabad—24-Parganas)
(164) Mondal, Shri Aftabuddin (165-Amta—Howrah)
(165) Mondal, Shri Amarendra Nath [249-Jamuria (SC)—Burdwan]
(166) Mondal, Shri Anil Krishna [90-Hingalganj (SC)—24-Parganas]
(167) Mondal, Shri Gopal [2?0-Ukhra (SC)—Burdwan]
(168) Mondal, Shri Raj Kumar [160-Uluberia North (SC)—Howrah]
(169) Mondal, Shri Santosh Kumar [113-Kulpi (SC)—24-Parganas]
(170) Mondol, Shri Khagendra Nath [83-Rajarhat (SC)—24-Parganas]
(171) Moslehuddin Ahmed, Shri (32-Gangarampur—West Dinajpur)

(172) Motahar Hossain, Dr. (280-Murarai—Birbhum)
(173) Mukhapadhya, Shri Tarapado (119-Naihati—24-Parganas)
(174) Mukherjee, Shri Bhabani Sankar (151-Bally—Howrah)
(175) Mukherjee, Shri Ananda Gopal (251-Durgapur—Burdwan)
(176) Mukherjee, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)
(177) Mukherjee, Shri Biswanath (210-Midnapore—Midnapore)
(178) Mukherjee, Shri Mahadeb (181-Pursurah—Hooghly)
(179) Mukherjee, Shri Mrigendra (155-Shibpur—Howrah)
(180) Mukherjee, Shri Sanat Kumar (226-Purulia—Purulia)
(181) Mukherjee, Shri Shankar Lal (152-Howrah North—Howrah)
(182) Mukherjee, Shri Sibdas (70-Krishnagar West—Nadia)
(183) Mukherjee, Shri Subrata (266-Katwa—Burdwan)
(184) Mukherji, Shri Ajoy Kumar (191-Tamluk—Midnapore)
(185) Mukhopadhaya, Shri Subrata (141-Ballygunge—Calcutta)
(186) Mukhopadhyaya, Shrimati Geeta (189-Panskura East—Midnapore)
(187) Mukhopadhyaya, Shri Girija Bhusan (171-Champdani—Hooghly)
(188) Mundle, Shri Sudhendu (112-Magrahat West—24-Parganas)
(189) Murmu, Shri Rabindra Nath [36-Habibpur (ST)—Malda]

## N

(190) Nag Dr. Gopal Das (176-Serampore—Hooghly)
(191) Nahar, Shri Bijoy Singh (1[illegible]3-Bowbazar—Calcutta)
(192) Naskar, Shri Arabinda [9[illegible]-Kultali (SC)—24-Parganas]
(193) Naskar, Shri Gobinda Chandra [95-Canning (SC)—24-Parganas]
(194) Nasker, Shri Ardhendu Sekher [142-Beliaghata South (SC)—Calcutta]
(195) Nurul Islam Molla, Shri (262-Kalna—Burdwan)
(196) Nurunnesa Sattar, Shrimati (265-Purbasthali—Burdwan)

## O

(197) Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed (143-Entally—Calcutta)
(198) Omar Ali, Dr. (188-Panskura West—Midnapore)
(199) Oraon, Shri Prem [15-Nagrakata (ST)—Jalpaiguri]

## P

(200) Paik, Shri Bimal [197-Khajuri (SC)—Midnapore]
(201) Palit, Shri Pradip Kumar (125-Kamarhati—24-Parganas)
(202) Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapur)
(203) Panja, Shri Ajit Kumar (149-Burtala—Calcutta)
(204) Parui, Shri Mohini Mohon (109-Falta—24-Parganas)
(205) Patra, Shri Kashinath [179-Dhaniakhali (SC)—Hooghly]
(206) Paul, Shri Bhawani (14-Dhupguri—Jalpaiguri)
(207) Paul, Shri Sankar Das (58-Berhampore—Murshidabad)
(208) Poddar, Shri Deokinandan (131-Jorasanko—Calcutta)
(209) Pramanick, Shri Gangadhar [93-Haroa (SC)—24-Parganas]
(210) Pramanik, Shri Monoranjan [258-Khandaghosh (SC)—Burdwan]
(211) Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (SC)—Burdwan]

## Q

(212) Quazi Abdul Gaffar, Shri (87-Baduria—24-Parganas)

## R

(213) Rai, Shri Deo Prakash (21-Darjeeling—Darjeeling)
(214) Ram, Shri Ram Peyare (135-Kabitirtha—Calcutta)
(215) Ray, Shri Debendra Nath [29-Kaliaganj (SC)—West Dinajpur]
(216) Ray, Shri Siddhartha Shankar (41-Malda—Malda)
(217) Roy, Shri Ananda Gopal (277-Rampurhat—Birbhum)
(218) Roy, Shri Aswini Kumar (255-Galsi—Burdwan)
(219) Roy, Shri Birendra Nath [2-Mathabhanga (SC)—Cooch Behar]
(220) Roy, Shri Bireswar (34-Balurghat—West Dinajpur)
(221) Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)
(222) Roy, Shrimati Ila (130-Jorabagan—Calcutta)
(223) Roy, Shri Jagadananda [12-Falakata (SC)—Jalpaiguri]
(224) Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (SC)—West Dinajpur]
(225) Roy, Shri Krishna Pada (156-Domjur—Howrah)
(226) Roy, Shri Madhu Sudan [1-Mekliganj (SC)—Cooch Behar]

(227) Roy, Shri Mrigendra Narayan [19-Rajganj (SC)—Jalpaiguri]

(228) Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24-Parganas)

(229) Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)

(230) Roy, Shri Saroj (208-Garbeta West—Midnapur)

(231) Roy, Shri Suvendu (121-Noapara—24-Parganas)

(232) Roy Barman, Shri Khitibhusan (105-Budge Budge—24-Parganas)

## S

(233) Saha, Shri Dulal [269-Nanur (SC)—Birbhum]

(234) Saha, Shri Dwija Pada [273-Rajnagar (SC)—Birbhum]

(235) Saha, Shri Nirad Kumar (97-Joynagar—24-Parganas)

(236) Saha, Shri Radha Raman (69-Nabadwip—Nadia)

(237) Sahoo, Shri Prasanta Kumar (202-Mugberia—Midnapur)

(238) Sajjad Hussain, Shri Haji (27-Karandighi—West Dinajpur)

(239) Samanta, Shri Saradindu (195-Narghat—Midnapur)

(240) Samanta, Shri Tuhin Kumar (264-Monteswar—Burdwan)

(241) Santra, Shri Sanatan [242-Indas (SC)—Bankura]

(242) Saraogi, Shri Ramkrishna (132-Barabazar—Calcutta)

(243) Saren, Shrimati Amala [233-Ranibandh (ST)—Midnapur]

(244) Saren, Shri Dasarathi [216-Nayagram (ST)—Midnapur]

(245) Sarkar, Shri Biren [177-Balagarh (SC)—Hooghly]

(246) Sarkar, Shri Jogesh Chandra (5-Dinhata—Cooch Behar)

(247) Sarkar, Dr. Kanai Lal (136-Alipore—Calcutta)

(248) Sarkar, Shri Nil Kamal [67-Nakashipara (SC)—Nadia]

(249) Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (SC)—Nadia]

(250) Sau, Shri Sachinandan (272-Dubrajpur—Birbhum)

(251) Sautya, Shri Basudeb (116-Kakdip—24-Parganas)

(252) Sen, Dr. Anupam (18-Jalpaiguri—Jalpaiguri)

(253) Sen, Shri Bholanath (254-Bhatar—Burdwan)

(254) Sen, Shri Prafulla Chandra (183-Arambagh—Hooghly)

(255) Sen, Shri Sisir Kumar (162-Shyampur—Howrah)

(256) Sen Gupta, Shri Kumardipti (63-Bharatpur—Murshidabad)

(257) Shamsuddin Ahmad, Shri (45-Kaliachak—Malda)

(258) Sharafat Hussain, Shri Sheikh (26-Goalpokhar—West Dinajpur)
(259) Sheth, Shri Balai Lal (180-Tarakeswar—Hooghly)
(260) Shish Mohammad, Shri (47-Suti—Murshidabad)
(261) Shukla, Shri Krishna Kumar (122-Titagarh—24-Parganas)
(262) Singh, Shri Chhedi Lal (104-Garden Reach—24-Parganas)
(263) Singh, Shri Lal Bahadur (127-Dum Dum—24-Parganas)
(264) Singh, Shri Satyanarayan (120-Bhatpara—24-Parganas)
(265) Singhababu, Shri Phani Bhushan (231-Taldangra—Bankura)
(266) Singha Roy, Shri Probodh Kumar (33-Kumarganj—West Dinajpur)
(267) Sinha, Shri Atish Chandra (60-Kandi—Murshidabad)
(268) Sinha, Shri Debendra Nath (92-Sandesh Khali (ST)—24-Parganas)
(269) Sinha, Shri Niren Chandra (40-Ratua—Malda)
(270) Sinha, Shri Nirmal Krishna (271-Labhpur—Birbhum)
(271) Sinha, Shri Panchanan (94-Basanti—24-Parganas)
(272) Sinha Roy, Shri Bhawani Prosad (176-Polba—Hooghly)
(273) Soren, Shri Jairam [219-Binpur (ST)—Midnapore]
(274) Sur, Shri Ganapati (150-Belgachia—Calcutta)

T

(275) Ta, Shri Kashinath (256-Burdwan North—Burdwan)
(276) Talukder, Shri Rathin (137-Kalighat—Calcutta)
(277) Tewary, Shri Sudhangshu Sekhar (237-Barjora—Bankura)
(278) Tirkey, Shri Iswar Chandra [24-Phansidewa (ST)—Darjeeling]
(279) Topno, Shri Antoni [17-Mal (ST)—Jalpaiguri]
(280) Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (ST)—Midnapur]

W

(281) Wilson-de Rozes, Shri George Albert (281-Nominated)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 5th July, 1972 at 1 p. m.

### Present :

Mr. Speaker ( Shri APURBA LAL MAZUMDAR ) in the Chair, 15 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers, and 199 Members.

### Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

### Starred Questions
(to which oral answers were given)

### New appointments of Scheduled Castes and Scheduled Tribes in Public Undertakings

*30. (Admitted question No. *5.) **Shri Gangadhar Pramanik :** Will the Ministe-in-charge of the Public Undertaking Department be pleased to state—

(a) the number of new appointments made in each of the Public Undertakings under the Government of West Bengal since the installation of the present Ministry and the strength therein of the Scheduled Castes and Scheduled Tribes ; and

(b) if the percentage of staff belonging to the Scheduled Castes and the Schenuled Tribes in these undertakings is in conformity with that laid down in the Government of India, Ministry of Home Affairs Memorandum No. 10/9/69-Est (Sct), dated the 8th July 1967 ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :** মিঃ স্পীকার স্যার, অনেকগুলো আমাদের কোশ্চেন ছিল। আমরা রেডি হতে পারিনি সবগুলোর। আমরা নেকষ্ট টাইম উত্তর দেবো।

**Mr. Speaker :** আচ্ছা, ঠিক আছে।

**Shri Atish Chandra Sinha :**

(a) The number of appointments made in each of the undertakings under the control of the Department of Public Undertakings are given below :

| | Name of the undretakings. | No. of total appointments made. | No. of scheduled caste. | No of scheduled tribes. |
|---|---|---|---|---|
| 1. | Durgapur Projects Ltd. | 379 | 57 | 1 |
| 2. | Durgapur Chemicals Ltd. | 1 | Nil | Nil |
| 3. | Hestinghouse Saxby Farmer Ltd. | 6 | 4 | Nil |
| 4. | Kalyani Spinning Mills Ltd. | 1 | Nil | Nil |
| 5. | West Bengal Small Scale Industries Corpn. | 1 | Nil | Nil |
| 6. | West Bengal Agro-Industries Corporation Ltd. | 11 | 2 | Nil |
| 7. | W. B. Dairy & Poultry Dev. Corporation Ltd. | 6 | Nil | 1 |
| 8. | W. B. Financial Corporation | Nil | Nil | Nil |
| 9, | The Electro Medical and Allied Industries Ltd. | Nil | Nil | Nil |
| 10. | The West Bengal State Ware-housing Corporation Ltd. | Nil | Nil | Nil |

(b) Employees of the State Government and State Public Undertakings are not controlled by the Circular of the Government of India.

**Shri Gangadhar Pramanick :** Is there any percentage maintained in Public Undertakings ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** পারসেনটেজ সব সময় মেনটেন করা যায় না। কেননা, কোয়ালিফিকেশনের উপর নির্ভর করতে হয়। কি কি ক্যাটাগরিতে হয়েছে সেটা জানতে চাইলে দিতে পারি নোটিশ দিলে। টোট্যাল এ্যাপয়েণ্টমেণ্ট দুর্গাপুর প্রজেক্টে হয়েছে ৫৭ জন।

**শ্রীসুব্রত মুখার্জী ( কাটোয়া ) :** পাবলিক আণ্ডারটেকিং এ যে এ্যাপয়েণ্টমেণ্ট হয়েছে সেই এ্যাপয়েণ্টমেণ্ট কিভাবে হয়েছে মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা :** এ প্রশ্ন ওঠে না।

**শ্রীগংগাধর প্রামানিক :** মাননীয় মন্ত্রীমহাশয় যে ৩৭৯টি এ্যাপয়েন্টমেণ্ট এবং তারমধ্যে ৫৭টির যে ফিগার রাখলেন তাতে কোন কোন ডিপার্টমেণ্টে এ্যাপয়েণ্টমেণ্ট হল, কি কি চাকরি হল তার বিস্তারিত খবর রাখেন কি বা দিতে পারবেন কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা :** নোটিশ চাই।

**শ্রীরজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় যে রিপোর্ট দিলেন তাতে সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইব অনেক ক্ষেত্রে নিল, এর কারণ কি জানাবেন কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** এ্যাপয়েন্টমেন্টই হয়নি সেখানে তো নিল হবেই। যেখানে ২/১টা য়েছে সেখানে হলে কি করতে পারি বলুন।

**শ্রীগংগাধর প্রামানিক ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, তারা ঠিকমত ইনফরমেশান চ্ছে কিনা, তাদের এ্যাপলিকেসান পাচ্ছে কিনা বা তাদের ঠিকমত নেবার ব্যবস্থা য়েছে কিনা ?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে ফাইনান্স পার্টমেন্টমেন্ট মেমো নং ৩২৩১, ডেটেড ১১।৮।৭১ এটাতে বলা হয়েছে যে 15 percent of the cancies shall be reserved for candidates belonging to scheduled castes and percent for candidates belonging to scheduled tribes. এবং যথাসম্ভব সেই ভাবে মরা লোক নিয়োগ করি। তবে এখানে বলা হচ্ছে This is however, subject to the ailability of qualified candidates among them.

সুতরাং কোয়ালিফায়েড ক্যানডিডেট যেখানে পাই সেখানে সেই অনুসারে নিয়োগ করার চেষ্টা র থাকি। সেইভাবেই সার্কুলার আছে।

**শ্রীগংগাধর প্রামানিক ঃ** তাহলে একথা বলা যায় যে মন্ত্রীমহাশয় নিশ্চয় সন্তুষ্ট হয়েছেন কোয়ালিফায়েড ক্যানডিডেট পাওয়া যায় নি ?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** নিশ্চয়।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন আপনার ডিপার্টমেন্ট থেকে এই ম্ম কোন সার্কুলার গিয়েছে কিনা যে যে সংখ্যা রিজার্ভ করা আছে সিডিউল কাষ্ট এবং ট্রাইবসদের য় সেটা যেন যথাযথভাবে পালন করা হয় ?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** আমি আগেই বলেছি যে ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে এই মর্মে কুলার যে সব ডিপার্টমেন্ট রিক্রুট করে সেখানে গিয়েছে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আণ্ডারটেকিং যেগুলি আছে বা ভর্ণমেণ্টের কন্ট্রোলে যেগুলি আছে তাতে সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবসদের জন্য যে জার্ভেসান আছে সেখানে সেই সংখ্যা যথাযথভাবে যাতে পালন করা হয় এই মর্মে কোন সার্কুলার পনার বিভাগ থেকে গিয়েছে কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** গভর্ণমেন্ট থেকে সার্কুলার থাকলেই হল। সেটা আমার ভাগের সার্কুলার না অন্য বিভাগের সার্কুলার সেটা প্রশ্ন নয়। তবে যথাযথভাবে সেটা মেনে চলবার ষ্টা করা হয়।

**শ্রীগংগাধর প্রামানিক ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি তাদের আণ্ডারে যে স্ত আণ্ডারটেকিং আছে সেই সমস্ত আণ্ডারটেকিং-এ এই রকম সার্কুলার গিয়েছে কিনা ?

**শ্রীঅতীশচন্দ্র সিনহা ঃ** সেটা নিশ্চয় গিয়েছে, তবে নোটিশ দিলে আমি ভালো করে জেনে তে পারি।

**Mr. Speaker** : Question No. *31 is held over. Question No. *32 is ld over.

## বড় জোতের মালিকের সংখ্যা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** ভূমির সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সংশোধিত ভূমিসংস্কার আইন (ফ্যামিলি সিলিং) অনুযায়ী বড় জোতের মালিকদের কোনও সংখ্যা আছে কি; এবং

(খ) থাকিলে ১৯৭২ সালের ৩১এ মে পর্যন্ত জেলাভিত্তিতে (১) যাহারা জোতের হিসাব দিয়াছে তাহাদের সংখ্যা কত, (২) উদ্‌বৃত্ত জমির আনুমানিক পরিমাণ কত, এবং (৩) উক্ত জমির মধ্যে চাষ যোগ্য ও অযোগ্য জমির পরিমাণ কত?

**শ্রীগুরুপদ খাঁঃ** (ক) ফ্যামিলি সিলিং অনুযায়ী বড় জোতের মালিকের সংখ্যা এখনও সঠিক ভাবে নির্ণয় করা যায়নি।

(খ) (১) ৩১শে মে পর্যন্ত যাঁরা জোতের হিসেব দিয়েছেন তাঁদের জেলাভিত্তিক সংখ্যা এরূপ—

| | |
|---|---|
| মালদা | ৯৭৫ |
| পঃ দিনাজপুর | ১১৭৮ |
| বর্দ্ধমান | ১৭৮০ |
| বাঁকুড়া | ১৯৬২ |
| ২৪-পরগণা | ১৫৯৪ |
| মেদিনীপুর | ৫৭০৯ |
| মুর্শিদাবাদ | ১০৪৬ |
| বীরভূম | ১২০৭ |
| হাওড়া | ৭৯ |
| হুগলী | ৩৭৯ |
| নদীয়া | ১১৬৯ |
| কুচবিহার | ১৪৮৮ |
| জলপাইগুড়ি | ৫৪৯০ |
| দার্জিলিং | ৫০১ |
| পুরুলিয়া | ৯০৩ |
| মোট | ২৫,১৫৮ |

(২) উদ্‌বৃত্ত জমির আনুমানিক পরিমাণ এখনই বলা সম্ভব নয়। কারণ যে রিটার্ণগুলি পাওয়া গেছে সেগুলি পরীক্ষা করা হচ্ছে।

(৩) সরেজমিনে তদন্ত না হওয়া পর্যন্ত কোন জমি কৃষি যোগ্য বা অযোগ্য তা এখনই বলা সম্ভব নয়।

[1-10—1-20 p.m.]

**শ্রীনিতাইপদ সরকারঃ** আপনি বললেন যে ৩১শে মে পর্যন্ত দিয়েছেন, আর বাকি যারা দেয় নি তাদের কোন্‌ পর্যন্ত সময় দেওয়া হয়েছে রিটার্ণ দাখিল করবার জন্য, সেটা একটু বলবেন কি?

**শ্রীগুরুপদ খাঁ ঃ** তাদের জন্য আর কোন সময় দেওয়া হয়নি। ৩১শে মে আমাদের শেষ দিন ছিল।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** যারা এই সময়ের মধ্যে রিটার্ণ দাখিল করেন নি তাদের বিরুদ্ধে কি ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে, সেটা জানাবেন কি ?

**শ্রীগুরুপদ খাঁ ঃ** তাদের বিরুদ্ধে আমরা সময় মত কেস করবো।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** ৭ নম্বরে যে ধারাগুলি সন্নিবেশিত হয়েছে, মাননীয় মন্ত্রী কি এই খবর রাখেন যে সেগুলি উকিল এবং মোক্তাররাও পূরণ করতে পারছে না ?

**শ্রীগুরুপদ খাঁ ঃ** উকিল, মোক্তার নয়, যারা একটু বিষয় সম্পত্তি সম্বন্ধে জানেন তারাই সেগুলি পূরণ করতে পারবেন, এটা এমন কিছু ব্যাপার নয়।

**মিঃ স্পীকার ঃ** যদি অসুবিধা হয় তাহলে মিঃ গুরুপদ খাঁ কিছু হেল্‌প করবেন। Mr. Gurupada Khan may help.

**শ্রীশচীনন্দন সাউ ঃ** চাষের যোগ্য এবং চাষের অযোগ্য জমির পরিমাণ কত সেটা মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারছেন না। এটা কত দিনের মধ্যে জানা যাবে সেটা দয়া করে জানাবেন কি ?

**শ্রীগুরুপদ খাঁ ঃ** ঠিক একেবারে নির্দিষ্ট সময় বলা যায় না। তবে ঠিক মত পরীক্ষা না করে কোনটা চাষের যোগ্য, আর কোনটা অযোগ্য সেটা বলা যাবে না। এর জন্য নিশ্চয়ই কিছু সময় লাগবে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** ফাইন্যাল পাবলিকেশন অব সেটেলমেন্ট হবার আগেই কি এটা জানাতে পারবেন ?

**শ্রীগুরুপদ খাঁ ঃ** সেটেলমেন্টের সঙ্গে এটার কোন সম্পর্ক নেই। সেটেলমেন্ট সম্বন্ধে যদি শরৎবাবুর কিছু জানবার থাকে তাহলে নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** আমি বলতে চাচ্ছি সঠিক জমির সংখ্যা এখন দেওয়া হয়ত সম্ভব হবে না, তবে সম্ভব হলে নিশ্চয়ই জানাবেন, কিন্তু আমার বক্তব্য হচ্ছে সেটেলমেন্ট হবার আগেই সেটা জানাতে পারবেন, না তার পরে জানাবেন, এটা দয়া করে বলবেন কি ?

**শ্রীগুরুপদ খাঁ ঃ** এই ৭ নম্বর ফর্মের ব্যাপার হচ্ছে সেটেলমেন্ট চাষের যোগ্য, অযোগ্য ব্যাপার।

**Mr. Speaker :** Starred Questions *34 and *35 are held over.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৪ দিনের নোটিশ দিয়ে আমরা সমস্ত প্রশ্ন দিই, তাতেও হেল্‌ড ওভার হয়ে যাবে ? আমরা কোশ্চেন দিই উত্তর পাব বলে। ১৪ দিনের মধ্যেও মন্ত্রী মহাশয়ের উত্তর দেবার সময় হল না। তাহলে কি স্যার, ডিপার্টমেণ্ট থেকে একটু একটু কাজ হবে ? আপনি স্যার, আমাদের দিকে একটু তাকিয়ে দেখুন। আপনি যেটাই উচ্চারণ করছেন সেটাই হেল্‌ড ওভার হয়ে যাচ্ছে, এটা চলতে পারে না। আমরা চাই উত্তরটা যথাযথভাবে আমাদের কাছে আসুক।

**Mr. Speaker :** Honourable Members, I have been told by the Hon'ble Ministers in charge of Departments involved that they could not collect all the informations necessary for reply. So, they have asked for some more time. Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury and Shri Tarun Kanti Ghosh, both of them have asked for time. These questions will certainly be taken up on the next rotational day and, I understand, the Ministers will also be definitely ready with their answers.

**শ্রীনরেশচন্দ্র চাকী :** মিঃ স্পীকার স্যার, আমি এদিকে আপনার একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে মাননীয় মন্ত্রী তো আর উত্তর তৈরী করে দেন না, তৈরী করে দেন সরকারী কর্মচারীরা। তাহলে কি ধরে নেব সরকারী কর্মচারীরা মন্ত্রীদের কথা শুনছেন না, অথবা পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত ডিপার্টমেন্ট বোলাপস্ হয়ে গেছে? যদি সত্যিই তাই হয় তাহলে আমাদের এখানে আইন কানুন করে বাজেট পেশ করিয়ে লাভ কি? সেই জন্য স্যার, আমি আপনার মাধ্যমে এদিকে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি *৩৫ এর দিকে। এখানে গ্রামে বৈদ্যুতিকরণের কথা ছিল। এটা স্যার, উপকারের কথা। সরকার যে সমস্ত করার কথা দিয়েছিলেন, তার মধ্যে কটা গ্রামে করেছেন, এই ব্যাপার ছিল। এগুলি তো আমাদের এই রাইটার্স বিল্ডিংসের মধ্যেই আছে।

**শ্রীসুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুমতি নিয়ে একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে যতগুলি প্রশ্ন ছিল তার মধ্যে কোশ্চেন নং *৩৪ ( এ্যাডমিটেড কোশ্চেন নং *১৪৫ ) এটা অত্যন্ত জরুরী প্রশ্ন ছিল। এটা হচ্ছে বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যাপারে কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা বা কবে নাগাদ এটা কার্যকরী হবে। আপনার কাছে আমাদের আবেদন হচ্ছে এই, যখন সারা পশ্চিমবঙ্গের সমস্ত যুবকরা প্রশ্নের উত্তর চায় তখন এই প্রশ্নটা হেল্ড ওভার করে রাখা তাদের মধ্যে নতুন করে একটা বেদনা ও হতাশা সৃষ্টি হবে। আপনি স্যার, বিভাগীয় মন্ত্রীদের অনুরোধ করুন যাতে তাড়াতাড়ি সরকার পক্ষ থেকে একটা সদুত্তর এই প্রশ্নের দেন, যাতে করে বেকারদের মধ্যে যে নৈরাশ্যের সৃষ্টি হয়েছে সেটা যেন দূরীভূত হতে পারে।

**Mr Speaker :** In respect of starred question No. *34 (admitted question No. *145), it was really with respect to some unemployed youths and for their employment. I think that is a very important question. I hope the Hon'ble Minister will definitely come prepared on the next day. I think I am getting the assurance on behalf of the Members of the House that the Hon'ble Minister will definitely come prepared on the next rotational day. As regards starred question No. *35 of Shri Netaipada Sarkar, I think the Hon'ble Minister will come prepared on the next day.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :** Yes, Sir.

**Mr. Speaker :** In vew of the sentiments expressed by the honourable Members and in view of their eagerness to get some information in respect of some

questions they have put forward, I would request the Hon'ble Ministers to be ready on the day on which questions are circulated in the House and taken up. Members are interested to get answers to their questions. I also expect that the Hon'ble Ministers will direct their departments to expedite this matter and supply the information required, in time.

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি প্রশ্নগুলি দেখলে দেখবেন অলমোষ্ট অল দি ডিপার্টমেন্টস আর ইনভলবড। স্যার আপনি নিজে বুঝতে পারবেন আমার ডিপার্টমেন্ট থেকে আমি করে পাঠিয়ে দিচ্ছি আর একটা ডিপার্টমেন্টের তারা করে পাঠিয়ে দিচ্ছেন ন্যাচারালি অব দি কোয়েশ্চেন ডিম্যাণ্ডস সাচ একশান। কাজেই স্যার রং ইনফরমেশান দিয়ে হাউসকে মিসলিড করার কোন কারণ নেই।

**Mr. Speaker** : Sometimes in specific cases it may be very difficult for the departments to collect the necessary information in time and in that cases honourable Members will certainly wait for some time.

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আর একটা অন্য প্রশ্ন আছে। মাননীয় মন্ত্রী মহাশয়, এই সম্পর্কে বাইরে সংবাদপত্রে বিবৃতি দিয়েছিলেন ১৪ শত কোটি টাকা বা অন্যান্য চটকলগুলি থেকে চাকরী-বাকরী পাওয়া যাবে এই রকম একটা বিবৃতি দিয়েছেন এবং তা নিয়ে সংবাদপত্রে অনেক রকম আলোচনা হয়েছে এর পক্ষে এবং বিপক্ষে। যাই হোক, এই সম্পর্কে সুনির্দিষ্ট ভাবে আমাদের জানা দরকার যে বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য কি কি কাজ হয়েছে, সেটা কবে নাগাদ জানান হবে।

**Mr. Speaker** : Next rotational day has been fixed.

## পুরুলিয়া জেলায় পর্যটন নিবাস

*৩৬ (অনুমোদিত প্রশ্ন নং *২০৪)

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্তির পর হইতে এ পর্যন্ত উক্ত জেলায় পর্যটন বাবদ সরকার কোন টাকা খরচ করিয়াছেন কি;

(খ) করিয়া থাকিলে, মোট কত টাকা খরচ করিয়াছেন,

(গ) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলার বিভিন্ন এলাকায় পর্যটকদের আকর্ষণের উপযোগী যথেষ্ট উপকরণ আছে, এবং

(ঘ) অবগত থাকিলে—

(১) এখনও পর্যন্ত ঐ জেলায় কোন পর্যটন নিবাস না খোলার কারণ কি, এবং

(২) বর্তমানে উক্ত জেলায় কোন পর্যটন নিবাস খোলার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে, কোথায় ও কবে নাগাত খোলা হইবে?

**শ্রীতরুনকান্তি ঘোষঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ, কিছু কিছু স্থানে পর্যটকদের আকর্ষণের নিমিত্ত উন্নয়নের প্রয়োজন আছে।

(ঘ) (১) সরকারের আর্থিক অনটনের জন্য পর্যটন খাতে অধিকতর বরাদ্দের অভাবে পশ্চিমবঙ্গে পর্যটকদের অধিকতর আকর্ষণীয় স্থানগুলির উন্নয়নের প্রাধান্য দেওয়ায় পুরুলিয়ায় এখনও কোন পর্যটন নিবাস খোলা সম্ভব হয় নাই।

(২) আপাতত নাই, অযোধ্যা পাহাড়, ঝালিন্দা এবং পাঞ্চেৎ পাহাড়ের পাদদেশ এলাকাগুলি পর্যটকদের জন্য আকর্ষনীয় হইতে পারে বলিয়া ৫ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় পর্য্যটন খাতে যথেষ্ট আর্থিক বরাদ্দ সাপেক্ষে উহাদের অন্তর্ভুক্তি বিবেচিত হইতে পারে।

[1-20—1-30 p.m.]

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** কোন কোন জায়গা উপযুক্ত আছে, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রীতরুনকান্তি ঘোষঃ** উপযুক্ত জায়গা হচ্ছে অযোধ্যা পাহাড়, পাঞ্চেত পাহাড়ের পাদদেশ এবং ঝালদা। ঐ অঞ্চলগুলিতে উন্নয়ন করা যেতে পারে বলে পর্যটন বিভাগ মনে করছেন।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বর্ত্তমান আর্থিক বৎসরে ওখানে পর্য্যটন নিবাস তৈরী করবার জন্য কোন ব্যয়বরাদ্দ ধরা হয়েছে কি?

**শ্রীতরুনকান্তি ঘোষঃ** এখনও পর্যন্ত কিছু হয়নি, তবে আপনাদের কাছে বলতে পারি যে পর্য্যটন বিভাগ পশ্চিমবাংলায় নতুন করে কি কি করা সম্ভব এবং করা উচিত তাই নিয়ে বিচার বিবেচনা করে দেখা হচ্ছে এবং তা করবার পর যদি কিছু চিন্তা করে বার করতে পারি তাহলে ভারত সরকারের যিনি পর্য্যটন মন্ত্রী রয়েছেন, তাঁর সংগে কথা বলেছি, আমার মনে হয় টাকার জন্য খুব বেশী নাও আটকাতে পারে।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে, আমাদের কলকাতা তথা পশ্চিম বাংলার অনেক পর্য্যটক ঝালদা, অযোধ্যা পাহাড় এবং পাঞ্চেৎ পাহাড়ের থেকে নিম্ন মানের জায়গায় পর্য্যটন করতে যান, তাতে এই স্টেটের টাকা এ্যানাদার স্টেটে খরচ হয় এবং আমাদের পশ্চিমবঙ্গের মধ্যে পুরুলিয়া জেলার মনোরমা পরিবেশ, মনোরম পাহাড় ঘেরা জায়গায় উত্তম এবং উপযুক্ত সুন্দর পরিবেশে পর্যটন নিবাস খোলা যায়?

**শ্রীতরুনকান্তি ঘোষঃ** হতে পারে।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** এর মধ্যে ঐ জায়গাগুলো অনুসন্ধান করে দেখা হয়েছে কি?

**শ্রীতরুনকান্তি ঘোষঃ** আমি আগেই বলেছি এবং আমি মাননীয় সদস্যের সংগে একমত যে পুরুলিয়া জেলার জন্য যে প্রশ্নোত্তর দেওয়া হয়েছে, যে করা হয় নি, কিন্তু আমি তো আগেই বলেছি এবং আমারও এটা মনে হয় যে করবার সুযোগ হয়তো ছিল নানা রকম, যেটা করা সম্ভব হয়নি নানা কারণে। তবে ভবিষ্যতে যাতে করতে পারি এটাই আমাদের একমাত্র লক্ষ্য।

**শ্রীশরৎচন্দ্র দাস :** যে তিনটি জায়গার নাম মাননীয় মন্ত্রী মহাশয় করলেন তার মধ্যে লদা থেকে জোনা জলপ্রপাত এবং হুডা জলপ্রপাত, ছিন্নমস্তা দেখাবার খুব সুযোগ সুবিধা আছে বং ঝালদা থেকে ব্রডগেজ লাইন, মিউনিসিপ্যাল টাউন, পোষ্ট অফিস আছে, চতুর্দিকে পাহাড় ঘেরা য়গা, এটা একবার অনুসন্ধান করে দেখবেন কি ?

**শ্রীতরুনকান্তি ঘোষ :** খোঁজ নিয়ে দেখবো।

**শ্রীশচীনন্দন সাউ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ বীরভূম জেলার তারাপীঠ এবং ক্রেশ্বরে কোন পর্যটন নিবাস আছে কি ? এবং সেখানে করা যায় কিনা ?

**শ্রীতরুনকান্তি ঘোষ :** ইট ডাজ নট এ্যারাইজ। এটা কি এই প্রশ্ন থেকে াসে স্যার ?

### Electrification of villages under Bagdah-Bongaon Block

*37. (Admitted question No. *131.) **Shri Rabindra Ghosh :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the Government has received any memorandum recently from the local people about the electrification of the villages under the Bagdah-Bongaon Block, viz., Tangra, Sunderpur, Ganrapota, Ganganandapur ; and

(b) if so, what action has been taken in this regard ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :** (a) and (b) The matter is under consideration in consultation with the State Electricity Board.

(এ) এটা আমরা স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সঙ্গে কনসাল্ট করে দেখছি।

(বি) প্রশ্ন ওঠে না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে দুটো ব্লক, এই দুটো ব্লক এখনও পর্যন্ত নূতন যে ইলেক্ট্রিফিকেশন স্কিম তাতে কোন স্কিম গ্রহণ করা হয়েছে কি ?

**শ্রীআবুল বর্কত আতায়ুল গনি খান চৌধুরী :** কোথায় কি হয়েছে না হয়েছে নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে আমাদের এখানে যে প্রশ্নটা দেওয়া হয়েছিল, সেটা ডেফিনিট এবং ক্যাটেগরিক্যাল প্রশ্ন—ট্যাংরা, সুন্দরপুর এবং াংরাপোতা এবং গংগানন্দপুর, ইত্যাদি জায়গার নাম দেওয়া হয়েছিল এবং এই সমস্ত ব্যাপার নিয়ে ন্ত্রী মহাশয় কি এই কথা জানাবেন যে তাঁদের দপ্তরে কোন স্মারকলিপি জনসাধারণের তরফ থেকে ছে কি না ?

**শ্রীআবুল বর্কত আতায়ুল গনি খান চৌধুরী :** আমরা পেয়েছি এবং এটা আমরা সিডার করছি। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সঙ্গে আলোচনা চলছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** তাহলে কি মন্ত্রী মহাশয়ের কাছে এই কথা আমরা পেতে

পারি যে এই নূতন যে ইলেকট্রিফিকেশন স্কিম হচ্ছে, এই স্কীমের মধ্যে এই সমস্ত এলাকায় ইলেকট্রি- ফিকেশনের কাজগুলো হবে ?

**শ্রীআবুল বর্কত আতায়ুল গনি খান চৌধুরী ঃ** এটা বলা মুস্কিল, কারণ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সমস্ত টেকনিক্যালিটিজ আছে, তারা এই সমস্ত দিকে আলোচনা করে আমাদের কাছে স্কিম পাঠায়, আমরা এখনও সেই রকম কোন স্কিম পাইনি। সুতরাং এই অবস্থায় আমার কিছু বলা মুস্কিল হবে।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** আমরা দেখছি যে প্রশ্নটা বাগদা; বনগাঁ ব্লকের ব্যাপার এবং আমার যতদূর জানা আছে সেটা তো অনারেবল স্পীকারের কনষ্টিটিউয়েন্সি। মন্ত্রী মহাশয় ঠিক বলতে পারছেন কোন মেমোরেণ্ডাম পেয়েছেন কি না। তিনি কি এই সম্পর্কে কিছু আলোকপাত করতে পারবেন, আমি মাননীয় স্পীকার মহাশয়কে একটু অনুরোধ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** এটা মাননীয় স্পীকারের কেন্দ্র, উনি কি বলবেন ?

**মিঃ স্পীকার :** এখানে আমি কিছু বলবনা, চেম্বারে এলে বলতে পারি।

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** সমস্ত ব্যাপারটা আমি সহানুভূতির সঙ্গে বিবেচনা করছি। আপনি জানেন যে আমরা পাবলিক কমিটি করেছি। ১০ হাজারটি ভিলেজকে আমরা ইলেকট্রিফাই করব। আমরা সেই দিকেই এগিয়ে যাচ্ছি। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড বলেছেন যে আমরা স্কিম অনুযায়ী এগিয়ে যাচ্ছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আপনারা যে স্কীম করেছেন এবং এই ১০ হাজার গ্রাম যে ইলেকট্রিফাইড হবে কিন্তু আমরা দেখিয়ে দেব যে অনেক ব্লকেই হচ্ছে না।

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** মিঃ স্পীকার স্যার, আমরা ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সঙ্গে আলোচনা করে এইটা করছি, সুতরাং কোন পারটিকুলার গ্রামে নিয়ে যেতে পারেনি কি হয়েছে, সেটা আমি ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সঙ্গে অলোচনা না করে বলতে পারব না।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** এই স্কিমের মধ্যে বনগ্রাম থানার বাগদা ব্লকের কোন গ্রামে ইলেকট্রিফিকে করার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীআবুল বরকত আতাউল গনী খান চৌধুরী ঃ** এইটা খোঁজ নিয়ে বলব।

**Mr. Speaker :** Question Nos. 38 and 46 may be taken up together.

## মধুকুণ্ডায় ইস্পাত কারখানা

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** শিল্প ও বাণি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার মধুকুণ্ডায় প্রস্তাবিত মিশ্র ইস্পাত কারখানা স্থাপনের ব্যাপারে সরক কতদূর অগ্রসর হইয়াছেন ; এবং

(খ) উক্ত ইস্পাত কারখানা নির্মাণের কাজ কবে নাগাত শুরু হইবে ও কোন বছর হইতে কারখানার উৎপাদন চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** (ক) প্রস্তাবিত কারখানাটি স্থাপনের অনুমোদনের জন্য কেন্দ্রীয় স্পাত ও খনি মন্ত্রক ভারত সরকারের শিল্প লাইসেন্সিং কমিটির নিকট সম্প্রতি সুপারিশ করিয়াছেন লিয়া জানা গিয়াছে।

(খ) শিল্প লাইসেন্সিং কমিটির অনুমোদন পাইলেই কারখানা স্থাপনের কাজ আরম্ভ হইবে লিয়া আশা করা যায়।

উৎপাদনের কাজ আরম্ভ হইতে ৩ বৎসর সময় লাগিতে পারে।

## মধুকুণ্ডায় মিশ্র ইস্পাত কারখানা স্থাপন

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮) **শ্রীশরৎচন্দ্র দাস ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপুর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার মধুকুণ্ডায় একটি মিশ্র ইস্পাত কারখানা খোলার বিষয় সরকারের বিবেচনাধীন আছে,

(খ) যদি (ক)-এর উত্তর 'হ্যাঁ' হয় তবে ইহা কবে নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়, এবং কত অংশ সরকারী এবং কত অংশ বেসরকারী মূলধন ইহাতে বিনিয়োগ করা হইবে; এবং

(গ) উক্ত শিল্পসংস্থায় কত কর্মী বিনিয়োগের সুযোগ থাকিবে এবং নিয়োগের কি কি নীতি অনুসরণ করা হইবে?

**শ্রীতরুণকান্তি ঘোষ ঃ** (ক) হ্যাঁ।

(খ) ভারত সরকারের শিল্প লাইসেন্সিং কমিটির অনুমোদন পাইলেই কারখানা স্থাপনের কাজ মারম্ভ করা হইবে বলিয়া আশা করা যায়।

মূলধন বাবদ ইহাতে পশ্চিমবঙ্গ সরকারের বিনিয়োগ হইবে ২৬ শতাংশ এবং বাকিটা হইবে বেসরকারী বিনিয়োগ।

(গ) উক্ত শিল্প সংস্থায় পর্য্যায়ক্রমে ৫০০০ হইতে ১০০০০ লোকের কর্মসংস্থানের সুযোগ থাকিবে এবং নিয়োগের ব্যাপারে যথাসম্ভব উপযুক্ত স্থানীয় লোককে অগ্রাধিকার দেওয়া হইবে।

স্পীকার মহোদয়, আজকে এই রকম একটা প্রশ্ন শ্রীশরতচন্দ্র দাস মহাশয়ের *৪৬ প্রশ্নটির একই সঙ্গে উত্তর দিলে আমার মনে হয় ভাল হবে। তাই আমি দুইটির একই সঙ্গে উত্তর দিচ্ছি। এই উত্তর দুইটি একই, পাওয়ার এবং ষ্টিল মিনিষ্ট্রি রেকমেণ্ড করেছে লাইসেন্সিং কমিটির কাছে এবং লাইসেন্সিং কমিটি জানালে তারা জানাবে বলেছিল। আমরা জানাচ্ছি আমাদের মাননীয় সদস্যদের যে ৩রা জুন লাইসেন্সিং কমিটি থেকে ফরোয়ার্ড হয়ে গিয়েছে, অফিসিয়ালি স্যাংশন পেলেই এইটার কাজ আমরা আরম্ভ করব। শ্রীমোহন কুমার মংগলম এবং আমাদের সেন্ট্রাল ডেভোলপমেন্ট মিনিষ্টার শ্রীমৈনুল হক চৌধুরী দুই জনেই আমাদের কাছে চিঠি লিখেছেন, এবং আজকে আমরা যে খবর পেয়েছি যে সেটা হয়ে গিয়েছে। অন্যান্য প্রশ্ন যদি আপনারা জানতে চান তাহলে আমি জানিয়ে দিতে পারি, সেটা হচ্ছে এইটা স্যাংশন পেলে পর টোটাল ৪৮ কোটি টাকা খরচ পড়বে। ইমিডিয়েট এ্যামপ্লয়মেন্ট হবে ৫ হাজার লোকের আর আলটিমেট এ্যামপ্লয়মেণ্ট হবে ১০ হাজার লোকের। এই কাজ শেষ করতে সময় লাগবে ৩ বছর।

**শ্রীসুকুমার ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি যে, এই শিল্প প্রতিষ্ঠান করবার জন্য কোন জমি সংগ্রহ করেছেন কি না, এবং করে থাকলে তার পরিমাণ কত ?

[1-30—1-40 p.m.]

**Shri Tarun Kanti Ghosh :** The total Land required for the plant is 300 acres, most of which are in the khas possession of private land owners.

Instructions are being issued to the Deputy Commissioner, Purulia, for acquisition of land.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** প্রস্তাবিত কারখানায় কত অংশ সরকারী ও কত অংশ বেসরকারী মূলধন থাকবে ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** আমরা ঠিক করেছি joint enterprise-এর 25% উদ্যোগ নিয়ে Private entrepreneurs এবং সরকারের থাকছে 26% আর 49% থাকবে public subscription 3 different lending institution.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** অধিক পরিমাণে বেসরকারী মূলধনকে উৎসাহ দেবার কারণ কি ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** কারন যদি সরকারে টাকা দিয়ে বেকার সমস্যার সমাধান করতে পারতাম তাহলে তাই করতাম কিন্তু আমাদের সঙ্গে বেসরকারী টাকা যোগ দিয়ে বেকার সমস্যার সমাধান আমাদের করতে হবে। এটা Govt of India approved sheme.

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মধুকুণ্ডায় যে কারখানা হবে তার Site Selection কি ঠিক হয়ে গেছে ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** হ্যাঁ।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** এর চেয়ে যদি ভাল জায়গা পাওয়া যায় সেটা কি তাহলে বিবেচনা করবেন ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** উত্তম জায়গা মানে আপনার Constituency তে তো।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** Constituency-র কাছে, ওর চেয়ে উত্তম জায়গা আছে। কিন্তু ঐ কারখানায় নিয়োগের নীতি কি হবে তার জবাব দেবেন কি ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** নিয়োগের নীতি এই যে যতদূর সম্ভব আমরা স্থানীয় লোকদের চাকরী দেবার চেষ্টা করব। স্থানীয় বলতে, Local youth বলতে আমরা মনে করি সমগ্র পশ্চিম বাংলার। Local youth মানে এই নয় কারখানার পাশে যারা বাস করে তারাই local youth, local youth বলতে সমগ্র পশ্চিমবাংলা mean করা হয়। পুরুলিয়া জেলায় ভয়াবহ বেকার সমস্যা রয়েছে বলে সেদিকে নিশ্চয় আগে দৃষ্টি দিতে হবে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** যাদের land নেওয়া হবে তাদের কি top priority দেওয়া হবে ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** এটাই হওয়া উচিত।

**শ্রীশক্তিপদ মাঝি ঃ** পুরুলিয়া জেলায় অভাব অভিযোগ আছে বলে তাদের বেকারদের first preference দেওয়া হবে, কিন্তু এরই পাশে বাঁকুড়ার অবস্থাও অনুরূপ। তাদের অবস্থা কি করা হবে ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** এই কথাই বলেছি যে local youth বলতে সমগ্র পশ্চিমবাংলার যুবকদের বোঝা যায়। পুরুলিয়া একটা দরিদ্রতম জেলা বলেই তাদের কথা আগে চিন্তা করতে হবে এবং বাঁকুড়া পাশে থাকলে তার কথাও চিন্তা করতে হবে।

**শ্রীপ্রদীপকুমার পালিত ঃ** পুরুলিয়া জেলার frist priority পাবে, কিন্তু যখন চাকরী দেবেন তখন skilled, unskilled বিচার করে দেবেন কি ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** একটা ইস্পাত কারখানা চালু করতে গেলে অনেক রকম লোকের দরকার হয় এবং সে লোক পাবার জন্য সমস্ত পশ্চিমবাংলা থেকে লোক সংগ্রহ করতে হবে। দুর্গাপুরে কারখানা হলে সেখানকার লোক ছাড়া আর কারুর চাকরী পাবার অধিকার নেই তা নয়। আমরা মনে করি পশ্চিমবাংলার বেকার ছেলেদের যে কোন জায়গায় চাকরী পাবার অধিকার আছে। কিন্তু পুরুলিয়া অত্যন্ত দরিদ্রতম জায়গা বলে তার কথা আগে চিন্তা করতে হবে। সেখানে যে ধরণের skilled কর্মী নেই তাদের তখন অন্য জায়গা থেকে নিশ্চয় নিতে হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে কারখানা তৈরি করার পর শিল্প লাইসেন্সিং কমিটির সুপারিশ এসে গেছে। যদি এসে গিয়ে থাকে তাহলে কতদিনের মধ্যে শিল্প লাইসেন্সিং কমিটির সুপারিশ বলবৎ করা হবে ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** লেটার অব ইনডেণ্ট এসে গেছে, ফাইন্যাল হয়ে গেছে, ইমিডিয়েটলি কাজ আরম্ভ হবে।

**শ্রীসনৎকুমার মুখার্জী ঃ** কিছুক্ষণ আগে মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে যদি ভাল সাইট হয় তাহলে তিনি কনসিডার করতে পারেন। আমি বলছি পাবলিক আণ্ডারটেকিং-এর ব্যাপারে মিঃ দস্তরের রিপোর্ট কন্‌সিডার করা হয়েছে কিনা। যদি কন্‌সিডার করা হয়ে থাকে তাহলে তাঁর রিপোর্টে চেরিয়ামায় কারখানাটি করার কথা ছিল, তাঁর রিপোর্ট গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার কাছে গেছে, তাঁর রিপোর্ট কনসিডার করা হয়ে থাকলে কারখানাটি চেরিয়ামা থেকে মধুকুণ্ডায় গেল কেন ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** বি ভেরি ফ্রাংক উইথ মি আমি মাননীয় সদস্য সনৎবাবুকে এই কথা বলতে চাই যে আমি মধুকুণ্ডাতে নিজে গিয়ে দেখিনি, একটার সঙ্গে আর একটা মিলিয়ে বলা সম্ভব নয়। আমি মিঃ দস্তরের রিপোর্ট পড়িনি এবং দস্তরের রিপোর্ট সম্বন্ধে বলা কিছু সম্ভব নয়। ইস্পাত কারখানা উদ্যোগ নিয়ে যারা তৈরী করছে সেই সরকারী কর্মচারীরা করতে গিয়ে যেটা দরকার মনে করেন যেমন রেলওয়ে হেড, রোডস, ইলেকট্রিসিটি, ওয়াটার সাপ্লাই এইসব দেখে তাঁরা সাইট সিলেকসান করেছিলেন। তাঁদের রেকমেণ্ডেসান অনুযায়ী এটা সেখানে করার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীসনৎকুমার মুখার্জী ঃ** গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া থেকে দস্তরকে নিযুক্ত করা হয়েছিল। তিনি একজন এক্সপার্ট, তাঁর ওপিনিয়ান গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার কাছে গিয়েছে। তিনি নিজে সব জিনিস কনসিডার করে চেরিয়ামাকে ভিজিয়ানা গ্রামের সঙ্গে তুলনামূলকভাবে বিচার করে ঠিক করেছিলেন যে চেরিয়ামা ইজ দি বেস্ট সাইট। সেই চেরিয়ামা থেকে মধুকুণ্ডাতে গেল কেন, এ সম্বন্ধে কি কোন এক্সপার্ট ওপিনিয়ান নেওয়া হয়েছে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ ঃ** যাঁরা করছেন তাঁরা এইসব নিয়ে সব জায়গায় ঘুরে এটা চুজ

করেছেন। ওব্ভিয়াসলি যাঁরা এইসব কারখানা তৈরী করতে যাচ্ছেন তাঁরা সব রকম সুযোগ সুবিধা পেয়েছেন বলেই করছেন। এর মানে এই নয় যে ডিস্ট্রিক্টএ আর কোন জায়গা নেই।

**শ্রীসনৎকুমার মুখার্জী ঃ** তাহলে দস্তরের রিপোর্টের কোন মূল্য নেই ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** আমার কাছে যা খবর আছে এই কারখানার যাঁরা উদ্যোক্তা তাঁরা এবং ইণ্ডাষ্টিজ ডিপার্টমেন্টের যাঁরা আছেন তাঁরা এইসব ব্যাপার নিয়ে সমস্ত জায়গায় ঘুরে এই জায়গাটি চয়েস করেছেন।

**শ্রীসনৎকুমার মুখার্জী :** হু আর দোজ প্রাইভেট এণ্টারপেনার্স, তারা ক্যাননট বি এ্যান এক্সপার্ট। মিঃ দস্তর একজন এক্সপার্ট ছিলেন। আমি জানতে চাই এইসব এক্সপার্টরা কারা ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** কে কে সাইট সিলেকসান করেছে সে সম্বন্ধে নোটিশ দিলে আমি উত্তর দেব।

**মিঃ স্পীকার ঃ** Starred Question No. 39 is held over.

### Khas Mahal Officer

*40. (Admitted question No. *7.) **Shri Gnngadhar Pramanik :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(a) the number of Khas Mahal Offices under the department as on 1st June, 1972;

(b) (i) the number of employees as on 1st June, 1972 ;

(ii) average monthly expenditure incurred on account of the said establishment during the last financial year;

(c) if there is any such office at Kamarjole Anchal under J.L.R.O., Canning III in 24-Parganas;

(d) if so, (i) the number of employees working there as on 1st June, 1972;

(ii) the assets of the said office as on 1st June, 1971 and on 1st June, 1972; and

(iii) whether some of the movable and immovable properties of the said office have since been disposed of, and if so, the manner thereof ?

**Shri Gurupada Khan :**

(a) Nil.

(b) (i) Does not arise.

(ii) Does not arise.

(c) No.

(d) (i) (ii) (iii) Does not arise.

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন জে. এল. আর. ও ৩, ক্যানিং-এর মাগুরে একজন কর্মচারী আছেন যিনি খাস মহলের জমি দেখাশুনা করেন ?

[1-40—1-50 p.m.]

**শ্রীগুরুপদ খান ঃ** কর্মচারী নানাবিভাগের আছে। আপনি কোন বিভাগের কর্মচারী সম্বন্ধে বলছেন ?

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** ওখানে যে কেয়ার টেকার আছেন শিবনাথ রাউ তাঁর সম্বন্ধে কিছু জানেন ?

**শ্রীগুরুপদ খান ঃ** খাসমহলের সেখানে কোন অফিস নেই। এস্টেট এ্যাকুইজিসনের পর সমস্ত খাসমহল অফিস জে এল আর ওর আণ্ডারে চলে এসেছে এবং জে এল আর ও সমস্ত কাজকর্ম দেখেন। কাজেই খাসমহলের প্রশ্ন যেটা করেছেন সেটা ওঠেনা।

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** মন্ত্রীমহাশয়ের কাছে এর আগে একটা রিপোর্ট দেওয়া হয়েছিল যে কেয়ার টেকার যিনি আছেন তিনি জে এল আর ও-র অ্যাপয়েণ্টেড এবং তিনিই সম্পত্তি দেখাশুনা করেন। সেই সম্পত্তির অনেক অংশ জে এল আর ও-কে না জানিয়ে বিক্রয় করা হয়েছে এবং সেই সমস্ত টাকা জে এল আর ও-র অফিসে জমা পড়েনি এবং সেইজন্য পুলিশ এনকোয়ারী হয়েছে। ওখানে যে একজন লোক আছেন তিনি ওখানকার ইট, গাছ প্রভৃতি যেগুলি আছে সেগুলি দেখাশুনা করবার জন্য আছেন। এই সম্বন্ধে আপনি কোন অনুসন্ধান করেছেন কি ?

**শ্রীগুরুপদ খান ঃ** আমি সেই রিপোর্ট এনেছি।

**Mr. Speaker :** Starred Question No. 41 is held over.

## উত্তরবঙ্গে চালু পাওয়ার লুম

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১২০) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গের কোন্ জেলায় বর্তমানে কয়টি করিয়া পাওয়ার লুম চালু আছে, এবং

(খ) উত্তর বাংলার জেলাগুলিতে আরও পাওয়ার লুম দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কোন্ জেলায় কত ?

**Shri Atish Chandra Sinha :**

(ক) বর্তমানে উত্তরবঙ্গের কোন জেলাতেই কোন পাওয়ার লুম চালু নাই।

(খ) উত্তরবঙ্গের জেলাগুলিতে পাওয়ারলুম দিবার পরিকল্পনা অতি অবশ্যই আছে। জেলাগুলিতে পাওয়ারলুম চালাইবার মত প্রয়োজনীয় বিদ্যুৎশক্তি সরবরাহ এবং প্রসেসিং ও ফিনিসিং করার মত প্রয়োজনীয় সুবিধা না হওয়া পর্যন্ত জেলাভিত্তিক পাওয়ারলুম বন্টনের সংখ্যা নির্ণয় করা সম্ভব নয়।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** কতদিনের মধ্যে বিদ্যুৎ দিয়ে পাওয়ার লুম দিতে পারবেন জানাবেন কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** এটা আমার পক্ষে বলা সম্ভব নয়, কারণ এটা অন্য বিভাগের কাজ। তাঁরা যদি তাড়াতাড়ি বিদ্যুৎ দেন তাহলে বিদ্যুৎ চালিত তাঁত চালাবার জন্য উদ্যোগ হবে।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** উত্তরবঙ্গের ৫টি জেলায় একটি পাওয়ার লুমও আজকে ২৫ বছর ধরে দেওয়া হয়নি। কাজেই আমি জানতে চাইছি সেখানে অগ্রাধিকার দেওয়া হবে কিনা এবং তাড়াতাড়ি হবে কিনা ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** এটা অগ্রাধিকারের ব্যাপার নয় বা তাঁত বণ্টনের ব্যাপার নয়, এটা বিদ্যুতের ব্যাপার। বিদ্যুৎ চালিত তাঁত চালাবার জন্য বিদ্যুৎ এবং অন্যান্য জিনিসের দরকার। কাজেই সরকারকে বলব সেখানে যাতে তাড়াতাড়ি বিদ্যুৎ যায় এবং তারা বিদ্যুৎ চালিত তাঁত পেতে পারে।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** যেসব জায়গায় বিদ্যুৎ আছে যেমন রায়গঞ্জ সেখানে তাঁত দেওয়া হবে কিনা ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** যদি দরখাস্ত আসে তাহলে বিবেচনা করব। এই প্রসঙ্গে আমি একটি তথ্য আপনাদের জানাতে চাই। এর আগে অনেক পাওয়ারলুম উত্তরবঙ্গের জন্য দেওয়া হয়েছিল কিন্তু উত্তরবঙ্গে নানা রকম অসুবিধার জন্য সেখানে সেগুলি স্থাপন না করে কোলকাতায় স্থাপন করেছিল। তাদের সঙ্গে একটা আণ্ডারষ্ট্যাণ্ডিং আছে যে, যখন উত্তরবঙ্গে প্রচুর পরিমাণে বিদ্যুৎ পাওয়া যাবে এবং স্থাপনের সুযোগ পাওয়া যাবে তখন সেগুলি এখান থেকে স্থানান্তরিত করে উত্তরবঙ্গে নিয়ে যাবেন।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** আপনি কি জানেন রায়গঞ্জ থেকে পাওয়ার লুমের জন্য কোন দরখাস্ত করেছে কিনা ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আমার জানা নেই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মন্ত্রীমহাশয় কিছুক্ষণ আগে বললেন উত্তরবঙ্গে পাওয়ার লুম সম্প্রসারণের কতগুলি অসুবিধা আছে। সেই অসুবিধাগুলি কি সেটা আমি জানতে চাই এবং আগামী রজত জয়ন্তী যেটা ১৪ই আগষ্ট হচ্ছে তার আগে এই পাওয়ার লুম সম্প্রসারণের কথা চিন্তা করবেন কিনা সেটাও জানতে চাই।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আমি একটু আগেই বলেছি যে এটা বণ্টনের কথা নয় কারণ সেখানে বিদ্যুৎ না গেলে বণ্টন করে লাভ নেই। এমনও দেখা গেছে বণ্টন করা হয়েছে কিন্তু কোন পার্টি ইন্টারেষ্টেড হচ্ছেনা এবং পাওয়ার লুম চালু করছেনা। গত বছর আমরা ১৮১৩টির মত লুম দিয়েছি এবং তার মধ্যে ব্যক্তিগত মালিকানায় ৯৮১টি, নূতন সমবায় সমিতি ২৮৮টি এবং চালু আছে এমন বিদ্যুৎ চালিত সমবায় সমিতি ৫৪৪টি। এই যে ১৮১৩টি দেওয়া হয়েছে তার মধ্যে সকলে এগিয়ে আসছেনা কারণ বর্তমানে একটা অসুবিধা দেখা দিয়েছে। সেটা হচ্ছে বিভিন্ন মিল চালু হবার পর পাওয়ারলুমের কাপড়ের কাটতি কমে গেছে এবং সেইজন্য তারা ভাবছে এগুলি চলবে কিনা। আমরা সরকারী তরফে চেষ্টা করছি যাতে এইসব অসুবিধা দূর করা যায় এবং উত্তরবঙ্গে যদি বিদ্যুৎ প্রচুর পরিমাণে পাওয়া যায় তাহলে সেখানে বিদ্যুৎ চালিত তাঁত চালু করব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে উত্তর বাংলায় দরখাস্ত আসার কোন উদ্যোগ হয় নি। গত ২৫ বছরের মধ্যে একটা দরখাস্ত এসেছে কিনা এবং রিসেন্টলি সেখানে বিদ্যুৎ নিয়ে যাওয়ার জন্য কোন উদ্যোগ হচ্ছে কিনা।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** এই রকম কথা আমি বলিনি যে দরখাস্ত আসেনি, দরখাস্ত বহু এসেছিল ওখান থেকে যারা লাইসেন্স পেয়েছিল তারা ওখানে স্থাপন করেননি, কলকাতার আশেপাশে স্থাপন করেছেন, কারণ ওখানকার থেকে এখানে সুযোগ সুবিধা বেশী বলে। এবং আরও বলতে পারি যে কুচবিহার থেকে দুটো দরখাস্ত এসেছে, এই বিষয়ে আমরা চিন্তা করে দেখছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** এই পাওয়ারলুম চালু করবার ব্যাপারে ওখানকার লোকেরা উৎসাহ বোধ করছেন না, কারণ নানা অসুবিধা হচ্ছে এবং মিলের সঙ্গেও প্রতিযোগিতা করতে পারছেন না। মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি—বিহার, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, তামিলনাড় প্রভৃতি রাজ্যে পাওয়ারলুমগুলিকে উৎসাহ দেবার জন্য যে সমস্ত পরিকল্পনা তারা গ্রহণ করেছেন এবং সেই পরিকল্পনা সফল হয়েছে এটা সারা ভারতবর্ষের মানুষ জানে। এই ধরণের কোন পরিকল্পনা পাওয়ার লুমকে সাহায্য করবার জন্য আপনাদের আছে কি?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** নিশ্চয়ই আছে। আমাদের এখানে পাওয়ারলুম এ্যাপেক্স সোসাইটি আছে এই সমস্ত পাওয়ার লুমকে সাহায্য করবার জন্য। কিন্তু এটা সুপ্ত অবস্থায় ছিল। আমরা বিশেষভাবে চেষ্টা করছি যাতে এই সংস্থা সুচারুভাবে কার্য্যকরী হতে পারে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** এই সংস্থা পুরোপুরি জাগরণ কত দিনের মধ্যে হবে?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** এই পর্য্যায়ে বলা সম্ভব নয়।

**শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, জেলা ভিত্তিক কতগুলি পাওয়ারলুমকে ইতিমধ্যে লাইসেন্স দেবার ব্যবস্থা হয়েছে? বর্দ্ধমান জেলায় কয়টি দেওয়া হয়েছে?

**মিঃ স্পীকার:** The question does not arise.

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, উত্তরবঙ্গে পাওয়ারলুম চালানোর অসুবিধার জন্য সেখানে লাইসেন্স দেওয়া হচ্ছে না এবং এই অসুবিধা থাকা সত্ত্বেও আপনারা কেন লাইসেন্স দিয়েছেন এবং যে সমস্ত লাইসেন্স দিয়েছেন তারা উত্তরবঙ্গে পাওয়ারলুম না চালিয়ে কলকাতার আসে পাশে পাওয়ারলুম চালাচ্ছে। তাহলে আপনারা কেন পাওয়ারলুম স্যাঙ্কশন করলেন? এবং যাদের লাইসেন্স দেওয়া হচ্ছিল তাদের মধ্যে কতজন উত্তরবঙ্গে না করে কলকাতার আসে পাশে করেছেন।

**মিঃ স্পীকার:** The question does not arise.

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত:** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, রায়গঞ্জ থেকে যদি দরখাস্ত আসে তাহলে কি পাওয়ার লুম দেবেন?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** এটা এ্যাকশনের জন্য রিকোয়েষ্ট করা। আমার পক্ষে বলা এখনই সম্ভব নয়। তবে আমি বলতে পারি যে, আমরা নিশ্চয়ই বিবেচনা করে দেখবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, পাওয়ারলুমের উৎপাদন উত্তরবঙ্গে মার্কেটিং-এর অসুবিধা আছে। এই মার্কেটিং-এর অসুবিধাগুলি দূর করবার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি?

## ইছামতী নদীর উত্তরাংশ খননের ব্যবস্থা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২) **শ্রীনিতাইপদ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইছামতী নদীর উত্তরাংশ (যেখানে ইহা চূর্ণীর সহিত মিশিয়াছে) মজিয়া গিয়াছে এবং পলি জমিয়া জল-চলাচল বন্ধ হইয়া গিয়াছে ;

(খ) সত্য হইলে উক্ত স্থান খনন করিয়া পুনরায় জলস্রোত চলাচলের জন্য সরকার কোনও ব্যবস্থা করিতেছেন কি ; এবং

(গ) করিলে তাহা কি ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury** :

(ক) হ্যাঁ। পলি জমিয়া যাওয়াতে জল চলাচল ব্যাহত হইতেছে।

(খ) ও (গ) একটি সর্বাঙ্গীণ জলনিকাশী প্রকল্প প্রস্তুত করিবার উদ্দেশ্যে তথ্যাদি সংগ্রহের জন্য ইছামতী ও চূর্ণী নদীর সংযোগস্থলে hydrological observation station স্থাপন করা হইয়াছে। আশা করা যায় আগামী ২ বৎসরে প্রকল্পটি প্রস্তুত হইবে।

[1-50—2-00 p.m. ]

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, কত বছর আগে থেকে পলি জমে জল চলাচল বন্ধ করে দিয়েছে ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী ঃ** নোটিশ চাই, বলতে পারব না।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আপনি ষ্টেশন স্থাপনের কথায় বললেন তদন্ত করছেন, ইতিমধ্যে কি কাজ সুরু করেছেন ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী ঃ** হ্যাঁ।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** তাহলে কোন সময় বা বছরের মধ্যে জায়গা খনন করে জল চলাচলের সুব্যবস্থা করবেন জানাবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী ঃ** রেকর্ড, ডেটা প্রকিওর করতে দু বছর লাগবে, দু বছর পরে গভর্ণমেন্ট অব ইণ্ডিয়ার কাছে পাঠাতে হবে, তাঁরা টেকনিক্যাল স্যাংশন দিলে, টাকা হলে কাজ আরম্ভ করতে পারব।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** এখানে প্রকল্প গ্রহণ করেছেন, আবার বলছেন টাকা হলে কাজ সুরু করতে পারবেন, টাকার কি অনুদান এখনও দেওয়া হয়নি ?

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী ঃ** টেকনিক্যাল স্যাংশন না পেলে টাকার প্রশ্ন উঠেনা।

**মিঃ স্পীকার ঃ** Starred Question Nos. 4?, 45 and 47 are held over.

## বেসরকারী প্রতিষ্ঠানের চড়া দামে বিদ্যুৎ বিক্রয়

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, পশ্চিমবঙ্গের বহু শহরে বেসরকারী বিদ্যুৎ-সরবরাহ প্রতিষ্ঠানগুলি অত্যন্ত চড়া দামে বিদ্যুৎ সরবরাহ করে ;

(খ) অবগত থাকিলে, ঐরূপ কয়টি এবং কোন্ কোন্ বেসরকারী প্রতিষ্ঠান চড়া দামে বিদ্যুৎ সরবরাহ করে ; এবং

(গ) চড়া দামে বিদ্যুৎ বিক্রয় বন্ধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :**

(ক) পশ্চিমবঙ্গে যে সমস্ত বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠান আছে তাহারা বিভিন্ন দামে বিদ্যুৎ সরবরাহ করিয়া থাকে। এই হার বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের ব্যয়ের উপর নির্ভরশীল। অল্প কয়েকটি সংস্থা ছাড়া অধিকাংশ সংস্থার গৃহস্থের আলো ও পাখার জন্য ব্যবহৃত বিদ্যুতের হার পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ কর্তৃক অনুরূপ বিদ্যুতের হারের প্রায় সমতুল বা কম। অবশ্য শিল্পক্ষেত্রে ব্যবহৃত বিদ্যুতের হার কোন কোন ক্ষেত্রে রাজ্য বিদ্যুৎ পর্ষদের হার অপেক্ষা বেশী, তবে সেই হার অত্যন্ত চড়া বলা চলে না।

(খ) পশ্চিমবঙ্গে বর্তমানে ২৩টা বেসরকারী বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানের মধ্যে কেবলমাত্র কালিম্পং বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠান ও তারকেশ্বর বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠান গৃহস্থের ব্যবহৃত আলো ও পাখার বিদ্যুতের মূল্য রাজ্য বিদ্যুৎ পর্ষদের হার অপেক্ষা অধিকতর চড়া হারে বিদ্যুৎ সরবরাহ করিয়া থাকে।

(গ) বেসরকারী বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ ইলেকট্রিসিটি (সাপ্লাই) এ্যাক্ট, ১৯৪৮, দ্বারা পরিচালিত হইয়া থাকে। তাহারা রাজ্য সরকারের নিকট ও রাজ্য বিদ্যুৎ পর্ষদের নিকট বাৎসরিক হিসাবপত্র পেশ করিয়া থাকে। উক্ত আইন অনুযায়ী তাহারা ন্যায়সঙ্গত লাভের অধিকারী। উক্ত লাভ অর্জনের জন্য তাহারা বিদ্যুতের হার প্রয়োজনমত বাড়াইতে বা কমাইতে পারে। যেসব ক্ষেত্রে বিদ্যুতের হার চড়া বলিয়া মনে হয় রাজ্য বিদ্যুৎ পর্ষৎ উক্ত হার পরীক্ষার জন্য Rating Committee বসাইতে পারেন এবং ঐ Rating Committtee-র সুপারিশ অনুযায়ী রাজ্য সরকার যে নির্দ্দেশ দেন তাহা সংশ্লিষ্ট লাইসেন্সধারী মানিতে বাধ্য।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শিল্পক্ষেত্রে বিদ্যুতের যে তারতম্য রয়েছে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে সেটা দূর করবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** আমি এর উত্তরে আগেই বলেছি যে রেটিং কমিটি আছে তাদের সুপারিশ অনুসারে এ্যাকচুয়াল প্রাইস ঠিক করা হয়। ডিসপারিটি যতদিন সরকারের হাতে না আসবে ততদিন থাকবে। তাই গভর্ণমেন্ট চিন্তা করছেন বেসরকারী যা আছে সেগুলির ম্যানেজমেন্ট নিতে। এই বিষয় গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়াও চিন্তা করছেন অর্ডিনান্স করে ম্যানেজমেন্ট অল ইণ্ডিয়া প্যাটার্নে নিতে পারেন কিনা। পার্লামেন্টে এ নিয়ে আলোচনা হতে পারে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** রেটিং কমিটির সুপারিশের কথা বললেন। কতগুলি ক্ষেত্রে ঐ রেটিং কমিটির সুপারিশ এর তারতম্য হয়েছে ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** স্পেসিফিক কেস না দিলে ডেফিনিট বলতে পারবো না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** সারা পশ্চিমবাংলায় কতগুলি ক্ষেত্রে রেটিং কমিটির সুপারিশ পাওয়া যায়নি ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** নোটীশ চাই।

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, যখন তারা সিদ্ধান্ত করলেন ব যেদিন খবরের কাগজে বেরলো সেদিন থেকে সমস্ত মাল মেটিরিয়াল তারা সরাতে আরম্ভ করে দিয়েছে ম্যানেজারের কাছে সমস্ত ষ্টোর পাচার করে দিচ্ছে, সমস্ত সম্পত্তি সরিয়ে দিচ্ছে ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** আমরা অল ইণ্ডিয়া প্যাটার্নে করবার কথা চিন্তা করছি। এই আমাদের কনফারেন্স হয়ে গেছে এবং এই কনফারেন্সে রেকমেনডেশন হয়েছে কিন্তু সেই কনফারেন্সে এটা এক্সপ্রেস করা হয়েছিল এবং একটা ভয় ছিল। বিশ্বনাথ বাবুও সেটা খুব ভাল করে জানেন। এতে লিগ্যাল কম্পলিকেশন ইনভলবও আছে। আমরা তাড়াতাড়ি করছি যাতে এই জিনিসটা হয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে তারকেশ্বর এবং দার্জিলিং-এ এই দুই জায়গায় চড়া দামে বিদ্যুৎ বিক্রয় হয়ে থাকে। এ সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন জানাবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** সমস্তগুলি নেবার জন্য আমরা চেষ্টা করছি। কেন্দ্রে হয়তো এই নিয়ে অর্ডিন্যান্স হবে। যেহেতু লিগ্যাল কমপ্লিকেশনস আছে তাই আমরা নিতে পারছিনা। কেন্দ্রে এ বিষয়ে অর্ডিন্যান্স হলে আমাদের সুবিধা হবে আমরা নিতে পারব।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে সমস্ত সহরে বেসরকারি বিদ্যুৎ সরবরাহ সংস্থা আছে তার পাশে পাশে কোন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা আছে কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** আপনার মুর্শিদাবাদে সব নিশ্চয় নিয়ে নেওয়া হবে—সেখানে ডেফিনিটলি ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড কাজ করবে—এখন অবশ্য নাই সেখানে কাজ আরম্ভ করার অসম্ভব নয়।

## মাছের মুল্যবৃদ্ধি

*৫২এ। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *৬৪০) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে মাছের মুল্য অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে।

(খ) সত্য হইলে, এইরূপ মূল্যবৃদ্ধির কারণ কি ; এবং

(গ) মূল্যবৃদ্ধি রোধ করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Shri Santosh Kumar Roy** :

(ক) হঁ্যা।

১৯৭১ সালের তুলনায় বর্তমানে মাছের দাম কিছু বৃদ্ধি পাইয়াছে। তবে গলদা ও বাগ্দা চিংড়ির দাম আরও বেশী বৃদ্ধি পাইয়াছে।

(খ) নিম্নলিখিত কারণে মাছের মূল্যবৃদ্ধি ঘটিয়াছে।

(১) প্রতি বৎসরে এই সময়ে মাছের সরবরাহ—স্বাভাবিক ভাবে কম থাকে। এই সময়ে পশ্চিমবঙ্গের বাহির হইতে এবং মোহানা অঞ্চলে ধৃত মাছের যোগান বর্ষার কারণে কমিয়া যায়।

(২) জীবনধারণের অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির সঙ্গে সঙ্গে মাছেরও কিছু মূল্যবৃদ্ধি হয়।

(৩) বাজারে মাছের যোগান বিগত কয় বৎসর যাবৎ স্থিতিশীল রহিয়াছে। ফলে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে ঘাটতির পরিমাণ বাড়িতেছে। এইজন্য ক্রমশঃ মূল্য উর্দ্ধমুখী হইতেছে।

(৪) বিদেশে চিংড়ি মাছের রপ্তানী বৃদ্ধি পাওয়াতে এই মাছ বর্তমানে এখানে অত্যন্ত চড়া দামে বিক্রয় হইতেছে।

(গ) জীবনধারণের অত্যাবশ্যক পণ্য মূল্যের গতি স্থিতিশীল না হইলে শুধু একক প্রচেষ্টায় মৎস্য মূল্যবৃদ্ধি হয়ত সন্তোষজনকভাবে রোধ করা সম্ভব নয়। বর্ষার সময়ে ইলিশমাছের যোগান বৃদ্ধি পাইলে বর্তমান মূল্যের উর্দ্ধগতি রোধ করা সম্ভব হইবে। ইহা ছাড়া সরকারী ব্যবস্থায় বাংলাদেশের মাছ শীঘ্র আমদানী করা হইলে (যাহার জন্য পশ্চিমবঙ্গ সরকার ও ভারত সরকার বিশেষভাবে চেষ্টা করিতেছেন) বর্তমানের মৎস্য মূল্যের উর্দ্ধগতি অতি অবশ্যই নিম্নমুখী হইবে। তামিলনাড়ু এবং উত্তরপ্রদেশ হইতে উপযুক্ত পরিমাণ মাছ আমদানী করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের মৎস্যবিভাগ উক্ত দুই রাজ্যের মৎস্যবিভাগকে জরুরী চিঠি লিখিয়াছেন। পত্রালাপ চলিতেছে।

**শ্রীনরেশচন্দ্র চাকি ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, জনসংখ্যা অত্যন্ত বেড়ে যাচ্ছে কিন্তু মাছের উৎপাদন স্থিতিশীল আছে। আমি কি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি যে, আপনার এই দপ্তরে প্রতি বছর যে এতো টাকা খরচ করা হয় পুকুর খনন এবং সেগুলি সংস্কার করে মাছের উৎপাদন বৃদ্ধি করার জন্য তাহলে কি এগুলি সব বাজে খরচ করা হয় ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় সদস্যের কিছু কথার মূল্য নিশ্চয় আছে। কারণ এটা ঠিক যে পরিকল্পনা মত কিছু কিছু কাজ হয়েছে—কিন্তু আশানুরূপ উৎপাদন বৃদ্ধি নিশ্চয় হয়নি। বোধ হয় কারণ হচ্ছে তারা ক্যামেলি প্ল্যানিং করেছে। যাহোক আমরা কতকগুলি পরিকল্পনা নিয়েছি এবং পশ্চিমবাংলার এই যে সমস্যা তা সমাধানের জন্য একটা মাষ্টার প্ল্যান করে একটা কমিটি গঠন করা হয়েছে। এইসব কাজ কার্যকরী হোলে আশা করি মাছের উৎপাদন বৃদ্ধি করা যাবে এবং মাছের দামও কমানো যাবে।

[2-00—2-10 p.m.]

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাছের যে দাম বাড়ছে এর পিছনে অতি-মুনাফাখোর এবং প্রতিক্রিয়াশীলদের হাত আছে কি ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** আপনারা নিশ্চয় অবগত আছেন যে সরবরাহ কম থাকলে মুনাফাখোররা নিশ্চয় কিছু সুবিধা নিয়ে থাকে।

**শ্রীনরেশচন্দ্র চাকী:** মাছের আড়তদাররা যেসব ঠাণ্ডাঘর ব্যবহার করেন এই মূল্যবৃদ্ধি কৃত্রিমভাবে করবার জন্য একটা বিরাট চক্র সেখানে আছে—এই সম্পর্কে সরকার অবগত আছেন কি এবং সে সম্পর্কে কি ব্যবস্থা করেছেন যে এরা যাতে মূল্যবৃদ্ধি না করতে পারে ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** সরকার সমস্ত কারণগুলি সম্বন্ধেই অবহিত আছেন। কিন্তু কারণগুলি দূর করার পথে আইনগত বাধা আছে। সেইজন্য সরকারী পরিকল্পনা এখনও কার্যকরী করা সম্ভব হয় নি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন বাংলাদেশের মাছ আমদানী সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** বাংলাদেশের মাছ আমদানীর বিষয়ে ভারত সরকার এবং পশ্চিমবাংলা সরকারের মৎস দপ্তরের অফিসাররা ঢাকা গিয়েছিলেন। কথাবার্তা হয়েছে। ওঁরা এখানে আসছেন। আপনাদের এইটুকু সুখবর এখন পর্যন্ত দিতে পারি এই মাসের শেষে অথবা আগষ্ট মাসের প্রথমে বাংলাদেশের ইলিশ মাছ খাওয়ান হয়ত সম্ভব হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** বাংলাদেশের মাছ কি পূজোর আগে খাওয়ান সম্ভব হবে ?

**শ্রীসন্তোষকুমার রায় :** হয়তো সিলভার জুবিলি কমপ্লিমেণ্ট হতে পারে। পূজোর আগেই হতে পারে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** গভীর জলে মাছের যে পরিকল্পনা ছিল সেখান থেকে কিছু পাওয়া যাচ্ছে কিনা ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** গভীর সমুদ্রে মাছ ধরার যে পরিকল্পনা সেটা সাময়িকভাবে বাতিল হয়েছিল। তবে পশ্চিমবাংলার মাছের যে প্রয়োজন সেটা মৎস চাষ করে মেটানো সম্ভব নয়। সেইজন্য বাইরের সরবরাহের প্রয়োজন হলে এবং অন্যান্য কারণে আমরা গভীর সমুদ্রে মাছ ধরার বিষয়ে আবার চিন্তা করছি।

### Calling attention to matters of urgent public importance.

**Mr. Speaker** : Minister in charge of the Development and Planning Department will please make a statement on the subject of the protection of Digha Sea Beach from heavy erosion. ( Attention called by Shri Hemanta Kumar Datta, M. L. A., on 3rd July, 1972 ).

**Dr. Md. Fazle Haque** : Sir, with reference to the Calling Attention Notice by Shri Hemanta Kumar Datta on the subject of protection of Digha Sea Beach from heavy erosion, I beg to state that the problem of both bank and beach erosion at Digha, which is the only sea-side Health Resort in West Bengal, has been a cause of anxiety to the State Government since the scheme for development of Digha was undertaken by the Government of West Bengal. An estimate amounting to Rs. 2,28,757 was therefore sanctioned by the Department as early as 1961 for undertaking a preliminary investigation and

:hnological survey by the Director, River Research Institute. The I. I. T., haragpur, also undertook a technological study of the beach erosion and ound water situation in Digha with the help of the finance provided by the ate Government. The amount sanctioned to them was Rs. 30,000. The hief Hydraulic Engineer, Calcutta Port Commissioners, also probed into the atter at the request of the State Government. The ways and means to stop e sea beach erosion at Digha as suggested by the above Expert Agencies are )t unanimous. However, the Forest Department also undertook plantation on nd dunes along the Digha Coast from 1948. They also undertook the work ' raising the slopes of the beach by sand trapping methods with their own fund Rs. 22,485 and also both sand trapping and barricading by sal bullah piling th the fund of Rs. 2,15,490 provided by the Development and Planning epartment. This experiment also has so far proved not very effective.

The Expert of the I. I. T., Kharagpur, suggested that the best course ould be to gradually retreat from the bank line towards the West of the :isting township for the purpose of future development works in Digha. ccordingly, the new township with necessary amenities is being set up in the rth of Foreshore Road and on the west of the existing townshsp though the each in this region is not so attractive.

In the continuous and perhaps increasing intensity of erosion it is now navoidably necessary to embark upon measures, even experimental, to see hether engineering skills would be able to solve this phenomenon causing nxiety not only for the sake of the inhabitants of Digha and State Government ivestments but also because Digha being located in an economically backward rea, has been able to generate some prosperity for the region through tourist affic for which purpose the existing sea beach is necessary. The Irrigation nd Waterways Department are actively considering what further steps have ) be taken to stop the erosion. It may be noted, however, that climatic and ther conditions are such that the only effective periods for work in the sea and s beaches in this area are from November to April in each year.

2-10—2-20 p.m.]

**Mr. Speaker :** I have received 5 notices of Calling Attention on the ollowing subjects, namely :—

(1) Benami acquiring of khas lands by some Government employees depriving the Scheduled Castes and Tribes of their claims—ftom Shri Abdul Bari Biswas.

(2) Damaged Onda Police Station build in Bankura District remaining unrepaired—from Shri Kashi Nath Misra, and Shri Sambhu Narayan Goswami.

(3) Strike by Titagarh Municipal Workers from 27-6-72—from Shri Sisir Kumar Ghosh.

(4) Alternative arrangements for living of displaced persons residing on P.W.D. road-side in Hooghly District—from Shri Balailal Sheth.

(5) Reported attack on Shri Naresh Chandra Chaki on 2-7-72 at Taherpur Railway Station—from Shri Netaipada Sarkar.

I have selected the notice of Shri Netaipada Sarkar on the subject of eported attack on Shri Naresh Chandra Chaki on 2-7-72 at Taherpur Railway tation.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal :** On the 7th.

## Mention Cases

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সল্ট লেক এলাকায় যেখানে ডেভোলপমেণ্ট ওয়ার্ক চলছে সেখান থেকে খবর পেয়ে আজ সকালে আমি সেখানে গিয়েছিলাম। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে সেখানে যে কাজকর্ম চলছে তাতে বিশেষ করে যেসব ষ্টোন মেটাল দেবার কথা ছিল সেই সমস্ত ব্যাপারে দেখতে গিয়ে আমি দেখলাম অবস্থা বড়ই সংগীন। যে সমস্ত হিপ্স জমানো আছে বা যেসমস্ত ষ্টাগ করা আছে তাতে সমস্ত জায়গায় ষ্টোন মেটাল টেন টু টোয়েণ্টি পারসেণ্ট তার নিচে ৮০ থেকে ৯০ পারসেণ্ট বালি দেওয়া আছে। নীচের দিকটার বালী ভর্ত্তি রয়েছে আর উপর দিকটা পাথর আছে। এ নিয়ে আগে ভিজিলেন্স কমিশন এনকোয়ারী করেছেন, করে কিছু পাথরের হিপ্স আটক করে রেখেছেন। স্যার, যেখানে আমরা চারিদিক থেকে টাকা সংগ্রহ করছি সেখানে এই অবস্থা চলেছে। আমি এ ব্যাপারে মন্ত্রীসভাকে বলছি যে সেখানকার যিনি এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার তার নাম শ্রী এ. কে. সরকার এবং ঐ সল্ট লেক রিক্লামেসানের যিনি এস, ডি, ও তার নাম শ্রী এইচ হাজরা—এরা দুজনে এই সমস্ত ব্যাপারে জড়িত। মিঃ সরকার ইতিমধ্যেই টান্সফার হয়ে গিয়েছেন। স্যার, আমার বক্তব্য হচ্ছে, গরিব মানুষের কাছ থেকে ট্যাক্স নিয়ে যেখানে আমরা ডেভোলপমেণ্ট ওয়ার্ক করছি সেখানে এইভাবে ষ্টোন মেটাল দিয়ে কি করে কনট্রাক্টর আগে টাকা পেল বা কি করেই বা ষ্টোনের বদলে বালি এল তা আমি বুঝতে পারছিনা। আপনি যদি চান বা মন্ত্রীসভার কোন সদস্য যদি চান সেটা দেখে আসতে পারেন। সল্ট লেকে গভর্ণমেণ্টের যে গোডাউন আছে তার একটু পাশে দক্ষিণ দিকে পাথর এইভাবে পড়ে আছে তার নীচের দিকে বালি।

চোখের সামনে এই জিনিস ঘটে যাচ্ছে, অথচ এখান থেকে মাত্র বিশ মিনিটের রাস্তা। মন্ত্রী-সভার যে-কোন সদস্যকে আমি চ্যালেঞ্জ দিয়ে বলছি এবং আহ্বান জানাচ্ছি যে আপনারা দয়া করে সেখানে গিয়ে দেখুন যে কি জিনিস হচ্ছে। কনট্রাক্টারদের টাকা চুরি করে দেবার চেষ্টা হচ্ছে, এইসমস্ত অপকর্ম, অপচয় সরকারী অর্থের হচ্ছে। কাজেই আমি মন্ত্রীসভার সদস্যদের অনুরোধ করছি আপনারা ওখানে গিয়ে দেখুন এবং সরকারী অর্থের অপচয় বন্ধ করুন। এই অফিসার মিঃ সরকারকে ট্রান্সফার কেন, সাসপেন্শনের ব্যবস্থা যদি করা যায় তার ব্যবস্থা করুন এবং আমি এখুনি তার সাসপেণ্ড দাবী করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দুর্ভাগ্য আপনি লক্ষ্য করেছেন যে পশ্চিমবাংলার উপর ক্রমাগত যে সমস্ত অবিচার হচ্ছে তার কথা আমাকে তুলতে হচ্ছে। আপনি জানেন যে সিপিং করপোরেশন অব ইণ্ডিয়া তার হেড-কোয়ার্টার বোম্বাইতে। ইসটার্ন সিপিং করপোরেশন এবং ওয়েষ্টার্ন সিপিং করপোরেশন এই দুটো মিলে ১৯৬১ সালে সিপিং করপোরেশন অব ইনডিয়া গঠিত হয়। পার্লামেণ্টে এসটিমেটস কমিটির ১৯৫৮-৫৯ সালের ৩৮তম রিপোর্টে বলা হয়েছিল যে বেশীর ভাগ ব্যবসাই যখন কলকাতা বন্দর দিয়ে হচ্ছে তখন বম্বেতে হেডকোয়ার্টার বসাবার কোন যুক্তিসংগত কারণ নেই। এসটিমেটস কমিটি এই কথা বলা সত্ত্বেও ১৯৬১ সালে বম্বেতে হেডকোয়ার্টার বসানো হয় এবং ২৩ কোটি ৪৫ লক্ষ টাকা পেড আপ ক্যাপিটাল-এ ৭৯টি

হাজ নিয়ে তারা যে ব্যবসা করে তার ৭০ ভাগ ব্যবসাই কলকাতা বন্দর দিয়ে হয় এবং ১৬টি যে টি আছে তার ভিতর ১১টি কলকাতার মধ্য দিয়ে চলে, কিন্তু তা সত্ত্বেও বম্বেতে হেডকোয়ার্টার বসানো । কিন্তু সেখানেই ব্যাপারটা শেষ হল না। বম্বেতে হেডকোয়ার্টার বসানো হল এবং সেখানে বশ্য আমাদের ভারতবর্ষের বেশীর ভাগ বড় বড় সরকারী ও আধাসরকারী অফিসের হেডকোয়ার্টার াছে। যেমন স্টেট ব্যাঙ্ক অব ইনডিয়া, রিজার্ভ ব্যাঙ্ক অব ইনডিয়া, লাইফ ইনসিওরেন্স রপোরেশন অব ইণ্ডিয়া, সিপিং করপোরেশন অব ইণ্ডিয়া, ফুড করপোরেশন অব ইণ্ডিয়া, ণ্ডিয়ান অয়েল ফার্টিলাইজার করপোরেশন অব ইণ্ডিয়া ইত্যাদি ইত্যাদি সর্বভারতীয় বড় বড় সরকারী তিষ্ঠান ও আধাসরকারী প্রতিষ্ঠানের হেডকোয়ার্টার বম্বেতে নিয়ে যাওয়া হল। তারপর ১৯৬৭ লে ওরা একটা আই. বি. এম. মেশিন বসালেন। তখন খুব প্রতিবাদ ও বিরাট আন্দোলন য়েছিল ইউনিট রেকর্ডিং মেশিন নিয়ে এবং সেই মেশিন বসাবার পর থেকে আজ পর্যন্ত আর কোন র্মচারী নিয়োগ করলেন না, অথচ ওদের ব্যবসা বেশ ফুলে ফেঁপে উঠেছে। ওদের পৌনে ৩৫ কোটি কা নীট মুনাফা হয়েছে, আর এই বছর নীট ৭ কোটী টাকা মুনাফা হয়েছে, তা সত্ত্বেও ওরা কোন াক নিয়োগ করছেন না। এই লোক নিয়োগ করবেন না বলে আগে থেকে প্ল্যান করে আমেরিকা েকে ভাড়ায় ইউনিট রেকর্ডিং মেশিন নিয়ে এসেছে এবং এই মেশিন তারা পাঠিয়ে দিয়েছে, ৯৬৭ সাল থেকে এই অবস্থা চলেছে। এখন নতুন ডিসিসান নিয়েছেন একেবারে লেটেস্ট যে লকাতার অফিসে যে সমস্ত কাজকর্ম হয় তার বেশীর ভাগই বম্বেতে ট্রানস্ফার করা হচ্ছে এবং ই. বি. এম, ১৪০১ মেশিন আমেরিকার একটি কোম্পানী থেকে ভাড়া করা হয়েছে। তাদেরকে ছরে ১১ লক্ষ টাকা ভাড়া দিতে হবে এবং এর মেনটিনেন্স খরচ হচ্ছে প্রতি বছর ১৪।১৫ লক্ষ টাকা খান থেকে খরচ করে নিয়ে আসবেন এবং এখানকার এই সমস্ত কাজের একটা লিষ্ট রয়েছে যে কি কি কাজ ট্রানসফার করে দিচ্ছেন। ওখানে যে ৫০০ কর্মী কাজ করেন তার ভিতর মেজরিটি াটাই হয়ে যাচ্ছেন এবং এটার জন্য অল ওভার ইনডিয়া একটা এ্যাজিটেশন হয়। সেণ্ট্রাল ভর্ণমেণ্টের তরফ থেকে যে ডাণ্ডেকার কমিটী গঠিত হয়েছিল সেই দানডেকার কমিটী তাদের রিপোর্টে লেছেন, যা নাকি পার্লামেণ্ট দ্বারা ইজ বিইং কনসিডার্ড, সেই ডাণ্ডেকার কমিটী বলছেন মিলিটারি ারপাজে এই রকম ধরণের দু একটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার ছাড়া এই মেশিন বসাবার কোন দরকার াই আমাদের দেশে। সেই কমিটির রিপোর্ট যখন আমাদের অ্যাণ্ডার কনসিডারেশনে আছে তখন ই সিপিং করপোরেশন অব ইনডিয়া, যার হেডকোয়ার্টার বম্বেতে, তারা মার্কিন কোম্পানীর কাছ থেকে বছরে ১১ লক্ষ টাকা ভাড়া দিয়ে মেশিন নিয়ে এসে বসিয়ে ৪০০।৫০০ লোকের চাকুরী নষ্ট রবার ব্যবস্থা করছে।

2-20—2-30 p.m ]

সে সম্বন্ধে আরো অনেক তথ্য আছে। আপনার কাছে উল্লেখ করলাম এই জন্য যে পশ্চিমবঙ্গ রকার, পশ্চিমবঙ্গ সরকারের ট্রান্সপোর্ট মিনিষ্টার, চীফ মিনিষ্টার, তারা অবহিত হন যে এইভাবে খন আজকে তীব্র বেকার সমস্যা এই রকম গরীব দেশের এই রকম বিলাসিতা, গভর্ণমেণ্টের টাকা, নসাধারণের টাকা, পাবলিকের ট্যাক্সের টাকা, গরীব দেশের একটা কর্পোরেশান, গভর্ণমেণ্টের র্পোরেশান তার কর্তৃপক্ষের এই বিলাসিতা করবার অধিকার আছে কিনা, এতগুলি মানুষের রুজি কড়ে নেওয়ার এবং শুধু রুজি কেড়ে নেওয়া নয়, এরা ব্যবসা এক্সপেণ্ড করছে, ভবিষ্যতে যাতে ার নতুন লোক নিতে না হয়, অনেক নূতন কর্মসংস্থান সম্ভব সেটাও বন্ধ করার জন্য এই মেশিন ারা নিয়ে আসছেন। আমি সে জন্য গভর্ণমেণ্টের দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে পশ্চিমবাংলা থেকে যগুলি হেডকোয়ার্টার হওয়া উচিত সেগুলি থাকছে না, যেগুলি আছে সেগুলিও চলে যাচ্ছে।

তার উপর পশ্চিমবাংলার বেকার সমস্যার মুখে তাদের রুজি কেড়ে নেওয়ার জন্য এই দামী মেসিন এনে বসান পশ্চিমবঙ্গ সরকার যেন এর প্রতিবাদ করেন এবং ভারতসরকারের কাছে দাবী করেন যে ইনজাংশান দাও ইন দি সেন্স এটা ষ্টে করিয়ে দাও। যতক্ষণ পর্যন্ত ভানডেকার কমিটীর রিপোর্ট আলোচনা করে গভার্ণমেন্ট একটা ডিসিশান নেয় ততক্ষণ পর্যন্ত এই মেসিন বসান চলবে না।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কলিকাতা জেলা স্কুল পরিদর্ষিকা মধ্যশিক্ষার কয়েকটি অবৈধ স্বেচ্ছাচারমূলক কার্যকলাপের নজির মাননীয় সদস্যদের কাছে তুলে ধরে আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এর প্রতিকারের দাবী করছি। পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা সচিব এর সার্কুলার জারি করে বলিয়াছিলেন যে অশিক্ষণ প্রাপ্ত কোন স্নাতক বা স্নাতকোত্তর শিক্ষকের নিয়োগ ১।১।৭২ তারিখ থেকে অনুমোদন করা হবেনা। কিন্তু আশ্চর্যের কথা এই কলিকাতা জেলা স্কুল পরিদর্শিকা শ্রীমতি এলা দত্ত পশ্চিম বঙ্গ সরকারের এই আদেশ অমান্য করে বসন্ত কুমারী বালিকা বিদ্যামন্দিরে একজন অশিক্ষণ প্রাপ্ত শিক্ষিকাকে মেমো নং ৩৬৬৩, ডেটেড ২০।৩।৭২ অনুমোদন করলেন। অথচ ঠিক সেই সময়ে শিক্ষণ প্রাপ্ত না হওয়ার দরুন শয়ে শয়ে শিক্ষিকা এখনও অনুমোদন পাচ্ছে না। শুধু একটা ঘটনা নয়, পশ্চিমবংগ সরকারের সার্কুলারে আছে ৪ শ্রেণীর জুনিয়র বিদ্যালয়গুলি অনুমোদনের জন্য কম পক্ষে ১২০ জন ছাত্রছাত্রি থাকা দরকার। তা সত্ত্বেও বসন্ত কুমারী বালিকা বিদ্যামন্দির, ৪, নিলমনি মিত্র লেন, কলিকাতা-৪, এর মাত্র ৩৩ জন ছাত্রী থাকা সত্ত্বেও এই শ্রীমতি এলা দত্ত কলিকাতা জেলা স্কুল পরিদর্শিকা তিনি অনুমোদন দিয়ে দিলেন। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গ সরকারের আইনে আছে, যে আইনানুসারে কোন প্রতিষ্ঠিত সদস্য-এর সদস্যপদ খারিজ করার ক্ষমতা মধ্যশিক্ষা পর্ষদের নেই, কিন্তু সেই আদেশ অগ্রাহ্য করে ঐ স্কুলের প্রতিষ্ঠাতা সদস্য সাংবাদিক শ্রীশৈলেন সেনগুপ্তের সদস্য পদ থেকে ডিষ্ট্রিক্ট ইনসপেক্টর খারিজ করে দিলেন। শুধু একটা স্কুলের উদাহরণ নয়, ভুরি ভুরি স্কুলের উদাহরণ দিতে পারি। আর একটা স্কুলের কথা বলতে চাই। সেটা হচ্ছে যে শিশু মহল বালিকা বিদ্যালয়, ৫, মতিলাল বসাক গার্ডেন লেন। আইনে আছে যে মধ্যশিক্ষা পর্যদের অনুমতি ব্যতিরেকে বিদ্যালয় ভবন স্থানান্তরিত করা যায় না। কিন্তু মধ্যশিক্ষা পর্ষদের কোন অনুমতি না নিয়ে এই ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টেস অব স্কুলস, তিনি কি করলেন। মেমো আছে তিনি বিদ্যালয় ভবন স্থানান্তরিত করে দিলেন এবং মেমো অবজেকসান লেটার আছে, শিক্ষামন্ত্রী যদি প্রয়োজনবোধ করেন তাঁকে আমি প্রমাণ হিসাবে দেখাতে পারি। শুধু তাই নয়, এই স্কুলের প্রধান শিক্ষয়িত্রী শ্রীমতী কৃষ্ণা সরকারের স্থলে শ্রীমতি গীতা দত্তকে ঐ ডিস্ট্রীক্ট ইন্সপেক্টেস অব স্কুলস, এ্যাপয়েন্ট দিলেন সেখানকার পরিচালক সমিতি থাকা সত্বেও। পরিচালক সমিতি সেটা জানতে পেরে গীতা দত্তকে বরখাস্ত করলেন। বরখাস্ত হবার পরে পর্যন্ত এখন কি করে ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টেস অব স্কুলস সরকারী ডি. এ. দিয়ে যাচ্ছেন, এটা মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বিরাট একটা প্রশ্ন আমার থেকে যাচ্ছে। শুধু তাই নয়, আর একটি স্কুলের কথা বলছি. ব্যাপটিষ্ট বালিকা বিদ্যালয়, সুরেশ সরকার রোড। সেখানকার প্রশাসক হচ্ছেন ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস। ঐ স্কুলে নিরাক্ষিত ক্যাশ বইতে ৫০ হাজার টাকা ধার একই দিনে এন্ট্রি করান এবং খরচ দেখান। হিসাবপত্র নিরীক্ষা এরপর পশ্চিমবঙ্গ সরকারের আছে কিনা আমার যথেষ্ট সন্দেহ আছে। এই রকম ধরণের বহু অভিযোগ নিয়ে যখন ওয়েষ্ট বেঙ্গল ন্যাশানালিষ্ট টিচারস এ্যাসোসিয়েসন পশ্চিমবঙ্গ সরকারের কাছে দাবী করলেন তখন ডি. পি. আই ১২ই জানুয়ারীর যুগান্তরে বেরোলো, ডি. পি. আই একটা অনুসন্ধান কমিটি করলেন। অনুসন্ধান কমিটি বললেন যে এই বিদ্যালয়ের প্রধান এবং পরিচালক সমিতি সম্পাদককে ১২ই জানুয়ারী ও ১৩ই জানুয়ারী, ১৯৭২ ডি. পি. আই মিটিং হলে উপস্থিত হয়ে তারা যেন তথ্যাদি সরবরাহ করেন। তারা তথ্যাদি সরবরাহ করলেন

১২ই এবং ১৩ই জানুয়ারী. কিন্তু অদ্যাবধি পশ্চিমবঙ্গ সরকার কোন ব্যবস্থা নিলেন না। আমি আপনার মাধ্যমে এই সমস্ত এনোমালি প্রতিকারের দাবী শিক্ষামন্ত্রীর কাছে করছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবাংলার তৎপর এবং দক্ষ স্বাস্থ্য মন্ত্রীর প্রতি একটি জরুরী বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল মহকুমায় যে সরকারী হাসপাতাল আসানসোলে আছে, সেই সরকারী হাসপাতালে প্রতিদিন প্রায় ১৫০ জন আহত রোগী চিকিৎসার জন্য আসেন। পশ্চিমবাংলার কলকাতা বাদ দিয়ে অন্য কোন হাসপাতালে এত আহত রোগী আসেনা, বিভিন্ন দুর্ঘটনার কবলে পড়ে এবং দুঃখের কথা ঐ হাপাতালে এ্যানাসথেসিয়া দেবার জন্য কোন ডাক্তার না থাকার ফলে অধিকাংশ রোগীকে operation করা সম্ভবপর হয় না এবং এই অবহেলার দরুন বহু রোগী মারা যায়। দুজন বিলাতী ডিগ্রী ধারী ডাক্তার আছেন, FRCS ডাক্তার, তাদের ফোড়া কাটা ছাড়া অন্য কোন কাজ নেই, কারণ সেখানে এ্যানাসথেসিয়া দেবার জন্য কোন ডাক্তার নেই। এই হাসপাতালে দুটি এ্যাম্বুলেন্স আছে। সেইগুলো ১৯৫২ সালে কেনা হয়েছিল। সেই দুটি এ্যাম্বুলেন্স এখন অচল অবস্থায় রয়েছে। ১৯৫২ সাল থেকে এই সময় পর্যন্ত ঐ এ্যাম্বুলেন্স দুটির পেছনে মেরামত বাবদ প্রায় ২০ হাজার টাকা খরচ হয়েছে। অথচ সেই এ্যাম্বুলেন্স দুটি অচল অবস্থায় পড়ে আছে। L. M. হাসপাতালে একটা 500 M-এর X'Ray machine কেনার জন্য দরখাস্ত করা হয়েছিল, কিন্তু আমাদের স্বাস্থ্য মন্ত্রী একটি 200 M. এর machine কেনার অনুমতি দিয়েছেন। যদিও 500 M machine-এর দাম 200 M-এর চেয়ে মাত্র ১৮ হাজার টাকা পার্থক্য রয়েছে। কিন্তু যদি 500 M machine দেওয়া হ'ত তাহলে এই হাসপাতাল, যে হাসপাতাল আসানসোল শিল্পাঞ্চলে যেখানে কয়লা, লোহা, ইস্পাত এই সমস্ত কারখানা রয়েছে, সেই হাসপাতালের যে অসুবিধা তা দূর করা যেতে পারতো। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত শনিবার দিন রাত্তের বেলায় আসানসোল থেকে একমাইল দূরে জগৎডিহি গ্রামে রাত ১১টার পর সমস্ত গ্রামটা ধ্বসে যেতে আরম্ভ করে। সমস্ত লোক তখন ঘুমন্ত অবস্থায় ছিল। তারা জেগে ওঠে এবং চারিদিকে চিৎকার আরম্ভ করে, কিন্তু পালাবার কোন জায়গা নেই। সেই গ্রামের পাশে অন্যান্য গ্রামগুলো যেমন বরহরিয়া, বরাচর, মেনধনু, এই সমস্ত গ্রাম বিপদাপন্ন হয় Subsidence এর জন্য। এই অবস্থায় সেখানকার জনসাধারণ Additional District Magistrate ইত্যাদি তাদের কাছ থেকে কোন রকম সাহায্য আজ পর্য্যন্ত পাওয়া যায়নি। শুধু ঐ গ্রামটিই নয় গোটা আসানসোল শহরের পশ্চিমাঞ্চল Subsidence-এর ভয় এবং বিপদের সম্মুখীন হয়েছে এবং এর কারণ হচ্ছে এই Subsidence যে গ্রামে হতে চলেছে, সেই গ্রামের পাশে মেনধেনু কয়লা খনি, যে মেনধেনু কয়লা খনির মালিক আমরা জানি যে সরকারের Royalty ৪১ লক্ষ টাকা কর ফাঁকি দিয়েছে, তারা তিন হাজার শ্রমিককে পথে বসিয়েছে। কয়লা খনি বন্ধ করে Sand Stream না করার ফলে এই ধরনের Subsidence এবং এই Subsidence গোটা আসানসোল সহরেও আজ ছড়িয়ে পড়তে পারে। তাই একটা বিপদাপন্ন অবস্থা সেখানে রয়েছে। আমি তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, ওখানে যেসমস্ত গ্রামবাসী বিপদাপন্ন অবস্থায় রয়েছে, তাদের সেখানে কিছু সাহায্য করার ব্যবস্থা করা হোক পুনর্বাসনের জন্য এবং যেমন কুলটিতে বোরিং করে উপর থেকে পলি দিয়ে Subsidence ঠেকানোর চেষ্টা করা হয়েছে, সেইরকমভাবে চেষ্টা করা হোক। এছাড়া এই যে মালিক, যারা Sand Stream এর নাম করে সরকারের কাছ থেকে টাকা আদায় করেছে,

তাদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা করা হোক, এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা** : মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে গঙ্গার দুপাশের লোকেরা বেশ কিছুদিন গঙ্গায় স্নান করতে পারছে না ভয়ে। ভয়ে কেউ গঙ্গায় নাবতে পারছেনা। Serious—ব্যাপার এই প্রসঙ্গে বসুমতীর একটা report পড়ে শোনাবো। সেই কাগজে ছবি শুদ্ধ একটা report বেরিয়েছে, উদয়নের নাম দিয়ে এটা বেরিয়েছে। আমি একটু পড়ে শোনাচ্ছি। এই কি সেই গঙ্গার আতঙ্ক, যার ভয়ে পুণ্যার্থী, স্নানার্থী নরনারীর দল গঙ্গায় স্নান প্রায় ছেড়ে দিয়েছে, কেউ বা বলছেন পোকা, কেউ বলছেন সরিসৃপ, কিন্তু কিসের অদৃশ্য আতঙ্ক, যাতে কামড়ালে মানুষ মারা যাচ্ছে বলে গুজব রটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু লোক, বহু পুণ্যার্থী গঙ্গায় স্নান করতেন।

বারি সাহেব আপনি একটু চুপ করুন, আপনি একটু চুপ করুন, আপনি সব সময় কথা বলেন। পুণ্যার্থী গঙ্গায় প্রতিদিন স্নান করেন, অনেকে আমাকে ধরেছেন যে আমাদের ফ্রিডাম অফ রিলিজিয়নের উপর হস্তক্ষেপ করা হচ্ছে। আমরা অনেকেই গঙ্গায় স্নান করি কলের জলের অভাবে। আমি তাই পৌর মন্ত্রীকে বলতে চাই যে আমার মত পাপীও কলের জলের অভাবে গঙ্গায় স্নান করতে যায়।

[2-30—2-40 p.m ]

**শ্রীমহাদেব মুখার্জী** : মাননীয় স্পীকার মহাশয়, আমি হুগলী জেলার পুরশুড়া কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি এবং আমার এলাকায় নিম্ন দামোদর প্রকল্পের কাজ সঠিক কোন সময় শুরু হবে তা বোধ হয় এখনও সঠিক করে কেউ বলতে পারছেন না। আর শুরু হলেও নানা সমস্যা মিটিয়ে কাজ এগুতে সময় লাগবে অনেক। আশংকা করা যায় সেই সময়ের মধ্যে আরও ২।৩টি বন্যা পুরশুড়ো ব্লকের কৃষি ভিত্তিক অর্থনীতিকে আরও বিপন্ন করে তুলবে। প্রতিকার ও প্রতিরোধ হিসাবে দামোদরের অববাহিকায় বেগুয়া নামে যে জায়গাটায় প্রচুর পলি ও বালি জমে পুরনো দামোদর দিয়ে ডি, ভি, সির অতিরিক্ত জল রূপনারায়ণের পথে যেতে বাঁধা সৃষ্টি করেছে তার অপসারণ করে একটি রেগুলেটর বসিয়ে দেওয়া হোক। মুণ্ডেশ্বরীর শাখা নদী—বাচুরদহ, হরিনামালী, আকরী, পায়রাটাকী, শিওের খাল এর বুক থেকে বালি মাটি কেটে সরিয়ে দিয়ে দু-তিনটি জায়গায় রেগুলেটার বসানো দরকার।

১৯৭০-৭১ এর প্রবল বন্যায় মুণ্ডেশ্বরীর পশ্চিম তীরে যে ৪টি ও পূর্ব তীরে যে ৩টী বিরাট খানা সৃষ্টি হয়েছে, যার মেরামতী কেবল মাত্র টেষ্ট রিলিফ স্কীমএর মাধ্যমে মাটি দিয়ে ভরাট করা সম্ভব নয়, সেচ বিভাগের মাধ্যমে ভালভাবে এবং এক পক্ষকালের মধ্যে সে কাজ শুরু করা দরকার। সেচ বিভাগ থেকে যে টাকা দেবার প্রতিশ্রুতি আছে এবং ইনজিনিয়ার, এ্যাসিসটেন্ট ইনজিনিয়ার এই পরিকল্পনার কাজ করার জন্য যারা বসে আছেন অথচ আজকে অর্থাভাবে কাজ করতে পারছেন না। আমি সেই জন্য এই বিষয়ের মন্ত্রীকে এই বিষয়ে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল পাওয়ার সাপ্লাইকে জাতীয়করনের দাবীতে সেখানে যে আন্দোলন হচ্ছে সেই আন্দোলনের পরিপ্রেক্ষিতে কয়েকটা নতুন পরিস্থিতির উদ্ভব হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলছি যে

এই ১লা জুলাই হতে বিল বয়কট করার পরিপ্রেক্ষিতে ঐ ওয়েষ্ট বেঙ্গল পাওয়ার সাপ্লাইয়ে অধুনা য ৫৭ জন স্টাফ আছে তাদের বেতন ঐ কোম্পানী বন্ধ করে দিয়েছে, তার ফলে ঐ কোম্পানীর র্মচারীরা আগামী ১-৭-৭২ থেকে বেতন পাচ্ছে না এবং এর ফলে সেখানে দেখা দেবে নানা রকম ঙ্কট এবং এর ফলে সেখানে আলো বন্ধ হয়ে যাবে, হাসপাতাল বন্ধ হয়ে যাবে, হাসপাতালের অপারেশন ন্ধ হয়ে যাবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে লব যে অবিলম্বে এই যে বেসরকারী প্রতিষ্ঠানের অত্যাচার এই অত্যাচারকে বন্ধ করুন এবং এই বসরকারী পুঁজিকে এ্যারেষ্ট করবার চেষ্টা করুন এবং এইটা করে এই যে তারা অরাজকতা আরম্ভ রেছে এইটার প্রতিকার করুন।

**শ্রীপঙ্কজ ব্যানার্জি:** স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সদস্যদের দৃষ্টি াকর্ষণ করছি। আপনারা জানেন দক্ষিণ কোলকাতার উপকূলে কৃষ্ণা গ্লাস এণ্ড সিলিকেট বলে কটা কারখানা ২৫ বছর ধরে চলে আসছিল। দক্ষিণ কোলকাতার উপকণ্ঠে যাদবপুর এবং বারুইপুর কে এই দুটা কারখানায় ২টা unit-এ ২হাজার লোক কাজ করছিল। কিন্তু আজ ১½ বছর হল ই কারখানা বন্ধ হয়ে আছে। যেদিন থেকে এই সরকার এল সেদিন থেকে আমি চেষ্টা করছি যাতে ই কারখানার দরজা খোলা যায়। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে বহুবার আবেদন নিবেদন রার পরেও এই সরকার এই দুটো কারখানা খোলার কোন ব্যাপক প্রচেষ্টা করছেন না। সরকারের ষ্টি আকর্ষণ করার পর আমি নিজে, স্থানীয় যুবকরা এবং ঐ কারখানার retrenched কর্মীরা দিন ধরে সেখানে অনশন করে ছিলেন। তখন আমাদের শ্রমমন্ত্রী একটা written প্রতিশ্রুতি লেন যে এই কারখানা অবিলম্বে খোলার ব্যবস্থা করা হবে। সেখানকার ২ হাজার কর্মীর মধ্যে ৭জন কর্মী না খেয়ে এবং বিনা চিকিৎসায় মারা গেছে। ৩দিন আগেকার আনন্দবাজার পত্রিকায় কটি চিঠি দিয়ে দৃষ্টি আকর্ষণ করেছিলেন ঐ কারখানার union সম্পাদক যে দীর্ঘদিন ধরে বেকার বস্থায় থাকার জন্য ১জন শ্রমিক তার ছোট ছেলেকে খেতে দিতে না পারার জন্য সে ছেলেটাকে ঐ রখানার গেটের সামনে পরিত্যাগ করে দিয়ে চলে গেছে। এবিষয়ে আমি আপনার মাধ্যমে রকারের এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই অবস্থার যাতে তাড়াতাড়ি দূর করেন তার কটা সুস্পষ্ট জবাব চাই। সরকার যদি এরকম একটা শোকাবহ অবস্থার পর কারখানা খোলার বস্থা না করেন তাহলে আমাদের একটা চরম আন্দোলন করতে হবে। তাই যাতে আমাদের াজপথে দাঁড়াতে না হয় তারজন্য শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি।

**ডাঃ শৈলেন্দ্রনাথ চ্যাটার্জি:** স্যার, সেচবিভাগের একটা অদ্ভুত জিনিষের প্রতি আপনার ষ্টি আকর্ষণ করছি। গত ২৬শে Feb. গেজেটের একটা অতিরিক্ত সংখ্যায় বের হয়েছে যে আমার র্বাচন কেন্দ্র পাণ্ডুয়া থানার শতকরা ৯০ ভাগ জমি—স্কুল কলেজ হোক, মাটঘাট হোক, হাটবাজার হাক, মন্দির মসজিদ হোক—রবি মরশুমে সেচের জল পেয়েছে এবং ১৯৬৬ সাল থেকে ১৯৭১ সাল র্যন্ত তাদের উপর খাজনা ধার্য করা হয়েছে। আপনারা জানেন যে খরিপ মরশুমে রবির থেকে অনেক বশী জায়গায় জল দেওয়া হয়। সেই খরিপ মরশুমে এই সরকার স্বীকার করেছেন যে শতকরা ৫ ভাগ জমিতে তাঁরা জল দিতে পেরেছেন। অথচ রবির মরশুমে তাঁরা কি করে শতকরা ৯০ ভাগ ায়গায় জল দিলেন এটা একটা আশ্চর্য্যের বিষয়। আশা করি মন্ত্রীমহাশয় এর একটা অনুসন্ধান করে প্রতিবিধান করবেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্যার, আমি যে বিষয়টা উত্থাপন করছি সেটা মোটামুটি শিদাবাদ, নদীয়া ও বর্ধমান জেলার যে সমস্ত train যাত্রীরা যাতায়াত করেন তাঁদের কথা।

আপনারা জানেন এই বিংশ শতাব্দীতে সব জায়গায় Electric train-এর ব্যবস্থা করা হয়েছে। এই ট্রেনে করে যাঁরা যাতায়াত করেন তাঁরা দুর্গতির কথা সকলেই জানেন। আমরা কৃষ্ণনগর থেকে যখন ঐদিকে যাই তখন train ৫।৭।৮ ঘণ্টা লেট হয়ে যায়। এমন সব বস্তাপচা ইঞ্জিন জুড়ে দেওয়া হয় যে এখান থেকে যে গাড়ী দ্রুত গতিতে গেলে সেখান থেকে সেই গাড়ী গরুর গাড়ীর মত চলতে আরম্ভ করে এবং বেলডাঙ্গা Station-এ এসে heat fail করে। এরকম দুর্ভোগ আর কতদিন চলবে? তাই পশ্চিমবঙ্গ সরকারের কাছে বিদ্যুৎ সরবরাহ মন্ত্রীর কাছে এবং মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব যে আমাদের এই সমগ্র এলাকার যাত্রীরা যে কষ্ট পাচ্ছে সে কথা চিন্তা করে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করা হোক যে কৃষ্ণনগর থেকে লালগোলা পর্যন্ত এবং ব্যাণ্ডেল থেকে ফরাক্কা পর্যন্ত বৈদ্যুতিক ট্রেন চালাবার ব্যবস্থা যেন করা হয়।

এই সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে মন্ত্রীরা অনেকেই আমাদের জেলায় গিয়েছেন, আমাদের জেলার মন্ত্রীরা গিয়েছেন, অন্য জেলার মন্ত্রীরাও গিয়েছেন। আমাদের ওখানে একটা পুল আছে তাকে বালির ব্রীজ বলে। সেই পুলের অবস্থা এত শোচনীয় যে মুর্শিদাবাদ জেলার পূর্বাঞ্চল থেকে পশ্চিমাঞ্চলে যাবার একমাত্র রাস্তা ঐ বালির ব্রীজটা গোটা ভেঙ্গে পড়ে যাবে। আমি পি. ডব্লু ডি'র মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি এই পুলটি মেরামত করে জনসাধারণের জীবন বাঁচান।

[2-40—2-50 p.m.]

**শ্রীশরৎচন্দ্র দাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি একটা অসহনীয় অবস্থার প্রতি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলাতে দামোদার নদীতে পাঞ্চেৎ ড্যাম আছে। যখন বর্ধমান জেলায় বন্যার আশঙ্কা দেখা দেয় তখন সেই ড্যামে অতিরিক্ত জল ধরে রাখা হয়। ফলে আমাদের ওখানকার নদী পার্শ্বস্থ লালপুর, গুরুড়ি, তেলকুপী, তুলসীবাড়ী, বেনিয়াষা, করমানি, ইছর, শ্বেতমনাশ, লালগোলা ইত্যাদি ১৪টি গ্রাম সমস্ত জলে ডুবে যায় এবং সেই গ্রামে যত জমি জলে ডুবে যায় সেই সব জমির চাষীদের ক্ষতিপূরণ দেওয়ার কোন ব্যবস্থা হয় না। দামোদর নদীর নিচের তলার দিকে ডি.ভি.সি. কর্তৃপক্ষ মাত্র ১২৫ ফুট জমি এ্যাকুইজিসান করেছেন, কিন্তু ডি.ভি.সি'র জলে ১৪০ ফুট পর্যন্ত জমি ডুবে যায়। সেখানে চাষীরা যত্ন করে, পরিশ্রম করে যে সব ফসল উৎপন্ন করে বছর বছর সেই সব ফসল দামোদরের নিচের জলে ডুবে যায়, তাদের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা নাই। এজন্য সরকার হয় ১৪০ ফুট এ্যাকুইজিসান করুন নইলে সঙ্গে সঙ্গে ক্ষতিপূরন দেবার ব্যবস্থা করুন। ডি.ভি.সি. কর্তৃপক্ষের অফিস হচ্ছে হাজারিবাগে সেই অফিস থেকে আমিন এসে ক্ষতিপূরণ ধার্য করে। তারা পুরুলিয়াবাসীর সুখদুঃখ বোঝে না তাঁরা হিন্দীভাষী, জনসাধারণ তাঁদের কথা বুঝতে পারে না। ফলে সেখানকার লোকেরা বছর বছর কষ্ট পাচ্ছে। সেজন্য আমি মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ চেলিয়ামা ব্লকের অধিবাসীরা যাদের জমি ডি.ভি.সি'র জলে ডুবে যাচ্ছে তারা উপযুক্তভাবে ক্ষতিপূরণ পায় তার বিহিত ব্যবস্থা করতে। গত তিন বছর পর্যন্ত ক্ষতিপূরণের টাকা বাকি আছে, আজ পর্যন্ত তারা সেই টাকা পায়নি।

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি বিবৃতিটি পড়ছি। ইণ্ডিয়ান অক্সিজেন লিঃ শিল্প বিবাদ আইন অনুযায়ী একটি জনোপযোগী সংস্থা। অথচ ১৯৬৯ সাল থেকে এই কোম্পানীর বিভিন্ন কারখানায় বিনা নোটিশে ধর্মঘট কয়েকবারই হয়েছে।

লা বাহুল্য যে ঐ সব ধর্মঘট আইন অনুগ হয়নি। কোম্পানীর প্রতিবেদনে ১৯৬৯ হইতে বেআইনী র্মঘট ছাড়া শ্লথ কাজ এবং নাশকতামূলক কাজেরও উল্লেখ ছিল। এই সব কারণে কোম্পানীর দৈনন্দিন কাজ বিঘ্নিত হয় এবং উৎপাদন ব্যাহত হয় বলেই কোম্পানী এই রাজ্যে অবস্থিত ইণ্ডিয়ান অক্‌সিজেনের কারখানাগুলোকে ভারত রক্ষা আইন অনুযায়ী অত্যাবশ্যিক সংস্থা হিসাবে ঘোষণার জন্য সরকারকে অনুরোধ জানান। এই সব কারখানায় শিল্প ও চিকিৎসার জন্য প্রয়োজনীয় গ্যাস, ভারতীয় বায়ু সেনার জন্য ইণ্ডিয়ান এয়ারফোর্সের মহাশূন্য প্রয়োজনীয় গ্যাস, ল্য চিকিৎসার প্রয়োজনীয় যন্ত্রাদি, বৈদ্যুতিক ওয়েল্ডিং এবং গ্যাসের সাহায্যে লোহা কাটার রঞ্জাম প্রস্তুত হয়। উৎপন্ন জিনিসের গুরুত্ব এবং পূর্বের ঘটনাবলীর সার্বিক বিচারে সরকার এই কাম্পানীর কর্মীদের ভারত রক্ষা আইনের ১১৯ অনুচ্ছেদের আওতায় আনার আদেশ বিগত মে মাসে জারী করেন। কিন্তু আজ পর্যন্ত সরকার ধর্মঘট বা লকআউটের উপর কোন নিষেধ-আজ্ঞা জারী রেন নাই।

১৯৭২ সালের এপ্রিল মাসের ১০ তারিখ থেকে শ্রমিকেরা কতকগুলো দাবার মীমাংসা সাপেক্ষে র্মঘট করেন। ঐ ধর্মঘট ত্রিপাক্ষিক সালিসী চলাকালীনই অনুষ্ঠিত হয়। মাননীয় শ্রম মন্ত্রীর হস্তক্ষেপে ২২/৪/৭২ তারিখে এক ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয় এবং ধর্মঘটের অবসান ঘটে।

২২/৪/৭২ তারিখের ত্রিপাক্ষিক চুক্তিতে ঠিক হয় যে দুটি গ্যাস কারখানা পরিচালনা ব্যাপারে য সব বাধা-বিপত্তির সৃষ্টি হয় কোম্পানীর কর্তৃপক্ষ তার তালিকা দিলে মাননীয় শ্রম মন্ত্রী উভয় ক্ষের সাহায্যে পর্য্যালোচনা করে যে নির্দেশ দেবেন তা উভয় পক্ষের গ্রহণীয় হবে। ১০/৪/৭২ হইতে ২/৪/৭২ পর্যন্ত ধর্মঘট কালীন প্রদত্ত অগ্রিম বেতন আদায়ের ব্যাপারে মাননীয় শ্রম মন্ত্রীর সিদ্ধান্ত ভয় পক্ষই মেনে নেবেন।

দুর্মূল্য ভাতা ও অন্যান্য বিষয় ত্রিপাক্ষিক বৈঠকে আলোচনা করা হবে। এবং আরও স্থির হয় ব কাজের মূল্যায়ন এবং শ্রমিকদের শ্রেণী বিভাগ এই দুটি বিষয় দুর্গাপুর স্টীলের জেনারেল ম্যানেজার তুলপুলের নির্বাচিত কোন বিশেষজ্ঞ সংস্থার দ্বারা নির্ধারণ করান হবে। এবং ওই বিশেষ সংস্থার ন্ধান্ত শ্রীতুলপুলের বিশেষ বিচারের পর উভয় পক্ষের দ্বারা গৃহীত হবে। ওই চুক্তির পর মাননীয় মমন্ত্রী উভয় পক্ষের সংগে পুনরায় বৈঠক করেন এবং নির্দেশ দেন যে, যে সকল শ্রমিক বেতন এবং র্মূল্য ভাতা মিলিয়ে মাসিক ৭৫০ টাকার বেশী পান না তাদেরকে সাময়িকভাবে অতিরিক্ত ১৫ টাকা াসিক দুর্মূল্য ভাতা ১/৪/৭২ হতে দিতে হবে। এই সাময়িক বৃদ্ধি এ্যাড হক ইন্টারিম পেমেণ্ট। মূল্য ভাতা কমিটির সুপারিশ পাওয়া গেলে নূতন বর্দ্ধিত হারের অংশ বলে ধরা হবে এবং তদনুযায়ী াধবোধ হবে। সরকার দুর্মূল্য ভাতা কমিটি স্থাপনের কথাও সক্রিয়ভাবে বিচার করছেন। আরও ক হয় যে বিদেশ থেকে ফেরবার পর মাননীয় মন্ত্রী অন্যান্য বিষয় বিচার করবেন এবং ইতিমধ্যে তিরিক্ত লোক নিয়োগ ও উৎপাদন বাধা প্রভৃতি বিষয়গুলো যুগ্ম শ্রম কমিশনার পরীক্ষা করবেন। ক্ত নির্দেশ অনুযায়ী কোম্পানী সাময়িক বর্দ্ধিত হারে মাগ্‌গী ভাতা দিয়েছেন। শ্রীএ. কে. মিত্রের র্নিয়োগ সম্বন্ধে কোম্পানী মাননীয় শ্রমমন্ত্রীর প্রাথমিক সুপারিশ গ্রহণ করেছিলেন, কিন্তু শ্রীমিত্র াজে যোগ দেন নাই বলে জানা গেছে। পরে মাননীয় মন্ত্রীর তরফ থেকে কোম্পানীর কর্তৃপক্ষকে য়েকটি বিষয়, যথা পুনর্নিয়োগ, চাকুরীর ধারাবাহিকতায় ছেদ, বেতন নির্ণয় এবং এককালীন দেয় র্থের পরিমাণ সম্বন্ধে পুনর্বিচার করবার অনুরোধ জানান হয়। কিন্তু কোম্পানী এইসব অনুরোধ করেন নাই। শ্রীতুলপুলের নির্বাচিত ন্যাশনাল প্রোডাকটিভিটি কাউন্সিল শীঘ্রই আসানসোল এবং কাতায় গ্যাস কারখানা দুটির কাজের মূল্যায়ন ও শ্রমিকদের শ্রেণী বিভাগ সংক্রান্ত কাজ করবেন।

ইণ্ডিয়ান অক্সিজেন-এর কারখানা ভারতের বিভিন্ন রাজ্যে আছে এবং সামগ্রিকভাবে এই কোম্পানী পরিচালনায় বিশেষ ত্রুটি পরিলক্ষিত নাহলে এই প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব সরকারের নেওয়া কোন কথাই ওঠেনা অন্ততঃ পশ্চিমবঙ্গ রাজ্য সরকার এরূপ কোন প্রয়োজনীয়তা বা যৌক্তিকত বোধ করেন নাই। যদিও শ্রমিকদের পক্ষ থেকে এরূপ দাবীও রাখা হয়েছে। রাজ্য সরকারের শ্র বিভাগের চেষ্টায় এবং শালিসীর মাধ্যমে শ্রমিকদের ন্যায্য দাবী, বেতন বৃদ্ধি প্রভৃতি মেটান সম্ভ হয়েছে এবং মালিক শ্রমিক বিরোধ মেটানোর এই প্রচেষ্টা চলতে থাকবে এবং ভবিষ্যতেও চলবে।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিম বাংলার প্রাথমিক শিক্ষক সমিতি উদ্যোগে প্রায় ১০ হাজার শিক্ষক তাঁদের দাবী দাওয়া নিয়ে বিধানসভার সামনে এসেছেন। মাননী অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী তথা মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং আমি মনে করছি শিক্ষামন্ত্রীমহাশয় তাঁদের সামনে গিয়ে দাঁড়িয়ে এবং শিক্ষামন্ত্রী যদি না থাকেন তাহলে উপ শিক্ষামন্ত্রী বা দায়িত্বশীল কোন মন্ত্রী তাঁদের সামনে গিয়ে দাঁড়িয়ে তাঁদের বক্তব্য শুনুন এবং নিজেদে বক্তব্য রাখুন।

**শ্রীতুহিনকুমার সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সারা পশ্চিমবাংলার অঞ্চল পঞ্চায়েতের সচিবরা তাঁদে ১৭ দফা দাবীর ভিত্তিতে বিধানসভায় এসেছেন। তাঁরা দীর্ঘদিন ধরে তাঁদের দাবী দাওয়া পেশ করেছেন, কিন্তু সরকারের পক্ষ থেকে কোন রকম সহানুভূতি তাঁদের দেখান হয়নি। কাজেই আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি তাঁদের দাবীদাওয়ার ভিত্তিতে তাঁদের সামনে গিয়ে তাঁদের প্রতি আশ্বাসসূচক বক্তব্য রাখুন।

## Motion regarding Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes

[2-50—3-00 p.m.]

**Shri Santosh Kumar Roy :** Sir, I beg to move that—

This House is of opinion :

(1) that an Assembly Committee to be called the 'Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes' be constituted, consisting of not more than 12 members to be elected by the House from amongst its Members according to the principle of proportional representation by means of the single transferable vote ;

(2) that the term of office of the members of the Committee be 2 years from the date of first meeting of the Committee ;

(3) that the Chairman of the Committee be nominated by the Speaker from amongst the members of the Committee ;

(4) that the functions of the Committee be—

(a) to report to the Legislatlve Assenbly on the working of the Welfare programmes for Scheduled Castes and Scheduled Tribes in the State ;

(b) to exmine the measures taken by the State Government to secure due representation of the Scheduled Castes and Scheduled Tribes in services and posts under its control (including appointments in the public sector undertaking, statutory and semi-government bodies),

(c) to consider the action taken by the State Government on the recommendations contained in the report of the Commissioner for Scheduled Castes and Scheduled Tribes,

(d) to consider the recommendations made by the West Bengal Advisory Board for the Welfare of Scheduled Castes and West Bengal Tribes Advisory Council,

(e) to report to the Assembly on the action taken by the State Government on different welfare measures suggested by the Committee, and

(f) to examine such other matters as may be deemed fit by the Committee or are specially referred to it by the House or by the Speaker ,

(5) that the Committee do frame its own internal working rules regarding selection of subjects for their examination and report, collection of preliminary materials from various departments, public undertaking or other statutory bodies, appointment of sub-committees or study groups, study tours, examination of witnesses, preparation and submission of reports, and follow-up actions ; and

(6) that the rules of procedure of this House relating to Assembly Committee do apply to this Committee subject to such variations and modifications as the Speaker may from time to time direct.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘদিন এই সভা তপশীলী এবং আদিবাসী সদস্যদের ক্ষোভ এবং তাদের অভিযোগ আমরা শুনেছি। আজ নিয়োগের ক্ষেত্রে এবং শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তির ক্ষেত্রে সংবিধানের বিধান অনুযায়ী যে সরকারী নির্দেশ আছে সেই নির্দেশ যথাযথ পালিত হয় না। বর্তমান সরকার সেই অনুন্নত শ্রেণীর উন্নতির জন্য বদ্ধপরিকর। সেজন্য আজ আমরা এই কমিটি যেটা কেন্দ্রে পার্লামেণ্টারী কমিটি আছে সেই কমিটির অনুরূপ বিধানসভায় একটি কমিটি গঠনের জন্য এখানে মোশান উপস্থিত করেছি। আমি সরকারের তরফ থেকে মাননীয় সদস্যদের এই আশ্বাস দিতে চাই সংবিধানের বিধান অনুযায়ী যে সরকারী নির্দেশ আছে চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে বা অন্যান্য তপশীলী আদিবাসী উন্নয়নের ক্ষেত্রে তা যদি এই কমিটি মনে করেন যথাযথ পালিত হচ্ছে না তখন সরকার তাদের সেগুলি যথাযথ পালনের জন্য ব্যবস্থা অবলম্বন করবেন এই আশ্বাস আমি সরকাবের তরফ থেকে দিতে চাচ্ছি।

**শ্রীগংগাধর প্রামাণিক**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহুদিনের আশা আজকে সিডুল্ড কাষ্ট এবং আদিবাসীদের জন্য যে কমিটি নিয়োগ হচ্ছে এবং যে রেজিলিউসন এখানে আনা হয়েছে তাকে আমি স্বাগত জানাচ্ছি। আগেও এই হাউসে ১৯৬৭ সালে তার আগেও আমরা দেখেছি সিডুল্ড কাষ্ঠ, তফশীলীদের এবং সিডুল্ড ট্রাইবের ব্যাপারে যা কনসটিটিউসনে গ্যারাণ্টি করা হয়েছিল সেই সমস্ত পালন করা হয় না এবং এই নিয়ে বহু বাক বিতণ্ডা এবং নানারকম

উপহাস আমাদের এই হাউসের মধ্যে শুনতে হয়েছে। বাইরে এ সম্পর্কে বহু শিক্ষিত এবং তথাকথিত শিক্ষিত ভদ্রলোক তাদের কাছ থেকে আমরা বহু উপেক্ষা পেয়েছি।

তাই আজকে ইন্দিরা গান্ধীর নেতৃত্বে এবং নির্দেশে যে সরকার গঠিত হয়েছে তা অক্ষরে অক্ষরে পালনের জন্য যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তারই জন্য আজকে এই ব্যবস্থা অবলম্বন করছেন। আমি তাকে স্বাগত জানাচ্ছি। আমরা যদি কমিটির রিপোর্ট দেখি তাহলে তাতে প্রথমেই আছে "In spite of the plans and attitudes of the Government it must be admitted that there are various historical reasons, the progress made by States or even by classes within the same State has been unequal. And this has naturally led to tensions or conflicts, which have become today one of our chief national problems". আজকে আমাদের মহান নেত্রী ইন্দিরা গান্ধীকে উপলক্ষ্য করে আজকে যাতে প্রতিশ্রুতি প্রতিপালিত হয় তার দিকে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের যাঁরা তাঁর নেতৃত্বে নির্বাচিত হয়েছি, আমাদের যিনি নেতৃত্ব নিয়েছেন শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় তিনি এই জিনিষ উপলব্ধি করে আমাদের সরকারের যে মন্ত্রী আছেন তাঁকে নির্দেশ দিয়েছেন এই রকমভাবে একটা কমিটি করবার জন্য, আমি তারজন্য তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। তবু আজকে একটা কথা থেকে যাচ্ছে যে সরকারী কর্মচারীরা দিনের পর দিন এই অবহেলিত সম্প্রদায়কে উপেক্ষা করে নিজেদের গোষ্ঠীর জন্য সুখ ভোগ করেছেন তাদের সাবধান হতে বলছি এবং তাদের আমি বিনীতভাবে অনুরোধ করব যে আমাদের মন্ত্রী মণ্ডলী আজকে যে উদ্দেশ্য নিয়ে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছেন তাকে সাহায্য করে যাতে প্রতিকার হতে পারে সেদিকে লক্ষ্য রেখে যেন চলেন। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যিনি এই রিজোলিউশন এনেছেন তাঁকে স্বাগত জানিয়ে এবং অভিনন্দন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত এখানে যে মোশন উপস্থিত করেছেন মাননীয় মন্ত্রী মহাশয়, আমি তাকে সমর্থন জানাচ্ছি। মাননীয় একজন সদস্য জিজ্ঞাসা করেছেন, সেডুল্ড কাষ্ট না সেডুল্ড ট্রাইব, ঠিক সেই কারণেই আমি অভিনন্দন জানাচ্ছি। এই ব্যাপারটা শুধু সেডুল্ড কাষ্ট বা সেডুল্ড ট্রাইবের মনে আনন্দ হওয়ার ব্যাপার নয়, এটা আমাদের সকলের পক্ষেই আনন্দের কথা। সেডুল্ড কাষ্ট এবং সেডুল্ড ট্রাইব বহুকাল ধরে উপেক্ষিত হয়ে আসছে, তাদের প্রতি আমাদের একটা অনুভূতি আছে, সেটা আজকে পূরণ হবে ভেবে আনন্দ পাচ্ছি, কমিটির জন্মলগ্নে যে আনন্দ পাওয়া যাচ্ছে, কমিটির কর্মলগ্নেও যেন সেই আনন্দ পাই, সেই রকম অভয় যেন সরকার দেন, তাহলেই সেডুল্ড কাষ্ট এবং সেডুল্ড ট্রাইবের দাবী দাওয়া পূরণ হতে পারে। এই বলে আমি এই রিজোলিউশন আনার জন্য সকলের তরফ থেকে অভিনন্দন জানাই।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু প্রতীক্ষার পর এবং অনেক অপেক্ষা করার পর মাননীয় ট্রাইবাল মন্ত্রী যে প্রস্তাব আজকে এই হাউসের সামনে রেখেছেন, তাঁরজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমি আশা করেছিলাম সেডুল্ড কাষ্ট এবং সেডুল্ড ট্রাইব যারা চিরদিন উপেক্ষিত অবহেলিত এবং পদদলিত তাদের উত্থানের জন্য, উন্নতির জন্য একটা সক্রিয় ব্যবস্থা থাকবে এবং একটা বে-সরকারী প্রচেষ্টা এবং প্রযত্নের ব্যবস্থা এই হাউসে থাকবে। তার ব্যবস্থা করায় আমি অত্যন্ত আনন্দ অনুভব করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পর্য্যন্ত আদিবাসী এবং হরিজনদের ক্ষেত্রে সমস্ত ব্যবস্থা কাগজে কলমে থাকলেও, কার্য্যক্ষেত্রে দেখা গেছে কাজ কিছুই

হত না। প্রত্যেক জেলায় স্পেশাল ট্রাইবাল ওয়েলফেয়ার অফিস আদিবাসীদের মঙ্গলের জন্য করা হয়েছে। কিন্তু সেই অফিসগুলি দেখলে মনে হয় যেন পশু পর্যন্ত তার চেয়ে ভাল। সেখানে লোক নানাভাবে বঞ্চিত হচ্ছে। সত্যই আজকে হাউসের সামনে যে কমিটির কথা বলা হয়েছে সেইজন্য আমি অভিনন্দন জানাই।

[3-00 – 3-30 p.m. including adjournment.]

**শ্রীঅরবিন্দ নস্কর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, তপশীল দপ্তরের মন্ত্রী শ্রীসন্তোষ রায় মহাশয় আজকে যে কমিটির কথা ঘোষণা করেছেন আমি পশ্চিম বাংলার বিধান সভার সদস্য হিসাবে তাঁকে স্বাগত জানাচ্ছি। কারণ পশ্চিম বাংলার তপশীলীরা অবহেলিত নিষ্পেষিত ও বঞ্চিত। আজ পর্যন্ত কোন পরিকল্পনা নিয়ে কেউ অগ্রসর হন নি। তিনি সমাজের চিন্তাধারাকে এগিয়ে নিয়ে চলেছেন। তিনি বিধানসভার ১২ জন সদস্য নিয়ে কমিটি গঠনের কথা বলেছেন। আমি তাঁকে অভিনন্দন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী শ্রীসন্তোষ রায় মহাশয়-এর এই প্রস্তাবের জন্য আমি তাঁকে অভিনন্দিত করছি।

**শ্রীরবীন্দ্রনাথ মুর্মু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে মোশানের উপর আমাদের মন্ত্রী শ্রীসন্তোষ রায় মহাশয় ট্রাইবাল এণ্ড সিডিউল কাষ্টের যে কমিটির কথা ঘোষণা করেছেন আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজকে সিডিউল-কাষ্ট এর জন্য কোন কমিটি না থাকার দরুন অনুন্নত শ্রেণীর কোন উন্নতি আজ পর্য্যন্ত হয়নি। এই কমিটি না থাকার জন্য কেন্দ্রীয় সরকার এই সমাজের জন্য যে অর্থ ব্যয় করেছেন সেটা আদৌ খরচ হয় না রিফাণ্ড হয়ে গিয়েছে। আজকে ১২ জন-এর যে কমিটি গঠন করা হবে ঐ মেম্বারদের নিয়ে সেই কমিটি সরকার কর্তৃক যে সমস্ত ব্যয় বরাদ্দ গৃহীত হবে সেটা যাতে ঠিকভাবে বন্টন হয় ও উন্নতির জন্য যাতে প্রসারিত হয় সেটা দেখবেন। সেইজন্য আমি মনে করি যে, যে প্রস্তাব এসেছে সেটা অভিনন্দন যোগ্য। এইজন্য বলছি যে আগে এই ধরনের নীতি আসেনি। তাঁকে আমি অভিনন্দন জানাই। অভিনন্দন জানিয়ে বলবো যাতে শীঘ্র আমরা এই বডি ফর্ম করতে পারি।

**শ্রীসন্তোষ কুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ঠিক যে পার্লামেণ্টের পর ভারতবর্ষের বিধান সভাগুলির মধ্যে বোধ হয় এই প্রথম পশ্চিম বাংলার বিধানসভায় এই মোসন আজকে গ্রহণের জন্য উপস্থাপিত করা হয়েছে। মাননীয় সদস্যরা সবাই উপলব্ধি করতে পেরেছেন বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গি। আপনারা জানেন যে এর আগে তপশীলী জাতি ও উপজাতির জন্য যে ব্যবস্থা ছিল, সেই ব্যবস্থাগুলি যথাযথভাবে পালন হয়নি সরকারের দৃষ্টিভঙ্গির জন্য। বর্তমান সরকার নির্বাচনের আগে প্রতিশ্রুতিবদ্ধ যে সমাজের অনুন্নত শ্রেণী ও সংখ্যালঘু শ্রেণীর দিকে সরকার বিশেষ দৃষ্টি দেবেন। তাই আজকে মহান নেত্রী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে পশ্চিমবাংলা সরকার তপশীলী জাতি ও উপজাতির যাতে সামগ্রিক উন্নতি হতে পারে, তার জন্য এই ক্ষমতাশালী কমিটির প্রস্তাব উপস্থিত করেছেন। আপনারা জানেন যে দুটি ক্ষমতাশালী কমিটি আছে পাবলিক এ্যাকাণ্টস কমিটি, এস্টিমেট কমিটি—এই কমিটিরও ঠিক সেই রকম সমান মর্যাদা ও ক্ষমতা থাকবে: এই কমিটি সরকারের যে প্লান, সরকারের যে নীতি এই ব্যাপারে তা ঠিক ঠিক মত পালন হচ্ছে কিনা সেটা দেখবে। সরকারের তরফ থেকে সংবিধানে যে বিধান আছে তপশীলী জাতি ও উপজাতীয়দের জন্য সেটা ঠিক ঠিক মত পালন হচ্ছে কিনা, তা এই কমিটি বিচার বিবেচনা করে দেখে

এই বিধানসভায় তা সুপারিশ করবেন। এটা বিচার করবার অধিকার তুলে দেওয়া হয়েছে বিধানসভার সদস্যদের হাতে। আমি আশা করবো এই বিধানসভা যথাযোগ্য প্রতিনিধি নির্বাচন করে তপশীলী জাতি ও উপজাতিদের উন্নতির জন্য যা যা প্রয়োজন সেইসব কাজের সুপারিশ করবেন এবং সেদিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখবেন।

The motion of Shri Santosh Kumar Roy that—

This House is of opinion :

(1) that an Assembly Committee to be called the 'Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes' be constituted, consisting of not more than 12 members to be elected by the House from amongst its Members according to the principle of proportional representation by means of the single transferable vote;

(2) that the term of office of the members of the Committee be 2 years from the date of first meeting of the Committee;

(3) that the Chairman of the Committee be nominated by the Speaker from amongst the members of the Committee,

(4) that the functions of the Committee be—

(a) to report to the Legislative Assembly on the working of the Welfare programmes for Scheduled Castes and Scheduled Tribes in the State,

(b) to examine the measures taken by the State Government to secure due representation of the Scheduled Castes and Scheduled Tribes in services and posts under its control (including appointments in the public sector undertakings, statutory and semi-government bodies),

(c) to consider the action taken by the State Government on the recommendations contained in the report of the Commissioner for Scheduled Castes and Scheduled Tribes,

(d) to consider the recommendations made by the West Bengal Advisory Board for the Welfare of Scheduled Castes and West Bengal Tribes Advisory Conncil,

(e) to report to the Assembly on the action taken by the State Government on different welfare measures suggested by the Committee, and

(f) to examine such other matters as may be deemed fit by the Committee or are specially referred to it by the House or by the Speaker;

(5) that the Committee do frame its own internal working rules regarding selection of subjects for their examination and report, collection of preliminary materials from various departments, public undertakings or other statutory bodies, appointment of sub-committees or study groups, study tours, examination of witnesses, preparation and submission of reports, and follow-up actions ; and

(6) that the rules of procedure of this House relating to Assembly Committee do apply to this Committee subject to such variations and modifications as the Speaker may from time to time direct.

was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes)

(After adjournment)

[3-30—3-40 p.m.]

**VOTING ON DEMANDS FOR GRANTS.**

**Demand for Grant No. 27**

Major Heads: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries.

**Dr. Zainal Abedin**: Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,17,35,000 be granted for expenditure under Grant No. 27, Major Heads: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে, আমি এই প্রস্তাব উত্থাপন করছি যে মুখ্য খাতে ৩৫-শিল্প—কুটির শিল্প এবং ৯৬-শিল্প ও অর্থনৈতিক উন্নয়নে মূলধনী ব্যয়—কুটির শিল্প বাবদ ২৭নং অনুদানের অধীনে ব্যয়ের জন্য ৩,১৭,৩৫,০০০ টাকা মঞ্জুর করা হোক। এর মধ্যে ১,০৫,৭৮,০০০ টাকা ১৯৭২ এর মার্চ মাসে গননানুদান রূপে ইতিপূর্ব্বে মঞ্জুর করা হয়েছে।

ঐ টাকা থেকে ১,৮০,৮৩,০০০ টাকা কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের অধীনস্থ অধিকারের স্বাভাবিক বাজেটের জন্য প্রয়োজন হবে। ১৯৬৬-৬৭ থেকে ১৯৬৮-৬৯ সালের মধ্যে যে প্রকল্পগুলি হাতে নেওয়া হয়েছিল সেগুলো চালু রাখতে প্রয়োজন হবে ৯,২৬,০০০ টাকা, চতুর্থ যোজনার প্রকল্পগুলির দরুন লাগবে ৪৫,৭১,০০০ টাকা, কেন্দ্রপোষিত প্রকল্পগুলির দরুণ ধরা হয়েছে ৭,১৬,০০০ টাকা, এবং রাজ্য যোজনার বহির্ভূত প্রকল্পগুলির জন্য লাগবে ১৭,০০,০০০ টাকা। তাছাড়া চতুর্থ পঞ্চবার্ষিক যোজনার অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পগুলির জন্য মূলধনী ব্যয় বাবত আরও ৫৪,১৫,০০০ টাকা লাগবে, কর্ম্মচারীদের দুর্মূল্য ভাতা বাবদ আরও ৩,২৪,০০০ টাকা ব্যয় ধরা হলে মোট টাকার পরিমাণ দাঁড়াবে ৩,১৭,৩৫,০০০ টাকা।

কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের অধীনে নিম্নোক্ত প্রধান প্রধান ক্ষেত্রে বিভিন্ন প্রকল্প চালু আছে, যথা:—

(ক) হস্ত চালিত ও বিদ্যুৎ চালিত তাঁত, (খ) শিল্প সমবায় সমিতি সমেত ক্ষুদ্রশিল্প, (গ) শিল্প নগরী, (ঘ) হস্ত শিল্প, (ঙ) রেশমগুটির চাষ, (চ) নারকেলের ছোবড়া, (ছ) খাদি ও গ্রামীণ শিল্প, ও (জ) লাক্ষা।

এই রাজ্যে শিল্পের উন্নয়ন ও বিকাশের জন্য ১৬ দফা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। সেই ভিত্তিতে, রাজ্য সরকার এক বছরের মধ্যে এই রাজ্যে ২০০০ ক্ষুদ্র শিল্প স্থাপনের একটি কর্মসূচী চালু করেছেন। ১৯৭২-এর মে মাস পর্যন্ত স্থাপিত মোট ইউনিটের সংখ্যা ১৩৪৬টি এবং এতে ৮৭৯০ জন ব্যক্তির কর্ম্মসংস্থানের ব্যবস্থা হয়েছে।

## হস্ত চালিত ও বিদ্যুৎ চালিত তাঁত

বিপুল সংখ্যক তন্তুবায় এবং তাঁত শিল্পের সংগে জড়িত অন্যান্য ব্যক্তিদের কর্মসংস্থানের ব্যাপারে হস্তচালিত তাঁত বিশেষ গুরুত্বপূর্ণ স্থান গ্রহণ করেছে। এই রাজ্যে তাঁত শিল্পের উন্নয়নের জন্য বিবিধ প্রকল্প গ্রহণ করা হয়েছে—যেমন তাঁত বস্ত্র বিক্রয়ের উপর আর্থিক সহায়তা দান (রিবেট), উন্নত যন্ত্রপাতি সরবরাহ, কার্য্যকরী মূলধনের উপর ধার্য সুদের উপর আর্থিক সহায়তা প্রদান, তন্তুবায়দের (কার্পাস, সিল্ক ও পশম) লোন হিসাবে কার্যকরী মূলধন সরবরাহ করা প্রভৃতি। বর্তমান বৎসরের বাজেটে হস্তচালিত তাঁত শিল্পের জন্য ১৭·০৪ লক্ষ টাকার ব্যবস্থা করা হয়েছে। তন্তুবায়দের ন্যায়সংগত দামে নিয়মিতভাবে সুতা সরবরাহ করা সুনিশ্চিত করার উদ্দেশ্যে সরকার একটি টেক্সটাইল করপোরেশন স্থাপনের কথা চিন্তা করছেন যার অন্যতম উদ্দেশ্য হবে সুতা ক্রয় করা এবং তন্তুবায়দের মধ্যে তা বণ্টন করা এবং তাঁদের উৎপাদিত দ্রব্য বিপণনের ব্যবস্থা করা।

চতুর্থ পঞ্চবার্ষিক যোজনার কালে এই রাজ্যের জন্য যে ৬০০০ বিদ্যুৎচালিত তাঁত বরাদ্দ আছে তার মধ্যে এ পর্যান্ত ১৮১৩টি তাঁত বিভিন্ন সমবায় সমিতি ও ব্যক্তিবিশেষকে দেওয়া হয়েছে। বর্তমান বছরে আরও ৫০০ বিদ্যুৎচালিত তাঁত সমবায় সমিতিগুলিকে দেওয়া হবে এবং এই বৎসরে সাধারণের মধ্যে ১৫০০ তাঁত বণ্টন করা লক্ষ্যসীমা বলে স্থির করা হয়েছে। রাজ্য সরকারের সহায়তায় উৎপাদনের প্রাথমিক ও শেষ পর্যায়গুলি সম্পূর্ণ করার জন্য সুখচরে একটি কারখানা স্থাপন করা হয়েছে। তার নিয়ন্ত্রণভার ইতিমধ্যেই এ্যাপেক্স পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের হাতে দেওয়া হয়েছে। আশা করা যায় যে, কারখানাটি শীঘ্রই চালু হবে। বর্তমান বছরের বাজেটে বিদ্যুৎচালিত তাঁতের জন্য ২৮·০১ লক্ষ টাকা রাখা হয়েছে। সরকার বিদ্যুৎ-চালিত তাঁত বস্ত্রের উৎপাদন ইউনিটসমূহ উন্নয়নের কথাও চিন্তা করছেন।

## ক্ষুদ্রশিল্প

যেহেতু ক্ষুদ্রশিল্প উন্নয়নের মাধ্যমে তীব্র বেকার সমস্যা বহুলাংশে সমাধান সম্ভব, সেইহেতু এই ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। শিল্পসমূহের প্রতি রাজ্য সরকারের সাহায্য আইন মতে ক্ষুদ্র শিল্পগুলিকে ১৯৭১-৭২ সালে ২৩ লক্ষ টাকা লোন দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ ক্ষুদ্রায়তন শিল্প করপোরেশন লিমিটেড নিম্নোক্ত উদ্দেশ্যে গঠন করা হয়েছে:—(ক) ব্যাপকভাবে কাঁচামাল সরবরাহের ব্যাংক হিসাবে কাজ করা, (খ) বড় বড় প্রতিষ্ঠানগুলি থেকে কনট্রাক্ট নেওয়া এবং ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলিকে বণ্টন করার উদ্দেশ্যে ক্লিয়ারিং হাউস হিসেবে কাজ করা, (গ) ক্ষুদ্রশিল্প উৎপন্ন দ্রব্য রপ্তানির উন্নতি সাধন করা, (ঘ) বৃহদায়তন প্রতিষ্ঠানগুলির সংগে পরামর্শক্রমে সহায়ক ঠিকা এজেন্সি হিসাবে কাজ করা। করপোরেশন ইতিমধ্যেই এই পথে কাজ শুরু করেছেন।

শিক্ষিত বেকারদের উপকারার্থে ভারত সরকার বিগত বছরে নিম্নোক্ত পাঁচটি কর্ম্ম-প্রকল্প রূপায়ণের জন্য ৩৯ লক্ষ টাকা বরাদ্দ করেছেন:—

(১) শিল্প নগরী,
(২) বাণিজ্য সংস্থা,
(৩) টেকনিসিয়ানদের সমবায় সমিতি;
(৪) ইকুইটি শেয়ার গ্রহণ এবং সিড্ মানিং এবং
(৫) ভাড়া-খরিদ পদ্ধতিতে দেশীয় যন্ত্রপাতি ক্রয় করা।

শেষোক্ত দুইটি কর্ম্মপ্রকল্প রূপায়ণের জন্য ক্ষুদ্রায়তন শিল্প করপোরেশনের উপর দায়িত্ব অর্পণ করা হয়েছে। এই সমস্ত অতিরিক্ত দায়িত্ব গ্রহণের জন্য উক্ত সংস্থার প্রশাসনিক বিন্যাস এবং

আর্থিক ভিত্তি সুদৃঢ় করা হচ্ছে। শিক্ষিত বেকারদের জন্য বর্ম-প্রকল্পের অধীনে কিছু বৃহৎ প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে বর্তমান আর্থিক বৎসরে আমরা ছয় কোটির বেশী টাকার দাবী রেখেছি।

রাজ্যের অনুন্নত জেলাগুলির শিল্পোন্নতির জন্য সম্ভাব্য উদ্যোক্তাদের বহুবিধ উৎসাহ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। এরূপ উৎসাহদানের মধ্যে রয়েছে—বিদ্যুৎ ব্যবহার সম্পর্কে আর্থিক সহায়তা প্রদান, বাণিজ্য ব্যাংক থেকে লোন স্বরূপ কার্যকরী মূলধনের উপর দেয় সুদ সম্পর্কে আর্থিক সহায়তা প্রদান এবং কাঁচামাল ও মূলধনী যন্ত্রপাতি প্রভৃতির উপর আরোপণযোগ্য বিক্রয়কর ও প্রবেশকর ফেরৎ দেওয়া প্রভৃতি।

১৯৭১-৭২ সাল পর্য্যন্ত এই রাজ্যে নিবন্ধভুক্ত ক্ষুদ্রায়তন ইউনিটের সংখ্যা ছিল প্রায় ২১,০০০ এবং ১৬ দফা কার্য্য প্রকল্পের অধীনে ১৯৭১ সালের অক্টোবর থেকে ১৯৭২-এর সেপ্টেম্বর পর্য্যন্ত সময়ের মধ্যে এই বিভাগ আরো ২,০০০ ইউনিট এই রাজ্যে স্থাপনের প্রস্তাব গ্রহণ করেছেন। এই সমস্ত সংস্থাগুলিকে টিঁকিয়ে রাখার জন্য যাতে কাঁচামাল সরবরাহ ও ব্যাংক থেকে নিয়মিতভাবে টাকা যোগানের ব্যবস্থা অব্যাহত থাকে—যে বিষয়টি রাজ্য সরকারের কাছে বিশেষ চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। এই সমস্ত নতুন ইউনিটের জন্য বিশেষ এবং বাড়তি কাঁচামালের কোটা বরাদ্দ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। এবং ব্যাংক ও আর্থিক সংস্থাগুলি যাতে ছোট ছোট সংস্থাগুলিকে সহজ শর্তে ও কড়ারে ঋণ প্রদান করেন সেইজন্য তাঁদের অনুরোধ জানানো হয়েছে।

এই বিভাগের প্রত্যক্ষ নিয়ন্ত্রণাধীন অধিকাংশ বাণিজ্য ও আধা-বাণিজ্য সংস্থাগুলি বছরের পর বছর লোকসানের বোঝা বহন করে চলেছে। এই সংস্থাগুলিকে নতুন করে সংগঠিত করে তাদের দৃঢ় ভিত্তির উপর স্থাপন করার চেষ্টা হচ্ছে। এই সমস্ত ক্ষুদ্রায়তন শিল্প সংস্থাগুলির উন্নয়ন ও প্রসারের জন্য বর্তমানে জেলা ভিত্তিক যে প্রশাসন রয়েছে তাকে জোরদার করা হচ্ছে এবং রাজ্যের কুটির ও ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির প্রসার ও উন্নয়নকে ফলপ্রসূ করার জন্য শিল্প-অধিকারের নিয়ন্ত্রণ ব্যবস্থা আরও সুষ্ঠু করে তোলা হচ্ছে।

[3-40—3-50 p.m.]

## শিল্প নগরী

দুর্গাপুর অঞ্চল উন্নয়ন প্রকল্পের অধীনে দুর্গাপুর উন্নয়ন প্রাধিকারীর সহায়তায় মূলভিত্তিক সমস্ত সুযোগ সুবিধা যেমন বিদ্যুৎ শক্তি, জল, পয়ঃপ্রণালীর ব্যবস্থাসহ ৬৯টি প্লট একটি সংঘবদ্ধ অঞ্চলের মধ্যেই উন্নয়ন করা হয়েছে এবং ভূমিখণ্ড বন্টন করা হচ্ছে। শিলিগুড়িতে একটি উন্নত এলাকা সৃষ্টির জন্য আরও একটি প্রকল্প রয়েছে যার জন্যে গত বৎসর নির্মাণ পর্ষদকে এর মধ্যেই এক লক্ষ টাকা দেওয়া হয়েছে। এই বৎসর শিলিগুড়িতে এলাকা উন্নয়ন বাবদ আরও ৬.৫ লক্ষ টাকা খরচ করা হবে। হলদিয়া, খড়গপুর, পুরুলিয়া এবং কোলাঘাটে কয়েকটি উন্নত এলাকা সৃষ্টির জন্য প্রস্তাব বিবেচনাধীন রয়েছে। যেক্ষেত্রে শিল্পনগরীর সংখ্যা মধ্য প্রদেশে ৮৮টি, মহারাষ্ট্রে ৭০টি এবং অন্ধ্রেতে ৪০টি, সেক্ষেত্রে আমাদের এ রাজ্যে শিল্পনগরীর সংখ্যা মাত্র ৮টি। এরূপ প্রস্তাব করা হয়েছে যে রাজ্যের প্রত্যেক জেলায় অন্ততঃ একটি শিল্প বা বাণিজ্য নগরী গড়ে তোলা হবে—যদি কেন্দ্রপোষিত প্রকল্পের অধীনে যোজনা বাজেট-বহির্ভূত খাতে সরকার থেকে যথেষ্ট অর্থ পাওয়া যায়। শিক্ষিত বেকারদের কর্ম সংস্থানের ব্যাপারে শিল্প এবং বাণিজ্য নগরী সৃষ্টি প্রভূত সাহায্য করবে।

## হস্তশিল্প

পশ্চিম বাংলার ঐতিহ্য-মণ্ডিত হস্তশিল্প, যেমন হাতির দাঁতের জিনিষ, পিতল ও কাঁসা শিল্প এবং কৃষ্ণনগরের খেলনা ও পুতুল ভারতে এবং বিদেশে বিশেষ স্বীকৃতি লাভ করেছে। কিন্তু এই সমস্ত হস্তশিল্পের আরও উন্নতির জন্য, বিশেষতঃ তাদের রপ্তানিগত সম্ভাবনার কথা মনে রেখে, কয়েকটি প্রকল্প—যথা হস্তশিল্প সমবায় সংস্থা সংগঠন, অর্থ সাহায্যের দ্বারা সুবিধাজনক দরে উন্নত যন্ত্রপাতি ও সাজ সরঞ্জাম সরবরাহ, নক্সা ইত্যাদির উন্নতির জন্যে মিশ্র প্রকল্প-সমূহ চালু করা হয়েছে। উক্ত উদ্দেশ্য সাধনকল্পে বর্তমান বৎসরের বাজেটে ৪·৫০ লক্ষ টাকা রাখা হয়েছে।

## রেশম গুটির চাষ

রেশম গুটির চাষ হল একটি কৃষিভিত্তিক শিল্প যার মধ্যে রয়েছে কর্ম সংস্থানের বিপুল সম্ভাবনা। রেশমগুটি চাষ প্রকল্পের দ্বারা গুটিপোকা পালনকারীদের কাছে রোগমুক্ত রেশমপোকার ডিম সরবরাহ, বিভিন্ন স্থানে সরকারী গুটিপোকার ডিমের ভাণ্ডার স্থাপন, ব্যক্তিগত মালিকানাধীন ঐরূপ ভাণ্ডার স্থাপনের জন্য সাহায্য এবং সম্প্রসারণমূলক কাজ, গুটিপোকা পালনের জন্য চৌকি পদ্ধতি প্রবর্তন, পালনকারীদের মাছিধরা জাল কেনার জন্য অর্থ মঞ্জুর সম্ভবপর হবে। এটা বলা যেতে পারে যে, মধুঘাটে সরকারী রেশম নিষ্কাশন কেন্দ্রে—যেখানে বর্তমানে ৫০টি বেসিনে কাজ চলছে সেখানে উন্নতমানের গুটিপোকার সাহায্যে মানানুযায়ী কাঁচা রেশম উৎপাদনের চেষ্টা চলছে। সরকারের তরফ থেকে রেশমের মান উন্নয়নের জন্য, দার্জিলিংযে বাইভলটাইন বীজের জন্য সম্প্রসারণ-মূলক কাজ জোরদার করা হয়েছে।

কাঁচা রেশমের দাম প্রায়শঃ ওঠানামা করার দরুণ এই রাজ্যে রেশম শিল্পের প্রসার বিঘ্নিত হয়েছে। রেশম গুটিপোকা পালনকারী এবং পাকদাররা তাঁদের ন্যায্য প্রাপ্য পাচ্ছেন না—যেক্ষেত্রে ফড়েরা এইসব গরীব কারিগরদের বঞ্চিত করে সমৃদ্ধিশালী হচ্ছেন। রাজ্য সরকারের অনুরোধে, ভারত সরকারের কেন্দ্রীয় রেশম পর্ষদ কাঁচা রেশমের মূল্যের স্থিতি স্থাপনের উদ্দেশ্যে একটি প্রকল্প নিয়ে কাজ করছেন। এই প্রকল্প যখন বাস্তবে রূপ পাবে, তখন এই রাজ্যে রেশম শিল্প প্রসারের পথ থেকে একটা বিরাট বাধা অপসারিত হবে। রেশম গুটির চাষ কর্মপ্রকল্পের জন্য বর্তমান বৎসরে বাজেটে ১০·৬৯ লক্ষ টাকা রাখা হয়েছে।

## নারকেল ছোবড়া

এই রাজ্যে নারকেল ছোবড়া শিল্প উন্নয়ন কর্মসূচীর মধ্যে তৎসংক্রান্ত প্রশিক্ষন ও কাজের ব্যবস্থাও ধরা হয়েছে। ব্যবসায়িক উপযোগীতা আছে এরকম ছোবড়াজাত সৌখীন দ্রব্যাদি শিক্ষার্থী এবং অন্যান্য সমবায় সমিতিগুলি ছাড়ানো আঁশের সাহায্যে প্রস্তুত করবেন। ঐ আঁশ উলুবেড়িয়াস্থ যন্ত্রচালিত আঁশ-ছাড়ানো কারখানা থেকে সরবরাহ করা হবে।

## খাদি ও গ্রামীণ শিল্প

পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ নামে বিধিবদ্ধ একটি পর্ষদ খাদি ও গ্রামীণ শিল্প দেখা-শোনা করে থাকেন। পর্ষদের কাজকর্মকে আরও সক্রিয় করা এবং প্রায় সব অনুন্নত জেলাগুলিতে খাদি শিল্পের বহু শাখা সমন্বিত প্রতিষ্ঠান গড়ে তোলার উদ্দেশ্যে অতি সম্প্রতি ঐ পর্ষদ পুনর্গঠিত হয়েছে। বিগত বৎসরগুলিতে পর্ষদ যে আগাম দাদন দিয়েছে সেই বকেয়া ঋণ আদায় করার জন্য সরকার অভিযান চালাবার কথা ভাবছেন।

## লাক্ষা

বীজ লাক্ষা চাষক্ষেত্র তথা চাষ পদ্ধতি শিক্ষণ কেন্দ্র স্থাপন এবং আদিবাসী ও দরিদ্র চাষীদের মধ্যে বিনামূল্যে বীজ লাক্ষা বিতরণের জন্য এবং লাক্ষা চাষীদের সমবায় সমিতিগুলিকে সাহায্যের উদ্দেশ্যে কাজের জন্য কয়েকটি প্রকল্পের কেন্দ্র স্থাপন ইত্যাদি কাজ চলেছে। এগুলির মুখ্য উদ্দেশ্য হল এই কৃষিভিত্তিক শিল্পের উন্নয়ন।

## গ্রামীণ শিল্প প্রকল্প

দার্জিলিং, দুর্গাপুর, তমলুক এবং বারাসতে বর্তমানে যে গ্রামীণ শিল্প প্রকল্পসমূহ চালু আছে তাদের এলাকা এমনভাবে সম্প্রসারিত করা হচ্ছে যাতে সমগ্র দার্জিলিং, বাঁকুড়া, মেদিনীপুর এবং ২৪-পরগণা জেলা ঐ প্রকল্পের আওতায় আসে। পঞ্চবার্ষিক যোজনা কালে গ্রামীণ শিল্প-প্রকল্প সম্প্রসারণের জন্য মালদহ, মুর্শিদাবাদ, পশ্চিম দিনাজপুর এবং পুরুলিয়া—এই চারিটি জেলাকে নির্বাচিত করা হয়েছে। ১৯৭২-৭৩ সালের জন্য সিভিল বাজেট প্রাক্কলন প্রথম খণ্ডে ৫০৫ থেকে ৫১২ পৃষ্ঠায় এবং ১৯৭২ সালের সিভিল বাজেট প্রাক্কলন, দ্বিতীয় খণ্ডের ২৪৯ থেকে ২৮৬ এবং ৩৬১ পৃষ্ঠাসমূহে প্রকল্পসমূহ বাবদ বরাদ্দের বিশদ বিবরণ পাওয়া যাবে।

পরিশেষে, কুটির ও ক্ষুদ্র শিল্প সম্পর্কে সরকারের যে নীতি রয়েছে তা যাতে সাফল্যমণ্ডিত হয়ে ওঠে সেজন্য সরকারের সঙ্গে সহযোগিতা করার জন্য আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি। এই কয়েকটি কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থাপিত করেছি তা মঞ্জুরী করার জন্য মাননীয় সদস্যদের কাছে আবেদন করছি। আমি আশা রাখি এই ব্যয়বরাদ্দের দাবী গৃহীত হবে।

**Mr Speaker:** I have received three notices of cut motions from three honourable Members, but I am given to understand by them that they are not going to move any of the cut motions. Now, I call upon Shri Bimal Das to speak.

**শ্রীবিমল দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভাগীয় মন্ত্রী কর্তৃক ক্ষুদ্র এবং কুটির শিল্প দাবী সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা না বলে পারছিনা। আজকে কুটিরশিল্প বলতে আমরা কি বুঝি? অনেক গাল-ভরা নাম। কিন্তু আজকে কুটির শিল্পের জীবনে শিল্পের সম্মান সৌন্দর্য্য নেই। আমরা দেখছি কিছু লোক শুধু ধুকে ধুকে মরছে, মহাজনের অনুকম্পায় তারা দাঁড়িয়ে আছে এবং সেই অনুকম্পা কবে ফুরিয়ে যাবে সেই আতঙ্কের ছায়া তাদের চোখে নেমে আসছে। ক্ষুদ্র শিল্পীদের তাই আজ দেখছি তারা আজকে মৃত্যুর মুখে দাঁড়িয়ে আছে। আর সরকারী সাহায্য প্রাপ্ত, সরকারী উদ্যোগে গঠিত, সরকারী পরিচালনায় যে সমস্ত ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানগুলো আছে, সেইগুলোতে দিনের পর দিন সরকারের subsidy অনুদান বা ভর্তুকির অঙ্কের সংখ্যা ক্রমে স্ফিত হচ্ছে কিন্তু তবুও জন্মলগ্ন থেকে সমস্ত শিল্প প্রতিষ্ঠানের যে তিমিরে ছিল সেই তিমিরেই আছে, এরা যে কোনদিন সঙ্কট মোচন করে নিজেরা দাঁড়াতে পারবে, এই আস্থা আজকের দিনে সবচেয়ে বড় আশাবাদীরাও করতে পারে না। স্বাধীনতা সংগ্রামে যেদিন শুধু এই সেদিন আমাদের মনে আছে যে গান্ধীজী এই কথা বলেছিলেন, আমাদের দেশে এই বিরাট জনসংখ্যা, আমাদের দেশের এই দারিদ্রতা ছাড়াও আমাদের দেশের কত অলস ঘণ্টা অতিবাহিত হয়, তাকে যাতে কাজে লাগানো যায় সেজন্য তিনি চরকার উপর চাপ দিয়েছিলেন এবং এর ফলে এমন একটি ধারণা কারো কারো মনে উঠেছিল যে আমাদের দেশে বোধহয় ভারী শিল্প গড়ে উঠবে না, আমাদের দেশে কুটিরশিল্প চলবে। এবং ধন

বৈষম্য বোধহয় দেখা দেবে না, এবং অপর পক্ষে একটা প্রতিক্রিয়া দেখা দিয়েছিল যে আজকের যুগে যন্ত্র শিল্প গড়ে উঠবে। আমি এই কথা বলছি যে বাজেটে কিন্তু কুটিরশিল্পের বিশেষ কোন গুরুত্ব নেই, আমাদের মত জনবহুল দেশে। কোন তর্কের মধ্যে না গিয়ে স্বাধীনতা সংগ্রামের আমলে আমরা এই কথা ভেবেছিলাম যখন প্রথম দিকে আমাদের দেশের বিশেষ অবস্থার কথা ভেবে কুটির শিল্পকে এতখানি গুরুত্ব দেওয়া হয়েছে এবং ধন বৈষম্যের কথা যখন প্রথম থেকে নজর রাখা হয়েছে তখন নিঃসন্দেহে আমাদের দেশে অন্ততঃ সেই রকম ভাবে একচেটিয়া পুঁজির জন্মলাভ ঘটবে না, সেই রকম ভাবে বেকারীর বৃদ্ধি হবে না, এই রকম ভাবে ধন বৈষম্য বৃদ্ধি হবে না এই কথা আমরা আশা করেছিলাম। কিন্তু আজকে ২৫ বছর পর আমরা কি দেখলাম, দেখলাম যুগের প্রয়োজনে ভারী যন্ত্র শিল্প গড়ে উঠেছে, নিশ্চয়ই তাকে আমাদের স্বাগত জানাতে হবে। কিন্তু ধন বৈষম্যের কথা এবং আর একদিকে কুটির শিল্পীদের কথা দুটোই চিন্তা করা উচিত ছিল। কুটিরশিল্প আজকে মৃত্যুর মুখোমুখি এসে দাঁড়িয়েছে। আর ধন বৈষম্যের কথা, বৃহৎ পুঁজি শুধু একচেটিয়া পুঁজিতে রূপান্তিত হয়নি, একচেটিয়া পুঁজি আজকে এমন অবিশ্বাস্য রকমের মুনাফা করছে যে আগামী দিনের ইতিহাস যখন কেউ আজকের শিল্পপতিদের মুনাফা লাভের কথা পড়বে তখন সেই বইটা সে পড়া বন্ধ করে দিয়ে, বইটার মলাটের দিকে তাকিয়ে দেখবে ঐতিহাসিকের নাম কি ? এবং মনে মনে জানবার চেষ্টা করবে ঐ ঐতিহাসিকের কি ছিল পরিচয়, তিনি সন্ধ্যাবেলায় পানদোষে দুষ্ট ছিলেন কিনা। অর্থাৎ ২৫ বছর ধরে আমরা আনন্দে কুকর্ম করে গেলাম, যে নিরপরাধ ঐতিহাসিকরা পানদোষ দুষ্ট ছিলেন এই অপরাধের বোঝা তাদের হয়তো বহন করতে হবে। এই অবিশ্বাস্য রকম মুনাফা লুটবার সুযোগ আমরা দিয়েছি শিল্পপতিদের। অন্যদিকে একটি পরিসংখ্যান আমি আপনাদের সামনে তুলে ধরার চেষ্টা করছি। তা থেকে বোঝা যাবে যে আমাদের দেশের কুটিরশিল্পীদের অবস্থা কি ছিল ? যদি শিল্পকে চারভাগে ভাগ করা যায় তাহলে আজকে জাতীয় আয়ে কুটির শিল্পীদের যে অবদান, অর্থাৎ যে মূল্য তিনি যোগ করেন, তার পরিমাণ ৪৪ টাকা। অসংগঠিত ক্ষুদ্র শিল্পের একজন কুটিরশিল্পী যা যোগ করেন, তা ১১.৫০ টাকা এবং সংগঠিত কুটিরশিল্পী একজন শিল্পে যোগ করে ১৯.৫০ টাকা, তবুও সংগঠিত কুটিরশিল্পের মধ্যে অনেকটা সরকারী অনুদানে পুষ্ট, এই কথা আমি আগেই বলেছি। আজকে এই থেকে বোঝা যায় যে কুটিরশিল্প যে অসংগঠিত, ক্ষুদ্র শিল্পে যে সমস্ত মানুষ আজকে কাজে লিপ্ত রয়েছে, তাদের কিরকম দুরবস্থা। কিন্তু তারা আজকে এই কথা সর্বত্র বলছে, হাটে, ঘাটে, বাজারে, যে আমাদের দেশে এই যে ক্রমবর্ধমান জনসংখ্যা, এই যে আমাদের দেশে ক্রমবর্ধমান বেকারী, এই যে আমাদের দেশে মানুষ চাকরীর জন্য পাগল হয়ে যাচ্ছে, যদি আজকে আমরা Employment Oriented পরিকল্পনা গ্রহণ করতে না পারি তাহলে আমাদের সমূহ বিপদ। এই প্রসঙ্গে আর একটা কথা বলে নিই যে, নিঃসন্দেহে Employment Oriented পরিকল্পনা গ্রহণ করতে হলে আজকে কুটিরশিল্প, ক্ষুদ্র শিল্পগুলি আমাদের গ্রহণ করতে হবে, তবুও এই সঙ্গে আমি এই কথা বিশ্বাস করি যে একটা জনবসতীপূর্ণ দেশের সমাজতন্ত্রের সঙ্গে কিংবা একটা অল্প সঙ্গতিপূর্ণ সমাজতান্ত্রিক দেশের সঙ্গে একটা পার্থক্য আছে। যদি কোন জনবসতীপূর্ণ দেশে সমাজতন্ত্র আসে, দেখবো সেদিন কুটিরশিল্পের অবদান, কুটিরশিল্পের গুরুত্ব কোনদিনই কমবে না। যন্ত্র শিল্পের যত উন্নতিই হোক না কেন, তথাপি এই কথা বলতে চাই আমাদের দেশে আজকে সমাজতন্ত্র প্রতিষ্ঠা অনেক দূরে। কিন্তু আমাদের দেশে একটা বেকার শ্রেণী তৈরী হয়েছে, আমাদের দেশের মানুষ কর্মের জন্য এমন পাগল হয়ে গেছে, যে আজকে এই বেকারদের দিকে তাকিয়ে যদি কুটিরশিল্পকে, ক্ষুদ্র শিল্পকে সংগঠিত করতে না পারি তাহলে আগামীকাল এই বেকার বাহিনী ফ্যাসীবাদের মজুর বাহিনীতে পরিণত হবে। এই ইতিহাসের শিক্ষা কি জার্মানী আমাদের দেয়নি ? মুসোলিনি দেয়নি ? আপনারা জানেন বেকার যুবক সবসময় ফ্যাসিবাদের মজুর বাহিনীতে

পরিণত হয়। এই কিছুদিন আগে আমরা হতাশাগ্রস্থ যুবকদের নিয়ে CPM এর রাজনীতি দেখেছি। আমরা দেখেছি নকশালবাড়ীর আন্দোলন, কিন্তু সেটা most oriented fasicism নয়, তারই কি রূপান্তর নয় সেটা ?

[3-50—4-00 p.m.]

আপনাকে আমি স্মরণ করিয়ে দিচ্ছি এবং আমি এই কথা অত্যন্ত পরিষ্কারভাবে বলতে চাই যে, আজকে আমরা যখন কুটির শিল্পের কথা বলছি, ক্ষুদ্র শিল্পের কথা বলছি, তখন এই কথাটা ভাবতে হবে যে কি করে এইটার উন্নতি করা যায়। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে কয়েকটি দেশে ক্যাপিট্যালিসিম কে ডেভেলপ করবার জন্য সরকার অর্থ সাহায্য করে থাকে। আমাদের দেশের সরকার কিম্বা পৃথিবীর যে-কোন সরকার তাদের সব রকম সাহায্য করে থাকে, ওয়াগান ধার দেয় তবেই তো সেখানে ক্যাপিট্যালিসিম ডেভেলপ করতে পেরেছে। আমি তাই বলতে চাই যে এই কুটির শিল্পকে, ক্ষুদ্র শিল্প বন্ধ হয়ে যাবে যদি না এইটা ডেভেলপ করতে পারে এবং যদি এর উন্নতি না হয় তাহলে আমাদের ভবিষ্যৎ নাই। এতো আজকে বেকার সমস্যা বেড়ে গিয়েছে, কিন্তু পরিকল্পনা না করে কিছু কুটির শিল্প বাডিয়ে দিলাম সামগ্রিক ভাবে পরিকল্পনা না করে এবং এইটাকে ডেভেলপ করবার জন্য টাকা খরচ না করেই বাড়ালে আমাদের মূল সমস্যার সমাধান হবে না। এই প্রসঙ্গে আমার একটা ঘটনার কথা মনে পড়ছে। আমরা ষ্টিমারে ঘাটে ফিরছি, ঘাটে ভেড়াবার আগে ইঞ্জিন বন্ধ করে দেওয়া হয়েছে, এমন সময় সেখানে একটা বাচ্চা ছেলে ষ্টিমার থেকে জলে পড়ে গেল, আর সেখানে প্যাসেঞ্জাররা সবাই যুবক, বৃদ্ধ সকলেই রেলিংয়ের কাছে এসে দাঁড়িয়ে চিৎকার করছে যে, কেউ কি ছেলেটাকে উদ্ধার করবে না। এমন সময় দেখা গেল যে একটি চোঙ্গা প্যান্ট পরা ছেলে ঐ বাচ্চা ছেলেটাকে ধরে তুলে নিয়ে এলো। তখন তাকে সকলে প্রশংসা করল, তাকে বলল যে সে একটা মহৎ কাজ করল, তাকে তারা চোঙ্গা প্যান্ট পরা দেখে ভুল বুঝেছিল। তখন সে বলল যে মহৎ কাজতো করলাম, কিন্তু কোন বেটা আমাকে জলে ফেলে দিয়েছিল ? সেই রকম আমি বলতে চাই যে আমাদের এই কুটির শিল্পকে ফেলে দিলে তবে কিছু হতে পারে। আমরা কুটির শিল্প বলতে কি বুঝি—না প্রধানতঃ বুঝি যে পাওয়ার জোগাড় করে বা না করে কোন একটা পরিবারের লোক তাদের বাড়ির মধ্যে শিল্পটাকে গড়ে তোলে, এইটাই আমরা কুটির শিল্প বলতে বুঝি। আর বাড়ীর বাইরে যে ছোট শিল্প গড়ে ওঠে যেখানে বাড়ীর লোক এবং কিছু বাইরের লোকও কাজ করে তাকে আমরা ক্ষুদ্র শিল্প বলে বুঝি। আমি বলতে চাই যে আমাদের দেশের একচেটিয়া পুঁজিকে খর্ব যদি না করা যায় তাহলে এই কুটির শিল্প বাঁচতে পারে না। যদি একচেটিয়া পর পর লাইসেন্স দেওয়া হয় তাহলে কুটির শিল্প বাঁচতে পারে না। এই প্রসঙ্গে আমি আরও বলতে চাই যে ১৪ই এপ্রিল মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শ্রী পি, সি, সেঠী বিধান সভায় ভাষণ দেন যে, তিনি ভূমিসংস্কার করতে গিয়ে দেখলেন যে কয়েক হাজার আম বাগান মরে গিয়েছে, আর বিড়লার সেখানে একটা কাগজের কল আছে সেই কাগজের কলের নাম 'ওরিয়েন্টাল পেপার মিল'। সেই কাগজ উৎপাদনে যে বাঁশ লাগে সেই বাঁশ সেখানে উৎপাদন করে এবং তার খরচ পড়ে মন প্রতি ৬ টাকা যখন বাজার দর ২০০ থেকে ৩০০ টাকা টন। ৪র্থ পঞ্চ-বার্ষিকি পরিকল্পনায় আমাদের লক্ষ্য ছিল যে আমরা ৮৫ লক্ষ টন কাগজ উৎপাদন করব এবং আমাদের দেশ পাবে ৭·৬৮ লক্ষ টাকা। আজকে সে যদি ৬ টাকা দরে বাঁশ পায় তাহলে অন্য শিল্পপতিরা ২০০/৩০০ টাকা দরে বাঁশ কিনে তার সঙ্গে কম্পিটিশনে নামবেনা। কাজেই আমি এই কথা বলতে চাই শিল্পপতিরা যদি এইরকম ভাবে লুণ্ঠন করে যায় তাহলে আমাদের দেশের কুটির শিল্প কিম্বা ক্ষুদ্র শিল্পের কোন ভবিষ্যৎ নাই।

আমি একথা কেন বলছি? কিছুদিন আগে সাবান আমাদের দেশে কুটির শিল্প হিসাবে ব্যবহৃত হোত। কিন্তু আজ টাটা কোম্পানীর বিড়লারা সাবান উৎপাদন করার পর থেকে আমাদের দেশে সাবানের ভবিষ্যৎ চলে গেছে। তাই একথা পরিষ্কারভাবে বলতে চাই যে—Kanre Committee Report-ও তাই ছিল যে—বৃহৎ শিল্পপতিদের উৎপাদনের সীমা বেঁধে দিতে হবে। একটা সীমা বাঁধা আছে, কিন্তু তাকে ফাঁকি দিয়ে উৎপাদন হচ্ছে যাতে কুটির শিল্পীরা প্রতিযোগীতা করতে না পারে। এই প্রসঙ্গে বলতে চাই যে যারা গরীব মানুষের চোখের জল দিয়ে টাকার পাহাড় বানাচ্ছে, তাদের বিনিময়ে সোনার সিন্ধুক ভরেছে তাদের আমরা ২৫ বৎসর ধরে অনেক concession দিয়েছি। আমি বলতে চাই কুটির শিল্পের একটা প্রতীক চরকা যা নিয়ে আমাদের দেশের মানুষেরা স্বাধীনতা সংগ্রামে অবতীর্ণ হয়েছিল। আজ আমরা গদী পাবার পর প্রথম তাঁদের হত্যা করেছি। কে না জানে মসলীনকে হত্যা করার জন্য কি অত্যাচার না করা হয়েছিল। এই অত্যাচারের বিরুদ্ধে আমাদের দেশের মানুষরা বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রামে লিপ্ত হয়েছিল এবং পরবর্তীকালে ফাঁসির মঞ্চে বা আন্দামানদেশের কারাকক্ষে জীবনের জয়গান গেয়েছিলেন। বৃটিশ সাম্রাজ্যবাদ মসলিন শিল্পকেই শুধু হত্যা করেছিল, কিন্তু আমরা ২৪ বছরে বাকী সমস্ত শিল্পকে খুন করেছি। এর জবাব কি কিছু আছে? আজ একটা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে জন্মলাভ করে আমরা এখানে এসেছি। তাই মাননীয় বিভাগীয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করছেন তাকে সমর্থন করে আমি শেষ করছি।

[4-00—4-10 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় স্পীকার মহাশয়, আজ এই কুটির শিল্প খাতে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করে মন্ত্রীমহাশয় যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি। আজ একটা নূতন দৃষ্টিভঙ্গী দেখছি যে তিনি অন্তত: পক্ষে তাঁর বক্তব্যের সারাংশ সভ্যদের অবগতির জন্য দিয়েছেন বলে তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এই প্রসঙ্গে আমি ২।১টি কথা বলতে চাই যেটা খুব মৌলিক কথা। সেটা হচ্ছে গ্রামের মানুষের উন্নয়নের জন্য কৃষি শিল্পের সম্প্রসারণ হওয়া উচিত ছিল। কিন্তু তা এখনও পর্যন্ত হয়নি। কিছুক্ষণ আগে আমরা একটা Question Answer-এ দেখলাম যে বিদ্যুতের অভাবে উদ্যোগের অভাবে গোটা North Bengal-এ power loom হচ্ছেনা। আমাদের জেলায় যে সমস্ত ঐতিহ্যপূর্ণ কুটির শিল্প ছিল, সেই কাঁসার বাসন, ঐতিহাসিক হাতীর দাঁতের শিল্প, রেশম শিল্প, তাঁতশিল্প ইত্যাদির অবস্থা একটু পর্যালোচনা করে দেখা যাক।

এই যে কুটির শিল্পগুলি এই কুটির শিল্পগুলির কি পুনরুজ্জীবন করা সম্ভব নয়? এতে কি মানুষের কর্মসংস্থান ঘটেনি, এতে কি মানুষের সাধারণ জীবনের মানের উন্নতি বিধান করা যায়নি? আগেকার অবিভক্ত কংগ্রেস যে সরকার সেই সরকার মাথাভারী প্ল্যানিং-এর দিকে নজর দিয়ে কর্মসংস্থান ঘটাবার চেষ্টা করেছিলেন, উৎপাদন বৃদ্ধির চেষ্টা করেছিলেন। সেটা করতে গিয়ে দেখতে পাওয়া গেছে যে গোটা বাংলা দেশের কুটির শিল্প ধ্বংসের মুখে পতিত হয়েছে তাদের যে উৎপাদন হয় সেই উৎপাদনের মার্কেটিং-এর কোন ব্যবস্থা নেই। আজকে জাতীয় সরকার যদি সেদিকে নজর না দেন তাহলে কুটির শিল্পের পুনরুজ্জীবন সম্ভব নয়। সেজন্য সরকারের কাছে আমাদের আবেদন হবে শুধু কুটির শিল্পের সম্প্রসারণ নয়, কুটির শিল্পের উৎপন্ন যে দ্রব্য তার মার্কেটিং-এর ব্যবস্থা যথাযথভাবে করতে হবে। তা যদি করতে না পারি তাহলে কর্মসংস্থান ঘটিয়ে উৎপাদন বৃদ্ধি করে কিছু লোকের সহায়ক সৃষ্টি করা যাবে না। রেশম শিল্পের দিকে তাকিয়ে দেখুন, গোটা মুর্শিদাবাদ জেলায় গতবারের ফ্লাডে যে রেশমের চাষ ছিল সেগুলি ধুলিস্যাৎ হয়ে গেল। আমাদের রাষ্ট্রমন্ত্রী অতীশচন্দ্র সিংহ মহাশয়, তাঁর কেন্দ্রের পাশে খড়গ্রাম, সাগরপাড়া, মুর্শিদাবাদ, চকইসলামপুর প্রভৃতি নামকরা জায়গা

দেখে এসেছেন কি অবস্থা। এর উপর চেপে বসে আছে মধ্যসত্ব ভোগী, উপসত্ব ভোগী, সমস্ত কুটির শিল্পকে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছে। এই প্রসঙ্গে একটা কথা না বলে পারছি না সেটা হচ্ছে এই কুটির শিল্পের সংগে আজকে কো-অপারেটিভ জড়িত। দুঃখের বিষয় যেখানে কেরালা সরকার, রাজস্থান সরকার, মাদ্রাজ সরকার, মহারাষ্ট্র সরকার আজকে কো-অপারেটিভ বিষয়ে সমস্ত কর্মদ্যোগ খাটিয়ে সাধারণ মানুষের জীবনের মানের উন্নতি ঘটাচ্ছে সেখানে আজকে পশ্চিম বাংলায় শুধু কুটির শিল্প কেন কৃষি ক্ষেত্রেও দেখা যাচ্ছে সমস্ত কো-অপারেটিভ একটা জোগাখিচুড়ী হয়ে গেছে, ফেলিওর হয়ে গেছে। আজকে কুটির শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যদি সমবায় বিভাগকে ঢেলে না সাজাতে পারেন তাহলে নিছক সাহায্য করবেন, সাবসিডি দেবেন, এইসব করে কিছু কাজ হবে না। আজকে সেই দপ্তরে মাথার উপর যারা বসে আছেন কো-অপারেটিভের রেকগনিসান দেন তাঁরা কি কো-অপারেটিভের দিকে তাকিয়ে দেখেন? আজকে গ্রামের দিকে কো-অপারেটিভগুলির অবস্থা কি, কো-অপারেটিভগুলি লিকুইডেসানে গেছে, মৃত অবস্থা। রেশম শিল্পের ক্ষেত্রে ঐ একই অবস্থা, যেটা খাদি বোর্ডের আওতারে হোক আর কো-অপারেটিভ সোসাইটিজের আওতারে হোক। তাই আমি বলছিলাম এই যে সমবায় বিভাগগুলি অপকর্মে লিপ্ত। এগুলি কি মন্ত্রী মহাশয় জানেন না? নিশ্চয়ই জানেন। আমাদের উপর বলার ভার, কিন্তু মন্ত্রী মহাশয়রা ঐ চেয়ারে গিয়ে বসে এইসব জেনে শুনেও ঐ যারা বুরোক্রাট, যারা প্রশাসনের মাথার উপর বসে আছে, তাদের সেফগার্ড দিয়ে যাচ্ছেন। তাঁরা যে সমস্ত চিন্তাধারা মাথার মধ্যে ঢুকিয়ে দিচ্ছেন সেগুলি করছেন, ফলে বাস্তবের সঙ্গে কোন সংগতি রাখতে পারছেন না। আমাদের সমবায় বিভাগ টোটালি ফেলিওর, সেজন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই বিভাগকে ঢেলে সাজান দরকার, সমবায় আইন সম্পূর্ণ পরিবর্তন করে নতুন আইন তৈরী করা দরকার যে আইনের মাধ্যমে শিল্পী, শ্রমিকদের কল্যাণ হবে। তার সংগে সংগতি রেখে কুটির শিল্প বিভাগ কাজ করলে সাধারণ মানুষের উপকার হতে পারে। আমি আপনাকে এক কথা পরিস্কার করে বলে দিতে চাই প্রতিক্রিয়াশীলদের প্রতিভূ বলুন আর যাই বলুন ইন্দিরা গান্ধী, সিদ্ধার্থ রায়ের নির্দেশিত সমাজতান্ত্রিক পথে এই প্রতিক্রিয়াশীলদের প্রতিভূরাই আপনাদের আসতে বাধ্য করবে। সরকারের সংগে সহযোগিতা রেখে উন্নয়নমূলক কাজে হাত দেওয়ার জন্য আপনাদের আহ্বান জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমার নামে যে কাট মোশান ছিল সেটা মুভ করছি না।

[4-10—4-20 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আজকে ১৯৭২-৭৩ সালের ২৭ নম্বর অনুদানের জন্য আমাদের অনারেবল মিনিস্টার ডাঃ জয়নাল আবেদিন যে দাবী উত্থাপন করেছেন আমি প্রথমে এই সভার একজন সদস্য হিসেবে তাকে স্বাগত জানাচ্ছি। ১৯৭২-৭৩ সালের বাজেটে ৩ কোটি ১৭ লক্ষ ৩৫ হাজার টাকা এই গ্র্যান্টে ধরা হয়েছে একথা ঠিকই। কিন্তু আমি মনে করি পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো মূলতঃ গ্রামভিত্তিক। এই গ্রামীন অর্থনীতির উন্নয়ন এবং সম্প্রসারণ ছাড়া পশ্চিম বাংলার সাম্প্রতিককালের ক্ষয়িষ্ণু অর্থনৈতিক কাঠামোকে বাঁচিয়ে রাখা বা তাকে এগিয়ে নেওয়া যাবে না। এই গ্রামীন অর্থনৈতিক কাঠামোর উন্নয়ন এবং সম্প্রসারণের জন্য ক্ষুদ্র এবং কুটির শিল্পের উপর যতখানি গুরুত্ব দেওয়া দরকার ছিল, আমি মনে করি সেই সমুচিত গুরুত্ব এই প্রস্তাবে দেওয়া হয়নি। আমরা জানি কোন দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য সবচেয়ে বড় দরকার ম্যান পাওয়ার বা লোক শক্তি বিকাশ। আমরা যদি শুধু ষ্টেট ক্যাপিটালিজম-এর কথা বলি তাহলে রাজশক্তির বিকাশ হতে পারে, কিন্তু লোকশক্তির

বিকাশ হবে না। আজকে পশ্চিম বাংলার বড সমস্যা হচ্ছে বেকার সমস্যা। কেউ বলছেন ২৮ লক্ষ এবং কেউ বলছেন ৪৫ লক্ষ। এর সংগে মোকাবিলা করতে গেলে সবচেয়ে বড় দরকার লেবার ইনটেনসিভ টেকনিক অব প্রোডাকসন এবং সেই লেবার ইনটেনসিভ টেকনিক অব প্রোডাকসনের উপর গুরুত্ব দিয়ে কুটির শিল্পের উপর গুরুত্ব দেওয়া উচিত। কিন্তু তা করা হয়নি। আমরা শ্রীমতি ইন্দিরা গান্ধীর নেতৃত্ব স্বীকার করে নিয়ে যদি সমাজবাদ পশ্চিম বাংলায় কায়েম করতে চাই, যদি সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে চাই তাহলে কেবল জাতীয় আয় বা উৎপাদন বাড়ালেই চলবেনা। আমাদের দেখতে হবে শেয়ারিং অব ন্যাসনাল ইনকাম থ্রু এমপ্লয়মেণ্ট অপরচুনিটি যাতে হয় এবং তার দ্বারাই ডিভিসন অব ন্যাসনাল এমপ্লয়মেণ্ট হবে এবং তার দ্বারাই অর্থনৈতিক শক্তি বিকেন্দ্রীকরণ হবে। কিন্তু তার জন্য কুটির শিল্পের উপর তেমন গুরুত্ব দেওয়া হয়নি। পশ্চিম বাংলার সবচেয়ে বড় সমস্যা হচ্ছে দাম বৃদ্ধিজনিত সমস্যা। তার সমাধান করতে গেলে উৎপাদনের ক্ষেত্রে যেটা ভিক্স-এর ভাষায় বলা হয় টাইম ল্যাগ বা ক্রুইসন ল্যাগ। যেখানে উৎপাদন পর্ব এবং বিনিয়োগ পর্বের ফারাকের পরিমাণ অত্যন্ত সীমিত আছে, টাইম ল্যাগ বা ক্রুইসন ল্যাগ কম হচ্ছে কুটির শিল্পের ক্ষেত্রে সেই উৎপাদন যদি পশ্চিম বাংলার অর্থনৈতিক কাঠামোতে করা যায় তবে মুদ্রাস্ফীতি জনিত সমস্যার সমাধান করা যাবে। কুটির শিল্পের ঘরের বাইরের সমস্যা হচ্ছে ফরেন এক্সচেঞ্জ ক্রাইসিস। আমাদের একথা বলা হয়েছে যে, অনেক ফ্যানেবেল কমোডিটিস তৈরী হয় যার বিদেশী মার্কেট আছে। যদি আমাদের বৈদেশিক লেনদেনজনিত সমস্যার সমাধান করতে হয় তাহলে আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, ১৯৫৬ সালে ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামোতে যখন ইন্টারন্যাশনাল প্ল্যানিং টিম এসেছিল তখন তারা সাজেষ্ট করেছিল যে জায়গায় জায়গায় এক্সপোর্ট ডেভলপমেণ্ট অফিস তৈরী কর এবং তাদের কাজ হবে দ্রব্যের মান এবং ধরন নির্ধারণ করা। আমি বলব এই ধরনের এক্সপোর্ট ডেভলপমেণ্ট অফিস তৈরী করে কুটির শিল্পজাত দ্রব্য যাতে বিদেশী মার্কেট ক্যাপচার করতে পারে তার জন্য ব্যবস্থা করুন। তারপর তিনি বলেছেন কুটির শিল্পের উন্নতির জন্য পশ্চিমবঙ্গ সরকার সিক্সটিন পয়েণ্ট প্রোগ্রাম করেছেন এবং ১৯৭১ সালের অক্টোবর মাস থেকে ২ হাজার ক্ষুদ্র এবং কুটির শিল্প তৈরীর পরিকল্পনা করেছেন। এই সিক্সটিন পয়েণ্ট প্রোগ্রামে একথা বলা হয়েছে যে, তাকে কার্যকরী করতে গিয়ে ভারতবর্ষে ১৪টি জাতীয় ব্যাঙ্কের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। আমাদের মন্ত্রীমহাশয়ের একথা মনে রাখা দরকার যে, ১৪টি ব্যাঙ্কের এই যে গুরুত্বপূর্ণ ভূমিকা তার মহাকেন্দ্র হচ্ছে আমাদের শান্তিপুর। আমি নদীয়ায় ঘুরেছি।

আমি পশ্চিমবঙ্গের বিভিন্ন কেন্দ্রে ঘুরে দেখেছি এই জাতীয় ব্যাংকের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে সেই ভূমিকা তারা বিন্দুমাত্র পালন করেন না। কুটির শিল্পের যদি সত্য সত্যই উন্নতি করতে হয়, সত্যি সত্যিই যদি কুটির শিল্পের ১৬ দফা কর্মসূচীকে বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে জাতীয় ব্যাংকের যে গুরুত্বপূর্ণ ভূমিকা আছে সেটা যাতে ব্যাংক কর্তৃপক্ষ পালন করতে বাধ্য হয় সেই ধরনের বিধি ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকারের বিভাগীয় দপ্তর কুটির শিল্পের মন্ত্রী মহাশয়কে আমি আবেদন জানাচ্ছি। আমি নদীয়া জেলার লোক, নদীয়াতে কুটির শিল্প আছে ৪৭,১২৩টি এবং সেখানে ১ লক্ষ ৩ হাজার ৩২২ জন মানুষ কাজ করে। মন্ত্রী মহাশয় বলেছেন পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় তাঁত শিল্প হচ্ছে নদীয়া জেলায়। পশ্চিম বাংলায় তাঁত শিল্পে ৩ লক্ষ শ্রমিক কাজ করে। আমার নদীয়া জেলায় ৫ হাজার তাঁতী আছে, শান্তিপুর থানায় ২২ হাজার তাঁতী আছে— এই তাঁতের সমস্যার সমাধান করতে গেলে ইকুলাইজেসন অব কটন প্রাইসের সমস্যার সমাধান করতে হবে। আমি জয়নাল সাহেবকে স্বাগত জানাচ্ছি তিনি যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে চেষ্টা করে ওয়েস্ট বেঙ্গল টেক্সটাইল কর্পোরেশন গঠন করে এই সমস্যার সমাধানের চেষ্টা করছিলেন, তার সাথে সাথে আমি এই কথা স্মরণ করিয়ে দিতে চাই যে নদীয়া জেলার ফরিদপুরে একটা গুরুত্বপূর্ণ শিল্প আছে শাঁখা

শিল্প। নদীয়া জেলার শান্তিপুর কৃষ্ণনগরে কয়েকটা গুরুত্বপূর্ণ শিল্প আছে—শোলা শিল্প, কাঁসা, পিতল শিল্প যেগুলির উপর গুরুত্ব মোটেই দেয়া হয়নি। এই সব সমস্যার সমাধান করতে গেলে আমি প্রস্তাব করব যে জেলা ভিত্তিক যাতে র মেটিরিয়াল ডিসট্রিবিউট করা হয় সেই ধরনের ব্যবস্থা করতে হবে পশ্চিমবঙ্গ সরকারকে। আর একটি সরকারের গুরুত্বপূর্ণ গাফিলতির নজির আমি তুলে ধরছি। বর্দ্ধমান জেলায় শক্তিগড়ে আণ্ডার ফ্যাক্টরী য্যাক্ট কারপেন্টীং ওয়ার্কসপ তৈরী হয়েছিল এবং বীরভূমের আমেদপুরে ব্রাকস্মিথ ওয়ার্কসপ তৈরী হয়েছিল, ওয়ার্কসপটি বীরভূমে রেজিষ্ট্রি করা হল কিন্তু বর্দ্ধমানের ডি, আই.এ শক্তিগড়ে ফ্যাক্টরী আইন অনুযায়ী রেজিষ্ট্রী করলেন না। ওয়ার্কসপটি কয়েকদিন পরে উঠে গেল, সেখানকার যারা কর্মচারী ছিলেন তারা বেকার হয়ে গেলেন। আমরা সব জায়গায় দেখতে পাচ্ছি স্পোর্টস গুডস ফ্যাক্টরী, বি. টি. রোডে, টয় মেকিং ফ্যাক্টরী এবং সার্জিকাল ইউনিট প্রভৃতি যে সব জায়গায় এই সব ইউনিটে আলাদা আলাদা রকম সুবিধা রয়েছে যাতে সব রকম ডিসক্রিমিনেসন দুরীভূত হয় এবং কুটির শিল্পের উন্নতির জন্য আমি জয়নাল আবেদিন সাহেবের সঙ্গে সহযোগিতার হস্ত প্রসারিত করতে প্রস্তুত আছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বেহালা বিবেকানন্দ হাসপাতালে এতগুলি জাল ওষুধ ধরা পড়েছে, তার স্যাম্পেল আমার কাছে আছে। আপনি যদি অনুমতি দেন তাহলে আপনার কাছে আমি দিতে পারি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** আপনি এখানে নিয়ে আসুন—মিনিষ্টারকে পাঠিয়ে দেব।

**শ্রীআনন্দগোপাল রায় ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৯৭২-৭৩ সালের বাজেট উত্থাপন করে কুটির শিল্প বিভাগের মন্ত্রীমহাশয় ৩ কোটি ১০ লক্ষ ৩৫ হাজার টাকার যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বীরভূম জেলার কতিপয় সমস্যার কথা এখানে আলোচনা করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলার বেকার সমস্যা ভয়াবহ এবং সরকারী হিসাব অনুযায়ী এখানে ২২ হাজার বেকার আছে। বীরভূম জেলার তাঁত শিল্প, রেশম শিল্প এবং কুটির শিল্পের তাঁতীরা আজ বেকারে পরিণত হয়েছে। মন্ত্রীমহাশয়কে জানাই যে, এই সমস্ত তাঁতীরা খয়রাতী সাহায্য নিয়ে কোনরকমে জীবিকা অর্জন করছে। অথচ এই সব শিল্পের উন্নতির জন্য কোনরকম ব্যবস্থা রাখা হচ্ছে না। আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে, রামপুরহাট থানায় ২ হাজার, নলহাটি ও মুরারই থানায় ৪ হাজার তাঁতী আছে। এবং শিউড়ী সদরে তাঁতীপাড়ায় রেশম-এর কুটির শিল্প আছে। এই সমস্ত শিল্পীদের পুনরুজ্জীবনের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রামপুরহাটের মুরারাইতে এবং নলহাটিতে মোট ৪ হাজার তাঁতী আছে। কেন্দ্রীয় এবং রাজ্যসরকার চালিত ৩৪টা তাঁত আছে। যদি প্রত্যেক তাঁতীর জন্য ২ হাজার টাকা ঋণ সমবায় ভিত্তিতে দেয়া হয় তাহলে এই শিল্পের উন্নতি হয় এবং তাঁতীরা কোন রকমে জীবনযাত্রা নির্বাহ করতে পারে।

[4-20—4-30 p.m.]

**শ্রীশিবদাস মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের কুটির শিল্পের মন্ত্রী মহাশয়ের কাছে কিছু বক্তব্য রাখছি। আমার প্রথম বক্তব্য—আমাদের নদীয়া জেলার, তথা সারা বাংলাদেশের, তথা সারা ভারতবর্ষের মধ্যে কৃষ্ণনগর মৃৎ শিল্পের জন্য বিখ্যাত। কিন্তু

আজকে তার অবস্থা অত্যন্ত শোচনীয়। আমি মনে করি এর প্রতি সরকারের দিক থেকে কোন রকম দৃষ্টি বা নজর দেওয়া হচ্ছেনা। সেই জন্য আমি কৃষ্ণনগরের মৃৎ শিল্পের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে এই সমস্ত মৃৎ শিল্পীরা যক্ষ্মারোগে ধুঁকছে, তাদের জন্য উপযুক্ত রকম চেষ্টা এবং ব্যবস্থা করার জন্য আমি বলছি। যদি কো-অপারেটিভের মাধ্যমে সমবায়ের মাধ্যমে এদের সাহায্য দেওয়া যায় তাহলে আমি মনে করি তাদের কষ্টের কিছুটা লাঘব হতে পারে। এবং অনেক পরিবারকে এই করে বাঁচিয়ে রাখতে পারেন। আজকের দিনের সরকার আমাদের প্রগতিশীল সরকার, সেই সরকার নীতি নিয়েছেন মানুষের ভাল করার, উপকার করার। কিন্তু আমি নিজ চোখে দেখতে পাচ্ছি এবং সমগ্র জনসাধারণও দেখতে পাচ্ছে তাদের কোন্ উপকারে আসছেন? এই মহান শিল্পীরা আজকে অর্দ্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে, অসুখ বিসুখের ভিতর দিন কাটাচ্ছে, কিন্তু তাদের জন্য সরকার আজকে কলকাতা সহরে এবং দুর্গাপুরের মত সহরে এমন ব্যবস্থা করে দিতে পারেন যেখানে তারা বড় বড় মূর্তি তৈরী করতে পারবে এবং সে সমস্ত মূর্তি দেশে এবং বিদেশী পর্যটকদের কাছে বিক্রী করে লাভবান হতে পারে। তাদের উপকারের জন্য নানা ব্যবস্থা করতে পারেন। সেজন্য আমি এই শিল্পীদের অবস্থার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

আমার দ্বিতীয় কথা হচ্ছে আজকে আমাদের সরকার ছোট ছোট বন্ধ কল কারখানা খোলার ব্যবস্থা করছেন। সেখানে কৃষ্ণনগরে ঘূর্ণিতে চীনামাটির একটা কারখানা আছে, তাতে বহু দরিদ্র পরিবারের লোক কাজ কর্ম করে। আজকে সেই কারখানা যদি খোলার ব্যবস্থা না করতে পারেন তাহলে গরীব অনাহার ক্লিষ্ট বহু শ্রমিক আজকে মৃত্যুমুখে পতিত হবে। আমি সেজন্য এই বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই কারখানা খোলার ব্যবস্থা করার জন্য বলছি। এটা ক্ষুদ্র কুটির শিল্পের আওতার মধ্যে। এখানকার শ্রমিকেরা বার বার দরবার করেও কোন কিছু করতে পারছেনা। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন কৃষ্ণনগরে গেছলেন তখন তাঁর সামনেও এটা তোলা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় আজ পর্য্যন্ত এই চীনামাটির কারখানা খোলার কোন রকম ব্যবস্থা হয়নি। এই কারখানা ক্ষুদ্র এবং কুটির শিল্পের আওতায় থাকা সত্ত্বেও আজকে এই অবস্থা চলছে।

তারপর নদীয়ার হস্ত এবং বিদ্যুৎ চালিত তাঁত শিল্পের কথা। এখানে এই দু রকম শিল্পই আছে। যারা হস্ত চালিত তাঁত চালনা করে তাদের প্রচুর সুতো বাইরে আটকা পড়ে আছে। এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, কিন্তু তাদের সুতো দেওয়া হয়নি। আজকে সুতোর অভাবে তারা কাপড় বুনতে পাচ্ছেনা, বহু তাঁত অচল হয়ে পড়ে আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে নিবেদন করছি যে তিনি এদিকে নজর দিন।

আর একটা দুর্নীতির বাসা বেঁধে গেছলেন পূর্বতন সরকার। সেই সরকার বিদ্যুৎ চালিত তাঁত দিয়ে গেছলেন এবং কো-অপারেটিভ সিষ্টেম করে রেখে গেছলেন। এর মধ্যে দুর্নীতির বাসা বেঁধেছে। যদি এই দুর্নীতি সরাতে না পারা যায় তাহলে বিদ্যুৎ চালিত তাঁতে শ্রমিকদের কোন উপকার হবেনা। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে তিনি নদীয়ার বিদ্যুৎ চালিত তাঁত শিল্প কো-অপারেটিভে যে দুর্নীতি আছে তা দূর করবার জন্য একটা এনকুইয়ারী বসান এবং তা বসিয়ে যদি এটাকে বাঁচাবার জন্য সচেষ্ট না হন তাহলে শ্রমিকদের অশেষ দুর্গতি হবে। আর একটা সমৃদ্ধশালী শিল্প নদীয়ার রুপনপুর এবং ভাটিয়াগ্রামে পুতুল, এদের দিকে যদি নজর না দেন তাহলে এই কাজে নিযুক্ত লোকেরা মারা যাবে।

(এখানে সবুজ আলো জ্বলে উঠে)

আমার সর্বশেষ কথা হল কৃষ্ণনগরের টেপস এণ্ড রাইস কারখানা। এই কারখানার যিনি মালিক তিনি সব চেয়ে বেশী ইন্‌কাম ট্যাক্স দেন, তিনি তার সম্পত্তি বৃটেন এবং এমেরিকায় পাচার করে থাকেন।

( এখানে লাল আলো জ্বলে উঠল )

স্যার, আমি শেষ করছি। আমার কথা হচ্ছে এদিকে সরকার নজর দিন। এই কারখানায় কো-অপারেটিভ করে শ্রমিকদের বাঁচান এবং দেশের সম্পত্তি যাতে দেশের মধ্যেই থাকে তার ব্যবস্থা করুন।

**শ্রীতপন চ্যাটার্জী**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার পরে ভারতবর্ষে গণতান্ত্রিক সমাজবাদ আমরা প্রতিষ্ঠা করতে চাচ্ছি। মহাত্মা গান্ধীর আদর্শ ছিল গ্রামীন কুটির শিল্পের উন্নতি, অথচ তাকে বাদ দিয়ে আমরা গান্ধীবাদ চাচ্ছি। গান্ধীকে বাদ দিয়ে আমরা গান্ধীবাদ চাচ্ছি। স্বাধীনতার ২৫ বছর পরেও যদি আমরা কুটির শিল্পের উপর গুরুত্ব আরোপ না করি—আমরা দেশের মধ্যে লক্ষ লক্ষ কোটি কোটি বেকার সৃষ্টি করছি। জাপানীরা যদি কুটির শিল্পের মাধ্যমে যদি তাদের উন্নতি করতে পারে তা হলে আমরা ভারতবাসীরা কুটির শিল্পের মাধ্যমে কেন আমরা আমাদের উন্নতি করতে পারবো না? এই উন্নতি করতে কতকগুলি তন্তুবায় সৃষ্টি করেছি। বাঙ্গালী যুবকেরা যখন চাকরী না পেয়ে কুটির শিল্পের মাধ্যমে বা ক্ষুদ্র শিল্পের মাধ্যমে যখন কিছু করতে যায় তখন তারা ব্যাংকের কাছে কোন ঋণ বা লোন পায় না। যদি বা কোন রকম ঋণ পাওয়া যায় তাহলে তাদের মোটা রকম ঘুস দিতে হয়। ষ্টেট এ্যাড এ্যক্ট (২) এর পরিবর্ত্তন করা দরকার। এই এ্যক্ট-এর ভিতর ৫ হাজার টাকা দেবার প্রভিসান আছে। কিন্তু এই এ্যক্ট-এর মধ্যে সাহায্য পাচ্ছে না। দ্বিতীয় প্রশ্ন, কুটির শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যারা শ্রম দান করেনে তাদের উপযুক্ত ট্রেনিং-এর কোন ব্যবস্থা নেই। ৩য়, বহু জায়গায় সি. এম. ডি. এ এবং পৌর সংস্থা মারফৎ কাজ হচ্ছে। তাদের যে লেবার কন্ট্রাক্ট সেটা কো-অপারেটিভ বা ক্ষুদ্র শিল্প বা কুটির শিল্পের মাধ্যমে যারা করতে চান তাদের দেওয়া উচিত। এখানে অনেক সাংবাদিক বন্ধু আছেন যাদের প্রতিভা আছে, কিন্তু একচেটিয়া সংবাদপত্রের মালিকানায় তারা কাজ করছেন। তেমনি শিল্পক্ষেত্রে একচেটিয়া মালিকরা কুটির শিল্প গ্রাস করছে। তাই কুটির শিল্প রক্ষা করতে গেলে এই একচেটিয়া মালিকানার বিরুদ্ধে এরূপ সংঘবদ্ধ প্রতিরোধ সরকারের দেওয়া উচিত যার ফলে কুটির শিল্প প্রসার লাভ করতে পারে। অতীতে ভারতবর্ষ ও পশ্চিমবাংলার কুটির শিল্পের সুনাম ছিল। কিন্তু সরকারের অবহেলার দরুন দিনের পর দিন কুটির শিল্প পঙ্গু হতে বসেছে। পশ্চিম বাংলার ছেলেরা চাকরী, দারিদ্র্য এবং বেকারত্বের জালায় ঘুরছে। এই দপ্তরের প্রতিরোধ কল্পে অবিলম্বে কুটির শিল্পের উপর আমাদের আরো গুরুত্ব দেওয়া উচিত। আমি আশা করবো মন্ত্রী মহাশয় অবিলম্বে কুটির শিল্পের উপর আরো গুরুত্ব দিয়ে বেকারী দূর করার চেষ্টা করবেন। সঙ্গে সঙ্গে সমবায় ব্যবসায় যারা বহু টাকা দিনের পর দিন, মাসের পর মাস লুঠ করে নিয়ে যাচ্ছে সেই সমস্ত সমবায় শিল্পগুলিকে জাগিয়ে তুলুন। সমবায়ের মাধ্যমে পশ্চিম বাংলার কোটি কোটি টাকা চুরি হচ্ছে এবং এককালে কুটির শিল্পের যারা প্রসার লাভের জন্য নেমেছিল সেই কুটির শিল্প একেবারে ব্যর্থ হয়ে গেছে। তাই কুটির শিল্প ও ক্ষুদ্র শিল্পে বেকার সমস্যা দূরীকরণের জন্য যে সবচেয়ে গুরুত্ব এই সম্বন্ধে সরকারের নজর দেওয়া উচিত। এই বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে শুরু করে দিয়েছিলেন। একপেটি জাল ভেজাল ঔষধ আপনার সামনে হাজির করেছি। এটা স্থানীয় যুব ছাত্র ছেলেরা ধরেছে

বেহালা বিবেকানন্দ হাসপাতালে। যারা ধরেছেন তাঁরা হলেন বলাই দত্ত, মিন্টু ব্যানার্জী, কানাই
পাল, মিন্টু রায় প্রভৃতি। ডাঃ রোয়াদ কি—হাসপাতালের ব্যাপারে সহযোগীতা করেছেন। দয়া
করে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে এগুলি পাঠাবার ব্যবস্থা করুন যাতে নাকি এ ধরনের
পুনরাবৃত্তি না ঘটে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** স্যার, এ তো সব শেষ হয়ে গেল। মানুষ স্যার, বিপন্ন।
যারা এর সঙ্গে সংশ্লিষ্ট তাদের এ্যারেষ্ট করবার চেষ্টা করুন। স্যার, সর্বনাশ হয়ে গেল এরা সব লোককে
মেরে ফেলবে।

**Mr. Deputy Speaker :** I will talk to the Minister about this matter. Please give me details, so that we can take some steps.

[4-30—4-40 p.m.]

**Dr. Omar Ali :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ক্ষুদ্র ও কুটীরশিল্প দপ্তরের ভারপ্রাপ্ত
মন্ত্রী ১৯৭২-৭৩ সালের ব্যায়ানুমোদনের যে দাবী উথ্থাপন করেছেন তাকে সমর্থন করতে গিয়ে
গুটিকয়েক কথা বলছি। অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছিলেন তাতে তিনি বলেছেন "পশ্চিমবঙ্গের,
বিশেষ করে গ্রামাঞ্চলের অর্থনৈতিক পুনরুজ্জীবন ও কর্মসংস্থানের সুযোগ সুবিধা বৃদ্ধিতে ক্ষুদ্র ও
কুটির শিল্পগুলি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে"। কিন্তু দেখা যাচ্ছে—আমাদের
রাজ্য পশ্চিম বাংলায় ক্ষুদ্র শিল্পের বিকাশ ঠিক ঠিক হচ্ছে না। তার প্রধান কারণ হলো এই যে,
ক্ষুদ্র শিল্পগুলি বিকশিত হতে গেলে যে ধরনের অনুকূল পরিবেশ থাকা প্রয়োজন আমাদের এই
রাজ্যে তা নাই। যানবাহনের উন্নত ব্যবস্থার অভাব, টেলিফোনের উন্নত ব্যবস্থার অভাব, বিদ্যুৎ
সরবরাহের অভাব, পাকা রাস্তার প্রসারের অভাব ইত্যাদি আছে। এই সব প্রতিকূল পরিবেশের
মধ্যে পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্পগুলি বিকশিত হতে পারছে না। যার ফলে গ্রাম্যঞ্চলে আর্থনীতিক
পুনরুজ্জীবন ও কর্মসংস্থানের উপযুক্ত সুযোগ সৃষ্টি হচ্ছে না। ক্ষুদ্র শিল্পের যখন এই রকম অবস্থা—
তখন কুটির শিল্পের অবস্থা আরো ভবাবহ। যে সব কুটির শিল্প গ্রামাঞ্চলে চালু আছে, সেই সব
কুটির শিল্পের উপর বহুলোক নির্ভর করে তাঁদের জীবিকার্জ্জন করেন। এই কুটির শি'ল্পের মধ্যে
কোন্ শিল্পে কত লোক নিযুক্ত আছেন, তার সঠিক পরিসংখ্যাণ আমার জানা নাই। ত'ব যতদূর
মনে হয় অন্ততঃ পক্ষে ১৫ থেকে ২০ লক্ষ লোক এই সব গ্রামীন কুটির শিল্পের মধ্যে নিযুক্ত আছে।
এর মধ্য দিয়ে হয় পুরাপুরি—না হয় আংশিকভাবে তাঁরা জীবিকার্জন করে থাকেন। এখন জকে
কুটির শিল্পীদের দিনের পর দিন এমন একটা অবস্থা হয়েছে যে, এদের একটা বড় অংশ আজ স্ব মন্ত্রী
শিল্প-বৃত্তি পরিত্যাগ করে ক্ষেতমজুররূপে জীবিকার্জন করতে বাধ্য হচ্ছেন। ১৯৬১ থে
১৯৭১ সাল এই ১০ বছরের Census Report বিশ্লেষণ করলে দেখা যাবে যে আজকের দলিতে
যারা ক্ষেতমজুর তাদের অন্ততঃ শতকরা চারভাগ ঐ কুটির শিল্পীদের মধ্য থেকে এসেছে। বাসা
কুটির শিল্পীদের সামনে আজ প্রধান যে সমস্যা তাহলো কাঁচামাল সরবরাহের একান্ত অভা কান
তাছাড়া সর্বভারতীয় ভিত্তিতে কাঁচামালের মূল্যস্তর একই না থাকা, মূলধনের অভাব, অনুন্নত উৎপ বিদ্যুৎ
ব্যবস্থা, বিক্রয়করণের ও বিজ্ঞাপনের অবস্থা তো আছেই। কুটির শিল্পের উন্নতির দিকে ইয়ারী
রেখে লক্ষ লক্ষ টাকা প্রতিবছর আমাদের রাজ্য সরকার ব্যয় করেন। অনেকগুলি সং দুর্গতি
সরকার গঠন করেছেন, যেমন—Rural Industries Project, Small Industries Corportio দি
Industrial Estate ইত্যাদি। কিন্তু এই সংস্থাগুলির পরিচালন ব্যবস্থা এত মাথাভারি, এত
আমলাতান্ত্রিক যে, দুঃস্থ ও অশিক্ষিত কুটির শিল্পীরা এর থেকে যথেষ্ট লাভবান হতে পারে না।

এইসব সংস্থাগুলির সঙ্গে কুটির শিল্পীদের প্রাণের কোন যোগ নাই। এই সংস্থাগুলিতে কুটির শিল্পীদের সমস্যাগুলি গভীরভাবে তলিয়ে দেখবার জন্য তাদের কোন প্রতিনিধি নাই। ফলে কুটির শিল্পীরা যতটা উপকৃত ও লাভবান হতে পারতেন তা তাঁরা এই সব সংস্থার দ্বারা হতে পারছেন না। আমরা যতটুকু জানি, আমাদের যা অভিজ্ঞতা হয়েছে তাতে বলতে পারি কতকগুলি সুযোগ সন্ধানী ব্যক্তি যারা অশিল্পী—তারা এই কুটির শিল্পীদের সমস্যার সুযোগ নিয়ে এই সংস্থাগুলির মধ্যে থেকে লাভবান হচ্ছে। যোগাযোগের জন্য উপযুক্ত যানবাহন, পাকারাস্তা, বিদ্যুৎ, টেলিফোন, ইত্যাদির সুব্যবস্থা না থাকার ফলে অনুকূল পরিবেশের অভাবে ব্যাপকভাবে কুটির শিল্পগুলি বিকশিত হতে পারছে না। যার জন্য গ্রামীনরা ভয়াবহ বেকার সমস্যার আংশিক সমাধানও সম্ভব হচ্ছে না। কিন্তু কুটির শিল্পের মাধ্যমে বেকার সমস্যার অনেকখানি সমাধান হওয়া সম্ভব ও বাঞ্ছনীয়ও বটে। মূলধন বিনিয়োগের সুযোগও কুটির শিল্পের আছে। যেখানে ১ লক্ষ টাকায় বৃহৎ শিল্পে একজন লোকের কর্মসংস্থান হতে পারে, সেখানে ঐ পরিমাণ টাকায় কুটির শিল্পে অন্ততঃ ২৫ জন লোকের কর্মসংস্থান হতে পারে। কুটির শিল্পের সাহায্যকারী সংস্থাগুলির সংগে যেহেতু কুটির শিল্পীদের প্রাণের যোগ নাই তাই তারা যথাযথ সাহায্য সেখান থেকে পান না। কাজেই মহাজন ও ব্যবসায়ীদের কাছ থেকে এদের চড়া সুদে টাকা ধার নিতে হয়। কম দামে কাঁচামালও এই কুটির শিল্পীরা সময়মত পায় না। ফলে মহাজন ও ব্যবসায়ীরা অনেক চড়া দামে তাদের কাছে কাঁচামাল বিক্রয় করে।

শুধু তাই নয়, কম মূল্যে উৎপাদিত দ্রব্য পাবার স্বার্থে তারা দাদন দেয়, যার ফলে কুটিরশিল্পীরা প্রকৃত যে লাভ করতে পারতেন সেই লাভ থেকে তারা বঞ্চিত হন। আমাদের পশ্চিমবাংলায় বহুরকম গ্রামীন শিল্প আছে। তার সবগুলিরই উন্নতি করা হয়তো সম্ভব নয়। তার মধ্যে যে শিল্পের উন্নতির কথা খুব গুরুত্ব দিয়ে ভাবতে হবে সেটা হচ্ছে তাঁত শিল্প। এবং এর জন্য একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে হবে। এ প্রসংগে আমি বলতে চাই যে আমাদের দেশে বিভিন্ন কুটির শিল্প চালু আছে। তা হচ্ছে তাঁত শিল্প, রেশম শিল্প, মাটির কাজ, শাঁখের কাজ, চিরুনী ও দড়ি তৈরী, কাঠের কাজ, মাদুর বোনা, কাঁসা পিতলের কাজ, বাঁশ ও বেতের কাজ, মৌমাছি পালন প্রভৃতি। এর মধ্যে প্রধানত তাঁত শিল্পতে সবচেয়ে বেশী লোক নিযুক্ত আছেন বং অনেকগুলি জেলাতেই এই শিল্প চালু আছে। এই শিল্পের সামনে সবচেয়ে বড় সমস্যা দাঁড়িয়েছে তার অস্বাভাবিক দ্রুত মূল্য বৃদ্ধি এবং তার চেয়ে সমস্যা হচ্ছে উপযুক্ত কাউন্টের সূতার অভাব। জন্য আজকে তাঁত শিল্পীরা মৃত্যুর মুখোমুখি এসে দাঁড়িয়েছেন। আজকে একথা বলা নিষ্প্রয়োজন , কুটিরশিল্পীদের ঘরে ঘরে আজ অনাহার অর্ধাহার চলছে। কয়েকদিন আগে কুটিরশিল্প দপ্তরের ক্ষ তাঁত শিল্পের জন্য টেক্সটাইল করপোরেসন গঠন করার প্রস্তাব করা হয়েছে। কিন্তু আমার হচ্ছে, এই সমস্ত বিভিন্ন করপোরেসন বা সংস্থা যা গঠিত হয়েছে এবং হচ্ছে তার পরিচালন তির যদি পরিবর্তন না হয় তাহলে টেক্সটাইল করপোরেসন দুস্থ ও অশিক্ষিত তাঁতীদের কোন সঙ্গে আসবে না। এই অবস্থায় আমি প্রস্তাব করি, এই কুটিরশিল্পতে উপযুক্ত প্রতিনিধিত্বমূলক স্থা গঠন করে তাকে বিকেন্দ্রীকরণ করার প্রয়োজন আছে। প্রয়োজন আছে খেটে খাওয়া মানুষের টির শিল্পীদের প্রতিনিধিত্বসহ কটেজ ইণ্ডাষ্টিজ করপোরেসন গঠন করার—যে করপোরেসন শুধু কাঁচা ল যোগানের ব্যবস্থা করবে তা নয়—প্রমোসন্যাল এজেন্সি হিসাবেও কাজ করবে—যাতে কুটিরশিল্প পযুক্ত বাজার পায় তার ব্যবস্থা করবে, যাতে তাদের উৎপাদিত জিনিস উপযুক্ত মূল্যে বিক্রি হয় তার ব্যবস্থা করবে। এই দিকে আমাদের আজকে নজর দিতে হবে। তাঁত শিল্পের সামনে যে আর একটা প্রধান সমস্যা দেখা দিয়েছে তা হচ্ছে যন্ত্র শিল্পের সংগে প্রতিযোগিতা। যন্ত্র শিল্পে যে

কাপড় উৎপাদন হয় তার সংগে প্রতিযোগিতায় তাঁত শিল্প পেরে ওঠে না। আমরা জানি তামিলনাড়ুতে যে তাঁত শিল্প আছে তার উন্নতির জন্য সেখানকার গভর্ণমেন্ট মিলের উৎপাদন নিয়ন্ত্রণ করে এই শিল্পকে জোরদার করার চেষ্টা করছেন। এবং ধীরে ধীরে তাঁতীদের সংগঠিত করে, সেখানে পাওয়ার সাপ্লাই করে, যন্ত্র শিল্পের সংগে ক্ষুদ্র শিল্পকে তাঁরা এগিয়ে নিয়ে যাচ্ছেন। সেখানে হ্যাণ্ডলুমকে পাওয়ারলুমে পরিণত করা হয়েছে। তাই সেখানে আজ কুটিরশিল্প অনেকটা প্রতিষ্ঠিত হতে চলেছে। আজকে পশ্চিমবাংলায় কাপড়ের যে চাহিদা আছে তা পশ্চিমবাংলার মিল সরবরাহ করতে পারে না। বোম্বে, আমেদাবাদ প্রভৃতি জায়গা আজকে সেই অভাব পুরণ করছে। তাই আমি আবেদন করি আজকে যদি এই মিলের কাপড়েকে নিয়ন্ত্রণ অবস্থায় চালু করা যায় তাহলে পশ্চিমবঙ্গের তাঁত শিল্প পুনরুজ্জিবিত হতে পারে। এক একটি এলাকায় ১৫—২০ জন তাঁত শিল্পী নিয়ে যদি একটা ইউনিট স্থাপন করা যায় এবং সেখানে দু তিন জন কর্মচারী নিয়োগ ক'রে তাদের মাধ্যমে যদি কুটির শিল্পের যে যে জিনিসের প্রয়োজন, বা কাঁচা মালের প্রয়োজন তার সরবরাহের ব্যবস্থা করা যায় তাহ'লে অবস্থার অনেকটা উন্নতি হতে পারে। এই কর্মচারীরা যাতে সঠিকভাবে কাজ করে তার জন্য একটা পাবলিক ভিজিলেন্সের ব্যবস্থা রাখা দরকার। কর্মচারীরা হিসাবপত্র রক্ষা করবে, বিক্রির ব্যবস্থা করবে এবং তাঁতীদের উৎসাহ দেবে। এই রকম ব্যবস্থা করলে এই অবস্থার পরিবর্তন হবে বলে মনে করি।

আমি আশা করবো বিভাগীয় মন্ত্রী মহোদয় কুটির শিল্পীদের দুরবস্থার প্রতিকারের জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য অগ্রসর হবেন।

[4-40—4-50 p.m.]

**শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ মঞ্জুরীর দাবীর প্রস্তাব এখানে রেখেছেন তাকে সমর্থন জানাচ্ছি। এই সংগে তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। বোধ করি আমাদের এই কয়েকদিনের বিধানসভার মধ্যে ঠিক এই ধরণের একটা আশাব্যঞ্জক প্রস্তাব আসেনি এবং এই রকম বিস্তৃত ভূমিকাও আমরা পাইনি। আমি এখানে মাত্র কয়েকটি জিনিসের উপর আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই যে, আজকে ক্ষুদ্র ও কুটির শিল্প নিয়ে যে পরিকল্পনা এই দপ্তর করছে তার পিছনে অন্য যুক্তি যাই থাক না কেন সবচেয়ে বড় যুক্তি যেটা সেটা হচ্ছে গ্রামাঞ্চলে গ্রামীণ অর্থনীতি যেটা ভেঙ্গে গিয়েছে তাতে কৃষির থেকে মানুষকে সরিয়ে নিয়ে অন্য বৃত্তিতে নিযুক্ত করার যে পরিকল্পনা সেই পরিকল্পনার ভিত্তিতে ব্যাপক ও অত্যন্ত দক্ষভাবে কর্মসূচী নেওয়া উচিত। আমি একথা বলছি না যে এখানে তা হয় নি। এখানে তা হয়েছে। কিন্তু কিছু কিছু জায়গায় লক্ষ্য দেওয়া হয়নি। আমার মনে হচ্ছে আমার জেলা হুগলী সেখানে চিকণ যে ইণ্ডাষ্ট্রিস, যেটা এমবয়ডারী ইণ্ডাষ্ট্রিস, যেটা এককালে ফরেন এক্সচেঞ্জ আরন করতো এখনও সেটার সে সুযোগ আছে। বাংলাদেশ হওয়ার পরে তার বাজারও বেড়েছে। আমাদের চিকণ ইণ্ডাষ্ট্রির জন্য ব্যবস্থা গ্রহণ করা উচিত। আমাদের এক জায়গায় যেখানে পোলো বল তৈরী হয় সেটা আর কোথাও হয় না। সেখানে দুজনে এটা তৈরী করেন এবং সারা ভারতে তা সরবরাহ করেন। এই দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই সঙ্গে একটা কথা বলছি ক্ষুদ্র শিল্পের ব্যাপারে। ইণ্ডাষ্ট্রিয়াল এস্টেট যেখানে তৈরী করতে যাচ্ছেন বৃহৎ শিল্প এলাকার সঙ্গে সঙ্গে সংলগ্ন এলাকায় তারা যাতে সাবসিডিয়ারী ইণ্ডাষ্ট্রির সুযোগ পায় তার জন্য পরিকল্পনা গ্রহণ করা হোক। হুগলী জেলা, ২৪-পরগণা, হাওড়া এবং বৃহত্তর আসানসোল এলাকায় এই সাবসিডিয়ারী ইণ্ডাষ্ট্রি তৈরীর সুযোগ আছে। এই প্রসঙ্গে

বলবো শিল্প তৈরীর পরিকল্পনা বা প্রস্তাব থাকলেই হবে না। যেকথা ডাঃ আলী বলছেন আমি সেকথা বলছি। আজকে বৃহৎ শিল্পের যে প্রতিযোগিতা তার থেকে প্রোটেকশান চাই। আমি মন্ত্রী মহাশয়কে বলছি যে আজকে টাটা কোম্পানী কোদাল তৈরী করছে। আগে গ্রামে হতো, কর্মকাররা তৈরী করতো। টাটা কোম্পানীর কোদাল না হলে মাটি কাটা যাবে না তা নয়। কিন্তু যারা বৃত্তিচ্যুত হয়েছে তাদের বৃত্তিতে ফিরিয়ে দেবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো। শুধু এই নয়, ক্ষুদ্র শিল্পের কাঁচামাল বৃহৎ শিল্পগুলি টানছে। আজকে মন্ত্রী মহাশয় যদি দেখেন তাহলে দেখবেন পাওয়ারলুম বা হস্তচালিত তাঁত তার জন্য বরাদ্দ বৃহৎ শিল্পে চলে যাচ্ছে।

এর আগে বাজেটের উপর সাধারণ আলোচনায় আমি বলেছিলাম যে আজকে সুতাকল তৈরি করার ব্যাপারে সরকারকে নজর দিতে হবে। তা যদি না হয় তাহলে পশ্চিমবাংলার যে তাঁতশিল্প, পশ্চিম বাংলার যে কুটিরশিল্প বা পশ্চিমবাংলার যে টেক্সটাইল ইণ্ডাষ্ট্রিস তা নষ্ট হয়ে যেতে বাধ্য, এদিকে লক্ষ্য দিতে বলব। বৃহৎশিল্পের দিকেও লক্ষ্য দেবার দরকার আছে। এই প্রসঙ্গে মন্ত্রীমহাশয়কে বলছি যে আজকে শুধু বৃহৎ শিল্পের মধ্যে সুতা তৈরি করে কুটির-শিল্পের যোগানের মধ্যে দিয়ে ঐ শিল্পকে বাঁচিয়ে রাখা যাবে না। তবে আমি বলতে চাচ্ছি না যে 'কাটুনিদের' আবার নিয়ে আসা হোক। তার জন্য সময় লাগবে, কিন্তু গ্রামের কুটির শিল্পকে বাঁচাতে হলে সেই 'কাটুনিদের' আবার ফিরিয়ে আনতে হবে। আমরা যদি ডিসেন্ট-ট্রালাইজেসান অব ইণ্ডাষ্ট্রিস করতে চাই—তাছাড়া ভারতবর্ষের অর্থনীতিকে বাঁচানো যাবে না, পশ্চিমবাংলার অর্থনীতিকে তো নাই, ডিসেন্ট্রালাইজেসান অব ইনডাষ্ট্রিস মানে ফরাক্কা বা এখানে ওখানে ইণ্ডাষ্ট্রিস নয়, যেখানে লোক্যাল রিসোর্সের আছে, যেখানে কুটিরশিল্পের দরকার আছে সেখানে করতে হবে। সেগুলি তৈরি করে এবং বেকার সমস্যা সামনে রেখে এই শিল্পনীতি গ্রহণ করা দরকার। আমি জানি আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়ের দূরদৃষ্টি আছে, তিনি এ সম্বন্ধে চিন্তা করছেন এবং ভবিষ্যতের একটা চিত্রও তিনি আমাদের সামনে রেখেছেন। তবে তাঁকে আমি অনুরোধ করবো যে বিধানসভার বাইরেও আলোচনা করার সুযোগ আছে এবং গ্রামবাংলার বিভিন্ন প্রান্তে প্রান্তে কুটিরশিল্প এবং ক্ষুদ্র শিল্পের যে সুযোগ রয়েছে তা তিনি অনুধাবন করবেন এবং তা করে সেই সুযোগ যথার্থভাবে কাজে লাগাবেন।

**শ্রীভবতারণ চক্রবর্তী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় ক্ষুদ্র এবং কুটির-শিল্প মন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে আমাদের অনুমোদনের জন্য পেশ করলেন আমি তাকে সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। এর আগে মাননীয় সদস্য যাঁরা আলোচনায় অংশগ্রহণ করেছেন তাঁরা তাঁদের কথা তুলে ধরেছেন। স্যার, আমাদের বাকুড়া জেলাতে বহু তন্তুবায় রেশম শিল্প এবং তাঁত শিল্পে নিযুক্ত ছিলেন। কিন্তু আজকে তারা দুরবস্থার মধ্যে রয়েছেন। গান্ধী আশ্রম বা খাদি বোর্ড ইত্যাদি জায়গায় কতক শিল্পীকে কাজ দেওয়া সম্ভব হয়েছে, কিন্তু অধিকাংশ শিল্পীকে কাজ দেওয়া সম্ভব হয়নি। স্যার, বিষ্ণুপুরের শিল্কের সম্মান আছে। তারা সেগুলি বাইরে চালান দেবার ব্যবস্থা করেছেন, কিন্তু তাতে বেশী শিল্পীকে কাজ দেওয়া সম্ভব হয়নি। এদিকে দাম বৃদ্ধি পাওয়ার ফলে বাজারে চাহিদা কমে গিয়েছে। ফলে পিওর শিল্কের জিনিষের বাজার সংকুচিত হয়ে গিয়েছে। স্যার, এই প্রসঙ্গে বলতে চাই যে আলপাকা বা আর্টশিল্ক যেটা দরে মানুষরা বিয়ে ইত্যাদি পর্যন্ত সেরে দিত, সেই আর্ট শিল্কের শিল্পীদেরও দুরবস্থার একশেষ। সুতার কাজ যারা করেন তাদের কথা শুনলাম, মন্ত্রীমহাশয় একটা টেকসটাইল কর্পোরেশন করে তার মাধ্যমে কাঁচা মাল সস্তা দরে বা ন্যায্য মূল্যে সরবরাহ করার যে কথা বলেছেন আমি তাকে স্বাগত সমর্থন জানাচ্ছি। তবে এর সঙ্গে বলছি যে একটা টেক্সটাইল কর্পোরেশন করে তার আওতায় ঐ

তাঁতীদের, শিল্প বা আর্ট শিল্প তাঁতীদের আনা যায়, কিন্তু বাঁকুড়া জেলাতে যে সমস্ত কুটিরশিল্প রয়েছে যেমন বাসন, শঙ্খ শিল্প সেগুলোও আজকে মৃতপ্রায়।

কাজেই একটা অয়ার হাউসিং করপোরেশন গঠন করা উচিত, যার কাজ হবে সমস্ত শিল্পকে প্রয়োজনীয় কাঁচা মাল সরবরাহ করা এবং উৎপন্ন দ্রব্য যাতে বাজারে বিক্রী হয় তার ব্যবস্থা করার দায়িত্ব গ্রহণ করবেন। তাই এই ধরনের কিছু করা সম্ভবপর কিনা সেটা আমাদের মাননীয় মন্ত্রী মহোদয়কে চিন্তা করতে অনুরোধ করছি। আমাদের বাঁকুড়া জেলার জমি খুব অনুর্বর। এখানে রিলিফ মিনিষ্টার নেই, এইবারে বিশেষ করে খরার জন্য বহু লোককে রিলিফ দেবার ব্যবস্থা করতে হয়েছে। তার উপরে আবার এই কুটির শিল্প নিয়ে যে লোকগুলি রয়েছে তারা যদি কর্ম্যচ্যুত হয় তাহলে এতগুলি লোকের বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করা খুব সহজ জিনিষ হবে না। কাজেই বাসন শিল্পের আর চাহিদা পূর্বেকার মত নেই। তাদের এখন নানা রকম প্রতিযোগিতার সম্মুখীন হতে হচ্ছে এই কথা সত্যি, কিন্তু যতটুকু চাহিদা এখনও পর্যন্ত রয়েছে সেটাকে বাঁচিয়ে রেখে শিল্পীগুলিকে কাজে নিয়োজিত করে রাখা যাতে সম্ভব হয় সেদিকে একটু দৃষ্টি দিয়ে চিন্তা করবেন। এটা যদি করেন তাহলে আমার মনে হয় অনেকগুলি শিল্পীকে এখনও আমরা তাদের বৃত্তিতে প্রতিষ্ঠিত রাখবার পক্ষে সহায়তা করতে পারি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসনৎকুমার মুখার্জী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ব্যয় বরাদ্দের জন্য যে দাবী উথাপন করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। কিন্তু আমার প্রশ্ন রয়ে যাচ্ছে যে এই ইনডাষ্ট্রিজ, কটেজ ইনডাষ্ট্রিজ-এর মাধ্যমে বেকার সমস্যার সমাধান করবার যে সামান্যতম সুযোগ এসেছিল আমরা কি সেটাকে পুরোপুরি গ্রহণ করতে পেরেছি? কারণ, মাত্র ৩ কোটি টাকা এই রকম একটা ইমপর্ট্যান্ট ডিপার্টমেণ্টের জন্য ধার্য্য হয়েছে, যতই দক্ষ মন্ত্রী হন, তিনি কতটুকু করতে পারবেন সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। এ যেন আমাদের সেই পুরুলিয়া জেলায় যেমন সিনেমা দেখান হয়, ঠিক সেই রকম। একজন সিনেমা মাথায় করে একটি বাক্সের মধ্যে নিয়ে যায়। যেই ৫ পয়সা করে টিকিট দেয় সেই রামেশ্বর, সেতুবন্ধ থেকে হরিদ্বার পর্যন্ত, এমন কি বৈজন্তীমালার নাচ পর্যন্ত সমস্ত কিছুই দেখতে পায়। উনি কি আমাদের ৫ পয়সা দিয়ে গোটা ভারতবর্ষ দেখাবেন? এতো সেই রকমই আমাদের মনে হচ্ছে। যেমন ধরুন একটি সাধারণ জিনিস, তিনি সহযোগিতা চেয়েছেন। সহযোগিতার এতটুকু কার্পণ্য থাকবে না, কিন্তু সহযোগিতা থাকলেই সমস্যার সমাধান করা যাবে না। আপনি আজকে পুরুলিয়ার ইণ্ডাষ্ট্রির দিকে তাকিয়ে দেখুন। সেখানে ১০% সেণ্ট্রাল গভর্ণমেণ্ট সাবসিডি দিচ্ছেন, ৫% প্রভিনসিয়াল গভর্ণমেণ্ট শেয়ার পারচেজ করবেন, ৮০% ফাইন্যান্স করপোরেশন অব ইণ্ডিয়া আণ্ডার রাইট পারচেজ করবেন, ইনডিভিজুয়্যাল এণ্টারপ্রাইজেসকে ইনভেষ্ট করতে হচ্ছে মাত্র ৫%, কিন্তু তা সত্ত্বেও কেন সেখানে প্রাইভেট এণ্টারপ্রাইজেস যাচ্ছে না এটা চিন্তা করবার কথা। সহযোগিতার কথা বললেই হবে না, এটা দেখতে হবে। আজকে যেখানে ১০% সেণ্ট্রাল গভর্ণমেণ্ট সাবসিডি দিচ্ছেন, ৫% প্রভিনসিয়াল গভর্ণমেণ্ট শেয়ার পারচেজ করেছেন, ৮০% ফাইন্যান্স করপোরেশন অব ইণ্ডিয়া আণ্ডার রাইট সেয়ার পারচেজ করছেন, একটি পয়সাও সেখানে ইনভেষ্ট নেই, তা সত্ত্বেও সেখানে কেউ যাচ্ছে না। দেয়ার মাস্ট বি সাম রিজন, সেই রিজনটা কি? সেই রিজন হচ্ছে যতক্ষণ পর্যন্ত না ইণ্ডাষ্ট্রিয়াল ষ্টেট করতে পারবেন ততক্ষণ পর্যন্ত সেখানে কেউ যাবে না। কুটির শিল্পই বলুন আর বিরাট শিল্পের কথাই বলুন, সেখানে যারা ব্যবসা করতে যান তারা গিয়ে দেখেন জল নেই, ইলেকট্রিসিটি নেই, কোন জিনিস নেই। তাহলে সেখানে কেন তারা কারখানা করবেন? অন্য রাষ্ট্র, যেমন হরিয়ানা মহারাষ্ট্র তাদের সেখানে ইণ্ডাষ্ট্রীয়াল ষ্টেট করা হয়েছে। এটা তৈরী করা হলে পরে

তখনই ইণ্ডাষ্ট্রী গড়ে তোলা সম্ভব হবে, এছাড়া সম্ভব নয়। আজকে ধরুন সেখানে তসর, লাক্ষা শিল্প আছে। তসর বা লাক্ষা আমাদের এক্সপোর্ট করতে হয় এবং সেখান থেকে আমরা ফরেন মানি পর্যন্ত রোজগার করতে পারি, আজকে সিমেন্ট করপোরেশন অব ইণ্ডিয়া তারা রিপোর্ট দিয়েছেন যে ওখানে পকেট ডিপোজিট আছে, ওখানে হওয়া সম্ভব নয়। এই কথা আমি আগেও বলেছি এখন আবার বলছি কয়েকদিন আগে ষ্টেটসম্যান কাগজে বেরিয়েছিল যে সেখানে একটি স্ল্যাগ সিমেন্ট কারখানা হতে চলেছে। সুতরাং আজকে ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেট যদি থাকতো তাহলে সেখানে গভর্ণমেন্ট-এর সঙ্গে প্রাইভেট এন্টারপ্রাইজের মিলিত সহযোগিতায় অনেক কিছু করা যেত। কাজেই ইণ্ডাষ্ট্রিয়াল ষ্টেট না করার জন্য সেখানকার চুন লাইমষ্টোন নষ্ট হয়ে যাচ্ছে। এটা খুব ভাল জাতের লাইমষ্টোন। আমরা সেটাকে বাড়ী নিয়ে গিয়ে ঘুটিয়ে বাজারে ৮/১০ আনা সের দরে বিক্রি করে দিচ্ছি।

অথচ ঐ lime stone দিয়ে আমরা ভাল জিনিষ তৈরী করতে পারি, Glass Factory তৈরী করতে পারি, Cement Factory তৈরী করতে পারি। আজকে এই সমস্ত জিনিষগুলি properly utilise করা হচ্ছে না। এই সমস্ত raw materials নষ্ট হয়ে যাচ্ছে এবং এমন একটা দিন আসবে যখন আমরা করতে যাবো তখন দেখবেন বাস্তবিক raw meterials পাওয়া যাচ্ছে না। যেমন ধরুন, সেখানে Cottage Industry, আমি জানিনা আছে কিনা, আমার মতটা মনে হয় সেটা বোধ হয় সত্য যে সেখানে আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী Cottage Industryর জন্য রেখেছেন মাত্র ৫ হাজার টাকা। চিন্তা করে দেখুন, একটি অনুন্নত জেলার Central Government থেকে সুরু করে, Prime Minister থেকে সুরু করে, Chief Minister পর্যন্ত এবং ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ জয়নাল আবেদিন সাহেব তিনিও বলেছেন যে পুরুলিয়া জেলা নাকি অনগ্রসর জেলা, সেখানে Cottage Industry বাবদ ধরা হয়েছে মাত্র ৫ হাজার টাকা, এটা পুরুলিয়া জেলার সঙ্গে তামাসা করা ছাড়া আমার আর কিছু মনে হচ্ছে না। সুতরাং কিছুক্ষণ আগে তিনি বললেন যে কাজ যা কিছু হচ্ছে, কিন্তু আমি বলছি It is nothing but a utopia and a phantasmagoria that you are showing to the Purulia members. আমি একটা কথা বলি, শুধু আমাদের ইচ্ছা থাকলেই হবে না। কারণ শুধু ইচ্ছা করলেই কি সত্যিকারের সব হয়? wishes are horses and beggars can ride them. সুতরাং আমি বারবার অনুরোধ করবো সত্যিকারের সেখানে যাতে কাজ করা যায় তার জন্য অন্য খাত থেকে যদি কিছু টাকা কেড়ে নেওয়া যায়, কেড়ে নিয়ে অন্ততঃ এই খাতে কিছু টাকা জমা দিয়ে একটু বেশী টাকা নিয়ে যাতে কাজ করা যায় তার জন্য বারবার অনুরোধ করছি।

**শ্রীমতী গীতা মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটু সামান্য সময় চেয়ে নিচ্ছি কুটির শিল্পের একটা বিশেষ ব্যাপারে উল্লেখ করবো বলে। আমি শুধু বলতে চাই যে, আবেদিন সাহেবের বক্তৃতা শুনে আমি খুব আনন্দিত হয়েছি একথা যদি বলতে পারতাম তাহলে আমি খুব আনন্দিত হতাম। কিন্তু আমি তা পারছি না, সেজন্য আমি দুঃখিত। অপরাপর অন্যান্য সদস্যরা যে সমস্ত প্রশ্ন তুলেছেন তা বাদ দিয়ে আমার একটা বিশেষ নালিশ আছে। দেখুন, এটা একটি মাত্র ক্ষেত্র যেখানে অল্প শিক্ষিত মেয়েদের কর্ম সংস্থানের আদৌ কোন সুযোগ হতে পারতো, তবু আপনি মশাই কি নতুন দৃষ্টিভংগীর কথা বললেন যে একটা নাম পর্যন্ত করলেন না। তাদের যে এই রকম একটা অংশ আছে যে অংশকে ভবিষ্যৎ কালে কিভাবে আনবেন সে সম্পর্কে কোন কিছু তুলে ধরেননি। তাই আমি হতাশ হয়েছি। হতাশ হয়েছি বলে যে ছেড়ে দেবো সে লোক আমি নই। কাজেই আমি ছাড়ছিনা। আমার একটা দাবী আছে সেটা উপস্থাপিত করতে চাই। দেখুন, অল্প

শিক্ষিত মেয়েদের তাদের সমস্যা অনেকগুলি আছে, তার মধ্যে অন্যতম প্রধান সমস্যা হচ্ছে এই যে তাদের নিজেদের সংগঠন গড়ে তোলার মত পূর্বসর্ত প্রতিষ্ঠিত হয়নি। এই অবস্থায় আপনি বললেন, ওহে অমুক কর্পোরেশন তৈরী করে দিচ্ছি, তুমি ঋণ নাও, তুমি জিনিষ বিক্রয় কর, তার market খোঁজ, তুমি অমুক কর, এই সমস্ত হচ্ছে তাদের সংগে ঠাট্টা তামাসা। সুতরাং এই হচ্ছে পরিস্থিতি। দেখুন, আমি পৃথিবীর বিভিন্ন দেশে ব্যাপক পরিভ্রমণ করবার সুযোগ পেয়েছি। বহু জায়গায় গেছি ভারতবর্ষে এবং শুধু ভারতবর্ষে নয়, আর আমাদের বন্ধু এশিয়া-আফ্রিকান দেশে কুটিরশিল্পের খুব চাহিদা। কিন্তু ভারতবর্ষে যখন আমি ফিরে আসি সেই সব জিনিষ দেখে আর তার চেহারা দেখে তখন ভাবি কেন এই জিনিষ অন্য জায়গায় যাবে। এর একটা modern দৃষ্টিভংগী নিয়ে আপনারা যদি না এগোন তাহলে এ বিষয়ে কিছু করতে পারবেন না। যদি একথা বলি আবেদিন সাহেব চটে যাবেন। সে আমাদের দেশে, ভারতে সোভিয়েট চুক্তির ৬ ধারাতে আছে কারা আসবে তাদের সংগে বানিজ্য বিস্তার হবে। দেখলাম তারা বলছেন, Consumers Goods শুধু আমাদের সংগে বাণিজ্য করতে রাজি আছে। তারা চেপে ধরুন ভারত সরকারকে, এই বিষয়ে আমাদের দেওয়া হোক। পশ্চিমবঙ্গের সংগে বিশেষ ব্যবসা করা হোক, বিশেষ বিশেষ কুটির শিল্পের ব্যাপারে আমাদের export-কে বিশেষভাবে সাহায্য করা হোক। তার জন্য পশ্চিমবঙ্গকে আলাদা টাকা দেওয়া হোক এবং তার মধ্যে কতকগুলি শিল্পে আপনারা, কুটির শিল্পকে বেছে নিন সেগুলিতে মেয়েদের ব্যাপক কর্মসংস্থান হতে পারে। কিন্তু 'উড খই গোবিন্দায় নমঃ' করবেন না দয়া করে। তা যদি করতে হয় তাহলে আপনাকে ব্যাপক training করতে হবে, modern designing করাতে হবে এবং সেই modern designing এর সঙ্গে যাতে বাইরের Market-এর সম্বন্ধ থাকে, বৈদেশিক Market-এ তার জন্য ব্যবস্থা করতে হবে। বহুরকম শিল্প আছে, আমি আর সে বিশদ lecture দেবনা, কারণ আমার সময় বেশী নেই। বহু রকম শিল্প রয়েছে যেখানে আমাদের ভারতবর্ষের সঙ্গে in Co-ordination করে যদি আমরা mordernise করতে পারি তাহলে নিশ্চয়ই বিদেশী বাজারকে Capture করতে পারবো।

শুধু Soviet Union নয়, বলা বাহুল্য আরও অনেক দেশের সঙ্গে হতে পারে। কিন্তু তারজন্য যে নতুন দৃষ্টিভঙ্গি থাকা দরকার। শুধু মেয়েদের ব্যাপারে এটা নয়, এটা সকলের সম্পর্কে প্রযোজ্য। সেই সম্পর্কে আপনাদের মধ্যে তো ভাল কিছু দেখছি না। এক জায়গায় উল্লেখ করেছেন বটে Small Industries সম্পর্কে cottage-এ এতবড় সুযোগ আছে, সেই ব্যাপারে যদি একেবারে নূতন দৃষ্টিভঙ্গি না নেন এবং মেয়েদের ব্যাপারে উড়ো খই গোবিন্দায় নমঃ' করে যদি কয়েকটি বিশেষ আঁটঘাট বেঁধে কোথায় কাঁচামাল, কোথায় শিক্ষা এবং কোথায় designing training এবং এই designing training-এ কিছু production কেন্দ্র যদি চালু করে দিতে পাবেন, তারপর একটা ভাল Education দিয়ে ছাড়তে পারেন, তখন তাদের Self-generating ভাব হতে পারে। গোড়া থেকে কিছুতেই Self-generating ভাব হতে পারে না। এই পরিস্থিতিতে সেইরকম একটা দৃষ্টিভঙ্গি নেওয়া দরকার যা আমি আপনার কাছে মাননীয় অধ্যক্ষ মহাশয় মারফৎ বিশেষ করে আবেদন জানাচ্ছি যে আপনি যতটুকু টাকা পেয়েছেন, তার মধ্যে থেকে যতটাকা আপনি Bank থেকে ঋণ নিতে পারেন, সেই টাকা আপনি Bank থেকে ঋণ নিন। কিন্তু production-এর ক্ষেত্রে এই টাকার মধ্য থেকে বরাদ্দ করে আপনি মেয়েদের জন্য সোজা সরকারী উদ্যোগে করুন। যদিও এটা আপনাদের দপ্তর শুনলে, আপনাদের হৃদকম্প হবে, যদি লোকসান হয়তো চলবে না। লোকসান হবার ভাবনা ভাবলে চলবেনা। আর যদি লোকসান করতে হয়, মেয়েদের জন্য আগে করতে হবে, কারণ আপনাদের জন্য গোটা লোকসান দিয়ে সমানে তারা পৃথিবীর ভার বয়ে বেড়াচ্ছে, কেউ তাদের কথা ভাববে না, এই জিনিস হতে পারে না। সুতরাং এই কুটির শিল্পের জন্য যে বরাদ্দ পেশ করেছেন, সেই বরাদ্দের মধ্যে, আমি

আপনাকে বিশেষভাবে দাবী করছি যে তাদের জন্য Special programme-এর দরকার। সেই Special programme করে জেলায় জেলায় তার কিছু Special branches করে দিন। এই জিনিস আপনাকে নিজে introduce করবার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফৎ বিশেষ করে অনুরোধ করবো এবং দাবী করবো। এইজন্য এই টাইমটা অনেক কষ্টে চেয়ে নিয়েছিলাম, তিনি যে আমাকে দিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাই এবং আপনার কাছে এই আশা নিয়ে যে এই কথাটা মামুলি হিসাবে না নিয়ে ভালভাবে ভেবে একটা কিছু ব্যবস্থা করেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহাদেব মুখার্জী**ঃ মাননীয় স্পীকার মহাশয়, প্রথমে আমাদের মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন সাহেব তিনি কুটির শিল্প বা ক্ষুদ্রশিল্পের জন্য যে টাকা ব্যয়বরাদ্দ আজকে রেখেছেন তা সামগ্রিক দিক দিয়ে খুব একটা উল্লেখযোগ্য নয়। কারণ আমাদের দেশে যেসব শিল্প আছে, বিশেষ করে হুগলি জেলার উখড়া কেন্দ্রের কথা বলছি। আমি যেখান থেকে দাঁড়িয়েছি, সেখানকার ব্যাকওয়ার্ড ক্লাসের যে industry আছে এখনও ডুশঠেকা, যারা গামছা বোনে, সেই গামছা আজকে Competition-এর মধ্যে পড়ে গেছে যার ফলে আজকে বহু তাঁতী বৃত্তিচ্যুত হয়ে গেছে। তারা এই হাওড়া হাটে সেই গামছা বিক্রি করতো এবং তার দ্বারা তারা জীবিকা নির্বাহ করতো। তারা আত্মনির্ভরশীল ছিল কিছুদিন আগে পর্যন্ত। কিন্তু সেই তাঁতী আজকে একেবারে নিশ্চেষ হয়ে গেছে, বৃত্তিচ্যুত হয়ে গেছে। তারা একেবারে মান্ধাতার আমলের ব্যাকওয়ার্ড ক্লাস তাঁতী যে কথা আমার দিদি শ্রীমতি গীতা মুখার্জী বললেন যে সত্যই এটা আজই আধুনিক করা উচিত তাদের। আজকে Electricityই বলুন এবং co-operative এর কথাই বলুন এবং সেই মূল ধনের কথাই বলুন এবং তার যোগানই বলুন, সেটা যদি আজকে আধুনিকীকরণ করা না হয়, তাহলে এই যে টাকা আমরা বরাদ্দ করেছি, এটা ব্লকে ব্লকে যাবে, artison loan হিসাবে কাকেও ৫০ টাকা, কাকেও ৩০ টাকা, কাকেও ১০০ টাকা দেওয়া হবে, এতে শিল্পের কোন কাজ হবেনা, কেউ হয়তো কাপড় কিনবে, কেউ হয়তো মুদি খানার তেল, নুনের ধার শোধ করবে, কিন্তু আসলে এতে শিল্পের কোন সহায়ক হবে বলে আমি মনে করি না।

এই সব কুটির শিল্প এক দম ধ্বংস হয়ে গিয়েছে। আমাদের এখানে যে কাঁশা শিল্প ছিল, যে শাঁখা শিল্প ছিল, যে তাঁত শিল্প ছিল সেই সবই আজকে ধ্বংস হয়ে গিয়েছে। আজকে তা যদি পুনর্গঠন করতে হয়, মহাত্মা গান্ধী যে কথা বলেছেন যে ভারতবর্ষ এর অর্থনীতিকে যদি বিকেন্দ্রিকরণ করতে হয় তাহলে দেশে যে রিসোর্সেস আমাদের আছে তাকে সংগ্রহ করতে হবে। আমাদের যে অর্থ সম্পদ সে সম্পদকে যোগান দিতে হবে। আমি আগে এই হাউসে বলেছি ব্যাংক যে রাষ্ট্রীয়করণ করা হয়েছে সেই ব্যাংক যাদের সিকিউরিটি দেবার ক্ষমতা নেই—যদি এই বেকার সমস্যার সমাধান করতে হয় তাহলে আজকে ঐ সব দুর্বল শ্রেণীর যারা তারা যাতে ঐ ব্যাংক থেকে উইদাউট, সিকিউরিটি বিনা জামিনে তারা যাতে এখন ব্যাংক থেকে টাকা নিয়ে শিল্প গঠন করতে পারে এইটা দেখতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাধারমন সাহা**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে ক্ষুদ্র শিল্প বিল উপস্থিত করা হয়েছে আমি তাকে সমর্থন করছি। এই বিলে গ্রামবাংলার বন্ধ রুগ্ন ও প্রায় ধ্বংস কুটির শিল্প বিভিন্ন জায়গায় কুটির শিল্প বিভিন্ন ধরনের কুটির শিল্পের জন্য বিভিন্ন খাতে এই বিলে যে অর্থ বরাদ্দ আছে তার জন্য এই বিলকে আমি অভিনন্দন জানাচ্ছি। এই বিলে গ্রামবাংলার রুগ্ন,

বন্ধ, ধ্বংসপ্রায় কুটির শিল্পকে পুনরুজ্জীবিত করার যে চেষ্টা রয়েছে, আমি মনে করি এই প্রচেষ্টা আরও অনেক বেশী ত্বরান্বিত হত যদি এই ব্যয় বরাদ্দের মধ্যে আরও বেশী পরিমাণে অর্থ ধার্য থাকত। আমি মনে করি এই প্রচেষ্টা আরও বেশী ত্বরান্বিত হত যদি গ্রামবাংলার কুটির শিল্পের মধ্যে প্রধানতঃ হস্তচালিত যে তাঁত শিল্প সেই তাঁত শিল্প খাতে আরও বেশী টাকা বরাদ্দ থাকত। আমরা দেখলাম হ্যাণ্ডলুমের জন্য রয়েছে ১৩ লক্ষ ৫০ হাজার টাকা, আমরা জানি আমার এলাকা নবদ্বীপ সেখানে প্রতি সপ্তাহে ৩৫ থেকে ৪০ লক্ষ মোটা কাপড় কেনা বেচা হচ্ছে। তাই বুঝতে পারছিনা কেমন করে এই কুটির শিল্পের উন্নতি সম্ভব হবে। কেমন করে নতুন নতুন কুটির শিল্প গড়ে তোলা সম্ভব হবে। এই যে মোট টাকা ধরা হয়েছে তার মধ্যে ক্ষুদ্র শিল্পে আছে ৯ লক্ষ ২৬ হাজার টাকা। আমি মনে করি গ্রাম বাংলার বিভিন্ন জায়গায় যে বিশেষ বিশেষ কুটির শিল্প গড়ে উঠছে সেই সমস্ত বিশেষ বিশেষ জায়গার কুটির শিল্পের জন্য এই বিলে অর্থ বরাদ্দ থাকা উচিত।

দেখছি বৃহৎ শিল্পের জন্য ৬টা স্থান নির্ণয় করা হয়েছে। তেমনিভাবে বলছি এই পশ্চিমবাংলায় হস্তচালিত শিল্প, হস্ত চালিত তাঁত বস্ত্রের প্রধান কেন্দ্র হল নবদ্বীপ প্রতি সপ্তাহে সেখানে যত টাকার মোটা কাপড় কেনা বেচা হয় এই পশ্চিমবাংলায় আর কোথাও তা হয় না। সেখানে হস্তচালিত তাঁত শিল্পের সংখ্যা ৮০ হাজারের বেশী। সেখানে ১ লক্ষ ৫০ হাজার লোক বাস করে এবং এর মধ্যে ১ লক্ষ ২৫ হাজার লোক এই ক্ষুদ্র তাঁত শিল্পের উপর নির্ভরশীল। আমি মনে করি এই খাতে আরও বেশী অর্থবরাদ্দ করার প্রয়োজন আছে। তবে যেহেতু বিভিন্ন ধরণের ক্ষুদ্র কুটির শিল্প উন্নয়নের প্রচেষ্টা রয়েছে সেহেতু এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্। জয় হিন্দ্।

**শ্রীজয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ নিরুত্তাপ পরিবেশে, মনোযোগ সহকারে সদস্যরা আমার প্রারম্ভিক ভাষণের উপর যে বক্তৃতা করেছেন তাতে অনেক জায়গায় গঠনমূলক প্রস্তাব লক্ষ্য করা গেছে। সবচেয়ে বেশী যেটা এই House-এর সদস্যদের বিচলিত করেছে তা হচ্ছে তাঁতশিল্প এবং তার দুরবস্থার কথা। আপনি জানেন এই শিল্পের যে কাঁচামাল সুতো ও তুলো তা এই রাজ্যে পর্যাপ্ত হয় না—সবে সুরু হয়েছে সবটাই বাইরে থেকে আনতে হয়। অর্থাৎ ভারতবর্ষের অন্য প্রান্ত থেকে আমদানী করতে হয় বলে আমি এখানে বিবৃতিতে বলেছি initial যে cost গড়ে freight price cmpetition-এর যে তারতম্য তাতে আমাদের তাঁতীদের অপেক্ষাকৃত অসুবিধা হয় এবং তারা প্রতিযোগীতায় পরাস্ত হয়। আমরা দেখেছি চিন্তা করে যে এই সুতো সরবরাহের জন্য এবং ওরা যে মাল উৎপন্ন করে সেটা বাজারজাত করার জন্য Textile Corporation-এর মাধ্যমে কতখানি কি করা যায়। এর নানান দিক আছে যা নিয়ে আমরা আলোচনা করছি। সুতোর ক্ষেত্রে যে বৈষম্য আছে সেটা অনেকে উল্লেখ করেছেন। Cement, Coal, Steel-এ কোন বৈষম্য নেই, ভারতবর্ষের সর্বত্র Cement, Coal, Steel-এর একই দাম। অথচ সুতোর ক্ষেত্রে আমরা দেখছি পশ্চিমবাংলায় এক দাম, আর মাদ্রাজ, বম্বে, আমেদাবাদে আর এক দাম। সেজন্য এই বৈষম্য দূর করার জন্য আমরা ভারত সরকারের সঙ্গে যোগাযোগ স্থাপন করছি। আর একটা বিষয় যেটা সদস্যদের উদ্বিগ্ন করেছে সেটা হচ্ছে কাঁসা, শাঁখা ইত্যাদি এরকম ধরণের কিছু শিল্প। আপনারা জানেন আজ এই আধুনিক যুগে অনেক উপকরণ নিয়ে বিজ্ঞান, প্রযুক্তিবিদ্যা হাজির হয়েছে। এর ফলে কাঁসার বাসন ছেড়ে দিয়ে আজ আমরা Staniless Steel-এর জিনিষ কিনছি। কাঁসার বাসনের লাগে যে Raw materials সেটা আমাদের পর্যাপ্ত নেই। এরজন্য যে বরাদ্দ আমরা পাই সেটা প্রয়োজনের তুলনায় সামান্য। আমাদের কাঁচামালের যে initial cost পড়ে, এর উপর manufacturing যে cost এর সঙ্গে তুলনামূলকভাবে প্রতিযোগিতায় আজ অন্য সুন্দর যে পসরা চলছে তাতেই traditional শিল্প হটে যাচ্ছে।

শিল্পীরা একদিকে দুঃস্থ, অন্যদিকে কাঁচামাল সরবরাহে অব্যবস্থা, মধ্যপথে ইন্টারমিডিয়ারী মহাজনদের প্রভাব একটা আছে, সবগুলি মিলে আমাদের ট্রাডিসনাল শিল্প চলছে। বাসন, হাতীর দাঁত, শাঁখা ইত্যাদির কথা যাঁরা উল্লেখ করেছেন সেটা অস্বীকার করবার উপায় নেই। আমরা যে সমস্ত জেলায় এই শিল্প প্রতিষ্ঠিত আছে সেখানকার সমস্যাগুলি নিয়ে বিভিন্ন ফাইনানসিয়াল ইনষ্টিটিউসান এবং আমাদের সরকারের যে বি এস আই ব্যবস্থা আছে, স্মল স্কেল ইণ্ডাষ্টির মাধ্যমে যাতে সামান্য লোন বা অনুদান দিতে পারি সেইভাবে অমরা এদের সাহায্য করার চেষ্টা করছি। বায়াসটা যদি চেঞ্জ না হয় from this traditional products to more sophisticated and modern products তাহলে প্রতিযোগিতায় দাঁড়ান আমাদের পক্ষে অসুবিধা আছে। তাহলেও গ্রামীন কুটির শিল্পের ভবিষ্যৎ অন্ধকার বলে আমি মনে করি না, সেই ইংগিত আমি আমার প্রারম্ভিক ভাষণে করেছি। আমাদের যে হ্যাণ্ডিক্র্যাফ্টস শিল্প আছে সেগুলির স্বদেশে বাজার রয়েছে। এদের যে ইনিসিয়াল অসুবিধা সেই অসুবিধাগুলি দূর করে দিতে হবে। মূল অসুবিধা কাঁচামাল সরবরাহের। কাঁচামাল নিয়মিত সরবরাহ করতে হবে, ফিনিসড প্রোডাক্টস নিয়ে আসতে হবে। আমাদের কিছু কিছু বাইরে এম্পোরিয়াম আছে, আমাদের বিভিন্ন প্রদর্শনীতে আছে Participation to project our items to make it attractive to the whole of India and outside India and abroad. এর মাধ্যমে আমাদের যে হ্যাণ্ডিক্র্যাফ্স এবং আমাদের গ্রামীন শিল্পের যে প্রোডাক্টস, এর মান উন্নত করে দেশে এবং বিদেশের বাজারে একে জনপ্রিয় করে তোলার বহুবিধ সুযোগ আমরা নিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর যে বিষয়টা উল্লেখ করেছেন কাঁচামাল সরবরাহ ব্যাঙ্ক সব জেলায় করতে হবে, আমি বলছি এখনই এটা প্রয়োজন নেই। আজকে ওয়েষ্ট দিনাজপুরের একটা জায়গায় যেখানে শিল্পের কোন প্রসার নেই সেখানে কাঁচামালের ব্যাঙ্ক করে, ওয়েষ্ট বেঙ্গল স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিয়াল কর্পোরেশান তার ব্রাঞ্চ করে আমি করব কি? যেখানে শিল্প প্রতিষ্ঠিত রয়েছে সেই শিল্পে কাঁচামাল যেন যোগান যায়, তার ফিনিস্ড প্রোডাক্টস যেন সেখানে আসে—এখানে সব কিছু জোনাল ভেরিয়েসান রয়েছে, যেমন বাঁকুড়া মুর্শিদাবাদ, বীরভুম, মালদহ জেলাতে মোটামুটি সিল্ক ইণ্ডাষ্টি প্রসারিত, আজকে সেখানে লোহা নিয়ে গিয়ে খুব একটা সুবিধা করতে পারব না নট ইন অল রেসপেক্টস। আমাদের যে ওয়েষ্ট বেঙ্গল স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিয়াল কর্পোরেশান আছে, এর অনুকরণে প্রত্যেক জেলায় ব্যাঙ্ক করার প্রয়োজন আছে, সরবরাহ গুদাম করার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। স্বভাবতঃই দেখতে হবে, যে বিষয়ে অসুবিধা আছে সেই বিষয়টি দূর করে দেওয়ার জন্য। মাননীয় সদস্যরা বোধ হয় একটা জিনিস ওভার লুক করেছেন। আমি সনৎ বাবুর দৃষ্টি আকর্ষণ করছি পুরুলিয়ার মধ্যে ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেট, কমার্সিয়াল এস্টেট, টেকনিসিয়ান্স কো-অপারেটিভস, ইকুইটি পার্টি সিপেসান এণ্ড সিড মণি, হায়ার পার্চেজ অব ইন্ডিজিনাস মেসিনারী এই বাবদ ৩৯ লক্ষ টাকা পেয়েছিলাম ভারত সরকারের কাছ থেকে। প্রথমতঃ চেয়েছিলাম ৩ কোটি টাকার কিছু বেশী প্রকল্প নিয়ে আমরা ভারত সরকারের দ্বারস্থ হই, পরবর্তীকালে আমরা সিদ্ধান্ত বদল করে এখন ৬ কোটি টাকার একটা প্রকল্প দাখিল করছি ভারত সরকারের কাছে মঞ্জুরীর জন্য যাতে পুরুলিয়ার মত এই জাতীয় জেলায় যেমন ওয়েষ্ট দিনাজপুর, মেদিনীপুরের কিছু অংশ, সেখানে শিল্পের সম্প্রসারণ সম্ভব হয়। আমি তুলনামূলকভাবে দেখিয়েছি ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেট আমাদের এখানে মাত্র একটা আছে, অন্যান্য জায়গা, যেমন অন্ধ্র, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশের মত জায়গা অনেক এগিয়ে গেছে।

[5-20—5-30 p.m.]

ভবানীবাবু আশংকা প্রকাশ করে বলেছেন ইণ্ডাষ্ট্রীয়াল এষ্টেট—গুলি আপনারা করবেন

যেখানে এন্সিল্যারি অর সাবসিডিয়ারী ইণ্ডাস্ট্রি ডেভলপমেন্ট করা সম্ভবপর নয়। আমি তাঁকে বলতে পারি দুর্গাপুরে আমরা এই জাতীয় প্রকল্প নিয়েছি এবং আমরা লক্ষ্য করছি যেন সেখানে ওয়েসটেজ না হয়, আইদার মেটেরিয়ালস্ অর কনসট্রাকসন অর ম্যান পাওয়ার এবং উপযুক্ত এণ্টারপ্রেনিওর যেন খুঁজে পাওয়া যায়। যেখানে এনসিল্যারি ইণ্ডাষ্ট্রিস্ নয় সেখানে যেন সাবসিডিয়ারী ইণ্ডাষ্ট্রীতে সাহায্য করতে পারে। দুর্গাপুরে একটা কমিটি হয়েছে চেয়ারম্যান তুলপুল এবং অন্যান্য কর্মকর্তাদের নিয়ে। আমরা দুর্গাপুরে যে প্রকল্প নিয়েছি সেখানে চেষ্টা করছি উৎসাহ দেবার জন্য এবং দুর্গাপুর সম্বন্ধে আমি আমার বক্তব্য রেখেছি। এই ধরনের দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা পশ্চিমবাংলার প্রতিটি জেলায় আইদার ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেট এবং যেখানে ইণ্ডাষ্ট্রীয়াল এস্টেট সম্ভব নয়, এণ্টারপ্রেনিওর এখনই খুঁজে পাওয়া যাবেনা সেখানে আমরা চাই কমার্শিয়াল এস্টেট করতে বা এই জাতীয় আর কিছু করতে। আপনারা জানেন ক্ষুদ্র এবং গ্রামীন শিল্পের একটা অর্গান আছে, স্ট্যাটুটরি অর্গান খাদি এ্যাণ্ড গ্রামীন বোর্ড। বিমলবাবু দুঃখ প্রকাশ করে বলেছেন যে, চরকা বুঝি যায়, গান্ধীজির সংকল্পের দিকে দৃষ্টি দেওয়া হচ্ছেনা। বার বার একথা বলে কোন লাভ নেই যে, ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত এই বোর্ডের উপর যে অত্যাচার হয়েছে, তাদের উপর যে আঘাত এসেছে সেটা আমরা দেখেছি। শ্রীমতী গীতাদেবী অর্ধশিক্ষিত এবং অল্প শিক্ষিত মহিলাদের কথা বলেছেন যে, তাঁদের উপর আঘাত এসেছে। আমরা খাদি এবং গ্রামীন শিল্পের মাধ্যমে এই জাতীয় মহিলাদের চরকা বা টেইলারিং-এর সুযোগ যাতে সমস্ত জায়গায় দিতে পারি তার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন ভারতবর্ষের মত একটি দেশে গান্ধীজী এই পথ নির্দেশ করেছিলেন যে এত লোক যেখানে বসবাস করছে সেখানে গ্রামীন এবং ক্ষুদ্র শিল্পকে এগিয়ে নিতে হবে মানুষের কর্ম সংস্থানের জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন স্বাধীনতার আগে এবং পরে ভারতবর্ষের মধ্যে কোন কোন রাজনৈতিক দল এই চরকার বিরোধিতা করেছিল এবং তারজন্য এই খাদি এবং গ্রামীন শিল্প পশ্চাতে চলে গেছে, তাদের উপর আঘাত এসেছে। স্বাধীনতার আগে সেই শক্তি তৎপর ছিল এবং স্বাধীনতার পরেও দেখেছি এই গ্রামীন এবং কুটির শিল্পের উপর আঘাত এসেছে। আজকে অবশ্য তাঁদের অনেককেই দেখছি দুঃখ প্রকাশ করতে। মহিলাদের কর্ম সংস্থানের ব্যাপারে আমি গীতাদেবীকে একথা বলতে পারি যে আমরা এই ব্যবস্থা করিনি যে মহিলারা কাজ পাবেনা। সিরামিক শিল্পে, টেইলারিং শিল্পে মহিলারা কাজ করছেন। ভবানীবাবু বলেছেন এমব্রয়ডারীতে মহিলারা কাজ করছেন, খাদিতে মহিলারা কাজ করছেন, হ্যাণ্ডিক্রাফ্টস্-এ মহিলারা কাজ করছেন। গীতাদেবীর এটুকু জানা দরকার যে এখন মহিলা এবং পুরুষদের মধ্যে পার্থক্য করার কোন ব্যবস্থা নেই, তাঁদের সমান অধিকার দেওয়া হয়েছে। বিশেষ করে গীতাদেবীর মত মহিলাদের দেখে তাঁদের পৃথকভাবে দেখতে ভুলে গেছি। তাঁরা এখন দেখছি পুরুষদের সমান পর্যায়ে এসে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রারম্ভিক ভাষণ যা রেখেছি তা দেখে অনেক বন্ধু হতাশ হয়েছেন বরাদ্দ কম বলে। আমি আনন্দিত হব তাঁদের সুপারিশে আজকে যদি কুটির শিল্প খাতে বরাদ্দের অঙ্কটা বেড়ে যায়। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এবং পৃথিবীর সমস্ত দেশে তাদের টোট্যাল ষ্টেট বাজেটে মিনিমাম থ্রি পারসেণ্ট এই স্মল এ্যাণ্ড কটেজ ইণ্ডাষ্ট্রী খাতে বরাদ্দ থাকে।

ভারতের অন্যান্য রাজ্যে আছে। আমাদের এই রাজ্যে আমরা দেখছি আমাদের যে বরাদ্দ আছে ৬ পি. সি. এই কুটির শিল্পের জন্য স্মল স্কেল ইণ্ডাষ্ট্রীজের জন্য। আমার বন্ধুরা যে ক্ষোভ প্রকাশ করেছেন যে এটা ইন এডিকোয়েসি। এই ব্যায় বরাদ্দের অঙ্ক যদি বাড়ে তাহলে আমি নিজে খুশী হব এবং আমার স্থলে যিনিই থাকুন না কেন তার পক্ষে কাজ করা সুবিধা হবে। সুতরাং আমি

আপনাদের সঙ্গে একমত। কিন্তু স্টেট এক্সচেকারের যে অবস্থা এর বেশী বরাদ্দ করা এখন সম্ভবপর হয়নি। আজকে যেটুকু পেয়েছি তার যেন পূর্ণ সদ্ব্যবহার করতে পারি। ফুল ইউটিলাইজেসন এবং ম্যাক্সিমাম ইউটিলাইজেসন যেন সম্ভবপর হয় সেদিকে দৃষ্টি রেখে এই দপ্তরের পরিকল্পনা কিংবা কার্য্যক্রম রচিত হয়েছে। আমি তাই মাননীয় সদস্যদের সামনে তুলে ধরেছি। কো-অপারেটিভের কথা এখানে বলা হয়েছে। অনেকে দুঃখ প্রকাশ করেছেন যে কো-অপারেটিভের অসুবিধা এবং কো-অপারেটিভের দুর্নীতি ফেলইওর, ব্যর্থতা ইত্যাদি সম্বন্ধে। কিন্তু আজকের কো-অপারেটিভ পরিচালিত হচ্ছে আমাদের দেশের মানুষদের নিয়ে, আমাদের দেশের ছেলেদের নিয়ে, নাগরিকদের নিয়ে। আজকে বায়াস তৈরী করতে হবে যেন কো-অপারেটিভের ব্যর্থতার প্রবণতা, এই ব্যর্থতাকে রোধ করতে হবে কেননা জাগ্রত করতে হবে সততা, সত্যিকারের মানুষ হতে হবে, যাতে সমাজের দীনতম মানুষ এর আওতায় আসতে পারে এবং এর বেনিফিট পেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে সমস্ত জায়গায় শিল্প গড়ে ওঠেনি সেইদিকে আমি মাননীয় জনপ্রতিনিধিদের এবং মাননীয় সদস্যদের অনুরোধ করবো other than infruastructure, other than raw material, other than Capital আমাদের ছেলেরা বিশেষত: গ্রামের ছেলেরা কর্ম্মসংস্থানের জন্য সেলফ এমপ্লয়মেণ্ট-এর যে একটা এভিনিউ এখানে যে কর্মসংস্থান হতে পারে এই বায়াস এই দেশে এখনও তৈরী হয়নি। আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করবো যেন তারা আমাদের রাজ্যে বায়াস তৈরীর প্রবণতা বৃদ্ধি করতে সাহায্য করেন। এবং এই আবহাওয়া সৃষ্টী করার চেষ্টা করেন। চাকুরী শুধু নয়, হোয়াইট কালার জব সেল্‌ফ এমপ্লয়মেণ্ট কর্মসংস্থানের উদ্যোগ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ব্যয় বরাদ্দের দাবী আমি এখানে উপস্থিত করেছি তাতে মাননীয় সদস্যরা আজকে নিরুত্তাপ পরিবেশের মধ্যে এবং আন্তরিক সহযোগিতার যে হস্ত সম্প্রসারিত করেছেন সেজন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। যে কাট মোশানগুলি মুভ হয়নি সেগুলিও বিরোধীতা করছে, কিন্তু শেষে একটি কথা বলছি, না বলে থাকতে পারছি না। আমার বন্ধুবর বারি সাহেব নিজেকে প্রতিক্রিয়াশীলদের প্রতিভু বলে পরিচয় দিলেন। আমি ঠিক এর তাৎপর্য্য বুঝলাম না। যাই হোক আমি হয়তো ভুল বুঝে থাকতে পারি। আমি আশা করি যে, মাননীয় সদস্য বারি সাহেবের আমরা উপযুক্ত সহযোগিতা পাব এবং তাঁর সৎ পরামর্শে আমাদের কাজ এগিয়ে যাবে এটা আমি বিশ্বাস করি। এই কথা বলে সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে যদিও কাট মোশানগুলি মুভ হয়নি আমি তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনই মাননীয় মন্ত্রী মহাশয় আমার নাম করে বললেন আমি নাকি প্রতিক্রিয়াশীলদের প্রতিভু—এই রকম কথা বলেছি, কিন্তু তা আমি বলিনি। আমি বলেছি প্রতিক্রিয়াশীলদের প্রতিভূ বলে আমাদের ভয় দেখানো হয়। ওঁরা যাই বলুন না কেন প্রতিক্রিয়াশীলদের প্রতিভূ বলুন আর যাই বলুন শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ের নেতৃত্বে তাদের নির্দেশিত সমাজতন্ত্রের পথে আনতে আমরা বাধ্য করবো।

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs. 3,17,35,000 be granted for expenditure under Grant No. 27, Major Heads :

"35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries" was then put and agreed to.

[5-30—5-40 p.m.]

## Seventh Report of the Business Advisory Committee

**Mr. Speaker** : The Business Advisory Committee at its meeting held today in my chamber recommended that the business fixed for the 8th July, 1972, namely, Grants Nos. 22 and 23, be taken up on the 11th July, 1972, and that the business fixed for the 11th July, 1972, namely, Grants Nos. 34, 51, 32 and 45, be taken up on the 8th July, 1972. A revised programme for the above two days is being circulated.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I beg to move that the Seventh Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was adopted.

## Demand for Grant No. 31

Major Head : 39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes.

**Shri Santosh Kumar Ray** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,61,54,000 be granted for expenditure under Grant No. 31, Major Head : "39 Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes."

পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার ২৬ শতাংশ মানুষই তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত। তাঁদের শিক্ষাগত অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের মত বিরাট কাজে উপবি-উক্ত পরিমিত অর্থ যে মোটেই যথেষ্ট নয় তা আমি ভালভাবেই জানি। মহাত্মা গান্ধী চেয়েছিলেন এইসব অনুন্নত মানুষকে সবার আগে যোগ্য আসনে প্রতিষ্ঠিত করতে। স্বীকার করতে বাধা নেই স্বাধীনতার পর সরকারের আপ্রাণ চেষ্টা সত্ত্বেও সে কাজে অগ্রগতি হয়েছে সামান্যই। তাই আমাদের উচিত রাজ্যের অনুন্নত সম্প্রদায়গুলির উন্নতিবিধানের জন্য সর্বশক্তি নিয়োগ করা। কিন্তু সামনে রয়েছে দুস্তর বাধা, যার মধ্যে প্রধান হোল আর্থিক প্রতিকূলতা। কিন্তু বাধা বা অসুবিধার জন্য তো নিশ্চেষ্ট হয়ে বসে থাকা যায় না, তাই এই সীমিত আর্থিক সঙ্গতির মধ্যেও সারা পশ্চিমবঙ্গে অনুন্নত সম্প্রদায়ের উন্নতির জন্য আমরা আমাদের কর্ম প্রচেষ্টা চালিয়ে যাব।

স্বামী বিবেকানন্দ থেকে জাতির জনক মহাত্মা গান্ধী দেশের অনুন্নত সম্প্রদায়কে অন্ধকার থেকে আলোয় আনার যে স্বপ্ন দেখতেন তা বাস্তবে রূপায়িত করা যে সহজকাজ নয় একথা যে কেউই স্বীকার করবেন। তবুও পশ্চিমবঙ্গে এই সরকার ক্ষমতায় এসেই কাজে হাত দিয়েছেন—উদ্দেশ্য, অনুন্নত যাতে আর অনুন্নত না থাকে, সমান যোগ্যতা ও সম্মান নিয়ে তারা যাতে রাজ্যের অবশিষ্ট ৭৪ শতাংশের সঙ্গে সমান মর্যাদায় প্রতিষ্ঠিত হতে পারে তার ব্যবস্থা করা। এই উদ্দেশ্যে ইতিমধ্যেই কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

প্রথমেই আনন্দের সঙ্গে ঘোষণা করছি তফসিলী জাতি ও উপজাতি কল্যাণের উদ্দেশ্যে বিধান সভার সদস্যদের নিয়ে একটি কমিটি গঠিত হচ্ছে। এই কমিটির উদ্দেশ্য হবে ঐসব অনুন্নত সম্প্রদায়গুলির স্বার্থ সংরক্ষণ। কেন্দ্রে জাতীয় পর্য্যায়ে তফসিলী জাতি ও উপজাতি কল্যাণের উদ্দেশ্যে যে পার্লামেন্টরী কমিটি আছে, রাজ্য পর্য্যায়ে এই কমিটি অনুরূপভাবেই কাজ করবে। আমার দৃঢ় বিশ্বাস, ঐসব অনুন্নত সম্প্রদায়ের সর্বাত্মক উন্নয়নের ক্ষেত্রে নীতি নির্ধারণের বিষয়ে এই কমিটি গঠনের সার্থকতা অচিরেই প্রমাণিত হবে।

দ্বিতীয়তঃ, আমাদের মনে হয়েছে এইসব অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদের শিক্ষা ব্যবস্থার আমূল সংস্কার দরকার, এর ফলে ঐসব ছাত্র যথাযথই উপকৃত হবে। বৃত্তি পাবার জন্য বর্তমানে যে সব ফরম চালু আছে সেগুলি পূরণ করা বেশ জটিল ব্যাপার এবং সমস্ত বিষয়টি বেশ সময় সাপেক্ষ। এই জটিলতা হ্রাস করে সহজ ব্যবস্থা প্রবর্তনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আমরা ইতিমধ্যেই লিখেছি। ঐসব ছাত্রদের জন্য বৃত্তির টাকা যাতে সময়মত এবং নিয়মিতভাবে বন্টিত হয় তার জন্য আমরা কলেজের অধ্যক্ষ, বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের কাছে আবেদন রেখেছি. সেইসঙ্গে আমাদের অফিসারদের নির্দেশ দিয়েছি যে, বর্তমানে তাঁদের যে লোকবল রয়েছে তার পূর্ণ সদ্ব্যবহার করে সংক্ষিপ্ততম সময়ে ছাত্রদের আবেদনপত্র পরীক্ষা প্রভৃতির কাজ যেন তাঁরা শেষ করেন। বিদ্যালয়ের বেতন প্রদান কেবলমাত্র "৪১—শিক্ষাগতভাবে আরও পশ্চাদ্‌পদ তফসিলী জাতির" ছাত্রদের মধ্যে সীমাবদ্ধ না রেখে সামগ্রিকভাবে পাবার যোগ্য সমস্ত তফসিলী জাতির ছাত্রদের মধ্যে প্রসারিত করার প্রস্তাবটি বর্তমানে পরীক্ষাধীনে রয়েছে। সরকারী মেডিক্যাল কলেজ সংলগ্ন হোস্টেলগুলিতে শতকরা ১৫ ও ৫ ভাগ আসন যথাক্রমে তফসিলী জাতি এবং তফসিলী উপজাতির ছাত্রদের জন্য সংরক্ষিত করার জন্য আমরা রাজ্যের স্বাস্থ্য দপ্তরের কাছে অনুরোধ করেছি।

তৃতীয়তঃ, চতুর্থ যোজনার শেষ বছরে এবং পঞ্চম যোজনায় এই উদ্দেশ্যে অধিকতর অর্থ বরাদ্দের উদ্দেশ্যে অন্যান্য রাজ্যকে আমরা তাদের রাজ্যে তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের শতকরা সংখ্যা এবং এদের কল্যাণের উদ্দেশ্যে বাজেটের শতকরা কত অংশ বরাদ্দ হয়ে থাকে তা জানাবার জন্য অনুরোধ করেছি। এই সব তথ্য পাওয়া গেলে আমাদের পক্ষে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের কাছে এই বিভাগের জন্য আরও অর্থ বরাদ্দের দাবি জানানোর সুবিধা হবে বলে আশা রাখি।

চতুর্থতঃ, আপনারা জানেন সরকারী চাকুরীতে তফসিলী জাতি ও তফসিলী উপজাতির প্রতিনিধিত্বের উদ্দেশ্যে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সমস্ত প্রথম ( ডব্লিউ, বি, সি, এস,—জুডিসিয়াল বাদে ), দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর পদে তফসিলী জাতি এবং তফসিলী উপজাতির লোকের জন্য যথাক্রমে শতকরা ১৫ এবং শতকরা ৫ ভাগ পদ সংরক্ষিত আছে। এই ভাবেই সমস্ত সরকারী এবং সরকারী স্পনসর্ড স্কুল, কলেজ ও হোস্টেলে তফসিলী জাতি এবং তফসিলী উপজাতি ভুক্তদের জন্য যথাক্রমে শতকরা ১৫ ও ৫ ভাগ আসন সংরক্ষণের ব্যবস্থা হয়েছে। এইসব আদেশ বলবৎ থাকা সত্ত্বেও তা কার্যকরি করা হয়নি একথা দুঃখের হলেও স্বীকার করতে আমরা বাধ্য। এই সব সরকারী আদেশ যাতে এখন থেকে যথাযথভাবে কার্যকর হয় তার জন্য আমি আপনাকে আশ্বাস দিচ্ছি। এই ব্যাপারে আমরা নবগঠিত পরিষদীয় কমিটির মূল্যবান উপদেশ ও সাহায্য বিশেষভাবে আশা করছি।

যে সব পরিকল্পনা তফসিলী জাতি ও তফসিলী উপজাতি সম্প্রদায়ের ক্ষেত্রে কল্যাণকর বলে মনে হয়েছে সেগুলির সমস্তটাই চলতি বছরে কার্যকর রাখা হয়েছে। এই সব সম্প্রদায়ের দীর্ঘদিনের প্রয়োজন মেটাতে এছাড়াও নিম্নোক্ত নতুন কতকগুলি পরিকল্পনা কার্যকর করা হয়েছে।

### (ক) তফসিলী উপজাতিদের জন্য মোটর চালনা শিক্ষাদান

এই পরিকল্পনা অনুযায়ী উপজাতি সম্প্রদায়ভুক্ত তরুণদের অনুমোদিত শিক্ষায়তন থেকে বিনামূল্যে মোটর চালনা শেখানো হবে। শিক্ষা চলাকালীন সময়ে প্রত্যেক শিক্ষার্থী তিন মাসের জন্য মাসিক ৪০ টাকা হিসাবে রাহা খরচ পাবেন। শিক্ষার পর লাইসেন্সের খরচ বাবদ প্রত্যেক শিক্ষার্থীকে ১৫ টাকা হিসাবে দেওয়া হবে। বাজেটে এই উদ্দেশ্যে এবারে ১৫০০০ টাকা রাখা হয়েছে।

### (খ) তফসিলী জাতির জন্য আশ্রম হোষ্টেল

এই পরিকল্পনায় বুনিয়াদি বিদ্যালয়গুলিতে তফসিলী জাতিভুক্ত ছাত্রদের জন্য আশ্রমের সুবিধা দেওয়া হয়েছে। তফসিলী উপজাতিভুক্ত ছাত্ররা বর্তমানে বুনিয়াদী বিদ্যালয়গুলিতে ঐ সুযোগ পেয়ে থাকেন। এই পরিকল্পনার জন্য এই বাজেটে ১,৬৫,০০০ টাকা রাখা হয়েছে।

### (গ) তফসিলী জাতিদের জন্য রাস্তা, সেতু ও কালভার্ট

দূরদূরান্তের গ্রামে সংযোগ ব্যবস্থার উন্নতিকল্পে তফসিলী জাতি অধ্যুষিত এলাকাগুলিতে এই পরিকল্পনা অনুসারে রাস্তা, সেতু ও কালভার্ট নির্মাণ করা হবে। এই উদ্দেশ্যে বাজেটে ১,২৫,০০০ টাকা রাখা হয়েছে।

### (ঘ) ভূমিহীন তফসিলী জাতিদের ভূমিতে পুনর্বাসন

তফসিলী উপজাতিদের কল্যাণকল্পে যে সাব ব্লক পরিকল্পনা কার্যকর আছে এই পরিকল্পনাটি তারই পরিপূরক। এই অনুযায়ী তফসিলী অধ্যুষিত অঞ্চলগুলিতে এই সম্প্রদায়ভুক্ত ভূমিহীনদের পুনর্বাসনের জন্য বিভিন্ন পরিকল্পনা করা হবে। এই উদ্দেশ্যে বাজেটে ৩,৫০,০০০ টাকা রাখা হয়েছে।

### (ঙ) দরিদ্র তফসিলী উপজাতিভুক্তদের জন্য বাসগৃহ

দরিদ্র ও উপযুক্ত তফসিলী উপজাতিভুক্তকে এই পরিকল্পনা অনুযায়ী বাড়ী তৈরীর জন্য ১,২০০ টাকা এবং বাড়ীর জন্য জমি কিনতে ৫০০ টাকা দেওয়া হবে। এই উদ্দেশ্যে বাজেটে ১,৫০,০০০ টাকা রাখা হয়েছে।

পরিশেষে বলতে চাই যে, তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায় প্রতিনিয়ত যে সমস্যা ও অসুবিধার সম্মুখীন হচ্ছে সে সম্পর্কে আমাদের সরকার সম্পূর্ণ অবহিত আছেন। আমি আশ্বাস দিচ্ছি যে তাদের কল্যাণ ও উন্নতির জন্য সম্ভাব্য সমস্ত ব্যবস্থাই গ্রহণ করা হবে। আগেই বলেছি এই সব পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে আমরা যতটা চাই ততটা বাস্তবে করা সম্ভব হয়নি। তবুও আমি বলব যে, আমাদের প্রিয় নেত্রী প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর সুযোগ্য নেতৃত্বে এবং বিধান সভার সদস্য ও দেশবাসীর সক্রিয় সহযোগিতায় এই রাজ্যে তফসিলী জাতি ও উপজাতিদের সর্বাত্মক কল্যাণে আমাদের সংবিধানের নির্দেশাত্মক নীতির সর্তাদি বিশ্বস্ততার সঙ্গে কার্যকর করতে সক্ষম হবই।

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

**Mr. Speaker** : Notices of four cut motions have been given, but I understand no honourable Member is going to move any cut motion. Some of them have already submitted in writing that they are not going to move any cut motion. So, there is no cut motion before the house.

I now call upon Shri Monoranjan Pramanick to speak.

**শ্রীমনোরঞ্জন প্রামানিক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তফসিলী সম্প্রদায়ের বাজেট খাতের ব্যয় বরাদ্দ আলোচনা প্রসঙ্গে আমি এই সমাজের চিত্র আপনার সামনে তুলে ধরছি। আমি তফসিলী সম্প্রদায়ভুক্ত—তাই এই সমাজের চিত্র তুলে ধরা আমার একটি পবিত্র কর্তব্য। যদিও আমি জানি আপনি দীর্ঘদিন ধরে এই সমাজের উন্নয়নের জন্য সংগ্রাম করেছেন। বর্তমানে পশ্চিমবঙ্গে আমাদের সমাজকে সামগ্রিকভাবে শোষন করা হয়। শুধু তাই নয়, অর্থনৈতিক দিক থেকেও এই সমাজকে শোষণ করা হয়। এই অর্থনৈতিক শোষণের পেছনে সামাজিক শোষণও চলছে। তবুও এই সমাজের মানুষগুলি এই শোষণের বিরুদ্ধে গর্জে উঠছে না। এর একটি কারণ আছে। এই রকম শোষণের বিরুদ্ধে গর্জে ওঠার মত সামাজিক পরিবেশ এই সমাজের নাই। দীর্ঘদিন অজ্ঞানতার অন্ধকারে থাকার ফলে তারা আলোর পথ দেখতে পাচ্ছে না, জ্ঞানের পথ তাদের কাছে চিরুদ্ধ। তাই এই সংগ্রামের জন্য তারা তৈরী হতে পারছে না। সেই জন্য এই সমাজের লোকজন এত পেছনে পড়ে রয়েছে। স্বাধীনতার ২৫ বছর কেটে গেছে। গান্ধীজী হরিজনদের উন্নয়নের জন্য এত চিৎকার করে গেলেন তবুও এই সমাজের উল্লেখযোগ্য উন্নয়ন আদৌ হয় নাই। এই সমাজের উন্নতির জন্য সরকারী প্রচেষ্টাও তেমন ঠিক ঠিক ভাবে চালানো হয় নাই। জনগণ সরকারকে Tax দেয়, সরকার হচ্ছে জনগণের মঙ্গলের প্রতীক, সরকার দেয় ট্যাক্সের প্রতিদানে তাদের কল্যাণ করতে বাধ্য। এই সম্প্রদায়ের লোকসংখ্যা মোট জনসংখ্যার ২৬ শতাংশ। তারা যে টাকা ট্যাক্স দেয় সরকারকে, সেই Tax এর টাকা তাদের কল্যাণের জন্য ব্যয়িত হয় না। এমনই উদ্ভট অবস্থা যে তাদের দেয় ট্যাক্স সমাজের অপর লোক তার থেকে উপকার পায়। সমাজের বৈষম্যের কথা বলতে গিয়ে সর্বপ্রথম আমি বলি যে এই সমাজের লোকেরা বাস্তবিকই এমনই জায়গার মধ্যে বাস করে যে জায়গা গ্রাম থেকে অনেক বাইরে, যেখানে যাবার কোন সুব্যবস্থা নাই। তাদের ঘরের চালে খড় নাই পরনে বস্ত্রও নাই। তারা অন্য লোকের জমিতে শ্রম দিয়ে অন্নের ব্যবস্থা করে। এই যে সম্প্রদায় এরা কোন দিনই জেগে উঠেনি—এদের লাইফ ফোর্স জন্ম থেকেই শোষক শ্রেণীর এবং ধনী সমাজের চরণ তলে বিক্রিত। এই সম্প্রদায়ের লোকেরা উদয় অস্ত পরিশ্রম করে—স্ত্রী পুরুষ এমন কি নাবালক শিশু পর্যন্ত পরিশ্রম করে অন্নের ব্যবস্থা করার জন্য, তবুও তারা অনেক সময় সেই অন্নের সংস্থান করতে পারে না। সম্প্রতি সরকার বর্গাদার উচ্ছেদ করা চলবে না বলে জানিয়েছেন। কিন্তু বিভিন্ন জায়গায় এই বর্গাদার উচ্ছেদ করা হচ্ছে। এর কোন প্রতিবিধান করার ব্যবস্থা দেখতে পাচ্ছি না। আমাদের দেশে বিভিন্ন বিত্তসম্পন্ন সম্প্রদায় আছে—সরকারী কর্মচারী আছে, কারখানার শ্রমিক আছে, বিভিন্ন প্রতিভাসম্পন্ন ব্যক্তি আছে। তারা বিভিন্ন সময়ে তাদের দাবী আদায় করার জন্য আন্দোলন করেছে এবং তাদের দাবী আদায়ও করেছে, তাদের বেতন বৃদ্ধি করেছে। কিন্তু এই সম্প্রদায়ের লোকরা সংঘবদ্ধভাবে আন্দোলন করে নাই বলে তাদের বেতন বাড়ে নাই। একজন সরকারী কর্মচারী সাত ঘণ্টা পরিশ্রম করে ৯ টাকা বেতন পান, কারখানার শ্রমিকরা ৬ টাকা বেতন পান এবং অন্যান্য সুযোগ সুবিধাও অর্জন করে। আর তপসিলী জাতির মজুররা পরের জমিতে কাজ করে মাত্র দেড় টাকা উপায় করে। আমি এই তপসিলী জাতীয় লোকদের মজুরী বাড়াবার চেষ্টা কোথায়ও দেখতে

পাচ্ছি না। আজকে এদের অভাব যে করেই হোক দূর করতে হবে। বিশেষ করে আমাদের সরকার যখন সমাজতন্ত্র সফল করতে চলেছেন, দারিদ্র্য দূর করতে বদ্ধপরিকর তখন এই সমাজের নিশ্চয়ই উন্নয়ন প্রচেষ্টা আমাদের করতেই হবে। যদি না করা হয় তাহলে পর দীর্ঘদিন তারা এইভাবে নিষ্পেষিত হয়ে থাকবে না তারা রুখে দাঁড়াবেই। ইতিহাসের পাতা উল্টে তাই দেখা যায়। বৃটিশ আমলে এই সম্প্রদায়ের অনেক লোককে তারা খৃষ্টান ধর্মে দীক্ষা দিয়েছিল। সম্প্রতি কল্যাণীর কৃষ্ণপুর গ্রামে প্রায় ২৮ হাজার আদিবাসী খৃষ্টান ধর্ম গ্রহণে ব্রতী হচ্ছে। গত যুক্তফ্রন্টের সময়ে এই অভাবের এই সুযোগ নিয়ে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি তাদেরকে রক্তক্ষয়ী সংগ্রামের পথে ঠেলে দিয়েছিল। মহাত্মা গান্ধীজী বলেছিলেন জীবনী শক্তির বিনিময়ে মানুষ যদি তার ক্ষুধাবৃত্তির নিবৃত্তি করতে না পারে তাহলে সে এক দিন না একদিন অস্ত্র ধারণ করবেই। আমি মনে করছি যে এদের উন্নতির জন্য প্রচেষ্টা চালানো একান্ত দরকার। কিন্তু বাজেটে সেই রকম কোন কর্মসূচি দেখতে পাচ্ছি না। আমরা দেখেছি যে কেন্দ্র থেকে যে টাকা এই সম্প্রদায়ের জন্য পাওয়া যায় সেই টাকাও খরচ হয় না। আমি জানি এই খাতে খরচ করবার জন্য কেন্দ্রীয় সরকার দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় যে টাকা দিয়েছিলেন তার মধ্যে ৪৩ লক্ষ টাকা ফিরে গিয়েছে।

[5-50—6-00 p.m.]

অভাব অনটনের মধ্যেও যদি কোন অভিভাবক তার পুত্রকে শিক্ষিত করে তুলতে পারে তাহালেও তার চাকরীর নিরাপত্তা নেই। চাকরি পেতে তার অনেক সময় লেগে যায়। আপনি ভাবছেন পনেরো পার্সেন্ট ও পাঁচ পার্সেন্ট পদ তে তপসিলি ও উপজাতিদের জন্য সংরক্ষিত আছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে এই নিয়ম মানা হয় না। এই সরকার প্রতিষ্ঠা হবার পর দুর্গাপুর বোর্ড ওভেনে তিনশো আনস্কিলড লোক নিয়োগ করা হয়েছে, কিন্তু সেখানে কি হয়েছে? সংরক্ষণের নিয়ম পালন করা হয় নাই। সরকারের থেকে যে হাউসিং ফ্লাট বিতরণ করা হয় সেক্ষেত্রে তপশীলিদের সংরক্ষিত আসনের বিধি মানা হয় না। অনেক সময় দেখি করপোরেশান বা পি, ডবলু ডিতে মেথর, ধাঙড় নিয়োগ করে এই কোটা পূরণ করা হয়। ছাত্রদের কথা বলছি। আমি একজন অধ্যাপক। বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি বর্ধমান ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ে জিজ্ঞাসা করা হয় কেন সিডিউলড কাষ্ট ছাত্রদের ভর্তি করছেন না। তাঁরা উত্তরে বলেন, আমরা অটোনমাস বডি, আমরা সরকারের বিধি নিষেধ মানতে বাধ্য নই। কিন্তু সরকারের থেকে যখন ঋণ পান, গ্রাণ্ট পান তখন কেন তারা মানেন না? অত্যন্ত আনন্দের কথা বিভাগীয় মন্ত্রী পার্লামেন্টের ন্যায় ট্রাইবেল ওয়েলফেয়ার কমিটি গঠন করছেন। কিন্তু আমার মনে হয় এই সভার যাঁরা সিডিউলিড কাষ্ট মেম্বার আছেন তাঁদের মধ্যে থেকেই এই কমিটিতে সদস্য নিয়োগ করা উচিত। পরিশেষে বলবো এই কমিটির কাজ হবে পর্যবেক্ষণ করা মেডিকেল কোর্সে বা ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্ররা ঠিকমতো ভর্তি হতে পারছে কিনা সেদিকে লক্ষ্য দেওয়া। এই সমাজের অর্থনৈতিক শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি দিকে উন্নয়নের চেষ্টা না করলে গান্ধীজীর শ্রেণীহীন, শোষণহীন সমাজ প্রতিষ্ঠার স্বপ্ন, হরিজন উন্নয়নের যে স্বপ্ন তা বইয়ের পাতাতেই থেকে যাবে, বাস্তবে রূপ লাভ করবে না।

**শ্রীমাণিকলাল বেসরা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আদিবাসী কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এনেছেন তাকে আমি অকুণ্ঠ সমর্থন জানাচ্ছি। আদিবাসী তপশীল সম্প্রদায় দরিদ্র অনগ্রসর। তাই এদের উন্নতির জন্য সরকার সমস্ত ভার গ্রহণ করেছেন। এদে

নানাবিধ সমস্যা আছে। এদের শিক্ষার সমস্যা আমি বিশেষ করে বলছি। এদের শিক্ষা ব্যবস্থার জন্য সরকার বাহাদুর নানা প্রকার ব্যবস্থা অবলম্বন করেছেন। কিন্তু সব ক্ষেত্রে বাস্তব প্রসুত নয়। যেমন সেকেণ্ডারী স্কুলের ছাত্র ছাত্রীদের যে হসটেলগ্রান্ট দেওয়া হয় সেটার পরিমাণ ৩০ টাকা। কিন্তু অনেক হস্টেলের চার্জ ৪৫ টাকা থেকে ৫০ টাকার কাছাকাছি। এই বাকি ১৫/২০ টাকা অভিভাবকদের থেকে দিতে হয়। সেই কারণে অন্তত পক্ষে ৪৫ টাকা হস্টেল চার্জ দেওয়ার দরকার। ছাত্ররা দু' তিনমাস পরে বুক গ্রান্ট পায়। তখন অনেক ছাত্রছাত্রীর বই কেনা হয়ে যায়। কিন্তু অনেক গরীব ছাত্ররা তারা বই কিনতে পারে না। তাদের পড়ার ক্ষতি হয়। কাজেই বছরের গোড়াতেই যাতে বুক গ্রান্ট-এর টাকা দেওয়া হয় তার ব্যবস্থা করা দরকার। এমন অনেক গ্রাম আছে যেখানে প্রাথমিক বিদ্যালয় নেই। সেই সমস্ত গ্রামে প্রাথমিক বিদ্যালয় দিতে হবে এবং সেখানে যে সমস্ত শিক্ষক নিয়োগ করতে হবে তিনি অন্তত পক্ষে আদিবাসী হবেন বা তাঁকে আদিবাসীদের ভাষা জানতে হবে। অনেক ছেলেমেয়ে আছে যারা স্কুলে যেতে পারে না। নিজের বাড়ী বা অপরের বাড়ী গরু বাছুর দেখাশোনা করে। এই সমস্ত ছেলেদের শিক্ষার ব্যবস্থা কিছু করা হয় নি। সেই জন্য এই সমস্ত ছেলেদের শিক্ষার ব্যবস্থার জন্য অন্তত গ্রামে একটা করে নৈশ বিদ্যালয় দরকার এবং উপযুক্ত শিক্ষক নিয়োগ করা দরকার।

অল্প লেখাপড়া জানা আদিবাসী ছেলেরা চর্চ্চার অভাবে তাদের অর্জিত বিদ্যা হারিয়ে ফেলে, সেই কারণে আদিবাসী পল্লীতে অন্তত একটা করে লাইব্রেরী দিতে হবে এবং বই কেনার জন্য উপযুক্ত গ্রান্ট বা বই কিনে দেবার বাবস্থা করতে হবে। ভূমিহীন আদিবাসী বা ক্ষেতমজুর যারা অপরের জমিতে হাল নিয়ে খাটে তারা উপযুক্ত মজুরি পায় না। সেই কারণে যে সমস্ত ভেষ্টেটেড ল্যাণ্ড আছে সেগুলি তাদের মধ্যে বিলি করার ব্যবস্থা করা দরকার বা তাদের এব্যাপারে অগ্রাধিকার দেওয়া দরকার। তা ছাড়া যে সমস্ত আদিবাসীর বাস্তুজমি নেই তাদের অবিলম্বে বাস্তুজমি দিতে হবে। স্যার, দরিদ্র তপশীল উপজাতিদের বাসগৃহ নির্মাণের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে বা জমি কেনবার জন্য যে ৫শো টাকা দেওয়া হবে বলে উল্লেখ করা হয়েছে সেটা পর্য্যাপ্ত নয় বলেই মনে করি। কাজেই টাকা বাড়াতে হবে। আর যেখানে ভেষ্টেটেড ল্যাণ্ড দেওয়া সম্ভব হচ্ছে না সে জায়গায় জমি কেনার জন্য অর্থ তাদের দিতে হবে। অন্যান্য উন্নতির কথা যা বলা হয়েছে যে রাস্তাঘাট, সেতু, কালভার্ট ইত্যাদির ব্যাপারে সে প্রসঙ্গে আমি বলব যে এমন আদিবাসী পল্লী আছে যেখানে রাস্তা নেই। এত টি, আর, এর কাজ হল কিন্তু আদিবাসী পল্লীতে বা গ্রামে রাস্তা তৈরি করে দেওয়া হয়নি, তাদের আবেদন নিস্ফল হয়েছে। এই কারণে আদিবাসী কল্যাণ দপ্তর থেকে রাস্তাঘাট, পানীয় জলের কূপ, টিউবওয়েল এই সমস্ত তাদের দেওয়া দরকার। যাতে তারা ভালভাবে ফসল ফলাতে পারে সেই কারণে মাটি কাটার জন্য বা ভূমি সংস্কারের জন্য যে গ্রান্ট দেওয়া হয় সেটা অনেক ক্ষেত্রে আদিবাসীরা আদিবাসী কল্যাণ দপ্তর থেকে পায়না, সেটার ব্যবস্থা করা দরকার। তারপর মোটর চালনা শিক্ষার জন্য আদিবাসী ছেলেদের যে সুযোগ দেওয়া হয়েছে সেটা অন্যান্যদের কথা। তবে বর্তমান বৎসর থেকে যাতে এই শিক্ষাদানের কাজ চলতে পারে সেটা দেখা দরকার। আর সেই সঙ্গে যে সমস্ত শিক্ষার্থী আছেন তাদের যা জানিয়ে দেওয়া দরকার। স্যার, কয়েকটি কথা বলে আমি শেষ করলাম।

[6- 0—6-10 p.m.]

**শ্রীবাসুদেব হাজরা** ঃ—মাননীয় স্পীকার মহাশয়, আমি হুগলী জেলার থানাকুল বিধানসভা কেন্দ্রের প্রার্থী হিসাবে আমাদের জনপ্রিয় বলিষ্ঠ সরকারের কাছে আমার বক্তব্য রাখছি। ইতিপূর্বে

বিভাগীয় মন্ত্রী মহাশয় তফসিলী জাতি, উপজাতি ও অন্যান্য অনুন্নত জাতির জন্য যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী বিল এনেছেন তা খুব আশাব্যঞ্জক, কিন্তু তবুও আমার মনের মধ্যে কয়েকটি কথা নাড়া দিচ্ছে যা বলতে আমাদের বার বার উদ্বুদ্ধ করছে তা আমি হাউসের মধ্যে রাখবার চেষ্টা করছি। নির্বাচনের আগে সমাজের এইসব অনুন্নত, অবহেলিত, অবজ্ঞাত তফসিলী জাতি ও উপজাতি এবং অন্যান্য নিম্ন শ্রেণীর মানুষের দোরে দোরে যখন গেছি তাদের বোঝাবার চেষ্টা করেছি যে গত ৩।৪ বছরে নড়বড়ে ধ্বংসাত্মক কার্যকলাপে লিপ্ত যে সরকার ছিল তাতে জাতি বিনষ্ট হতে চলেছিল, তাদের আহ্বান করেছি তোমরা এগিয়ে এস যাতে করে আমরা বলিষ্ট সরকার গঠন করতে পারি এবং আমাদের সেই স্বপ্ন আজ বাস্তবে রূপ পেয়েছে, যার জন্য আমরা এই জনপ্রিয় সরকার গঠন করতে সক্ষম হয়েছি। কিন্তু কি দেখছি? ইতিমধ্যে যে কয়েকটি দিন এই বিধানসভার অধিবেশনে যোগদান করতে পেরেছি তাতে আমার মনের মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে। সেই সমস্ত অনুন্নত সম্প্রদায়ের লোকেদের সর্বাঙ্গীণ কল্যাণ সাধন করা কতটা সম্ভবপর হবে সে বিষয়ে যথেষ্ট চিন্তার কারণ আছে। গত ২৫ বছর ধরে যে শাসন চলেছিল সেই শাসনে তফসিলি জাতি ও উপজাতি, অন্যান্য অনুন্নত সম্প্রদায়ের লোকেদের অগ্রগতির জন্য অনেক পরিকল্পনা নিশ্চয়ই নেওয়া হয়েছিল। কিন্তু আজ আমরা কি দেখছি? সেই অনুন্নত সম্প্রদায়ের মানুষেরা আজ অন্ধকারে পড়ে আছে। আজকে চেষ্টা করলে তাদের আমরা হাত ধরে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসতে পারব। কিন্তু এই ৫ বছরে সেটা সম্ভব হবে কিনা আমাদের সে বিষয়ে যথেষ্ট চিন্তা করা দরকার আছে। কয়েকটি বিষয় পর্যালোচনা করলে এটা বোঝা যাবে। শিক্ষা-দীক্ষা সম্বন্ধে মন্ত্রী মহাশয় বললেন আমরা এ বিষয়ে সাধ্যমত সহযোগিতা ও সাহায্য করতে পারব। কিন্তু প্রথম কথা হল সেই সমস্ত মানুষ যারা তাদের ছেলেমেয়েদের শিক্ষা দেবে সেটা একটা অবাস্তব ব্যাপার বলে আমার কাছে মনে হয়। কেন না, প্রতিদিন তারা ২৷৷ টাকা থেকে ৩ টাকা রোজগার করে। কাজেই সেই ২৷৷০ টাকা থেকে ৩ টাকা পর্যন্ত রোজগারের মধ্যেই তাদের ৭।৮টি ছেলেমেয়ের ভরণপোষণের ভার নিতে হয়। তাই তারা প্রাথমিক শিক্ষার দিকেই এই সমস্ত ছেলেমেয়েদের সুযোগ সুবিধা দিতে পারে না। যারা এইটুকু সুযোগ সুবিধা দিতে পারে না, তাদের উচ্চ শিক্ষার কথা তো আমরা আদৌ ভাবতে পারি না। এটা একটা অবাস্তব ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। প্রাথমিক শিক্ষা যদি আমরা তাদের সরকারী ব্যয়ে দিতে পারি তবেই শিক্ষার দিকটা ভাবতে পারব। এবং তবেই সেই জাতি উন্নতি লাভ করতে পারবে। শুধু শিক্ষা নয়, শিক্ষার পরেই তাদের ষ্ট্যাণ্ডার্ড অব লিভিং এর কথা এসে যাচ্ছে। তাদের মান কত নীচু সেটা একটুখানি ভাবা দরকার। তারা ২।৩ টাকা রোজগার করে, তাও আবার সবদিন হয় না, তাতে করে তারা সবদিন খেতে পায় না। কারণ, তাদের নির্দিষ্ট কর্মসংস্থানের কোন ব্যবস্থা নেই। আজকে যে কাজ করল কালকে সে কাজ পাবে কিনা তার কোন নিশ্চয়তা নাই। তাই এই দ্রব্যমূল্য বৃদ্ধির সংগে সংগে তারা নিশ্চয়ই খুব দুশ্চিন্তায় পড়ে যায় এবং অভাবগ্রস্ত হয়ে পড়ে। যাদের কর্মসংস্থানের কোন ব্যবস্থা নেই তারা কি করে এই সমস্ত শিক্ষার কথা ভাববে; উন্নতি, অগ্রগতির কথা ভাববে সেটা আমি বুঝতে পারছি না কাজেই তারা যাতে নির্দিষ্ট পরিমাণে কিছু আয় করতে পারে সেদিকে এই জনপ্রিয় সরকারের একটু চিন্তা করা দরকার। তারা যাতে প্রত্যেকদিন উপার্জন করতে পারে সেটা একটু দেখুন। আমরা সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবস, আদার ব্যাকওয়ার্ড ক্লাসদের জন্য কিছু করতে পারিনি তাদের আয়ের কথা ভাবতেই হবে। এই সমস্ত অনুন্নত শ্রেণীর লোকেদের কথা যদি আমরা চিন্তা না করি তাহলে তারা আমাদের উপর আস্থা হারিয়ে ফেলবে।

বেশীর ভাগ অনুন্নত সম্প্রদায়ের মানুষ আমাদের উপর আস্থা হারাচ্ছেন। তারা রা দিয়েছিলেন এবং সুখের বিষয় আমাদের প্রিয় নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে এই বলি

সরকার আমরা প্রতিষ্ঠা করতে পেরেছি। যদি আমরা ঐ সমস্ত অনুন্নত সম্প্রদায়ের ঠিক অগ্রগতির পথের সুযোগ সুবিধা দিতে পারি তাহলে নিশ্চয়ই আমরা এই দেশের উন্নতির পথে নিয়ে যেতে পারবো এবং দেশের উন্নতি করতে পারবো। আর তারা যেভাবে অবহেলিত হয়ে ছিল আজও যদি সেইভাবে অবহেলিত হতে থাকে তাহলে কবির ভাষায় মনে পড়ে যাচ্ছে—"পশ্চাতে রেখেছো যারে সে তোমারে পশ্চাতে টানিবে।" নিশ্চয়ই আমরা যেখান থেকে এসেছিলাম আবার সেখানে আমাদের ফিরে যেতে হবে। কিছুতেই আমরা যতই ভাল পরিকল্পনা নেই না কেন কিছুতেই ভাল করতে পারব না। নীচের মানুষ আমাদের আবার নীচে টেনে নেবে। কাজেই আজকে ভাববার দিন এসেছে। শুধু এখানে বসে plan এর কথা, অনেক উচ্চ দরের কথা আমরা যতই বলিনা কেন, যখন গ্রামে যাই, অসহায় মানুষদের আমরা দেখি যে তাদের কি দুরবস্থা। সারা বর্ষার জলে তারা গোয়ালের ধারে ভিজছে, কোন বাড়ী পর্যন্ত নেই, তারা থাকতে পারে না। এইরকম ভাবে তারা জীবনধারণ করে আছে। আজকে তাদের যদি এই বাজেটে শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয় যে আদর্শ গৃহ নির্মাণ পরিকল্পনার কথা ভেবেছিলেন যদি ঐ সব মানুষের প্রত্যেকের আদর্শ গৃহ নির্মাণ পরিকল্পনার কথা আমরা ভাবতে পারতাম তাহলে খুবই আনন্দ পেতাম। আজকে বাড়ীঘর তৈরী করার জন্য কিছু টাকা খরচ করতে পারতাম তাহলে বলতে পারতাম, বাড়ী নির্মাণের ব্যাপারে বলা হয়েছে কিন্তু তাতেও বা কি হবে, সব লোককে আমরা দিতে পারবো না, সবাই এর সুযোগ সুবিধা নিতে পারবে না এটা ভাবতে হবে যদি এই গৃহ নির্মাণ পরিকল্পনা আজকে থাকতো তাহলে নিশ্চয়ই সেই সমস্ত দুঃখী মানুষদের কিছু উপকার করতে পারতাম। আমরা refugee ভাইদের জন্য উদ্‌গ্রীব হয়ে পড়েছি। বাংলা দেশের দুঃখী ভাই-বোনেদের জন্য উদ্‌গ্রীব হয়ে পড়েছি, আর এখানে ঘরের পাশে যে দুঃখী ভাইরা অবহেলিত হয়ে পড়ে আছে তাদের জন্য কিছু ভাবতে পারি না, এটা সবচেয়ে বড় দুঃখের বিষয়। আমার সময় বেশী নেই। এই হাউসের যে নির্দিষ্ট সময় তাতে সবকিছু বলা যায় না। মুসকিল হচ্ছে এখানে যে, আমার গ্রামের ভাইরা বলেন মহাশয় আপনি তো বিধান সভায় যান আমাদের কথা কিছু বলুন। কি করা যাবে, বলার উপায় নেই, যাই হোক, এই বর্তমান বলিষ্ঠ সরকার এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন এতে যদি আমার দুঃখী ভাইদের কিছু সুযোগ সুবিধা পায়, খুব ভাল কথা, খুব মঙ্গলের কথা, এই আশা রেখে আমার বক্তব্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগংগাধর প্রামানিকঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন, স্বামী বিবেকানন্দ থেকে জাতীর জনক মহাত্মা গান্ধী দেশের অনুন্নত সম্প্রদায়কে অন্ধকার থেকে আলোয় আনার যে স্বপ্ন দেখতেন তা বাস্তবে রূপায়িত করা সহজ কাজ নয়। একথা হয়ত অনেকে স্বীকার করতে পারেন, কিন্তু আমি স্বীকার করতে নারাজ। কারণ স্বামী বিবেকানন্দ থেকে মহাত্মা গান্ধী তার পরেও আরো ২২ বছর। যদি মানসিক বৃত্তির পরিবর্তন যাদের হাতে সরকার শাসনের ভার ছিল তাদের যদি আসতো তাহলে একাজ অত্যন্ত সহজ ছিল। এর থেকে সহজ কাজ আর কিছু নাই। তার কারণ ভারতবর্ষ যখন স্বাধীন হয়েছিল তখন একটা conditionএ স্বাধীন হয়েছিল যার জন্য মহাত্মা গান্ধী লড়াই করেছিলেন। যারা অবহেলিত নিপিড়ীত, তাদের উদ্ধার কল্পে, তাদের উন্নতি কল্পে এই স্বাধীনতা আনবার দরকার হয়েছিলো। সেজন্য আজকে যদি সেই মহাত্মা গান্ধীর নামে আজকে যদি আমরা নির্বাচনের পর তার পন্থা অনুসরণ করতাম, সেই একটি পন্থায় এই কাজ মোটেই দুরূহ ছিল না। কাজে কাজেই আমি একথা বলতে চাই যে মানসিক বৃত্তি, মানসিক প্রবৃত্তি যদি মানুষের ভিতরে না পরিবর্তন না আসে তাহলে

আইন যতই হোক, যতই committee তৈরী হোক কিছুতেই যারা অবহেলিত তাদের উদ্ধার করা যাবে না।

এবং এ না করতে পারলে দেশে যে অশান্তি হবে, অশান্তি যা থাকবে, তা চিরতরে থাকবে কেউ রুখতে পারবে না, কেউ শান্তি ফিরিয়ে দিতে পারবে না।

[6-10—6-20 p.m.]

আজকে শিক্ষার দিকে খালি প্রাইমারী এডুকেশনের ব্যবস্থা করা হচ্ছে এবং হয়েছে, কিন্তু খালি প্রাইমারী এডুকেশন দিলে হবে না, প্রাইমারী এডুকেশন এমন ভাবে দিতে হবে এবং এমন একটা ব্যবস্থা রাখতে হবে যাতে কারিগরী বিদ্যার মাধ্যমে শিক্ষা দেওয়া যায় এবং সেই কারিগরী বিদ্যা শিখলে তার অর্থ উপার্জন হয় এবং তার ইকনমিক্যাল রিহ্যাবিলিটেশন হতে পারে, তার কারণ আজকে দারিদ্র্য এবং অজ্ঞতা এই দুটির জন্য এই সমস্ত অবহেলিত জাতির শিশুর বাবারা এবং মায়েরা তাদের শিক্ষা দিতে সাহস পায়না এই কারণে, আজকে যে কথা মন্ত্রী মহাশয়, তাঁর বক্তৃতাতে বলেছেন যে আমাদের স্কুল কলেজের হেডমাষ্টার এবং প্রিন্সিপ্যালদের বলে দিয়েছি যাতে তারা বৃত্তি সময়মত পান। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই এটা খবর রাখেন যে তাঁর দপ্তর থেকে এই সমস্ত বৃত্তির টাকা সময় মত গিয়ে স্কুলে এবং কলেজের অভিভাবকদের কাছে গিয়ে পৌঁছায় না। তাঁর দিকে যদি তিনি এবং তাঁর ডিপার্টমেন্ট দৃষ্টি দেন, আমার মনে হয় যেটা করতে চেষ্টা করছেন, সেটা সফল হবে। আর এই শিক্ষা বিস্তারের দিকে খুব নিপুন—ক্লোজ এ্যাণ্ড এ্যাডিকোয়েট সুপারভিশন ইন দি ফিল্ড অব এডুকেশন, এই জিনিসের প্রয়োজন আছে যে জিনিসটা মোটেই হয়নি। আমরা দেখেছি লেখাপড়া করার জন্য প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করে দেওয়া হয়, কিন্তু সেখানে প্রাথমিক শিক্ষা ঠিক মত দেওয়া হচ্ছে কি না, ঠিক মত লোকের হাত দিয়ে তাদের শিক্ষা বিস্তার হচ্ছে কি না, সেদিকে সরকারের কোন দৃষ্টি থাকে না। এমন এমন জায়গা আছে যে অবহেলিত জায়গায় সেই সমস্ত প্রাথমিক বিদ্যালয়ের মাথার উপর কোন ছাদ নেই, বসার জায়গা নেই, চাটাই নেই, মাটির উপর বসে ছেলেদের লেখাপড়া করতে হয়। হয়তো এমন জায়গা থেকে ছেলেদের আসতে হয়, যেখানে সকালবেলা দুটো পান্তা খেয়ে তাদের বেরিয়ে পড়তে হয়, তারপর আর তাদের খাবার কিছু থাকে না, কাজে কাজেই লেখাপড়া শেখা তাদের পক্ষে একটা অত্যন্ত অসম্ভব ব্যাপার হয়ে পড়ে। এই কারণে এই দিক যদি দেখা না হয় তাহলে এই শিক্ষা বিস্তারের কোন উপকার এই সমাজে আসতে পারে না। যে সমস্ত অবহেলিত এলাকায় শিডিউল কাস্টস এবং ট্রাইব্যাল ছেলেদের লেখাপড়া করার ব্যবস্থা করার দরকার আছে, সেই সমস্ত ছেলেদের লেখাপড়া শিক্ষা দেবার ব্যবস্থা যদি থাকে তাদের স্বজাতি শিক্ষকদের উপর তাহলে আমার মনে হয় তাদের শিক্ষা দেবার ব্যবস্থা তাদের মাধ্যমে ভাল হতো। কারণ তাদের যে প্রীতি এবং ভালবাসা তাদের স্বজাতি ছেলেদের জন্য থাকে, আমি জানি এবং দেখেছি অন্যান্য শিক্ষকদের সেই রকম ভাবে তাদের প্রাণের টান থাকে না। ব্যাকওয়ার্ড এলাকাতে যে সমস্ত মহিলা শিক্ষিকা নিয়োগ করা হয়, তাদের যদি আবাসিক-এর ব্যবস্থা না করা হয় তাহলে সেই সমস্ত মেয়েদের পক্ষে সেখানে থেকে শিক্ষা বিস্তার করা অত্যন্ত অসম্ভব ব্যাপার হয়ে পড়ে। এমন কি দেখা যায়, যে সমস্ত শিক্ষার্থী শিক্ষায়তনে তপশীলি শ্রেণী, অনুন্নত জাতির ছেলে মেয়েরা লেখাপড়া করে, সেই সমস্ত স্কুলে বিল্ডিং এবং স্কুলে লেখাপড়া শেখানোর জায়গা, সেটা প্রপারলি মেনটেন করা হয় না। সেই কারণে এই সমস্ত শিক্ষায়তনের জন্য ভাল স্কুল এবং হস্টেলের ফেসিলিটি দরকার, সেই সমস্ত ছেলেমেয়েদের জন্য। বিশেষ করে বালিকাদের জন্য, যারা আনএ্যাক্সিসিবল এরিয়া থেকে আসে, তাদের জন্য এই সমস্ত ব্যবস্থার প্রয়োজন আছে। এই গেল শিক্ষার একটা

রূপ এবং আপনি জানেন, আমাদের এই সমস্ত তপশীলি এবং নিচের সম্প্রদায়ের লোক তারা কৃষি কাজে তাদের সমস্ত জীবনটা নিয়োগ করেন।

তার ভিতর যারা লেখাপড়া শেখে, এ্যাগ্রিকালচারে যাতে তাদের শিক্ষা বিস্তারের ব্যবস্থা থাকে, এই রকম ব্যবস্থা রাখা সরকারের দিক থেকে প্রয়োজন আছে। এবং সেখানে maximum reservation in agricultural colleges must have to be provided. আমরা দেখছি এ্যাগ্রিকালচারে যে গ্রান্ট আছে বা এ্যাগ্রিকালচারাল রিসার্চ ইনষ্টিটিউটএ তাদের এ্যাডমিশন এর কোন ব্যবস্থা নাই। আজ পর্যন্ত কোন একটি ছেলেও এই এগ্রিকালচারাল রিসার্চ ইনষ্টিটিউটে প্রবেশাধিকার পায় নি। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব এই সম্বন্ধে যেন বিশেষ ব্যবস্থা করা হয়। ইণ্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইন্ষ্টিটিউট যেটি আছে সেগুলি পাওয়ারফুল করা দরকার আছে। আমরা জানি সরকারী অর্থ ব্যয়ে অনেক ইণ্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনষ্টিটিউটে এমন সব ট্রেনিং দেওয়া হয় যে সেগুলি তাদের ব্যবহারিক জীবনে কোন কাজে লাগে না অথবা সময় নষ্ট হয়। হাউসিং সম্বন্ধে কয়েকটি প্রবল আপত্তি আমাদের আছে যে Housing sites for Scheduled Caste Students engaged in untrained occupation—এর একটা ডেভালপমেণ্ট দরকার। Housing sites for Landless Labour—এর একটা ডেভোলপমেণ্ট দরকার। Housing sites for sweepers and scavengers—এর একটা স্পেশাল প্রভিশনের ব্যবস্থার দরকার। এই তিনটি ক্যাটাগোরী ভাগ করে আমরা জানতে চাই সরকারের মাধ্যমে যে তাদের সম্বন্ধে কি পারসেণ্টেজের ব্যবস্থা করা হচ্ছে? যদি জানেন সরকার তাহলে কত দিনের মধ্যে হবে? গোবিন্দ নারায়ণ হোম মিনিষ্টার ডিস্ট্রিক্ট ম্যাজিসট্রেটদের এ্যাড্রেস করে বক্তৃতায় বলেছিলেন যে, Every Scheduled Caste and Tribe people must be provided with home lands. এই কথা তাদের বলে গিয়েছেন, নির্দেশ করে গিয়েছেন। তাই আজকে যে সামান্য বাজেটে এখানে দেওয়া হচ্ছে তাতে মন্ত্রীমহাশয় কতটা পারবেন আমি তা জানি না। কাজে কাজে যে সমস্ত ব্যক্তি এখানে করছেন তাদের স্মরণ করিয়ে দিতে চাই যে এই সমস্ত কাজ করতে হলে বেশী টাকা বরাদ্দের প্রয়োজন আছে। এবং সেই বেশী টাকা সেণ্টার থেকে আনার দরকার আছে। গ্রামে পঞ্চায়েতে এবং জেলা পরিষদে যে সিট আছে, সেটা এ্যাসেমব্লিতে আমাদের যে ধরণের সিট আছে সেই রকম ভাবে সিট রিজার্ভের প্রয়োজন আছে। তা না হলে গ্রামে বেশীর ভাগ তপশিলী সুযোগ পায়না। লোনস এবং সাবসিডি যা দেওয়া হয় তার সমস্ত রুলস আছে, রুলস এ্যাণ্ড প্রোসিডিয়োর লিবারেলাইসড, সেটাকে রিলাক্স করার প্রয়োজন আছে। Conditions of furnishing security loans must have to be relaxed. তা না হলে এই সমস্ত তপশীলিরা যারা আছেন তারা ফাঁপরে পড়ে যান। তাদের পক্ষে লোনস এবং সাবসিডি পাওয়া একটা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। চাকুরীর সময় অনেক রিক্রুটমেণ্ট রুলস হয় কিন্তু আমরা দেখেছি যে অনেক ক্ষেত্রে তা মানা হয়না। আজকে কিন্তু এইসব আমরা হাউসে শুনতে পাই যে ঠিক ঠিক কোয়ালীফায়েড লোক পাওয়া যায় না; তাদের জন্য চাকুরী খোলা আছে। স্যার, আপনি জানেন যে সরকারের নিয়ম আছে এই সমস্ত ক্ষেত্রে ২ বছর সেই চাকুরী খোলা রাখা হয়। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে আমাদের এখানে যে সমস্ত মেম্বার আছেন যখন এই সমস্ত চাকুরীতে লোক পাননা তখন যেন দয়া করে আমাদের জানাবেন, এবং ১ মাসের জন্য সেই চাকুরী ফেলে রাখবেন; লোক দেব, আমরা দেখব যে সেখানে চাকুরী বলতে কোন লোক পাওয়া যায় কিনা?

Employment Exchange-এ নাম লেখার ব্যবস্থা আছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে demand করব যে—That at least the vacancies reported to Employment Exchanges and details of posts not filled up should be

supplied with reasons thereof. আপনি জানেন যে কিছুদিন আগে জলকষ্টের জন্য House-এর ভিতর অনেক কথা হয়েছিল এবং যে সমস্ত জায়গায় তপশীলিরা থাকে সেখানে নলকূপ করতে পারেননি। Unicef ১২ হাজার গ্রামে জলের ব্যবস্থা যদি করতে পারেন আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে আপনি Centreকে জানাবেন এই সমস্ত নলকূপ যেগুলি ১১০০।১৪০০।২০০০ ফিট করতে হয় সেসমস্ত নলকূপের জন্য proper drilling machine দরকার। কাজেই মানসিক ইচ্ছা যদি বাস্তবিক থাকে তবেই এটা সম্ভব হবে। একজন সদস্য অনেককথা মানসিক দুঃখে বলেছেন। তাই আমি বলব তা করলে হয়ত আমাদের পক্ষে কাজ করা সম্ভব হবে না। সেজন্য এ বিষয়ে একটা Report of Commission of a Scheduled Caste and Tribe, 1969-70, যে recommend করেছেন সেটা থেকে বলব The aims of our Constitution set before the people of India is protection of weaker sections of the population from social injustice and all forms of exploitation. One part of the nation cannot be made free from social inequality and exploitation if other parts are allowed to remain in that condition. Exploitation arises out of a system; and if it has to be ended for one community it has to be ended for all. In the great and joint task of building up an exploitation-free economy, the leadership of all communities in India must bend their will and work together. It is only by a joint endeavour to build up an equalitarian society and the inequalities inherited from the past will disappear. এই কথা বলে আমি নিবেদন করব মন্ত্রীমহাশয়কে সমস্ত Cabinet-কে এবং সমস্ত কর্মচারীদের, তারা যেন মানসিক প্রবৃত্তি পরিবর্তন করে সেবা করার মনোভাব নিয়ে যাতে এদের উন্নতি করা যায় তার ব্যবস্থা করেন।

[6-20—6-30 p.m.]

**শ্রীরূপ সিং মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কিছু বলার আগে সর্বপ্রথমে মন্ত্রীমহাশয়কে অভিনন্দন জানাই। কারণ সারা ভারতবর্ষের পরিপ্রেক্ষিতে স্থানীয় আদিবাসী ও হরিজনদের আর্থিক অভাব। সাংস্কৃতিক অনুন্নত ও শিক্ষাগত অনুন্নত দিক দিয়ে বিচার করে যে বাজেট উত্থাপন করেছেন তারজন্য তাঁকে অভিনন্দন জানাই। আমি এই বাজেট সমর্থন করার সঙ্গে সঙ্গে কয়েকটা কথা বলতে চাই। কারণ কয়েকটা বিশেষ অংশ তিনি বাদ দিয়েছেন। সর্বপ্রথম তিনি উল্লেখ করেছেন আমাদের Legislative Assemblyতে একটা Vigilance Committee গঠিত হবে। এটা Scheduled Caste এবং Tribe-দের পরিপ্রেক্ষিতে একটা Advisory Committee রূপে গঠিত হবে। এই কমিটি যখন গঠিত হচ্ছে তখন আমি বলব যে এই কমিটির ½ অংশ সদস্য যেন আদিবাসী হরিজনদের মধ্য থেকে নেওয়া হয়।

স্টাইপেণ্ড সংক্রান্ত ব্যাপারে তিনি এই বাজেটের মধ্যে যে কথা লিখেছেন তাতে আমি আক্ষেপের সাথে ঘোষণা করছি তিনি নিজে অস্বীকার করলেও এই পশ্চিমবঙ্গে অধিক সংখ্যক আদিবাসী হরিজন থাকা সত্ত্বেও যে বরাদ্দ করা হয়েছে সেই বরাদ্দের পরিমাণ অত্যন্ত নগন্য, যারজন্য আমি বলব স্টাইপেণ্ড বলুন, বুক গ্রান্ট বলুন, হোস্টেল গ্রান্ট বলুন এই টাকার পরিমাণ অত্যন্ত নগন্য, ভাগ করে দিতে গেলে আমার মনে হয় যে পরিমাণ ছাত্রছাত্রী আছে তাতে তাদের মাথাপিছু মান্থলি ১০ টাকার বেশী পড়বে না। এতে আমি বলব আমাদের শিক্ষা খাতে বা স্টাইপেণ্ডের পরিপ্রেক্ষিতে টাকার যে

পরিমাণ রাখা আছে সেটা ছাত্রছাত্রীদের উন্নয়নমূলক কাজে বিশেষ কিছু সাহায্য করবে বলে আমার বিশ্বাস হচ্ছে না। তিনি এই বাজেটের মধ্যে আমাদের আসন সংরক্ষণ সম্বন্ধে কিছু বলেছেন। আসন সংরক্ষণের বিষয়ে পূর্ববর্তী বক্তারা যে সমস্ত বক্তব্য রেখেছেন সেটা পুনরাবৃত্তি না করে আমি এইটুকু বলব, বর্তমান পশ্চিমবঙ্গ সরকার রিজার্ভেসানের ব্যাপারে যেন সচেষ্ট থাকেন। যার জন্য ইতিপূর্বে এই হাউসে ফার্স্ট আওয়ারে বারবার উল্লেখ করা হয়েছে। আমাদের রিজার্ভেসানের ক্ষেত্রে বক্তব্য হচ্ছে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইব থেকে সুটেবল ক্যাণ্ডিডেট পাওয়া যায় না। আমি বলব আমাদের পশ্চিমবঙ্গ সরকার কি বিবেচনা করে দেখবেন এই আনসুটেবল ক্যানডিডেটকে সুটেবল ক্যানডিডেটে পরিণত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের কি ব্যবস্থা করা হয়েছে? এছাড়া আমাদের পশ্চিমবঙ্গ সরকার মেনসাস এমপ্লয়, এক্সরিহ্যাবিলিটেসান ক্যাম্পের কর্মচারীদের নিয়োগের জন্য বিশেষ সুযোগ সুবিধা দানের কথা উল্লেখ করেছেন, কিন্তু আমাদের আদিবাসী হরিজনদের চাকুরির ক্ষেত্রে বিশেষ সুযোগ সুবিধা দানের কথা উল্লেখ করেন নি। আমি রেসিডেন্সিয়াল হোস্টেলের সাথে সাথে মন্ত্রী মহাশয়কে বলব যে তিনি যেন রেসিডেন্সিয়াল স্কুলের কথা চিন্তা করেন।

(At this stage the blue light was lit)

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** Mr. Majhi please take your seat.

**শ্রীরূপ.সিং মাঝি ঃ** আমাকে স্যার, এক মিনিট সময় দিন। এই বাজেটের মধ্যে সি.পি. লোন, লাইব্রেরীর ব্যাপারে গভর্ণমেন্ট গ্রাণ্ট দেওয়ার কোন ব্যবস্থা নেই, নাইট স্কুলের কথা উল্লেখ নেই বলে দুঃখিত। সর্বশেষে আমি উপাধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এবং এই বাজেটকে আন্তরিক সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the red light was lit and the honourable Member having reached his time limit resumed his seat).

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ট্রাইব্যাল ওয়েলফেয়ার মন্ত্রী যে ব্যয়বরাদ্দ হাউসে রেখেছেন সে সম্বন্ধে দু'চারটি কথা আমি বলতে চাই। তপশীলী উপজাতির কল্যাণের জন্য কেবল যদি রাষ্ট্রীয় প্রচেষ্টা এবং প্রযত্ন হয় তাহলে এই সমস্যা দূরীভূত কোন দিন হতে পারে না।

[6-30—6-40 p.m.]

রাষ্ট্রীয় প্রযত্ন এবং প্রচেষ্টার সঙ্গে সঙ্গে আমরা যদি সমাজ চেতনা জাগিয়ে তুলতে পারতাম তাহলে অন্ততঃ এই ধারণাটা সমাজ থেকে দূর হোত যে মানুষ ছুঁলে মানুষের জাত যায়না, মানুষের ছোঁয়া খেলে মানুষের জাত যায় না। কিন্তু আজ পর্যন্ত বহু মানুষের মধ্যে সরকার এই ধরনের সমাজ চেতনা জাগাতে পারেননি। পশ্চিমবঙ্গ সরকারের একটি মাত্র প্রচার পত্রিকা আছে যার নাম হচ্ছে "পশ্চিমবঙ্গ—ওয়েষ্ট বেঙ্গল"। কিন্তু সেই প্রচার পত্রিকায় এইসব অস্পৃশ্যতা দূরীকরণের কথা না থেকে মন্ত্রীদের বিভিন্ন রকম ছবি ছাপাতেই পাতা শেষ হয়ে যাচ্ছে। সমাজ চেতনার জন্য প্রচার করবেন সেই ব্যবস্থা আপনাদের নেই। কাজেই আমি মন্ত্রীমহাশয়কে বলছি সমাজ চেতনা যাতে জাগিয়ে তুলতে পারেন এবং সমাজে অস্পৃশ্যদের অস্পৃশ্যতা দূর করে তাদের যাতে সমাজে ওঠাবার ব্যবস্থা করতে পারেন তার জন্য চেষ্টা করুন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের ওয়েলফেয়ার মন্ত্রীমহাশয় যখন তাঁর ভাষণ বলছিলেন তখন আমার মনে পড়ছিল ভৃগু কথিত মনু সংহিতার

কথা। অর্থাৎ অতীত হল জ্ঞান লাভের উপায় এবং ভবিষ্যৎ হল অর্থহীন অর্থাৎ ভবিষ্যতের কথা কতটা কার্যকর হবে কখন কি হয় বলা যায় না। স্বাধীনতার পর এই ২৫ বছরে আমাদের যে অভিজ্ঞতা তাতে দেখছি হরিজনরা যেই তিমিরে সেই তিমিরেই আছে। এখনও দেখছি তাদের ছোয়া খেলে মানুষের জাত যায়। আমাদের মন্ত্রীমহাশয় বলেছেন যে আদিবাসী হরিজনদের সংখ্যা ২৫ পারসেণ্ট। ৫০০ কোটি টাকার বাজেটে দেখছি হরিজনদের জন্য ২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এতে তাদের নৈতিক, আর্থিক এবং সামাজিক উন্নতি কতদূর করা সম্ভব হবে আমি তা সঠিক বুঝতে পারছি না। ৫০০ কোটি টাকার বাজেটে ২ কোটি টাকা ওয়ান ফোর্থ পপুলেসনের জন্য যা রাখা হয়েছে এতে তাদের উন্নতি কি হবে সেটা আমি বুঝতে পারছিনা। এতো যেন 'কানা গরু বামুনকে দান।" আমরা পবিত্র সংবিধানের নামে শপথ নিয়েছি যে আমরা সংবিধানের পবিত্রতা রক্ষা করব। কিন্তু আজ পর্যন্ত সংবিধানের ৩৩৫ এবং ৩৩৮ ধারায় এই আদিবাসী হরিজনদের চাকুরীর ব্যবস্থা সংরক্ষণের জন্য, তাদের সমাজে উপযুক্তভাবে উত্তোলন করবার জন্য এবং তাদের সমাজে সমান অধিকার দেবার জন্য যে ব্যবস্থা করা হয়েছে সেটা কি মন্ত্রী মহাশয় বা কাউন্সিল অব মিনিষ্টাররা মানেন? তাঁরা যদি সেকথাটা স্মরণ রাখতেন তাহলে মাত্র ২ কোটি টাকা ওয়ান ফোর্থ পপুলেসনের জন্য বরাদ্দ করতেন না। অন্য ডিপার্টমেণ্টে আমরা যখন কোন কাজের জন্য যাই তখন আমাদের বলা হয় যে আপনাদের জন্য ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেণ্ট আছে। আমি দেখছি পশু ক্লেশ নিবারণী সমিতিতে বরং কিছু কাজ পাওয়া যায়, কিন্তু আমাদের এই ট্রাইবাল ডিপার্টমেণ্ট—কিছুই আমাদের জন্য পাওয়া যায় না। কাজেই এই যখন আমাদের অবস্থা তখন আমাদের অর্থনৈতিক, নৈতিক এবং সামাজিক উন্নতি কি হবে সেটা আমি বুঝতে পারছি না। আমরা চাকুরীতে রিজার্ভেসন চাইছি যে আমাদের রিজার্ভেসন হোক, কারণ এতে আমাদের আর্থিক এবং অন্যান্য দিকে উন্নতি হবে। সরকারী কর্মচারী হিসেবে যাঁদের নিয়োগ করা হয় তাঁদের সমাজে একটা প্রতিষ্ঠা আছে। এতদিনের অবহেলিত জাত যদি সরকারে একটা প্রতিষ্ঠা পায় তারা যদি চাকুরী পায় তাহলে তারা সমাজে প্রতিষ্ঠা পাবে, শ্রদ্ধার আসনে বসতে পারবে এবং সেইজন্যই আমরা এই রিজার্ভেসন চাইছি। আমরা বলছি যে আমাদের প্রিভিলেজ দিন, রিজার্ভেসন দিন যে রিজার্ভেসনের ব্যবস্থা সংবিধানের ৩৩৫-এ বলা আছে। আমি জানি না আমাদের মন্ত্রীমহাশয় সেটা দেখেছেন কিনা।

এ ছাড়া স্যার, গত ২৫ বছরে কি হয়েছে অতীত থেকে জ্ঞান লাভের উপায় সেই হিসাবে আমি বলছি যে মাননীয় মন্ত্রীমহাশয় যদি বলতেন যে গত ২৫ বছরের মধ্যে এতগুলো হরিজন এস, ডি, ও হয়েছে, এতগুলো ডি, সি, হয়েছে, এতগুলো ডি, এম হয়েছে, এতগুলো ইঞ্জিনীয়ার হয়েছে, এতগুলো পদমর্যাদায় প্রতিষ্ঠিত হয়েছে তাহলে বুঝতাম যে এই ২৫ বছরে আমাদের এই পরিমাণ উন্নতি হয়েছে। মাননীয় হরিজন কল্যাণ মন্ত্রী মহাশয় ৫ বছর মন্ত্রীসভায় থেকে আমাদের কি কল্যাণ করবেন—ভবিষ্যতে কি হবে তা আমি বুঝতে পারছি না। আমি ১৫ বছর বয়স থেকে এই কাজ করছি কংগ্রেসের মধ্যে আছি, এরা কি করবেন, ভবিষ্যতের এই কথাটা অর্থহীন হবে—বর্তমানে কি করছেন সেই সম্বন্ধে যদি মন্ত্রীমহাশয় আমাদের কিছু আশ্বাস দিতেন তাহলে সেই বিশ্বাস নিয়ে সুখী হতাম। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরবীন মুর্মুঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আদিবাসী এবং উপজাতি কল্যাণার্থে যে বাজেট উত্থাপন করেছেন ২ কোটি ৬১ লক্ষ ৬৪ হাজার টাকা তাতে আমি মনে করছি যে কতখানি আদিবাসীদের উন্নতি সাধিত হবে তা আমি বুঝতে পারছি না। কারণ আদিবাসীদের যে আশ্রম বা হোষ্টেল সম্পর্কে নতুন করে কোন প্রস্তাব বা এক পয়সাও বরাদ্দ করা হয়নি। আশ্রম সম্পর্কে যেটা

১৯৬৮-৬৯ সালে কমিশনের রিপোর্টে বলা হয়েছে যে উপজাতি শিশুদের চাহিদা এই আশ্রম স্কুলগুলির যোগ্যতম ব্যবস্থা। তা সত্ত্বেও কোন বিবেচনা করা হয়নি বা কোন বাজেট রাখা হয়নি। এই বছর প্রাইমারী স্কুলের একটা কোন বরাদ্দ করা হল না। প্রাইমারী স্কুলগুলি আদিবাসী যুবকদের দ্বারা বেশ কয়েকটা স্কুল বিভিন্ন এলাকায় অর্গানাইজ করা হয়েছে। সেখানে আমরা দেখছি যে সমস্ত স্কুলের রেকগনাইজ করা হয়েছে যারা সেখানে দীর্ঘদিন ধরে শিক্ষকতা করে আসছিলেন তাদের বঞ্চিত করা হয়েছে। বহু দূর থেকে বিভিন্ন ডিষ্ট্রিক্ট থেকে সেখানে শিক্ষক নিয়োগ করা হয়েছে অথচ সেই এলাকার শিক্ষকরা বেকার হয়ে পড়েছে। তাছাড়া নতুন বহু স্কুল অর্গানাইজ করা হয়েছে অথচ সে সম্পর্কে কোন অর্থ বরাদ্দ করা হয়নি এই বাজেটে। বিভিন্ন উপজাতিদের মধ্যে যে ভাষা, যে সংস্কৃতি, তাদের যে ঐতিহ্য তাকে বাঁচিয়ে রাখবার ব্যবস্থা যদি না করা হয় এবং একে বাঁচিয়ে রাখতে গেলে যথেষ্ট পরিমাণে অর্থ বরাদ্দ করতে হবে। আমরা যেটা দেখছি বিশেষ করে আদিবাসীদের মধ্যে নিরক্ষরতা দূর করবার বিশেষ প্রয়োজন রয়েছে।

[6-40—6-50 p.m.]

অশিক্ষিত লোক বেশী, সেই নিরক্ষরতা দূরীকরণের জন্য কোন অর্থ বরাদ্দ করা হয়নি। তাছাড়া ফর বয়েজ রিডিং ইন্ হায়ার সেকেণ্ডারী স্কুলস্ যে বাজেট দেওয়া হয়েছে, তাতে আমার মনে হয় ছাত্রদের একটা ব্যবস্থা যে ঠিকভাবে করা হয়েছে তা হয়নি। হায়ার সেকেণ্ডারী স্কুলের ফাইনাল এক্জামিনেশনের ফি-এর বাজেট ১৪ হাজার টাকা ধরা হয়েছে। এটা অত্যন্ত কম, একেবারে নিম্ন থেকেও নিম্নতম দেওয়া হয়েছে। ট্রেনিং সেন্টার ফর কার্পেন্টরিতে যে সমস্ত আদিবাসীদের শিক্ষার ব্যবস্থা কুটির শিল্পের মাধ্যমে চেষ্টা করছেন তার জন্য যে বরাদ্দ ধরা হয়েছে, আমি মনে করি ঠিক চিন্তা করে বরাদ্দ করা হয়নি, কেননা সেখানে মাত্র ১৮ হাজার টাকা ধরা হয়েছে। কনষ্ট্রাকশন অব হোস্টেল বিলডিংস, মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন আদিবাসীদের জন্য যে সমস্ত হোষ্টেল হয়েছে, আমরা দেখেছি মালদহে এবং পশ্চিম দিনাজপুরে যেখানে ছাত্ররা বেশী সংখ্যক বোর্ডিং-এ থেকে পড়াশুনা করে সেই বোর্ডিং-এর ঘর ভেঙ্গে যাবার মত অবস্থা হয়েছে, ইট খসে পড়ছে, পায়খানা ভেঙ্গে গেছে। এখানে এই ধরনের অবস্থা হয়েছে এই হোষ্টেলে। সেখানে রিপেয়ারিং-এর ব্যবস্থা মোটেই হচ্ছে না। সে সম্পর্কে একটা বিশেষভাবে প্রয়োজন। তা কিন্তু বরাদ্দ করা হয়নি, যদি করা হয়ে থাকে অতি সামান্য। কন্সট্রাকশন অব প্রাইমারী স্কুল বিল্ডিং-এর জন্য যে অর্থ বরাদ্দ হয়েছে তা খুব সামান্য কিন্তু আমি মনে করি আরো বেশী দেওয়া উচিত ছিল। ওয়াটার সাপ্লাইয়ের ব্যাপারে উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আদিবাসী অধ্যুষিত এলাকার যে সমস্ত রিংওয়েল, টিউবওয়েল দেয়া হয়েছে তা সম্পূর্ণভাবে সমস্ত টিউবওয়েল ইত্যাদি অকেজো হয়ে পড়ে আছে। আমি যখন আমার এলাকার বি, ডি, ও কে এই সম্পর্কে বললাম তিনি আমাকে উত্তর দিলেন এটা তো আমার ডিপার্টমেণ্ট নয়, এটা হচ্ছে ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের অধীনে। ট্রাইবাল ডিপার্টমেন্টের স্পেশাল অফিসার এর ব্যবস্থা করবেন। যখন যেখানে যাই তখন তিনি বলেন টাকা নাই। এই যে ওয়াটার সাপ্লাইয়ের ব্যাপার রিংওয়েল, টিউবওয়েলের ব্যাপারে আজকে একটা চিন্তা করে যদি অর্থ বরাদ্দ না করেন তাহলে এই রিংওয়েল এবং টিউবওয়েল কোনদিনই resinking হবে না। সেজন্য যে বরাদ্দ এখানে করা হয়েছে আমি মনে করি তাতে আরো বেশী টাকা বরাদ্দ করা উচিত।

উপাধ্যক্ষ মহাশয়, যে সমস্ত আদিবাসী বোর্ডিং আছে, বালুরঘাট, মালদহ এবং অন্যান্য জায়গায় দেখেছি সেখানে আজ পর্যন্ত ইলেকট্রিক লাইট সাপ্লাই করা হয়নি। ছেলেদের অভিভাবকদের কাছ থেকে কেরোসিন তেলের জন্য পয়সা নেয়া হয় এবং বহু কষ্টে তারা লেখাপড়া করে। এটা অত্যন্ত

দুঃখের কথা যে সেখানে লাইট সাপ্লাইয়ের ব্যবস্থা রয়েছে কিন্তু করা হয়নি। তার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে হবে। আমার যদিও অন্যান্য ব্যাপারে বলার ছিল তা সময়াভাবে বলতে পারছি না, মাত্র আর একটি বিষয়ে এখানে উল্লেখ করতে চাই।

আদিবাসী উপজাতিদের মধ্যে যে ঋণ দেওয়া হয়, আমি আশা করবো সে সমস্ত ঋণ গরীব আদিবাসী উপজাতিদের যাতে দেওয়া হয় ও সেটা যাতে ট্রাইবাল বিভাগের মাধ্যমে দেবার ব্যবস্থা করা হয়। কারণ বি, ডি, ও, অফিসের মাধ্যমে যে দেওয়া হয় তাতে এদের বঞ্চিত করা হচ্ছে। এদের লিষ্টে নাম থাকা সত্বেও এদের দেওয়া হচ্ছে না। আমি আশা করবো ডিপার্টমেন্ট থেকে যে সমস্ত ঋন দেওয়া হবে যা দেওয়া হয় তা এদের দেবার জন্য আলাদাভাবে ব্যবস্থা করবার জন্য বিশেষ অনুরোধ করবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রীমহাশয় তপশীল জাতি ও আদিবাসী জাতির জন্য যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন তা আমি সমর্থন করে দু-চারটে কথা বলতে চাই। আমরা বিগত ২৫ বছর হল স্বাধীনতা পেয়েছি। মহাত্মা গান্ধী হরিজনদের সম্বন্ধে বিশেষ-ভাবে বলে গিয়েছিলেন, কিন্তু হরিজনদের সম্বন্ধে আমরা কতটুকু উন্নতি করতে পেরেছি সেটার দিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বিভিন্ন স্তরে যদি দেখি যেটুকু স্টাইপেণ্ড দেওয়া হয় তার এমন সমস্ত ফরমালিটিস আছে যে তারা ঠিক মত তার সুযোগ সুবিধা পায় না। প্রাইমারী সেকশানে বই-এর জন্য গ্রান্ট সিডিউল কাষ্ট ও সিডিউল ট্রাইবসদের দেওয়া হয় না। উচ্চ মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে যদিও বেতন বা বুক গ্রান্ট দেওয়া হয় কিন্তু প্রোফরমার সমস্ত মিলিয়ে শতকরা ৪০ ভাগ নাম্বার পেতে হবে এবং হেডমাষ্টার সেটা রেকমেণ্ড করবেন। তারপর সেটা ট্রাইবাল ওয়েলফেয়ার অফিসে যাবে তারপর বিভাগে ঘুরে ঘুরে এরূপ একটা অবস্থায় যাবে যে যখন টাকা পাওয়া যায়— আবার অনেক সময় টাকা পাবার সম্ভাবনাও থাকে না, যখন পাওয়া যায় হরিজনরা পড়তে পারেনা বা তাদের বাপ মাকে বাধ্য হয়ে পড়া ছাড়াতে হয়। আমি এদিকে মন্ত্রী মহাশয়ের সতর্ক দৃষ্টি রাখতে বলছি। আমার এরূপ একটা সাজেশান আছে যেমন ক্লাস ৮ পর্যন্ত পড়ানোর জন্য মেয়েদের ফ্রি আছে—যেরূপ স্কুল থেকে তাদের নাম পাঠান হয় এবং ডিপার্টমেন্ট থেকে সে টাকা কালেকশান করে নেয়। আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো সমস্ত সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবসদের কি হায়ার সেকেণ্ডারী স্কুল কি কলেজ যা আছে সেখানে হেড মাস্টার ও প্রিন্সিপালদের যেন আদেশ দেওয়া হয় যে ঐ প্রোফরমার ঝনঝাটের চেয়ে তাঁরা যদি ঐরূপ কালেকশান করে নেন তাহলে আমার মনে হয় সত্যকারের পড়ার সুযোগ সুবিধা দেওয়া হবে। আমি আর একটা কথা বলতে চাই। অত্যন্ত দুঃখের কথা যে, ১৯৫৬ সালে বিহার থেকে যে সমস্ত অঞ্চল পশ্চিমবাংলায় এসেছে সেখানের খোঁ, মণ্ডল, শুঁড়ি অন্যান্য যে সমস্ত জাতি রয়েছে সিডিউল কাষ্টদের মধ্যে এখনও কোন সিডিউল কাষ্টভুক্ত জাতি বলে তাদের স্বীকার করে নেওয়া হয়নি। এটা কেন যে হচ্ছে না তা আমি বুঝতে পাচ্ছি না।

সর্বোপরি আরো আমরা দেখছি এই অনুন্নত সম্প্রদায়ের মধ্যে মাঝি বলে একটা টাইটেল আছে। যেমন আমাদের এখানে একজন এম. এল. এ. আছেন শক্তিপদ মাঝি, তিনি Scheduled Caste Constituency থেকে রিজার্ভ সীটে নির্বাচিত হয়ে এসেছেন। এই Tribal Welfare ডিপার্টমেন্টের অফিসারদের খামখেয়ালীতে অনেক কিছু সম্ভব হচ্ছে। আপনি একটা ঘটনার কথা শুনলে স্যার অবাক হবেন —একজন ভদ্রলোকের ছেলে ডাক্তারী পড়ছেন, তিনি এই বিভাগ থেকে ষ্টাইপেণ্ড পাচ্ছেন, আর দুর্গাপুরে একজন Scheduled Caste-এর ছেলে ইঞ্জিনিয়ারিং পড়ছেন, তিনি Stipend পাচ্ছেন না। কারণ তার টাইটেল হচ্ছে 'মাঝি'। তাঁরা বলছেন মাঝি যার

উপাধি, তিনি Scheduled Caste নন্। এই সম্পর্কে মিঃ নোর্কার কাছে জানিয়েছি, শক্তি মাঝি মহাশয়ও মিনিস্টারের এই ব্যাপারে গিয়েছিলেন। তিনি আজ এখানে নেই কিন্তু সেই বিষয়ে কি হয়েছে জানা যায় নাই। তিনি উপস্থিত থাকলে এই প্রশ্নটা এখানে নিশ্চয়ই তুলতেন।

এই ট্রাইব্যাল ওয়েলফেয়ার বিভাগে যে সব পদস্থ আমলাতন্ত্র রয়েছেন তাঁরা সত্যিকারের আমাদের সমাজের যে সব দুঃখ কষ্ট অসুবিধা রয়েছে—যে জিনিসটা তাঁরা দরদ দিয়ে বুঝতে চান না। তার কারণ এই বিভাগীয় আমলাতন্ত্র যাঁরা রয়েছেন, তাঁরা অধিকাংশই হচ্ছেন কাষ্ট-হিন্দু। তাঁরা আমাদের Scheduled Caste সমাজের দুঃখদুর্দ্দশা অনুভব করতে পারেন না। সেই সব দায়িত্বশীল পদে আমাদের তপসিলী সম্প্রদায়ের লোক থাকা একান্ত বাঞ্ছনীয়। তা নাইলে দরদ দিয়ে কেউ আমাদের স্বার্থ রক্ষার ব্যবস্থা করবে না। কাজেই আমাদের মুসিকল হচ্ছে সেইখানে।

মন্ত্রী মহাশয় যে এ সম্বন্ধে একটা সংসদীয় বোর্ডের কথা ঘোষণা করেছেন, এতে আমরা খুব খুশী হয়েছি। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো বোর্ডকে যেন একটি শক্তিশালী সংস্থায় পরিণত হয়—আমাদের যেমন Public Account কমিটী আছে, Estimates কমিটী আছে—সেই রকম শক্তিশালী বোর্ড যেন হয়। সেই বোর্ডের recommendation যেন binding এবং কার্যকরী হয়।

Scheduled Caste সম্প্রদায়ের বাড়ী তৈরী করবার জন্য যে টাকা দেওয়ার বরাদ্দ করেছেন, তা অতি সামান্য। এই অল্প টাকায় কোন বাড়ীঘর তৈরী করা যাবে না। আমার এলাকায় ১৯৫২ সাল থেকে রিজার্ভ সীট আছে। কিন্তু সেখানে আজ পর্যন্ত একটা প্রাথমিক বিদ্যালয় এই Scheduled Caste ও Tribe এর ছেলেমেয়েদের জন্য স্থাপিত হল না। সেই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—যাতে এই অনুন্নত জাতির মানুষদের উন্নয়নের জন্য সামগ্রিক প্রয়াস করেন। এই অনুরোধ জানিয়ে এখানেই আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7-00 p.m.]

**শ্রীরজনীকান্ত দোলুইঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বিভাগীয় মন্ত্রী আমাদের সামনে যে Grant আজকে রেখেছেন তার পরিপ্রেক্ষিতে আমি কয়েকটি বক্তব্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। বিভাগীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের শেষে বলে গেছেন—

'আমাদের প্রিয় নেত্রী প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর সুযোগ্য নেতৃত্বে এবং বিধান সভার সদস্য ও দেশবাসীর সক্রিয় সহযোগিতায় এই রাজ্যে তপসিলী জাতি ও উপজাতিদের সর্বাত্মক কল্যাণে আমাদের সংবিধানে নির্দেশাত্মক নীতির শর্তাদি বিশ্বস্ততার সঙ্গে কার্যকর করতে সক্ষম হবই"।

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই বলে যে আমাদের প্রধানমন্ত্রী যে 'গরিবী হটাও' নীতির কথা বলেছেন, তাঁর সেই নীতিকে ও পরিকল্পনাকে সার্থক করতে গেলে সমাজের অনুন্নত যারা রয়েছে, হরিজন আদিবাসী যারা রয়েছে, আজ তাদের উন্নয়নের কথা সর্বাগ্রে চিন্তা করতে হবে। আমি দেখছি যে গ্রাণ্ট সরকার বাজেটে রেখেছেন, তাতে লক্ষ্য করছি—১৯৭১-৭২ সালে যেখানে ১৩ লক্ষ টাকার উপর বাজেট বরাদ্দ ছিল এই Tribal Welfare এর জন্য, সেই টাকাকে কমিয়ে এবার ২ লক্ষ ৩৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। একটু তুলনা করে যদি দেখা যায় আগেকার বাজেট বরাদ্দের সঙ্গে, তাহলে দেখবো

এবারের বাজেটে বিভিন্ন ক্ষেত্রে বরাদ্দ অনেক কম ধার্য্য হয়েছে। এই বছর অন্ততঃপক্ষে 50% বাজেট বরাদ্দ ছাটাই বা Curtail করা হয়েছে। এর দ্বারা এটা বুঝতে পারছি যে বিভাগীয় মন্ত্রী মহাশয় তাঁর নেতৃত্বে প্রধানমন্ত্রীর 'গরিবী হটাও' নীতির রূপায়ণে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছেন। সমাজের অনুন্নত শ্রেণীর উন্নতি সাধনের দিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে। সমাজের এই অবহেলিত নির্য্যাতিত লোকদের উন্নতির জন্য যদি কিছু কল্যাণকর কাজ সুষ্ঠুভাবে করা হয়, তাহলে আমরা একটি সুষ্ঠু ও সুন্দর সমাজ গড়ে তুলতে পারবো। আমরা এই বাজেটে দেখছি আমাদের এই অবজ্ঞাত অবহেলিত সমাজের উপর আরো বেশী অবহেলা ও অবজ্ঞা করা হয়েছে। আমরা ৩২ জন এম. এল. এ. এবার এখানে এই অবহেলিত সম্প্রদায়ের Representative হয়ে এসেছি। এই হরিজন আদিবাসী সম্প্রদায়ের দুঃখদুর্দ্দশার কথা বলবার জন্য তারা আমাদের এই ৩২ জন প্রতিনিধিকে এখানে পাঠিয়েছে। কিন্তু আমাদের সেই আশা আকাঙ্খা পূরণ হবার পথে যথেষ্ট অন্তরায় ও বাধা বিঘ্ন রয়েছে। আমরা জানি উন্নত শ্রেণীর লোকজন যাঁরা রয়েছেন, সর্বক্ষেত্রে তাঁরা আমাদের এই হরিজন আদিবাসী সম্প্রদায়ের লোকজনদের অবহেলা ও অবজ্ঞা করে চলেছেন।

সেখানে যেকথা বলা হয়েছিল যে শতকরা ৫ ভাগ আদিবাসী হরিজন নেওয়া হবে। সেটাও ঠিক মত কার্যকরী হচ্ছে না। এর জন্য আমি অত্যন্ত দুঃখ প্রকাশ করছি এবং এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এ বিষয়ে তিনি নিশ্চয় দৃষ্টি দেবেন। আজকে আদিবাসী হরিজনরা বিভিন্ন জায়গায় নির্যাতিত হচ্ছে। অফিসে অফিসে চাকুরীর জায়গায় তাদের দেখে অনেকেই নাক সিটকায় এবং বিভিন্নভাবে অবহেলিত হয়। সেখানে যাতে তাদের উপর অবহেলা না হয় তার জন্য নিশ্চয় চেষ্টা করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে গ্রান্ট রেখেছেন সে গ্রান্ট নিশ্চয় রিভাইজ করবার চেষ্টা করবেন। এবং তা যদি সম্ভব নয় আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো আগামী যে বাজেট আনবেন তাতে আমরা যে সমস্ত ডিমাণ্ড রাখছি সেগুলির দিকে লক্ষ্য রেখে যেন বাজেট প্রভিসন করা হয়। আমরা দেখতে পাচ্ছি বর্ত্তমানে বাজেটে এই আদিবাসী ও হরিজনদের আর্থিক সঙ্গতির উন্নতির জন্য কোন ব্যবস্থা নাই। আদিবাসী জেলে যে সমস্ত রয়েছে বা অনেক যে সমস্ত শিল্পী রয়েছে তাদের গ্রান্ট দেবার কোন বিশেষ প্রভিসন এই বাজেটে নাই। পেমেন্ট অব টিউসন ফি সিডিউল্ড কাস্ট এণ্ড সিডিউল্ড ট্রাইব সম্বন্ধে দেখতে পাচ্ছি গত বছরে যে টাকা দেওয়া হয়েছিল বর্ত্তমানে বাজেটে তার ২৫ ভাগ কেটে নেওয়া হয়েছে। এটা একটা নেগলেকটেড বাজেট হয়েছে। এ ব্যাপারে অভিযোগ করা হচ্ছে, কিন্তু এই নির্যাতিত লোকদের উপর বিভাগীয় দৃষ্টি মোটেই পড়েনি। এই দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অত্যন্ত হতাশার কথা, দুঃখের কথা যে এই সম্প্রদায়ের প্রতি যে অবহেলা তার চিত্র এই বাজেটে পরিস্ফুট হয়ে উঠেছে। আমরা লক্ষ্য করেছি যে এই হরিজন ও আদিবাসীদের উন্নতির জন্য বহু বড় বড় বক্তৃতা করা হয়েছে—নির্বাচনের সময় প্রতিশ্রুতিও অনেক দেওয়া হয়েছে—কিন্তু তাদের সম্বন্ধে কিছু করতে দেখছি না—তারা সেই গরীব গরীবই রয়েছে। তাদের ঘরে খড় নেই—অন্ন নেই পেটে। তাদের যে জমি দেবার কথা সেই জমি দেবার কোন ব্যবস্থাই দেখলাম না, বলদ কেনার জন্য কোন ঋণ পাবার বিশেষ ব্যবস্থা দেখলাম না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আর একটি কথা বলতে চাই। সেটা হচ্ছে মেডিক্যাল কলেজে ভর্তির ব্যাপার। মন্ত্রী মহাশয় বলেছেন যে স্বাস্থ্য মন্ত্রীকে তিনি অনুরোধ করেছেন যাতে সিডিউল্ড কাষ্ট ও সিডিউল্ড ট্রাইবসদের জন্য বিশেষ সিট রিজার্ভ রাখার জন্য। দুঃখের কথা আজ ২৫ বছর স্বাধীনতা পাবার পর এখন স্বাস্থ্য মন্ত্রীকে, স্বাস্থ্য দপ্তরকে অনুরোধ করা হচ্ছে সিট রিজার্ভ রাখার জন্য। এখনও পর্যন্ত

কম্পালসারী কিছু ব্যবস্থা করা হয়নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা দেখতে পাচ্ছি যে, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বাজেটে কিছু শিথিল করেছেন। কিন্তু ষ্টেট গভর্ণমেণ্ট-এর বাজেটে সেই রকম কোন ইকনমিক আপলিফটের ব্যবস্থা দেখতে পাচ্ছি না। এই সমস্ত উপজাতীয়দের ওয়েলফেয়ারের কোন ব্যবস্থাই আমি দেখতে পাচ্ছি না। প্রাইমারী স্কুলে হোষ্টেল প্রভিসনের কোন কথাই বলা হয় নি। আমি পুনরায় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তপশীলী জাতি ও উপজাতীয়দের বিদ্যালয়ে পড়াশুনার জন্য হোষ্টেল বিল্ডিং-এর ব্যবস্থা করা হয় তার জন্য। এই যে ডাউন ট্রডন কাস্ট—এদের উন্নতির জন্য আগামী বাজেট যে আসবে তাতে যেন বিভাগীয় মন্ত্রী দৃষ্টি প্রসারিত করেন—এই বিশ্বাস রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলেঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এ বছর আমাদের যে তপশীলী জাতি ও উপজাতীয় বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ আমাদের সামনে রেখেছেন আমি তাকে সমর্থন করতে উঠে দু চারটি কথা বলতে চাই। আপনি জানেন স্যার, এই তপশীলী জাতি ও উপজাতি এরা একটা ডাউন ট্রডন কাষ্ট। আপনি জানেন সব দিক থেকে—কি সামাজিক কি অর্থনৈতিক সমস্ত দিক থেকে এরা অত্যন্ত অনুন্নত।

[7-00—7-10 p.m.]

খুব আশ্চর্য্যের বিষয় সমাজে এদের উপর কঠোর নির্য্যাতন করা হয়েছে। অবশ্য আমাদের পশ্চিমবাংলা এর ব্যতিক্রম। অন্ধ্রপ্রদেশে আপনি জানেন একজন হরিজন ছেলেকে পুড়িয়ে মারা হয়েছিল। গঙ্গায় স্নান করতে ইউ.পি.তে হরিজনরা যাচ্ছিল, তাদের মারা হয়েছিল। সন্ন্যাসীরা এটা করেছিল। অথচ সেই সন্ন্যাসীরা বলছেন, 'যচ্চাপি সর্ব্বভূতানাং তদহম্ বীজং—অর্জ্জুন'। তারা মুখে শুধু বলছেন পৃথিবীতে যত প্রাণী আছে আমি তাঁদের মধ্যে আছি। তারা মুখে শুধু বলছেন, 'কে বলে তোমারে বন্ধু অস্পৃশ্য অশুচি, শুচিতা ফিরিছে সদা তোমারই পিছনে'। এই রকমভাবে বহু ক্ষেত্রে তাদের উপরে কঠোর সামাজিক নির্যাতন চলছে। আমি দক্ষিণ ভারতের বিভিন্ন জায়গায় নিজের চক্ষে দেখেছি, মাদুরাই, পণ্ডীচেরি এবং মাদ্রাজে দেখেছি হরিজন সম্প্রদায়ের সঙ্গে অন্য সম্প্রদায়ের একটা বিরাট ফারাক আছে। আমি নিজে চক্ষে দেখেছি প্রতিটি ক্ষেত্রে এই রকম ব্যবহার করা হয়। অবশ্য পশ্চিমবাংলা তার ব্যাতিক্রম আছে। এই হচ্ছে অবস্থা। অর্থনৈতিক ক্ষেত্রে এদের অবস্থা অত্যন্ত নিম্নস্তরের। এদের মাথা গুঁজবার বাস্তুভিটে কুঁড়েঘর পর্য্যন্ত নেই। এই অবস্থা আমাদের ২৫ বছর স্বাধীনতার পরেও। ষ্ট্যাণ্ডার্ড অফ লিভিং বিচার করে ইকনমিক ষ্টেজ বিচার করার একটা হিসাব আছে। একটা পূর্ণাঙ্গ মানুষ বাঁচতে পারে ৩৬ শো থেকে ৪ হাজার ক্যালোরী খেয়ে এবং ৫০ গজ থেকে ৭০ গজ সারা বছরে কাপড় চাই এবং একটা বাসগৃহ দরকার যার সংস্থান হিসাবে একশো স্কোয়ার ফুট চাই। এদের জীবনে এটা স্বপ্ন। এদের ষ্টাণ্ডার্ড অফ লিভিং চিন্তা করলে আশ্চর্য্য হতে হয়। আপনি জানেন এই তপশীলি এবং আদিবাসীদের সংখ্যা সমগ্র পশ্চিমবাংলার এক-চতুর্থাংশ। অর্থাৎ সেটা একটা বিরাট উৎপাদিকা শক্তি। এই লেবরিয়াস ফোর্সের লেবার করার ক্ষমতা দিনের পর দিন ধ্বংস হয়ে যাচ্ছে। আজকে তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক সর্বক্ষেত্রে যাতে উন্নতি করা যায় সেদিকে যেন একটু দেখেন। এদের শিক্ষার হার শুনলে আশ্চর্য্য হবেন। এদের শিক্ষার বর্তমান হার নিরক্ষর বলতে প্রায় ৫৭ হাজার, এই প্রাইমারী জুনিয়ার পর্য্যন্ত ২০ লক্ষের মতো এবং মাট্রিক এ্যাণ্ড এ্যাভব ১৭ হাজারের মতো। অথচ এটা একটা বিরাট সংখ্যা বর্ত্তমানে প্রায় এক কোটির উপরে। এরা যে সর্বক্ষেত্রে নেগলেগটেড তা এ্যাসেম্বলী

হাউসে যে এ্যানুয়াল এ্যাডমিনিসট্রেটিভ কপি এবং কমিশনারস-এর রিপোর্ট তা না রাখায় আমি মনে করি এই রকম সর্বক্ষেত্রে নেগলেগটেড করা হয়ে থাকে।

আপনি জানেন, স্যার, ভারতসরকারের রাষ্ট্রপতির কাছে আমাদের সংবিধানের ৩৩৮ ধারা অনুসারে প্রতি বৎসর একটি করে রিপোর্ট দাখিল করতে হয়। সেই রিপোর্ট দাখিল করেন শিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবস-এর যিনি কমিশনার তিনি নিজে। সেই বইগুলি এখানে পাওয়া যাচ্ছেনা, এদিক থেকে আমি মনে করি এই জাতি সংক্রান্ত বিষয়বস্তু তা নেগলেকটেড হচ্ছে। এই হচ্ছে আমাদের বর্তমান অবস্থা। মাননীয় মন্ত্রীমহাশয় যে বরাদ্দ রেখেছেন সেই বরাদ্দ সমর্থন করতে গিয়ে আর একটা কথা বলব। আশ্রমের স্কুল সংক্রান্ত এই তপশীল শিডিউল কাষ্টদের জন্য বরাদ্দ হয়েছে ১ লক্ষ ৬৫ হাজার টাকা। এজন্য আমি মন্ত্রীমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু শিডিউল ট্রাইবসদের জন্য বরাদ্দ করা হয়নি, সেদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ ডেপুটি স্পীকারঃ** আপনার সময় হয়ে গিয়েছে, আপনি বসুন।

( বক্তা বসিয়া পড়েন )

**শ্রীহরিসাধন দলুইঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের তপশীল জাতি এবং উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় যে বাজেট হাউসের সামনে রেখেছেন তা পড়তে এবং শুনতে খুব আকর্ষণীয় হলেও আমার কাছে মোটেই আশাব্যঞ্জক নয় বলেই আমি মনে করছি। এই বাজেটের প্রথমেই বলা হয়েছে ২৬ শতাংশ অনুন্নত সম্প্রদায় যা রয়েছে তাদের অন্যান্যদের সঙ্গে এক করতে হলে তাদের উন্নতি করা দরকার। এই উন্নতি করা দরকার এই যে কথাটা এরমধ্যে এমন কতকগুলি অন্তরায় রয়েছে যা আমাদের পক্ষে বা এই তপশীল জাতি বা উপজাতির ক্ষেত্রে এগিয়ে যাওয়া কষ্টকর। স্যার, শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষার ক্ষেত্রে অগ্রসরতা যদি না থাকে তাহলে কখনই আমরা মাথা তুলে দাঁড়াতে পারবো না। স্যার আমাদের প্রাইমারী শিক্ষার ক্ষেত্রে কতকগুলি বাধা আছে। যে সব জায়গায় প্রাইমারী স্কুল দেওয়া হয়েছে সেগুলি মোটেই তপশীল জাতির বা উপজাতির এলাকা নয়। সেখানে তপশীল এলাকা বলে উন্নত সম্প্রদায়ের লোকেরা স্কুল তৈরি করেছে। কিন্তু সেখানে যদি সার্ভে করা হয় তাহলে দেখা যাবে সেখানে তপশীল জাতির সংখ্যা কম, উন্নত সম্প্রদায়ের সংখ্যা বেশী। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে, যেখানে ২০ অংশ তপশীল জাতি বা উপজাতি আছে সেখানে যেন এই প্রাইমারী স্কুল দেওয়া হয় এবং প্রাইমারী স্কুলের শিক্ষকদের মধ্যে অন্ততপক্ষে একজন যেন তপশীল জাতির শিক্ষক থাকেন। স্যার, সেকেণ্ডারী এডুকেশানের ক্ষেত্রে আমাদের ছাত্ররা খুব বেশী অসুবিধায় পড়েন। তারা যে হোষ্টেল এবং বুক গ্রাণ্ট পায় সে সম্পর্কে আমি বলব, ৩০ টাকার মত হোষ্টেল গ্রাণ্ট তাদের দেওয়া হয়। কিন্তু সেই টাকায় তাদের থাকা খাওয়া মোটেই সম্ভব হয় না। হোষ্টেলে তাদের জন্য রিজারভেসান রাখা হয়েছে, কিন্তু অন্যান্য সম্প্রদায়ের ছেলেরা হোষ্টেলে যেভাবে থাকে বা খায় আমাদের এই অনুন্নত শ্রেণীর ছেলেরা ঐ ৩০।৪০ টাকায় সেভাবে থাকতে বা খেতে পারে না। কাজেই আমি বলব এই হোস্টেল গ্রাণ্ট বাড়ানো উচিত। তাছাড়া মহকুমাতে যেখানে একটা করে কলেজ বা স্কুল সেখানে একটা করে শিডিউল আওয়ার রাখা উচিত রিজারভেসনের কথা বলা হয়েছে। আমি বার্গেনিং-এর কথা বলছি না, সিডিউলড কাস্ট সিডিউলড ট্রাইবসদের জন্য রিজারভেসনের ব্যবস্থা থাকা দরকার। কিন্তু একটি কথা বলি আমাদের যারা উপর তলায় উঠে গেছেন তারা নীচু তলার লোকদের দিকে মোটেই নজর দেন না। তাই আমি নীচু তলার লোকদের দিকে দেখার জন্য যারা উঁচু তলায় সার্ভিস করে তাদে

এবং মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এবং তাদের শিক্ষা ক্ষেত্রে যথাযোগ্য সুযোগ সুবিধা দেবার ব্যবস্থা করে দিন, এই হচ্ছে আমার বক্তব্য।

[7-10—7-20 p.m ]

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে গঙ্গাধরবাবু যে কথা বলেছেন তার সঙ্গে আমি একমত। আজকে এই কথা ঠিক যে আমরা খালি নিয়ম করে মেকানিক্যালি যদি নিয়ম পালন করার কথা বলি তাহলে কিছুতেই সেই নিয়ম ঠিক ঠিক মত পালিত হবে না, এর জন্য যে মানবিক দৃষ্টিভঙ্গী প্রয়োজন বর্তমান সরকারের সেটা আছে এবং সেটা নিশ্চয়ই উপস্থিত সদস্যরা সকলেই উপলব্ধি করেছেন। এখানে মাননীয় সদস্যরা তপশীলি জাতি এবং আদিবাসীদের দুঃখ বেদনার অনেক ক্ষোভ প্রকাশ করেছেন, তাঁদের সঙ্গে আমি একমত। কিন্তু তার সঙ্গে সঙ্গে বহু সদস্য আতঙ্ক প্রকাশ করেছেন, সেটা ঠিক নয়। আজকের দিনে সমস্ত তপশীলি, আদিবাসীদের ঘৃণা করা হয়, নাক সিটোনো হয়, আজকে যারা দায়িত্বশীল সদস্য তাদের বিধানসভায় এই দৃষ্টিভঙ্গী নিয়ে কথা বলা ঠিক হয়নি। আমি এই কথা মানি সরকার সংবিধানসম্মত যে ব্যবস্থা করেছেন, তার অনেকগুলি পালিত হয়নি। পালিত হয়নি, তার কারণ অতীতের সরকারগুলি যে দৃষ্টিভঙ্গী থাকা উচিত ছিল, যে মানবিক দৃষ্টিভঙ্গী থাকলে এই অনুন্নত শ্রেণীর লোকদের টেনে তোলা যায় সেই মানবিক দৃষ্টিভঙ্গীর অভাব ছিল বলেই সেই সব আমলারা পর্যন্ত ঠিক ঠিক মত কাজ করেন নি। আপনারা জানেন আমাদের মহান নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর নির্দেশে আজকে সমস্ত দল তাদের দৃষ্টিভঙ্গী এই অনুন্নত শ্রেণীর, দুর্বল শ্রেণীর লোকদের উন্নয়নকল্পে প্রসারিত করেছেন। আমরা সেই জন্য আশা ক'র বর্তমানে আমাদের বিভাগের কর্মচারীরা, আমলারা সরকারের এই দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামঞ্জস্য করে যে ব্যবস্থা তপশীলি ও আদিবাসীদের জন্য করা হয়েছে তা যথাযথ পালন করবেন এবং তাদের উন্নয়নকল্পে যে অর্থ বরাদ্দ করা হয়েছে তা ঠিক ঠিক মত ব্যয় করা হবে। রজনী দোলুই মহাশয় এখানে বলেছেন যে বাজেট বরাদ্দে সমস্ত টাকা কমে গেছে। কোথা থেকে তিনি এই বাজেট বরাদ্দে সব টাকা কমে গেছে দেখলেন আমি বুঝতে পারছি না। যে বইটা এখানে উপস্থাপিত করা হয়েছে তার মধ্যে আপনারা দেখুন টুইসন ফি বাবদ যেখানে ১৯৭১-৭২ সালে ১৩ লক্ষ টাকা তপশীলি জাতির জন্য ব্যয় করার কথা ছিল সেখানে এবার ১৫ লক্ষ টাকা ব্যয় করার ব্যবস্থা করা হয়েছে। বুক গ্রান্ট বাবদ যেখানে ১।.০ লক্ষ টাকা ব্যয় করার কথা ছিল সেখানে এবার ৪ লক্ষ টাকা ব্যয় করার কথা হয়েছে। উপজাতিদের বিষয়েও একই কথা খাটে। ১৯৭১-৭২ সালে যেখানে ১৩ লক্ষ টাকা টুইসন ফি বাবদ বরাদ্দ ছিল সেখানে এবার ১৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বুকগ্রান্ট বাবদ ১।।• লক্ষ টাকা বরাদ্দ এবারও সেখানে বজায় রাখা হয়েছে। সুতরাং উনি কোথা থেকে যে বলেন, কোন তথ্য থেকে বললেন যে এই বাজেট বরাদ্দে সব কমিয়ে দেওয়া হয়েছে সেটা আমি বুঝতে পারছি না। মাননীয় শরৎবাবু দীর্ঘদিন ধরে এই সম্প্রদায়ের লোকদের উন্নয়নকল্পে কাজ করে এসেছেন। তিনি একটি কথা বলেছেন, ২৬ শতাংশ লোকের জন্য এই ./২।।• কোটি টাকা কি হবে। কিন্তু শরৎবাবু বোধ হয় ভুলে যাচ্ছেন পশ্চিমবাংলার সামগ্রিক উন্নয়নের জন্য যে অর্থ বরাদ্দ আছে তার সুযোগ থেকেও এই তপশীলি জাতিরা বঞ্চিত হবে না, যদি বঞ্চিত হয়ে থাকেন তো সেটা আগেকার সরকারের আমলে হয়েছিলেন। আমি এই প্রতিশ্রুতি বর্ত্তমান সরকারের তরফ থেকে দিতে পারি যে প্রতিটি ক্ষেত্রে শিক্ষা খাতেই হোক, কৃষি খাতেই হোক বা অন্য যে কোন উন্নয়নমূলক পরিকল্পনা খাতেই হোক, যে বাজেট বরাদ্দ আছে তার যথাযোগ্য সুযোগ তপশীলি এবং আদিবাসী সম্প্রদায়ের লোকেরা পাবেন, এই দৃষ্টিভঙ্গী নিয়ে বর্ত্তমান সরকার চলেন। সেই দৃষ্টিভঙ্গীতে বর্তমান সরকার চলেন। সুতরাং আপনারা

একথা ভাববেন না যে আপনাদের উন্নয়নের জন্য খালি ঐ ২৫০ কোটি টাকা বরাদ্দ। আপনারা এই নিয়ে অন্যান্য বাবদ যে বরাদ্দ রয়েছে তার কোন সুযোগ নিতে দেবেন না। হয়ত অতীতের অভিজ্ঞতা আপনাদের এই, কিন্তু আমি আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি যে বর্তমান সরকার তা হতে দেবে না। মাননীয় অনেক সদস্য এখানে টিউবওয়েল, প্রাথমিক স্কুল প্রভৃতি ব্যাপারে বলেছেন। আমি সেজন্য আবার তাদের স্মরণ করিয়ে দিতে চাই, আমি তপশীল মন্ত্রী হিসাবে আপনাদের কাছে বলতে চাই, আপনারা একথা আমার দৃষ্টিতে আনতে পারেন, আপনাদের বক্তব্য যাতে যথাযথভাবে পালিত হয় তার জন্য মন্ত্রী সভায় আপনাদের বক্তব্য রাখবো। তপশীল বা আদিবাসী এলাকা বলেই সেখানে টিউবওয়েল বসান হয়নি, বলে দেওয়া হয়েছে যে ওটা ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট বসাবে আমাদের বর্তমান ব্যবস্থায় যে টিউবওয়েল সেখানে কার্যকরী হবেনা, এই ঘটনা যদি আপনাদের থাকে তাহলে নিশ্চয়ই আপনারা আমার দৃষ্টিতে আনুন যাতে আমি রুর‍্যাল ওয়াটার সাপ্লাই বিভাগের বিভাগীয় মন্ত্রীর সঙ্গে কথা বলতে পারি এবং তাতেও যদি ভাল ফল না হয় তাহলে মন্ত্রী সভার দৃষ্টি এই বিষয়ে আকর্ষণ করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমাদের মাননীয় সদস্য অমর মণ্ডল মহাশয় একটা অভিযোগ-এর কথা বলেছেন। অমরবাবুকে চিঠি দিয়ে আমার দপ্তর জানিয়েছে। তাছাড়া আমি নিজে ওর অভিযোগ সম্পর্কে তদন্ত করেছি এবং আরো তদন্ত করার জন্য নির্দ্দেশ দিয়েছি। উনি যদি আমার কাছে একথা উপস্থিত করেন যে কোন জায়গায় এই শুঁড়ি শ্রেণীভুক্ত ছেলেরা এই ষ্টাইপেণ্ড থেকে বঞ্চিত হয়েছেন তাহলে নিশ্চয়ই ব্যবস্থা করা হবে। একথা ঠিক যে মাঝি সম্প্রদায় যদি শুঁড়ি হিসাবে উল্লেখ না করেন তাহলে হয়ত সাহায্য থেকে বঞ্চিত হয়। এজন্য মাঝি সম্প্রদায়কে শুঁড়ি শ্রেণীভুক্ত বলে উল্লেখ করবার জন্য ব্যবস্থা করা হয়েছে। আমি সেজন্য অমর মণ্ডল মহাশয়কে জানিয়েছি যে যদি কোন ছাত্র ভুল বশতঃ উল্লেখ না করে এর থেকে বঞ্চিত হয়ে থাকেন তাহলে নিশ্চয়ই আমার দৃষ্টিতে আনবেন আমরা নিশ্চয়ই ব্যবস্থা করবো। সুতরাং একথা তিনি এই বিধানসভায় না উল্লেখ করলে পারতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে অনেক বিষয় মাননীয় সদস্যরা উপস্থাপিত করেছেন। আমি সেই সম্পর্কে দুচারটি কথা এখন উল্লেখ করতে চাই। ভূমিহীন কৃষকদের ভূমি বণ্টনের ব্যাপারে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা সকলেই জানেন যে সার্কুলার ল্যাণ্ড রিফর্ম ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়েছে ভূমিবণ্টনের ব্যাপারে, ভূমিহীন কৃষকদের মধ্যে আদিবাসী তপশীলদের অগ্রাধিকার দিতে হবে। ভূমিবণ্টন কমিটিতে যদি এদের বিষয় অগ্রাধিকার না দেওয়া হয়ে থাকে এবং এই অভিযোগ যদি থাকে তবে তারা যদি ভূমিরাজস্ব মন্ত্রীকে জানান, আমাদের দৃষ্টিতে আনেন নিশ্চয়ই এই সম্পর্কে ব্যবস্থা নেওয়া হবে। কারণ এই সরকারের সিদ্ধান্তের কথা সরকারের ব্যবস্থার কথা সরকার ভূমিরাজস্ব বিভাগের সমস্ত জে. এল. আর. ও কে এই নির্দ্দেশ পাঠিয়ে দিয়েছেন। সুতরাং এর হেরফের হওয়ার কথা নয়।

[7-20—7-30 p.m.]

আপনারা এখানে হস্টেলের বিষয়ে যে কথা বলেছেন, আমাদের শিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবসদের ৪৪'শ ছেলের জন্য হস্টেল চার্জের অনুদান দেওয়া হয়ে থাকে। আমাদের অর্থাভাবের জন্য এর বেশী অনুদান দেবার ব্যবস্থা করতে পারিনি। আপনারা নিশ্চয়ই দেখেছেন আজকে বাজেটে ব্যয়বরাদ্দ রেখে আমি যে বক্তৃতা করেছি তাতে বলেছি যে অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনামূলক ভাবে, তাদের জনসংখ্যার সঙ্গে বাজেটের কতভাগ অর্থ বরাদ্দ করা হয়, সেখানে যদি দেখি পশ্চিম বাংলা অন্যান্য রাজ্য থেকে পিছিয়ে আছে তাহলে মন্ত্রীসভার কাছে পশ্চিম বাংলার তপশীলি জাতিদের এই দাবী এই বক্তব্য আমি নিশ্চয়ই উপস্থিত করবো। আমার এ বিশ্বাস আছে পশ্চিমবাংলার

বর্ত্তমান মন্ত্রীসভা আদিবাসী তপশীলি সম্প্রদায়ের সম্বন্ধে সহানুভূতিশীল, তারা নিশ্চয়ই তাদের যেটা প্রাপ্য তা থেকে তারা কখনও বঞ্চিত করবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে গৃহনির্মাণের বিষয়ে আলোচনা করা হয়েছে, আপনারা জানেন যে ডোম, মুচি, চামার প্রভৃতি সম্প্রদায়কে তাদের গৃহনির্মাণের জন্য একটা কেন্দ্রীয় পরিকল্পনা আছে। ৪ লক্ষ ৩০ হাজার টাকা, সেটা আমরা মিউ-নিসিপ্যালিটির মাধ্যমে হরিজন শ্রেণীদের গৃহনির্মাণ বাবদ খরচ করে থাকি। আমি যতদূর শুনেছি কেন্দ্রীয় সরকার পল্লী অঞ্চলে যারা ভূমিহীন আছেন, তাদের গৃহনির্মাণের সমস্যা দূর করবার একটা পরিকল্পনা নিচ্ছেন, এই পরিকল্পনা আমাদের রাজ্যে সম্প্রসারিত হলে—একথা ঠিক আমাদের বর্ত্তমান মন্ত্রীসভা নিশ্চয়ই আদিবাসী এবং তপশীলি সম্প্রদায়ের প্রতি বিশেষ দৃষ্টি দেবেন, কারণ সমাজের এবং ভূমিহীন কৃষকদের মধ্যে এরাই হচ্ছে সবচেয়ে পেছিয়ে থাকা শ্রেণী, অনুন্নত শ্রেণী, এদের জন্য অগ্রাধিকার পাওয়া উচিত। এই বিষয়ে আমার নিজের বিশ্বাস এবং মন্ত্রীসভা কখনও দ্বিধান্বিত হবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বর্ত্তমানে যে গৃহনির্মাণের ব্যবস্থা করতে পেরেছি, সেটাতে মাত্র ১০০টি পরিবার এর সুযোগ পাবে এবং তাছাড়া সাবক্লজ তিন-এ তাতে কিছু কিছু গৃহনির্মাণের ব্যবস্থা হয়তো আমরা করতে পারবো। এর বেশী বর্ত্তমানে এই অর্থ বরাদ্দ আমাদের পক্ষে করা সম্ভব নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বেদনার কথা আজ এখানে মাননীয় সদস্যরা উপস্থাপিত করেছেন যে তপশীলি এবং আদিবাসী সম্প্রদায়ের মধ্যে শিক্ষার জন্য যে আগ্রহ এবং চেতনা এসেছে তার সুযোগ অর্থাভাবের দরুন অনেক হতে পারছে না, সেইজন্য এই দপ্তর থেকে স্টাইপেণ্ড দেবার যে ব্যবস্থা ছিল তাকে পরিবর্ত্তন করে যাতে ছাত্ররা উচ্চ শিক্ষার জন্য ভর্তি হবার সঙ্গে সঙ্গে স্টাইপেণ্ড দেওয়া যায় কি না, সে সম্বন্ধে আমাদের দপ্তর এবং আমরা বিশেষভাবে চিন্তা করছি এবং শীঘ্র এই সম্বন্ধে একটা ব্যবস্থা করতে পারবো। ইতিমধ্যে আমি আমার দপ্তরকে নির্দ্দেশ দিয়েছি যে অন্ততঃপক্ষে ৬ মাসের মধ্যে এই আবেদনপত্র বিচার বিবেচনা করে তারা যাতে স্টাইপেণ্ড পায় তার ব্যবস্থা করবার জন্য এবং প্রতিটি প্রিন্সিপ্যালকে চিঠি দিয়ে জানানো হয়েছে যে ভর্তি হবার সঙ্গে সঙ্গে আবেদন পত্রগুলো তারা যেন পাঠিয়ে দেন, যাতে দু তিন মাসের মধ্যে ছাত্ররা স্টাইপেণ্ডের অধিকারী হতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আদিবাসী এবং তফশীলি সম্প্রদায়ের কাছে আশ্বাস দিতে চাই যে আমরা চিন্তা করছি যে অসুবিধা যদি না ঘটে তাহলে প্রিন্সিপ্যালের সার্টিফিকেটের উপর যাতে এসব ছাত্ররা স্টাইপেণ্ডের সুযোগ নিতে পারে তার জন্য চিন্তা করছি। আশা করি যে বাধা আছে তাকে দূর করে এই ব্যবস্থা করতে আমরা সক্ষম হব, যেভাবে মেডিকেল কলেজ এবং ইঞ্জিনিয়ারিং কলেজে ব্যবস্থা আছে। কিন্তু এটা প্রতিশ্রুতি এই জন্য নয় যে এখন সমস্ত জিনিসটা সম্বন্ধে বিভাগীয় অভিমত আমার কাছে এসে পৌঁছায় নি। কিন্তু এই সম্বন্ধে দৃষ্টি আমাদের আছে। আমি বুঝি যে গরীবের ছেলেরা যদি ৩/৪ মাসের বেতন সংগ্রহ করতে পারেন, হোস্টেল চার্জ সংগ্রহ করতে পারেন তাহলে তাদের সারা বছরের পড়ানোর ক্ষমতা নিশ্চয়ই আছে। কিন্তু এই শ্রেণী যাদের পড়ানোর ক্ষমতা নেই, অর্থ যোগানোর ক্ষমতা নেই, তাদের এই দেরী হয় বলে শিক্ষা গ্রহণের সুযোগ নিতে পারে না। তারা যাতে বঞ্চিত না হয় সেজন্য আমরা চিন্তা করছি এবং যথেষ্টভাবে এই সম্বন্ধে চিন্তা করে কিছু সুরাহা করবার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সরকারী চাকুরীর কোটার বিষয়ে এখানে মাননীয় সদস্যরা অনেক আলোচনা করেছেন। তাদের দুঃখ, বেদনা, ক্ষোভের কারণ আমি নিশ্চয়ই অনুধাবন করতে পারছি। এই কথা ঠিক যে অতীতের সরকারের সেই দৃষ্টিভঙ্গী থাকলে তপসিলী জাতির জন্য রিজার্ভেশন করার প্রয়োজন হতো না, কিন্তু তাদের সেই দৃষ্টিভঙ্গির অভাব ছিল। বর্ত্তমান সরকার, আপনি জানেন আজকে হাউসে মোশান এনেছেন যাতে এই সমস্ত ত্রুটি দূর করা যায় তার জন্য হাই পাওয়ার কমিটি করেছেন। এই সমস্ত ত্রুটি দেখে তারা বিধান সভায় সেগুলি উপস্থিত করবেন

যাতে সরকার সেই ত্রুটি সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক সদস্য বলছেন যে এই কমিটিতে তাদের সম্প্রদায়ের লোক নেওয়ার জন্য এবং তার জন্য আমার কাছে আবেদন করেছেন, কিন্তু এই কমিটি বিধান সভার দ্বারা নির্বাচিত কমিটি। এই কমিটি আমার দ্বারা বা সরকারের দ্বারা গঠিত নয়। সুতরাং আপনারা এই বিষয়ে বিধান সভায় প্রশ্ন করবেন সরকারী ব্যবস্থা নেওয়ার জন্য। আমি আশা করি সরকারের দৃষ্টিভঙ্গীর যখন পরিবর্তন হয়েছে তখন সরকারী অফিসারদেরও নিশ্চয়ই দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়েছে। আমাদের প্রকল্পে রিজার্ভেশন ইন সারভিস যেটা আছে সেইটার রিজার্ভেশন যাতে ভালভাবে পূরণ হয় সেই জন্য মুখ্যসচিবকে চেয়ারম্যান করে বিভাগীয় সচিবদের নিয়ে একটা কমিটি আছে, সেই কমিটির তদারকি করা দরকার। অতীতে হয়ত তদারকি করা হয়নি, আজ আমি এখানে আশ্বাস দিতে পারি বর্তমানে যাতে তদারকি করা হয় তার আমি নিশ্চয়ই চেষ্টা করব।

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** আর সুইটেবল ক্যানডিটেসদের বেলায় কি হবে ?

**শ্রীসন্তোষ রায় ঃ** মাননীয় সদস্যর নিশ্চয়ই জানা আছে যে, এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের অভিমত লিপিবদ্ধ হয়ে আছে। নির্দেশ আছে, সার্কুলার আছে যে, উপযুক্ত প্রার্থীর বেলায় যদি যোগ্যতার অভাব থাকে তাকে কিভাবে সম-পর্য্যায়ে এনে ঠিক করা হবে। সে সম্বন্ধে কেন্দ্রীয় সরকার যেসব বিধান করে দিয়েছেন, সেগুলি যাতে পালিত হয় সেই চেষ্টা করব, এই কথা আমি আপনার মাধ্যমে সদস্যদের কাছে বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রাথমিক শিক্ষা সম্বন্ধে এখানে মাননীয় সদস্যরা, বিশেষভাবে আদিবাসী সদস্যরা বক্তৃতা রেখেছেন। আমি বলছি যে নতুন অনেক প্রাইমারী স্কুল-এর অনুমোদন দেওয়া হবে। এই প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের ব্যাপারে যাতে আদিবাসী অধ্যুষিত এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলিকে অগ্রাধিকার দেওয়া হয় তার জন্য নিশ্চয়ই চেষ্টা করা হবে। এই জন্য আমি আগেই বলেছি এবং আমাদের নির্বাচনী ইস্তাহারে ছিল যে, প্রাথমিক শিক্ষার এ্যাডভাইসারি বোর্ড গড়ে তোলা হবে এবং আদিবাসীদের জন্য প্রাথমিক বিদ্যালয়ের অগ্রাধিকার দেওয়া হবে। আমি তাই আপনার মাধ্যমে সদস্যদের নিশ্চিত করতে চাই যে বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গির সঙ্গে অতীতের সরকারের দৃষ্টিভঙ্গির কিছুটা পার্থক্য আছে। বর্তমান সরকার অতীতের সরকারের মত মুখে খালি আদিবাসীদের কথা বলছে না, আদিবাসীদের উন্নতির জন্য তারা বদ্ধপরিকর।

**Mr. Speaker :** There is no cut motion. So I put the main Demand for Grant No. 31 to vote.

The motion of Shri Sontosh Kumar Roy that a sum of Rs. 2,61,64,000 be granted for expenditure under Grant No. 31, Major Head : "39-Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes", was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 7-30 p.m. till 1 p.m. on Thursday, the 6th July, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 6th July, 1972 at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 13 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 181 Members.

**Oath or Affirmation of Allegian ce**

[1-00—1-10 p.m.]

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not yet made an Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take Oath)

**Starred Questions**

(to which oral answers were given)

**Strikes, Lockouts and Closures**

*53. (Admitted question No. *49.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of strikes, lockouts and closures in the factories of West Bengal during—

(i) the months of March, April and May, 1972,

(ii) the corresponding months in the years 1967, 1968 and 1969; and

(b) the effect of such closures ?

**Dr. Gopal Das Nag :**

(a) (i) The number of strikes, lock-outs and closures are as follow :

| 1972 | Strikes | Lock-outs | Closures. |
|---|---|---|---|
| March | 20 | 4 | 13 |
| April | 23 | 9 | 8 |
| May | 14 | 16 | 15 |

(ii) The corresponding figures for 1967, 1968 and 1969 are as follows :

| 1967 | Strikes | Lock-outs | Closures. |
|---|---|---|---|
| March | 30 | 6 | 4 |
| April | 18 | 9 | 8 |
| May | 22 | 17 | 9 |

| 1968 | Strikes | Lock-outs | Closures. |
|---|---|---|---|
| March | 28 | 8 | 18 |
| April | 31 | 17 | 11 |
| May | 13 | 9 | 15 |
| 1969 | | | |
| March | 16 | 9 | 5 |
| April | 27 | 8 | 17 |
| May | 19 | 5 | 14 |

(b) The number of persons thrown out of employment as a result of such closures are as follows :

1972

March
April
May
} 55,708 persons.

1967

March
April
May
} 44,118 persons.

1968

March
April
May
} 62,378 persons

1969

March
April
May
} 53,831 persons.

Production was also affected and the economy of the State suffered as a result.

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালে যে লকআউট, ষ্ট্রাইক, ক্লোজার হয়েছিল এর পিছনে কোন রকম পলিটিক্যাল গ্রাউণ্ড ছিল কিনা এবং কোন রকম ফরেন এজেন্সি এই পলিটিক্যাল পার্টিকে সাহায্য করেছিল এই সমস্ত লকআউট, ষ্ট্রাইক, ক্লোজার করবার জন্য ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ খবর আমার জানা নেই।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৭২ সালের মার্চ, এপ্রিল এবং মে মাসে যে লকআউট, ষ্ট্রাইক, ক্লোজার-এর যে হিসাব আপনি দিয়েছেন এটা আরো কম হওয়া উচিত ছিল ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালের তুলনায় ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** এটা মতামতের প্রশ্ন, এই বিষয়ে আমি কিছু বলতে পারছি না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কিছুক্ষণ আগে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলেছেন, যখন মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন মিল ও ফ্যাক্টরীগুলির ষ্ট্রাইক, লকআউট, ক্লোজারের পিছনে কোন রাজনৈতিক উদ্দেশ্য ছিল কিনা, এর উত্তরে জানি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই তিনি কি বলবেন যুক্তফ্রন্ট আমলে পশ্চিমবঙ্গে ফ্যাক্টরী চালাবার মত উপযুক্ত পরিবেশ ছিল না এবং তার পিছনে যুক্তফ্রন্ট সরকারের কতিপয় রাজনৈতিক দলের হাত ছিল ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ম্যাটার অব ওপিনিয়ন।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৬৭, ১৯৬৮ এবং ৬৯ সালে যে ষ্ট্রাইক, লকআউট এবং ক্লোজার হয়েছিল তার পেছনে ল এ্যাণ্ড অর্ডারের প্রশ্ন ছিল কি ?

**মিঃ স্পীকার ঃ** ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** যতগুলি জায়গায় লকআউট এবং ক্লোজার হয়েছিল সেগুলি এখন কি অবস্থায় আছে এবং কতগুলি চালু হয়েছে জানাবেন কি ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** ষ্ট্রাইক যেগুলি হয়েছিল সেগুলি মিটে গেছে। ক্লোজার সম্বন্ধে বলতে পারি যেখানে যে রকম খুলছে কারখানা তার খবর আপনারা পাচ্ছেন এবং লকআউট এখন নেই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৬৭, ১৯৬৮, ১৯৬৯ সালে লকআউট, লে-অফ, ক্লোজার এবং ষ্ট্রাইকের জন্য যে সমস্ত শ্রমিকরা ছাঁটাই হয়েছিল তাদের মধ্যে কতজনকে এখন পর্যন্ত কাজে নিয়োগ করা হয়েছে ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** ৫২ হাজার ৬০৯ জন কাজে ফিরে গেছে। এখনও অনেক জায়গায় বন্ধ চলছে এবং সেখানে ওয়ার্কার্স ইনভল্‌ভড ১৫০৩।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী ঃ** আমরা জানি যে সমস্ত জায়গায় ক্লোজার হয়েছিল তার অনেকগুলো মিল, কারখানা আপনাদের প্রচেষ্টায় খুলেছে। এটা কি সত্য যে, এগুলি খোলার কিছু দিন পর মালিকরা কারসাজি করে আবার ক্লোজার করবার ব্যবস্থা করছে ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের প্রচেষ্টায় যে কারখানাগুলি খুলেছে সেখানে পুরাতন মালিকদের কোন অধিকার রাখা হচ্ছে না। পশ্চিমবঙ্গ সরকার যতগুলি খুলেছে অর্থ সাহায্য করে তার সমস্ত পরিচালনার ভার হয় ন্যাসনাল টেক্সটাইল কর্পোরেশন অথবা পশ্চিমবঙ্গ সরকারের মনোনীত কন্ট্রোলিং অথরিটির উপর দেওয়া হয়েছে এবং তাদের উপরেই দায়িত্ব দিয়ে এগুলি খোলান হয়েছিল। পশ্চিমবঙ্গ সরকার যে কারখানাগুলি খুলেছে সেখানে মালিকরা কারসাজি করে বন্ধ করার চেষ্টা করছে এরকম ঘটনা হতে পারে না। একটিমাত্র ক্ষেত্রে হয়ত মাননীয় সদস্য তার কথাই বলছেন এবং সেটা হচ্ছে এই সরকার দায়িত্ব গ্রহণ করবার সঙ্গে সঙ্গে সেন র‍্যালে কোম্পানী খোলা হয়েছিল এবং সেখানে এখনও আংশিক ভাবে মালিক পক্ষের হাতে কিছু দায়িত্ব আছে। কিন্তু সেখানেও একটা চুক্তি হয়ে ৩টি ইউনিয়নের সঙ্গে সহযোগিতা করে কারখানা চালান হয়েছিল। সেখানে মালিক পক্ষ কারসাজি করে কারখানা বন্ধ করছে এই খবর আমার জানা নেই।

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** সেন র‍্যালে সম্বন্ধে বললেন মালিক পক্ষের কারসাজি নেই। আপনি কি জানেন কাঁচামাল সরবরাহের অভাবে এবং টাকার অভাবে কারখানা বন্ধ হতে যাচ্ছে ?

**মিঃ স্পীকার :** This question does not arise. If the Hon'ble Minister invites supplementaries then I have got nothing to do. All these supplementaries do not arise from the original question.

**ডঃ এ. এম. ও. গণি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ক্যাশ রেজিষ্টারে লকআউট চলছে এই রকম কারখানা লকআউট তুলে নেবার ব্যবস্থা হচ্ছে কিনা ?

**মিঃ স্পীকার :** This question does not arise.

**শ্রীগৌতম চক্রবর্তী :** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার। আজকে একটা জিনিষের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে খেলার মাঠ দিন দিন কমে যাচ্ছে। আমাদের দেশে . ...

[1-10—1-20 p m.]

**Mr. Speaker** : Mr. Chakraborty, I request you not to mention any other matter, because it is question hour and no point of order is allowed during the question hour. Please take your seat and I shall allow you to raise your point of order if any, in appropriate time.

## এম আর, টি আর, এবং জি আর, ডিলারদের বিতরণ কেন্দ্রে মাল পৌছানোর জন্য দেয় খরচের হার

*৫৪। ( অনুমোদিত প্রশ্ন নং *১৭৯ ) **শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এম, আর, টি, আর এবং জি, আর ডিলারদের সরকারী গুদাম হইতে মাল লইয়া বিতরণ কেন্দ্রগুলিতে দিবার খরচ বাবত সরকার যে টাকা দেন তার হার কত এবং

(খ) শহর ও গ্রামাঞ্চলের জন্য কোন পৃথক পৃথক হার আছে কিনা, থাকিলে তাহার কারণ কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র :** (ক) এম, আর ডিলারগণকে ফুডকর্পোরেশনের গুদাম হইতে মাল লইয়া বিতরণ কেন্দ্রগুলিতে দিবার খরচ বাবত ( উহাদের মুনাফাসহ ) সরকার যাহা মঞ্জুর করিয়াছেন, তাহার কুইন্টাল প্রতি হার হইল :—

| এম, আর পাইকার ( ডিষ্ট্রিবিউটার ) | এম, আর খুচরা বিক্রেতা ( রিটেলার ) |
|---|---|
| ১.১৫ টাকা | ২.৬৫ টাকা |

ইহা ছাড়া, বিতরণের পর খালি বস্তাগুলি রিটেলারদের প্রাপ্য হয়।

যদি ফুড কর্পোরেশন গুদামগুলি বিতরণ কেন্দ্রগুলি হইতে ৮ কিঃ মিঃ উর্দ্ধের দূরত্বে হয়, তাহা হইলে পাইকার ও খুচরা বিক্রেতা উভয়ের ক্ষেত্রেই রিবেট দেওয়া হয়। এই রিবেটের কুইন্টাল প্রতি

ার হইল ৮ কিঃ মিটারের উর্দ্ধে কিঃ মিটার প্রতি ১০ পয়সা। পশ্চিম দিনাজপুর, মেদিনীপুর ও ার্জিলিং জেলার পার্বত্য মহকুমাগুলি ছাড়া পশ্চিমবঙ্গের সর্বত্রই এই রিবেটের উর্দ্ধসীমা কুইন্টাল প্রতি ১·৬০ টাকা। পশ্চিম দিনাজপুর ও মেদিনীপুর জেলার পথঘাটের অসুবিধার জন্য এই রিবেটের র্বোচ্চ সীমা কুইন্টাল প্রতি ৩·২০ টাকা ধার্য্য করা আছে। আর দার্জিলিং জেলার পার্বত্য লাকায় পরিবহণের বিশেষ অসুবিধার জন্য ভিন্ন ভিন্ন বিশেষ হারে রিবেট দেওয়া হয়।

টি, আর এবং জি, আর ডিলারগণ ত্রাণ এবং কল্যাণ বিভাগের তত্ত্বাবধানে কার্য্য করিয়া কেন। ঐ বিভাগ জানাইয়াছেন যে বর্তমানে টি, আর এবং জি, আর ডিলারগণ নিম্নোক্ত হারে ারিশ্রমিক ( Remuneration ) এবং পরিবহণ মজুরি (Carrying Charges) পাইয়া থাকেন :—

টি, আর ডিলারগণের ক্ষেত্রে—

পারিশ্রমিক—কুইন্টাল প্রতি ১·৩৩ টাকা তৎসহ বস্তা।

পরিবহণ মজুরী—যে ক্ষেত্রে সরকারী যানবাহন দ্বারা সরবরাহের ব্যবস্থা করা সম্ভব হয় না সে ক্ষেত্রে ডিলারগণ সরবরাহ কেন্দ্র হইতে তাঁহাদের নিজ দোকানে মাল আনিবার জন্য সমস্ত দূরত্ব বাবদ তি মাইলের জন্য কুইন্টাল পিছু ১৬ পয়সা হারে অর্থাৎ কুইন্টাল প্রতি প্রতি কিলোমিটারে ১০ সা হারে পাইয়া থাকেন, কিন্তু কোন ক্ষেত্রেই ঐ মজুরী কুইন্টাল প্রতি এক টাকার বেশী ওয়া হয় না।

জি, আর ডিলারগণের ক্ষেত্রে—

পারিশ্রমিক—কুইন্টাল প্রতি ১·৩৩ টাকা তৎসহ বস্তা।

পরিবহণ মজুরী—সরবরাহ কেন্দ্র হইতে দোকানের দূরত্ব ৫ মাইল পর্য্যন্ত হইলে কোন পরিবহণ রী দেওয়া হয় না। ঐ দূরত্ব ৫ মাইলের অধিক হইলে এবং সরকারী যানবাহন দ্বারা সরবরাহের বস্থা করা সম্ভবপর না হইলে উক্ত ৫ মাইলের উর্দ্ধে প্রতি মাইল প্রতি কুইন্টাল বাবদ ১৬ পয়সা ধিক এক টাকা পরিবহণ মজুরী দেওয়া হয়।

(খ) এম, আর, টি, আর ও জি, আর ডিলারদের ক্ষেত্রে শহর এবং গ্রামাঞ্চলের জন্য কোন ক পৃথক হার নাই।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** ঐ যে এম, আর আর জি, আর ডিলার নিয়োগ করার পারে সরকারের নীতিটা কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** কোন ডিলারের কথা বলছেন ?

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** এম, আর, জি, আরের কথা বলছি।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্যদের আমি আগেই জানিয়েছি যে জি, আর আর টি, রের ডিলার নিয়োগ করে রিলিফ দপ্তরের মন্ত্রী—এটা আমার ডিপার্টমেন্টের মধ্যে পড়ে না। রেশনের ডিলার আমাদের খাদ্য দপ্তর নিয়োগ করে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** তাহলে রেশনের ডিলার নিয়োগ করা সম্বন্ধে নীতিটা কি াবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** This question does not arise out of this question.

**শ্রীআলী আনসার:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি টি, আর এবং জি, আর ডিলারদের যে রিবেট দেওয়া হয় সেই বৃটিশ আমল থেকে যে ধরণের রিবেট চলে আসছে এখনও তাই ?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** জি, আর, টি, আরের দায়িত্ব হচ্ছে রিলিফ দপ্তরের। রিলিফ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করলেই জানতে পারবেন।

**শ্রীআলী আনসার:** এম, আর, সম্প্রর্কে কি আপনাদের সেই ব্রিটিশ আইনই চলে আসছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** ব্রিটিশ আমলের কিনা জানিনা তবে বর্তমানে যে আইন আছে সেটাই চলছে, পরিবর্তন কিছু করা হয়নি। তবে হারের প্রশ্ন যদি উঠে তাহলে তার মুনাফা এবং রিবেট, মাননীয় সদস্যদের বিবেচনা করে দেখতে হবে। মুনাফা এবং রিবেটের হার যদি বাড়াতে হয় তাহলে কিন্তু এম, আর, এর দোকানের মাধ্যমে যে চাল বিক্রি হবে সেই চালের দামও বাড়াতে হবে।

## আসানসোল মহকুমায় ডেয়ারী

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১০)

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** পশুপালন ও পশু চিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার দশ লক্ষ মানুষকে দুগ্ধ সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কোথায় এবং কবে নাগাত ঐ ডেয়ারী চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** (ক) এই ধরনের সরকারী কোন পরিকল্পনা নাই। তবে প্রয়োজনীয় অর্থ ও কারিগরী সাহায্য ভবিষ্যতে পাওয়া গেলে প্রশ্নটা বিবেচনা করা যেতে পারে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** আসানসোলের ডেয়ারী স্থাপনের জন্য মন্ত্রী মহাশয় উপযুক্ত অর্থ ও আনুসঙ্গিক সাহায্য পাওয়ার জন্য কি চেষ্টা করছেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় সদস্যদের জানাচ্ছি, দুর্গাপুরে যে দুগ্ধ প্রকল্প তৈরী হয়েছে যা শীঘ্র চালু হবে, সেখানকার যখন পূর্ণ কর্তৃত্ব পাবো এবং পুরোদমে কারখানা চলবে তখন ১ লক্ষ ২০ হাজার লিটার মতন দুধ এখান থেকেই সরবরাহ করা সম্ভব এবং দুর্গাপুর দুগ্ধ প্রকল্প থেকে যখন বোতলে আটা দুধ সরবরাহ করা যাবে তখন আসানসোল মহকুমাতেও এই দুধ দেওয়া যাবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** দুর্গাপুর ডেয়ারীর যে দুধ সেই দুধটা সংরক্ষণের জন্য আসানসোল এলাকায় কোন হিমঘর করবার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, দুর্গাপুরের দুগ্ধ প্রকল্পটির ব্যবস্থা বৃহত্তর কলকাতায় যে দুগ্ধ পরিবন্টনের যে ব্যবস্থা আছে সেই ধরনের ন

দুর্গাপুরের ডেয়ারী ফ্যাক্টরীতে যে দুধ আসবে সেটাকে জীবাণু মুক্ত করে প্যাসটুরাইজড করে বোতলে ভরে সেই দুধ আমরা ব্লক ডিষ্ট্রীবিউশনের জন্য বিক্রি করে দেবো এজেন্টের কাছে। তারা সেই দুধ নিয়ে বিক্রয় করবে বহু জায়গায়। যদি আসানসোল মহকুমার কোন ডিস্ট্রীবিউটার তার যদি এজেন্সি নিয়ে দুর্গাপুর ডেয়ারী ফ্যাক্টরির উৎপন্ন দুধ সেখানে বিক্রি করবার দায়িত্ব নেয় তাহলে তারা দুর্গাপুর ডেয়ারী কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

**শ্রীপ্রদীপকুমার পালিত :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে, অর্থাভাবের জন্য নতুন ডেয়ারী করার কোন পরিকল্পনা নেই। এটা কি শুধু আসানসোল মহকুমার জন্য, না সারা পশ্চিমবাংলার জন্য ?

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তিনি নিশ্চয়ই স্বীকার করবেন যে পশ্চিমবঙ্গ সরকারের অর্থনৈতিক অবস্থার কথা এবং অপ্রতুলতার কথা। কেন্দ্রীয় সরকার আন্তর্জাতিক ফ্রণ্ট থেকে যে সাহায্য পেয়েছেন সেই সাহায্যের ভিত্তিতে কেন্দ্রীয় সরকার প্রায় আনুমানিক সাড়ে আঠারো কোটি টাকা এই রাজ্যকে এই পরিকল্পনার মাধ্যমে দিতে রাজী হয়েছেন এবং সেই পরিকল্পনা অনুযায়ী ডানকুনিতে, খড়গপুরে এবং উত্তর বাংলায় মাটিথাড়াতে, তিনটি বৃহৎ আকারের ডেয়ারী ফ্যাক্টরী হচ্ছে। মাটিথাড়ার মালটিপারপাস ডেয়ারী প্রজেক্ট-এর কাজ সুরু হয়েছে। কাজ অনেক দূর এগিয়ে গিয়েছে। আমি নিজে গিয়ে দেখে এসেছি। আর ডানকুনির জমি আমরা কিনেছি, অতি শীঘ্রই কাজ সুরু হচ্ছে। এরপরে খড়গপুর পরিকল্পনাও কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছে ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশন। সুতরাং আমাদের যা কিছু উদ্যোগ ও প্রচেষ্টা এই সাড়ে আঠারো কোটি টাকার পরিকল্পনার জন্যই আমাদের রাখতে হচ্ছে এই ষ্টেট বাজেটের মধ্যে। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা সাহায্য চাইবো অন্যান্য জায়গায় চিলিং ষ্টেশন, ডেয়ারী ফ্যাক্টরী যাতে করা যায়। সেই চেষ্টাও আমরা তাদের কাছে রাখছি। আলোচনা চলছে, আলোচনা যদি আশাব্যাঞ্জক হয়, কোন উত্তর পাই, তাহলে মাননীয় সদস্যদের নিশ্চয়ই জানাবো।

**শ্রীসরোজ রায় :** যদিও প্রশ্নটি প্রধানত: আসানসোলের উপর ছিল এবং আপনি এই ষ্টেটমেণ্ট দিতে গিয়ে বহু জায়গার কথা তুললেন, সেই সূত্রে আমার প্রশ্নটা হল যে শালবনীতে ডেয়ারী ফার্ম করার কথা কি ভাবছেন ?

**মিঃ স্পীকার :** This question does not arise. If the Minister is willing and in a position to reply the question, I have no objection.

**শ্রীকাশীকান্ত মৈত্র :** স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যখন প্রশ্নটা করেছেন তখন জানাচ্ছি। কারণ সংবাদপত্রে সব খবর বের হয় না। শালবনীতে ডেয়ারী ফার্ম হচ্ছে না। শালবনীতে একটা বিরাট ফডার ফার্ম পশু পালন দপ্তরের আছে। সেটা ডেয়ারী ফার্ম নয়, ফডার ফার্ম।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জি :** এই যে ডেয়ারীর জায়গাগুলি নির্বাচন করা হল এটা কি কোন এক্সপার্ট কমিটির ভিত্তিতে করা হয়েছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র :** আমি মাননীয় সদস্যদের আগেই জানিয়েছি যে এই সম্বন্ধে ইণ্ডিয়ান ডেয়ারী কর্পোরেশন তাদের একটা সংস্থা আছে তাদের বিশেষজ্ঞ দিয়ে গঠিত। তারা এসে বিবেচনা করে এটা করেছেন। এই সরকার আসার আগেই এটা ঠিক হয়েছে।

## চটকলে নূতন কর্মসংস্থান

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) **শ্রীনিতাইপদ সরকারঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চটকলগুলিতে কয়েক সহস্র যুবকের কর্মসংস্থানের সম্ভাবনা দেখা দিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উহা কার্যকরী করিবার বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**ডাঃ গোপালদাস নাগঃ** (ক) বাংলা দেশের পাট ব্যবসা বন্ধ হওয়ায় এখানকার চটকলগুলি পূর্ণ capacityতে কার্য্য করিবার সুযোগ পায়। উৎপাদন বৃদ্ধির জন্য এখানে চটকলগুলিতে সপ্তাহে ছয় দিনের পরিবর্তে সাত দিন কার্য্য করিতে হয়। একদিনের অতিরিক্ত কার্য্যের জন্য কয়েক সহস্র কর্মসংস্থানের সম্ভাবনা দেখা দেয়।

(খ) এই অতিরিক্ত কর্মসংস্থানের জন্য শিল্প ও বাণিজ্য মন্ত্রী মহাশয় ইণ্ডিয়ান জুট মিল এসোসিয়েশনের সহিত কথাবার্তা বলিতেছেন।

[1-20—1-30 p.m.]

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রী মহাশয় (ক) প্রশ্নের উত্তরে বলেছেন এক দিনের ছুটির সময় বাড়িয়ে শ্রমিক কাজ করছে, সেক্ষেত্রে নতুন কর্মসংস্থানের সম্ভাবনা দেখা দিয়েছে। তিনি কি বলতে পারবেন কত হাজার শ্রমিকের কর্মসংস্থানের সম্ভাবনা দেখা দিয়েছে সমগ্র চটকলে।

**ডঃ গোপালদাস নাগঃ** এটা বলা সম্ভব নয়। স্বভাবতঃই ৬ দিনের কাজ ৭ দিনে করলে অংক অনুযায়ী এভারেজে ওয়ান সিক্স্থ এ্যাডিশনাল লোক হয়।

**শ্রীসরোজ রায়ঃ** এই যে চটকলের মালিকরা কিছু লোককে রাজী হয়েছে কাজ দিতে এটা কি পাটের দর কমিয়ে দেওয়া হয়েছে বলে ? বাংলা দেশের দাবী ছিল পাটের মণ ৬০ টাকা করে করার জন্য, সেটা ৪৬·২০ টাকা মণ করে দিলেন বলেই কি তার বিনিময়ে চটকল মালিকরা কিছু লোককে কাজ দিতে সম্মত হয়েছেন ?

**ডঃ গোপালদাস নাগঃ** এই প্রশ্ন উঠেনা। পাটের দর পশ্চিমবঙ্গ সরকার বাঁধেনা, আর যদি উঠেও এই ঘটনা আমার জানা নাই।

**শ্রীনিতাইপদ সরকারঃ** আপনি কি জানেন যে বাণিজ্য এবং শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় বলেছেন চটকলে ৩০ হাজার নতুন বেকারের কর্ম্মসংস্থান-এর সম্ভাবনা আছে, এটা ঠিক কিনা ?

**ডঃ গোপালদাস নাগঃ** এটা মাননীয় শিল্প এবং বাণিজ্যবিভাগের মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করলে সদুত্তর পাবেন।

**শ্রীনিতাইপদ সরকারঃ** আপনি কি চটকলের মালিকদের সঙ্গে বসে যত তাড়াতাড়ি সম্ভব বেকার যুবকদের নিয়োগ করবার উদ্যোগ করবেন এবং জানাবেন কত তাড়াতাড়ি এটা সম্ভব হবে ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** আমি উত্তরে জানিয়েছি শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ই আলোচনা চালাচ্ছেন।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** কিছুদিন আগে চটকল মালিকদের সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের উপস্থিতিতে একটা চুক্তি স্বাক্ষরিত হয়েছিল যে, বদলী শ্রমিকদের শতকরা ৯০ জনকে কাজে নিয়োগ করা হবে, ২২০ দিনের মধ্যে ১৫ জনকে কাজ দেওয়ার গ্যারান্টি দেওয়া হয়েছিল, সেটা কি হয়েছে?

**ডঃ গোপালদাস নাগ ঃ** এ থেকে কি এই প্রশ্ন উঠে?

**মিঃ স্পীকার ঃ** উঠেনা, যদি জানা থাকে এবং বলতে চান তো বলতে পারেন।

**ডঃ গোপালদাস নাগ ঃ** ট্রিপার্টাইট এগ্রিমেণ্ট অক্ষরে অক্ষরে ইমপ্লিমেণ্টেড হচ্ছে।

**শ্রীপ্রদীপ কুমার পালিত ঃ** মন্ত্রী মহাশয়ের বিভিন্ন বক্তব্যের মধ্য দিয়ে এবং সংবাদপত্রে বিবৃতির মধ্য দিয়ে দেখতে পাচ্ছি চাকুরীর একটা বিরাট সম্ভাবনা হয়েছে, আমরা কিন্তু বাস্তবে চটকল-গুলিতে যেয়ে উল্টো চিত্র দেখতে পাচ্ছি। সেখানে আমাদের কাছে মালিক পক্ষের বক্তব্য হচ্ছে কাজ দেবার মত কোন পরিস্থিতি নাই যাতে নতুন যুবকদের, নতুন লোকদের নিয়োগের কোন পরিকল্পনা নিতে পারি। এবং দেখতে পাচ্ছি কিছু কিছু চটকল মালিক তাদের বিভিন্ন সেক্‌শন বন্ধ করে দিয়েছে। তাদের বক্তব্য রাষ্ট্রপতি শাসনের আমলে যে প্রোডাক্‌শন হত, এই সরকারের আমলে নাকি সেই প্রোডাকশন অনেক নেমে গেছে। এই বক্তব্য কি সত্য?

**ডঃ গোপালদাস নাগ ঃ** আমার জানা নাই।

**ডঃ শান্তিকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে, সেখানে ছোট ছোট অফিসার ছাটাইয়ের উদ্যোগ হচ্ছে।

**ডঃ গোপালদাস নাগ ঃ** ছাঁটাইয়ের উদ্যোগ হচ্ছে কিনা জানিনা, ছাঁটাই যদি হয়, মাননীয় সদস্য জানালে প্রতিকারের ব্যবস্থা নিশ্চয়ই করব।

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, সমস্ত চটকলগুলিতে কি সপ্তাহে সাত দিনই কাজ হয়ে থাকে?

**শ্রীগোপালদাস নাগ ঃ** নিশ্চয়ই নয়।

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** ৭ দিন কাজের ফলে বেকার যুবকেরা কাজ পাচ্ছে না এটা কি ঠিক?

**শ্রীগোপাল দাস নাগ ঃ** বেকার যুবকেরা চাকরী পেলে ৬ দিন কাজ হবে, কিন্তু সেখানে ওভার টাইম দেওয়া হয় এবং এই ভাবে কাজ করান হচ্ছে। ইউনিটি লেবেলে ইউনিয়নের সঙ্গে বাই পার্টাইট আলোচনা করে করা হয়েছে।

## কয়লাখনিতে শ্রমিক ছাঁটাই

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯) **শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি সারা ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের সাধারণ সম্পাদক

পশ্চিমবঙ্গের বিভিন্ন কয়লাখনি মালিকরা যে ব্যাপক হারে শ্রমিক ছাঁটাই করিতেছেন এই মর্মে অভিযোগ-সম্বলিত পত্র সরকারকে দিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ সময় সরকার ঐরূপ পত্র পাইয়াছেন, এবং

(২) এ পর্যন্ত এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Dr. Gopal Das Nag** : (ক) এরূপ কোন পত্র রাজ্যসরকার পান নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

**শ্রীনিরঞ্জন ডিহিদার** : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে লোকসভায় ইণ্ডিয়ার লেবার মিনিষ্টার খাদিলকার জানিয়েছেন যে ইষ্ট নিমচা কোলিয়ারিতে ৬০, ইষ্ট নিমচা কোলিয়ারি (আমকোলা)—২৫, কারনানি নিমচা কোলিয়ারি—এবাউট ৪৪০, অমৃতনগর—১২৭, সিলেকটেড সিয়ারসোল ৩৫ জন যারা আর ষ্টীল রিপোর্টেড টু বি আউট অফ দি কোলিয়ারি এণ্ড আর ফাইনডিং ইট ডিফিকাল্ট টু জয়েন। মোনহরবাহালে—৫০ এ্যজ রিপোর্টেড বাই দি ইণ্ডিয়ান সাউথ। জয়রামডাঙ্গা—৫ এ্যজ রিপোর্টেড বাই দি ইণ্ডিয়ান—এ সংবাদ জানেন কি ?

**শ্রীগোপালদাস নাগ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোকসভায় ইণ্ডিয়ার লেবার মিনিষ্টার কি বলেছেন আমি জানি না। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে মাইনস এণ্ড কোল মাইনস ওয়ারকার এটা স্টেটের সাবজেক্ট নয়—সুতরাং এটা আমার জানা সম্ভব নয়।

**শ্রীনিরঞ্জন ডিহিদার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ল এণ্ড অর্ডারের প্রশ্ন। আমি ল এণ্ড অর্ডারের কথা বলেছি—শ্রম মন্ত্রী বলেছেন এটা আমাদের সাবজেক্ট নয় এটা এখানে হতে পারে না।

**মিঃ স্পীকার** : প্রশ্নে আছে ইহা কি সত্য যে সারা ভারত ট্রেড ইউনিয়ান কংগ্রেসের সাধারণ সম্পাদক পশ্চিমবাংলার বিভিন্ন কয়লা খনির মালিকরা যে ব্যাপক হারে শ্রমিক ছাঁটাই করেছেন এই মর্মে অভিযোগ সম্বলিত পত্র সরকারকে দিয়েছেন এবং

সত্য হইলে—

(১) কোন সময় সধকার এরূপ পত্র পাইয়াছেন।

(২) বলেছেন এ পর্য্যন্ত এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

এই জায়গায় মন্ত্রী মহাশয় বলেছেন যে—এরূপ কোন পত্র রাজ্য সরকার পান নাই ও অপর দুই প্রশ্নে বলেছেন যে, প্রশ্ন ওঠে না। সুতরাং—

The answer is clear. If it were a question of law and order, naturally, it would have been sent to the Home Department.

**শ্রীনিরঞ্জন ডিহিদার** : স্যার, আমার কোশ্চেনটা এইভাবে ছিল না। কোশ্চেনটা এখানে অন্যভাবে পুট করা হয়েছে।

**Mr. Speaker** : It has been edited by my office. Sometimes the form in which the questions are submitted are not admissible. So, my office edits a question, where necessary, in favour of the honourable Member putting the question, so that it may be admitted.

**Malpractices in the distribution of food and essential commodities**

***58.** (Admitted questian No. *51.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the steps taken by the Government to prevent malpractices in the distribution of food and other essential commodities ,

(b) the names of the big stockists whose agencies have been terminated by the Government for the last three months for malpractices ; and

(c) the number of Government officials suspended or discharged by the Government for their complicity in the malpractices of the big stockists ?

**Shri Kashi Kanta Maitra** : (a) It is the Food Corporation of India which is responsible for distribution of foodgrains up to the wholesale stage in this State. Distribution at the retail stage is done through the appointed dealer Modified Rationing dealers throughout the State. Recently a series of steps have been initiated to prevent malpractices in the distribution of food at different stages. They are as follows : —

(i) The Food Corporation of India has been asked to ensure proper inspection and physical verification of stocks in their godowns. Similarly, inspection and thorough physical verification of stocks in the godowns of Storing Agents of the Food Corporation of India has also been initiated.

(ii) The officers of the Food Corporation of India as well as the State Government have been put on duties at different delivery points to ensure that foodgrains of reasonable quality are supplied to the appointed retail shops.

(iii) Arrangements have been made for police vigilance in a number of railway sidings and the Food Corporation of India godowns throughout the State so that pilferage of foodgrains is curbed as far as possible.

(iv) There exists a system of regular inspection of appointed retail shops to ensure that retailers do not indulge in malpractices by charging higher prices or substituting bad quality foodgrains for good quality foordgrains etc.

(v) Government has appointed a committee to look into the question of supply of inferior quality of rice in the statutory rationed areas.

There is at present no statutory control over distribution of essential commodities, such as kerosene oil, cement, Baby Food, lubricating oil and soft coke dealt with by this Department. Though there is no control over distribution, this Department always looks into complaints against the dealers and stockists whenever such complaints are received against them

(b) The only big stockists in foodgrains are private storing agents of the Food Corporation of India and the Rice Mill. During the last 3 months notice of termination has been issued against the following Storing Agents by the Food Corporation of India on account of reports of shortage of stocks in their custoday :—

(1) Messrs. Ghosh Brothers of Nabadwip, Nadia.

(2) Shri Banarasilal Agarwalla of Sitarampore, Dist. Burdwan.

Similarly, the State Government has suspended the licence of a Rice Mill —Radha Damodar Rice Mill—of Bankura on account of malpractices indulged in by the said Rice Mill in the matter of supply of milled rice.

(c) Shri Panchkari Banerjee, an Inspector of Food and Supplies Department, now on deputation to the Food Corporation of India and posted as Inspector-in-charge of Messrs. Radha Damodar Rice Mill, Saspur (Bankura) has been ordered to be pleaced under suspension with immediate effect for his alleged complicity in malpractices in connection with the stocks held by the Rice Mill. This apart, Subdivisional Controller of Food and Supplies has also been placed under suspension.

[1-30-- 1-40 p.m.]

**Shri Rajani Kanta Doloi :** সরকার যে কমিটি নিয়োগ করেছেন, সেই কমিটির সঙ্গে ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়া সহযোগিতা করছেন না একথা কি মন্ত্রী মহাশয় জানেন ?

**Shri Kashi Kanta Maitra :** যে কমিটি নিয়োগ করা হয়েছে তার চেয়ারম্যান হচ্ছেন একজন বে-সরকারী ব্যক্তি—তার মধ্যে আছেন পার্লামেণ্টের সদস্য আবেদ আলি খাঁ—এ ছাড়া এই বিধান সভার দুজন সদস্য—নরেশ চাকি ও পঙ্কজ ব্যানার্জি। তাঁরা সবাই কার্যভার গ্রহণ করেছেন। এবং কাজও শুরু করেছেন। সুতরাং কোন অসহযোগিতার খবর আমি পাইনি।

**Shri Rajani Kanta Doloi :** সরকার কি চিন্তা করছেন Food Corporation of India-কে খাদ্য সরবরাহের দায়িত্ব না দিয়ে West Bengal State Food Corporation গঠন করে তার উপর এই Food Supply করবার ভার দেবেন ?

**Shri Kashi Kanta Maitra :** আমি মাননীয় সদস্যকে জানাতে চাই F. C. I. এর হেড কোয়াটারসের সঙ্গে কথাবার্তা হচ্ছে। আমরা শীঘ্রই এই বাজেট সেসনে এই খাদ্য সম্পর্কিত সরকারী সিদ্ধান্ত জানাতে পারবো। খাদ্য কর্পোরেশন রাজ্য সরকারের Principal Agent খাদ্য সরবরাহের ব্যাপারে। সুতরাং খাদ্য কর্পোরেশনকে রাজ্য সরকারের সঙ্গে পুরোপুরি সহযোগিতা করতে হবে।

**Shri Rajanikanta Doloi :** খাদ্য distribution-এর জন্য agencies নিয়োগের ব্যাপারে শিক্ষিত বেকার যুবকদের Preference দেওয়া হবে কিনা মন্ত্রীমহাশয় জানাবেন ?

**Shri Kashikanta Maitra :** আমরা কার্য্যভার গ্রহণ করবার পর modified rationing-এর দোকানের ক্ষেত্রে—আমি জানি একজন বেকার যুবকের কাছ থেকে প্রস্তাব এসেছিল, তাকে দোকান দেওয়া হয়েছে। বিভিন্ন মফঃস্বল এলাকায় সংশোধিত রেশনের দোকান চালু করবার সম্ভাবনা যেখানে যেখানে আছে—সে সম্বন্ধে মাননীয় সদস্যরা তদন্ত করে জানালে Subdivisional Controller এবং জেলা পর্য্যায়ে ম্যাজিষ্ট্রেট এ সম্বন্ধে ব্যবস্থা নিতে পারেন। আমি আশ্বাস দিতে পারি—বেকার যুবকদের এ ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে। Stockists ও Storing Agency-র ব্যাপারে ওদের আমার অসুবিধা আছে। যে সব F. C. I. নিয়োগ করেন Open tender-এর ভিত্তিতে সে সব নিযুক্ত করা হয়। এই সম্পর্কে আমাদের কোন রকম হস্তক্ষেপ করবার ক্ষমতা নাই। কিন্তু Statutory Rationing এলাকায় ও সংশোধিত রেশন এলাকায়

দোকানের জন্য আমাদের রেশনিং কমিটি বেকার যুবকদের দরখাস্ত খুব সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন।

**শ্রীসরোজ রায়ঃ** এবার আপনি জানেন বাংলাদেশে প্রচণ্ড খরার ফলে বিভিন্ন জেলায় গ্রামে এই সুযোগে চালের দাম অত্যধিক বাড়িয়ে দিয়েছে দুটাকা থেকে দুটাকা চার আনা। সেই সূত্রে বিভিন্ন জায়গায় সরকারী চালের দোকান খোলার পরিকল্পনা ছিল। কিন্তু দেখা গেছে বহু জায়গায় আজ পর্যন্ত সেই চালের দোকান খোলা হয়নি। অথচ চালের দাম বেড়ে যাচ্ছে। এই দোকান খোলা হচ্ছে না কেন? আমার একটা ঘটনা জানা আছে—আমাদের গড়বেতা থানার গোয়ালতোড়ে একটা দোকানের জন্য গত মে মাসে দরখাস্ত দেওয়া হয়—অনেক দৌড়া-দৌড়ির পর Food Inspector Report দিলেন। কিন্তু জুন মাসের শেষ দিন পর্যন্ত সেখানে কোন দোকান হয়নি আমি জানি। আপনাকেও জানিয়েছি। এই সম্পর্কে আপনি যদি একটা Statement দেন—তাহলে বুঝতে পারবো খরার সময় নতুন কত দোকান হলো কোন্ কোন্ জায়গায় এবং কেন হলনা। Food Inspector-এর report-এর উপর নির্ভর করার পরেও দোকান হবার কোন প্রচেষ্টা নাই—প্রয়োজন থাকা সত্ত্বেও সেই দোকান হয় নাই। এ সম্বন্ধে আপনি একটু দেখবেন কি?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** It is a request for action. আমি নিশ্চয় করবো। তবে মাননীয় সদস্য নিশ্চয় স্বীকার করবেন তিনি এই সম্পর্কে যে চিঠি দিয়েছিলেন তার উত্তর আমি দিয়েছি এবং জেলা ম্যাজিষ্ট্রেটকে বলেছি ট্রাঙ্ককলে এবং তিনি কি উত্তর দিয়েছিলেন তাও তাঁকে জানিয়েছি। এটা বলতে পারি যে আমি বসে থাকার ব্যক্তি ছিলাম না এবং আজও নেই। আমি ২৪ ঘণ্টার মধ্যে স্টেপ নিই।

**শ্রীসরোজ রায়ঃ** আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে একটা কথা বলছি। তিনি সঙ্গে সঙ্গে ট্রাঙ্ককল করেছিলেন ঠিকই এবং জেলা ম্যাজিষ্ট্রেটকে টেলিফোনে বলেছিলেন ঠিকই। কিন্তু সেটা করা হয়নি এখনও।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় সদস্যকে এই আশ্বাস দিতে পারি যে আজই লিখে দিন। আমি খাদ্য কমিশনার বা জয়েন্ট সেক্রেটারীকে দিয়ে জেলা ম্যাজিষ্ট্রেটকে আজই খবর পাঠাবো যে যখন বিধানসভার সদস্য জানিয়েছেন তখন কেন তাঁর অনুরোধ রাখা হয়নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মন্ত্রীমহাশয় এম, আর, শপের দেওয়ার ব্যাপারে তিনি বেকার যুবকদের অগ্রাধিকারের ভিত্তিতে দেবেন বলেছেন। কিন্তু বেকার যুবকদের কোয়ালিফিকেশন ঠিক করেছেন কি?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় সদস্যদের মতে বেকারের ডেফিনেশান যা হয় এবং যারা পড়বেন, তারাই পাবেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মন্ত্রী মহাশয় কি জানেন অনেক শিক্ষিত বেকার যুবক আছেন যাদের বাপের টাকা পয়সা নেই, আবার অনেকের বাপের টাকা-পয়সা আছে। যাদের বাপের টাকা পয়সা নেই তারাও যদি প্রেয়ার করে তাহলে তাদের টাকা সরবরাহের ব্যবস্থা সরকারের আছে কি?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** আমি কোন রেশন দোকান দেওয়ার অথরিটি নই। রেশনের ডিলারশিপ অর্থাৎ এম, আর, ডিলারশিপ দেওয়ার দায়িত্ব হচ্ছে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, ডিষ্ট্রিক্ট কন্‌ট্রোলার

এবং সাব-ডিভিসন্তাল কনট্রোলার এবং সেখানকার মাননীয় বিধানসভার সদস্যরা তাঁরা থাকবেন, তাঁর সবাই মিলে ঠিক করবেন, সিলেক্ট করবেন। তবে যদি কোন ব্যক্তি বিচার না পেয়ে মন্ত্রীর কাে আবেদন করেন তাহলে আমি নিশ্চয় আবেদন বিচার করে দেখবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ আমি মন্ত্রীমহাশয়কে পলিসির প্রশ্ন জিজ্ঞাসা করছি। অনেব বেকার যুবক আছেন যাদের ফাইন্যান্স করার মতো অবস্থা নেই, আবার অনেক বেকার যুবক আছে যাদের বাবার টাকা পয়সা আছে। আমার প্রশ্ন হচ্ছে যেসব যুবকদের টাকা পয়সা নেই তাদের ব্যাপাে সরকার-এর লাইসেন্স দেওয়ার অগ্রাধিকার দেওয়ার কথা বললেও ফাইন্যান্স দেওয়ার ব্যবস্থ আছে কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র** ঃ সেখানে যদি মাননীয় সদস্য যে বেকার যুবকদের অর্থ আে এবং যে বেকার যুবকদের অর্থ নেই, তাদের এক সঙ্গে পার্টনারশিপ করাতে পারেন তাহে হতে পারে।

**শ্রীঅজিতকুমার গাংগুলী** ঃ অনেক এম, আর, শপের মালিকেরই একাধিক উপার্জনে ব্যবস্থা আছে। তারা সুবিধা ভোগ করছে। যাদের একাধিক উপার্জনের ব্যবস্থা আছে এদের বদে একমাত্র উপার্জনের ব্যবস্থা করার মতো লোকদের দেবেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র** ঃ নিশ্চয় বিবেচনা করা যায়। তবে ব্যবসায়ীর ব্যবসায়ে হাত পড়ে তিনি মন্ত্রীর কাছে তদ্বির করবেন এবং বিধানসভার সদস্যকে আরও বেশী করে তদ্বির করবেন তাঁদের এমব্যারাসে পড়তে হবে।

[1-40—1-50 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ মাননীয় মন্ত্রীমহাশয়ের নিশ্চয়ই এ অভিজ্ঞতা আছে যে এম আর, ডিলাররা দীর্ঘদিন ধরে আছে এবং তারা কিভাবে অন্যায় করে সরকারকে সব দিক থেকে শেষ করছে। যাদের কিছুই ছিলনা তারা রেশনের মালপত্র চুরি করে পয়সাকড়ি, বাড়ীঘর কে নিয়েছে। এই সমস্ত রেশন ডিলার যারা পুরানো তাদের লাইসেন্সের নতুন অর্ডার ডি-নোভে ট্রায়াল করে, তাদের লাইসেন্স বাতিল করে দিয়ে নতুন লাইসেন্স দিতে পারেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র** ঃ দুর্নীতির অভিযোগ থাকলে নিশ্চয়ই হবে। আমি মাননী সদস্যকে জানাতে চাই যে আমাদের এই নতুন সরকার দায়িত্ব নেবার পরে বড় বড় ষ্টোর এজেন্টদের ব্যাপারে ব্যাপক তদন্ত চলেছে। অনেকগুলি এম. আর. দোকান যারা দুর্নীতি করে এবং করে হাতে নাতে ধরা পড়েছে তাদের সাসপেণ্ড করা হয়েছে। আমার কাছে তারা আবেদ নিবেদন করেছিল, আমি নামঞ্জুর করেছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ জিনিসটা এতই ব্যাপক যে আপনার কাছে অভিযোগ করে গেলে ঠগ বাছতে গিয়ে গাঁ উজাড় হয়ে যাবে। কারণ সেখানে শতকরা ৯৫ বা ৯৮ ভাগ এইরকম চোর। যারা চোর ডিলার, যারা গভর্ণমেন্টের সর্বনাশ করছে দিনের পর দিন, তাদে ব্যাপারে অভিযোগ আকারে আনতে গেলে ২০/২২ বছরেও হবে না। যারা সাধু তাদের নিশ্চ রাখবেন, কিন্তু যারা চোর তাদের ব্যাপারে একটা তদন্ত কমিটি করে সেই সমস্ত ডিলারদে বিরুদ্ধে জনসাধারণের অভিযোগ আছে কিনা দেখে বিচার বিবেচনা করে তাদের বাতিল করা ব্যবস্থা করতে পারেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** গণতান্ত্রিক সমাজতন্ত্রে এখন রুল অব 'ল' বলে একটা বস্তু আছে। আমাদের এই বিধানসভার পাশেই একটি ন্যায়ালয় আছে। যতদিন পর্যন্ত রুল অব 'ল' থাকবে মাননীয় সদস্য বিবেচনা করবেন ততদিন এই ধরণের সিদ্ধান্ত নিলে পদে পদে হোঁচট খেয়ে পড়ার আশঙ্কা থাকবে।

## শিল্পবিরোধ নিষ্পত্তির ব্যাপারে দীর্ঘসূত্রতা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গের শিল্পবিরোধ নিষ্পত্তির ব্যাপারে অনেক ক্ষেত্রে দীর্ঘসূত্রতার ফলে শ্রমিকদের হয়রানি ও দুর্ভোগের সীমা থাকে না ; এবং

(খ) অবগত থাকিলে, শিল্পবিরোধসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** (ক) কিছু কিছু ক্ষেত্রে শিল্পবিরোধ নিষ্পত্তির ব্যাপারে বিলম্ব ঘটিতে পারে, তবে এই বিলম্ব অনিবার্য কারণবশতঃ হইয়া থাকে, তাহার জন্য সরকারকে দায়ী করা যায় না।

(খ) যাহাতে শিল্পবিরোধের দ্রুত মীমাংসা হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখা হইতেছে। সালিশী অফিসারগণ যথাসম্ভব অল্প সময়ের মধ্যে শিল্পবিরোধের নিষ্পত্তির চেষ্টা সর্ব্বদাই করিয়া থাকেন। যে সমস্ত বিরোধ দীর্ঘদিন যাবৎ অমীমাংসিত রহিয়াছে, তাহা নিষ্পত্তির জন্য প্রবীণ অফিসাররা নিজেরাই চেষ্টা করে, এমনকি সচিব এবং মন্ত্রীপর্যায়েও সেই চেষ্টা করা হয়। তাহা ছাড়া ক্ষেত্র বিশেষে সালিশী অফিসারের সংখ্যা বৃদ্ধির প্রশ্ন বিবেচনা করা হইতেছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, সরকারের সালিশী অফিসারদের সুপারিশ বা মন্ত্রীমহাশয়ের সুপারিশ শিল্পপতিরা মানতে বাধ্য কিনা ?

**ডাঃ গোপালদাস নাগ :** সুপারিশ মানতে নিশ্চয় বাধ্য নয়। সুপারিশের কোন লিগ্যাল ফোর্স নেই।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি বর্তমান শিল্প বিরোধ আইন অনুযায়ী শ্রমিকদের দুর্ভোগ লাঘব করা সম্ভব কিনা ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, এটা ম্যাটার অব ওপিনিয়ন। এই ধরণের প্রশ্ন করলে উত্তর দেওয়া শক্ত। কি ধরণের দুর্ভোগ লাঘব করা সম্ভব নয় বললে উত্তর দেওয়ার চেষ্টা করবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** শিল্প আদালতে বছরের পর বছর মামলা পড়ে থাকে। এমনও দেখা যায় শ্রমিকের জীবদ্দশায় শিল্প আদালতের রায় কার্যকরী হয়না, এটা মন্ত্রীমহাশয় স্বীকার করেন কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** প্রশ্নটা অতি গুরুত্বপূর্ণ, আমি মাননীয় সদস্য মহাশয়ের সঙ্গে একমত। ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট অত্যন্ত পুরাতন আইন। সমাজের পরিবর্তনের সঙ্গে সঙ্গে

আইনের পরিবর্তন হওয়া প্রয়োজন এবং তার জন্য গত বছর ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউট এ্যাক্টের একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ধারা পরিবর্তন করে ক্লোজারের উপর নিষেধাজ্ঞা জারি করার ব্যবস্থা করা হয়েছে। এই ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউট এ্যাক্টকে এ্যামেণ্ড করে সম্পূর্ণরূপে নতুন করে রূপায়ণ করবার জন্য ভারত সরকার অত্যন্ত গুরুত্বসহকারে চিন্তা করছেন। যে মাসে অনুষ্ঠিত সমস্ত শ্রমমন্ত্রীদের সভায় ভারত সরকারের কিছু কিছু প্রস্তাব আলোচিত হয়েছে। পশ্চিমবাংলা সরকারও পশ্চিমবাংলার পরিবেশের পরিপ্রেক্ষিতে ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউট এ্যাক্ট এ্যামেণ্ড করার কথা অত্যন্ত গুরুত্বসহকারে চিন্তা করছেন এবং সম্ভবপর হলে আগামী বিধানসভার অধিবেশনেই এই ধরনের প্রস্তাব বা এ্যামেণ্ডমেণ্ট বিলের আকারে আনার চেষ্টা শ্রম দপ্তর করবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন—পশ্চিমবঙ্গে যে সমস্ত আঞ্চলিক সহকারী শ্রম কমিশনের অফিস আছে, সেখানে যে সমস্ত সহকারী শ্রম কমিশনার আছেন তাদের হাতে এমন কোন ক্ষমতা দেওয়া যাবে কিনা যার দ্বারা শিল্পপতি বা মালিকপক্ষ সরকারের কথা শুনতে বাধ্য হন, এটা জানাতে পারবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটি খুব পরিষ্কারভাবে রাখা হয়নি। আমি আগেই বলেছি যে বর্তমানে সরকারের হাতে যথেষ্ট ক্ষমতা নেই। সরকারের হাতে যদি যথেষ্ট ক্ষমতা আইন এ্যামেণ্ড করে গ্রহণ করা যায় তাহলে সেই ক্ষমতা প্রয়োগ করবার অধিকার সরকারের যে সমস্ত কর্মচারী আছেন, সিনিয়র অফিসার আছেন বিভিন্ন জায়গায়, তাদের মাধ্যমে করা হবে। সুতরাং সেইভাবে হলে ডি. এল. সি. পর্যায়ের অফিসাররা নিশ্চয়ই সেই অধিকার প্রয়োগ করবার অধিকারী হবেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন যে শিল্প বিরোধ আইন অনুযায়ী যথেষ্ট ক্ষমতা সরকারের হাতে নেই। কাজেই সেই যথেষ্ট ক্ষমতা সংগ্রহের জন্য সরকার কি কার্য্যকরী পন্থা অবিলম্বে গ্রহণ করছেন সেটা আমাদের জানাবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তো প্রথম প্রশ্নের উত্তরে জানিয়েছি যে সমস্ত আইনটা পুনর্বিন্যাস করবার কথা ভারত সরকার চিন্তা করছেন। পশ্চিমবঙ্গ সরকারও পশ্চিমবাংলার পরিপ্রেক্ষিতে এই আইনটিকে কিভাবে পরিবর্তন করা যায় সে কথা চিন্তা করছেন এবং সুযোগ হল আগামী বিধানসভার অধিবেশনে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউটস এ্যাক্ট এ্যামেণ্ড করে বিল আকারে আনা হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন যে শিল্প বিরোধ আইনের সঙ্গে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ শ্রমজীবী মানুষের ভাগ্য জড়িত রয়েছে। তাই যদি হয়ে থাকে তাহলে এই যে আইনটা রয়েছে, যে আইনটাকে আমরা শ্রম বিরোধ আইন বলে মনে করি, সেই আইন পাল্টাবার জন্য সরকার কি চিন্তা করছেন এবং নতুন কার্য্যকরী পন্থা গ্রহণ করবার সুনির্দিষ্ট কোন সময়ের কথা বলবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটির উত্তর আমি খুব পরিষ্কারভাবে, বিস্তারিতভাবে দিয়েছি। কাজেই এই প্রশ্নটি বোধ হয় আর ওঠে না। তবে ঐ আইন শ্রমিক স্বার্থ বিরোধী আইন এই মত আমি পোষণ করি না। কিন্তু ঐ আইনের মধ্যে কিছু ত্রুটি আছে, সমস্ত পুরানো আইনটার মধ্যেই কিছু ত্রুটি আছে। পৃথিবীর কোন আইনই চিরকালের জন্য একমাত্র সত্য হতে পারে না, তারও পরিবর্তন দরকার হয়। সেই অনুযায়ী

আমাদের এটা পাল্টাতে হবে। এটাকে শ্রমিক স্বার্থ বিরোধী আইন বলে ভাবতে পারি না। তবে এটার পরিবর্তন দরকার। সরকারের হাতে কিছু বেশী ক্ষমতা থাকা দরকার, সেই জন্য এটা পাল্টাবার কথা ভাবা হচ্ছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন—বর্তমানে পশ্চিমবঙ্গের শ্রম দপ্তরে শিল্প বিরোধ আইন অনুযায়ী কতগুলি ডিস্‌পিউট পেণ্ডিং পড়ে রয়েছে?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালের ৩১/৫/৭২ তারিখ পর্যন্ত আমি হিসাব দিচ্ছি এবং যতগুলি ডিসপিউট আজ পর্যন্ত পাওয়া গেছে সেগুলিকে কিভাবে ডিসপোজ আপ করা হয়েছে সেই তালিকাটি পড়ে দিচ্ছি। বিলো ১ মাস্থ যেগুলির সময় লেগেছে তার সংখ্যা হল ৬৭৮, এক মাসের বেশী কিন্তু ২ মাসের কম সময় লেগেছে তার সংখ্যা ৮৮২, ২ মাসের বেশী কিন্তু ৩ মাসের কম সময় লেগেছে তার সংখ্যা ৮১০, ৩ মাসের বেশী কিন্তু ৬ মাসের কম সময় লেগেছে তার সংখ্যা ৭৯৮, ৬ মাসের বেশী কিন্তু ১ বছরের কম সময় লেগেছে তার সংখ্যা ১৯৭ এবং ১ বছরের বেশী সময় লেগেছে তার সংখ্যা হচ্ছে ৩৪। ৩১/৫/৭২ তারিখ পর্যন্ত ৩ হাজার ১৯৯টি কেসের মীমাংসা বোধ হয় হয়েছে। নাম্বার অব ডিসপিউটস এ্যাট দি এণ্ড অব দি পিরিয়ড কমে গিয়ে ৩ হাজার ১৯৯ তে এসে দাঁড়িয়েছে, আগে ছিল ৩ হাজার ৭৪৮টি।

[1-50—2-00 p.m.]

**শ্রীনিরঞ্জন ডিহিদারঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, বর্তমানে দেখা যাচ্ছে যে ত্রিপাক্ষিক মিটিংগুলিতে মালিকরা অনেক সময় যোগ দেন না, তাতে যে সমস্ত সিদ্ধান্ত হয় তাও তারা মানেন না। অন্তর্বর্তীকালীন এমন কোন ব্যবস্থা গ্রহণ করার কথা মাননীয় মন্ত্রীমহাশয় কি ভাবছেন যাতে ত্রিপাক্ষিক সভাগুলিতে মালিকরা যোগ দিতে বাধ্য হন এবং তার যে সিদ্ধান্ত তারা মানতে বাধ্য হন?

**ডাঃ গোপালদাস নাগঃ** ত্রিপাক্ষিক সভার সিদ্ধান্ত মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ঠিক বুঝতে পারলাম না। ত্রিপাক্ষিক চুক্তি যদি হয় তাহলে মালিকরা মানতে বাধ্য নিশ্চয়ই। সভার সিদ্ধান্ত বলতে কি বলছেন আমি ঠিক বুঝতে পারছি না।

**শ্রীনিরঞ্জন ডিহিদারঃ** মিটিংগুলিতে পর্যন্ত যখন মালিকদের প্রতিনিধিরা যোগ দেন না, তাদের যোগ দেবার জন্য কোন ব্যবস্থা করা হবে কি না, এবং দ্বিতীয়তঃ ট্রাইপারটাইট মিটিংগুলিতে যা আলোচনা হয় অথবা চুক্তি স্বাক্ষরিত হয়নি কতগুলি সিদ্ধান্ত হতে পারে, সরকারের তরফ থেকে কতকগুলি নির্দেশ হতে পারে, কতকগুলি সাজেশানস হতে পারে সেগুলি তারা যখন অমান্য করে তার কোন ব্যবস্থার কথা ভাবছেন কি না?

**ডাঃ গোপালদাস নাগঃ** হ্যাঁ। এই সম্পর্কে ভাবা হচ্ছে। সরকারের সাজেশান এখন মানা না মানা মালিকের ইচ্ছার উপর নির্ভর করে। কোন কোন প্রদেশে এই রকম ব্যবস্থা আছে সরকার ডাইরেকশান করতে পারেন। এখানে ভারত সরকার ভাবছেন এবং আমাদের পশ্চিমবাংলার সরকারের দিক থেকেও সেই রকম চিন্তা করা হচ্ছে।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** আপনি বললেন ৩ হাজার ১ শত ৯০টি পেণ্ডিং কেস আছে। এই পেণ্ডিং কেসগুলি ত্বরান্বিত করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি না ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি। এই পেণ্ডিং কেসগুলি অধিকাংশ ট্রাইবুন্যাল-এর কাছে পড়ে আছে। ট্রাইবুন্যালের কাজকে ত্বরান্বিত করার অধিকার সরকারের নেই। ট্রাইবুন্যালের ব্যাপারটা মহামান্য হাইকোর্টের এক্তিয়ারভুক্ত, তাদের নিজস্ব কিছু অসুবিধা আছে। আমরা নাম্বার অব ট্রাইবুন্যাল জাজেস কোর্টসগুলিকে বাড়াবার চেষ্টা করছি সার্টিফিকেট অফিসারস বিশেষ করে কোল মাইন-এর জন্য। ভারত সরকারের কাছে ইতিমধ্যে অনুমতি চেয়েছি যাতে এই কেসগুলি ত্বরান্বিত করা যায়। তার জন্য ভারত সরকার নতুন প্রকল্প এর কথা, নতুন কোন প্রোগ্রামের কথা ভাবছেন। এই কেসগুলি পড়ে থাকে সেটা কিছু কিছু অনিবার্য কারণের জন্য এগুলির উপর সরকারের হাত নেই।

## ঢাকেশ্বরী সূতাকল

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২০২) **শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** গত ১২ এপ্রিল, ১৯৭২ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *১২১ (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঢাকেশ্বরী সূতাকল পুনরায় চালু করিবার যে প্রস্তুতি সরকার হইতে করা হইতেছিল, তাহার বাস্তব রূপায়ণে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন ?

**ডাঃ গোপালদাস নাগ:** ১২ই এপ্রিল ১৯৭২ তারিখের উত্তরে জানান হইয়াছিল যে NIDC Ltd. হইতে যে ঋণ পাওয়ার কথা আছে তাহা পাওয়া গেলে মিলের যন্ত্রপাতি সংস্কার বা প্রয়োজনীয় পরিবর্তন করিয়া মিলটি খোলা সম্ভব হইবে এবং এই সম্বন্ধে কোন সময় সীমাবদ্ধ কার্যসূচী গ্রহণ করা সম্ভব নয়। এ বিষয়ে ভারত সরকারের অর্থমন্ত্রকের সঙ্গে আলোচনা হইয়াছে এবং NIDC Ltd. এর সঙ্গেও পত্রালাপ চলিতেছে। এখনও NIDC Ltd -এর ঋণ দানের সর্তের প্রয়োজনীয় পরিবর্তনের বিষয় এ সংস্থার ম্যানেজিং ডাইরেক্টারের নিকট হইতে জানা যায় নাই। বিষয়টি জটিল, কারণ কোম্পানীর স্থাবর সম্পত্তি প্রাক্তন ঋণের জন্য ব্যাঙ্কের নিকট বাঁধা আছে। অপর পক্ষে মিলের কর্তৃপক্ষের হাতে শেয়ার অত্যন্ত কম বলিয়া জানান হইয়াছে এবং প্রয়োজনীয় শতকরা ৫১ ভাগ শেয়ার মিল কর্তৃপক্ষ বন্ধক রাখতে অপারক অথবা অনিচ্ছুক। সরকার সঠিকভাবে বিষয়টি বিচার করিতেছেন এবং যথাবিহিত কাজ করিয়া চলিয়াছেন। পূর্বেই বলা হইয়াছে এ বিষয়ে সময় সীমাবদ্ধ কোন কার্যসূচী নেওয়া সম্ভব নয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যতদূর মনে পড়ে বিধান সভার গত অধিবেশনে মাননীয় শ্রমমন্ত্রী ঢাকেশ্বরী মিলটি খোলার ব্যাপারে সুনির্দিষ্ট সময়ের কথা বলেছিলেন, এটা কি সত্য ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** আমি বলেছিলাম ৩১শে মের মধ্যে খোলা সম্ভব। পরবর্তীকালে দেখা যায় যে এন. আই. ডি. সি যে সমস্ত সর্ত দিয়েছে সেইগুলো মালিকপক্ষ প্রতিপালন করতে পারছেনা। শতকরা ৫১ ভাগ শেয়ার যদি সরকারের কাছে বন্ধক রাখা না হয় তাহলে সরকার কোন দায়িত্ব বা কোন গ্যারান্টি দিয়ে কারখানা খোলাবার জন্য মালিকপক্ষকে টাকা সংগ্রহ করে

দিতে পারেন না। অনেক পরে জানা যায় যে মালিকপক্ষের যিনি ম্যানেজিং ডিরেক্টর বা যিনি প্রতিনিধি হিসাবে কথা বলছিলেন, তিনি জানান যে তাদের হাতে মাত্র ১০ভাগ শেয়ার আছে। ১০ ভাগের বেশী শেয়ার তিনি হাইপথিকেট করতে পারবেন না। ১০ভাগ শেয়ার নিয়ে নিশ্চয়ই সরকার বিপুল ঋণের বোঝা মাথায় নিয়ে ঐ মালিকপক্ষ যার পরিচালনাধীনে ঐ কারখানা বন্ধ হয়ে গিয়েছিল তার হাতে একটা বিপুল টাকা তুলে দিতে পারেন না। এটা নিশ্চয়ই সদস্যরা আশা করেন না বা চাইবেনও না। সেইজন্য বড় যে অসুবিধা দেখা দিয়েছে তা হচ্ছে এই মালিকপক্ষ বর্তমানে ৫১ ভাগ শেয়ার প্লেজ করতে হয় অসমর্থ না হয় অনিচ্ছুক। সুতরাং এর যা পরিকল্পনা ছিল, যে অনুযায়ী ওটা খোলাবার কথা ঠিক হয়েছিল সেই প্রোগ্রাম-এ একটা বিরাট পরিবর্তন করার সম্ভাবনা দেখা দিয়েছে। তার জন্য ৩১শে মে'র মধ্যে খোলা সম্ভব হয়নি। শুধু খুলে দিলেই হয় না, যে প্রশ্ন আগে এর পরিপ্রেক্ষিতে একজন মাননীয় সদস্য করেছিলেন, তখনও আমি বলেছিলাম যে সাধারণ মানুষের টাকা অপব্যয় হবার জন্য কোন মালিক-এর হাতে তুলে দিয়ে তার কয়েকমাস পরে আবার সেই কারখানা বন্ধ হয়ে যাবার পথ প্রশস্ত করে দেবার যে চিন্তাধারা সেই চিন্তা ধারায় আমাদের সরকার বিশ্বাস করেন না। যদি কোন বন্ধ কারখানা খুলতে হয় তাহলে সরকার এই বিষয়ে সুনিশ্চিত হতে চান যে, ঐ অর্থ অপচয় হবে না। এবং ঐ কারখানা পরিচালনার বা ঐ কারখানার অধিকাংশ অধিকার সরকারের উপর থাকবে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মালিকরা যদি এই অবস্থা করে রেখেছেন, দীর্ঘদিন ধরে যখন এই কারখানাটি বন্ধ অবস্থায় রয়েছে, তখন কি সরকার ভাবছেন এর পরিচালনার ভার সরকার নিজের হাতে নিয়ে নেবেন ? কারণ এটা ৮/১০ বছর হল প্রায় বন্ধ হয়ে রয়েছে।

**ডাঃ গোপালদাস নাগ :** যে সমস্ত বিকল্প পন্থার কথা ভাবা হচ্ছে তার মধ্যে ওটাও অন্যতম মুখ্য পন্থা।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন ঢাকেশ্বরী মিলের যন্ত্রপাতি কি অবস্থায় আছে এবং তা ব্যবহার করা যাবে কিনা ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অধিকাংশই যন্ত্রপাতির অবস্থা অত্যন্ত খারাপ এবং মিলটি খোলাবার যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল সেই পরিকল্পনার একটা অংশ ছিল যে পুরাতন যন্ত্রপাতি মালিকপক্ষ বিক্রী ক'রে দিয়ে ৪ লক্ষ টাকার মূলধন তুলবেন এবং তবে সরকার ১০ লক্ষ টাকা মালিকপক্ষকে দেবে। সেই অনুযায়ী মালিকপক্ষ অধিকাংশ পুরাতন যন্ত্রপাতি খুলে ফেলেছে এবং কিছু কিছু ভাল যন্ত্র বোধ হয় এখন মিলে আছে।

## মদনপুর ফিউজ ফ্যাক্টরী

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৮) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল মহকুমার বারাবনী থানার অন্তর্গত মদনপুর ফিউজ ফ্যাক্টরী দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত কারখানা পুনরায় চালু করিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ**

(ক) এ সম্বন্ধে বিভাগীয় দপ্তরে কোন খবর নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি এই সম্পর্কে আসানসোলের সহকারী কমিশনারকে এই ব্যাপারে খোঁজ খবর নিতে বলবেন ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খোঁজ খবর নেবার কিছু নেই, কারখানা যদি বন্ধ হয়ে থাকে, মাননীয় সদস্য লিখিতভাবে আমাকে জানালে আমি উপযুক্ত ব্যবস্থা নিশ্চয়ই নেব। অন্য কোন অফিসারের কাছে খোঁজ নেবার কোন প্রয়োজন নেই।

[2-00—2-10 p.m.]

**Mr. Speaker :** Regarding Question No. *. 7, notice of which was given by Shri Niranjan Dihidar, I would like to inform the House that this question was referred to the Labour Dept. It has been pointed out to me by the honourable Member that the question was not framed in this form, as has been edited by my office. Primarily as has been submitted he raised the question of law and order. I have looked into the original question submitted by him to my office. I am just reading out the question as has been submitted by him. "ইহা কি সত্য যে সারাভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেসের সাধারণ সম্পাদক, বিভিন্ন কয়লাখনি হইতে পাইকারী হারে শ্রমিক উচ্ছেদ করা হইতেছে বলিয়া মুখ্যমন্ত্রীর নিকট লিখিত এক পত্রে অভিযোগ করেছেন ?"

এখানে 'উচ্ছেদের' যায়গায় 'ছাটাই করে'ছ' এই কথা এডিট করে'ছ আর ছাঁটাই করে'ছ অভিযোগ মুখ্যমন্ত্রীর কাছে বলা হয়েছে সেটা সরকারের কাছে করা হয়েছে। There was no mention of law and order in the question In the text of the question law and order situation has nowhere been mentioned. If the law and order question would have been mentioned, certainly, I would have referred the matter to the department concerned.

**Shri Niranjan Dihidar :** আমি যেটা বলেছিলাম, সেটা হচ্ছে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে।

**Mr Speaker :** স্বরাষ্ট্র দপ্তর থেকে শ্রমিক উচ্ছেদ বা শ্রমিক ছাটাই হয় না। সেটা শ্রম দপ্তরের ব্যাপার। This has been more appropriate and properly edited by my office. There is no hint of law and order in the entire question.

The question time is over.

## Unstarred Questions

(to which written answers were laid on the table)

### Rural Industries Project in Midnapore

5. (Admitted question No. 110) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of th Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) the number of units under the Rural Industries Project in Midnapore District ;

(b) the number of units provided with technical assistance ;

(c) the number of project reports prepared and submitted to start new Small Industrial Unit in Midnapore District ;

(d) number of units, if any, already started in Midnapore District as a result of the Project reports ; and

(e) the number of units, if any, in Midnapore District which have been provided with facilities of credit from the State Bank of India and the amount of credit sanctioned to them so far ?

**The Minister for Cottage and Small-Scale Industries :**

In Rural Industries Project areas and in the remaining part of the district of Midnapore—

(a) 16,166—858 (up to 31st May, 1972).

(b) 1,375—858 (up to 31st May, 1972).

(c) 110—Nil.

(d) 77—Nil.

(e) (i) Unit 163—So far 22 cases have been processed and sent to the State Bank of India.

(ii) Amount—Rs. 4,13,100.

## সিমলাপাল থানার কো-অপারেটিভ রাইস মিল

৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪) শ্রীফণিভূষণ সিংহবাবুঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার সিমলাপাল থানার কো-অপারেটিভ রাইস মিলটি কবে নাগাত চালু হইবে ;

(খ) ঐ মিলটি চালু না হওয়ার কারণ কি ; এবং

(গ) অনুরূপ কো-অপারেটিভ রাইস মিল সংস্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে কোন জেলায় কয়টি ?

**The Minister for Co-operation :**

(ক) আগামী নভেম্বর-ডিসেম্বর নাগাদ চালু হইবে আশা করা যায়।

(খ) মিলটি নির্মাণের খরচা এস্টিমেট করা খরচার বেশ উপরে চলিয়া যায়। অর্থাভাবে মিল স্থাপনের কাজ কিছু পরিমাণে বাকি থাকিয়া যাওয়ায় মিলটি এখনও চালু হয় নাই।

(গ) নূতন করিয়া কো-অপারেটিভ রাইস মিল সংস্থাপনের পরিকল্পনাটিই সরকারের বিবেচনাধীন আছে।

## স্বল্পমূল্যে বনজাত দ্রব্য সরবরাহ

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

সরকারী বনসমূহের কাঠ হইতে কৃষি-উপযোগী জিনিষপত্র তৈয়ারি করিয়া স্বল্পমূল্যে দরিদ্র কৃষকদের সরবরাহ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে তাহা কি ?

**The Minister for Forests :**

হ্যাঁ। পুরুলিয়া জেলার ক্ষেত্রে এইরূপ একটি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। পুরুলিয়া জেলার কৃষিজীবিগণ নির্ধারিত মূল্যে 'সরকারী বনসমূহের কাঠ হইতে প্রস্তুত লাঙ্গল এবং রোলা ক্রয় করিতে পারিবেন।

### Small Industrial Units

8. (Admitted question No. 109) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state the District-wise figures of—

(a) registered Small industrial Units ,

(b) number of registered Factories ; and

(c) number of units already started ?

**The Minister for Cottage and Small-Scale Industries :** The district-wise figures are as follows :—

(a) Name of district and number of registered Small-Scale Industrial Units—

| | | |
|---|---|---|
| (i) | Calcutta | 10,007 |
| (ii) | 24-Parganas | 2,631 |
| (iii) | Howrah | 3,605 |
| (iv) | Hooghly | 667 |
| (v) | Bankura | 1,036 |
| (vi) | Birbhum | 438 |
| (vii) | Murshidabad | 214 |
| (viii) | Purulia | 365 |
| (ix) | Nadia | 85[illegible] |
| (x) | Midnapur | 995 |
| (xi) | West Dinajpur | 51[illegible] |
| (xii) | Cooch Behar | 452 |
| (xiii) | Darjeeling | 806 |
| (xiv) | Burdwan | 988 |
| (xv) | Jalpaiguri | 376 |
| (xvi) | Malda | 407 |
| | Total | 24,362 |

(b) Name of the districts and number of registered Factories—

| | | |
|---|---|---|
| (i) | Calcutta | 684 |
| (ii) | 24-Parganas | 2,712 |
| (iii) | Howrah | 1,257 |
| (iv) | Hooghly | 197 |
| (v) | Bankura | 85 |
| (vi) | Birbhum | 88 |
| (vii) | Murshidabad | 19 |
| (viii) | Purulia | 52 |
| (ix) | Nadia | 56 |
| (x) | Midnapur | 109 |
| (xi) | West Dinajpur | 35 |
| (xii) | Cooch Behar | 15 |
| (xiii) | Darjeeling | 175 |
| (xiv) | Burdwan | 291 |
| (xv) | Jalpaiguri | 250 |
| (xvi) | Malda | 13 |
| | Total | 6,038 |

(c) The figures are being collected.

**Calling attention to matters of urgent public importance**

**Mr Speaker :** I have received 7 notices of Calling Attention on the ollowing subjects, namely :—

(1) Misappropriation of money by C. M. D. A. Engineers—from Shri Naresh Chandra Chaki.

(2) Reported missing of a hand bag of a Member from inside the Assembly House on 4-7-72—from Shri Sunil Mohan Ghosh Maulik.

(3) Taking over of Shri Moha Lakshmi Cotton Mill at Palta—from Shri Subhendu Roy.

(4) Suspension of primary teachers by Purulia Municipality—from Shri Netaipada Sarkar.

(5) House building grant for villagers affected by rains and flood—from Shri Md. Dedar Baksh.

(6) Throwing of nitric acid on the employees of Budge Budge Fire Station No. 2—from Shri Lakshmi Kanta Bose.

(7) Subsidence of village Jagatdihi, Asansol—from Shri Sukumar Bandyopadhyay.

I have selected the notice of Shri Sukumar Bandyopadhyay on the subject "Subsidence of village Jagatdihi, Asansol".

The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal :** The statement will be made on the 9th.

**শ্রীগৌতম চক্রবর্তী ঃ** আজকে আনন্দবাজার, এবং যুগান্তর কাগজে যে খবর বেরিয়েছে সেটা অত্যন্ত হতাশাব্যঞ্জক। আমরা দেখেছি আগে এ-ডিভিশনে যে সমস্ত টিম ছিল, বি-ডিভিশন থেকে এ ডিভিশনে ওঠবার বা খারাপ খেলে বি-ডিভিশন, সি-ডিভিশনএ নেমে যাবার এই ব্যাপারটা চালু ছিল এবং এই বারে আবার চালু করা হয়েছে। এখন এখানে খেলা নিয়ে ছেলেখেলা হয় এবং এই খেলা নিয়ে এখানে এখন নক্কারজনক রাজনীতি চলেছে। আমি জানতে পারলাম এমন বহু টিম আছে যারা টাকা দিয়ে খেলোয়াড়দের পারচেস করছে। সেই জন্য এখানে আমি বলছি যে এর ফলে বাংলাদেশের খেলার মান নেমে যাচ্ছে। এখানে বেচু রায় বলে এক জন আছে এবং এই রকম কয়েক জন আছে যারা এই কাজ করছে। আমি তাই বলছি যে সমাজবিরোধীদের যেমন মিশা আইনে আটক করা হচ্ছে, কোরাপটেড অফিসারদের সাসপেণ্ড করা হচ্ছে, সেই রকম খেলোয়াড়দের নিয়ে যারা এই রকম ব্যাপার করছে তাদের উপরও যেন এই ব্যবস্থা গ্রহণ করা হয়।

**মিঃ স্পিকার ঃ** There is no point of order in it. It has nothing to do with the proceedings of the House.

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ** স্যার, আপনার মাধ্যমে একটা দিকে দৃষ্টি আকর্ষণ করে বলছি যেটা আশা করেছিলাম কেউ হয়ত বলবেন—আমার এ বয়সে এটা বলা ঠিক হবেনা—গত মন্ত্রিসভা চলাকালীন একটা ব্যবস্থা হয়েছিল যে সদস্যদের একটা করে পাশ দেওয়া হত যাতে তাঁরা খেলা দেখতে যেতেন এবং Charity-র ব্যাপারে ৩টা করে টিকিট দেবার ব্যবস্থা হয়েছিল। মাননীয় যুবক সদস্য যাঁরা এসেছেন তাঁদের মধ্যে থেকে নিশ্চয় এবিষয়ে একটা আওয়াজ হবে যে এই ব্যবস্থা পুনঃ প্রবর্তন করা হোক। যাহোক এই ব্যবস্থা করতে আমি মন্ত্রি মহাশয়কে অনুরোধ করছি।

**Mr. Speaker :** I have nothing to comment. The Hon'ble Minister-in-charge of the Department is to decide it.

**Shri Gyan Singh Sohanpal :** I will pass on the request to the Hon'ble Minister concerned.

## Mention Cases

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বাস্থ্য দপ্তরের মন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে উত্থাপন করছি। তিনি তাঁর দপ্তরের বিভিন্ন হাসপাতালের bed বাড়াচ্ছেন, দুর্নীতি দূর করার চেষ্টা করছেন। তিনি বোধহয় জানেন না যে নদীয়া জেলার রানাঘাট থানা অন্তর্গত তাহেরপুর নামে একটা colony আছে। সেখানে ২০/২৫ হাজার লোক বাস করে এবং তার আশেপাশে ১৪/১৫টা গ্রাম নিয়ে ৪০ হাজার লোক বাস করে। সেখানে কোন চিকিৎসার ব্যবস্থা নেই। ১৯৫০ সালে তাহেরপুর কলোনী যখন হয়েছিল তখন পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন দপ্তরের কৃপায় সেখানে একটা mobile medical unit স্থাপন করা হয়েছিল। তার নাম mobile medical unit। ২০/২২ বছর হয়ে গেল এখনও তার নাম mobile medical unit জানি না স্বাস্থ্য দপ্তরের dictionary-তে mobile কথার অর্থ কি? কিন্তু বড় প্রশ্ন হচ্ছে যে

একমাত্র ঐ mobile medical unit-এর মাধ্যমে ৪০ হাজার লোকের সেবা করার ব্যবস্থার দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে ডাক্তার নেই, Compounder-ই ডাক্তার এবং পিওন কম্পাউণ্ডারী করছে। দীর্ঘ ২০ বছর ধরে এইরকম অবস্থা চলছে। সেখানে ঔষধ নেই—সামান্য ৩ রকমের মিক্সচার আছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভ্যতার সঙ্কট সম্বন্ধে বলতে চাই। আপনি জানেন সারা পশ্চিমবাংলার বিভিন্ন পরীক্ষায় নকলের হিড়িক পড়ে গেছে। গণ-টোকাটুকি অবাধে চলছে। গতকাল B.Sc. Part (I) পরীক্ষায় কোলকাতার ৩টি কলেজে—সেণ্ট সে ভয়ার্স, নর্থ ক্যালকাটা কলেজ, আচার্য প্রফুল্লচন্দ্র কলেজ নকলের জন্য পরীক্ষা হতে পারেনি। শিক্ষা ক্ষেত্রে একটা নৈরাজ্য চলছে। কিন্তু এর প্রতিকারের কোন পথ নেই। আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রিকে বলতে চাই ছাত্রদের ভবিষ্যৎ নিয়ে এই যে ছিনিমিনি খেলা হচ্ছে তাতে কিছু কিছু ছাত্রের ভবিষ্যৎ অন্ধকার হয়ে যাচ্ছে। এর কোন প্রতিবিধান হচ্ছে না। কিছুকাল আগে উত্তর প্রদেশের একটা পরীক্ষায় প্রশ্ন ছিল "হরতাল কেয়া হ্যায়"? উত্তরে ছেলেরা লিখেছিল "বাঙালী লোককা পরব।" কিছুকাল পরে হয়ত আরো লেখা হবে "ইমতাজান কেয়া হ্যায়"? এর উত্তরে হবে "বাঙালী লোককা তামাসা হ্যায়।" শিক্ষামন্ত্রির উদ্দেশ্যে বলছি যে বহু সর্বনাশার কবলে পড়ে পরীক্ষার ব্যবস্থা এইবারে বানচাল হওয়ায় পশ্চিমবাংলার ছাত্ররা যে হতাশার অন্ধকারে ডুবছে তার আপনি প্রতিকার করুন। এর প্রতিকার ও প্রতিবিধান না করলে এই জাত বাঁচবে না। আমি একথা বলতে চাই যে এই প্রলয় বন্ধ করুন।

[2-10—2-20 p.m.]

**শ্রীনিরঞ্জন ডিহিদারঃ** মিঃ স্পীকার স্যার, আমি আসানসোলের অতিরিক্ত জেলা শাসক সম্পর্কে দুটো কথা আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। এই ভদ্রলোক নতুন এসেছেন, ইদানিংকালে তিনি সেখানে কিভাবে অর্থের অপচয় করছেন এবং এই অর্থ কোথা থেকে আসছে তার খবর নেওয়া দরকার। শোনা যায় কিছুদিন আগে তাঁর দুটো বেড রুম মোজাইক করতে ১৫ হাজার টাকা খরচ হয়েছে। সিকিম থেকে পর্দা আনিয়ে তাঁর ঘরে লাগান হয়েছে, তার দাম নাকি আনুমানিক ৩ হাজার টাকা। শুনছি তাঁর বাড়িটা মার্কারি লাইট দিয়ে ইন্দ্রপুরী করে রাখা হয়, তার জন্য ২ হাজার টাকা খরচ, বাগানে প্রচুর মালী কাজ করে থাকে। ৬ঠা জুন সরকারী গাড়ী নং ডব্লু বি জি ৭৭৭৭, এই গাড়ীটা নিয়ে পাটনায় প্রমোদ বিহারে যান। এই ভদ্রলোক ইউ, ই, পরীক্ষার সময় প্রফেসারদের সঙ্গে মিটিং করে কতকগুলি ব্যবস্থা গ্রহণ করার কথা বলেছিলেন, কিন্তু দেখা গেল ঠিক সময়ে তিনি উপস্থিত থাকলেন না যার ফলে প্রিন্সিপ্যাল বাইরের লোক দ্বারা নিগৃহীত হলেন। এই ভদ্রলোক আসানসোলের ৬ শো লোকের জি, আর,-এর দরখাস্ত নাকচ করিয়া দেন, বলেন এবল্ বডি এঁরা। এখান থেকে যখন রাষ্ট্র মন্ত্রীরা আসানসোলে যান তখন তিনি তাঁদের সংগে বিনিথ দি ডিগ্নিটি মনে করে দেখা করেন না। এই অবস্থা সেখানে চলেছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য যাতে একটা সুরাহা হয়।

**শ্রীআলি আনসারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট স্বরাষ্ট্র মন্ত্রি মহাশয়কে অনুরোধ করছি হাওড়া জেলার বালি থানার অন্তর্গত দুর্গাপুর গ্রামে ওরিয়েন্টাল রিসার্চ কেমিক্যাল ল্যাবোরেটারি লিমিটেডের ওষুধ 'কুমারেশ' জাল করার দায়ে রমণী এবং বিমল

চক্রবর্তী পুলিশের হাতে ধরা পড়ে এবং এই দুজন ধরা পড়ার পর পুলিশ তাঁদের কাছ থেকে আরো কয়েক জনের নাম পায়। এই যে চক্র ওষুধ নিয়ে জাল সুরু করেছে সেই চক্রকে এখনও ধরা হচ্ছে না। সেজন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রি মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে যেন এই দুর্নীতিগ্রস্ত অপরাধীদের গ্রেপ্তার করার ব্যবস্থা করা হয়।

**শ্রীরূপ সিং মাঝি ঃ** মিঃ স্পীকার স্যার, আমি পুরুলিয়া জেলার বলরামপুর ব্লকের কথা উল্লেখ করছি। সেখানে ২ বছর আগে মুখ্য সেবিকার এ্যাপয়েন্টমেন্ট হয়। আমি ২ বছরের মধ্যে সেখানকার প্রতিনিধি হিসাবে তাঁকে সেখানে দেখিনি, অথচ তিনি নিয়মিতভাবে বেতন পান। ইণ্ডাষ্ট্রীয়াল এক্স-টেনশান অফিসার, ফিসারি এক্স-টেনসান অফিসারের পদ দেখা যাচ্ছে ১। বছর ধরে জয়েন করেন নি। সেখানে ফিসারি ডিপার্টমেন্ট, ইণ্ডাষ্ট্রিয়াল ডিপার্টমেন্ট-এর জন্য যে সমস্ত টাকা গভর্নমেন্ট মঞ্জুর করেন সেটা ডিষ্ট্রিক্ট অফিস থেকে ফিরে আসে। মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিষয়ে তদন্তের দাবি করি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ রাখি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টে স্টেট বাস বাড়ান হচ্ছে। তার জন্য বেশ কিছু কর্মী নিয়োগ করা হচ্ছে। আপনি জানেন পশ্চিম দিনাজপুর জেলায় মাত্র ২১ মাইল রেল লাইন, এরজন্য আমাদের বাসের উপর যাওয়া আসা নির্ভর করতে হয়। সেজন্য নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের মেজর ইনকাম হচ্ছে পশ্চিম দিনাজপুর থেকে। সুতরাং নিয়োগের ব্যাপারে কুচবিহার থেকে ৮০ পার্সেন্ট ছেলেকে নেওয়া হচ্ছে। এরজন্য পশ্চিম দিনাজপুরের ছেলেদের মধ্যে খুব অসন্তোষ দেখে এলাম। এই বিষয়ে আমি পরিবহণ মন্ত্রীকে অনুরোধ করব যাতে পশ্চিম দিনাজপুরের ছেলেদের আনুপাতিক হারে চাকরিতে নিয়োগ করা হয় সেইভাবে তিনি নির্দেশ দেন।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডলঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে মিহিপুর কলিয়ারী নামে একটি কলিয়ারী আছে এবং সেখানকার অবস্থা দেখে মনে হয় এটা যেন পশ্চিমবাংলার বাহিরে। সেখানে শ্রমিকদের উপর নানারূপ অত্যাচার চলছে। গত ২০ তারিখে সেখানকার শ্রমিকরা তাদের দাবি-দাওয়ার জন্য যখন যায় তখন মালিকরা কলিয়ারী বন্ধ করার হুমকি দেয়। সেখানকার শ্রমিকদের যে সমস্ত সুযোগসুবিধা পাওয়া উচিত তা তারা পাচ্ছে না। আপনারা জানেন যে কয়েকদিন আগে মুখ্যমন্ত্রীর মধ্যস্থে কলিয়ারী মালিকরা একটা চুক্তিতে আবদ্ধ হয় যে, শ্রমিকদের ন্যায্য পাওনা দেওয়া হবে। কিন্তু অতীব দুঃখের বিষয়, সেই চুক্তি অনুসারে তারা কিছুই দিচ্ছে না এবং বলতে গেলে নানা রকম জুলুম চালান হচ্ছে। তারা পুলিশ দিয়ে শ্রমিকদের উপর অত্যাচার করছে এবং বলছে এখানে গুণ্ডামী চলছে, ম্যানেজারকে ঘেরাও করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে বলতে চাই শ্রমিকদের উপর যদি এরকম অত্যাচার চলে তাহলে সমাজতন্ত্র এবং 'গরীবি হঠাও' এই যে স্লোগান তা চিরকালের জন্য বন্ধ হয়ে যাবে।

**শ্রীশচীনন্দন সাহুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন কল্যাণী বিশ্ববিদ্যালয়কে কৃষি বিশ্ববিদ্যালয় করা হবে কিনা এ নিয়ে দ্বিমত দেখা দিয়েছে। আপনি জানেন উত্তরপ্রদেশে কৃষি বিশ্ববিদ্যালয় হয়ে গেছে। আমাদের পশ্চিমবাংলা চতুর্থ পরিকল্পনার ২ কোটি টাকা এবং বিশ্বব্যাঙ্কের আড়াই কোটি টাকা পাচ্ছে না কৃষি বিশ্ববিদ্যালয় না থাকার জন্য। আপনি জানেন ১৯৫৩-৫৪ সালে পশ্চিম বাংলার তদানিন্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় কোলকাতা বিশ্ববিদ্যালয় পরিচালিত কৃষি কলেজ মেদিনীপুরের

ঝাড়গ্রাম থেকে সরিয়ে এনে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নজির সৃষ্টি করেছিলেন। আমি আপনার কাছে এই বক্তব্য রাখতে চাই যে, বীরভূম জেলায় কবিগুরু রবীন্দ্রনাথের স্মৃতি বিজড়িত রাঙামাটির দেশ শ্রীনিকেতন সেখানে একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হোক। কল্যাণী ত বিশ্ববিদ্যালয় হবে কি হবেনা এই নিয়ে বিতর্ক সৃষ্টি হয়েছে এবং শিল্পক্ষেত্রে যে সংকট দেখা দিয়েছে সেটা দূর করবার জন্য কৃষি সমৃদ্ধ পশ্চিমবাংলার এই দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি অবিলম্বে দৃষ্টি আকৃষ্ট হোক।

**শ্রীমতী ইলা রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার এলাকায় মেয়ো হাসপাতাল পরিদর্শন করতে গিয়ে সেখানে এমন একটা অবস্থা দেখলাম যাতে আমি অত্যন্ত দুঃখিত এবং মর্মাহত হয়েছি। আমাদের এই জনপ্রিয় সরকার পশ্চিমবাংলার গরীব এবং মধ্যবিত্ত মানুষের অনেক আশীর্বাদ নিয়ে এই বিধানসভায় উপস্থিত হয়েছি। আমি ওই হাসপাতাল পরিদর্শন করতে গিয়ে একটা ঘটনা দেখে অত্যন্ত স্তম্ভিত হয়েছি এবং তাতে আমার মনে হয়েছে মানুষের অবস্থা এ রকম হয়! সেখানে গিয়ে দেখি কোন কম্বল বা চাদর ছিলনা, শুধু মাটির উপর রোগীটি শুয়েছিল এবং সহস্র সহস্র মাছি সেই রোগীটিকে ঘিরে বসেছিল। আমাদের এই সব প্রতিষ্ঠান মানুষের সেবার জন্য তৈরী হয়েছে। কিন্তু এইসব হাসপাতালে বা মানুষের সেবা প্রতিষ্ঠানে মানুষকে যদি এইভাবে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হয় তাহলে মানুষ কোথায় গিয়ে স্থান পাবে।

তাই আজ আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রিকে বলতে চাই তিনি যেন এই সব ব্যাপারে সাহায্য করেন। এই রকমের হাসপাতালের দিকে নজর দেন এবং যাতে হাসপাতালগুলি সত্যিকারের মানুষদের সেবা প্রতিষ্ঠান হয় সেইদিকে নজর দেন—এই অনুরোধ জানাচ্ছি। বন্দে মাতরম্।

[2-20—2-30 p.m.]

**শ্রীঅজিত পাঁজাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্বন্ধে আমি কিছু বলতে চাই, মেয়ো হাসপাতাল সম্বন্ধে মাননীয় সদস্যা যা বললেন তাতে আমি বলতে চাই, দিন সাতেক আগে মেয়ো হাসপাতালে আমি নিজে গিয়েছিলাম, কারণ সেখান থেকে কিছু কমপ্লেন আমার কাছে এসেছিল। আপনি জানেন এই হাসপাতাল গভর্নমেন্ট থেকে সাহায্য পায়। সেখানে গিয়ে খারাপ অবস্থা দেখার ফলে এবং কমপ্লেন যা এসেছি সেগুলি বেশীরভাগ সত্য জেনে আমি ডাঃ বিমলেশ ভট্টাচার্যকে সেখানে পাঠিয়ে ছিলাম। তিনি সেখানকার পূর্ণ রিপোর্ট আমার কাছে দিয়েছেন। রিপোর্টটি দেখার পর অবিলম্বে কিছু কিছু মেরামতি কাজ শুরু হয়ে গেছে এবং রুগীদের প্রতি যে সমস্ত অবিচার হচ্ছিল সেগুলি আমি গিয়ে নিজের চোখে দেখে এসেছি। মাননীয়া সদস্যা যিনি এই হাউসের মধ্যে এই হাসপাতাল সম্বন্ধে বললেন আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং আমি মাননীয় সদস্যদের জানিয়ে দিতে চাই যে, আমরা ইতিমধ্যে এ হাসপাতাল সম্বন্ধে ব্যবস্থা নিতে শুরু করেছি।

**শ্রীসুধীর চন্দ্র বেরাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের সরকারের কাছে একটি প্রস্তাব রাখতে চাই। সেটা হচ্ছে বাংলাদেশে যত সি, আর, পি, আছে তাদের সরিয়ে নিয়ে সেই জায়গায় বাঙালী ছেলেদের চাকরী দেওয়া হোক। আপনি স্যার, জানেন যে হাজার হাজার সি, আর, পি, পশ্চিমবাংলায় আছে এবং তার জন্য কোটি কোটি টাকা খরচ হচ্ছে। আমাদের ছেলেরা চাকরী পাচ্ছে না—হা চাকরী হা চাকরী করে বেড়াচ্ছে। সেইজন্য আমি প্রস্তাব রাখছি যে এই সমস্ত সি, আর, পি,-দের সরিয়ে নিয়ে তার জায়গায় আমাদের বাঙালী ছেলেদের

চাকরী দেওয়া হোক। অবশ্য জ্যোতিবাবু যেমন বলেছিলেন যে পশ্চিমবাঙলা থেকে সি, আর, পি, হটাও আমি সেকথা বলছি না, আমি বলছি যে পশ্চিমবঙ্গ থেকে সি, আর, পি, সরিয়ে নিয়ে তার জায়গায় বাঙালী ছেলেদের চাকরী দেওয়া হোক।

**শ্রীমহাদেব মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার আরামবাগ মহকুমায় যে রিভার পাম্প এবং ডিপ টিউবওয়েল বসানো হয়েছে আমার কেন্দ্রে নৈঠা, এঁদোয়াখালি, বলরামপুর, রসুলপুর-এ যেসব ডিপ টিউবওয়েল বসেছে এবং যে তার খাটান হয়েছে সেখানে কতকগুলি এখনো ঘর হয়নি দীর্ঘদিন হল ইলেকট্রিফিকেশন এখনও পর্যন্ত হয়নি। সেখানে সেচের ব্যবস্থা না থাকার জন্য সেখানকার চাষীদের দুর্দশার শেষ নাই এবং আমাদের যে সব লিফট্‌ইরিগেশন আছে খানাকুলে বা আরামবাগে, সেখানে আজ পর্যন্ত অপারেটর বা সহকারী অপারেটর গিয়ে পৌঁছয়নি এবং সেখানে নাইট গার্ডও নেই যার জন্য মেশিনারী পার্টস চুরি যাচ্ছে এবং ভেঙে ধরে যাচ্ছে। আর একদিকে চাষীরা জলের জন্য হাহাকার করছে। আর বেকার ছেলেরা দিনের পর দিন চাকরীর জন্য আমাদের অস্থির করে তুলছে। আমি বলতে পারি যে এই সমস্ত ছোট ছোট প্রকল্প কমসে কম ১০০টি পদ খালি আছে। ১৯৭১ সালে এই সব ছেলেরা চীফ ইঞ্জিনীয়ারের কাছে দরখাস্ত করেছিল কিন্তু সেই দরখাস্ত ফাইল বন্দী হয়ে পড়ে আছে, আজ পর্যন্ত তাদের ইন্টারভিউয়ের ব্যবস্থা হয়নি এবং এদের নিয়োগেরও ব্যবস্থা হয়নি। সেইজন্য আমি আমাদের পাওয়ার মিনিস্টার এবং এগ্রিকালচার মিনিস্টারের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং এই সমস্ত রিভার পাম্প এবং ডিপ টিউবওয়েলগুলি যাতে অবিলম্বে চালু করা হয় এবং যাতে স্থানীয় বেকার ছেলেরা চাকরী পায়, সেইজন্য মন্ত্রিমহাশয়কে বিশেষ নজর দিতে অনুরোধ করছি। যেমন আজকে ডেভেলপমেন্ট স্কীম হচ্ছে, যেমন আজকে আমাদের বিভিন্ন কমিটি হচ্ছে সেই রকম আজকে মহকুমা স্তরে, ডিষ্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি বসান। সিলেকশন কমিটিতে ইঞ্জিনিয়ার, এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, এস. ডি. ও, ডি. এম. এম. এল. এ. এবং সরকারের মনোনীত সদস্য নিয়ে একটি কমিটি গঠিত করুন। অবিলম্বে এই সব বেকার যুবক যাতে দরখাস্ত করতে পারে, তাদের ইন্টারভিউ হয়, নিয়োগের ব্যবস্থা হয়, তার জন্য সিলেক্ট কমিটির প্রস্তাব করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রি মহাশয়ের কাছে একটি বিবরণ রাখতে চাই এবং তার আসল মতলব হল যে রক্ষক সেই ভক্ষক। এই মুর্শিদাবাদ জেলায় এষ্টেট এ্যাকুইজেশনের সঙ্গে যুক্ত কতকগুলি সরকারী কর্মচারী যাদের আমি নাম দিয়েছিলাম গতকাল একটা কলিং এ্যাটেনশনেও, অনিল ভট্টাচার্য, অনিল দাস, বিশ্বনাথ চ্যাটার্জী, সুবোধ হালদার, প্রায় ২০ জন সরকারী কর্মচারী তারা সরকারের খাস জমি স্বনামে এবং বেনামে ইতিমধ্যে বন্দোবস্ত নিয়ে ফেলেছে। আমরা একথা জানি যে কয়েকদিন আগে যে আইন তৈরী করেছি তার দ্বারা ভূমি বণ্টনের ব্যাপারে কমিটি দিতে পারে বা বাতিল করে দিতে পারে। কথাটা তা নয়, কথাটা হল, ওরা হচ্ছে সরকারী কর্মচারী যারা ভূমিহীন কৃষক নয়, কৃষি পরিবারও নয়, তারা আজকে সরকারের খাস জমি স্বনামে বেনামে দখল করে সরকারের যে ভূমি বণ্টন নীতি তা একদিকে যেমন বানচাল করছেন অপর পক্ষে সরকার যখন দুর্নীতির উর্দ্ধে উঠবার চেষ্টা করছেন তখন তাকে সকলের সামনে হেয় প্রতিপন্ন করছেন। এই সমস্ত সরকারী কর্মচারী যারা দুর্নীতিপরায়ণ তাদের অবিলম্বে চাকরী থেকে বরখাস্ত করুন বা তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। সেই জমি উদ্ধার করে সেখানে যারা সিডিউল্ড কাষ্ট বা যারা এলিজিবেল লোক তাদের মধ্যে যাতে বিতরণ করা যায় তার জন্য বিহিত বিধান করুন। স্যার, এখানে অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন রাখা হচ্ছে, আমি আপনাকে অনুরোধ করছি যে মন্ত্রি মহাশয়দের এই সব কথা শোনা উচিত। স্বাস্থ্য মন্ত্রি এক্ষনি একটা গুরুত্বপূর্ণপূ

বিষয়ের জবাব দিলেন। মন্ত্রীরা যদি এটার কোন নোট না নেন বা কোন এনকোয়ারী যদি না করেন তাহলে এখানে বলে কোন লাভ হয়না। আজকে সরকারী কর্মচারীরা, এষ্টেট এ্যাকুইজেশনের কর্মচারীরা নিজেদের নামে, বেনামে জমি রাখছে, এর বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার সদস্যদের কাছে আবেদন করতে চাই যে এই ব্যাপারে কি করা হল তা ৭ দিন পর আমরা জানতে চাই।

**শ্রীললিত গায়েন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২৮-৬-৭২ তারিখে আপনার মাধ্যমে আমি যে বক্তব্য রেখেছিলাম যে ২৪-পরগণার বিভিন্ন জায়গা থেকে আবার পুলিশ ক্যাম্প উঠিয়ে নেওয়া হচ্ছে এবং যদি এই পুলিশ ক্যাম্প উঠিয়ে নেওয়া হয় তাহলে চুরি, ডাকাতি, রাহাজানি বেড়েই যাবে। আরো একটা কথা বলছি যে গত ৩ তারিখে বারুইপুর, আমার নির্বাচন কেন্দ্র, থেকে যখন পুলিশ ক্যাম্প ৬ টার সময় তুলে নেওয়া হল তখন দু'ঘণ্টা পর থেকে ডাকাতি আরম্ভ হল এবং বারুইপুরের ধবধবে অঞ্চলে একই দিনে ১১ জায়গায় ডাকাতি হয়েছিল। এই কারণে জয়নগরের ফুটিগোড়া অঞ্চলে ঠিক এই অবস্থা হয়েছিল। সেখানে পুলিশ ক্যাম্প উঠিয়ে নেওয়ার সঙ্গে সঙ্গে ডাকাতি সুরু হয়ে গেল। সেই জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখবো যে ২৪-পরগণায় যে সমস্ত পুলিশ ক্যাম্প ছিল তা যেন অবিলম্বে আবার বসান হয়। আমার মনে হয় এই যে ডাকাতি এর সঙ্গে কোন রাজনৈতিক দলের হাত আছে। আমি আবার আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি যেন অবিলম্বে এই সব জায়গায় পুলিশ ক্যাম্প বসানে হয়।

**শ্রীহবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সংবাদপত্রে একটি লজ্জাকর সংবাদ বেরিয়েছে। আমাদের পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষক সমিতি ১০ দফার দাবীর ভিত্তিতে কাল থেকে অনশন গ্রহণ করেছেন। তাঁদের এই সমস্ত দাবী দাওয়া নিয়ে বহুবার মন্ত্রী মহাশয়ের সঙ্গে ডেপুটেশন এবং সাক্ষাৎ করা হয়েছে, ৪/৪/৭২, ৭/৬/৭২ এই সব দাবী নিয়ে সাক্ষাৎ করেছিলেন, কিন্তু তার কাছ থেকে কোন আশ্বাস পাওয়া যায়নি। তাই গতকাল ১০ হাজার শিক্ষক বিধান সভায় তাঁদের দাবী দাওয়া জানাবার জন্য আসছিলেন। পথিমধ্যে পুলিশ দিয়ে তাঁদের অবরোধ করা হয়।

অবশ্য সেখানে বিভাগীয় মন্ত্রী গিয়ে তাঁর বক্তব্য রেখেছেন। কিন্তু সেই বক্তব্য শিক্ষকদের কাছে কোন আশা দিতে পারেনি আজকে শিক্ষক সমাজ বিক্ষুব্ধ, তাই তারা পর্য্যায়ক্রমে ২৪ ঘণ্টার জন্য অনশন করছে। মাননীয় স্পীকার মহাশয়, এই শিক্ষকরাই জাতির জনক বলে পরিচিত, এই শিক্ষক সমাজকে অভুক্ত রেখে, উপেক্ষা করে পথে বসিয়ে দিলে দেশের গঠনমূলক কাজ হতে পারে না, সমাজের কোন জাতি বাঁচতে পারে না, সমাজের কোন উন্নতি হতে পারে না। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রি মহাশয়ের নিকট আবেদন করব যে এই সমিতির প্রতিনিধিবর্গের সঙ্গে অবিলম্বে সুস্থ আলোচনার জন্য বসুন, তাঁদের দাবী দাওয়ার প্রতি আশাব্যঞ্জক আশ্বাস দিন এবং দাবীগুলি অবিলম্বে যাতে হয় তার ব্যবস্থা গ্রহণ করুন, এই আবেদন রেখে, আমার বক্তব্য শেষ করছি।

[2-30—2-40 p.m.]

**ডঃ কানাইলাল সরকার:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয় স্বাস্থ্যমন্ত্রি মহাশয়ের গোচরে আনতে চাই। আমার মনে হয় এই জিনিষটি স্বাস্থ্য

মন্ত্রির গোচরে আছে, তিনি এ বিষয়ে জানেন, তাঁর কাছে আমি অনুরোধ জানাব যে তিনি এই বিষয়ে অনুসন্ধান করে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন। ঘটনা হচ্ছে—মাড়োয়ারী রিলিফ সোসাইটি হাসপাতালে একটা গুরুতর অভিযোগ উঠেছে। অভিযোগ হচ্ছে এই সোসাইটি থেকে দুধ সাপ্লাই করা হচ্ছে রোগীদের জন্য সেটা অত্যন্ত পুরাতন দুধ, সেগুলি নষ্ট হয়ে গেছে, সেগুলি রোগীর খাবার উপযুক্ত নয়, তাছাড়া এই হাসপাতালে অনেক ঔষধ ব্যবহার করা হচ্ছে যেগুলির ডেট এক্সপায়ার করে গেছে। এই অভিযোগ সেখানকার যুব সম্প্রদায় গিয়ে এই হাসপাতালে কর্তৃপক্ষের কাছে তোলে, কিন্তু কর্তৃপক্ষ তাতে কোন কর্ণপাত না করায় তখন পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ তখন এনফোর্সমেন্ট ব্রাঞ্চ থেকে সেখানে সার্চ করে। দেখা যায় ৬০ ব্যাগ দুধ ১৯৬৯ সালে রিলিফে দেবার কথা, সেটা আজ সরবরাহ করা হচ্ছে, অথচ পারমিশন নিয়ে—যে দুধ রিলিফে দেওয়া হয় নাই সেটা যেন রোগীদের দেওয়া হয়। দেখা গেল সেই দুধগুলি খাবার অনুপযুক্ত, সমস্ত দুধ শক্ত হয়ে গেছে সেগুলিই গুলে রোগীদের খাওয়াচ্ছে। এই খবর পেয়ে পুলিশ প্রথম দিন ১৭ ব্যাগ দুধ সিজ্ করে এবং গো-ডাউন সিল করে দেয়, এর পরে কর্তৃপক্ষ তার উপর লিখে দেন মিল্কস আর নট ফর ইউজ, তারপর কিচেন অনুসন্ধান করা হয়, তল্লাসী করা হয়, দেখা যায় সেখানে একবস্তা দুধ আছে, সেগুলি শক্ত, ইটের মত হয়ে গেছে, জিজ্ঞাসা করে জানা যায় যে কাল পর্য্যন্ত এই দুধই রোগীদের খাওয়ান হয়েছে। আমাদের ড্রাগ কন্ট্রোল অর্ডার অনুসারে ঔষধ ডেট এক্সপায়ার করে গেলে, সেই ঔষধ কোন হাসপাতালে, কোন ডাক্তারখানায় থাকতে পারে না। মানুষের খাওয়ার অনুপযুক্ত দুধ হাসপাতালে থাকতে পারে না। ১৯৬৯ সালে যে দুধ এসেছিল সেই দুধ ১৯৭২ সালে সরবরাহ করা হচ্ছে, রোগীরা এই দুধ খাবার পরে তাদের স্বাস্থ্যের অবনতি হবে, যে ঔষধের ডেট পার হয়ে গেছে সেটা হাসপাতালে রাখা যুক্তিযুক্ত নয়। আমি আশা করব যে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় এই সমস্ত বিষয়ে একটা ষ্টেটমেন্ট দেবেন।

**শ্রীঅজিতকুমার পাঁজা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় মাড়োয়ারী হাসপাতাল যেটা আমহার্ষ্ট ষ্ট্রিটে আছে সেখানে কিছু ডেট-এক্সপায়ার্ড ঔষধ পাবার ফলে হাসপাতালের চার্জে যে ম্যানেজার ছিলেন, তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে, মামলা চলছে। মাড়োয়ারী রিলিফ সোসাইটি যেখানে দুধ পাওয়া গেছে, খবর পাওয়া গেছে সেখানে পুলিশ এন্‌ফোর্সমেন্ট ব্রাঞ্চ থেকে গিয়ে দুধ সিজ করেছে, কিন্তু কর্তৃপক্ষ পুলিশ আসবার অনেক আগেই সেটা বন্ধ করে রেখেছিল, এনফোর্সমেন্ট থেকে সেটা সিল করে রেখেছে, আইনে যে ব্যবস্থা আছে তা নিশ্চয়ই নেওয়া হচ্ছে। মাননীয় সদস্যদের পরে আরও কিছু ঘটনা জানাবো।

**Mr. Speaker** : I call upon Shri Ajit Kumar Panja to make a statement under Rule 346.

**শ্রীঅজিতকুমার পাঁজা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোল এল. এম. হাসপাতাল সম্বন্ধে মাননীয় সদস্য সুধীরবাবু জানতে চেয়েছিলেন। তিনি তিনটি জিনিষ জানতে চেয়েছিলেন। এক হচ্ছে সেখানে এ্যানাসথিসিস্ট পাওয়া যায় নি, দুই হচ্ছে সেখানে এ্যাম্বুলেন্সের অভাব রয়েছে ও তিন হচ্ছে সেখানে এক্সরে ৫০০ এম. এম. পাওয়ারের জায়গায় সেখানে ২০০ এম. এম. পাওয়ার দেওয়া হয়েছে। এটার সম্বন্ধে আমার কাছে রিপোর্ট এসেছে। মেদিনীপুর থেকে এ্যানাসথিসিষ্ট যাবার কথা ছিল অর্ডার পাওয়া সত্বেও এ্যানাসথিসিষ্ট গিয়ে পৌছাতে পারেন নি, কারণ মেদিনীপুরে যার যাবার কথা তিনি ছুটি নিয়ে নিয়েছেন। এ বিষয়ে আমরা তদন্ত করছি। আইনতঃ ছুটি নেবার ফলে হঠাৎ কিছু করা যাচ্ছে না। তবে তদন্ত করে যত শীঘ্র সম্ভব হয় একজন এ্যানাসথিসিষ্ট

পাঠাবার ব্যবস্থা করছি। উনি বলেছিলেন এ্যাম্বুলেন্স সম্বন্ধে। এ্যাম্বুলেন্স নেই এটা ঠিক নয়। এ্যাম্বুলেন্স দুটা আছে, তার মধ্যে একটা খারাপ হয়ে আছে আর একটা চালু আছে। আমরা রিপোর্ট পেয়েছি। আমরা এস. ডি. ওর কাছ থেকে পেয়েছি। এ্যাম্বুলেন্স চালু অবস্থায় থাকা সত্বেও হাসপাতাল থেকে জানান হয়েছে যে এ্যাম্বুলেন্স ঠিক নেই তাঁরা রোগী আনতে পারবেন না। এ বিষয় যিনি সংশ্লিষ্ট অফিসার আছেন তাঁর কাছ থেকে রিপোর্ট চেয়ে পাঠান হয়েছে। এক্স-রে মেসিন সম্বন্ধে তিনি বলেছিলেন যে ৫০০ এম. এম. পাওয়ার এক্স-রে মেসিন হওয়া উচিত। কিন্তু আমি জানাচ্ছি যে আমরা এক্সপার্ট ওপিনিয়ান নিয়েছি। তিনি লিখিতভাবে আমাদের জানিয়েছেন যে ২০০ এম. এম. পাওয়ার মেসিন যথেষ্ট হবে, তাতে বেরিয়ামের যে দরকার তা যদি থাকে। আমরা তা করে দিয়েছি। ২০০ এম. এমতেই হয়ে যাচ্ছে, ৫০০ এম. এম. পাওয়ারের প্রয়োজন নেই বলে এক্সপার্ট জানিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুধীরবাবু গতকাল কতকগুলি জাল ঔষধ বলে বিবৃতি দিয়ে এই এ্যাসেম্বলীর মধ্যে এই হাউসের মধ্যে এনে ফেলেছিলেন। তিনি যেমন নাটকীয়ভাবে ঘরের মধ্যে ঢুকেছিলেন, ঠিক সেই রকম নাটকীয় ভাবেই প্রথম অঙ্কের যবনিকা পাত হয়ে গেল। কারণ অনেক সদস্যই জানেন না এবং সুধীরবাবুও জানেন না। হাসপাতালে বা কোথাও কোন জাল ঔষধ যদি দেখতে পান তাহলে সঙ্গে সঙ্গে তা যেকোনভাবে আমার কাছে বা আমায় জানিয়ে দেন—খবর দেন। কারণ হচ্ছে এক্সপায়ার্ড মেডিসিন বলে যাকে ধরেছেন—যদিও আপনারা যেটা পেয়েছেন আমি সেটা ডিরেক্টার অফ ড্রাগ কন্ট্রোলের কাছে পাঠিয়ে দিয়েছি, কিন্তু আইনে দেখা গেল যে এক্সপায়ার্ড মেডিসিন ছিল এবং সেটা যে ব্যবহার হচ্ছিল সেটা প্রমান না হওয়া পর্যন্ত কোন রকম আইনতঃ ব্যবস্থা করা যায় না। কারণ অনেক এক্সপায়ার্ড মেডিসিন থেকে গেছে যেটা পরে নষ্ট করা হবে বলে আলাদা করে রাখা হয়েছে তা থেকে নেওয়া হল কিনা সে ডিফেন্স ডাক্তারবাবু যিনি চার্জে আছেন তিনি নিতে পারেন। আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করবো যখন এরূপ দেখতে পাবেন আমার কাছে এসে জানাবেন—যেমন নাকি অনেকে জানিয়েছেন এবং সঙ্গে সঙ্গে বিশেষ ব্যবস্থা নিতে সক্ষম হচ্ছি। এখানে যে উক্তি করা হয়েছে তাতে আমি মাননীয় সদস্য সুধীর বাবুকে জানাই যে এটা ডায়রেক্টার অফ ড্রাগ কন্ট্রোলারের কাছে পাঠান হয়েছে পরীক্ষার জন্য।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হবিবুর রহমান সাহেব ব্যাপারটা বলেছেন। আমাদের এডুকেশান মিনিষ্টার এখানে বসে আছেন। অনেক প্রাথমিক শিক্ষক বর্ষায় বৃষ্টিতে রাস্তায় বসে আছেন। স্যার, সেটা আমরা এখানে বসে অনুমান করতে পারছি। স্যার, এটা গোটা পশ্চিমবঙ্গের ব্যাপার এত ছোট করে দেখলে হবে না। আমি শিক্ষা মন্ত্রী মহাশয়কে বলবো কিছু বলুন। এই সভায় সদস্যদের মধ্যে ডাক পড়ে যেতে পারে শিক্ষামন্ত্রী মহাশয় আছেন তিনি দু একটি কথা বলুন।

## GOVERNMENT BUSINESS

### Voting on Demand for Grants. Demand for Grant No. 25. Major Head : 34-Co-operation

[2-40—2-50 p.m.]

**Dr. Zainal Abedin** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs 1,17,03,000 be granted for expenditure under Grant No. 25, Major Head : "34-Co-operation."

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি চলতি বৎসরে ব্যয়ের জন্য Grant No. 25, Major Head "34-Co-operation" খাতে মোট ১,৪৭,০৩,০০০ টাকা মঞ্জুর করার প্রস্তাব করছি ( এই টাকার মধ্যে গত মার্চ মাসে 'অন্ এ্যাকাউন্ট' ভোটে গৃহীত ৪৯,০১,০০০ টাকাও ধরা হয়েছে )।

**কৃষিঋণ ঃ**

সমবায় কৃষিঋণ প্রতিষ্ঠানগুলি—যথা রাজ্যস্তরে রাজ্য সমবায় ব্যাঙ্ক, জেলায় এবং মহকুমায় কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং গ্রামস্তরে প্রাথমিক কৃষিঋণ দান সেবা সমবায় সমিতিগুলি কৃষিঋণ দাদনের জন্য সুপরিচিত এবং বিশেষ প্রয়োজনীয়। বিগত কয়েক বৎসর স্বল্প-মেয়াদী সমবায় কৃষিঋণ দাদনের পরিমাণ ছিল এইরূপ—

সমবায় বৎসর—১৯৬৬-৬৭—৯৩৩·৪২ লক্ষ টাকা
১৯৬৭-৬৮—৮১৬·৫৩ লক্ষ টাকা
১৯৬৮-৬৯—৩৬০·৩৫ লক্ষ টাকা
১৯৬৯-৭০—৯৭৪·৪০ লক্ষ টাকা
১৯৭০-৭১—৪৫৩·৩১ লক্ষ টাকা
১৯৭১-৭২—৪০০·০০ লক্ষ টাকা ( প্রায় )

যদিও কোন কোন বৎসর ঋণদানের পরিমাণ প্রায় ১০ কোটী টাকার মত উঠেছিল, সম্প্রতি পরিমাণ উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। প্রাথমিক সমিতিস্তরে অনেক টাকা অনাদায়ী থাকাই এর কারণ। আদায়যোগ্য ঋণের তুলনায় বকেয়া ঋণের শতকরা হার বছরে বছরে এইভাবে বেড়ে গিয়েছে—

সমবায় বৎসর—১৯৬৬-৬৭—৩১·২%
১৯৬৭-৬৮—৪১·২%
১৯৬৮-৬৯—৬৩·০%
১৯৬৯-৭০—৫৩·০%
১৯৭০-৭১—৭০·৯%
১৯৭১-৭২—৮০·০%

বকেয়া ঋণের সমস্যা সম্প্রতি কয়েক বৎসরে সমবায় ঋণ ব্যবস্থাকে বিশেষভাবে ব্যাহত করেছে এবং যে সব কারণে এইরূপ অবস্থার সৃষ্টি হয়েছে তার মধ্যে উল্লেখ করা যেতে পারে পর পর কয়েব বৎসর বিস্তীর্ণ অঞ্চলে প্রাকৃতিক বিপর্যয়জনিত সম্পূর্ণ বা আংশিক শস্যহানি, আইন শৃঙ্খলার অবনতি এবং উদ্বাস্তু আগমনজনিত গ্রামাঞ্চলে অনিশ্চিত অবস্থা এবং বিভিন্ন স্তরের কৃষিঋণ প্রতিষ্ঠানগুলির দুর্বল এবং ত্রুটিপূর্ণ কার্য পরিচালন ব্যবস্থা। বর্তমান সরকার সমবায় কৃষিঋণের সমস্যা সম্পর্কে সম্পূর্ণ অবহিত এবং যথোচিত ব্যবস্থা গ্রহণ করে অবস্থার উন্নতি বিধানে দৃঢ় সঙ্কল্প। সম্প্রতি রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক নিযুক্ত একটি ষ্টাডি টীম পশ্চিমবঙ্গের সমবায় কৃষিঋণ প্রতিষ্ঠানগুলির অবস্থা বিশেষভাবে পরীক্ষা করে একটি রিপোর্ট দিয়েছে এবং তা' সরকারের বিবেচনাধীন। এ বৎসরের বাজেট বরাদ্দে বিভিন্ন স্তরের উপযুক্ত সমবায় কৃষিঋণ প্রতিষ্ঠানগুলিকে আর্থিক সাহায্যের ব্যবস্থা করা হয়েছে যাতে সেইগুলির পরিচালন ব্যবস্থা উন্নতি করা যায় এবং অংশগত মূলধন সুদৃঢ় করা যায়। দার্জিলিং জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের উন্নতি বিধানের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং তাতে ঐ জেলার স্বল্পবিত্ত কৃষকগণকে কৃষিঋণ দেওয়ার সুবিধা হচ্ছে। ঐ জেলায় ক্ষুদ্র কৃষিজীবি উন্নয়ন প্রকল্প ১৯৬৯ সালের অক্টোবর মাসে সুরু হয়। অনুরূপ প্রকল্প পশ্চিম দিনাজপুর

এবং হুগলী জেলায় ১৯৭১ সালের ফেব্রুয়ারী হইতে এপ্রিলের মধ্যে চালু হয়। এ ছাড়াও প্রান্তীয় কৃষিজীবি ও কৃষি মজদুরদের দুইটি প্রকল্প বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় প্রায় একই সময়ে গ্রহণ করা হয়। যে সকল জেলায় এই সকল বিশেষ প্রকল্প চালু হয়েছে সেইসব জেলায় কৃষিঋন ব্যবস্থার পুনর্গঠন করে স্বল্পবিত্ত এবং প্রান্তীয় কৃষিজীবিগণকে কৃষিঋনদানের বিশেষ চেষ্টা করা হচ্ছে। বর্তমান বৎসরে কৃষিঋণ আদায়ের দিকে বিশেষভাবে দৃষ্টি দেওয়া হবে যাতে আদায়যোগ্য ঋণের ৭০ শতাংশ আদায় হয় এবং যাতে পরবর্তী মরশুমে অন্ততঃপক্ষে ১২ কোটি টাকা ঋন দেওয়া সম্ভব হয়।

কৃষির উন্নতিকল্পে দীর্ঘ-মেয়াদী ঋন দেয় সমবায় জমি বন্ধকী ব্যাঙ্ক। কেন্দ্রীয় জমি বন্ধকী ব্যাঙ্ক ছাড়া জেলা স্তরে ও মহকুমায় কমিটি প্রাথমিক জমি বন্ধকী ব্যাঙ্ক এবং কেন্দ্রীয় ব্যাঙ্কের দুইটি শাখা আছে। গত কয়েক বৎসরে সমবায় ক্ষেত্রে দীর্ঘমেয়াদী ঋনদানের পরিমাণ এইরূপ—

সমবায় বৎসর—১৯৬৬-৬৭—৫৮·১৮ লক্ষ টাকা
১৯৬৭-৬৮—৭৩·৯৯ লক্ষ টাকা
১৯৬৮-৬৯—৯৬·৬৬ লক্ষ টাকা
১৯৬৯-৭০—১০০·৮৭ লক্ষ টাকা
১৯৭০-৭১—১১৭·১৫ লক্ষ টাকা
১৯৭১-৭২—১১৩·০০ লক্ষ টাকা

কৃষি উন্নয়নে ক্ষুদ্রসেচ পরিকল্পনা, ভূমি উন্নয়ন প্রভৃতির জন্য দীর্ঘমেয়াদী ঋনের বিশেষ প্রয়োজনীয়তা আছে। অনাদায়ী ঋণ বৃদ্ধি পাওয়ায় দীর্ঘমেয়াদী ঋনদান আশানুরূপ প্রসারিত হচ্ছে না। এই অবস্থার প্রতিবিধানের ব্যবস্থা করা হচ্ছে। এই বৎসরে মহকুমাস্তরে ৪টি নতুন জমি বন্ধকী ব্যাঙ্ক খোলার প্রস্তাব আছে। জায়গায় নিবিড়ভাবে ক্ষুদ্র সেচ পরিকল্পনা বা অতীত দীর্ঘমেয়াদী কৃষি উন্নয়ন মূলক প্রকল্পে ঋন দিলে জমি বন্ধকী ব্যাঙ্ক এগ্রিকালচারাল রিফাইনান্স কর্পোরেশন থেকে ঋণের টাকা পেতে পারে। এই ব্যবস্থা অনুসারে হুগলী জেলায় ১৫ লক্ষ টাকা বিনিয়োগের কর্মসূচী নিয়ে একটি অগভীর নলকূপ সেচ পরিকল্পনা চালু হয়েছে এবং আরও অন্য জেলায় অনুরূপ পরিকল্পনা বিবেচনাধীন আছে।

## সমবায় বিপণন, কৃষিজাত দ্রব্য সংরক্ষণ প্রভৃতি ঃ

ষ্টেট মার্কেটিং ফেডারেশন এবং ২৮৬টি প্রাথমিক বিপণন সমিতি এই রাজ্যের বিভিন্ন বিপণন কেন্দ্রের সহিত যুক্ত আছে এবং কৃষকদের সার, বীজ, কীটনাশক দ্রব্যাদি সরবরাহ করছে। এই সমিতিগুলি ১৯৭১-৭২ সালে ৩২,০০০ মেট্রিক টন সার, ৪.৯৪ লক্ষ টাকার বীজ, ৬.৫০ লক্ষ টাকার কীটনাশক দ্রব্য এবং কৃষি যন্ত্রপাতি সরবরাহ করে। ১০০-এর বেশী সমিতি ফুড কর্পোরেশনের এজেন্ট হিসাবে গত মরশুম থেকে ধান সংগ্রহে নিযুক্ত আছে। আগামী মরশুমে জুট কর্পোরেশন ব্যাপকভাবে পাট খরিদের পরিকল্পনা করেছে। আশা করা যায় বিপণন সমিতিগুলি ৪ লক্ষ মণ পাট পাটচাষীদের কাছ থেকে কিনে জুট কর্পোরেশনকে সরবরাহ করতে পারবে। বিপণন সমিতিগুলি গুদাম তৈয়ারীর ব্যাপারে আর্থিক সাহায্য করা হয়। এ পর্যন্ত ১৬০টি বড় গুদাম এবং ৩২০টি ছোট গুদাম তৈয়ারী সম্পূর্ণ হয়েছে। এই গুদামগুলির ধারণ ক্ষমতা ৭৩,০০০ মেট্রিক টনের উপরে। বিভিন্ন জায়গায় ৫টী সমবায় হিমঘর ( হুগলী জেলায় তারকেশ্বর-পুরশুড়া ও কুন্তি ; বর্ধমান জেলায় মেমারী ও খাজুরদিহি এবং মেদিনাপুর জেলায় ঘাটাল ) চালু আছে এবং আরও দুইটি হিমঘর নির্মাণের পরিকল্পনা এই বছরে আছে। মঞ্জুরীকৃত ৩৮টি সমবায় চালকলের মধ্যে ২২টি চালু হয়েছে এবং এই ফুড কর্পোরেশন

এবং খোলাবাজার এই চালকলগুলি ৯.৫০ হাজার মেট্রিক টন ধান সংগ্রহ করেছে। এন. সি. ডি সি-র বিশেষ প্রকল্পের সাহায্য নিয়ে ষ্টেট মার্কেটিং ফেডারেশন সুন্দরবন অঞ্চলে একটি তুলো পেঁজাই কল স্থাপন করেছে। এই বিশেষ প্রকল্পের সাহায্য নিয়ে শিলিগুড়িতে একটি ফ্রুট প্রসেসিং ইউনিট এই বৎসর স্থাপিত হবে এইরূপ আশা করা যায়।

**সমবায় প্রশিক্ষণ ও শিক্ষা ঃ**

বিভাগীয় এবং সমবায় সংস্থাসমূহের কর্মচারীদের প্রশিক্ষণ এবং বেসরকারী সমবায়ীদের প্রশিক্ষণ দানের জন্য দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা কাল থেকে এ রাজ্যে যে ৪টী প্রশিক্ষণ কেন্দ্র কাজ করে আসছিল, সেগুলি ছাড়াও মেম্বার এডুকেশন প্রোগ্রাম নামে একটি কার্যক্রম তৃতীয় পরিকল্পনাকালে চালু করা হয়। এই কার্যক্রম এখনো চালু আছে। গত তিন বছরে ৩৪ টী মঞ্জুরীকৃত ইন্সট্রাকশনাল ইউনিটের মধ্যে ৩০টী কাজ করেছে এবং এর জন্য ১০ লক্ষ ২৯ হাজার টাকা ব্যয় হয়েছে। গত ১৯৬৯-৭০, ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ খ্রীষ্টাব্দে যথাক্রমে ৯১১৬, ৯৫৬৫ এবং ৯২৭৯ জন বেসরকারী সদস্যকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

**সমবায় আইন ঃ**

সমবায় আইনের কিছু কিছু ধারা সংশোধনের জন্য এবং কিছু কিছু নতুন ধারা সংযোজনের উদ্দেশ্যে বিধান সভার চলতি অধিবেশনে পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহ সংক্রান্ত একটি বিল উত্থাপন করা হবে। প্রচলিত সমবায় আইনটি প্রায় সেকেলে হয়ে গেছে। আধুনিক উন্নয়ন মুলক কাজের সঙ্গে সঙ্গতি রেখে এর পরিবর্তন করা প্রয়োজন। পরিবর্তনগুলির উদ্দেশ্য—সমবায় সমিতিগুলির নিবন্ধীকরণে বিলম্ব হ্রাস করা অবাঞ্ছিত লোকেরা যাতে ঋন এবং দাদন না দেওয়া হয় তার ব্যবস্থা সুরক্ষিত করা, ঋণদানের সঙ্গে বিপননকে সংযুক্ত করা, সমবায় সমিতিতে গচ্ছিত অর্থের সুরক্ষার ব্যবস্থা করা, সমবায় সমিতিগুলিতে কর্মরত কর্মচারীদের একটা অভিন্ন কর্মীগোষ্ঠীরূপে স্বীকৃতিদানের ব্যবস্থা করা, ঋন-খেলাপী সদস্যদের পরিচালন সমিতির সভ্য হওয়া বন্ধ করা নিয়মিত সাধারণ সভা অনুষ্ঠানের ব্যবস্থা করা, পরিচালন সমিতিতে অনুন্নত সম্প্রদায় এবং ক্ষুদ্র কৃষকদের জন্য আসন সংরক্ষণ করা, দুর্নীতি পরায়নতার সংজ্ঞা নির্ধারণ এবং এর জন্য শাস্তিবিধান প্রভৃতি।

[2-50—3-00 p.m]

**ক্রেতা সমবায় ঃ**

বাংলাদেশ শরণার্থীদের এ রাজ্যে আসার পর সীমান্তবর্তী জেলাগুলিতে এবং খড়গপুর ও বাঁকুড়া জেলায় অবস্থিত পাইকারী ক্রেতা সমবায়গুলি শরণার্থীদের খাদ্যদ্রব্য সরবরাহের ব্যাপারে প্রশংসনীয় ভূমিকা পালন করেছে। এর জন্য জেলা কর্তৃপক্ষের কাছ থেকে এঁরা যেমন প্রশংসা পেয়েছে তেমনি অনেক সমিতি তাঁদের পূর্বের লোকসানও পুষিয়ে নিতে পেরেছে।

অনিবার্য কারণে আসানসোল পাইকারী ক্রেতা সমিতিটিকে লিকুইডেশনে দেওয়া হয়েছে। কিন্তু ব্যারাকপুর, সোদপুর এবং বেহালায় অধিকতর কর্মসংস্থানের জন্য ৩টী বিভাগীয় বিপণী খোলার পরিকল্পনা করা হয়েছে। এই ভাবে যে সকল ক্রেতা সমবায় সমিতির দ্রুত উন্নতির এবং কর্মসংস্থার সম্ভাবনা আছে সেইগুলিকে কেন্দ্রের বিশেষ প্রকল্পে সাহায্য দেওয়া হচ্ছে। সংখ্যাবৃদ্ধির থেকে আর্থিক উন্নতির দিকে অধিকতর দৃষ্টি রেখে শহরের ক্রেতা সমবায়গুলিকে পুনরুজ্জীবিত

করার চেষ্টা হচ্ছে। ক্রেতা সমবায় আন্দোলনকে যাতে গ্রামীন এলাকায় প্রসারিত করা যায় তার জন্য প্রয়োজনানুরূপ অর্থের ব্যবস্থা করা হচ্ছে।

## বেকার ইঞ্জিনিয়ার সমবায় সমিতিঃ

বেকার সমস্যা সমাধানে সমবায় সংগঠন বিশেষভাবে সহায়ক হতে পারে। শিক্ষিত যুবকগণ ক্ষুদ্র শিল্প এবং অন্যান্য ক্ষেত্রে সমবায় সমিতি গঠন করে উপার্জনের ব্যবস্থা করতে পারেন। এই উদ্দেশ্যে বেকার ইঞ্জিনীয়ার সমবায় সমিতির একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত ১২০টি এইরূপ সমিতি গঠিত হয়েছে এবং ১০ শতের উপর বেকার ইঞ্জিনীয়ার এই সমিতিগুলির সহিত যুক্ত আছেন। এই সকল সমিতি বিভিন্ন প্রকারের নির্মাণ ও মেরামতির কাজ করে থাকে, যথা—মাটি কাটার কাজ, গৃহ নির্মাণ নলকূপ বসানো, গভীর নলকূপ বৈদ্যুতিকরণ, গ্রামীন বৈদ্যুতিকরণ সম্পর্কিত কাজ ইত্যাদি। বিভিন্ন সরকারী সংস্থাগুলি এই সকল সমিতিকে কাজের ব্যাপারে বিশেষ সুযোগ সুবিধা দিয়ে থাকে। এই সমিতিগুলি এ পর্যন্ত আনুমানিক ৭ লক্ষ টাকার কাজ করেছে। ১৯৭১-৭২ সালে এই বিভাগ থেকে ৮৫টি এইরূপ সমিতিকে ৯ লক্ষ টাকা পরিমাণ আর্থিক সাহায্য মূলধন হিসাবে দেওয়া হয়েছে। এই বৎসরে সাহায্য বাবদ ৮ লক্ষ টাকা বরাদ্দ আছে।

## শিল্প সমবায় সমিতিঃ

কুটির ক্ষুদ্রায়তন শিল্প বিভাগ থেকে সমবায় শিল্প সমিতিগুলিকে পরিকল্পনা অনুযায়ী সাহায্য দেওয়া হয়ে থাকে। গ্রামীন শিল্পের মধ্যে তাঁত শিল্পই অন্যতম এবং প্রধান। ৭৭৩টী হস্তচালিত তাঁত শিল্প সমিতিতে ৫০ হাজারের উপর তাঁত আছে এবং সভ্য সংখ্যা ৬৫ হাজারের মত। এই সকল সমিতি বৎসরে চার থেকে ৫ কোটী টাকার বস্ত্র উৎপাদন ও বিক্রয় করে থাকে।

## গৃহনির্মাণ সমবায় সমিতিঃ

১৯৭১-৭২ সালে প্রাথমিক গৃহনির্মাণ সমিতির সংখ্যা দাঁড়িয়েছে ৬০২। এ্যাপেক্স হাউস ফিনান্সিং সোসাইটি এ পর্যন্ত তাহার সদস্যভুক্ত প্রাথমিক সমিতিগুলিকে ১ কোটী ৬০ লক্ষ টাকা পরিমাণ গৃহনির্মাণ ঋণ দিয়েছে ১৯৭১-৭২ সাল পর্যন্ত। ১৮৭৭টী ত্রাণবাস তৈরী হাতে নেওয়া হয় এবং তার মধ্যে ৪৪২টা সম্পূর্ণ হয়েছে।

## সমাজের দুর্বলতম অংশের সাহায্য উদ্দেশ্যে বিভিন্ন সমবায় সমিতিঃ

সমাজের দুর্বলতম জনগণের সাহায্যের উদ্দেশ্যে পরিকল্পনা অনুযায়ী মৎস্যজীবী সমিতি, সমবায় খামার সমিতি, সমবায় রিক্সাচালক সমিতি, সমবায় শ্রমজীবী সমিতি প্রভৃতিকে অর্থ সাহায্য করা হয়। বর্তমান বৎসরে এই উদ্দেশ্যে বাজেট বরাদ্দ আছে।

সমবায় আন্দোলনের গতি ও প্রকৃতি জনসাধারণের উৎসাহ ও উদ্যোগের উপর বিশেষভাবে নির্ভরশীল। সমবায় আন্দোলন জনগণের আন্দোলন। কেবলমাত্র সরকারী প্রচেষ্টায় এবং আনুকূল্যে বলিষ্ঠ সমবায় আন্দোলন গড়ে তোলা সম্ভব নয়। কি কৃষি, কি শিল্প বিভিন্ন অর্থনৈতিক ক্ষেত্রে উৎপাদন, বিপণন প্রভৃতি সমবায় সংস্থার মাধ্যমে সুষ্ঠুভাবে করা সম্ভব। এতে একদিকে

যেমন যৌথ উদ্যোগের পথ প্রসারিত হবে অন্যদিকে কর্মসংস্থান ও সুষম অর্থ বণ্টনেও সাহায্য হবে। বছর কয়েক আগেও কৃষি ঋণ দানের ব্যাপারে সমবায় ব্যবস্থা মোটামুটি ভালই ছিল। সেই সময়ে প্রতি বৎসরে যে পরিমাণ কৃষিঋণ দেওয়া হত তার অধিকাংশই সময়মত আদায় হত। বিগত কয়েক বৎসর বন্যা খরা প্রভৃতি প্রাকৃতিক বিপর্যয় এবং রাজনৈতিক অস্থির অবস্থার ফলে সমবায় ঋণ ব্যবস্থার দ্রুত অবনতি ঘটেছে। এই অবস্থার প্রতিবিধান করতে এবং সমবায় আন্দোলনকে শক্তিশালী করে তুলতে সরকার দৃঢ় সংকল্প। এই শুভ প্রচেষ্টায় আমি জনসাধারণের উদ্যম ও জনপ্রতিনিধিদের সক্রিয় সাহায্য ও সহযোগিতা কামনা করি। এই কটি কথা বলে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থাপিত করেছি আজকে এই হাউসের সামনে, মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে নিবেদন করছি তারা যেন এই ব্যয় বরাদ্দের দাবী মঞ্জুর করেন এবং সমবায়ের কাজ কর্মের প্রতি তাদের সুযোগ্য এবং সুচিন্তিত অভিমত গঠনমূলক প্রস্তাব আকারে এই হাউসের মাধ্যমে রাখেন, এই কথা বলে আমার প্রারম্ভিক ভাষণ এইখানেই শেষ করছি।

**Mr. Speaker** : There are three cut motions on Grant No. 25. I have been informed that Shri Abdul Bari Biswas and Shri Aramanja De are not going to move their cut motions. Regarding Shri Puranjoy Pramanik... ..

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরঞ্জয় প্রামানিক মহাশয় আমাকে অনুরোধ করে গেছেন যে তার মোসান যেন আজকে হাউসে না তোলা হয়।

**Mr. Speaker** : So, there is no cut motion today on Grant No. 25. I now call upon Shri Sudhir Chandra Bera to speak.

**শ্রীসুধীর চন্দ্র বেরাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে দৃঢ়তার সঙ্গে এবং দৃঢ়তর কণ্ঠে আজকে এই বাজেট প্রস্তাব উপস্থাপিত করেছেন তাকে আমি আরো দৃঢ়তরভাবে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে এই সমবায় আন্দোলন খুব গৌরবপূর্ণ নয়। ৫০ বছরের বেশী এদেশে সমবায় আন্দোলন চলছে, অথচ বাস্তব ক্ষেত্রে গেলে সেটাকে খুঁজে পাবেন না। বেশীর ভাগ সমবায় আন্দোলনের কথাই আমরা কাগজে কলমে পড়ি এবং আমরা এইবার আশা করছি যে আমাদের মাননীয় সমবায় মন্ত্রীর দৃঢ়তর হস্তক্ষেপের ফলে হয়ত এই সমবায় আন্দোলন বাংলাদেশের গ্রাম গ্রামান্তরে ছড়িয়ে পড়বে এবং এই সমবায়ের মাধ্যমে পশ্চিমবাংলার জাতীয় জীবনে, অর্থনৈতিক জীবনে সত্যিকারের একটা বৈপ্লবিক পরিবর্তন আসবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যে অর্থনীতির মধ্যে বাস করি সেখানে বড় বড় লোকেরা বেশী বেশী টাকা ইনভেষ্ট করে, বড় বড় কলকারখানা করে এবং তার মুনাফা তারা সঞ্চিত করে। ফলে মুষ্টিমেয় লোকের হাতেই মুনাফা সঞ্চিত হয়। কিন্তু কো-অপারেটিভের মাধ্যমে, সমবায়ের মাধ্যমে আমরা যদি সারা ভারতবর্ষের গ্রাম গ্রামান্তরে কলকারখানা তৈরী করি বা ক্ষুদ্র শিল্প তৈরী করি তাহলে এই মুনাফা মুষ্টিমেয় লোকের হাতে পুঞ্জীভূত না হয়ে জনসাধারণের মধ্যে ছড়িয়ে যাবে, যেটাকে আমরা বলতে পারি ডিফিউসান অব ইনকাম এবং যেটা সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থার পক্ষে অত্যন্ত দরকার। কিন্তু আমাদের দেশে এই সমবায় আন্দোলন কেন কৃতকার্য হল না, সেটা আমাদের একটু ভেবে দেখা দরকার, তা নাহলে কখনই এই আন্দোলন সফল হবে না। আমাদের দেশে সমবায় আন্দোলন সাধারণতঃ আমলাদেরই উপর নির্ভর করে চালানো হয়েছে। জনসাধারণের সহযোগিতার তোয়াক্কা না করে আমলাদের দিয়ে সমবায় আন্দোলন চালানো হয়েছিল বলেই জনসাধারণের মধ্যে তার কোন ডিপ রুট ছিল না।

তাছাড়া কিছু সুযোগ সন্ধানী লোক এই সমবায় আন্দোলনের মাধ্যমে পয়সা-কড়ি করবার চেষ্টা করেছিল। আমি জানি সমবায় আন্দোলনের চেয়ারম্যানের কার্যে একজনই যাবজ্জীবন থেকেছে এবং বহু টাকা আত্মসাৎ করবার ব্যাপারে কোন ব্যবস্থা নেওয়া হয়নি বা অসুবিধা ছিল কিন্তু সমবায় আন্দোলনকে যদি আবার নূতন করে জীবন দিতে হয় তাহলে সমবায় আন্দোলনের আইন কানুন সমস্ত কিছু আবার নূতন করে পরিবর্তন করার দরকার আছে কিন্তু তার আগেই আমি দুঃখ প্রকাশ করবো যে বাজেটে মাত্র ১।। কোটিও কম টাকা বরাদ্দ করা হয়েছে। যখন আমরা সমাজবাদ আনবো বলে প্রতিশ্রুতিবদ্ধ, দেশের জনসাধারণের জীবনে মৌলিক পরিবর্তন আনবো অর্থনৈতিক দিক থেকে, সামাজিক দিক থেকে, ঠিক তখনই এই সমবায় আন্দোলনের বাজেট মাত্র ১।। কোটি টাকা ধার্য করা হয়েছে, যা নাকি অন্যান্য বাজেটের তুলনায় অত্যন্ত কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আরো ১০ গুন বেশী হওয়া উচিত ছিল এবং সেটা হলে একটা কিছু করা যেতে পারত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে এইটুকু বলতে চাই, যা কিছু আইন কানুন আছে, তা সেই ব্রিটিশের আমলেরই আইন কানুন এবং সেই আইন দিয়ে আজকে এই সমবায় আন্দোলনকে বাঁচিয়ে রাখা যাবে না। সেই জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে অবিলম্বে এই সব পচাগলা আইনগুলিকে গঙ্গার জলে ফেলে দিয়ে নূতন করে আইন তৈরী করুন, নূতন করে এ্যাডমিনিষ্ট্রেশন তৈরী করুন যাতে করে সমবায় আন্দোলন পশ্চিমবাংলার গ্রাম গ্রামান্তরে ছড়িয়ে পড়ে।

[3-00—3-20 p m. including adjourment]

আমার কয়েকটি সাজেশান আছে। চেয়ারম্যানের পদ ২ বছর করে করা হোক এবং কোন ক্ষেত্রেই ৩ বছরের বেশী কোন লোককে চেয়ারম্যান রাখা উচিত নয়। হিসাব নিয়মিত সময়ে অডিট করা হোক এবং সেটা বাধ্যতামূলক করা হোক। আর ৩ নম্বর হচ্ছে তহবিল তছরূপের যে সমস্ত কেস থাকবে সরকার থেকে সামগ্রী ডিসমিস করবার অধিকার অর্জন করা হোক। সমবায়ের যে চেয়ারম্যান থাকে তার হাত থেকে সঙ্গে সঙ্গে যাতে ক্ষমতা কেড়ে নেওয়া যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমাজবাদ যদি আমরা চাই, আমাদের শুধু মুখে না বলে, আমরা যদি তাকে জনজীবনে প্রতিষ্ঠিত করতে চাই, যদি ভারতবর্ষের অর্থনীতিকে সমাজবাদের ভিত্তিতে গড়ে তুলতে চাই তাহলে এটাই সমবায়ের একমাত্র পথ এবং সেখানে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃঢ়তার সঙ্গে তা করতে হবে। আমরা আশা করবো যে তিনি আরো দৃঢ়তরভাবে এগিয়ে যাবেন আমরা তার পিছনে আছি।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় স্পীকার মহাশয়, সমবায় বিভাগীয় অনারেবল মিনিষ্টার বায়-বরাদ্দের দাবী উপস্থাপিত করতে গিয়ে যে প্রস্তাব বিবৃতি করেছেন, সভার একজন সদস্য হিসাবে আমি প্রথমে তাকে স্বাগত জানাচ্ছি। স্বাগত জানাচ্ছি এই কারণে পশ্চিমবঙ্গে সম্প্রতিক কালে সমবায় আন্দোলনের ত্রুটি বিচ্যুতি সংশোধনের মাধ্যমে দরিদ্র মেহনতী মানুষের অর্থনৈতিক উন্নতি বিধানের ...্য সমবায় আন্দোলন সার্থক রূপে পরিচালনার ইংগীত তার বক্তব্যের মধ্যে প্রতিফলিত হয়েছে বলে। ...র একথা বলা দরকার ভারতবর্ষে ১৯০৪ সালে সরকারী উদ্যোগে সমবায় আন্দোলন শুরু হয়েছিল। ...বায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে সরকারকে পূর্ণ দায় দায়িত্ব গ্রহণ করতে হবে। কিন্তু ...চমবঙ্গে তার অবস্থা কি? পশ্চিমবঙ্গে Co-operative movements is a grand failure. ...থা স্বীকার করতেই হবে। পশ্চিমবঙ্গ সরকার কি করেছেন? কিছু টাকা দিয়ে, কিছু ঋণ

দিয়ে, কিছু সমিতি গজিয়ে তুলে তারা মনে করেছেন সমবায় যে মূল নীতি, Co-operative means relationship, that relation is the main factor, relation is human relationship, sense of fraternity of co-operation would be fostered. আমি মনে করি তার দ্বারা কোন মতেই সম্ভবপর নয়। এখানে পশ্চিমবাংলার চারিদিকে তাকিয়ে দেখি যে কতকগুলি ভুঁইফোঁড় সমিতি গজিয়ে উঠেছে সরকারের কাছ থেকে কিছু টাকা এই সমবায়ের মাধ্যমে আদায় করে নেবার জন্য। যতক্ষণ পশ্চিমবাংলার মানুষের ব্যক্তি স্বার্থের পথ এবং সংস্কার কাটিয়ে উপযুক্ত পরিবেশ সরকার গড়ে তুলতে না পারবেন ততক্ষণ পর্যন্ত এই সমবায় আন্দোলন সফল হতে পারে না। পশ্চিমবঙ্গ সমবায় সমিতিকে একটি ছোট্ট কথা বলতে পারি, it is a mini form of public limited company. Mini form of public limited company বলছি কেন? কারণ shareholder কিছু share কেনে এবং মুনাফার অংশ নেয়। অপর পক্ষে সাধারণ শ্রমিকদের দিয়ে কাজকর্ম পরিচালনা করেন। সমবায় সমিতিগুলি clerk রেখে, কতকগুলি peon রেখে, কতকগুলি কর্মচারী রেখে shareholderদের মত মুনাফার অংশ নিয়ে সমবায় আন্দোলন পরিচালনা করছেন। এতে সমবায় কোন দিনই সফল হতে পারে না। সমবায় সফল হতে পারবে যখন সমবায়ের অন্তর্ভুক্ত সদস্য মনে করতে পারবেন যে তার নিজের উৎপাদন। পশ্চিমবাংলার ক্ষেত্রে এটা নেই। পশ্চিমবাংলায় একদিকে private enterprise সেখানে employers and employees রয়েছে। আর একটা দিকে State capitalism যেখানে যেখানে ruler and ruled এই উভয় জিনিসের ত্রুটিবিচ্যুতি সংশোধন করা, মহাত্মা গান্ধী বলেছিলেন সমাজবাদ আনতে গেলে co-operative হচ্ছে সঠিক পথ। পশ্চিমবঙ্গে অবশ্য co-operative-এ আমরা দেখতে পাচ্ছি চুরি, জোচ্চুরী দুর্নীতি ও স্বার্থপরতা। সেজন্য এটা সম্পূর্ণভাবে fail করেছে। অন্যদিকে পাঞ্জাবে cent percent are governed and almost 80% of the rural population. সেখানে মধ্যস্বত্বভোগীদের সমস্ত বিলুপ্তি ঘটেছে। পাঞ্জাবে ১৯৭২এ directory থেকে দেখি ১৮ হাজার ১৬২টি co-operative societies রয়েছে এবং তার মেম্বার হচ্ছে ২০.৪৬ লক্ষ। শুধু পাঞ্জাবে নয়, মহীশূরে দেখছি যে সমবায় সমিতিগুলির সংখ্যা হচ্ছে ১০ হাজার ৭ শত। সেখানে villages are covered ৯৯% এবং তার মেম্বার হচ্ছে ৮.৮০ লক্ষ। মহারাষ্ট্রে সমবায় সমিতির সংখ্যা হচ্ছে ৪০ হাজার ৪৬। সমবায় সমিতির সদস্য হচ্ছে ৮ লক্ষ ৬৭ হাজার। হরিয়ানায় দেখুন, all villages are covered by co-operative. সেখানে ৬ হাজার ৬৭০ টি co-operative societies রয়েছে। গুজরাটে ১৯ হাজার ৩৭৫টি co-operative societies রয়েছে। বিহারে সেখানে ৩৬ হাজার co-operative societies রয়েছে।

কিন্তু বাংলাদেশের অবস্থা হচ্ছে, পশ্চিমবাংলার সর্বত্র বলা হল যে মহাজনী শোষণের হাত থেকে রক্ষা করার জন্য এই আন্দোলন। আমি স্ট্যাটিস্টিক্স দিয়ে বলছি only 3·2 percent of the total rural agricultural credit is supplied by the co-operative.

মহাজনী শোষণের হাত থেকে মুক্ত করার কেবল মাত্র টু পয়েন্ট টু পারসেন্ট আসছে। শুধু তাই নয় আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার সমবায়ে যে ডিষ্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক সেখানে ঋণ দিতে পারছে না, কেন সেখানে ১২·৫০ পারসেন্ট পর্যন্ত সুদের হার। সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের ৩টি যে টায়ার রয়েছে, একটা হচ্ছে প্রাইমারী কো-অপারেটিভ সোসাইটি, সেকেণ্ড ষ্টেজ হচ্ছে ডিষ্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, থার্ড হচ্ছে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক। আমার সাজেশন হচ্ছে এই থ্রি টায়ারের বদলে টু টায়ারের ইজম করা হোক। ডিষ্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক তুলে দিয়ে রাজ্যসমবায় ব্যাঙ্কের মাধ্যমে রূপান্তরিত করা হোক। আর একটা কথা, সমবায়

সমিতিগুলি যে লিকুইডেশনে যাচ্ছে, আমি মন্ত্রীমহাশয়ের কাছে এটুকুই জানতে চাই, এই সমস্ত লিকুইডেশন যারা করল তাদের মধ্যে কজনাকে পশ্চিমবঙ্গ সরকার চাকুরী দিয়েছেন ? এই লিকুইডেটেড কোম্পানী, এই সবের যদি অবিলম্বে সমাধান না হয় তাহলে কোন সমস্যার সমাধান সম্ভব নয়। আর একটা কথা বলি, যে ঋণ দিয়ে যাচ্ছি সেই ঋণ ঠিকমত সদ্ব্যবহার হচ্ছে কি না সেটার জন্য কোন এক্সপার্ট ভিজিল্যান্স কমিটি কো-অপারেটিভ ডিপার্টমেন্ট করছে না। ঋণ দিয়ে গেলাম কিন্তু ঋণের সদ্ব্যবহার যদি না হয় আমাদের দরিদ্র মেহনতী কৃষক শ্রমিক সম্প্রদায়, পারিবারিক কাজে যদি লোন দেওয়া হয় তাহলে ইণ্ডিয়ান স্ট্যাটিস্টিক্স বলছে এটার কোন সদ্ব্যবহার হবে না। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাবো ১০ই জুনের পর তিনি দপ্তর নিয়েছেন, সুতরাং তিনি নতুন মন্ত্রী পশ্চিমবঙ্গের, পুরোনো সরকারের নতুন মন্ত্রী ডাঃ আবেদিন মহাশয়, আমি আশা করবো তিনি সমস্ত তথ্য সংগ্রহ করে পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনের যে সমস্ত দোষ ত্রুটি রয়েছে সেইগুলো শোধরানোর মাধ্যমে আন্দোলনের যে মূল রূপ হিউম্যান রিলেশনসিপ ডেভালাপ করা, তার অর্থনৈতিক উন্নতি বিধান করা, পশ্চিমবঙ্গের মেহনতী মানুষকে অর্থনৈতিক দুর্দশার হাত থেকে নিষ্কৃতি দিয়ে সঠিক পথে এগিয়ে নিয়ে যাবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

( At this stage the House was adjourned for 20 minutes. )

**(After adjournment)**

[3-30—3-40 p.m.]

**শ্রীরথীন তালুকদার:** স্পীকার মহোদয়, সভার কাজ আরম্ভ হবার পূর্বে আমি একটি অত্যন্ত দুঃখজনক ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভা ভবনে যে রাষ্ট্রিয় পতাকা উত্তোলন করা হয়েছে, সেই পতাকাটি শতছিন্ন। এইরূপ একটি পতাকা উত্তোলন করার ফলে এই সভাকেই শুধু অপমান করা হয়নি এটা আমাদের রাষ্ট্রের পক্ষেও অপমানকর।

**Mr. Speaker:** I am sorry to learn about it. I may inform you that it was in order in the morning. Perhaps due to weather condition it has happened. I am giving immediate instruction to my officers to put it in order. I thank you for bringing this matter to my notice.

**শ্রীঅজিত গাঙ্গুলী:** স্পীকার স্যার, আপনি লক্ষ্য করেছেন আমাদের মন্ত্রীমহাশয় যখন বিবৃতি দিচ্ছিলেন, তখন মোটামুটি সমবায়ের পূর্ব ইতিহাস যে একটা ব্যর্থতার ইতিহাস তা তিনি দিয়েছেন। আগামী দিনে সার্থক করা মোটেই অসম্ভব নয় এইটা তার কথার মধ্য দিয়ে আমরা পেয়েছি এবং আশা করব সেটা তিনি অনুসরণ করবার চেষ্টা করবেন। তবুও বেদনার সঙ্গে আজকে বলতে হয় যে এইটাকে অত্যন্ত আণ্ডার এস্টিমেট করে দেখা হচ্ছে। এই সমবায় বিভাগটাকে যদি দুটো নজর মধ্য দিয়ে দেখেন তাহলে দেখতে পাবেন আমাদের অর্থমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন তার মধ্যেও তা দেখতে পাবেন। আর দ্বিতীয়ত: স্পীকার স্যার, আপনি দেখতে পাবেন আমাদের অন্যান্য অনেক নেতাই যে কথা উল্লেখ করেছেন যে, যে টাকা ধার্য হয়েছে এই সমবায়ের ব্যাপারে আগামী বছরের জন্য সেটা হচ্ছে ১ কোটি ৪৭ লক্ষ টাকা। এই পশ্চিমবাংলার ৪ কোটি মানুষের ৩ কোটি কৃষক, সেই শ্রমিক এবং মধ্যবিত্ত তাদের কুটির শিল্পের কথা বলা হয়েছে। তাদের যদি আজকে বিকাশিত করতে হয় সমবায়ের মাধ্যমে তাহলে সেটা কি এই ১ কোটি ৪৭ লক্ষ টাকায় করা সম্ভব? নিশ্চয়ই আশা করব মন্ত্রী মহাশয় জবাব দেবার সময় এইটার উত্তর দেবেন। কারণ এতে হতে পারে না, যখন আমরা

সমাজতন্ত্রের কথা বলছি। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই ধনতন্ত্রে বিশ্বাসী নন, তিনিও যেমন ধনতন্ত্র আঘা পাক, ধ্বংস হোক এইটা চান আমরাও সেইটা চাই। আমি বুঝি যে হিটস্ ক্যাপিটালিজিম, এই ক নিশ্চয়ই মন্ত্রী মহাশয়ও স্বীকার করবেন। আমরা আমাদের লক্ষ্যে পৌঁছাবার জন্য যে চেষ্টা কর সেইটা ১ কোটি ৪৭ লক্ষ টাকা দিয়ে ক্যাপিটালিজিমকে আঘাত করব এবং এইটা আমার কাছে সং বলে মনে হয় না। তিনি বলুন এইটাকে আগামী বছর বিকশিত আকারে রাখবেন তাহলে আম ভরসা পাই। এখানে ব্যর্থতার কথা অনেকেই বলেছেন, আমিও সেই একই সুরে বলব যে আসে এইটাকে একটা সরকারী যন্ত্রের আয়ত্বে রাখা হচ্ছে।

যে কথা preamble আছে selfhelp .. ..... সেটা বিন্দুবিসর্গ কোথাও নেই। যতগুলি Central Co-operative বা তার branches আছে তার Directer Board যদি দেখে আমি জোরের সঙ্গে বলছি মন্ত্রী মহাশয়কে যে একজন কৃষকের নাম সেখানে আছে Directer Board-. কৃষকদের থেকে এসেছে তা নেই Entire charactei of the Banking arrangements and administration. তাঁর কোন দোষ নেই তিনি তো সবে এসেছেন। কিন্তু ভয় আছে? এই House চিরকাল শুনে থাকে Specific দিন আমরা দেখব। আমি একটা নির্দিষ্ট ঘটনা দিচ্ছি বনগাঁয় যে একটা Marketing Co-operative আছে তার সমস্তটাই চুরিতে ভরা। Sinking func building fund, employees reserve fund ইত্যাদি সমস্ত investment হয়ে গেছে। এর টাকাও সেখানে নেই। ৩ হাজার ৫৬৯ টাকা প্রায় লোপাট। লরী কেনা হয়েছে ১২ হাজার ৫০০ টাকা দিয়ে। কিন্তু managing কমিটিতে সেটা পাশ করা হয়নি। checked হয়নি। তার terms and condition কি? তার document কি? কিছুই হয়নি। ৪টা চাকা সেদিন কেনা হয়েছে গাড়ীতে কিন্তু তা নেই—বোধহয় কাকদ্বীপে চলে গেছে। এ বিষয়ে আমি Auditors note House-এ পড়ে দিচ্ছি। "We have to report that we have not seen any proper authority of the society for debiting the manager's advance amount with the amount which he was unable to account. Why he was holding charge of cash sale of the society. This matter should be thoroughly examined by the society to find out under what circumstances the manager was allowed to make the adjustment." এ রকম অনেক জিনিস আছে। Rules দেখুন, Co-operative Act-এ বলছে যে প্রতি বছর annually তার balance sheet publish করতে হবে। ৪ বছর হয়ে গেল এখনও তার কোন audit balance sheet publish করা তো দূরের কথা, খুঁজে পাওয়া যায় না। সারা পশ্চিম বাংলায় এ নিয়ে একটা report আছে। কিন্তু তার Auditor-রা করেন কি? Auditor-দের কি pipegun দেখিয়ে ভয় দেখান হচ্ছে যে তোমরা এখানে এসোনা। এখানে তাদের কোন কূল কিনারা পাওয়া যায়না। সেখানে একটা record পাওয়া যায় না, সেই recordগুলির একটু বিবরণ বলি--credit purchage ২৪ হাজার টাকার কোন নথিপত্র পাওয়া যাচ্ছে না। Banking confirmation report পাওয়া যাচ্ছে না, bank pass-book পাওয়া যাচ্ছে না, central co-operative Bank-এর current account book পাওয়া যাচ্ছে না, papers and documents for varification of commission, etc. পাওয়া যাচ্ছে না। এই রকম কিছুই পাওয়া যাচ্ছে না। তার area of operate যা তার বাহিরে সে টাকা দিবেন। উত্তর ২৪-পরগনা জেলার বদলে নদীয়ার একটা marketing society-কে টাকা ধার দেওয়া হয়েছে। এরকম ভাবে যদি চলতে থাকে তাহলে co-operative কি ভাবে চলবে। এখানে ১৯৬৯ সালে একটা body form করা হয়েছিল তার rules এবং act change করার জন্য একটা খসড়াও হয়েছিল, কিন্তু সেটা এখনও বিতরণ করা হয়নি। আশা করব মন্ত্রী মহাশয় সেই খসড়ার back ground-এ আইন-কানুন করবেন।

[3-40—3-50 p.m.]

তিনি যে আইন কানুনের কথা বলেছেন তাতে আমার সমর্থন পরিপুর্ণ আছে। এই ধরনের আইন-কানুন আনা দরকার, তা না আনলে যে অবস্থায় কো-অপারেটিভ আছে তাতে চালান সম্ভব নয়। এখন যে এগজিষ্টিং কনডিশান তাতে আমরা কি করতে পারি। মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবরণ দিয়েছেন তাতে কৃষকের ঋণ পাওয়া কমতে কমতে এসে দাঁড়িয়েছে ৯ কোটি থেকে ৩ কোটিতে। তার মানে ৩ কোটি যদি কৃষক ধরি তার মহিলা বাচ্চা বাদ দিলে একজন কৃষক ১/২ টাকার মত পাচ্ছে। এই অবস্থাতে কি আমাদের দেশে কৃষি উৎপাদন বৃদ্ধি হবে, মহাজনদের হাত থেকে কি তারা রক্ষা পাবে? আজকে যে গ্রীন রেভলিউশানের কথা বলা হচ্ছে সেখানে যে উৎপাদন ব্যাহত হবে তার রাস্তা কি হবে? মন্ত্রী মহাশয় বলেছেন আদায় হচ্ছে না, তার কারণ খরা, শরণার্থী, বন্যা হচ্ছে। সব ঠিক। কিন্তু ডিপার্টমেন্ট কি করছে? তাঁরা কি জানেন না যে এইগুলির পরিপ্রেক্ষিতে কতগুলি বিকল্প ব্যবস্থা করা যায়? এখন আমন চাষ সামনে, বৃষ্টি আশা করছি হবে, এই আমনকে যদি সহায়তা দিতে হয়, আমরা অধিকাংশ কৃষকের প্রতিনিধি হিসাবে এই আইন সভায় এসেছি, আমরা যদি তাদের কথা ভাবি তাহলে কি কিছু করা যায় না? আমরা জানি করা যায়। যদি বাংলাদেশের যুদ্ধের সময় সাম্রাজ্যবাদ বিরোধীতা ভূমিকা নিয়ে কর্তব্য করতে পারি তাহলে আজকে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ মানুষকে খাওয়াবার দায়িত্ব নিয়ে টাকা দিতে পারি না এ কোন যুক্তি? অফিসাররা কাজ করার কাজগুলি করে। একথা অফিসারদের বোঝাতে হবে হু আর ইউ টু টেল দি পেজ্যান্টস? পজিটিভনেসের দিকে অফিসাররা বাধা সৃষ্টি করেন, নেগেটিভ হলে তৎক্ষণাৎ হবে। যদি বলা যায় যে ঋণ দিওনা তখনই সার্কুলার চলে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এখনও যে বকেয়া ঋণ আছে সেই বকেয়া ঋণ আপনি দীর্ঘ মেয়াদীতে পরিণত করুন। ইট ইজ পসিবল এ বিষয়ে কোন সন্দেহ নেই। আপনারা ৯ কোটি টাকার গ্রুপ লোন রেহাই করে দিলেন। এটা আর কত কোটি হবে, এটাকে দীর্ঘমেয়াদীতে পরিণত করা যায় না? কৃষকরা এই টাকা দেবে, কৃষকের নামে কুৎসা রটনা করা হয় যে কৃষকরা টাকা দেয় না। ইট ইজ এ ব্লাটেন্ট লাই। অফিসাররা বড় বড় রাঘব বোয়ালদের কাছ থেকে টাকা আদায় করেন না। এগুলি আদায় করার আইনে কোন ক্ষমতা নেই। রিয়েল এ্যাক্ট এমনভাবে করা আছে যে ধরা মুশকিল। মিঃ রাঘবন সার্কুলার দিয়ে রুলস্‌ তৈরি করে গেছেন যে আর্টিজান না হলে শিল্প সমবায় হবে না। আমি যে স্পেসিফিক ব্যাংকের কথা বললাম তার একজন লোককে এ্যারেষ্ট করুন, করা যাবে না কেন, যেখানে মোটা মোটা টাকা পাওনা আছে সেই মোটা টাকার লোককে ধরে এনে বলুন যে তোমরা কৃষকদের মেরেছ, তোমরা টাকা পরিশোধ না করার জন্য সাধারণ কৃষক যারা টাকা শোধ দেয়, শোধ দিয়েছে তারা আজ টাকা পাচ্ছে না। এজন্য সাধারণ কৃষক দায়ী নয়। কৃষক ঋণ সদ্ব্যবহার করে কিন্তু ঋণের টাকা আদায় না দিয়ে মহাজন ব্যবসা করে, উপার্জন করে এই টাকা মারফৎ।

কেন তাদের আমরা শাস্তি দেবনা। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই আজকে এই ব্যবস্থা করা হোক যে, পশ্চিমবাংলায় কৃষকদের যে ঋণ বাকী পড়েছে সেগুলি দীর্ঘমেয়াদী টার্মস্‌ করে আদায় করার ব্যবস্থা করা হোক। আমাদের ২৪-পরগণার নর্দান সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক সম্বন্ধে আপনি জানেন যে সেই ব্যাঙ্কের উপর ছিলেন সিণ্ডিকেটের প্রফুল্লচন্দ্র সেনের লোক অশোককৃষ্ণ দত্ত। তিনি অবশ্য অবস্থা বুঝে চেয়ারম্যানের পদ থেকে রেজিগনেশন দিয়ে কেটে পড়েছেন এবং আমাদের একজন সদস্য এ্যাকটিং চেয়ারম্যান আবদুল গফ্‌ফরকে বেইজ্জত করবার চেষ্টা করছেন। সেখানকার শত শত কর্মচারী ৩ মাস ধরে তাঁদের

মাইনে পাচ্ছে না। এই ব্যাঙ্কগুলোকে যদি পুনরুজ্জীবিত করতে হয় তাহলে তার রাস্তা আছে। আমি আগেই বলেছি টাকা আদায় করবার ব্যাপারে দীর্ঘমেয়াদী ব্যবস্থা প্রবর্তন করুন। আমি আপনাদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, ব্যাঙ্ক জাতীয়করণ করা হয়েছে কিন্তু ইন্টার-মিডিয়ারী ষ্টেজে যে টায়াস আছে তা তুলে দিন। ব্যাঙ্ক এখন ব্যক্তিগতভাবে ঋণ দিচ্ছে। কো-অপারেটিভ ব্যাঙ্ক যেগুলো ব্যাঙ্কের আণ্ডারে আছে তারা কৃষককে বঞ্চিত করছে। মন্ত্রী মহাশয় যদি গ্যারাণ্টর হন বা তাদের নির্দেশ দেন তাহলে দেখবেন টাকা আছে এবং তাদের মাধ্যমে টাকা আনার ব্যবস্থা আপনারা করুন। পশ্চিমবাংলায় যতগুলো কৃষি সমবায় ঋণদান ব্যাঙ্ক আছে তাদের ন্যাশনালাইজড ব্যাঙ্কের আণ্ডারে আনা হোক। কিভাবে কৃষকদের লুণ্ঠন করা হচ্ছে সেটা আপনারা শুনুন। রিজার্ভ ব্যাঙ্ক ১ পারসেণ্ট সুদে ষ্টেট কো-অপারেটিভকে দিচ্ছে, ষ্টেট কো-অপারেটিভ আবার থ্রি পারসেণ্ট ইণ্টারেষ্ট-এ ডিষ্ট্রিক্ট কো-অপারেটিভকে দিচ্ছে এবং তারা আবার টেন পারসেণ্ট-এ কৃষকদের দিচ্ছে। অর্থাৎ যে কৃষক ১ টাকা ইণ্টারেষ্ট-এ পেত তাকে এখন ১০ টাকায় নিতে হচ্ছে। এটা কেন হবে? আমি মন্ত্রী মহাশয়কে একটা খবর দিচ্ছি এই অবস্থা শুধু এখানেই নয়, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় পাঞ্জাব, মহীশূর এবং মাদ্রাজ বাদে বিহারেও এই জিনিস হচ্ছে। বিহারের সমবায় মন্ত্রী শ্রীজগন্নাথ মিশ্র এই ব্যাঙ্কগুলোকে সরকারের হাতে নিয়েছেন এবং কৃষককে ঋণ দিচ্ছেন। এই ব্যাঙ্ক ব্যবস্থা প্রবর্তন করার কথা আমি বলছি। আপনারা একে ন্যাশনালাইজড ফর্মে এনে কৃষকদের বাঁচাবার ব্যবস্থা করতে পারেন কিনা সেটা দেখুন। আমার প্রস্তাব হচ্ছে ন্যাশনালাইজড ব্যাঙ্কের আণ্ডারে এই ব্যাঙ্কগুলোকে আনতে হবে। ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্কের কথা তিনি বলেছেন দীর্ঘমেয়াদীতে টাকা দেওয়া হচ্ছে। কিন্তু আমি দেখেছি কৃষকেরা কি টাকা পায় এবং মন্ত্রী মহাশয়ও জানেন কৃষকদের এই টাকা পেতে কি অবস্থা হয়। আপনারা সার্টের ব্যবস্থা কমপালসরি বাই ইওর অফিসার্স করুন এবং একে ফ্রি অব কষ্ট করাতে হবে। ল্যাণ্ড মর্টগেজ ব্যাঙ্ক থেকে কৃষকদের টাকা পাওয়া একটা দুরূহ ব্যাপার। আপনাদের আইন করতে হবে, লিমিটেসন করতে হবে যে ৩০ বিঘাওয়ালা কৃষক টাকা পাবেনা, এই ব্যবস্থা করতে হবে যে, ১০ একরের বেশী জমি হলে মেম্বার হতে পারবে না। আমরা দেখেছি একই পরিবারের ছেলে, বউ ৪৫ জন করে মেম্বার হচ্ছে এবং টাকা পাচ্ছে। whereas poor peasants টাকা পাচ্ছে না। কাজেই আমি বলছি ফ্যামিলির একজনের বেশী কেউ মেম্বার হতে পারবে না এবং এটা আইনে করতে হবে।

[3-50—4-0 p.m.]

**শ্রীমহাবুবুল হক :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে সমবায় মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব সমবায় বিভাগের যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন আমি তাঁকে সমর্থন করছি। কিন্তু সমবায় সম্বন্ধে কিছু আলোচনা করতে হলে আমাকে যে সামান্য সময় দেওয়া হয়েছে তাতে আমি সম্পূর্ণ ভাবে আলোচনা করতে পারব না এইজন্য আমি সংক্ষেপে আমার বক্তব্য রাখতে চাই। আজকে যে দৃঢ়তার সঙ্গে সমবায় মন্ত্রী সমবায় ব্যবস্থাকে উন্নত করবার জন্য যা ঘোষণা করেছেন তাতে আমার আশা হচ্ছে। আমি সমবায় প্রথা যেভাবে পশ্চিমবাংলায় ব্যর্থ হয়েছে এরজন্য আমি ভেবেছিলাম সমবায় বিভাগের ব্যয় বরাদ্দের স্বীকৃতি দেবনা। কিন্তু আজকে আশা হচ্ছে তিনি যে দৃঢ়তার সঙ্গে সমবায় ব্যবস্থার পরিবর্তন করতে চান তাতে আশা হচ্ছে যে নিশ্চয়ই সমবায় বিভাগে উন্নতি হবে, তাই তার ব্যয় বরাদ্দের দাবীকে আমি সমর্থন জানাচ্ছি। কারণ সমবায় ব্যবস্থা আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার একটা অংশ। প্রত্যেক দৃষ্টিকোণ থেকে যদি আমরা বিচার করি তাহলে দেখবো এর গুরুত্ব কতখানি। কি কৃষিক্ষেত্রে, কি শিল্পক্ষেত্রে, কি কুটিরশিল্পে, সমবায় ব্যবস্থা যদি সার্থকভাবে রূপায়িত হয় তাহলে আমাদের দেশে যে ভাঙাচোরা অর্থনীতি তাতে একটা বিরাট সমস্যার সমাধান

করতে পারবো। এবং এতে আমাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি হবে বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে বিভিন্ন কৃষিঋণ এবং কৃষিক্ষেত্রে বা অন্যান্য ক্ষেত্রে যাদের টাকা দেওয়া হয়েছে তা ঠিকমতো আদায় হয়নি এবং অনেক টাকা অনাদায়ে পড়ে আছে। কিন্তু আমি মনে করি সমবায় ব্যাঙ্ক এবং সোসাইটির যা সিষ্টেম তাতে অনেক ভুলত্রুটি আছে। সমবায় সফল করতে গেলে সমবায় সমিতির সততা এবং সমবায় প্রথা যারা চালাচ্ছেন তাদের মধ্যে সেই সততা নেই। এই অসততার জন্য এবং বিভিন্ন সরকারী কর্মচারীদের অসাধুতার জন্য আজকের সমবায় ব্যর্থ হয়েছে। সমবায়ের ভিত্তিতে যে সমস্ত শিল্প এবং অন্যান্য কাজ তা সবই ব্যর্থ হতে চলেছে। আমি উদাহরণ দিয়ে বলতে পারি আমাদের চাঁচল কেন্দ্রে একটি কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে সেখানে চাষীদের বীজের জন্য, সারের জন্য কি হয়রান হতে হয়। সাধারণ কৃষকরা সার, বীজ সময়মতো পায়না যার জন্য এই কো-অপারেটিভ ব্যর্থ হয়েছে। তাদের মধ্যে আন্তরিকতা নাই। আন্তরিকতা না থাকার ফলে এবং যাঁরা পরিচালনা করেছেন তাদের আন্তরিকতা নাই সেজন্য এই কো-অপারেটিভ সোসাইটি ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। সততা এবং আন্তরিকতা না থাকলে কখনই সমবায় সফল হতে পারে না। আজকে আমাদের মনে আশা জেগেছে এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রতিশ্রুতি এখানে দিলেন তা যদি সফল হয় তাহলে এর পরের বছর বেশী ব্যয় বরাদ্দ চাইলে আমরা নিশ্চয়ই সেটা মঞ্জুর করবো। যে সমস্ত ঘুঘুর বাসা এখানে রয়েছে তা যদি সুষ্ঠুভাবে প্রতিকার করতে পারেন তাহলে আমি মনে করি যে এখানকার মাননীয় সদস্যরা নিশ্চয়ই আগামী বারে আরও বেশী ব্যয় বরাদ্দের দাবী সানন্দে মঞ্জুর করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমাদের সমবায় মন্ত্রী কর্তৃক যে বাজেট এখানে উপস্থিত করা হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাই। এই প্রসঙ্গে আমি দু-একটি কথা বলতে চাই। আজ সমবায় দীর্ঘকাল পশ্চিমবঙ্গের ভিতরে গ্রামে এবং শহরে আমাদের সরকার যা গ্রহণ করেছিলেন তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। এর পিছনে কি কি কারণ ছিল সে বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমার এলাকায় তালডাংরায় ৫টি সমবায় সমিতি বৃহৎ আকারে ছিল এবং এই সমস্ত সমবায় সমিতি কৃষকদের এবং মধ্যবিত্ত লোকদের ঋণ দিয়েছিলো, কিন্তু তা অনাদায়ী হয়ে পড়ে আছে।

আজ দীর্ঘ কয়েক বছর যাবত আমার ঐ এলাকায় খরা জনিত পরিস্থিতি। তারপর গত বৎসর অতি বৃষ্টির ফলে চাষীরা ফসল উৎপন্ন করতে পারেনি বলে ঋণ পরিশোধ করতে পারেনি। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সেই সকল কৃষক, সেই সকল খেটে খাওয়া মানুষ, সেই তন্তুবায় সম্প্রদায়, ঐ কর্মকার, মৃৎশিল্প তৈরী করে, তাদের মাধ্যমে যে ঋণ দানের ব্যবস্থা ছিল তা পুনর্জীবিত করে সেই অবহেলিত গ্রামবাংলার মানুষ যেন বেঁচে থাকতে পারে। আজ ভারতের বিভিন্ন ষ্টেটে সমবায় আন্দোলন যেভাবে রূপায়িত হয়েছে আমাদের পশ্চিম বাংলায় যাতে সেইরূপ ব্যবস্থা হয় সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আরো এই প্রসঙ্গে আমি বলতে চাই আজ কৃষককুল যারা সমবায় ভিত্তিতে—আজ আমাদের বিভিন্ন ব্যাঙ্ক জেলা হেড কোয়ার্টারে আছে, তারা যথা সময়ে আবেদনপত্র দাখিল করলেও নিয়মিত তাদের টাকা পেতে দেরী হয়, এই কৃষক সম্প্রদায়, আগত খারি মরশুম নামে আমাদের একটা সমিতি আছে যে সমিতি আবেদনপত্র আমাদের স্থানীয় উন্নয়ন অফিসারের কর্তৃক ২০/৫ ৭২ সালের কাছে প্রেরিত হওয়া সত্বেও আজ কৃষককুল কোন রকম ঋণ বাবদ টাকা পায়নি আরো আমি বলছি এই বিভিন্ন গ্রাম উন্নয়ন কল্পে এই যে বর্তমান সমবায়ের বর্তমান নীতি আমাদের মাননীয়

মন্ত্রী তিনি বিজ্ঞপ্তিতে বলেছেন এই বিজ্ঞপ্তির মর্ম কার্যকরী হলে গ্রাম বাংলার কিছু পরিবর্তন হবে। এই পরিবর্তনের আশা রেখে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্থাপিত যে বাজেট তাকে পূর্ণ সমর্থন জানিয়ে—আমি আর বেশী কিছু বলবো না, আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবারিদ বরণ দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন, আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী, যে প্রস্তাব রেখেছেন তার সম্পর্কে কিছু কথা বলতে গিয়ে কিছু গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিনি যে প্রস্তাব তাঁর বক্তৃতার মাধ্যমে রেখেছেন তার পরিপ্রেক্ষিতে তিনি যে অর্থ সাহায্য চেয়েছেন তাঁর দপ্তরের পক্ষে তা কিছুই না একথা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই। আজকে সমবায় আন্দোলন ভারতের তথা বাংলাদেশের মাটিতে বিগত দশকে যে জোয়ার আনবে বলে হাজির হয়েছিল, বিভিন্ন রংএ রাঙ্গিয়ে সরকারী প্রকল্প অর্থনীতিকে জিইয়ে তুলবে এই আশা নিয়ে যেভাবে এসেছিল এই কথাটা কিন্তু চরায় ঠেকেছে। এই কথাটা বলতে কিন্তু আমি একবিন্দু দ্বিরুক্তি করছি না। আজকে সমবায় আন্দোলনের সম্বন্ধে আমাদের মতবাদের প্রবক্তা গান্ধীজীর কথাই বলতে পারি, সমবায় আন্দোলন সম্বন্ধে গান্ধীজী বলেছিলেন যে সমবায়ের মাধ্যমে আমরা শান্তিপূর্ণভাবে আমাদের যে সামাজিক এবং আর্থিক দুরবস্থা তা দূর করতে পারি। যারা শান্তিপূর্ণ নীতিতে বিশ্বাসী তাদের দায়িত্ব তারা যেন এই সত্যকে বাস্তবে রূপায়িত করতে পারেন। এবং যারা অহিংসাবাদে বিশ্বাসী নন তাদের কল্পনা মিথ্যা প্রমাণিত করুন। কিন্তু সমবায় আন্দোলন যেভাবে গড়ে উঠা উচিত সরকারী সাহায্যের স্বল্পতা এবং পর্যবেক্ষণের অভাবে সমবায় সমিতিগুলিকে—পরে দেখা গিয়েছে, দরজা বন্ধ করে দিতে বাধ্য হয়েছে। এই সম্বন্ধে একজন এক্সপার্টের বক্তব্য হচ্ছে যেহেতু সমবায় সাহায্য গরীব রাজ্যে যতখানি বাঞ্ছনীয় ততখানি পাওয়া যায় না। এটা সার্থক করতে গেলে জনগণের দায়িত্ব হচ্ছে যথাসম্ভব এই আন্দোলনকে প্রগতির দিকে নিয়ে যাওয়া এবং সেই রকম আবহাওয়ার সৃষ্টি করা যাতে সমবায় আন্দোলন সাফল্যমণ্ডিত হতে পারে। শুধু তাই নয় জনগণকেও দেখতে হবে যাতে এই সমিতি কোন স্বার্থসম্পন্ন লোক দ্বারা আক্রান্ত না হয় এবং যার জন্য আমরা বরাবর দেখতে পাচ্ছি যে সমবায় সমিতিগুলি বন্ধ হতে চলেছে। যে সমস্ত ব্যবসায় বণিক সংস্থা এই আন্দোলনের সঙ্গে জড়িত অথচ তারা এর বাধা হয়ে দাঁড়িয়েছে তাদের সমবায় সমিতি থেকে সরিয়ে দেওয়া একান্ত কর্তব্য। অর্থাৎ সব থেকে জরুরী জিনিষ হচ্ছে এই সমস্ত গ্রামের জনগণকে সমবায় সমিতির কার্যক্রম ও উপকারিতা সম্বন্ধে শিক্ষিত করা যাতে তারা সমবায়ের মাধ্যমে তাদের আর্থিক কাঠামোর উন্নতি ও পরিবর্তন নিয়ে আসতে পারে। শেষ কথা যেটা বললাম সরকারের তরফ থেকে তেমন প্রচার আজো সেইভাবে জোরদার হয়ে উঠেনি এবং সেটা আমাদের নজরে বারবার পড়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতি করতে সাহায্য করবেন বলেছেন। তিনি তাঁর বক্তব্যে বলেছেন ১২০টি এইরূপ সমিতি গঠিত হয়েছে তাতে ১৩'শর মত বেকার ইঞ্জিনিয়ার যুবক সমিতির সদস্য হয়েছে।

[4-00—4-10 p m.]

তাতে ১৩০০ এর উপর বেকার যুবক ইঞ্জিনীয়ার এই সমিতির সদস্য হয়েছেন। আফশোষের কথা তাঁদের নিজের বক্তব্য, তাঁরা এই পর্যন্ত আনুমানিক ৭ লক্ষ টাকার কাজ করেছেন। ১৩০০ বেকার ইঞ্জিনীয়ার ৭ লক্ষ টাকার কাজের মাধ্যমে কতটা সামাজিক এবং আর্থিক সম্মান পেয়েছেন সেটা এই দপ্তরকে খুঁজে দেখতে অনুরোধ রাখছি। (এখানে সবুজ আলো জ্বলে উঠল) আমি

বেশী সময় নিতে চাই না। এ বছর ১৯৭২-৭৩ সালে এখানে যে সাহায্য বাবদ বরাদ্দ হয়েছে তার পরিমাণ হল ৮ লক্ষ টাকা, প্রয়োজনের তুলনায় তা অতি অল্প। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে বাংলাদেশের সমবায় আন্দোলনকে জোরদার করার জন্য প্রয়োজন হলে আরও অর্থের জন্য এই সভার কাছে নূতন প্রস্তাব নিয়ে আসুন। আমরা সব সময় সেই প্রস্তাব সমর্থন করব। সমবায় আন্দোলনকে জোরদার করতে হবে এই অনুরোধ রেখে, এই ব্যয় বরাদ্দ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্।

**শ্রীঅনিল কৃষ্ণ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে বাজেট আনা হয়েছে সমবায়ের উপর সেই বাজেট সমর্থন করতে যেয়ে কয়েকটি বিষয় এখানে উল্লেখ করা দরকার বলে মনে করি। সমবায় আন্দোলন এখানে যেভাবে আসা উচিত ছিল এবং যেভাবে এসেছে, তা ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় অতি নগণ্য। সমবায় আন্দোলনে এখানে ব্যাঘাত সৃষ্টি হয়েছে। এই সমবায় আন্দোলন সম্বন্ধে বিভিন্ন রকম মত আছে, সেই মতামতের কয়েকটি আমি সংক্ষিপ্তভাবে উল্লেখ করতে চাই। কৃষিক্ষেত্রে বাংলাদেশে সমবায় প্রথা অত্যন্ত প্রয়োজন, একথা আজকে সবাই স্বীকার করবেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা প্রশাসন যন্ত্র সমবায়ের মাথার উপর বসে আছে এবং সমবায়কে নিয়ন্ত্রণ করছে এমনভাবে যে সাধারণ কৃষক সমবায়ের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। আমাদের যে তিক্ত অভিজ্ঞতা আছে তা থেকে এটা সকলেই স্বীকার করবেন। আমি একটা প্রাথমিক সমিতির সম্পাদক আছি। অত্যন্ত দুঃখের বিষয় এই যে এই সমিতি একবার ১৯৭০ সালে ঋণ পায়। কৃষকের খরার জন্য সেই ঋণ শোধ না করার ফলে কি অবস্থা হয়েছে দেখুন। সমবায়ের সেই টাকা আদায়ের জন্য সরকারী কর্মচারীরা এমন অগণতান্ত্রিক উপায়ে চেষ্টা করেছিল সেটা সমবায় নীতির পরিপন্থী। পরিষ্কার বলছি এইজন্য সমবায় দৃষ্টিভঙ্গী নিয়ে সমবায়কে রূপায়ণ করার জন্য যে মনোভাবের দরকার তাকে ব্যর্থ করে দিয়ে সেখানে আমলাতান্ত্রিক মনোভাব নিয়ে সেই কৃষকদের উপর হুকুম চালিয়ে এদের সম্পত্তির উপর অহেতুক চড়াও করে নানা রকম কায়দায়, মহাজনী কায়দায় আদায়ের পদ্ধতি নিয়েছিল এবং সেই মহাজনী কায়দায় কৃষকদের কাছ থেকে টাকা আদায় করেছিল। সেখানে অনেক কৃষক আছে যাদের ৩/৪ বিঘা জমি আছে, তাদের কাছ থেকে এবং ৮/১০ বিঘা জমির কৃষকের উপর এমন চাপ সৃষ্টি করলেন যে তারা বাধ্য হয়ে নিজেদের জমি মহাজনদের কাছে বন্ধক রেখে টাকা শোধ দিতে বাধ্য হল। এটা সমবায় আন্দোলনের দিক থেকে অবৈধ বলে মনে করি। আমরা সরকারের কাছ থেকে সমবায় দৃষ্টিভঙ্গী আশা করি। আমি যা বললাম সেইভাবে যদি চলে তবে এই সরকারের সমবায় আন্দোলন সাকসেসফুল হবে না।

রিজার্ভ ব্যাঙ্ক থেকে কৃষকদের ঋণ দেওয়া হয়, আবার সমবায় ব্যাঙ্ক থেকেও তাদের ঋণ দেওয়া হয়। কিন্তু এর ফলে এক অবস্থার সৃষ্টি হয়েছে। কৃষকদের হাতে যে ঋণ যাচ্ছে তার সুদের পার্সেন্টেজ অত্যন্ত বেশী সে কথা মাননীয় সদস্য অজিত গাঙ্গুলী মহাশয় বলেছেন। কৃষকরা যদি সরাসরি ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে ঋণ পায়, তাহলে তাদের সুদ অনেক কম দিতে হয়। এই সুদের স্তর নানা রকম, কোন কোন জায়গায় এক টাকা থেকে টেন পারসেন্ট। আমার সাজেসান হচ্ছে কো-অপারেটিভ ব্যাঙ্কগুলিকে যুক্ত করা ও কো-অপারেটিভ মেশিনারি ঠিক করা উচিত, যাতে নাকি কৃষকদের হাতে ঋণের টাকা যায় ও কৃষকরা এর সুযোগ সুবিধা ভোগ করতে পারে ও সমবায় আন্দোলন সুদৃঢ় ভাবে সার্থক হতে পারে।

**শ্রীনরেশচন্দ্র চাকি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী ভারপ্রাপ্ত সদস্য হিসাবে এখানে উত্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করে

দু'চারটে কথা বলতে চাই। আমরা জানি যে মিক্সড ইকনমিতে কো-অপারেটিভের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে ও তা থাকা উচিতও, কারণ তা আমাদের দেশকে এগিয়ে নিয়ে যেতে পারে সমাজতান্ত্রিক পথে। আমাদের লক্ষ্য সমাজতন্ত্র। এই সমাজতান্ত্রিক পথে সমবায় একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই সম্পর্কে ইকনমিকসের ছাত্র যারা তারা সকলেই জানেন যে ডিসেন্ট্রালাইজেসান অফ ইকনমিতে সমবায়ের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। ডিসেন্ট্রালাইজেসান করে একটা প্যারিটি আনতে হবে ডিফারেন্স বিটুইন দি রিচ এণ্ড পুওর। মহাত্মাগান্ধী এই ডিসেন্ট্রালাইজেসানের কথা বলেছিলেন। তিনি সর্বোদয় সমাজের স্বপ্ন দেখেছিলেন। তাতে তিনি সমবায়ের কথা, সমাজের কথা ও ভূমিকার কথা বলেছিলেন। এর পরে আমাদের প্রধান মন্ত্রী জহরলাল নেহেরু বলেছিলেন যে আমরা ভারতবর্ষকে এরূপ একটা স্তরে নিয়ে যেতে চাই যেখানে প্রত্যেকটা মানুষ জাগ্রত হবে, প্রতিটা মানুষ নিজের পায়ে দাঁড়াবে এবং ভারতের প্রতিটা গ্রামে একটা করে বিদ্যালয়, একটা করে পঞ্চায়েত, এবং একটা করে সমবায় থাকবে। সেখানে যদি আমরা দেখি তা হলে দেখবো যে সমবায়ের কথা শুনলে আমাদের অনেকের জর আসে। সমবায় সম্পর্কে আমাদের একটা সৎ ধারণা সৃষ্টি হয় নি। সৎ লোকেরা আজ সমবায়ে আসতে চায় না—লোকে বলে সমবায় চোরের আড্ডা। আজ এই ভাবে সমবায়কে উচ্চ স্থান থেকে নীচে নামিয়ে এনেছে। এরজন্য আমি সরকারী প্রশাসন যন্ত্রকে দায়ী না করে পারি না। সরকারের যে কর্ত্তব্য করা উচিত ছিল সে কর্ত্তব্য সরকার ঠিক ঠিক মত পালন করতে পারেন নি। সমবায়কে তারা উঁচু থেকে নীচের জঘন্য স্তরে নামিয়ে এনেছেন গুটিকয়েক স্বার্থ প্রণোদিত লোক, গুটিকয়েক স্বার্থ প্রণোদিত অফিসার। তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা না নিলে এই সমবায়কে উঁচু স্থানে বা উঁচু ধারণায় আনা সম্ভব নয়। সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে যে ইনভেষ্টমেণ্ট করা হয় কোন কৃষকের তাতে কতটা উপকার হয় সেটা দেখতে অনুরোধ করছি।

[4-10 - 4-20 p.m.]

Central Co-operative Bank-এর মাধ্যমে যে টাকা investment করা হয়, সেই টাকায় কৃষকদের কতটুকু উপকার হয় সেটা মন্ত্রীমহাশয়কে একটু ভেবে দেখতে বলি। এই ব্যাপারে আমার কয়েকটি পরিষ্কার suggestion মন্ত্রীমহাশয়কে ভেবে দেখবার জন্য অনুরোধ করছি। তাহলে সুখী হব। সেগুলো হ'ল এই কো-অপারেটিভের সংখ্যা কমিয়ে নিয়ে আসা এবং Co-operative-এর মেম্বারদের জন্য জামিন বা সিকিউরিটির ব্যবস্থা করা। ব্যক্তিগত ঋণ নিতে গেলে যেমন জামিন দিতে হয়, ল্যাণ্ড বা অন্যান্য প্রপার্টি মর্টগেজ দিতে হয় তেমন ব্যবস্থা রাখা উচিত। তাহলে আর সেক্রেয়ারী তার খেয়ালখুশীমত কো-অপারেটিভের টাকা মেরে নিয়ে যেতে সাহস পাবে না। আমি তাঁকে আরো অনুরোধ করবো—এই যে খাস জমি বিলি করা হচ্ছে, এই খাস জমি Co-operative farming মারফত গরীব চাষীদের বিলি করবার যদি সরকার ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয় কো-অপারেটিভকে উচু স্তরে পৌছে দিতে পারবো। আমি বিশ্বাস করি মাননীয় সমবায় মন্ত্রী সেই ক্ষমতা ও ইচ্ছা পোষণ করেন। দুর্নীতির ঊর্দ্ধে সমবায়কে নিয়ে গিয়ে সত্যিকারের উঁচুস্তরে উন্নীত করে সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠার ব্যাপারে তিনি সহায়তা করবেন। এই আশা পোষণ করে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাই যে আপনি একটু সময় আমাকে দিয়েছেন। বেশী কিছু বলবো না। এই যে সমবায় খাতে ২ কোটি ৪৭ লক্ষ ৩ হাজার টাকার ব্যয় বরাদ্দ মঞ্জুরী চেয়ে আমাদের কাছে দাবী রেখেছেন, আমরাও

এই ব্যয় বরাদ্দ মঞ্জুর করছি—এ বিষয়ে সন্দেহ নাই। তবে নীতিগতভাবে আমি এই সমবায় ব্যবস্থাকে স্বাগত জানাই। সংবিধানের দিক থেকেও এই যে স্বীকৃত বিষয়বস্তু যা গোটা ভারতবর্ষের সমবায় চিন্তাধারার উপর ভিত্তি করে চলে আসছে, আমি মনে করি আমাদের পশ্চিমবঙ্গ সরকারও বিভিন্ন ক্ষেত্রে তাই করবেন। কিন্তু দুঃখের বিষয় মাননীয় মন্ত্রী মহাশয় যে সমস্ত কথা তাঁর প্রারম্ভিক বক্তৃতার মধ্যে বলেছেন, তা আইটেম ধরে ধরে পড়তে গেলে বহু সময়ের দরকার। সে সময় নেই। আমি যখন বলতে উঠি, তখন এই নূতন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হয়ত মনে করেন এই ভদ্রলোক কী রকম বলবেন। আমি প্রথমে তাঁকে হিসেব করে দেখতে বলি—আজকে কত সমবায়—কৃষি সমবায় সমিতি ধরে liquidation গেছে ? কত টাকার defaulter হয়েছে ? আপনি মৎস্যজীবী সমবায় সমিতি কতগুলি আছে এবং এই মৎস্যজীবীদের উপকারার্থে কত টাকা ব্যয়িত হচ্ছে সেটা হিসেব করে দেখবেন ? কালকে আমি বোর্ডের কথা একটু বলেছিলাম। এই যদি বোর্ডের একটা Via-mediaর কাজ করে। আমার জেলার কথা বলছি যেসব লোক ১৯৬২ সালেও রাস্তায় ফেরী করে বেড়িয়েছে তারা যদি বোর্ডের মধ্যে ঢুকে fictitious, false co-operative এর কথা বলে গভর্ণমেণ্টের কাছ থেকে অনুদান ও ঋণ নিয়ে রাতারাতি দারুন বড় লোক হয়ে গেল। এই যদি বোর্ডে হচ্ছে তাদের বড়লোক হবার একটা নতুন পথ। মন্ত্রী মহাশয়কে এ জিনিষটা অনুসন্ধান করে দেখতে বলি। এই যে উকিল মোক্তার ডাক্তার ব্যবসাদার রয়েছে আমরা জীবনে রোজগার করবার জন্য আপ্রাণ চেষ্টা করেও সংসার চালাতে পারছি না। আর ওরা যেখানে হাত দিচ্ছে অমনি আলাদীনের প্রদীপের মত সোনা ফলছে—টাকা চলে আসছে। কী ব্যাপার ! এগুলি হিসেব করে দেখতে হবে। আপনার দপ্তরে যারা যারা আছে-উঁচু থেকে নীচু পর্যন্ত—তাদের অন্যদিকে সরিয়ে দিন্—এবং অন্য দপ্তর থেকে নতুন লোক নিয়ে আসুন। তারা ওখানে একটা জট্ পাকিয়ে ফেলেছে।

আমি আশা করি মন্ত্রী মহাশয় বিধানসভার সদস্যদের অভিমত বিবেচনা করে দেখবেন এবং কৃষি সমবায় সমিতির মাধ্যমে ঋণ জর্জরিত মানুষদের দুঃখ দুর্দশা দূর করবার চেষ্টা করবেন। আমরা ভেবেছিলাম—মন্ত্রী মহাশয় এই নতুন দপ্তরের ভার নিয়ে একটু নতুন কথা কিছু বলবেন এবং কৃষকদের বকেয়া ঋণকে দীর্ঘমেয়াদী সূত্রে পরিণত করে নূতনভাবে ঋণ দেওয়ার ব্যবস্থা করবেন। তা নাহলে তো নতুন করে কিছু করতে পারবেন না।

একটু ঢেলে সাজার ব্যবস্থা করুন। আপনি বলেছেন এই সভাতে যে, আইনের কিছু কিছু পরিবর্তন হবে। আমি বলছি ওটা লাইব্রেরীতে নিয়ে গিয়ে জমা করুন। সমবায় আইন নূতনভাবে আনুন। চোর, জোচ্চরে ভর্তি হয়ে গিয়েছে। আপনার ডাইরেক্টার আছেন না, সেক্রেটারী আছেন জানি না, তাদের বলুন নূতন করে একটা আইনের খসড়া তৈরী করুন। তার জন্য ব্যয়বরাদ্দ বাড়ান। আপনার এই এক কোটি আর কয়েক লক্ষ টাকা দিয়ে দেশ উদ্ধার করার কথা আপনি বলতে পারেন, কিন্তু আমি তা মনে করি না সেইজন্য বলছি নূতনভাবে আইন নিয়ে আসুন। নূতনভাবে কৃষিঋণ দেওয়ার ব্যবস্থা করুন। তা নাহলে কিছু হবে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যয় বরাদ্দের দাবীর সমর্থনে মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন আমি তার জন্য তাঁদের ধন্যবাদ জানাই। অনেকের কাছ থেকে কিছু সৃজনধর্মী প্রস্তাব আমি পেয়েছি, সেগুলো নিশ্চয় বিবেচনা করে দেখবো। আমরা যে পরিবর্তন করতে যাচ্ছি সেদিকে কিছু সহায়ক হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনেছেন যে আলোচনা এখানে উত্থাপিত করা হয়েছে তাকে মোটামুটি চার ভাগে ভাগ করা যায়। অধিকাংশ বন্ধু মাননীয় সদস্য ইনএ্যাডিকোয়েসী অফ ফাণ্ডের অর্থাৎ এক কোটি ৪৭ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ সম্পর্কে

সন্দেহ প্রকাশ করেছেন দেশ উদ্ধার হবে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশ উদ্ধারের একমাত্র দায়িত্ব কো-অপারেটিভের নয়। যদিও যে ব্যয়-বরাদ্দ আছে তার চেয়ে বেশি হলে আমি সুখী হতাম কিন্তু 'দীন দুঃখিনী মা যে মোদের তার যে বেশি সার সাধ্য নাই'। পশ্চিমবঙ্গের রাজকোষে যে অবস্থা তাতে এর বেশি বরাদ্দ সম্ভবপর নয়। ট্যাক্স করা যাচ্ছে না, যেটুকু সীমিত সংগতি আছে আমরা চেষ্টা করবো ম্যাকসিমাম ইউটিলাইজেশান করার জন্য। শুধু এইটুকু বলবো এবং মাননীয় সদস্যদের এইটুকু আশ্বাস দিতে পারি রিজার্ভ ব্যাঙ্ক, এগ্রিকালচার ফাইনান্স করপোরেশান যেমনি সমবায় সংস্থাগুলোর মাধ্যমে এরা ঋন দিয়ে থাকেন। সুতরাং এর উপর বিভিন্ন সংস্থা স্মল স্কেল ইণ্ডাস্ট্রিস সেক্টারে বছর বছর ফাইন্যানসিয়াল ইনস্টিটিউসান বা কমার্সিয়াল ব্যাঙ্ক সেগুলো তারাও উপযুক্ত ভূমিকা নিতে পারে। কো-অপারেটিভ সম্বন্ধে বলতে গিয়ে অনেক বন্ধু সদস্য সংগতভাবে দুর্নীতির কথা বলেছেন। এই ডিপার্টমেন্ট দুর্নীতিমুক্ত বলি না বা দুর্নীতিমুক্ত সমস্ত কো-অপারেটিভ ব্যবস্থা তা আমি বলি না। আমি বলি লোকাল যে সমস্ত নির্দিষ্ট অভিযোগ দিলে যেমন মাননীয় সদস্য শ্রীঅজিত গাঙ্গুলী ইঙ্গিত দিয়েছেন তার ভিত্তিতে তদন্ত করবার চেষ্টা করবো। যেখানে দুর্নীতির খবর পাবো, চেষ্টা করবো। এ হাউসের ২৮০ জন মাননীয় সদস্য আছেন, তাঁদের এলাকায় যে সমস্ত কো-অপারেটিভ ইনস্টিটিউশান আছে সেগুলো সম্বন্ধে যদি জানান তবে আমরা চেষ্টা করবো নূতন আইন প্রণয়নের সময় যাতে এই দুর্নীতি করবার সুযোগ না থাকে। সেইগুলো দূর করবার উপযুক্ত ব্যবস্থা করবো এবং এই দুর্নীতির শাস্তি দেওয়ার চেষ্টা করবো—এই আশ্বাস আমি মাননীয় সদস্যদের দিতে পারি। মাননীয় কিছু বন্ধু যেমন অজিতবাবু এবং আর সবাই বলেছেন আমরা ঋণ মকুবের ব্যবস্থা করতে পারি কিনা। এখানে প্রাকৃতিক এবং নৈসর্গিক দুর্যোগ আছে। কিন্তু কো-অপারেশান যেটা আছে সেটা নিয়ন্ত্রিত হয় রিজার্ভ ব্যাঙ্কের নিয়ম অনুসারে। আজকে সব ভারতীয় ব্যবস্থা আছে। আজকে এক বছরের যেগুলো ডিফল্ট আছে সেগুলো দীর্ঘমেয়াদী সম্ভবপর কিন্তু ওভার ডিউ যেগুলো আছে, দু বছরের আগে যেগুলো আছে সেগুলো দীর্ঘমেয়াদী করা যায় না। রিজার্ভ ব্যাঙ্কের সে ব্যবস্থা নেই। এটা সর্বভারতীয় ব্যবস্থা। পশ্চিমবাংলার জন্য যদি বিশেষ ব্যবস্থা করা যায় সেটা ভালো। কিন্তু সে ব্যবস্থা এখনই সম্ভব নয়। অন্তত রিজার্ভ ব্যাঙ্ক আমাদের দেবে না।

[4-20—4-30 p.m.]

মাননীয় বন্ধু শ্রীঅসমঞ্জ দে তিনি পাঞ্জাব, হরিয়ানা, মহীশূরের তুলনা দিয়ে বলেছেন এখানে নাকি আমরা কিছুই কভার করতে পারি নি। আপনি জানেন, এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটিস সর্বভারতীয় ক্ষেত্রে ৩৪ পারসেন্ট কভারেজ অব দি ফারমারস আছে। সেক্ষেত্রে পশ্চিমবাংলার পারফরমেন্স এ পর্যন্ত ২০ পারসেন্ট। শতকরা ২০টি কৃষকের কাছে আমরা পৌঁছতে পেরেছি। পশ্চিম বাংলার শতকরা ৮০টি গ্রামে এই সমবায় ঋণদান ব্যবস্থা পৌঁছতে পেরেছে এ তথ্য আমি মাননীয় বন্ধুকে জানাতে পারি। মাননীয় বন্ধু শ্রীকলিভূষন সিংহবাবু স্থানীয় কিছু সমস্যার কথা বলেছেন ওঁকে আমি বলব যে ঋন বকেয়া যদি হয়ে যায় যেকথা আগে বলেছি যে ওভারডিউস হয়ে গেলে আমাদের মকুব করারও ব্যবস্থা নেই, ছেড়ে দেবারও ব্যবস্থা নেই, আর ট্রান্সফার করারও ব্যবস্থা নেই। সর্বভারতীয় যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থাই চলবে। অজিতবাবু বলেছেন কৃষকরা নাকি এই সমিতিগুলির পরিচালন ব্যবস্থায় নেই বা ডিরেক্টার্স বোর্ডে নেই। আপনি জানেন, কো-অপারেটিভের পরিচালন ব্যবস্থায় যারা আছেন বা বোর্ড অব ডিরেক্টারস তাঁরা

নির্বাচিত প্রতিনিধি। তাতে যদি কৃষকরা না থেকে থাকেন সেটা দুর্ভাগ্যের কথা, কিন্তু নির্বাচনের মাধ্যমে কৃষকদেরও আসতে পারার ব্যবস্থা আছে, তাতে কোন প্রতিবন্ধকতা নেই। আমরা চাইবো রাজনৈতিক প্রচার এবং রাজনৈতিক তৎপরতা দিয়ে আজকে সমাজের যারা দুর্বলতর এবং দরিদ্র অংশ তারা কায়েমী স্বার্থ বা ভেস্টেড ইন্টারেস্টেড যারা কোথাও কোথাও এগুলি পরিচালনা করছেন তাদের হটিয়ে দিয়ে নতুন ডিরেক্টর বোর্ডে তারা আসবেন। অর্থাৎ সমাজের দুর্বলতর অংশ থেকে এই পরিচালকমণ্ডলি গঠিত হবে। আর এই উদ্দেশ্যেই আমি আমার প্রারম্ভিক বক্তৃতাতে বলেছি যে আইন আমরা পরিবর্তন করতে চাইছি। বন্ধুবর সাবির সাহেব বলেছেন পুরো ব্যবস্থাটাকেই বদল করে দেওয়ার জন্য। সেটা বোধহয় এখনই সম্ভব নয়। তবে যে ত্রুটিপূর্ণ অংশগুলি আছে বা যে রন্ধ্র পথে দলের আবির্ভাব হয় এই কো-অপারেটিভ লক্ষ্যে সেগুলি আমরা দূর করার চেষ্টা করবো। তারপর বন্ধুবর সাবির সাহেব বলতে বলতে এক জায়গায় বলেছেন যে, কিছু কিছু লোক নাকি কপাল ফিরিয়ে নিচ্ছে। আমি তাকে বলছি যে, এই বিভাগের সঙ্গে জড়িত যদি কিছু থাকে নিশ্চয় তার প্রতিকার দেবো। কিন্তু সমবায় ব্যাঙ্ক [illegible] বা গোষ্ঠী বিশেষের ভাগ্য পরিবর্তনের কারণ [illegible] এই দপ্তরের নয়। সেজন্য [illegible] চক্রবর্তী, [illegible] দপ্তর রয়েছে। সেইসব প্রশাসন যন্ত্রের সাহায্য নিয়ে জানি, যদি ঐ ভদ্রলোক কি করে নিজের ভাগ্য পরিবর্তন করে নিয়েছেন। কোন রন্ধ্রপথে তিনি লোক বা ঐ জাতীয় সংস্থায় ঢুকেছেন সেইসব নির্দিষ্ট তথ্য দিয়ে [illegible] করার জন্য আমি তাঁকে অনুরোধ করবো। তারপর বিশ্বনাথবাবু [illegible] বলেছেন। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে পরিবর্তন আমরা আনছি তাতে চেষ্টা করবো যাতে এর [illegible] জোরদার করা যায় এবং ইউনিফিকেশন [illegible] বেশী [illegible]। শ্রদ্ধেয় [illegible] মহাশয় খুব জোরের সঙ্গে তার কথা বলেছেন। [illegible] বলছি—তাকে আমি [illegible] জানাচ্ছি, তিনি যে নির্বাচনের কথা বলেছেন সে সম্পর্কে বলছি যে আমরা যে পরিবর্তন আনছি তাতে তো আছে [illegible] যেন [illegible] সাধারণভাবে [illegible] এইভাবে যে তিনি এই আইন প্রয়োগ করতে পারবেন না। তবে আমরা [illegible] চেষ্টা করছি যাতে এই কো-অপারেটিভগুলি [illegible] নিয়ন্ত্রণে না যেতে পারে বা সেখানে [illegible] না করতে পারে। [illegible] ডিরেক্টর যদি কেউ থাকেন তাহলে তাকে আমরা ডিরেক্টর বোর্ডে যেতে দেব না। এই ব্যবস্থা ছিল কিন্তু [illegible] হাইকোর্টের [illegible] হয়ে যায়। তবে আমরা কনষ্টিটিউশনের সঙ্গে সঙ্গতি রেখে এই আইনকে নতুনভাবে সংশোধন করতে চাই যাতে করে এ [illegible] সহজ হয়ে না ওঠে।

যাতে করে এই রকম ইনজাংশান পাওয়া সহজ হয়ে না ওঠে। অন্য দিকে সেখানে ব্যবস্থাকে [illegible] করে দিতে চাই এই ধরনের [illegible] সুযোগ নিয়ে। আমরা নূতনভাবে সংশোধন করতে চাচ্ছি তাতে যেন এই বাধ্যবাধকতা থাকে, যেন এদের জন্য যাতে নূতন কায়েমী স্বার্থ সৃষ্টিকারীদের এবং কায়েমী স্বার্থ সৃষ্টি করার বিপক্ষে [illegible] অন্যান্য [illegible], [illegible] সম্পর্কে যদি কোন বক্তব্য থাকে—সে সম্বন্ধে আমরা তো দেখছি দপ্তর খুব তৎপর, কিন্তু তা সত্ত্বেও যদি [illegible] কিছু বিশেষ [illegible] তথ্য জানা থাকে আমি তাদের অনুরোধ করবো [illegible] আমাদের [illegible] নিয়ে এসে, দপ্তরের নজরে নিয়ে আসুন যাতে আমরা সেগুলির প্রতিকার করতে পারি। কিন্তু [illegible] ব্যবস্থার এক এক জায়গায় [illegible] বলে [illegible] রাজনৈতিক [illegible] নয়, [illegible]রাই হচ্ছে দে আর দি এক্সিকিউটিভ [illegible], ওরাই ইম্প্লিমেন্টিং অথরিটি এবং ওরাই ইম্প্লিমেন্ট করে আমাদের যে নীতি আইনের মাধ্যমে, বিধানসভার সিদ্ধান্তের মাধ্যমে, গ্রামগুলোর সিদ্ধান্তের মাধ্যমে, কাবিনেটের সিদ্ধান্তের মাধ্যমে গৃহীত হয়। সেখানে বোধহয়

সব কর্মচারী খারাপ নয়, আমি সৎ, দক্ষ, যোগ্য কর্মচারীও দেখেছি। আমি দেখেছি কিছু দুষ্ট কর্মচারী কোথাও কোথাও কিছু ক্ষতি করছে, ফিল্ডে কিছু গোলযোগ সৃষ্টি করছে, আমরা সেগুলি প্রতিকারের চেষ্টা করছি। কিন্তু একটি গোষ্ঠীকে আমরা দোষ দিতে পারব না। আমি একটি লাইন সর্ব্বদাই দেখছি যে আমাদের পশ্চিমবাংলায় নাকি সামগ্রিকভাবে কো-অপারেশন ব্যর্থ হয়েছে। এই কথা আমি স্বীকার করে নিতে পারছি না। আমি যে তথ্য দিলাম সর্বভারতীয় ক্ষেত্রে যেখানে ৩৪, আমরা সেখানে অন্তত: ২০ তে রিচ করেছি। কিন্তু যে আশা আকাঙ্খা মানুষের মনে জেগেছিল, সেই আশা আকাঙ্খাকে আমরা পরিপূর্ণভাবে পুরণ করতে পারিনি। এ বিষয়ে আমাদের মাননীয় সদস্যরা যারা প্রগতিশীল তারা অন্ততঃ এই চিন্তাধারা নিয়ে এগিয়ে আসবেন এই দপ্তরকে সহযোগিতা এবং সৎ পরামর্শ দেবার জন্য। আমি বিশ্বাস করি আপনাদের সৎ পরামর্শ ও সহযোগিতায় আমরা একে আরো এগিয়ে নিয়ে যেতে পারব। আমার শেষ কথা হচ্ছে—স্যার, বাল্যকালে বইতে পড়েছিলাম প্রতিবেশী মাত্রেই দুরাত্মা বাঙালী, কিন্তু সৎ জন। সেদিক দিয়ে এই স্পিরিট এবং বেসিস আমাদের কোথাও আটকাচ্ছে কিনা প্রশাসনিক এ্যাডমিনিষ্ট্রেটিভ মেশিনারি রাজনৈতিক ও তাত্ত্বিক দিক দিয়ে এবং এই আবহাওয়া দুর করে আমরা যেন এক সংঙ্গে মিলে মিশে কাজ করতে পারি সমবায়ের প্রসার ঘটানোর জন্য। এদিকে আমি মাননীয় বন্ধুদের তৎপরতা বৃদ্ধি করার জন্য অনুরোধ করছি, তারা যেন গ্রামে, গঞ্জে, সহরে, নিজের নিজের কর্মক্ষেত্রে সমবায় ব্যবস্থাকে একটি শক্তি হিসাবে একদিকে সরকারী অন্যদিকে বেসরকারী উদ্যোগ মিশিয়ে দেশের মানুষ, আমি যে প্রারম্ভিক ভাষণে রেখেছি ধন-বৈষম্য দূর করার জন্য এই আন্দোলনকে দৃঢ় সফল লক্ষ্যে পৌঁছে দেবার জন্য, সমবায়কে একটা কার্য্যকরী হাতিয়ার হিসাবে নিতে পারে এই বক্তব্য রেখে আবার আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

The motion of Dr. Zainal Abedin that a sum of Rs. 1,47,03,000 be granted for expenditure under Grant No. 25, Major Head : "34-Co-operation", was then put and agreed to.

**শ্রী আবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব ইনফর্মেশন, স্যার, এই মাত্র একটি টেলিগ্রাম পঞ্চানন সিংহের নামে এসেছে। তিনি এখানে উপস্থিত নেই বলে মাননীয় বন্ধুর এটি আমাকে হস্তান্তর করেছেন। সেটা হচ্ছে—জোতদারস ডিসপোসড ভাগচাষীস হাভকলি বাই সিভিল ইনজাংসান, রিকোয়েষ্ট ফর এ্যাকসান—ওদের অলি, বাসন্তী। স্যার, আমরা আগে থেকেই আপনার দৃষ্টি আকর্ষণ করলাম এবং আজ আমি বসে শুনছিলাম যে দিকে দিকে একটা ষড়যন্ত্রমূলক ভাবে খুব প্রাণ্ড ওয়েতে জোতদার ভাগচাষীদের উচ্ছেদ করবে বলে হয়রানি করছে এবং সেই বিষয়েই এই টেলিগ্রামটা এসেছে। আমি এখুনি এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ভাগচাষীদের স্বার্থ যাতে সংরক্ষিত হয় সেদিকে আপনি নজর দিন।

[4-30—4-40 p.m.]

## DEMAND FOR GRANT NO. 26

**Major Heads : 35-Industries—Industries and 96-Capital Outlay on Industrial and Economic Development.**

**Shri Tarun Kanti Ghosh :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,68,11,000 be granted for expenditure under Grant No. 26, Major Heads : 35-Industries—Industries and 96-Capital Outlay

on Industrial and Economic Development. (This is inclusive of Rs. 2,56,04,000 already voted on account in March, 1972.)

মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গে তো বটেই, ভারতবর্ষের সর্বত্র আমরা যখন industry development-এর কথা বলি তখন আমাদের সামনে দুটো জিনিষ আছে, দুটো লক্ষ্য থাকে। একটা লক্ষ্য হচ্ছে সামগ্রীকভাবে রাজ্যে অর্থনৈতিক উন্নয়ন করা, আর সঙ্গে সঙ্গে লক্ষ্য থাকে বেকার সমস্যা কতটা সমাধান আমরা করতে পারি শিল্পের মাধ্যমে সেটা দেখা। আপনারা জানেন পশ্চিমবঙ্গে দুর্ভাগ্যবশতঃ মার্কসবাদি কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে যে সরকার গঠিত হয়েছিল ১৯৬৭ সালে এবং law and order যেভাবে নেমে গিয়েছিলো তার ফলে পশ্চিমবঙ্গে শিল্পে একটা অত্যন্ত ক্ষতিকারক আবহাওয়ার সৃষ্টি হয়েছিল, যার ফলে ১৯৬৭ সালের পর থেকে ৯২৪টি শিল্প কলকারখানা বন্ধ হয়ে গিয়েছিল। এই ৯২৪টি শিল্প কারখানায় কাজ করতেন ১ লক্ষ ৮৭ হাজার লোক। এবং শুধু যে বন্ধ হয়েছিলো তাই নয়, এই বন্ধ হয়ে যাওয়া ছাড়া এমন একটা আবহাওয়ার সৃষ্টি হয়েছিলো যার ফলে পশ্চিমবঙ্গে কোন নূতন অর্থ লগ্নী হল না, শিল্প বাড়লোনা। এবং বেকার সমস্যা অনেক বেশী বেড়ে গেল ১৯৬৭ সাল থেকে। আর ১৯৭১ সালের শেষ দিক পর্যন্ত পশ্চিমবঙ্গে শিল্পে অর্থ লগ্নী হয়েছে ৮ কোটি টাকার মত। আর সেই সময় মহারাষ্ট্রে এই ৫ বছরের মধ্যে ওদের ওখানে যে শিল্পোদ্যোগ হয়েছে তাতে ৭।। শত কোটি টাকার মত scheme হয়েছিল মহারাষ্ট্রে শিল্প করবার জন্য। কোথায় ৮ কোটি আর ৭।।. শত কোটি টাকা। ফলে এই ৫ বছরে পশ্চিমবঙ্গে প্রভূত ক্ষতি হয়ে গেল। ২/১টা figure দিলে বুঝবেন কলকাতা পোর্ট দিয়ে ১৯৬৬-৬৭ সালে যেখানে ১০ million ton দ্রব্য রপ্তানি কিম্বা আমদানী দুটো মিলিয়ে ১০ মিলিয়ান টন হত সেটা ১৯৭০-৭১ সালে নেমে গিয়ে দাঁড়ালো ৬ মিলিয়ান টনে। যেখানে ১৯৬৬-৬৭ সালে আমরা পশ্চিমবঙ্গে বিভিন্ন Engineering industry-তে ৬ শত ৫০ লক্ষ টন ফিনিস ষ্টীল কাজে লাগলো সেটা ১৯৭০-৭১ সালে নেমে হল ৪২১ টন ষ্টীলে। Pig iron এ ৬ লক্ষ টন নেমে হল ২। লক্ষ টন। ফলে মন্দা দেখা গেল। ফলে যারা কাজ করতেন তাদের অনেকেরই কাজ চলে গেল, এবং পশ্চিমবঙ্গে আজকে শিল্পোদ্যোগ করবার জন্য চেষ্টা করছি, ব্যাকলগ পড়ে গেছে, তাকে সামনে না রেখে কাজ করতে পারি নি। আমি প্রথমে বলবো শিল্পে যে ৯২৪টি কলকারখানা বন্ধ হয়ে গেলো আজ পর্যন্ত figure দিয়ে বলি তাতে ৪৫০টি কারখানা আবার নূতন করে খুলছি। এবং ৪৫০টি কারখানা খুলেছে, তাতে ১ লক্ষ ৫০ হাজার লোক আবার তাদের কাজ ফিরে পেয়েছে পশ্চিম বাংলায় ১ লক্ষ ৮৭ হাজার কর্মচ্যুত লোকের মধ্যে। শ্রীমতী গান্ধী বলেছেন, গরিবী হটাও আমাদের লক্ষ্য, গণতান্ত্রিক সমাজতন্ত্র স্থাপন করা আমাদের লক্ষ্য। সেই লক্ষ্যে যদি আমাদের পৌছতে হয়, তাহলে আমাদের বেকার সমস্যা দুর করতে হবে এবং সেদিকে আমাদের লক্ষ্য রেখে ইনডাষ্ট্রী করতে হবে। পশ্চিম বাংলার ডেভেলাপমেন্ট এ্যাণ্ড প্ল্যানিং ডিপার্টমেন্টের হিসাব অনুযায়ী ২৮ লক্ষ বেকার আছে এবং তার সঙ্গে সামনের পাঁচ বছরে যদি আরও চার-পাচ লক্ষ লোক যোগ করা যায় তাহলে আমাদের সামনে ফরওয়ার্ড থিংকিং করতে গেলে ৩২/৩৩ লক্ষ লোকের কথা সামনে রেখে কাজ করতে হবে এবং শিল্প বাণিজ্য বিভাগে ৩২/৩৩ লক্ষ লোক আমাদের সামনে যে রয়েছে তার মধ্যে কত লোককে চাকরী দেওয়া যায় না যায়, কি ইনডাষ্ট্রী করলে সম্ভব, সেটা সামনে রেখে আমরা কাজ করবার চেষ্টা করছি, এটাই হচ্ছে আমাদের মূল লক্ষ্য। আপনারা জানেন বেশীরভাগ লোক কৃষির উপর নির্ভশীল, এটা অন্যতম গুরুত্বপূর্ণ জিনিস, এই কৃষির উপর চাপ এত বেশী। কিন্তু কৃষির উপর কয়েক লক্ষ সক্ষম কৃষক ছাড়া আর বাকী যে লক্ষ লক্ষ লোক কৃষির উপর নির্ভরশীল, তারা বছরের মধ্যে ছয় মাস হয় আনএমপ্লয়েড থাকেন, নইলে যারা কাজ করছেন, তারা আণ্ডার এমপ্লয়েড হয়ে থাকেন। চার পাঁচ মাসের বেশী তারা

কাজ পাননা, যা রোজগার তারা করে তার হার খুবই অল্প, যেমন ভূমির মজুর, ছোট কৃষক, মাঝারী কৃষক, তাদের কথা বলছি, এদের জন্য অনেক টাকা ব্যয় করলেও, এদের অবস্থার উন্নতি যদি করতে পারি, তাহলে মনে করবো যে খুব ভাল কাজ আমরা করতে পারলাম। সেই জন্য চিন্তা করতে হবে কতটা বেশী সংখ্যক এই ৩২ লক্ষের মধ্যে, শিল্পের মাধ্যমে আমরা নিয়োগ করতে পারি। আপনারা বোঝেন যে শিল্প একটা অন্যতম টেকনিক্যাল সাবজেক্ট, আমরা একটা বসে ঠিক করে দিতে পারি না যে কি করলে আমরা সঙ্গে সঙ্গে উন্নতি করে দিতে পারবো। আমরা শিল্প বলতে পশ্চিমবাংলায় বুঝি, জুট, টি, কোল, ইঞ্জিনিয়ারিং, এই চারটি হচ্ছে আমাদের ট্রাডিশন্যাল ইনডাষ্ট্রী। কিন্তু জুটের ইনডাষ্ট্রীর অবস্থা হচ্ছে এই যে আমরা যে গানি ব্যাগ করতাম তার দাম বাইরের বাজারে যে সিনথেটিক ব্যাগ বেরিয়েছে তার চেয়ে এক থেকে দেড় টাকা বেশী বেড়ে যাচ্ছে। তার ফলে গানি ব্যাগের বাজার অত্যন্ত কমে গেছে। একমাত্র দুটি জিনিস থেকে আমাদের পশ্চিমবাংলার জুট শিল্প খানিকটা ভাল লাভ করেছে। প্রথম হচ্ছে বাংলাদেশে গত এক বছর ধরে গোলমাল হবার ফলে সেখানকার জুট ভাল করে রপ্তানী করতে পারেনি, তার ফলে একটা সুযোগ এরা পেলেন। ২ নং কারণ হচ্ছে কার্পেট ব্যাগিং করার ফলে কিছুটা সুযোগ এরা পেয়েছিলেন। কিন্তু জুট ইনডাস্ট্রী যদি না নূতন নূতন জিনিস তৈরী করতে পারে, ডাইভার্সিফিকেশন যদি না করতে পারে তাহলে মুসকিলে পড়বেন। অতএব চিন্তা করতে হবে নূতন ভাবে কি করে ডাইভার্সিফিকেশন করতে পারি জুট ইনডাস্ট্রীতে। যেমন গানি ব্যাগের প্রোডাকশন থেকে কার্পেট ব্যাগিং করতে পারি, আমরা ব্লেনডেড ফেব্রিক উইথ-সিনথেটিক্স, তার নানা রকম উন্নতি আমরা করতে পারি এবং মার্কেট রাখতে পারি। টি, কোল, ইঞ্জিনিয়ারিং সম্বন্ধে এক কথা, এছাড়া আরও বহু রকমের ইনডাস্ট্রী আমাদের করতে হবে। তাই এই বিভাগ, আমরা কয়েকটা এক্সপার্ট কমিটি এ্যাপয়েণ্ট করেছি দেখবার জন্য যে আমরা যদি একটা লক্ষ্য রাখি, যে পশ্চিমবঙ্গে যে বেকার সমস্যা রয়েছে, সামনে পাঁচ বছরের মধ্যে ২৮ লক্ষের মধ্যে কত লোককে চাকরী দিতে পারা যায়, সেটা লক্ষ্য রেখে তাদের কাজ করতে বলেছি। আড়াই লক্ষ লোককে ডিরেক্ট এমপ্লয়মেণ্ট দেওয়া সম্ভব নয়। তার জন্য হিউজ টাকার দরকার হবে, সুতরাং সেটা করা সম্ভব নয়। তার জন্য ঠিক করা হয়েছে যদি ১০ লক্ষ লোক সামনে রেখে আমরা কাজ করবার চেষ্টা করি, ডিরেক্ট এমপ্লয়মেণ্ট দিতে গেলে যত টাকা দিতে হবে, তা খুঁজে বার করবার জন্য এবং কি কি ইনডাস্ট্রী করা দরকার সেটা বলবার জন্য একটা এক্সপার্ট কমিটি আমরা এ্যাপয়েণ্ট করেছি। অনেক জায়গা থেকে আমরা সুখ্যাতি পেয়েছি আবার কোন কোন জায়গা থেকে ক্রিটিসিজিমের মধ্যেও পড়েছি এই কথা বলবার জন্য। কিন্তু আমরা মনে করি লক্ষ্য যদি আমরা ঠিক না রাখতে পারি, লক্ষ্যে পৌঁছনোর কোন পথ থাকবে না। আমাদের লক্ষ্য হচ্ছে পশ্চিমবাংলার বেকার সমস্যা দূর করবার জন্য ইনডাস্ট্রী করতে হবে এবং সেই ইনডাস্ট্রীতে কত টাকা নিয়োগ করা যায়, সেটা দেখতে হবে।

[4-40—4-50 p.m.]

আপনার অবগতির জন্য জানাচ্ছি মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, একটা লোককে যদি কর্মে নিয়োগ করতে হয় কুটির শিল্পে তাহলে ২ থেকে ৩ হাজার টাকা খরচ হয়। একটা লোককে যদি নিয়োগ করতে হয় ক্ষুদ্র শিল্পে ৪ থেকে ৮ হাজার টাকা খরচ করতে হয়। একটা লোককে মাঝারী শিল্পে নিয়োগ করতে গেলে ১০ থেকে ১৫ হাজার টাকা ইনভেষ্ট করতে হয়। আর বড় শিল্পে ২০, ২৫, ৩০ হাজার টাকা লাগে। যদি গড়পরতা ১৪ থেকে ১৫ হাজার টাকা ক্যাপিট্যাল ইনভেষ্ট হয় তাহলে পশ্চিমবঙ্গে সামনের ৫ বছরে লাগবে ১৪০০ কোটি টাকা। একজন সাংবাদিক বন্ধু জিজ্ঞাসা করেছিলেন

যে ফোর্থ ফাইফ ইয়ার প্ল্যান যেটা করা হচ্ছে ৭০০ কোটি টাকার সেটা আপনি বন্ধ করলেন, আর এখন ১৪০০ কোটি টাকা করা এটা তো অবাস্তব। আমি সেই বন্ধুকে জানিয়ে দিতে চাই ইণ্ডাষ্ট্রীয়াল ডেভোলপমেন্টের সেই টাকার বেশীটা ডেভোলপমেন্ট প্ল্যান্স প্রোগ্রাম এর বাইরে থেকে— আমি এখানে যেমন বলেছি কালকে যে এ্যালয় ষ্টিল প্রকল্প হবে পুরুলিয়ায় সেখানে এর জন্য ১ পয়সাও ধরা ছিলনা আমাদের ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে। মহারাষ্ট্রে যে টাকা ধরা হয়েছে সেটা ধরা ছিল না ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে। এই টাকা আসবে মোটামুটি ৪টি সেক্টর থেকে। এক—যেমন এন্টারপ্রেনিয়র যারা তাদের কাছ থেকে টাকা আসবে। দুই—টাকা আসবে প্রাইভেট সেকটরে যারা এনটারপ্রেনিয়র আছে. যেমন আজকে যদি কোন ফরেন কোলাবরেশন হয় তাদের কাছ থেকে টাকা আসবে। তিন—টাকা আসবে ন্যাশানালাইসড ব্যাঙ্ক থেকে ডিফারেণ্ট লেণ্ডিং ইন্সটিটিউসন থেকে। আর চতুর্থতঃ—টাকা আসবে সরকার যদি ধাবে জয়েণ্ট সেক্টর করতে চান সেখান থেকে টাকা আসবে। অতএব মহারাষ্ট্র যদি সাড়ে ৭০০/৮০০ কোটি টাকা ইনভেষ্ট করতে পারে, সেখানে পশ্চিমবাংলায় ১৫ বছরে কিছুই হয়নি। সেই ক্ষেত্রে আমরা দাবী করি ন্যাশানালাইজড ব্যাঙ্কের কাছে, দাবী করি গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার কাছে, দাবী করি এল, আই, সির কাছে, দাবী করি সমস্ত লেণ্ডিং ইন্সটিটিউশনের কাছে, দাবী করি পাবলিক সেক্টর, প্রাইভেট সেকটরে এবং এই দাবী করা দরকার যদি পশ্চিমবাংলার বেকার সমস্যা দূর করতে হয়। আমাদের নেত্রীর গরিবী হটাও নীতিকে যদি সার্থক করতে হয় তাহলে আমাদের পক্ষেই কেবল সম্ভব হবে না, আর এই যদি না হয় তাহলে গরিবী হটানো অসম্ভব। অতএব যাতে মানুষ কাজ পায়, মানুষকে কাজ দেওয়া যায় সেই চেষ্টা করতে হবে। কারণ এখন থেকে আমরা দাবী করে রাখছি সমস্ত ব্যাঙ্কের কাছে এল, আই. সির কাছে, তাহলে কি হবে—না টাকা চলে যাবে মহারাষ্ট্র, মাদ্রাজ, দিল্লীতে এবং পশ্চিমবঙ্গের যে সমস্যা সেই বেকার সমস্যা আরও বেড়ে যাবে, কমবে না। অতএক যারা বলেছিলেন তাদের কাছে জানাচ্ছি। এক বন্ধু বলেছিলেন এই জিনিস করা উচিত নয় এক্সপার্ট কমিটি করা উচিত। আপনি কি জানেন না যে আমরা ৪টি এক্সপার্ট কমিটি এ্যাপয়েণ্ট করেছি, এক—কি মেটিরিয়াল লাগে, কি র-মেটিরিয়াল লাগে? দুই—এর জন্য কি শিল্প লাগে? তিন—পাওয়ার লাগবে কি পরিমাণ? চতুর্থ হলো যে সমস্ত ইণ্ডাষ্ট্রিস রয়েছে, তারা তাদের মোট ক্যাপাসিটি ইউটিলাইস করছে কি না? আমাদের বিধান সভার মাননীয় সদস্যরা আজকে খবরের কাগজে দেখেছেন পুরুলিয়ায় ১০ হাজার লোকের চাকুরী হবে। এর মানে হলো এই যে পুরুলিয়ায় এ্যালয় ষ্টিল হলে ১০ হাজার লোককে চাকুরী দিতে পারব।

এর মানে এই নয় যে, কালকেই ১০ হাজার লোককে আমরা চাকরী দিতে পারব। পুরুলিয়ায় Alloy Steel হলে প্রথমেই ৫ হাজার লোক কাজ পাবে এবং পরে যখন পুরাপুরি চালু হবে তখন ১০ হাজার লোক direct employment পাবে। পুরুলিয়ার Alloy Steel যখন থেকে সুরু হবে তখন থেকে ৩ বছর লাগবে। এখন থেকে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হতে ২ বছর লাগবে। আপনারা কি মনে করেন আমরা চুপচাপ বসে থাকবো তাহলে ভুল হবে। কিন্তু এ জিনিষ হতে পারেনা। অতএব যাঁদের এ নিয়ে মনের মধ্যে কোন সন্দেহ ছিল তাঁদের বলছি যে আমাদের Plan এখুনি করতে হবে। কারণ আমাদের দেশের যুবকরা ধৈর্য্য ধরে বেশিদিন বসে থাকতে পারবে না। এই যে industry করব big medium, small, cottage, এখন যা হচ্ছে cottage industries যা করছে medium industry তাই করছে, medium industry যা করছে large scale industry তাই করছে। এর ফলে যে competition হচ্ছে তাতে ছোট, মাঝারি শিল্পগুলি টেকছে না। আমাদের কাজ করতে হবে জাপান যেভাবে করছে সেইভাবে। বড়

industry-র assembly plant এবং বড় industry-তে মূল জিনিষ তৈরী হবে এবং মাঝারি ছোট industry-তে ancillary parts তৈরী হবে। তাঁরা অনেককে চাকরী দিতে পারবেন। এরজন্য পরিকল্পনা করা দরকার এবং সেইভাবে কাজ করতে বলেছি। ২ মাস তাঁদের সময় দিয়েছি। কাল ২টি কমিটির মিটিং হবে এবং সেখানে আমরা জানতে পারব কোন দিকে আমাদের যেতে হবে। আমি মনে করি শিল্প বিভাগ চুপ করে বসে থাকবে না। এইভাবে পশ্চিমবাংলায় সমস্যার সমাধান হবেনা। আমাদের পশ্চিমবাংলার industrial development-এর কোন blue print নেই। আমাদের blue print তৈরী করতে হবে এবং সেই অনুযায়ী কাজ করতে হবে। স্যার আপনি এবং নেতাজীর ছোটভাই সুনীলবাবু গতকাল আমার সঙ্গে দেখা করেছিলেন একটি industry করার ব্যাপার নিয়ে। কিন্তু করবার সময় আপনারা ২ জনেই বললেন যে এটার একটি drawback আছে। অর্থাৎ ১ কোটি টাকার scheme. কিন্তু ১০ জনের বেশী লোককে direc employment দেওয়া যাবেনা। অতএব ১ কোটি টাকার scheme এ যদি ১০ জন লোক কাজ পায় তাহলে ১ লক্ষ টাকায় একজনেরও কাজ হচ্ছেনা। Industrial Development-এর Pla যদি না থাকে কোন industry sanction করা হবেনা। কোন industry করলে সেটা কুটিরশিল্প হিসাবে করা হবে। এটা যদি পুরাপুরি না করতে পারি তাহলে টাকাই খরচ হবে। কিন্তু বেকার সমস্যার সমাধান হবেনা। তাই Complete blue print করতে বলেছি। বিভিন্ন Expert দিয়ে এটা করলে আমাদের লাভ হবে। সমস্ত পশ্চিমবাংলায় সমস্ত industry-র 84% industries ar located in and around Calcutta.

২৪-পরগণার ডায়মণ্ড হারবার, বসিরহাট, এবং মালদহ, দার্জিলিং, মুর্শিদাবাদ, কুচবিহার West Dinajpur থেকে যাঁরা এসেছেন তাঁরা জানেন যে, সেখানে কোন industry এতকাল হয়নি। তাই নূতন নিয়ম আমরা গ্রহণ করছি। Industrial development আমরা ক with equitable distribution of Industry in each district. সমস্ত পশ্চিমবাংলা নি একটা industrial development আমরা করব। একটা জায়গায় industrial developm হবে, labour force সেখানে draw up হবে, imbalance হবে, এ জিনিষ আমরা করবনা। ত আমরা ৮টা Growth Centre করেছি। এই ক'বছরের মধ্যে আমরা হলদিয়া, দুর্গাপুর, কল্যাণ ফরাক্কা, শিলিগুড়ি, পুরুলিয়া, আসানসোল ও খড়্গপুর ৮টা Growth Centre করব। সেখা large and medium scale industry আমরা grow করাতে পারি। এ ছাড়া প্রত্যেক Dist.-এ যেখানে এরকম growth হলনা সেই dist-এ একটা করে industral area তৈরী কর infra structure তৈরী করব এবং roads, railhead ও electricity নিয়ে যাব যাতে indust হয়। ২৪-পরগণা একটা huge Dist. হাওড়া, ২৪-পরগণা, কোলকাতা backward area নয় ২৪-পরগণার মধ্যে ব্যারাকপুর এলাকায় সব industry আছে। ব্যারাকপুর ছাড়া বাটা ও বজবজ কিছু কিছু industry আছে। এই তিনটি জায়গা ছাড়া 24-Parganas district is a backward as any other district in this State. ২৪-পরগণার মধ্যে সুন্দরবন ইত্যাদি আর বিভিন্ন জায়গা রয়েছে যাদের backward area বলে ঘোষণা করা যায়।

[4-50—5-00 p.m.]

আমি চিঠি লিখেছি আশা করি পাব। তাই বলছিলাম আমরা ২৪-পরগণা, বসিরহাট ডায়মণ্ডহারবার প্রত্যেকটি জায়গা ডেভেলপ করার চেষ্টা করব যাতে কাজ দিতে পারি, যাতে বেকাররা কাজ পেতে পারে তার জন্য আমাদের চিন্তা করতে হচ্ছে। এজন্য যদি কিছু টাকা খরচ

:তে হয় খরচ করতে হবে। আমি জানাই অনেক সাংবাদিক বন্ধু আমার কাছে প্রশ্ন করেছিলেন পনাদের সরকার আসার পর কি হয়েছে, একটা কথা শুনলে সাংবাদিক বন্ধুরা সুখী হবেন। নীয় সদস্যরা আনন্দিত হবেন যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির আমলে ৮ কোটি টাকায় ৩/৪ বছরে করেছিলেন, আমাদের মন্ত্রীসভা আসার পর আমাদের কাছে নতুন স্কীম এসেছে ১৫০ কোটি ার বেশী। ২০৮ কোটি টাকার স্কীম ওয়েস্ট বেঙ্গল ইণ্ডাষ্ট্রীয়াল কর্পোরেশনের কাছে এসেছে, মধ্যে ৫৮ কোটি টাকার স্কীম আমাদের মন্ত্রীসভা আসার আগে ছিল, মন্ত্রীসভা হবার পর ১৫০ টি টাকার স্কীম ৩ মাসে এসেছে। এইভাবে যদি আমরা একটা ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেণ্ট ন নিয়ে চেষ্টা করতে পারি তাহলে কেন ৫ বছরে যে চেষ্টা করছি সেটা করতে পারব না? যে ১৫০ কোটি টাকার স্কীম এসেছে এটা শঙ্কর বাবুর ফাইভ ইয়ার প্ল্যান থেকে নিয়ে করতে : না। যে যে জিনিষগুলি স্কীম হয়ে গেছে তার মধ্যে আছে সিমেণ্ট প্ল্যাণ্ট ফর পুরুলিয়া, লেটার অব ইনটেণ্ট এসে গেছে, তার কাজ খুব শীঘ্র হবে। দুর্গাপুরে একটা স্ল্যাক সিমেণ্ট স্যাংসান রয়েছে যে স্যাংসান আগেই এসেছিল, কিন্তু দেশে অব্যবস্থার জন্য তাঁরা কাজ সুরু :তে পারেননি, সেই ফ্যাক্টারির কাজ সুরু হবে। তার কর্তৃপক্ষকে ডেকে পাঠিয়েছি, কালকে টার সময় দেখা করতে আসবেন। আপনাদের কাছে এ্যালয় ষ্টিলের কথা বলেছি। এছাড়া াটোমোবাইল টায়ার এবং টিউব যার লেটার অব ইনটেণ্ট তারা জানিয়ে দিয়েছেন পাব, নাইলন , ফিলামেণ্ট ইয়ার্ণ, আর একটা হচ্ছে প্রিসিসান ওয়াচ। দার্জিলিং-এর যদি সদস্য থাকেন তাঁকে াতে চাই হিন্দুস্থান মেসিন টুলস আমাদের সঙ্গে একসঙ্গে কোলাবোরেট করে দার্জিলিংএ এই ক্টারি তৈরী করবে। এই প্রিসিসান ওয়াচে ৪/৫ শো লোকের কাজ হবে। এতে : কোটি া খরচ হবে। আপনাদের কাছে যেটা বলছিলাম আমাদের কাছে স্কীম এসেছে এবং স্কীম নিয়ে জ করা আমাদের পক্ষে সুরু হয়ে গেছে। আমি আপনাদের কাছে শুধু এটুকু বলব যে আমরা প্রোগ্রাম নিয়ে কাজ সুরু করেছি সেই প্রোগ্রাম আমি বিশ্বাস করি যদি দেশের মধ্যে শান্তি খলা বজায় রাখতে পারি যেটা নিশ্চয়ই থাকবে, দেশের মধ্যে বিদ্যুৎ উৎপাদন যেটা খুব জরুরী কার সেই বিদ্যুৎ উৎপাদনের ভার আমার সহযোগী কর্মী বরকত চৌধুরী সুষ্ঠুভাবে বহন করতে রবেন বলে আমার বিশ্বাস। এগুলি যদি করতে পারি তাহলে আমরা এই কাজে এগিয়ে যেতে রব। সামনে লক্ষ্য একটা রেখে, একটা পরিকল্পনা সামনে নিয়ে যাতে করে এগোতে পারি ইভাবে আমরা প্রতিটি পদক্ষেপ নেওয়ার চেষ্টা করছি। আমি আপনাদের সহযোগিতা কামনা াছি। ভারতসরকার যেরকমভাবে সহানুভূতির সঙ্গে পশ্চিমবঙ্গের ব্যাপার বিবেচনা করছেন েষ করে ভারতবর্ষের প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের ব্যাপারে সহানুভূতি নিয়ে সমস্ত জিনিষ বিবেচনা াছেন, তাতে আমি বিশ্বাস করি আমরা যদি পরিকল্পনা নিয়ে এগোতে পারি তাহলে টাকার অভাবে াজ আটকাবে না, পশ্চিমবঙ্গের বেকার সমস্যা সমাধান করতে পারব।

১০ লক্ষ লোককে ডাইরেক্ট কাজ দিতে পারলে আরও ১০ লক্ষ লোক ইনডাইরেক্টলী কাজ য। যদি ৬ লক্ষ লোক কাজ পায় তাহলে তার সঙ্গে আরও ৬ লক্ষের ব্যবস্থা হতে পারে। সব রিকল্পনা সম্বন্ধেই আমাদের চিন্তা করে এগুতে হবে এবং সেইভাবেই আমরা এগুবার চেষ্টা করছি। ামি আশা করি মাননীয় সদস্যেরা তাঁদের যথাযথ উপদেশ দিয়ে আমাকে বাধিত করবেন এবং যাতে ামরা সফল্যলাভ করতে পারি তারজন্য তাঁরা আমাদের ফুলেস্ট কো-অপারেসন দেবেন। এইকথা বলে জেট বরাদ্দ পেশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** Hon'ble Minister, Shri Prafulla Kanti Goosh, will ake a statement.

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এখানে এসে শুনলা আগামী ইস্টবেঙ্গল এবং মোহনবাগানের যে খেলা হচ্ছে সেই খেলার টিকেট সম্বন্ধে সদস্যেরা আগ্র প্রকাশ করেছেন। আমি সদস্যদের জানাচ্ছি যে, প্রতিটি সভ্যের জন্য ২টি করে টিকিটের ব্যবস্থা ক হয়েছে। কাজেই আপনারা দয়া করে চিফ হুইপের সঙ্গে সংযোগ স্থাপন করুন এবং একটি টিকিটে দাম ৩ টাকা ১০ পয়সা। সেটা তাঁর কাছে দিয়ে টিকেট নিতে পারবেন। খেলার ২দিন আগে আ এফ এ-র একজন অফিসার আসবেন টিকেট নিয়ে এবং তিনি বসবেন চিফ হুইপের ঘরে এবং আপনা সেখান থেকে টিকেট নিতে পারবেন।

**শ্রীমহম্মদ শফিউল্লাঃ** এই খেলার টিকটটা আমাদের পাশ হিসাবে দেওয়া যায় না?

**শ্রীনারায়ণ ভট্টাচার্য্যঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শিল্প সৃষ্টি কিভাবে হবে। শি সৃষ্টির মূল উদ্দেশ্য নতুন কর্মসংস্থান। আমাদের যে পুরাতন শিল্পগুলি পশ্চিমবাংলায় আছে সেগুলিতে আজ ২০ বছর ধরে ভ্যাকেন্সী ফিল্ড আপ হয়না। যে সমস্ত লোক কাজ ছেড়ে চলে গেছেন বা মা গেছেন তাদের জায়গায় পূরণ করা হয় না। আমাদের চা শিল্প এবং বিভিন্ন শিল্পতে একই অবস্থা আমাদের যুব কংগ্রেস থেকে একটা দাবী তোলা হয়েছে সেটা খুব ভাল দাবী বলে আমি মনে করি সেটা হচ্ছে প্রত্যেক শিল্পে শতকরা ২৫ জনকে নতুন নিয়োগ করতে হবে এবং ও, টি সিস্টেম বাতি করতে হবে। আমরা আশা করেছিলাম এ সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে কিছু শুনবো এবং এতে আমরা জানি যে রাতারাতি পশ্চিম বাংলায় বহু হাজার ছেলের কর্ম সংস্থান হতে পারে এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে বলেছেন ১৪শ কোটি টাকা খরচ করবেন এবং ৫ বছর ধরে কাজ চল তার জন্য আমাদের অপেক্ষা করতে হয় না। আজকে কায়েমী স্বার্থ বুরোক্র্যাশীর জাল ঐ রাইটা বিল্ডিং-এ ঐ তেরোতলা সেক্রেটারীয়েটে বিস্তার করে আছে। আমাদের উপর তলার অনে বড় বড় অফিসারদের আমি জানি যারা নিজেকে ওদের কাছে বিকিয়ে দিয়ে আছে, যাদের জ আজকে কো-অপারেশন মুভমেন্ট ফেল করেছে, যাদের জন্য পাবলিক আণ্ডারটেকিং পশ্চিমবাংলা এগিয়ে নিয়ে যেতে পারে নি। আমি জানি আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বৈপ্লবিক কিছু কর ভয় পাচ্ছেন, ইতস্তত করছেন। তারপরে স্যার, আপনাকে আমি বলতে চাই, আজ পশ্চিমবাংল যে নতুন শিল্প সৃষ্টি হচ্ছে তাতে উত্তরবঙ্গে যথেষ্ট নতুন শিল্প সৃষ্টির সম্ভবনা রয়ে গিয়েছে। কিছু আগে কাগজে লেখা দেখেছি যে আলিপুর দুয়ার মহকুমায় জয়ন্তীতে একটা সিমেন্ট কারখানা স্থাপ করার কথা হচ্ছে। আমি স্যার, বলতে পারি যে এই জয়ন্তীতে উৎকৃষ্ট ডলমাইট পাওয়া যায় সেখানে ডলমাইটের পাহাড় জমে আছে। এই ডলমাইট থেকে সিমেন্ট তৈরী হতে পারে, এ হাজার হাজার যুবকের কর্মসংস্থান হতে পারে। আজকে স্যার, উত্তর বাংলায় সিমেন্ট পাওয়া য না এবং সেখানে সিমেন্টের চোরা কারবার চলছে। তাহলে এখানে যদি ফ্যাক্টরী হয় তবে উত্ত বাংলার লোকেরা সস্তায় সিমেন্ট পেতে পারে এবং হাজার হাজার ছেলে চাকরী পেতে পারে সেখানে ডলমাইটের মধ্যে শতকরা ৪৫ পার্সেন্ট ম্যাগনেসিয়াম আছে। এবং এর থেকে Fertilizer Factory হতে পারে। আজকে পুরুলিয়াতে সিমেন্ট ফ্যাক্টরী হবে, সেটা খুব ভাল কথ সংবাদপত্রে দেখলাম। কিন্তু জয়ন্তীতে ফ্যাক্টরীর জন্য মন্ত্রী মহাশয় সুপারিশ করেছেন কি তা আমরা জানি না। আজকে মাননীয় মন্ত্রীমহাশয়ের বক্তব্যের মধ্যে সেটা বাদ পড়েছে আজকে আমরা দেখতে পাচ্ছি যে উত্তরবাংলা সব দিক থেকেই অবহেলিত। আজকে আমাদের স্যার ৪৫ জন প্রতিনিধি এখানে আছেন, কিন্তু আমার মনে পড়ে যে এই বাজেটে বক্তৃতার জন্য মাত্র ১ জ সুযোগ পেয়েছে যদিও এটা আমাদের দলের কথা এখানে বলা ঠিক নয়। সেইজন্যই বলছি যে উত্তর বঙ্গ আজ সব দিক থেকেই অবাঞ্ছিত এবং উত্তরবঙ্গের মানুষেরা অবহেলিত। সেইজন্য মন্ত্রী মহাশয়ে

আমি বলতে চাই যে উত্তরবঙ্গের দিকে একটু বেশী করে নজর দেবেন এটাই আশা করি। উত্তর বঙ্গে দুটো শিল্প—চা এবং পাট। এই চা শিল্প থেকে হাজার হাজার কোটি টাকা বৈদেশিক মুদ্রা দেশ স্বাধীন হবার পরে অর্জিত হয়েছে। উত্তরবঙ্গ গত ২৫ বছর থেকে অবহেলিত। ডাঃ বি, সি, রায়ের মন্ত্রীসভাও দেখেছি, প্রফুল্ল সেনের মন্ত্রীসভাও দেখেছি, যুক্তফ্রণ্টের আমলেও দেখেছি—উত্তর বঙ্গের মানুষ সব সময় বঞ্চিত হয়ে এসেছে। উত্তরবঙ্গকে যেন কলোনী হিসাবে ব্যবহার করা হয়েছে। নতুন শিল্প এখানে সৃষ্টি হয়নি। চা শিল্প যা ছিল তা বৃটিশ আমলেই হয়েছে এবং চা বাগানে যারা কাজ করে তাদের বেশীর ভাগই রাঁচীর দিকের লোক। প্রকৃত বঙ্গসন্তান বা বাঙালী বলতে আমরা যা বুঝি এখানে মাত্র শতকরা ২০।২৫ জন কাজ করে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, খুব ভাল লাগল আমাদের শিল্প মন্ত্রীমহাশয় তাঁর শিল্প খাতে ব্যয় বরাদ্দ রাখতে গিয়ে বললেন যে আগামী ৫ বছরে ১৪০০ কোটি টাকা ব্যয় করে এই পশ্চিমবাংলায় ১০ লক্ষ বেকার ছেলের চাকুরীর ব্যবস্থা হবে, নূতন শিল্প সৃষ্টি হবে এবং এটা শুধু কোলকাতায় নয়, সমগ্র পশ্চিমবাংলার জেলায় জেলায় এই শিল্প সৃষ্ট করা হবে। তিনি খুব ভাল কথা বললেন এবং ভাল লাগল শুনতে। কিন্তু আমি একটা জিনিস দেখলাম উনি খুব যত্নের সংগে মনোপলিস্ট যারা আছেন, পশ্চিমবাংলায় যারা কায়েমী স্বার্থ দখল করে আছে, কোলকাতা শহরের বাইরে এবং কোলকাতার আশেপাশে ৮৪ ভাগ শিল্প এবং তার সঙ্গে বাণিজ্য যারা দখল করে আছে সেই বিড়লা এবং অন্যান্য যে সমস্ত হাউস আছে, যেমন বাংগুর, থাপ্পার তাদের কথা কিছু বললেন না। আমি এর আগে আর্বান প্রোপার্টি সিলিং-এর দিনে স্ট্যাটিষ্টিক্স দিয়েছিলাম এবং বলেছিলাম। আমি দেখলাম মন্ত্রীমহাশয় আজকে তাঁর বক্তব্যে ওই ধনীদের গায়ে আচর দিলেন না। গরিবী হঠাও আমাদের মহান নেত্রী বলেছেন, আমরাও বলছি। কিন্তু তার সঙ্গে সঙ্গে একথাও বলতে হবে যে, ধনিক হঠাও। আমরা মন্ত্রীমহাশয়ের কাছ থেকে এই জিনিস আশা করি এবং প্রতিটি ক্ষেত্রে এই শ্লোগান দাবী করি। এই জিনিস যদি না করতে পারেন তাহলে ওই গরিবী হঠাও মুখের কথা বা শ্লোগান হয়েই থাকবে। এই প্রসংগে আমরা দেখলাম আজকের খবরের কাগজে একটা খবর বেরিয়েছে—আমরা অবশ্য কালকেই খবরটি পেয়েছিলাম পুরুলিয়াতে যে স্টিল ফ্যাক্টরি হতে যাচ্ছে সেটা বানচাল করবার জন্য বিড়লা তার এজেন্ট দিয়ে পোষ্ট অফিস থেকে কাগজপত্র সরিয়ে নিয়েছে। পরে অবশ্য সুইডেন থেকে অর্থাৎ যাদের সঙ্গে কোলাবোরেশন করে এটা করা হচ্ছে তাদের কাছ থেকে কোটেশনের কপি আনা হয়েছে। এর কারণ হচ্ছে বিড়লা বিহারে ঐরকম একটা ফ্যাক্টরি করছে। আমি জানতে চাই, এই সমস্ত অসাধু ক্যাপিটালিষ্ট যারা আছে, ধনিক সম্প্রদায় যারা আমাদের সমাজকে অক্টোপাশের মত শোষণ করছে সেই বিড়লা সম্পর্কে কি ব্যবস্থা আমাদের সরকার করবেন ?

[5-00—5-10 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর আগে মহারাষ্ট্রের কথা বলেছেন। অন্ধ্র, মহারাষ্ট্র, বিহার, উত্তর প্রদেশ, গুজরাট, যে সমস্ত প্রদেশ শিল্পে যারা এগিয়ে গিয়েছে সেই সমস্ত প্রদেশে বেকার সমস্যা আমাদের মত ভয়াবহ নয়। আমার এখানে পরিসংখ্যান আছে, সময় পাবোনা তবু আপনাকে বলি যে পশ্চিমবঙ্গে যে জনসংখ্যা এটা কিন্তু বিহারের জনসংখ্যা থেকে কম, অন্ধ্রের জনসংখ্যা থেকে কম এবং পশ্চিমবঙ্গে আমরা যে প্রতি বছরে আনুমানিক দ্রব্য পাই সেটা একমাত্র বিহার ছাড়া আর অন্যান্য প্রদেশ থেকে বেশী পাই। বিহার ছাড়া অন্ধ্রের তিন গুণ, এখানে লেখা আছে, স্যার, আর গুজরাট

থেকে বেশী পাই। আমাদের এখানে এগ্রিকালচারাল প্রডাক্টস আছে তার ভ্যালু আপনাকে বলি সেটা বিহার এবং আমাদের প্রায় সমান, সামান্য কিছু বিহারের বেশী। একমাত্র উত্তর প্রদেশ ছাড়া সমস্ত প্রদেশের চেয়ে আমাদের বেশী এবং এছাড়া আমাদের যে ফ্যাক্টরি ইণ্ডাষ্ট্রীস্ আছে তার যে উৎপাদন সেটার যা ভ্যালু সেটাও আমাদের কিন্তু বেশী। একমাত্র মহারাষ্ট্র ছাড়া অন্যান্য প্রদেশের চেয়ে বেশী। তাহলে আপনার পশ্চিমবঙ্গের ২৮ লক্ষ বেকার কেন? তাহলে আজকে পশ্চিমবঙ্গে এত হাহাকার কেন? আমি বলবো, স্পীক'র মহাশয়, তার প্রধান কারণ হল ঐ সেই কায়েমী স্বার্থ। এই পশ্চিমবঙ্গকে কায়েমী স্বার্থ শোষণ করে এসেছে শত শত বছর ধরে। এবং কলকাতা সহর তাদের হেড কোয়াটার, তাদের কি আমরা আঘাত করতে পারবো, মন্ত্রী মহাশয় কি পারবেন? আমি বিধান সভার সদস্যদের কাছে নিবেদন করি আজকে চিন্তা করার দিন এসেছে গরিবী হটাও স্লোগানের স্বার্থে ধনিক হঠাও স্লোগান গড়ে তুলতে হবে।

**কাজী আবদুল গফ্‌ফার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় শিল্প মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ ৭ কোটি ৬৮ লক্ষ ১১ হাজার টাকার অনুমোদন চেয়েছেন এবং চেয়ে যে বক্তব্য রেখেছেন তারজন্য তাঁকে সাধুবাদ জানাই। ১৯৬৭ সাল থেকে যে চার বছর মার্কসিষ্ট কমুনিষ্ট পার্টি পশ্চিমবঙ্গ সরকারের নেতৃত্ব দিয়ে এসেছিল সেই সময় পশ্চিমবঙ্গে যে অরাজকতা দেখা গিয়েছিল তাতে সমস্ত পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো ভেঙ্গে পড়েছিল। এই সরকার আসবার পর সারা পশ্চিম বাংলার বন্ধ কলকারখানা খুলে বহু বেকার এবং শ্রমিক ভাইদের সেখানে নূতন করে চাকরী দিয়েছেন এটা জানতে পেয়ে আমরা খুব খুশী হলাম। পশ্চিমবঙ্গে ২৮ লক্ষ বেকার যুবক। এই ২৮ লক্ষ বেকার যুবকের যদি কর্মসংস্থানের ব্যবস্থা করতে হয় তাহলে শিল্পের উপর বিশেষ গুরুত্ব দিতে হবে এবং মাননীয় শিল্প মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় এটা পরিষ্কার করে রেখেছেন। এই সরকার ও মাননীয় শিল্প মন্ত্রী মহাশয় যে নীতি গ্রহণ করতে চলেছেন সেই নীতিকে স্বাগত জানাই। সঙ্গে সঙ্গে আর একটি কথা, গত ৫ বৎসরে মহারাষ্ট্রে ৮ কোটী টাকা শিল্পের জন্য দেওয়া হয়েছে সেই হিসাবে সারা পশ্চিম বাংলায় যে জনসংখ্যা আছে, যে সমস্যা জর্জরিত অবস্থায় আছে, বেকারীর অবস্থা যা দাঁড়িয়েছে তাতে সেখানে ১৪ কোটি টাকা শিল্পে লগ্নী করার জন্য মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন সেটাই হওয়া উচিত বলে আমি মনে করি। এবং এই সরকারের মাধ্যমে আমরা সেই দাবী জানাচ্ছি। পশ্চিম বাংলার শিল্পের উন্নয়নের জন্য আমাদের পরিকল্পনা চাই এবং মন্ত্রী মহাশয় যে বিশেষজ্ঞদের নিয়ে কমিশন তৈরী করছেন এই কাজের জন্য তাঁদের আমরা সাধুবাদ জানাই। দেশের বেকার সমস্যা যদি দূর করতে হয়, আমরা নির্বাচনের সময় যে প্রতিশ্রুতি আমাদের বেকার যুবক ভাইদের কাছে দিয়েছি, গরীবি হটাও এর যে প্রতিশ্রুতি দিয়েছি, আমাদের ইন্দিরা গান্ধীর বলিষ্ঠ নেতৃত্বে আমরা নির্বাচনের আগে যে প্রতিশ্রুতি রেখেছি তার বাস্তব রূপ যদি দিতে হয় তাহলে আমাদের শিল্পের উপর গুরুত্ব আরোপ করতে হবে। তা না করলে আগামী দিনে পশ্চিম বাংলা ধ্বংসের মুখে চলে যাবে এবং এই কথা বিবেচনা করে আগামী দিনে আরো বেশী করে শিল্পের উপর গুরুত্ব দিতে হবে। প্রয়োজন হলে ১৪ কোটি টাকা কেন দুই হাজার টাকা বা তারও বেশী টাকা শিল্পের জন্য দিতে হবে। এই দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর একটি কথা, আমি যে জেলা থেকে এসেছি সেই ২৪-পরগণা জেলায় ব্যারাকপুর ছাড়া আরো কয়েকটি মহকুমা আছে, তার মধ্যে আছে সুন্দরবন।

[5-10—5-20 p.m. ]

সুন্দরবনের সমস্যা দীর্ঘদিন ধরে আছে, সুন্দরবন সম্বন্ধে ১৯৪৭ সাল থেকে আজ পর্য্যন্ত কোন পরিকল্পনা নেওয়া হয়নি। সুন্দরবনের জমি এক ফসলী জমি, সেখানে প্লাডকে নিয়ন্ত্রণ করার

জন্য বিকল্প ব্যবস্থা নাই। সুন্দরবন একটা সমস্যাসংকুল এলেকা। ২৪-পরগণা জেলার মধ্যে ডায়মণ্ড হারবার সদর এবং বসিরহাট মহকুমা সুন্দরবন কবলিত। অতএব সুন্দরবন এলেকার জন্য বিশেষভাবে চিন্তা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যাম দাবী রাখছি। এই সুন্দরবন এলেকায় ডায়মণ্ড হারবার এবং বসিরহাট মহকুমায় যাতে কুটির শিল্প স্থাপিত হয় সেজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তিনি অবশ্য এই দুটি এলেকাতে—বসিরহাট এবং ডায়মণ্ড হারবারে শিল্পের ব্যবস্থা করবেন এই বক্তব্য রেখেছেন, আমি খুসী হয়েছি এটা হলে এই এলেকা সবচেয়ে বেশী উন্নত হবে। এই সুন্দরবন এলেকার ব্যারাকপুর মহকুমা বাদে আর যে কয়টি মহকুমা আছে ২৪-পরগণা জেলার, সব কয়টি মহকুমাই শিল্প অনগ্রসব এলেকা বলে ঘোষণা করার জন্য দাবী জানাচ্ছি। আপনার মাধ্যমে একথা বলে অমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীচন্দ্রনাথ মিত্র** : মিঃ ডেপুটি স্পীকার স্যার, শিল্প বাণিজ্যে যে ব্যয় বরাদ্দের দাবী আজকে এই সভায় রেখেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে আমাদের পশ্চিম বাংলা শিল্পে এবং বাণিজ্যে অতিশয় পেছনে পড়ে গেছি। কি কারণে এটা ঘটেছে এবং এই অবস্থায় এসে দাঁড়িয়েছি সেটা বিশেষভাবে বিবেচনা করা দরকার। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে আমরা তিনটি ডিষ্ট্রিকট ছাড়া বাদ বাকী ডিষ্ট্রীকটগুলি আণ্ডার ডেভেলপড এবং কেন্দ্রীয় সরকারের প্লানিং কমিশনও একথা স্বীকার করে নিয়েছে। চিন্তা করে দেখুন আমাদের এমন একটা দিন ছিল ভারতবর্ষের মধ্যে সমস্ত ষ্টেটের মধ্যে পশ্চিম বাংলা ছিল মোষ্ট ডেভেলপড। ২৫ বছর স্বাধীনতা ভোগ করার পর হয়ে গেছি আণ্ডার ডেভেলপড। এই অবস্থা আমাদের একদিনে হয়নি, নিশ্চয়ই পশ্চিমবঙ্গবাসীদের কতগুলি ক্রটি ছিল, ভুল ছিল পরিকল্পনায়, যার জন্য এটা হয়েছে। আপনি স্যার, জানেন যে গ্রস ন্যাশনাল প্রডাক্ট যদি বাড়ান যায় তাহলে জেনারেল ডেভেলপমেণ্ট বাড়ে পারমিটেশন থিওরী অনুযায়ী। দেখা গেল তা হয়নি, শুধু পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষেই হয়নি, পারক্যাপিটা ইনকাম বাড়েনি। দেখা গেল যারা ধনী ছিল আরও ধনী হয়েছে, কিন্তু গরীব গরীবই থেকে গেল। সারা ভারতবর্ষের ২২ কোটি মানুষের জন্য দরিদ্রদের জন্য ২০ টাকা করে পার ক্যাপিটা ইনকাম বাড়াবার পরিকল্পনা করা হল, প্লানিং কমিশন করা হল। আপনি চিন্তা করে দেখুন ২২ কোটি মানুষকে বাঁচাবার জন্য মাসিক ইনকাম ২০ টাকা করে ব্যবস্থা করা যায় কিনা। সেই জন্য আমাদের এই যে পরিকল্পনা তৈরী হচ্ছে এর সবচেয়ে বেশী ডিফেক্ট হচ্ছে যে, আমাদের দেশে আমাদের শিল্পে ব্যবসা বাণিজ্যে কোন ক্ষেত্রেই বাঙ্গালীর স্থান নেই। সব দিকে আমাদের দেশের শিল্প উন্নয়নের জন্য যারা কাজ করবে তারা মাইগ্রেটারি ওয়ারকার, তারা কেউ এদেশের বাসিন্দা নন। আজ সারা ভারতবর্ষের সমস্ত কিছু সাপ্লাই করা হচ্ছে, সারা ভারতের যে চাহিদা তা সাপ্লাই করা হচ্ছে। কোল, বিভিন্ন ক্ষেত্রে জুট যা প্রধান পশ্চিম বাংলায় এই সব দিয়ে সারা ভারতবর্ষকে বাঁচিয়ে রেখেছে। কিন্তু কোল হোক বা আমাদের দেশের যত ইনডাস্ট্রী সেই সব ইনডাসট্রিতে আমাদের দেশের লোকের স্থান নেই। যদি না লোকাল পার্টিসিপেসান হয় তাহলে রিজিওনাল ডেভেলপমেণ্ট হতে পাবে না। এই কথা আজ কেউ চিন্তা করছেন না। কোন পার্টিসিপেসান নেই পশ্চিম বাংলার—তাই আমি বলছি বার বার যে লোকাল পার্টিসিপেসান ছাড়া হতে পারে না। আমরা প্রভিনসিয়াল নই। সারা পশ্চিম বাংলায় যে দেশের মানুষ চাকরী করেন, ব্যবসা করেন—এদেশের যদি উন্নতি করা না হয় তাহলে কিছুতেই হবে না। কিন্তু এর গ্যারাণ্টি পাচ্ছি না। আমরা ভবিষ্যতে কোন পরিকল্পনা করবো সে গ্যারাণ্টি পাচ্ছি না। সেইজন্য আমি অনুরোধ করবো যে ১৪০০ কোটী টাকার যে পরিকল্পনা করা হয়েছে তার মধ্যে ব্যবস্থা করা।

(এই সময় লাল আলো জ্বলার জন্য সদস্য বসিয়া পড়েন)

**শ্রীসত্য ঘোষালঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে যে বিষয়টা নিয়ে বলতে উঠেছি এখানে মাননীয় শিল্প মন্ত্রী তরুণবাবু যে জিনিসটা ঠিকভাবে দেখতে পারলে সুখী হতাম। অর্থাৎ তরুণবাবুর মনের মধ্যে তারুণ্যের পরিচয় যদি দিতেন তাহলে ভাল লাগতো। কারণ তিনি কথা তুলেছেন যে কোন পরিকল্পনা বা যে কোন কিছুর উদ্দেশ্যই হল দেশের জনসাধারণের ভাল করা, দেশের সাধারণ মানুষের চাকরী দেওয়া, দেশে কলকারখানা শিল্প গড়ে তোলা, যাতে না কি বেকাররা কাজ পায় এবং সাধারণ মানুষের যাতে উপকার হয়। আমি তাঁর সঙ্গে এক মত। সুতরাং সেদিক থেকে আমি তরুণ বাবুকে স্মরণ করিয়ে দিই প্রথমে এমন একজন লোকের কথা যার কথায় কেউ আপত্তি করবেন না, এই বিধান সভায়ও কেউ আপত্তি করবেন না। আরম্ভ করেছেন এই বলে "I have seen again the throbbing agony of India's masses, the call of their ages for relief from the terrible burdens they carry." পণ্ডিত জহরলাল নেহেরুর কথা বলছি। ফরিদপুর কংগ্রেসে আমি দেখছি পণ্ডিত নেহেরু ভারতীয় জনসাধারণের প্রচণ্ড বেদনা তাঁদের চোখের কান্না for relief call of their eyes for relief from the terrible burdens they carry তরুণবাবুও তাই বলেছেন। তিনি বলেছেন কর্মসংস্থান করবেন, কাজ দেবার জন্য তিনি আজ শিল্পখাতে ব্যয় বরাদ্দ চেয়েছেন এবং আমরা তা মঞ্জুরী করবো। কিন্তু তার সঙ্গে পণ্ডিত নেহেরু একটা কথা বলেছেন সেটা তিনি বলতে ভুলে গিয়েছেন। তিনি বলেছেন "We have got rid of slavery in the narrow sense of the word that a man can be the property of another. But a new slavery of exploitation in some way worse than the old has taken its place all over the world. In the name of individual freedom, political and economic system exploit human beings and treat them as commodities. And if the spirit of the age demands equality it must necessarily also demand an economic system which fits with it and encourages it. Economic change is necessary. Such a change would mean an upsetting of the present-day acquisitive society based primarily on the profit motive. That change would have to be in the direction of a democratically planned collectivism. It will mean the public ownership of the basic and major industries." পণ্ডিত নেহেরু যা বলেছিলেন আমি তাই বললাম। এখানে তরুণবাবু আগের কথাটা বলেছেন কিন্তু তিনি পরের কথাটা বলতে ভুলে গিয়েছেন।

[5-20— 5-30 p.m.]

যেমন আমার এক বন্ধু এটাই বলেছিলেন—সকলকেই তো আক্রমণ করা হয়েছে—এবং ভালও বলা হয়েছে। দারিদ্রকেও আক্রমণ করা হয়েছে, গরিবীকেও আক্রমণ করা হয়েছে। ভাল কথা, কিন্তু তার সঙ্গে সঙ্গে একচেটিয়া পুঁজিকে আক্রমণ করলে কী ক্ষতি হতো? তরুণবাবু কি মনে করলেন—একচেটিয়া পুঁজিকে আক্রমণ করলে সোসালিষ্ট হয়ে যাবেন? সোসালিজিমকে ভয় নাই। আমি ওঁকে স্মরণ করিয়ে দিচ্ছি—উনি নিশ্চয়ই জানেন Anti-monopoly legislation is not even anti-capitalists. তা সোসালিজম নয়। Anti-monopoly legislation যদি পাস করা যায়—সেটা এমন কি anti-capitalistric হবে necessarily তারও কোন মানে নাই? কারণ অনেক Capitalist কান্ট্রিতে এই রকম হয়েছে। ১৮৯০ সালে আমেরিকাও এই anti-monopoly legislation নিয়েছিল। ১৮৯০ সালে শারম্যান Act মারফৎ তারা এজিনিস নিয়েছিল। সুতরাং এত কিছু কারণ ছিল না—monopoly সম্পর্কে কিছু বলার। কারণ ঐটাই আমরা আশা

করেছিলাম। আমাদের ধারণা হয়েছিল monopoly Capital আমাদের দেশে আমাদের শিল্প-প্রগতিকে বাধা দিচ্ছে এবং তার অগ্রগতি ব্যাহত করছে। কিভাবে তা করছে? ধরুন আমরা এই বিধান সভায় সংবিধান সংশোধনী amendment বিল পাস করেছি: পার্লামেন্টেও সেই বিল পাস হয়েছে। কাদের বিরুদ্ধে? না, দেশীয় রাজন্যবর্গের ভাতা আমরা কেড়ে নেবার কথা বলেছি। সেই বিল আমরা পাস করেছি। কত টাকা তাঁরা নিতেন? ৫ কোটি টাকা? আর এরা? এই বড় বড় monopolist, বড় বড় একচেটিয়েরা কত টাকা নেয়? তার হিসেব আমার চেয়ে তরুণবাবু ভাল জানেন। যে হিসেব তিনি দিতে পারবেন। আমার সময় কম—, সে হিসেব আমি এখানে দিতে চাই না। এরা কিভাবে শোষণ করে? এরা বড় অক্টোপাশের ৮।১০টা শুঁড় দিয়ে মানুষের রক্ত শুষে নেয়। যেমন ধরুন একজন monopolist কলকারখানার মালিক শ্রমিকদের রক্ত নিংড়ে নিংড়ে শোষণ করে। এখন তার রূপ হলো যেমন আমাদের শাস্ত্রের দশাবতারের ক্ষেত্রে আছে—"কেশবঃ রূপ নরহরি রূপ জয় জগদীশঃ হরে।" এখানে মালিক রূপে জয় জগদীশ হর। তারপর শ্রমিককে শোষণ করবার জন্য এখানে মালিক। আবার কোথায় খেলেছে অন্যরূপে সব জমিদার—? এখন সব ভূত-জমিদার, বিরাট বিরাট জায়গা তারা দখল করে এবং সেখান থেকে সস্তায় কাঁচামাল কেনে। যেমন টাটা বিড়লা কিনেছেন। কাল এখানে আলোচনা হয়েছে ৮ টাকা ক'রে কিনেছে বাঁশ ও অন্যান্য জিনিষ কাগজের কল করবে বলে। এই যে কাঁচামাল করে রাখবার জন্য এই কায়দায় কখন কখন এরা আধুনিক রূপ ধারণ করে। তখন তারা আরো ভালো ক'রে করে শোষণ করবার জন্য—কায়দা ক'রে শোষণ করে। অর্থাৎ রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে থেকেও শোষণ করে নেয়। যেমন ধরুন ব্যাংক nationalise করা হয়েছে, Life Insurance nationalise করা হয়েছে—তার ভেতর থেকে টাকা নিয়ে এরা আবার অন্য ব্যবসায় খাটিয়ে মুনাফা অর্জন করে। এটা হলো আধুনিক রূপ। এতেও সন্তুষ্ট না হয়ে মাঝে মাঝে অত্যাধুনিক রূপ নেয় এবং সেই অত্যাধুনিক রূপ নিয়ে ছোট খ ট মধ্যবর্তীয় পুঁজিকে গ্রাস করে নিয়ে তার তখন ফুলে ফেঁপে বড় হয়ে ওঠে। এবং বিলেতী পুঁজি বা বিদেশী পুঁজির সঙ্গে একটা হাত মিলিয়ে গাঁটছড়া বেঁধে আরো বেশী করে শোষণ করবার ব্যবস্থা করে এবং বিভিন্ন কায়দায় শোষণ করে। এই অবস্থায় আমরা আমাদের দেশের অর্থনীতিকে বাঁচাবো কি করে যদি আমরা এই শোষণের বিরুদ্ধে লড়াই না করি? সেই জন্য আশা করেছিলাম আজকের দিনে তাই এই monopoly সম্পর্কে তরুণবাবু কিছু বলবেন এবং বড় পুঁজিকে খর্ব করবার জন্য কি ভাবছেন সে সম্বন্ধে বলবেন। তিনি অবশ্য বলেছেন। তবে বলেছেন উল্টো করে। তিনি ভেবেছেন—তিনি এখন থেকে দেশে কলকারখানা ও অন্যান্য শিল্প গড়ে তুলবার জন্য সেই ১৪শো কোটি টাকার কথা ভেবেছেন। তার জন্য তিনি ভেবেছেন প্রাইভেট পুঁজিকেও তা করতে দেওয়া যায়, এমন কি বিলেতী পুঁজিকেও করতে দেওয়া যায় এবং বিদেশী পুঁজিও কিছু কিছু আনা যায়। এই সব না হলে নাকি অর্থ-সংস্থান হয় না। তারপর তার মনে পড়েছে—ব্যাঙ্ক ও লাইফ ইনসুরেন্স ইত্যাদি থেকেও বোধ করি অর্থ আনা যায়। এই রাস্তায় হবে কিনা। এটা চিরাচরিত পথ। এই রাস্তায় ভারতবর্ষ এবং বাংলাদেশ অনেকদিন থেকে চলেছে। স্বাধীন হবার পর থেকে ২৫ বছর ধরে দেখেছেন আমাদের দেশে এই পথে শীঘ্র শিল্পায়ন সম্ভব হয়নি। সুতরাং এপর্যন্ত যে পথে আমরা পরীক্ষা করেছি, আমরা এর পরেও এই পথে চলবো কি না, অন্য কোন নতুন পথ নেব? এ বিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে বলি। এখন প্রশ্ন উঠবে এখানে এবং উঠেছে ও অন্যান্য দিনের আলোচনাতে শুনেছি। মন্ত্রী মহাশয় বলেছেন যে, এই সব কথা যখনই আমরা বলি Public undertaking এর কথা বলি, যখনই monopolistদের খর্ব করার জন্য বলি অথবা যখনই রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে কলকারখানা শিল্প ইত্যাদি গড়তে বলি, তখনই প্রশ্ন ওঠে যে আমরা রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রের কথা যদি বলি ওরা তত বেশী

উত্তর দেন এই কথা বলে যে তাতে তো কেবলই লোকসান। ঠিকই রাষ্ট্রয়ত্ত ক্ষেত্রে লোকসান হয়, এবং এই রাষ্ট্রয়ত্ত ক্ষেত্রে লোকসান ছাড়াও আরো নানাবিধ অসুবিধা আছে, এক্ষেত্রে ভালভাবে কাজ চলে না ইত্যাদি এই সব কথা বলে বলে রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে একটা বদনাম করিয়ে দিয়ে আর এক ধরণের পুঁজির পক্ষে ওকালতি করা, ব্যক্তিগত পুঁজির পক্ষে ওকালতি করা। আমরা এই ব্রীফিং ও আশা করি না মন্ত্রী মহাশয়ের কাছে। অবশ্য আজকে উনি তা করেন ওঁর বক্তৃতায়। কাজেই মনে হচ্ছে তাঁর এই রকম একটা ধারণা আছে, আমরা ও জানি রাষ্ট্রয়ত্ত ক্ষেত্রে অনেক ত্রুটি আছে। সে সব কথা বলে তো লাভ নাই। সুতরাং এ সম্বন্ধে এখানে অনেক কথা বলা যায়। একটি ছোট্ট উদাহরণ দেওয়া যায়—আমাদের পশ্চিমবঙ্গ সরকার অনেকগুলি কাজ করেছেন রাষ্ট্রয়ত্ত ক্ষেত্রে যেগুলির কথা আমরা শুনছি বৃহৎ পুঁজিকে fund করে রেখেছেন। তার সঙ্গে তো তাঁরা লড়তে পারেন নাই। তবুও সেটা এরা করেছেন। এবং গত কয়েক বছরে ৭৬ কোটি ৪৮ লক্ষ টাকার মত এরা বিনিয়োগ করেছেন পশ্চিম বাংলায়।

আমরা জানি এর ভিতরে ধরুন দুর্গাপুর প্রকল্প আছে। সব চেয়ে বড় মজার কথা ৬১ কোটি টাকা খরচ হয়েছে '৬৩ থেকে '৭১ এর মধ্যে। লোকসানও হয়েছে—বেশ ভাল টাকা লোকসান হয়েছে, তার গড় করলে দেখা যাবে দৈনিক লোকসান এক লাখ টাকা। তেমনি বলা যেতে পারে Electro-Chemical-এ ২৬ লক্ষ টাকা খরচ করা হয়েছে, '৬২ থেকে '৬৮র মধ্যে—লোকসান হয়েছে ৪ লাখ ৬৩ হাজার টাকা। তেমনি বলা যেতে পারে কল্যাণী সুতা বলে ৫ কোটি ৬৮ লক্ষ টাকা খরচ করা হয়েছে, যেখানে লোকসান হয়েছে ৩৬ লক্ষ টাকা। এখন এগুলো আছে। কালকেই দেখেছিলাম অমৃত বাজার পত্রিকায় অনেক হিসাব বেরিয়েছে দুর্গাপুরে কি কি সমস্ত লোকসান হয়েছে। আমি সে সমস্তর মধ্যে যেতে চাই না। তেমনি আমি উদাহরণ দিতে পারি Oriental Gas Co. ৮১ লক্ষ টাকা এতেও খরচ হয়েছে '৬২ থেকে '৬৮ এর মধ্যে. লোকসান হয়েছে ২৮ লক্ষ ৩৬ হাজার টাকা। মাননীয় মন্ত্রী মহাশয় নিজেও কিছুটা জানেন এই Gas Co. এর ব্যাপারে উনি অনেক সময় interference করেছেন, তার জন্ত আমি তাঁকে আমার ধন্যবাদ জানাই। তথাপি এই Gas Co এর ইতিহাসটা দেখুন যে কিভাবে লোকসান হয়, এবং এ থেকেই বোঝা যায় রাষ্ট্রয়ত্ত প্রতিষ্ঠান থেকে কিভাবে লোকসান হয় এবং তার প্রতিকার কিভাবে হয়। ধরুন এই Oriental Gas Co. ছিল সুরজমল নাগরমলদের, যন্ত্রপাতি যখন একেবারে শোচনীয় অবস্থায় পৌঁচল, আর কাজ চলছে না, এবং সুরজমল নাগরমল ডুবতে গেলেন, তখন সরকার এই companyটির দায়িত্ব নিজের হাতে নিলেন, তাতে ওদের একটু উপকার হ'ল। সরকার মনে করলেন তোমাদের অনেক ক্ষতি হয়েছে, আমরা এবার নিই। বিধান বাবু তখন স্বপ্ন দেখেছিলেন, দুর্গাপুর থেকে gas আনবেন এবং কলকাতাকে ধোঁয়ামুক্ত করবেন। সেই gas বিতরণের ভার পড়েছিল Oriental Gas Co.র উপর। কিন্তু companyর সামর্থ ছিল না তা না থাকার ফলে দুর্গাপুর প্রকল্পের থেকে সস্তা দরে এরা যে gas নিয়েছিলেন তার ফলে সরাসরি লোকসান হয়ে গেল ২৪ লাখ টাকা। তখনও এই প্রশ্ন উঠেছিল যে এই রকম একটা অচল অবস্থার কোম্পানীকে নেওয়া যাবে কি করে, সে অবশ্য অনেক দিন আগেকার কথা। কিন্তু নেওয়া গেল, শুধু তাই নয় আমার কাছে বোধ হয় Actটা আছে, আমি অবাক হয়ে গেলাম, ১৯৬০ সালে একবার এটাকে নেওয়া হয়েছিল, তখন compensation এর ব্যাপারটা পাশ হয়নি। এখন অবশ্য মাননীয় তরুণ বাবুর বাজেটে ধরে রেখেছেন ৬ লাখ টাকা, আমি জানি সেটা দিতে হবে না, তার কোন হিসাব হয়নি এখনও, কত দিতে হবে তাও ঠিক নেই, ওটা মাত্র ধরে রাখা হয়েছে—হিসাব যখন হবে তখন দেবে। কিন্তু এখন আমি দেখছি '৬৮ সালে রাষ্ট্রপতি শাসনের আমলে আবার সেটাকে করা হয়েছে। একবার এই Actটা পাশ করা হয়েছে এবং সেই কম্পেনশেসনটা বলে

রয়েছে। সুপ্রীম কোর্টের রায়ের সঙ্গে জড়িয়ে অন্যান্য জায়গার ব্যাপার নিয়ে জড়িয়ে সেটা এখন ঝুলে রয়েছে। কিন্তু এই কোম্পানীর বাস্তব অবস্থাটা কি? আমার কাছে ওদের সম্পর্কে কিছু তথ্য আছে। আমি সেটা এই বিধান সভায় উপস্থিত করতে চাইছি। কারণ বেশী সময় নেই অনেকগুলি উদাহরণ দিতে পারব না। ধরুন এই Oreintal Gas Co. সম্বন্ধে যা বললাম, এদের আরও অদ্ভুত বিচিত্র জিনিষ আছে। এদের কোন ব্যালেন্স সীট নেই। এরা কোন ব্যালেন্স সীট প্রকাশ করেন না। এই Oriental Gas Co.কে নিয়ে নেবার পর থেকে W. B. Govt. যখন থেকে এটাকে নিয়ে নিয়েছে তখন থেকে কোন টাকার proper প্রফিট এ্যাণ্ড লস দেখানো হয়নি। এরা যে account দেয় তার নাম হল High Brid A/C এবং তার মাঝে হল কত এলো কত গেল যাকে আপনি Proper Accountany বলতে পাবেন না। বলতে পারেন mearly financial statements এবং এই রকম একটা financial statement দিয়ে এরা চালিয়ে দিচ্ছেন, কত এল কত গেল আপনি কিছুই বুঝতে পারছেন না। এদের যে Administrator আছে সেই ভদ্রলোক তার ভাল তকমা আছে, আমরা যখন আমলাতন্ত্রের কথা বলি, তিনি ক্ষেপে যান, একটু তিনি বোঝাবার চেষ্টা করেছিলেন। মন্ত্রীমহাশয় বলবার চেষ্টা করছিলেন সকলে খারাপ নয়, সকলে খারাপ আমরা কেউ বলি না, ধরুন ঐ একজন ভদ্রলোক, I. A. S. একজন অফিসার। তিনি লোককে বলেন আমি দুর্গাপুরে ছিলাম; ১৫ হাজার, ২০ হাজার কর্মচারী নিয়ে কাজ করেছি, তোমরা Oriental Companyকে gas দেবে। আপনারা কিছুই gass দিতে পারবেন না। আমরা অনেক দেখেছি। এই ভদ্রলোক একদিন office যাননি, বললেন যে gas companyর যে office রয়েছে তার চেহারা কেমন? সেখানে gas হয় না অন্য কি হয় তা তিনি জানেন না। অথচ উনি সুদূর আরব সাগরের প্রান্তে চলে গিয়েছিলেন বম্বাইতে gas সম্পর্কে অনুসন্ধান করার জন্য। যিনি এখানে বসে Oriental Gas Companyর office যাবার কখনও অবসর পাননি, Administrator হবার পরে, তিনি বম্বে চলে গিয়েছিলেন তদারকি করতে এবং সেখান থেকে ঘুরে এসেছেন। এই ভাবে Administrator ভদ্রলোক আছেন। তিনি এখন বলে বেড়াচ্ছেন—না, না, Oriental Gas Companyতে কে বলে লোকসান? ওখানে প্রচুর লাভ হচ্ছে। তোমরা যে লোকসান দেখছো ও মায়া, ওখানে profit হচ্ছে, বিরাট লাভ, profitটা কি রকম? profitটা আরো interesting। profit হচ্ছে এই আগে যখন ওখানে মার্কসবাদি কমিউনিষ্ট পার্টির ইউনিয়ন ছিল তখন ওদের প্রতাপে বা প্রকোপে যাই বলেন, বকেয়া পাওনা যা তা পড়ে ছিল আদায় করা সম্ভব হয় নাই। এখন গত ২।৩ বছরের বকেয়া পাওনা আদায় হচ্ছে। সেই আদায় হচ্ছে Administrator সাহেব দেখাচ্ছেন। এই দেখ, কি রকম profit হচ্ছে, এবং দ্রুত profit হচ্ছে ওটা আসলে profit নয়, ওটা আসলে হল বকেয়া পাওনা আদায়। শুধু তাই নয়, আমি আর একটি প্রশ্ন দিতে পারি যখন বেসরকারী ছিল এটা তখন gas companyতে '৫৭ সালে ১০ লাখ টাকা মুনাফা হয়েছিল। যখন consumer ছিল ৬ হাজার, আর এখন consumer হয়েছেন ১৬ হাজার মুনাফা এসে একজায়গায় দাঁড়িয়েছে। কোন নড়ন চড়ন নেই, একজায়গায় স্থির হয়ে আছে। মুনাফা সেই ১০ লাখে দাঁড়িয়ে আছে। কর্মচারী বাড়ছে কমছে। সময় আমার কমে আসছে আমাকে আর একটু সময় দেবেন যাতে আমি এটা শেষ করতে পারি। এখানে আরও মজার ব্যাপার হচ্ছে এখানে বকেয়া যে সমস্ত পাওনা বললাম আদায় হয়েছে, আরও কারণ হচ্ছে কি এখানে একটি বিরাট workshop আছে।

[5-30—5-40 p.m.]

তাতে ধরুন নানা রকম মেকানিক্যাল যন্ত্রপাতি আছে—মেশিন টুলস আছে। ড্রিলিং মেশিন আছে, আয়রন ওর আছে, ফাউনড্রিস আছে, ফেরস ফাউনড্রিস আছে, স্মিথি আছে ইত্যাদি

আছে, অথচ আশ্চর্য্য এটা অচল হয়ে পড়ে রয়েছে, এটাকে ব্যবহার করা হয় না। তার ফলে এইসব জিনিষ বাইরে থেকে আনতে হচ্ছে, কনট্রাকটরকে দিয়ে। মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন, সেখানে নিশ্চয় খোঁজ খবর করেছেন। তবে তাঁকে আমি বলব এই যে কনট্রাকটরকে দিয়ে কাজ করানো হচ্ছে তাতে যে শুধু তার লাভ হচ্ছে তাই নয় এটাকে যদি ব্যবহার করা হোত বা এইসব মেশিন কাজে লাগানো হত তাহলে ৫শো লোক কাজ পেতে পারতো। কাজেই আমি আশা করবো মন্ত্রী মহাশয় নিশ্চয় এ দিকে নজর দেবেন যাতে ৫শো লোক কাজ পায় এবং ঐ কনট্রাকটরকে দিয়ে কাজ করানো না হয়। তারপর স্যার, আর একটা গুরুত্বপূর্ণ কথা বলব। এই গ্যাস কোম্পানীর যে ওয়েষ্টেজ হয় সে সম্পর্কে বলতে গিয়ে আমি যে সারা দুনিয়ার ওয়েষ্টেজের একটা লিমিট আছে যে এতটা লিকেজ হতে পারে, ৫ পারসেন্ট লিকেজ হতে পারে। ইন্টারন্যাশনালি ইট ইজ এ্যাকসেপটেড ৫ পারসেন্ট লিকেজ হতে পারে। এই পরিপ্রেক্ষিতে আমাদের দেশের পাইপ লাইন খারাপ, পুরানো ইত্যাদি ধরে নিয়ে আমি ধরতে পারি যে ১০ পারসেন্ট লিকেজ হতে পারে, কিন্তু এখানে হিসাবে দেখানো হচ্ছে ৪০ পারসেন্ট। স্যার, সত্যি কথা যদি বলি তাহলে বলতে হয় ৪০ পারসেন্ট গ্যাস লিকেজ হলে কোলকাতার লোক কি বাঁচতো? যেখানে ইন্টারন্যাশনালি বলা হচ্ছে ৫ পারসেন্টের বেশী হয় না সেখানে না হয় ১০ পারসেন্টই হোক, কিন্তু ৪০ পারসেন্ট হয় কি করে? তাহলে নিশ্চয় কারচুপি আছে। স্যার, এটা শুধু আমার কথা নয়, এখানে যে একটা কমিশন হয়েছিল যার চেয়ারম্যান ছিলেন শ্রী এস. সি. রায়, সেই কমিশনের রিপোর্টেও একথা বেরিয়েছে। কাজেই স্যার, এদিকে মাননীয় মন্ত্রীমহাশয়কে লক্ষ্য দিতে বলব। তা ছাড়া আর একটা গুরুত্বপূর্ণ ব্যাপার বলব। সেখানে শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা পর্যন্ত এরা দেন টু দি এক্সটেন্ট অফ ফর্টি থাউজেণ্ড রুপিস। এক সময় ষ্ট্রাইক হয়েছিল ১৯৫৯ সালে, সেই সময় শ্রমিকদের কনট্রিবিউসানটা দেওয়া আছে, কিন্তু মালিকদের কনট্রিবিউসান এখানে যেটা দেবার কথা সরকার নেবার পর কনট্রিবিউসানের টাকা এরা পাননি টু দি এক্সটেন্ট অফ ফরটি থাউজেণ্ড রুপিস। এইভাবে এই জিনিষটা চলেছে। তা ছাড়া গ্যাসের জন্য আমাদের যে দাম দিতে হয় সেটার দিকে যদি নজর দেওয়া যায় তাহলে সেটাকেও কমানো যায়। কাজেই এসব বিষয়ে মন্ত্রীমহাশয়কে নজর দিতে হবে। কারণ এটা হল দক্ষ হাতে পরিচালনা না করার বা খারাপ হাতে পরিচালনা করার পরিণাম এবং এর ভেতরে একটা চক্রান্ত আছে যে চক্রান্ত হল এইসব জিনিষের ভেতর দিয়ে পাবলিক সেক্টারকে ডিসক্রেডিট করা এবং তা করে প্রাইভেট সেকটারের বা মনোপলি ক্যাপিটালিষ্টের গুণগান করা। মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ এইসব দিকে দৃষ্টি দিয়ে এই অসম্পূর্ণতাকে দূর করবার চেষ্টা করবেন।

**শ্রীতপন চ্যাটার্জীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার শিল্পের অবস্থা, বেকার সমস্যার অবস্থা বাঙ্গালী জাতির উত্থান এবং পতনের সঙ্গে জড়িত। এরজন্য দরকার সুনির্দিষ্ট অর্থনীতি, সুনির্দিষ্ট নেতৃত্ব এবং এমনভাবে আইন প্রনয়ণ করা দরকার যাতে পশ্চিমবাংলায় নুতন নুতন শিল্প গড়ে উঠতে পারে। যখন আমেরিকাতে মন্দা দেখা দিয়েছিল তখন তদানিন্তন রাষ্ট্রপতি রুজভেল্ট তিনি নিউ ডিল পলিসি চালু করেছিলেন এবং নুতন শিল্পের দিক উন্মুক্ত করে দিয়েছিলেন। আজকে পশ্চিমবাংলায় কাঁচা মাল, বাজার, পরিবহণ এবং ব্যাঙ্কের সুবিধা থাকা সত্বেও শিল্প অগ্রসর হচ্ছেনা। তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি যে পশ্চিমবাংলার এই শিল্পকে রক্ষা করতে গেলে কয়েকটি ব্যবস্থা অবলম্বন করা দরকার। প্রথম ব্যবস্থা—নতুন কারখানা স্থাপন, দ্বিতীয়—বন্ধ কারখানা খোলা, তৃতীয়—চালু কারখানাগুলি সম্প্রসারণ এবং চতুর্থ—সরকারী কারখানাগুলিতে লোকসান বন্ধ করা। স্যার, আমার নির্বাচন কেন্দ্রেই কম সে কম ৮ থেকে ১০টি কারখানা বন্ধ আছে, যার ফলে ৫ হাজারের অধিক শ্রমিক বেকার হয়ে রয়েছেন। পশ্চিমবাংলার এই ভয়াবহ বেকার সমস্যা দূরীকরণের

জন্য সরকারের কাছে আমি কয়েকটি গঠনমূলক প্রস্তাব রাখতে চাই। ( ) প্রথম প্রস্তাব Industrial Disputes Act-এর 26 section and 33(c) section amend করা প্রয়োজন এবং কনসিলিয়েসান অফিসারদের ডিসপিউট ডিসপোস করার পাওয়ার দেওয়া দরকার।

(২) প্রতি রবিবার কারখানা চালু করে অন্য যোগান দিয়ে রেখেছে, কম সে কম সেখানে ১/৬ অংশ শ্রমিক কাজে নিয়োজিত হতে পারে এবং উৎপাদন বৃদ্ধি হতে পারে। (৩) যেখানে ২টি সিফট নেই, সেখানে ২/৩টি সিফট এবং যেখানে ১টি সিফট আছে সেখানে ২/৩টি সিফট চালু করা যায় এবং যেসমস্ত আইডেল মেসিন আছে সেই সমস্ত আইডেল মেশিন চালু করে উৎপাদন বৃদ্ধি করা যায়। পশ্চিমবাংলায় কম করে ৩ কোটি টাকা ওভার টাইম বাবদ ব্যয়িত হয়, অবিলম্বে আইন করে এই ওভার টাইম বন্ধ করা প্রয়োজন। লেবার কনট্রাক্ট অবিলম্বে বন্ধ করে শ্রমিক নিয়োগ করে নূতন উৎপাদন বৃদ্ধি করা যায়। •কভেটিয়া পুঁজিপতিদের শিল্প লাইসেন্স দেওয়া সম্বন্ধে সরকারের আরো কঠোর দৃষ্টিভঙ্গী গ্রহণ করা উচিত। সব চেয়ে বড় প্রশ্ন হচ্ছে পশ্চিমবাংলায় বহু কালো টাকা আছে, এই কালো টাকাগুলি বাজেয়াপ্ত করে অবিলম্বে শিল্পে লগ্নী করা প্রয়োজন। উৎপাদন বাড়ানোর জন্য ওয়াগান উপযুক্ত সময়ে পাওয়া যায় না, তারজন্য কাঁচামাল কারখানাগুলিতে উপযুক্ত সময়ে আসতে পারেনা। তাই সরকারের এদিকে দৃষ্টি দেওয়া উচিত, যাতে উপযুক্ত সময়ে ওয়াগনগুলি পাওয়া যায়। আর আই, আর, সি, আই, এবং এন, টি, সি, বলে যে সংস্থা গঠিত হয়েছে ওরা অনেকগুলি কারখানা চালু করার জন্য সাহায্য করছেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা এই আই, আর সি, আই, এবং এন, টি, সি, এতে কোন শ্রমিক প্রতিনিধি নেই। তাই শ্রমিক, মালিক এবং সরকারের প্রতিনিধিদের এতে থাকা উচিত বলে আমি মনে করি। আমার সর্বশেষ কথা হচ্ছে জাতির এই সঙ্কট কালে শিল্প রক্ষার স্বার্থে আমি আপনাকে অনুরোধ করবো যে ওয়েজ ফিজ, ডিভিডেন্ট ফিজ, প্রাইস ফিজ ইত্যাদি অবিলম্বে চালু করা প্রয়োজন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবানীশঙ্কর মুখার্জী**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের শিল্পমন্ত্রী যে গ্রান্টের কথা উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি। অর্থমন্ত্রী একটু আগে এখানে বসে ছিলেন, তিনি ৭ কোটি ৬৮ লক্ষ টাকা বরাদ্দের কথা পেশ করেছেন। আমাদের পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এটা খুবই কম এবং আমার নিজের ধারণা যে মন্ত্রীমহোদয় যদি আরো টাকার ব্যবস্থা করতেন তাহলে বোধ হয় ভাল হত। কিন্তু তার সঙ্গে একটি জিনিস লক্ষ্য করতে হবে যেটা উনি হেডওয়াইজ দিয়েছেন তার প্রত্যেকটি ঠিকমত কাজে লাগছে কিনা। আমি অন্য বিষয়গুলি উত্থাপন করতে চাই না, আমার সময় অত্যন্ত কম। আমি শুধু সিক ইণ্ডাষ্ট্রি সম্বন্ধে একটি কথা বলতে চাই। আমরা দেখতে পাচ্ছি যেসব সিক ইণ্ডাষ্ট্রিগুলিকে আমাদের গভর্ণমেন্ট টাকা দিচ্ছেন চালাবার জন্য সেগুলির প্রাকটিক্যাল এক্সপিরিয়েনসের যেন একটু অভাব হয়েছে। এই সিক ইণ্ডাষ্ট্রি এবং টেক্সটাইল সিক ইণ্ডাষ্ট্রি করতে গিয়ে আমরা কি দেখলাম—পাওয়ার লুম অর্থাৎ তাঁত শিল্পের বেলায় দেখলাম সেখানে খুব জোর আঘাত হেনেছে এবং আঘাত হানার দরুন বহু লোক, আজকের দিনে কর্মসংস্থান চুলোয় যাক, তাদের একদম চাকুরী চলে গেছে। সুতরাং এ বিষয়ে বিশেষ করে চিন্তা করা দরকার এবং এই চিন্তা করে তবেই এই সিক ইণ্ডাষ্ট্রিগুলিকে গভর্ণমেন্টের টাকা দেবার প্রস্তাব আনা উচিত। আমাদের পশ্চিমবঙ্গের কয়েকটি ইণ্ডাষ্ট্রিতে আমরা ভারতবর্ষের মধ্যে প্রথম ছিলাম। অথচ আজকে এ বিষয়ে আমাদের মন্ত্রী মহাশয় বললেন এখন আমরা অনেক পিছিয়ে গেছি এবং আমরা সেটা সকলেই জানি। এর কারণ কি, সেটা বিশেষ করে বলবার দরকার নেই। আমি তাই বলতে চাচ্ছি যে ইণ্ডাষ্ট্রি বিষয়ে এক্সপার্ট কমিটি ৪টি কথা বলেছিলেন। আমি বলব প্রত্যেক বিষয়ে এক্সপার্ট কমিটি করা দরকার

এবং এই এক্সপার্ট কমিটি কাদের নিয়ে করবেন—যারা এ বিষয়ে পারদর্শী তাদের নিয়ে কমিটি করবেন রবার ইণ্ডাষ্ট্রির কথাই ধরুন। সেখানে একজন ভারতবর্ষে কেন বিশ্ব বিখ্যাত লোক রয়েছেন ডি. ব্যানার্জি, তাঁর সাহায্য আপনারা পেতে পারেন। টেক্সটাইল ইণ্ডাষ্ট্রি যদি করেন তাহ আপনারা তারাপদ চক্রবর্তীর সাহায্য পাবেন, আরো অনেক রকম সাহায্য আপনারা পেতে পারে সবগুলির নাম আমি করেবো না।

[5-40 5-50 p.m.]

আমি বিশেষ করে বলছি আজকের দিনে এই industry যদি ভাল করে বিবেচনার সঙ্গে tackl করতেন তাহলে যতই প্রশ্ন করি, এটা আপনার কথা ; আমরা শুনেছি plan করি এবং করবো ২০৮ কোটি টাকার প্লান হয়েছে যে শুনলাম যে শিঘ্রই আমাদের দেশের কাজে লাগান হবে কিন্তু যতক্ষণ না লাগান হচ্ছে, তার সবদিক বিবেচনা করে আমাদের দেখতে হবে। সেজন্য আমি বিশেষ করে বলছি সবদিক বিবেচনা করে Expert Committee যখন করবেন প্রত্যেক বিষয়ে Expert Committee করুন এবং practical experience আছে, যারা অতীতে industry করেছেন তাদের নিয়ে যেন এই ব্যবসা চালাবার ব্যবস্থা করা হয়।

**ডঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের সৌভাগ্য যে পশ্চিমবঙ্গ থাচ্ছে স্বয়ংসম্পূর্ণ হতে চলেছে। তাই আজকে সরকারের কাছে অনুরোধ করবো তারা সমস্ত সম্পদ ও শক্তিকে একত্রিত করে শিল্পে নিয়োজিত করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করুন। এজন্য আমি প্রথমে বলবো আমাদের প্রয়োজন দক্ষ ও বিশেষজ্ঞ পরিকল্পকারক। আজকে জাপান মধ্যযুগীয় অবস্থা থেকে শিল্পোদ্যোগে পা বাড়ালো, সেদিন সেই দেশের ছেলেরা দলে দলে শিল্প উন্নত দেশে ছুটে গিয়েছিলো, সেখান থেকে কারিগরি জ্ঞান নিয়ে আবার দেশের শিল্পোদ্যোগে ঝাপিয়ে পড়েছিলো এবং তারা সফল হয়েছিলো। আজকে সরকারের কাছে অনুরোধ আমাদের এই দেশের বহু প্রবাসী সন্তানরা কাজ করছেন, তাদের ডাক দিন। তারা যেন আমাদের সাহায্য করার জন্য এগিয়ে আসেন এবং আমার বিশ্বাস তারা যে কারিগরী জ্ঞান সেই দেশ থেকে আহরণ করেছেন সেটা সম্পূর্ণভাবে এই দেশের উন্নতির জন্য ব্যয় করতে পারবেন। এছাড়া আমাদের দরকার দক্ষ শ্রমিক—তা আমাদের পশ্চিমবঙ্গে যথেষ্ট আছে। আর দরকার কাঁচা মাল বিদ্যুৎ এবং জলের। কাঁচা মাল সম্পর্কে আমার অনুরোধ কেন্দ্রকে এ সম্পর্কে চাপ দিতে হবে। দেখা গেছে একটা প্রধানতা যে, যে সমস্ত রাজ্য বেশী চেঁচামেচি করেন, কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করেন তাদের বেশী সুযোগ সুবিধা দেওয়া হয়। আর বিদ্যুৎ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, আজকে বলা হয়েছে নুতন নুতন শিল্প স্থাপন করা হবে, কিন্তু শিল্পপতিরা পশ্চিমবঙ্গে আসবেন কেন? আজকে বিদ্যুৎ-এর অভাবে কলকারখানা মাঝে মাঝে বন্ধ রাখতে হচ্ছে। শিল্পপতিরা বিরক্ত হচ্ছে। আমি জানি, সাঁওতালদি চালু হবে, কিন্তু এতে আরো অনেকবেশী বিদ্যুতের প্রয়োজন হবে এবং সেজন্য এই বাড়তি বিদ্যুতের প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রেখে আরো অনেক বেশী বিদ্যুৎ উৎপাদনের জন্য পরিকল্পনা প্রয়োজন।

**শ্রীনিতাইপদ ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উন্নয়ন মন্ত্রীমহাশয় গঠন করার কথা বিভিন্ন জেলাতে, যা বললেন, তাতে বীরভূম জেলার নাম না দেখে আমি সত্যই খুব দুঃখিত। আহমেদপুর সুগার মিল যেটা বহুদিন ধরে বন্ধ হয়ে পড়ে আছে সেটা খোলার কোন কথা তাঁর এই আলোচনার মধ্যে কোথাও পেলাম না। এই মিলটি আরম্ভ হয়েছিল আজকে থেকে ১২/১৩

বছর আগে। এখানে ২১ লক্ষ টাকা গভর্ণমেন্ট থেকে ধার নেওয়া হয়েছিল। প্রায় দুই হাজার টন বা ২০ লাখ মণ, আখ পেষাই করবার ক্ষমতা ছিল এবং দেখা গেছে ১৯৫৯-৬০ সালে ৮॥ হাজার মণ ১৯৬০-৬১ সালে ৭৯ হাজার মণ, ১৯৬১-৬২ সালে দুলক্ষ তিন হাজার মণ, ১৯৬২-৬৩ সালে হঠাৎ কমে ৪৬ হাজার মণ হলো এবং ১৯৬৪-৬৫ সালে সেটা বন্ধ হয়ে গেল। বন্ধ কেন হলো, কি তার কারণ, তারজন্য সরকার থেকে একটা পর্যালোচনা করবার দরকার ছিল, কিন্তু তা করা হ'ল না। ২১ লক্ষ টাকা সরকার ঋণ দিয়েছেন এবং বীরভূম জেলার যে একমাত্র industry সেটার ব্যাপারে এরূপভাবে অবহেলা করার কি কারণ, তা জানিনা। এখন শোনা যাচ্ছে, আখ নাকি পাওয়া যাবেনা বলে সরকার এখন চিন্তা করছেন—প্রতি একরে ৬০০ মণ করে আখ হয়, সেটা কম পক্ষে হয়, তাহলে ঐ কলটি চালাবার জন্য দরকার হচ্ছে চার হাজার একর জমি এবং যদি সময়মত আখ সরবরাহ করা হয়, চাষীদের যদি বলা হয় যে কল চলবে, অথচ দেখা গেল কল চললো না, তখন চাষীরা খুব বিপদে পড়ে যাবে আখ পেশাই করার ব্যাপারে। যদি সরকারের কল চালাবার প্রতিশ্রুতি দেন, কোন বছরেই আখের অভাব কোন কারণেই হবেনা। এমনকি ময়ূরাক্ষী, অজয় এবং কুয়ে নদীর ধারে যেসব জমি অবেক্ষে হয়ে পড়ে আছে, খাস land হিসাবে যেখানে আমরা জমি সৎব্যবহার করব বলেছি, সেখানে সেই জায়গাগুলিতে যদি প্রতি লোককে চার একর করে জমি দেওয়া হয় এবং ২৫ জনকে ১০০ একর জমি দিয়ে Co-operative করে দেওয়া হয়, ৪০টি Co-operative অনায়াসে চলতে পারে এবং সরকার থেকে এই mill চালাতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাকে দুমিনিট সময় দেবেন, কারণ পাথরের industry সম্বন্ধে আমার কিছু বলার আছে। CMDA প্রভৃতি বহু উন্নয়নমূলক কাজে আজকে পাথরের অভাব দেখা যাচ্ছে এবং যেখান থেকে আমরা পাথর আনছি, আমাদের বীরভূম জেলার মহম্মদপুর বাজার এলাকা থেকে, সেখানে বহু পরিমাণ পাথরের গুণাগুণ থাকা সত্বেও, সেই পাথরের কোন সৎব্যবহার করা যাচ্ছেনা। কারণ সেখানে বিদ্যুৎ নেই, Railway siding নেই, আমি একটু সঙ্গে পাথর এনেছি, সেটা আপনাদের দেখাচ্ছি এবং এই পাথরের জন্য যদি অবিলম্বে বিদ্যুৎ এবং Railway siding করা যায় তাহলে দেখা যাবে যে ১০০টি Crusher বসতে পারে এবং তাতে Government কয়েক লক্ষ টাকা Royalty পেতে পারেন। এক একটি এই crusher থেকে ১০ জন শিক্ষিত যুবক এবং ১০০ জন শ্রমিকের কাজের ব্যবস্থা হতে পারে। এতে বহুলোকের কর্মসংস্থান হতে পারে। এখানে একহাজার যুবকের কর্মসংস্থান হতে পারে এবং ১০,০০০ হাজার জন শ্রমিকের কর্মসংস্থান হতে পারে। এই Schemeটা রাখার জন্য আমি বিশেষভাবে অনুরোধ করছি।

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের শিল্পমন্ত্রী প্রথমদিকে যেকথা বললেন, সেটা খুবই আশাব্যঞ্জক কথা। সেটা যদি ছাপা হয়ে যায় কাগজে তাহলে তো মানুষ আনন্দে লাফাবে। পরেরটা যখন বেরোবে, বাংলাদেশের মানুষ তখন প্রচণ্ডভাবে হতাশ হবে। উনি বললেন যে জাতীয় আয় বাড়াতে হবে, জাতীয় সম্পদ বাড়াতে হবে এবং সবচেয়ে যেটা কষ্ট সেটা হল লোকের কাজকর্ম নেই এবং কাজের কোন প্রতিশ্রুতি দিতে পারলেননা। আমি আজকে বলতে বাধ্য হচ্ছি, যে পথ আপনি নিচ্ছেন সেই পথটা আজকের ন্যাশানাল পলিশির বিরুদ্ধে। আমরা জানি একসময় মনোপলির বিরুদ্ধে—আপনাদের সকলের মনে আছে, অত্যন্ত দুঃখ করে নেহেরু বলেছিলেন আই ডু নট like the concentration of wealth in the private sector and powerful monopolies. This is harmful and fatal for the society. কিন্তু তখন তিনি তার বিরুদ্ধে। আমরা জানি ১৯৪৮ সালে যখন জাতীয় সরকার গঠিত হয়েছিল তখন সেই সরকারের উপরে প্রাধান্য ছিল যাদের কিছু করতে পারেননি। সেই সাম্রাজ্যবাদী

ঘেঁষা, একচেটিয়া পুঁজির স্বার্থে রক্ষক এবং সামন্ততান্ত্রিক, অর্থনৈতিক অবস্থাকে বজায় রাখার যে নীতি সেই নীতির বাহক যারা তাদের দ্বারাই ভারত সরকারের নীতি নির্দ্ধারণ প্রভাবিত হোতো। তারই ফলস্বরূপ আজকে সারা দেশে এইরকম অবস্থা হয়েছে। নতুন যে সরকার হয়েছে মানুষ সেদিকে তাকিয়ে আছে। সেদিক থেকে এই জাতীয় সরকারের যে মূল নীতি সেটা সাম্রাজ্যবাদের বিরোধী এটা অস্বীকার করার কিছু নেই এবং সেখানে মনোপলির বিরুদ্ধে তারা একটা প্রগতিশীল নীতি নিচ্ছেন এবং সামন্ততন্ত্রের বিরুদ্ধেও। সেইরকম ক্ষেত্রে আপনি নিয়ে এলেন কি? আপনি দেশকে উন্নত করার ক্ষেত্রে একটা জয়েন্ট সেক্টর– সেটা ভারী মজার জিনিস। সেখানে বিদেশী পুঁজিকে আমন্ত্রণ করছেন নতুনভাবে। আপনি আজকে দেশী পুঁজিও একই সঙ্গে গাটছড়া বেঁধে নিচ্ছেন সরকারী পুঁজিও। আপনি জানেন অর্থনীতিতে দুটি পলিসি আছে ন্যাশানাল ডেভেলপমেন্টের নামে একটা পলিসি আছে—যাকে বলে পলিসি অফ প্রফিট। আর একদিকে যদি সেটা ওয়েলফেয়ার স্টেট হয় তাহলে পলিসি নিতে হবে– পলিসি অফ ন্যাশানাল ওয়েলফেয়ার। আপনি কোনদিকে যাচ্ছেন? যেখানে জয়েন্ট সেক্টর হচ্ছে, একদিকে প্রফিটের টানাটানি আর একদিকে আপনার মূলধন ন্যাশানাল ওয়েলফেয়ারের দিকে যদি যায় সেইরকম প্রতিষ্ঠানের অবস্থা কি হবে? সেখানে contradiction-এর মাঝখানে সব সরকারী টাকা নষ্ট হবে। আজকে সোজা কথা এখানে বলতে হচ্ছে, একচেটিয়ার গায়ে কোন রকম হাত দিতে চান না। বিভিন্ন সময়ে মন্ত্রীদের যে বক্তৃতা শুনেছি তাতে জানা যায় যে একচেটিয়াদের কি চরিত্র। ওরিয়েন্টাল গ্যাস সম্বন্ধে মন্ত্রীমহাশয় একটু আগে যে চিত্র দিলেন তাতেও সেই কথাই বোঝা যায়। সেদিন যে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, ডাঃ গোপালদাস নাগ তিনি তাঁর বক্তৃতায় বলেছিলেন পশ্চিমবঙ্গের চা বাগানগুলি খুবই পুরাতন। সংস্কারের অভাবে এবং কিছু কিছু আর্থিক অভাবের দরুণ এই বিরাট শিল্পটি ক্ষয়ের দিকে। এই শিল্পের উন্নতি সাধন করতে পারলে উত্তরবাংলার কয়েকটি জেলার মানুষের জন্য আরও বহু কর্মসংস্থান সম্ভব হবে। আপনারা সকলেই জানেন চা বাগানগুলির অবস্থা এখন যা হয়েছে, তাকে শেষ করে দেওয়া হয়েছে। সেখানে নতুন চা গাছ আর লাগানো হচ্ছেনা। আজকে সেইগুলোর বেশীরভাগ চলে গেছে মাড়োয়ারীদের হাতে। তারা আজকে শুধু প্রফিট ছাড়া আর কিছু জানেনা। এবং দুই এক বছরের মধ্যে এইরকম একটা অবস্থা হবে যে সেখানে আর চা বাগানের কোন অস্তিত্ব থাকবেনা। তখন সরকার যদি সেটাকে হাতে নেন তাহলে সেটা একটা লোকসানের জিনিস হবে। অথচ চায়ের ভিতর থেকে সবচেয়ে বেশী বিদেশী টাকা আমরা অর্জন করতে পারি এবং বহুলোকের কর্মসংস্থানও দিতে পারি।

[5-50—6-00 p.m.]

সেই দিকে একটা নজর পর্যাপ্ত নাই। আজকে চটকল নিয়ে একটা প্রচেষ্টা সম্বন্ধে প্রশ্ন উঠেছে এবং সেই নিয়ে অনেক আলোচনা হয়েছে। আমি সেই নিয়ে খুব একটা বেশী কথা বলতে চাই না। চটকল-এর ব্যাপার নিয়ে পশ্চিমবাংলায় হতাশার সৃষ্টি হয়েছে। কৃষকরা ভেবেছিল তাদের পাটের দর হয়তো বাড়বে। কেন্দ্রে যখন এ পাটের দর নিয়ে প্রশ্ন উঠেছিল, তখন বি. কে, দাস চৌধুরী মহাশয় তিনি পার্লামেন্টে বলেছিলেন যে পাটের কুইন্টাল ১১৫ টাকার জায়গায় ২০০ টাকা হোক। আজকে এইরকম ভাবে যদি পাটের দাম কমে যায় তাহলে একটা বিরাট সংখ্যার কৃষক যারাই আজকে শিল্পজাত দ্রব্যের কনজিউমার তাদেরই অবস্থা খারাপ হয়ে যাচ্ছে, কিন্তু সেখানে এই রকম একটা দর ঠিক করে দিলেন যাতে পাটকলের মালিকরা কৃষকদের ঘাড় ভেঙ্গে আয় করবে এবং প্রচুর মুনাফা করবে। কিন্তু সেই পাটকলের জাতীয়করণের কোন কথাও বলছেন না। আজকে ন্যাশন্যাল পলিসি যদি ন্যাশন্যাল ওয়েল ফেয়ারের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার দরকার হয় তাহলে একচেটিয়া পুঁজিকে

তীয়করণ ছাড়া পথ নাই। এবং কৃষি ভিত্তিক (Agro-Industry) শিল্প গড়ে তুলতে হবে। তীয়তঃ, হলো ন্যাচারাল সম্পদ, প্রাকৃতিক সম্পদ যা আছে সেগুলিকে উত্তোলন, শোধন এবং র ব্যবহার। আজকে ৭৬ ভাগ মানুষ ঐ গ্রামবাংলায় বাস করে। তাদের ক্রয় ক্ষমতা সবচেয়ে কম। দের ক্রয় ক্ষমতা যদি না বাড়াতে পারেন তাহলে কিভাবে ইণ্ডাষ্ট্রীয়াল ডেভালাপমেণ্ট হবে? আজকে দিকে নজর রাখা দরকার। তাই বলে আমি বলছিনা যে বড় বড় ইণ্ডাষ্ট্রী গড়ে তোলা হবে না। মি প্রধানতঃ এই সংখ্যাধিক্য জনসাধারণের প্রতি নজর রাখার কথা বলছি এবং তাদের ক্রয় ক্ষমতা চাবার প্রতি লক্ষ্য রেখে যদি আমরা কুটির শিল্পের উন্নত ধরণের যন্ত্র দিয়ে উন্নতি ও ব্যাপক ভাবে ক্ষুদ্র শিল্প গড়ে তুলতে পারি তাহলে আগামী দিনে এমন অবস্থা সৃষ্টি হবে যাতে সাধারণ মানুষের ক্ষমতা বাড়বে, আমাদের সম্পদ সৃষ্টি হবে এবং বেকার সমস্যার সমাধানের পথ হবে, আমরা এগিয়ে তে পারব। আমি আরও কয়েকটি সাজেশন দিচ্ছি। অবশ্য বললে অনেক কিছুই বলা যায়, মোটামুটি মি এইভাবে রাখতে চাই যে ১৬টি জেলা আছে, সেখানে আজকে কৃষির ক্ষেত্রে কি কি দরকার ছে? সেটা হচ্ছে আমি এগ্রো-ইণ্ডাষ্ট্রীস-এর দিকে লক্ষ্য রাখতে বলছি, আমি বর্তমানে বেসড াষ্ট্রীস-এর কথা বলছি না, বলছি Agro-Industry. এইটা আজকে প্রতি জেলায় হতে পারে এবং প্রসেষ্টার প্রয়োজন আছে। সেখানে কৃষি যন্ত্রপাতি উৎপাদন প্রচুর পরিমাণে করা যায়। আপনি ধ হয় জানেন, অনেকের স্মরণে নাই পুরাণো দিনের লোক হিসাবে মনে করিয়ে দিচ্ছি, ১৯৪৮ সালের গে আমাদের বাংলাদেশ কোদাল সাপ্লাই করত গ্রামের যে কামার তারা। হঠাৎ '৪৮ সালের পর া গেল টাটা কোম্পানী বিরাট প্রতিষ্ঠান যার কাজ বড় বড় কল কব্জা তৈরী করা—সে কিনা দাল তৈরী করতে শুরু করল যে কোদাল ৩ টাকা ৪ আনা করে কামাররা দিত, সেই কোদাল করল ৩ টাকা ২ আনা করে। সুন্দর দেখতে ছিল মার্কা সটাম্প মারা কোদাল বাংলাদেশের ট বাজারে দোকানে দোকানে এল। সেই কোদাল পেয়ে কামারের কোদাল আর কেউ কেনেনা ই টাটা কোম্পানীর কোদাল কিনতে লাগল। কোদাল মানুষের একটি নিত্য প্রয়োজনীয় নিস, যার আজকে চাষ নেই নালা কাটার জন্যও তাকে একটা কিনতে হয়। আজ আমরা দেখছি যা ঐ টাটার কোদাল যার এখন দাম ৮ টাকার উপর, সেই কোদালের বাজার টাটা কোম্পানী ন নেওয়ার ফলে কামার আজ ধ্বংস হয়ে যাচ্ছে—তার স্থান আজ স্টেট রিলিফের কাজে। এই অবস্থা গ্রামের কুটির শিল্পে তাদের উন্নতি কেমন ভাবে করবেন, যদি না টাটাকে ন্যাশানালাইজ তে পারেন? যদি ন্যাশানালাইজও না করতে পারেন অন্তত তার যে কোদাল কারবার লাইসেন্স য়েছে সেটাও অন্ততঃ কেটে দিন।

আপনার পথে গ্রামীণ শিল্পের উন্নতি হবে না। আপনি খোঁজ করবেন টাটা এখন কোদাল কে আবার লাঙ্গলের ফাল তৈরী করছে Tata means of product supply করবে, কিন্তু আমরা পারছি না। আমরা জানি যুদ্ধের সময় হাওড়া জেলায় যে ছোট ছোট কারখানা গড়ে ঠছিল সেইসব কারখানা কাঁচামাল ও কলকব্জা অভাবে উঠে গেল। আপনি যদি একচেটিয়া জিকে কাবু না করতে পারেন তাহলে কি করে small industry করবেন? যা ভাবছেন তা পনার বৃথা স্বপ্ন দেখা। কোন রকমে এটা হতে পারে না। অতএব monopolyর গায়ে হাত তই হবে। এবং সেই সঙ্গে কৃষি যন্ত্রপাতি উৎপাদনের কারখানা করতে হবে, কীট-নাশক ওষুধ পাদনের কারখানা করতে হবে, সেচের জন্য নলকূপ ও অন্যান্য যন্ত্রপাতি উৎপাদন ও মেরামতের রখানা করতে হবে। আমি এবার লক্ষ্য করলাম যে বর্তমানে এতবড় খরার সময়ে প্রতি ব্লকে ibewell বসানোর ব্যবস্থা নেওয়া হয়, কিন্তু Tubewell বসানোর যে যন্ত্র তা পাওয়া গেল না। র খোঁজ করেও পাওয়া গেল না। একজন মন্ত্রীকে জিজ্ঞাসা করায় তিনি বললেন দিল্লী পর্যন্ত

গেলাম কিন্তু না পেলে কি করব? ঐ যন্ত্র বিদেশ থেকে আনতে হয়। নিজেদের দেশে কেন এখনও তৈরী হল না? এতদিনেও তার কোন কারখানা হোল না কেন? আপনি অনেক কিছু করতে পারেন। যেমন ধানের কুঁড়ো থেকে একরকম তেল উৎপাদন হচ্ছে। গ্রামাঞ্চলে এইরকম একটা কারখানা করা যায়। এই সব দিকে আপনি নজর দিন। বাঁকুড়া, পুরুলিয়ায় প্রচুর তৈলবীজ পাওয়া যায়; যেমন, মহুয়াবীজ, কুসুমবীজ এগুলি জঙ্গল থেকে খুব অল্প পয়সায় সংগ্রহ করা যায়। বর্তমানে বাংলার বাইরের লোক ওই সব সংগ্রহ করে বম্বে নিয়ে গিয়ে সাবানের কারখানায় supply করছে ওখানে সাবান তৈরী হচ্ছে। আমাদের এখানে এইরকম সাবানের কারখানা করা যেতে পারে। কাঁচামালের অভাব হয় না। যদি national welfare-এর দিকে লক্ষ্য থাকে তাহলে এসব জিনিস করা যেতে পারে। আমাদের নূতন যে সরকার হয়েছে এরজন্য আমরা গর্ববোধ করি এই যে নূতন সরকার এঁরা anti-imperialist, anti-monopoly, anti-feudal policy নি চলবে বলে স্বীকৃতি দিয়েছে। কিন্তু যদি monopolyর গায়ে শুড়শুড়ি দিয়ে বিদেশী পুঁজি ডে আনা হয় তাহলে তার পরিণাম কি হবে? অর্থাৎ বিদেশী পুঁজিকে ডেকে এনে নূতন ক monopoly সৃষ্টি করা ছাড়া আর কিছু হবেনা। পাটের সম্পর্কে বলছি যে এই পাট থেকে দা কাপড়, গালিচা, অনেক সৌখীন জিনিস ইত্যাদি তৈরী হচ্ছে। বিদেশে এসব জিনিসের প্র পরিমাণ চাহিদা আছে। এই পাটকলগুলি যদি জাতীয়করণ করা হয় তাহলে প্রচুর জাতীয় অ হবে তা নয়, বহু বেকারদের চাকরী দেবে। কিন্তু আপনি তাদের কাছে কেনা হয়ে গেছে একজন মাননীয় সদস্য বললেন যে বাংলাদেশের অর্থনীতিকে এমন জায়গায় monopolyরা নি গেছে যে তাদের গায়ে হাত না দিলে কিছু হবে না। আপনার policyর মধ্যে এসব থা উচিত ছিল। সরকার সেইভাবে অগ্রসর হবেন। আমি জানি সঙ্কট খুব তীব্র এবং সেই জ ওই ভাবে এগিয়ে যাবার পথ ঠিক করতে হবে।

[6-00—6-10 p.m.]

অন্ততঃ এইভাবে একটা পলিসি যদি আমাদের সামনে থাকত তাহলেও মানুষ একটা সম্ভবন দিকে তাকিয়ে থাকতে পারত। এগিয়ে যাবার আশা পেত। আজকে এগ্রো-ইণ্ডাস্ট্রিজের দি লক্ষ্য রেখেই বড় ইণ্ডাষ্ট্রীও প্রতিটি জেলায় গড়ে উঠতে পারে যার ভেতর দিয়ে শুধু মাত্র ক সংস্থান হবে না, যার ভেতর দিয়ে অন্ততঃ ৭৬ ভাগ লোকের ক্রয় ক্ষমতা বাড়বে। নেহেরু যে পারেন নি তাঁরই স্বপ্নকে সফল করার দিকে এগিয়ে যেতে হবে। তিনি যে কথা বলেছিলেন I do not like the concentration of wealth in the private sector and powerf monopolies, that is harmful and fatal for society.

আমরা সেটাকে কার্যকরী করব, এটাই হবে জাতির লক্ষ্য।

**শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মানন শিল্প ও বাণিজ্য মন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দের যে দাবী তাকে সমর্থন জানাচ্ছি। ইতিপূর্বে কথা বলা হয়েছে আমি সেকথার প্রতিধ্বনি করছি মাত্র। একটা ব্যাখ্যা করতে চাই মাননীয় ম মহাশয়ের কাছে। সেটা হচ্ছে এই যে ১৯৫৫ সালের ভারত সরকারের যে ইণ্ডাস্ট্রীয়াল পলিসি যে ইণ্ডাষ্ট্রীয়াল পলিসি অনুযায়ী এখানকার পাটকলগুলি নতুন করে যন্ত্র সমন্বিত করার যে প্রস্তাব ছি তা হল না কেন এবং ১৯৬৫ সাল থেকে ১৯৬৬ সালের মধ্যে আমরা দেখলাম যে পাটকলগুলি ছিল এবং সেখানে নিয়োজিত যে শ্রমিকরা ছিল আস্তে আস্তে পাটকলগুলি অন্যদিকে যেতে আর করল, তাদের নিজেদের ব্যবসা গুটিয়ে নিয়ে যেতে চাইল। আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আক

রছি এজন্য যে মনোপলির বিরুদ্ধে কথা উঠেছে বলে। তারা সরকারের কাছ থেকে যে ঋণ গ্রহণ রেছেন সেই ঋণ যে বাবদ গ্রহণ করেছেন হিসাব করে দেখা হোক তার মধ্য দিয়ে তারা সেই টি কুলার শিল্পে কতটুকু উন্নতি করেছেন। ঘুঘুডির যে মানুষ একদিন লাংগলের মুঠো থেকে হাত ডিয়ে হাতুড়ি ধরেছিল আর আজকে বোবা কন্নায় ফেটে পড়ছে। আমি আজকে মন্ত্রী মহাশয়ের ছে বলতে চাই আজকে শুধু একচেটিয়া পুঁজিপতি সরান এটা একটা স্লোগান নয়, আজকে লাদেশের অর্থনীতিকে বাঁচাতে হলে এদের সরাতেই হবে। আমি হাউসের কাছে একটা নিবেদন খতে চাই। সেটা হচ্ছে এই যে ন্যাশান্যাল সেভিংস সার্টিফিকেট এই পশ্চিমবাংলায় কিনলে যার টা ভাগ পশ্চিমবাংলায় আসে সেই ন্যাশান্যাল সেভিংস সার্টিফিকেট-এর কতটা পার্সেন্ট জকে পশ্চিমবাংলার পুঁজিপতিরা যাদের বাংলাদেশের মাটির সঙ্গে সম্পর্ক খুব কম আছে, কেনেন র ভাগটা এখানে আসে সেটা একটু অনুসন্ধান করতে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব। র এই ন্যাশান্যাল সেভিংস সার্টিফিকেটের কতটা পারসেন্ট রাজস্থান, উত্তর প্রদেশ, বিহারে যায় জিনিসটা অনুসন্ধান করা হোক এবং এই জিনিস করে নতুন ইণ্ডাষ্ট্রীয়াল পলিসি ঘোষণা কর াক।

**Shri Satya Narayan Singh :**

माननीय उपाध्यक्ष महोदय, शिल्प और वाणिज्य मंत्री द्वारा जो बजट ाज सदन में पेश किया गया है, मैं बड़ी तत्परता और निष्ठा के साथ उसका ागत करता हूं—समर्थन करता हूं। साथ ही साथ में उस बात की तरफ ान आकर्षित कराना चाहूंगा, वह यह कि बहुत ही प्रतिक्षा करने के बाद र लम्बी दुख और दर्द सहन करने के बाद लेबर मिनिस्टर के सद्प्रयोगिता हा के चटकल के मजदूरों का वेतन २३५ रु० निर्धारित किया गया। देखा ा है कि छदिन चटकल को चलाकर गरीब मजदूरों को बहुत रिहाई मिलती ी। लेकिन २३५ रु० वेतन निर्धारित होने के बाद ही बिजली बन्द की घोषणा ो हुई—मंगलवार और शुक्रवार को बिजली बन्द की घोषणा हुई। और इसके बाद ीजा यह हुआ कि २० रु० हर मजदूर का हर हफ्ते में कम हो गया। नतीजा ह हुआ कि चटकल के गरीब मजदूरों को नुकशानी उठानी पड़ रही है। यह तो यही आ कि गये थे चौबेजी होने, धब्बे मगर हो गये दुबे जी। चटकल के गरीब मजदूरों ो रिहाई मिलने के बजाय, उनकी तरह-तरह की तकलीफ बढ़ गई। हफ्तेमें रविवार ो काम बन्द होगया। इस तरह से छदिन में २ दिन मजदूरों का काम बन्द होगया।

लेबर मिनिस्टर यह प्रयास कर रहे है कि जितने भी कल कारखाने बन्द पड़े है न्हे खोला जाय। यह बड़ी अच्छी बात है, अवश्य बन्द कारखाने खुलने चाहिए। रीबी मिटाना चाहते है, अवश्य मिटाइये। लेकिन जो बना हुआ कारखाना है, जिस ल-कारखाने में उत्पादन होता है, अगर उसे बिजली नहीं मिलेगी तो वह कैसे चालु

रह सकेगा ? वह भी तो बन्दही के समान हो जायगा। इसलिए यह हालतत सभी होगई, जैसे किसी फूटे घड़े में कितनाही पानी डाला जाय, वह पानी निकलत ही जायगा और कभी भी घड़ा भर्ती नहीं हुई पायेगा। इसलिए इन समस्यों की औ कारन ध्यान दीजिए ताकि कारखानें पुरे रुपमें चालु रहें और मजदूरों को गहत भ मिलता रहे।

भूलाजोर पावर स्टेशन के बोयालर इन्सपेकृर की हालत यह है कि वे प्रत्ये रबिवार को आते हैं और आफिस में आकर रोजनामचा लिखकर चले जाते हैं। वे याकर का सम नहीं करते हैं, वो यह नहीं देखते हैं कि पावर हाउसमें क्या गड़बड़ है? इसलिये गवर्नमेण्ट को चाहिए कि वह ऐसी दोष त्रुटियों की छान-बी करें ताकि कारखानों को विद्युत पर्याप्त मात्रामें उपलब्ध हो सके। अगर बिजली-पाव ही नहीं मिलेगा तो कारखानें कैसे चालु रहेंगी फिर उत्पादन भी नहीं हो सकेगा औ उत्पादन नहीं हो पायेगा तो राष्ट्र की क्षति होगी। मजदूरों का भी नुकशान होगा देश में बेकारी-गरीबी और भी बढ़ जायेगी। इसलिए जितना भी जल्द हो सक सरकार को इधर ध्यान देना चाहिए। मैं इन समस्याओं की और लेवर मिनिस्टरके साथ-साथ, विद्युत मंत्री का भी ध्यान आकर्षित कराना चाहुंगा। साथ ही मै यह कहना चाहुंगा कि छदिनमें मजदूरों की जो २ दिन की मजदूरी काटली जाती है, उस औ भी आपलोग ध्यान दें। आपलोग जल्द से जल्द इसका प्रबन्ध करें ताकि मजदूरों उन उचित पारिश्रमिक मिलता रहे।

साथ ही साथ में यह कहना चाहुंगा कि पावर स्टेशन के अन्दर जो गड़बड़ी च रही है, उसकी इन्कायरी के लिये जल्द से जल्द एक जाँच कमिशन गठित की जाय ऐसा भी हो सकता है कि विदेशी कम्पनी खास करके बंगाल के कारोबार को चौप कर ने की चेष्टा करती हो। इसलिए जाँच कमिशन का बैठाना बहुत ही जरूरी है।

मैं लेबर मिनिस्टर से कहना चाहता हूं कि कम्पनियाँ मजदूरो के प्रभिडेण्ट फण को नहीं दे रही हैं। इस सिलसिलो में कोई हिसाब किताब भी आजतक नहीं दे सके हैं। गरीबोंका पैसा काटतो लिया जाता है, मगर उसका कोई हिसाब मजदूरों मालुम नहीं पड़ता है। इसलिए इसकी व्यावस्था जल्द से जल्द करनी चाहिए।

अगर ओभरटाइम को सचमुच बन्द कर दिया जाय, तो दश हजार बेकार श्रमिक को रोजगार प्राप्त हो सकता है। अतएव इसकी व्यवस्था अवश्य होना चाहिए उपाध्यक्ष महोदय, मैं आपको धन्यवाद देकर आपना भाषण समाप्त करता हूं।

**শ্রীঅরবিন্দ মণ্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় শিল্প এবং বাণিজ্য মন্ত্রী মহাশয় কর্তৃক যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উত্থাপিত হয়েছে তাকে আমি স্বাগত এবং সমর্থন জানাচ্ছি। এই ব্যয় বরাদ্দকে সমর্থন জানাতে গিয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী মহাশয়কে ২।১টি কথা বলতে চাই। বর্তমানে আমাদের জনপ্রিয় সরকার শিল্পের ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনতে বদ্ধপরিকর এবং সেই সংগে আরও একটি কথা ঘোষণা করেছেন যে, যেখানে যে রকম কাঁচামাল পাওয়ার সম্ভাবনা আছে সেখানে সেই রকম শিল্প গড়ে তোলার চেষ্টা করা হবে। তাই আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে শিল্প স্থাপনের জন্য একটি বিশেষ স্থানের নাম উল্লেখ করতে চাচ্ছি। আমার নির্বাচন কেন্দ্র নদীয়া জেলার করিমপুর থানা। প্রতি বছর ১০ থেকে ১২ লক্ষ মণ পাট কোলকাতার পার্শ্ববর্তী জুটমিলগুলিতে আসে এবং সব থেকে উৎকৃষ্ট মানের পাট সেখানে উৎপন্ন হয়। সেদিক থেকে এরূপ একটি পাট চাষ অধ্যুষিত এলাকায় জুট মিল স্থাপনের কথা সরকারকে বিবেচনা করবার জন্য অনুরোধ জানাই। এছাড়া পাটের পাটকাটী থেকে পেপার পাল্‌প শিল্প গড়ে তোলার সম্ভাবনাও উজ্জল বলে মনে করি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একথা আপনার অবিদিত নয় যে, নদীয়া জেলার পলাশী সুগার মিল থেকে যে চিনি উৎপাদন হয় সেই চিনি ভারতবর্ষের অন্যান্য স্থানের উৎপাদিত চিনি অপেক্ষা অনেক উঁচু মানের। তা থেকে এই কথাই প্রমাণিত হয় যে ওই জেলার মাটি আখ চাষের পক্ষে বিশেষ উপযোগী। তাই যাতে সেখানে আর একটি চিনির মিল স্থাপন করা যায় তার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করি। আমি যে কয়টি সম্ভাবনার কথা উল্লেখ করলাম তাতে পশ্চিমবাংলার পর্বত প্রমাণ বেকার সমস্যার কিছু সুরাহা হবে বলে মনে করি। কিছুদিন আগে শ্রদ্ধেয় তরুণবাবুকে এই প্রস্তাব দিয়েছিলাম। কিন্তু তিনি বেলওয়ের অভাবজনিত কারণের কথা উল্লেখ করেছিলেন। এখানে আমার পরিষ্কার বক্তব্য হচ্ছে তৃষ্ণার্ত ব্যক্তিই জলের কাছে এগিয়ে যায়, জল কখন এগিয়ে যায়না। একথা বলে করিমপুর ব্লকে একটি জুটমিল স্থাপনের দাবী জানিয়ে মাননীয় শিল্পমন্ত্রী কর্তৃক উত্থাপিত ব্যয় বরাদ্দকে আন্তরিক সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 p m.]

**শ্রীবীরেশ্বর রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিল্প মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এই সভায় উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করে কয়কটি কথা বলতে চাই। বিশেষ করে আমি উত্তরবঙ্গের প্রতিনিধি। সেই হিসাবে বলছি আজকের শিল্প সম্পর্কে যে ডেভালপমেন্ট প্রোগ্রাম মাননীয় মন্ত্রীমহাশয় এই বিধানসভায় দিলেন সেই ডেভালপমেন্ট প্রোগ্রামে উত্তরবঙ্গ সম্পর্কে নতুন কোন শিল্প স্থাপন সম্পর্কে বিশেষ কোন প্রগ্রাম আছে বলে দেখলাম না। এই উত্তরবঙ্গের চা শিল্প যথেষ্ট পরিমাণে ভারতীয় অর্থনীতিতে অংশ গ্রহন করে এবং বৈদেশিক মুদ্রা নিয়ে আসে। অথচ এই উত্তরবঙ্গ শিল্প ক্ষেত্রে সব থেকে অবহেলিত। উত্তরবঙ্গের আনএমপ্লয়মেন্ট প্রব্লেম একমাত্র সরকারী চাকুরী দিয়ে এই সমস্যার সমাধান হবে বলে আমি মনে করি না। উত্তরবঙ্গে অনেক রকম শিল্প স্থাপন করা যেতে পারে। উত্তরবঙ্গে পাট প্রচুর পরিমাণে উৎপাদন হয়। সেখানে জুটমিল হলে উত্তরবাংলার ছেলেদের চাকুরী হতে পারে। এছাড়া এখানে চিনির কল হতে পারে। প্রচুর পরিমাণ আখ এখানে উৎপাদন হয়। এবং সুগার মিল হলে বহু বেকার ছেলেদের কর্মসংস্থান হতে পারে। এছাড়া শিলিগুড়ি এলাকায় জয়ন্তীতে সিমেণ্ট কারখানা হলে হাজার হাজার বেকারের কর্মসংস্থান হতে পারে। এখানে ক্যানেওয়ারিং মেশিন থাকা দরকার। এটা হলে পাওয়ার লুম হতে পারে। এবং তাতে হাজার হাজার বেকারের কর্মসংস্থান হতে পারে। আমি এছাড়া মনে করি যে আজকে বড় বড় কল কারখানা জাতীয়করণ করা দরকার। যেমন চা শিল্প, এবং পাট শিল্প।

( রেড লাইট। )

**শ্রীহরশংকর ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দিনের শেষে শিল্প বাজেট নিয়ে বক্তৃতা হচ্ছে। আমি শিল্পমন্ত্রী মহাশয়ের বাজেট বক্তৃতায় স্তম্ভিত হয়ে গিয়েছি, আমার সমগ্র চেতনা স্তব্ধ হয়ে গিয়েছে। এই বাজেট বক্তৃতা শুনে আমার একদিকে প্রচণ্ড হাসি পাচ্ছে, একদিকে দুঃখ হচ্ছে, একটা প্রচণ্ড রাগও হচ্ছে--কার উপর জানিনা। কি যে বলবো তাও ভেবে পাচ্ছিনা। উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই বৎসরে শিল্প খাতে ব্যয় ৩ কোটি ৪০ লক্ষ ৬৬ হাজার টাকা। এই ৩ কোটি ৪০ লক্ষ ৬৬ হাজার টাকা দিয়ে আপনারা মাইনে পত্র দেবেন, এমন কি কোন স্পেশাল অফিসার, সুগার টেকনলজিষ্ট থাকেন তাকে সাড়ে বাইশশো টাকা মাইনে দেবেন। আমেদপুর সুগার মিল খোলার কথা—তাকে হয়ত কোন সেক্রেটারি অপছন্দ করেন ওই বিভাগের। তাঁকে কাজ না করিয়ে এই মাইনেটা দেবেন। এই টাকার উপর তাই আর কিছু আমাদের বলার নেই। মূলধনী ব্যয় হবে ৪ কোটি ২৭ লক্ষ ৭০ হাজার টাকা। আমাদের এই পশ্চিমবঙ্গের জটিল শিল্পের অবনতি, স্থবগতি রোধ করার জন্য ৪ কোটি ২৭ লক্ষ ৭০ হাজার টাকা। বাদবাকী ত বেসরকারী মূলধন, বিদেশী মূলধন, তার উপর নির্ভর করে আছেন। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই টাকা নিয়ে আর ব্যাখ্যা করার কি আছে। '৭১ সালের সেন্সাসে—আমাদের দেশের জনসংখ্যা হচ্ছে ৪ কোটি ৪৪ লক্ষ ৪০ হাজার। মাথা পিছু এক টাকাও নয়, একটু কম, এই হচ্ছে শিল্প প্রসারের সম্ভাবনা। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই বাজেটে উনি আমাদের বলেছেন বেকার সংখ্যা ২৮ লক্ষ। ২৮ লক্ষ দিয়ে ওঁর যদি চার কোটিকে ভাগ করা হয় তাহলে মাথাপিছু ১৫·২১৫ অর্থাৎ বাংলায় যাকে বলে সোয়া পোনর টাকা মাথা পিছু শিল্পের জন্য বরাদ্দ উনি স্থির করেছেন আমাদের এই বাজেটে। সুতরাং বাজেটের ভিতর প্রবেশ করবার আর আমার কিছু বাসনা নেই। মাননীয় প্রফুল্ল সেন, তিনি একটা কথা বলেছিলেন যে চিন্তার সংস্কারই হচ্ছে খুব বড় কথা। একথা ঠিক। তার নিজের ক্ষেত্রে এটা যেমন সত্যি ছিল আমাদের শিল্প মন্ত্রীর ক্ষেত্রেও। মনে হচ্ছে যে চিন্তার সংস্কারটা প্রথমে করা দরকার। শিল্পের স্থবগতি এটা দূর করবার জন্য উনি যে নীতিগুলি ঘোষণা করলেন সেই ঘোষণাগুলি একদিক থেকে হাস্যকর আর একদিক থেকে বিপদজনক। ওঁর দৃষ্টিভঙ্গী কি? ১৬ দফা সুবিধাদানের উপরে উনি ভরসা করে আছেন যে বাঙ্গালী ছেলের দল, অর্থাৎ বেকার ২৮ লক্ষ ছেলে দলে দলে এসে ছোট ছোট শিল্পপতি হয়ে যাবে, তারা বিদ্যুতের সুবিধা পাবে, ঋণের সুবিধা পাবে, সুবিধা পেয়ে তারা ছোট ছোট শিল্পপতি হয়ে যাবে। এদের সাহায্যের জন্য উনি ৮টি উন্নয়ন কেন্দ্র খুলে দেবেন, লোন সেন্টার খুলে দেবেন। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই সম্বন্ধে আমি শিল্প মন্ত্রীকে জানাচ্ছি এই নীতি বিফল হতে বাধ্য। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার একটি ছেলে আছে, এ্যাপ্লায়েড কেমিষ্ট্রিতে ধরে নেন সে এম, এস, সি, পাশ করলো, একটি ছোট সাবানের কারখানা খুলতে চায়। সেই সাবানের কারখানায় ওঁর ঐ ১৬ দফা সুবিধা অনুযায়ী এই গ্রোথ সেন্টারে খোলা হল। কে না জানে সেই সাবান চলবেনা। হিন্দুস্থান লিভার, আগে ছিল লিভার ব্রাদার্স, নাম পালটিয়ে এখন হয়েছে হিন্দুস্থান লিভার, ১৫টি সাবান আছে তার। লাক্স আছে, হামাম আছে, সানলাইট আছে, লাইফ বয় আছে।

[6-20—6-30 p.m.]

এই সমস্ত সাবান বাজারকে এমন একচেটিয়া করে রেখেছে যে এই পাশ করা বাঙ্গালী ছেলেরা দুদিনে ঘটিবাটি বিক্রী করে এই মনোপলির হাতে আত্মসমর্পণ করতে বাধ্য হবে। এটা বাস্তব সত্য কথা। এই ষোল দফা সুবিধা দানের কথা কি করে বলছেন, এই ভিত্তিতে শিল্পনীতি তৈরী করার জন্যই কি লোকে আমাদের ভোট দিয়েছিল? প্রগতিশীল গনতান্ত্রিক মোর্চার সতর দফা কর্মসূচীতে আছে, আমরা জাতীয়করণ করব, আমরা সমাজতন্ত্র করব। যদি বা এইরকম ছোট ছোট

অসংখ্য শিল্পপতি তৈরী হয়, তবুও অর্থনীতির মাৎস্যন্যায়ে অচিরে অসংখ্য শিল্পপতিগুলি উবে যাবে, উবে গিয়ে কয়েকটি বড় বড় থাকবে, আবার অর্থনৈতিক সংকট দেখা দিতে বাধ্য হবে, এটাই হচ্ছে অর্থনীতির নিয়ম। সূর্য্য পূর্ব দিকে উঠে, আপনার আমার ইচ্ছায় অন্যরকম হয় না। একটা জিনিষ উপরে ছুড়ে দিলে, নীচে এসে পড়ে এটা হচ্ছে মাধ্যাকর্ষণ নিয়ম। আমার আপনার ইচ্ছার বাইরে নিয়ম কাজ করে, তাই তাকে বলি অবজেকটিভ ল। আমাদের শিল্পমন্ত্রী মহাশয় অর্থনীতির অবজেকটিভ ল-গুলি পড়ুন। এই ষোলদফা সুবিধা দানের নীতির দ্বারা তিনি অর্থনীতির মৌলিক নিয়মকে অস্বীকার করছেন। একমাত্র সরকারী মালিকানায় সমগ্র শিল্পের প্রসার সম্ভব। বেসরকারী মালিকানায় সম্ভব নয়। একচেটিয়া মালিকানা দূর না করলে বেসরকারী মালিকানা সম্ভব নয়। এটাই হচ্ছে বাস্তব সত্য। এই নিয়ম বদলাবার ক্ষমতা শিল্প মন্ত্রীর নাই, এই অবজেকটিভ ল-এর নিয়ম বদলাবার ক্ষমতা কোন শিল্প মন্ত্রীর নাই, পশ্চিমবঙ্গের তো নাইই।

আর একটা প্রস্তাব উনি আমাদের সামনে পেশ করলেন। খবরের কাগজে ওঁর সেক্রেটারীর নামে রোজ সেই প্রস্তাব দেখছি, ১৪০০ কোটি টাকা উনি ইনভেষ্ট করবেন, পারবেন কিনা সেই প্রশ্নে আমি আসছিনা। বলেছেন ১৪০০ কোটি টাকা ইনভেষ্ট করলে মাল্টিপ্লায়ারের মাধ্যমে ঘুরে ঘুরে অনেক বেশী কর্মসংস্থান হবে। উনি অর্থনীতির নিয়ম জানেননা। এটা অত্যন্ত উন্নত দেশের অর্থনীতির নিয়ম, এটা অনুন্নত দেশে চলে না। উনি জাপানের কথা বললেন। ছোট ছোট কারখানাগুলি বড় বড় কারখানাগুলি দ্বারা প্রচণ্ডভাবে শোষিত হয়, সে খবর উনি রাখেন না? উনি জাপানের কথা বললেন, উনি কি জানেন না যে পোষ্ট ওয়ার জাপান সম্পূর্ণভাবে আমেরিকার টাকায় তৈরী? উনি কি বিদেশী মূলধন, আমেরিকার মূলধনের অনুপ্রবেশ চাইছেন যখন জাপানের উদাহরণ দেন? মাননীয় ডেপুটি স্পীকার স্যার, যেখানে মৌলিক উপকরণের অভাব, যেখানে যন্ত্রের অভাব, যেখানে বাজারের অভাব, সেখানে কোন মাল্টিপ্লায়ার কাজ করে না, সেখানে মুদ্রাস্ফীতি হয়, এটাই হচ্ছে অর্থনীতির নিয়ম। এই মুদ্রাস্ফীতি পশ্চিমবঙ্গে ঘটবে। এই ১৪০০ কোটি টাকা মাল্টিপ্লাই করে অনুন্নত দেশে কাজ করে না। ভুল অর্থনীতির তত্ত্বের উপর প্রতিষ্ঠিত হয়ে তিনি এই চিন্তা করেছেন। ওঁর প্ল্যান হচ্ছে ধনতন্ত্র তৈরী করার প্ল্যান, সমাজতন্ত্র তৈরী করার প্ল্যান নয়। ইন্দিরা গান্ধীর মন্ত্র শিষ্যের প্ল্যান নয়, ১৭ দফা কর্মসূচীর প্ল্যান নয়। এতে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার নাম ডুববে। আজকে এটা হচ্ছে প্রতিক্রিয়াশীল ধনতান্ত্রিক ষড়যন্ত্র করা। এই বিপদের আভাস, কাল মেঘের আভাস আমি শিল্প মন্ত্রীর বক্তৃতার মধ্যে দেখছি। একটা প্রচণ্ড বিপজ্জনক প্রস্তাব হয়েছে। এই জয়েন্ট সেক্টারের দ্বারা উনি যেটা বললেন সেটা আমি ভাবতে পারিনা। আজকের দিনে কোন ব্যক্তি জয়েন্ট সেক্টারের কথা বলতে পারেন?

দুটি ঘোড়া—একটি উত্তর দিকে, আর একটি দক্ষিণ দিকে, গাড়ী চলবেনা, একটি ইঞ্জিন শিয়ালদার দিকে আর একটি হাওড়ার দিকে টানতে গিয়ে গাড়ী বড়বাজারেই বন্ধ থাকবে। চিন্তা করুন ব্যক্তিগত মালিকরা মুনাফা চাইবে, সরকার মুনাফা চাইবে না, চাইবে কর্মসংস্থান। সরকার চাইবে মুনাফা ৫ বছর হবে না, কর্মসংস্থান হোক, কি করে দুটি সেক্টার এই অবস্থায় কাজ করবে? ব্যক্তিগত মালিক চাইবে মুনাফা, সরকার চাইবে অনুন্নত অঞ্চলের উন্নতি, জাতির উন্নতি, দু'জনের উদ্দেশ্য আলাদা, কেমন করে জয়েন্ট সেক্টর কাজ করবে? ব্যক্তিগত মালিক চাইবে মুনাফা, সরকার চাইবে এমন শিল্প প্রতিষ্ঠা করা যাতে ম্যাকসিমাম লিংকেজ এফেক্ট হয়, সেটা কখনো ব্যক্তিগত মালিক চাইবেনা, কেমন করে যৌথ সেক্টার সেখানে কাজ করবে? ব্যক্তিগত মালিক চাইবে রপ্তানী, বেশী দাম, আর সমাজতান্ত্রিক সরকার চাইবে দাম কমাও ভোগ বাড়াও, দুটি নীতি আলাদা, এই দুটি নীতি কি কখনো মিশ খায়? এই দুটি নীতিকে মিশিয়ে

আপনি কাকে ধোঁকা দিচ্ছেন ? শিক্ষিত বাঙালী জনসাধারণকে চিন্তাশীল জনসাধারণকে জয়েণ্ট সেক্টারের নাম করে ধোঁকা দিচ্ছেন ?

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, শিল্পপতি চাইবে মুনাফা এবং বেশী দামে বিক্রি, আর সরকার চায় বিনা মূল্যে প্রয়োজন বোধে স্বল্প মূল্যে তো বটেই বিনা মূল্যে দেব। গান্ধীজীর মন্ত্র শিষ্য এখানে অনেকে আছেন। মহাত্মা গান্ধীজী বলেছিলেন কুটিরে কুটিরে সুতা দেব। তিনি সুতার জন্য চরকার কথা বলেছিলেন আমরা জানি হয়ত আজকের দিনে চরকা সম্ভব নয়। সরকারী কারখানায় সুতো তৈরী হবে তাঁতিদের কুটিরে কুটিরে বিলিয়ে দেওয়া হবে সেই সুতো, তাঁদের বেকারী অর্ধ-বেকারী দূর হবে। কি করে সুতা দেবে যদি জয়েণ্ট সেক্টার থাকে ? এটা কি মহাত্মা গান্ধীর শিষ্যের মত কথা ? মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আমি অবাক হয়ে গেছি এই ধরণের চিন্তা দেখে। অলটারনেটিভ কি ? বিকল্প হিসাবে বলা যায় যে আমরা তিনটা নীতি হিসাবে বা অনুসারে আমরা শিল্প বাছাই করবো। এমন শিল্প প্রস্তাব করবো যাতে তিনটা নীতি কাজ করে, প্রভূত কর্মসংস্থান হবে। স্বল্প ফলপ্রসূকাল হতে হবে, তাড়াতাড়ি যাতে শিল্প প্রসারিত হয় এবং কৃষির জন্য শিল্প হতে হবে। কেবল কৃষি ভিত্তিক শিল্প নয় কৃষির জন্য শিল্প এই তিনটি নীতি। এই নীতি অনুসার বিদ্যুৎ উৎপাদন ও প্রত্যেকটি জেলায় ৫টা করে ৮০টা কারখানা আমরা খুলবো। এই কথা আমাদের মাননীয় সদস্য সরোজ রায় বলেছেন। এই ৮০টা শিল্প সরকারী মালিকানায় আমরা খুলবো যেটা আমাদের কৃষির জন্য দরকার। প্রত্যেক জেলায় কীটনাশক ঔষধের কারখানা, প্রতি জেলায় কৃষির জন্য যন্ত্রপাতির কারখানা, বিদ্যুৎ সেচের প্রয়োজনীয় যন্ত্রপাতির কারখানা এবং বিদ্যুৎ উৎপাদনের কারখানা। এইভাবে প্রত্যেক জেলায় ৫টা করে ৮০টা কারখানা আমরা খুলবো। টাকা ? টাকা যদি মনোপলি পেতে পারে যদি বেসরকারী মালিকরা ব্যাংক থেকে ঋণ পায় তাদের কাছ থেকে যদি টাকা পায় তাহলে নিশ্চয়ই সরকার ৮০টা কারখানা করবার জন্য টাকা পাবে। এই কথা চিন্তা করতে অভ্যস্ত হোন। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আরো কয়েকটি শিল্প উনি খুলতে পারতেন। বলতে পারতেন আমাদের এখানে কয়লা লোহা তো আছেই মাইকা, অভ্র আছে, তিনি বলতে পারতেন আমাদের চায়না ক্লে আছে, আর আছে লাইম স্টোন gypsum, ebsum, dolomite, zinc মাটির তলায় লুকিয়ে। মাটির তলায় অন্ধকারে যা আছে কই তা তোলার কথা তো বললেন না। বলতে তিনি পারতেন যে ইংরাজ আমল থেকে এই সমস্ত দ্রব্য তোলা হয়নি বা যা তোলা হয়েছে তা বিদেশে রপ্তানী হয়েছে। এই সব আমরা তুলবো এবং এ সবের জন্য কারখানা করবো। দেখুন নীচের প্রাকৃতিক সম্পদ আর উপরের শ্রম সম্পদ, যারা বেকার হয়ে আছে সরকারের নেতৃত্বে শ্রমিকের অংশগ্রহণ এটাই তো শিল্প নীতি। অর্থনৈতিক সম্পদ, শ্রম সম্পদ সরকারের নেতৃত্ব ও শ্রমিকের অংশগ্রহণ এটা ছাড়া অন্য শিল্প নীতি ১৯৭২ সালের পশ্চিম বাংলায় চলে না। মাননীয় ডেপুটি স্পীকার ১৯৭২তে পশ্চিম বাংলা একটু অন্য ধরনের মেজাজে তৈরী। এই মেজাজ আমাদের শিল্প মন্ত্রীর বক্তৃতায় পাইনি তাই স্তম্ভিত, দুঃখিত এবং প্রচণ্ডভাবে লজ্জিত।

**শ্রীগিয়াসুদ্দিন আহমেদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী শিল্প খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তাকে আমরা সমর্থন জানাই। শিল্প সম্প্রসারণ ছাড়া দেশের অর্থনৈতিক উন্নতি এবং কর্মসংস্থান সম্ভব নয়। এই কথা আমাদের মাননীয় মন্ত্রীসভা জানেন এবং মাননীয় সদস্যরাও জানেন। কিন্তু আমরা জানি এবং দুঃখের সঙ্গে উল্লেখ করছি যে, যে সমস্ত পাবলিক আণ্ডারটেকিং আছে তা থেকে সরকারের এবং দেশের কোন আয় হয় না। সেখানে দিনের পর দিন লোকসান বেড়েই যাচ্ছে। আমরা যদি এটা অনুভব করি তাহলে দেখবো যে এর মূল কারণ হচ্ছে শিল্প বিক্ষোভ। এই শিল্প বিক্ষোভ কাটাতে হলে চাই লেবার পার্টিশিপেসন

ইন ম্যানেজমেণ্ট। সেটা আমাদের দেশে অত্যন্ত অভাব। কারণ শিল্প মালিকরা শ্রমিকদের সুবিধার দিকে মোটেই লক্ষ্য রাখেন না।

[6-30—6-40 p.m.]

এ ছাড়া আরো কতকগুলি ত্রুটি শিল্পোন্নয়নের পথে বিঘ্ন সৃষ্টি করে—যেমন Shortage of Wagon, Storing Capacity-র অভাব। সরকার যদি এই ত্রুটিগুলির দিকে লক্ষ্য রেখে তা দূর করবার চেষ্টা করেন তাহলে শিল্পে আমরা উন্নতি লাভ করতে পারবো। সরকারী ছাড়াও যে সমস্ত বে-সরকারী প্রতিষ্ঠান আছে, তারা জনস্বার্থে কাজ করে না। যুগের প্রয়োজনে বে-সরকারীভাবে চালিত প্রতিষ্ঠানগুলি Nationalise করা উচিত। আমাদের কৃষ্ণনগরে ও নবদ্বীপে দুটি বে-সরকারী প্রতিষ্ঠান Electricity Supply করে থাকে। জনস্বার্থের দিকে চেয়ে সে দুটি সরকারের হাতে কাজ হবে। কৃষ্ণনগরের উত্তরাঞ্চলে একটা ভাল পাট ও আখ চাষের স্থান। অথচ সেখানে কোন শিল্প প্রতিষ্ঠান নাই। তাই আমি দাবী করছি সরকার যেন সেদিকে লক্ষ্য রেখে সেখানে শিল্প স্থাপন করেন। সরকার যখন নতুন নতুন কর্মসংস্থানের দিকে দৃষ্টি রেখে শিল্পায়নের পথে পা বাড়িয়েছেন, তখন আমি দাবী করবো কৃষ্ণনগরের উত্তরাঞ্চলে অবিলম্বে একটা জুটমিল স্থাপন করা হোক। এই দাবী মন্ত্রী মহাশয়ের কাছে রেখে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

**Shri Sambhu Narayan Goswami** :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সময় এত কম যে বলতে না বলতে আপনি প্রথমে সাদা আলো ও পরে লাল আলো দেখাবেন। তবুও একটা কথা এখানে রাখবো। আজ শিল্পমন্ত্রী মহাশয় এই শিল্প খাতে যে ব্যয় বরাদ্দ দাবী করেছেন, তা আমি সমর্থন করছি। এর চেয়ে আরো বেশী টাকার দাবী করলেও আমরা তা সমর্থন করতাম, এখন প্রশ্ন উঠেছে, এই শিল্পায়নের মাধ্যমে যে হাজার হাজার বেকার যুবকের নতুন নতুন কর্মসংস্থান হবে বলে দাবী করা হচ্ছে তা কতটা পূর্ণ হবে। কত লোকের কর্মসংস্থান হবে এ প্রশ্ন মনেই রইল। বর্তমান বৎসরে মাননীয় শিল্পমন্ত্রীর একটা জিনিষ দেখে খুব ব্যাথা পাচ্ছি। বর্তমান বাজেটে Private Enterprise-এর উপর জোর দেওয়া হয়েছে। আমরা আশা করেছিলাম Public enterprise-এর উপর বেশী জোর দেওয়া হবে। কারণ আমরা সাধারণভাবে দেখেছি Private enterpreneur তার ধারের পাশে শিল্প গঠন প্রচেষ্টা বেশী রাখে। গ্রাম বাংলার অর্থনৈতিক উন্নতি না হলে সমস্ত পশ্চিম বাংলার উন্নতি হবে না এই বিশ্বাস আমরা রাখি। আমার পাশের জেলা পুরুলিয়ায় শিল্প হলো, আর আমার বাঁকুড়া জেলার অধিবাসীরা কী অপরাধ করলো বুঝতে পারলাম না। আমার কাছে একটা রিপোর্ট রয়েছে—Mineral deposit—Industrial possibilites in different district in West Bengal, 1971-এর রিপোর্ট। সরকারের কাছে নিশ্চয়ই এই রিপোর্টটা রয়েছে। তাতে তিনি দেখবেন বাঁকুড়া জেলায় প্রাকৃতিক সম্পদ এত রয়েছে যে সে জেলায় অনায়াসে কয়েকটি শিল্প গড়ে তোলা যায়। বাঁকুড়ায় ৫ লক্ষ মিলিয়ান টন চায়নাক্লে deposite আছে। এত অধিক পরিমাণ চায়নাক্লে কাঁচামাল হিসেবে যেখানে রয়েছে সেখানে Pottery Work-এর বহু শিল্প গড়ে তোলা যায়। বাঁকুড়া বঞ্চিত হচ্ছে, দুর্গাপুরে রয়েছে। বাঁকুড়ায় শিল্প গড়ার possibilities রয়েছে, বহু natural resources রয়েছে। এই Natural resources সম্বন্ধে সরকারী রিপোর্টটা Geologist Report আমি মন্ত্রী মহাশয়কে দিতে পারি। তিনি বাঁকুড়ার দিকে একটু দৃষ্টি দিন—সেখানে গ্লাস ফ্যাক্টরী হতে পারে। বাঁকুড়ায় পেপার মিল হতে পারে, পেপার পালপ হতে পারে। কেননা, বাঁকুড়ায় ফরেষ্ট রয়েছে বিরাট জায়গা জুড়ে এবং সেখানে ইউক্যালিপটাস ও অন্যান্য গাছ আছে যাতে পেপার পালপ করা যায়। এই কথা বলে

বিভাগীয় মন্ত্রী যে দাবী রেখেছেন সেটা সমর্থন করে ভবিষ্যতে বাংলাদেশ তথা গ্রাম বাংলার বেকার ছেলেদের কাজের সংস্থান হবে এই আশা করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri George Albert Wilson-Deroze** : Mr. Deputy Speaker, Sir, it gives me great pleasure to support this Demand. I would say, in fact the Demand made is not adequate to the needs of the industrial development of the State; and we can hope that the new Finance Commission and the Finance Minister in the Centre and the Reserve Bank of India will in future release more resources to the State for its industriel development. It is most encouraging to find that the Hon'ble Minister has adopted a very scientific approach to the problems o integrated industrial development and dispersal of the industries and the dis persal of the growth centres of the State. For the first time Sir, since the death of Dr, B. C Roy the people of the State are bein presented with a vision of integreted industrial development on scientifi lines instead of haphazard patch work and make-shift policies. The Hon'bl Minister has referred to a blue-print—the preparation of a blue-print. may say, Sir, that such a blue-print was prepared under the direction of Lat Dr. B. C. Roy in 1959 and published in 1961, and the development that tool place was on the basis of that blue-print. It was called the Techno-Economi Survey of West Bengal, published in 1961, copies of which are in the Library Sir, I am particularly happy, Sir, at the references to the development of growt centres at Kharagpur, Purulia and Asansol. In each of these places there ar resources and also technically oriented urban unemployed persons who coul easily be absorbed into new industries in those areas. I would like to invite th Hon'ble Minister's attention, however, to 3 or 4 points One is—the developmen of growth centres must be accompanied by urban planning. We cannot hav industrial slums growing up in the new industrial growth centres. There mu be complete planning at Chittaranjan.

Second thing is, there should be some attempt to have, what I woul call, equity participation of labour in those industries and statutory participatio of labour in the management of these new industries in the growth centres o the line that is being followed in West Germany so that we avoid may in the new growth centres the problems of strikes and look-outs.

The third point is, which I must refer to, the question of development communication between the growth centres. One Minister has made a stat ment about the development of infra-stucture in the growth centres, i. e., roa and electricity. That is very important because there should be developme of communication between the growth centres and in this the Centre could pl a large part. We need railways. The problem of Bankura—it is a forgott place I would say—is that there is particularly one railway—one main line running from Calcutta via Kharagpur to Bankura and to Adra. It is a place which new industries night be developed. But you cannot develop indust unless communication is improved. Here we need new railway line direct Bankura and Purulia districts, and there should also be development of a fields, radio station and other things in which the Centre can give help the State.

[6-40—6-50 p.m,]

Sir, the 4th point to which I would like draw the attention of the Hon'b Minister is that in these growth centres there must immediately be provide side by side with development, educational facilities for the children of perso

who would be absorbed in those centres. The last point, Sir, is a very small one but the Hon'ble Minister in replying to a question two days back mentioned that employment in these areas is to be restricted to the sons of the soil. Sir, you are aware that my small community, viz. the Anglo-Indian Community has been associated with the State very intimately since a long time. Everybody here is familiar with the name of Henry DeRozeo of Hindu Calcutta and from that time onward my community has been an integral part of the State and every price that is being earned here by my community has been spent for the State. They are very much a part of the community as a whole. Sir, I think, the Hon'ble Minister is very familiar with the problems of my community and I am simply asking that this question be squarely put that the sons of the soil include members of the Anglo-Indian Community. If a survey is made it will be found that in Durgapur, Asansol and in other areas of development, the employment of the members of my community is not commensurate with their presence in those areas and, it appears, Sir, that the concept of the sons of the soil has not been applied in such way as to include members of my community in these areas up till now. I am praying that this Ministry will take proper steps to see that industrialists, government officials and others do include my community in this description.

Thanking you, Sir.

**শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় শিল্প বাণিজ্য মন্ত্রী যে ডিমাণ্ড গ্র্যাণ্ট এনেছেন শিল্প বাণিজ্য খাতে আমি সেটা সর্বান্তঃকরণে সমর্থন করছি। কারণ তিনি আশার আলো দেখিয়েছেন এবং আগামী দিনগুলিতে পশ্চিমবঙ্গে যে শিল্পের উন্নয়নের ইঙ্গিত দিয়েছেন তাতে আমরা অত্যন্ত খুশি হয়েছি। তিনি যে একটা জায়গানটিক প্ল্যান নিয়েছেন বা আমাদের এই পশ্চিমবঙ্গে ১৪ শো কোটি টাকা খরচ করবার পরিকল্পনা নিয়েছেন সেটা যদি রূপায়িত হয় তাহলে আমি মনে করবো গোটা পশ্চিমবাংলার বিরাট উন্নতি হবে এবং যে বেকার সমস্যা দেখা দিয়েছে সেটা দূর করা যাবে আমাদের মন্ত্রীমহাশয় যে নীতি নিয়েছেন পশ্চিমবঙ্গে ১৪ শো কোটি টাকা খরচ করবার সেটার যারা সমালোচনা করছেন আমি বলব তারা ঠিক করছেন না। পশ্চিমবঙ্গকে যদি আজকে শিল্পের পথে নিয়ে যেতে হয় তাহলে তিনি যে পথ দেখিয়েছেন সেই পথেই আমাদের যেতে হবে, তাছাড়া আমাদের উপায় নেই। অবশ্য এ সম্বন্ধে বলতে গেলে অনেক কথাই বলতে হবে, কিন্তু আমার সময় কম কাজেই যে প্রস্তাব তিনি এনেছেন সেটা আমি সমর্থন করছি। (এই সময় সবুজ আলো জ্বলিয়া উঠিল) বলতে বলতেই আলো জ্বলে গেলে, কিছুই বলা হল না, বলার সুরুতেই শেষ। কাজেই স্যার, আর কিছু বলছি না কেবল বলছি আগামী দিনের তাঁর প্রচেষ্টার যে ইঙ্গিত সেটাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। অত্যন্ত দুঃখের সঙ্গে আমি বসে যাচ্ছি।

**শ্রীতরুণকান্তি ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এখানে যে বক্তব্য সবাই রাখলেন আমি নিশ্চয়ই শ্রবণ করেছি এবং যতটা সম্ভব গ্রহণ করে কার্যকরী করবার চেষ্টা করবো। সরোজবাবু এবং আরো অনেকে বলেছেন এগ্রিকালচার বেজড ইণ্ডাস্ট্রি করবার কথা, এটা খুব যুক্তিপূর্ণ কথা বলেছেন। কারণ কৃষির উন্নতি না করতে পারলে শিল্পের উন্নতি হওয়া সম্ভব নয়। কৃষকের হাতে যদি বেশী টাকা না যায়, খাওয়া পরা ছাড়াও যদি সে উদ্বৃত্ত টাকা খরচ করতে পারে তবেই শিল্প দ্রব্য কিনবে, তবেই শিল্প চলবে, এটা আমরা বুঝি। অতএব কৃষকের সুবিধা করতে পারি এমন ইণ্ডাস্ট্রি যদি থাকে আমরা নিশ্চয়ই করবো। সরোজবাবু ছাড়া সত্য ঘোষাল মহাশয় মনোপলির কথা বলেছেন। আমি তাদের কাছে বলি পাবলিক সেকটর নিশ্চয়ই বাড়াতে হবে। কিন্তু পাবলিক সেকটরে লোকসান আমাদের বন্ধ করতেই হবে, পাবলিক সেকটরে লোকসান করার মত উদ্বৃত্ত টাকা

আমাদের নেই। আমাদের প্রথম দরকার যে ছেলেটি বাহিরে ঘুরে বেড়াচ্ছে চাকুরীর খোঁজে, সকাল থেকে রাত্রি পর্যন্ত দোরে দোরে ঘুরছে, বাবা ঘুমিয়ে পড়বার পর মায়ের কাছে গিয়ে চুপি চুপি খাচ্ছে, এই লজ্জাটুকু আমাদের বন্ধ করতেই হবে। পলিটিক্স নিশ্চয়ই সামনে রাখবো, একটি আদর্শ সামনে রাখবো, কিন্তু ডকট্রিনেয়ার পলিটিক্স করতে গিয়ে আমাদের দেশে বেকার বেড়ে চলবে, এ করা সম্ভব নয়। আমরা মনোপলিষ্টদের গায়ে হাত দিতে ভয় পাই না, নিশ্চয়ই দরকার হলে হাত দেব। কিন্তু প্রশ্ন হচ্ছে আমরা কোথায় কিভাবে স্কীমে হাত দেব। মনোপলিষ্টদের সুবিধা করে দেবার কথা বলা হয়েছে। আমি বলছি বড ইণ্ডস্ট্রী এমনভাবে করবো যে ইট উইল হ্যাভ ন্যাচারাল ইমপ্যাক্ট, ছোট ছোট হাজার হাজার এ্যানসিলারি ইণ্ডাষ্ট্রি তৈরী করবো যাতে তারা কাজ করতে পারে। আমার বন্ধু হরশঙ্করবাবু খুব চোটে গেছেন। তিনি বললেন লজ্জিত, দুঃখিত ক্রোধান্বিত ইত্যাদি আরো অনেকগুলি কথা বললেন। জানি না তিনি কেন চোটে গেলেন। তিনি হিন্দুস্থান লিভার সম্বন্ধে একটি কথা বললেন। কালকে হিন্দুস্থান লিভার থেকে মিঃ টমাস আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন। তার সঙ্গে সাবান নিয়ে আমার কথা হচ্ছিল। তিনি বললেন সাবান যা দিয়ে তৈরী করতে হয় সেই গ্লিসারিন এক্সট্রাক্ট করার মত ক্ষমতা ছোট শিল্পের হয় না। তিনি আমার কথায় রাজি হয়ে গেছেন। তিনি বললেন আমরা যে মেটিরিয়্যাল থেকে সাবান করি সেই গ্লিসারিন এক্সট্রাক্ট ছোট শিল্পকে দিতে রাজি আছি যদি তারা সাবান তৈরী করতে রাজী থাকেন। আমি বললাম সাবান তৈরী করে তারা বেচবে কি করে? তিনি বললেন আমরা কিনে নেব। আমরা দেখতে চাই তারা সাবান তৈরী করুক। যদি দরকার হয় আমরা মেটিরিয়্যালের বন্দোবস্ত করে দেব। তিনি জাপানের কথা বললেন। আমরা কি আমেরিকার টাকা চেয়েছি? বাংলাদেশের ব্যাপারে আমেরিকা আমাদের সঙ্গে যে নীতি গ্রহণ করলো—আমাদের মানুষের সঙ্গে তাদের অসদ্ভাব নেই, আমেরিকার সাধারণ মানুষের সঙ্গে ভারতবর্ষের সাধারণ মানুষের যথেষ্ট বন্ধুত্ব আছে। কিন্তু আমেরিকান নিকসন প্রশাসন যে কাজ করল—তারা আমাদের ফরেন এড বন্ধ করে দিল। আমরা কারো মত নিয়ে চলব না, আমাদের স্বাধীন মত নিয়ে চলব। উনি জাপানের কথা বললেন। আপনি জানেন গত বছর ব্যালেন্স অব ট্রেড ইন আমেরিকা, ৪ বিলিয়ন ডলার জাপানের সঙ্গে হয়েছে। জাপান ৪ বিলিয়ন ডলার মাল আমেরিকার কাছ থেকে কেনে। আমেরিকা তার ডলারের মূল্য হ্রাস করল এবং জাপানের কাছে গিয়ে বলতে হল তুমি দয়া করে ইয়েনের মূল্য বাড়াও, আমরা আমাদের ডলারের মূল্য খানিকটা কমিয়েছি। সরোজবাবু, ঘোষালবাবু যে কথা বললেন মেনে নিলাম, কিন্তু হরশঙ্করবাবু যে কথা বললেন আমি তাকে বলব গত ৪/৫ বছরে ইণ্ডাষ্ট্রি এক্সপ্যানসান না হবার দরুণই এই জিনিস হয়েছে। মার্কসবাদী কমুনিষ্ট পার্টি তখন এখানে সরকার চালাচ্ছিলেন, তখন একটিও ইণ্ডাষ্ট্রি এক্সপ্যানসান হয়নি। আজকে বসে বসে বড় বড় কথা বলছেন। আমরা সমাজতন্ত্রের নীতিতে বিশ্বাস করি। আমরা সমাজতন্ত্রে বিশ্বাস করি বলেই আমাদের নীতি হচ্ছে দুর্বল মানুষ, আমাদের দেশের বেকার যুবকদের চাকুরী দিতে হবে। আমরা জানি আমাদের সব সদস্যই একে সমর্থন করেছেন, নিশ্চয়ই সি, পি, আই.ও সমর্থন করেছেন।

[6-50—7-00 p.m.]

আমরা Amendment করিনি Constituton. আজকে আমরা amendment করে কি ক্ষম নিয়েছি, we can nationalise any enterprise without paying compensatio সুতরাং এক থাবা দিয়ে কিনে নিতে পারি। অতএব আজকে কংগ্রেসের কাছে দয়া করে ঐসব ক বলবেন না। কারণ কংগ্রেসের মধ্যে যারা রয়েছে, ইন্দিরা গান্ধীর সংগে একসাথে দাঁড়িয়ে হ

করেছেন, syndicate এর বিরুদ্ধে যুদ্ধ করে যারা জিতে এসেছেন তারা দেশকে শুধু একটু নূতন পথে নিয়ে যাবার জন্য এসেছেন তারা দেশকে মনোপলিষ্টদের হাতে বিকিয়ে দেবার জন্য করেননি। কিন্তু আজকে কাজ বড় দুরহ কাজ। সকাল থেকে রাত পর্যন্ত আমার কাছে ২০০ শত ছেলে আসছে। এই যে ২০০ শত ছেলে যারা আসছে আমি শিশির কুমার ঘোষের নাতি হয়ে জন্মাবার সুযোগ পেয়েছি, তুষারকান্তি ঘোষের ছেলে হয়ে জন্মাবার সুযোগ পেয়েছি, বড় হয়ে যুগান্তর পত্রিকায় কাজ করবার সুযোগ পেয়েছি, কাজেই আমাকে বাইরের কাজ করতে যেতে হয়নি। আমার দেশে কাজ নেই, আজকে যাদের কাজ যোগাড় করে দিতে পারবো তাদের নিয়ে এসে কাজ করাবো, তবে সেটা আইনের মধ্যে, নীতির মধ্যে, আদর্শের মধ্যে থেকে। আমি মনোপলিষ্টদের ডেকে বলেছি, যাতে Joint Sector যেটা সেটা তারা আক্রমণ করলেন। সেটাতে ক্ষতি হতে পারে বলে আমি মনে করি না। কারণ Joint sectorএ আমাদের ২৬% Share-hold, Private sector দিচ্ছে ২৫%, আর বাকী ৪৯% Public কিনতে পারেন, institution কিনতে পারে, অর্থাৎ সেখানে ২৬ নিয়ে আমরা একটা industry গঠন করতে পারবো। পুরুলিয়া জেলায় যেখানে steel plant হচ্ছে সেই steel plantএর Managing Director আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন। আমাকে ধন্যবাদ দিতে এসেছেন। আমি তাকে বলেছিলাম দেখুন মহাশয়, আমরা যে Director appoint করবো সরকার থেকে he will be the personal director. আমরা appoint করবো মানুষ, আমরা যাকে পাঠাবো এখান থেকে, সরকার থেকে, সেই মানুষ appoint করবে। হয়তো Joint sector এমন Director appoint করবে সে কাঁচা মাল কিনবে তাকে আমরা director appoint করবো। এর পরে একটা শিল্পে Private sectorএর যে experience, তাদের ক্ষেত্রে management capacity তাকে আমরা গ্রহণ করবো। তার সঙ্গে সঙ্গে যে ফাঁকগুলি আছে সেগুলি বন্ধ করে দিয়ে দেশের কাজে লাগাবো। উনি বললেন অন্যান্য জিনিষ আছে, মহারাষ্ট্রে বা বোম্বে যদি দয়া করে যান তাহলে দেখবেন মহারাষ্ট্রে বা বোম্বে গেলে মনে হবে যে আপনি একটি সত্যিকারের developed countryতে এসেছেন। দিল্লীতে যান, একটু আগ্রার দিকে যান দেখে আসুন। বৃন্দাবনের কথা বলবো না, কারণ আপনারা বৃন্দাবনে কেউ যাবেন না। আপনারা যদি আগ্রায় যান, আগ্রার পথে দেখবেন প্রতি বছর আমি যাই। অবশ্য আগ্রায় যাই না আমি বৃন্দাবনে যাই। কিন্তু আমি যখন যাই আগে দেখতাম যে ১০ মাইল পর্য্যন্ত industry আছে। তার ৬ মাস পরে গিয়ে দেখি ২১ মাইল industry, আরো বেড়ে গেলো। পরের পর industry সেখানে বেড়েই চলেছে। আর আমার পশ্চিমবাংলায়? নীতির এই কর, সেই কর একটা industry হচ্ছে না সব চলে যেতে চাইছে। কেউ চলে যেতে চাইছে? পশ্চিমবঙ্গের শ্রমিক কোন জায়গার শ্রমিকের চেয়ে খারাপ নয়। ভাল শ্রমিক, ভাল কাজ করে, তাদের মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি ভুল পথে চালিত করে, খারাপ পথে চালিত করেছে। সেজন্য আজকে আমার দেশের এই অবস্থা হয়েছে। আমাদের সম্পদ রয়েছে, আরো অনেক জিনিষ রয়েছে। তবে কেন তারা এই দেশ থেকে চলে যেতে চায়? আমি আপনাদের কাছে অনুরোধ করবো যে রাজনীতি যে মূল নীতিগুলি সেগুলিকে রাখবো। আজ থেকে যে শিল্প নীতি করবো সেই শিল্পনীতির ফলে যাতে এক জায়গায় গিয়ে জমা হয় সেটা আমরা হতে দেব না। কিন্তু শিল্প যদি করতে হয় Private sector যদি থাকে কিছুটা এই জিনিষ হবে যতক্ষণ পর্যন্ত না আমাদের দেশের সেই অবস্থা আসছে যে complete monopoly state হয়ে যাচ্ছে। কিন্তু আমার দেশের যে democracy রয়েছে, আমাদের দেশের প্রতিটি মানুষকে সুযোগ দিতে চাচ্ছি কাজ করার জন্য এবং আজকে আমরা যেটা চাইছি এদের সুযোগ দিয়ে আমাদের দেশকে বড় করে তুলবো। মহারাষ্ট্র এগিয়ে যাচ্ছে। আমি কিছুদিন আগে মহারাষ্ট্রে গিয়ে দেখেছি যে চেহারা পাল্টে গেছে। মহীশুরের চেহারা পাল্টে গেছে। দিল্লীর চেহারা চেনা যায় না। আর কলকাতা? আজ থেকে ৬০ বছর

আগে যা ছিল, এই নীতি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির যে পশুরা দেশকে সর্বনাশের পথে এগিয়ে নিয়ে গেছে। আপনারা জানেন, ১২টি air lines কলকাতা থেকে চলে গেছে। বহুবার বন্ধ হয়েছে। শ্রমিকেরা তার জন্য মাইনে পাননি। শিল্পে উন্নতি হয়নি। আমাদের দেশে ক্ষতি হয়েছে। শিল্পে বন্ধ হয়ে ৯৪০টি শিল্প বন্ধ হয়ে গেছে। ২ লক্ষ লোক বেকার হয়ে গেছে। বহু air lines বন্ধ হয়েছে। তারা বলছেন air lines চালাবো কেন? এখানে নিশ্চিন্তে যাত্রীরা যাতায়াত করতে পারবে না। প্যাসেঞ্জাররা নেমে হোটেলে যেতে পারবে না। হোটেল থেকে তারা বিদেশে যাবে তা তারা যেতে পারছে না, কেন না 'বন্‌ধ'। কাজেই তারা কেন থাকবে কোলকাতায়। তাই আপনাদের কাছে আমার অনুরোধ, আপনারা আসুন আমরা একসঙ্গে কাজ করি। আপনারা আমাদের সামনে এসে দাঁড়িয়েছেন, আমরা আপনাদের পাশে এসে দাঁড়িয়েছি। আসুন, একটা লক্ষ্য রেখে আমরা সকলে এগিয়ে যাই। সে লক্ষ্যটি হচ্ছে দেশের কল্যাণ, জাতির কল্যাণ। তাই আপনাদের কাছে আমার অনুরোধ, আপনারা আমাদের পাশে থাকুন। দেখবেন তার জন্য কোন regret করতে হবে না। আসুন আমরা দরিদ্র জনসাধারণের জন্য একসঙ্গে কাজ করি। শ্রীমতী ইন্দিরা গান্ধী যে কাজ করে যাচ্ছেন। তার প্রতি আমার পূর্ণ বিশ্বাস আছে। আমরা যদি সেই মত কাজ করতে না পারি তবে সিণ্ডিকেট কি রাখতেন। ১৯৬৯ সালে যখন শ্রীমতী গান্ধী নামলেন তখন অনেকে মনে করতেন যে তিনি পারবেন না। কিন্তু আজকে তিনি দেখিয়ে দিয়েছেন যে তিনি কি করতে পারেন। আমরা তার অনুচর, তার ফলোয়ার। আমাদের সুপ্রীম লিডার যে পথে আমাদের চালিত করবেন আমরা সেই পথে চলবো। এখানে আরও অনেক ভাই সুন্দরবনে কুটির শিল্প হতে পারে এই কথা বলেছেন। আমি গফ্‌ফর ভাইকে বলবো ওখানে বড় শিল্প হওয়া সম্ভব নয়। সুন্দরবনে কুটির শিল্পের জন্য কোনরকম স্কীম করা যায় কিনা সেটা দেখবো এবং সেটা নিশ্চয়ই করতে হবে। চন্দ্রনাথ মিশ্র মহাশয় চলে গিয়েছেন কিনা জানিনা। তিনি বাঙালীদের এমপ্লয়মেণ্টের কথা বলেছিলেন, আমি তাঁকে এই কথা বলতে পারি যে, লোকাল ইয়ুথদের এমপ্লয়মেণ্ট দেবার আমরা চেষ্টা করবো।

I would like to tell Mr. Wilson Deroze that 'local youths' means those youths who have lived in this State for a number of years. Local youths would certainly include youths of your community if they have made this State their home and share the joys and sorrows of West Bengal. As a matter of fact, local youth means all those people who have made this State their home. What we want to say is that today we are faced with the problem of unemployment of about 28 lakhs of boys. Naturally we are giving stress on Bengali youths—there is no doubt about that. But if youths from Bihar, Orissa, Assam, Uttar Pradesh and other States live in West Bengal and make this Statet as their own State, they will also be considered as local youths. What happens is that, supposing I am retiring from a factory, I write to somebody, who does not live in this State but lives in another State, he comes and takes up my job depriving a Bengali boy. That is what we object to. Otherwise we are not provincial. I hope you would appreciate my point.

**Shri George Albert Wilson Deroze** : Henry Derozio was the spearhead of Bengali renaissance and we are an integral part of this State.

***Shri Tarun Kanti Ghosh*** : Therefore, I can assure you that local youths who have made this State as their home and who live here.

আর মেম্বাররা যা সাজেসন দিয়েছেন সেগুলো আমি দেখাবো। আমি শেষ করবার আগে মাননীয় সদস্যদের কাছে এবং আপনার মারফৎ বাইরের সমস্ত জনসাধারণের কাছে একটি অনুরোধ করবো এই দুরুহ কাজ করতে গেলে সকলের সাহায্য দরকার, একটা বিশেষ আবহাওয়ার সৃষ্টি করার দরকার। সেই আবহাওয়া সৃষ্টি করার পক্ষে সকলে যাতে থাকেন তাহলে আমরা পশ্চিমবাংলার বেকার সমস্যা দূর করবার যে সঙ্কল্প গ্রহণ করেছি "গরীবী হটাবার" যে কথা আমরা বলেছি তা করতে যেন আমরা সাফল্যলাভ করি। এই কথা বলে আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো আমি যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছি তাকে তাঁরা সমর্থন জানাবেন। জয় হিন্দ।

The motion of Shri Tarun Kanti Ghosh that a sum of Rs. 7,68,11,000 be granted for expenditure under Grant No. 26, Major Heads : "35-Industries" and "96-Capital Outlay on Industrial and Economic Development", was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7 p.m. till 1 p.m. on Friday, the 7th July, 1972, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 7th July, 1972 at 9 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 14 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 181 Members.

### Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

**Mr. Speaker :** Honourable Members, if any one of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

( There was none to take oath )

### Starred Questions

( to which oral answers were given)

### সদরঘাটে দামোদরের উপর সেতু

*৬২। ( অনুমোদিত প্রশ্ন নং *৩৪) **শ্রীঅশ্বিনী রায়ঃ** পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার বর্ধমান-আরামবাগ রাস্তায় দামোদর নদের উপর সদরঘাটে সেতু নির্মাণ প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত সেতু নির্মাণের মোট ব্যয়বরাদ্দ এবং উক্ত ব্যয়ের রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অংশের পরিমাণ কত ?

**শ্রীভোলানাথ সেনঃ** (ক) ও (খ) এই রাজ্যের চতুর্থ পরিকল্পনার খসড়ায় এই কল্পটি অন্তর্ভুক্ত হইয়াছে এবং যান বাহনের পরিসংখ্যান প্রভৃতি প্রাথমিক কার্য্য শুরু করা হইয়াছে। গুলি শেষ হওয়ার পর প্রাক্কলন (Estimate) প্রস্তুত হইবে। রাজ্য পরিকল্পনার জন্য নির্ধারিত রাদ্দের মধ্যে সেতুটি নির্মাণের ব্যয় নির্বাহ করা সম্ভব না হইলে যথাসময়ে কেন্দ্রীয় সরকারের কট আংশিক বা সম্পূর্ণ ব্যয়ভার বহনের জন্য প্রস্তাব পাঠানো হইবে।

**শ্রীনিতাইপদ সরকারঃ** এখানে ঐ ব্যয় বরাদ্দের কথাটা যেভাবে বললেন যে সম্ভব নাহলে কন্দ্রীয় সরকারের কাছে যথাসময় পাঠান হবে, এই সময়টা কবে বোঝা যাবে যে এইটা রাজ্য রকারের পক্ষে সম্ভব নয় ?

**শ্রীভোলানাথ সেন ঃ** আমি তো বলেছি যে পরিবহণের ব্যাপার এবং অন্যান্য ব্যা দেখা হচ্ছে। সেটা হয়ত খুব তাড়াতাড়ি দেখা সম্ভব হবে। তবে এখনই বলতে পারছি না তারিখের মধ্যে হবে। যত শীঘ্র সম্ভব করা হবে।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** এই পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হবার সম্ভাবনা আ

**শ্রীভোলানাথ সেন ঃ** এই পরিকল্পনার জন্য আমরা সমস্ত ডাটাগুলি পেলে পর পারে। টাকার যা প্রয়োজন হবে সেটা তো গভর্ণমেন্ট অফ ইনডিয়ার সেংসান এবং সাহায্যের দর হতে পারে। তাই তাদের সাহায্যের উপর নির্ভর করতে হবে কতটা এগিয়ে যাব বা কবে না কাজ শুরু করা যাবে। জিনিসটা এখনও সেই পর্য্যায়ে আসে নি ফলে তারিখ বলতে পারছিনা।

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** এই সেতুর প্রয়োজনীয়তার কথা কবে সরকার অব হয়েছেন ?

**শ্রীভোলানাথ সেন ঃ** আমি আগেই এই House-এ বলেছি যে ১৯৩৫ সালে Foundation tone Lay করা হয়েছিল। কিন্তু তারপর ৪র্থ Plan-এ এটা ধরা আছে। Plan-এ ৪২ কোটির জায়গায় ১৪ কোটি ৫০ লক্ষ টাকা allocation হয়। এই টাকার অসুবি আছে। কারণ টাকা যা বুঝতে পারছি তাতে ২২ কোটি টাকা লাগবে এই টাকা justify কর জন্য যে সমস্ত facts and figures দরকার সে সব আমরা করেছি, আমরা inactive নই।

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** ১৯৩৫ সালে যার ভিত্তি প্রস্তর স্থাপন হল সেই থেকে যেস খবর জানা উচিত ছিল সে সব জানা কি আপনার Department-এর ছিল না ?

**শ্রীভোলানাথ সেন ঃ** ১৯৩৫ সালে দেশ স্বাধীন ছিল না। তারপর দেশ স্বাধীন হ পর অনেক রকম ঘটনা ঘটে আমাদের দেশে। ৪র্থ Plan-এ এটা ধরা হয়েছে এবং আমর office-এ এসেছি মাত্র ৩ মাস এবং এর মধ্যে এটা নিয়ে আমরা অনেক দূর এগিয়ে গেছি।

### Application of MISA against employers

*63. (Admitted question No *38) **Shri Rajani Kanta Doloi :** W the Minister-in-charge of the Home (Police) Department be pleased to stat in how many cases during the month of May, 1972 the provisions of tl Maintenance of Internal Security Act, 1972, have been applied against emplo ers defaulting in making payments and contribution as required under tl provisions of the Employees State Insurance Act, 1948, or the Employees Prov dent Funds Scheme, 1952, or the Employees Provident Funds Act, 1952. wi names of such employers ?

### MISA against persons holding land in excess of the ceiling

*69. (Admitted question No. *39.) **Shri Rajani Kanta Doloi :** Wi the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—i how many cases during the month of May, 1972 the provisions of the Mainte nance of Internal Security Act, 197?, have been applied in West Bengal agains persons retaining land in excess of the ceiling, with names of such persons ?

**Dr. Md. Fazle Haque :** Answer to both the questions is Nil.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** আমরা যে Act করেছিলাম তাতে আমরা কি ধরে নিতে পারি যে সেই Act অনুযায়ী কাজ হচ্ছে না, machinery fail করেছে, অথবা Employers-রা ঠিক মতন Provident Fund এবং E.S.I.-আইন অনুযায়ী কাজ করে যাচ্ছেন, অথবা admitted question No. 39-এ যা রয়েছে তাতে কোনরকম সিলিং-এর excess জমি জোতদাররা রাখছেন না ?

**ডাঃ ফজলে হক ঃ** আমরা যে Act amend করেছি সেটার জন্য President-এর ম্মতি দরকার। আমরা President-এর সম্মতির জন্য Central Government-এর Home Ministry-কে বলেছি। Recently তাঁরা 1-1-72-তে জানিয়েছেন এটা still under consieration. President-এর assent না পেলে আমরা এই Act চালু করতে পারছিনা।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** 63, 69 questions অনুযায়ী কতকগুলি case make out রা হয়েছে ?

**Mr. Speaker :** This question does not arise. As President has not yet ven his assent how will he prepare a case ?

**শ্রীনিতাইপদ সরকার ঃ** Provident Fund নিয়মিতভাবে জমা না দেবার জন্য লিকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী নিয়ে এই সভায় এক প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় বলেলেন নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং দরকার হলে MISA প্রয়োগ করা হবে। আপনি কি নেন বহু মালিক আছে যারা Provident Fund-এর টাকা জমা দিচ্ছে না যাদের বিরুদ্ধে ISA প্রয়োগ করা উচিত ?

**ডাঃ ফজলে হক ঃ** তাদের বিরুদ্ধে প্রয়োগ করার জন্য আমরা Act amend করেছি। ন্তু President-এর সম্মতি না পাবার জন্য আমরা তা প্রয়োগ করতে পারছিনা।

**Mr. Speaker :** This question does not arise because President has not yet ven his assent.

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** আপনি বললেন যে President-এর approval পাওয়া নি। আমি জানতে চাচ্ছি যে April মাসে Cabinet-এর হাতে এই আইন আমরা তুলে য়েছিলাম, আজ জুলাই মাস President-এর approval কেন এখনও পাওয়া গেলনা ?

**ডাঃ ফজলে হক ঃ** আমরা এটা Central Government-এর কাছে পাঠিয়েছি এবং মরা বারবার reminder দিচ্ছি Home Ministry-র কাছে। Recently তারা 1-1-72-তে নিয়েছেন still under consideration.

10—1-20 p.m.]

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** তাহলে কি আমরা ধরে নিতে পারি প্রেসিডেন্টের এ্যাপ্রুভাল তে দেরি হবে, ইন দি মিন টাইম যে সমস্ত জোতদার সিলিং-এর বাইরে জমি রেখেছে সেই জমি নিয়ে তারা নিজেরা সেল করতে চেষ্টা করবে ?

**Mr. Speaker :** It is no supplementary—it is presumptive.

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার :** তাহলে কি এই প্রশ্নটা উঠতে পারে আমরা গত এ মাসে ক্যাবিনেটের হাতে তো আইনটা তুলে দিয়েছিলাম তাদের বিরুদ্ধে প্রয়োগ করার জন্য, প্রেসিডেন্টের এ্যাপ্রুভ্যাল না পাওয়ার জন্য কি পরোক্ষভাবে ঐ জমি চোর, বিশিষ্ট শিল্পপতি এই সুযোগ করে দেওয়া হচ্ছেনা ?

**Mr. Speaker :** It is up to you to come to any conclusion. But the ba fact is that President's assent has not yet been received and so you can presur or come to any conclusion.

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার :** ইন দিস হাউস এ্যাজ এ্যান ইম্পার্সিয়াল ম্যান আপন কনসেন্সাস ওপিনিয়ান আমি জানতে চাই।

**Mr. Speaker :** I can give my opinion in my chamber. I cannot give n personal opinion here.

**শ্রীলক্ষীকান্ত বোস :** আমরা সংবাদপত্রে দেখেছি, কিছুদিন যাবত কাগজে বেরিয়ে অসাধু ব্যবসায়ীকে মিসা আইনে ২০ জন কৃষ্ণনগর থেকে, অমুক জায়গা থেকে ধরা হয়েছে, এ তাহলে কোন আইনে ধরা হয়েছে আমি জানতে চাই ?

**ডঃ মহম্মদ ফজলে হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের ধরতে ওয়েষ্ট বেঙ্গল এ্যামে মেন্ট এ্যাক্ট ১৯৭২ তাতে আমাদের যে ক্ষমতা আছে তার প্রয়োগ করতে হয়েছে, নতুন যে এ্যামে মেন্ট হয়েছে তাতে এদের ধরতে পারি না।

**শ্রীলক্ষীকান্ত বোস :** কি অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয়েছে ? অনেকগুলি ন দেখেছিলাম ২০/২৫/৩০ জনকে মিসা আইনে গ্রেপ্তার করা হল, এটা তাহলে কোন্ মিসা আইন ?

**Mr. Speaker :** Mr. Bose, MISA is a Central Act and even before th amendment some persons were detained on some other grounds. But in th West Bengal amendment it has been added that persons making benan transaction of land and also the industrialists who deprive the labourer of their due share will come within the mischief of MISA Act We Bengal amendment is only for these two particular offences, and as the asser of the President has not yet been received by our State Government the are helpless in applying this Act in respect of those two types of case That is the whole position so far I have understood the Minister.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কি মন্ত্রী মহাশয় বলবেন এই যে মিসা এ্যাক্ট যা অসাধু ব্যবসায়ী এবং অসাধু শিল্পপতিদের বিরুদ্ধে প্রয়োগ করবার ক ছিল সেই মিসা এ্যাক্ট এক সপ্তাহ বা পক্ষকালের মধ্যে যাতে রাষ্ট্রপতির এ্যাপ্রুভ্যাল পায় তার ব্যব তিনি করবেন ?

**Mr. Speaker :** On behalf of this House and in view of the sentimen expressed here by the honorable Members I expect that not only the particula Minister but the whole Cabinet must try their level best so that assent of th President is received early.

## বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা, পুল নির্ম্মাণকল্পে বিভিন্ন জেলা পরিষদকে সাহায্য দান

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়, অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যায় ক্ষয়ক্ষতির দরুন রাস্তা, পুল প্রভৃতি নির্মাণের জন্য ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে সরকার কোন্ কোন্ জেলা পরিষদকে কত টাকা অনুদান বা ঋণ দিয়াছেন; এবং

(খ) কোন্ কোন্ জেলা পরিষদ উক্ত অর্থের কত টাকা ব্যয় করিয়াছেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ**

(ক) এবং (খ) বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা, পুল প্রভৃতি মেরামত করার জন্য সরকার জিলা পরিষদ-গুলিকে কোন অনুদান দেন নাই, তবে এ বাবদ ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে বিভিন্ন জিলা পরিষদকে সরকার যে অর্থ ঋণ হিসাবে প্রদান করিয়াছেন এবং উক্ত অর্থের যে অংশ জিলা পরিষদগুলি এ পর্য্যন্ত ব্যয় করিয়াছেন তাহার একটি বিবরণী নিম্নে দেওয়া হইল :—

| জিলা পরিষদের নাম। | প্রদত্ত ঋণের পরিমাণ | মোট অর্থের পরিমাণ | প্রদত্ত পরিমাণ | মোট ব্যয়িত অর্থের পরিমাণ। |
|---|---|---|---|---|
| | ১৯৭০-৭১ | | ১৯৭১-৭২ | |
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| মেদিনীপুর | ৩,৫০,০০০ | ১৩,৫৬,০০০ | ১৭,০৬,০০০ | ৫,৪০,১৯৫ |
| হাওড়া | ৪,০০,০০০ | ১০,৮৪,০০০ | ১৪,৮৪,০০০ | ২,১৮,৯০০ |
| বীরভুম | — | ৪,১০,০০০ | ৪,১০,০০০ | ৯৬,০৭২ |
| নদীয়া | — | ৫,১৫,০০০ | ৫,১৫,০০০ | ২,৪৬,২২৫ |
| বাঁকুড়া | ২,০০,০০০ | ৪,৬৫,০০০ | ৬,৬৫,০০০ | ৯৫,৭১৭ |
| জলপাইগুড়ি | — | ৩,৩০,০০০ | ৩,৩০,০০০ | ১,০৬,৯১৯ |
| দার্জিলিং | ১,০০,০০০ | — | ১,০০,০০০ | খরচ হয় নাই |
| পুরুলিয়া | — | ৪,০০,০০০ | ৪,০০,০০০ | ৯৮,৩৮০ |
| মালদহ | — | ১০,৫০,০০০ | ১০,৫০,০০০ | খরচ হয় নাই |
| ২৪-পরগণা | ১,৭৫,০০০ | ১৪,১০,০০০ | ১৫,৮৫,০০০ | ৮,৯৭,৪৭৯ |
| বর্দ্ধমান | ৫০,০০০ | ১১,৪৯,০০০ | ১১,৯৯,০০০ | ৫,০৯,১১৪ |
| হুগলী | ৭,০০,০০০ | ৬,৪৬,০০০ | ১৩,৪৬,০০০ | ২,৭৮,৬৪০ |
| মুর্শিদাবাদ | — | ৬,৬০,০০০ | ৬,৬০,০০০ | খরচ হয় নাই |
| মোট টাকা | ১৯,৭৫,০০০ | ৯৪,৭৫,০০০ | ১,১৪,৫০,০০০ | ৩০,৮৭,৬৪১ |

[1-20—1-30 p.m.]

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** আমি জানতে চাই এই যে কম খরচ হল বা খরচ হলনা তার কারণ কি অনুসন্ধান করে দেখেছেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** কারণ অনুসন্ধান করে আজ পর্যন্ত আমরা যা জানতে ে তার মূল কারণ এই সব জিনিস পাওয়া যাচ্ছিলনা—যেমন সিমেণ্ট, ইট ইত্যাদি। আজকে কাজ : গেলে যা যা প্রয়োজন তার অভাব ছিল।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার:** মন্ত্রীমহাশয় জানাবেন কি, বর্ধমান জেলা পরিষদের সরকারের কাছে ৭৫ লক্ষ টাকা পাওনা আছে এটা কি সত্য ?

**মিঃ স্পীকার:** This question does not arise.

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার:** বর্ধমান জেলা পরিষদের ৭৫ লক্ষ টাকা পাওনা আছে কি মিথ্যা জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** সত্যও নয় মিথ্যাও নয়। এই প্রদত্ত মোট টাকা বৰ্দ্ধমান ে পরিষদকে জানান হয়েছে এবং সরকার সম্পূর্ণভাবে এটা অনুধাবন করেছেন। এবং আশা করছেন প্রাপ্য সবটাই—৭৫ লক্ষ টাকা তারা দেবার ব্যবস্থা করতে পারবেন। সরকার এককালীন না ি পারলেও কিছু কিছু যাতে দিতে পারেন তার চেষ্টা করা হয়েছে।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার:** এই টাকা কোন সময়ের মধ্যে পাওয়া যাবে ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** এর উত্তর দেওয়া খুবই শক্ত। তবে এই কথা বলবো যে বর্ত: সরকার এটা সম্বন্ধে সম্পূর্ণ সচেষ্ট এবং যত তাড়াতাড়ি সম্ভব এই টাকার কিছু অংশ দে ব্যবস্থা হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, তিনি তাঁর বক্ত বলেছেন যে অনেক জেলায় টাকা খরচ করা হয়নি। এই টাকা খরচ হয়নি তার জন্য যারা ‹ প্রশাসনের মেরুদণ্ড তাদের এইজন্য পুরস্কার দেওয়ার ব্যবস্থা কিম্বা শাস্তি দেবার ব্য করবেন কিনা ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** ত্রুটির কোন ব্যবস্থাই হয়নি। খরচ না হওয়ার কারণ এখ বলা হয়েছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** এটা টাকা ঠিকমত খরচ করার জন্য মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি কারণ এই টাকা খরচ না হওয়ার জন্য আমরা অস্থির হয়ে পড়েছি এবং মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা কর যে এই টাকা খরচ করার জন্য তাঁরা যে বিবেচনা করছেন এই বিবেচনার কাজ কার্যে রূপায়ি কবে করবেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** সরকারের উপর যদি আপনাদের আস্থা থাকে তাহলে আ বলবো যত তাড়াতাড়ি সম্ভব দেওয়া হবে।

**শ্রীপ্রবোধকুমার সিংহরায়:** মাননীয় মন্ত্রীমহাশয় এখানে ১৬টি জেলার যে হিস দিয়েছেন, তাতে দেখছি ১২টি জেলার নাম উল্লেখ করেছেন, কি কারণে বাকী চারটি জেলা বঞ্চিত হ স সম্বন্ধে একটু আলোকপাত করবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ:** প্রশ্ন রাখলে জেনে নিশ্চয়ই আলোকপাত করব।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জি ঃ** এই যে সমস্ত ঋণ দেওয়া হয়েছিল রাস্তা তৈরীর জন্য, সেগুলি খরচ করতে পারলনা মেটিরিয়েলের অভাবে এটা মন্ত্রীমহাশয় বললেন। আমি জিজ্ঞাসা করছি যেখানে সি এম ডি এ এবং মিউনিসিপ্যালিটি রাস্তা তৈরী করতে পেরেছে, সেখানে জেলা পরিষদ মেটিরিয়েলের অভাবে রাস্তা তৈরী করতে পারলনা এটা কতদূর সত্য সেটা দেখেছেন কি, যদি দেখে থাকেন তাহলে কি ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা এই সভার সামনে জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** যে ঋণ দেওয়া হয়েছিল তার বেশীর ভাগই ইয়ার মার্ক ছিল পুল এবং পানীয় জলের জন্য, কোন কোন জেলায় যে রাস্তা বাবদ টাকা দেওয়া হয়নি তা নয়, মোট টাকার বেশীর ভাগ দেওয়া হয়েছিল পুল এবং পানীয় জলের জন্য।

**শ্রীমহাদেব মুখোপাধ্যায় ঃ** যখন দেখলেন কাজ করলনা তখন নূতন করে টেণ্ডার ডাকা হলনা কেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** কোন কোন জায়গায় টেণ্ডার অনুমোদন হলেও পরবর্তীকালে দেখা গেল কন্‌ট্রাক্টাররা জিনিষপত্র না পাবার ফলে কাজ করতে অস্বীকার করেছে।

**শ্রীশিশিরকুমার সেন ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, একটু আগে তিনি বললেন যে পুল করার জন্য এবং পানীয় জলের জন্য টাকা দেওয়া হয়েছিল, হাওড়া জেলায় যে সমস্ত কাওেটিং ব্রিজ করার কথা সেগুলি কেন হয়নি সে সম্বন্ধে কিছু আলোকপাত করবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** আপনি যেকথা উত্থাপন করলেন সে সম্বন্ধে আপনার সরকার সচেতন, যত তাড়াতাড়ি সম্ভব করা হচ্ছে যাতে যে টাকাগুলি এখন পর্যন্ত খরচ হয়নি তা খরচ হয় এবং সরকার চেষ্টা করছেন যাতে এই টাকা কেন্দ্রীয় সরকারের হাতে ফেরৎ না যায়। এটুকু আমি বলতে পারি যে টাকাগুলি খরচ হয়নি সেগুলি খরচ করার জন্য সরকার চেষ্টা করছেন যাতে এক একটা জায়গা নিয়ে তাড়াতাড়ি কাজগুলি করা যায়।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** আমি কোন সাপ্লিমেন্টারী করছিনা, আমি আপনাকে একটা অনুরোধ জানাচ্ছি যে আপনি একটা দিন ধার্য্য করে দিন যাতে জেলাপরিষদের দু'বছরের কার্য্যক্রম নিয়ে একটা আলোচনা মাননীয় সদস্যরা করতে পারেন, যাতে জেলা পরিষদের কার্য্য সুষ্টুভাবে পরিচালিত হয়, আমি তারই দাবী রাখছি।

(Noise)

[1-30—1-40 p.m.]

**মিঃ স্পীকার ঃ** I want that proper supplimentary should be raised only on starred question No. 64. If I receive a motion from you, I will certainly look into the matter and will try to allow you to raise this matter.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় স্পীকার স্যার, এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আমি মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করবো যে তিনি একটা সুস্পষ্ট চিত্র আমাদের সামনে তুলে ধরুন যাতে আমরা বুঝতে পারি। তিনি ভাষা ভাষা কথা এখানে বলেছেন। তাই আমি আপনার মাধ্যমে সমস্ত জিনিসটার একটা চিত্র উত্থাপন করে আমাদের জানাতে অনুরোধ করছি। কারণ আমরা সকলেই জানি যে জেলা পরিষদগুলির কি অবস্থা, সেখানে এক্সিকিউটিভ অফিসাররা কি করছেন

ইত্যাদি—সমস্ত সংবাদ আমাদের জানা আছে। আমি অনুরোধ করবো তিনি জেলা পরিষদ সম্ব একটা পরিষ্কার চিত্র দিন।

( নো রিপ্লাই )

**শ্রীসচিনন্দন সাউ ঃ** জেলা পরিষদগুলির অবস্থা যে কত খারাপ হতে পারে তা আম সকলেই জানি। তাই আমি অনুরোধ করবো যে তিনি এ্যাডভাইসরি কমিটি করে দেবেন কিনা। য এটা করা না হয় তাহলে আমরা লোকের আস্থা হারাবো।

( নো রিপ্লাই )

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, প্রশ্নের উত্তর দেবার সময় বলেছেন সিমেন্টের অভাব আছে কিন্তু আমি তাঁকে একটি কথা উল্লেখ করবো তিনি যে উত্তর দিয়েছেন এটা তাঁর প্রশাসনিক ব্যর্থতা নয় ?

( নো রিপ্লাই )

**শ্রীমনোরঞ্জন প্রামানিক ঃ** আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি যে ৯৩ লক্ষ টাকা এইভাবে পড়ে আছে অথচ কল, পুল ইত্যাদি হচ্ছে না, প্রয়োজনীয় টিউবওয়েল বসানো হচ্ছে ন এইসব কথার উত্তর মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই।

( নো রিপ্লাই )

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, তাঁর প্রথম প্রশ্নের জবাবে বলেছি যে মেটিরিয়্যালের অভাবের জন্য হচ্ছে না। আমি মেদিনীপুর জেলার আমার কনস্টিটিউয়েন্সি যেখানে মেটিরিয়্যালের কোন দরকার নেই অর্থাৎ সিমেন্টের কোন দরকার নেই কেবল মাটি এ শ্রম এই দিয়ে কাজ হবে, কিন্তু সেখানেও টেস্ট রিলিফের থেকে টাকা দিতে হয়েছে। কাে এটা যে এ্যাডমিনিস্ট্রেসনের ইন এফিসিয়েন্সি এ কথা তিনি স্বীকার করেন কিন তাছাড়া কন্ট্রাক্টাররা এত কম রেটে কাজ করতে পারবেন না বলেন। এটা ওভারহলিং কর প্রয়োজন বোধ করছেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** আমি সব কটার উত্তর এক সঙ্গে দেবার চেষ্টা করবো। আ সকলেই জানি যে ১৯৬৪ সাল থেকে আজ পর্যন্ত জেলা পর্ষদ পর্যায়ে নির্বাচন হয়নি। আমরা যা একটা পঞ্চায়েত নির্বাচন করতে পারি—প্রত্যেক স্তরে নির্বাচন করতে পারি, তারজন্য একটা পঞ্চা বিলের খসড়া হচ্ছে।

কেবিনেটের সামনে উপস্থিত করা হয়েছে। সেটা সম্বন্ধে তাঁরা দেখছেন। আমার মনে এই সেসনেই আমরা সেই বিলটা আপনাদের সামনে উপস্থিত করতে পারবো এবং আপনা কাছ থেকে যদি অনুমোদন পাওয়া যায়, তাহলে আগামী বন্যের পরে নির্বাচন হবে। নির্বাচন হয়ে যাব পর নিশ্চয়ই আমরা আশা করতে পারি এই রকম অভিযোগ করবার কোন প্রশ্ন আপনাদের সাম দেখা দেবেনা।

**Shri Abdul Bari Biswas** : On a point of order, Sir.

**Mr. Speaker** : During question hour there should not be any point order. Please sit down Mr. Bari.

### বাগদহ-বনগাঁ ব্লকে মঞ্জুরীকৃত পাকা রাস্তা

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ যোজনাকালে বাগদহ-বনগাঁ ব্লকে কতগুলি পাকা রাস্তা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) উক্ত মঞ্জুরিকৃত রাস্তাগুলির মধ্যে কতগুলির কাজ সম্পূর্ণ হইয়াছে ;

(গ) যেগুলির কাজ এখনও শেষ হয় নাই সেগুলির কাজ কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(ঘ) ঐ রাস্তাগুলির জন্য মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ কত ?

**Shri Bholanath Sen :** চতুর্থ পরিকল্পনায় সড়ক উন্নয়নের যে খসড়া রচিত হইয়াছে তদনুসারে বাগদা-বনগাঁ ব্লকে আনুমানিক দুই লক্ষ টাকা ব্যয়ে গেঁডাপোতা-সুন্দরপোতা রাস্তার নির্মাণ কার্য্য শুরু হইয়াছে। আশা করা যায় ১৯৭৩ সালের মধ্যে কাজটি সম্পূর্ণ হইবে। ঐ প্রকল্পটি ব্যতীত অন্য কোন রাস্তা ৪র্থ পরিকল্পনার অন্তর্ভুক্ত হয় নাই।

**Mr, Speaker :** I think there is some mistake in the answer, the area being known to me because I represent the constituency. There is no village known as Sundarpota.

**Shri Bholanath Sen :** I am not conversant with the village but I find from the answer that the name of the village supplied by my Department is Sundarpota. I shall make enquiries into it.

**Mr. Speaker :** I like to talk to you later on in my chamber over this matter.

**Shri Bholanath Sen :** I am aware of certain other problems of this particular constituency. I shall discuss those matters with you, Sir.

**Mr. Speaker :** Question No. *66 is held over.

**Shri Niranjan Dihidar :** এটা তো ঠিক হলোনা স্যার। এটা জরুরী ব্যাপার। সেখানে ওয়ার্কাররা কাজে যেতে পারছেনা—হাজার হাজার গুণ্ডার উপদ্রবের দরুণ। আমি স্যার আপনাকে অনুরোধ করবো—এই প্রশ্নটাকে held over না রেখে উত্তর দেওয়ার ব্যবস্থা যদি করেন, তাহলে ভাল হয়। সেখানে একটা ভীষণ অবস্থা দাঁড়িয়েছে।

**Mr: Speaker :** I have not received any answer to starred question No. 6—notice given by Shri Niranjan Dihidar. I expect that if the Hon'ble Minister is not ready tody he would be readay with the answer on the next rotational day, next week.

**Dr. Md. Fazle Haque :** প্রশ্ন এইভাবে held over হোক্ এটা আমি নিজেও ভাল চোখে দেখছিনা। আমি ডিপার্টমেণ্টকে বলেছি এটা মেম্বারদের রাইট্—আমি তাঁদের instruction দিয়েছি যাতে আর held over করে কোন প্রশ্ন রাখা না হয়। আজ মর্নিং-এ এ ব্যাপারটা আমার নোটীশে এসেছে। যাহোক আমি মাননীয় সদস্যদের আশ্বাস দিচ্ছি যাতে আর আগামীতে কোন প্রশ্ন held over না হয়। এই সম্পর্কে আমি অফিসারদেরও ভাল করে বলে দিয়েছি। ভবিষ্যতে আমি দেখবো যাতে আর held over না হয়।

[1-40—1-50 p.m.]

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** কিছুদিন আগে আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে শ্রমিক কর্ম অর্থাৎ ওয়ার্কাররা যাতে নিরাপদে কাজে যেতে পারে তার পূর্ণ ব্যবস্থা করা হবে। আমি ব্যাপারে মেনসেন করেছি—কিন্তু আজও কিছু হয়নি—ওয়ার্কাররা কাজে যেতে পারছে না। ব্যাপারে একটু দেখবেন।

**মিঃ স্পীকার:** The Hon'ble Minister has given assurance that in fut he would see that so far as his Depatment is concerned the questions are held over.

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** আমি ঠিক বুঝতে পারছি না। মন্ত্রীরা আপনার কথাবার্তা এ শুনছেন না?

**মিঃ স্পীকার:** That is an opinion only. I have nothing to say in matter.

## শিল্প জেলা গঠন

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১২) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** স্ব (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল ও দুর্গাপুর মহকুমা লইয়া স্বতন্ত্র একটি শিল্প জেলা গঠনের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে?

**ডঃ মহম্মদ ফজলে হক:**

(ক) না। তবে আসানসোলকে কেন্দ্র করিয়া একটি নূতন জিলা গঠনের বিভিন্ন প্র সরকারের নিকট আসিয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় মন্ত্রীমহাশয় যখন বলেছেন যে বিভিন্ন প্র এসেছে দুর্গাপুর এবং আসানসোলকে কেন্দ্র করে; এখানে একটা আলাদা জেলা করার কথা কি আ ভেবে দেখেছেন?

**শ্রী এম. ফজলে হক:** আমি বলেছি না—তবে দরখাস্ত এসেছে। মাননীয় সদস্য অবগতির জন্য বলছি যে সেখানে বিশেষ একজন পুলিশ সুপার ও একজন ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট নি করা হয়েছে। এবং তাতে সেখানে কাজ ভালই হচ্ছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** আমি জানি যে দুর্গাপুর এবং আসানসোলের মোট সংখ্যা ১২ লক্ষ এবং সেখানকার সমস্যাও অনেক। আমি বলছি পশ্চিমবাংলার অন্যান্য জেলার এই দুটিকে দুটি আলাদা জেলা হিসাবে ঘোষণা করার কথা চিন্তা করেন কি?

**শ্রী এম. ফজলে হক:** এখন এই প্রস্তাব এসেছে। এটা আমরা বিবেচনা করছি। দুর্গাপুর এবং আসানসোল যে অবস্থা তা চিন্তা করে দুর্গাপুরকে একটা আলাদা মহকুমা করা হয়ে

াবং সেখানে একটা আলাদা এস, পি, রাখা হয়েছে এবং একটি ডি, এম-ও সেখানে আছে। তবে ালাদা জেলা হিসাবে ঘোষণা করার ব্যাপারে অনেক অসুবিধা আছে, ফাইন্যানসিয়াল কমিটমেণ্ট ত্যাদি আছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে একজন অতিরিক্ত পুলিশ পার আছে এবং একজন অতিরিক্ত ডি, এম-ও আছে। মাননীয় মন্ত্রীমহাশয় কি মনে করেন যে ই পুলিশ সুপার ও অতিরিক্ত জেলা শাসক থাকলেই সমস্যার সমাধান হবে?

**মিঃ স্পীকার ঃ** That is a matter of opinion.

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই আসানসোল ং দুর্গাপুরকে আলাদা আলাদা ডিস্ট্রিক্ট করার প্রপোজ্যাল শিল্পপতিদের কাছ থেকে দেওয়া য়েছে কিনা?

**শ্রীএম· ফজলে হক ঃ** নোটিশ দিলে বলতে পারি।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি—এই যে বিভিন্ন সংস্থা থেকে ানানো হয়েছে আসানসোল ও দুর্গাপুরকে এক একটি জেলা করবার জন্য—সেটা কোন সংস্থা বা কে রেছেন সেটা জানাবেন কি?

**শ্রী এম· ফজলে হক ঃ** আমি তো আগের প্রশ্নে বলেছি যে নোটিশ দিলে বলতে ারবো।

**শ্রীমনোরঞ্জন প্রামানিক ঃ** এই রকম জেলা গঠন যদি করা হয় তাহলে অন্যান্য জেলা ভাগে ভাগ করার প্রস্তাব আসবে কিনা—এবং সে প্রস্তাব আপনারা ভেবে দেখবেন কিনা এবং কি সিদ্ধান্ত গ্রহণ করবেন?

**শ্রী এম· ফজলে হক ঃ** এ ব্যাপারে প্রস্তাব এসেছে—আমরা কোন সিদ্ধান্ত গ্রহণ রিনি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** আসানসোলে দুর্গাপুর মহকুমাকে নিয়ে অন্য জেলা গঠন রতে গিয়ে বর্তমানে যে সমস্ত জেলা আছে সেখানেও যদি এই রকম প্রস্তাব আসে পৃথক হবার াপারে তাহলে তাতে ক্ষতি হবে কিনা এই ব্যাপারে মন্ত্রীমহাশয় তাঁর দৃষ্টিভঙ্গি জানাবেন?

**শ্রীএম· ফজলে হক ঃ** প্রস্তাব এসেছে। আমরা এ বিষয়ে চিন্তা করছি। ক্ষতি হবে কিনা প্রশ্ন এ থেকে আসে না।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, আসানসোল এবং দুর্গাপুর া আলাদা জেলা হয় তাহলে এর প্রভাবে অন্যান্য সমস্ত জেলার অংশগুলি পৃথক পৃথক জেলা হতে ইবে কিনা?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** এ প্রশ্ন আসে না।

## পি ডাবলিউ ডি-এর জায়গায় অবস্থিত আদিবাসীদের ঘরবাড়ি

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** পূর্তবিভাগের ন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার দাঁতন থানার একতারপুর তকীনগর মৌজায় ও টি রোড-এর পাশে পি, ডাবলিউ, ডি-এর এক্তিয়ারভুক্ত জায়গায় যে সকল ভূমিহীন আদিবাসী বাস করত সম্প্রতি তাদের ঘরবাড়ি ভেঙ্গে দেওয়া হয়েছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি,

(২) কোন্ সরকারী কর্মচারীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই কাজ হয়েছে,

(৩) উক্ত এলাকায় এখনও কোন বাড়ি অক্ষত অবস্থায় আছে কিনা, এবং

(৪) থাকিলে ঐ বাড়ির বর্তমান মালিক কে বা কাহারা ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ**

(ক) উক্ত জমি হইতে জবর দখলকারীদের উচ্ছেদ করা হইয়াছে।

(খ) (১) দুর্ঘটনার সম্ভাবনা এড়াইবার জন্য এবং যানবাহনের চলাচল অব্যাহত রাখার জন্য ইহা করা হইয়াছে।

(২) স্থানীয় পূর্ত ও পুলিশ দপ্তরের অফিসারদের তত্ত্বাবধানে ইহা করা হইয়াছে।

(৩) সব জবরদখলকারীদের উচ্ছেদ করা হইয়াছে।

(৪) প্রশ্ন উঠে না।

**শ্রীসরোজ রায় ঃ** ঐ সমস্ত আদিবাসী যারা জায়গার অভাবে ওখানে বসবাস করছিল তাদের যে তুলে দেওয়া হল, তারপর তারা গেল কোথায় বা তাদের পুনর্বসতির কোন ব্যবস্থা হয়েছে কিনা মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীভোলানাথ সেন :** পুনর্বাসনের কাজটা আমার দপ্তরের কাজ নয়। এটা ভূমি ও ভূমি রাজস্ব এবং অন্যান্য দপ্তরের কাজ। আমার দপ্তরের কাজ হল আইন অনুসারে—সেকশান ১৫ অনুসারে সমস্ত রাস্তা ক্লিয়ার রাখা। এরা জবর দখল করেছিল বেআইনীভাবে, সেই জবরদখলকারীদের উচ্ছেদ করা হয়েছে।

**শ্রীসরোজ রায় ঃ** আমি তো একজন ক্যাবিনেট মন্ত্রীকে প্রশ্ন জিজ্ঞাসা করেছি, আপনি যে বললেন তাড়িয়ে দেওয়া আপনার কাজ, এখন তারা যাবে কোথায়, সেটা কি আপনাদের ক্যাবিনেটে আলোচনা হয়নি ? তাছাড়া এতদিন যা বক্তৃতা হয়েছে তাতে তো আমরা শুনেছি এই আদিবাসী এবং অন্যান্য সিডিউল এ্যাণ্ড ব্যাকওয়ার্ড পিপলদের প্রতি আমাদের এই সরকার বিশেষ নজর দেবেন কাজেই যেখানে তারা জায়গার অভাবে বসতে বাধ্য হল সেখান থেকে তাদের যখন তাড়িয়ে দেওয়া হল তখন তারা রইল কোথায় সেটা কি আপনারা দেখবেন না ?

**শ্রীভোলানাথ সেন ঃ** জায়গার অভাবে কেহ পরের জমি দখল করে না। আইন অনুসারে আমরা রাস্তা ক্লিয়ার রাখতে বাধ্য।

**শ্রীবলাইলাল শেঠ ঃ** বড় বড় ব্যবসাদাররা পি, ডবলিউ, ডি-র রোডে বাড়ী করে যথারীতি বাড়ী থাকে কিন্তু গরীব মানুষ বা ভূমিহীনরা বাড়ী করলে তাকে ভাঙ্গার জন্য পি, ডবলিউ, ডি ডিপার্টমেন্ট থেকে চেষ্টা করা হয়, এর কারণ কি মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীভোলানাথ সেন :** এই জাতীয় ঘটনার কথা আমি জানি না। তবে একটা অর্ডার ইস্যু করা হয়েছিল প্রত্যেক পি, ডবলিউ. ডি অফিসে যে যত এনক্রোচারস আছে তাদের সবাইকে সরানো দরকার এবং উচিত পুলিশের সাহায্য নিয়ে এবং আইন মোতাবেক। তাতে বড়লোক বা গরীব লোকের তফাত নেই।

**শ্রীরজনীকান্ত দলুই :** আপনি বললেন প্রত্যেক পি, ডবলিউ ডিপার্টমেন্টে সার্কুলার দেওয়া হয়েছে। আমার জিজ্ঞাস্য সেই সার্কুলার অনুযায়ী কাজ হয়েছে কিনা জানাবেন কি? কারণ আমরা জানি, মেদিনীপুরে এনক্রোচমেন্ট হয়েছে, কোন এ্যাকসান হয়নি।

**শ্রীভোলানাথ সেন :** অনেক জায়গায় হয়েছে, এই প্রশ্নের উত্তরেই আমি তা বলেছি।

**শ্রীশক্তিপদ মাঝি :** আপনাকে কোন নির্দিষ্ট তথ্য দিলে আপনি প্রতিবিধান করবেন কি?

**শ্রীভোলানাথ সেন :** নিশ্চয়। যদি দেখা যায় করা কর্ত্তব্য নিশ্চয়ই করবো।

**শ্রীশক্তিপদ মাঝি :** বাঁকুড়া জেলার মেজা রাস্তার উপর ঘরবাড়ী হয়েছে। সেখানে বাঁকুড়া ডিষ্ট্রিক্টের এ. ডি. এম-এর নোটিশে আনা সত্ত্বেও প্রতিবিধান হয়নি এটা জানেন কি?

**শ্রীভোলানাথ সেন :** এ. ডি. এম-এর ব্যাপার এটা নয়। পার্টিকুলার ইনসটান্স থাকলে এবং সেটা আমাকে লিখে জানালে নিশ্চয়ই যথোপযুক্ত ব্যবস্থা করা হবে।

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, বড় বড় ব্যবসাদার যারা রাস্তার ধারে জমি এনক্রোচ করে বাড়ী করেছে তারা মাসহারা হিসাবে পি, ডবলিউ, ডি-র লোকেদের টাকা পয়সা দেয়?

**শ্রীভোলানাথ সেন :** না, জানি না। জানলে নিশ্চয়ই ব্যবস্থা নিতাম কেন না আমি দুর্নীতির বিরুদ্ধে।

[1-50—2-00 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার :** যদি কিছু অভিযোগ দিই তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে কি?

**শ্রীভোলানাথ সেন :** কাগজে কলমে লিখিত অভিযোগ যদি থাকে এবং যদি প্রমাণিত হয় তাহলে নিশ্চয়ই ব্যবস্থা হবে।

**শ্রীবলাইলাল শেঠ :** আমি জানি মাননীয় মন্ত্রীমহাশয় দু-তিনবার তারকেশ্বর থেকে আরামবাগ রোড দিয়ে যাতায়াত করেছেন। আমার মনে হয় তখন নিশ্চয়ই ঐ বিভাগের অফিসাররা সঙ্গে ছিলেন আমি দেখতে পেয়েছি। ওখানে যারা ছোট ছোট বাড়ী করেছিল তাদের ১৫ দিনের মধ্যে তাড়িয়ে দেবার হুমকী দেওয়া হয়েছে, অথচ আমি দেখছি রাস্তাজুড়ে অনেক বেআইনী ভাবে বাড়ী হচ্ছে। বর্ত্তমানে তারকেশ্বরে একটি বড় হোটেলওয়ালা জোর করে সেখানে টিউবওয়েল পুঁতেছে। আমাদের যুব কংগ্রেসের ছেলেরা বাধা দিতে গেলে তারা বলছে এই সব অফিসাররা আমাদের কিছু করতে পারবে না। এর সঙ্গে যদি আমলারা পর্যন্ত জড়িত থাকে তাহলে মন্ত্রীমহাশয় কি ব্যবস্থা অবলম্বন করবেন?

**মিঃ স্পীকার ঃ** This does not araise. It is a request for action.

**শ্রীরবীন্দ্রনাথ বেরা ঃ** মেদিনীপুরে রাস্তার ধারে অনেক এনক্রোচমেন্ট হয়েছে, এ সম্পর্কে আমি কয়েকদিন আগে জানিয়েছি। আমি প্রথমে দেখলাম রাস্তার ধারে কিছু কিছু আদিবাসী ঘর আরম্ভ করলেন এবং তারপরে দেখা গেল পয়সা আছে এমন ব্যবসায়ীরা ইচ্ছামত জায়গায় ছোট ছোট ঘর করে দখল করতে আরম্ভ করল, এই সম্পর্কে আমি এ্যাকশান নেবার জন্য জানিয়েছি। এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে সেটা মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** This does not arise.

**শ্রীরবীন্দ্রনাথ বেরা ঃ** এই ব্যাপারে তাড়াতাড়ি যাতে এ্যাকশান নেওয়া হয় তার জন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

**মিঃ স্পীকার ঃ** It is a request for action in respect of a separate mouza. So, you bring a separate question.

## আসানসোল ও দুর্গাপুর মহকুমায় ইউনিয়ন বোর্ডের নির্বাচন

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল ও দুর্গাপুর মহকুমায়—

(১) ইউনিয়ন বোর্ডগুলির নির্বাচন ১৯৫৮ সালের পর আর অনুষ্ঠিত হয় নাই, এবং

(২) পঞ্চায়েত প্রথার অনুপস্থিতি হেতু প্রায় দশ লক্ষ মানুষের স্বার্থ বিঘ্নিত হইতেছে ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ**

(ক) (১) না, ইহা সত্য নহে। ১৯৫৯ সালে অধিকাংশ ইউনিয়ন বোর্ডের এবং ১৯৬০ ও ১৯৬১ সালে কোন কোন ইউনিয়ন বোর্ডের নির্বাচন অনুষ্ঠান করা হয়েছিল।

(২) না।

(খ) এই প্রশ্ন ওঠে না। তবে এ প্রসঙ্গে বলা যেতে পারে যে আলোচ্য ইউনিয়নবোর্ড এলাকাধীন অঞ্চলসমূহ পঞ্চায়েত প্রথার অন্তর্ভুক্ত করার বিষয়টি বর্ত্তমানে সরকার গভীরভাবে বিবেচনা করছেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) প্রশ্নের ২ নম্বরের জবাবে মন্ত্রীমহাশয় বলেছেন পঞ্চায়েত প্রথার অনুপস্থিতিহেতু গ্রামের ১০ লক্ষ লোকের স্বার্থ বিঘ্নিত হচ্ছে না। মন্ত্রীমহাশয় কি জানেন ইউনিয়ন বোর্ডগুলি এক একটি রবার ষ্ট্যাম্প এবং এক একজন সর্বদাই অনুপস্থিত থাকে, চৌকিদার ছাড়া আর কেউ থাকে না ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** এই প্রসঙ্গে উত্তরটা বোধ হয় পূর্বেই আমি দিয়েছিলাম। নির্বাচন না হওয়া পর্যন্ত এর পরিবর্ত্তন হয়ত সম্ভব হবে না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রীমহাশয় বলেছেন আসানসোল, দুর্গাপুর মহকুমায় পঞ্চায়েত প্রথা চালু করার বিষয়ে সরকার খুব গভীরভাবে চিন্তা করছেন। এই গভীরভাবে বিবেচনা কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে, সেটা কি মন্ত্রীমহাশয় বলবেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** আপনাদের কাছে আমি আগেই জানিয়েছি যে পঞ্চায়েত বিলটির একটি খসড়া বিবেচনাধীন আছে। আমি আশা করছি এই সেসানেই আপনাদের সামনে সেটা উপস্থিত করা সম্ভব হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন ১৯৬০-৬১ সালের পরে আসানসোল এবং দুর্গাপুর মহকুমার ইউনিয়ন বোর্ডের নির্বাচন হয়নি। এই নির্বাচন না হওয়াটা কি আইনসম্মত ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** নিশ্চয়ই নয় বোধ হয়। আপনি জানেন কোন জায়গাতেই হয় নি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** যদি আইনসম্মত না হয়ে থাকে, বেআইনী হয়ে থাকে তাহলে ঐগুলিকে চালু রাখার জন্য সরকার কি কোন অনুমতি দিচ্ছেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** আইন পরিবর্ত্তন না করা পর্যন্ত কিছু করার নেই।

**শ্রীমনোরঞ্জন প্রামানিকঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় জানাবেন কি—এই সামনেই পঞ্চায়েত বিল আসছে এরকম কোন প্রতিশ্রুতি দেবেন যাতে করে আসানসোল এবং দুর্গাপুর মহকুমাকে পঞ্চায়েত বিলের আওতার মধ্যে আনা হবে ?

**মিঃ স্পীকারঃ** This question is disallowed.

**শ্রীঅমরেন্দ্র মণ্ডলঃ** এখনই নির্বাচন করার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** এখানে দাঁড়িয়ে উত্তর দেওয়া খুব অসুবিধা আছে। যদি আমাকে লিখিতভাবে জানান তাহলে আমি নিশ্চয়ই আপনাদের কথামত চিন্তা করে বিবেচনা করবো।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডলঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে আমাদের প্রায় ৪০/৪২টি Union Board-এর President তারা একটা প্রতিক্রিয়াশীল জোট এবং স্বাক্ষরযুক্ত করে তখনকার দিনের মন্ত্রীর কাছে দরবার করে আমাদের যে পঞ্চায়েত হতে যাচ্ছিল তাকে বানচাল করে Union Board-কে চালিত রাখা হয়েছে, এ বিষয়ে কি আপনি অবগত আছেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** ১৯৬৩ সালে তদানীন্তন আসানসোল মহকুমার ১১টি জায়গায় আইনে বন্ধ রাখার জন্য তখনকার দিনে একটি pressure এসেছিল। এবং আপনারা জানেন যে এখন যেভাবে শিল্প উন্নয়ন হচ্ছে, হবার ফলে আজকে সেই শিল্প প্রতিষ্ঠান সেখানকার কাজে মোটা-মুটি ভার নিয়েছে এবং যতক্ষণ পর্যন্ত না আমরা পঞ্চায়েত আইন পুরোপুরি ভাবে অনুমোদন করতে পারছি ততক্ষণ পর্যন্ত আমাদের পক্ষে কোন কথা এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে বলা সম্ভব নয়।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডলঃ** মাননীয় মন্ত্রীমহাশয় সামনে যে পঞ্চায়েত বিল আসছে, আপনি দয়া করে এখানে প্রতিশ্রুতি দিন যে আমাদের আসানসোল এবং দুর্গাপুর মহকুমায় এই পঞ্চায়েত বিল আনা হবে।

**মিঃ স্পীকার ঃ** It is a request for action. The question is disallowed.

*71 is held over and *72 is held over.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই question গত সেসনে আমি দিয়েছিলাম তখনও Held over হয়েছিল। এটা একটা important প্রশ্ন। যেখানে বাঙ্গালী ছেলেরা চাকরী-বাকরী পাচ্ছে না তার জন্য একটা Bengal Battalion বা Bengal Regiment করা যায় কিনা? সে সম্পর্কে মন্ত্রী মহাশয়ের নিশ্চয়ই চিন্তা করা উচিত ছিল। কিন্তু আমি বুঝতে পারছি না যে কেন held over হল। তাই আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সমস্ত Cabinate-এর দৃষ্টি আকর্ষণ করছি যে Bengal Battalion বা Bengal Regiment সম্বন্ধে Cabinet একটা সিদ্ধান্ত নিন। আমরা পরের দিন যেন জানতে পারি যে Bengal Battalion বা Bengal Regiment হয়েছে।

## পুরুলিয়া জেলায় অগ্নিনির্বাপণ কেন্দ্র

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় সরকারী অগ্নিনির্বাপণ কেন্দ্রের কোন শাখা আছে কিনা ;

(খ) ঐ শাখা না থাকিলে তাহার কারণ কি , এবং

(গ) পুরুলিয়া জেলায় অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে কবে নাগাত স্থাপন করা হইবে?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ**

(ক) না। কোন ফায়ার ষ্টেশন পুরুলিয়াতে খোলা হয় নাই।

(খ) গত চার বৎসরের মধ্যে কোন উপযুক্ত বাড়ী পাওয়া সম্ভব হয় নাই। তদানীন্তন ডেপুটি কমিশনার এবং এই বিভাগের জয়েন্ট সেক্রেটারী ফায়ার ষ্টেশনের জন্য উপযুক্ত বাড়ী সন্ধান করিয়াও পান নাই। কুলী ডিপোতে একটি বাড়ী পাওয়া গিয়াছিল, কিন্তু এই বিভাগের জয়েন্ট সেক্রেটারী পরিদর্শন করার পর তিনি ঐ বাড়ীটিকে উপযুক্ত মনে না করায় তাহা মনোনীত হয় নাই। তাহার প উপযুক্ত জমির সন্ধান করা হয়, কিন্তু জমির উপর বাড়ী তৈয়ার করিয়া ফায়ার ষ্টেশন খোলা খরচ এ সময় সাপেক্ষ বলিয়া জমি সংগ্রহ করা হয় নাই।

(গ) আছে। বর্তমানে নর্থ লেক রোডে একটি বাড়ী পাওয়া গিয়াছে। ডিরেক্টার, ফায়া সার্ভিসকে. ঐ বাড়ী ইন্সপেকশন করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। তিনি শীঘ্রই ইন্সপেকশন করিয় রিপোর্ট দিলে এবং বাড়ীটি উপযুক্ত বিবেচিত হইলে যত শীঘ্র হয় একটি ফায়ার ষ্টেশন খোলা হইবে সরকার বর্তমানে এই বিষয়ে যথেষ্ট তৎপর হইয়াছেন, তবে ফায়ার ষ্টেশন খুলিবার পূর্বে বাড়ীটির সম্বন্ধে বিশেষ বিবেচনা করার প্রয়োজন আছে।

আপনাদের আমি জানাচ্ছি আজকে Director গেছেন জমিটা inspect করবার জন্য। আশা করছি ফিরে এসে report দেবেন। যদি Fire Station এর উপযুক্ত হয় তাহলে যত শীঘ্র সম্ভব একটি Fire Station খোলা হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, যখন সরকার তৎপর য়েছেন যে পুরুলিয়া জেলায় একটা Fire Station চালু হবে, সেটা কোন মাস নাগাদ হবে ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** আমি বলেছি আজই Directior গেছেন বাড়ী দেখবার জন্য। নি যদি মনে করেন সেই বাড়িটি Fire Station এর উপযুক্ত এবং আমাদের ভাড়ার যে সীমা ছে সেই ভাড়ার মধ্যে যদি বাড়ীটি পাওয়া যায় তাহলে যত শীঘ্র সম্ভব করা হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে পুরুলিয়ায় Fire ation নির্মাণের জন্য ৪ বছর চেষ্টা করেও কোন বাড়ী পাওয়া যায় নি। আপনাদের এই port সত্য নয়। আমি মন্ত্রীমহাশয়কে বলছি পুরুলিয়া জেলায় বিধান সভার সদস্যরা যদি re Station এর বাড়ী ঠিক করে দেন তাহলে সেই বাড়ী সরকার নেবেন কিনা ?

-00—2-10 p.m.]

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** আপনার কথা বোধ হয় আমি অনুমোদন করি, যদিও চার ছর ধরে বাড়ী পাওয়া যায় না, এই কথাটা কিছুটা বিস্ময়কর, কিন্তু আপনি জানেন মরা এই সরকারে এসেছি ২০শে মার্চ এবং তারপর থেকে আমরা কি কি করেছি, সে সম্বন্ধে বাবদিহি নিশ্চয় করবার জন্য প্রস্তুত।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে একটা সামান্য াপারে অসামান্য অবহেলার জন্য পুরুলিয়া জেলায় অগ্নিকাণ্ড দুর্ঘটনার জন্য ক্ষতির পরবর্তী দায়িত্ব রকার নেবেন কিনা।

**মিঃ স্পীকারঃ** Question time is over.

## সিমেন্টের দুষ্প্রাপ্যতা

*১৫। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *৬৯১) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবাংলায় সিমেন্টের অভাবে বর্তমানে সবরকম নির্মাণকার্য্য ব্যাহত হইতেছে, এবং

(খ) অবগত থাকিলে—

(১) এই দুষ্প্রাপ্যতার কারণ কি, এবং

(২) পশ্চিমবাংলায় নিয়মিত ও প্রয়োজনভিত্তিক সিমেন্ট সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) এই দুষ্প্রাপ্যতার প্রধান কারণ চাহিদার তুলনায় কম সরবরাহ। সরবরাহের স্বল্পতার কারণগুলি এই—

এই রাজ্যে সিমেন্টের সরবরাহ ১৯৬৯ সালে ১১,২৬,১১২ টন হইতে ১৯৭০ সালে ৯১৪,৭:
এবং ১৯৭১ সালে ৮,৪২,৫১৭ টনে হ্রাস পায়। ১৯৭০ ও ১৯৭১ সালে এই রাজ্যে নানাবিধ অশা
পরিবেশ থাকাতে সিমেন্টের চাহিদা ও সরবরাহ উভয়ই হ্রাস পায়। ১৯৭২ সালে অবস্থার সর্বাঙ্গ
দ্রুত উন্নতির ফলে এবং রাজ্য সরকার কর্তৃক নানাবিধ উন্নয়নমূলক প্রকল্প আরম্ভ করার ফলে বি
সি. এম, ডি. এ ও অন্যান্য সংস্থার বৃহত্তর কলিকাতার জন্য উন্নয়নমূলক বহুসংখ্যক পরিকল্পনা
নেওয়ার ফলে—সরকারী ও বেসরকারী উভয় খাতে সিমেন্টের চাহিদা বহুল পরিমাণে বৃদ্ধি ·
রাজ্য সরকারের হিসাব অনুযায়ী প্রতি মাসে এখন ন্যূনপক্ষে ১,৩০,০০০ টন সিমেন্টের প্রয়ে
কিন্তু বর্তমানে মাত্র ৮০,০০০ টন সিমেন্ট এই রাজ্যে প্রতি মাসে আসিতেছে।

এই রাজ্যে কোন সিমেন্টের কারখানা নাই। কেন্দ্রীয় সরকার সমগ্র পূর্বাঞ্চলের
প্রতি মাসে যে পরিমাণ সিমেন্টের বরাদ্দ করেন তাহা হইতে ৮০,০০০ টনের বেশী সি
এই রাজ্যের জন্য পাওয়া যাইতেছে না। ইহার প্রধান কারণ বরাদ্দের অপ্রতুলতা। আর ·
কারণ হইল দক্ষিণ ভারতে অবস্থিত সিমেন্ট কারখানাগুলি হইতে পুরা বরাদ্দমত সিমেন্ট
রাজ্যে আনিবার উপযোগী রেলওয়ে ওয়াগন পাওয়া যাইতেছে না।

(খ) (২) পশ্চিমবঙ্গে সিমেন্টের সরবরাহ বৃদ্ধি করিবার জন্য রাজ্য সরকার কে
সরকারকে অনুরোধ করিয়াছেন যে প্রতি মাসে কমপক্ষে এই রাজ্যের জন্য ১,৩০,০০০
সিমেন্ট যেন বরাদ্দ করা হয়। যেহেতু দক্ষিণ ভারতেই উদ্বৃত্ত সিমেন্ট পাওয়া সম্ভব সেই
কেন্দ্রীয় সরকারকে ইহাও অনুরোধ করা হইয়াছে যে দক্ষিণ ভারত হইতে জাহাজ যোগে
রাজ্যে সিমেন্ট আনিবার ব্যবস্থা যেন সত্বর করা হয় এবং জাহাজ যোগে সিমেন্ট আনি
যে অতিরিক্ত খরচ পড়িবে তাহা যেন কেন্দ্রীয় সরকারের Cement Equilisation Fund হ
বহণ করা হয়।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, আমাদের পশ্চিমবাং
জন্য সিমেন্টে এ্যালটমেন্ট কে দেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** এটা তো কেন্দ্রীয় সরকার করেন।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে পশ্চিমবাংলার ডেভল
মেন্টের কাজ যখন পুরোদমে চলবার কথা, তখন প্রয়োজনীয় সিমেন্ট না দিয়ে কেন্দ্রীয় সরব
কি পশ্চিমবাংলার উপর বিমাতৃসুলভ ব্যবহার করছেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি এই রাজ্যে ১৯
সালে আমরা পেয়েছিলাম ১১ লক্ষ ২৬ হাজার ১১২ টন। গড়ে মান্থলি এ্যারাইভ্যাল ছি
৯৩ হাজার ৮৪৬ টন। ১৯৭০ সালে এই ১১ লক্ষ ২৬ হাজার ১১২ টন কমে হ
৯ লক্ষ ১৪ হাজার ৭১৮ টন। মান্থলি এভ্যারেজ গিয়ে দাঁড়ায় ৮১ হাজার ২২৬ মেট্রি
টন। আর ১৯৭১ সালে মান্থলি এ্যাভারেজ ছিল ৭০ হাজার ২০৯ মেট্রিক টন
এ্যানুয়েল এ্যাভারেজ ছিল ৮ লক্ষ ৪২ হাজার ৫১৭ টন। সুতরাং দেখা ·
১৯৬৯ সাল থেকে আজ পর্যন্ত প্রত্যেক বছর যে সিমেন্ট এসে পৌঁচচ্ছে তার পরি
কমে যাচ্ছে এবং এই সরকার আসার পর আমরা হিসাব নিয়ে দেখেছি জানুয়ারী ·
আমরা পেয়েছি ৭৮ হাজার ৫৯১ মেট্রিক টন, ফেব্রুয়ারী মাসে ৬৫ হাজার ৪৭০ মে
টন, মার্চ মাসে ৭৪ হাজার ৮৯৩ মেট্রিক টন, এপ্রিল মাসে ৮৪ হাজার ৬৬৮ মে

টন আর যে মাসে আমরা পেয়েছি ৮০ হাজার ৪০২ টন, সুতরাং কমে আসছে। সেইজন্য :কেন্দ্রীয় সরকারের কাছে এই নিয়ে আবেদন করেছি, এবং আমি নিজে গিয়েও দুবার জানিয়েছি :য আমাদের কমপক্ষে অন্ততঃ মাসে ১ লক্ষ টন করে বরাদ্দ করা দরকার। কারণ আমাদের :য চাহিদা সেই অনুযায়ী এটা পাওয়া উচিত। এছাড়া আমরা বলেছি যে টিউব রেল এবং দ্বিতীয় হুগলী ব্রিজ এবং সি. এম. ডি. এ-র কাজের জন্য আরও মাসে ৩০ হাজার টনের অতিরিক্ত বরাদ্দ আমাদের করা প্রয়োজন।

২য় হুগলী ব্রিজের ফলে এবং সি, এম, ডি এর কাজের জন্য আরও ৩০ হাজার মেট্রিক ন অতিরিক্ত বরাদ্দ আমাদের প্রয়োজন। আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি এবং এই াপারে সংবাদপত্রে দেখে থাকবেন যে আমরা চাপ সৃষ্টি করছি। কিছুদিন আগে খানে রেল মন্ত্রী শ্রীহনুমন্তাইয়া এসেছিলেন সেখানে আমি এবং আমাদের মুখ্যমন্ত্রীও ছিলেন, ামরা প্রশ্ন তুলেছিলাম। কিন্তু এইটা ঠিক ১৯৬৯ সালে যুক্তফ্রন্টের আমলে যে রিমাণ সিমেন্ট এই রাজ্য পেয়েছে আজকে সেই পরিমাণ পাচ্ছে না। আমরা এই সরকারে াসার পর, যে পরিমাণ সিমেন্ট বিহার এবং ওড়িশা থেকে পাই—সেখানকার সেই সিমেণ্ট ্যাক্টারীগুলি মার্চ, এপ্রিল মাস থেকে বন্ধ রয়েছে নানা রকম কারণে পাওয়ার ফেলিওর ত্যাদি কারণে। কিছুদিন আগে মধ্য প্রদেশে একটা বিরাট সিমেন্টের কারখানা বন্ধ থাকার র আবার খুলেছে, আমি কেন্দ্রীয় সরকারকে টেলিগ্রাম করেছি এবং চিঠিও লিখেছি যাতে ই কারখানা থেকে মাসে এ্যাডহক ৪০ হাজার মেট্রিক টন সিমেণ্ট পাঠান হয় এবং আমরা য়েছিলাম পশ্চিমবাংলাকে মোট ১ লক্ষ মেট্রিক টন এ্যাডহক দেওয়া হোক। কারণ কেন্দ্রীয় রপ্রাপ্ত মন্ত্রী আসামের জন্য ১ লক্ষ মেট্রিক টন এ্যাডহক এ্যালোটমেণ্ট করেছিলেন। সেইজন্য ঘটনায় উৎসাহিত হয়ে চেয়েছিলাম যে আসামের চেয়ে পশ্চিমবাংলার চাহিদা অনেক বেশী ই এ্যাডহক ১ লক্ষ মেট্রিক মন অতিরিক্ত চেয়েছিলাম কিন্তু এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের ছ থেকে কোনরকম সাড়া এখন পর্য্যন্ত পাওয়া যায়নি।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবৃতি এখানে দিয়েছেন তাতে আমি অাশ্চর্য্য এবং বেদনা বোধ করছি যে যুক্তফ্রন্টের সময় কেন্দ্রীয় সরকার যে পরিমাণ মণ্ট দিয়েছিলেন বর্তমানে সেই পরিমাণ দিচ্ছেন না। যখন আমরা সি, এম, ডি,-এর কাজ : গ্রামবাংলাকে নতুন করে গড়বার কাজে হাত দিয়েছি, যখন সিমেন্টের বেশী প্রয়োজন ন কম আসছে। এর ভিতর দিয়ে কেন্দ্রীয় সরকার অবিচার করছেন। আমি মন্ত্রী মহাশয়কে জ্ঞাসা করছি যে আমাদের যে ডেভোলপমেণ্টের প্ল্যানস এবং প্রোগ্রাম আছে যেগুলি আমরা ানসভা থেকে পাশ করিয়ে নিচ্ছি সেগুলি কি তবে সাসপেণ্ড হয়ে যাবে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** যদি এইভাবে ওয়াগন ইত্যাদির অভাবে সিমেণ্ট না পাওয়া যায় পেতে বিলম্ব হয় তাহলে শুধু উন্নয়ন মূলক বড় বড় পরিকল্পনা গুলি যে বন্ধ হয়ে যাবে তাই নয় সারা চম বাংলার Building industry will be in jeopardy. বন্ধ হয়ে যাবে এবং এর ফলে একটা াট বেকার সমস্যার চাপ আমাদের উপর আসবে। আমি এই বিষয়টা মাননীয় সদস্যদের জানাচ্ছি, ত এখানে প্রশ্ন উঠতে পারে যে আমরা সেখানে ১ লক্ষ টন চেয়েছিলাম, কেন আরও ৩০ হাজার টন গ্নর কাছে চাচ্ছি ? কারণ এই বিষয়ে অনেক ফ্যাক্টস আছে সেটা হচ্ছে সি, এম, ডি, এ স্কিম এবং সি, এম, ডি, এ স্কিমের জন্য ১৯৭২-৭৩ সালে ১৬,২৫০ মেট্রিক টন সিমেন্ট লাগবে। হুগলী জর জন্য আমাদের ১৯৭২-৭৩ সালে, বছরে লাগবে ১০,৭৪৪ মেট্রিক টন। পি, ডব্লুউ, ডির লাগবে ৭৫,০০০ মেট্রিক টন আর পি, ডব্লুউ, ডি রোডসের জন্য লাগবে ২৫,০০০ মেট্রিক টন।

[2-10—2-20 p.m.]

P.W.D-তে লাগবে ৭৫ হাজার মেট্রিক টন, P.W.D, (Rds) লাগবে ২৫ হাজার মে( টন, C.M.D.A.-তে লাগবে ২ লক্ষ টনের কিছু বেশী। এটা হিসাব করে দেখবেন ৩ লক্ষ হাজার মেট্রিক টন annual requirement হবে 1972-73-তে। আমাদের যুক্তফ্রন্টের সময় আ যেটা চেয়েছিলাম সেটা average-এ ১ লক্ষ টন তার সঙ্গে ৩ লক্ষ ২৭ হাজার টনকে ১২ দিয়ে ভাগ করলে দেখা যাবে average ৩০/৩২ হাজারের মতন পড়বে। আমরা একই স দুটো claim বেশী করে রেখেছি। আমরা দেখিয়েছি United Front regime-এ law a order situation খারাপ ছিল। তখন যদি ১ লক্ষ টন average monthly arrival হয়ে থা তাহলে এখনও সেটা হওয়া উচিত। এবং তার উপর আরও ৩০ হাজার টন হওয়া উচিত। এছা ১ লক্ষ টন আমরা ad-hoc চেয়েছিলাম আসামকে দেওয়া হয়েছিল যেরকম পশ্চিম বাংলাকে দেওয়া উচিত। কারণ তা না হলে পশ্চিমবাংলার সামনে দারুণ দুর্দিন।

**শ্রীতৃপ্তিময় আইচ ঃ** আপনি জানেন কি Government-এর Inspector-রা Cemer licensee-র গুদামে গিয়ে stcok verification করে না? এই stock verification না হবা ফলে সিমেন্ট black হচ্ছে এবং যেখানে ১২·৮০ পয়সা দাম সেটা সেখানে ১৮ টাকায় বিক্রি হচ্ছে এইভাবে সিমেন্টের ফটকাবাজী চলছে এবং জনসাধারণ তারা তাদের চাহিদা অনুযায়ী পাচ্ছে না।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** সিমেন্টের চাহিদার তুলনায় কম যখন রয়েছে তখন তো এইরক ঘটনা ঘটা স্বাভাবিক। Stockist-রা যে সিমেন্ট আনেন তার উপর আমাদের distributio এর কোন Control নেই। আমরা বিভিন্ন D.M.-কে জানিয়েছিলাম খাদ্য সরবরাহ দপ্তর থে যে জনসাধারণের সুবিধার জন্য informally বসে distributions-এর কোন arrangement ক যায় কিনা সেটা আপনারা দেখুন। যখন কোন stockist জেলায় কোন সিমেন্ট আনবেন R. R. Rly receipt দেখিয়ে State arrival figure জেলা Authorities-কে জানাবেন এ তাহলেই আমরা consumers-দের একটা priority দিতে পারি। কিন্তু এটা non-statuto internal domestic arrangement এটা আদায় করেছিলাম। কিন্তু বিভিন্ন জায়গা থেকে এরব অভিযোগ এসেছে যে চড়া দামে সিমেন্ট বিক্রি হচ্ছে। এর জন্য আমরা দুঃখিত ও লজ্জিত। কি সরকারের অসহায় অবস্থাটা আপনারা দেখবেন। তবে এই সিমেন্টের ব্যাপারে আমাদে দপ্তরের Inspector-রা যদি কোন দুর্নীতির সঙ্গে জড়িত থাকেন তাহলে কিন্তু তিনি spa হবেন না এবং সরকার দৃঢ়তার সঙ্গে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন।

**শ্রীতৃপ্তিময় আইচ ঃ** পশ্চিমবাংলার সিমেন্টের ঘাটতির কথা চিন্তা করে যদি এক সুনির্দিষ্ট প্রস্তাব আপনাদের দিই যাতে সিমেন্টের কারখানা পশ্চিমবাংলায় করে এর ঘাটতি পূ করা যায় তাহলে সেটা কি আপনি মেনে নেবেন।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** এবিষয়ে পশ্চিমবাংলা সরকার পুরুলিয়া জেলায় একটা সিমেন্ট কারখানা করার ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারকে লিখেছেন যে এই রাজ্যে একটা সিমেন্ট কারখানা করা দরকার।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** বর্দ্ধমান জেলায় হিমাদ্রী হাজরার কাছ থেকে ২০০ ব্যা চোরাই সিমেন্ট উদ্ধার করা হয়েছে। ঐ জেলার শম্ভু গুহ যে গভর্ণমেন্টের কাছ থেকে ২ হাজা ব্যাগ পায়, সে S.D.O.-র কাছে return দাখিল করেছে ৫ হাজার ব্যাগের এবং ২০ হাজা

ব্যাগ চোরাই সিমেণ্ট তার গুদাম থেকে উদ্ধার করা হয়েছে। সিমেণ্টের যখন অভাব চলছে তখন বর্ধমান জেলায় সিমেণ্ট নিয়ে এইরকম ধরণের যে চোরাকারবারী চলছে তাতে কি মন্ত্রীমহাশয় স্বীকার করবেন যে তাঁর দপ্তর এবিষয়ে ব্যর্থ হয়েছেন।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** এটা তার গায়ের জ্বালা মেটানোর প্রশ্ন। বর্ধমান জেলার ধবধবিতে সিমেণ্ট নিয়ে কে চোরাকারবারী করছে সেটা তাঁর জেনে আমাদের লিখিতভাবে জানান উচিত।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন শম্ভু গুহ ডিলার, যার গোডাউনে ২৫ হাজার ব্যাগ সিমেণ্ট পাওয়া সত্ত্বেও যিনি ৫ হাজার ব্যাগের রিটার্ন দিয়েছিলেন এস. ডি. ও.-কে, বাকি ২০ হাজার ব্যাগ সিমেণ্ট .....

**Mr Speaker**: That question does not arise. If you have got any specific allegation of corruption against any person in this matter, you can raise that point in other connection or you can bring it to the notice of the Hon'ble Minister to take suitable action.

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বিধান সভার সমস্ত সদস্যদের বলেছেন যে পশ্চিমবঙ্গে সিমেণ্টের অভাব চলছে, পশ্চিমবঙ্গে সিমেণ্টের অভাব চলছে না। পশ্চিমবঙ্গে সিমেণ্ট চোরাকারবারীরা সিমেণ্ট গুদামজাত করে বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করছে। এই ডিলারদের সায়েস্তা করার ক্ষমতা খাদ্য দপ্তরের আছে কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** হাউস বড্ড বেশী উত্তপ্ত হয়ে গেছে, উত্তাপের পরিবর্তে আলো দরকার। উত্তপ্ত হওয়ার কোন কারন নেই, সিমেণ্টের কারবার মন্ত্রী মহাশয় করেন না। আমি মাননীয় সদস্যকে জানাতে চাই, আপনি সৎ সাহস দেখিয়ে সমস্ত দায়িত্ব নিয়ে যে ব্যক্তি বা ইন্সপেক্টর এর জন্য দায়ী সে সম্বন্ধে লিখিতভাবে চিঠি দিন, যার ভিত্তিতে অনুসন্ধান করব। তাতে সত্যাসত্য সমস্ত বিচার হয়ে যাবে।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** বিধান সভার মাননীয় সদস্য নিজে উপস্থিত থেকে সে চোরাকারবারীকে ধরেছেন এবং এস ডি. ও., আই. বি.কে নিয়ে গিয়ে তার গুদাম থেকে ২০ হাজার ব্যাগ চোরাই সিমেণ্ট উদ্ধার করা হয়েছে।

**শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি একটা আবেদন রাখছি। সেই আবেদন হচ্ছে এই যে, মন্ত্রী মহাশয়ের বিবৃতি থেকে দুটো গুরুত্বপূর্ণ প্রশ্ন জানতে পেরেছি --একটা হচ্ছে যুক্তফ্রন্টের আমল থেকে সিমেণ্ট সরবরাহ কম দিচ্ছে, আর একটা হচ্ছে সিমেণ্টের অভাবে পশ্চিমবঙ্গের সমস্ত উন্নয়ন কাজ বন্ধ হয়ে যাবে, বিল্ডিং ইনডাস্ট্রী নষ্ট হয়ে গিয়ে বেকারের সৃষ্টি হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমাদের আবেদন এই দুটি গুরুত্বপূর্ণ প্রশ্নের বিষয় বিবেচনা করে আমাদের এই হাউসের পক্ষ থেকে স্পীকার হিসাবে আপনি আমাদের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কাছে জানিয়ে দিন যে, আমরা এই বিষয়ে উদ্বেগ বোধ করছি।

**শ্রীপ্রদীপকুমার পালিত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য জ্যোতির্ময় বাবু যে বক্তব্য মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে রাখলেন সেই বক্তব্যের মধ্য দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের যে উত্তর আমরা পেলাম তাতে দুটো পরস্পর রেষারেষিমূলক বক্তব্য আমরা শুনলাম,

কিন্তু আসল ব্যাপারটা আমাদের কাছে পরিষ্কার হল না। এই ব্যাপারে আমরা পরিষ্কার কি জানতে চাই।

**Mr. Speaker :** No further discussion, there is no scope of discussion on this question. If you want to discuss this matter, you may bring specific motion on the subject which may be considered by me and the House but it cannot be discussed in this fashion.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি যে প্রিভিলেজ মোশানের নোটিশ দিয়েছিলাম সে সম্বন্ধে আমাকে বলতে দিন।

**মিঃ স্পীকার ঃ** You can raise your privilege motion.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের ২২৬ বিধান মতে আপনার কাছে একটা নোটিশ দিয়েছি এবং সেই নোটিশটা অন্ততঃপক্ষে আমাদের এই হাউসের সদস্য, পশ্চিমবঙ্গ এবং সারা ভারতবর্ষের মানুষের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। গতকাল দৈনিক গণশক্তি কাগজে একটা উক্তি বেরিয়েছে। গতকাল রাজ্য বিধান সভার বদলে—ওঁরা কুটির, ক্ষুদ্র শিল্প বিভাগের জন্য······ইত্যাদি অনেক কথা বলেছেন, কিন্তু এই বিধানসভাকে "সাজান বিধানসভা" বলা হয়েছে। এই সাজান বিধান সভার অর্থটা নিশ্চয়ই কারুর অজানা নয়। সাজান বিধান সভার নানা অর্থ হতে পারে। সাজান বিধানসভা বলতে ধরে নেওয়া যেতে পারে হয় ভুয়ো বিধানসভা, না হয় এই বিধান সভা গণতান্ত্রিক উপায়ে গঠিত নয়।

[2-20—2-30 p.m ]

এই যদি হয় তাহলে নিশ্চয়ই আমাদের অধিকার ক্ষুণ্ণ হয়েছে মনে করে নিতে পারি। সাজানো বিধানসভা যদি ভুয়ো বিধানসভা হয় তাহলে নিশ্চয়ই আমাদের যে নির্বাচন হয়ে গেল গণতান্ত্রিক উপায়ে, যে নির্বাচনের মাধ্যমে আমরা এখানে বিধানসভায় গণতান্ত্রিক মোর্চার সদস্যবৃন্দ এবং অন্যান্য মাননীয় সদস্য যারা এখানে এসেছি তাদের নির্বাচন তাহলে বাতিল হয়, ভুয়ো হয়। এই ক্ষেত্র বিবেচনা করে আমি মনে করি স্যার, এই বিধানসভাকে অবমাননা করা হয়েছে এবং প্রত্যেক সদস্যের অবমাননা করা হয়েছে। তারা এই বিধানসভাকে অপমান করবার জন্য বাইরে যে পশ্চিমবঙ্গের সাড়ে চার কোটি লোকের সাহায্যে এবং সমর্থনে ভোট পেয়েছিলেন তাদের প্রতিও কটাক্ষপাত করা হয়েছে এবং সংসদীয় গণতন্ত্রের উপর কটাক্ষপাত করে এই বিধানসভাকে জনমানসে হেয় প্রতিপন্ন করা হয়েছে। এখানে স্যার, এই খবরের কাগজ দৈনিক গণশক্তির এই ঔদ্ধত্য আমাদের অত্যন্ত আঘাত দিয়েছে এবং আমরা যদি ভুয়ো বিধানসভায় থাকি তাহলে আমরা কোন কথা বলতে পারি কি পারি না। এইটা আপনি নিশ্চয়ই স্বীকার করবেন যে আপনিও স্যার, এখানে নির্বাচিত হয়ে এসেছেন, আপনিও বিধানসভায় ভুয়ো নির্বাচিত হয়েছেন, আপনি একটি সাজানো বিধানসভায় নির্বাচিত হয়েছেন। আপনাকে কেউ বা কোন লোক সে মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় হোন বা সাত্তার সাহেব হোন বা আমাদের রাজ্যপাল গভর্ণর সাহেব হোন যিনি হোন না কেন এই সমস্ত মাননীয় সদস্যদের তাঁরা বাইরে থেকে এনে এই বিধানসভায় আসন অলঙ্কৃত করবার জন্য এখানে বসিয়ে দেন নি। আমাদের উপযুক্ত কারণে আমাদের যোগ্যতার জন্যই আমরা এখানে এসেছি, আমাদের আইনতঃ অধিকার ছিল সংসদীয় অধিকার-এর মধ্যে দিয়েই এবং সাংবিধানিক অধিকারের মধ্য দিয়ে যথারীতি নির্বাচনের মাধ্যমে আমরা এই বিধানসভায় নির্বাচিত হয়ে আমরা

পশ্চিমবাংলার জনগণের যথার্থ সেবা করবার। আজকে সেই বিধানসভাকে যারা ভুয়ো বলেন আপনাকে তাদের বিচার করে দেখতে হবে। সেই বিধানসভাকে যারা জনমানসে হেয় প্রতিপন্ন করবার চেষ্টা করবে, সেই বিধানসভাকে যারা সাজানো বিধানসভা বলে সংসদীয় গণতন্ত্রের প্রতি কটাক্ষপাত করে এবং আমাদের অধিকার ক্ষুণ্ণ করে মাননীয় সদস্যরা এটা নিশ্চয়ই উপলব্ধি করবেন একটা খবরের কাগজে সামান্য একটা কথা লিখে সাজানো বিধানসভা বলে অত্যন্ত গুরুতর অপরাধ করেছে। আমরা এখানে সাজানো ঘরে আসিনি, সাজানো ঘর যা ছিল তার মধ্যে আমরা আমাদের অধিকার নিয়ে এসেছি, সেই অধিকারকে অস্বীকার করা হচ্ছে সাজানো বিধানসভা বলে। আমি আপনার মাধ্যমে এই খবরের কাগজ দৈনিক গণশক্তির যারা কর্তৃপক্ষ এই সংবাদ লেখার জন্য দায়িত্ব রাখেন, যারা এই ব্যাপারে অপরাধী তাদের এখানে ডেকে এনে আমাদের রুলস এণ্ড প্রসিডিওরে যে বিধান আছে সেই অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হোক এবং সেটা আপনাকে আমি লিখে দিয়েছি। এবং আমি আশা করছি আপনি এটা প্রিভিলেজ কমিটির সামনে দিয়ে এটার উপযুক্ত বিচার করবেন এবং মাননীয় সদস্যরা আমার এই বক্তব্যকে সমর্থন করবেন বলে আমি আশা রাখি।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমারা ইতিপূর্বে দেখেছি মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতা ময়দানের জনসভায় দাঁড়িয়ে আমাদের এই বিধানসভাকে জোচ্চোরের আড্ডাখানা বলেছেন। এই জোচ্চোরের আড্ডাখানা বলার মধ্য দিয়ে গণতন্ত্রকে সংবিধানকে সম্পুর্ণভাবে তারা নস্যাৎ করে দিয়েছিলেন। আমরা সেদিন এই বিধানসভার সমস্ত সদস্যরা এদের শাস্তি দাবী করেছিলাম, কিন্তু আমাদের মাননীয় মুখমন্ত্রী মহাশয় তাদের সেদিন ক্ষমা করে দিয়েছিলেন। সেই ক্ষমা করার পর আবার আমরা দেখতে পেলাম মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির মুখপাত্র সংবাদপত্র দৈনিক গণশক্তি এইভাবে আমাদের বিধানসভাকে সাজানো বিধানসভা বলে আমাদের সম্মানকে সংবিধানকে গণতান্ত্রিক ঐতিহ্যকে নস্যাৎ করে দিতে চেয়েছেন। সেইজন্য আমি তাঁর কণ্ঠে কণ্ঠ মিলিয়ে পরিস্কারভাবে দাবী জানাচ্ছি যে এই 'গণশক্তি' দৈনিক মুখপাত্রকে অবিলম্বে ব্যান করা হোক এবং সমনের মাধ্যমে তাদের এখানে আনা হোক এবং অবিলম্বে তাদের পুলিশী গ্রেপ্তারী পরোয়ানা জারী করে গ্রেপ্তার করা হোক। এই দাবী যদি না মানা হয় তাহলে আমরা মনে করবো যে আমাদের এই বিধানসভা থেকে পদত্যাগ করাই ভাল। আমি মনে করি—you are the Custodian of the House. You being the Honourable Speaker, being the Custodian of the House, you are entrusted with the duties and responsibilities of safeguarding the noble rights and privileges of the Hon'ble Members of this House. আমি সভার একজন সদস্য হিসাবে বলব সংবিধানে যে অধিকার দিয়েছে সেই অধিকার রক্ষা করার দায়িত্ব আপনার। আমি দাবী করছি এবং এই দাবী রক্ষা করার জন্য আপনি অতি সত্বর ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতা জ্যোতিবাবু জুয়াচোরের আড্ডাখানা বলেছিলেন এই বিধানসভাকে, আমরা ক্ষমা করে দিয়েছিলাম। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে এই বিষয়ে বলতে গিয়ে আমার রবীন্দ্রনাথের একটি কথা মনে পড়ে গেল, 'ক্ষমাইতা, ক্ষীণ দুর্বলতা হে রুদ্র নিষ্ঠুর যেন হতে পারি সেথা'। যারা ক্ষমার অযোগ্য এবং ক্ষমার উর্দ্ধে কাজ করে পবিত্র বিধানসভাকে, এই পবিত্র বিধানসভার সভ্যদের পবিত্র অধিকারকে এবং মাননীয় অধ্যক্ষের কর্ম কর্তব্যের প্রতি কটাক্ষপাত করতে পারেন, একবার নয় বারবার, তাদের ঐ কটাক্ষপাতের দ্বারা সংসদীয় গণতন্ত্রের প্রতি তাঁরা

যে অশ্রদ্ধার ভাব সৃষ্টি করার চেষ্টা করেছেন অবিলম্বে এর বিচার হওয়া প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সভার সমস্ত মাননীয় সভ্যের পক্ষ থেকে বলছি যে অবিলম্বে এই দৈনিক গণশক্তি পত্রিকা এবং মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির অন্যান্য পত্রিকাগুলি যারা তারস্বরে এই পবিত্র বিধান সভাকে জাল বলছে, যারা ভুয়া বলছে, যারা সাজানো বলছে, তাদের যদি ক্ষমা করা হয় তাহলে সংসদীয় গণতন্ত্রের প্রতি অশ্রদ্ধা প্রকাশ করা হয়। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে বলছি যে আপনি অবিলম্বে এই সভার সম্মানের রক্ষক হিসাবে, এই সভার মাননীয় সভ্যদের অধিকার বিচারের রক্ষক হিসাবে এবং জনগণের রায় অনুযায়ী যে বিধানসভা গঠিত হয়েছে এই বিধান সভার সম্মান এবং পবিত্রতা রক্ষা করার জন্য আপনি অবিলম্বে এই দৈনিক পত্রিকার সম্পাদক, প্রকাশক এবং মুদ্রক, তাদের বিচারের জন্য ব্যবস্থা করুন এবং এই পত্রিকা যে পত্রিকা সংসদীয় গণতন্ত্রকে পশ্চিমবাংলায় কটাক্ষপাত করে লোকের চোক্ষে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করছে তার বিচার করুন।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রশ্ন উঠেছে সে প্রশ্ন নিয়ে নিশ্চয়ই আলোচনার জন্য আমাদের মাননীয় সদস্যরা বলছেন সেবিষয় নিশ্চয়ই আপনি দেখবেন। কিন্তু আমার মনে হয় যে, মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির নেতারা এবং তাদের পত্রিকাগুলি সম্প্রতি যে কথা বলছে, তারা আজকে এক কথা বলছে ত কাল আর এক কথা বলছে, তাদের নেতা এক কথা বলছেন ত উপনেতা আর এক কথা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে সম্প্রতি তাদের মাদুরাই সম্মেলনে তাদের সম্পাদক সুন্দররায়া মহাশয় বলেছেন যে পশ্চিমবাংলা ভারতের উপনিবেশ একথা তাঁরা নাকি কখনো বলেননি এবং যদি বলে থাকেন সেটা ঠিক নয়। তাঁরা প্রত্যেকেই জানেন এবং সবাই জানেন, এইবারের নির্বাচনে তাদের একটা মস্ত বড় স্লোগান ছিল যে পশ্চিমবাংলা হচ্ছে ভারতবর্ষের উপনিবেশ, অতএব তাঁরা সেই ভিত্তিতে সমস্ত ধরণের ক্যামপেন এবং তাঁরা সেইভাবে চলবার চেষ্টা করেছেন। এখন তারা আবার বলছেন যে, না, আমরা সেকথা বলিনি। এমন কি তাঁদের পশ্চিমবঙ্গ কমিটিতেও বলেননি এইসব কথা বলছেন। এই রকম আরো অনেক উদাহরণ দেওয়া যায় যে, যে সমস্ত কথা তাঁরা বলেছেন এখন বলছেন বলেননি। আপনি জানেন যে প্রমোদ বাবু বলেছিলেন আমাদের এই সেলফ ডিটারমিনেশনের কোশ্চেন নিয়ে বলেছিলেন, পশ্চিমবাংলার ব্যাপারে, আবার তাঁরা মাদুরায় বলছেন যে না, আমরা ওসব কথা বলিনি। আমরা সেণ্টার একটু শক্তিশালী চাই এইরূপ কথা তাঁরা বলছেন। কাজেই সাজান আইনসভা বা অন্যান্য বিষয় সম্বন্ধে যা বলছেন এতে বুঝতে হবে যে তাঁরা একটা দেউলিয়া রাজনীতির উপর দাঁড়িয়ে এই সব কথা বলছেন। তাঁদের রাজনীতিব কোন মাথামুণ্ডু নেই। ভারতবর্ষের রাজনীতিব সঙ্গে, ভারতবর্ষের জনসাধারণের সঙ্গে, শ্রমিক শ্রেণীর সঙ্গে, মেহনতি মানুষের সঙ্গে তাঁরা যেভাবে বিশ্লেষণ করছেন তা সম্পূর্ণ বলা যেতে পারে যে একটা রাজনৈতিক দেউলিয়াপনা। এমন কি তাঁরা এপর্যন্ত চলে গিয়েছেন যে, তাঁরা আন্তর্জাতিক কম্যুনিষ্ট আন্দোলন—একদিকে তাঁরা নিজেদের কম্যুনিষ্ট বলছেন কিন্তু কম্যুনিষ্ট আন্দোলন সম্পর্কে তাঁরা বলতে আরম্ভ করেছেন যে সোভিয়েট ইউনিয়ন বা চীন কারো সঙ্গে আমরা নেই।

কাজেই নানা দিক দিয়ে আন্তর্জাতিক দিক থেকেই হোক আর যে কোন দিক থেকেই হোক, এবং ভারতবর্ষ সম্বন্ধে আজ যা বলে কাল তার উল্টোটা বলে, ইন্দিরা গান্ধী সম্বন্ধে আজ যা এ্যানালাইসিস করে কাল তার অন্য রকম বলে, এদের পশ্চিমবাংলা কমিটি যা বলে, সেন্ট্রাল কমিটি অন্য কথা বলে। কাজেই এই ধরণের যে একটা পার্টি সেটা একটা দেউলিয়া পার্টি, একটা দায়িত্বজ্ঞানহীন পার্টি, এদের ইরেসপনসিবিল আটারেন্স যে বেরোবে এবং এরা যে এই ধরণের কথাই বলবে সেটা

াদের ধরে নিতে হবে। কাজেই এদের কথা ছেলেমানুষি বক্তব্য হবে, এই সমস্ত ব্যাপারে র এই মূল্যহীন বক্তব্য নিয়ে আলোচনা করে আমাদের বিধানসভার সময় নষ্ট করার দরকার ', এঁরা এরকম বলছেন, বলবেন এবং তাদের এই রকম বলার মধ্য দিয়েই তারা এক্সপোজড হ্যাভ এক্সপোজড দেমসেলভস, সেই হিসাবে আমি মনে করি তাদের এই সমস্ত কথা মূল্যহীন চ হিসাবে ধরা হোক।

30—2-40 p.m.]

**শ্রীনরেশচন্দ্র চাকীঃ** এখানে আমরা এখন যে বিষয়ে আলোচনা করছি, মাননীয় কার মহাশয়, আমার ব্যক্তিগত অভিমত হল আমাদের মাননীয় সদস্যরা বোধ হয় একটা ভুল ফেললেন। আমরা জানি গত সাধারণ নির্বাচনের রায় দেখে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির া খারাপ হয়ে গেছে, তারা আবোল তাবোল বকতে আরম্ভ করেছেন, কথায় আছে পাগলে না বলে, ছাগলে কি না খায়, ( এ ভয়েস : হিয়ার হিয়ার ) আমরা দেখতে পাচ্ছি পরিষ্কার, চম বাংলার মানুষ থেকে সি. পি. এম, দূরে চলে গেছে. লোকে তাদের ভুলে গেছে, পশ্চিমবাংলার ষ সি পি এমকে আস্তাকুঁড়ে নিক্ষেপ করেছে, এই অবস্থায় তারা গালি গালাজ ইত্যাদি নানা ন ট্যাক্‌টিস্ গ্রহণ করেছে, আমাদের কথা শুনিয়ে আমাদের কথা বলে বেড়াবার চেষ্টা করছে, না তাদের নিজের কেউ আর শুনছেনা, সি পি এমকে অবৈধ বলে ঘোষণার যে আলোচনা া মানে তাদের গুরুত্ব বাড়িয়ে দেওয়া। গণশক্তি কেউ পড়ে না, ওদের এই কাগজ ভেজাল, । নিজেরাও ভেজাল, তাদের পেপারে বাজে কথা, মিথ্যা কথা লেখে, কোনদিন সত্য কথা থনা, এই গণশক্তি কোন লোক পড়েনা। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহোদয়, এ সম্বন্ধে আলোচনা করে গুরুত্ব না বাড়িয়ে হাউসের কাজ করলে পশ্চিমবাংলার আরও বেশী কল্যাণ করতে পারব, বক্তব্যই আমি আপনার কাছে রাখছি।

**শ্রীপ্রদীপ কুমার পালিতঃ** স্পীকার মহাশয়, আজকে এখানে গুরুত্বপূর্ণ আলোচনার য় সকলেই উত্তেজিত হয়ে উঠেছেন। আমার মনে হয় নরেশ চাকী মহাশয় যে বক্তব্য রাখলেন ই বক্তব্যই আমাদের গ্রহণ করা উচিত। মার্কসবাদী কমিউনিস্ট পশ্চিম বাংলায় নিঃশেষ হয়ে ছে। মার্কসবাদী গণশক্তি কাগজকে ব্যান করার জন্য মাননীয় সদস্য মহাশয়রা বললেন। কিন্তু ইন করে গণশক্তিকে ব্যান করার প্রয়োজন নূতন করে দেখা দিয়েছে কিনা সে বিষয়ে সন্দেহ ছে। কারণ গণশক্তি কাগজ হকারের কাছে খোঁজ করে পাই না। জনসাধারণ থেকে আপনা কেই ব্যান করে দিয়েছে। তাই নূতন করে ব্যান করার জন্য প্রস্তাবের প্রয়োজন আছে বলে মনে রিনা। মার্কসবাদীরা আজ যা বলে কাল তার উল্টো কথা বলে এই প্রমাণ আমরা বার বার য়েছি। মাননীয় একজন সদস্য এখনই সুন্দারায় মাদুরা সম্মেলনে কি বলেছেন সেটা বললেন যে, মিউনিষ্ট পার্টি একথা নাকি বলেননি যে কেন্দ্র পশ্চিমবঙ্গকে উপনিবেশ করতে চায়, আজকে দেয়ালে য়ালে চোখ দিলেই দেখা যাবে কি তাদের বক্তব্য ছিল, আজকে এই বৃষ্টিতেও সেই কালি মুছে য় নি, দেয়ালে আজ আপনার দেখতে পাবেন সি পি এম নির্বাচনের সময় লিখেছিল পশ্চিমবঙ্গকে ন্দ্রের উপনিবেশ হতে দেবনা। বিভিন্ন জায়গায় এই রকম বিভিন্ন উক্তি রয়েছে, কাগজে রিয়েছে, মাদ্রাজে তারা নূতন উক্তি করেছে। কংগ্রেসী গুণ্ডাদের ২৪ ঘন্টার মধ্যে পিটিয়ে করে দেব, এই রকম ধরণের বক্তব্য তারা বহুবার লিখেছে। মার্কসবাদীদের বক্তব্যের উপর র বিশেষ আলোচনা করার দরকার আছে বলে মনে করিনা। তাদের পাগলামির জন্য আসুন

আমরা নূতন প্রস্তাব গ্রহণ করি, কমিউনিষ্ট মার্কসবাদী নেতারা পাগল হয়ে গেছে, তাদের রাঁ পাঠিয়ে মস্তিষ্কের ট্রিটমেন্ট করা প্রয়োজন বলে মনে করি, এই প্রস্তাব এখানে গ্রহণ করা উচিত।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দৈনিক গণ পত্রিকাকে ব্যান করবার দাবী জানিয়েছেন। গণশক্তি পত্রিকার পরিচালক প্রকাশক এবং গণশ পেছনে যে অশুভ শক্তি সে শক্তিকে তিনি আরো বেশী পশ্চিমবাংলার মানুষের কাছ থেকে বি করবার দাবী জানিয়েছেন। আমরা পূর্বে দেখেছি, নির্বাচনে কারচুপির কথা মার্কসবাদী কমিউ পার্টির কাছ থেকে পেয়েছি, তারপর বিধান সভাকে জোচ্চরদের খোঁয়াড় বলেছেন। তারপর দে পাচ্ছি তাঁরা বললেন কংগ্রেসী গুণ্ডাদের অত্যাচারে অত্যাচারিত এখানের নির্বাচন প্রহসন হয়ে আবার বলছেন মাত্র ২৪ ঘণ্টার মধ্যে কংগ্রেসী গুণ্ডাদের আমরা শায়েস্তা করতে পারি। তাঁরা ২৪ ঘণ্টার মধ্যে শায়েস্তা করতে পারেন। তাহলে তো বুঝতে পারি যে ঐ কংগ্রেসী গুণ্ডা অত্যাচারে অত্যাচারিত নির্বাচন প্রহসনে পরিণত হতে পারে না। কিন্তু তবু আমাদের অভিজ্ঞ আছে আমরা জানি যে ইতিপূর্বে যে সমস্ত উপন্যাস ব্যান করা হয়েছিল, যে সমস্ত পত্রিকা ব্যান ব হয়েছিল, যে সমস্ত নাটক ব্যান করা হয়েছিল, প্রত্যেকটি উপন্যাস নাটক পত্রিকা পরবর্তীকালে পর ক্ষেত্রে জনসাধারণের কাছে আরও বেশী কৌতুহলে পরিণত হয়েছে, তারা আরও বেশী নাটক দেখ আরও বেশী উপন্যাস পড়তে আরম্ভ করে। আজকে যদি গণশক্তিকে ব্যান করা হয় আমার হয়, আমার মনে হয় গণশক্তিকে আরও বেশী মর্যাদা দেওয়া হবে। গণশক্তিকে যদি ব্যান করা পশ্চিমবাংলার জনসাধারণের কাছে গণশক্তিকে মর্য্যাদার আসনে তুলে দেওয়া হবে। আমার ম হয় গণশক্তি প্রত্রিকাকে কৌতুহলে পর্য্যবসিত করা হবে। সুতরাং আমি মনে করি গণশক্তি পত্রি ব্যান না করে অন্য কিছু এ্যাকসান নিতে পারেন তার ব্যবস্থা করুন।

**মিঃ স্পীকার ঃ** Mr. Biswas, I think it is useless to have a discussion c this subject. It is a repetition of the same argument.

**শ্রীশরৎ চন্দ্র দাস ঃ** মাননীয় স্পীকার স্যার, ডিভিসান নেবার আগে আমি কয়েক কথা বলতে চাই। গতবারে আমাদের মহান মুখ্যমন্ত্রীর উদারতার জন্য আমরা হাউসে ছেড়ে দিয়েছি ব্যাপার হচ্ছে স্যার, পাপ দু রকমের হয়। কেউ জ্ঞানে পাপ করে আর কেউ অজ্ঞানে পাপ করে এই মার্ক্সবাদী কমিউনিষ্ট পার্টির নেতারা যে সমস্ত কথা বলেছেন এবং কাগজ পত্রে লিখছেন তা জ্ঞান পাপী। তাদের অধিকাংশ লোক ভোটে দাঁড়াচ্ছে এবং পবিত্র সংবিধানের নামে তারা নমিনেশ দাখিল করেছিলেন, সংবিধানের নামে শপথ নেন এবং সংবিধানসঙ্গত ভাবে এই বিধান স গঠিত। এই বিধান সভার ডিগনিটি রক্ষাকর্তা আপনি। এই মার্ক্সবাদীদের আচার আচরণ ভা এরা নানা ভাবে প্রকাশ করেছেন যে এরা গণতন্ত্রে বিশ্বাস করেন না। কিন্তু সংবিধান ও গণতন্ত্রে নামে এবং গণতন্ত্র সম্মত বিধান সভায় ক্রিটিসাইজ করেন। এই সভার সম্মান রাখবার দায়দায়ি আপনার। স্যার, গণশক্তি বিধান সভাকে কটাক্ষ করেছেন ও তাদের মাধ্যমে সাড়ে চার কো লোককে অপমানিত করেছেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। স্যার এরা নিশ্চয়ই দেশদ্রোহী ও গণত বিরোধী ও সংবিধানের পবিত্রতাকে লঙ্ঘন করেছেন। আপনি তাদের প্রতি উপযুক্ত শাস্তির ব্যব করুন। এই প্রিভিলেজ মোসান গ্রহণ করুন, এই সভার ডিগনিটি রক্ষা করুন এই অনুরো করছি।

**মিঃ স্পীকার ঃ** I like to hear the Deputy Leader or any Member of th Treasury Bench.

**শ্রীঅজিত কুমার পাঁজা :** শ্রীজয়নাল আবেদীন বলবার আগে আমি সদস্যদের জানাতে ই সকলে একমত হলে যে যারা মার্ক্সবাদী নেতারা এই কাজ করেছেন তারা পাগল। ন্তু আমি স্বাস্থ্য দপ্তর নিয়ে সমস্যায় পড়েছি। রাঁচিতে ৮টা মাত্র সিট আছে সেটাও ভর্তি। ার লুম্বিনী পার্কে ভর্তি করবার বিরাট প্যানেল। সেখানে সত্যকারের যারা অসুস্থ রয়েছেন াদের বিরাট প্যানেল। আমার মনে হয় পুরা পাগল না বলে আধ পাগল এবং ডাক্তার দেখান চিত বলুন।

[2-40—2-50 p.m.]

**Dr. Zainal Abedin :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন এই প্রিভিলেজ মোশান খানে আলোচনা করবার অধিকার দিয়েছেন, তবে আমি ধরে নিতে পারি যে, আমাদের হাউসের ules of Business এর 226 ধারামতে নোটিশ পেয়েছেন—You have examined it under ule 227 and you are satisfied that a prima fecie case lies against this···এবং এর রে আপনি যখন এই আলোচনা এই হাউসে করতে দিয়েছেন আমি refer করছি 227—You re primarily satisfied that there is cause for this discussion and for this motion. াজকে যখন আলোচনা এসেছে এখানে তখন আমাদের যে Rules of Business রয়েছে তার 228 দখুন—Now it is for the House to discuss and to settle the issue, to take a lecision on the issue as to whether there is a breach of privilege or whether here is any contempt or whether any action is called for···আমি আপনার দৃষ্টি 228 ারার প্রতি নিবদ্ধ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়টা এখানে আলোচনা করবার পর এই কাগজে আমি দুটো জিনিস দেখতে পাচ্ছি—একটা Caption in page 4, colum 6,—middle portion সাজান বধান সভা,—This is the caption—গতকাল রাত্রে সাজান বিধান সভায় ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে ১ কোটি ১৭ লক্ষ ৩৫ হাজার টাকার অনুদান প্রস্তাব গৃহীত হয়। এই প্রস্তাব উত্থাপন করেন বভাগীয় মন্ত্রী জয়নাল আবেদীন। I presume, Sir, এই দুটো—সাজান অর্থ not decoration but take, unconstitutional. যেখানে বিধান সভার constitutional sanctity, validity, power, authority যেখানে challange করা হচ্ছে। আর দ্বিতীয় portionএ contradiction করা হয়েছে—It is controverted by the second para এই অনুদানের প্রস্তাব উত্থাপন করেন বিভাগীয় মন্ত্রী জয়নাল আবেদীন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বিধান সভা এই মন্ত্রীমণ্ডলীর জন্ম দেয়, সেই বিধান সভাকে "সাজানো" বিধান সভা বলা হচ্ছে। এখানে কোন prefix বা কোন adjective নাই। মন্ত্রীও নকল মন্ত্রী কিনা আমি ধরে নিচ্ছি—আমাদের স্বাস্থ্যমন্ত্রী অজিত ভায়া বলেছেন আধ পাগলা অবস্থায় তারা এসেছে। অন্যান্য বন্ধুরাও সেই কথা বলেছেন। What are the references in other Parliament of the world —আমরা সেদিকে একটু দৃষ্টি দিলে জানতে পারবো আজকে যে বক্তব্য তাঁরা রেখেছেন, আমি দেখতে পাচ্ছি It constitutes an element of contempt of the House. আমি আপনার কাছে—May's Parliamentary Practice, 18th Edition, page 140 প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে বলা হয়েছে যদি হাউসের বিরুদ্ধে anything libellous published করা হয় বা লেখা হয়, তাহলে It affects the sanctity of House, it is a contempt and it is a breach of privilege of the House. সেদিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই ইস্যুতে House of Commons এ স্যার, in the

1947 আপনি House of Commons Debate of 1947 যদি দেখেন তাহলে আপনি দেখতে পাবেন person was suspended in a similar case. World Press News পত্রিকায় একটি Article লেখা হয়েছিল সেটা derogatory to a Parliament Member or to a particular proceedings of the House. সেক্ষেত্রে আমি দেখেছি The Editor of this World Press News was brought to the House and he was reprimanded by the Speaker and who wrote this, he may be a Member or he may be a stranger or an outsider.

সেক্ষেত্রে He was suspended from the services of the House. আমি দেখছি আজকে মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস যে কেস উত্থাপন করেছেন দেখতে হবে তার এলিমেণ্টটা কি—তার নেচারটা আমরা দেখতে পাচ্ছি তাতে আধ পাগলা ছাড়া আর কিছুই বলা যায় না। সি. পি. এম. এর তথা কথিত নেতা সকল নামে বেনামে বহুবিধ এস্পারসন অনেক Libellous asperson upon the House করে চলে যাচ্ছেন। আমি দেখেছি বারি সাহেব এর আগেও একটা প্রস্তাব করেছিলেন তাতেও দেখেছি তথাকথিত সি. পি. এম-এর কিছু নামী নেতা ছদ্মবেশে তাদের কিছু কিছু পার্টি অরগ্যানে পার্টি পেপারে যা লিখেছেন তাতে শুধু এই হাউসের নয়, পার্লামেন্টের নয়, প্রসিডিংস অব দি হাউসকে নয় সমস্ত সংবিধানকে অপমান করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সংবিধানের আর্টিক্যাল ১৬৮-এ আছে We are functioning in this Legislature as Constituted under provision of Article 168 of the Constitution সে ক্ষেত্রে আজকে যারা এই সব হাউসে অংশ গ্রহণ করেছেন তাঁদের সম্বন্ধে স্বনামে না গিয়ে বেনামে তারা পুস্তক, পত্র-পত্রিকার মাধ্যমে অলীক সমস্ত অবস্থার কথা রচনা করছেন যা এই হাউসের প্রসিডিংসের উপর প্রতিফলিত হচ্ছে। এদিকে The Constitutional sanctity and validity of the rights and privileges of the House যদি চ্যালেঞ্জ হয় তাহলে সেটা জঘন্য এবং মারাত্মক অপরাধ হবে। কিন্তু পাগলাদের অপরাধ হলে তাদের তো শাস্তি হয় না, পাগলা গারদে নিয়ে যাওয়া হয়। কিন্তু আমাদের স্বাস্থ্যমন্ত্রী অজিতবাবু বলেছেন এদের শাস্তি দেওয়া যেতে পারে—কিন্তু সেই শাস্তি দেবার যে জায়গা সেখানে মোটেই স্থান নাই। ক্রিমিন্যাল লয়ে এবং আমাদের মেডিক্যাল জুরিসপ্রুডেন্সেও আছে পাগলারা কোন অফেন্স করলে তাদের পাগলা গারদে দেওয়া হয়। তাদের অপরাধকে অপরাধ বলে ধরা হয় না জেলেও দেওয়া হয় না। ক্রিমিন্যাল প্রসিডিওরে তাদের শাস্তি হয় না। তাদের যদি শাস্তি দিতে হয় তাহলে আমাদের স্বাস্থ্য মন্ত্রীর সহায়তা নিতে হবে—তাঁর সহযোগিতা পেতে হবে। তিনি বলেছেন কোথায়ও জায়গা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা সংবিধানিক পয়েন্ট আপনার সামনে তুলে ধরতে চাই যে এমনও উদাহরণ আছে হাউস অব কমন্স He may be brought to the House and be reprimanded by the Speaker as decided by the House of Commons, in 194, in the case of Mr. Allighan. It was ordered that Mr. Arthur Heighway do attend this House forthwith. The serjeant-at-arms informed the House that Mr. Arthur Heighway was in attendance and Mr. Speaker directed him to be brought to the Bar, The serjeant-at-arms accordingly brought him to the Bar and Mr. Speaker explained to him the nature of the charge made against him, as follows...তাকে চার্জ করা হোল—লাষ্ট অব অল তিনি বলছেন লিখে ফেলেছি—সেই লেখক বলছে আমি নিজে বুঝতে পারছি না এটা কি করে লিখলাম—এই রকম আর্টিক্যাল আমি লিখতে পারি না—এটা ওয়ার্লড প্রেস নিউজে বেরিয়েছে। Even then you are suspended from the services of the House by

the House of Commons. তারপর সেই এডিটরকে ডেকে বলা হোল—কি বলা হোল? The House has adjudged you guilty for publishing in the World's Press News, of which yon are the editor, words which contain unfounded imputations against the conduct of Members of this House. These words are untrue, they were a gross affront to the honourable Members and they were a contempt of this House. As editor you had a high responsibility. You were not unware of the traditions of Parliament, yet you published words calculated to tarnish them. In the name of the House, I accordingly reprimand you for a gross offence against it.

স্যার, এখানে আমি তুলনা করতে চাই যে আজকে যে কথা বলা হয়েছে এই গণশক্তির এডিটার আমরা তাকে পাগল প্রতিপন্নই করি বা আধ পাগলাই বলি, যে নামেই অভিহিত হোক দোষ কিন্তু গুরুতর। এর চেয়ে গুরুতর দোষ হতে পারেনা। এ ক্ষেত্রে আপনার অধিকার আছে······In addition to the proceedings done by the House, in addition to the decision of the House আপনার এ এক্তিয়ার আছে। আমি মেস পার্লামেন্টের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে····· Concurrently they can be prosecuted in courts. এবং যদি আমরা বিচার করতে চাই তাহলে·· powers and privileges of this House are equal to the powers of the superior courts, in point of defamation and contempt of proceedings. সেইজন্য আপনার কাছে অনুরোধ করবো যে আপনি যখন একবার রুলস ২২৮ এ আলোচনা এ্যালাউ করেছেন তখন মাননীয় সদস্যদের মত নেবেন এবং এই ডিসিসানটা মাননীয় সদস্যদের উপর ছেড়ে দেবেন। স্যার, এখানে এই প্রগতিশীল বিধানসভার প্রগতিশীল মোর্চার অধিকাংশ সদস্যই উপস্থিত আছেন। আমরা দুঃখিত যে আমাদের লিডার অব দি হাউস আজকে নেই, তবে আমাদের দলের সহকারী নেতা আছেন, মোর্চার সহকারী নেতাও আছেন, তাঁরা তাঁদের অবজারভেশান রাখবেন, আমি শুধু facts as they stand now আপনার সামনে তুলে ধরলাম। স্যার, আণ্ডার রুল ২২৮ এই বক্তব্য রেখে আমি শেষ করলাম। জয়হিন্দ।

[2-50—3-00 p.m.]

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি অনুরোধ করছি যে আগে সাত্তার সাহেব বলুন, উনি কি বলেন সেটা আগে শুনি। এর আগে এরকম একটা কথা উঠেছিল আমার মনে আছে আমরা এই হাউসে সেটার সমালোচনা করেছিলাম। আমার মনে হয় এই ধরণের যে উক্তি সেটা আমরা এই হাউসে সমালোচনা করলেই আমাদের এই মনোভাবটা প্রকাশ পায়। তার বেশী প্রিভিলেজ সাজানো বা এখান থেকে কিছু করার দরকার আছে বলে মনে হয় না। তবে নিতান্তই যদি করতে হয় তাহলে প্রিভিলেজ কমিটির কাছে পাঠিয়ে ভেবে চিন্তে করতে হয়, তবে তার আগে সাত্তার সাহেবের মতটা শুনতে চাইছি।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বারি সাহেব যে প্রিভিলেজ মোশান নিয়ে এসেছেন এটা খুবই স্বাভাবিক যে বিধানসভা মোটামুটি সংবিধানের বিধান অনুসারে হয়েছে···

(এ ভয়েস:—মোটামুটি নয়)

আচ্ছা পুরোটা, যে বিধানসভা সংবিধানের বিধান অনুসারে হয়েছে তাকে সাজানো উপমা দিলে নিশ্চয়ই আমাদের সভ্যরা এক্সেপসান নেবেন এটাই স্বাভাবিক। তবে আমি বলছি লোকে

যাকে পরিত্যাগ করেছে এবং যে পার্টি লোকের মন থেকে মুছে গিয়েছে বা যাদের কথা কেউ ঘুণাক্ষরে মনে করে না যেটা কানাইবাবু বলেছেন যে তারা দেউলিয়া রাজনীতি আরম্ভ করেছেন, আমার মনে হয় এই 'সাজানো বিধানসভা, কথাটির 'সাজানো' কথার উপর জোর দিলে তাদের খুব বেশী ইমপর্টেন্স দেওয়া হবে। আমরা চাই না খুব হৈ চৈ করে এটা প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে আলোচনা করে ওদের ইমপর্টেন্স বাড়িয়ে দিতে। কাজেই জনগণের মন থেকে যারা মুছে গিয়েছে বা জনগণ যাদের ডাষ্টবিনে ফেলে দিয়েছেন এটা আলোচনা করলে তাদের বেশী ইমপর্টেন্স দেওয়া হবে। এর আগে আরো সাঙ্ঘাতিক সাঙ্ঘাতিক কথা ওরা বলেছেন কিন্তু আমরা কান দিই নি।

কেউ পড়ে না। এইসব কেউ পড়েছে কিনা জানি না। হঠাৎ আমাদের বারি সাহেব পত্রিকাটি কোথা থেকে নিয়ে এসেছেন। আমি বলছি এইসব জিনিসে অযথা ইমপর্ট্যান্স না দিয়ে এটাকে ডাষ্টবিনে ফেলে দিন। এই নিয়ে আলোচনা আর করবেন না।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সাত্তার সাহেবের এই বক্তব্য আমি সমর্থন করছি।

**Mr. Speaker** : Honourable Members, as regards the question of privilege which was raised by Shri Abdul Bari Biswas, I have heard about a dozen of honourable Members on this question and......

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্যার, আমাকে একটি কথা বলতে দেবেন স্যার ?

**Mr. Speaker :** There is no right of reply. You have raised your point of privilege and that is enough. But after hearing all the Members—from whom I wanted to know the entire matter—and taking the sense of the House, I do not like to make any comment. The matter is dropped here.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি পয়েন্ট অব ইনফর্মেসন বলে দিই। কখন কখন দেখা যায় একটি কথা আছে নেকড়ে বাঘে সব খেয়ে নিল—একবার এসে দেখল খায়নি, দ্বিতীয় বার এসে দেখল খায় নি, তৃতীয়বার এসেও তাই দেখল। কিন্তু একবার সত্যি দেখা গেল এসে লোক খেয়ে নিয়ে চলে গেছে, তখন আর কেউ আসেনি।

**Mr Speaker :** Mr. Bari, that old story is known to everyone. This House is strong enough to take any decision and enforce it. It is the supreme body, and you have got the right to protect its privilege, honour and dignity, and so long as I am in this Chair, I can assure all the Members here that, if necessary, I will go to the last limit to maintain the dignity, decency and decorum of the House. But I must take the sense of all the Members. After taking the sense of the House, after giving chances to more than a dozen of honourable Members, I find—so far as I have understood their mind—that they do not want to proceed in the matter. In view of the fact that it is a petty and trivial matter. they are ignoring it. But if the majority of the Members would have been otherwise and if the concensus of the House would have been otherwise, I would have taken the most serious action in the matter so as to maintain the dignity, decorum and decency of the House and privilege and other rights conferred on the Members of this House. So after taking the sense of the House, the matter is dropped here.

## Unstrared Questions

(to which written answers were laid on the Table)

### Cotton Textile Mills

9. (Admitted question No. 89.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) (i) the number of Cotton Textile Mills in the State which were closed during the period from 1967 to 1969 ;

(ii) the number of persons who were rendered unemployed due to such closures ;

(iii) the reasons for such closures ,

(iv) the effect of these closures on the economy of the State ,

(b) the number of Cotton Textile Mills reopened by the present Government so far ,

(c) the number of persons who have thus been rehabilitated ; and

(d) the effect of the reopening of these Mills, on the economy of West Bengal ?

**The Minister for Labour**: (a) (i) 5 (five).

(ii) About 7,0'0.

(iii) The reasons generally were uneconomic operation and continued loss, shortage of finance and labour troubles, mismanagement and internal feud.

(iv) Loss of production and loss in employment affected the economy of the State.

(b) 3 (three).

(c) 5,012.

(d) The employees, who had been thrown out by the closure, have been rehabilitated and the production by these units has been ensured, so that the economy of the State is boosted up to that extent.

### Prevention of damages due to flood

10. (Admitted question No. 97) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government has prepared any comprehensive scheme to prevent damage to the life and property due to flood ;

(b) if so, the details of such schemes ; and

(c) whether the Government has any idea of the loss or damage done to the life and property by the floods in Midnapore district during the last three years and if so, the respective figures may be given ?

**The Minister for Irrigation and Waterways**: (a), (b) and (c) A statement is placed on the Library Table.

### Industrialisation of districts in West Bengal

11. (Admitted question No. 101.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Governmnnt of West Bengal has submitted any proposal or Survey Report to the Planning Commission for the industrialisation of the districts in West Bengal ; and

(b) if so, the details thereof and the result with particular reference to Midnapore district ?

**The Minister for Commerce and Industries** : (a) No.

(b) Does not arise.

## ফরাক্কার মাধ্যমে পশ্চিমবঙ্গে জল সরবরাহ

১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯) **শ্রীনিতাইপদ সরকার** : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার ফরাক্কা হইতে কত পরিমাণ জলের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট দাবী করিয়াছেন ; এবং

(খ) কেন্দ্রীয় সরকার ফরাক্কা দিয়ে পশ্চিমবঙ্গের জন্য কত পরিমাণ জল দিবার প্রস্তাব করিয়াছেন ?

**The Minister for Irrigation and Waterways** :

(ক) কলিকাতা বন্দরের প্রয়োজন মিটাইবার জন্য সমগ্র বৎসর ধরিয়া ৪০ হাজার কিউসেক জল সরবরাহের জন্য দাবি জানানো হইয়াছে।

(খ) এ সম্পর্কে কেন্দ্রীয় সরকার এখনও কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন নাই।

## বহরমপুরে রাও জে এন রায় হাসপাতাল

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২) **শ্রীশঙ্করদাস পাল** : স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে রাও জে এন রায় হাসপাতালে অনুমোদিত শয্যা-সংখ্যার অনুপাতে রোগীর সংখ্যা অনেক বেশি ;

(খ) অবগত থাকিলে অতিরিক্ত রোগীদের পরিচর্যা করার জন্য—

(১) নিয়মিত কর্মচারীর সংখ্যা বাড়ানো হইয়াছে কিনা, এবং

(২) ঔষধপত্র ও অন্যান্য আবশ্যকীয় জিনিসপত্র সরবরাহ করা হইয়াছে কিনা ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে এ বিষয়ে সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Health** :

(ক) হ্যাঁ।

(খ) (১) না।

(২) হ্যাঁ।

(গ) বিষয়টি পরীক্ষাধীন আছে।

## লক্ষ্মণপুর মৌজায় মঞ্জুরীকৃত কালভার্ট

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬) **শ্রীশঙ্করদাস পাল** : পঞ্চায়ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার অন্তর্গত বহরমপুর থানার অধীন নিয়ালিশপাড়া, গোয়ালজান অঞ্চলের গোয়ালজান-নবগ্রাম রোডের লক্ষ্মণপুর মৌজায় জেলা পরিষদ কর্তৃক

একটি কালভার্ট গত তিন বৎসর পূর্বে মঞ্জুর করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, অদ্যাবধি ইহার কাজ আরম্ভ না হওয়ার কারণ কি ; এবং

(গ) কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Panchayats :**

(ক) আলোচ্য কালভার্টটি জেলা পরিষদ কর্তৃক পুনর্নির্মাণের প্রস্তাব ২২এ জুন ১৯৭০ তারিখে মঞ্জুর করা হয়।

(খ) মুর্শিদাবাদ জেলা পরিষদ পঞ্চায়ত বিভাগকে জানাইয়াছেন যে, কালভার্টটি পুনর্নির্মাণের প্রস্তাব সরকার অনুমোদন করিবার পর জেলা পরিষদ উক্ত কাজের জন্য টেণ্ডার আহ্বান করেন এবং সর্বনিম্ন টেণ্ডার গ্রহণ করেন। কিন্তু নির্বাচিত ঠিকাদার জামানতের টাকা জমা দিতে না পারায় তাহার টেণ্ডার বাতিল করা হয় এবং পুনরায় টেণ্ডার আহ্বান করা হয়। কিন্তু একজনমাত্র টেণ্ডার দেওয়ায় দ্বিতীয় বার টেণ্ডার আহ্বান করা হয়। কিন্তু এবারেও মাত্র একটি টেণ্ডার পাওয়া যায়। কিন্তু কালভার্টটি নির্মাণের প্রয়োজনীয় জিনিসপত্রের বর্তমান চড়া বাজারদরের পরিপ্রেক্ষিতে উক্ত টেণ্ডার অনুমোদন লাভ করে এবং সংশ্লিষ্ট ঠিকাদারকে জামানতের টাকা জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়। এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, ঠিকাদার জানান যে, বর্তমানে বাজারে সিমেন্ট পাওয়া যাইতেছে না। সিমেন্ট না পাওয়ার জন্যই কালভার্টটির পুনর্নির্মাণ কাজ বিলম্বিত হইতেছে।

(গ) যত শীঘ্র সিমেন্ট ও অন্যান্য সামগ্রী পাওয়া যায় তত শীঘ্র কাজ আরম্ভ করা হইবে।

## জামুরিয়া ইলেকট্রিক সাপ্লাই কোং প্রাইভেট লিমিটেড

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭) **শ্রীঅমরেন্দ্র মণ্ডল ঃ** বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জামুরিয়া ইলেকট্রিক সাপ্লাই কোং প্রাইভেট লিমিটেডকে জাতীয়করণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ?

**The Minister for Commerce and Industries (Power):**

(ক) ও (খ) ইণ্ডিয়ান ইলেকট্রিসিটি এ্যাক্ট, ১৯১০-এর ধারা অনুসারে জামুরিয়া ইলেকট্রিক লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পর ঐ সংস্থা ১৯৭১ সালের জুলাই মাস হইতে ক্রয় করিবার উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ যথাবিহিত নোটিস দেয়। এ সম্পর্কে কোম্পানি আদালতে একটি মামলা দায়ের করে। আদালতের সাম্প্রতিক রায় অনুসারে সংস্থাটি ক্রয় করিবার পরবর্তী কার্যক্রম স্থগিত রাখা হইয়াছে।

### Calling attention to matters of urgent public importance

**Mr Speaker :** The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of reported attack on Shri Naresh Chandra Chaki, M.L.A., on the 2nd July, 1972, at Taherpur Railway Station. (Attention called by Shri Nitai Pada Sarkar on the 5th July, 1972).

**Dr. Md. Fazle Haque :** Sir, in response to the notice served by Shri Nitai Pada Sarkar, an honourable Member of the House, calling my attention

to a matter of urgent public importance, viz , reported attack on Shri Nare Chandra Chaki, M.L.A , at Taherpur Railway Station on the 2nd July, 197 may I make the following statement.

On 1-7-72 at about 20·30 hours Shri Naresh Chandra Chaki, local M.L. of Ranaghat, was attacked at Taherpur Railway Station by one Makhan D alias Sajal Kumar Das, son of late Surendra Nath Das of Taherpur Colon 'A' Block, out of previous grudge While Shri Chaki was returning after atte ding a meeting at Taherpur Colony. Shri Naresh Chandra Chaki was saved t his security guard and party members. No injury was sustained by him. this connection, Ranaghat GRPS case No. 2, dated 1-7-72 under sectio 347/307 IPC was started. The O. C. Ranaghat GRPS, is investigating tl case. Makhan alias Sajal Das, the accused of this case, was arrested on tl spot and forwarded to Ranaghat Court. The case was started on the complai of Shri Chaki's security guard.

[3-00—3-10 p.m.]

**Mr. Speaker** : I have received 5 notices of calling attention on tl following subjects, namely,—

(1) Ejectment of bhagchasis by the jotdars and big royats in some are of 24-Parganas district—from Shri Abdul Bari Biswas.

(2) Fasting of the primary teachers in the Curzon Park, Calcutt (Surendranath Park) -from Shri Naresh Chandra Chaki.

(3) Illegal removal of workers of Pure Sitalpur Colliery—from Sh Gopal Mondal

(4) Non-payment of stipend to the Scheduled Castes and Schedule Tribes students of Srikrishna College, Bagula, in Nadia district- from Shri Netaipada Sarkar.

(5) Increase in the price of rice in the rural area—from Shri Saradind Samanta

I have seclected the notice of Shri Naresh Chandra Chaki on the subje of "Fasting of the primary teachers in the Curzon Park (Surendranath Park Calcutta.

The Hon'ble Minister-in-charge may please make a statement on th subject today, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal** · The statement will be made on the 10th.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা calling attention দিয়েছি। যদিও বিধান নেই আপনি calling attention দিলেই তা গ্রহণ করবেন। আমি দুই একটা information-এর জন্য বলি, কাজেই আপনার কাছে একথা বলতে চাই, আপনি ২।১ মিনিটের জন্য অনুমতি দেবেন।

**Mr. Speaker** : Mr. Biswas, afterwards.

## Statement under Rule 346

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury** : Mr. Speaker, Sir, lately the greater Calcutta area has been suffering from power shortage and load shedding intermittently. This has naturally become a matter of public concern. To make matters worse, some reports have appeared in the press

as if to suggest that there is a growing rivalry between departments and power undertakings over the shortfall in power supply and attempts have been made to apportion blame on individual power generating units. I wish to state here with all the emphasis at my command that the Government is completely united in its approach to the problem of power shortage and is determined to find a satisfactory solution to it. Power generation in West Bengal is the common and joint responsibility of four power generating organisations, namely, West Bengal State Electricity Board, Calcutta Electric Supply Corporation, the Damodar Valley Corporation and the Durgapur Projects Ltd. The system of power generation is interconnected and the singling out of any individual power generating unit for blame will be unfair and self-defeating at the present stage.

Sharing the concern of the people over the shortfall in supply of power, I have discussed this morning with my colleague, Dr. Zainal Abedin, Minister-in-charge of the Department of Public Undertakings and C & S S I, and officials of the different power generating units the ways and means by which improved generation of power for Greater Calcutta area can be brought about. Due to certain technical difficulties, which are being urgently attended to now, the supply of power to Greater Calcutta area has been disturbed for some time past. Effective steps have, however, been taken to overcome the technical difficulties and it is expected that the generation of power would progressively improve from the 7th July, 1972, and normal power would be restored within a few days' time.

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী ঘটনা আপনার মাধ্যমে মন্ত্রীসভা এবং সদস্য বন্ধুদের কাছে উপস্থিত করছি। আমরা খবরের কাগজে কালো এ্যামবেসেডার-এর কলকাতায় ডাকাতির কথা পড়েছি। কিন্তু ঐ কালো এ্যামবেসেডারের ডাকাতি আমার constituency-তে proper জায়গায় যেভাবে দুদিন হয়ে গেল এবং আমি শুধু ডাকাতির কথা বলছি না, Police এর সহযোগতা এবং নিষ্ক্রীয়তায় যে ডাকাতি হয়ে গেছে সেটা আপনার সামনে উপস্থিত করছি। গত ২৮।৬।৭২ তারিখে রাত ২৷৷ থেকে ৩টার মধ্যে একটা কালো ambassador স্থানীয় একটা দোকানে, যার মালিক সত্য কিঙ্কর দত্ত তার দোকানে ডাকাতি করে এবং সেই দোকান থেকে থানা ৫০ হাতের মধ্যে। দুঃখের বিষয় এই সত্যাকিঙ্কর দত্তের দাদা বাড়ীর অন্য রাস্তা দিয়ে এসে থানার O.C কে জানায়। O.C র নাম আমি বলছি, মোহিনী মোহন ভট্টাচার্য্য, তাকে হাতে পায়ে ধরে অনুরোধ করেন যে আপনি একটু Policeকে order দিন, এবং সেই সময় গাড়ীটার start বন্ধ হয়ে গিয়েছিল এবং সেখানে যে police centry ছিল, সেই police centry গুলি চালাতে চায় এবং সেই সময় ডাকাতরা ধরা পড়ে। কিন্তু দুঃখের বিষয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই O.C গুলি করার order দেয় না, উপরন্তু সেই Police Constable-কে ধমক দিয়েছে। আমার বক্তব্য, যখন জনসাধারণ policeএর উপর তাদের নিরাপত্তার দায়িত্ব আছে বলে মনে করে, সেখানে Police এর সহযোগিতায় আমি মনে করি এই ডাকাতি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিভাগীয় মন্ত্রীকে এ সম্বন্ধে পূর্ণ তদন্ত করতে দাবী করি এবং আমি আশা করবো এদের officer-দের শুধু suspend না করে, এদের discharge করে অন্ততঃ যাতে জনসাধারণের নিরাপত্তা থাকে, জনসাধারণের মধ্যে ভীতি দূর হয়, তার ব্যবস্থা করবেন, এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশিশিরকুমার ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পুরুলিয়া পৌরসভার পৌরশিক্ষকরা তাদের

Provident Fund এর টাকা সঠিকভাবে জমা হয় নি, এর ভিত্তিতে বঙ্গীয় প্রাথমিক শিক্ষ সমিতির নেতৃত্বে যখন আন্দোলন করছিলেন, সেই সময়, সেই শিক্ষকদের পদচ্যুত করা হয়। যে শিক্ষকদের পদচ্যুত করবার পূর্বে A.D.C. যে ৩।৪টি সিদ্ধান্ত নিয়েছিলেন পৌরসভা কর্তৃপক্ষ সে মানেননি। উপরন্তু এই পৌরসভার সদস্য গত ২৬ তারিখে একজন শিক্ষিকাকে লাঞ্ছিত করে এ রকম যে পরিস্থিতি একটা সভ্য সরকার থাকাকালীন কেবল মাত্র একজন শিক্ষিকা নন, তি একজন মহিলা, তাঁকে একজন পৌরসদস্য, আমি যতদূর শুনেছি সদস্যের নাম Mr. Tulara তিনি C.P.M. এর সমর্থক, এইভাবে যদি একজন শিক্ষিকাকে লাঞ্ছিত করেন এবং যাদের ন্যা দাবী Provident Fund এর টাকা। সেই টাকার পরিমাণ দুই লক্ষ টাকার মত, সেই টা যদি জমা না দেন, তাহলে নিশ্চয়ই তাদের অধিকার আছে সেই টাকার জন্য এবং অন্য দাবীর জন্য তাদের আন্দোলন করা, এই আন্দোলন আজকে এমন একটা পরিস্থিতির স করেছে যাতে ঐ অঞ্চলে একটা বিক্ষোভের সৃষ্টি হয়েছে। আমি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করা অবিলম্বে এই বিষয়ে তদন্ত করা হোক। যদি Providend Fund-এর টাকা সঠিকভাবে জ না দেওয়া হয় তাহলে পৌর কর্তৃপক্ষকে তার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা উচিত তা গ্র করা হোক এবং এই শিক্ষিকাকে এবং শিক্ষকদের যাতে পুনরায় নিয়োগ করা হয়, তারজ যথাযথ ব্যবস্থা করা হোক।

[3-10—3-20 p.m.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে এব গুরুত্বপুর্ণ বিষয়ে সরকারের বিরুদ্ধে অভিযোগ রাখতে চাই। সেটা হচ্ছে কি, হরিপদ মণ্ডলে বাড়ীতে গত ৬/৭/৭২ তারিখে ডাকাতি হয়েছে। তিনজন আরমড কনষ্টেবল—

সি ১৮৪৬ নারায়ণ ভট্টাচার্য্য,
সি ১১৬৯ বনবিহারী চোপরা,
সি ৯৩৫ নারায়ণচন্দ্র বল,

পেট্রল করছিল তারা দাঁড়িয়েছিল আর সেখানে ডাকাতি হলো। বাড়ীতে ডাকাত গেলে পর বাড়ীর একজন ডাকাতদের গুলিতে মারা গেল। তখন বাড়ীওয়ালা বন্দুক নি বেরিয়ে এসে ফায়ার করতে গিয়েছিল তখন তাকে হাতে গুলি করল। সেখানে সেই আ কনষ্টেবলরা হাফ এন আওয়ার দাঁড়িয়েছিল সেখানে ডাকাতি হলো, ফায়ার এর আওয়াজ শু ভিলেজার্স'রা সেখানে এসে পৌছলে তাদের ঐ কনষ্টেবলরা সরিয়ে দিল, বলল "ডাকাত পালাবে তোমরা ঐদিকে যাও" এইভাবে তারা ভিলেজার্স'দের ডাকতের ভয় দেখিয়ে ডাইভা করে দিয়ে ডাকাতদের পালিয়ে যেতে সাহায্য করে। সেখানে ১৪০০ টাকা এবং ১২০০ টাক গয়না ডাকাতি হয়। তারপর উত্তেজিত জনতা সেই তিন জন কনষ্টেবলকে ধরে আটকি রেখে দেয়। একদিন পরে সেখানে ডি, এস, পি, এবং এ্যাডিশানাল এস, পি, সাউথ, না যাবার পর তাদের ছেড়ে দেওয়া হয়েছে। এখানে সকলের সন্দেহ হচ্ছে যে ডাকাতদের স পুলিশের একটা বিরাট যোগ আছে। এই ঘটনা মথুরাপুর পুলিশ ষ্টেশনের।

এর সঙ্গে আর একটা ঘটনা হচ্ছে, রাজারহাট-এ। সেটা হচ্ছে ভাংগর থানায়, সেখানে হাজার টাকা বাস থেকে একটি লোক ছিনিয়ে নিয়ে গেল। থানার দারোগাকে বলবার সে বলল যে, 'কংগ্রেসের লোক ওকে ধরব না' মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্য

মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে যুক্তফ্রণ্টের আমলে আমাদের জ্যোতিবাবুর আওতায়ে যে সব পুলিশ অফিসার শপথ নিয়েছিলেন তারা আজ এর সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত এবং এদের বিষয়ে অবিলম্বে ব্যবস্থা করা দরকার।

**শ্রীবলাইলাল শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারকেশ্বর থানায় ৩টি হাসপাতাল আছে, একটা হাসপাতাল চলছে, আর একটা হাসপাতালে ডাক্তার নাই। আর একটা হাসপাতালের ঘর দুই বছর যাবত নির্মিত হলো এবং আমরা জানতে পারলাম গ্রামবাসীদের মাধ্যমে, একটা খুবই আশ্চর্যার ব্যাপার যে সেখানে সরকারী আমলাদের চিঠিপত্র আদান প্রদান হচ্ছে যথারীতি সেখানে কি আছে না আছে ডাক্তার আছে কিনা, খাদ্য সরবরাহ হচ্ছে কিনা, কোন নার্স আছে কিনা এইসব। অতএব ব্যাপারটা বিভাগীয় অফিসারকে জানিয়েছিলাম। আজ পর্য্যন্ত ঐ হাসপাতালের জন্য কতটাকা ব্যয় হয়েছে সরকারের কাছে যে হিসাব আছে সেটাও পাওয়া যাচ্ছে না। আমি নিজে সরেজমিনে তদন্ত করেছিলাম এবং দেখেছি সেখানে হাসপাতাল নাই। তাই আমি এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এইরকম অপচয় বন্ধ হয়।

**শ্রীমতি নুরেন্নেসা সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করব এবং সেই অনুমতি দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের সরকারের ঘোষণা আমরা জানতে পেরেছি, যেসমস্ত খাস জমি আমাদের সরকারের হাতে এসেছে সেসব খাস জমি বিলি করা হবে একটা কমিটির মাধ্যমে। সেই কমিটিতে থাকবে সরকারী কর্মচারীরা এবং যেখানে বিলি করা হবে সেইখানকার যিনি বিধান সভার সদস্য আছেন তিনি এবং তাদের সেই কমিটির মাধ্যমে এই জমি বিলি করা হবে। কিন্তু আমাদের কাছে খবর আছে যে কোন জেলায় কয়েকটা জায়গায় জমি বিলি হয়েছে এই কমিটিকে না জানিয়ে। তাই আমি বলছি যে এই কমিটিকে না জানিয়ে বা কমিটি ছাড়াই যাতে বিলি না হয় সেইজন্য আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি।

কাটোয়ায় ২নং ব্লক পূর্বস্থলীতে এই ঘটনা হয়েছে। পূর্বস্থলীর যেখানে বিলি করার কথা সেখানে বিলি না করে ঐ অঞ্চলের office থেকে কণ্ডুলী গ্রামে তাঁরা নিজেদের খেয়াল খুশীমত Land Committee বাতিল করে দিয়ে ভূমিহীনদের সঠিকভাবে বিলি করা হয়নি সেইভাবে খবর পেয়েছি। যেভাবে ভূমি বন্টন করার নিয়ম আছে সেভাবে না করে কোন partyর পরামর্শ অনুযায়ী এবং যতদূর জানা আছে কিছু টাকা পয়সার ব্যবস্থা করে নিয়ে তারা জমি বিলি করেছেন। আমি মন্ত্রীমহাশয়কে জানতে চাই তিনি যেন তদন্ত করে যেভাবে বিলি করা হয়েছে তা নাকচ করে দেন এবং কমিটির মাধ্যমে যেন বিলি করা হয়। এগুলি স্থায়ীভাবে বিলি করা হবে বলেই বলছি।

**শ্রীগুরুপদ খান ঃ** স্যার, মাননীয় সদস্যা যে অভিযোগ এখানে আনলেন সেটা অত্যন্ত গুরুতর অভিযোগ। আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করব তিনি যে অভিযোগ করলেন সেটা যেন তিনি আমাকে দেন এবং আমি যতদূর সম্ভব এবিষয় ব্যবস্থা অবলম্বন করব।

**শ্রীদ্বিজপদ সাহা ঃ** স্যার, বীরভূম জেলার রাজনগর থানার পশ্চিমাংশ অসেচ এলাকা। সেখানে গভীর নলকূপ হতে পারে না। সম্প্রতি ঐ এলাকার স্থানীয় ময়ূরাক্ষী পত্রিকার ২৯ তারিখে খবরে বেরিয়েছে সেটা পড়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাতে আছে, খরাক্লিষ্ট রাজনগর থানায় চাষাবাদের জন্য জলসেচ ব্যবস্থা জেলা কর্তৃপক্ষের একটি প্রধান শিরঃপীড়া—

না আছে কোন নদী পরিকল্পনার অদূর সম্ভাবনা, না আছে গভীর নলকূপের আশা। থান জুড়িয়া মাটির তলায় শক্ত পাথরের চাপ—তাই, এই থানা নাকি গভীর নলকূপের অনুপযুক্ত এলাব সৌভাগ্যক্রমে এই থানার অন্তর্গত তাঁতিপাড়া মৌজায় জমির অল্প নীচে প্রবহমান শী প্রস্রবণের সন্ধান পাইয়া স্থানীয় অধিবাসীরা নিজেদের উদ্যোগে, ধার করিয়া বাঁধের সাহা সেই জল আটক পূর্বক যে অফুরন্ত জলসম্পদ সেচ, পানীয়, স্নান, গবাদির তৃষ্ণা নিবারে কাজে সদুপযোগের ব্যবস্থা করিয়াছে—বেসরকারী উদ্যম হিসাবে এই সার্থক কাজটি সরকারী বেসরকারী প্রশংসা পাইবার যোগ্য। আমরা উহা দেখিয়া মুগ্ধ। এই ধরণের আর এ ভূগর্ভস্থ শীতল প্রস্রবণের সন্ধান এই গ্রামের সন্নিকটে পাওয়া গিয়াছে—যাহার যথোচিত সদ্ব্যবহ করিতে পারিলে ৫০০/৬০০ বিঘা জমি বারমাস ফসল উৎপানের উপযুক্ত হবে বলিয়া গ্রামবাসীে অভিমত। সংশ্লিষ্ট সরকারী কর্তৃপক্ষ তাঁহাদের বিচক্ষণ বিশেষজ্ঞ দ্বারা এই সম্ভাব্যতার যাচাই কর এবং সত্যিই যদি কাজটি গ্রহণযোগ্য মনে করেন, এই ধরনের স্বল্প ব্যয় সম্পন্ন বহুমুখী পরিকল্প অবিলম্বে কার্য্যকরী করুন। এবিষয়ের দিকে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এ যাতে অতি সত্বর ব্যবস্থা গ্রহণ করা যায় তার অনুরোধ করছি।

**শ্রীইন্দ্রজিৎ মজুমদার:** স্যার, আপনার মাধ্যমে একটা অতি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃ আকর্ষণ করছি। আপনি জানেন যে আমাদের নানারকম development programme wago এর জন্য ক্ষতি হচ্ছে। কিন্তু কিছু কিছু অসাধু ব্যবসায়ীর সহায়তায় বেলদায় কর্মচারীরা একই কাে againstএ ২ বার করে wagonকে priority দিচ্ছে। সেজন্য বিভিন্ন siding-এ যে sales t আদায় হয় সেটা আমরা হারাচ্ছি এবং wagon পাচ্ছি না। এ বিষয়ে আমি সমগ্র মন্ত্রীসভার আকর্ষণ করছি।

[3-2 '—3-30 p.m.]

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউ একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। যে রিপোর্ট আমি পেয়েছি সেটা আপনার মাধ শুধু মন্ত্রীমণ্ডলীর নয়, হাউসের সমস্ত সদস্যদের অবগতির জন্য পাঠ করছি। মেদিনীপুর জেল কেশপুর থানার ঝেটা জাম্বনী গ্রামের সি. পি. এম. সমর্থক ইন্দ্রীশ মীর-এর বাড়ীতে মারাত্মক অস্ত্র লুকানো আছে এইরূপ গোপন সংবাদ পাইয়া গত ৪/৭/৭২ তারিখে স্থানীয় পুলিশ তাঁহার বাড়ী করে এবং কিছু তাজা বোমা ও বোমা তৈরীর বারুদ মশলা পায়। উদ্ধার করা বোমা ও বা মশলা সহ ইন্দ্রীশ মীরকে থানায় আটক রাখা হয়। সঙ্গে সঙ্গে স্থানীয় জোতদার ও একটি বি রাজনৈতিক দলের নেতা এবং ঐ দলেরই থানা সভাপতি উক্ত ব্যক্তিকে থানা হইতে মুক্ত কি তাঁহার বাড়ীতে লইয়া যান। ইতিপূর্বে ঐ এলাকায় সন্ত্রাসমূলক কার্যকলাপ ঘটিয়াছিল এবং বর্তম সময়েও ঘটার সম্ভাবনা। সেই কারণ আমি সরকারের নিকট এই ঘটনার তদন্ত দাবী করি এ সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে এই ঘটনা সংক্রান্ত বিষয়ে হাউসে একটি বিবৃতি দেওয়ার জন্য আবে করিতেছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এব গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আক করতে চাই। গতকাল যুগান্তর এবং আরো কয়েকটি সংবাদপত্রে খবর বেরিয়েছে যে পুরুলি জেলার মধুকুণ্ডাতে যে ইস্পাত কারখানা হবার কথা আছে তার কাগজপত্র মাঝপথে খোয়া যাচে

কোন বেসরকারী পুঁজিপতি সংস্থা সেই সমস্ত কাগজপত্র মাঝপথে উধাও করে দিচ্ছে। আমাদের ক্ষুধায় জীর্ণ, দারিদ্রে শীর্ণ, কর্মহীনদের দীর্ঘনিশ্বাসে ভরপুর যে পশ্চিমবঙ্গ সেই পশ্চিমবঙ্গের বিরুদ্ধে যে চক্রান্ত হচ্ছে সেই চক্রান্তের প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীনরেশ চন্দ্র চাকি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমাজ বিরোধীদের স্বর্গরাজ্য সম্বন্ধে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সমাজ বিরোধীদের স্বর্গরাজ্য হচ্ছে রানাঘাট-গেদে লাইন। গেদে ভারতবর্ষের সীমান্তবর্তী স্টেশান। রানাঘাট-গেদে এই রেল লাইনে ভীষণভাবে ব্ল্যাক মার্কেটিং হয়, স্মাগলিং হয় এবং সমাজ বিরোধীদের এই ধরণের কার্যকলাপ দিনের পর দিন সেখানে চলে আসছে। এটা এমন পর্যায়ে গিয়ে পৌঁচেছে যে বাধ্য হয়ে জি আর পি'র পক্ষ থেকে এই লাইনে সি আর পি মোতায়েন করা হয়েছিল এবং এই সি আর পি মোতায়েনের ফলে স্মাগলিং খানিকটা বন্ধ হয়েছিল। কিন্তু বেঙ্গল পুলিশের কৃষ্ণগঞ্জ থানার পুলিশ ইন্সপেক্টার সাহেব কি কারণে জানি না আই জি'র কাছে রিপোর্ট দেন যে এই লাইন থেকে সি আর পি তুলে নেওয়া হোক। সেই পুলিশ ইন্সপেক্টারের অভিযোগের ভিত্তিতে সেই লাইন থেকে সি আর পি তুলে নেওয়া হয়েছে, ফলে সেই লাইনে ভীষণভাবে স্মাগলিং এর কার্যকলাপ সুরু হয়েছে। ট্রেনে লোকজন নির্ভয়ে যাতায়াত করতে পারছে না। আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব আপনার মাধ্যমে অবিলম্বে যাতে এই সম্বন্ধে তদন্ত করে সি আর পি বসান যায়, ট্রেনে লোক নির্ভয়ে যাতায়াত করতে পারে তার ব্যবস্থা করতে।

**ডঃ ভূপেন বিজলি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পি. ডব্লু. ডিপার্টমেন্টের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বজবজ থানার অন্তর্ভুক্ত বুঁইতা, নিশ্চিন্তপুর, পুজালী গ্রামের কৃষি এলাকার মধ্য দিয়ে যে চড়িয়াল বেসিন ড্রেনেজ স্কীম এর খাল খনন করা হয়েছে, নিশ্চয়ই এটা অভিনন্দনযোগ্য, কেননা বৃহত্তর স্বার্থ এতে জড়িয়ে রয়েছে। কিন্তু দুঃখের কথা ২ বছর যাবত কৃষকরা কোন ক্ষতিপূরণ পায়নি। এমন অনেক কৃষক পরিবার আছে যাদের সমস্ত সম্পত্তি এই খালের গহ্বরে চলে গেছে। তাদের জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব তারা যেন ক্ষতিপূরণ পায় এবং তাদের জন্য যেন বিকল্প জীবিকার ব্যবস্থা করা হয়।

[3-30—3-50 p.m. including adjournment.]

**শ্রীললিত গায়েন** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা যারা বিধান সভার সভ্য রাষ্ট্রীয় অতিথি ভবনে থাকি তাদের সম্বন্ধে আমি বলতে চাইছি যে এই রাষ্ট্রীয় অতিথি ভবনে এমন অব্যবস্থা চলছে যে সেখানে আমাদের চিঠিপত্র যে সমস্ত আসে তা মাটিতে গড়াগড়ি যায়। সেজন্য আমরা বিধান সভার সভ্য যারা এই রাষ্ট্রীয় ভবনে থাকি আমাদের দাবী হচ্ছে যে সেখানে একটা পোষ্ট অফিস করার জন্য মন্ত্রী মহাশয় উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ স্থাপন করে এর ব্যবস্থা করেন।

**Mr. Speaker :** I have an announcement to make. On next Sunday, that is, on the 9th of July, 1972, the House will commence in the morning at 9 O'clock. On Saturday, that is, to-morrow, the House will commence as usual at 1 p. m.

( At this stage the House was adjourned for 15 minutes )

(After adjournment)

**Shri Gurupada Khan :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,86,:9,000 be granted for expenditure under Grant No. 2, Major Heads : "9-Land Revenue, 76-Other Miscellaneous Compensations and Assignments, and 92-Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System."

(This is inclusive of Rs. 3.95,63,000 already voted on account in March, 1972).

গত মার্চ মাসে উত্থাপিত বাজেটে বর্তমান আর্থিক বৎসরের জন্য "9-Land Revenue" খাতে আয় ধরা হয়েছে ৬,২৯,৪২ ০০০ টাকা।

ব্যয়ের ক্ষেত্রে উপরোক্ত তিনটি খাতে গত মার্চ মাসে বিধান সভায় যে বাজেট পেশ করা হয় তাতে ১৯৭২-৭৩ আর্থিক বৎসরের জন্য মোট ১১,৮৬,৮৯,০০০ টাকা ব্যয় হবে বলে ধরা হয়েছে। দুর্মূল্য ভাতা বাবদ ২৪,৬৮,০০০ টাকা ছাড়া ক্ষতিপূরণ বাবদ অতিরিক্ত ব্যয় বরাদ্দের ফলে বর্তমান আর্থিক বৎসরে অতিরিক্ত ৫২,০২,০০০ টাকা ব্যয়ভার সরকারকে বহন করতে হবে।

এই টাকার মধ্যে "9-Land Revenue" খাতে ৭,৮৩,৭৮,০০০ টাকা "76-Other Miscellaneous Compensation and Assignments" খাতে ৩৩,১১,০০০ টাকা এবং "92-Payment of compensation to land-holders, etc., on the abolition of the Zamindari System" খাতে ব্যয় ধরা হয়েছে ৩,৭০,০০,০০০ টাকা। "9-Land Revenue" খাতে গত বৎসরের সংশোধিত বাজেটের তুলনায় এ বৎসরের বাজেটে ৩২,১৪,০০০ টাকা বেশী ব্যয় ধরা হয়েছে। প্রধানতঃ দুর্মূল্য ভাতার জন্যই এই বেশী টাকা ধরা হয়েছে। "92-Payment of Compensation to land-holders etc., on the abolition of the Zamindari System" খাতে গত বৎসরের সংশোধিত বাজেটের তুলনায় এই বৎসরের বাজেট ব্যয় ২০,০০,০০০ টাকা বেশী ধরা হয়েছে যাতে মধ্যস্বত্বাধিকারীদের আরো বেশী ক্ষতিপুরণ দিতে পারা যায়।

[3-50—4-00 p.m ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর এটিই ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের প্রথম পূর্ণাঙ্গ বাজেট বরাদ্দের প্রস্তাব। বর্তমান সরকারের ভূমিনীতি ও তার পূর্ববর্তী দলীয় সরকারগুলির নীতির মধ্যে পার্থক্য আছে— লক্ষ্যের দিক দিয়ে ততটা নয় যতটা প্রয়োগের ক্ষেত্রে। প্রাক্তন কংগ্রেস সরকার জমির একচেটিয়া মালিকানার ব্যবস্থায় প্রথম আঘাত হেনেছিলেন ১৯৫৩ সালের জমিদারী প্রথা বিলোপ আইন প্রবর্তন করে। কিন্তু তার দুর্বলতা প্রকট হল প্রয়োগেব ক্ষেত্রে। আইনের প্রয়োগে ত্রুটির জন্য আইনটির উদ্দেশ্য অনেকাংশে ব্যাহত হল। জমিদার ও অন্যান্য কায়েমী স্বার্থের প্রতিনিধিরা জমি বেনামী করে, হস্তান্তর করে ও অন্যান্য কারচুপির আশ্রয় নিয়ে আইনটির উদ্দেশ্য ব্যর্থ করে দিতে উদ্যোগী হল। ভূমিহীন চাষীদের দেবার মতো যথেষ্ট জমি সরকারের হাতে এল না। আইনটির ত্রুটি দূর করার ব্যাপারে বা জমির ঊর্ধসীমা সংক্রান্ত বিধান কঠোর হস্তে প্রয়োগ করার ব্যাপারে ঔদাসীন্যের জন্য অসাধু জোতদাররা উৎসাহিত বোধ করতে লাগল। তারপর এলেন যুক্তফ্রন্ট সরকার। নিয়মতান্ত্রিক পদ্ধতির উপর আস্থা না রেখে তাঁরা চাইলেন দরিদ্র অজ্ঞ কৃষকদের প্ররোচিত করে আইন শৃঙ্খলা ভঙ্গ করে তাঁদের ইপ্সিত পথে ভূমি সংস্কার সাধন করতে। হিসাব নিকাশ করলে দেখা যাবে তাতে কিন্তু লাভ বিশেষ কারোরই হল না। আইন শৃঙ্খলা ব্যাপকভাবে ভাঙ্গা হল, রক্তক্ষয়ও হল। কিন্তু ভূমিহীনদের ভূমির মালিক হবার স্বাভাবিক বাসনা অল্পই তৃপ্ত হল। গায়ের জোরে জমি দখলের আন্দোলন হতে লাগল।

নযন্ত্র যেন নিষ্ক্রীয় হয়ে পড়েছিল এবং আরো অনেক উপায়ে এ জমি দখলের আন্দোলন তখন াবে চলেছিল তার ফলে বেশীর ভাগ ক্ষেত্রেই ছোট ছোট জমির মালিকরা ক্ষতিগ্রস্ত হল এবং হানিও হল। তবুও এই শ্রেণীর বেআইনী জমি দখল অভিযানের আন্দোলন প্রত্যাহৃত হয় নি। দালনের ফলশ্রুতি কিন্তু শুধু অঘটনই হল, চাষীর জমি লাভ ততটা হল না।

বর্তমান সরকার কিন্তু এ নীতি পরিহার করে চলতে চান। আমাদের লক্ষ্য অবশ্যই সমাজ-ত্রক ভূমি ব্যবস্থা। এ লক্ষ্যে পৌঁছাবার পথে আমরা চাই ভূমি সংস্কার সম্পর্কে প্রচলিত আইনের ছিদ্র ও পক্ষপাতশূন্য প্রয়োগ। যদি এ আইন সামাজিক ন্যায়নীতি সম্মত ভূমি ব্যবস্থা প্রণয়নের বাধা হয় তবে আমরা চাই তার পরিবর্তন। নিয়মতান্ত্রিক পথে না গিয়ে অশিক্ষিত দরিদ্র ও । ও বিশ্বাসপ্রবণ চাষীদের উত্তেজিত করে অলীক লাভের লোভ দেখিয়ে রক্তক্ষয়ের পথে ভূমি স্কার কোন স্থিতিশীল ও কল্যাণকর পরিবর্তন আনা যায় বলে আমরা বিশ্বাস করি না। তাই যারা লুকিয়ে রাখতে প্রয়াসী হয়, বে-আইনীভাবে বর্গাদার উচ্ছেদ করতে চায় আমরা তাদের বিষয়ে ার ব্যবস্থা নিতে ইতস্তত: করব না এবং সে ব্যবস্থা নেওয়া হবে আইনের আশ্রয়ে থেকেই। রে ন্যস্ত সকল জমি দরিদ্র ও ভূমিহীন চাষীদের মধ্যে এরূপ ন্যায়সঙ্গত নিয়মতান্ত্রিক পদ্ধতিতেই রণের ব্যবস্থা করা হবে।

## ভূমি সংস্কার

মাননীয় সদস্যরা জানেন যে, ১৯৫৩ সালের জমিদারী উচ্ছেদ আইন ভূমি সংস্কার-এর ক্ষেত্রে কারের প্রথম পদক্ষেপ। সে পদক্ষেপ যথেষ্ট বলিষ্ঠ ছিল না এবং হয়তো কিছুটা বেশী সতর্ক ছিল। আইনে কৃষি জমির উর্ধসীমা নির্ধারিত হয়েছিল। অর্থাৎ প্রতি রায়তের ক্ষেত্রে ২৫ একর। ই একই উর্ধসীমা রাখা হয়েছিল ১৯৫৫ সালের ভূমি সংস্কার আইনে। ১৯৭১ সালে রাষ্ট্রপতির নের আমলে ভূমি সংস্কার আইনের সংশোধন করা হয় রাষ্ট্রপতির আইনের মাধ্যমে। ঐ আইনে ষিজমির উর্ধসীমা নামিয়ে আনা হয় এবং তা পরিবারভিত্তিক করা হয়। বর্গাদার ও জমির লিকের মধ্যে ফসলের ভাগের অনুপাতও পুনর্নির্ধারিত হয়। রাষ্ট্রপতির ঐ আইনটির স্থলাভিষিক্ত য়েছে বিধান সভার গত অধিবেশনে বিধিবদ্ধ ১৯৭২ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধনী) ইনটি। ঐ আইন অনুসারে দুই থেকে পাঁচজন সদস্য বিশিষ্ট পরিবার সেচ সেবিত এলাকায় ৫ ক্টেয়ার বা ১২.৩৬ একর এবং অন্য এলাকায় ৭ হেক্টেয়ার বা ১৭.৩০ একর পর্যন্ত কৃষি জমি রাখতে রেন।

পরিবারের সদস্য সংখ্যা যদি পাঁচের বেশী হয় তবে পাঁচ এর অতিরিক্ত সদস্যদের জন্য সেচ বিত এলাকায় মাথাপিছু ০.৫০ হেক্টেয়ার ও অন্যান্য এলাকায় .৭০ হেক্টেয়ার হিসেবে অতিরিক্ত কৃষি মি রাখা যেতে পারে। তবে পরিবারের সদস্য সংখ্যা যতই হোক না কেন সেচ সেবিত এলাকায় হেক্টেয়ার বা ১৭.৩০ একর এবং অন্যান্য এলাকায় ৯.৮০ হেক্টেয়ার বা ২৪.২২ একরের বেশী কৃষি মি রাখা চলবে না। সিলিং এর অতিরিক্ত জমির মালিক প্রত্যেক রায়ত ৭-এ ফরমে রিটার্ণ দিতে য়। ঐ রিটার্ণ দেবার সময় সীমা গত ৩১।৫।৭২ তারিখে শেষ হয়েছে। এ পর্য্যন্ত প্রায় ২৫,০০০ টার্ণ পাওয়া গেছে। যাঁদের কাছ থেকে রিটার্ণ পাওয়া যায়নি অথচ যাঁদের সিলিং-এর অতিরিক্ত মি আছে বলে ধারণা এমন সব রায়তকে ব্যক্তিগতভাবে নোটিশ দেওয়া হয়েছে। আশা করা যায় ন সিলিং আইন দ্রুত কার্য্যকর করে ২ থেকে ৩ লক্ষ একর কৃষি জমি ভূমিহীন কৃষকদের মধ্যে তরণ করা সম্ভব হবে।

জমি দেওয়ার আদেশ দিয়ে যান। পুনরায় এই সরকারে ন্যস্ত জমির মধ্যে আরও ৫,০০০ একর কৃষি জমি ও ১,০০০ একর অকৃষি জমি পাকিস্তানের সঙ্গে গত যুদ্ধে মৃত, নিখোঁজ ও আহত সৈনিকদে পরিবারবর্গের মধ্যে বিলি করার জন্য আলাদা রাখা হয়েছে।

ন্যস্ত জমি বিলি করা হয় ব্লক পর্যায়ে উপদেষ্টা কমিটির সুপারিশ-এর ভিত্তিতে। এ কমিটিতে সরকারী আধিকারিক আছেন মাত্র ২ জন ; বি. ডি. ও, জে. এল. আর ও তা ছাড়া বিধা সভার সদস্য ছাড়াও অন্য জনপ্রতিনিধিরা আছেন। আগে জমি বিলি করা হত বার্ষিক লাইসেন্সে ভিত্তিতে। এখন স্থায়ী বন্দোবস্তের নীতি গ্রহণ করা হয়েছে।

সরকারী রাজস্ব ও অন্যান্য প্রাপ্য আদায়, ভূমি স্বত্বলিপি সংক্রান্ত নথি সংরক্ষণ এবং ভূমি সংস্কার সংক্রান্ত বিভিন্ন প্রকার কাজের জন্য সরকারের যে সকল কর্মচারী নিযুক্ত আছেন ব্লক পর্যায়ে তাদের কাজের সমন্বয় সাধনের জন্য জে, এল. আর. ও-দের এলাকার পুনর্বিন্যাস কর হয়েছে। এখন প্রতিটি ব্লকে একটি করে জে, এল, আর, ও-র অফিস থাকবে। রাজ্যে ২৫৩টি জে. এল. আর. ও-র অফিসের সংখ্যা বাড়িয়ে ৩৩৫টি করা হচ্ছে। জে. এল. আর. ও-দের এলাকার পুনর্বিন্যাসের ফলে বিভিন্ন শ্রেণীর প্রায় ১৫০০ লোকের কর্মসংস্থান হবে। নূতন সৃষ্ট পদের ৮৬টি হবে জে. এল, আর. ও-র, ৮৬টি সার্কেল ইনসপেক্টরের, ৮২টি ভারপ্রাপ্ত করণিকের এবং ১২৪৭টি অন্যান্য তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর।

## কৃষি তথ্য সংগ্রহ

রাষ্ট্র সংঘের খাদ্য ও কৃষি সংস্থার উদ্যোগে সারা বিশ্বে যে কৃষি তথ্য সংগ্রহের কাজ চলছে ভারত সরকারের অনুরোধে পশ্চিমবংগও তাতে অংশ গ্রহণ করেছে। রাজস্ব পর্ষদ ও কৃষি বিভাগের যৌথ তত্ত্বাবধানে তহশীলদাররা প্রথম পর্যায়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করবেন। এ কাজ শেষ হ ভূমি ব্যবস্থা, জোতের আয়তন, কৃষি শ্রমিক, সেচ ব্যবস্থা, জমি কিভাবে কাজে লাগানো হচ্ছে প্রভৃ বিষয়ে বহু মূল্যবান তথ্য পাওয়া যাবে বলে আশা করা যায়।

## ভূমি গ্রহণ ও অধিগ্রহণ

প্রায় সকল উন্নয়ন মূলক পরিকল্পনার জন্য প্রথম প্রয়োজন হয় জমির। পরিকল্পনা দ্রুত রূপায়ণে জন্য দ্রুত জমি গ্রহণ অত্যাবশ্যক। রাজ্যের নানা জায়গায় কলকারখানা, বাঁধ, জলাধার, রাস্তা স্বাস্থ্যকেন্দ্র, বীজ উৎপাদন কেন্দ্র, সেচ ব্যবস্থা প্রভৃতির জন্য উপযুক্ত ক্ষতিপূরণ দিয়ে এ বিভাগ থেকে জমি নেওয়া হয়েছে। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের জন্য ১৯৭১-৭২ সালে মোট ১৪,৩০০ একর গ্রহণ করা হয়েছে। ঐ বৎসরে প্রায় পাঁচ কোটি টাকা গৃহীত জমির ক্ষতিপূরণ হিসেবে দে হয়েছে। ১৯৭২-৭৩ সালে প্রায় ২৭,০০০ একর জমি গ্রহণ করার প্রয়োজন হবে বলে অনুমান ক যায়। অন্যান্য উন্নয়নমূলক প্রকল্প ছাড়া ১৯৭২-৭৩ সালে শুধু সেচ প্রকল্প এবং রাস্তা নির্মাণের জ যথাক্রমে ১৯,১৮২ এবং ১,৭১৬ একর জমি প্রয়োজন হবে বলে অনুমান করা যায়। হাওড়া এ কলকাতা এলাকায় সি. এম. ডি. এ-র জন্য জমি দখলের কাজ আশানুরূপ অগ্রসর হচ্ছে। কলিকা ভূগর্ভ-রেলের জন্য ভূমি গ্রহণ করার প্রয়োজন হবে। এ বিভাগকেই উহার ভার নিতে হবে।

[4-10—4-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি সংস্কার সমস্যা জটিল এবং তার সমাধানের পথ নানা বাধা সমাকীর্ণ। বর্তমান সরকারের কার্য্যকাল কিঞ্চিদধিক তিন মাস। এই স্বল্প কালে ভূমি সংস্কারের কাজে

কোন চমকপ্রদ ফলাফল প্রত্যাশা করা অবাস্তব হবে এবং সে রকম কোন দাবীও আমার নেই। গ্রামীণ অর্থনীতি কৃষি নির্ভর। তাই পল্লী অঞ্চলে ধন বৈষম্য দূর করার জন্য ভূমির মালিকানার পুনর্বিন্যাস অপরিহার্য্য। আমাদের ভূমিসংস্কার নীতি সুস্পষ্ট এবং তা হল শান্তিপূর্ণ এবং নিয়মতান্ত্রিক পথে সামাজিক ন্যায় বিচারের ভিত্তিতে প্রতিষ্ঠিত ভূমি ব্যবস্থা। এর লক্ষ্যে উপনীত হবার জন্য সকল রকম ব্যবস্থা অবলম্বনে সরকারের দৃঢ় সংকল্পের কথা আমরা বড় জোতদার ও ভূমিহীন চাষী সকলের কাছেই জানিয়েছি। যদি এই কয় মাসে উদ্‌বৃত্ত জমির মালিকের মনে আমাদের দৃঢ় সংকল্প সম্বন্ধে সকল সংশয় দূর করতে পেরে থাকি এবং ভূমিহীন চাষী ও মেহনতী মানুষের মনে শান্তিপূর্ণ উপায়ে ভূমি সংস্কারের সম্ভাব্যতা সম্বন্ধে আস্থা জাগাতে পেরে থাকি, তবে এ বিভাগের এই কয় মাসের কর্মতৎপরতা সম্বন্ধে আমাদের গর্ববোধ করার যথেষ্ট কারণ আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাবটি গ্রহণ করার জন্য মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ সেখ ওমর আলি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে অনেক কথা বলেছেন এবং বলতে গিয়ে গত যুক্তফ্রন্টের শাসনকালে ভূমিনীতি এবং কৃষক আন্দোলনের সমালোচনা করেছেন। ১৯৫৩ সালে জমিদারী দখল আইন পাশ হয়েছে এবং ১৯৫৬ সালে ভূমি সংস্কার আইন পাশ হয়েছে। এই উভয় আইনই কয়েকবার সংশোধিত হয়েছে এবং বিভিন্ন ধারা বহুবার সংশোধিত হয়েছে। আজ যখন ১৮ বছর অতিক্রান্ত হল তখন নিশ্চয় ভাল করে চিন্তা করার দরকার আছে যে, এই আইনগুলির প্রয়োগের ফলে প্রকৃতপক্ষে ভূমি সংস্কারের কতটা উন্নতি হয়েছে এবং ভূমি সংস্কার করে কৃষিগত কাঠামোর পরিবর্তন করে গ্রামে সমৃদ্ধি আনবার জন্য এই আইনগুলি আমাদের পশ্চিমবাংলার জনসাধারণকে কতটা সাহায্য করেছে। সরকারী তথ্য বিশ্লেষণ করে আমরা জানতে পারি যে জমিদারী দখল আইন এবং ভূমিসংস্কার আইন পাশ হবার পর থেকে ১৯৭২ সালের মার্চ মাস পর্য্যন্ত মোট যে কৃষি জমি সরকারে ন্যস্ত হয়েছে তার পরিমাণ ৯ লক্ষ ২১ হাজার একর। কিন্তু এই সমস্ত জমি দখল করে ভূমিহীনদের মধ্যে বণ্টন করা যায়নি, তিনি তাঁর প্রারম্ভিক ভাষণে একথা স্বীকার করেছেন। আমার কাছে যে তথ্য আছে তাতে জানা যাবে যে এই সময়ের মধ্যে ৬ লক্ষ ৮৪ হাজার একর জমি দখল নেওয়া হয়েছে ; তারমধ্যে ৪ লক্ষ ১১ হাজার একর জমি বণ্টন করা হয়েছে। কিন্তু মাত্র ১ লক্ষ ৪৯ হাজার একর জমিতে স্থায়ী পাট্টা দেওয়া হয়েছে এবং সবচেয়ে বড় কথা এই যে ১ লক্ষ ৭০ হাজার একর জমি প্রায় ৩০ হাজার সিভিল স্যুট, সিভিল কেস আটক রয়ে গিয়েছে। সে জমি প্রকৃতপক্ষে জমিদার ও জোতদাররা ভোগ দখল করছে।

আমি আর একটি তথ্য মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে রাখতে চাই। ভূমি সংস্কার আইন, যার জমিদারী দখল আইন পাশ হবার পর ১৯৬৭ সালের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত অর্থাৎ পূর্বতন কংগ্রেস শাসনের আমল পর্য্যন্ত এই ১৪ বছরে মোট ৪ লক্ষ ২ হাজার একর জমি ন্যস্ত হয়েছিল অর্থাৎ ন্যস্ত হবার পরিমাণ গড়ে ছিল বছরে ২৮ হাজার ৭০০ একর করে। তারপর ১৯৬৭ সালে যুক্ত ফ্রন্ট সরকার প্রতিষ্ঠীত হয়েছিল। তখন থেকে আরম্ভ করে ১৯৭২ সাল পর্যন্ত এই ৫ বছরের মধ্যে জমি ন্যস্ত হয়েছে ৫ লক্ষ ১৯ হাজার একর অর্থাৎ গড়ে বছরে ১ লক্ষ ৪ হাজার একর করে। আমি এই তথ্য রাখছি এই কারণে যুক্তফ্রন্ট সরকারের আমলে বিশেষ করে গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশ লেলিয়ে না দেবার যে নীতি গ্রহণ করা হয়েছিল এবং সেই সময়ে লুকানো জমি, বেনামী জমি ধরে আনবার জন্য কৃষকদের মধ্যে যে উৎসাহ দেখা দিয়েছিল, যে

উদ্যোগ সৃষ্টি হয়েছিল, তার ফলেই এত বেশী পরিমাণ জমি সরকারে ন্যস্ত হয়েছিল। সুতরাং এই তথ্য ঠিক নয় যে এই সময়ে শুধু সরল বিশ্বাসী কিছু লোকদের উত্তেজিত করা হয়েছিল জমি পাইয়ে দেবার লোভ দেখিয়ে। কিন্তু প্রকৃত পক্ষে তাদের কোন লাভ হয়নি, তথ্যেই প্রমাণিত হবে যে এই সময়ে বেশী জমি সরকারে ন্যস্ত হয়েছিল। সুতরাং মাননীয় স্পীকার, স্যার, আমি এই কথা জোরের সঙ্গে বলতে চাই যে নিশ্চয়ই যুক্তফ্রণ্টের শাসনকালে সি. পি. এম-এর রাজনীতির জন্য কৃষক আন্দোলনের অনেক ক্ষতি হয়েছে, অনেক জায়গায় বাড়াবাড়ি হয়েছে, কিন্তু সামগ্রিকভাবে যুক্তফ্রণ্ট কৃষকদের মধ্যে যে ধারণা সৃষ্টি করতে পেরেছিল সেই ধারণা জমি খুঁজে বের করার দিক থেকে কৃষকদের অনেকটা এগিয়ে দিয়েছে এবং তারই ফলে ভূমি সংস্কারের কাজ প্রকৃত পক্ষে অগ্রসর হয়েছে। এখন কি দেখা যাচ্ছে? এখন দেখা যাচ্ছে যে ১৮ বছরের মধ্যে যে জমি ন্যস্ত হবার কথা ছিল সেসমস্ত জমি ন্যস্ত হওয়া তো দূরের কথা বরং কিছু কিছু পরিমাণ জমি যার প্রকৃত তথ্য আমার হাতে নেই, কিন্তু অভিজ্ঞতা আছে বেশীর ভাগ মাননীয় সদস্যদের যে কিছু কিছু জমি আবার নূতন খণ্ড খতিয়ান খুলে জোতদার এবং জমিদারদের হাতে তুলে দেওয়া হচ্ছে। প্রত্যেকটি ল্যাণ্ড সার্কেলে খুঁজলে এই নজীর পাওয়া যাবে। পাঁশকুড়ার রঘুনাথবাড়ী সার্কেলে অতি সম্প্রতি এই ধরণের ২টি ঘটনা ঘটেছে। একটি ঘটনা ঘটেছে একজন জোতদার প্রতাপ শঙ্কর জানার বেলায়। তিনি ১৮ বছর ধরে এই জমি নিজে ভোগ করার চেষ্টা করেছেন যদিও তা সরকারে ন্যস্ত হয়েছিল। হঠাৎ এই বছর দেখা গেল যে তার নামে একখণ্ড খতিয়ান হয়ে গেছে। তিনি সেই জমি আবার ফিরে পেয়েছেন। আর একটি ঘটনা ঘটেছে হরিসাধন পাহাড়ী নামে জনৈক জমিদারের তার বেনামদার যমুনা দাসের বেলায়। যেখানে ৯ একর ৩৩ শতক জমি যা ১৮ বছরের মধ্যে ন্যস্ত হয়েছিল সেই জমি খণ্ড খতিয়ান করে জমিদারের বেনামদারের হাতে তুলে দেওয়া হয়েছে। এটা ইতিমধ্যেই হতে আরম্ভ করেছে, এই অভিজ্ঞতা অন্যান্য এলাকাতেও আছে বলে আমার বিশ্বাস। এটা হচ্ছে এই কারণে, যে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সরকার কংগ্রেস সরকার—এই সরকার প্রতিষ্ঠিত হবার ফলে গ্রামের জোতদার এবং জমিদারদের মধ্যে এই ধারণা সৃষ্টি হয়েছে যে আবার তারা কংগ্রেসের পুরাণো আমলের সরকার পেয়েছেন। সুতরাং এখন এটা আর বরদাস্ত করা হবে না। সুতরাং আইনের শাসনের নামে আবার সেই জোতদার, জমিদাররা তাদের ন্যস্ত হওয়া জমি ফিরিয়ে নেবার জন্য অন্যায়ভাবে চাপ সৃষ্টি করছেন, পুলিশ তাদের পক্ষে কাজ করছে, প্রশাসনযন্ত্র তাদের পক্ষে কাজ করছে এবং সরকার এই ব্যাপারে খানিকটা উদাসীন থাকছেন।

[4-20—4-30 p.m.]

বর্গাদার প্রসঙ্গে যদি আসা যায় তাহলে দেখা যাবে যে আমাদের পশ্চিমবাংলায় এক কোটি ৩৫ লক্ষ একর জমির মধ্যে ধান চাষের জমি এক কোটি ১৫ লক্ষ একর। তার মধ্যে Board of Revenuer জনৈক সদস্য S. K. Sen-এর মতে ৩৪ লক্ষ একর জমি বর্গা প্রথায় চাষ হয়। যদিও পরিকল্পনা কমিশনারের পক্ষে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের S. K. Bhattacharyya এবং S. K. Basu যে তদন্ত কমিশন বসিয়ছিলেন তাতে তারা বললেন যে, ৫১ লক্ষ ৭৫ হাজার একর জমি বর্গা প্রথায় চাষ হয়। তথ্যে দেখা গেছে যে এখনও পর্যন্ত প্রায় ৮ লক্ষ লোক বর্গায় record করতে সক্ষম হয়েছে। যোজনা কমিশনের Research Commiteer মতে এটা হলো মোট বর্গাদারের সংখ্যার এক চতুর্থাংশ মাত্র। অর্থাৎ তিনি মনে করেন অর্থাৎ এই Commission মনে করেন যে পশ্চিম-বাংলায় ৩০/৩২ লক্ষ বর্গাদার রয়েছে। সুতরাং এই বর্গাদাররা যারা record করাতে পারেনি তারা নানারকমভাবে নানা কায়দায় এখন উচ্ছেদের সম্মুখীন হচ্ছে। মালিকরা নূতন করে উচ্ছেদের

পরিকল্পনা নিচ্ছে। তাদের প্রথম পরিকল্পনা হল বর্গাদারের বিরুদ্ধে পুলিশকে দিয়ে মিথ্যা কেস করে হাজতে আটকে রেখে সেই জমিতে নিজে দখলে চলে যাওয়া এবং আর একটি চক্রান্ত হলো যে কোন দিন সেই জমিতে চাষ করেনি সেই রকম লোককে বর্গাদার সাজিয়ে তাকে দিয়ে বর্গাদার উচ্ছেদ করা। আইনে বর্গাদারদের অধিকার সম্পর্কে যতই বলা থাকুক না কেন, বর্গাদারদের স্বার্থ রক্ষিত হয়েছে বলে যতই দাবী করা হোকনা কেন, ব্যাপকভাবে পশ্চিমবাংলায় সর্বত্র যে বর্গাদাররা উচ্ছেদ হচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নাই। এটা শুধু আমার কথা নয়, এটা যে শুধু আমি বলছি তা নয়, এটা বিধান সভায় কয়েকদিন আগে একাধিক কংগ্রেস সদস্য বর্গাদারদের উচ্ছেদের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে বক্তৃতা দিয়েছেন। অনেকে এমন কথাও বলেছেন যে, বর্গাদাররা কোন সাহায্য পাচ্ছেন না। তারা কংগ্রেসের অফিসে আশ্রয় গ্রহণ করছে। তাদের বাঁচানোর কোন উপায় নেই। সুতরাং বর্গাদারদের এই আইনে রক্ষা করতে পারবেন না। যারা record করাতে পারেনি তাদের record করার ব্যাপারে জেলা শাসককে নির্দেশ দেওয়া হয়েছে। জেলা শাসক এই নির্দেশ তো আজ পাননি। কিছুদিন আগে থেকে settlement officeএ ৪৪/২( ক ) ধারা অনুযায়ী বর্গাদারদের নামে recordএর ব্যবস্থা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে সেখানে বর্গাদাররা record করাতে পারছে না। এমন এক পদ্ধতি যার ফলে সাধারণ বর্গাদার, দুস্থ বর্গাদার তাদের পক্ষে দিন দিন সেখানে হাজির হয়ে বর্গার record করানো সম্ভব হচ্ছে না। সুতরাং আমরা মনে করি বেশীর ভাগ বর্গাদারদের এই ব্যবস্থায় record করান সম্ভবপর হবে না। সুতরাং এই যে অবস্থা চলছে এই অবস্থার প্রতিকার যদি করা সম্ভব না হয় তাহলে যুক্তফ্রন্ট আমলের সমালোচনা করে কিম্বা কৃষক আন্দোলনের বাড়াবাড়ির সমালোচনা করে আসল উদ্দেশ্য গুলিয়ে ফেলা হবে। সেজন্য আমি মাননীয় মন্ত্রীমহোদয়কে অনুরোধ করবো যে তিনি যেন এবিষয়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবার জন্য সচেষ্ট হন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের বিভাগীয় মন্ত্রী এবং ভূমি সদ্ব্যবহার বিভাগের মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেই ব্যয় বরাদ্দের দাবীকে সমর্থন করি। সমর্থন করে মোটামুটি এই বিধান সভায় আলোচনা করে দেখা গেছে যদি একটু উত্তপ্ত আলোচনা হয় তাহলে Treasuay Benah-এর কেউ কেউ এতে প্রতিক্রিয়াশীল প্রতিভু বলে ভয় দেখান। আবার যদি বিধান সভায় আলোচনা নিরুত্তাপ হয় তাহলে আনন্দ উল্লাসে উল্লসিত হয়। তাই বেশী উত্তপ্ত না হওয়াই ভাল। নাতিশিতোষ্ণ থাকাই ভাল। বেশী উত্তপ্ত না হয়ে যাতে বিধানসভা জিয়ন্ত থাকে সেই রকম আলোচনা করাই ভাল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটার পর একটা এই বিভাগীয় দপ্তরের কতকগুলি বিষয়ের প্রতি গঠনমূলক দৃষ্টান্ত দিতে চাই। আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই এই যে টাকা আপনার দপ্তর থেকে বরাদ্দ আকারে ধরা হচ্ছে, এর নিশ্চয়ই সদ্ব্যবহার করবেন। ধরা যাক আপনি বললেন ১৯৫৩ সালে Land Reforms আইন পাশ হবার পর আমরা তো জানি ১৯৫৪ সালে একবার settlement হলো। সেই settlement-এ কিন্তু পশ্চিমবাংলার মানুষের দেয় টাকার প্রায় ৫০ কোটি টাকা খরচ হয়েছে। আজকে ১৮ বছর গেল, আবার আরম্ভ করলেন আজকে নুতন settlement. পশ্চিমবঙ্গের এই যে ভূমি এবং ভূমিরাজস্ব দপ্তর, আসলে কি, ভূমি সংস্কার বিষয়ক যে সমস্যা, যে ত্রুটি এবং যে বিচ্যুতি তাকে আপনার প্রসাশনিক দপ্তর চান। মূলতঃ এদিকে নজর দিয়ে আপনাকে কাজে নাবতে হবে। আমি কিন্তু খুব স্পষ্ট কথা বলতে চাই যে, এই দপ্তর এত ভয়ানক চালাক, এবং চতুর যে এই দপ্তর থেকে সমস্যা সমাধানের নামে সমস্যা যাতে আরও দারুণভাবে ফুটে ওঠে তার জন্যই নানারকমভাবে ছলে বলে কৌশলে, বিভিন্ন প্রকারে আপনার দপ্তর বিভিন্ন আইন প্রণয়ন করছেন।

settlement আইনের কথাই ধরা যাক। আপনারা যে কথা বলেছেন, যদিও আমি আপনার সঙ্গে একমত নই, আমি পূর্ব থেকেই বলেছিলাম যে আপনি পশ্চিমবাংলায় পাঁচটি জেলায় settlement আনলেন, এই পাঁচটি জেলায় settlement আনতে গিয়ে আপনার প্রায় এক কোটি টাকার মত ব্যয় হলো। এই এক কোটি টাকা ব্যয়ের মধ্যে হিসাব করলে দেখা যায় একটু আধটু এদিক ওদিক হতে পারে, তাতে আমাদের সরকারী কর্মচারীদের ব্যয় বাবদ মোটের উপর প্রায় হবে ৮ কোটি টাকার মত। এই যে ৮ কোটি টাকা আমরা সরকারী কর্মচারীদের জন্য ব্যয় করবো fruitful result আমাদের কিরকম হবে। আপনি আজকে পরিবার ভিত্তিক ceiling-এর ব্যবস্থা সত্য সত্য বাস্তবে রূপায়ণের চেষ্টা করছেন এবং আপনি আজকে বর্গা চাষীদের স্বার্থ সংরক্ষণের জন্য একটা বিরাট উদ্দেশ্য নিয়ে বোধ হয় settlement আনতে চাইছেন। বড় বড় চাষীদের কাছ থেকে জমি ধরবেন, এটাই অন্যতম আইন। কিন্তু আজকে আপনি কি আমাকে বুঝিয়ে দিতে পারেন যে পাঁচটি জেলায় settlement এর জন্য ইতিপূর্বে একবার বিধান সভায় বলেছেন যদি সমস্ত পশ্চিমবাংলার জন্য settlement করতে যাওয়া যায় তাহলে প্রায় ৪০ কোটি টাকা ব্যয় হবে, যদিও আমি এই ব্যয় বরাদ্দ সম্বন্ধে একমত নই, কেননা এই ৪০ কোটি টাকা ব্যয় হবে না। officerদের T. A., D. A. rent, তারপর মাইনে ভাতা প্রভৃতি নানারকম ভাবে একটি cumbrussed position-এ এমনভাবে দেখানো হয়ে থাকে যাতে করে আমার মনে হয় যে ৩০ কোটি টাকার বেশী খরচ হতে পারে না। যেখানে আমি ১১ কোটি টাকা খরচ করলাম, সেন্ট্রাল গভর্ণমেন্টের দেওয়া এক কোটি টাকা আপনি বোধ হয় আগে থেকে পেয়েছেন এবং যদি নাও পেয়ে থাকেন তাহলেও ১১ কোটি টাকা ব্যয় করছেন। আমি আশা করেছিলাম এটা জাতীয় স্বার্থের দিকে তাকিয়ে সমস্ত পশ্চিমবাংলাতে এক সঙ্গে settlement এর কাজ আরম্ভ হবে, তা না করে পাঁচটি জেলা বেছে নিলেন। পশ্চিম দিনাজপুরের ইসলামপুর sub-division বাদ দিয়েছেন, এটা খুব বিতর্কিত বিষয়, বাদ দেওয়া বোধ হয় সমিচীন হয়েছে, ওর settlement আলাদাভাবে হবার প্রয়োজন আছে। কিন্তু আপনি আমাকে একটা বুঝিয়ে বলুন যে এই settlement কার্য সমস্ত পশ্চিমবাংলায় চালাতে গেলে যে সংখ্যক কর্মচারী দরকার। আজকে নূতন কর্মের সন্ধানের কথা বলেছেন, কানুনগো, charge officer, peon, chairman, কিন্তু আজকে ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের অধীনে প্রায় ৫ হাজারটি vacancy আছে এবং আরও ৫ হাজার চাকুরীর সন্ধান পাওয়া যেতে পারে। আমরা যদি টাকার সদ্ব্যবহার করতে চাই, তখন আপনি পাঁচটি জেলাতে করলেন, বাকী জেলা ছেড়ে দিলেন, আমি যদি যুক্তিস্বরূপ ধরে নিই, একটি জেলা পুরুলিয়া কিংবা মুর্শিদাবাদ ধরলেন। মুর্শিদাবাদের একজন চাষীর জমি settlement করতে লাগলেন, তার জমি ২৪-পরগণাতে আছে, নদীয়াতে আছে, যখন ওখানে settlement করতে লাগলেন, তখন settlement করতে করতে দেখা গেল, আপনি তো বলেছেন ৫ বছরের মধ্যে settlement এর কাজ শেষ হবে, আমি বিশ্বাস করি না যে পাঁচ বছরের মধ্যে হবে। litigation এমনই আকারে বাড়বে যে পাঁচটি জেলার settlement করতে আপনি ২০ থেকে ২২ বছরের আগে পারবেন না।

[4-30—4-40 p.m.]

সেটেলমেন্ট করতে যদি না পারেন তাহলে আর বাকি ১১টি জেলায় যেটা বাকি রয়েছে সেটা করতে পারবেন বলে আমি মনে করতে পারছি না। তাই আমি এইটা লে-ম্যানস ওপিনিয়ন, আমাদের অনুমান হিসাবে আমি বলতে চাই স্টিল্ড ওয়েতে আপনার দপ্তর এমন ভাবে পরিচালনা করছে যাতে ৩২ বছর ধরে লিটিগেশন আরও বেশী হচ্ছে এবং প্রতিটি লিটিগেণ্ট জোতদার তারা তাতে আরও বেশী সুযোগ পাচ্ছে এবং সেই সুযোগের মাধ্যমে তারা প্রতিটি জেলায় যাতে তাদের

[সু]যোগটা কুক্ষিগত করতে পারে তার সুযোগ করে দিচ্ছে। আমি জানি যে সমস্ত জোতদার মেদিনীপুর [এ]লাকায় বাস করে তাদের জমি এই ২৪-পরগণা জেলার নিম্ন অঞ্চলে বা সমুদ্র অঞ্চলে আছে। [মে]দিনীপুর জেলার জমি যদি আলাদা করে ধরেন তাহলে ২৪-পরগণার স্ট্যাটিসটিক্স এবং ডাটা এক সঙ্গে [পা]বেন পারেন না। আমি বলছিলাম জোতদার এবং জমিদার যারা আছে তারা অত্যন্ত স্কিল্ড। [আ]পনার যে সমস্ত সেক্রেটারী আছে তারা কেবল স্কিল্ড আর জমিদার জোতদার তাদের যে সমস্ত [মা]মলা আছে তারা আন স্কিল্ড এইটা মনে রাখলে চলবে না। তারা এত স্কিল্ড যে তারা অত্যন্ত চতুর ভাবে জমি লুকিয়ে রাখে। তাই আমি বলতে চাইছি যে দয়া করে আপনার সেটেলমেণ্ট এর [বি]ভিন্ন দিকগুলি পুনর্বিবেচনা করুন এবং করে সমস্ত পশ্চিম বাংলায় সম্প্রসারিত করুন এবং প্রসারিত করে এইটা বর্তমানে করুন যেন আমলারাই একমাত্র বিচার বিবেচনা করে এই সেটেলমেণ্ট [ব্য]বস্থাকে দীর্ঘ থেকে দীর্ঘকায় করবার যে অপচেষ্টা সেই অপচেষ্টা বন্ধ করে প্রতি জেলায় সেটেলমেণ্ট [ক]রবার চেষ্টা করুন। আপনি খুব ভাল কথা বলেছেন, ৯ বিঘা পর্যান্ত খাজনা ছাড়ের কথা বলেছেন। [কি]ন্তু আপনি এবং আপনার দপ্তর বলতে পারবেন কি যে কত পরিবার ৯ বিঘা জমির মালিক? বলতে [পা]রবেন না। কার উপর নির্ভর করবে, আপনি যে নির্দেশ দিচ্ছেন তার উপর, না ঐ তহশিলদারের [উ]পর যারা দীর্ঘদিন ধরে এই চেষ্টাকে নষ্ট করে দিচ্ছে। যারা একটা জমির তদন্ত করবে লাইসেন্সিদের [সে]টাও তারা বহুদিন করে না। তাদের উপর ছেড়ে দিয়েছেন, চাষীর খাজনা ৯ বিঘা মুকুব করবেন। [ক]ান চাষী কি আগে এগিয়ে এসে বলবে যে আমি ৯ বিঘার মালিক? আমি বলছি কয়েক জন [ঠা]কুর চাষী ছাড়া আর কেউ বলবে না। সার্টেন পারসেণ্টেজ চাষী ছাড়া আর কেউ বলবে না। [যা]র স্কিল্ড চাষী যারা, যারা পয়সা খরচ করতে পারে তারা ঘুরিয়ে ঘাড় দেখিয়ে দেবে। আমি [আ]পনাকে রেকমেণ্ড করব যে আপনি এই ব্যাপারটা শুধু রেভিনিউ অফিসার বা এ. ডি. এম. এর [দ]দের উপর ছেড়ে দেবেন না। আপনি ৯ বিঘা জমির খাজনা মুকুব করে দিয়েছেন, এবং বলেছেন [দা]ন কোন জমির করবেন, খুব ভাল কথা। কিন্তু আজকে তাকিয়ে দেখুন ভাগচাষীদের দিকে যে ভাগ-[চা]ষীদের জন্য আজকে আইন এনেছেন। আমাদের মাননীয় বন্ধু আমাদের ঐ দিকের সদস্য যে কথা [ব]লেছেন, যুক্তফ্রণ্টের আমলে জমি বণ্টন নীতির প্রতি কটাক্ষ করেছেন যে পুলিশকে আটকে রেখে [তা]রা এই সমস্ত করেছিল। আমি কিন্তু একটা কথা বুঝতে পারছি না যে, পুলিশকে আবার ছেড়ে [দে]ওয়া হবে বলগাহীনভাবে। এই পুলিশকে ছেড়ে দেওয়া যায় না, কিন্তু তবুও ভাগচাষীর যে ভুমির [স]মস্যা সেই সমস্যার সমাধান করতে হবে। এইটা করা কিভাবে হবে, না পিপিলস কো-অপারেশনের [মা]ধ্যমে এবং সেই পিপিলস কো-অপারেশন পেতে হলে সেই চাষীদের সংগঠনগুলিকে সক্রিয় হবার [সু]যোগ দিতে হবে। আমি আর একটা ঘটনার কথা বলব, মেনশন করেছিলাম আপনি প্রসিডিংসে [পা]বেন যে এসটেট একুইজিশনে মেদিনীপুর জেলায়, অনিল দাস এবং অনিল ভট্টাচার্য্য তারা এবং [আ]রও ২০ জন এসটেট একুইজিশন দপ্তরের কর্মচারী যারা জমি বিতরণ করবেন তারাই সরকারের [খা]স জমি নিয়ে রেখেছেন। তারা কি ভূমিহীন কৃষক না কৃষক পরিবারের লোক?

আজ যদি এ অবস্থা হয় তাহলে বর্গাচাষীর দিকে একবার তাকিয়ে দেখুন। একটার পর একটা [at]tention হচ্ছে telegram আসছে যা আপনার কাছে দিচ্ছি—Calling attention দিচ্ছি, কিন্তু [কি]ছুই হচ্ছে না। বর্গাচাষী helpless; বর্গাচাষীকে মারবার জন্য জোতদারদের কাছ থেকে পয়সা নিয়ে [কি]ছু সংখ্যক পুলিশ—জানিনা যুক্তফ্রণ্টের আমলে জ্যোতিবাবুর পুলিশ কিনা, গিয়া জোতদারদের [b]ack করছে। সেই পুলিশ দপ্তরের সঙ্গে আপনি বসুন। এটা আমার suggestion। ২৪-পরগণা [জে]লায় যখন এ-জিনিস ভয়াবহ আকারে দেখা দিয়েছে, তখন ২৪-পরগণার প্রতিটি M.L.A. এবং [পু]লিশ কর্তৃপক্ষকে নিয়ে বসে আলোচনা করে দেখুন কি করা যায়। আজ M.L.A.দের আপনি

কোন মর্য্যাদা দেবেন না। ওঁরা যা বলবেন তাই ঠিক। আপনি বলবেন specific দিন। দং যা দেবে সেটাই সব specific? আপনি যেমন মন্ত্রীসভার একজন দায়িত্বশীল সভ্য আমরাও তাই আমরা এখানে কোন অসত্য কথা বলার জন্য আসিনি। আমরা এখানে যে সমালোচনা করি তা আমরা সেটা গঠনমূলক মনোভাব নিয়েই করি। আমরা সরকারকে জনসাধারণের কাছে হেয় করার জ কিছু করিনা। তাই আমার suggestion হচ্ছে ২৪-পরগণার সমস্ত M.L.A.দের নিয়ে বসে সম সমাধান করার চেষ্টা করুন। তারপর আপনি ভেড়ীর মালিকানা সম্বন্ধে বলেছেন। আপনি বলে ভেড়ী area fishery আইনে আছে। আমাদের Constitution সংশোধন করে অনেক কিছু কা করা যায়। আমাদের বাংলাদেশে এই আইন সংশোধন করে তাদের কি শায়েস্তা করা যায় না তাহলে ক্যানেলের ধার দিয়া দেখুন কিরকম অবস্থা? যে ব্রীজ দিচ্ছে বহুদূর থেকে সুয়েজ ক্যানেলে ব্রীজ যদি ভেঙে চুরমার করে দেওয়া যায় তাহলে এখান থেকে ঐ ভেড়ীগুলিকে বিজ্ঞান সম্মত উপা না হোক বিধিসম্মত উপায়ে আইনে নিশ্চয় আনতে পারেন। এখানে একটা কথা compensatio সম্বন্ধে। compensation-এর প্রশ্নে যারা আগেকার intermediary ছিল, যারা প্রজা ছিল, কোফ ও এক-শালা বন্দোবস্ত ছিল তাদের যদি compensation এর টাকা দিতে হয় তাহলে নিশ্চয় দেবেন কিন্তু যে সমস্ত vested properties, যারা বেশী জমি রেখেছিল, আজ তাদের compensation দেবা ব্যবস্থা কোন বিশেষ জরুরী নয়। Constitution সংশোধন করে জনসাধারণের স্বার্থের জন্য আম যে কোন পরিমাণ টাকা তাদের দিতে পারি। একটা lump সাম দিতে পারেন। কিন্তু তা না কে ক্ষতিপূরণের জন্য ৪ কোটি টাকা আছে। বিধানসভার সভ্যদের আপনি বলেছিলেন যে একট Comprehensive Bill আনবেন। খাজনা ২ গুণ, ৩ গুণ, করার জন্য কি ঐ ধরণের বিল আনলে কিনা তা বুঝতে পারছি না। আপনি বলেছিলেন যে সহানুভূতিসূচক মন নিয়ে আপনি একট Comprehensive Bill আনবেন। কিন্তু এমন Comprehensive Bill আনলেন যাতে non irrigated area ২ গুণ এবং irrigated area তে ৩ গুণ খাজনা বৃদ্ধি করলেন। আমরা সে সম সমালোচনা করেছিলাম। ৪ কোটি টাকা আদায় করবেন—যেখানে ৬ কোটি টাকা revenue আদায় সেখানে ২/৩ গুণ খাজনা করলে কি ক'রে ৪ কোটি টাকা বাড়তি হয়? অর্থাৎ ২ গু করলে ১২ কোটি হয় এবং ৩ গুণ করলে ১৮ কোটি টাকা হয়। আপনি ধরে নিচ্ছেন ৬ কোটি টাক থেকে ১২ কোটি টাকা; আপনি সেই ভাবে বরাদ্দ বৃদ্ধি করেছেন।

[4-40—4-50 p.m.]

আপনার দপ্তর এ তো ব্যর্থ দপ্তর, যে টাকা থাকে সেই টাকা আদায় করতে না পেরে ঐ টাকা তলার দিকে রেখে দিয়ে আপনাকে দেখিয়ে দেয়। জয়নাল আবেদীন সাহেব বলেছিলেন ২ বিঘা জমির খাজনা মকুব করে ১ কোটি ৭০ লক্ষ টাকা মকুব করে দিয়েছেন। এই মকুবের অর্থ বাদ দিয়ে এই বাজেট, না, মকুব ধরে নিয়ে বাজেট করেছেন? ল্যাণ্ড ডিষ্ট্রিবিউশনের ব্যাপারে যদি আমি একটা কথা বলি তাহলে নিশ্চয়ই আপনি সেটা মানবেন। ল্যাণ্ড ডিস্ট্রীবিউসানের ক্ষেত্রে এত গলদ। কালকে একটা বিল পাশ করিয়ে নিলেন অতীত কালে যদি জমি বিতরণ হয়ে থাকে তাহলে ক্যানসেল করে নতুনভাবে বিতরণ করবেন। এই ল্যাণ্ড ডিষ্ট্রিবিউসানের ক্ষেত্রে আপনার তহশীলদার, জে, এল, আর, ও, যেভাবে কাজ করবার চেষ্টা করছে তাতে আমি বলছি যে রক্ষক সেই ভক্ষক। পিপলস কো-অপারেশান বাদ দিয়ে জে, এল, আর, ও. কথা বলছেন। জমি কার কত, ফ্যামিলি লিমিট ইত্যাদি দেখিয়ে দেবার এত বড় দায়িত্ব কার উপর ছেড়ে দিচ্ছেন, না, ঐ তহশীলদারদের উপর, যারা কুখ্যাত, যাদের নাম শুনলে মানুষ এক লাফ দিয়ে ২০ হাত দূরে সরে যায়, যারা টাকা ছাড়া কথা

বলতে শেখেনি। আজকে তাদের উপর চাষীদের ভাগ্য নিয়ন্ত্রণের ভার ছেড়ে দিচ্ছেন। আমার মনে হয় এটা ঠিক হচ্ছে না। এ সম্বন্ধে আপনি ভেবে দেখুন। আপনি অস্ত্র মেসিনারী সেট আপ করুন, যার জন্য প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা অসংখ্য লোকের আশীর্বাদ পাবেন সেই দিকে লক্ষ্য দিন, লক্ষ্য দিয়ে কাজের দিকে এগিয়ে চলুন। আমি আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে আপনি বর্গা চাষীদের সম্বন্ধে যে কথা বললেন তাতে অনেকে বললেন আবার কি জোতদারদের পক্ষ অবলম্বন করলেন। আমি তা বলছি না, কিন্তু বর্গা চাষীর একটা সীমা থাকবে কি থাকবে না সেটা জানতে চাই। বর্গা চাষী যদি ২শো বিঘা বর্গা চাষ করে তাহলেও আপনি বলবেন সেটা বর্গা চাষী? আইনে কত আছে? আমার ১৫ বিঘা, আর একজনের ১৫ বিঘা, আর এক জনের ১৫ বিঘা এই সব জমি নিয়ে একজন বর্গা চাষী চাষ করে, তারজন্য কি আইন আছে? বর্গা চাষীর জন্য একটা সীমারেখা থাকার দরকার আছে। আর একটা কথা আমি বার বার উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে আপনার প্রশাসন দপ্তরের যারা উপর তলায় রয়েছে তারা সঠিক পথে ভূমি সংস্কার আইনকে রূপায়িত করতে পারবে না। ল্যাণ্ড এ্যালাইনেমান বোধ হয় এই সেসানে আসছে না। এজন্য আমরা বার বার অনুরোধ করছি ল্যাণ্ড এ্যালাইনেমান আইন নিয়ে আসা উচিত। গরীব দুস্থ চাষী বাধ্য হয়ে দলিল রেখে জমি বিক্রী করে এবং যে জমি কিনছে তার লাভ বেশী। সে ২ শো টাকা দিয়ে জমি কিনল, কিনে দলিলে লিখিয়ে দিল ২ হাজার টাকা এবং তার উপর আরো শতকরা ১০ টাকা। আমি ২ শো টাকা দিয়ে কিনলাম, কিনে কিছুদিন ভোগ করলাম এবং ফিরিয়ে দেবার সময় আবার ২ হাজার ২ শো টাকা পেয়ে গেলাম। এটা একটা ফার্স্ট ক্লাস ব্যবসা। এই ফার্স্ট ক্লাস ব্যবসা প্রথা মেনে নেবেন না। এটা কোর্ট ফিজ এ্যাক্টে যে মূল্য আছে সেই মূল্যমানের উপর নির্ভর করে যে রেভিনিউ অফিসারের উপর ভার দেবেন তাঁরা যেন সেই মূল্যমান ঠিক করে দেন। আশা করি আমার এই কথাগুলি মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করে জনসাধারণের দিক একটু লক্ষ্য করুন এবং আমলাতন্ত্রের হাত থেকে নিজেকে মুক্ত করুন। আমার বক্তৃতা নিরুত্তাপ বলুন, আর উত্তাপই বলুন আর নাতিশীতোষ্ণই বলুন, এগুলি একটু চিন্তা করে দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়রাম সোরেন ঃ** মাননীয় স্পীকার মহাশয়, বিভাগীয় মন্ত্রী যে প্রস্তাব এখানে উপস্থাপিত করেছেন আমি সেটা সমর্থন করে আমার কয়েকটি কথা আপনার মাধ্যমে এখানে বলতে চাই। মন্ত্রী মহাশয় বলেছেন, সেচ এলাকায় ১২ একর অথবা ৩০ শতাংশ এবং অসেচ এলাকায় শতকরা ৫ শতাংশ এই পরিবারভুক্ত জমি রেখে সব জমি গভর্ণমেন্টের খাসে নিয়ে আসবে। আমি জানি যে এই জমিকে সঠিক ভাবে নির্ধারণ করতে হলে আপনাদের যে কৃষক সংগঠন এবং পঞ্চায়েতী সংগঠন এবং গ্রাম বাংলার সমস্ত বিভিন্ন লোকের নিজ নিজ এলাকায় মতামত নিয়ে জমি ধরা হয় এবং ঠিকভাবে যদি ঐ জমি ধরতে পারেন তাহলে খাসে আনতে পারবেন। তা না হলে জমিকে জোতদার এবং জমিদাররা লুকিয়ে রাখবে, কারণ তারা অত্যন্ত বেশী সচেতন এবং বুদ্ধিমান। তাই আমি উঁদের কাছে মাননীয় স্পীকারের মাধ্যমে বলতে চাই যে, আদিবাসী এবং তফশিলী ভুক্ত যারা তারা শিক্ষিত নয় এবং অনুন্নত এবং তাদের অবস্থাও অত্যন্ত শোচনীয়। তারা অত্যন্ত নিরীহ এবং তারা জোতদার এবং জমিদারের সঙ্গে ঠিকভাবে লড়াই করতে পারে না। তাদের খাস জমিতে তারা চাষ করতে পারে না, কারণ জোতদার এবং জমিদারের সঙ্গে তারা এঁটে উঠতে পারে না। অতএব গভর্ণমেন্টের এ বিষয়ে সজাগ থাকতে হবে। এই বর্গাদারদের এবং নিরীহ কৃষকদের মধ্যে যুক্তফ্রন্টের আমলে হতাশা দেখা দিয়েছিল, কিন্তু প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা আবার তাদের সাহস ফিরিয়ে দিয়েছে। আজকে গরীব চাষী, ভাগচাষীরা তারা অনেকে রেকর্ড করাতে পারেনি, যার ফলে তারা

জমি থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে এবং খাস জমি যুক্তফ্রন্টের আমলে বা তারা আগের আমলের গরি চাষীদের মধ্যে বিলি বন্দোবস্ত করা হয়েছে, কিন্তু গরীব চাষীরা জমিদার বা জোতদারদের সঙ্গে পে উঠতে পারছেনা। অতএব সে জমি তারা দখল করে উঠতে পারছে না। আমি বলবো এ সম্প সরকারের সজাগ থাকা উচিত এবং গভর্ণমেণ্ট মেশিনারী যেন জোতদার বা জমিদারদের পক্ষ অবল না করেন। পুলিশ যেন গরীব চাষীদের তফশিলীদের আদিবাসী ও অনুন্নত সম্প্রদায়ের কৃষক যারা জ পেয়েছে তাদের পক্ষে দাঁড়ায় এটাই আমরা আশা করবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউ আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে, জমিকে নির্ধারণ করতে হবে সঠিকভাবে এবং ঠিক মতো হিস নিতে হবে তবেই কৃষকরা জমি পাবে। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, পাঁচটি জেলায় সেটেলমেন্টে কাজ আরম্ভ হয়েছে। কিন্তু ৫টি জেলায় সেটেলমেণ্ট করতে গেলে অন্য ডিস্ট্রীক্ট-এর লোক সজা হয়ে যাবে এবং তারা এমনভাবে জমি লুকিয়ে রাখবেন যে আপনারা কিছুই বুঝতে পারবে না। সেইজন্য আমি চাই যে একসঙ্গে সমস্ত পশ্চিবঙ্গে যাতে সেটেলমেণ্ট হয় সেই দিে মাননীয় মন্ত্রীমহাশয় যেন দৃষ্টি দেন।

[4-50—5-00 p.m.]

কারণ এই জোতদার জমিদাররা এক টুকরো জমিও ছাড়তে রাজী নয়। এর কারণ তা জানে যে এই জমি খাস হয়ে গেলেও সেই জমি দখল করে খেতে পারবে। আমাদের জানা আছে ে জমি খাস হয়ে গিয়েছে তবুও কিন্তু তারা সেখানে চাষ করে ধান তুলে নিচ্ছে। বহু জমি খাস হ গিয়েছে তবুও গভর্ণমেণ্টের নির্দেশ যায়নি, ফলে তারা ওখানে চাষ করছে এবং সেই জমি ছেড়ে দিচ্ছে না। যুক্তফ্রন্ট সরকারের সময় পুলিশ নিয়ে জনসাধারণের পাশে গিয়ে দাঁড়িয়েছিল। এখন যদি সে ভাবে সাহায্য করেন তাহলে লোকে জানতে পারবে এবং গরীবরা সেই জমি চাষ করতে পারবে আমাদের প্রগতিশীল মোর্চার যে ১৭ দফা কার্যসূচী আছে সেই কার্যসূচীও মেক আ করবেন। তাই আমার বক্তব্য ১৭ দফা কার্যসূচীর মধ্যে দিয়ে ভূমি দিতে হবে। সেখান বর্গাদার এবং যাদের জমি নেই তাদের খাস জমি দিতে হবে এবং তাহলেই এই ১৭ দফ কার্যসূচী কার্যকর হবে। তাই আমার বক্তব্য আপনারা নির্দেশ দেবেন সমস্ত জায়গায়, সারা পশ্চিমবংগে, ঐ ৫টি জেলায় না করে একসঙ্গে সমস্ত জমি উদ্ধার করে এই গরীব আদিবাসীদের মধ্যে দিলে জনসাধারণের খাদ্যের অভাব দূর করতে পারবেন। আমরা যে ১৭ দফা কর্মসূচী নিয়ে এসেছি তার রূপ দিতে পারবো। এই দাবী কার্যকর করার জন্য অতি দ্রুত গতিতে এগিয়ে যেতে হবে যাতে আগামী দিনে এই কাজকে রূপ দিতে পারি। এই বলে আমার বক্তব্য শে করছি।

**Mr. Speaker** : Honourable Members, there are four cut motions o Grant. No. 2. Out of these, the honourable Member Shri Sarat Chandra Da has informed me in writing that he is not going to move his cut motion bu regarding cut motions of Shri Puranjoy Pramanik, I have not received an communication whether he is going to move his cut motions or I do not know whether any other honourable Member has been authorised to speak anythin on his behalf.

**Shri Sukumar Bandyopadhyay** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীপুরঞ্জয় প্রামানি আমাকে অনুরোধ করেছেন তিনি যে কাট মোশনগুলি দিয়েছেন তা প্রত্যাহার করে নেবা জন্য।

**Mr. Speaker** : Then no cut motion is going to be moved. So there is no cut motion on Grant No. 2. Now I call upon Shri Sudhir Chandra Das to speak.

**শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমার বন্ধু বারির অম্ল মধুর বক্তৃতার পর আমি বেশী বলবোনা, আমি কয়েকটি কথা বলবো মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার জন্য। এখানে যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেটে অবশ্য আছে যে বন্যা বিধ্বস্ত এলাকাগুলিতে খাজনা কিছু মুকুব হবে এবং সরকারী রিপোর্টে আছে যে ৮ লক্ষ একর জমির ধান নষ্ট হয়ে গিয়েছে, আমরা মনে করি আরো বেশী ; প্রায় ৬০ পার্সেণ্ট ধান নষ্ট হলে সেখানে খাজনা মুকুব করা হবে এবং বাংলাদেশের অনেক জেলায় বিভিন্ন এলাকায় এই রকম করে নষ্ট হয়েছে। সেই বন্যা বিধ্বস্ত এলাকায় কত টাকা যাবে সেই আভাস আমরা পাচ্ছি না। এটা খুবই জরুরী প্রশ্ন। যেখানে একেবারেই ধান হয়নি খরা বা বন্যার জন্য, যেটা সরকারের রিপোর্টে স্বীকৃত, সেখানে খাজনা মুকুব করতে হবে। নিশ্চয়ই আমরা পাব বলে আশা করেছিলাম এবং আমি মনে করি মন্ত্রী মহাশয় নিশ্চয়ই আভাস দেবেন, তাঁর এই বাজেটের মধ্যে মুকুব বাবদ যে ব্যাপার সহজে জবাব দিতে পারবেন না। যখন সেদিন খাজনা বৃদ্ধির কথা হয়, আমি কিছু আপত্তি করেছিলাম। নীতিগতভাবে আপত্তি করেছিলাম, তাহলেও এই সময় করা উচিত নয়, কেননা এই সময় আমরা দেখতে পাচ্ছি নিম্ন মধ্যবিত্ত এবং ভাগচাষী সব একাকার যখন হয়ে গেছে ঠিক সেই সময় খাজনা বৃদ্ধি বিল পাশ করা হল, তা হলেও এই বিল চালু করা উচিত হবে না। এই অনুরোধই আমি রাখব। এখন পশ্চিমবঙ্গে খুব খারাপ অবস্থা চলেছে। বেশীরভাগ জিলাই বিধ্বস্ত হয়ে গেছে, হাহাকার চলেছে। এই অবস্থায় বিল পাশ করতে যাওয়া ঠিক হয়নি, যদিও পাশ করেছে যেন সেটা কার্যকরী করতে না যান অর্ডার ষ্টে করে রাখেন, বর্ধিত খাজনা যাতে চালু না হয় সেদিকে দৃষ্টি দিলে খুব খুশী হব।

আর একটা জিনিষ, খাজনা বৃদ্ধি সম্বন্ধে আমি একটা দৃষ্টিভঙ্গী নিয়ে কথা বলতে চাই। এই খাজনা বৃদ্ধি যে যুক্তির উপর দাঁড়িয়ে করা হয়েছে সেটা আর একটা দৃষ্টিভঙ্গী নিয়ে আমি দেখতে পাচ্ছি, যারা বেশী জমির মালিক আমি তাদের কথা বলছিনা, যারা ১০/১৫ কি ২০ বিঘা জমির মালিক, নিম্ন এবং মধ্যবিত্ত সেই জমির মালিক যারা ভূমির উপর নির্ভরশীল তাদের অবস্থার কথা ভাবা দরকার হচ্ছে খুব। তারা এই জমির আয়ের উপর থেকেই শিক্ষা, চিকিৎসা, সেস দিয়ে থাকে। এগ্রিকালচারাল ইন্‌কাম ট্যাক্স সম্বন্ধে সেদিনও বলেছিলাম আজও দৃষ্টি আকর্ষণ করছি। একটা অন্যায় জিনিষ রাখা হয়েছে, এই আইনের সংশোধন দরকার। যখন সিলিং করে দিলেন ১৫ আর ২৫ তখন আবার ৫০/৫০ ভাগ ট্যাক্স করার যে নীতি সেটা আমি অন্যায় বলে মনে করি। আমি জানি আমার এক বন্ধুর ১৯৬৭ সালে ৭ একর কি ১০ একর জমি ছিল, তার জমি ছিল, তার জমি নষ্ট হয়ে গেল বন্যায়। বি, ডি, ও লিখে দিলেন ধান হয়নি, তার উপর কিন্তু কোন কথা না বুঝে বা শুনে ৫০/৫০ ট্যাক্স করে দিল, এটা অন্যায় সামাজিক ন্যায় বিচারের দিক থেকেও। যেখানে ১৫/২৫ ভাগ করে দিলেন সেখানে আবার ৫০/৫০ ভাগ করে জুলুম করার কি মানে আছে, এই আইনের সংশোধন দরকার।

আর একটা জিনিষ জোরের সঙ্গে বলছি, চাষের সময় কিছু কিছু জায়গায় বিরোধিতা হবে, এই বিরোধিতা সম্পর্কে লক্ষ্য রেখে নিশ্চয়ই যেতে হবে। আমি জানি বণ্টন কমিটি বণ্টন করে দিলেও উৎখাত করে দেবার জন্য নানা রকম ফাঁকি দেবার চেষ্টা আমার এলেকায় হচ্ছে। সে বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার। একই সময়ে সেট্‌লমেন্ট করার যে কথা বারি সাহেব বলেছেন

আমি সমর্থন করছি, আমি এক সময়ে সেট্‌লমেণ্ট করার দাবী নিশ্চয়ই রাখব, আশা করি মন্ত্রী মহাশয় সেই উদ্যোগ রাখবেন। তিন একর খাজনার ব্যাপারে বারি সাহেব বললেন খুব বেশী, সত্যিই বেশী, এই তিন একর খাজনার ব্যাপার মকুবের ভার তহশীলদারদের উপর দিলে, সেখানে কারচুপী হতে পারে, গরীব লোকের খাজনা মকুব না হয়ে স্বার্থান্বেষী লোক ঘুষ দিয়ে খাজনা মকুব পেয়ে যাবে। এই অবস্থায় নিশ্চয়ই একটা কমিটি করে দেওয়া দরকার যাতে ফাঁকি দিয়ে কেউ বঞ্চিত করতে না পারে, এই রকম একটা মেশিনারী রাখবার জন্য দাবী রেখে আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

**শ্রীবিমল পাইকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী এনেছেন আমি তা সমর্থন করতে উঠেছি। জমিদারী আইন প্রবর্ত্তিত হয়েছিল ৫-৫-৫৩ তারিখে, ভূমি সংস্কার আইন হল '৫৬ সালে। আজ পর্য্যন্ত সঠিক সংখ্যা বলতে না পারলেও জমিদারী আইন বোধহয় ৩০ বারের বেশী সংশোধন হয়েছে। ভূমি সংস্কার আইন, সেও বোধ হয় ২৫।৩০ বার হবে। এবং এই কথা স্বীকার্য্য যে জমিদারী উচ্ছেদ আইন ও ভূমি সংস্কার আইনের মধ্যে এদিক দিয়ে যোগসূত্র আছে। কিন্তু এখনও দেখছি যে জমিদারী উচ্ছেদ আইন এবং ভূমি সংস্কারের আইনের মধ্যে পরস্পর কোন কোন জায়গায় বিশেষ বিরোধ রয়েছে। যদিও আমি একথা স্বীকার করি যে ভূমি সংস্কার আইন বহু বার এমেণ্ড হবার পরে আজ একটু ধাপে এগিয়েছে। অর্থাৎ একটু যেন ভালর দিকে চলেছে—একথা আমি স্বীকার করি। কিন্তু তবু আমার বিশ্বাস যে দুটি আইনের ভিতর এখনও সংঘাত চলেছে। সে সংঘাতটা কি আমি হাউসের সামনে রাখবো? জমিদারী উচ্ছেদ আইন হল ৫-৫-৫৩তে—তাতে বলে দেওয়া হল যে, '৫৩ সালের পরে মধ্যস্বত্বাধিকারি তার কোন জমির খাজনা করার অধিকার থাকবে না। ১৪-৪-৫৬ তারিখে রায়তি স্বত্ব ভেষ্ট করে গেল। ১৯৬৩ সালের ১লা বৈশাখের সঙ্গে সঙ্গে তাদের সূর্য্য অস্তমিত হবে। কিন্তু সেখানে ফাঁক থেকে গেল। ফাঁক থেকে গেল এই যে ৫-৫-৫৩ তারিখের পর কোন ল্যাণ্ড ট্রান্সফার হবে না। সে ট্রান্সফার তিনি ধরে নিলেন সেল ডিড অফ এক্সচেঞ্জ মর্টগেজ এটা ধরে নিলেন। ট্রান্সফারের এই সুযোগ নিয়ে সেদিন সৃষ্টি হল নিরুপণ দলিল ডিড অফ সেটেলমেন্ট এবং আমালনামা। বহু লোক বেনাম করতে লাগলো, সেই বেনামী জমি খুঁজে পেতে সরকারকে বহু কষ্ট পেতে হয়েছে। আমি যেকথা বলেছিলাম যে ভূমি সংস্কার আইনের যোগাযোগ কোথায় জমিদারী উচ্ছেদ আইনে রেকর্ড তারা করে নিয়ে গেল সে জায়গায় হয়ত বর্গাদার চাষ করছিল যে লোক এর অধীনে হঠাৎ দেখা গেল যে সে লোক নয় সে কেস করে সে জায়গা বেনামী হয়ে গেছে। হঠাৎ সেই বেনামির সঙ্গে সেই বর্গাদারের যেদিন ঠিক সংঘর্ষ লাগল, কোর্টে কেস করলো দেখালো যে রেকর্ড আছে অন্যের নামে সেই বর্গাদারের সেদিন সমস্ত ক্ষমতা শক্তি নষ্ট হয়ে গেল। তাই আমি বেনামি জমি উচ্ছেদ সম্পর্কে ও বেনামি জমি উদ্ধার সম্পর্কে আমার যে চিন্তাধারা আমি হাউসের সামনে রাখলাম। মিঃ স্পীকার স্যার, তাই আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে জানতে চাই। যে রেকর্ড আছে সে রেকর্ড-এর পরিবর্ত্তন করা দরকার। সে রেকর্ড-এর পরিবর্ত্তন করতে হবে ও বর্গাদারদের নোটিশ দিতে হবে সেখানে উপস্থিত করতে হবে। সেখানে সাক্ষী সাবুদ নিয়ে প্রমাণ করাতে হবে, এবং দেশের লোককে বোঝাতে হবে যে বর্গাদার বা অন্য কেউ যেন বেনামী সাক্ষি না দেয়। এমনি করে যেতে হবে। তাই

আমি বেনামি উদ্ধারের জন্য বলছি যে আমাদের মধ্যে জাগরণ তুলতে হবে যে, যা রেকর্ড দাঁড়িয়ে আছে। আমি সেটেলমেন্ট অফিসারকে এইসব কথা বলেছিলাম। ধরুন আমি বেনামদার কি আইন আছে বেনামী transaction যা আছে তা আইনের সঙ্গে মিল রাখতে হবে যে বেনামি। Transaction custody of the document, possession, consideration money মানে এগুলি প্রমাণ করলে তবে প্রমাণ হবে যে বেনামি। অতএব তা করবার জন্য আইনের মাধ্যমে সেখানে সজাগ সকলকে করতে হবে যেন ঠিক রেকর্ড হয়। আমার দ্বিতীয় কথা কমপেনসেসান সম্পর্কে। এই কমপেনসেসান সম্পর্কে আমি দু চার কথা বলতে চাই। আইনে কমপেনসেসান দেবার কথা আছে। জমিদারি উচ্ছেদ প্রবর্তিত হয়েছিল ৫-৫-৫৩ তারিখে। মধ্যস্বত্বাধিকারিরা রেভিনিউ পেত, তাকে বলা হল খেসারত পাবে। ১৩৬৩ সালে ২৫ একরের বেশী জমিদার তার জমি ভেষ্ট হয়ে গেল ও সে কমপেনসেসান পাবে এইকথা বলে দেওয়া হল।

কিন্তু দেখা গেল প্রকৃতপক্ষে অনেকে সেই Compensation পেল না। সেই Compensation পেতে গেলে যে কিছু অসুবিধা আছে সেই defects-গুলি আমাদের থেকে এসেছে। তাহলে এই Compensation roll-গুলি তৈরী হয়েছে ২০ বছর আগে। তাতে ৩০০ একর জায়গা retained করেনি, declaration form দেয়নি। সেই জায়গায় retained lands একটা District এর একটা Compensation roll-এর মধ্যে তৈরী হয়েছে। ধরুন সেখানে ২ একর জায়গায় কেস হয়েছে, তারজন্য দুশো একর ভূমির Compensation পেল না। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো আলাদা আলাদা খতিয়ানের জন্য আলাদা আলাদা বা পৃথক পৃথক Compensation roll তৈরী হোক। যে Compensation roll কুড়ি বছর আগে তৈরী হয়েছিল রামের নামে, আজকে সেই Compensation দেওয়ার সময় দেখা গেল রাম মারা গেছে। তাহলে এখন সেই টাকা কি করে পাওয়া যাবে? আইনে বিধান আছে Succession Certificate করতে হবে। সেই Succession Certificate করতে গেলে—Estate duty দিতে হবে, না হয় ৩ বছর সেখানে পড়ে থাকতে হবে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, সেই Succession Certificate এর বিধান তুলে দিন এবং সেখানে G.P.র permission এর ব্যবস্থা রেখে এই legal hiers জিনিষ যদি ঠিক করা যায়, তাহলে ভাল হয়—সহজ হয় জিনিষটি।

আর একটা আছে পরস্পর বিরোধী আইন। জমিদারী উচ্ছেদ আইনে সিলিং বলেছেন ২৫ একর। আর ভূমিসংস্কার আইনে সিলিং রয়েছে পরিবারভিত্তিক—তার চেয়ে কম। এই দুটো আইনে different different ceiling রয়েছে। এই দুটোর মধ্যে সামঞ্জস্য বিধান করা প্রয়োজন।

তৃতীয় আর একটি জিনিষ আমি লক্ষ্য করেছি—মন্ত্রী মহাশয় বলেছেন কোন বর্গাদারকে উচ্ছেদ করা যাবে না। কিন্তু আমি বলতে পারি, উনি দৈনিক ৬০০ জন বর্গাদারকে উচ্ছেদ করছেন। আইনে আছে যার তিন একর সম্পত্তি, তার বর্গাস্বত্ব উচ্ছেদ হয়ে যাবে। রামের ভেষ্টেড ল্যাণ্ডে শ্যামের বর্গাস্বত্ব রয়েছে, সেটা সরকারে vested হবার পরে তার বর্গাস্বত্ব থাকবে কি থাকবে না? জমিদারী উচ্ছেদ আইনে সেটা encumbrance, ভূমি সংস্কার আইনে বলছে It is not an encumbrance। এটা পরস্পর বিরোধী হয়ে যাচ্ছে। এইসব ক্ষেত্রে জোতদার ও বর্গাদারদের মধ্যে মারামারি চলছে, সংঘর্ষ হচ্ছে, দেশের মধ্যে মারামারি চলছে, সংঘর্ষ হচ্ছে। দেশের মধ্যে

যদি শান্তি শৃঙ্খলা রাখতে চান এবং বিশৃঙ্খলা দমন করতে চান, তাহলে এই দুটী আইনকে—জমিদারী উচ্ছেদ আইন ও ভূমি সংস্কার আইন—পাশাপাশি রেখে একটা সামঞ্জস্যপূর্ণ আইন তৈরী করুন।

এইদিকে স্পীকারের মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। ১৯৫৩ সালে যে জমিদারী প্রথা উচ্ছেদসাধন আইন এসেছিল আজ দেখা যায় বর্তমান প্রগতিশীল সরকার নূতন পদক্ষেপ নিয়ে সেখানে নূতন আইন প্রণয়ন করছেন। দেশের মধ্যে ছোট ছোট চাষীদের গরীব মানুষদের রক্ষা করবার চেষ্টা করছেন। সেখানে আমাদের সরকারের যথেষ্ট লক্ষ্য দেখতে পাই। আমাদের পার্টির তরফ থেকে ভূমি সংস্কার আইনকে সংশোধন করার জন্য যে সুপারিশ করেছিল বর্তমান প্রগতিশীল সরকার সেই সব আইন বরেছেন। এবং এই আইনগুলি কার্যকরী যদি হয়, রূপায়িত হয়, তাহলে শত শত গরীব চাষী গরীব মানুষ তাতে উপকৃত হবে। কিন্তু আমরা দেখতে পাই যে আইন পাশ হওয়া সত্ত্বেও ছোট ছোট চাষীদের উপর আঘাত আসছে। আঘাত আসছে এই কারণে বিত্তশালীরা মনে করছেন যে গত ২০ বছরের যে কংগ্রেস তারা আবার ফিরে এসেছে, অতএব সুযোগ নাও। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অন্ততঃ একথা বলতে পারি যে বর্তমান যে কংগ্রেস, বর্তমান যে প্রগতিশীল মোর্চা তারা নিশ্চয় সেই আগেকার কংগ্রেস নয়। তাই আজকে অনেক ভূস্বামীরা এ কথা মনে করে বেনামে জমি রেখে দিচ্ছে, জমি ব্যবহার করে সরকারকে ফাঁকি দিচ্ছে। তাই আমি এই বিধানসভায় মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ ভূস্বামীরা যাতে ঐ গরীব চাষী ভাইদের উপর অত্যাচার না করতে পারে এবং সেখানে যাতে আইনটি কার্যকরী হয় সেটা যেন লক্ষ্য রাখেন এই প্রস্তাব আমি এই বিধানসভায় রাখছি। এছাড়া দেখা যায় ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত যে অশান্তি বিশৃঙ্খলা দেখা দিয়েছিল তাতে দেখা যায় ঐ চাষীদের উপর আঘাত হেনে যুক্তফ্রন্ট সরকার তাদের নিয়ে দলবাজী করেছিল—তাদের দলীয় স্বার্থে ছোট ছোট চাষীভাইদের কাজে লাগিয়েছিল। এবং এই আঘাত হানার ফলে তারা অনেক জিনিস থেকে বঞ্চিত হয়েছে। আমাদের গণতান্ত্রিক প্রগতিশীল সরকার এখন নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে তাদের দিকে তাকাবেন, তাদের স্বার্থ বজায় রাখবেন এই আশা আমি রাখি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটি বক্তব্য হচ্ছে যে বাঁকুড়ার সঙ্গে যুক্ত দুটি থানা আছে গড়বেতা, কেশপুর। সেখানে অনেক মধ্যস্বত্বাধিকারী আছেন যাদের পাঁচ বিঘা জমিও সরকারের আওতায় চলে গেছে। কিন্তু এখনও পর্যন্ত তারা ক্ষতিপূরণ পায় নি। এই সমস্ত অসহায় পরিবার অসহায়ভাবে সরকারী অফিসে যায়, ঘুরে আসে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে তিনি এ বিষয়ে নজর দেন, এই ক্ষতিপূরণের টাকা যাতে ঐ ছোট ছোট মধ্যবিত্ত পরিবারের লোকেরা পায়। এবং যত তাড়াতাড়ি পায় তার ব্যবস্থা যেন তিনি করেন। কারণ এই অসহায় ব্যক্তিরা নানারকম বিপদের মধ্যে পড়েছে। এই মধ্যবিত্তদের রক্ষা করা নিশ্চয় আমাদের একটা কর্তব্য বলে মনে করি। এদিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের আপনার মাধ্যমে বিশেষভাবে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করি। এ ছাড়া বাঁকুড়া জেলায় যে ভূমি সমস্যা রয়েছে যা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, কেন না তিনি বাঁকুড়ার লোক, সেখানে যেসব সরকারী নির্দেশ দেওয়া হয়েছে সেই নির্দেশ যাতে আশু কার্যকরী করা হয় সেদিকে যেন তিনি দৃষ্টি দেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তা সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে

চাই। ব্যয়বরাদ্দ সম্পর্কে যা বলা হচ্ছে এবং সেই প্রসঙ্গে বর্তমানের আইন প্রদত্ত সুযোগ পাওয়ার ব্যাপারে যে আলোচনা হচ্ছে সে ব্যাপারে বলতে গিয়ে বলি যে আজকে যে প্রচলিত আইন বা সংস্কার করার চেষ্টা তার মাধ্যমে গরীব ভূমিহীন কৃষকদের বা ভূমিহীন মানুষ বা ছোট কৃষকদের উন্নতি এবং কল্যাণ হওয়া সম্ভবপর। যেমন তদানিন্তন কংগ্রেস আমলে, প্রফুল্ল সেনের আমলে যে ভূমির আইন করা হয়েছিল সেই আইনের দ্বারাও পশ্চিমবঙ্গের কোটি কোটি গরীব মানুষের কল্যাণ করা সম্ভবপর ছিল। সেই আইনে কল্যাণ করা যেত ঠিকই কিন্তু কল্যাণ করা সম্ভবপর হয়নি। আমাদের মাননীয় মন্ত্রী বিল এনে যে আইন পাশ করিয়েছেন এবং আজকে যে ব্যয়বরাদ্দ দাবী তুলেছেন আমি মনে করি তার ত্রুটি থাকলেও তার দ্বারা অনেক কল্যাণ সম্ভবপর, কিন্তু সে কল্যাণও হচ্ছে না। কারণ কি? অনেকে অনেক বিষয় উল্লেখ করে গিয়েছেন, কোন কোন ত্রুটি থাকলেও যে সব মাননীয় সভ্যরা উল্লেখ করেছেন তাঁদের কথার অনেক পরিপুরক কথা ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রীর আইনে আছে এবং ব্যয়বরাদ্দের বক্তৃতার মধ্যে আছে। কিন্তু কাজ হচ্ছে না। তার কারণ এই বিভাগকে কাজ করতে দেওয়া হচ্ছে না। বছরের পর বছর ধরে এই বিভাগের যে সমস্ত নির্মম, নিষ্ঠুর, আত্মকেন্দ্রিক, স্বার্থকেন্দ্রীক সরকারী কর্মচারী আছেন তারা চান না ভূমিহীনদের মধ্যে সুচারুরূপে ভূমি বন্টন করা হোক। তারা চান না, যাদের বাস্তুজমি নেই তারা বাস্তুজমি পান। এই সমস্ত নিষ্ঠুর সরকারী কর্মচারীরা বা বড় বড় আমলা চান না বর্গাদাররা তাদের ন্যায্য পাওনা পাক। ঠিক এই জন্যই অনেক কথা বলা সত্বেও অনেক কিছু হচ্ছে না। ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের প্রশাসনের কাঠামো, তাদের স্বার্থপরতা এবং নিষ্ঠুরতার ফলে এবং যারা ধনবান বা বিত্তবান তাদের সঙ্গে আঁতাতের—যে আঁতাত বছরের পর বছর ধরে আছে, তার ফলে যতই প্রগতিশীল আইন হোক না কেন বা যতই কল্যাণ করার চেষ্টা হোক না কেন, সেটা যে তিমিরে ছিল সেই তিমিরেই থেকে যাচ্ছে। স্যার, আমরা জানি, আমাদের মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী তাঁকে প্রায় ভূমিহীন বললেই চলে। তাঁর যে পদক্ষেপ সেই পদক্ষেপ—যুক্তফ্রন্টের আমলে যিনি ভূমি মন্ত্রী ছিলেন তিনি বিরাট বিত্তশালী পরিবারের সন্তান ছিলেন, তাঁদের অনেক জমি। সেই প্রচুর জমির মালিক ভূমিরাজস্ব মন্ত্রী এবং আমাদের এই ভূমিহীন ভূমিমন্ত্রী এটা লক্ষ্য করেছি তাঁরা যাই হোন না কেন তাঁরা কিছু মৌলিক পরিবর্তনের কথা ভেবেছিলেন। যুক্তফ্রন্টের মন্ত্রীও ভেবেছিলেন, আমাদের মন্ত্রীও ভেবেছেন। পার্থক্য হচ্ছে আমাদের ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী রক্তপাত না ঘটিয়ে, নৈরাজ্য সৃষ্টি না করে লক্ষ লক্ষ মানুষের কল্যাণ করবার চেষ্টা করছেন, আর সেই সময় সমস্ত প্রশাসন যন্ত্রকে স্তব্ধ করে দিয়ে কিছু গরীব মানুষকে ভূমির লোভ দেখিয়ে লেলিয়ে দিয়ে নৈরাজ্য সৃষ্টি করে পশ্চিমবাংলাকে রক্তে স্নান করানো হয়েছিল।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে তাই এই ব্যয় বরাদ্দ যে রয়েছে সেই ব্যয় বরাদ্দকে আমরা সমর্থন করছি এবং সমর্থন করবো। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা বলতে চাই পরিষ্কার ভাষায় অনেক কথা না বলে, অনেক তথ্যের অবতারণা না করে, অনেক পরিসংখ্যান না দিয়ে, এই যে ভূমি সংস্কার আইন এনে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন, ভূমি রাজস্ব মন্ত্রীর প্রগতিশীল চিন্তার দ্বারা সমস্ত কিছু কল্যাণ সম্ভবপর, আমি আগেই যে কথা বললাম যদি নাকি ঐ নিষ্ঠুর, নির্মম, আত্মকেন্দ্রীক আমলাগুলিকে আপনাদের কথা মত চলতে বাধ্য করা হয় এবং তবেই সব কিছু সার্থক হবে, তা নাহলে কোন কিছু হওয়া সম্ভব নয়। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয় বরাদ্দের দাবী সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

**শ্রীপ্রভাকর মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি বিষয় আপনার মাধ্যমে

তাঁর গোচরে আনতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বিগত ৪ তারিখে যেদিন ভুমিসংস্কারের দ্বিতীয় সংশোধনী বিলটি আনা হয় সেদিন আমরা এই সভায় কোন কোন সদস্য সেই বিলের সমালোচনা করে কিছু কিছু বক্তব্য রেখেছিলাম। সে সময় মন্ত্রী মহোদয় আমাদের বলেছিলেন যে যদি আমরা এই কর ধার্য্য না করি তাহলে আমাদের এই ঘাটতি বাজেট কিভাবে পরিপুরণ করা হবে সে বিষয়ে যুক্তি দেখানো হয়নি। তাই আমি বলব আজকে এই যে বাজেট আনা হয়েছে এবং জমির মালিক ও জমিদারদের ক্ষতিপুরণ দেবার ব্যবস্থা করা হচ্ছে সেটা দেওয়ার আদৌ প্রয়োজন আছে বলে আমি মনে করি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি বিগত ১৩৬২ সালে যেদিন থেকে এই জমিদারী প্রথা উচ্ছেদ করা হয়েছে এবং জমির সিলিং বেঁধে দেওয়া হয়েছে সেদিন ঐ বড় বড় জোতদাররা সিলিং-এ ধরা জমি লুকিয়ে রেখে আজ পর্যন্ত ভোগ দখল করে আসছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের গোচরে আনবো যে সেই জমি তাদের ভোগ করার কোন অধিকার ছিল না। এই সুদীর্ঘদিন ধরে তারা জমি ভোগ করলো সেই ফসলের একটি অংশের নায্য মূল্য আছে, মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো প্রতিটি ব্লকের মাধ্যমে সেই সাল থেকে কি হারে ফসল উৎপন্ন হয়েছে সেটা যেন তদন্ত করে জেনে নেন এবং জমির উৎপাদিত ফসলের মূল্য বাদ দিয়ে তবেই যেন সেই সমস্ত জমিদার জোতদারদের ক্ষতিপূরণ দেন, তাহলে দেখতে পাবেন অনেক ক্ষতিপুরণের টাকা আমাদের বেঁচে যাবে এবং আমাদের বাজেটের ঘাটতি পুরণের রাস্তাটাও অনেকটা পরিষ্কার হবে। তাছাড়া বড় বড জমিদারদের সিলিং ছাড়া ক্ষতিপুরণ দেবার কোন যৌক্তিকতা নেই। কেন না, আমরা যখন সংবিধান সংশোধন করেছি তখন নামমাত্র ক্ষতিপুরণ দিয়ে সব কিছু করতে পারি। কাজেই সেই সমস্ত জোতদারদের ক্ষতিপুরণ দেওয়ার কি যুক্তি থাকতে পারে সেটা আমরা মোটেই বুঝতে পারি না। যারা ছোট জমিদার, যারা হয়ত ২০০/৪০০/১০০০ টাকা আদায়ের জমিদার ছিলেন, সেই সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র জমিদারদের ক্ষতিপুরণ দেওয়া দরকার, কিন্তু এই সমস্ত পুঁজিপতি, বড বড় জোতদার, জমিদারদের ক্ষতিপুরণ দেওয়ার কোন যুক্তি থাকতে পারে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তাই বলব এই সমস্ত ব্যবস্থা অবলম্বন করে ক্ষতিপূরণের টাকা না দিয়ে এইভাবে যাতে ঘাটতি পুরণ করা যায় সেদিকে লক্ষ্য রাখা একান্ত দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি বিষয় আমি আপনার মাধ্যমে হাউসের সামনে রাখবো। এই ভূমি সংশোধনী বিল সম্বন্ধে কিছু বক্তব্য রাখবার জন্য সেদিন কোন কোন মন্ত্রী মহাশয় আমাদের প্রতিক্রিয়াশীলদের সমর্থক বলে সম্বোধন করেছিলেন। আমি তাই আজকে এই সভায় আপনার মাধ্যমে আমাদের শ্রদ্ধেয় ভূমি ও ভুমিরাজস্ব মন্ত্রী মহোদয়ের কাছে এটুকু অনুরোধ রাখবো যে ক্ষতিপূরণ বন্ধ করে দেবার বিষয়ে যদি এই বিধানসভায় বিল আনেন এবং আমাদের পরীক্ষা করে দেখেন সেই বিলকে সমর্থন করি কি না এবং আমরা প্রতিক্রিয়াশীলদের সমর্থক কিনা, তাহলে আমি বলছি আমরা নিশ্চয়ই সেই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন করবো। আমাদের মহান নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে যে গরিবী হঠাও নীতি গৃহীত হয়েছে এবং যে গরিবী হঠাও শ্লোগান-এর নীতি তিনি ঘোষণা করেছিলেন, আমরা সেই নীতিতে সম্পূর্ণভাবে বিশ্বাসী। আমি আমার বক্তৃতা আর দীর্ঘ না করে এইখানেই শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীবিমল দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয়, কর্তৃক উত্থাপিত ব্যয় বরাদ্দের দাবাকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। অতীতে আমরা ভূমি সংস্কার করার জন্য অনেক আইন করেছি, আবার অনেক আইনের ধারাগুলি সংশোধন করে এসেছি যাতে ফাঁকগুলি জোতদাররা চক্রান্ত করতে না পারে। কিন্তু তবুও জোতদাররা এক একটা চক্রান্ত করে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বিগত

অধিবেশনে আমরা সর্বপ্রথম আম বাগানের উপর সিলিং প্রবর্তন করি। এর ফলে মালদহ জেলায় জোতদাররা নতুন করে চক্রান্ত গড়ে তুলছে। আম বাগানের মালিকরা সিলিং এর বহির্ভূত যে সমস্ত আম বাগান পড়বে অর্থাৎ ২১ থেকে ২২ পর্যন্ত তারা আম বাগান পাবেন সিলিং-এর আওতায় বা সিলিং-এর বাইরে যে বিরাট বিরাট আম বাগান থেকে যাবে তারা আম বাগান থেকে আম গাছগুলি কেটে ফেলছে। এইজন্য যে একদিকে জমি বিক্রয় করে সেখানে একহাজার টাকা পাওয়া যাবে। একবিঘা জমির উপর যেখানে আম বাগান আছে সেই আম গাছগুলি কেটে তারা ২ হাজার থেকে ২॥ হাজার টাকা পায়। তাই তারা সিলিং বহির্ভূত সমস্ত আম বাগানগুলি যেগুলি খাস হয়ে যাবে সেই আম বাগানগুলি কেটে ফেলছে এবং মালদহ জেলার আম্রশিল্পে একটা দারুন সংকট ডেকে আনছে। আপনি জানেন যে, সমস্ত ভারতবর্ষের মধ্যে মালদহ জেলা উৎপাদনের ক্ষেত্রে একটা অগ্রগণ্য ভূমিকা গ্রহণ করে। তাছাড়া প্রতি বছর ৩ কোটি টাকার আম মালদহ জেলা রপ্তানী করে। কিন্তু ব্যাপকভাবে আম গাছ কাটা হচ্ছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, এখন গাছে আম আছে বলে কিছুটা থেমে আছে। জোতদাররা চক্রান্ত করেছে আম শেষ হয়ে গেলে ব্যাপকভাবে আম বাগান কেটে ফেলবে। মালদহ জেলার আমের যে অবদান ছিল সেটা নিশ্চিহ্ন করে দেবে এবং আম্রশিল্পের একটা দারুন সংকট ডেকে আনবে। আম্রশিল্পের ভবিষ্যৎ এইরকম ভাবে নষ্ট করতে চাইছে। আপনার কাছে আমার অনুরোধ অবিলম্বে যদি এর প্রতিবিধান না করা যায়, যদি জোতদারদের চক্রান্ত প্রতিহত না করা যায়, যদি এর প্রতিকার না করা যায়, তাহলে মালদহ জেলার আম বাগান বলে কিছু থাকবেনা। আম্রশিল্প ভবিষ্যতে একেবারে নষ্ট হয়ে যাবে।

দ্বিতীয় কথা হচ্ছে আমরা ভূমি সংস্কার করছি এইজন্য যে আজকে যাতে ভূমিসংস্কারের মাধ্যমে আমরা যে সামন্ততন্ত্রের শেষ ভগ্নাংশ উচ্ছেদ করতে যাচ্ছি এবং যাতে কৃষিতে অন্যান্য দেশের মত ধনতন্ত্র প্রবেশ না করে সেজন্য আমরা চেষ্টা করছি। আপনি জানেন, এই বর্গাচাষ প্রথা যাকে আমি মোটেই পছন্দ করি না। কিন্তু অবস্থার চাপে পড়ে সেটাকেও এখানে উচ্ছেদ করা যায় না। যদিও তাকেও সংকুচিত করতে চাইছি। সেজন্য একদিকে নুতন আইন এনেছিলাম, যে ৭৫ ভাগ পায় যে চাষী জমিতে চাষ করে আর যাদের জমির সঙ্গে সম্পর্ক নেই, সেই মালিক যাতে মাত্র ২৫ ভাগ পায়। অর্থাৎ "লাঙ্গল যার জমি তার"। তাই ধীরে ধীরে আমরা এই পথে এগিয়ে যাচ্ছি। অর্থাৎ আমরা চাই আজকে সামন্ততন্ত্র যে বর্গাচাষের উপর বেঁচে আছে, অধিয়ারীর উপর বেঁচে আছে, তাকে আমরা উচ্ছেদ করতে চাইছি। আজকে দেখছি কি যে সরকার প্রাক্তন সৈনিকদের জমি দিতে চাইছেন। প্রাক্তন সৈনিকদের দেশপ্রেমের কথা স্মরণ করে তাদের জমি দিতে চাইছেন। জমি তাদের দিন যা বরাদ্দ করেছেন তার দ্বিগুণ দিন, তাতে আমার আপত্তি নেই। কিন্তু তাদের কাছ থেকে সর্ত যে তারা বর্গাপ্রথায় চাষ করাবে না। সামন্ততন্ত্রের যে ধারা আছে তাকে আমরা উচ্ছেদ করতে চাইছি। বর্তমান ব্যবস্থার একেবারে উচ্ছেদ করা সম্ভব নয় বলে সীমিত করতে চাইছি এবং ধীরে ধীরে যখন সেই পথে এগিয়ে যেতে চাইছি তখন সরকার আবার বর্গাপ্রথায় চাষ করাকে উৎসাহিত করবে—এই যে পরস্পর বিরোধীতাকে এই পরস্পর বিরোধীতা সমর্থন করা যায় না। যে সমস্ত সৈনিকের বিধবা স্ত্রীকে পুরস্কৃত করতে চান তাদের অর্থ দিয়ে পুরস্কৃত করুন বা অন্য কোন উপায়ে পুরস্কৃত করুন, কিন্তু কোনক্রমেই বর্গাচাষ প্রথাকে বাংলাদেশে উৎসাহিত করে ঐ সামন্ততন্ত্র প্রথাকে জিইয়ে রাখার প্রয়াস করবেননা। এটা আমার বিনীত অনুরোধ। আর তৃতীয় কথা বলছি ৭৫, ২৫ এই যে ভাগ, এই ভাগ হয়েছিল, এই ভাগটাতে পরিষ্কারভাবে বলা আছে, উৎপাদনের জন্য যদি লাঙ্গল, সার, বীজ এই

সমস্ত চাষীরা দেয় তাহলে সে ৭৫ ভাগ পাবে। কিন্তু আপনি জানেন, উত্তর বাংলায় যখন ধান কাটা হয় তখন অসংখ্য মজুর নিয়োগ করা হয়। তাদের পারিশ্রমিক ধান দেওয়া হয়। এটাতে আধাআধি ভাগ হয়, মালিক অর্ধাংশ আর অর্ধাংশ চাষী পেত।

[5-30—5-40 p.m.]

তখন কি হতো? সমগ্র ফসল যা হতো, তার থেকে সেই সমস্ত মজুররা ধান কেটে তুলতো তাদের সেই প্রাপ্য অংশ দিয়ে দেওয়া হতো এবং তারপর ভাগাভাগি করা হ'ত। এখনও এই পুরান প্রথা দীর্ঘদিন ধরে চলে আসছে বলে এই যেসমস্ত শ্রমিককে নিয়োগ করে ধান কাটা হয়। তার অংশটা কে দেবে, এই নিয়ে তর্ক চলছে, এই সামান্য কারণে চাষী এবং জোতদারের সঙ্গে একটা সংঘর্ষ বেধে যাচ্ছে। কাজেই আমি মনে করি, যেমন সার লাঙ্গল কারা দেবে, তার সুস্পষ্ট নির্দেশ থাকা উচিত। যে সমস্ত মজুররা ধান কাটতে যায় তাদের যদি ধান পারিশ্রমিক দেওয়া হয়, সেটাও আইনে স্পষ্ট থাকা উচিত বলে আমি মনে করি। এর সঙ্গে আর একটা কথা আমি বলতে চাই, আজকে যখন আমরা একটার পর একটা ভূমি সংস্কারের আইন পাশ করছি, তখন এমন অনেক জোতদার আছেন, যারা সমস্ত ভাগচাষীকে উচ্ছেদ করে চলেছে। আমি মালদহ জেলার ক্ষেত্রে দুএকটা জোতদারকে চিনি। আজকেও ২৯ শত বিঘা জমির মালিক, কুখ্যাত অজিত খাঁ তিনি একটার পর একটা মামলা করে ১৯৫৩ সাল থেকে ২৯শ বিঘা জমির মালিক হয়ে রয়েছেন। তিনি এই আমলে পর্যন্ত, আমার সরকার আসার পর ভাগচাষীদের উচ্ছেদ করেছেন, শুধু তার সঙ্গে কিছু ভাগচাষীকে রেখে দিয়েছেন। তিনি সগর্বে বলে বেড়াচ্ছেন বুক ফুলিয়ে যে যত আইনই আসুক না কেন, আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে যাতে একছটাক জমি সরকারের হাতে ন্যস্ত না হয়, সেই বিষয়ে আমি জানি এবং তা দেখাতে চাই, এবং তার বিরুদ্ধে যারা জমির আন্দোলন করেছিল, সেইরকম একজন নেতার বিরুদ্ধে তিনি ৩১টি মামলা করেছেন এবং সেইসমস্ত ভাগচাষীকে উচ্ছেদ করেছেন। থানায় তার নামে ডাকাতি, চুরি, রাহাজানির ডায়েরী করে রেখেছে যাতে সেই ভাগচাষীরা প্রতিরোধ না করতে পারে। আজকে এদের চক্রান্তকে ব্যর্থ করবার জন্য মিশ্রা আইনে দিতে হবে। মিশ্রা আইনে যদি না দেন তাহলে যারা এতগুলো আইনের ধারাকে অতিক্রম করে ২৯শ বিঘা জমি নিয়ে বসে আছে, অন্ততঃ তাদের বুদ্ধিকে প্রশংসা করে একটা রাষ্ট্রপতির পুরস্কার দিন, একটা কিছু করুন। এই বিষয়টাকে অবহেলিত থাকতে দেবেন না লোকচক্ষুর অন্তরালে। শেষ কথা বলতে চাই, আমি একটা জিনিস বুঝতে পারছিনা যেটা ভূমি সংস্কারের ক্ষেত্রে একটা দারুণ শঙ্কা সৃষ্টি করে। ভূমি vest করে কে? সে তো settlement-এই হয়, আর সেই ভূমির possession নেয় কে? সে তো J.L.R.O. দিয়ে হয়। এর ফলে কি দেখা যায়? Vest হয়ে গেল জমি, J.L.R.O. তার possession নিতে দেরী করছে বলে injunction দিয়ে জোতদার Court এবং High Court এ গেল injunction পেল, সেই land এর possession নেওয়া হলো না। আমি মনে করি, যে বিভাগে ভূমিকে vest করছে, সেই বিভাগে possession নিলে তো এতগুলি সমস্যার সমাধান হতে পারে, বারেবারে এত হয়রান হতে হয় না, জোতদারেরা এর ফাঁক দিয়ে বেরিয়ে যেতে পারেনা। সেজন্য আমি মনে করি, যে বিভাগ ভূমি vest করছে, সেই বিভাগকে যদি land-এর possession নেবার অধিকার দেওয়া হয় তাহলে নিঃসন্দেহে আমার মনে হয় এই জটিল অবস্থা অতিক্রম করা যাবে এবং অন্ততঃ জোতদাররা এর ফাঁক দিয়ে গলে যেতে পারবে না এবং সেই জমিগুলো আমারা দখল নিয়ে ভূমিহীন চাষীদের মধ্যে সোজা বিলি করতে পারি। পরিশেষে একটা কথা বলতে চাই যে, একথা স্বীকৃত এবং সত্য যে ঠিকাদার আর আমলাদের নিয়ে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা যায় না, তেমনি আমলাতন্ত্র আর তহশীলদার নিয়ে ভূমি সংস্কার করা যায় না।

বিশ্বনাথ বাবু প্রথমেই বলেছিলেন, আমরা যা কিছু করতে চাই, যদি ব্যাপকতর জনসমর্থন না থাকে, যদি জনতার সক্রীয় অংশগ্রহণ না থাকে, তাহলে কোন আইনই রূপায়িত হবে না, কোন স্বপ্নই সার্থক হবে না। আমি এইকথা তাই বলতে চাই আজকে মানুষকে ভয় কেন। আজকে এই যে সমস্যাসঙ্কুল যন্ত্রণাক্রান্ত দিনগুলোকে পেরিয়ে আমরা সকলে সুন্দর ভবিষ্যতের স্বপ্ন দেখছি, এই স্বপ্ন আপনি দেখছেন, প্রকৃত সৎবুদ্ধিসম্পন্ন মানুষ দেখছে। যে স্বপ্ন দিকে দিকে মানুষের অপরাজেয় জীবন সংগ্রামের পায়ের তলায় মাটির মত স্পর্শকাতর হয়ে উঠেছে। যে স্বপ্নের বাস্তবায়ণে সরিকানা গ্রহণ করার দিন এগিয়ে আসছে অসংখ্য মানুষ। কাজেই আজকে মানুষকে ভয় কেন? বিপথে পরিচালিত হয়েছিল বলে, তার নজীর দেখিয়ে বারবার মানুষকে ভয়? বরং এগিয়ে আসুন আরও ব্যাপক সমর্থন নিয়ে আমন্ত্রণ জানিয়ে আরও মানুষকে উৎসাহ দান করে সেই আন্দোলনকে সঠিক বলে পরিচালিত করে আজকে প্রতিক্রিয়াশীল জোতদার, আমলাতন্ত্র এবং তহশীলদারদের সমস্ত চক্রান্তকে ব্যর্থ করে দিয়ে প্রকৃত ভূমিসংস্কার করে দীর্ঘদিনের অবহেলিত বুভুক্ষু কৃষক সমাজের চোখে নুতন নবান্নের স্বপ্ন জাগিয়ে তুলি। পরিশেষে স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীফণীভূষণ সিংহবাবু**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই বিধানসভা ভবনে আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী বর্তৃক যে ব্যয়বরাদ্দ উপস্থিত করা হয়েছে তাকে আমি স্বাগত জানাচ্ছি। আমি এই সম্বন্ধে আপনার মাধ্যমে ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা জানাচ্ছি। আজ আমরা দেখছি বাঁকুড়া জেলার তালডাংগ্রায় যেটা আমার নির্বাচনকেন্দ্র সেখানে বহু জোতদার নির্ধারিত ফর্ম অনুযায়ী তাদের জমি সরকারের কাছে ন্যস্ত করছে কি করছে না তার কোন ঠিক নাই, কিন্তু সেখানে সেটেলমেণ্ট বিভাগ দেখাচ্ছে কিনা এই মালিকের এতো জমি ভেষ্টেড করা হলো। তার ফলে যে ল্যাণ্ড ডিষ্ট্রিবিউশন কমিটি আছে আমাদের এবং জে এল আর ও-এর যে কমিটি আছে তারা বিলি করতে গিয়ে দেখলেন যে সেটেলমেণ্ট ডিপার্টমেণ্ট যে পরিমাণ জমি জে এল আর ও অফিসে পাঠিয়েছে সেই পরিমাণ জমির ঠিক মত পজেসন নেই। এই প্রসঙ্গে আমি আমাদের শ্রদ্ধেয় ভূমিরাজস্ব মন্ত্রীকে এই ডিপার্টমেণ্টের গাফিলতির কথা বলছি। আজ এই ভূমিহীন সম্প্রদায় এই জনপ্রিয় সরকারের দিকে বহু আশা-আকাঙ্খা নিয়ে তাকিয়ে আছে। বিভিন্ন সময় ভূমি বণ্টন ক্ষেত্রে এই যে বিস্তারিত বাধা সেইগুলির দিকে আমি আমাদের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, শুধু দৃষ্টি আকর্ষণই নয় আরও আমি দেখাতে পারি যে ঐ '৫১ সাল থেকে যে ভূমি বণ্টন ব্যবস্থা করা হয়েছে সেই কাজ আজও বাস্তবে রূপায়িত করা সম্ভব হয়নি। বিগত ১৯৬৯ সালে ভূমিহান সম্প্রদায়কে নিয়ে কয়েকটি রাজনৈতিক দল বিভিন্ন ভ্রান্ত পথে পরিচালিত করেছিল। তাই আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি যে ভূমিহীন সম্প্রদায় আমাদের দিকে তাকিয়ে আছে তাদের দিকে একটু লক্ষ্য রাখুন। আর একটা কথা এখানে বলার প্রয়োজন, সেটা হচ্ছে যে-সকল নিম্ন মধ্যবিত্ত ঘরের লোকেরা আছেন তাদের ক্ষতিপূরণ পেতে অনেক দেরি হয় এবং আমরা দেখতে পাই বিভিন্ন ক্ষেত্রে ঐ যে ক্ষতিপূরণের চূড়ান্ত তালিকা যা সেটেলমেণ্ট ডিপার্টমেণ্ট থেকে প্রকাশ করা হয়েছে সেটা ভুলে ভরা। এই বারের এই প্রচণ্ড খরার সময়ও সেই সমস্ত মধ্যবিত্ত পরিবারের লোকেরা সেটেলমেণ্ট ডিপার্টমেণ্টের কাছে কমপেনশেশন দাবী করেও পায় না। তাই আমি ভূমিরাজস্ব মন্ত্রীর কাছে আবেদন করছি যে যারা ক্ষতিপূরণ পাবেন তাদের সেই ক্ষতিপূরণ দেবার সময়সীমা বেঁধে দিন, যে ১ মাস কি ২ মাসের মধ্যে তারা পাবেন। যে আইন আমরা করছি বিধান সভায় সেটাকে কার্য্যে রূপায়িত করার অসুবিধা হলো, আপনার বিভাগ জে এল আর ও তারা ভূমিহীনদের নিয়ে ভূমি সমস্যার জটিলতা সৃষ্টি করে। তাই আমি

অনুরোধ করব ঐ দিকে একটু লক্ষ্য রাখবেন। আমি বাঁকুড়া থেকে নির্বাচিত হয়ে এসেছি। সেখানে বর্ত্তমানে যেটা বিরাট সমস্যা সেটা হচ্ছে ঐ ভুমিহীনদের নিয়ে এই বিভাগের জটিলতা। আজ সেখানে এই ভুমিহীনদের দল বহু আশা-আকাঙ্খা নিয়ে এই সরকারের পাশে এসে দাঁড়িয়েছে। আমি সেই জন্য আর একটা কথা বলতে চাই যে, বহু জোতদার, যারা ১৯৫৪ সালে সরকার জমিদারী প্রথা বিলোপ আইন করেছিলেন, কিন্তু ১৯৭১ সালেও সেই জমি দখল তারা করে রেখেছে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m ]

**শ্রীগৌরচন্দ্র লোহার ঃ** মাননীয় ডেপুটা স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি ২।১টি কথা বলতে চাই। জমিদারী প্রথা বিলোপ, মধ্যস্বত্ব লোপ এবং vested জমি বিলির মধ্য দিয়ে যে ব্যবস্থা আছে সেটা প্রশংসনীয় এবং সমাজতন্ত্রের দিকে যাবার এটা যে একটা বলিষ্ঠ পদক্ষেপ সেবিষয় সন্দেহ নেই। ১৯৫৪ সালে যে settlement আরম্ভ হয়েছিল সেই settlement এখনও পর্য্যন্ত শেষ হয়নি। Big রায়তদের যে ধরার চেষ্টা চলছে তা এখনও পর্যান্ত শেষ হয়নি। অনেক ক্ষেত্রে ধরা গেছে, যাচ্ছে এবং যাবে। কিন্তু মাঝখানে আইনের ফাঁক দিয়ে যে অনেক কাণ্ড হয়ে গেছে সেদিকে আমাদের দৃষ্টি নেই। ২।৪ বিঘা জমির মালিকরা কিছু কিছু জমি ক্রয় করেছে। ১৯৬০ সালের পর তাদের big রায়ত বলে ঘোষণা করা হয়েছে। ঐ big রায়তরা এমন সমস্ত জমি বিক্রি করেছে যেগুলি গভর্ণমেণ্টে vest করে গেছে। এ নিয়ে তারা এখন বিপদে পড়েছে। কিন্তু ঐ big রায়তদের জন্য কোন আইন নেই। তাদের বলা হচ্ছে যে High Court-এ Case কর। ২।৪ বিঘা জমির মালিকরা High Court-এ Case করতে যেতে পারে না। তাদের সে সঙ্গতি নেই। অতিকষ্টে তারা যে ২।৪ বিঘা জমি কিনেছিল তা এখন যেতে বসেছে। তারপর ৯ বিঘা জমির মালিক যাদের খাজনা লাগবেনা সে সম্বন্ধে বলতে চাই। এই ৯ বিঘা কার থাকবে—একজন ব্যক্তির না তার পরিবারের কয়েকজন মিলে যে পরিবার তাদের সকলের। কিন্তু বর্ত্তমান loan distribution এর সময় দেখতে পাচ্ছি যার এক বিঘা জমি আছে তার কাছ থেকেও certificate চাওয়া হচ্ছে হাল সাল পর্য্যন্ত। তারা সমস্ত জমির খাজনা দিয়ে দিচ্ছে। এটা খুবই আশ্চর্য্যের বিষয়। ৯ বিঘা জমির মালিক কে এটা খোঁজ পাওয়া খুব শক্ত। আমাদের জমির যা ব্যবস্থা সেটা বোঝা খুব কঠিন। ৯ বিঘা জমির মালিক যদি আমরা এখনও পর্য্যন্ত ঠিক না করতে পারি তাহলে ছোট ছোট চাষীর দুরবস্থার কোন সীমা থাকবে না। তহশীলদাররা কাউকে ছাড়ছে না। ১ বিঘা থেকে ৯ বিঘা পর্যন্ত সমস্ত জমির মালিকদের কাছ থেকে খাজনা আদায় করছে। এর কোন সুরাহা হচ্ছে না। বিলি ব্যবস্থায় J.L,R.O. office থেকে আমরা জমি বিলি করছি। বিলি করতে গিয়ে দেখছি যে ১ শতক জমি একজনকে বিলি করা হয়েছে। কিন্তু practical field-এ গিয়ে দেখছি যে ১ শতক জমির মধ্যে ১৫/১৬ বিঘা জমি অন্য জায়গায় রয়েছে। সেজন্য এটা খুব শক্ত ব্যাপার হচ্ছে। জমি compensation-এর জন্য final roll তৈরী করতে হচ্ছে। সেই final roll অনেক ভুল। সেজন্য অনেক টাকা পয়সা খরচ করে compensation পাওয়া যাচ্ছে, আবার অনেক জায়গায় তাও পাওয়া যাচ্ছেনা। মন্ত্রী মহাশয় আইন করেছেন ৫ হাজার টাকা পর্য্যন্ত যাদের compensation সেটা এমনি দরখাস্ত করলেই পাওয়া যাবে। সেটা কিন্তু আজ পর্য্যন্ত কার্যকরী হয়নি। এদিকে দৃষ্টি দিতে অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরজনী দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন সেটা সমর্থন করতে গিয়ে একটা নূতন দিক যেটা এই বিভাগের একটা অংগ সে

সম্বন্ধে এই বাজেটের মধ্যে কোথাও উল্লেখ নেই। আমরা জানি যে এই বিভাগের একটা অংশ যার মধ্যে আছে হাট, ঘাট, জলা যেটাকে আমরা সায়রৎ মহল বলে জানি, সে সম্বন্ধে এমন কতকগুলি অব্যবস্থা রয়েছে যেগুলি আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনছি। প্রতি বছর সরকার হাটের ইজারা নিলাম করে ৪/৫/৬ হাজার টাকা পান, কিন্তু সেই হাটের জন্য যে একটা কিছু খরচ করতে হবে সেটা করেন না। হাটে দোকানদার, ব্যবসায়ীরা আসে, তারা বৃষ্টিতে ভেজে, রোদে শুকনো হয়, তাদের জন্য হাটের মধ্যে একটা ঘরের ব্যবস্থা নেই। তাদের প্রস্রাব, পায়খানার কোন ব্যবস্থা নেই। এই সম্বন্ধে বিভাগীয় মন্ত্রী মহাশয় আমি যতদূর দেখেছি এই ব্যয় বরাদ্দের মধ্যে ধরেন নি। আমি আর একটা জিনিসের কথা বলছি সেটা হচ্ছে জলা। এই মাছের বিল বা জলাগুলি নিলাম করে প্রচুর টাকা প্রতি বছর এই বিভাগ নিচ্ছে, কিন্তু এই জলার সংস্কারের জন্য এই বিভাগ একটা পয়সা খরচ করছে না। আর একটা বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে একটা জমিতে হাট আছে, জমিটা একজন মালিকের, জমিটা সরকারের নয়, কিন্তু সরকার সেই হাটের নিলাম করে প্রচুর টাকা আদায় করছে সরকারী আইন অনুযায়ী। সরকার জমির মালিকের কাছ থেকে টাকা দিয়ে সেই জমি নেয়নি। যেহেতু ঐ জমিটা সরকারের নয় সেহেতু সরকার বলছেন যে আমি ওখানে কিছু করতে পারছি না, হাটের লোক জল খাবে, তাদের জল খাবার জন্য নলকূপ করতে পারছেন না। এটার জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন এটা লক্ষ্য করে দেখেন। আর একটা জিনিস হচ্ছে এই ভূমি সংস্কার আইন বহুবার সংশোধন হওয়ার ফলে আমার যেটুকু জানা আছে সেটা হচ্ছে হাট ঘাট যারই জমিতে থাক সেটার টোল একমাত্র সরকার ছাড়া আর কেউ আদায় করতে পারে না। কিন্তু একটা হাট আছে যেটা দেবত্বের নামে চলছে, মানধাতার আমল থেকে বংশানুক্রমে তারা সেই হাটের ট্যাক্স আদায় করছে, সেখানে সরকারের কোন কর্তৃত্ব নেই। অথচ সেখানে প্রতিটি হাটে হাজার হাজার টাকার মাশুল বিক্রেতাদের কাছ থেকে আদায় হচ্ছে, সেখানে সরকারের কোন নিয়ন্ত্রণ নেই। আমি আশা করছি এই দিকটা বিভাগীয় মন্ত্রী মহাশয় লক্ষ্য দেবেন। এগুলি প্রতিকারের একটা ব্যবস্থা করবেন। আঁধিয়ার সম্বন্ধে আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে আঁধিয়ার উচ্ছেদ বন্ধ হবে যার দ্বারা, যেটা আসল বন্ধ করার জিনিস সেটা আমরা সকলেই জানি, এজন্য জরীপের প্রয়োজন। আঁধিয়ার সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় বলে গেছেন যে রেকর্ডের দরকার। এই রেকর্ড, এই রেজিষ্ট্রি, এই আঁধিয়ারদের রেজিষ্ট্রি করার ব্যবস্থা যদি তাড়াতাড়ি করেন তাহলে তারা বাঁচবে। এই বলে আমি এই বাজেটকে সমর্থন করছি।

[5-50—6-0 p m]

**শ্রীলালচাঁদ ফুলমালি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজ ভূমি সংক্রান্ত বিলের উপরে যে আলোচনা চলছে তাতে আমার কয়েকটি বক্তব্য আপনার সম্মুখে রাখতে চাই। আমাদের বীরভূম জেলা কৃষিপ্রধান জেলা। কৃষির উপরেই সেখানকার মানুষ নির্ভরশীল। কিন্তু মুশকিল হচ্ছে এই জেলাতে কোন শিল্প নাই। এই জেলাতে একমাত্র চাষই হচ্ছে সেখানকার মানুষের বাঁচার উপায়। বীরভূম জেলায় যে মোট জমি আছে তা অর্দ্ধেকের বেশী জমিতে কৃষাণ এবং বর্গাদার প্রথায় চাষ হয়। কিন্তু জমিদারী দখল আইন পাশ হবার পর থেকে আজ অবধি কৃষকদের সে জমি থেকে উচ্ছেদ শুরু হয়েছে, সেই উচ্ছেদ আজও অব্যাহত চলেছে। আমরা কৃষকদের পক্ষে ভাল ভাল আইন তৈরী করেছি। বহু আইনের কথা ঘোষণা করেছি এই বিধানসভায় এবং পার্লামেণ্টে। সেই আইনের কথা শুনতে খুব মজার অত্যন্ত মুখরোচক। কিন্তু সেই আইনের ক্ষমতায় যে দোষী ব্যক্তি এবং আইন

ভঙ্গকারী ব্যক্তি তাদের আজ পর্যন্ত শাস্তির নজির আমরা দেখতে পাচ্ছি না। বীরভুম জেলার বোলপুর থানার কসবা অঞ্চলে ২০/২৫ বছরে বর্গা কৃষকদের ১১।১২শ বিঘার মালিক যে ঘোষ পরিবার আছে, সেই ঘোষ পরিবার বর্গাদার অধীর মাল ও সুধীর মাল তারা এবারে সেই জমিতে চাষ করেছে সার দিয়েছে, বীজ দিয়েছে, কিন্তু সেই কুখ্যাত জোতদার ঘোষ পরিবার অধীর মালকে এবং সুধীর মালকে বেকায়দায় ফেলে নকল বর্গাদার সাজিয়ে তাদের উচ্ছেদ করবার ষড়যন্ত্র করছে। এই নিয়ে সেখানকার চাষীরা অত্যন্ত ক্ষুব্ধ। থানাতে বি. ডি. ও-কে জে. এল. আর. ওকে এবং এ. ডি. এম-কে এবং ডি. এম কে পর্যন্ত জানানো হয়েছে, কিন্তু কোন রকমে সেই বর্গাদারকে উচ্ছেদ থেকে রক্ষা করার কোন রকম ব্যবস্থা আজ পর্যন্ত নেওয়া হয়নি, এই রকম ভুড়ি ভুড়ি ঘটনা ঘটছে। কয়েকদিন আগে আমি এই বিধানসভায় বলেছিলাম যে তিন চার জন বর্গাদারকে এইভাবে জোতদাররা উচ্ছেদ করেছে। গতকাল আসার সময় আমি শুনলাম ডাঙ্গাসপুর গ্রামে অনুরূপ ঘটনা ঘটেছে। ৩০।৪০ বছর ধরে চাষ করে আসছে সেই বর্গাদারকে উচ্ছেদ করা হচ্ছে। জে, এল, আর, ও অফিসে ভাগচাষ কোর্টে ডিগ্রী হয়েছে তার কাছে নকল আছে, আবার অন্যধারে সাজানো বর্গাদারের আর একটা নকল এসে পৌঁছে গেছে। এইভাবে একই জমিতে নকল এবং আসল বর্গাদারদের লড়াই শুরু হয়ে গেছে। কিন্তু আমরা দেখছি প্রশাসন কর্তৃপক্ষ জোতদারদের পক্ষ অবলম্বন করছে।

[6-00—6-10 p.m ]

কিন্তু আমরা দেখেছি যে প্রশাসনিক কর্তৃপক্ষ, থানা জোতদার এবং আমলারা একসঙ্গে এই সরকারের যে প্রগতিশীল আইন সেই আইনকে ব্যর্থ করার জন্য ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। আমি সে জন্য মন্ত্রী সভা, রাজস্ব মন্ত্রী এবং অন্যান্য মাননীয় সদস্যকে অনুরোধ করবো যে আমরা যদি নতুন করে দেশ গড়তে চাই তাহলে আমাদের ভাবতে হবে কৃষি এবং কৃষকের কথা। আর ব্যাপক ভাবে যদি, অন্যায়ভাবে জোতদাররা কৃষককে গোলামে পরিণত করে, বেকারে পরিণত করে, তাহলে মানুষ কার উপর নির্ভর করবে? আমাদের এই বিধানসভায় অনেক বন্ধুরা আমাদের নীতি প্রগতিশীল, আমরা চাই সমাজবাদ, আমরা সমাজবাদ করতে প্রতিশ্রুতিবদ্ধ -- শুনতে মজা লাগে হাসিও পায়, এই সব কথা বলে থাকেন। আমি শেষকালে একটা কথা জানতে চাই আপনার ভূমি সংস্কার আইনকে যদি সঠিক ভাবে কার্যকর করতে হয় তাহলে এখন কোন সংকোচ না করে, কোন রকম সংশয় না রেখে এতকাল যে কৃষক সেই জমি দখল করে এসেছে সেই কৃষককে যাতে উচ্ছেদ না করতে পারে তার জন্য গ্রামে গ্রামে সরকার থেকে ঢেরা পিটিয়ে দেওয়া হোক এবং তার সঙ্গে ভূমি রাজস্ব বিভাগ এবং যে বিভাগের উপর নির্ভর করতে হয় এই সমস্ত বিভাগকে সতর্ক করে দেওয়া উচিত যে তার কৃষকের উচ্ছেদ ঘটিত ব্যাপারে কোন সংবাদ পাওয়া মাত্রই সেখানে গিয়ে সরজমিনে তদন্ত করে যাতে প্রকৃত বর্গাদার বা কৃষক উচ্ছেদ না হতে পারে তার ব্যবস্থা করা। যদি কোন জোতদার জমিদার বা গুণ্ডারা এই কাজে লিপ্ত থাকে তাহলে তাকে কেন মিসা আইনে গ্রেপ্তার করা হবেনা? আমরা গত এপ্রিল মাসে এই পবিত্র বিধানসভায় আমরা বলেছিলাম যে বেনামদার, জোতদাররা যদি ৩১শে মের মধ্যে ৭নং ফর্ম-এ তাদের জমি যদি ছেড়ে না দেয় তাহলে জেলে আটক রেখে সেই জমি নেওয়া হবে। কৈ, সেই রকম কোন লক্ষণ ত পাওয়া যাচ্ছে না। আজকে কংগ্রেস চিৎকার করছে, কমিউনিষ্ট পার্টি চিৎকার করছে, অন্যান্য সদস্যরা চিৎকার করছেন যে অন্যায় হচ্ছে, কিন্তু যারা জমি লুকিয়ে রেখেছে সেই সম্পর্কে আজ পর্যন্ত কৈ একজন বেনামদারকেও ত মিসা আইনে গ্রেপ্তার করা হয়নি। তাহলে আমরা শান্তি, আমরা প্রগতি, আমরা সুষ্ঠু সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা করার জন্য যে সচেতন তার প্রমাণ কোথায়?

পরিশেষে আমি বলতে চাই অবিলম্বে উচ্ছেদ বন্ধ করার জন্য গ্রামে গ্রামে ঢাক ঢোল পিটিয়ে এই উচ্ছেদ ঠেকানোর ব্যবস্থা করুন এবং উচ্ছেদকারীদের যাতে মিসা আইনে গ্রেপ্তার করে শাস্তির ব্যবস্থা করা হয়, সেই দাবী জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 p.m. ]

**শ্রীরূপসিং মাঝি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন তার প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। আমি সর্ব্ব প্রথমে যে বক্তব্য রাখছি সেটা হচ্ছে আমি আজকে বর্গাদারদের সমর্থন করছি না। তবে পুরুলিয়ার বিশেষ অবস্থার কথা চিন্তা করে এই যে ডেট এক্সপায়ার করে গেছে রিটার্ণ দাখিল করার সেটা বাড়িয়ে দেওয়া হোক। কেননা পুরুলিয়ায় সেটলমেন্ট-এর কাজ পুরাপুরি হয়নি।

এ ছাড়া প্রশ্ন এসেছে মাননীয় মন্ত্রী মহাশয় খাজনার যে কথা বলেছেন। পুরুলিয়া জেলার নেচার অব সয়েল, রেনফল এবং জিওগ্রাফিক্যাল কণ্ডিশনের কথা বিবেচনা করে এই খাজনা বাড়ানোর কথা চিন্তা করেছেন কি? খাজনা বাড়ানোর ফলে সেচ এলেকায় দ্বিগুণ হয়ে যাবে, পুরুলিয়ার গরীব চাষীরা যাদের ৯ বিঘার উর্দ্ধে জমি আছে তারাও দিতে সমর্থ হবে না। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, ৩ একর পর্যন্ত জমির খাজনা মকুব-এর যে কথা বলা হয়েছে সেটা বিশেষ বিবেচনা করে জমির পরিস্থিতি এবং জলাধার-এর পরিস্থিতি বিবেচনা করে পুরুলিয়ার সেই জমির পরিমাণ ৫ একর পর্যন্ত বৃদ্ধি করা হোক।

তারপর নন-ইরিগেটেড ল্যাণ্ড বলতে আমরা কি বুঝি? নন-ইরিগেটেড বলতে সেই জমিগুলিকেই বুঝি যেগুলি পাহাড়ী এবং মেঠো জমি। পুরুলিয়ায় যদি বীরভুম, বাঁকুড়া এবং বর্ধমানের তুলনায় খাজনা ধরা হয় তাহলে সেটা খুব বেশী চাপ দেওয়া হবে বলে মনে করি।

কম্পেনসেশন সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে স্মরণ করিয়ে দিতে চাই যে অন্যান্য জায়গার তুলনায় তাড়াতাড়ি দেওয়া হোক বা জমিদারদের ক্ষেত্রে তাড়াতাড়ি কমপেনসেশন দেওয়া হোক একথা বলব না। কিন্তু ডেপুটি স্পীকার মহাশয়, পুরুলিয়ার মানবাজার থানায় যে দামোদর জড ল্যাণ্ড আছে, যে জমিগুলি নীচু জায়গায় জলে নিমজ্জিত তার মাঝে মাঝে উঁচু জায়গার কিছু জমি পড়ে আছে যেখানে বসবাস করে। সেই জমির জন্য কোন কমপেনসেশন দেওয়া হচ্ছে না, নিম্ন জমির কমপেনসেশন দেওয়া হচ্ছে। সেজন্য এই যে সমস্ত জায়গায় গ্রামবাসীরা আটকে পড়ে আছে তারা যদি কমপেনসেশন না পান তাহলে কি দ্বীপপুঞ্জের মত জায়গায় পড়ে থাকবে, সেখানে কি তাহলে চাষবাস করে জীবিকা নির্বাহ করবে? নীচু জায়গায় যেমন কমপেনসেশন দেওয়া হয় উঁচু জায়গার জন্যই প্রপোরশনাল কমপেনসেশন দেওয়া হোক।

ভেষ্টেড ল্যাণ্ড-এর পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিই, কোন কোন ক্ষেত্রে এই ল্যাণ্ড রিফর্ম কমিটি থেকে ল্যাণ্ড ডিষ্ট্রিবিউসান করতে গিয়ে কয়েকটি অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। সেটা হচ্ছে সেটেলমেণ্ট অনুসারে তিন চারটা প্লট ভেষ্টেড হয়ে গেছে যেটা চাষী ক্ষেত করে ফেলেছে সেই প্লট-এর মধ্যে কোন জায়গা ভেষ্ট হয়ে গেছে এবং দেখা গেল সেই প্লট বড় একটা ক্ষেতের মধ্যে পড়ে গেছে। ফলে ক্ষেত থেকে কাউকে তুলে দিলে সেই জমি তারা দখল পাচ্ছে না। সেটা একবার বিবেচনা করে দেখুন। আমি সর্বশেষে যেটা স্মরণ করিয়ে দিতে চাই পানবাজার,

বাগনান পি, এস-এর সেখানে ছিল চাতুরির মাধ্যমে নিরক্ষর গরীব চাষীদের জমি রেকর্ড হতে দেয়নি। সেই জমি যাতে রেকর্ড হয় সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। আমি এই কটি অনুরোধ জানিয়ে ও তার শেষে ডেপুটি স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসনৎকুমার মুখার্জী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে ভুমি ও ভুমি রাজস্বমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তাকে সমর্থন করি। কিন্তু এই সঙ্গে একটা কথা বলবো যে তাঁর policy কতটা সার্থক হবে সে বিষয় সন্দেহ আছে। স্যার, কারণ এটা ঠিক আজকে যেমন মেয়েদের latest style হলো লুঙ্গি আর গুরু সার্ট তেমনি ভুমিহীনদের ও বর্গাদারদের হয়ে কথা বলা একটা latest style, তা নাহলে গত পঁচিশ বৎসরের মধ্যে যেখানে গ্রামে টিউবওয়েল হয়নি, গ্রামের রাস্তা ঘাট হয়নি, যেখানে ২।৩ হাজার লোকের বাস সেখানেও সবচেয়ে delicate problem land distribution সেটা কি করে এত তাড়াতাড়ি হবে সেটা আমি বুঝতে পারছি না। আমরা আজ এখানে সকলে বসে আছি মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি, আর সব মন্ত্রী মহাশয়দের জিজ্ঞাসা করুন দেখবেন সকলেই তাঁর চাপ কমাতে চাইবেন। স্যার, আমি ওর সমব্যথি। আপনি Transport Ministerকে জিজ্ঞাসা করুন তিনি Mini Bus করেছেন Transport-এর উপর চাপ কমাবেন বলে। C.M.D.A. Ministerকে জিজ্ঞাসা করুন তিনি দ্বিতীয় হুগলী সেতু করছেন traffic-এর চাপ কমাবার জন্য আর আপনার Department-এর চাপ বেড়েই চলেছে—pressure বেড়েই চলেছে। স্যার, আমাদের ডাক্তার জমির মালিক, professor জমির মালিক, উকিল জমির মালিক, tram driver সেও জমির মালিক,—সবাই জমির উপর ভাগ বসাচ্ছেন। সুতরাং যতক্ষণ না জমির উপর pressure কমাতে পারছেন ততক্ষণ পর্যন্ত আমার মনে হয় আইন করে এসব কিছু করা সম্ভব নয়। যেখানে জমির pressure এত বেশী সেখানে জমি সমস্যার সমাধান এইভাবে করতে পারবেন না। যেটা করতে পারেন সেটা হচ্ছে যে আইন করে দিতে পারেন যে ডাক্তারকে জমির মালিক করতে পারবেনা professorকে জমির মালিক করতে পারবে না। এই রকম আইন করে করতে হবে। আর একটা জিনিস আমার মনে হয়েছে, এই উদ্বৃত্ত জমি সেটার কথা দেখা গেলো দশ একর জমির একটা জায়গা সেটা Govt.-এ vest করে গেছে। সুতরাং এইরূপ চলেছে। সেই জমি আপনারা দিচ্ছেন কাকে? সেই জমি দিচ্ছেন আপনার কথা মত যে সমস্ত M.L.A. রা রয়েছেন তাঁরা ব্যবস্থা করবেন। এ ব্যাপারে আমার অভিজ্ঞতা আছে। দেখেছি, এটা পার্টি বাড়াবার একটা আখরা। সুতরাং C: P. I বললো এই লোককে দাও, কংগ্রেস বললো এই লোককে দাও, C. P. M হয়তো বলবে অমুক লোককে দাও; এটা আমার মনে হয় এইভাবে না করে অন্যভাবে করুন। সুতরাং এটা পার্টি বাড়াবার একটা আখরা। তাই আমার মনে হয় এই ভাবে না করে যদি সমস্ত জমি Govt. নিয়ে নেয় তাহলে ভাল হয়। কারণ জমি কাকে দিচ্ছেন? জমি দিচ্ছেন অশিক্ষিত—অভুক্ত সেইসব লোককে যাদের একটা বলদ নেই, বীজ ধান কেনবার পয়সা নেই, কোন ট্রাকটার নেই, কোন কিছু নেই। তাকে আপনি শুধু খানিকটা অনুর্বর জমি দেবার কথা বলছেন। এ করে সমস্যার সমাধান হবে না। আমার মনে হয় যে সমস্ত ভুমিহীন লোক আছেন তাদের ২৫০-৩০০ টাকা মাসিক বেতন দিয়ে ঐ সমস্ত জায়গায় কাজ করান বা co-operative farm করে যদি তাঁদের জমি দেন এবং তাদের যদি pump ইত্যাদি কেনবার ব্যবস্থা হয় সরকারী উদ্যোগে ও co-operative-এর মাধ্যমে Ware House ইত্যাদি করে নানান ভাবে যৌথ ভাবে তাদের relife-এর যদি ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয় বার বার কেন্দ্রের কাছে গিয়ে আমাদের বলতে হয় না যে আমরা বিপদে পড়েছি, দেখ।

আমার মনে হয় সেই সমস্ত জায়গাগুলি সরকারী উদ্যোগে চাষ আবাদ করবার জন্য ভূমিহীন চাষীদের সেখানে মাসিক বেতনে নিযুক্ত করে যদি কাজে লাগান হয় ও উদ্বৃত্ত ফসলের একটা অংশ তাদের দেওয়া হয়, তাহলে ভূমিহীন চাষীদের সমস্যার একটা সুষ্ঠু সমাধান হতে পারে। কেবল সেই অনুর্বর জমি ভূমিহীন চাষীদের দিয়ে দিলে তাদের সমস্যার সমাধান হবে না।

আর একটা জিনিস—পুরুলিয়া জেলায় আজ পর্যন্ত কোন সেটেলমেণ্ট হয়নি। সেখানকার ¾ অংশ জমির মালিক যে কে তা পরিষ্কার হয় নাই। এই সব বিচার বিবেচনা করে তাড়াতাড়ি সেখানে সেটেলমেণ্টের ব্যবস্থা করুন এবং সেখানকার জমির মালিকানা যাতে নিরুপণ হয় তার ব্যবস্থা করুন। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাধারমণ সাহা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভূমি রাজস্ব খাতে যে ব্যয় বরাদ্দ প্রস্তাবিত হচ্ছে তা আমি সমর্থন করছি। সেই সঙ্গে সঙ্গে বলছি ৪ কোটি টাকা ভূমি ও ভূমি রাজস্বের জন্য ভূমিরাজস্ব আদায় করা হবে। কিন্তু ১৮ কোটি টাকা ভূমিরাজস্ব বাকী রয়েছে। এই পরিমাণ ভূমিরাজস্ব যদি বাকি থাকে তাহলে নতুন করে ভূমিরাজস্ব আদায় করতে গিয়ে লাভ কি? সেই ভূমিরাজস্বই বা কি করে আদায় করতে হবে! সেটাও ঐ ১৮ কোটি বকেয়া রাজস্বের বাকি পড়ে থাকবে। আমি মনে করি এই জন্য দায়ী আপনার ঐ ভূমিরাজস্ব বিভাগের আমলারা। তাই আমি জানাচ্ছি রাজস্বমন্ত্রীর দপ্তরে যে আমলারা আছেন তাদের প্রতি আপনি একটু দৃষ্টি দিন।

অনেক ক্ষেত্রে দেখছি বড় বড় জমির মালিকদের কাছ থেকে জমি নিয়ে নেওয়া হয়েছে। তাদের ক্ষতিপূরণের টাকা চলে এসেছে, তারা তা পেয়ে গেছে, কিন্তু অল্প জমির মালিকদের ক্ষতি-পূরণের টাকা আসছে না, তারা তা পাচ্ছে না। তাদের ক্ষতিপূরণ এত দেরী হবার কারণ কি? এটা অত্যন্ত অন্যায়। বড় বড় জমির মালিকদের যে জমি নিয়ে নেওয়া হয়েছে, তার জন্য তাদের কোন ক্ষতিপূরণ দেবার দরকার নাই। ক্ষতিপূরণ দেওয়া প্রয়োজন অল্প জমির মালিকদের। তাড়াতাড়ি সেটা তাদের দেওয়া হোক। বড় বড় জমির মালিকদের ক্ষতিপূরণ কোন দরকার নাই।

(A voice: তারা আগেই পেয়ে গেছে।)

তারপর জমিদারী উচ্ছেদ ঘটে, কিন্তু সেই জমিদারী কায়দা এখনো বিলোপ হয়নি। আজও দেখছি সেই জমিদারীর বহু জমি মালিক বিভিন্ন জায়গায় বিভিন্ন নামে, বৌ, ছেলে প্রভৃতির নামে রেখে দিয়েছে, কিন্তু একই লোক সেই সব জমি দখলে রেখেছে। এই জন্য বার বার আমি অনুরোধ করছি আপনার ঐ বিভাগের যারা সরকারী কর্মচারী আছেন, তাদের প্রতি যেন ভাল করে দৃষ্টি রাখা হয়। না হলে এই জিনিষই চলতে থাকবে। অন্য কোন ভাবে এর সমাধান নাই।

আর একটি কথা বলতে বাধ্য হচ্ছি—আমি মনে করি ভূমিরাজস্ব বিভাগের ভাড়াটিয়াদের প্রতি নজর দেওয়া উচিত।

ভাড়াটিয়ারা বিভিন্নভাবে লাঞ্ছিত। যারা বহুদিন থেকে ভাড়াটিয়া আছে তাদের মালিকানা স্বত্ব দেওয়া উচিত, যেমন মহারাষ্ট্রে যেমন চলছে। অনেক ক্ষেত্রে ভূমিহীন কৃষক জমিদারদের কাছ থেকে জমি কিনেছে। দেখা যাচ্ছে সেই জমি এখন খাস হয়ে গেছে। যে কিনেছে ঐ ভূমিহীন কৃষক

তার নামে আর নাই, অন্য কোন এক জনের নামে হয়েছে। এর জন্য জে, এল, আর, ও, অফিসের কর্মচারী ও তহশীলদাররা দায়ী। এ বিষয়ে সরকারের দৃষ্টি দেওয়া দরকার। এককালে দেখতাম জমিতে চাষী চাষ করে সামান্য পেয়েছে, তারপর দেখলাম চাষী চাষ করে সমস্ত ফসল অর্ধেক ভাগাভাগী করে চাষী তার পাওনাগণ্ডা অর্ধেক বুঝে নিচ্ছে। এখন দেখছি চাষী জমি চাষ করে তার ভাগ পরিপূর্ণ নিচ্ছে জমির মালিকের অংশ আস্তে আস্তে কমে যাচ্ছে। তাই ভাবছি এমন একদিন আসবে যার জমি তার হাতে আর জমি থাকবে না, চাষীদের হাতে চলে যাবে। সেই জন্যই আমি সাজেসন দিচ্ছি যে এই বণ্টন কার্য তুলে দিয়ে সমস্ত জমি সরকার নিয়ে নিক—নিয়ে কো-অপারেটিভ ফার্মিং করে চাষ করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিল মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি রাজস্ব মন্ত্রীর বাজেট সমর্থন করতে উঠে আমি দু একটি বক্তব্য এইখানে রাখছি এবং এই বক্তব্যগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আইন অনেক পাশ হয়েছে ভূমি রাজস্ব ব্যাপারে। অনেক ভূমি সংস্কার আইন পাশ হয়েছে। আবার নূতন একটা আইন এসেছিল এবং তা পাশও হয়েছে। নূতন প্রচেষ্টা চলেছে, কতটা ফলবতী বা ফলপ্রসূ হবে তাতে সন্দেহ আছে। বৃটিশ আমলে আইন হয়েছিল এবং আন্দোলনও হয়েছিল। কিন্তু বর্তমান ভূমি সংস্কার সম্পর্কে যদি আন্দোলন গড়ে তোলা না সম্ভব হয় তাহলে এই যে সংস্কারটুকু হয়েছে সেই সংস্কারও বানচাল হয়ে যাবে। খাস জমি সরকারী হিসাবে কিছু আছে। কিন্তু সেই খাস জমি যতটুকু উদ্ধার হয়েছে সেই খাস জমির মধ্যে দেখা যাচ্ছে বহু জমি নাকি, ভেড়ীর মধ্যে নদীর ধারে এই সমস্ত জমি। জে, এল, আর, ও, অফিসে বণ্টন হয়ে কৃষকরা যখন সেই জমি পাচ্ছে তারা সেই জমি চাষ করতে পারছে না। এতে ভূমিহীনরা সেই ভূমিহীন থেকে যাচ্ছে। এই রকম উদাহরণ প্রচুর আছে। বিভিন্ন জায়গায় এই রকম উদাহরণ পাওয়া যাবে। যেটুকু বিলি হয় তা নিয়ে নানা জায়গায় সমস্যার সৃষ্টি হয়েছে। যেই মাত্র ভেষ্টেড ল্যানডকে সরকারী খাতে খাস বলে নিয়ে নেওয়া হচ্ছে আর যেই মাত্র জে, এল, আর, ও, অফিস থেকে বিলি বন্দোবস্ত করা ঠিক হচ্ছে, অমনি সেই জমির উপর জোতদাররা অ্যাড ইণ্টারিম ইনজাংসন করে দিচ্ছে। তখনই কোর্ট সেই জমিগুলি বিলি বন্দোবস্ত করতে নিষেধ করছে।

[6-20—6-30 p.m.]

ল্যাণ্ড রিফরম কমিটির উপর ইনজংসন হয়ে গিয়েছে, বিলি বন্দোবস্ত হবে না, সরকারের আইন নেই। তাছাড়া খাল ভরাটি সম্পর্কে আরো আছে। সুন্দরবন অঞ্চলে যে বড় বড় খালগুলি ছিল সেগুলি মজে গিয়ে বিল জমি হয়ে গিয়েছে, কিন্তু সেগুলির অধিকাংশ এখনও পর্য্যন্ত জোতদারদের দখলেই আছে। সেগুলি কেন জোতদারদের কাছে থাকবে বা টেমপোরারীভাবে সেগুলি কেন ভূমিহীনদের মধ্যে বিলি করা যাবে না অথবা এ সম্পর্কে সরকারের কি আইন আছে বিভাগীয় মন্ত্রী এখানে আছেন, আশা করি তিনি সে সম্পর্কে বলবেন। কারণ এ ব্যাপারে জে, এল, আর, ও কে বললে তিনি বলছেন সরকারের নির্দেশ নেই, আমরা আইনের আওতায় পড়ে যাব। আমরা বলেছিলাম অন্তত টেমপোরারী ভাবে করুন আবার নিয়ে নেবেন, কিন্তু তিনি তাতেও নিজেকে বিপদগ্রস্ত মনে করছেন। কাজেই কমিটির মাধ্যমে সেই জমি বণ্টন হচ্ছে না। তা ছাড়া আইন আছে যে বর্গাদার বা ভাগচাষী তাদের জমি রেকর্ড করবার জন্য জে, এল, আর, ও, অফিসে যে পিটিসান করবে সেটা ৭ দিনের মধ্যে তদন্ত করতে হবে। হাজার হাজার দরখাস্ত পড়েছে কিন্তু ৭ দিন কেন ১।২ মাস হয়ে গেল একটা জমির ব্যাপারেও তদন্ত হল না। আর এই বর্গাদার উচ্ছেদ যে কি পরিমাণে চলেছে সারা পশ্চিমবঙ্গে সেটা অনেক মাননীয় সদস্যই বলেছেন। সন্দেশখালি, হাড়োয়া ইত্যাদি নানান

জায়গায় এটা চলেছে। আমি উদাহরণ স্বরূপ কয়েকটি কথা রাখছি। মেদিনীপুর জেলার কেশপুর থানার আনন্দপুর গ্রামের ৪৯৬, ৪৯৭, ৫০৪ ও ৫০২ দাগের ৩·৮৯ শতক জমির বর্গাচাষী উচ্ছেদ হয়েছে। স্থানীয়ভাবে বিচার বিভাগীয় তদন্ত হলে উক্ত জমির জোতদার দুলাল দাসের কাছ থেকে বর্গাদারের নাম জানতে কষ্ট হবে না। আর একটি দৃষ্টান্ত হচ্ছে ২৪-পরগণা জেলার সন্দেশখালি থানার খুলনা গ্রামের বর্গাদার অনন্ত মণ্ডলের। তার বিরুদ্ধে ঐ গ্রামের কুখ্যাত জোতদার বসন্ত মণ্ডল যার বন্দুক আছে সেই বন্দুক দেখিয়ে বা ভয় দেখিয়ে নিজে ও পুলিশের সাহায্যে চাষের ও ধান কাটার সময় বাধা দেয়। জোতদার দেওয়ানী আদালতে মামলা করে ডিক্রি পেয়েছে। কারণ স্বরূপ বলা হয়েছে, বর্গা রেকর্ড ও রসিদ আদান প্রদান করা নেই। কাজেই দলিলগত বা লিখিত প্রমাণ না থাকলে গ্রামের ৭৫ পারসেন্ট লোক সাক্ষ্য দিলেও আদালতের রায় বা আইন বিপক্ষেই ( জোতদারের পক্ষেই ) যেয়ে থাকে। ঐ মামলায় সম্পূর্ণ নির্দোষ স্থানীয় কৃষক নেতা বিনোদ গায়েনকেও জড়ান হয়েছে। এই অবস্থা বাংলাদেশ জুড়ে। বিশেষত সুন্দরবনে। এই অত্যাচার বন্ধের জন্য চাই আইন, প্রশাসন ও গণ আন্দোলন বা গণ প্রতিরোধের সমঝোতা।

এ না হলে শুধু ভূমি সংস্কার আইন করে দিলে ভাগচাষীদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে না। খাস বেনামা ভেষ্টেড জমি দখলের যে আন্দোলন সেটা ন্যায়সঙ্গত আন্দোলন। জোতদার এবং পুলিশ এখন পর্য্যন্ত সেটাকে বারে বারে প্রতিহত করার চেষ্টা করছে। তাই এমন বিধি এখুনি আরোপিত হওয়া দরকার যাতে ভূমিহীন ক্ষেত-মজুর, নিম্ন মধ্যবিত্ত গরীব চাষীরা রক্ষা পায়। এটা না হলে ঐ ৭৫ বিঘার সিলিংই করুন, আর ২৫।৩০ বিঘারই করুন, এই সিলিং ঠিক রাখা যাবে না বলে আমার বিশ্বাস। যাই হোক না কেন জোতদাররা ৩ বা ততোধিক গ্রামে জমির ট্যাক্স রসিদ এবং খাজনা, চেক আত্মীয় স্বজনের নামে নামমাত্র জমা রেখে আইন ফাঁকি দেবার চেষ্টা করছে। আমি কয়েকটি সাজেসান রাখতে চাই। জোতদারদের বাড়তি জমি ভেষ্টেড হয়েছে। জে, এল, আর, ও, খাজনা নিচ্ছেন কিন্তু কার্যক্ষেত্রে সেই জমির বিরোধ মিটছে না। কৃষক সংগঠন যেখানে শক্তিশালী সেখানে এটা সামান্য সাক্সেসফুল হয়েছে, অন্য জায়গায় ব্যর্থ হয়েছে। অধিকাংশ জমিতে লাঙ্গল দিতে গেলে জোতদাররা ভাড়াটে গুণ্ডা দিয়ে হামলা চালায়। এস, ডি, ওর, নির্দেশে সেখানে পুলিশ গেলে পুলিশ সেই জোতদারদের উপর আক্রমণ না চালিয়ে ভাগচাষীদেরই গ্রেপ্তার করে নিয়ে আসে।

**শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী আজকে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। আমাদের এই গণতান্ত্রিক মোর্চা যে আদর্শে বিশ্বাস করে তা হচ্ছে গণতান্ত্রিক সমাজবাদের আদর্শ। এই গণতান্ত্রিক সমাজবাদের আদর্শকে সত্যিকারে রূপায়িত করতে গেলে বিধানসভার বাহিরে একটা যে রেভলিউসান আছে সেই রেভলিউসানকে মেণ্টাল রেভলিউসান বলে অর্থাৎ যাকে আমরা মনস্তাত্বিক বিপ্লব বলে থাকি—আমাদের যারা যুবক আছে, দেশপ্রেমী বা দেশকর্মী আছে আমরা যারা এই নীতিতে বিশ্বাস করি জনগণের সঙ্গে মিশে জনগণতান্ত্রিক এই মতকে প্রচার করে জনমত গঠন করতে না পারি তাহলে এখানে যতই গণতান্ত্রিক সমাজবাদের বড় বড় বুলি বলি না কেন 'নিজে আচরি ধর্ম অপরে শিখাও' এটা কখনই সফল হবে না বা বাস্তবে রূপায়িত হবে না। আমরা ঘরের বাহিরে গিয়ে দেখছি কৃষকরা উচ্ছেদ হচ্ছে, তারা নেগলেক্টেড হচ্ছে, এ সম্বন্ধে একটি কথাও বলি না। সেখানে সক্রিয়ভাবে আমরা মাথা তুলি না। আমাদের সবথের মধ্যে ভূত ঢুকেছে। এই ভূত যদি থাকে তাহলে আমরা কোন দিনই গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠায় সম্ভব হব না। মহাত্মা গান্ধী যে কথা বলেছিলেন তা হয়ত আপনাদের অনেকের কাছেই খুব উপহাসের মত শোনাবে। তিনি ইউনিটির

কথা বলেছিলেন, এক একটি গ্রামে একটি পরিবার। আজ সত্যি যদি কমন ওয়েল্থ গঠন করতে হয় তাহলেও ব্যক্তি মালিকানা থাকবে। কমন ওয়েল্থ সম্বন্ধে সমাজতন্ত্রের যে কথা সে কথা আজকে সমবায়ের মধ্যে রয়েছে, সেই সমবায় আমাদের প্রতিষ্ঠা করতে হবে। আজ আমরা সেই প্রগতির দিকে এগিয়ে চলেছি। ভূমি সংস্কারের সঠিক সমাধান করতে গেলে আজকে এই টুকরো টুকরো জমি বন্টন করে তা সম্ভব হবে না। আজ এই ভূমি সংস্কার কমিটি যেভাবে গঠন করা হয়েছে এটা ঠিক প্রগতিশীল নীতি অনুযায়ী হয়েছে বলে আমি বিশ্বাস করি। আমি খাস জমি সম্পর্কে কিছু বলতে চাই। আমরা যারা ওয়ার্কাস আছি তারা এই খাস জমি সম্পর্কে অনেক কিছু জানি এবং ল্যাণ্ড রিফর্মস কমিটি গঠিত হয়েছে, আমিও সেই কমিটির মেম্বার এর আগে ছিলাম।

[6-30—6-40 p.m.]

এর আগে ছিলাম, কিন্তু দুঃখের বিষয় যে সমস্ত বড় বড় মালিক এই জমি চর, এই দামোদরচর বা যে সমস্ত আজকে যারা বেশী জমি record করে রেখেছে, কিন্তু তারা বছরের পর বছর পাট, ধান নানা রকম ফসল চুরি করে রেখেছে, দখল করে রেখেছে। সেই সমস্ত জমি বণ্টন করা যাচ্ছে না। সেই সমস্ত জমি বণ্টন করতে গেলে রক্তপাত হবে, খুনাখুনি হবে। কিন্তু আমার সরকারের যে সক্রিয় নীতি, সক্রিয় আইন যাকে বলি, যদি তাদের উচ্ছেদ করে, কৃষকদের যদি সত্যিকারের শান্তিপূর্ণ ভাবে আবার বিলি করতে পারি তবেই সেখানে স্থায়ি শান্তি সম্ভব, খাস জমি বিলি করা সম্ভব। যে খাস জমি বিলি হচ্ছে, আমি যে অঞ্চলে বাস করি, আমার যে কেন্দ্র সেই কেন্দ্রে আজকে যে জমি আজকে বড়বড় মালিকরা সেই খাস জমি গায়ের জোরে তারা দখল করে রেখেছে, সেই জমি মুক্ত হয় নি। এই জমি মুক্ত করতে গেলে সরকারকে সেই জমি বাজেয়াপ্ত করতে হবে। তার পরে সেই জমি বণ্টন করতে হবে যদি সত্যিকারের ভূমি সংস্কার করতে হয়।

আর ক্ষতিপূরণ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এই যে, ১৯৫৩-৫৪ সালে যখন জমিদারী প্রথা উচ্ছেদ হয় সেই জন্মলগ্ন থেকে, ঐ ১৯৫৩-৫৪তে আমি যে কেন্দ্র থেকে দাঁড়িয়েছি, পুরসুরা, তারকেশ্বর আরামবাগের যে পাকা রাস্তা গেছে এবং সোধপুরের দুই পাশে আজকে যে জায়গায় acquisition এর জন্য নোটিশ দিলেন, ১৯৫৩-৫৪ সালে কিন্তু লোকের বাড়ী ছিল এবং সেখানে এক বিঘা জমির মালিক, দেড় বিঘা জমির মালিক, এই দরিদ্র মানুষরা আজ ২০ বছর হ'ল ক্ষতিপূরন বাবদ একটি পয়সাও পায়নি। concrete specific case এক একটা দিতে পারি, এবং যারা আজকে ২০ বছর ধরে একটি পয়সা ক্ষতিপুরণ পায়নি, তারা গরীব ছিল, নিম্ন মধ্য লোক ছিল। ২/৩ বিঘার জমির মালিক, পরিশ্রম করে খায়, কিন্তু সেখানে তারা compensation না পাওয়ায় দুই পাশে একশত পাকা দোকান হয়ে গেছে, কাঁচা তরীতরকারীর দোকান হয়ে গেছে, এবং সেখানে আজকে উন্নতি। ৫ হাজার লোকের সেখানে অন্ন সংস্থান হচ্ছে এবং প্রায় ৫ হাজার বেকার, শিক্ষিত, অর্ধশিক্ষিত যুবক একটা মোকাম গড়ে তোলার কাজ করছে। কাজেই আজকে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, ১৯৫৩-৫৪ সাল থেকে যারা একটি পয়সাও compensation পায়নি, এই গরীবদের প্রতি সহানুভূতি দেখাবার জন্য সেই জায়গাটা একটু inspection করে দেখতে বলি এবং সরেজমিনে তদন্ত করে দেখার জন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জরিপ সম্পর্কে আমি একটি কথা বলবো। জরিপে যে revisional settlement হচ্ছে সেটা আইনতঃ title গ্রাহ্য। এই যে জরীপ হবে এতে কিছু উপকার হবে। কিছুটা উপকারের দিক থেকে বক্তব্য হচ্ছে, এই যে জরীপ হবে এই জরীপে বর্গাদার এবং মালিক

রয়েছে এবং সেটা আইনতঃ তাদের স্বত্বাস্বত্ব record ভুক্ত হবে কিনা? এইটুকু বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগণেশচন্দ্র হাতুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব মন্ত্রী যে ব্যয় বরাদ্দ বিল এনেছেন তাকে আন্তরিক ভাবে সমর্থন জানাচ্ছি। ভূমি সংস্কারের মাধ্যমে আমরা প্রতিটি ভূমিহীন কৃষকদের জমি দিতে পারবো এটা সম্পর্কে কোন নিশ্চয়তা নেই। পশ্চিমবঙ্গে জমির পরিমাণ যা সেটা খুব কম। তাহলেও অতিরিক্ত যেটুকু জমি আমাদের হাতে আসবে সেটা আমরা সুষ্ঠুভাবে আইনের মাধ্যমে বন্টন করে দেবো, এবং রাজস্ব বৃদ্ধি সম্পর্কে আমার দু একটি কথা বলার আছে। সেটা হচ্ছে ৬৮ লক্ষ রায়তের মধ্যে ৪৬ লক্ষ রায়তকে ছাড় দেওয়া হয়েছে। মাত্র ২২ লক্ষ রায়তের উপর খাজনা বসান হচ্ছে এবং ২২ লক্ষের মধ্যে আমরা বলেছিলাম যদি ৯ বিঘা থেকে ১৫ বিঘা জমির মালিকদের ছাড় দেওয়া হয় তাহলে গরীব এবং মধ্যবিত্ত যে কৃষক পরিবার তারা হয়তো খানিকটা উপকৃত হতেন, কিন্তু রাজস্ব মন্ত্রীমহোদয় বলেছেন ওদের যদি ছাড় দেওয়া যায় রাজস্ব বৃদ্ধির কোন মূল্য থাকে না। ৯ বিঘা থেকে ১৫ বিঘা জমির মালিকের সংখ্যা যদি সবচেয়ে বেশী সেইজন্য আমাদের বাধ্য হয়ে বৃদ্ধি করতে হচ্ছে। ভূমিরাজস্ব কর বৃদ্ধির ফলে আমাদের অতিরিক্ত ৪ কোটি টাকা আসছে, এর কিছু টাকা বর্গাদারের উচ্ছেদের হাত থেকে বাঁচানোর জন্য খরচ করা দরকার বলে আমি মনে করি। বর্গাদার হয়তো ভাগচাষী বোর্ডে জিতলেন বা হারলেন, এরপর জোতদার মুনসেফ court বা High Court এ appeal করলেন। তখন বর্গাদারের এমন কোন অবস্থা নেই যে একজন pleader দিয়ে তার caseটা file করতে পারে, সেই জন্য এখানে এমন কোন ব্যবস্থা করা যায় কি না, ভূমিরাজস্ব মন্ত্রী মহোদয়কে আমি অনুরোধ করছি যে Governmentর একজন pleader ঐ মুনসেফ court এ দেবেন এবং তিনি যদি বর্গাদারের হয়ে caseটা যদি দেখাশুনা করেন তাহলে এর থেকে বর্গাদার কিছু উপকৃত হবেন বলে আমি মনে করি। আর বর্গাদারের ভাগের জমি নথিভুক্ত করা নিতান্ত প্রয়োজন এবং সত্যকার যে বর্গাদার তার record ভুক্ত করবার জন্য J L. R. O officeএ এখন যে ব্যবস্থা আছে, সেটা মোটেই সন্তোষজনক নয়। আমরা প্রস্তাব করেছিলাম যে একজন অতিরিক্ত তদন্তকারী officer প্রত্যেক J L R. O officeএ নিয়োগ করা উচিত। এই তদন্তকারী officer প্রতিটি বর্গাদার উচ্ছেদের ব্যাপারে হোক বা সত্যকারের বর্গাদার যদি কোন জায়গায় থাকে তাহলে তার নাম বের করে তা record ভুক্ত করার ব্যবস্থা করা। বর্তমানে যে পদ্ধতি আছে, বর্গাদার উচ্ছেদ হয়ে যাবার পরেও দেখা যায়, অনেক সময় সেই J. L. R. O officeএ কোন লোক সেখানে হাজির হয় না. সেই জন্য আমি প্রস্তাব করছি যদি J. L. R. O officeএ একজন করে অতিরিক্ত তদন্তকারী officer রাখা হয় তাহলে এটা খুব সুবিধা হবে এবং এতে কিছু বেকার ছেলের কর্মসংস্থানের সুযোগ হবে। আর খাজনা যারা আদায় করেন, তহশীলদার, তাদের অবস্থা অত্যন্ত শোচনীয়। তাদের মাত্র monthly allowance দেওয়া হয় ৫০ টাকা, বাদবাকী commision। তাই তারা অনেক সময় অসৎ উপায় অবলম্বন করেন। এই জন্য আমি বলছিলাম তহশীলদারদের কথা বিবেচনা করে তাদের monthly বেতন ঠিক করে তাদের অবস্থার পরিবর্তন করা, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Shri George Albert Wilson-Deroze** : Mr. Deputy Speaker, Sir, I support the demand made by the honable Minister and I would say, the Members should not expect the hon'ble Minister to move like the Rajdhani Express when he is really travelling in a very ancient carriage drawn by a steam engine and he has not even ten paise to buy a cucumber on the way. His expenditure exceeds his revenue by over Rs. 1 crore The basic problem is that the hon'ble Minister's Department is still governed by regulations framed by the East India

Company between 1792 and 1824. These laws governing the administration of this Department are still in force and the entire administrative set up, the powers and duties of Collectors and Commissioners are to be found in the 1st Volume of Bengal Code from 1792 to 1824, and the procedures which are in force in the Department were framed by the then Board ef Revenue which consisted of several English gentlemen who actually sat down and worked, but they were all framed before 1840. Basically, those procedures and those forms are still in force.

[6-40—6-50 p m.]

Then what happened is that at a certain stage, in the year 1850, the judicial duties of the magistrates were added to those collectors and now over a century later we cannot still get out of that completely. We have not yet separated the judiciary from the executive in the Administration. These are the basic problems facing this Department. There is also the problem of money. The land revenue administration is the basic framework of rural administration. You cannot have any kind of rural reconstruction unless the whole administration of the Land and Land Revenue Department, including its officers who are appointed by it, is reorganised and modernised and for that money is required. There has been some valid criticism of the increase in land revenue. The position now is that Government owns the land and, therefore, it is not very logical that Government should seek to raise revenue from its own land. There should be a tax attached to the land itself because land belongs to the Government What I suggest is that raising of revenue should now take a different basis which will be more compatible with the socialised pattern of our society. Out of this ancient administration, out of this ancient framework framed between 1792 and 1840 was born the dynamic concept of Estates Acquisition Act and the Land Reforms Act. The Estates Acquisition Act was brought into force but the Land Revenue Act was not brought into force for another 10 years. The result is that such a large-scale corruption has never been witnessed in that Department. The entire administration of the Department is corrupted because the Estates Acquisition Act was brought into force but there was no time to bring the Land Revenue Act into play. Officers of that Department are wedded to large-scale corruption and the Minister has got to do his work within that ancient framework, within that corrupted framework. Good result can only be achieved by changing the pattern of structure and by raising money. I would suggest that this Government might go into the question of changing the pattern from land revenue system to, what I would call, licensing system for cultivation. That would mean that a particular man would be assigned to cultivate important crops according to acreages and Government would realise the licence fees. This would have several advantages. First, it will change the outlook of the entire Department because that Department is wedded to the old imperialist zemindary system. In fact, some of the officers and staff of the Department were taken straight-away from the old zemindar families, and inside the Department there is tremendous conflict of jurisdiction. There is conflict of jurisdiction within the Department itself. There is lack of co-ordination between one section and another of the same Department. If this system of bringing in licences for cultivation is brought into force then it would shift the entire emphasis from more tax collection towards socialist production. Licence fee will also bear a relation to the productivity of land and the nature and value of cropping of main commodities. This would also have an indirect control over the acreages

under plough of various kinds of main crops and it will help control the prices. Direct statistics on agricultural production will have to be furnished and it would not operate on uncultivable lands. I am suggesting a wholesale change in the administration of the Land and Land Revenue Department. A change in the structure would very much help the development of agriculture and increase in production. Thank you.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজ ইচ্ছা করে শেষে বলার জন্য নাম রেখেছি এবং অল্প সময় রেখেছি। প্রধান প্রধান পয়েন্টগুলো সম্বন্ধে ২/১টি উদাহরণ দিয়ে বলব। ভূমি রাজস্ব ভূমি সংস্কার, ভূমি বণ্টন মন্ত্রীমহাশয় ভাল, তাঁর সদিচ্ছা আছে, আগ্রহ আছে। কিন্তু অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতা ও ভূমি মন্ত্রীর বক্তৃতায় যে আত্মসন্তুষ্টির প্রকাশ পেয়েছে তাতে তাঁদের আমি আঘাত করতে চাই। কিন্তু আমি বলছি যে আজ যখন আমরা এই সভা করছি তখন ভূমিসংস্কার গুরুতরভাবে আক্রান্ত, তার নাভিশ্বাস উঠেছে, তাকে চিতায় দেবার ব্যবস্থা হচ্ছে এবং পরবর্তী অধিবেশনে আমাদের তাদের শ্রাদ্ধশান্তি করতে হবে। ভূমি সংস্কারের দুটো দিক আছে—অর্থনৈতিক ও রাজনৈতিক। ভূমি সংস্কার মানে কিছু জমি vest হল, কিছু বিলি হল তা নয়। যাঁরা আইন করছিলেন তাঁদের কি উদ্দেশ্য ছিল জানি না। কিন্তু একটা অর্থনৈতিক ও রাজনৈতিক উদ্দেশ্য থাকা উচিত। অর্থনৈতিক উদ্দেশ্যের মধ্যে জমির যে Concentration of land সেটা ভেঙ্গে দিয়ে খানিকটা democrative করা এবং ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর প্রভৃতিদের যতদূর সম্ভব কিছু জমি দেওয়া। কিন্তু জমি দেওয়াই শুধু উদ্দেশ্য ছিল না, উদ্দেশ্য ছিল তারা জমি পেয়ে সেই জমি রক্ষা ও চাষ করা তাদের তার জন্য তাদের বিশেষভাবে সাহায্য করা। প্রত্যেক সরকারের এবিষয়ে একটা দৃষ্টিভঙ্গি থাকে। ভূমিসংস্কার করে অস্থায়ীভাবে কিছু জমির বন্দোবস্ত দিলাম, কিন্তু তখন তাকে ঋণ দেবার কোন উপায় নেই। এটা কেন তা জানি না। তারপর পাট্টার ব্যাপার। সেই পাট্টা পেয়ে সে জমি বেচে দিতে পারে। ভূমি সংস্কার করে, লাঠালাঠি করে গভর্ণমেণ্ট থেকে ক্ষতিপূরণ দিয়ে জমি নিয়ে সেই জমি distribute করা হল, তাতে কেউ হয়ত ২/৩ বিঘা জমি পেল, কিন্তু তার পুঁজি বলে সে জমি চাষ করতে পারল না, এবং সে জমি বন্ধক দিল, পরে মহাজনের কাছে বেচে দিল। উদ্দেশ্য ছিল দ্রুতগতিতে ভূমি সংস্কার করা। Surplus land নিয়ে সেই জমি বণ্টন করা, সমবায় করা এবং যেখানে সমবায় হচ্ছে না সেখানে ব্যক্তিগত চাষবাসে জমির উন্নতি করে এবং জমি বিক্রি হয়ে সেই জমি যেন মহাজনের কাছে না যায়। আজ ১৬ বছর ধরে জমি হস্তান্তর হয়ে জমি সব লুকিয়ে রাখল। ৫(এ) পাশ করা হয়েছে। আজ পর্যন্ত সেটা সংশোধন করা হয়নি। সেখানে যে গলদ আছে তার মধ্য দিয়ে কত জমি যে বেরিয়ে গেল তার ঠিক নেই। ১৬ বার return দিতে দেওয়া হয়েছে। কেউ কেউ বললেন কৃষিযোগ্য জমি নয় তাকে কৃষিযোগ্য জমি বলে surplus বলে দেখিয়ে দিয়েছে, অকৃষি বলে কৃষি জমি রেখে দিয়েছে। এইভাবে বার বার return দিতে দেওয়া হয়েছে। সমস্ত আইনটা এমনভাবে frame করা হয়েছে এবং এমনভাবে delay করা হচ্ছে সমস্ত process-টা আজ ১৬ বছর হয়ে গেল তাতে ভূমিসংস্কারের যে অর্থনৈতিক উদ্দেশ্য সেটা ইতিমধ্যে বানচাল হয়ে গেছে।

[6-50 – 7-00 p.m.]

এই ভূমিহীনরা জমি পাবে, কনসেন্ট্রেসান ভাঙ্গবে, তারা সমবায়ের মাধ্যমে চাষবাস করবে, গভর্ণমেণ্ট তাদের উৎসাহিত করবেন। আইনেও তা লেখা আছে। যারা সমবায় পাচ্ছে না তারা ব্যক্তিগতভাবে চাষবাস করবে, গভর্ণমেণ্ট তাদের সাহায্য করবেন যাতে জমি জায়গা হস্তান্তর না হয়।

এর একটা রাজনৈতিক উদ্দেশ্য ছিল। বৃটিশ আমল থেকে আজ পর্যন্ত গ্রামে গণতন্ত্রের যে শত্রু, গ্রামে যত অত্যাচার অনাচার অবিচার তার বেশীর ভাগ মূলে হচ্ছে একটা চক্র, সেই চক্র হচ্ছে জমিদার জোতদার মহাজন মুনাফাখোর বড় ব্যবসায়ী যদি থাকে তারা তার সঙ্গে পুলিশ ও কিছু টাউট এই মিলে এই চক্র। যত অন্যায় অত্যাচার অনাচার খুন-খারাপি চুরি-চামারি সম্পত্তি মেরে দেওয়া, ওর সম্পত্তি মেরে নেওয়া, ঘরে ঘরে ঝগড়া মোকদ্দমা লাগিয়ে দেওয়া কিছুর কেন্দ্র হচ্ছে এই চক্র। এটা চিরকাল দেখে এসেছি, যখন কংগ্রেস আন্দোলন করেছি তখন দেখেছি এরা বৃটিশের পক্ষে। এটা হচ্ছে রিঅ্যাকসনারী সেন্টার, এরা নিজেদের সম্পত্তি বাঁচাবার জন্য স্বার্থ বাঁচাবার জন্য এটা করে। সুতরাং গ্রামে গণতন্ত্র আনার জন্য এই কনসেন্ট্রেসন ভেঙ্গে দেওয়ার দরকার ছিল রাজনৈতিক দিক থেকে, আর অর্থনৈতিক দিক থেকে গণতন্ত্র আনবার জন্য ভূমিহীনদের খানিকটা সুযোগ সুবিধা করার দরকার ছিল। আমার মতে সেটা প্রায় ব্যর্থ হয়ে এসেছে আর যেটুকু আছে তা অল্প দিনের মধ্যে ব্যর্থ হবে। কি কি কায়দায় করে সেকথা বলে লাভ কি, সেটা আপনারা সকলেই জানেন। তার কি ব্যবস্থা হচ্ছে? আমি কয়েকদিন আগে কয়েক ঘণ্টার জন্য মেদিনীপুর গিয়েছিলাম, পরশুদিন কয়েক ঘণ্টার জন্য কাকদ্বীপ গিয়েছিলাম এই অল্প সময়ের মধ্যে আমার কাছে গাদা গাদা দরখাস্ত এসেছে এই সমস্ত অবিচার হচ্ছে বলে- কিভাবে চাষী উচ্ছেদ হচ্ছে, কিভাবে সারপ্লাস ল্যাণ্ড থেকে উচ্ছেদ হচ্ছে কত রকম কায়দা তার বিরুদ্ধে আমরা কি করেছি একমাত্র বক্তৃতা ছাড়া? অর্থমন্ত্রী মহাশয়ের বক্তৃতায় আছে উনি বললেন যে আমরা এই এই নির্দেশ দিয়েছি। আপনারা নির্দেশ দিয়েছেন বলে কি লাভ আছে কতবার এই আইন সভায় আলোচনা হবে যে আপনারা নির্দেশ দিয়েছেন বলে কোন লাভ নেই যদি না সেই নির্দেশ পালিত হয়। তার একটা এ্যাক্ট করা দরকার। একটা জিনিস তো আপনারা এই মরশুমে আনতে পারতেন যে স্থিতাবস্থায় বজায় থাক যে ভাগচাষী, যে সারপ্লাস ভাগচাষী ল্যাণ্ড আছে সে সারপ্লাস ল্যাণ্ডে থাক, যে ভেস্টেডে আছে সে ভেস্টেডে থাক, এই ভূমিসংস্কার কমি ভেস্টেডে যেটা রয়েছে সেটা যতক্ষণ ডিসাইড না করে, সেটা যোগ্য কি অযোগ্য যতক্ষণ না স্থির করে ততক্ষণ থাকবে, সারপ্লাস ল্যাণ্ডে যা আছে সেই জমি ৫(ক) করে বা অন্য নতুন আইন প্রেসিডিওর প্রয়োগ করে এটা সিদ্ধান্ত করুন, হয় কবিয়ে দিন না হয় রাখুন বণ্টন করুন এবং ভাগচাষী থাকবে। কিন্তু কার দখলে আছে এটাই হয়ে গেল মুসকিলের ব্যাপার। কার দখলে আছে সেটা সাব্যস্ত করার জন্য মেদিনীপুরে একটা সিদ্ধান্ত হয়েছিল। এর আগের বারে সিদ্ধান্ত ছিল, গত বছর সিদ্ধান্ত হয়েছে, এবছরও হয়েছে। আগে এখানে প্রাদেশিক লেভেলে ডিসিসান হয়েছিল যে জে. এল. আর. ও, ও. সি বি. ডি, ও, এক একটা জায়গা নির্দ্দিষ্ট করে দেবেন, এক একটা দিন ধার্য করে যাবেন পাবলিক নোটিশ দিয়ে, সেখানে বিভিন্ন দলের লোকেরা থাকবে, গণসংগঠনের লোক থাকবে, চাষীরা থাকবে ডিসপিউট এনকোয়ার্ড হবে, তাঁরা এনকোয়ারী করে সেটেল করবেন এবং তাছাড়া পুলিশ কোন এ্যাকসান নিতে পারবে না। এই ব্যবস্থা যদি এখনও জরুরীভাবে কার্যকরী করা যেত, জেলা ম্যাজিস্ট্রেটদের মিটিং হচ্ছে জেনে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা ষ্ট্রং চিঠি দিয়েছিলাম, তাতে বলেছিলাম যে প্রচণ্ড চারিপাশে আক্রমণ হচ্ছে ভাগচাষী ব্যাপকভাবে উচ্ছেদ হয়ে গেল এবং সারপ্লাস ল্যাণ্ড থেকে উচ্ছেদ করে দিচ্ছে, এমন কি ভেস্টেড ল্যাণ্ড থেকেও উচ্ছেদ হয়ে গেল, যদি আমরা এটা বন্ধ করতে চাই তাহলে এই নির্দেশ দিন যে স্থিতাবস্থা বজায় থাক এবং কার দখলে আছে কার দখলে নেই সেটা স্থির করার জন্য এই ৩ জন তদন্ত করুক। তিনি আমাদের লিখিতভাবে উত্তর দিয়েছেন যে আপনার এই সাজেসান আমাদের এ্যাকৃটিভ কনসিডারেসানে আছে। কনসিডারেসানে কতদিন থাকবে? তারপরে কি রকম কাণ্ড চলছে দেখুন—পুলিশের ইন্টারভেনসানে, আমার কাছে একটা কেস আছে, ভাগচাষী "

পর্যন্ত তদন্ত হয়ে ও, সি,'র সামনে সাব্যস্ত হল যে সে ভাগচাষী এবং সেটা মীমাংসা হল। এবছরে সেই ও, সি, তার বিরুদ্ধে মামলা জুড়ে দিয়েছেন, দিয়ে তাকে জমি থেকে উচ্ছেদের ব্যবস্থা হচ্ছে। তারপর সে এ্যারেষ্ট হবার পর জামিনে বেরিয়ে এল, সেখানে আবার সালিশী বসল, সেই শালিসনরা বলছেন তুমি জমি ছেড়ে দাও।

তারপরে দেখুন মামলায় জড়িয়ে দেয়া হচ্ছে। ঝাড়গ্রামে একটা মার্ডার কেস হল, ওখানকার সোসালিষ্ট পার্টির যতগুলি লিডার জমির আন্দোলন করছিল তাদের জড়িয়ে দেয়া হয়। আমরা জিজ্ঞাসা করলাম মিটিং-এর মধ্যে বসে যে কার রিপোর্টে করছেন, জোতদারদের রিপোর্টে করেছেন। বললেন হ্যাঁ, জোতদারদের রিপোর্টে করেছি—জোতদার ঐ লোকজনদের আত্মীয়স্বজন হয় কিনা, বল্লেন না। কিন্তু তারই রিপোর্টের উপর ওদের সব জড়িয়ে দিলেন এবং জমিগুলি বেদখল হয়ে গেল। তারপরে ধরুন জে. এল. আর ও. তাদের বিরুদ্ধে অনেকে অনেক জায়গায় অভিযোগ করেছেন। আমিও অভিযোগ করছি জে. এল. আর. ও. অফিসাররা অন্যায় করছে। আমার ওখানে একটা তদন্ত হল সারপ্লাস ল্যাণ্ডের উপরে ভাগচাষী সাব্যস্ত হল, বহুদিনের পুরোনো ভাগচাষী সাব্যস্ত হল কিন্তু জে. এল. আর. ও. ট্রান্সফার হবার আগে তার বিরুদ্ধে কড়া রিপোর্ট দিয়ে গেলেন, তাতে পুলিশ য়্যাকসন হল। তারপরে যখন এই নিয়ে হৈ চৈ পড়ে গেল তখন গভর্ণমেণ্ট দেখলেন খুব একটা অন্যায় হয়েছে তারা পুনরায় তদন্তের আদেশ দিলেন। তারপর কাকদ্বীপের একটা কেস আমি এখানে নিয়ে এসেছি জে. এল. আর. ও-র নির্দেশে তহশীলদার সে চাষীর কাছ থেকে ভেস্টেড ল্যাণ্ড বলে লাইসেন্স ফি নিয়েছে, এখন দেখা যাচ্ছে কলকাতার মাছের আড়তদার বড়লোক গৌরহরি মুখার্জী, নিতাইচরন মুখার্জী ইত্যাদি তারা নাকি ১৩৭৫ সালে বন্দোবস্ত নিয়ে বসে আছেন জে এল. আর. ও-র কাছ থেকে। তারা তখন কোর্টে মামলা জুড়ে দিয়েছে, তারা এসে তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা নানারকম কেস জুড়ে দিয়েছে। তারপরে আরও একটা কেস আমার কাছে এসেছে জে. এল. আর. ও তদন্ত করে দেখলেন হ্যাঁ, এরা ভাগচাষী বলে সাব্যস্ত হল. এখানে জোতদার ৪/৫টা বন্দুক নিয়ে এসেছে, তারা বলছে জে. এল. আর. ও বলেছে যে আমাদের ভাগচাষী সাব্যস্ত হয়ে গেছে, আমরা ১২/২০ বছর ধরে ভাগচাষী আছি। পুলিশ কোন য়্যাকসন নিচ্ছে না, পুলিশ চাষীর পক্ষে য়্যাকসন নিচ্ছে না, বিপক্ষে য়্যাকসন নিচ্ছে। এমন কি জে এল. আর. ও যেখানে তদন্ত করে বলেছে সেখানেও য়্যাকসন নিচ্ছে। তার চেয়ে গণ্ডগোলের কথা দেখুন মেদিনীপুর জেলার একটা উদাহরণ দিচ্ছি, সেখানে ঠিক হয়েছে তিনজনের একসঙ্গে তদন্ত করবে, সেটা আমারই কনষ্টিটিউয়েন্সীতে। তিনজন মিলে তদন্ত করেছে, জে. এল. আর. ও. বি. ডি. ও এবং ও সি—তদন্ত করে তারা সাব্যস্ত করেছে যে হ্যাঁ, এরা ভাগচাষী। এখন মালিক করেছেন কি, তিনি দেওয়ানী আদালতে মামলা করেছেন একেবারে মানি স্যুট এবং এই মানি স্যুটে ১৬,১৭ জনের বিরুদ্ধে মামলা করে দিয়েছে। এক্ষেত্রে বলেছেন যে বিবাদীগণ অতি দুর্দান্ত প্রকৃতির ব্যক্তি হইতেছে, ইহারা কমিউনিষ্টভুক্ত ব্যক্তি, বাদিগণ বরাবর কংগ্রেস সমর্থক হইতেছে, বিগত ১৯৬৭ সাল হইতে কমিউনিষ্ট আন্দোলন জোরদার হইয়া উঠায় স্থানীয় দরিদ্র জনসাধারণের অধিকাংশ জমি লুঠের ধান্ধা পাইবার আশায় দলে দলে যায়। ইহাতে স্থানীয় কমিউনিষ্টভুক্ত লোকদের সহিত বাদীগণের বিরোধ চলিতে থাকে, অথচ দেখুন তাহলে কি ও, সি কমিউনিষ্ট, জে. এল. আর. ও কমিউনিষ্ট, বি ডি. ও কমিউনিষ্ট—তারা এই দুর্দান্ত প্রকৃতির লোকদের ইনকোয়ারী করে স্থির করে দেন তারা হচ্ছে ভাগচাষী। কিন্তু তিনি চলে গেলেন মানি স্যুটে, বললেন, আমি বরাবর কংগ্রেস। ওরা বরাবর কমিউনিষ্ট, দুর্দান্ত প্রকৃতির লোক। ভাগ্যি ওরা লেখেননি যে ওরা কমিউনিষ্টদের ভোট দিয়েছেন, কারণ বোধহয় আমি এবার জয়েন্ট ক্যাণ্ডিডেট ছিলাম বলে। আমি

যেখানে যাচ্ছি সেখানেই শুনছি প্রত্যেক জায়গায় ৭০/৮০/৯০টা করে কেস ভাগচাষী কি ভাগা নয় এই চলছে। অথচ এটা সিদ্ধান্ত করার অধিকার আইনে একমাত্র ভাগচাষ বোর্ডের। আই একটুখানি ফাঁক ডিফেক্টের জন্য এই সুযোগ দেওয়ানী আদালত দিচ্ছে। কথা ছিল মন্ত্রী মহ একটা আইন নিয়ে আসবেন এই সেসনে ক্লিয়ারলি। এতে কি হচ্ছে। তারা একতরফা ভাগা নয় প্রমাণিত হয়ে যাচ্ছে, এখানে ইনজাংসন পেয়ে যাচ্ছে, মানি স্যুট হচ্ছে। এখানে ফৌজদারী ভাগচাষ বোর্ড নয়, দেওয়ানী আদালতে এই সমস্ত কেস গ্রহণ করছে, ইনজাংসন পেয়ে যা আর মন্ত্রী মহাশয়ের আইন আনার কথা ছিল, এখন আইন আনছেন না। এই আইনের ডি নিয়ে মানি স্যুট করে চাষীদের নাস্তানাবুত করে দিচ্ছে। চাষের সময় ইনজাংসন দিয়ে তা আটকে রেখে এই সমস্ত ঘটনা ঘটছে।

[7-00—7-10 p.m.]

ইনজাংশন দিয়ে দিচ্ছে, এই চলছে। এই সমস্ত বিষয় সম্বন্ধে একটা আইন আনবার ছিল আপনার, কিন্তু আপনি আনেননি। এবং প্রত্যেক জায়গায় দেওয়ানী কোর্ট স্বত্বের জে এবং মানুষ লুঠ করে নাস্তানাবুদ করে দিচ্ছে চাষীদের এবং চাষের সময় তাদের উপর ইনজা দিয়ে আটকে দিচ্ছেন। এই সমস্ত ঘটনা ঘটছে। আরো বহু ঘটনা আমার কাছে রয়েছে অ আপনাকে দেখাতে পারি, দিতে পারি কিভাবে ভাগচাষী উচ্ছেদ হয়ে যাচ্ছে ব্যাপকভাবে। আ লিখেছেন ৮ লক্ষ বর্গাদার রেকর্ডভুক্ত। আমি আপনাকে বলছি আমি ঐ রেকর্ড আন্দো করেছিলাম, এর পরিচালনা করেছিলাম, আমি জানি যারা রেকর্ড করিয়েছিল তাদের অধিক আমি বলবো না, অর্ধেক উচ্ছেদ হয়ে গিয়েছে। যারা রেকর্ড করাতে পারেনি তাদের কথা ত ছে দিন, যারা করিয়েছিল তাদের অর্ধেক উচ্ছেদ হয়ে গিয়েছে। আজকে আমি একজন অধ্যাপ সঙ্গে কথা বলছিলাম, তিনি একটা স্থানীয় তদন্তে হুগলীতে ছিলেন। তিনি আমাকে বললেন বিশ্বনাথদা আমি ত স্থানীয় তদন্তে দেখলাম মাত্র ১৫ জনে দাঁড়িয়ে গিয়েছে ভাগচাষী। এইর ব্যাপকভাবে উচ্ছেদ হয়েছে ভাগচাষী। শুধু তাই নয়, পয়সার অভাবে যারা গরীবলোক—সুন্দর গিয়েছিলাম, দু'বৎসর ফসল হয়নি, তারা খেতে পাচ্ছে না, সেই অবস্থায় ২০ টাকা ২৫ টাকা দি ইস্তফা লিখিয়ে নিচ্ছে। এই সব চলছে। মনে রাখতে হবে সামগ্রিক অর্থনৈতিক পরিবে রাজনৈতিক পরিবেশ, এই প্রশাসনিক ব্যবস্থা, এই সবটাকে নিয়ে আপনি ভূমি সংস্কার করবে আপনি এসব বাদ দিয়ে একটা ভূমি সংস্কার আইন, একটি ইনডিপেনডেন্ট ভূমি সংস্কার আইন কার্যক করবেন এটা ঠিক নয়। এর উপর প্রশাসনিকযন্ত্র, এই অর্থনৈতিক অবস্থা, এই দারিদ্র্য এ সামাজিক পক্ষপাতিত্ব, সব কি করে বন্ধ করবেন, তার জন্য কি ব্যবস্থা করা দরকার, গভর্ণমেন্টে তরফ থেকে যে নির্দেশ দেওয়া দরকার তা দেওয়া হয়নি। আমি দাবী করব অবিলম্বে আপনা নির্দ্দেশ দিন সমস্ত ডিষ্ট্রিক্ট অফিসারদের যে, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটরা সমস্ত অফিসারদের নিয়ে, চাষাদে নিয়ে এবং সমস্ত দলকে নিয়ে একটা গণসংগঠন করে বসুন এবং বসে তাঁরা স্থির করুন যে এই এ তরফা চলবে না। তাঁরা তিনজন একটা জায়গায় গিয়ে এনকোয়ারি করে রিপোর্ট দেবেন অর্থ পাবলিক এনকোয়ারী করে ডিক্লিয়ার করবেন তার রেজাল্ট। কোন পুলিশ এ্যাকশন আদারওয়াই তাদের বিরুদ্ধে নেওয়া হবে না। পুলিশের কাছে যদি কেউ নালিশ করে যে আমাকে মেরে ফেলে অমুক করেছে, তমুক করেছে তাহলে পুলিশ সেসব ক্ষেত্রে যাদের বিরুদ্ধে বলা হচ্ছে তাদের ক থেকে, ফাষ্ট খোঁজ করবে যে জমির উপর কোন ডিসপিউট আছে কি না। যদি কোন ডিসপিউ থাকে তাহলে জমির ডিসপিউটের তদন্ত করবেন, তারপর অন্য যদি কিছু থাকে তার উপর এ্যাক

নেবেন। এবং নিতেও যদি হয় তাহলে তাদের কাছে থেকে পি. আর. বণ্ড লিখিয়ে নিতে হবে যে চাষ তাদের করতে দিতে হবে। সেকেণ্ডলি, আমি আপনাকে বলবো যে পাট্টার ব্যাপারে আপনি একটা সীমা করুন যে আমরা এই জমি দিচ্ছি তোমাকে, এই জমি তুমি গভর্ণমেণ্টের কাছে বন্ধক রাখতে পারবে, এই জমি তোমার, গভর্ণমেন্টের অনুমোদিত কো-অপারেটিভ ব্যাঙ্কের কাছে বন্ধক রাখতে পারবে, প্রাইভেট লোকের কাছে বা প্রাইভেট মহাজনদের কাছে বন্ধক রাখতে পারবে না। এবং তাদের টাকা পয়সা দেবার ব্যবস্থা করা হোক। তা না হলে এই যে এক বছরের মধ্যে, দু'বছরের মধ্যে, তিন বছরের মধ্যে যেটুকু দিলেন, বেশীত দিতে পারলেন না, যেটুকু দিলেন তাও হস্তান্তর হয়ে চলে গেল। আমার নেক্সট পয়েণ্ট হচ্ছে এই যে একটা মস্ত বড় ফাঁক এই আইনের মধ্যে রয়ে গিয়েছে। সেটা হচ্ছে মেছোঘেরী। এই মেছোঘেরী অনেক চাষের জমি ডুবিয়ে দিয়ে করা হচ্ছে। কথাটা আমার মনে পড়লো এই জন্যে যে আমি কয়েকদিন আগে কাকদ্বীপ গিয়েছিলাম, চোখের সামনে সেই জমিগুলি ডুবিয়ে দিয়ে মেছোঘেরী করছে। সারপ্লাস ল্যাণ্ডের উপর আমার কাছে নামের তালিকা আছে, আমি কতকগুলি এনেছি, এইগুলিতে তারা নোনা জল ঢুকিয়ে দিচ্ছে মেছোঘেরী করবার জন্য। সেই জমি হয়ত গভর্ণমেণ্টে ভেষ্ট করেছে, না হলে হয়ত করবে। সারপ্লাস ল্যাণ্ড এইভাবে তারা মেছোঘেরী করছে। আর পুরানো যে সব মেছোঘেরী ছিল তার মধ্যে বহু জমিতে চাষবাস হয়, এখন এই সমস্ত জমিতে পুলিশ এসে সেই চাষের জমি থেকে চাষীকে উচ্ছেদ করতে সাহায্য করছে।

আমি আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে জরীপ সম্বন্ধে। আমি এই সম্বন্ধে শ্রীআবদুল বারি বিশ্বাসের বক্তব্য পুরোপুরি সমর্থন করি। এটা কখনো হতে পারেনা, আপনি যা বলছেন সেটা তো একটা ডাকাতে কথা বলছেন, এটা মোষ্ট ডেঞ্জারাস ব্যাপার। মাত্র ৪/৫টি জেলায় ইন্‌টেন্‌সিভ জরীপ হবে, অমনিতেইতো ১৬ বছর গিয়েছে, তার পরে সারা পশ্চিমবাংলায় জরীপ করতে ১৫/১৬ বছর আবার যাবে। ইতিমধ্যে সমস্ত ফর্সা হয়ে যাবে। সুতরাং জরীপ সিষ্টেমকে রিভাইজ করে পপুলার সুপারভিশন করে রেণ্ট রোল ইত্যাদি গ্রামে গ্রামে তৈরী করতে হবে এবং তা থেকে সারপ্লাস জমি কত, রায়ত প্রজা কত, রেন্ট রোল কত, ভেষ্টেড জমি কত, ভাগচাষী কত, সে সমস্ত জানতে পারবেন এবং সেটা সারা পশ্চিমবাংলায় এককালীন করা দরকার। টাকার অঙ্কের যে সমস্ত বলা হয়েছে সে হিসাব আমি মানতে চাইনা, এত টাকা খরচ হবে বলে আমি বিশ্বাস করিনা। কিন্তু এটা বলবো যে, যে টাকা খরচ হয়েছে সেটা ব্যর্থ হয়ে যাবে যদি ৪/৫টি ডিষ্ট্রিক্টে জরীপ করেন, সারা পশ্চিমবাংলায় জরীপ না করেন। পরিশেষে আমি একথা বলবো যে আমি রাজস্ব মন্ত্রীকে প্রশংসা করে আমার বক্তৃতা আরম্ভ করেছি, বক্তৃতা শেষ করবো, প্রশংসা দিয়ে। তাঁর বাস্তবিকই সদিচ্ছা আছে ভূমিসংস্কারের এবং লোকের উপকারের জন্য। কিন্তু জরীপের সম্বন্ধে তিনি যা মনে করছেন সেটা ঠিক নয়। তিনিতো আজ মন্ত্রী হয়েছেন, কিন্তু এতদিনে ক্ষয়ে ক্ষয়ে অবস্থা কোথায় এসেছে, সবতো শেষ হয়ে গেছে।

আর একটা কথা বলে আমি শেষ করব। মহাদেবদা বলেছেন, সামনে দেখছেন উচ্ছেদ হচ্ছে, চুপ করে আছেন, এম এল এ-রা বিধানসভায় এসে বলছেন, এই চুপ করার মধ্যে কমিউনিষ্ট পার্টির কংগ্রেস পার্টির কর্মী আছেন। মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতা সুরু করেছেন চাষী আন্দোলনকে নিন্দা করে। আমারতো মনে হয় সি পি এম ত্রুটি বিচ্যুতি অনাচার করেছে, কিন্তু তার জন্য আপনি সমগ্র আন্দোলনকে নিন্দা করলেন, কিন্তু এই আন্দোলন যদি না থাকত তাহলে যে জমি পেয়েছেন সে জমি পেতেন কি? আপনি হিসাব নিন, ১৯৫৮ সালে কত জমি ভেষ্ট হয়েছে। ১৯৫৮ থেকে ১৯৬১তে হয়েছিল, তার ফলে কত জমি ভেষ্ট হয়েছে এবং গত দু বছরে কত ভেষ্ট হয়েছে। মনে রাখবেন প্রচণ্ড

আন্দোলন তার পেছনে ছিল বলে এত জমি ভেষ্ট হয়েছে। জমি লুকিয়ে রাখবার জন্য কত ঘুস ঘাস কত দুর্নীতি কত ওকালতি হয়েছে। একটা শক্তিশালী আন্দোলন ছাড়া কখনো ভূমি সংস্কার করতে পারবেন না। হাসি পায়, ভূমি সংস্কার হবে কৃষক আন্দোলন ছাড়া, উৎপাদন বৃদ্ধি পাবে শ্রমিক আন্দোলন ছাড়া, এই সমস্ত কথা শুনলে হাসি পায়। আমি বলব দুর্নীতি, অনাচার নিশ্চয়ই হয়েছে, সি পি এম করেছে, তখনও প্রতিবাদ করেছি, সমর্থন করতে পারিনি, কিন্তু যে প্রচণ্ড আন্দোলন হয়েছিল তার সামনে জোতদাররা এক সময় টেম্পোরারিলি হলেও থমকে দাঁড়িয়েছিল, সি পি এম কিন্তু এগিয়ে গিয়েছিল। আজকে আন্দোলন কিন্তু দেখতে পাইনা, তাই আজকে পাট্টা পায়না, চাষী উচ্ছেদ হয়ে যাচ্ছে, বড় বড় কথা বললে হবেনা, কিন্তু আজকে আপনি তো আছেন, আমিতো আছি আমরা থাকা সত্ত্বেও কেন হচ্ছে ? আমি একথা বলব শুধু সরকার করবে এটা নয়, সরকার যা করবার তো করবেই, গণতান্ত্রিকভাবে তদারকি করবার জন্য সুপারভিশন করার জন্য, ত্বরান্বিত করার জন্য একটা ষ্টেপ নিন। কেন জোতদাররা জমি লুকিয়ে রাখবে, কেন বে-আইনীভাবে চাষী উচ্ছেদ হয়ে যাচ্ছে, প্রমাণ পাওয়া যাচ্ছে, চাষী উচ্ছেদ হয়ে যাচ্ছে, কেন ভাগচাষী উচ্ছেদ হয়ে যাচ্ছে এক দিনের জন্যও কি দণ্ড হয়েছে ? গভর্ণমেণ্ট করার কথা, কিন্তু গভর্ণমেণ্টের বাইরে আমরা আছি, কমিউনিস্টরা আছি, কংগ্রেসীরা আছি। ঐক্যবদ্ধ হয়ে আসুন আমরা এই প্রচণ্ড আন্দোলন করি যাতে ভূমিসংস্কার কার্য্যকরী হয়, যাতে গণতান্ত্রিক সরকার ও প্রগতিশীল সরকার-এর প্রগতিশীল নীতি এই রকম বিরোধিতার মুখে দাঁড়িয়ে কার্য্যকরী করতে পারে। এর পেছনে যদি শক্তিশালী আন্দোলন না থাকে, সি পি এম আন্দোন করেছিল, অন্যায় করেছিল, দোষ করেছিল। কিন্তু আজ তারা নেই, আপনিতো আছেন, আমিতো আছি, আপনারা আসুন আমরা আন্দোলন করি এবং গভর্ণমেণ্টের প্রচেষ্টা এবং ভূমি সংস্কারের যে নাভিশ্বাস উঠেছে তা থেকে রক্ষা পেতে পারে, ভবিষ্যতে অগ্রসর হতে পারে তার একটা ব্যবস্থা করা হোক্।

[7-10—7-23 p.m.]

**শ্রীগুরুপদ খান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘক্ষণ ধরে মাননীয় সদস্যদের ভাষণ আমি মনোযোগ সহকারে শুনেছি। প্রত্যেকের ভাষণের কিছু কিছু নোট করেছি। মোটামুটি মাননীয় সদস্যদের ভাষণ কয়েকটা ভাগে ভাগ করা যায়। সবচেয়ে বেশী যেটা আলোচনা করা হয়েছে তাহলো বর্গাদারদের উচ্ছেদের কথা। এখানে রেকর্ডের কথা আলোচনা করা হয়েছে এবং ঠিকঠিক ভাবে জমি বণ্টন করে যাদের মধ্যে জমি বণ্টন করা হচ্ছে চাষের উপযুক্ত সাহায্য দেবার কথা আলোচনা করা হয়েছে। সর্বশেষ বক্তা মাননীয় বিশ্বনাথ মুখার্জী মহাশয় যে ভাষণ রেখেছেন তা আমি মনোযোগ সহকারে শুনেছি। বাস্তবিক এটা সত্য কথা যে পশ্চিমবাংলার পল্লী অঞ্চলের দরিদ্র ভূমিহীনদের যা অবস্থা সে দিকটা আলোচনা করা হয়েছে ; এসমস্ত আর্থিক অবস্থার উপর নির্ভর করে। ভূমি সংস্কারের যে উদ্দেশ্য রয়েছে সেই উদ্দেশ্যের পিছনে কোন রাজনৈতিক উদ্দেশ্য ছিল কিনা তা আমি আলোচনা করিতে চাইনা। আমি অর্থনৈতিক উদ্দেশ্য ও গ্রাম বাংলার গরীব লোকের অর্থনৈতিক অবস্থার উন্নতি করবার জন্য যে সব প্রচেষ্টা সুরু হয়েছে সেটা আজ কেউ অস্বীকার করতে পারেন না। এর সঙ্গে রাজনৈতিক অবস্থা জড়িত ছিল। সমস্ত গরীব মানুষের উপকার করবার জন্য জমির বণ্টন ব্যবস্থার মধ্যে তার সংস্কার করবার কথা বলা হয়েছে। মাননীয় বিশ্বনাথ বাবু উল্লেখ করে বলেছেন যে আমার প্রারম্ভিক ভাষণে আমি কৃষক আন্দোলনের নিন্দা করেছি। এটা ঠিক নয়। হিংসার দ্বারা কোন বে-আইন কার্য্যকলাপ তার নিন্দা করা উচিত ; যদি কোনো জমি রিটার্ণ হয়ে থাকে আইনের আশ্রয় না নিয়ে অশান্তি করবার পরিকল্পনা থাকলে তার আমরা নিন্দা করবো এবং আমরা এর প্রতিবাদ করেছি। গণতন্ত্রে বিশ্বাসী

দল মাত্রেই তারা শান্তির মাধ্যমে পরিবর্তন আনবার চেষ্টা করবেন। নিশ্চয়ই সেটাই শ্রেয় পথ। আমরা বে-আইনি কার্য্য কলাপকে প্রশ্রয় দিতে পারিনা। আমরা নিশ্চয়ই এসব ঘটতে দিতে পারিনা যেটা নাকি বে-আইনি হয়ে পড়বে। আমরা বিশ্বাস করি আইনের মাধ্যমে ভুমিসংস্কারের মত জটিল জিনিষও করা সম্ভব, তার পরিবর্তন করা সম্ভব, এবং আমরা সেই দিক থেকে এগিয়ে নিয়ে যেতে চাই। পুরাতন কালে কি হয়েছে তার কৈফিয়ত দিতে দাঁড়াইনি বা তিন মাসের মধ্যে কতটা করেছি তাও আমি বলছি না; আমরা যে সমস্ত পরিকল্পনা নিয়েছি ভবিষ্যতে কি হবে তারই ইঙ্গিত দেওয়া দরকার। এই কথা অত্যন্ত জোর করে বলতে চাই যদি কোন জোতদারকে তার ন্যায়সঙ্গত জমি থেকে উচ্ছেদ করা হয়ে থাকে—এই ন্যায়সঙ্গত কথার উপর আমি অত্যন্ত জোর দিচ্ছি এই জন্য কারণ আমি জানি বা আমাদের কাছে এইরকম খবর আছে যে অল্প জমির মালিক ৫/৭ বিঘা জমির মালিক সেই কৃষক তিনি কি জমি থেকে উচ্ছেদ হননি? তাদের কি বে-আইনি ভাবে জমি থেকে উচ্ছেদ করা হয়নি? যারা একজন বর্গাদার ছিলেন আর একজন বর্গাদার তাকে জোর করে উচ্ছেদ করে দিয়েছে। কেউ বলতে পারেন একজন ন্যায়সঙ্গত বর্গাদার বৎসরের পর বৎসর যে গরীব বর্গাদার চাষ করে আসছে সে বর্গাদারের উচ্ছেদ করা হয়েছে; কিসের জন্য সেই সব কাজ করা হয়েছে—কোন রাজনৈতিক কারণে? সেইজন্য মাননীয় সদস্যদের আমি বার বার বলেছি যে কোন রাজনৈতিক কারণে উচ্ছেদ এই সব থেকে আমি অনেক দূরে সরে থাকতে চাই। আমি কেবলমাত্র আমার আলোচনা সীমাবদ্ধ রাখতে চাই যদি কোন রাজনৈতিক উদ্দেশ্য বা অভিসন্ধি থেকে থাকে আমি বলবো গরীব ঐ বর্গাদার যারা রয়েছে, ৫/৭ বিঘা জোতের মালিক তাদের উপর যেন কোন রাজনৈতিক পরিকল্পনা খাটানো না হয়, এই অনুরোধ আমি বারবার করছি।

কী রকম ভাবে জমি নিয়ে গণ্ডগোল হয়েছে! হয়নি? বড় বড় জোতদার, বেনামী ভুমিচোর রয়েছে, কিছুতেই আইন তাদের ক্ষমা করবে না। Big rayat যারা রয়েছে তাদের কেস আমরা হাতে নিয়েছি। আমরা জানি দেরী হচ্ছে কিছু। একথা কি কেউ অস্বীকার করবেন আন্দোলনের নামে যে ছোট ছোট বর্গাদার ছিল, তাদের উচ্ছেদ করা হয়েছে? এটা সকলে স্বীকার করবেন আন্দোলনের নামে ৫ ৬ বিঘা জমির মালিককে জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। আমি তারই নিন্দা করেছি আর কিছু নয়। যে কৃষক আন্দোলন চলছে তা চলবে। আমি চাই আন্দোলন যেন আইনকে রক্ষা করে করা হয়। আপনারা আমরা আজ গণতান্ত্রিক মোর্চায় এসে দাঁড়িয়েছি আইনকে স্বীকার করে নেবার জন্য, গণতান্ত্রিক ব্যবস্থাকে ও গণতন্ত্রকে রক্ষা করবার জন্য। তবে আন্দোলনের ইতিহাস যেন আইনের অক্ষরে লেখা থাকে, অন্যথায় তাকে আমরা সমর্থন করতে পারবো না। তাই জন্য বলছি জমির কেন্দ্রীভবন নিশ্চয়ই দূর করা উচিত। তার জন্য Estate Acquistion Act-এর individual ceiling যা রাখা হয়েছে তা আরো কমান হয়েছে। যাতে করে এই জমির কেন্দ্রীভবন কমান যায়। এইসব করবার জন্য অনেক বাধাবিঘ্নের সম্মুখীন হতে হয়েছে সে বিষয়ে সন্দেহ নাই। তার কারণ হচ্ছে কি? আবদুল বারি বিশ্বাস ও অন্যান্য আরো অনেকে বলেছেন রেকর্ড অব রাইটসের কথা বলেছেন। এই record of rights আধুনিক হাল ফিলে record না পাওয়ার জন্য এইসব হচ্ছে। আপনারা এই খতিয়ানের দিকে লক্ষ্য করুন। একটা খতিয়ানে এক বিঘা, দু-বিঘা, তিন বিঘা জমি থাকতে পারে, একই খতিয়ানে ১০/১৫ জন রায়ত থাকতে পারে। সেখানে তাদের উত্তরাধিকারী একশো, দেড়শো জনও থাকতে পারে। আবার একজন রায়তের ১৫টি খতিয়ানও থাকতে পারে। সেখানে তার কিছু কিছু করে জমি থাকতে পারে। এ এক কঠিন, ভীষণ জটিল ব্যাপার। নানাভাবে এই record of rights ছড়ান রয়েছে, তা এক জায়গায় করা যে কত কঠিন—

তা আপনারা উপলব্ধি করতে পারেন। আপনারা যা বললেন আমাদের এই রেকর্ড অব রাইটস্ up to date করতে হবে। তার জন্য অনেকে ইঙ্গিত দিয়েছেন—তা স্বীকার করি। এর জন্য আজ এক বিপুল টাকার অংক ব্যয় হবে। কিন্তু এখন আমাদের রাজকোষ থেকে এই অর্থ পাওয়া যাচ্ছে না বলে মাত্র ৫টি জেলায় এটা করতে হচ্ছে। আমরা তিনটি জেলায় কাজ শুরু করে দিয়েছি। ভারত সরকার চান দার্জিলিং, মুর্শিদাবাদ ও পশ্চিম দিনাজপুর এর record of right তাড়াতাড়ি up to date হোক। marginal farmers, small farmers একটা স্কীম শুরু হয়েছে। এর জন্য ভারত সরকার আমাদের ৫০ লক্ষ টাকা দিয়েছেন। আরো দুটো জেলার কাজ হাতে নেব অর্থ সংস্থান হলে পরে। তাড়াতাড়ি একসঙ্গে সর্বত্র এই কাজ করতে পারলে সুখী হতাম। কিন্তু তা এখনই সম্ভব হচ্ছে না। ফ্যামিলী লিলিং-এর ব্যাপারটা ঠিক করা আরও দরকার। সত্যি সত্যি যতদিন এই রেকর্ড ঠিক না হবে, ততদিন মুস্কিল হবে। তার জন্য আমরা একটা ছোট্ট পরিকল্পনা'র কাজ হাতে নিয়েছি। আমাদের তহশীলদাররা বাড়ীতে বাড়ীতে গিয়ে তাদের up to date information নেবে partition হলো কিনা, সদস্যদের নামের পরিবর্তন ইত্যাদি ব্যাপারে। তারা সেই সংবাদ ও তথ্য সংগ্রহ করে নিয়ে আসবেন। যারা রায়ত রয়েছে তাদের বাড়ীতে গিয়ে বিশেষ একটা ফর্মে সেই সব সংবাদ সংগ্রহ করবেন, তবে সেটা Record of rights-এর মত তত্‍টা বিশ্বাসযোগ্য হবে না। অনেক থানার অনেক data এর দ্বারা আমরা পেতে পারবো এবং তার উপর নির্ভর করে আমরা এগিয়ে যেতে পারবো।

জমি একত্রীকরণ করে সমবায় প্রথায় চাষ করা খুব ভাল কথা? তবে যদি এক সঙ্গে জমি কনসোলিডেট করা হয়। কিন্তু সেখানে নানা বাস্তব বাধা রয়েছে। আমি সেই বাধার কথা স্মরণ করিয়ে দিতে চাই। আর এই জন্যই বারি সাহেব যে ঐ তিন মাস সময়ের কথা বলেছেন তাতে এটা করা যাচ্ছে না। এর জন্য নিশ্চয় অনেক সময় লাগবে প্রস্তুত হতে। তারপর আপনারা যে যে সমস্যার কথা তুলে ধরেছেন সেই সমস্ত সমস্যার কথা আমরা চিন্তা করেছি এবং করবো যাতে সেগুলি দূরীকরণ করা যায়—আইনের মাধ্যমে নিরাকরণ করা যায়। এ সম্বন্ধে আলোচনা চলছে। আমরা প্রস্তুত হচ্ছি ধীরে ধীরে। আমি আর বিশেষ সময় নেবো না। আপনারা যা বলেছেন নিশ্চয় তা আমার স্মরণে থাকবে। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের অনুরোধ করছি যে, যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছি তা যেন তাঁরা সমর্থন করেন।

**Mr. Deputy Speaker** : All the cut motions have not been moved.

The motion of Shri Gurupada Khan that a snm of Rs. 11,86,89,000 be granted for expenditure under Grant No. 2, Major Heads : "9-Land Revenue, 76-Other Miscellaneous Compensations and Assignments, and 92-Payment of Compensation to Land-holder, etc., on the abolition of the Zamindari System," was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-23 p.m. till 1 p.m. on Saturday, the 8th July, 1972, at the Assembly House, Calcutta

## ?roceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the h July, 1972 at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAZUMDAR ) in the Chair, 15 inisters, 9 Ministers of State, 5 Deputy Ministers, and 151 Members.

### Oath or Affirmation of Allegiance.

?0—1-10 p.m.]

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not yet made Oath or Affirmation of Allegiance, you may kindly do so.

(There was none to take Oath)

### Calling Attention to a matter of urgent public importance.

**Mr. Speaker** : I have received one notice of Calling Attention on the ject of supply of boiled rice and checking of ghost ration cards in villages m Shri Mohammad Dedar Baksh. Hon'ble Minister-in-charge will ase make a statement to-day, if possible, or give a date for the ne.

**Shri Bholanath Sen :** On Tuesday.

### Mention Cases.

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে একটা গুরুত্বপুর্ণ বিষয় নার মাধ্যমে এই হাউসের কাছে রাখছি। আমাদের বাঁকুড়া জেলা আজ একটা সংকটে পড়েছে। হচ্ছে কুষ্ঠরুগীদের নিয়ে। আজ তারা সমাজে সব চেয়ে অবহেলিত, নির্ষাতিত এবং এই গীদের আজ সমাজে স্থান নেই। আমি জানি এই কুষ্ঠ ব্যাধিগ্রস্ত তারা স্বাধীন নাগরিকের মধ্যে । কিন্তু নাগরিক বলে আমরা তাদের স্বীকৃতি দিই। কিন্তু তাদের জীবন-জীবিকার কি অবস্থা ছ ? আমি অন্তত সেখানে দেখেছি তারা সেখানে দারুন ভাবে নির্ষাতিত হচ্ছে। সেখানে একটা পাতাল আছে তার নাম হচ্ছে গৌরীপুর লেপ্রোসী সেণ্টার। এখানে কিছু সংখ্যক চিকিৎসার াগ পায়। সেখানে পশ্চিমবঙ্গ তো বটেই, সারা ভারতবর্ষের রুগী যায়। আর একটা জায়গায় া যায় সেটা মিশনারীদের পরিচালিত। সেটা আমাদের ওখান থেকে কয়েক মাইল দূরে বদ্রাপুরে। মিশনারীরা বন্ধ করে দিচ্ছে। এটা বন্ধ করে দিলে এখানে যে রোগীরা চিকিৎসার সুযোগ তেন তারা সুযোগ থেকে বঞ্চিত হবেন। কুষ্ঠরোগীরা চিকিৎসার পর যারা আরোগ্য লাভ করে দর নিজের বাড়ীতেও নিতে চায় না।

সমাজ বা বাড়ী বা কোথাও তাদের স্থান নেই। এদের মধ্যে দেখা যায় অনেক শি আছেন—লেখক, ডাক্তার আছেন। আজকে তারা নিজের পায়ে দাঁড়িয়ে বাঁচতে চায়, তাদের বাঁ অধিকার আছে, কিন্তু আমাদের সমাজ তাদের বঞ্চিত করছে। তাছাড়া স্যার, যারা নেগেটিভ যায় শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত পরিবারের তাদের দেখা যায় শনিবার এবং রবিবার বাঁকুড়ার রা রাস্তায় ভিক্ষা করছে। স্যার, আপনি বাঁকুড়ার কথা জানেন, সেটা খরা অঞ্চল। কাজেই সেখ ভিক্ষা দেওয়াও কষ্টকর। সুতরাং সেইসব কুষ্ঠরোগীদের পুনর্বাসনের জন্য সরকারের চিন্তা উচিত। এই প্রসঙ্গে আমি বলব, সেখানে শরণার্থীদের জন্য যে ক্যাম্প হয়েছিল কাশারবানীতে যে থেকে শরণার্থীরা চলে যাওয়ায় সেটা পড়ে রয়েছে। সেখানে এই কুষ্ঠরোগী যারা অবহেলিত তা যেন পুনর্বাসনের ব্যবস্থা করা হয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, একটি জরুরী বিষয়ের প্র আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল মহকুমাতে কাল্লা সেন্ট্রা হসপিটাল বলে একটা হাসপাতাল আছে। সেখানে ৫৫০টি বেড আছে। তার মধ্যে ১০০টি বে একটি টি, বি ওয়ার্ড আছে। তাছাড়া একমাত্র পশ্চিমবঙ্গের পি, জি হসপিট্যালে যে ব্যবস্থা আ সেখানে সেই ব্যবস্থা আছে অর্থাৎ সেখানে টেলিভিশান, এক্সরে করার ব্যবস্থা আছে। তা ছ সেখানে ক্যানসারের চিকিৎসাও হয়। কিন্তু স্যার দুঃখের বিষয়, গ্রামের লোকেরা সেখানে চিকিৎ সুযোগ পায় না, একমাত্র কোলিয়ারির শ্রমিকরা ছাড়া। কোল মাইন ওয়েলফেয়ার অর্গানাইজে বলে একটি সংস্থা ঐ হাসপাতালটি চালান এবং তারা প্রায় ৫০।৬০ লক্ষ টাকা অনুদান দেন। ি এটা আরো বেশী হওয়া উচিত, এক কোটি টাকা হওয়া উচিত। স্যার, পার্শ্ববর্তী রাজ্য বিহ সেখানে বিহার সরকারের হস্তক্ষেপের ফলে সেখানকার হাসপাতাল ১॥ কোটি টাকা বছরে পায় ি এই হাসপাতাল মাত্র ৫০।৬০ লক্ষ টাকা পায়। বিহার সরকার ধানবাদে একটি মেডিক্যাল ক করবার জন্য ব্যবস্থা নিয়েছেন কিন্তু এখানেও একটি মেডিক্যাল কলেজ হতে পারে আর তার পশ্চিমবঙ্গ সরকারকে খুব বেশী অতিরিক্ত ব্যয়ভার বহন করতে হবে না। কাজেই এখানে এ মেডিক্যাল কলেজ হওয়া দরকার। ঐ বিরাট হাসপাতালে আসানসোল মহকুমার ৫ লক্ষ গ্রা লোকেরা যাতে চিকিৎসার সুযোগ পায় এবং তার যাতে সুব্যবস্থা হয় সেদিকে আমি মন্ত্রী মহাশয়ের আকর্ষণ করছি। কেন না স্যার, আসানসোল মহকুমাতে কোন প্রাথমিক বা সহায়ক স্বাস্থ্যে নেই। দীর্ঘ ৫ বছর চিৎকার করলেও আজ পর্যন্ত প্রাথমিক বা সহায়ক স্বাস্থ্যকেন্দ্র সরকার স্থ করতে পারেন নি।

**শ্রীরাধারমণ সাহাঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিম বাংলার তাঁতশিল্পের প্রাণকেন্দ্র নবদ্বী প্রায় ৮০ হাজার তাঁত শ্রমিকের চরম দুর্দশা উপস্থিত হয়েছে। ঐ শিল্পের উপর নির্ভরশীল ওখানক প্রায় ১ লক্ষ ২৫ হাজার মানুষের এবং বাংলাদেশের তাঁত শিল্পতে এক শোচনীয় পরিস্থিতি দিয়েছে। এর প্রধান কারণ তিনটি। প্রথম হচ্ছে, সরকারী সরবরাহ বা সরকারী ব্যবস্থাপনায় সরবরাহের অপ্রাচুর্য্য, দ্বিতীয়তঃ ব্যাপক বন্যায় তাঁতের যন্ত্রপাতি নষ্ট হয়ে যাওয়া এবং তৃতীয়তঃ বর্ত বছরের খরাজনিত পরিস্থিতি।

**মিঃ স্পীকারঃ** Mr. Saha, please take your seat.

**শ্রীরাধারমণ সাহাঃ** আমি মনে করি নবদ্বীপের এই তাঁতশিল্প গ্রাম বাংলার ঐতিহ্য শিল্প, একে রক্ষা করার দায়িত্ব এবং কর্তব্য সরকারের। তাই আমি আবেদন করবো।

অবিলম্বে সরকারী ব্যবস্থাপনায় সুতা সরবরাহ করা হয় এবং যন্ত্রপাতি কেনার জন্য যেন গ্রান্ট বা লোনের ব্যবস্থা করা হয়।

**Mr. Speaker** : Mr. Saha, when I am on my legs you must take your seat. You must know parliamentary etiquette. Now I call upon Shri Ram Krishna Bar.

[1-10—1-20 p.m.]

**শ্রীরামকৃষ্ণ বর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামবাংলার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির কি যে অবস্থা হয়েছে সে সম্বন্ধে একটি চিত্র আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে তুলে ধরছি। ২৪-পরগণা জেলার বিষ্ণুপুর থানার আমগাছিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আমি কয়েকদিন আগে পরিদর্শন করতে গিয়ে দেখলাম ১০০।১৫০ জন রোগী ডাক্তারবাবুকে ঘিরে ধরে আছে এবং ডাক্তারবাবু নিজেই খাতায় লিখে সেই রোগীদের ঔষধপত্র দিচ্ছেন। সেখানে কয়েকটি রোগী অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়ে আছে এবং তাদের বিছানাপত্র অত্যন্ত নোংরা। ডাক্তারবাবুকে জিজ্ঞাসা করায় তিনি বললেন যে প্রায় ৬।৭ মাস যাবৎ সেই চিকিৎসাকেন্দ্রে কোন ক্লার্ক নেই এবং তাঁর সরকারী চিকিৎসক সেখানে নেই এবং হাসপাতালের কাছাকাছি কোন ধোপা নেই যার জন্য নোংরা বিছানাপত্র পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সম্ভব হচ্ছে না। তিনি আরো বললেন যে ঐ স্বাস্থ্যকেন্দ্রে প্রায় ৬ মাস যাবৎ একজনও নার্স নেই এবং সময় মত তিনি ঔষধপত্র পান না এবং রোগীদের পথ্যের জন্য ডায়মণ্ড হারবারের একজন কনট্রাকটরের উপর দায়িত্ব দেওয়া আছে, তিনি যথা সময়ে রোগীদের খাদ্য সরবরাহ করেন না। তিনি আরো বললেন রোগীরা কোনদিন মাছ, দুধ পায় না। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এটার প্রতিকার করার জন্য।

**শ্রীমহম্মদ দেদার বক্স** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপুর্ণ বিষয়ের প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম বাংলার মৎস্যজীবীদের অবস্থা অত্যন্ত ভয়াবহ। গত বন্যায় অধিকাংশ মৎস্যজীবী তাদের বাড়ী ঘর হারিয়েছেন। তাদের শিল্পে যে অনুদান দেওয়া হয়েছে তাতে খোঁজ নিয়ে দেখেছি বিশেষ করে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানায় মৎস্যজীবীরা একটি পয়সাও শিল্প অনুদান হিসাবে পায়নি। এর জন্য যে লোন দেওয়া হয় সেই লোনটি তাদের দেওয়া হয়নি। অন্যান্য লোন তারা পাবার যোগ্য নয়। কেননা, কৃষিঋণ বা গরু ক্রয়ের জন্য যে ঋণ দেওয়া হয় তাদের জমি-জমা নেই বলে সেই ঋণ দেওয়া হয় না। সুতরাং এখন তাদের জীবিকা নিবাহ করা অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। এখন তাদের মাছের পোনা ধরা চলছে এবং এই অবস্থায় তাদের যদি টাকা পয়সা না থাকে তাহলে তারা জাল ও অন্যান্য যেসব জিনিস দরকার সেগুলি ক্রয় করতে পারছেন না। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সে বিষয়ে যেন অতি সত্বর ব্যবস্থা গ্রহণ করা হয়, তা নাহলে তারা অনাহারে, অর্দ্ধাহারে থাকতে বাধ্য হবেন।

**শ্রীবাসুদেব হাজরা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপুর্ণ বিষয় আপনার মাধ্যমে হাউসের মাননীয় সদস্যদের অবগতির জন্য উত্থাপন করতে চাই। হুগলী জেলার অন্তর্গত খানাকুল থানার বাঁকানগর হানাটি বহুদিন ধরে অকেজো অবস্থায় পড়ে রয়েছে। এই হানাটি বাঁধ ও খনন করার জন্য মিনিষ্টার লেবেল পর্য্যন্ত অনেক অনুনয় বিনয় করা সত্বেও আজ পর্য্যন্ত সেই হানাটি বাঁধার কোনরকম প্রচেষ্টা দেখতে পাচ্ছি না। গতকাল ইরিগেসন মিনিষ্টারের সঙ্গে দেখা

করে যে অভিজ্ঞতা হয়েছে তাতে আমি খুব হতাশ হয়েছি। তিনি বললেন তাঁর মাননী সেক্রেটারীর সঙ্গে দেখা করতে। তিনি বললেন আমাদের টাকা নেই, এই হানাটি বাঁধতে পা না। আমাদের এই সরকার ৩ থেকে ৪ মাস গঠিত হয়েছে, এর মধ্যেই যদি বলতে থাকে আমাদের টাকা নেই, আমরা গঠনমূলক কাজ করতে পারছি না, তাহলে আমরা আরো ব কাজ কিভাবে করবো, বেকার যুবকদের চাকুরী কিভাবে দেব সেটা ভাবতে পারছি না। আম গঠনমূলক কাজ যে কিভাবে করবো সেটা চিন্তা করতে পারছি না। হাজার হাজার একর চাষের জ অযোগ্য হয়ে পড়বে, এটা বাঁধা না হলে। আর ১৫।২০ দিন বাদে বন্যা আসবে, সেখানকার মানুষদে দুর্দশার আর অন্ত থাকবে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে অনুরো করছি তিনি যেন অবিলম্বে এর প্রতিকারের ব্যবস্থা করেন। এই বলে আমি আমার বক্ত শেষ করছি।

**শ্রীশচীনন্দন সাহুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বীরভূম জেলার একটি অ প্রয়োজনীয় বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। শিউড়িতে কোন Blood Bar নেই। এই বীরভূম জেলার মানুষ অতি দরিদ্র। তাছাড়া এই বীরভূম জেলার রাস্তায় Commu nication অত্যন্ত খারাপ। Railway Communication-এর বীরভূম থেকে direct শিউ থেকে কোন Communication নেই। বাসের তো কোন Communication নেই কলকাতা সঙ্গে যোগাযোগের। এবং রাস্তাঘাটে এক একটি জ্যাম্প, এবং দুর্গম। আমি যখন শিউ বিদ্যাসাগর কলেজে ১৯৬২-৬৩ তে Chinese aggression যে সময় হয়েছিল সেই সময়ে রক্ত দেবা জন্য ছাত্রদের আহ্বান জানান হয়েছিল। তখন থেকে আমি দাবী তুলেছিলাম যে শিউড়িতে এব Blood Bank করতে হবে, সেই Blood Bank-এর জন্য সমর্থন জানিয়েছিলেন Congre Coalition Ministry যখন ছিলো। আজ পর্য্যন্ত সেই Blood Bank হলনা। শিউড়ি Blood Bank-এর এত প্রয়োজন, কারণ সেখানকার মানুষ অতি দরিদ্র; অত্যন্ত গরীব। তাছাড় বীরভূম জেলার বুকে যে ঝঞ্ঝাট লেগেছে, এবং তার জন্য রক্তপাত ঘটে গেছে, কাজেই এর বিশে প্রয়োজন আছে। সেই প্রয়োজনের জন্য আপনার কাছে দাবী রাখছি এবং আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আহ্বান জানাচ্ছি যে অবিলম্বে শিউড়িতে Blood Bank স্থাপন করুন।

**শ্রীনরেশ চন্দ্র চাকীঃ** শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলাকে যে সমস্যা দারু ভাবে পীড়া দিচ্ছে, সেই সমস্যার সম্বন্ধে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে বর্তমান পশ্চিমবাংলায় ভ্রান্ত শিক্ষা পদ্ধতি এবং ভ্রান্ত পরীক্ষা পদ্ধতি। আজকে আমাদে স্কুল কলেজে ছাত্রছাত্রীরা পড়তে যায়। তারা সেখানে গিয়ে দারুনভাবে নকল করে, শিক্ষকদে শ্রদ্ধা করে না। সেই সব ছেলেমেয়েরা লেখাপড়া শিখে অফিসে অফিসার হয়। তারা গিয়ে ঘু খায়, ব্যবসা করতে যায়, Black Market করে। আজকে যদি আপনাদের শিক্ষা পদ্ধতির দ্বার ছেলেমেয়েদের মধ্যে বিন্দুমাত্র moral sense বা নীতিবোধ জেগে উঠছে না; যার ফলে আজকে স্কুল কলেজে আগুন লাগান, ভাঙ্গাচোরা করা ছাড়া অন্য পথ দেখতে পাচ্ছে না এবং শুধু তাই নয় সব থেকে যেটা বেদনার বিষয়, শিক্ষকদের বেদনার বিষয়, সেটা হচ্ছে এই আমাদের পশ্চিম বাংলায় ভারতবর্ষের মধ্যে যেখানে প্রথম স্থান ছিল Competitive Examination এর ব্যাপারে আজকে সেই পশ্চিমবাংলার স্থান সমস্ত ভারতবর্ষের মধ্যে Competitive Examinationএর ক্ষেত্রে অত্যন্ত নীচু স্তরে বোধ হয় একাদশ কি দ্বাদশ স্থানে নেমে গেছে ভারতের বিভিন্ন Competitive Examinationএর ক্ষেত্রে। তাই এ যে শিক্ষাপদ্ধতি, তার আমূল সংস্কার করা দরকার এবং এ

সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো তিনি এই ব্যাপারে একটা Committee নিয়োগ করুন, যাতে সেই Committee বিভিন্ন বিষয়ে ঘুরে যে report দেবেন সেই ভাবে এই সমস্যার আমূল পরিবর্ত্তন করে সমাধান করার ব্যবস্থা খুঁজুন।

**শ্রীশিশির কুমার সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সেই সঙ্গে P. W. Department-এর মন্ত্রী মহাশয়ের কাছে একটা গুরুত্বপূর্ণ ঘটনার কথা তুলে ধরতে চাই। হাওড়া জেলার শ্যামপুর থানায় ৪টি স্বাস্থ্যকেন্দ্র হচ্ছে। সেখানে সরকার নূতন নূতন স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেছেন। সেখানে করলে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র দীর্ঘদিন ধরে স্থাপিত হয়েছে এবং চলছে সেই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির ছাদ এবং ঘর প্রায় পড়ে যাবার মত অবস্থা হয়েছে। সেই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলি বর্ষার সময় ছাদ দিয়ে জল পড়ে এবং জল পড়ার সঙ্গে সঙ্গে এক একটা বেড ঘরে নিয়ে গিয়ে আর একটা ঘরে স্থানান্তরিত করতে হচ্ছে। এই ভাবে স্বাস্থ্যকেন্দ্রগুলি চলছে। সেজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং P. W. Departmentএর মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি যে অবিলম্বে গ্রামের এই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রগুলি, যেগুলি ঝরে পড়েছে, সেখানে রুগীদের বর্ষার সঙ্গে সঙ্গে এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তরিত করতে হচ্ছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই যে অবিলম্বে এই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রকে নূতন ভাবে নির্মাণ করে সেই গ্রামের রুগীদের এই অভাব মোচনের জন্য তার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই পশ্চিমবাংলায় আগে হাজারে দুই জন করে gratuitous relief দেওয়া হত যখন চারিদিকে খরা দেখা দিত এবং গ্রামের অবস্থা তথা পশ্চিমবাংলার অবস্থা সঙ্গীন হল তখন আমাদের সরকার শতকরা ২·৫ ভাগ লোককে G. R. দেবার আদেশ দিলেন। এখন স্যার, জানতে পারা গেল যে শতকরা ২·৫ ভাগ থেকে কমিয়ে শতকরা এক জনকে দেবার আদেশ দেওয়া হয়েছে। আপনি জানেন স্যার, যে আমরা G. R.এর অঙ্ক কমাচ্ছি—আমি বলছি না যে G. R এর অঙ্ক বাড়িয়ে দিয়ে গ্রামের মানুষকে ভিক্ষুক করে তোলা হোক কিম্বা ভিক্ষাবৃত্তির দিকে এগিয়ে দেওয়া হোক। কিন্তু আমি বলতে চাচ্ছি যে গ্রামের মানুষের এই অবস্থার পরিপ্রেক্ষিতে G. R.এর অঙ্ক বাড়ান হয়েছিল। আজকে কিন্তু তার পরিবর্ত্তন ঘটলো। এই সেদিন হঠাৎ খরা চলে গেল এবং তার সঙ্গে সঙ্গে এমনি একটা order চলে গেল।

[1-20—1-30 p.m.]

আমার কথা হচ্ছে, এই বিষয় নিয়ে সমস্ত গ্রামগুলোতে, আমাদের পশ্চিমবাংলার গ্রাম জীবনে একটা অসহায় পরিবেশের সৃষ্টি হয়েছে। মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় এখানে আছেন, আমি তাঁর কাছে অনুরোধ করছি, আপনি অন্ততঃ পক্ষে এই মাসটা, অর্থাৎ আরও দুটো ফর্টনাইট, ১৫ দিন অন্তর তো একবার করে জি, আর, দেন, এবং এক একটা অঞ্চলে হাজার, ১০ হাজার, ১২ হাজার, ১৫ হাজার করে লোক আছে। ১০ হাজার লোকের অঞ্চলের ২৫০ জন লোককে আপনারা জি, আর, দেন। এই ২৫০ জন লোক এখনও কমে যায় নি। গ্রামে হয়তো চাষ লেগেছে এবং কিছু কিছু লোক মুনিষ খাটতে পারছে, তার জন্য জি, আর, কমানো যেতে পারে। কিন্তু জি, আর, কমানো আজকের দিনে অযৌক্তিক হচ্ছে। তাই ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, অন্ততঃ এটা আপনি পুনর্বিবেচনা করে যে শতকরা ২·৫ ভাগ ছিল সেটা অন্ততঃ পক্ষে আরও এক মাসের জন্য বহাল থাকে তার ব্যবস্থা করবেন।

**শ্রীনীরোদ কুমার সাহা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার জয়নগর মিউনিসিপ্যালীটির একটা দুরবস্থার কথা তুলে ধরছি। আমাদের এই জয়নগর মিউনিসিপ্যালিটিতে, আজকের দিনে যখন চারিদিকে উন্নতি ঘটছে, সেখানে আপনি শুনলে আশ্চর্য্য হবেন আজকেও পানীয় জলের অভাবে সেখানকার লোককে পুকুরের জল পান করতে হচ্ছে, সেখানকার লোকেরা এখনও টিউবওয়েল পায়নি। আমার সেই জন্য অনুরোধ ত্রাণমন্ত্রীর কাছে, তিনি যেন এই মিউনিসিপ্যালিটির দিকে দৃষ্টি দেন যাতে সেখানে হয় প্রচুর পরিমাণে টিউবওয়েল দেওয়া হয় আর না হয় ট্যাপওয়াটারের ব্যবস্থা করা হয়। এছাড়া সেখানকার সাধারণ স্যানিটেশন অত্যন্ত দুর্দশাজনক। সেজন্য এদিকে মন্ত্রীমহাশয়কে বিশেষভাবে দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ জানাই। তাছাড়া সেখানকার দুটো বড় প্রতিষ্ঠান, একটা হচ্ছে কো-অপারেটিভ পিপল্‌স ব্যাঙ্ক এবং মার্কেটিং সোসাইটি। এগুলোও অত্যন্ত দুর্দশাগ্রস্ত। তার মধ্যে নানা দুর্নীতি প্রবেশ করেছে। আশা করি কর্তৃপক্ষ এ বিষয়ে সজাগ দৃষ্টি দেবেন এবং ঐ গরীব মিউনিপ্যালিটিকে মনুষ্যবাসোপযোগী একটা সুন্দর নগরে পরিণত করবেন এই দাবী রাখছি।

## VOTING ON DEMANDS FOR GRANTS

**Demand For Grant No.—34**

Major Head : 50—Public Works

and

**Demand For Grant No.—51**

Major Head : 103—Capital Outlay on Public Works.

**Shri Bholanath Sen** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,27,32,000 be granted for expenditure under Grant No. 34, Major Head: "50—Public Works". (This is inclusive of Rs. 5,42,44,000 already voted on account in March, 1972.)

Sir, on the recommendation of the Governor, I also beg to move that a sum of Rs. 9,25,64,000 be granted for expenditure under Grant No. 51, Major Head : '103—Capital Outlay on Public Works." (This is inclusive of Rs. 3,08,55,000 already voted on account in March, 1972.)

Sir, I have already placed before this House demands for grants under Grant No. 34 and Grant No. 51.

The P. W. Deptt. who are entrusted with the construction and maintenance of all Govt. buildings and roads including National Highways as well as maintenance of State protected historical monuments, temples, etc. are concerned with Grant No. 34 and Grant No. 51. All works executed by the P. W. Deptt. fall under the two Major Heads "50—Public Works" and "103—Capital Outlay on Public Works".

**Grant No. 34 : 50—Public Works**

Original construction works valued up to one lakh rupees and all maintenance works relating to the buildings and roads borne on the books of the P. W. Deptt. are met from the Major Head "50—Public Works". Besides expenditure on all Central Road Funds Works and works of construction of an all-weather road from Bareilly in U. P. to Amingaon in Assam (portion falling within West Bengal) is met from "50—Public Works" Budget. Under the Central Road Fund (Allocation) Programme during the Fourth Plan, seventeen road/bridge projects costing about Rs. 2 crores have been taken up for execution

and the works are in progress. Some of the important schemes are mentioned below :—

(1) Construction of Jalpaiguri bye-pass on Siliguri-Haldibari State Highway at Rs. 10·70 lakhs.

(2) Construction of Silabati bridge on Raniganj-Midnapore road at Rs. 24 lakhs.

(3) Construction of Jalangi bridge at Garaibandh in the border lines of Nadia and Murshidabad districts at Rs. 16·50 lakhs.

An important scheme taken up by the P. W. Deptt. out of the Grant-in-aid from the Govt. of India is the execution of a part of the Lateral Route Project, providing for an all-weather road from Bareilly in U. P. to Amingaon in Assam, parallel to the borders of Nepal and Bhutan for meeting the strategic needs of the area.

The portion of the work falling within West Bengal (9? miles) estimated to cost Rs. 12 crores is nearing completion. For this scheme, a sum of Rs. 59·30 lakhs has been provided for in the current year's budget.

During 1970-71 and 1971-72 the roads in the State were extensively damaged by unprecedented floods necessitating immediate restoration of disrupted communications almost throughout the State. Works of restoration have been taken up on priority basis out of funds provided for the purpose by the Centre to the tune of Rs. 6 crores. Such works of restoration are still in progress.

**Grant No. 51 : 103—Capital Outlay on Public Works**

Cost of all works valued more than Rs. 1 lakh and creating assets having a life of 15 years or more and all development works under the Five-Year Plan are met from the Major Head "103—Capital Outlay on Public Works" A large number of development schemes have been taken up under this head, particularly the works of construction of hospitals, health centres, family-welfare planning centres, educational institutions, indutrial training centres, etc. Besides development works, some important normal works have also been undertaken from the provisions under this head. Residential quarters are being constructed for the police staff all over the State. The jails of West Bengal are being expanded providing better accommodation and amenities to the prisoners and the jails staff. In view of the pressing demand for accommodation in Calcutta for the Members of the Legislature, particularly when the Assembly is in Session and as the capacity of the present M.L.A.s' hostel at 2, Kyd Street, Calcutta, is very limited. it has been decided to construct additional four-storeys over the existing building of the M. L. A.s' hostel at an estimated cost of Rs. 23,85,600 so as to provide additional accommodation consisting of 36 two-roomed family quarters.

The State's Fourth Five-Year Plan for road development work began from 1969-70. Initially, there was a plan outlay of Rs. 42 crores. But with the subsequent slashing down of the plan allocation the outlay has been brought down to Rs. 14·53 crores. This amount is hardly sufficient to complete even half of the containing schemes of the Third Plan period. As a result the scope for the execution of new road schemes has been severely restricted. A sum of

Rs. 4 crores has been provided in the current year's budget for road development works.

In this connection, it may be mantioned that the rural roads constructed in earlier plans are suitable for the purpose of carrying light vehicles and traffic. But under the pressure of heavy traffic of trucks in recent years the condition of these roads is fast deteriorating. Reconstruction of those roads is urgently needed for movement of heavy vehicles of the present day. But paucity of funds stands in the way of improvement of those roads.

In consequence of construction of the Farakka Barrage by the Government of Ind a, 29 miles of N. H. section are being realigned at a cost of Rs. 2·50 crores. Pending completion of the entire road project, roads links at either side of the barrage have been completed in December, 1971. Thus, different districts of North Bengal are now connected with the industrial belt of Calcutta by road.

A new National Highway named as N. H. 41 of 32 miles length from Kolaghat to Haldia is being constructed at a cost of Rs. 3·69 crores, to connect the port of Haldia with Calcutta-Durgapur and Tata-Roukella road. The entire cost of construction is being borne by the Government of India. The work is in progress and 7 road bridges out of 9 have since been completed. Delay in getting possession of land both homestead and arable, stands in the way of rapid progress of work.

A scheme for construction of an expressway of 3½ miles length named as Kona Expressway to connect N. H 6 with second bridge over the river Hooghly is under contemplation of Government. This four laned road will cost Rs. 7 crores. Survey works on the alignment of the road have already been started and the estimate for the project will be prepared soon.

Under the C. M. D. A's programme altogether 11 road and bridge schemes at an estimated cost of Rs. 17 crores within the Calcutta Matropolitan District have been entrusted to the P. W. (Roads) Department for execution. It is expected that 8 projects will be completed during 1972-73.

Another C. M. D. A. Scheme, viz. improvement of traffic condition near Howrah Railway Station was taken up by the Public Works (Roads) Department at a cost of Rs. 2 crores. The object is to direct different types of vehicles to seperate roads, to minimise the crossings of vehicles and to afford facilities of movement to the pedestrians through well-lighted and well-ventilated sub-ways. Construction of two seperate bus stands for Calcutta and Howrah buses as also two sub-ways for movement of pedestrians to and from the Howrah Station to bus stands has been completed. Further work is in progress.

[1-30—1-40 p.m.]

Execution of a number of projects estimated to cost Rs. 10 crores has also been taken up by the P. W. D, out of funds made available by C M. D. A. These Schemes include expansion of all Medical Colleges in Calcutta, construction of Diamond Harbour Road bye-pass, improvement of B. T. Road, etc.

Three major bridges—one over Rasulpur on Tamluk-Contai road in the district of Midnapore, one over the Sutanga at Mathabhanga in the district of Cooch Behar and the other over the Little Rangeet at Simlabazar in Darjeeling district have been completed and opened to traffic this year The bridges over Damodar at Bishnupur, over Bankaselai in the district of Midnapore, over Kunor at Illambazar in the district of Burdwan are expected to be completed this year.

Construction of 106 miles of market link roads at an estimated cost of Rs. 1 crore has been taken up by the Public Works (Roads) Department at the suggestion of the Agriculture and Community Development Department to facilitate communication in the Kangsabati river-basin area. The project is exclusively financed by the Union Govt Expenditure to the tune of Rs. 13 lakhs has already been incurred last year and the current year's expenditure has been estimated at Rs. 36 lakhs. The work is likely to be completed during the 4th Plan period.

Collection of road and building materials like stone metal, stone chips, bitumen and cement is being hampered due to restrictions on movement of railway wagons. This has affected the pace of work to a great extent. The Railways have been moved to allot more wagons for such movement.

There is a provision in the Budget for execution of a number of works relating to preservation of historical monuments. The first volume on Bankura District on the scheme for publication of district-wise books on historical monuments was already published. Similar publications on the three other districts, viz., Purulia, Cooch Behar and Birbhum, are now under preparation.

A nine feet high bronze statue of Kshudiram Basu was unveiled on the 26th January last. Works on the preparation of bronze statues of Raja Ram Mohan Roy and Bankim Chandra Chattopadhyaya are in progress. Action has already been initiated for selection of sculptors for preparation of bronze statues of Saheed Surya Sen and Shri Aurobindo.

In the context of large-scale unemployment among engineers, we have taken certain steps for creating opportunities for self-employment of such engineers. Persons holding degrees and diplomas in engineering are being liberally enlisted as P. W. D. contractors. New enlistment in Class I is being granted by this Department on fulfilment of the condition amongst others that the applicant should employ at least one technical person holding a recognised Engineering degree or diploma. It has also been made obligatory on the part of outside contractors participating in 'open tender' works to employ such technical hands under them. Works up to the value of Rs. 35,000 are being allotted to registered Co-operative Societies of engineers on the basis of competitive tenders, subject to a weightage of 15% over the lowest tender with the benefit of exemption from payment of earnest money. Decision has also been taken to set apart 10% of the group maintenance works for allotment to such Co-operative Societies. Apart from this, Labour Co-operatives can be allotted minor repair and painting works up to Rs. 5,000 and earthworks up to Rs. 20,000 at par with the schedule of rates without deposit of earnest money.

We have a scheme for giving temporary employment in the work-charged establishment to poor and meritorious engineering students and also

general under-graduate students in P. W. D. works during summer and Puja vacations.

With these few words may I now request the House to approve of the Demand already placed by me.

Mr. Speaker, Sir, in the written note which has been circulated I found later on that certain things had to be added. I am reading that for the information of the honourable Members of the House. This is with regard to the roads.

At the end of the Third Plan, the total mileage of roads under the charge of Government in this State, which was only 1,181 miles on the date of partition, rose to 6,312 miles. During the last three annual plans, i. e., 1966 to 1969 this road mileage went up to 6,949 miles.

The Fourth Five-Year Plan (1969-74) which was presented before the Planning Commission, provided for an outlay of which was first slashed down to Rs. 25·15 crores and finally to 14·53 crores from Rs. 42 crores. This year (1972-73) provision is being made for Rs. 4 crores only. It is evident that the scope of road-development has been limited to a very great extent.

It is seen that on complctition of the Fourth Plan the total mileage of roads under Government would not exceed 9,000 miles, against a target of 36,000 miles, as recommended by the All-India Committee of Chief Engineers to be achieved in Twenty Year Plan, that is to say, 1961 to 1981. Past experience has shown that on account of limited financial resources not more than 1500 miles of surfaced roads can be added to the Government's stock at the end of each Five-Year Plan. At this rate of development because of financial limitations some 20 Five-Year Plans, i.e., about 100 years would be required to reach the target set for the year 1981 which aimed at achieving one mile of pucca road per spuare mile in the country, whereas we now have only one-fourth mile of road per square mile.

Most of the roads constructed in the Third Five-Year Plan and afterwards are rural-roads, roads linking village areas with the nearby trunk-roads. There is a great demand of such roads from various quarters. This is reflected in the petitions received so far by me from all districts numbering 900—I received about 900 applications for roads—representing for construction of 3,328 miles of roads approximately. Cost of construction per mile of pucca roads in the rural areas is found to be Rs. 2 50 lakhs, and as such the total amount required to meet this demand would amount to Rs. 73·20 crores and more. It can easily be appreciated that what an amount is needed to meet the modest demand of roads in the rural areas. This is exclusive of the cost of 129 bridges and 26 culverts for which I have also received requests.

The provision made in the 4th Plan, that is 14·53 crores, is even inadequate to meet the cost of completion of 'continuing scheme' of the Third Plan—33 per cent of Third Plan Roads remaining incomplete at the end of the 4th Plan. In order to meet the demands for roads as received from all quarters it is necessary that road-plan outlay should be suitably augmented. In fact, the average spending in the years 1964-65 to 1967-68 on State Roads and bridges alone ranged between Rs. 6 crores and Rs. 4½ crores.

Sir, with these few words I now request the House to approve of the demands already placed by me.

[1-40—1-50 p.m ]

**Mr. Speaker** : I have received altogether 14 cut motions on Grant No. 34 from different honourable Members. But all of them have intimated me in writing that they are not going to move any cut motion. So there is no cut motion on Grant No. 34 or on Grant No. 51. I now call upon Shri Prem Oraon to open the discussion.

**Shri Prem Oraon** :

माननीय स्पीकर महाशय, उत्तर बंगाल के जलपाईगुड़ी में डूआर्स तराई इलाके के बारे में मैंने यहाँ जो इस्तहार देखा हैं, उसमें हमारे इलाके के ग्राम और चाय बगान के रास्तों के विषय कुछ भी पता नहीं है। उस इस्तहार में वहाँ के रास्ता के बारे में कुछ भी उल्लेख नहीं किया गया है। हमारा टाउन मे कोई दुश्मनी नहीं है। लेकिन मेरा ख्याल है कि जब तक ग्राम-बस्ती और चाय बगान नहीं बढ़ेगा, तब तक टाउन-शहर नहीं बढ़ सकता है। टाउन की पुरी उन्नति तभी हो सकती है, जब ग्राम की उन्नति होगी।

उत्तर बंगाल में वृटिश अमल में जो रास्ता बना हुआ था, जो रोड बना हुआ था, उसमें एक रास्ता सिलीगुड़ी से आसाम जाने के लिए एक रोड बना हुआ है। उसके बाद कोई रास्ता आज तक नहीं बन पाया है। उस इलाके में बहुत से छोटे-छोटे रास्ते हैं जिस पर भैसा गाड़ी चलती है किन्तु आब तो बड़ी-बड़ी मोटर गाड़ियाँ हो गई हैं, वे सब गाड़ीयाँ उन रास्तों पर चल नहीं सकती हैं। आगर किसी तरह से चलती भी हैं, तो बरसात के समय उन गाड़ियों का संलिस-डेव्ट हो जाता है। इस सरकार की और से देख-भाल करने का कोई इन्तजाम नहीं है। सरकार ने ईस ओर अभी तक नजर नहीं दी है। लेकिन आब मैं आशा करताहूं कि उत्तर बंगाल के रास्तों का निर्माण अवश्य होगा क्यों कि आब हमारे यहाँ प्रगतिशील-गणतांत्रिक मोर्चा की सरकार है। साथही हम सभी लोग कंधे से कंधा मिला कर चलने के लिये तैयार हैं। इस इस्तहार में २६ करोड़ जो रुपया रखा गया है, उससे आशा करताहूं कि हमारे इलाके के ग्रामों के लिये और चाय बगानों के लिए काम अवश्य गा।

माननीय स्पीकर महाशय, मैं एकबात की ओर माननीय मंत्री महोदय का यान आकृष्ट करता चाहता हूं, वह यह है कि नागरा काटा और मेटली ब्रिजके ेए सात लाख रुपया सेन्सन हुआ था, लेकिन वह रुपया काम में नहीं लगाया

गया और वापस कर दिया गया। उस इलाके के ४० हजार शृमिकों को अ पाबलीक को उस पुल न बनने से बड़ी तकलीफ उठति पड़ती है। पश्चिम नवा नदी है, पूरब की तरफ में मोती नदी है। गौरी बस जाने के लि लोगों कों उस जगह पर बड़ी तकलीफ उठाती पड़ती है। नाव चल नहीं सकत है। बरसात में पानी बढ़ जाने से जो लोग आते जाते हैं, उनमें साल २-४ बह जाते हैं। इसलिए मैं कहना चाहता हूं कि जल्दीसे जल्दी रुपया सेन्स करके ब्रिज बनाने का इन्तजाम करना चाहिए। ताकि उस इलाके के शृमिक और निवासियों को सुविधा मिल सके। चिलकर-जगह बरबाँध बनाने के लिए तुरन्त इन्तजाम होना चाहिए क्यों कि उधर आजतक सरकारकी नजर ननीं गई।

एक मजे की बात यह है कि सारी दुनियाँ की चाय की पत्ती देकर चाय शृमिक दुनियाँ का उपकार करता है, मगर सरकार उन शृमिकों की उन्नति के लिए कुछभी नहीं करती है। चाय बगान की पत्ती सारी दुनियाँ के देशों में जाती है, उससे हमारे देश को लाभ होता है इसलिए चाय बगान के शृमिकों की सुविधा के लिए सरकार को फौरन इन्तजाम करना चाहिए। नागराब्रिज और कूमायूं ब्रिजके बनानेके लिए मैं सरकार से आवेदन करताहूं।

मैं आशा करताहूं कि यह प्रगतिशील और गणतांत्रिक मोर्चे की सरकार सारे बंगाल के किसानों और शृमिकों की भलाई का काम जरूर करेगी क्यों कि यहाँ के किसान और शृमिक कंधे से कंधा मिलाकर, यहाँ खतरनाक समय आया था, उसे हटाया है। उन लोगों ने यह आशा की है कि उनकी उन्नति के लिये जो सरकार आई है, वह आज काम करेगी। इसलिए इस सरकार को किसानों और शृमिकों की तकलीफों को दूर करने इन्तजाम करना चाहिए। जहाँ पर रास्ता नहीं है, वहाँ रास्ता फौरन बनाना चाहिए, जहाँ ब्रिज नहीं बना है, वहाँ ब्रिज जल्दसे जल्द बनाना चाहिए।

मैं आशा करता हूं कि यह प्रगतिशील सरकार कूमायूं ब्रिजको बनाने की मंजूरी देगी। यहोलकर मैं आपना भाषण समाप्त करता हू।

**শ্রীনির্মলচন্দ্র সিন্‌হা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পাবলিক ওয়ার্কস ডিমাণ্ডের উপর মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন সে সম্পর্কে কিছু বলতে চাই। আমি মূলতঃ গ্রামাঞ্চলের রাস্তা ঘাট সম্পর্কেকিছু বলব। আমরা যারা গ্রামাঞ্চল থেকে এখানে নির্বাচিত হয়ে এসেছি তাদের সকলের অভিজ্ঞতা আছে যে কি দুর্গতির মধ্যে গ্রামের মানুষকে নিকটবর্তী

৫।৬।৭ মাইল হেঁটে শহর বা বাজারে যেতে হয়। এমন অনেক জায়গা আছে এই বর্ষা আরম্ভ হলে তারা সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে যাবে। যেমন আমার কনস্টিটিউয়েন্সির ভিতরে বলছি আহমদপুর বাজারে আসতে হলে ধামার বলে একটা অঞ্চল আছে সেখানকার মানুষ সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে যাবে। তেমনি মহাবেড অঞ্চল আছে সেখানকার মানুষ একদিকে লাভপুর আর একদিকে আহমদপুর বাজার সম্পূর্ণ ভাবে তাদের কাছে বিচ্ছিন্ন হয়ে যাবে। মাঝখানে কোপাই নদী, রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত খারাপ, সাঁকো বলতে কিছুই সেখানে নেই। সেখানকার মানুষ দীর্ঘদিন ধরে সাঁকোর জন্য, ব্রীজের জন্য আবেদন নিবেদন করে এসেছেন কিন্তু আজ পর্যান্ত কিছুই হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আহমেদপুরে যে স্তাশানাল সুগার মিল আছে তার মাইল খানেক দূরে কোপাই ঘাট বলে ঐ বক্রেশ্বর নদীর কাছে সাঁকো তৈরী করার জন্য কয়েক বছর ধরে মাল মশলা প্রচুর জমা হয়ে পড়ে আছে। জানিনা আজ পর্য্যন্ত সেখানকার মাল মশলাগুলি কেন ব্যবহার করা হয় নি। তার কিছু কিছু নিশ্চয়ই নষ্ট হয়ে যাচ্ছে। অথচ সেখানকার মানুষের দীর্ঘ দিনের দাবী অন্ততঃপক্ষে সেখানে সাঁকো হোক। ঐ রাস্তা রাজগাঁও, বোলপুরের যে রাস্তা তার মাঝখানে সাঁকো হলে একটা বিরাট এলাকায় যোগাযোগ হয়ে যাবে এবং সেই এলাকার লোকদের সুবিধা হবে। রাস্তাঘাটের উন্নতি হলে গ্রামের অবস্থার যে কত উন্নতি হয় সেটা আমাদের কাঁথি অঞ্চলের কিছু কিছু সদস্য এখানে এসেছেন তারা জানেন। সাঁইথিয়া-কাঁদি রাস্তা হবার পর সেখানে তিন চার জায়গায় গঞ্জ গড়ে উঠেছে, ব্যবসা বাণিজ্য গড়ে উঠেছে। কত ছেলে সেখানে চাকুরীর অভাবে ব্যবসা বাণিজ্য করছে। সেখানে চালের কল ছিল না, চালের কল হয়েছে এবং যে জায়গা কুখ্যাত অঞ্চল ছিল, মানুষ একলা যেতে ভয় পেত, সেখানে এখন সর্বক্ষণের জন্য বাজার বসেছে।

[1-50—2-00 p.m ]

এমনি যদি আজকে গ্রামাঞ্চলের রাস্তাগুলির দিকে নজর দেওয়া হয় তাহলে সেখানকার মানুষ বেঁচে যাবে, ব্যবসা বাণিজ্যের উন্নতি হবে, চাষবাসের সুবিধা হবে। আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি। যেমন সাঁইথিয়া থেকে ৬০ পয়সা ভাড়া—রামনগর একটা রাস্তা গিয়েছে। এই জায়গা একটা সব্জীর কেন্দ্রস্থল ছিল। রাস্তা যখন ছিল না তখন সেখানকার চাষীরা ফড়েদের হাতে মার খেতো, তাদের জলের দামে জিনিষপত্র বেচতে হতো; আজকে সেখানে চাষীরা ঐ রাস্তার দৌলতে প্রভূত উপকৃত হয়েছে। আসানসোল-দুর্গাপুর থেকে দৈনিক ৫-১০টা করে ট্রাক যায়, সেখানকার চাষীদের কাছ থেকে আলু কুমড়ো ইত্যাদি সব্জী কিনে নিয়ে যায়। সুতরাং রাস্তার উন্নতির সঙ্গে সঙ্গে গ্রামের যে উন্নতি হয় সেদিকে লক্ষ্য রেখে আমি বলবো যে এই গ্রামবাংলার ভিতর যে সব মোটামুটি রাস্তা-ঘাট আছে, বড় বড় রাস্তাঘাট আছে, সেইগুলিতে সারা বছর যাতে ট্রাক বাস ইত্যাদি যানবাহন যায় এই রকম যদি ব্যবস্থা করেন তাহলে নিশ্চয়ই গ্রামবাংলা উপকৃত হবে। যেমন ধরুন আমাদের ওখানকার কয়েকটি রাস্তার কথা বলছি. এইগুলির প্রতি যদি নজর দিয়ে করতেন, এটা দীর্ঘদিনের দাবী আছে, লাভপুর-লাঙ্গলহাটা রোড, এই রাস্তাটা হয়ে গেলে লাভপুরের সঙ্গে লাঙ্গলহাটা হয়ে মুর্শিদাবাদের সঙ্গে যোগাযোগ ঘটবে এবং বিস্তির্ণ অঞ্চলের মানুষ উপকৃত হবে। ব্যবসা বাণিজ্যের উন্নতি হবে, সেখানকার চাষীরা ন্যায্য দাম জিনিসের পাবে। এমন অবস্থা সেখানকার লোকদের যে বর্ষার আগে যাদের সঙ্গতি আছে তারা গোড়া থেকেই বর্ষার আগে, সেই পিরিয়ডের জন্য আমি নিজে দেখেছি তারা সমস্ত রকম জিনিসপত্র কিনে এবং বিশেষ করে কয়লা ইত্যাদি কিনে মজুত রেখে দেয়। গরীব মানুষ তা পারে না। বরং তারা চাল যোগাড় করতে পারলেও এই জ্বালানীর অভাবে ভাত রান্না করে খেতে পারে না। যদি এখানে সেই রাস্তার যোগাযোগ ব্যবস্থা ভাল হয়ে যায়, অল্

ওয়েদার রোড হয়, যেটা দীর্ঘদিনের দাবী আছে, আমার পূর্বতন এম. এল. এ. ডাঃ রাধানাথ চট্টরাজ, দীর্ঘদিন ধরে চেষ্টা করেছেন, কিন্তু দুঃখের বিষয় আজ পর্য্যন্ত সেটা হয়নি। এই রাস্তাটা হলে মুর্শিদাবাদের সঙ্গে যোগাযোগ হবে, ব্যবসা বাণিজ্যের উন্নতি হবে, সেখানকার মানুষ বেঁচে যাবে। আর একটা কথা আগেই বলেছি, রাজগাঁ-বোলপুর রোড, যেটার পার্টলি কিছুটা হয়েছে, কিছুটা হয়নি, এটা সম্পূর্ণ হয়ে গেলে দীর্ঘ একটা জায়গার সঙ্গে যোগাযোগ হয়ে যেতে পারবে। সেখানকার মানুষ বেঁচে যাবে। এর আগে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা ডেপুটেশন নিয়ে গিয়েছিলাম এবং তিনি আশ্বাসও দিয়েছিলেন যে হ্যাঁ, এটা বোথ এণ্ড, দুইদিকে, একদিকে লাউঘাটা ব্রীজ পর্য্যন্ত হয়েছে এবং এখনও কমপ্লিট হয়নি, আবার ওদিকে বোলপুর থেকে খানিকটা হয়ে আছে, মাঝখানটা গ্যাপ পড়ে আছে। এই রাস্তাটা হয়ে গেলে—এখানে একটা সমস্যা ছিল যে ব্রীজ না হলে কি হবে ? কিন্তু ব্রীজ হয়ে গিয়েছে। এই রাস্তাটা যদি এখন করে দেন তাহলে সেখানকার মানুষ, একটা বিস্তির্ণ অঞ্চলের মানুষ বেঁচে যাবে। রাস্তাঘাটের যোগাযোগ হবে, ব্যবসা বাণিজ্যের উন্নতি হবে। এই কয়েকটি রাস্তা হলে আমাদের বীরভূম জেলার উন্নতি হবে। এছাড়া আরো অনেক রাস্তা আছে, কিন্তু এই কয়েকটা যদি আপাততঃ করে দেন তাহলে এই রাস্তার উন্নতির সঙ্গে সঙ্গে ঐ এলাকার ব্যবসা বাণিজ্যের প্রভূত উন্নতি হবে এবং সবচেয়ে উপকৃত হবে চাষীরা, তারা তাদের উৎপাদিত জিনিস বাজারে নিয়ে আসতে পারবে। এরপর আমি কনষ্ট্রাকশন অব ব্রিজেস সম্বন্ধে আসতে গিয়ে বাজেটের অঙ্কের মধ্যে বাঁশ বনে ডোম কানা হয়ে গিয়েছি, কিছুই বুঝতে পারছি না। এখানে রুরাল এরিয়াতে ব্রিজ কনষ্ট্রাকশনে কত টাকা ধরা হয়েছে কিছুই বুঝতে পারছিনা। কিন্তু আমি জানি আমার কনসটিটিউয়েন্সির ভিতর অন্ততঃপক্ষে ৪/৫টি জায়গায় এখনি ব্রিজ না করা হলে সেখানকার মানুষগুলি এই বর্ষাকালের ৪/৫ মাস ধরে একেবারে বিচ্ছিন্ন হয়ে থাকবে। এমন কি আমি জানি আমেদপুর স্কুলে আসতে ছেলেমেয়েদের, ঐ ভ্রমরপুর অঞ্চল থেকে আসতে সাঁতার কেটে আসতে হয়। এই রকম আরো অনেক অঞ্চল আছে যেখানে সাঁতার কেটে ছেলেদের স্কুলে আসতে হয়। এই ব্রিজগুলি না করলে তাদের কষ্টের সীমা থাকে না। আরো বলি যেখানে বক্রেশ্বর নদীর উপরে, যখান পারুই থেকে আমেদপুর আসতে গেলে—যেখানে ছেলেরা ফার্ম করেছে, সেখানে একটা স্কীম দেওয়া আছে সেই স্কীমটা হয়ে গেলে ভাল হয়। সেখানে একটা ব্রিজ দিলে ঐ বিস্তির্ণ এলাকার যোগাযোগ হয়ে যাবে। সেখানে একটা ডাক্তার নেই। আমি জানি সেখানে একটা ডাক্তারকে নিয়ে যেতে গেলে ৬ মাইল দূর থেকে আনতে হয়। আজ.ক সেখানে একটা রোগী যদি—যদি কেন প্রায়ই হয়ে থাকে, সেখানকার কোন রোগীর জন্য ওষুধপত্র আনতে হলে কোন ব্যক্তিকে জীবন বিপন্ন করে সাঁতরে বহুদূর থেকে সেই ওষুধ আনতে হবে। ডাক্তারত দূরের কথা, সে যেতেই পারবে না। এই অবস্থা ঘটছে। সেখানকার এই রাস্তার ব্রিজের ব্যবস্থা হওয়া সত্বর প্রয়োজন। আমাদের ওখানে লাভপুরের কাছে একটা জায়গা আছে যেটা বহুদুর অঞ্চলকে লাভপুরের সঙ্গে যোগাযোগ করে, নওগাঁ বা নবগ্রাম, সেখানে একটা ব্রিজের অত্যন্ত দরকার। তারাও বর্ষাকালে বিচ্ছিন্ন হয়ে পড়ে থাকে। সুতরাং আপনারা যে পাবলিক ওয়ার্কস-এ কোটি কোটি টাকা ব্যয় করছেন, শুধু আমার জেলার কথা বলছি না, প্রত্যেক জেলায়ই এই রকম অবস্থা আছে, আপাততঃ প্রত্যেক কনষ্টিটিউয়েন্সিতে কিছু রাস্তা, কিছু ব্রিজ কি করে করা যায় সেদিকে নজর রেখে আপনারা যদি অগ্রসর হন তাহলে গ্রামের লোকেরা প্রভূত উপকৃত হবে। এই সমস্ত ব্রিজের স্কীম যা আছে তা আপনার কাছে পরে দেবো। সব এক সঙ্গে হবে না।

আমি জানি এর পর ডিষ্ট্রীক প্ল্যানিং কমিটির এম এল. এ-রা যাবেন, সেখান থেকে স্কীমগুলি নিশ্চয়ই পাঠিয়ে দেবেন এবং আপনারা নিশ্চয়ই সেগুলি করবেন। গ্রামাঞ্চলে আজ পর্য্যন্ত কোন রাস্তা

হয়েছে বলে জানিনা। গ্রামাঞ্চলে বহু রাস্তা পড়ে আছে এবং এমন অনেক রাস্তা আছে যেগুলি অল্প টাকায় হতে পারে। ভাগ্যে দেশে খরা হয়েছিল তাই টি আর এবং ক্র্যাশ স্কীমে বীরভূম জেলায় বহু রাস্তা হয়েছে। এই টি আর যদি চালু রাখেন তাহলে গ্রামাঞ্চলের রাস্তাগুলির উন্নতি হতে পারে। রাস্তার সমস্ত টাকা কড়ি যদি মেটাল্ড রোডে এবং পিচড রোডে খরচ হয় তাহলে গ্রামাঞ্চলের রাস্তা বঞ্চিত হবে। আমি দেখে খুসী হলাম কাগজে বেরিয়েছিল আমাদের পঞ্চায়েত বিল আসছে, আজকে দফাদারদের যে সমস্ত মাইনে টাইনে দিতে হয় এখন থেকে নাকি আর সে সমস্ত দিতে হবে না। আপনারা সবাই জানেন অঞ্চল পঞ্চায়েত দ্বারা যে টাকা আদায় হয় তার বেশীর ভাগই মাইনে দিতে চলে যায়, আমাদের গ্রামাঞ্চলের ইউনিয়ন বোর্ডের এমন পয়সা থাকে না যা দিয়ে রাস্তা তৈরী হতে পারে। এখন এই মাইনের টাকা সরকার দেবার মনস্থ করেছেন। সেজন্য আমি আগে থেকেই সরকারকে অভিনন্দন জানিয়ে রাখছি, যখন বিল আসবে তখন নিশ্চয়ই সমর্থন জানাব, এটা হলে সেখানে রাস্তা আমরাও কিছু করতে পারবো। ফিডার রোড যেগুলি আছে পিচ্‌ড রোড এবং মেটাল্‌ড রোড এগুলি অন্ততঃ তিন চার মাইল যদি তৈরী করে দেওয়া যায় তাহলে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হতে পারে। অন্ততঃপক্ষে বড় বড় গ্রামের সঙ্গে কি স্কুলের সঙ্গে কি হাসপাতালের সঙ্গে এই যোগাযোগ আমরা করতে পারি। এই ফিডার রোডগুলি ক্র্যাশ স্কীমে মোরাম রোড করা যেতে পারে এবং সেখানে সয়েলিং পাথর মোরাম পাওয়া যায় সুতরাং একটা রাস্তা করতে যে টাকা খরচ হয় তার অর্ধেক টাকায় সেটা করা যেতে পারে। আশা করি আপনারা এই স্কীম নেবেন, নইলে গ্রামাঞ্চলের লোক দুঃখিত হবে। একটা দৃষ্টান্ত দিই—শিড়ে গাড়পুর হেল্‌থ সেণ্টার, টেকেণ্ডা ঘাট আছে, কিন্তু বর্ষার সময় কোন রোগীকে পাঠাতে হলে শিউরী বোলপুর নিয়ে যাবে তাই বক্রেশ্বর-এর উপর যে ব্রীজ সেটা যাতে হয় সেদিকে লক্ষ্য রাখবেন। আমি গ্রামাঞ্চলের ব্রিজগুলির জন্য এ্যারেঞ্জমেণ্ট করার জন্য বলছি। আমি মন্ত্রী মহাশয়ের বক্তব্য শুনে খুসী হয়েছি। আগে কনট্রাক্টার দিয়ে রাস্তা এবং ব্রিজগুলি করা হত, এখন থেকে ইঞ্জিনীয়ারিং কো-অপারেটিভের হাতে দিলে ভাল হবে। এক দিকে বেকার সমস্যার সমাধান হবে, শুধু তাই নয় আমাদের এলাকায় অনেক ছেলে আছে যারা এই কাজগুলি মনোযোগ দিয়ে করবে, তারা কোন প্রফিট মটিভ নিয়ে করবে না, তাদের অঞ্চলের রাস্তা যেখানে তৈরী হচ্ছে সেখানে তারা সেটা ভাল করতেই চাইবে। আমি তাই জিনিষটা সমর্থন করছি। আমার এলাকার ছেলেরা ইঞ্জিনীয়ারিং পাশ করে বসে আছে, এই সমস্ত টেকনিক্যাল হাণ্ডস এ সম্বন্ধে উদ্যোগী হয়ে এই সমস্ত উন্নয়নমূলক রাস্তাগুলি করবে। এটা আমি আশা করব যে আপনারা তাদের দিয়ে এই কাজগুলি করাবেন এবং জেলাবোর্ড এবং ইউনিয়ন বোর্ড থেকেও আমরা কিছু কিছু চেষ্টা করব।

আর একটা কথা, যে সমস্ত বড় বড় রাস্তাগুলি আছে তার দুপাশে বর্ষার সময় মাটি ফেলে দেওয়া হয়, তাতে বর্ষা হলে সেখানে কাদা হয়; এমন অবস্থা হয় যে দুটি বাস পাশ করতে অসুবিধা হয়, একটি বাসকে নীচে মাটিতে নেমে যেতে হয়। এতে করে অনেক সময় এ্যাক্সিডেণ্ট হয়। আমি এই রকম একটা ঘটনা জানি যেখানে অনেক কষ্টে কিছু লোক বেঁচে যায়। বছর বছর রেকারিং কষ্ট রিপেয়ার না করে সেই রাস্তাগুলি যদি মোরাম পাথর দিয়ে করা হয় তাহলে এ্যাক্সিডেণ্ট এবং অসুবিধা থেকে বাঁচা যায়। আশা করি এ দিকে আপনি নজর দেবেন।

[2-00—2-10 p.m ]

আর একটা কথা আমি বলতে চাই, যে সমস্ত বড় বড় রাস্তাগুলি আছে ঠিক বর্ষার আগেই সেখানে মাটি ফেলা হয় এবং বর্ষার সময় কাদার ফলে সমস্ত নষ্ট হয়ে গেছে। তাই আমি বলছি এই

সমস্ত রাস্তায় পীচ কতটা দিতে হবে Morum দিতে হবে কতটা, earth-work হবে পীচ তার মধ্যে কতটা পড়বে এই যে সমস্ত specification গুলো বক্সে হওয়া দরকার। প্রত্যেক জেলায় লোকাল M.L.A. আছেন, তাদের দিয়ে জানতে হবে যে কত কি দিতে হবে; কারণ ঠিকাদার ফাঁকি দিতে পারে। বোলপুরে এইরূপ একটা রাস্তা Repair-এর সময় সেখানের ছেলেরা উদযোগী হয়ে বলেছিল যে রাস্তার কি Specification আছে দেখি এবং তারা এইভাবে তদারকী করে রাস্তা ভালো করে হয়েছে। আমরা দেখেছি এই রাস্তা এক বৎসরের মধ্যে এবড়ো খেবড়ো হয়ে গেছে। আমি আর একটা রাস্তার কথা বলতে পারি Santhia Gunatia Road—Dhandanga এইগুলি গ্রামের লোক চলাচলের জন্য একেবারে নষ্ট হয়ে গেছে। আমি এই কথা বলছি যে প্রত্যেক জেলায় একটা পরিকল্পনা করে একটা পরিসংখ্যান দিয়ে Metal Road কত আছে এমনি কত রাস্তা কত পরিমাণ আছে গ্রাম পঞ্চায়েতের under-এ কতটা সেটা জানা দরকার। আমাদের ধূপডাঙ্গা বলে যে গ্রাম আছে তার ভিতরে এমন অবস্থা যে সেখানে একেবারে চলাচল মুস্কিল হয়ে গিয়েছে। এগুলির দিকে একটু নজর দেবার জন্য আবেদন জানাচ্ছি। আর একটা কথা যেটা আমি একটু আগেই বলেছি, যে পরিকল্পনা ও পরিসংখ্যান দরকার। Metal Road যা আছে তা District Board-এর under-এই বা কত, দেখা দরকার; আমার মনে হয় তার ৪ গুন পরিমাণ রাস্তা আছে। এইসব গ্রামসভা অঞ্চল পঞ্চায়েত-এ কত মাইল রাস্তা, District Board-এ কত, গ্রাম পঞ্চায়েতে কত, তার একটা পরিসংখ্যাণ থাকা দরকার। কত Allotment দিতে পারবো—আমার মনে হয় একটা হিসাব থাকা দরকার। সুতরাং তিনি যদি আমাদের একটা পরিসংখ্যাণ পেশ করেন যে প্রত্যেক জেলায় এত রাস্তা করতে পারবো ও এই রাস্তা আছে, তাহলে আমাদের অত্যন্ত সুবিধা হয়। আমার মনে হয় এইরূপ একটা quotation call করা দরকার। রাস্তায় অনেক টাকা unproductive হিসাবে খরচ হয়ে যাচ্ছে, অথচ চাষের উন্নতি হচ্ছে না, রাস্তা হচ্ছে না, সেইদিক থেকে আমার মনে হয় গ্রামসভাগুলির উন্নতি করে এর যদি ব্যবস্থা করেন তা হলে সেদিক থেকে ভালো হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅহিন মিশ্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক মাননীয় সদস্য আছেন যাঁরা ভাল বুঝতে পারেন নি মন্ত্রী মহাশয়ের ঐ বক্তব্য। তাই আমার কথা হচ্ছে, যদি এটা বাংলায় circulate করা হয় তাহলে ভাল হয়।

**Mr. Speaker** · He gave an explanation for placing he Budget in English At any rate, if possible, the hon'ble Minister may please supply copies o Bengali translation of the speech.

**Shri Bholanath Sen** : Sir, it will not be possible today because I have got only one translated copy.

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার স্যার, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে বাজেটের ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। তিনি অনেক কল্যাণের কথা বলেছেন যা শুনে আনন্দ পাচ্ছি, কিন্তু আমি যেখান থেকে এসেছি অর্থাৎ আমি যে অঞ্চলের প্রতিনিধি হয়ে এসেছি সেখানের লোক হয়ে এই শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে সেই অঞ্চলের কথা মনে করলে বেদনায় ভেঙ্গে পড়ি। মাননীয় স্পীকার স্যার, আমি মন্ত্রী মহাশয়কে বলবো আর তার বিভাগকে বলবো যে আমার সেই কচ্ছপ আর কুম্ভকর্ণের সঙ্গে তুলনা করতে ইচ্ছা করছে। গত বন্যার সময় ঐ এলাকায় সমস্ত পাকা রাস্তা ডুবে গিয়েছিল, সমস্ত Metal উঠে গিয়েছিল।

সারবার Departmentকে অনুরোধ করা সত্বেও তা সারিয়ে দেননি। এই রাস্তা সারাবার জন্য D.M. অনুরোধ করে দেন P.W.D. কে, আমি নিজে অনুরোধ করেছি। P.W.D. কে রাস্তা সারাবার জন্য গ্রাম থেকে deputation দিয়েছে। রাস্তা সারাবার জন্য আবেদন নিবেদন করা হয়েছে কিন্তু পরিতাপের বিষয় যে রাবণ কুম্ভকর্ণের সেই ঘুম আমরা ভাঙ্গাতে পারিনি। আমরা কেউ P.W.D. কুম্ভকর্ণের ঘুম ভাঙ্গাতে পারিনি। সেই রাস্তা আজও সেই আছে, বাস চলে না, রাস্তা দিয়ে গেলে পা ক্ষত বিক্ষত হয়ে যায়, কিন্তু কুম্ভকর্ণের সে নিদ্রা ভঙ্গ হয় নি। দ্বিতীয় পরিকল্পনা কালে কুলগাছি থেকে যে রাস্তাটা সুরু হয়েছিল সেটাও হয়নি। আমরা শুনেছি কচ্ছপ ধীরে ধীরে চলে, কিন্তু আজ চতুর্থ পরিকল্পনা শেষ হতে চলেছে। সে এখনো তার লক্ষ্যে পৌছায়নি। কটা পরিকল্পনা হলে হবে জানি না, আমার জীবদশায় হবে কিনা জানিনা—এই হল রাস্তার অবস্থা। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে গ্রামবাংলার মানুষ বেশী কিছু চায় না, তারা অল্পেই সন্তুষ্ট। গ্রামের লোক যদি দেখতে পায় যে তারা যে গ্রামে বাস করে তার পাশ দিয়ে রাস্তা চলে গেছে তাহলে সে মনে করতে পারে যে সরকার তার পিছনে আছে। সুখ দুঃখের সঙ্গে তার বেদনার সঙ্গে সরকার আছে। কিন্তু আমার বেদনার কথা, পরিতাপের কথা, লজ্জার কথা, আমি দেখেছি আমি যে কেন্দ্র থেকে এসেছি সেখানে ন্যাশানাল হাইওয়ে ছাড়া আর যা রাস্তা আছে তার এই অবস্থা। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে তিনি এটা দেখুন, কারণ দেখলে তিনি বেদনা পাবেন।

আমি আরো মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো সেই রাস্তা দেখবার জন্য। তিনি দেখলে নিজে দুঃখ পাবেন, বেদনা পাবেন, লজ্জা পাবেন—যে এইরকম রাস্তাও থাকতে পারে তার বিভাগের অধীনে। আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই আমি যখন ইউনিভার্সিটিতে পড়তাম—তখন শুনেছিলাম যে পলাশী প্রান্তর থেকে কাটোয়ার ধার পর্য্যন্ত একটা রাস্তা হবে। তারপর থেকে আমার ছাত্র এখন ইউনিভার্সিটিতে পড়াচ্ছে, কিন্তু আজও সেখানে কোন রাস্তা রূপায়িত হয়নি। এই যে অবস্থা—আমরা চিরকাল শুনে আসছি—হবে, হবে, হবে—, কবে হবে? আমি মলে হবে?

আমি গতবারের একটা ঘটনার কথা বলি। আমার কালীগঞ্জ কেন্দ্রে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে। সেখান থেকে ছয় মাইল একটি লোকের বাড়ী। গতবার তার ছেলে ধনুষ্টংকার টিটেনাস রোগে আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়ে। ছেলেটিকে বাড়ী থেকে সেই ৬ মাইল দূরবর্তী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যেতে হবে। কিন্তু রাস্তা নাই—মধ্যে বিল একটা। তার মধ্য দিয়ে যেতে হবে। বহু কষ্ট করে শেষ পর্য্যন্ত সেখানে ছেলেটিকে নিয়ে যাওয়া হলো বটে, কিন্তু তাকে আর বাঁচান গেল না। অনেক দেরী হয়ে গেল। আজও সেই পুত্রহারা পিতার কাতর ক্রন্দন সেখানে আর্তনাদ করে বেড়াচ্ছে। আমি এমতাবস্থায় পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন বাংলাদেশের পাড়াগাঁয়ের দিকে একটু লক্ষ্য রাখেন। গ্রামের মধ্যে যদি তিনি দু-চার মাইল রাস্তা তৈরী করার ব্যবস্থা করেন, তাহলে বাংলাদেশের গ্রামের মানুষ তাঁকে দুহাতে আশীর্বাদ জানাবে এবং সরকারের পেছনে তাদের আন্তরিক সমর্থন জানাবে। সহরে রাস্তার পর রাস্তা করছেন তাতে গ্রামের মানুষ আদৌ মাথা ঘামায় না। তাদের গ্রামের মধ্যে যদি দু-চার মাইল রাস্তা তৈরী হয়, তাতে তারা আপনাদের আশীর্বাদ করবে। এদিকে তিনি যেন একটু জোর দেন। এই কথাগুলি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় পূর্তমন্ত্রী ৩৪ এবং ১ নম্বর গ্রাণ্ট খাতে যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উত্থাপন করে যে অর্থ মঞ্জুরী চেয়েছেন,

আমি তা অনুমোদন করছি। পূর্তমন্ত্রীর ভাষণে আমরা লক্ষ্য করেছি তাঁর সদিচ্ছা থাকলেও তাঁর সাধ্য বিশেষ নাই। একথা ঠিক যেখানে পরিকল্পনার টাকা ৪২ কোটি টাকা থেকে ১৪ কোটি ১৭ লক্ষ টাকায় নামে সেখানে অনেক কিছু করা সম্ভবপর হয়না। কিন্তু আজ মনে হচ্ছে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে টাকা চেয়েছেন এবং যে টাকা খরচ করবেন বলেছেন, সেই টাকার সিংহ ভাগ পাবেন কলকাতার ভাগ্যবান মানুষেরা ও কলকাতার পাশাপাশি অন্যান্য এলাকার ভাগ্যবানরা। আর পল্লী বাংলার ভাগ্যে ছিটে ফোঁটার বেশী পড়বে না। আজও পশ্চিমবাংলায় সাড়ে তিন কোটির উপর মানুষ বাস করে; তার মধ্যে অধিকাংশ লোক বাস করে পল্লীগ্রামে। এই মানুষের বুনিয়াদী যে দাবী ও চাহিদা তা হচ্ছে স্বাস্থ্য ও চিকিৎসার ব্যবস্থা। সে পানীয় জল পাবে, তার গ্রামে ভাল রাস্তা থাকবে, পীচের রাস্তা তার গ্রামের মধ্য দিয়ে যাবে—গ্রাম থেকে গ্রামান্তরে যাতায়াতের সুব্যবস্থা থাকবে। কিন্তু স্যার, দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি আজকে পশ্চিমবাংলার রাস্তার পরিকল্পনা ব্যবস্থা, পশ্চিমবঙ্গের পূর্ত বিভাগের কাজকর্মের ব্যবস্থা, অত্যন্ত হতাশাব্যঞ্জক। অবশ্য এটা আমাদের পূর্তমন্ত্রীর সময় থেকে হচ্ছে না, দীর্ঘদিন ধরে হয়ে আসছে।

[2-10—2-20 p.m.]

হরিয়ানা পাঞ্জাবে দেখুন, সেখানে সব জায়গায় রাস্তা হয়ে গিয়েছে—গ্রামে গ্রামে বিদ্যুৎ চলে গিয়েছে। আর আমরা কেবল কথাই বলে চলেছি। সংবাদপত্রে বলছি, এসেম্বলীতে বলছি যে গ্রামে গ্রামে বিদ্যুৎ যাবে—১০ হাজার গ্রামে বিদ্যুৎ যাবে। কিন্তু ফলে কিছুই হচ্ছে না। আসানসোল মহকুমার লালগঞ্জ থেকে পান্ডুরিয়া এবং হিন্দুস্থান কেবলস্ থেকে পান্ডুরিয়া বা আরও বিভিন্ন রাস্তা তৈরীর কাজ কিছুই হচ্ছে না। কাজের বেলায় আমরা দেখছি কিছুই হচ্ছে না। আজকে পুরুলিয়া জেলায় রেল নাই—খানিকটা জায়গা দিয়ে রেল লাইন গেছে—অধিকাংশ জায়গাতেই রেল লাইন নাই। সেখানে রাস্তার বিশেষ প্রয়োজন. সেই জায়গার রাস্তার জন্য কি খরচ করা হচ্ছে? আজকে বাঁকুড়ার অবস্থাও তাই: বাস স্ট্যাণ্ডে কাদায় ভর্তি হয়ে আছে রাস্তা দিয়ে বাস চলা একেবারে দুরূহ হয়ে পড়েছে। তাই আমি সরকারকে অনুরোধ করবো যে মানুষের যেটা মৌলিক সমস্যা, সেই সমস্যা সমাধান করুন। আমাদের পূর্তমন্ত্রী মহাশয় বলেছেন যে বন্যার ফলে অনেক রাস্তা নষ্ট হয়েছে। এটা ঠিক কথা। কিন্তু তাও মেরামত করতে গিয়ে দেখা যায় যেখানে ১০ লক্ষ টাকা খরচ করা হোল সেখানে মাত্র ৪ লক্ষ টাকার কাজ হোল। অর্থাৎ ঘুষ দিতে দিতে তার টাকা চলে গেল। কাজ হবে কোথা থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হয়তো জানেন যে, এই সমস্ত আমলারাই সমস্ত পরিকল্পনা আজকে বানচাল করে দিচ্ছে। তারা সব মোটর গাড়ীতে চড়েন, তাঁরা জানেন না যে গ্রামের অবস্থা কি। সেখানে মানুষ সমস্ত কিছুর অভাব, বিশেষ করে রাস্তাঘাটের অভাবে কিভাবে দুঃখকষ্টে দিন কাটাচ্ছে। পুরুলিয়ার অবস্থা দেখুন—সেখানে মানুষকে একমাত্র বাসে করে যাতায়াত করতে হয়। সেখানে আমি গিয়ে দেখেছি সমস্ত বাস স্ট্যাণ্ডগুলি একেবারে কর্দমাক্ত হয়ে আছে। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় বলেছেন যে, ওয়াগনের অসুবিধার জন্য ষ্টোন চীফ আসছে না, যার জন্য অনেক কাজ ব্যাহত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে পারি যে বাঁকুড়া এবং পুরুলিয়াতে অতি উৎকৃষ্ট শ্রেণীর ষ্টোন চীফ আছে। অথচ ঐ পুরুলিয়াতে উৎকৃষ্ট শ্রেণীর যে ষ্টোন চীফ রয়েছে সেখানে কারখানা খুলে হাজার হাজার বেকার ছেলের চাকুরীর ব্যবস্থা আমরা করতে পারি যাতে পশ্চিমবাংলার আর্থিক উন্নতি হতে পারে। যার দ্বারা সি, এম, ডি, এ-র ষ্টোন চীফ দিয়ে বহু রাস্তা

হওয়া সম্ভব। কিন্তু এর জন্য আমরা সেই বিহারের দিকে তাকিয়ে বসে আছি। তাই আমি পূর্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন একটু বাস্তব দৃষ্টিভঙ্গি দিয়ে এই সমস্ত সমস্যার দিকে তাকান। আমি জানি তিনি একজন দক্ষ ব্যক্তি। তিনি নিজে সমস্ত জিনিসটি বিচার বিবেচনা করে দেখবেন। ঐ সমস্ত আমলাদের উপর যেন তিনি নির্ভরশীল না হন। ঐ সমস্ত আই এ এস বা ডব্লিউ বি, সি, এস-দের তকমা না দেখে তিনি নিজে যেন এগুলির দিকে লক্ষ্য রাখেন এই অনুরোধ আমি তাঁকে জানাই। আমি জানি যে তাঁর সদিচ্ছা আছে। আজকে তাঁর ঐ সদিচ্ছাকে বাস্তবে রূপায়িত করতে হবে। এম. এল. এ হোষ্টেল বন্ধ থাক—এই পরিকল্পনা বন্ধ করুন. করে আজকে গ্রামের যে অবস্থা সেখানে মানুষ রাস্তা দিয়ে চলাফেরা করতে পারছেনা, সে দিকে তাকান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আড়াই বছর সময় নিচ্ছেন সমস্ত জায়গায় হেল্থ সেন্টার করার জন্য এবং স্বাস্থ্য মন্ত্রীও সেই কথা বল্লেন। কিন্তু সি. এম. ডি. এ-র ইঞ্জিনীয়াররা বলছেন, নয় মাসের মধ্যে হয়ে যাবে। এটা ঠিক আমরা বুঝতে পারছি না যে, তারা কি করে এই কথা বলেন। আজকে দেখুন হাজার হাজার গ্রামের মানুষ চিকিৎসার অভাবে মারা যাচ্ছেন। আপনার পূর্ত বিভাগ আজকে হেল্থ সেন্টার তৈরী করতে অপারগ। সেখানে ১০ লক্ষ টাকা খরচ করলে তবে হেল্থ সেন্টার হবে। কিন্তু একটা সাবসিডিয়ারী হেল্থ সেন্টার তৈরা করতে ৬ লক্ষ টাকার বেশী খরচ হয় না। মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে রেখেছেন যে পশ্চিমবাংলার রাস্তাঘাট তৈরী করার জন্য এমন বিশেষ কিছু পরিকল্পনা নাই, টাকা না থাকার জন্য কিছু করতে পারছেন না। এটা ঠিকই যে, যে টাকা পাওয়া উচিত ছিল সেই টাকা তিনি পান নি। অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়কে এই কথা বলবো যে, তিনি একটু বাস্তবের দিকে চিন্তা করুন। আজকে পল্লী বাংলার রাস্তা-ঘাটের এমন অবস্থা যে সেখানে মানুষ চলাচল করতে পারে না। আপনারা অন্য সমস্ত পরিকল্পনা স্থগিত করুন।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক**ঃ মাননীয় স্পীকার মহোদয়, রাস্তাঘাটের উপকারিতা ও প্রয়োজনীয়তা বলার অপেক্ষা রাখে না। বর্তমানে জনজীবনে রাস্তাঘাটের প্রয়োজনীয়তা একান্ত। শুধু আমরা দেখতে পাই শহরে পৌরসভা আছে, আন্তজেলা সংযোগ স্থাপনের জন্য বাস্ত বিভাগ আছে এবং অন্তর্দেশ সংযোগ স্থাপনের জন্য কেন্দ্রীয় বাস্ত বিভাগ আছে এবং রেল বিভাগ আছে। কিন্তু পল্লীর কথা চিন্তা করার জন্য সরকারের কোন পরিকল্পনা নেই। অথচ পল্লীর দরদের কথা হামেশাই উচ্চারিত হয়ে থাকে, পল্লীর অর্থনৈতিক বনিয়াদ দৃঢ়ভিত্তিক করার কথা প্রায়ই বলা হয়ে থাকে। কিন্তু আমরা দেখতে পাই পল্লীর চাষীকে উৎপন্ন ফসল বর্ষার আগে বিক্রি করতে হয় এবং বর্ষার পরে চালের মূল্য বৃদ্ধি হলে চাষীরা ন্যায্যমূল্য পায় না এবং আর্থিক ক্ষতি হয়। সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করবো, পল্লী বাংলার রাস্তার জন্য একটা পরিকল্পনা গ্রহণ করুন যাতে পল্লী বাংলায় রাস্তা করা যায় সেদিকে দেখুন। দেখতে পাই শহরে পৌরসভা আছে, কিন্তু পল্লীতে গ্রামের সঙ্গে গ্রামের, এমনকি থানার সঙ্গে থানার কোন পাকা রাস্তা নেই। সেইজন্য বড় বড় রাস্তার সঙ্গে সংযোগ স্থাপনের জন্য একটা ক্ষুদ্র রাস্তা প্রয়োজন। আমরা দেখতে পাচ্ছি স্বাধীনতার পূর্বে বাংলাদেশে এক হাজার ১৮১ মাইল পাকা রাস্তা ছিল। বর্তমানে দেখতে পাচ্ছি প্রায় ৮ হাজার মাইলের মতো রাস্তা হয়েছে। আমি নিবেদন করবো তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে রাস্তা দেখে-ছিলাম ঠিক সেই রাস্তাই আছে, সামান্য ক্ষেত্রে কয়েক মাইল বেড়েছে। কিন্তু আমরা দেখতে পাই অন্যান্য রাজ্যে এক এক থানায় অন্তত পক্ষে ১৫।২০ মাইল করে পাকা রাস্তা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আমি একজন পল্লী বাংলার প্রতিনিধি। স্বাধীনতার পূর্বে আমার থানায় মাত্র ৮ মাইল রাস্তা ছিল। সেইজন্য বলি যাতে রাস্তা বেশী হয় তার দিকে নজর দেওয়া দরকার।

তারপর আসবো সেতু সম্বন্ধে। আমাদের বর্ধমান জেলায় সদরঘাট সেতু সম্বন্ধে বলবো যে, ১৯৩৬ সালে ইংরাজ আমলে জ্যাক আনডারসন সেই সেতুর কথা বলেছিলেন। কিন্তু আজেকে ১৯৭২ সাল হয়ে গেলো এবং এই ৩৬ বছরেও সেই সেতু হয়নি। ১৯৬৬ সালে যখন কেন্দ্রীয় পুর্তমন্ত্রী ছিলেন ডাঃ ভি, কে, আর, ভি, রাও তখন আমি তাঁকে একটা পত্র লিখেছিলাম। তার উত্তরে তিনি জানিয়েছিলেন সদরঘাট সেতু চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রহণ করা হয়েছে এবং দামোদরের বক্ষের তিনটে ব্রীজের মধ্যে প্রথম অগ্রাধিকার দেওয়া হয়েছে সদরঘাট ব্রীজকে। কিন্তু দুঃখের বিষয় সে ব্রীজের কিছুই হয়নি। সম্প্রতি মন্ত্রী মহাশয় বর্ধমানে গিয়েছিলেন। তিনি বলেছেন, গবেষণা করা হচ্ছে। ৩৬ বছরেও কি গবেষণা শেষ হয়নি? সেটা কবে শেষ হবে? সেটা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই।

আর একটা কথা আবাসিকদের সম্বন্ধে বলবো। আবাসিক সমস্যা কলকাতায় ভয়াবহ। যেখানে শতকরা ৮৩ ভাগ বাড়ী পড়ো। বিশেষ করে তাদের দিকে নজর দেওয়া হয় নি এবং সেইজন্য গৃহ-নির্মাণের জন্য প্রতিটি জেলা হেড কোয়ার্টার্সে এবং মহকুমা শহরে গৃহনির্মাণ করুন। কারণ প্রত্যেক জায়গায় বাড়ী পেতে অসুবিধা দেখা দিয়েছে। সেইজন্য নিবেদন করছি আবাস গৃহের ব্যবস্থা করুন মন্ত্রীরা প্রায়ই বলে থাকেন টাকা নেই। কিন্তু ওঁরা কি জন্য আছেন? কেন্দ্রীয় সরকারকে চাপ দিন। সমস্ত বিধানসভা তার জন্য আন্দোলন করতে প্রস্তুত আছে। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় পশ্চিমবঙ্গকে যে অর্থ দেওয়া হয়েছে অন্যান্য রাজ্য তা থেকে দু গুণ তিন গুণ পেয়েছে। সেই জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে কেন্দ্রের কাছ থেকে টাকা নিয়ে আসার ব্যবস্থা করুন।

আর একটা কথা বলবো। আমাদের বর্ধমানে যে ঐতিহাসিক বিজয় তোরণ বা কার্জন গেট আছে সেটা ভেঙ্গে পড়ে গিয়েছে। সেটা যাতে পুনরায় নির্মিত করা হয় তারজন্য আবেদন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[2-20—2-30 p.m.]

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিধানসভায় জনকৃত্যক খাতে পশ্চিমবঙ্গ সরকারের পুর্তমন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন সভার একজন সদস্য হিসাবে আমি প্রথমেই তাকে সমর্থন জানাচ্ছি। যে-কোন একটা দেশের ব্যবসা-বাণিজ্য-এর সম্প্রসারণই হোক বা অর্থনৈতিক উন্নয়নই হোক, পথঘাট এবং যোগাযোগ ব্যবস্থার ভূমিকাই হচ্ছে সর্বাধিক গুরুত্বপুর্ণ। বিশেষ করে পশ্চিমবাংলার শিল্পবাণিজ্য ব্যবস্থা, উৎপাদন ব্যবস্থা যখন রেল ওয়াগনের সঙ্কটময় পরিস্থিতি দ্বারা বিশেষ ভাবে বাধাপ্রাপ্ত হচ্ছে এবং যখন রোডট্রান্সপোর্ট একমাত্র সম্বল তখন এই ব্যবস্থার উপর সর্বাধিক গুরুত্ব দিলেই পশ্চিমবাংলার অর্থনীতিকে উন্নতির পথে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভবপর হবে। পশ্চিমবাংলার আজকে পথঘাট বা যোগাযোগ ব্যবস্থার অবস্থা কি সে সম্পর্কে চিত্র দেখতে গিয়ে আমি আপনার মাধ্যমে সভার মাননীয় সদস্যদের জানাচ্ছি যে পশ্চিমবাংলার সুপিরিয়র টাইপ অব এক্সট্রা মিউনিসিপ্যাল রোডস এর পরিমাণ হচ্ছে ৬২শো মাইল। ইন্টিরিয়ার মটোরেবল টাইপ অব রোডস এর পরিমাণ হচ্ছে ১৩ হাজার মাইল আর পশ্চিমবাংলার ন্যাশানাল হাইওয়ের সংখ্যা হচ্ছে ৬টি। তুলনামূলক ভাবে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে কিলোমিটার হিসাবে ন্যাশানাল হাইওয়ের পরিমাণ হচ্ছে, অন্ধ্রে ২ হাজার ৩৩২ কিলোমিটার, এম, পিতে ২ হাজার ৬৭৫ কিলোমিটার, মহারাষ্ট্রে ২ হাজার ২৭২ কিলোমিটার, ইউ, পিতে ২ হাজার ২২৮ কিলোমিটার, বিহারে ১৮শো কিলোমিটার এবং তামিলনাড়ুতে ১৬৭৫ কিলোমিটার। কিন্তু পশ্চিমবঙ্গে মাত্র ১৩৭০ কিলোমিটার। অর্থাৎ এখানে পথঘাটের

উন্নতি এবং সম্প্রসারণে কেন্দ্রীয় সরকারের পশ্চিমবঙ্গের প্রতি একটা চরম বৈষম্যমূলক আচরণ রয়েছে। আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং সাথে সাথে আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীকে কেন্দ্রীয় সরকারের উপর যথোচিত চাপ সৃষ্টি করে পশ্চিমবাংলার এই ন্যাশানাল হাইওয়ের প্রতি সমুচিত গুরুত্ব যাতে দেওয়া হয় তারজন্য আবেদন করছি। যে রাস্তাগুলি পশ্চিমবঙ্গে আছে আমরা দেখেছি সেখানে লংরুটের বাস চালানো হচ্ছে। কিছু দিন আগে রেডিওতে শুনেছিলাম ক্যালকাটা-শিলিগুড়ি রকেট সার্ভিস চালানো হবে। আমাদের নদীয়া জেলার ন্যাশানাল হাইওয়ের ২ পাশের প্রস্থের যে পরিমাণ তাতে রকেট সার্ভিস চালালে একমাত্র ফলশ্রুতি হতে পারে এ্যাক্সিডেন্ট। তাই আমি মন্ত্রীমহাশয়কে বলব যে বড় বড় পরিকল্পনা পশ্চিমবঙ্গ সরকারের গ্রহণ করার প্রাক্কালে যাতে প্রস্থের ও পরিধির দিক দিয়ে রাস্তা বৃহত্তর করা হয় এ দিকে যেন বিশেষ দৃষ্টি দেন। স্যার, এই ডিপার্টমেন্টের বিরুদ্ধে আমার অভিযোগ হচ্ছে, পি, ডব্লু, ডি, নতুন নতুন রাস্তা কনসট্রাকসান করছে, কিন্তু আজকে হেভিট্রাফিকে যে বিরাট ক্ষতি হচ্ছে তার মেনটেনেন্সের কোনরকম দায়দায়িত্ব গ্রহণ করছে না। রাস্তার সামগ্রিক উন্নতিসাধন এবং পর্যাবেক্ষণ-এর জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে পশ্চিমবাংলায় একটা ওয়েষ্ট বেঙ্গল রোড ডেভালপমেণ্ট কর্পোরেশন গঠন করার জন্য আহ্বান জানাচ্ছি। স্যার, তাঁর বক্তব্য হচ্ছে, সীমেন্টের অভাব এবং ষ্টোন চিপসের অভাব সেজন্য হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা আজকে বরাদ্দ হওয়া সত্বেও খরচ হচ্ছে না। কিন্তু অনুসন্ধান করে দেখা দরকার যে এটাই একমাত্র অভাব, না আমলাতন্ত্রের গাফিলতি সেটাও একটা কারণ। এটা পরিষ্কার ভাবে জানানোর জন্য দাবী করে বলছি তিনি অনুসন্ধান করুন, পর্যবেক্ষণ করুন, নতুন সূত্র উদ্ঘাটন করতে পারবেন। সেখানে এই আমলাতন্ত্র বা অফিসারদের কারসাজী আছে, যার ফলে এই পি, ডব্লু ডিপার্টমেন্টের জনসাধারণ, মেহনতী মানুষের একান্ত অপরিহার্য্য তা যোগাযোগ ব্যবস্থা বিপর্য্যস্ত হচ্ছে বা বিঘ্নিত হচ্ছে তিনি তাদের সম্পর্কে শাস্তির ব্যবস্থা করবেন কিনা সে সম্পর্কে তাঁর জবাবের সময় আশা করি তিনি বলবেন। তারপর জেলায় জেলায় দেখছি পি, ডবলু ডিপার্টমেন্টের কাজ হচ্ছে না কেন ? কোন ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে গেলে শুনি পি, ডবলু, ডির সঙ্গে কোন কো-অর্ডিনেশন নেই, কোন মিলন নেই, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে পূর্ত বিভাগ থেকে ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট, পি, ডব্লু, ডি,র ইঞ্জিনিয়ারদের সঙ্গে একটা কো-হেসান, একটা রিলেসান যতক্ষণ না হচ্ছে ততক্ষণ পর্য্যন্ত এটা হতে পারে না। আর সবচেয়ে বড় অভিযোগ এই ডিপার্টমেন্টের যে কনট্রাক্টর এবং ইঞ্জিনিয়ার-দের মধ্যে একটা দুর্নীতির মধুচক্র বা ভিসিয়াস সার্কেল গড়ে উঠেছে। এখানে এর বিরুদ্ধে এই দুর্নীতি অসাধুতা দূর করতে যদি না পারা যায় তাহলে কিন্তু এ সমস্যা মিটবে না।

আর কনট্রাক্টরের বিরুদ্ধে তিনি লক্ষ্য করে দেখবেন সব চেয়ে বড় অভিযোগ—কনট্রাক্টররা বলছেন বিদেশী রাজ্য থেকে অবাঙালী গ্যাং-ম্যানদের নিয়ে এসে এই সমস্ত বিরাট বিরাট পরিকল্পনা বাস্তবে রূপায়িত করবেন, যার ফলে দেশের ছেলেদের কোন রকম কাজের সুযোগ দেবেন না। তিনি যাতে এই সম্পর্কে দৃষ্টি দেন তার জন্য আমি আহ্বান জানাচ্ছি। আর একটি কথা পল্লী অঞ্চলের প্রতিনিধি হিসাবে বলা দরকার। এখানে সি, এম, ডি, এ, ও পি, ডব্লু, ডি, বড় বড় প্ল্যান করেছেন, সবাই সহরের উন্নতির কথা চিন্তা করছেন, কিন্তু গ্রামের উন্নতি সেই তুলনায় চিন্তা করা হয়নি। এখানে খুব ভাল কথা আছে, ফ্যামিলি প্ল্যানিং, হেল্থ সেন্টার, হসপিট্যাল ইত্যাদি। কিন্তু সেখানে গিয়ে দেখুন ডাক্তারবাবুর মতামত হচ্ছে হেল্থ সেন্টারস আর মোষ্ট আনসাইন্টিফিক এণ্ড আনহাইজিনিক, পি. ডব্লু. ডি.র ইঞ্জিনিয়ারসরাও মনে করেন। টেকনিক্যাল অফিসারস মেডিকেল অফিসারকে যখন বলে আপনাদের চিকিৎসা করা উচিত দে ডু নট পে এনি হিড টু দি মেডিকেল অফিসার। তাদের কাছে আমার আবেদন মেডিকেল অফিসারের এক্সপার্ট সুপারভিসনে এই চিকিৎসা ব্যবস্থা পরিচালনা

করবেন এবং সেই মেডিকেল অফিসার ওপিনিয়ন দেবেন সেণ্টার সম্বন্ধে যাতে টেকনিক্যাল এক্সপার্ট, ইঞ্জিনিয়ারস রা এই সমস্ত বিল্ডিং কন্সট্রাকসন করেন, সেই সম্পর্কে তিনি যেন প্রয়োজনীয় বিধি নির্দেশ দেন। আর একটি কথা রেসিডেনসিয়াল কোয়ার্টারস আর বিয়িং কনসট্রাক্টেড ফর দি পুলিশ অল ওভার দি ষ্টেট, এই কথাটা বলা হয়েছে। কিন্তু আমরা দেখছি ডি. এস. পি., এস. ডি. পি. ও এস. পি. এদের জন্য ফুল বাগানওয়ালা বড় বড় কোয়ার্টার্স তৈরী হচ্ছে। কিন্তু আসলে যারা কনসটেবল হাজার হাজার, যারা দেশের শান্তি শৃঙ্খলার জন্য ওতঃপ্রতভাবে জড়িত সেখানে দেখুন দারুন অবস্থা। আমি আবেদন করছি, দাবী করছি উপরওয়ালা অফিসারদের আই. পি. এস., আই. সি. এস. এদের জন্য রেসিডেনসিয়াল কোয়ার্টার তৈরী করলে চলবে না, কন্সটেবলদের জন্যও যাতে করা হয়, তাদের জন্য যাতে প্রয়োজনীয় ব্যবস্থা করা হয় সেটাও চিন্তা করতে হবে। আর একটি কথা বলে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি, পশ্চিমবাংলার সংস্কৃতি, ঐতিহ্য, শিক্ষা প্রভৃতিকে যদি বাঁচাতে হয় তাহলে জাতীয় ইতিহাস আমাদের স্মরণ করতে হবে এবং তার জন্য মহাপুরুষদের বিরাট বিরাট যে মূর্তি গঠন করার পরিকল্পনা করেছেন এ জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমার বেদনা ও ক্ষোভ প্রকাশ করে সাথে সাথে এই কথা বলি, অরবিন্দের কথা বলা হয়েছে, সূর্য্য সেনের কথা বলা হয়েছে, রাজা রামমোহন রায়ের কথা বলা হয়েছে, ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কথা বলা হয়েছে, এজন্য আমি অভিনন্দন জানাচ্ছি, কিন্তু কলকাতার বুকে এসে ঐ বড় বড় শহীদ ও মহাপুরুষদের মূর্তি দেখে যাবার সুযোগ অনেকের ভাগ্যে হবে না, তাই জেলায় জেলায় যাঁরা মহাপুরুষ আছেন যেমন আমার নদীয়া জেলায় ডি. এল. রায় ছিলেন, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ছিলেন, প্রখ্যাত সাহিত্যিক ইত্যাদি এইসব মনিষীদের মূর্তি স্থাপন করা উচিত। রবীন্দ্রনাথ মানুষের কাছে একজন শ্রেষ্ঠ কবি, বিশ্ববিশ্রুত পুরুষ। তাঁর মূর্তি গঠন করে একটা জাতীয় ঐতিহ্যকে এগিয়ে নিয়ে যাওয়া যায়, সে দেশের সংস্কৃতি, সে দেশের চিন্তা, সে দেশের ধর্ম, সেই জাতির ঐতিহ্যকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হয়। তেমনি আমি জেলায় জেলায় এই সব মনিষীদের মূর্তি স্থাপন করার জন্য তাঁর কাছে বিশেষভাবে আবেদন জানাচ্ছি। আর সবচেয়ে বড় কথা হল আজকে পি. ডব্লু. ডিপার্টমেণ্টকে এই সমস্ত কাজ করতেই হবে। আজকে দেশের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে গেলে যোগাযোগ ব্যবস্থার উন্নতিই হল সব চেয়ে বড় কথা। রবীন্দ্রনাথ এই কথা বলেছিলেন যে হাউসিং এবং চিকিৎসা এবং উন্নয়নমূলক শিক্ষাই হচ্ছে মানুষের সব চেয়ে বড় প্রয়োজনী জিনিস। সেদিকে সজাগ দৃষ্টি দিয়ে পশ্চিমবঙ্গের ৪॥ কোটি মানুষের যে ব্যয় বরাদ্দের দাবী আছে তাকে সমর্থন করে এই মন্ত্রী মহাশয়কে আমার অভিনন্দন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত**ঃ মাননীয় স্পীকার মহাশয়, স্যার, মাননীয় পূর্তমন্ত্রী যে ব্যয় বরাদ্দ আমাদের সামনে উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে উঠে আমি সর্ব্ব প্রথম ইংরাজীর সেই কথাটি স্মরণ করছি, 'এ ম্যান ইজ নোন বাই দি কোম্পানী হি কিপস'। ঠিক তেমনি আমাদের জাতি এবং দেশের ক্ষেত্রে 'এ কানট্রি ইজ নোন বাই দি রোডস ইট মেনটেনস'। এই কথা আমাদের ভুললে চলবে না মানুষের ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে একমাত্র নির্ভরশীল জিনিস হচ্ছে রাস্তা। শিক্ষাই বলুন আর ব্যবসাই বলুন, সব এই রাস্তার মাধ্যমেই করা সম্ভব। কিন্তু বড় দুঃখের বিষয় ২৫ বছরের মধ্যে সহরের রাস্তা কিছু হয়ত হয়েছে, সহরবাসীর দিকে হয়ত কিছু নজর দেওয়া হয়েছে, কিন্তু গ্রামবাংলার সেই হতভাগ্য মানুষের প্রতি তেমন নজর দেওয়া হয়নি। আমার কনসটিটিউএনসির একজন দুর্ভাগা এম. এল. এ হিসাবে আমি বলছি যে ১৯৬৯ সাল থেকে ৩টি স্কীম খাতার মধ্যে লেখা আছে, কিন্তু এক পয়সা আজ পর্যন্ত খরচ করা হয়নি এবং কবে করা হবে তাও জানি না। আজকের দিনে সরকারের একটা অসুবিধা আমরা লক্ষ্য করছি, যারা কেদকার কমিশনের রিপোর্ট পড়েছেন তারা জানেন যে

ইরিগেশন বা এগ্রি কালচার-এর চেয়ে অনেক বেশী মূল্যবান, অনেক বেশী কল্যাণকর দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য, তা হচ্ছে রাস্তা। একমাত্র রাস্তা যদি আমরা তৈরী করি তাহলে আমাদের অনেক উন্নতি হতে পারে এবং একমাত্র রাস্তা যদি আমরা তৈরী করতে না পারার জন্য সারা ভারতবর্ষে আমাদের ১২৩ কোটি টাকার মত রেভিনিউ লোকসান যাচ্ছে।

[2-30—2-40 p.m.]

কিন্তু বড় দুঃখের বিষয় যে পশ্চিমবঙ্গে রোড কন্সট্রাকশনের জন্য মাত্র ১৭ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। এই ১৭ লক্ষ টাকা যেটা বরাদ্দ হয়েছে, আমি জানি না কি করে মাননীয় শ্রদ্ধেয় মন্ত্রী ভোলানাথ সেন মহাশয়, যারা অক্লান্ত পরিশ্রম করছেন, যারা বহু চেষ্টা করছেন আমাদের দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য, ২৮০ জন এম, এল, একে অর্থাৎ এই ১৭ লক্ষ টাকাকে যদি ২৮০ দিয়ে ভাগ করা যায় তাহলে তার যে পরিমাণ দাঁড়াবে সেটা এত অল্প যে আবার আমাদের দাবীগুলি তাদের ভুলে যেতে হবে। আমরা যখন তাকে ঘিরে ধরবো তখন আমাদের সকলকে এই আশ্বাস দেবেন যে না এটা হচ্ছে, না ওটা হচ্ছে, এটা হবে কিন্তু আসলে তাদের ভুলে যেতে হবে। মাননীয় মন্ত্রী ভোলানাথ সেন মহাশয় হয়ে যাবেন ভুলে যাওয়া সেন মহাশয়। তাই আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন নিবেদন জানাবো, মাননীয় শংকর ঘোষ মহাশয় এখানে আছেন, এটা কি ধরনের বাজেট তৈরী হয়েছে? যেখানে মাত্র ১৭ লক্ষ টাকা রোড কন্সট্রাকশানের জন্য দেওয়া হয়েছে। আপনি কি জানেন না, পৃথিবীর যে কোন দেশে আপনি যান, যে কোন জায়গায় আপনি যান একটা হাসপাতাল না থাকে, একটা স্কুল না থাকতে পারে, কিছু না থাকতে পারে, কিন্তু সেখানে রাস্তা আছে। পশ্চিমবাংলায় গ্রামবাংলার কোন উন্নতি করা সম্ভব নয় যদি আমরা ১৭ লক্ষ টাকা বরাদ্দ করে থাকি। ওয়ার্ল্ড ব্যাঙ্ক নামে একটা প্রতিষ্ঠান আছে। এই ওয়ার্ল্ড ব্যাঙ্ক তেলা মাথায় তেল ঢালে। যে সমস্ত ওয়েষ্টার্ণ পাওয়ার আছে ওদের জন্য প্রচুর টাকা ঢালে। আমরা যদি এখান থেকে সংগ্রহ করতে না পারি, আজকের দিনে ওয়ার্ল্ড ব্যাংকের কাছে চাপ সৃষ্টি করে এশিয়ার নতুন সূর্য ইন্দিরা গান্ধীর কাছে মোটেই কষ্টকর নয় এটা আদায় করা। কাজেই পশ্চিমবঙ্গের যে রাস্তা হওয়া দরকার সেই রাস্তার দিকে আমরা এগিয়ে যেতে পারি। কিছুক্ষণ আগে যখন এই সভা বসেনি তখন প্রায় ১২॥ টা কি পোনে একটা হবে। এ্যাসেমলী হাউসের আমাদের মধ্যে একটা বিরাট তর্ক হয়েছিলো যে এটা পি ডবলিউ ডিপার্টমেণ্ট না হেল্থ ডিপার্টমেন্ট। অনেকেই এটাকে পি, ডবলিউ ডিপার্টমেন্ট বলে মানতে রাজি হচ্ছেন না। তারা বলছেন, না, এটা হেল্থ ডিপার্টমেণ্ট। আমি বললাম, মশাই, হেল্থ ডিপার্টমেণ্ট হচ্ছে কি করে? তারা বললো যে দেখুন, আপনি যদি কোন ডাক্তারের কাছে যান তিনি আপনাকে নির্দ্দেশ দেবেন মল, মূত্র, কফ, পিত্ত এগুলি পরীক্ষা করুন। ততক্ষণ পর্যন্ত রুগীর যে অবস্থা তা প্রায় স্বর্গের দিকে এগিয়ে যাবেন। আমাদের রোডস-এর যে ডিপার্টমেণ্ট রয়েছে তার অবস্থাও ঐ রকম। প্রথমে হচ্ছে সার্ভে, তারপর প্ল্যানিং তারপর টেণ্ডার কল, তার আগে হচ্ছে এসটীমেট ইত্যাদি করে যখন একটা স্কীম লোয়ার লেভেল থেকে ডিষ্ট্রিক্ট লেভেলে আসছে তখন ঘুরে ঘুরে এই ৪টি ডিপার্টমেণ্টের পরে যখন টেণ্ডার কল হচ্ছে তখন পুনরায় বলা হচ্ছে যে না, এই পরিকল্পনায় হবেনা, কারণ এই ৪ বছরে রাস্তা আরো খারাপ হয়েছে, আবার এসটিমেট কর। অর্থাৎ ভোলাবাবুর যতই সদিচ্ছা থাকুক না কেন, কোনদিন পশ্চিমবঙ্গে রাস্তা হয়নি, রাস্তা হবে না। ১৯৬৯ সাল থেকে আমরা দেখছি এই জিনিস। আমার নিজের কনসটিটিউয়েন্সিতে দেখেছি, অন্যান্য জায়গায় দেখেছি, এই যে আমলাতন্ত্রের চক্রের মধ্যে রয়েছে এরা রাস্তাঘাট তৈরী হতে দেবেন না। আমরা যখন গ্রামবাংলায় যাই তখন পল্লীগ্রামের লোকেরা আমাদের জিজ্ঞাসা করে যে রাস্তার কি হল? আমরা বললাম, রাস্তা হবে।

তারা জিজ্ঞাসা করে কবে হবে, কতদূর এগোলো? আমি বললাম কতদূর, যখন আমি ছোট ছিলাম তখন আমি ভবতপুরের রাস্তা হবে শুনলাম, এখন মাঝ বয়েসে এলাম এখনও শুনছি যে রাস্তা হবে। তারপর যখন শ্মশানঘাটে যাবো তার আগে শুনে যাবো যে রাস্তা হবে। এই নিয়ে চারিদিকে ঘুরিয়ে নিয়ে যাবার একটা চক্রান্ত হয়েছে, তাছাড়া আর কিছু নয়। টপ হেভী এ্যাডমিনিষ্ট্রেশান, ৪টি করে সুপারিনটেণ্ডিং ইঞ্জিনিয়ার চাই, তার মাইনে বেশী চাই, তারপর কাজ হোক আর নাই হোক। এর ভিতর দিয়েই পশ্চিমবাংলায় সমাজবাদ আসবে। সেই সমস্ত সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ারদের অফিসগুলি আপনারা গ্রামবাংলার লোককে দেখান আর বলেন, ঐ দেখ, ঐগুলি হচ্ছে সমাজবাদের বিউটি স্পট। আজকে যদি আমলাতন্ত্রের চক্র ব্যর্থ করতে না পারি, কমপ্লিশন সার্টিফিকেট এটা একটা অসম্ভব ব্যাপার। রাস্তা চুরি হচ্ছে, আমাদের রামকৃষ্ণবাবু প্রচুর চেষ্টা করুন, তিনি জানেন না, ভোলানাথবাবু জানেন না, তিনি জানুন। কমপ্লিশান সার্টিফিকেট গ্রামবাংলার যুব সমাজের হাতে যদি ছেড়ে না দেওয়া হয়, ওভারসিয়ারের হাতে যদি ছেড়ে না দেওয়া হয়, যদি সে সমস্ত আমলাতন্ত্রের হাতে ছেড়ে দেওয়া হয় তাহলে পশ্চিমবাংলায় রাস্তা মেইনটেনেন্স কেন কনষ্ট্রাকশানই হয়ে উঠছে না মেইনটেনান্স তো দূরের কথা। তাই, আমি আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাবো এই যে গলদ রয়েছে, এই গলদগুলির যদি অবিলম্বে ব্যবস্থা করা না হয় তাহলে আমার মনে হয় পশ্চিমবাংলায় রাস্তা তৈরী করা কোনদিন সম্ভব হয়নি, কোনদিন সম্ভব হবে না। এই রাইটার্স বিল্ডিংস আর কতকগুলি সুপারিনটেণ্ডেণ্ট ইঞ্জিনীয়ারস অফিস অনুগ্রহ করে এর মধ্যে কতগুলি অফিসার কমিয়ে দিন তাহলে দেখবেন রাস্তা সরল, স্বচ্ছ হবে এবং পশ্চিমবাংলার লোক সমাজবাদের কিছু আশ্বাস পাবে।

**শ্রীকান্তিরঞ্জন চ্যাটার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী যে বিল পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে এই কথা বলতে চাই যে, আমাদের এই পূর্তবিভাগের কাজ উৎসাহ-ব্যঞ্জক নয়। তাই আজকের দিনে তিনি যে উৎসাহ নিয়ে যে প্রচেষ্টা চালাচ্ছেন তাতে আমি তাঁকে জানিয়ে দিতে চাই যদি তাঁর বিভাগের যে কার্যকলাপ তা সুষ্ঠুভাবে ব্যবস্থা করে না দিতে পারেন তাহলে অতীতের অভিজ্ঞতা থেকে আমরা বলতে পারি এই অর্থ অপব্যয় হয়ে যাবে। আপনারা জানেন প্রাক্ স্বাধীনতার যুগে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের যেসব বাড়ীঘর তৈরী দেখেছি সেগুলো দেশের কাছে একটা স্থায়ী এবং আদর্শনীয় ছিল। কিন্তু স্বাধীনতার পর থেকে এই দীর্ঘদিন ধরে যে বাড়ীঘর হয়েছে তার অবস্থা আপনারা সকলেই লক্ষ্য করে দেখেছেন তা অতীতের তুলনায় অত্যন্ত নিকৃষ্ট। আমি অনুরোধ করবো আমাদের যেসব ঘরবাড়ী হচ্ছে সেগুলো প্ল্যান এবং এষ্টিমেট অনুযায়ী হয় কিনা—আমার নিজের এই বিভাগের সঙ্গে কিছুদিন যুক্ত থাকার ফলে লক্ষ্য করেছি যে অনেক স্কুল ঘরবাড়ী এবং সরকারী দপ্তর এবং কিছুদিন পরে তার ছাদ থেকে জলও পড়তে আরম্ভ করেছে। এই বিষয়ে একজন চীফ ইঞ্জিনীয়ার ঠাট্টা করে বলেছিলেন যে বর্ষা হলে তো জল পড়বেই। যদিও তিনি তার পরে তাঁর সংশ্লিষ্ট দপ্তরের ইঞ্জিনীয়ারকে ডেকে ছাদটা সারিয়েও দিয়েছিলেন। তাই আমি আজকের দিনে অনুরোধ করবো পূর্ববর্তী বক্তারা যা বলে গেছেন, আমাদের এই ঘরবাড়ীর জন্য প্ল্যান এষ্টিমেট দেওয়া হয়, তা সুষ্ঠু ভাবে আমাদের যারা কর্মকর্তা, যারা দেখাশোনা করেন, এটা লক্ষ্য করেন না এবং আমি নিশ্চয়ই এটা মনে করবো যে আমাদের মাননীয় পূর্তমন্ত্রী এই বিষয়ে নিজেও কিছুটা অভিজ্ঞতা অর্জন করেছেন। দ্বিতীয় কথা হল রাস্তা সম্পর্কে। আমরা দেখেছি, ঐ বারাসত মহকুমার মধ্যে কিছু কিছু রাস্তা আছে, আমি নামও বলে দিতে পারি, পদ্মলাভপুর-আমডাঙ্গার একটা রাস্তা কতদিন হল সুরু হয়েছে, সেটা নৈহাটির দিকে যাবে, কিন্তু আমি খোঁজ নিয়ে জেনেছি আপনার দপ্তর থেকে বারাসতের যে কাজ দীর্ঘদিন ধরে চলছে আপনারা ইঁট কেটে রেখে দিয়েছেন, যেগুলো সেখানে

পড়ে রয়েছে তাতে সরকারের অর্থ অপচয় হচ্ছে এবং ইঁটগুলো সরে যাচ্ছে। এই অভিজ্ঞতা নতুন নয়, পূর্বেও আমরা দেখেছি অন্যান্য অঞ্চলে। তাই আমি তাঁকে অনুরোধ করবো তাঁর বিভাগে যে সমস্ত রাস্তার কাজ হয়, টারগেট ডেট দিয়ে সেই কাজগুলো যাতে সম্পূর্ণ করা হয় এবং যত ত্বরান্বিত হয় ততই এই কাজ আমাদের কার্যকরী হবে। এবং সরকারের এই জনসাধারণকে সাহায্য করার প্রচেষ্টা, আমি এই ক্ষেত্রে বলছি এবং বহু বক্তারা এই কথা বলে গেছেন। আজকে যদি আমাদের দেশে অর্থনৈতিক উন্নতি করতে হয় তাহলে রাস্তার উপর জোর দিতে হবে। শহর কিংবা গ্রামের পরিকল্পনা নয়, গ্রাম থেকে যদি শহরে আমার পরিকল্পনা আমরা গ্রহণ না করতে পারি এবং আমার পূর্বে যে আলোচনা হয়েছিল, মাঝে মাঝে আমরা অল ইণ্ডিয়া রোডস্ কমিটির রিপোর্টে পড়ি যে আমাদের অর্থনৈতিক উন্নতির জন্য রাস্তার উপরে জোর দেওয়া বিশেষ প্রয়োজন।

এই রাস্তার প্রয়োজনীয়তা সম্পর্কে বিভিন্ন বক্তা যেসব কথা বললেন. আমরা শুনেছি পাঞ্জাবের চণ্ডীগড়ে যে শহর পরিকল্পনা করা হয়েছে, সেই শহর কেন্দ্র থেকে সমস্ত গ্রামকে সংযোজন করার জন্য যে ব্যবস্থা হচ্ছে তার ফলে গ্রামের যেসব কৃষিজাত দ্রব্য শহরে যাতে আসতে পারে এবং আমরা মাঝে মাঝে রোডস ডিপার্টমেন্টে এ্যাডভার্টাইজমেন্টে দেখি যে এক মাইল রাস্তা তৈরী করলে কত লোকের চাকুরীর যোগান হয়। তাই এইসব সম্পর্কে নির্দেশ দেবার জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি এবং তিনি যে আড়াই লক্ষ টাকা করে পার মাইল রাস্তার কথা বলেছেন আমি আশা করবো যেটা আমার পূর্ববর্তী বক্তা বলেছেন আরও অর্থ সংগ্রহ করার জন্য তিনি সচেষ্ট হবেন এবং আমাদের আরও যাতে রাস্তা বাড়ে তার চেষ্টা করবেন। আর একটা কথা বলে আমি শেষ করবো। অনেক ক্ষেত্রে দেখা যায় রাস্তা তারা তৈরী করে রেখে দিয়েছেন কিন্তু রাস্তার মাঝখানে একটা ব্রীজ করার পরিকল্পনা আজ পর্যন্ত হয়নি অথবা পরিকল্পনা হয়ে পড়ে রয়েছে। এই রাস্তাটা যাতে যথা শীঘ্রই সম্ভব ব্যবহার করতে পারে তার জন্য টোট্যালি কমপ্লিট করার চেষ্টা করুন। এই বলে আমি পূর্তমন্ত্রীর এই দাবী সমর্থন করে এবং আমার অধ্যক্ষকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[2-40—2-50 p.m.]

**শ্রীসুনীলমোহন ঘোষমৌলিক**ঃ মাননীয় স্পীকার মহোদয়, আজকে আমাদের পূর্ত বিভাগের মন্ত্রীমহোদয় যে গ্রাণ্ট পেশ করেছেন তা আমি পূর্ণ সমর্থন করছি। সেই সঙ্গে এইটা বলতে বাধ্য হচ্ছি যে তাঁর ডিপার্টমেণ্টের থার্ড প্ল্যানের যে রাস্তা আজও পর্যন্ত হয়নি। আমার পূর্বের বক্তা বলে গেলেন যে এই ডিপার্টমেণ্টের কাজ সম্বুক গতিতে হয়, কিন্তু আমার মনে হয় যে একটা ডেড লাইনে পৌঁছে দিয়েছে, দাস ফার এ্যাণ্ড নো ফারদার। আমি একটা রাস্তার কথা বলি সর্বপ্রথমে, সেটা হচ্ছে ন্যাশনাল হাইওয়ে—ভোলাবাবু বর্ধমানের লোক, উনি জানেন এইটা বর্ধমানের কোন দিক দিয়ে গিয়েছে, তারপর এইটা কৃষ্ণনগরে ন্যাশনাল হাইওয়ে এন, এইচ-৩৪ পরে এবং তারপর এইটা মেজর রোড হিসাবে ট্রিটেড হবে। তারপর স্টেজ বাই স্টেজ ওখান থেকে গ্রামসালকে পর্যন্ত হলো, গ্রামসালকে টু মজলিসপুর অর্থাৎ বর্ধমান বর্ডার পর্যন্ত। এই রাস্তা '৬৩ সালে ফার্লং দুই হবার পর কাজ স্টপ হয়ে গেল, আজ পর্যন্ত এই ১০ বছরের মধ্যে হলো না। সেই জন্য আমি জিজ্ঞাসা করছি আমাদের পূর্তমন্ত্রী মহোদয়কে যে, এই রাস্তার যে প্ল্যান হয়ে আছে বর্দ্ধমান থেকে মুর্শিদাবাদ বর্ডার পর্যন্ত হবে এবং খবর শুনেছিলাম স্টোনচিপস্ পড়ে গিয়েছে বোধ হয়, আগামী শীতকাল হতে হবে। কিন্তু এই ৪।৫ মাইল রাস্তা আজও হলো না। সেই জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে সেখানে কাজ আরম্ভ হয় সেই জন্য তিনি তার ডিপার্টমেন্টকে যেন নির্দেশ

দেন। আর একটা রাস্তা বিমল সিংহ মহাশয় যখন মন্ত্রীছিলেন তখন ঐ সালারের রাস্তা সেটার কাজ আরম্ভ হয়েছিল এবং শেষও হয়েছিল কিন্তু মাঝখানের তিনটি নদীর ব্রিজ আজও পর্যন্ত হয়নি। তবে অনেকদিন পরে একটা ব্রিজ হচ্ছে কিন্তু সেটা এইবারের বর্ষায় খোলা হলো না। এখন আর দুটো ব্রীজ হলে সালারের সঙ্গে ভরতপুরের যোগাযোগ সম্পন্ন হয়ে যাবে। সেইজন্য এই দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা সবচেয়ে বেশী যেটা দরকার এবং যে কথা সকলেই বলেছেন আমিও বলেছি যে গ্রামবাংলা উপেক্ষিত হচ্ছে, সেই জন্য গ্রামবাংলার দিকে দৃষ্টি দিতে হবে। গ্রামবাংলার সব রাস্তা নির্মাণ করতে পারবেন না, কেন না একবার যখন ডিষ্ট্রীক্ট বোর্ডের চেয়ারম্যান কনফারেন্স হলো এস, এস, জি মিনিষ্টার ছিলেন সেখানে আমিও গিয়েছিলাম। তখন সেখানে দি দেন চিফ ইঞ্জিনীয়ার বললেন যে, এই রকম ভাবে আমরা ১০ বছরেও জেলা পরিষদের সব রাস্তা করতে পারব না। আমি ১৯৫৫ সালে ডিষ্ট্রীক্ট বোর্ডের চেয়ারম্যান ছিলাম, তখন আমি জানি আমাদের মুর্শিদাবাদ জেলার প্রায় ২৪০০ মাইলের মধ্যে মাত্র ৪০০ মাইল হয়েছিল, এইটা সম্ভব নয় সব রাস্তা এক সঙ্গে করা। আমার অনুরোধ পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে যে গ্রামবাংলাকে আরও কিছু সাহায্য করুন, সেখানে যে সব জেলা পরিষদের রাস্তা আছে সেগুলিতে কিছু কালভার্ট করলে গ্রামবাংলার লোকে বর্ষার সময় সহজে যেতে আসতে পারে। এমন গ্রাম আছে যেখানে এমন রাস্তা যে সেই রাস্তায় খালের জল উঠে আসে। তখন সেখানকার লোককে পচে মরতে হয়। সেইজন্য আমি অনুরোধ করছি যে এই হেডে কিছু টাকা রেখে দিন, এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যরঞ্জন বাপুলী:** মিঃ স্পীকার স্যার, আজ Grant No. 51 ও 34—এই দুটোতে যে মোটা অঙ্ক চাওয়া হয়েছে তা মঞ্জুর করেই আমরা ক্ষান্ত। কিন্তু আজ এটা খুব দুঃখের কথা যে, আমরা যারা বিধানসভার সদস্য হয়ে এসেছি তারা চিন্তা করতে পারছি না। আমাদের মন্ত্রীসভা একটা, না দুটো। আমি বলব মন্ত্রীসভা একটাই। কিন্তু গ্রামবাংলার প্রতি মন্ত্রীসভার একটা বিমাতৃসুলভ ভাব আছে। আমাদের কাছে যে বাজেট place করা হয়েছে তার Item No ২০৭, ২০৮, ২০৯ ২১০ এই ৪টা রাস্তার মধ্যে ২৪-পরগণার সুন্দরবনের মধ্যে একটাও পড়ে না। আমরা এই সরকারকে কি বলব। আমাদের মনে হয় একই সরকারের অধীনে ২টা ভাগ আছে, একটা হল গ্রামবাংলার জন্য এবং আর একটা শহরের জন্য। যেদিন ইন্দিরা গান্ধী বাংলাদেশ থেকে ফিরলেন তাঁকে আমরা স্বাগত জানাতে গিয়ে ফেরার সময় দেখলাম, এদিকে Bombay High Way Road, অন্যদিকে V. I. P. Road এসব রাস্তা দেখলে চোখ ঝলসে যায়। গ্রামবাংলার লোকেরা যখন আসে তখন তারা চিন্তা করতে পারে না যে তারা পশ্চিমবাংলার সরকারের অধীনে আছে, না কোন বিমাতা সরকারের অধীনে আছে। একই সরকারের অধীনে দুটো মনোভাব চলছে। একটা শহরতলী, আর একটা গ্রামবাংলা, দীর্ঘ ২৫ বছর এই আচরণই হয়ে আসছে। গ্রাম বাংলায় রাস্তা বলে কোন রাস্তা নেই। আমার পাথরপ্রতিমা Constituency ২০০ sq. mile-এর মধ্যে পাঁচ কেন, কোন ইটের রাস্তা নেই। Embankment-এর ধারই হল রাস্তা। একবার পূর্তমন্ত্রীমহাশয় আমাদের ওখানে যখন গিয়েছিলেন তখন তাঁকে সুন্দরবন দেখবার কথা বলি। আপনি তো কোলকাতার বড় বড় রাস্তা দেখেছেন, গাড়ী করে যান, air-condition গাড়ী করে যান। কিন্তু এখানে গিয়ে দেখুন যে কি ভাবে লোকে চলাচল করে। সেখানে লোকে Embankment-এর উপর দিয়াই চলে। সেখান দিয়ে গরুও যাচ্ছে, মানুষও যাচ্ছে। তুফানের মধ্যে যখন মন্ত্রীমহাশয় নাবলেন তখন তিনি জিজ্ঞাসা করলেন রাস্তা কৈ? গ্রামবাংলার লোকেরা তাঁকে বলল এটাই রাস্তা বড় নদীর Embankment-ই গ্রামবাংলার রাস্তা। সেজন্য বলছি যে ২০০ sq. mile-এর মধ্যে কোন

রাস্তা নেই। ২৫ বছর স্বাধীনতা আমরা পেয়েছি। কিন্তু কংগ্রেসকে লোকে কেন ভোট দেবে? ২০০ sq. mile-এর মধ্যে এক ফুটও রাস্তা হয়নি। সেখানে যদি গ্রামবাংলার লোকের কাছে আমরা কংগ্রেসীরা ভোট চাই সমাজতন্ত্র প্রতিষ্ঠা করব বলে, তাহলে কেন তারা আমাদের কথা শুনবে? তাই বলব শুধু কোলকাতা ও শহরতলীর কথা চিন্তা না করে গ্রামবাংলার কথাও চিন্তা করুন। ২৮০ টা আসনের মধ্যে ২০০ টা আসনের লোক এসেছি গ্রামবাংলা থেকে। এই ৮০ টা আসন দিয়ে ২০০ টা আসন রক্ষা করা যাবে না। আজ প্রত্যেকের মুখে একই কথা যে গ্রামবাংলার কথা চিন্তা করুন। আমাদের গত ২০।২১ তারিখে যে রাজনৈতিক সম্মেলন হয়ে গেল আমরা পরিষ্কার বক্তব্য রেখেছি যে সামনের ২ বছরের মধ্যে যদি রাস্তা না হয় তাহলে আমরা প্রকাশ্য আন্দোলন করব। আজ বিধানসভায় ঘোষণা করছি যে আমরা রাজনৈতিক সম্মেলনে এই বক্তব্য রেখেছি যে ২ বছরের মধ্যে যদি কার্যকরী না হয় তাহলে ২ বছর পর আমরা বিধানসভায় সদস্য থাকব কিনা সেটা চিন্তা করব। অর্থাৎ সদস্য পদ থেকে ইস্তফা দিতেও দ্বিধা করব না। আমাদের এই ultimatum থাকল with popular govt. সুন্দরবনের কথা চিন্তা করুন। সেখানে শুধু জন্তু, জানোয়ার, বাঘ, হরিণ ইত্যাদি থাকে না। সেখানে লক্ষ লক্ষ লোক থাকে এবং ঐদিক থেকে আমরা ১৪।১৫ জন এসেছি। সেখানে কোন রাস্তা নেই। সেখানে সাপে কাটলে তিনদিন সময় লাগে হাসপাতালে নিয়ে আসতে। আমাদের এই গণতান্ত্রিক, সমাজতান্ত্রিক দেশে আমরা তাদের কি উপায় করতে পেরেছি একথা আজ চিন্তা করার আছে।

[2-50—3-00 p.m.]

আমি প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের হুগলীতে গিয়েছি, সেখানে পথ-ঘাট যতগুলি দেখেছি সবই অলিতে গলিতে পিচের রাস্তা। মাননীয় সদস্যরা বলছেন কম রাস্তা, কিন্তু আমি মাননীয় সদস্যদের বলব তাঁরা আমার ওখানে গিয়ে দেখুন এটা আমার কাছে স্বপ্ন। আমাদের ওখানে একটা পিচের রাস্তা নেই। জানিনা পশ্চিমবঙ্গে ২ শো স্কয়ার মাইলের মধ্যে একটা পিচের রাস্তা নেই এই রকম জায়গা আছে কিনা। হুগলীতে আরো দরকার, কিন্তু ২ শো স্কয়ার মাইলের মধ্যে একটা পিচের রাস্তা থাকবে না, সেকথা চিন্তা করতে পারিনা। পশ্চিমবঙ্গের সব জায়গায় পর্যাপ্ত পরিমাণে রাস্তা দরকার। আজকে আমি বলব তিনটি রাস্তা ২ বছরের মধ্যে যেন রূপ দেওয়া হয়—একটা হচ্ছে হরিপুর থেকে পাথরপ্রতিমা, আর একটা হচ্ছে মথুরাপুর থেকে ঘোড়াদল, আর তৃতীয় রাস্তা হচ্ছে ঢোলা থেকে রামগঙ্গা। এই তিনটি রাস্তা আমরা সুন্দরবনের মধ্যে চেয়েছি। আজকে ২০ বছর স্বাধীনতার পর সেই অঞ্চলে কোন মন্ত্রী পদার্পণ করেন নি, সেদিন পূর্তমন্ত্রী ভোলা সেন প্রথম গিয়েছিলেন। পরিশেষে আমি একটা কথা রাখব, আজকে সরকারকে নতুনভাবে চিন্তা করতে অনুরোধ করব: আপনারা গ্রামবাংলার কথা ভাবুন, গ্রামবাংলার কথা ভাবলে কংগ্রেস বাঁচবে, দেশ বাঁচবে, সমাজতন্ত্র বাঁচবে এবং গরীবী হঠাও সফল হবে।

**শ্রীমহম্মদ দেদার বক্‌স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী আজকে আমাদের হাউসের সামনে ১৯৭২-৭৩ সালের পাবলিক ওয়ার্কস-এর যে ব্যয় বরাদ্দের দাবী করেছেন আমি সেটা সমর্থন করছি এবং আমি যে বক্তব্য রাখব তাঁর প্রতি দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। আমি গ্রামবাংলা থেকে এসেছি, গ্রামবাংলার কথা বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পর পর সর্বনাশা বন্যায় মানুষ তাদের অন্যান্য জিনিস হারিয়েছে, তার সঙ্গে সঙ্গে চলা ফেরার যে রাস্তা তাও হারিয়েছে। আজ তারা শহরে জিনিসপত্র ক্রয় বা বিক্রয়ের জন্য রাস্তার অভাবে যেতে

পারে না। তারা রাস্তার অভাবে দূর দুরান্ত থেকে বাসে চড়ে শহরে বা হাটে-বাজারে যেতে পারেনা। আজকে বর্ষাকাল আরম্ভ হয়েছে, এই বর্ষায় রাস্তার অবস্থা এমন ভয়াবহ হতে চলেছে যে সেটা বন্ধ হয়ে যাবে। তারা কাদার মধ্যে হেঁটে হেঁটে ১০/১৫/২০ মাইল গিয়ে বাজার করছে। আমি এই প্রসঙ্গে উল্লেখ করছি যে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা কেন্দ্রে আজ পর্যন্ত ন্যাশন্যাল হাইওয়ে ছাড়া এক ইঞ্চি পাকা রাস্তা নেই। জিয়াগঞ্জ খড়িবনা ভায়া রাণীতোলা জিলা পরিষদ রোড সেই রাস্তাটা সম্বন্ধে ১৯৬৯ সাল থেকে আমি সরকারের সঙ্গে যোগাযোগ করেছি, সরকার বলছেন জেলা পরিষদ করবে, জেলা পরিষদ বলছে গভর্ণমেণ্ট করবে। আমি এর সমস্ত কাগজপত্র নিয়ে পূর্তমন্ত্রী মহাশয়কে দিয়েছি। এই রাস্তা সম্বন্ধে আমি বার বার বলেছি, আমাদের মুর্শিদাবাদ জেলার কৃষিমন্ত্রী সাত্তার সাহেবের সামনে আলোচনা হয়েছে। আগে থেকে শুনে আসছিলাম এই রাস্তাটি দ্বিতীয় পরিকল্পনায় আছে, দ্বিতীয় পরিকল্পনা গেল, তৃতীয় পরিকল্পনা শেষ হল, চতুর্থ পরিকল্পনা শেষ হতে চলল কিন্তু ঐ এলাকার জনসাধারণের যেটা একমাত্র গুরুত্বপূর্ণ রাস্তা, যেটা দুটো দিকে হাইওয়েকে যুক্ত করছে সেই রাস্তাটা হল না। সেই রাস্তায় বর্ষাকালে কোথাও হাঁটু জল, কোথাও কোমর জল কোথাও সাঁতার জল, যে কালভার্টগুলি আছে সেগুলি ভেঙ্গে পড়েছে। রাস্তার জন্য মুর্শিদাবাদ জেলা পরিষদকে ১ কোটি ২৪ লক্ষ ৫০ হাজার টাকা দিয়েছিল, কিন্তু এই টাকার মধ্যে ২ বছরে মাত্র ৩০ লক্ষ ৯৭ হাজার টাকা ব্যয় করা হয়েছে। জেলা পরিষদের হাতে রাস্তা থাকায় গভর্ণমেণ্ট থেকে রাস্তা হয় না। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই রাস্তাটি যেন অতি সত্বর এই বছরের বাজেটে অন্তর্ভুক্ত হয়। তারপর শহরে বিলডিং নির্মাণের ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু গ্রামে ভূমিহীন, গৃহহীনদের গৃহনির্মাণের ব্যবস্থা নেই। ঐতিহাসিক প্রসিদ্ধ স্থান মুর্শিদাবাদের কাটরা মসজিদ সেটা সংরক্ষণ করা দরকার। পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব তিনি যেন এটা সংরক্ষণের ব্যবস্থা করেন।

আমি মন্ত্রীমহাশয়কে অভিনন্দন জানাই কারণ রাস্তা ঘাট করার জন্য যে সমস্ত কণ্ট্রাক্টর সেগুলি তিনি এই সমস্ত বেকার ওভারসিয়ার, ইঞ্জিনিয়ারদের দিয়েছেন। কিন্তু এখন যে সমস্ত কণ্ট্রাক্টররা আছেন তাঁরা প্রশাসনের সঙ্গে জড়িত ইঞ্জিনিয়ার এবং ওভারসিয়ারদের সঙ্গে যোগাযোগ করে অর্থের অপচয় করছেন এবং প্রায় প্রত্যেক জায়গাতেই দেখা যায় পরিকল্পনার ৭০ থেকে ৭৫ ভাগ টাকা অপচয় করেন এবং মাত্র ২৫ ভাগ টাকা খরচ করা হয়। আমি পূর্তমন্ত্রীমহাশয়কে অনুরোধ করব প্রশাসনের মধ্যে এই যে দুর্নীতি এটা যতশীঘ্র পারেন দূর করুন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরমেন্দ্র নাথ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন আমি তাকে সমর্থন করছি। এই প্রসংগে আমার প্রথম বক্তব্য হচ্ছে রোডস হেড এবং ফ্লাড ড্যামেজ হেড-এ দেখলাম ১৯৭১-৭২ সালে ৫ কোটি ৯৬ লক্ষ ৫০ হাজার টাকা ধরা হয়েছিল, কিন্তু এবছর সেটা ধরা হয়নি। তাহলে কি উনি বুঝেছেন যে এবছর খরা হবে, বন্যা হবেনা। আগেকার গভর্ণমেন্ট-এর সময় দেখেছি তাঁরা পিচের রাস্তার সঙ্গে পুলিশ স্টেশনের যোগাযোগ ব্যবস্থা করেছিলেন। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব প্রত্যেকটি হেলথ সেণ্টার থেকে পিচের রাস্তা পর্যন্ত যেন পাকা রাস্তার যোগাযোগ ব্যবস্থা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলের নূতন পাকা রাস্তার জন্য যে কতটাকা ধরা হয়েছে বাজেটে সেটা আমি বুঝতে পারলাম না। আমার মনে হয় এর জন্য কোন টাকাই ধরা হয়নি এবং হয়ত কোন নূতন রাস্তার প্রোগ্রাম নেই। যাহোক, আমি আশা করি গ্রামের মধ্যে যাতে ১ মাইল

গিয়েই পাকা রাস্তা পায় তার ব্যবস্থা করবেন। আমি আমার এলাকায় মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে নিয়ে গিয়েছিলাম। মকদমপুর থেকে ভাটোল এই ৮ মাইল রাস্তা যেতে ২ বার গাডী খারাপ হোল এবং গোটা দিন লেগে গেল যেতে আসতে। সেখানে ২৫ হাজার লোক বাস করে। সেখানে কি কষ্টে তারা বাস করছে সেটা রাষ্ট্রমন্ত্রী মহাশয় নিজে দেখে এসেছেন। আমি আশা করি এই রাস্তাটি নিশ্চয়ই হবে। আমার উদ্দেশ্য ছিল তাঁকে দেবীনগর থেকে গোরাহালঘাট নিয়ে যাব এবং সে রাস্তা করলে আমরা বারশুই গিয়ে ট্রেন ধরবার সুযোগ পাব কিন্তু সে সময় হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পি. ডবলিউ ডিপার্টমেন্টের বহু রাস্তায় এনক্রোচমেণ্ট হয়েছে—শহরে হয়েছে, গ্রামাঞ্চলেও হয়েছে। এই কাজ অবাঙ্গালীরা করেছে এবং বহু অবস্থাপন্ন লোক করেছে। তারা এখানে দোকানঘর তৈরী করে ভাড়া দিয়েছে। আমি অনুরোধ করব এই এনক্রোচমেণ্ট-গুলি তিনি যেন দূর করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলের গৃহহীনদের ঘর তৈরী করবার জন্য বাজেটে কোন টাকা ধরা হয়নি। আমি অনুরোধ রাখছি গ্রামাঞ্চলের গরীব লোকদের জন্য অল্প মূল্যে বাড়ী তৈরী করে ভাড়া দিয়ে ২০ বছরের কিস্তিবন্দি করে যদি টাকা আদায়ের ব্যবস্থা করেন তাহলে অনেক গরীব লোক উপকৃত হবে। জিনিসের দাম বাড়ার জন্য গ্রামে ঘর করা কঠিন হয়েছে। এবারে আমি এই ডিপার্টমেণ্ট-এর দুর্নীতি সম্বন্ধে ২।১টি কথা বলব। আমি প্রথমেই অনুরোধ করব আগেকার কণ্ট্রাক্টরদের সমস্ত লিস্ট ক্যানসেল করে দিন। কারণ এঁদের সঙ্গে ডিপার্টমেণ্টের অফিসারদের প্যাকট করা আছে যে কোন কাজে কত পারসেণ্টেজ ঘুষ দিতে হবে। কাজেই এটা ক্যানসেল করে দিয়ে ডিপার্টমেণ্ট থেকে মাল সাপ্লাই করে বেকার যুবকদের অল্প অল্প টাকার কাজ দিন এবং এটা করলে বেকার ছেলেরা কাজ পাবে এবং সেই কাজের মধ্যে চুরিচামারি হবেনা।

[3-00 —3-40 p.m including adjournment.]

তাহলে পরে বেকার যুবকেরা কাজ পাবে এবং কাজের মধ্যে চুরি চামারি হবে না এবং তাদের ঘুষ দিতে হবে না। স্যার, আপনি যদি ধরমপুর বলে একটা জায়গা আছে সেখানে যান সেটা হচ্ছে কণ্ট্রাক্সন ডিপার্টমেণ্টের তাজমহল, দেখবেন। সেখানে লক্ষ লক্ষ টাকা চুরি হয়েছে। এটা বেশী দূর নয় চুঁচুড়া থেকে এক মাইল দূরে একটি প্রোডাকশন সেণ্টার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শেষে একটা কথা বলছি মন্ত্রী মহাশয়কে। আমি বলব আপনার মাধ্যমে যে এই ডিপার্টমেণ্টের অপচয় বন্ধ করুন, অফিসারদের বাজে খরচ বন্ধ করুন। আমি একজনের নাম করছি তার নাম এ. কে. ঘোষাল। তিনি সুপারিনটেণ্ডিং ইঞ্জিনিয়ার, ইলেক্ট্রিক্যাল সার্কেল টু তিনি জুনের ৩ তারিখ থেকে ১০ তারিখ পর্যন্ত দার্জিলিং-এ ঘুরে আসলেন ফ্যামিলি নিয়ে। সরকারী পয়সায়, সরকারী জীপে, টুর করার নামে ঘুরে আসলেন। এইরকম প্রতিটি অফিসার এই ডিপার্টমেণ্টে সরকারী কাজ একবারেই দেখেন না, জীপগুলি নিজেদের কাজে ব্যবহার করেন, ফ্যামিলি নিয়ে টুর করেন, বাজার করেন, জীপগুলির অপব্যবহার করেন, এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে নজর দিতে অনুরোধ করছি। জয় হিন্দ্।

**শ্রীহরিশ্চন্দ্র মহাপাত্র**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পূর্তমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উথাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। এই প্রসঙ্গে মন্ত্রী মহোদয় যে ব্যয়বরাদ্দ জন্য দাবী জানিয়েছেন তার অপ্রতুলতার কথা এবং অপ্রাচুর্যের কথা আমি বলতে চাচ্ছি। আশা করি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, গ্রামবাংলায় যোগাযোগের প্রচণ্ড অভাব এবং গ্রামবাংলায় যে সমস্ত রাস্তাঘাট গত দ্বিতীয় পরিকল্পনাতে এবং তৃতীয় পরিকল্পনাতে গৃহীত হয়েছিল সেগুলি এখনও চতুর্থ পরিকল্পনা শেষ হতে চললেও শেষ হয়নি। তার ল্যাণ্ড অ্যাকুইজিসন

প্ল্যানও এখন হয়নি। এই ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে চতুর্থ পরিকল্পনার মধ্যে এই রাস্তাগুলি শেষ হবে না। এই প্রসঙ্গে গ্রামবাংলার যোগাযোগের ক্ষেত্রে আমরা দেখতে পাই যে, গ্রামের মানুষ কাঁচা রাস্তা দিয়ে ১৫।২০ মাইল রাস্তা হেঁটেও পাকা রাস্তা পায় না। তাদের বর্ষার দিনে, রোদের দিনে, ১৫।২০ মাইল রাস্তা হেঁটে এসে বাস ধরতে হয়। সেক্ষেত্রে ঐ গ্রাম বাংলার মানুষদের কথা একেবারে চিন্তা করা হয় না। মাঝে মাঝে সরকারের কাছে অভিযোগ করা হয়, কিন্তু কোন ফল হয় না। মাল মশলা সব সংগ্রহ হয়ে থাকার পরও সেই প্ল্যান পিরিয়েডের মধ্যে কাজ শেষ না হবার দরুন মাল মশলা সব চুরি যায়। এবং এর জন্য সরকারের অর্থ ক্ষতি হয় এবং যে অর্থ বরাদ্দ ছিল তার চেয়েও অনেক বেশীগুণ অর্থ বেশী খরচ হয়। আমরা অনেক সময় বহু অভিযোগ শুনতে পাই যে, কন্‌ট্রাকটরদের সঙ্গে ডিপার্টমেন্টাল ইঞ্জিনিয়ারদের যোগসাজস আছে এবং কারচুপির কথাও শুনতে পাই, যার ফলে যে রাস্তা যেভাবে তৈরী হওয়া উচিত ছিল এবং তার যে স্পেসিফিকেশন সেই অনুযায়ী রাস্তা তৈরী হয় না এবং মেন্টেনেনসও ঠিকমত হয় না যার ফলে গ্রাম বাংলার যে রাস্তা দু'বছর আগে তৈরী হয়েছিল সেটাও মেরামতের অভাবে কিংবা উপযুক্ত মানের তৈরী না হওয়ার দরুন ড্যামেজ হয়ে গিয়েছে। আমরা এই প্রসঙ্গে আর একটি কথা শুনেছি যে, রাস্তা তৈরীর জন্য রোলার পাওয়া যায় না এবং তার ফলে কাজটা সময়মত হতে পারে না। রোলার যাতে সময়মতো পাওয়া যায় সেইজন্য মন্ত্রী মহাশয় নিশ্চয়ই নজর দেবেন। এই প্রসঙ্গে আমি ঝাড়গ্রাম মহকুমার কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের নজরে আনতে চাই। ঝাড়গ্রাম মহকুমা উড়িষ্যা এবং বিহারের সীমান্তবর্তী মহকুমা। বিহার রাজ্যে এবং উড়িষ্যা রাজ্যে রাস্তাঘাটের অবস্থা এবং যোগাযোগ ব্যবস্থা অনেক ভাল। অথচ পার্শ্ববর্তী অঞ্চলে ঝাড়গ্রাম মহকুমার রাস্তাঘাটের অবস্থা খুবই খারাপ। স্বাধীনতা পাওয়ার ২৫ বছর পরেও এই মহকুমার রাস্তাঘাট নতুন বেশী কিছুই তৈরী হয়নি এবং যেগুলি দ্বিতীয়/তৃতীয় পরিকল্পনাতে নেওয়া হয়েছিল এমন একটা রাস্তার কথা আমি বলতে চাই, হাতিগড়িয়া-রহড়া রাস্তা, তাতে ১৮ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে মাত্র ৩ লক্ষ ৫৮ হাজার টাকা খরচ হয়েছে। এরপর মাত্র ৫ মাইল রাস্তা হয়েছে। আরো বাকী টাকা কবে খরচ হবে, কবে শেষ হবে তা আমরা এখনও জানতে পারিনি। সাধারণ মানুষ, বিভিন্ন সরকারী ও বেসরকারী কর্মচারী আমাদের জিজ্ঞাসা করেন কবে আমাদের এলাকার উন্নতি হবে, কোথায় রাস্তাঘাট করা হবে। কিন্তু আমরা বারবার চেষ্টা করেছি, এই বিভাগে আবেদন নিবেদন করেছি, কিন্তু কিছুই ফল হয়নি। তাই আমি আশা করবো যে মন্ত্রী মহাশয় এই বিষয়ে সচেতন হবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 30 minutes)

(After adjournment)

[3-40—3-50 p.m.]

**শ্রীঅমর মণ্ডল** ঃ মাননীয় স্পীকার মহোদয়, আমাদের পূর্তবিভাগের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী দাবী করেছেন তা আমি পূর্ণ সমর্থন করছি। এবং সমর্থনের সঙ্গে সঙ্গে আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে গত ২৫ বছর হল আমরা স্বাধীনতা লাভ করেছি, কিন্তু গ্রামাঞ্চলে রাস্তাঘাটের দিকে কোন নজর সরকার আজ পর্য্যন্ত দেননি। হয়ত হাইওয়ে বা ঐরকম কিছু রাস্তা হয়েছে কিন্তু গ্রামীণ চিত্র একই অবস্থায় পড়ে রয়েছে। আমার যে অঞ্চল, আসানসোল-জামুরিয়া কেন্দ্র, সেখানে, স্পীকার মহাশয়, এক জি. টি. রোড ছাড়া, আর কিছু ওল্ড রোডের সংস্কার হয়েছে। সেই সমস্ত মেন রাস্তা ছাড়া কোন পল্লী অঞ্চলে কিছু রাস্তা তৈরী হয়নি। এই প্রসঙ্গে মন্ত্রী মহাশয়ের কাছে অনেকেই বলেছেন দামোদর সদর ঘাটের কথা, তার সঙ্গে আমাদের যে রাস্তাটা, যেটা বাঁকুড়া-মেদিনীপুর-রানীগঞ্জের বহুদিনের পুরানো রাস্তা, এর উপর ব্রীজ হবার জন্য

এখানকার সাধারণ মানুষ বহুদিন আবেদন নিবেদন করেছেন, কিন্তু আজ পর্যন্ত তার কোন কূলকিনারা হচ্ছে না।

আর একটা হচ্ছে বিষেরগড, দামোদরের উপর সেতু নির্মাণের জন্য জনসাধারণ বহুদিন ধরে প্রতীক্ষা করে রয়েছে কিন্তু সরকার সেদিকে নজর দিচ্ছেন না। আমি দুই একটি প্রস্তাব রাখতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন দামোদর ব্রিজের উপর দিয়ে বি. এন. রেল যখন চলত তখন আমরা দেখেছি যুদ্ধের সময় সেখানে মিলিটারী গাড়ী চলবার জন্য ব্রিজের রাস্তাগুলি প্লেটিং করে দিয়েছিল লোহা দিয়ে। আমি শুনেছি মাননীয় মন্ত্রী মহাশয় যাচ্ছেন দিল্লীতে, সেখানে তিনি যদি একটা ব্যবস্থা করে আসতে পারেন যাতে ঐ রককম টেম্পোরারিলি অন্ততঃ একটা ব্যবস্থা করতে পারেন তাহলে আমাদের জনসাধারণের পুরুলিয়ার সঙ্গে এবং আসানসোলের সঙ্গে একটা বিরাট যোগাযোগ-এর সম্ভাবনা হতে পারে। তার সঙ্গে সঙ্গে পাণ্ডবেশ্বর-অজয়ের সঙ্গে যে রেলওয়ে সেতু রয়েছে সেটার যদি সংস্কার করা যায় তাহলে দুবরাজপুরের সঙ্গে আসানসোল অঞ্চলের পুরোপুরি ব্যবস্থা হতে পারে। আজকে যদি গ্রামবাংলার উন্নতি না করতে পারা যায় শুধু শহরের দিকে তাকিয়ে থাকেন তাহলে কিছু হবে না। আমার অঞ্চলের এমন অবস্থা যে সেখানে বছরে ৬ মাস গাড়ী যাওয়া তো দূরের কথা মানুষ পর্য্যন্ত সেখানে যেতে পারেনা। সেজন্য বিধানসভার সদস্যরা আমরা বলছি শহরাঞ্চলের রাস্তা যা করছেন করুন, কিন্তু শুধু সহরের রাস্তা না করে গ্রাম বাংলার রাস্তাগুলিরও যাতে সংস্কার হয় সেদিকে তৎপর হবেন। জেলাপরিষদে যে অবস্থায় রয়েছে তাতে রাস্তাগুলির কোন রকম সংস্কার হচ্ছে না। সরকার যদি ইউনিয়ন বোর্ড এবং জেলা পরিষদের যে সমস্ত বড বড রাস্তাগুলি রয়েছে সেগুলি ভালভাবে কমিটি করে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করে দেখে সেই রাস্তাগুলির সংস্কার করেন তাহলে আমার মনে হয় গ্রামবাংলার উন্নতি হবে। শুধু সমাজতন্ত্রের কথা বলে গ্রামের দিকে নজর রাখবেন না এই করলে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে বলে আমি মনে করছি না। (এখানে সবুজ আলো প্রদর্শন করা হয়) পরিশেষে স্পীকার মহোদযের মাধ্যমে আমি এই আবেদন রাখছি যে যখন মন্ত্রী মহাশয় দিল্লী যাচ্ছেন তখন অজয় সেতু-সিউরী-পুরুলিয়া লাইন এই দুটি লাইনের জন্য যদি অনুমোদন আনতে পারেন তাহলে কিছুটা সুরাহা হতে পারে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজ পূর্ত্তমন্ত্রী মহাশয় এখানে যে বাজেট ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি সেই ব্যয় বরাদ্দকে সমর্থন করে দু-একটি কথা এখানে বলতে চাই। স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করলে দেখতে পাবেন এই গ্রান্ট হেডে অতীত বৎসরগুলিতে যে পরিমাণ টাকা বরাদ্দ হয়েছিল, এই বছর এই গ্রান্ট হেডে তার পরিমাণ অনেক কমিয়ে দেওয়া হয়েছে। মাননীয় সদস্যরা এখানে যে বিক্ষোভ প্রকাশ করেছেন বিভিন্ন দিক থেকে গ্রামাঞ্চলের সমস্যা এবং যোগাযোগের অসুবিধার ঘটনা নিয়ে তার প্রধানতম কারণ হচ্ছে যে টাকা বরাদ্দ করেন সেটা যদি প্রয়োজনের তুলনায় যথেষ্ট না হয়, অন্ততঃ ন্যূনতম চাহিদাও যদি পূরণ করতে না পারেন, তাহলে কার্যতঃ বিক্ষোভ আসা স্বাভাবিক। আমি বুঝতে পারছিনা কি কারণে এই হেডে টাকা এত কমান হয়েছে। যাই হোক আমি এটা বলতে চাই যে আজকে মেটিরিয়েলের দাম বেড়েছে, যখন ইঞ্জিনীয়ারিং যে সমস্ত জিনিষপত্র প্রয়োজনীয় যন্ত্রপাতির দাম বেড়েছে লেবারের কষ্ট বেড়েছে এবং রাস্তা নির্মাণের পক্ষে যে জিনসগুলি অপরিহার্য তার দাম বেড়েছে, তখন এই হেডে টাকা কম ধরলে কি করে সমস্যার সমাধান হবে?

স্যার, আমি মন্ত্রী মহাশয়ের একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। ওঁরা কথায় কথায় অন্যান্য ষ্টেটের উদাহরণ দিতে চান। অনেক সদস্য বলেছেন যে অন্যান্য ষ্টেটে যে পরিমাণ রাস্তা

তৈরী হয়েছে আমাদের ষ্টেট তার তুলনায় অনেক পিছিয়ে আছে। তার কারণ কোনটাকে গুরুত্ব দেবো কোনটা প্রায়রিটি লেবেলে বিচার বিবেচনা করতে হবে সেটা আমাদের চিন্তা করা দরকার। সেইজন্য আমি বলছি যে রাস্তার পরিমাণ বাড়ানোর দিকে যথেষ্ট গুরুত্ব দিতে হবে। রাস্তার ডেভালপমেণ্টের উপর নির্ভর করে অর্থনৈতিক অগ্রগতি, ষ্টেটের ইনকাম বাড়ান ইত্যাদি এলাকার অগ্রগতি। আমরা জানি যে সহরের সঙ্গে দূর পল্লী অঞ্চলের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা দ্রুত হবে যত তাড়াতাড়ি আমরা করতে পারবো তত পল্লীর গ্রামাঞ্চল থেকে কাঁচা মাল ও অন্যান্য খাদ্য সামগ্রী সে সমস্ত সহরে ও শিল্পাঞ্চলে আনতে পারবো। এবং সঙ্গে সঙ্গে পাকা মালও প্রয়োজনীয় দ্রব্যও দূর পল্লী অঞ্চলে আমরা পৌছে দিতে পারবো যাতে গ্রামের মানুষ প্রয়োজনে তার প্রয়োজনীয় চাহিদা পূরণ করতে পারে। অন্যান্য ষ্টেট এ জিনিসকে কিভাবে গুরুত্ব দিয়েছে তা আমরা জানি। আমি একটা ষ্টেটের বিধানসভার এষ্টিমেট কমিটির সংক্ষিপ্ত বক্তব্য আপনার কাছে তুলে ধরতে চাই। যেমন মহারাষ্ট্র বিধানসভার এষ্টিমেট কমিটি তারা একটা বক্তব্য প্রকাশ করেছেন। তারা বলেছেন যে, But it should not be forgotten that road transport is one of the esential welfare activities of the State which, on the whole, is commercially productive and gives minimums return. এই দৃষ্টিভঙ্গীতে এরা রোড ডেভালপমেণ্ট ও রোড ট্রান্সপোর্ট সার্ভিস এদেং আওতারে নিয়ে আসে এবং তার ভেতর দিয়ে ষ্টেটের ইনকাম বাড়ায়। তাদের এই দৃষ্টিভঙ্গীর দিক থেকে তারা এই সমস্ত রাস্তা বাড়ান। আমরা জানি যে আমাদের রাস্তার দুরবস্থা রয়েছে। সে দুরবস্থার দিক থেকে আমরা জানি যে আমাদের সহর বাজার এবং শিল্পাঞ্চলে যোগাযোগ, দূর পল্লী অঞ্চলের সঙ্গে যোগাযোগ অতি ক্ষীণ হয়ে গেছে। এবং সেই ক্ষীণ হওয়ার জন্য দেখতে পাই যে গ্রামের মানুষ আর সহরে যে আছে তার কষ্ট অফ লিভিং অনেক বেশি পড়ে যায়। যে কারণে আমাদের ঐ সমস্ত এমপ্লয়ি ও ওয়ারকারদের কাছ থেকে বার বার প্রশ্ন আসছে যে সহরের কষ্ট অফ লিভিং অনেক বেশী। সুতরাং আমাদের ডি. এ. চাই অন্যান্য দাবী পে স্কেল বাড়াতে হবে। সুতরাং যোগাযোগের উপর কমিউনিকেসানের উপর অনেক খানি নির্ভর করে। আমি এই সঙ্গে আমার সাজেসান রাখতে চাই সেটা হচ্ছে এই যে মন্ত্রী মহাশয়কে বলবো পূর্ত বিভাগের কার্য পরিচালনায় আমাদের লক্ষ্য রাখতে হবে। আমি আরো বলবো যে ক্যাবিনেটে আমাদের পূর্তমন্ত্রী তাঁর যে দাবী যে বিভাগীয় বরাদ্দ সেটায় কেন জোর দেন না ? আমি সেদিক থেকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমাদের দেশে দূর পল্লী অঞ্চলের সঙ্গে সহর বন্দর বা শিল্পাঞ্চলের সঙ্গে যোগাযোগ স্থাপন করবার জন্য আমাদের রাস্তাকে আরো প্রায়রিটি দিতে হবে।

[3-50—4.00 p.m.]

কারণ রাস্তা আমরা নিশ্চয়ই চাই সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু সেই রাস্তার মধ্যে কোন রাস্তাগুলিকে এখনই গুরুত্ব দিয়ে ধরলে পর আমাদের আগামী দিনের পরিকল্পনাকে এগিয়ে দেবার দিক থেকে সামগ্রিকভাবে দেশের উন্নতির দিক থেকে আমরা সেটা করতে পারি, তাতে সহায়ক হবে। এই দৃষ্টিভঙ্গীর দিকে দেখা দরকার। তাই বলছি সহর ও শিল্পাঞ্চলের দিক থেকে, যোগাযোগের দিক থেকে যে সমস্ত রাস্তা তার দিকে priority দিয়ে সেই রাস্তা নির্মাণের পরিকল্পনা গ্রহণ করতে হবে সেটা গ্রহণ করা দরকার সেই যোগাযোগের জন্য দূর পল্লী অঞ্চলের সঙ্গে রাস্তার ব্যবস্থা গড়ে তুলবার দিকে বিশেষ লক্ষ্য দিতে হবে।

আর একটা বিষয় এখানে উল্লেখ করতে চাই—সেটা হলো অনেকগুলি রাস্তা যা লিংক হিসেবে কাজ করে হয়ত ৯ মাইল ১০ মাইল কি পনের মাইল দূরত্ব সেখানে একটা রাস্তা করে দিলে পর দুটো

মহকুমার সঙ্গে যোগাযোগ, নিকটবর্তী সহরাঞ্চলের সঙ্গে যোগাযোগ কিংবা কোন একটা নদীর উপর ব্রীজ করে দিলে সেই দূর পল্লী অঞ্চলের দ্রুত রেলওয়ের সঙ্গে যোগাযোগ হতে পারে। এই রকম জিনিষগুলির উপর priority দিয়ে রাস্তা নির্মাণের পরিকল্পনা গ্রহণ করতে হবে একথা আমি মনে করি। এই প্রসঙ্গে আমার জেলার দিকে থেকে একটি কথা বলতে চাই, যেমন আমাদের হলদিয়া বন্দর develop করছেন, ঐ প্রজেক্ট এলাকায় বহু কর্মী, ইঞ্জিনীয়ার, বহু শ্রমিক সেখানে কাজ করে। একটিমাত্র রাস্তা আমাদের পাঁশকুড়া লিংক সে রাস্তা হলদিয়ার সঙ্গে যুক্ত। কিন্তু আমরা এটা জানি যদি হলদিয়ার সঙ্গে যোগাযোগের জন্য southern দিকে—কন্টাই থেকে হলদিয়ার নদীর অপর পার পর্যন্ত একটা রাস্তা তৈরী হয়, তাহলে আজকে হলদিয়া বন্দর প্রজেক্টের শ্রমিকদের নদীর অপর পারে দেড় টাকা দামের চাল আড়াই টাকা তিন টাকায় কিনতে হয় না। এর কারণ হচ্ছে এই যোগাযোগের অসুবিধা। ঠিক তেমনি ভাবে এটাও লক্ষ্য দিতে হয়। এই লিংক রোডগুলি তৈরী যদি করা যায়, তাহলে অনেক দূরের সেই সমস্ত খাদ্য বা অন্যান্য প্রয়োজনীয় দ্রব্য বন্দর এলাকায় কিংবা শিল্পাঞ্চলের ক্ষেত্রে সরবরাহ দেবার দিক থেকে অনেক বেশী গুরুত্বপুর্ণ হয়। সেই কারণে আমি প্রস্তাব দেব আমাদের নন্দীগ্রাম হলদিয়া বন্দরের অপজিট সাইডে এই দিকে development করা দরকার। তার জন্য সেখানে রাস্তা হওয়া প্রয়োজন। সেই development-এর জন্য যদি রাস্তা করা যায় তাহলে আগামী দিনে হলদিয়া বন্দর development-এর দিক থেকে যে সমস্যা সরবরাহের সেটা সহজে সুরাহা হতে পারবে, সুবিধার সৃষ্টি হবে। আমি একটি উদাহরণ দেই—যেমন মেদিনীপুরের সঙ্গে তমলুকের ও হলদিয়ার যোগাযোগের দিক থেকে ময়না থানার মাধ্যমে যে রাস্তা গিয়েছে তা অনেক সোজা হয়, যদি সেই রাস্তায় কাঁসাই নদীর উপর একটা ব্রীজ করে দেওয়া যায়, তাহলে এই যোগা-যোগ ব্যবস্থা খুব দ্রুততর হতে পারে। সেদিক থেকে চিন্তা করে আমাদের পরিকল্পনাগুলি গ্রহণ করা উচিত। এই সঙ্গে আমি একথাও বলবো—রাস্তা দ্রুত নির্মাণের পথে প্রধান বাধা আমি ডিপার্ট-মেন্টে আলোচনা করে দেখেছি—তাহচ্ছে এই পাথরকুচি বা stor chips পাওয়া যায় না। ওয়াগনের অভাব। এই ওয়াগন সরবরাহের ব্যবস্থা করে হবে? এটা কি হয়? বাঁকুড়া, বীরভূম এই যে সব পাশাপাশি জেলা রয়েছে, সেই সব জেলা থেকে পাথর কুচি সংগ্রহ বা ভাঙ্গানোর ব্যবস্থা কি আমরা করতে পারি না? অনেকে বলেছেন এগুলি যদি আমরা করতে পারি এখানে, তাহলে আর আমাদের রেলওয়ে ওয়াগনের উপর নির্ভরশীল হয়ে থাকতে হবে না।

আর একটা কথা বলতে চাই—সে হচ্ছে এই নির্মাণ কার্যে অপব্যয় ও অপচয় এবং তার সঙ্গে ঘুষ ও দুর্নীতি। একথা আরো অনেক সদস্য তুলেছেন। এগুলি দূর করবার প্রচেষ্টা আমাদের নিতে হবে—এ বিষয়ে কোন সন্দেহ নাই। তার জন্য চাই তদারকি ব্যবস্থা—Supervision কমিটি বা Vigilance Committee এবং পাবলিক Co-operation. তাহলে অনেক কাজ আমরা অল্প ব্যয়ে ও অল্প সময়ে করে ফেলতে পারবো।

আর একটা Housing Scheme, সে সম্বন্ধে বলবো Low Income Group ও অন্যান্য যে সমস্ত দরিদ্র মানুষ আছে তাদের গৃহ নির্মাণের ক্ষেত্রে দেখছি আমাদের এখানে ৭।৮টি পরিকল্পনা রয়েছে।

কিন্তু সরকার যদি এই ব্যবস্থা গ্রহণ করেন যে লো ইনকাম গ্রুপের লোকেরা ব্যাংক থেকে কিংবা এল, আই. সি থেকে টাকা পাবার সুবিধা পাবেন তাহলে লো ইনকাম গ্রুপের যে সমস্ত কর্মচারী কিংবা যারা গ্রামাঞ্চলের ক্ষেতমজুর রয়েছেন তাদের হাউস সাইট দিয়ে ঘরবাড়ী নির্মাণের ক্ষেত্রে সরকার যদি সেইভাবে উদ্যোগ গ্রহণ করেন তাহলে হাউসিং প্রবলেম বলে যে একটা প্রেসিং

প্রবলেম রয়েছে সেটা সমাধান হতে পারে। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় আমি যে সব সাজেসন দিলাম সেগুলি তিনি বিবেচনা করে দেখবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্ত্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দ আমাদের এই বিধানসভায় রেখেছেন আমি সেই ব্যয় বরাদ্দকে সমর্থন করছি। কিন্তু সমর্থন করার সঙ্গে সঙ্গে আমি নিজে খুব হতাশা বোধ করছি। কারণ উত্তরবঙ্গে তথা পশ্চিম দিনাজপুরের প্রতিনিধি হিসাবে দেখছি যে উত্তরবঙ্গের তথা পশ্চিম দিনাজপুরের উন্নয়নমূলক যে প্রোগ্রাম আমরা সাজেসন দিয়ে ছিলাম এবং তারজন্য মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখাও করেছিলাম কয়েকটি রাস্তা এবং ব্রীজের উন্নয়নের জন্য—অথচ দেখছি সেগুলি তৈরী করার জন্য কোন প্রচেষ্টা বা প্রোগ্রাম এতে নাই। বিগত যুদ্ধের সময় পশ্চিম দিনাজপুর একটা ব্যাটল ফিল্ড হয়েছিল। এই যুদ্ধের সময় প্রচুর ট্যাঙ্ক বা মোটর যান যাবার ফলে সেই সব রাস্তা একেবারে ধ্বংস হয়ে গেছে। সেখান দিয়ে আর গাড়ী যেতে পারে না। যে রাস্তা যেতে মোটর গাড়ীর এক ঘন্টা সময় লাগতো সেই রাস্তায় দেড় ঘন্টা সময় লাগে। তাছাড়া বালুরঘাটে একটা ব্রীজের ভীষণ প্রয়োজন আছে। চতুর্থ পরিকল্পনায় এই বালুরঘাটের আটারীতে এই ব্রীজ না থাকার জন্য পাকিস্তান থেকে ৭ মাইল দূরে থাকা সত্বেও সেই সেলিং রোধ করা যায় নি। এবং মোটর যানগুলিকে এই ব্রীজ না থাকার জন্য ৪০ মাইল রাস্তা ঘুরে যেতে হয়েছে। যে সমস্ত সেলিং হয়েছিল সেই সেলিংয়ের জন্য ঐ বালুরঘাটের বহু লোক নিহত হয়েছে। কারণ ঐ ব্রীজ না থাকার জন্য অবিলম্বে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি। আজকে পশ্চিম দিনাজপুরে যে সমস্ত রাস্তা ড্যামেজ হয়েছে সেগুলি তৈরী করবার জন্য বিশেষ ব্যবস্থা নেবেন এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসনৎকুমার মুখার্জীঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই ব্যয় বরাদ্দ সমর্থন কর'তে উঠে মাননীয় পূর্ত্ত মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা জিজ্ঞাসা করতে চাই। এই যে সাপ্লিমেণ্টারী ওয়ার্ক অর্ডার-এর জন্য কি সাপ্লিমেণ্টারী বাজেট দুদিন পরে দেওয়া হবে? এই যে গ্রাণ্ট নং ৩৪ এবং গ্রাণ্ট নং ৫১—এখানে মাছ কেনবার কোন ব্যবস্থা নাই। মফঃস্বলের রাস্তাগুলি এমন হয়েছে সেখানে এমন সমস্ত বড় বড় নালা হয়েছে যে সেখানে মাছের চাষ করলে ভাল হয়। একেবারে পুকুরের মত অবস্থা হয়েছে। হাসপাতালে যেতে যেতে রাস্তার এমনই অবস্থা যে গাড়ীর ঝাঁকানীতে ডেলিভারী হয়ে গেল। আজকে মফঃস্বলে যে রাস্তা করছেন সে রাস্তা হতে পারে না। তার বড় কারণ হচ্ছে সেখান দিয়ে রোড ট্রাফিক যে যায় তাতে এতো হেভি রোলার—এতো বেশী বোঝাই করে তা রাস্তার পক্ষে খুবই ক্ষতিকর। আপনি যে ঐ রোড করতে যাচ্ছেন সেখানে ঐ ট্রাফিক তার চেয়ে অনেক হেভী।

[4-00—4-10 p.m ]

আপনি কি সে বিষয়ে সজাগ আছেন? হেভী রোলার না দিয়ে ট্রাক রোল হবে কিনা আমি জানি রাস্তায় ট্রান্সপোর্ট অক ট্রাক আছে তার জায়গায় লাইট দেওয়া হচ্ছে যার জন কনসলিডেশনে ভাল হচ্ছে না। আর একটা কথা হচ্ছে আপনার যে সিডিউল আছে সেই অনুযায়ী রেট দিয়ে সেখানে সিডিউল করে দেন সেখানে কণ্ট্রাক্টররা কনট্রাক্ট দেন ৩০ পারসেণ্ট—৪০ পারসেন্ট বিলো। যদি আপনার অফিস থেকে ঠিক সিডিউল করে তবে কনট্রাক্টররা কি করে স্পর্ধা পায় ৩০ পারসেন্ট বা ৪০ পারসেন্ট বিলো দাম দেবার। আর কনট্রাকটররা যদি ৩০ পারসেন্ট বা ৪০ পারসেন্ট

বিলো রেট দেয় তবে আপনার অফিস থেকে কি করে স্পর্ধা হয় এত কম রেট দেবার ? তারপর কি হচ্ছে। সে সব সিমেন্টের ষ্টক আছে সেগুলো পুরোনো হয়ে যাচ্ছে, অথচ পরে সেগুলো ভেঙ্গে কাজে লাগানো হচ্ছে। ৩১শে মার্চ-এর মধ্যে কাজ শেষ করতে হবে। চুপচাপ বসে আছেন একজিউটিভ ইঞ্জিনীয়াররা অর্ডার যাচ্ছে ৩১শে মার্চের মুখে যে যেমন করে হোক কাজ শেষ করা হোক। আপনি ডিপ্লোমা হোলডার যারা আছে তাদের কাজ দিচ্ছেন এটা অত্যন্ত ভাল কথা, আনন্দের কথা। কিন্তু ঠিকাদারীর কাজ করতে গেলে যে ন্যূনতম মূলধন দরকার সেটা কি তাদের আছে ? সেগুলো আপনি দেখবেন। আজকে একথা খুব পরিষ্কার তাদের যদি এইভাবে সাহায্য করেন ডিপ্লোমা হোলডার দিয়ে কাজ করান তাহলে ভাল হবে। তা না হলে মুখ দিয়ে পিচ ফেললে পিচের রাস্তা হয়ে যাবে না।

**শ্রীভোলানাথ সেন**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৬ জন বিধানসভার মাননীয় সদস্য এই বিলে তাঁদের বক্তব্য রেখেছেন এবং আমি তা খুব মনোযোগ সহকারে শুনেছি এবং তাঁদের উপদেশ আমি আন্তরিকভাবে গ্রহণ করেছি এবং ভবিষ্যতে কাজ করার সময় সেই উপদেশগুলির কথা চিন্তা করবো এবং মনে রাখবো। অসুবিধা আর কিছু নয়, আমাদের দেশের রাস্তা যেমন হয়েছে তারচেয়ে অনেক বেশি রাস্তা অনেক প্রদেশে হয়েছে। তারজন্য ঠিক ডিপার্টমেন্টকে দায়ী করা চলে না। বেশিরভাগ ক্ষেত্রে আর কিছু বলার না থাকলে ডিপার্টমেন্টকে বলা হয়ে থাকে। ডিপার্টমেন্টের নিশ্চয় কোন কোন ক্ষেত্রে শিথিলতা আছে। যেখানে তা আছে সেখানে যাতে সেটা না থাকে নিশ্চয় সেটা আমার দেখা উচিত এবং সেটা করবো। কিন্তু যদি বিচার করে দেখেন আমি যে কতকগুলো ফ্যাক্টস দিচ্ছি তার ভিত্তিতে তাহলে বুঝতে পারবেন আমরা কি রকম অসুবিধার মধ্যে চলছি। প্রত্যেক একশো মাইল রাস্তায় এক মাইল করে রাস্তা হওয়া উচিত অন্তত সভ্য জগতে। কেরালায় ৮২ মাইল হয়েছে রাস্তা, তামিলনাড়ুতে ৫৩ মাইল হয়েছে রাস্তা, আর আমাদের এখানে তিরিশ মাইল রাস্তা হয়েছে। তার মধ্যে পাঁচ মাইল রাস্তা পি, ডব্লুউ, ডির রাস্তা নয়, অন্যান্যের রাস্তা। তার মানে ২৫ মাইল রাস্তা আমরা করেছি। অবস্থাটা হল এই যদি আমরা কেরালার কথা ভুলেও যাই, যদি আমরা শুধু চিন্তা করি আজ পর্যান্ত তামিলনাড়ুতে যতদূর কাজ করেছে তাহলে আমাদের লাগবে তিনশো কোটি টাকা এবং সেই তিনশো কোটি টাকা যদি আমরা খরচ করি তাহলে দু হাজার সাল পর্যান্ত এই কাজ হবে। অর্থাৎ আমরা কিনা প্রত্যেক পঞ্চ বার্ষিক পরিকল্পনায় যদি ৬০ কোটি টাকা খরচ করি তবে শতাব্দীর শেষে করতে পারবো যা তামিলনাড়ু করেছে।

কিন্তু এর কারণ বিশ্লেষণ করলে দেখা যায় যে তামিলনাড়ুতে—আমি আপনাদের হিসাব দিচ্ছি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে তামিলনাড়ু খরচ করে ১৭ কোটি ৯০ লক্ষ টাকা আর আমরা খরচ করি ১১ কোটি ১৭ লক্ষ টাকা। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে তামিলনাড়ু খরচ করে ২৫ কোটি ১১ লক্ষ্য টাকা আর আমরা খরচ করি ১৩ কোটি ৩০ লক্ষ টাকা। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে তামিলনাড়ু খরচ করে ৩৮ কোটি ৮১ লক্ষ টাকা আর আমরা খরচ করেছি ১৯ কোটি ৮৬ লক্ষ টাকা। তিনটি এ্যানুয়াল প্ল্যান হয়েছিল তাতে আমরা খরচ করেছি ৯ কোটি টাকা আর তামিলনাড়ু ফোর্থ প্লানের ১৯৭১-৭২ সালের মধ্যে খরচ করেছে ৩৮ কোটি ৭৫ লক্ষ টাকা, আমরা করেছি ৭ কোটি টাকা। তামিলনাড়ু যে ধরনের কাজ করছে তাতে বোঝা যায় যে এই ফোর্থ প্ল্যানের শেষ পর্য্যন্ত তারা ৫৩ কোটি টাকা খরচ করতে পারবে এবং আমরা হয়ত আর ১১/২ কোটি টাকা খরচ করতে পারবো অর্থাৎ

৯ কোটি টাকা, এই হচ্ছে পরিস্থিতি। আমাদের ক্রমশঃ কমাতে হচ্ছে। টোটাল প্ল্যান আউট লে আমরা ১৯.১৭ পারসেন্ট রাস্তার জন্য পেয়েছিলাম, সেকেণ্ড প্ল্যানে ১০.৮৪ পারসেন্ট পেয়েছিলাম, থার্ড প্ল্যানে ৭.০১ পারসেন্ট পেয়েছিলাম, তিনটি এ্যানুয়াল প্ল্যানে ৬.০৭ পারসেন্ট পেয়েছিলাম, ফোর্থ প্ল্যানে ৪.৯৫ পারসেন্ট পেয়েছি অর্থাৎ ক্রমশ পারসেন্ট কমে আসছে। আবার অন্য দিক থেকে দেখতে গেলে জিনিষের দাম বাড়ছে, চাহিদা বাড়ছে, প্রয়োজন বাড়ছে, লোকের মজুরি বাড়ছে এইভাবে নানারকম অসুবিধা হচ্ছে। যেখানে আমাদের প্রথম প্ল্যানে ১ মাইল রাস্তার জন্য লাগতো ৭২ হাজার টাকা, ২য় প্ল্যানে ৮৩ হাজার টাকা, তৃতীয় প্ল্যানে ১ লক্ষ টাকা, তিনটি এ্যানুয়াল প্ল্যানে ১ লক্ষ ৩৫ হাজার টাকা, ৪র্থ প্ল্যানে ২ লক্ষ টাকা সেখানে এখন আমাদের রিসেন্ট মার্কেট ভ্যালুতে লাগছে এক মাইলের জন্য ২॥ লক্ষ টাকা। একদিক থেকে খরচ বাড়ছে, জিনিসের দাম বাড়ছে আর এক দিক থেকে টাকার এ্যালোকেসান কমে যাচ্ছে। অবশ্য এর যুক্তি আছে। আমাদের দেশে অভাব আছে, বেকারী আছে, আমরা বেকারী হটাতে বদ্ধপরিকর। তা ছাড়া আমাদের চাষের জন্য টাকার প্রয়োজন আছে। কারণ মানুষ যদি খেতে না পায় তাহলে রাস্তা হলে সেই রাস্তা দিয়ে তার শবদেহ যাওয়া ছাড়া আর কোন কাজে সে রাস্তা লাগবে না। তারপর আমাদের হাসপাতাল করার প্রয়োজন আছে চিকিৎসার জন্য, শিক্ষার প্রয়োজন আছে, বিদ্যুতের প্রয়োজন আছে, কারণ আমাদের বেকারী দূর করতে হবে। সহস্র সহস্র বছর আগে যখন আমাদের দেশে রাস্তা ছিল না তখনও কিন্তু আমাদের দেশে বড় বড় মনীষীরা জন্ম-গ্রহণ করেছিলেন। তখন বেকার ছিল না, এখন বেকারী আমাদের দরজায় উপস্থিত এবং সেই বেকারদের আমাদের সামলাতে হচ্ছে। তাছাড়া পশ্চিমবঙ্গের বাইরে থেকে অন্যান্য প্রদেশ থেকেও লোক আসছেন কাজের জন্য, তাদের জন্যও ব্যবস্থা করতে হচ্ছে কারণ তারা আমাদের দেশেরই সিটিজেন। সুতরাং নানারকম প্রবলেম আছে এবং এইজন্য এবারে মন্ত্রীসভা এই সুপারিশ করেছেন এবং এই সুপারিশ অনুসারে আমি এই টাকা ডিমাণ্ড করছি—আপনাদের কাছ থেকে চাইছি। অনেক কথা এখানে বলা হয়েছে—হেল্‌থ সেন্টার সম্বন্ধে বলা হচ্ছে যে কেন হেল্‌থ সেন্টারকে কানেক্ট করা হচ্ছে না। আপনারা অনেকেই জানেন এবং অনেকেই হয়ত জানেন না যে হেল্‌থ সেন্টার সেখানেই হয় যেখানে জমি পাওয়া যায় এবং ১০ হাজার টাকা পাওয়া যায়—জমি যদি বিনা পয়সায় পাওয়া যায়।

[4-10—4-20 p.m.]

কিন্তু যারা জমি দান করেন বেশীর ভাগ জায়গায় দেখা গেছে সেই জমি দান করেন যে জমি রাস্তা থেকে অনেক দূরে। এমন কি আমার কাছে এমনও রেকর্ড আছে, আমি খবর পেয়েছি ১২/১৪ কিলোমিটার দূরে একটি জমি তিনি দান করেছেন যেখানে হেল্‌থ সেন্টার করা হবে। এমন হেল্‌থ সেন্টারগুলি কেন করা হয়নি, এই প্রশ্ন যদি করেন তাহলে তো মুস্কিল হবে বলা। হেল্‌থ সেন্টারের জন্য খুঁজে খুঁজে যদি এমন জমি দেওয়া হয় যেখানে লরি যাবে না, গরুর গাড়ী যাবে না, তাহলে সেখানে মেটেরিয়ালস নিয়ে গিয়ে কি করে বাড়ী করবেন, সে প্রবলেমটাও একবার চিন্তা করতে হবে। কিন্তু যেখানে হেল্‌থ সেন্টারগুলি বড় বড় রাস্তার কাছে লিঙ্ক রোডের কাছে বা ডিষ্ট্রীক্ট বোর্ডের রাস্তার কাছে সেখানে তো এত গোলমাল নেই। তারপরে আপনার জিনিসের দাম ক্রমশঃ বেড়ে যাচ্ছে, যতই আপনি এস্টিমেট করুন না কেন খরচ বাড়বেই কিন্তু তবুও আমরা এষ্টিমেট না করে পারি না, টেণ্ডার, সার্ভে না করে পারি না এবং পাবলিকের টাকার ট্রাষ্টি, আমাদের সমস্ত কিছু বিচার করে দেখতে হয়। আমরা এই সমস্ত পুঙ্খানুপুঙ্খ রূপে বিচার করেছি, যতই ঠিক করুন না কেন দাম

ক্রমশঃই বেড়ে যাচ্ছে। সুতরাং সেখানে আমাদের একটু অসুবিধা আছে। এখানে আমাদের একজন মাননীয় সদস্য বললেন যে মেডিকেল অফিসারের ডাইরেকসন অনুসারে কোথায় জানালা বসবে, কোথায় দরজা বসবে এই সব প্ল্যান নেওয়া উচিত একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের। আপনারা হয়ত জানেন না যে সমস্ত প্ল্যানই ওখান থেকে হেল্‌থ ডিপার্টমেণ্টকে দেখান হয় এবং সেই প্লান স্যাংসান না হলে আমরা কিছু করতে পারব না, টাকা স্যাংসান না হলে আমরা কিছু করতে পারব না। সুতরাং যেখানে ডিপার্টমেণ্ট প্রয়োজনবোধ করেন সেখানে হেল্‌থ ডিপার্টমেণ্টের সঙ্গে আলোচনা করেন, হেল্‌থ অফিসারাও দেখবেন। সুতরাং বৃহত্তর পরিপ্রেক্ষিতে যেটা বিবেচনা করা হয় সেই অনুসারে কাজ হয়। সেখানে একটা ডিস্ট্রিক্ট কিম্বা একটা ভিলেজের ডাক্তারের কথার মূল্য যদি দিতে হয় তাহলে এই সমস্ত প্ল্যান ভেস্তে যাবার সম্ভাবনা আছে, সেইজন্য সেটা সম্ভব হয়নি। অনেকে এই কথা বলেছেন যে রাস্তা রিপেয়ার হয়নি। রাস্তা রিপেয়ার হয়নি ঠিক, আবার অনেকে বলছেন রাস্তা হয়নি। থার্ড ৫ ইয়ার প্ল্যানের রাস্তা বাকি, সেকেণ্ড ৫ ইয়ার প্ল্যানের রাস্তা বাকি আছে, ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান চলছে। হয়নি, এই কথা ঠিক। কিন্তু আমার অবস্থায় থাকলে বা মন্ত্রী অবস্থায় থাকলে বুঝতে পারতেন যেটা আমি আজকে বুঝতে পারছি যে কি অসুবিধার মধ্যে আমাকে পড়তে হয়েছে। গণতান্ত্রিক সমাজে সবাইকে খুশী রাখতে হবে, জনগণের সেবা করতে হবে, প্রত্যেক গ্রামের লোকদের সেবা করতে হবে। যেমন ধরুন আমাদের কাছে প্রায় ৯০০ রাস্তা করার অনুরোধ এসেছে। এই সমস্ত রাস্তা করতে গেলে আমার লাগবে প্রায় ১২/১৩ কোটি টাকা। কিন্তু অত টাকা তো আমার নেই। কাজেই এর মধ্যেই আমাকে বিচার করতে হবে। বিচার করার দুটি পদ্ধতি আছে। একটি হল কোন জেলাতেই যেন সব একেবারে নেওয়া না হয়, সব জায়গাতেই যেন কিছু কিছু করে দেওয়া হয়। এটা করতে গেলে আস্তে আস্তে আমাদের কাজ চলুক, লোকে অন্ততঃ বুঝবে যে আমরা তাদের ভুলিনি, গ্রাম বাংলার লোকেরা অন্ততঃ বুঝবে যে আমরা তাদের ভুলিনি। সুতরাং এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে রাস্তাগুলি আস্তে আস্তে করা হোক। কারণ হয়ত স্পিল ওভার হয়েছে সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যান থেকে থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে, আবার থার্ড প্ল্যান থেকে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যানে। আমি যদি এই ৯০০টি রাস্তার রিকোয়েষ্ট রক্ষা করবার চেষ্টা করি তাহলে একটিও হবে না। কারণ আমার কমপ্লিট করবার ক্ষমতা যদি থাকে ১০টির তাহলে ৮০টি রাস্তার জন্য চিঠিপত্র আসবে লোকের কাছ থেকে, তা তো হয় না। সেজন্য আমি একটা চার্ট দেখে প্লান ঠিক করেছি দেশের লোক সবাই চান যে কিছু কাজ হোক। সেদিক থেকে আমরা দেখছি অসুবিধা আছে। আপনারা দেখবেন যে রাস্তার জন্য কোথাও ঠিকমত জমি পাওয়া যায় না। দেশের একজন এম. এল. এ. অথবা একজন স্থানীয় সম্মানীয় লোক আমাকে এসে বললেন রাস্তার কথা। সঙ্গে সঙ্গে সেই রাস্তাটির প্ল্যান ঠিক হল, সেই রাস্তা সার্ভে হবে, তারপরে এষ্টিমেট হবে। তারপরে আমাদের ল্যাণ্ড এ্যাকুইজিসন করা দরকার লাগবে। তখন সঙ্গে সঙ্গে হয়ে গেল মামলা। তারপরে হল ইনজাংসান। আমিও তো একদিন উকিল ছিলাম, ইনজাংসন হলে কি যে অবস্থা হয় সেটা ভাল করেই জানি। এই ইনজাংসন হবার ফলে আরো ৫ বছর লেগে গেল এবং ৫ বছরের মধ্যে ফাইন্যালি সলিউসন না হলে ইনজাংসান চলল, এতে রাস্তা করবেন কি করে সেটা চিন্তা করে দেখুন। তৃতীয়তঃ বিক্রয়ের ব্যাপার আছে। তারপরে আপনার বিটুমেনের প্রশ্ন আছে, ষ্টোনের ব্যাপার আছে। আমরা ভাবতাম পাথর ষ্টোনের কোন অসুবিধা হয়না।

কিন্তু এই গত এক বছর কি দেড় বছর ধরে এমনই একটা পরিস্থিতির মধ্যে পড়েছি যে আমাদের ওয়াগন কম থাকার দরুন কাজ সত্যি ব্যাহত হচ্ছে। যেখানে একশত ওয়াগন CMDAকে দেবার কথা সেখানে C M D A পাচ্ছে ৬০ ওয়াগন পার ডে আর আমরা পাচ্ছি ৫ ওয়াগন

পার ডে। এর মধ্যে কোন অন্যায় দেখছি না। এদিকে আমাদের দেশের যেখানে ৪।।॰ কোটি লোকের মধ্যে প্রায় ৯০ লক্ষ লোক কিম্বা এক কোটির বেশী হবে সত্যি কথা বলতে কি Calcutta Metropolitan District যদি ধরি তাহলে শতকরা ৪/১ ভাগ লোক সেখানে থাকবে। কিন্তু এটা আমি বুঝতে পারি এবং আপনারাও আমার সঙ্গে একমত হবেন যে ৫ ওয়াগন পার ডে তে কাজ চলে না, এর চেয়ে বেশী প্রয়োজন। সেজন্য আমরা ঠিক করেছি যে পাকুরের মত ভাল Stone যদি পাওয়া না যায় তাহলেও আমরা কাজ চালাব। যেমন আমরা North Bengalএ করি river bedএ যে Stone সেই Stone দিয়ে আমরা North Bengalএ চালাই, পুকুর থেকে কতকগুলি জায়গায় চালাই। আর আমরা চেষ্টা করছি বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া জেলা, বর্দ্ধমানে যেসমস্ত জায়গায় Stone পাওয়া সম্ভব, পাকুরের মত এত ভাল যদি নাও হয় এবং সেটা সম্বন্ধে আমরা বিশেষভাবে সচেতন। মাননীয় সদস্য, নিতাইবাবু আমাকে stone দিয়েছেন। আমি সেই Stone নিয়ে ঘুরে বেড়িয়েছি। একজন রসিকতা করে বললেন, মারবেন নাকি মশাই। বীরভূম থেকে বা বাঁকুড়া থেকে পাওয়া যায় কিনা, আমার ধারণা পাওয়া যায় এবং সেটা নিয়ে গবেষণা চলছে এবং হয়ত অদূর ভবিষ্যতে এটা প্রমাণ হবে, সেই Pakur-এর কাজ আটকাবেনা যদিও সেটা একটু নিকৃষ্ট তবুও আমার ধারণা যে আমাদের দেশের লোকের অর্থাৎ পশ্চিমবাংলার লোকের অনেক বেশী কাজের সুবিধা হবে এবং বেকারের কিছু সংখ্যা কমবে। আমার একজন বন্ধু বললেন যে quary board করার জন্য, সেই রকম একটা quary board হতে পারে। সেটা বিচার্য্য বিষয়। আমরা Co-operative করে দিয়ে তাদের through দিয়ে, তাদের কাছে থেকে নিতে পারি। দ্বিতীয় কথা হচ্ছে এই bitumenএর ব্যাপারে। Bitumenএর একটা problem আছে। সেটা আমরা solve করবার চেষ্টা করছি। আর Cement-এরও একটু problem আছে সেটাও চেষ্টা করছি solve করবার। আমরা river navigation কি করে আনা যায় তার চেষ্টা করছি। ১৯৬৭ থেকে ১৯৭১-৭২ সালে যে কাজ করা হয়েছিল তার থেকে অনেক বেশী কাজ করবার বা ভাল কাজ করবার চেষ্টা করছি এবং সেটা কয়েক মাসের মধ্যে আমরা জানাতে পারবো যে আমরা কি কি করছি। আপনারা খোঁজ খবর করলে জানতে পারবেন যে আমরা কি কি কাজ করছি। অন্যান্য সদস্যরা যা বলেছেন সে সম্পর্কে দু'একটি কথা বলতে চাই। সদর ঘাট সম্বন্ধে বলেছেন, সদর ঘাটের bridge সম্পর্কে যে ভিত্তি স্থাপন করা হয়েছিল সেই ভিত্তিস্থাপন অশুভ লগ্নে হয়েছিলো বলে আমার বিশ্বাস। আমরা শুভ লগ্নে ক্ষমতা পেয়েছি এবং আমরা অনেক দূর এগিয়ে গেছি, এটা আপনারা ২।৩ মাসের মধ্যে জানতে পারবেন। টাকার প্রয়োজন তার ব্যবস্থা হচ্ছে। আর একটি প্রশ্ন করা হয়েছে বর্দ্ধমানে যে একটা বিজয় তোরণ হয়েছিলো সেটা কার্জন গেট, মহারাজার নামে পরিচিত ছিল। সেই বিজয়তোরণ কার্জন গেট, সেটাকে repeir করা নিয়ে অনেকবার নাকচ করা হয়েছে। তবে আমরা পুনরায় চেষ্টা করছি এটা নিয়ে কিছু করা যায় কিনা। আমরা সে বিষয় চিন্তা করছি এখন কিছু স্থির করা হয়নি। আর এখানে একজন মাননীয় সদস্য বলেছেন যে ছেলেদের নিয়ে যদি কিছু করা যায় তাহলে দুর্নীতি বন্ধ হবে। কারণ দুর্নীতি যদি বন্ধ করতে হয়, তাহলে ছেলেদের পক্ষে দুর্নীতি বন্ধ করার কোন অসুবিধা নেই। আমি অনেক জায়গা থেকে অনেকগুলো খবর পেয়েছি, তার কতকগুলো সত্য এবং কতকগুলো ঠিক সত্য নয়। ছেলেদের যদি লাগিয়ে দেন, তাহলে ঠিক ডিসিপ্লিন থাকে না। ডিসিপ্লিন যদি থাকতো তাহলে আমি লাগাতাম অনেক আগেই। তবে দুর্নীতি বন্ধ করার জন্য আমরা সচেষ্ট এবং আমাদের যারা সিনিয়ার অফিসার আছেন, আমি বলতে পারি তাঁরাও খুব সচেষ্ট এবং আমরা চেষ্টা করছি যাতে কোন রকম দুর্নীতি না থাকে এবং ভবিষ্যতে আপনাদের উপদেশ অনুসারে, যে সমস্ত উপদেশ দিলেন বা কথা বললেন, সেই সমস্ত মনে করে কাজ চালাবার চেষ্টা আমি করবো।

[4-20—4-30 p.m.]

The motion of Shri Bholanath Sen that a sum of Rs. 16,27,32,000 be granted for expenditure under Grant No. 34, Major Head : "50—Public Works", was then put and agreed to.

The motion of Shri Bholanath Sen that a sum of Rs. 9,25,64,000 be granted for expenditure under Grant No. 51, Major Head : "103—Capital Outlay on Public Works", was then put and agreed to.

**Mr. Speaker** : Time allotted for both the Demands for Grant Nos. in 32 and 45, which will be taken up now, is 1½ hours. So, I allot 45 minutes for each of the Grants.

**Demand for Grant No. 32**

Major Head : 39—Miscellaneous Social and Developmental Organisations Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes.

**Shri Santosh Kumar Roy** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4, 13, 20,000 be granted for expenditure under Grant No. 32, Major Head : "39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes." ( This is inclusive of Rs. 1,37,73,000 already voted on account in March, 1972 ).

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোচ্য খাতে ব্যয়বরাদ্দ অনুমোদন করার জন্য অনুরোধ করার পূর্বে আমি সভার কাছে দু'একটি কথা বলতে চাই। এই অনুদানে সমাজ কল্যাণ বিভাগ সহ আরও অনেকগুলি বিভাগের কাজকর্মের কিয়দংশের জন্য ব্যয় অন্তর্ভুক্ত করা হয়েছে। সভার অবগতির জন্য আমি মোটামুটিভাবে কোন বিভাগের উপর কোন কাজের ভার ন্যস্ত হয়েছে তা জানাচ্ছি।

| | | |
|---|---|---|
| (১) সমাজ কল্যাণ বিভাগ | : | Control of Vagrancy, Directorate of Social Welfare, Govt. of India's Crash Programme of Nutrition for children. |
| (২) বিচার বিভাগ | : | Registration of births, deaths and marriages. |
| (৩) শ্রম বিভাগ | : | Statistics of Industrial and Labour disputes, Family Budget Investigation Scheme. |
| (৪) স্বাস্থ্য বিভাগ | : | Smoke Nuisances Commission. |
| (৫) অর্থ (শুল্ক) বিভাগ | : | State Statistical Bureau. |
| (৬) শিক্ষা বিভাগ | : | Contribution to the National Library, Preservation and Translation of Ancient Manuscripts. |
| (৭) পূর্ত বিভাগ | : | Construction Board. |
| (৮) পশু পালন বিভাগ | : | Education and Training for Dairy Personnel. |
| (৯) স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগ | : | Tourist Organisation. |
| (১০) উন্নয়ন বিভাগ | : | Evaluation Machinery. |

(১১) শিল্প ও বাণিজ্য বিভাগ : Expansion of Electrical Laboratory to the Directorate of Electricity, Change over to the Metric System.

(১২) কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগ : Survey of Small Scale and Cottage Industries.

(১৩) উন্নয়ন ও পরিকল্পনা
(গ্রাম ও সহর উন্নয়ন) বিভাগ : Town and Country Planning Organisation.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূলতঃ দুঃস্থ ও অবহেলিত মানুষের কল্যাণই সমাজ কল্যাণ। '৩৯—বিবিধ'-এর মধ্যে কোন পরিকল্পনা ভিত্তিক কাজের অবকাশ নেই, এই খাতের অন্তর্ভুক্ত রয়েছে উন্নয়নমূলক কাজের বাইরে যে সব কাজ দীর্ঘদিন হয়ে আসছে সেগুলির জন্যে। এর মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হচ্ছে ভিক্ষাবৃত্তি নিয়ন্ত্রণ। ভিক্ষাবৃত্তি নিয়ন্ত্রণের কাজ ১৯৪৩-৪৪ সাল থেকে চলে আসলেও আমি স্বীকার করতে বাধ্য যে, একাজে কোন উল্লেখযোগ্য অগ্রগতি প্রত্যক্ষ করা যায় নি। আজও পথে ঘাটে সর্বত্র ভিক্ষুকের প্রাচুর্য আমার এ স্বীকৃতিকে সমর্থন জানাবে।

বর্তমানে Bengal Vagrancy Act, 1943 চালু আছে কেবলমাত্র কলকাতা ও পার্শ্ববর্তী শিল্পাঞ্চলে। এই আইন অনুসারে ৬টি ভিক্ষুক আবাস, একটি ভিক্ষুক গ্রহণ কেন্দ্র এবং একটি শিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠিত রয়েছে। এইসব আবাসে থাকতে পারে মোট ২২৫০ জন আবাসিক। ভিক্ষুকের সংখ্যার তুলনায় এই ব্যবস্থা যে নিতান্তই অপ্রতুল তা বলাই বাহুল্য।

এই সব আবাসে থাকার সময়ে ঐসব ভিক্ষুকদের প্রাথমিক শিক্ষা ছাড়া নানা প্রকার হাতের কাজ শেখানো হয়ে থাকে। উদ্দেশ্য—এই সব শিক্ষা পেয়ে তারা অচিরে স্বাবলম্বী হয়ে উঠবে। আজ কলকাতা ও শহরতলীতে এই আইন বলবৎ থাকলেও আজ সমগ্র পশ্চিমবঙ্গে এর প্রয়োজন অনুভূত হচ্ছে। আমি মনে করি, ভিক্ষুক হয়ে জন্মানো অপরাধ নয়। স্বাধীন ভারতের সুস্থ নাগরিক হিসাবে তাদেরও বাঁচার অধিকার আছে। জীবিকা অর্জনের উপযোগী শিক্ষালাভেরও অধিকার আছে। কিন্তু গভীর দুঃখের সঙ্গে স্বীকার করছি সরকারের সীমিত আর্থিক ক্ষমতা আজ এই পরিকল্পনাকে সম্প্রসারিত করার পথে বিশেষ অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। আজ যে সামান্য অর্থ বরাদ্দ দাবী করা হচ্ছে এর মধ্যে উত্তরপাড়াস্থিত মহিলা দুঃস্থাবাস এবং ১৪ বৎসর পর্যন্ত বালকদের জন্য সংশোধনাবাসটিও ধরা আছে। এদুটি আবাসে যথাক্রমে ২০০ এবং ২০০ মোট ৪০০ জনের থাবার ব্যবস্থা আছে। এদুটি আবাসেও ছেলেমেয়েদের লেখাপড়া ও হাতের কাজ শেখানোর ব্যবস্থা আছে।

এতো গেলো ভিক্ষুক বা ঐজাতীয় অসহায়দের কথা। আমাদের সমাজ কল্যাণ বিভাগের আর্থিক সঙ্গতি সীমাবদ্ধ হলেও এর পরিসর কিন্তু অনেক বড়। এই বিভাগের উপর ন্যস্ত সমস্ত দায়িত্বের একটিও কোন অংশে কম গুরুত্বপূর্ণ নয়। বহুর মধ্যে এখানে আর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ আমি এখানে করতে চাই। অপুষ্টিজনিত রোগে শিশুমৃত্যুর হার অত্যন্ত বেদনাদায়ক। তাছাড়া দেশ গঠনের সময় যখন এখনও আমাদের সকল শ্রেণীর জনসাধারণের জন্য পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা করতে পারিনি তখন যাতে ভবিষ্যতের নাগরিকরা অপুষ্টিজনিত কষ্ট ভোগ না করেন, সেজন্য ১৯৭০ সালে কেন্দ্রীয় সরকারের বিশেষ অর্থানুকূল্যে শিশু ও প্রসুতিপুষ্টি প্রকল্পে কাজ আরম্ভ হয়। ১৯৭১-৭২ সালে কেন্দ্রীয় সরকার এই রাজ্যের শহরাঞ্চলে বস্তী এবং উপজাতি অধ্যুষিত এলাকায় অনধিক ছয় বছরের শিশু, গর্ভবতী ও প্রসুতি নারীদের জন্য এই প্রকল্প বাবদ প্রায় ৮২ লক্ষ টাকা মঞ্জুর করেছিলেন। এই প্রকল্প অনুসারে বছরে ৩০০ দিন শিশুদের রোজ মাথা পিছু

২০ পয়সা ও নারীদের ২৫ পয়সা হিসাবে পুষ্টিকর খাদ্য দেবার ব্যবস্থা আছে। সমাজ কল্যাণ-মূলক কাজে নিযুক্ত সংস্থাগুলির মাধ্যমে এই খাদ্য বণ্টিত হয়ে থাকে। গত বছর মোট ২,৩১,১৮০ জনকে এই প্রকল্প অনুযায়ী পুষ্টিকর খাদ্য দেওয়া হয়েছে। চলতি বছরের এপ্রিল থেকে জুন মাসের মধ্যে আরও ৪২,৪৩১ জনকে এই প্রকল্প অনুযায়ী খাদ্য দেওয়া হচ্ছে। এই মাসে আশা করছি আরও ৮,০০০ জনকে এই খাদ্য দেওয়া সম্ভব হবে। আমরা মনে করি এই প্রয়োজনের তুলনায় এই সংখ্যা ও পরিমাণ কিছুই নয়। তাই এই বছরের মধ্যে যাতে মোট ৩,৮৫,০০০ জন শিশু ও নারীকে এই প্রকল্পের আওতায় আনা যায় তার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন প্রার্থনা করা হয়েছে। এখানে বিশেষভাবে উল্লেখ করা দরকার যে, এই প্রকল্প অনুযায়ী ব্যয় প্রথমে রাজ্য সরকারকেই বহন করতে হয়। কেন্দ্রীয় সরকার পরে অনুদানের মাধ্যমে সেই অর্থ রাজ্য সরকারকে দিয়ে দেন।

আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি আমাদের এই কর্ম প্রচেষ্টা দিন দিন জনপ্রিয় হয়ে উঠছে। কাজের ক্ষেত্রও হয়ে উঠছে ব্যাপকতর। এই গুরুত্বপূর্ণ কাজটি সুষ্ঠভাবে পরিচালনার জন্য সরকার একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছেন।

এবছর মালদহ খরার কথা কারো অজানা নেই। বাঁকুড়া, পুরুলিয়া ও মেদিনীপুরের সর্বনাশা খরার কবলে পড়ে চরম দুর্ভোগের মুখোমুখি হয়েছে অগনিত নারী ও শিশু। তাই কেন্দ্রীয় সরকারের অনুমোদন নিয়ে রাজ্যসরকার ঐ তিনটি জেলায় যথাক্রমে ১০,০০০, ১০,০০০ এবং ৫,০০০ শিশু ও নারীকে এই পুষ্টিপ্রকল্পের আওতায় আনার নির্দেশ দিয়েছেন। এ ব্যাপারেও সম্পূর্ণ ব্যয়ের ভার কেন্দ্রীয় সরকারই নিয়েছেন। আশা করছি অদূর ভবিষ্যতে সমগ্র রাজ্যেই এই প্রকল্প ব্যাপ্তি লাভ করবে।

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

[4-30—4-40 p.m.]

**শ্রীনিরঞ্জন ডিহিদার**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তা অত্যন্ত হতাশাব্যঞ্জক এবং তার অভিব্যক্তি তাঁর বক্তব্য থেকে অনেকটা পরিষ্কার হয়েছে। আমি এর উপর বিস্তৃত আলোচনা করবনা। আমি শুধু town এবং country planning-এর উপরে ২।৪টা কথা বলতে চাই। গতবছর এই item-এ খরচ ছিল ১১ লক্ষ টাকা, এবার তা বেড়ে ১২ লক্ষ টাকা হয়েছে—অর্থাৎ ১ লক্ষ টাকা মাত্র বেড়েছে। আসানসোল শিল্পাঞ্চলের জন্য যা খরচ করছেন তাতে দেখা যাচ্ছে যে আসানসোল বাজার improvement scheme implementation-এর জন্য ১ লক্ষ টাকা বেড়েছে। মোট আসানসোল শিল্পাঞ্চলে ১২ লক্ষ লোক বাস করে—অর্থাৎ মাথাপিছু ৮ পয়সা করে পড়ে। এবারের নির্বাচনের পর দীর্ঘ ২৫ বছরের অবহেলিত এই শিল্পাঞ্চলের একটা কিছু সুরাহা হবে এটা আশা করা গিয়েছিল। কিন্তু এই ব্যয় বরাদ্দ তিনি যা রেখেছেন তা অত্যন্ত হতাশ করছে। এই আসানসোল শিল্পাঞ্চলে কয়লাখনি, ইস্পাত কারখানা ইত্যাদি বিভিন্ন কারখানা রয়েছে যেখান থেকে মালিকরা বছরের পর বছর কোটি কোটি টাকা মুনাফা হিসাবে নিয়ে যায়। দীর্ঘ ২৫ বছর ধরে Royalty বাবদ, cess বাবদ লক্ষ লক্ষ টাকা যা পাওয়া গেছে তার একটা অংশ আসানসোলের উন্নতির জন্য আশা করতে পারা যায়। আমি বলব সরকারের পরিকল্পনাগুলি যা তৈরী হচ্ছে তার দৃষ্টিভঙ্গী সম্পর্কে আমার বক্তব্য আছে।

আমি মনে করি আজ যদি কোলকাতা মহানগরীকে বাঁচাতে হয় তাহলে এখানকার ভীড় কমাতে হবে। আজ শিল্পাঞ্চলগুলিতে উপমহানগরী গড়ে তুলতে হবে এবং সেই স্থান হচ্ছে আসানসোল, দুর্গাপুর যেখানে অনেক শিল্প আছে। কিন্তু সেদিক থেকে কিছু দেখতে পাচ্ছিনা। আসানসোল town and planning organisation বহু পরিকল্পনা তৈরী করেছেন। সেখানে আসানসোল Satellite township scheme করেছেন, রাণীগঞ্জ water works scheme তৈরী করেছেন, ছাতাপাতা overhead scheme তৈরী করেছেন, B. N. R. Bridge Scheme করেছেন। সেই Scheme গুলো আজকে blue print-এর মধ্যেই থেকে গেল এবং তা বাস্তবে রূপায়িত হলনা। scheme একটার পর একটা হতে পারে, কিন্তু সেই scheme যদি বাস্তবে রূপায়িত না হয় তাহলে সেটা লজ্জার কথা হয়। scheme কার্যকরী করার দিক থেকে দেখছি আসানসোল Satellite township scheme-কে কার্য্যকরী করার জন্য notice দেওয়া হল যে জমি নেওয়া হবে এবং চাষীরাও জমি ছেড়ে দিল। কিন্তু জমি আর নেওয়াও হলনা এবং চাষীদের চাষ না করার জন্য যে ক্ষতি হল তারজন্য তাদের কোন ক্ষতিপূরণও দেওয়া হল না এবং তাদের একটা অসহায় অবস্থায় ফেলে দেওয়া হল।

অথচ সেখানে সেই স্কীমকে লক্ষ্য করে গতবছর ১ লক্ষ টাকার একটা বাজার তৈরী হল যেখানে মানুষ কেউ যায় না, যে বাজার কোন কাজে আসে না, সেই বাজার শুধু সি. আর. পি. দের স্থান হল, শহরে সৈন্য তলব করলে তাদের আবাসস্থল হল। তারপর আসানসোল ওয়াটার সাপ্লাই স্কীম যেটা ছিল স্যাটিলাইট টাউনসিপ স্কীমের অন্তর্গত সেখানে দেখছি—সেখানে প্রফুল্ল সেন মহাশয় নিজে দেখে এসেছিলেন যখন দারুণ গ্রীষ্মে আসানসোল এবং গ্রামাঞ্চলের মানুষ তৃষ্ণায় ছটফট করছে, প্রাণ যাচ্ছে, সেই সময় তিনি গিয়েছিলেন। তিনি আমাদের পাশে দাঁড়িয়েছিলেন, সেই স্যাটিলাইট টাউনসিপ স্কীম এর ওয়াটার ওয়ার্কস এতে ১২ লক্ষ গ্যালন জল সরবরাহের প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু এই দারুণ গ্রীষ্মে ১ লক্ষ গ্যালন জলও সরবরাহ করতে পারেন নাই। এর কাজ কমপ্লিট না করে রিপোর্ট দিল, বিল পেমেণ্ট হয়ে গেল। তারপর নদী থেকে জল যে ইণ্টেক ট্যাংকে নিয়ে যাওয়া হয় সেই ইণ্টেক ট্যাঙ্ক সংস্কার করল না, সংস্কার করার বিল পেমেণ্ট হয়ে গেল। সেখানে এ্যালায়েড প্ল্যাণ্ট যেটা ছিল দেখা গেল খারাপ অথচ টাকা কিন্তু পেমেণ্ট হয়ে গেল। তারপর ক্লোরিনেসান প্ল্যাণ্ট যেটা বসান হল সেটা পরে দেখা গেল প্ল্যাণ্টটা খারাপ। এই হচ্ছে পরিকল্পনা রূপায়ণের পদ্ধতি। তারপর রাণীগঞ্জ ওয়াটার ওয়ার্কস কিছুদিন আগে মুখ্যমন্ত্রী মহাশয়ের উদ্বোধন করার কথা ছিল, সেখানে ঐ স্কীমে পাইপ বসান হল, বসানর পর আবিষ্কার করা হল পাইপ ফুটা ও ফাটা। তার দাম কত, না, ১৬ লক্ষ টাকা। আমরা জানি যে এই টাকা চুরি হয়েছে। এই হচ্ছে পারকল্পনা রূপায়ণের পথ। এই শিল্পাঞ্চলের জনসাধারণকে দিনের পর দিন নানা অসুবিধার মধ্যে দিন কাটাতে হচ্ছে, এখানে জল নেই, আলো নেই এই হচ্ছে অবস্থা। ঐ শিল্পাঞ্চলে দেখা যায় ১২ লক্ষ লোকের মধ্যে ১ লক্ষের বেশী লোক বস্তি এলাকায় বাস করে। বস্তিগুলির নিদারুণ অবস্থা. সেখানে শতকরা ৭১ জনের ঘরে আলোর কোন ব্যবস্থা নেই, ইলেকট্রিসিটির কোন ব্যবস্থা নেই। আজকে যেখানে আমরা বক্তব্য রেখেছি যে গ্রামে গ্রামে বৈদ্যুতিকরণ করা হবে সেখানে শহরের মধ্যে, শুধু বস্তি অঞ্চলে নয়, ১/৩ অংশ লোকের ঘরে বৈদ্যুতিক আলো আছে মাত্র। আসানসোল শহরে আলোর কোন ব্যবস্থা নেই। আসানসোল শহরে ড্রেনের কোন ব্যবস্থা নেই, যা আছে তাও ভেঙ্গে চুরমার হয়ে গেছে। প্রতি বছর দেখা যায় আসানসোলে কলেরা, বসন্ত মহামারিতে লোক মারা যায়। স্বাধীনতা পাবার ২৫ বছর পরেও আজকে আমাদের এই কথা বলতে হচ্ছে এটা অত্যন্ত দুঃখের বিষয়। কিন্তু তার প্রতিকারের কোন পরিকল্পনা রয়েছে?

কিছু নেই। এইভাবে পরিকল্পনা রূপায়িত করলে কোন সমস্যা সমাধান হতে পারে না। তাই আমি অত্যন্ত সবিনয়ে মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করব কেন তিনি এই শিল্পাঞ্চলকে উন্নত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অন্ততঃ ৫০ কোটি টাকা দাবি করবেন না, কেন আসানসোল শিল্পাঞ্চলকে উপ-মহানগরীতে পরিণত করার চেষ্টা করবেন না? এই দাবী আপনি সোচ্চার করে তুলুন। কয়লাখনির মালিক, শিল্প মালিক সেখানে যারা রয়েছে, যারা বছরের পর বছর কোটি কোটি টাকা লুণ্ঠন করে নিয়ে যাচ্ছে, কেন শিল্পাঞ্চলের উন্নতি করার জন্য সেইসব মালিকদের উপর স্পেশাল সেস বসান হবে না? যারা সাধু তারা নিশ্চয়ই এটা মানবে, যারা অসাধু যারা কয়লা খনির শ্রমিককে শোষণ করে নিংড়ে নিয়ে যাচ্ছে, গোটা শিল্পাঞ্চলকে ধ্বংসের পথে ঠেলে দিচ্ছে তারা বাধা দিতে পারে, কিন্তু যারা দেশকে ভালবাসে, শিল্পাঞ্চলকে ভালবাসে তারা এই স্পেশাল সেস দিতে রাজী হবে বলে আমি বিশ্বাস করি। আর একটা কথা বলব, এটা খানিকটা রিজিওন্যাল শোনাবে, তবুও না বলে পারছি না। সেটা হচ্ছে আসানসোল শিল্পাঞ্চল থেকে যে সেস পশ্চিমবঙ্গ সরকার আদায় করছেন তার একটা অংশ কেন দেওয়া হবে না এই শিল্পাঞ্চলকে ডেভেলপ করার জন্য?

[4-40—4-50 p.m,]

এটা শুধু ওই শিল্পাঞ্চল ডেভলপ করবেনা, এটা গোটা পশ্চিমবাংলাকে ডেভলপ করবে, ডেভলপ করবে পশ্চিমবাংলার শিল্পের গতি এবং এতে পশ্চিমবাংলার মঙ্গল হবে। কাজেই আমি আবেদন করছি এটা করুন। তারপর আমার বক্তব্য হচ্ছে আসানসোল প্ল্যানিং অর্গানাইজেসনকে ঢেলে সাজাতে হবে এবং এতে জনগণের প্রতিনিধি নেওয়া দরকার। এটা যদি করেন তাহলে দেখবেন সেখানে পরিকল্পনা যা নেবেন সেগুলি জনগণমুখী হবে, তা স্বার্থক হবে। তারপর মন্ত্রীমহাশয় বলেছেন তিনি ভিক্ষুকের জন্য ব্যবস্থা করেছেন। ওই শিল্পাঞ্চলে যদি আপনারা যান তাহলে দেখবেন রাস্তার দুধারে কুষ্ঠ রোগী ভিক্ষুক সব বসে আছে যাদের চিকিৎসার কোন ব্যবস্থা নেই, সাহায্য দেবার কোন ব্যবস্থা নেই। আমি জানিনা কোথায় কিভাবে এই সাহায্য দেওয়া হচ্ছে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই আসানসোল বস্তি অঞ্চল আজকে কুষ্ঠ এবং টি বি. রোগীর চির আবাসস্থল হয়ে দাঁড়িয়েছে। আমি তাদের বাঁচাবার জন্য করুণ আবেদন জানাচ্ছি মন্ত্রীমহাশয়ের কাছে এবং সমস্ত মাননীয় সদস্যদের কাছে। আমি আশা করি আমার এই আবেদন ব্যর্থ হবেনা কারণ এটা আসানসোল মহকুমার ১২ লক্ষ লোকের আবেদন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনরেশচন্দ্র চাকী**ঃ শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রীমহাশয় ৩২ নম্বর খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করি। সমর্থন করতে হবে কারণ অনেক ভাল ভাল কথা তিনি বলেছেন এই ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করতে গিয়ে। কিন্তু কার্যক্ষেত্রে আমাদের পশ্চিমবাংলায় এই ভাল ভাল কথাগুলি কতটা কার্যে পরিণত হচ্ছে সেটা খতিয়ে দেখার প্রয়োজনীয়তা আছে। আমরা জানি তিনি দুস্থ এবং অবহেলিত মানুষের কল্যাণের কথা বলেছেন। আমরা জানি সোস্যালিজম বেজ্‌ড অন সোস্যাল ওয়েলফেয়ার। একথা ঠিক এবং তাকে স্বীকার করে নিতে হবে। কিন্তু সেই সোস্যাল ওয়েলফেয়ার আমরা কতটা করতে পারছি সে সম্বন্ধে আমি একটু আলোচনা করতে চাই। তিনি বলেছেন ভিক্ষুক নিয়ন্ত্রণ করবার জন্য কিছু ব্যবস্থা তাঁর আছে এবং পশ্চিমবাংলার ভিক্ষুক নিয়ন্ত্রণ করবার জন্য তিনি আশা প্রকাশ করেছেন। আমি অত্যন্ত দুঃখ এবং বেদনার সঙ্গে লক্ষ্য করেছি আমাদের এই সমস্যা সংকুল

পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ কোটি কোটি ওপার বাংলা থেকে এসে আশ্রয় নিয়েছে এবং তার ফলে পশ্চিমবাংলার অর্থনীতিকে আরও ভারগ্রস্ত করেছে। আজকে একটা ষড়যন্ত্র এবং অর্থ নৈতিক বিপদের মধ্যে পড়ে পশ্চিমবাংলা ভিক্ষুক সমাজে পরিণত হয়েছে। আমরা যদি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের স্ট্যাটিস্টিক্স দেখি তাহলে দেখব হরিয়ানা, পাঞ্জাবে ভিক্ষুক নেই এবং অন্যান্য প্রদেশেও ভিক্ষুকের সংখ্যা কম কিন্তু পশ্চিমবাংলায় ভিক্ষুকের সংখ্যা সবচেয়ে বেশী এবং সমস্যা সংকুল পশ্চিমবাংলা আজকে ভিক্ষুক সমাজে পরিণত হতে চলেছে, এখানে হাহাকার চলছে। কাজেই মন্ত্রীমহাশয়কে বলব আপনারা পশ্চিমবঙ্গকে বাঁচান। সোস্যাল ওয়েলফেয়ার যদি করতে হয় তাহলে সমাজে যারা সবচেয়ে নিপীড়িত, যারা খেতে পরতে পারেনা, তাদের বাঁচাবার জন্য এখনই বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করুন। তারপর, মন্ত্রীমহাশয় অপুষ্টিজনিত সমস্যার কথা বলেছেন। অপুষ্টিজনিত সমস্যা সংকুল পশ্চিমবাংলার বস্তি এলাকায় ছোট ছেলেমেয়েদের জন্য মাথাপিছু ২০ এবং ২৫ পয়সা টিফিন দেবার ব্যবস্থা আপনারা করুন।

আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, আপনি আপনার ঘরের ছেলেমেয়েদের জন্য দৈনিক কতটুকু খরচ করেন হিসেব করে দেখবেন। আমার আপনার ঘরে ছেলেমেয়েদের জন্য যে খরচ হয়ে থাকে স্বীকার করি, কিন্তু আমাদের পশ্চিমবাংলা সরকারের সে ফাণ্ড হয়তো নেই সেইজন্য আপনি হয়তো এইসমস্ত অসহায় ছেলেমেয়েদের বেশী কিছু করতে পারবেন না। আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই ২০/২৫ পয়সা দিয়ে কি একটি ছেলেকে অপুষ্টির হাত থেকে রক্ষা করা যেতে পারে? এই ব্যাপারে যদি স্ট্যাটিষ্টিক্স নিই আমরা কি দেখবো? আমরা দেখবো পশ্চিমবাংলার যে অপুষ্টিজনিত রোগ হয় সে রোগীর সংখ্যা আমাদের অন্যান্য প্রদেশের তুলনায় অনেক বেশী। আজকে শুধু তাই নয়, এই অপুষ্টির জন্য আমাদের পশ্চিমবাংলাকে ক্রমে ক্রমে টি. বি. রোগের দিকে নিয়ে যাচ্ছে এবং টি. বি. রোগীর সংখ্যা অন্যান্য প্রদেশের তুলনায় অত্যন্ত বেশী। আমি তাই অনুরোধ করবো আজকে পশ্চিমবঙ্গ যখন সমস্যা সংকুল প্রদেশ তখন আপনারা কেন্দ্রীয় সরকারকে বলুন যে বিশেষ দৃষ্টি দিয়ে বিশেষ পরিকল্পনার মাধ্যমে পশ্চিমবাংলার ছেলে-মেয়েদের অপুষ্টির হাত থেকে রক্ষা করুন। এবং পশ্চিমবাংলার টি. বি. রোগ নিয়ন্ত্রিত করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। আমি আমার শেষ আর একটা কথা বলতে চাই। আগে যে বার্ধক্য ভাতা দেওয়া হত অসহায় বৃদ্ধদের সেই বার্ধক্যভাতা বন্ধ হয়ে গেছে। অসহায় বৃদ্ধ নরনারী যারা পশ্চিমবাংলায় আছেন তাদের যাতে বার্ধক্যভাতা দেওয়া হয় এবং যাতে তারা কোনরকমে দুমুঠো অন্ন খেয়ে জীবন বাঁচাতে পারে সেদিকে ব্যবস্থা করবার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**Shri George Albert Wilson Deroze** : Mr. Deputy Speaker, Sir, I rise to support this demand as heartly as I can. Sir, the keynote of a socialist State is social welfare.

Sir, I would only take this opportunity to point out to the hon'ble Minister certain thing regarding the crash programme for nutrition of children. This consists, I understand, at the present moment, in supplying a special kind of bread which is made by a Centrally set up factory in the Kidderpore area. This nutritious bread is specially prepared for children and each child gets a hundred grammes per day. Now, the programme is such a valuable programme and it is so much in demand that—I am informed, Sir, the present factory in Calcutta is finding difficulties in meeting the demand. I feel, Sir, that the hon'ble Minister may request the Central Government to set up at least

one more factory in Calcutta, and another factory in the Howrah area as well as one in Asansol so that the under-privileged children in these industrial areas may get full benefit from the scheme.

Sir, another suggestion which I would like to place before the hon'ble Minister is whether with the co-operation of the hon'ble Food Minister—who is not present here at the moment, ten percent of the milk produced here by the State dairies may not be set aside for the under-privileged children in the industrial areas.

Sir the third point that I would like to place before the hon'ble Minister is this. There was a scheme to which I do not see any reference in this budget for old age pension. A small sum of Rs. 20 per month was given to old and indigent persons. This scheme appears to have now lapsed or is suffering from lack of funds.

I just place these matters, Sir, before the hon'ble Minister for his consideration and I do repeat that I heartily endorse and support his demand.

[4-50—5-00 p.m.]

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে বিভিন্ন দপ্তরের যে নন প্ল্যানের খরচ সেই খরচের ব্যয়বরাদ্দে এখানে উপস্থিত করা হয়েছে অনুমোদনের জন্য। এরমধ্যে আমার দপ্তরের ব্যয়বরাদ্দ আছে বলে আমার উপর ভার পড়েছে এই ব্যয়বরাদ্দ উপস্থিত করার জন্য। আজকে আমাদের মাননীয় সদস্য নিরঞ্জন ডিহিদার যে বিষয় এখানে বলেছেন এই সম্বন্ধে সম্পূর্ণ তথ্য দেওয়া, অবশ্য আমার কাছে নেই, দিতেও পারছি না। তবে তাঁর যে সমস্ত পরামর্শ এই বিষয়ে দিয়েছেন সেগুলি নিশ্চয়ই সেই বিভাগীয় দপ্তর যাতে যথাযথভাবে গ্রহণ করতে পারেন তারজন্য তাদের কাছে পেশ করবো। কিন্তু একটা কথা, বোধহয় যতদূর মনে পড়ে যে মোটামুটি বোধহয় টাউন এ্যাণ্ড কাণ্টি প্ল্যানিং অর্গানাইজেশন-এর যে এস্টাবিলিসমেণ্ট-এর খরচ এটাই বোধ হয় এই ব্যয় বরাদ্দের মধ্যে রাখা হয়েছে। এবং অন্যান্য উন্নয়নে যদি বাজেটে কিছু খরচ হতো তাহলে সেটা প্ল্যান বাজেটের মধ্যে যাবে। অতএব সেই বিষয়ে বোধ হয় এখনে রাখা হয়নি। যখন প্ল্যান বাজেটে কিছু আসবে, এই বিষয়ে যদি সম্ভাব্য, সমালোচনা উপস্থাপিত করেন তখন হয়ত যথাযথ উত্তর সেই সময় পেতে পারবেন। আমাদের মাননীয় সদস্য নরেশ চাকী মহাশয়, তিনি এখানে এই ব্যয়বরাদ্দের উপর যে মন্তব্য করেছেন আমিও তাঁর সঙ্গে একমত। একথা ঠিক যে পশ্চিম বাংলার যে অবস্থা তাতে এই ভ্যাগ্রাণ্টস্ হোম এইরকম একটা রাখবার সার্থকতা বা প্রয়োজনীয়তা কতটুকু বলা মুশকিল। আপনি জানেন যতদূর তথ্য সংগ্রহ করেছি যে এখানে ভিক্ষুকের সংখ্যা, পশ্চিম বাংলায় যারা সত্যিই ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল, তাদের সংখ্যা ৪০ হাজারের উপর। তার মধ্যে মাত্র সাড়ে বাইশ শত লোককে আমরা আবাসের অন্তর্ভুক্ত করেছি। বেশীর ভাগ তার বাইরে পড়ে আছে। তাছাড়া আমাদের মাননীয় সদস্য নরেশ চাকী মহাশয় যেকথা বললেন, এছাড়া যারা ভিক্ষাবৃত্তির উপর সম্পূর্ণ নির্ভরশীল না, সাময়িক ভাবে ভিক্ষাবৃত্তি গ্রহণ করেন এইরকম মানুষের সংখ্যাও অনেক। এদের বিরাট সমস্যা। এই সমস্যা, যদি আমরা আমাদের দেশের অর্থনৈতিক অবস্থার উন্নতি না করতে পারি তাহলে এই সমস্যা দূর করা মুশকিল। আর পশ্চিমবাংলার সরকারও যদি এই ৪০ হাজার ভিক্ষুকের জন্য আবাস নির্মাণ করেন তাহলেও কিন্তু সমস্যা দূর হবে না। কারণ ওরা হয়ত থাকবে না, কিন্তু অন্য রাজ্য থেকে মানুষ তার ভিক্ষাবৃত্তির জন্য কলকাতায় আসবে। সুতরাং এই

সম্বন্ধে যদি একটি কেন্দ্রীয় ব্যবস্থা না হয়, যে রাজ্যের লোক সেই রাজ্য যদি তাকে ফিরিয়ে না নেয় তাহলে ৪০ হাজারের জন্য আবাস নির্মাণ করেও এই সমস্যার সমাধান করা যাবে না। কারণ আমি যে তথ্য পেয়েছি সেই সাড়ে বাইশ শতর মধ্যে অর্দ্ধেকের মতো লোক তারা পশ্চিম বাংলার বাইরের লোক। সুতরাং আমাদের পথেঘাটে যারা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল মানুষ যাদের দেখি, আমরা নিশ্চয়ই লক্ষ্য করেছি তারা অনেকেই অন্য রাজ্য থেকে এসেছে। সুতরাং এই সমস্যা সম্বন্ধে সর্বভারতীয় ভিত্তিতে চিন্তা ভাবনা হচ্ছে এবং সর্বভারতীয় ভিত্তিতে যদি ব্যবস্থা না হয়, রাজ্য সরকারের পক্ষে খুব বেশী কিছু করা এখনি সম্ভব হচ্ছে না। নিউট্রিশন প্রোগ্রাম সম্বন্ধে যে কথা বলেছেন এখানে আমাদের মাননীয় সদস্য নরেশ চাকী মহাশয় ও মাননীয় সদস্য ফিরোজ সাহেব, এখানে আপনাদের অবগতির জন্য বলতে চাই যে, আপনি জানেন যে এই নিউট্রিশন প্রগ্রামে যে ব্যবস্থা হয়েছে এটা মোটামুটি এক্সপার্ট ওপিনিয়ন, যাঁরা এই বিষয়ে বিশেষজ্ঞ তাঁদের মতামতের উপর ভিত্তি করেই এই সমস্ত খাদ্য, রুটি, মিল্কব্রেড, যে সমস্ত জিনিষ করা হয়েছে এবং আমার মনে হয় যে ফুড ডেফিসিয়েন্সি হয়, মোটামুটি গরীব ছেলেমেয়েরা যা খায়—দুধ খেতে পারে না, সেটাকে সাপ্লিমেন্ট করছে আমাদের এই নিউট্রিশন প্রোগ্রাম। এবং আমি যতদূর জানি আমাদের মাননীয় সদস্য মিঃ ডি রোজ একদিন বলেছিলেন যে অত্যন্ত পপুলার স্কীম এবং এই সম্বন্ধে আজকে কলকাতার গরীব ছেলেমেয়েরা এই নিউট্রিশন স্কীমের আওতায় আসবার জন্য আমরা দিনের পর দিন বহু আবেদন পত্র পাচ্ছি বিভিন্ন ভলান্টারী অর্গানিজেশনের কাছ থেকে।

যে জন্য আপনার কাছে উপস্থিত করেছি সমস্ত বিষয়টা, সুষ্ঠুভাবে এদের কার্য্য পরিচালনা কববার জন্য আমি যথেষ্ট লক্ষ্য ভিত্তিক কমিটি করবার জন্য চিন্তা করছি কিভাবে সুষ্ঠুভাবে এই স্লাম বা আদিবাসী এলেকার শিশুদের বা মেয়েদের নিউট্রিশান প্রোগ্রামের অন্তর্ভুক্ত করা যায়, তাদের খাদ্যের ব্যবস্থা করা যায়, সেটা ভাবছি। একথা ঠিক একদিন সারা পশ্চিম বাংলায় শিশু এবং নারীদের নিউট্রিশন প্রোগ্রামের অন্তর্ভুক্ত করার মত আর্থিক সামর্থ নাই। সেজন্য লক্ষ্য স্থির করেছি, এই বছর ৩ লক্ষ ৮৫ হাজার শিশু এবং নারীদের এই প্রকল্পের মধ্যে আনব। সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকার-এর অনুমোদন এবং সাহায্য চেয়েছি। আপনি জানেন যে আমাদের খরার জন্য কি অসুবিধা হয়েছিল। তার জন্য কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছে ২৫ হাজার নারী এবং শিশুদের এই প্রকল্পে আনবার জন্য। আমরা মডার্ণ বেকারীর কর্তৃপক্ষের সঙ্গে কথাবার্তা বলছি। এখন পর্য্যন্ত তাদের সমস্যা এটা নয় যে সরবরাহ করতে পারবে না, বরং নানাভাবে এ বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করে দেখছে আরও কিছু শিশুদের মুখরোচক দেওয়া যায় কিনা। এই সম্বন্ধে তাদের কথাবার্তা চলছে এবং আমার মনে হয়না আরও দু চারটি করবার ব্যবস্থা করলে তাদের সমস্ত জিনিস করতে পারব। সুতরাং প্রয়োজন হলে নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করব মর্ডার্ন বেকারীর প্ল্যান্ট দু জায়গায় বসাবার জন্য। কিন্তু এখন প্রয়োজন নাই। আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করব, আপনারা যদি বস্তী অঞ্চলের শিশুদের নিউট্রিশন প্রোগ্রাম সম্বন্ধে জিজ্ঞাসা করতেন, তারা অত্যন্ত আগ্রহ নিয়ে তারা আপনার কথা শুনবার জন্য এগিয়ে আসত। এটা লোভনীয় হয়ে পড়েছে বস্তী অঞ্চলের শিশুর কাছে। সেজন্য এই কাজে কোন রকম বিঘ্ন যাতে না ঘটে, কোন রকম চিন্তা ভাবনা না করে সামান্য ব্যয় বরাদ্দ যা উপস্থিত করেছি আশা করি আপনারা এই বরাদ্দ অনুমোদন করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 4,13,20,000 be granted for expenditure under Grant No. 32, Major Head : "39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes," was then put and agreed to.

**Demand for Grant No. 45**

Major Head : 71—Miscellaneous – Sports

**Shri Prafulla Kanti Ghosh** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs, 12,21,000 be granted for expenditure under Grant No. 45, Major Head : "71—Miscellaneous--Sports."

This amount includes Rs. 4,07,000 already voted on account by the Legislative Assembly for expenditure under the same Grant and Major Head during a part of the year 1972-73.

[5-00—5-10 p.m.]

While the above amount is meant for sports, games and youth welfare for youths in general, seperate provision has been made under Grant No. 19, Major Head : "28—Education" for student-youths. The Education Minister will move the provision under Grant No. 19, Major Head : "28—Education".

Out of this provision of Rs. 12,21,000 (Rupees twelve lakhs twenty one thousand) an amount of Rupees seven lakhs and three thousand is meant for normal expenditure which is of a recurring nature. The break up of this amount is—

| | | |
|---|---|---|
| 1. | Maintenance of Sports Branch, pay of staff of enclosed grounds and outdoor staff, maintenance of galleries. | Rs. 3·46 lakhs. |
| 2. | Acquatic Sports | Rs. 0·02 lakh. |
| 3. | Assistance to clubs, associations, including grant to Himalayan Mountaineering Institution. | Rs. 1·30 lakhs. |
| 4. | Coaches, etc. (3rd Plan commitment) | Rs. 0·45 lakh. |
| 5. | Maintenance of Youth Hostels, students' tour, etc. | Rs. 0.35 lakh. |
| 6. | Scouts and guides | Rs. 0·50 lakh. |
| 7. | Grants for sports, games, etc. distributed by D P. I. | Rs. 0·80 lakh. |
| 8. | Financial aid to needy sportsman | Rs. 0·15 lakh. |
| | | Rs. 7·03 lakhs. |

The total comes to rupees 7 lakhs and three thousand.

Another rupees two lakhs and sixty-eight thousand is for continuanee of evelopment schemes sanctioned during the period 1966-69 and only rupees wo lakhs and fifty thousand will go towards implementation of new developnent schemes.

Sports and games like education, play a very important role in building a ation. Members will definitely question me for such a little provision for the urpose. I must confess that the provision is meagre. But with the limited esources of the State it has not been possible for us to make a bigger allotment n this regard. I assure the House that we shall make every endeavour to find nore money for such an important purpose.

I now give in a nut-shell a picture of Government's role in the field of sports and games. Members are aware that in a democratic country like ours the principle of non-interference by Government in sports has been in vogue for a long time. Government's role is limited mainly on providing financial and other assistance for expansion and development of sports and games.

We are assisting the youth clubs in purchasing sports goods and equipment, construction of club house, gymnasium, acquisition and development of play ground. Physical education organisations have been appointed in 50 blocks with a view to giving guidance to clubs and encouragement to youths in participation in sports and games. Government is also giving financial assistance towards holding of competitions, tournaments, etc in different branches of sports in rural areas. Sports associations are also being given grants towards participation in National meets and in some cases towards holding competitions in the State Youth movements like scouting, guiding, Bratachari, Sab-Payachir Aswar, Manimela and Mountaineering, etc. are encouraged. For the benefit of youths, Youth Hostels have been provided in a number of places We are also assisting the State Council of Sports for organising coaching camps. The entire expenditure for maintenance of the council is met from State Funds.

We are giving grants to State Associations, like Basketball, Table Tennis, Volleyball, Kabadi, Badminton, Kho-Kho, Gymnastics, Body Builders and Weight Lifters, Swimming, etc.

For the benefit of sports-lovers and spectators small stadia have been constructed in a number of district towns. Preposals for construction of stadium in more places are under consideration. A scheme for a Swimming Pool at the Dhakuria Lakes with Central assistance is under consideration.

Now I come to the burning problem which is agitating the Members' mind for a long time. Members are fully aware of the circumstances for which the long cherished wish of the people for having a stadium in Calcutta could not be fulfilled by successive Governments. The main obstacle that stood in the way was non-availability of suitable land. This obstacle has now been over-come and Government have decided that a stadium with all modern amenities would be constructed in the Central Park Zone of Salt Lake town. The financial implications of the scheme are being worked out and I shall keep the House informed in this regard in due course.

In 1971 a scheme for a composite stadium for Football, Cricket and Hockey at the Eden Gardens was proposed by Government. It was, however, found that a composite stadium was not possible at the Eden Gardens. Government has therefore, decided to have a seperate football stadium at the Salt Lake Town and to develop the Eden Gardens Cricket Ground as a Cricket Stadium.

Government has decided to increase the sitting accommodation in the Cricket Ground immediately in order to meet the demand of the spectators at the ensuing Cricket Test Match between England and India. It is also proposed to provide sheds in the seats of lower denomination tickets.

We have taken up preparation of scheme for expansion of seats in the East Bengal-Aryan Ground from 27,000 to 50 000.

The work is proposed to be taken up in phases. The feasibility of expanding the seating accommodation in the Mohun Bagan ground is under examination. Due to limitation of space there is little scope for expansion of the green galleries in this ground. However the question of vertical expansion in this ground is under examination. Foreign teams are likely to participate in this year's IFA Shield Tournament. In order to meet the expenditure for these foreign teams the IFA has been permitted to stage 4 (four) extra exhibition matches.

I now come to the maintenance of green galleries for which we have been spending about a lakh per annum. These galleries were the properties of Headward Company We took over the galleries after paying compensation. We also took over their staff numbering about 56. The present number of staff is 80. In 1963 these staff were paid on a daily rate basis during the football and hockey seasons at the rate of Rs. 2 to Rs. 2·25 per day for which they worked. Their work was for 4 hours a day. After taking over these staff in 1963 we have increased their daily wages from time to time. The present rate of their pay is Rs. 6 per day.

The sale proceeds of scheduled charity exhibition matches are entirely appropriated by the IFA. Sale proceeds of ordinary matches are appropriated by Government. But 20% of such sale proceeds are paid to 1st Division League Footboll Clubs. In 1970 we paid more than Rs. 60,000 to these clubs. The accounts of the year is now under examination.

We have also created a fund for distribution of grants to needy sportsmen and their families At present the number of beneficiaries out of this fund is 15.

We must thank the IFA and the CAB for having come forward with lump sum grants to maintain the scheme.

I do not like to burden the Member's mind with repetition of facts. I shall only say that Government is anxious to see that the youth of the State get proper opportunity for participation in sports, games and other youth activities essential for the formation of a vigorous society with healthy body and mind and Government will take all possible steps to fulfil the aim.

[5-10—5-20 p.m.]

Sir, I would now commend the budget for consideration of the House and move that a sum of Rs. 12,21,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 45, Major Head : "71—Miscellaneous—Sports", for the year, 1972-73.

**শ্রীভবানীশঙ্কর মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইমাত্র যে ব্যয়বরাদ্দের কথা বলা হল সেটা দেখে মনে হচ্ছে মাত্র ১২ লক্ষ ২১ হাজার টাকা আমাদের এই পশ্চিমবঙ্গের জনসংখ্যার অনুপাতে কত কম। সকলেরই জানা আছে এই টাকার তুলনায় জনসংখ্যা অত্যন্ত বেশী। এক পয়সার হিসাবে পড়লেও সেটা বুঝা যেত। যাহোক মন্ত্রীমহাশয় যখন এই ব্যয়বরাদ্দের দাবী রেখেছেন আমি সভ্য হিসাবে নিশ্চয়ই সেটাকে সমর্থন করব—করলাম। এই প্রসঙ্গে আমি দু একটা কথা বলতে চাই। মাননীয় মন্ত্রীমহাশয় বল্লেন, ওঁর হাতে মাত্র আড়াই লক্ষ টাকা ইউথ ডেভেলপমেণ্ট

স্কীমের জন্য দেওয়া হয়েছে এই বছর। পশ্চিমবাংলায় ইউথ যে কত তার এখন ঠিক হিসাব আমার কাছে নেই। এটা মনে হচ্ছে এই আড়াই লক্ষ টাকা সমুদ্রে পাদ্য অর্ঘ ছাড়া আর কিছুই নয়। এই দিয়ে যে কোন কাজ হবে তা মনে হচ্ছে না। সাত লক্ষ টাকা সেই বিভাগের খরচ হিসাবে রাখতে হবে—সেখানে কারও হাত দেবার উপায় নেই, কারণ এই স্পোর্টস ডিপার্টমেণ্ট চালু রাখতে হবে। একটা জিনিস লক্ষ্য করছি– আমরা জানি যে ডিস্ট্রীক্ট ইয়োথ ওয়েলফেয়ার কাউন্সিল আছে। এই ডিস্ট্রীক্ট ইয়োথ ওয়েলফেয়ার কাউন্সিল যে কিরকমভাবে চলছে তা যদি একটু বিশ্লেষণ করা যায় তাহলে নিজেরই লজ্জা লাগে। প্রথমে ডিষ্ট্রিক্টে একজন অফিসার ছিল, আবার কোন কোন ডিষ্ট্রিক্টে দুজন অফিসারও আছে। তারা যে কি কাজ করেন তা তারা নিজেরাই জানেন। এক একটা ছোট ছোট ক্লাবকে তারা গ্রাণ্ট দেয় ৫০/২৫—যাদের বেশী দেয় তো ১০০। সুতরাং যে ডিষ্ট্রিক্ট ইয়োথ ওয়েলফেয়ার কাউন্সিল এরা কি করে দেশের ইয়োথদের ওয়েলফেয়ার করবে? আমাদের দেশের ভবিষ্যৎ যাদের উপর নির্ভর করছে সেই ইয়োথদের ওয়েলফেয়ার করবার জন্য আমাদের বিশেষ করে ঐ মৃতপ্রায় ইয়োথ ওয়েলফেয়ার কাউন্সিলকে নূতন করে গড়ে তুলতে হবে। মাননীয় মন্ত্রীমহাশয় একটা কথা বলে গেলেন যে আমরা বিশেষ করে চেষ্টা করবো। এতে আমি খুবই উৎসাহিত হচ্ছি এবং চেষ্টা করা দরকার বলে মনে করছি। যদি কেউ বলেন স্পোর্টস কিছুই নয় সেখানে আমি বলবো, স্যার, আপনিও জানেন যে সারা জীবনের কর্মব্যস্ততার ভিতরে স্পোর্টস নাহলে, রিক্রেয়েসন না হলে কোন মানুষ বাঁচতে পারে না। তাই আমি বিশেষ করে বলতে চাই যে এর উপর সামান্য জোর দিলে চলবে না। সত্যি কথা বলতে কি আই এফ এ এবং সি. এ. বি. তারা নিশ্চয় অনেক চেষ্টা করছেন। কিন্তু আমাদের গভর্ণমেণ্টের তরফ থেকে আরও বেশী চেষ্টা হওয়া দরকার। আর আমি লক্ষ্য করছি যে প্রায় ২০টি ডিফারেণ্ট মোট বড় গেম আছে। এই গেমের জন্য আমাদের মন্ত্রী মহাশয় বল্লেন যে ক্রিকেট-এর জন্য ইডেনগার্ডেনে ষ্টেডিয়াম আছে—বোধ হয় ব্যাডমিণ্টন-এর ষ্টেডিয়ামও ঐখানে। আর ফুটবল ষ্টেডিয়াম সল্ট লেকে হবে—হকির কি ব্যবস্থা হবে তা এখনও বোঝা যাচ্ছে না।

আর অন্যান্য খেলা—টেনিশ, কবাডি, বাষ্টেক বল, ওয়েট লিফটিং ইত্যাদি আমি জানি না যে এর প্রত্যেকটির জন্য আলাদা আলাদা জমি নিয়ে আলাদাভাবে করবার সুযোগ হচ্ছে কিনা।

সেই গেমগুলোকে আবার বাঁচবার সময় দিন এই কথা বলতে চাইছি।

শেষকালে আসল কথাটা বলে যেটা প্রতিটি স্পোর্টসম্যান, প্রতিটি নাগরিক ফিল করছে সেটা হচ্ছে বাংলা দেশেই একমাত্র ট্যাক্স রয়েছে খেলাধুলোর উপরে ২০ পারসেণ্ট amusement tax on games like foot ball, cricket, hocky, tennis। যখন কেউ কোন খেলা অর্গানাইজ করতে চান তখন তাদের এটা দিতে হয়। কিন্তু আশ্চর্য্যের কথা শুধু পশ্চিমবঙ্গে এটা রয়েছে, ভারতবর্ষের আর কোন জায়গায় এটা নেই। খেলার উপরে ট্যাক্স ভারতের কোথাও নেই। সমস্ত জিনিষের উপর করে একটা জিনিষকে তো বাদ দিতে পারেন। অর্থমন্ত্রী এখন এখানে নেই। তিনি বলেছেন এ্যামুউসমেণ্ট ট্যাক্সের উপর ছাড় দিলে কি হবে, ২০/২৫ লক্ষ টাকা লোকসান হবে। আমি তার বিকল্প একটা কথা বলতে চাই। আমাদের দেশের মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত ঘরের যারা রেসিং, বেটিং, স্পেকুলেশান ইত্যাদির মাধ্যমে বড়লোক হতে চায়। কিন্তু এতে কেউ হতে পারে না বড়লোক, শতকরা ৯৯ জন লোকের লোকসান হয়ে যায়। সেইজন্য আমি বলছি ফুটবল, ক্রিকেট, হকি, ভলি, বাসকেট বল এ্যাণ্ড ওয়েটলিফটিং, কবাডি পর্য্যন্ত যে যেখানে যে গেম অর্গানাইজড করছে তাদের ছাড় দিন, আর হেভি টেকসেসান চাপান বেটিং, রেসিং ইত্যাদির

উপরে। এক একটা রেসিং হর্স লক্ষ লক্ষ টাকায় বিক্রি হচ্ছে তার উপরে টাক্স নেই। কারণ তারা হচ্ছে লিভিং এ্যানিমেল, তাই তাদের বিক্রির উপর ট্যাক্স হচ্ছে না। ছাগল লিভিং এ্যানিমেল তাই তার উপর ট্যাক্স বসে না, ঘোড়াও তার মধ্যে পড়ে যায়। অথচ রেসের ঘোড়া এক লক্ষ দু লক্ষ কি তারও বেশী টাকায় বিক্রি হচ্ছে। তার উপর কেন হবে না? হেভি ট্যাক্সেসান হওয়া উচিত। ট্যাক্স লুস হওয়া উচিত amusement tax on ordinary games. সেটা যাতে সাধারণ মানুষ পুরোপুরি উপভোগ করতে পারে।

**শ্রীশিশির কুমার ঘোষঃ** ডেপুটি স্পীকার স্যার, ক্রীড়ামন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে তুলেছেন সাধারণত এই ব্যয় বরাদ্দে আমরা সন্তুষ্ট হতে পারি নি। বাংলাদেশকে এবং যদি একটা জাতিকে ঠিকমত এগিয়ে নিয়ে যেতে হয়, তাদের শক্তি সামর্থ, নৈতিক মনোবল এবং সহযোগীতা যদি বাড়াতে হয় তাহলে স্পোর্টস এ্যাণ্ড ফিজিক্যাল ক্যালচার এটা একটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিষ। Youth and sports, the two concepts are indivisible. অতএব এই যুবসমাজকে যদি এগিয়ে নিয়ে যেতে চান, যে যুবসমাজ কয়েকদিন আগেও বিভিন্ন হঠকারী রাজনীতির শিকার হয়েছিল, যে যুবসমাজ প্রাণ দেওয়া-নেওয়ার খেলায় মেতেছিল, সেই যুবসমাজকে সঠিক রাস্তায় নিয়ে যেতে যদি চান, সেই রাস্তা হল খেলাধূলোর দিকে উৎসাহিত করা, ফিজিক্যাল কালচারের দিকে এগিয়ে নিয়ে যাওয়া। সমস্ত উন্নতিশীল দেশ, বিশেষ করে সমাজতান্ত্রিক দেশগুলি এইদিকে বিশেষ নজর দিয়েছে। কিভাবে জনসাধারণ এবং যুবশক্তিকে এই দিকে রাখবার জন্য তৈয়ারী করেছেন সেটা নিশ্চয় জানেন। তাঁরা স্কুল থেকে সুরু করে কারখানা পর্যন্ত এটা কম্পালসারি করেছেন। এমনকি কারখানায় যে কাজ করে শ্রমিক সেও ১৫ মিনিট সময় পায় এবং তারা এই সময় নিজেরা ফিজিক্যাল কালচার করে।

[5-20— 5-30 p.m.]

এই অবস্থা যেখানে সেখানে যদি আমরা আমাদের দেশের যুবশক্তিকে সঠিক ভাবে এগিয়ে নিয়ে যেতে চাই তাহলে আমাদের প্রয়োজন এই যুবশক্তি গ্রামে এবং সহরে—সমস্ত পশ্চিমবাংলা জুড়ে, যাতে এই ফিজিক্যাল কালচার এবং স্পোর্টসের সমস্ত সুযোগ সুবিধা পায় তারজন্য সঠিক পরিকল্পনা নেওয়া। তাই আমি ক্রীড়ামন্ত্রীকে বলব যে, সদিচ্ছা থাকলেই হবে না, আপনি পরিকল্পনা পেশ করুন এবং গ্রামবাংলাকে জানিয়ে দিন, মহিলাদের জানিয়ে দিন, সমস্ত যুবশক্তিকে একত্রিত করবার রাস্তা বাতলান যাতে নৈতিক মনোবল এবং সাহসিকতায় এই যুবকরা নতুন সমাজ রচনা করবার চেষ্টা করতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বি. ডি. ও তিনি ইনভলবড, ডি. এম তিনি আছেন, ডি. পি. আই আছেন এবং বিভিন্ন স্পোর্টস অর্গানাইজেসান, এদের সকলের মাধ্যমে আমাদের এই খেলাধূলা পরিচালনা করা হয়। যাতে সংগঠিতভাবে এটা করা যায় তারজন্য আছে কাউন্সিল অব স্পোর্টস। কিন্তু তার অবস্থাটা কি? কোলকাতা সব বড় বড় ক্লাবের সভ্যরা এর সভ্য, উইনিভার্সিটি স্পোর্টস বোর্ড, স্কুল স্পোর্টস বোর্ড এর মেম্বারগণ, তা ছাড়া সরকারের বিভিন্ন কর্মকর্তা এর সভ্য। এরকম একটা কাউন্সিল অব স্পোর্টস এটা রিকনসটিটিউটেড হয়েছিল ২৫শে জানুয়ারী ১৯৭১ সালে এবং যার চেয়ারম্যান গভর্ণারের দ্বারা মনোনীত মিঃ এন. সি. তালুকদার। কিন্তু দুঃখের বিষয় সেই সভাপতি এই কাউন্সিল অব স্পোর্টসের সাথে যোগাযোগ রাখেন নি। যার ফলে অবস্থা দাঁড়িয়েছে গত বছর জানুয়ারী মাস থেকে আজ পর্য্যন্ত কোন বৈঠক হয়নি এবং সরকার থেকে যে ১০ জন মনোনীত সভ্য হবার কথা ছিল সরকারও সেই ১০ জন সভ্য পাঠাননি। কাউন্সিল অব স্পোর্টসের বিভিন্ন সভ্য বা বিভিন্ন প্রতিষ্ঠান যার মাধ্যমে পশ্চিমবাংলার স্পোর্টসে

একটা নতুন পরিকল্পনা করা যেতে পারতো বা উন্নয়ন করা যেতে পারতো, সেটা না করে আজকে প্রশাসনযন্ত্র, মন্ত্রী বা আমলাদের ধরে তারা কাজ করে যাচ্ছে। তাহলে আমার প্রশ্ন কাউন্সিল অব স্পোর্টসের প্রয়োজন কি? কাউন্সিল অব স্পোর্টস যদি সঠিকভাবে কাজ করতে না পারে বা ঠিকমত পরিচালনা করবার সুযোগ না দেওয়া হয় তাহলে এটা রাখার প্রয়োজন কি? কাজেই আমার মনে হয় এই কাউন্সিল অব স্পোর্টসকে অটোনোমাস বডিতে রূপান্তরিত করা দরকার। কারণ তা যদি না হয় তাহলে এর বিশেষ কোন কার্যকারিতা থাকবে না। স্যার, পাঞ্জাব গভর্ণমেণ্ট এই কাউন্সিল অব স্পোর্টসকে অটোনোমাস বডিতে রূপান্তরিত করেছে। তারপর স্যার, আমাদের খেলাধূলার উন্নতির জন্য আমাদের পশ্চিমবাংলায় কোচিং-এর ব্যবস্থা খুব কম। মাত্র ১০ জন কোচ আমাদের আছেন যাঁরা বিভিন্ন বিষয় কোচ দিয়ে থাকেন। অথচ রাজস্থানে এই সংখ্যা হচ্ছে ৩৩ এবং সেখানে বিদেশী কোচরাও কোচ দিয়ে থাকেন। স্যার, পাঞ্জাব, অন্ধ্র, রাজস্থান, কেরালা—যেটা আমাদের থেকে ছোট প্রদেশ, সবাই আজকে স্পোর্টসে এগিয়ে গিয়েছে, কিন্তু পশ্চিমবাংলায় এত ক্রীড়ামোদী থাকা সত্ত্বেও, নাম থাকা সত্ত্বেও আমরা পিছিয়ে পড়ছি।

আমি মাননীয় ক্রীড়ামন্ত্রীকে অনুরোধ করবো তিনি যে সদিচ্ছার কথা প্রকাশ করলেন, সমাজতান্ত্রিক ভারতবর্ষ গড়ার যে স্বপ্ন দেখেন সেই স্বপ্ন নিয়ে এখানকার যুবশক্তিকে সঠিকভাবে পরিচালিত করার পরিকল্পনা তৈরী করুন। এই পরিকল্পনার জন্য প্রথমে প্রয়োজন স্কুল-কলেজগুলিতে স্পোর্টস কম্পালসারি করা এবং যে সমস্ত স্কুল-কলেজের মাঠ নেই তারা যাতে অন্ততঃ ব্যায়াম সুরু করতে পারে এই সুযোগ দেবার ব্যবস্থা করুন। বিভিন্ন গ্রামে বেসরকারীভাবে যে সমস্ত জিমনাষ্টিক ক্লাব সৃষ্টি হয়েছে, আমরা জানি তারা যদি সরকারী অনুদান পেত এবং সরকারী কোচ পেত তাহলে তারা অনেক বেশী উন্নতি দেখাতে পারত। তাই আমি বলব সমস্ত বেসরকারী প্রতিষ্ঠানে সরকারী অনুদানের ব্যবস্থা থাকা দরকার এবং সরকারী কোচের ব্যবস্থা থাকা উচিত। যাতে এই সমস্ত প্রতিষ্ঠানে কোচ দেওয়া সম্ভব হয় অন্ততঃ জোনাল বেসিসে কোচের ব্যবস্থা করা উচিত যাতে পশ্চিমবাংলার শক্ত সমর্থ নৈতিক মনোবল সম্পন্ন যুবকরা এগিয়ে যেতে পারে। ১৮ বছর বয়সে যুবকদের যদি কোচ দিয়ে বিশেষ শিক্ষায় শিক্ষিত করে তুলতে পারি তাহলে তারা স্পোর্টসে অনেক দূর এগিয়ে যেতে পারে এবং ঐ স্কুল কলেজের ছেলেরাই স্পোর্ট ও ফিজিক্যাল কালচারে অনেক উন্নতি দেখাতে পারে। সেই জন্য তাদের স্পেশালাইজেসনের ব্যবস্থা করা উচিত। এটা যদি আমরা না করতে পারি তাহলে আগামীদিনে স্পোর্টসে উন্নতি সাধন করা যাবে না। স্পীকার, স্যার, অল ইণ্ডিয়া কাউন্সিল অব স্পোর্টস যে সমস্ত ব্যয় বরাদ্দ এবং উন্নতিবিধানের জন্য পরিকল্পনা নিয়েছেন, আমি আমাদের মাননীয় ক্রীড়া মন্ত্রীকে অনুরোধ করবো পশ্চিমবাংলার ক্ষেত্রে সেই সমস্ত রেকমেণ্ডেসন প্রয়োগ করুন, পশ্চিমবাংলার খেলা-ধূলার উন্নতি করুন। পশ্চিমবাংলার বেসরকারী প্রতিষ্ঠানগুলির উপর ভিজিলেন্স রাখুন। এই ভিজিলেন্স না রাখার জন্য কিছু কিছু স্বার্থান্বেষী লোক ঐ বেসরকারী প্রতিষ্ঠানের মধ্যে ঢুকে পড়ে সমস্ত খেলার জগতটাকে পঙ্গু করে তুলেছে, এতে লজ্জা হওয়া উচিত। নামী নামী খেলোয়াড়রা এই প্রতিষ্ঠানগুলির দায়িত্ব নিতে পারেন না? যারা কোন দিন খেলাধূলার সাথে সংশ্লিষ্ট ছিলেন না, তারাই আজকে এই বেসরকারী প্রতিষ্ঠানগুলির পরিচালক এবং তার জন্যই আজকে খেলাধূলার এত অবনতি হয়েছে। অতএব যে সমস্ত রিপোর্ট আপনারা কাগজের মাধ্যমে জানিয়েছেন তার সম্পর্কে তদন্ত হওয়া উচিত এবং সরকারী ব্যবস্থা গ্রহণ করা উচিত। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** অনারেবল স্পীকার, স্যার, মাননীয় ক্রীড়ামন্ত্রী আমাদের সামনে ক্রীড়া বিভাগের যে ব্যয় বরাদ্দের অনুমতি চেয়েছেন, যে বাজেট উপস্থাপিত করেছেন

াকে বুঝতে গেলে উদাহরণ দিয়ে একটি কথা বলা যায়, 'সমুদ্র থেকে এক ফোঁটা জল নিয়ে এসে এই ২৫৬ জন বিধানসভার সভ্যদের ভোজসভার প্রয়োজনীয় লবন তৈরী পরিকল্পনার কথা ঠিক করেছেন'। ানি না এই এক ফোঁটা জলের তৈরী লবন দিয়ে ২৫৬ জন সদস্যের প্রয়োজনীয়তা মিটবে কিনা। টা যদি মাননীয় ক্রীড়া মন্ত্রী করতে পারেন তাহলে এটা অত্যন্ত ভাল কথা হবে। আমি হিসাব থেকে যতদূর জানতে পেরেছি তাতে সেই হিসাবটা আপনাদের সামনে তুলে ধরতে চাচ্ছি। এই হিসাবে খো যাচ্ছে যে তিনি অনুমতি চেয়েছেন ১২ লক্ষ ২১ হাজার টাকার এবং এর মধ্যে ৭ লক্ষ ৩ হাজার াকা শুধু মাত্র মেনটিনেন্টসের জন্য চেয়েছেন। তাহলে আর বাকি থাকে ৫ লক্ষ ১৮ হাজার টাকা। ই ৫ লক্ষ ১৮ হাজার টাকার মধ্যে ১৯৬৬ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত অর্থাৎ ১৯৬৬ সাল থেকে ৯৬৭ সাল পর্যন্ত এক বছর কংগ্রেস পরিচালিত সরকার ছিল, আর ১৯৬৭ সাল থেকে ১৯৬৮-১৯৬৯ ালের মাঝে দুটি সরকার এসেছে যুক্তফ্রন্ট ও পি. ডি. এফ. এই ৩টি সরকার কর্তৃক অনুমোদিত টাকা র্থাৎ এই বাজেট থেকে এই সরকারকে দিতে হবে ২ লক্ষ ৬৮ হাজার টাকা।

5-30—5-45 p.m.]

থাকলো ২ লক্ষ ৫০ হাজার টাকা। এই ২ লক্ষ ৫০ হাজার টাকা এই সরকার খরচ করতে ারছেন। কিন্তু আমি বলছি তাও পারছেন না। কারণ আগে যে ২ লক্ষ ৬৮ হাজার টাকা খরচ রতে পেরেছেন সেটা ১৯৬৬ থেকে ১৯৬৯ পর্যন্ত। আর ১৯৬৯-৭০, ১৯৭১-৭২, গত ২ বছরে াজ্য সরকারের কাছে বিভিন্ন জেলা থেকে ক্রীড়ার ব্যাপারে সাহায্যের যে পরিমাণ এসেছে তা থেকে াদি গৃহীত হয় তাহলে এই ২ লক্ষ ৫০ হাজার কোথায় চলে যাবে সে বিষয়ে চিন্তা করার কারণ আছে। কিন্তু বক্তব্য সেখানে থেকে থাকবে না। আমি একটা অন্য বিষয়ে হিসাব তুলে ধরতে চাই। হিসাব চ্ছে ৭ লক্ষ ৩ হাজার টাকা maintenance এর জন্য খরচ। এই ৭ লক্ষ ৩ হাজারের মধ্যে আমি দখতে পাচ্ছি, যা মন্ত্রীমহাশয় তার বক্তৃতার মধ্যে উত্থাপিত করলেন, ৩ লক্ষ ৪৬ হাজার টাকা শুধু াত্র কলকাতা শহরের Ground এবং gallary রক্ষণাবেক্ষণের জন্য খরচ হবে। তাহলে ৭ লক্ষ ৩ হাজারের মধ্যে ৩ লক্ষ ৪৬ হাজার টাকা যদি শহর কলকাতার ground এবং গেলারী রক্ষণাবেক্ষণের জন্য খরচ হয়, তাহলে শুধু মাত্র পশ্চিমবঙ্গের শহর কলকাতা ব্যতিরেকে কি আর কোথাও খেলাধুলা য় না? গ্রামবাংলার ছেলেদের আজও যদি মন্ত্রী মহাশয় এবং প্রতিটি মন্ত্রীকে অনুরোধ জানাবো তারা গ্রামবাংলার গঞ্জে একবার ঘুরে আসুন। প্রতিটি পল্লীর দিকে তাকান বেশী দিন যায়নি নির্বাচনের পর এখনও কালি শুকিয়ে যায়নি। নির্বাচনের দেওয়াল লিপির দিকে আপনারা একবার তাকিয়ে দেখুন, তাহলে দেখবেন আপনাদের দিকে তাকিয়ে বিকৃত হাসি হাসছে তার জবাব আপনাদের দিতে হবে। আমরা জানি, গলা কাটা চলছে, চলবে, মূর্তি ভাঙ্গা চলছে, চলবে, এই যে সংগ্রাম, এই যে যন্ত্রণার দাবদাহ আমরা ইতিমধ্যে ভুলে যাইনি। গ্রামাঞ্চলের হাজার হাজার, লক্ষ লক্ষ বেকার শিক্ষিত যুবক যাদের জীবিকা উপার্জনের জন্য মন্ত্রীসভা আজও কোন পথ নির্দেশ দিতে পারেন নি সেই সমস্ত বিভ্রান্ত, পথভ্রষ্ট যুবক তাদের জন্য একটা district এর জন্য, একটা sub-division এর জন্য মাননীয় ক্রীড়ামন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি তাঁর উত্তর দানের সময় এই ১৯৬৬ থেকে ১৯৭২ সালের মধ্যে কোন subdivisionকে কোন districtকে, তিনি কত টাকা গ্রামাঞ্চলের ছেলেদের খেলাধুলার উন্নতির জন্য দিয়েছেন তার হিসাব একবার দেবেন কি? সেই হিসাব যদি দেন, আমি এই সরকারের কাছে অন্ততঃ challenge জানিয়ে বলতে পারি 60 to 65 per cent. খরচ করেন এই শহর কলকাতার জন্য। গ্রামাঞ্চলের ছেলেরা radioতে কান দিয়ে স্বপ্ন দেখেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই উপলব্ধি করতে পারছেন যে শহর কলকাতায়

ক্রীকেট খেলা হয়, শহর কলকাতায় ফুটবল খেলা হয়, আর গ্রামবাংলার ছেলেরা radioতে কান দিয়ে স্বপ্ন দেখে। তারা ভাবে, আমি কি সেই ধরণের খেলোয়াড় হতে পারি না। কি অপরাধ তাদের? মাননীয় অধ্যক্ষ মহাশয়, লবণ হ্রদে stadium তৈরীর কথা মাননীয় চেয়ারম্যান বলেছেন। এক লক্ষ লোকের বসার ব্যবস্থা সেখানে আছে। কিন্তু আমাদের দুর্ভাগ্য আজকে মন্ত্রীসভা কেন উত্থাপন করলেন না যে লবণ হ্রদে এক লক্ষ লোকের যদি সেখানে বসার ব্যবস্থা হয় সেই এক লক্ষ লোক স্টেডিয়াম থেকে বেরিয়ে আসবে কোন পথ দিয়ে, কিভাবে সেখানে যানবাহনের ব্যবস্থা থাকবে আজ পর্যন্ত করতে পারছেন কি? আজকে আনন্দবাজার পত্রিকা খুলে দেখুন তাতে এই খেলার মাঠের কর্মীদের আন্দোলনের একটা হুমকি এসেছে। আমি আশ্চর্য হয়ে গেলাম খবরের কাগজ পড়ে বৎসরের মধ্যে মাত্র কয়েক মাস তারা জীবিকা অর্জন করতে পারে. আর বাকী সমস্ত বৎসর যদি তাদের বেতন দেওয়া না হয়, এই মাঠের কর্মীদের সারা বৎসর যদি জীবিকা অর্জনের ব্যবস্থা না হয় তাহলে মন্ত্রী মহাশয়কে এক আন্দোলনের মুখোমুখি দাড়াবার সাহস দেখাতে হবে, তা নাহলে সেই মানুষগুলিকে জীবিকার নির্দেশ দিতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আর একটি point বলে আমার বক্তব্য শেষ করবো। ৩৫ হাজার টাকা youth hostel-এর জন্য খরচ করা হবে ধরা হয়েছে। ৪৫ হাজার টাকা coach এর খরচ হবে। যদি ৪৫ হাজার টাকা coach এর জন্য খরচ হয় তাহলে সেই coachরা ফুটবল নেই, ঢাল নেই, তরোয়াল নেই নিধিরাম সর্দার—কতকগুলি ছেলেকে মাঠে ডেকে এনে বলবেন. হাডুডু খেলো।

(At this stage the honourable Member having reached the time limit resumed his seat.)

**শ্রীবারিদবরণ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়. অনেক বক্তৃতা হয়ে গেছে, আমার নুতন কিছু বলার নেই। শুধু আজকে মাননীয় ক্রীড়ামন্ত্রী যে ব্যয়বরাদ্দ দাবী এই সভায় রেখেছেন তার দিকে তাকিয়ে ছাত্র জীবনে যে একটা রচনা লিখতাম আমরা, খেলাধুলা শিক্ষার অঙ্গ, এই রচনাটি যাতে রচনার বই থেকে উঠিয়ে দেওয়া হয়, এই প্রস্তাব পরবর্তী যুগে যারা পাঠ্য পুস্তক লিখবেন তাদের আমি বলবো। কারণ যে টাকা এখানে বরাদ্দ রাখা হয়েছে তার মাধ্যমে খেলাধুলায় উন্নতি বাংলাদেশে ভবিষ্যতে হবে কি না সেই বিষয়ে সন্দেহ পোষণ করি। একটা উন্নত জাতি সর্বাগ্রে নজর দেয় খেলা ধূলার উপর। আজকে আপশোসের কথা বাংলা দেশে যখন অনেকগুলো সমস্যা সামনে দিয়ে চলে গেল তখন বাংলাদেশের যুব সমাজকে যে ডাইভার্সন দেবার প্রয়োজন ছিল, সেই প্রস্তাব বা সেই রকম পরিকল্পনা নিয়ে এই সরকার হাজির হতে পারলেন না। এর জন্য আমরা দুঃখিত। তবু আমাদের ক্রীড়ামন্ত্রী যে ব্যয়বরাদ্দ দাবী এখানে রেখেছেন তাকে সমর্থন করছি। এবং ক্রীড়ামন্ত্রীর নজরে আনছি একটা ঘটনার কথা। তিনি স্কুল কলেজের শিক্ষার উপর নজর দিন, ময়দানের খেলাধূলার শিক্ষার উপর নজর দিন এই আশা রাখি। কিন্তু ময়দানে কি চোরাকারবারী চলছে সেটার দিকে একটু নজর রাখবেন। সেটা হচ্ছে, কোনদিন দেখলাম এক্স ভার্সাস ওয়াই টিমের সঙ্গে খেলা চলছে। দেখা গেল এক্স টিম ওয়াই টিমকে পাঁচ গোলে হারাবে. এই নিয়ে বাজী উঠেছে। ওয়াই টিমের কর্মকর্তারা কিন্তু আগে থেকে বলে রেখেছেন যারা বাজী ধরেছে তাদের যে আমরা সাত গোলে হারাবো, পাঁচ গোল পর্যন্ত বাজী ধরো। এবং আরও কয়েকজনকে বলেছে যে সাত গোলের বাজী ধরো, বাজী জিতে যাবে। দেখা গেল যে সাত গোলে

হেরে গেছে। মাত্র কয়েকদিন আগে এই ঘটনা খেলাধুলার ময়দানে ঘটেছিল। তারপর আরও ঘটনা দেখবেন, দুটো টিমের মধ্যে খেলা চলছে, একটা টিম বললো আমাদের পয়েন্টের দরকার আছে, আর একটা টিমকে বললো ইল্লিগ্যাল প্লেয়ার খেলিয়ে দাও, খেলায় হারজিত হবে না, ড্র হবে, তারপর যখন আই. এফ এ-র কাছে পিটিশন করবো ইল্লিগ্যাল প্লেয়ার খেলানোর জন্য, আমরা দুটো পয়েন্ট পেয়ে যাবো। খেলার ময়দানে এইসব ঘটনা ঘটছে। বিশেষ একটা টেন্টে বসে রাতের অন্ধকারে টাকার লেনদেন চলছে। ক্রীড়ামন্ত্রী এই দিকে আশা করি নজর দেবেন। খেলাধুলার জন্য নজর দেবেন আশা রেখে তিনি যে টাকা চেয়েছেন, তাতে কি করে যে নজর দেবেন ভগবান জানেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে ভবানীশঙ্কর মুখোপাধ্যায় মহাশয়, মাননীয় শিশির ঘোষ মহাশয়, মাননীয় জ্যোতির্ময় মজুমদার মহাশয় এবং বারিদবরণ দাস মহাশয় তাঁদের বক্তব্য রেখেছেন, আমি তাঁদের বক্তব্যের প্রতিটি কথা অনুধাবন করার চেষ্টা করেছি। তাঁদের অনেকগুলি কথা আছে যে কথাগুলো বিশেষ ভাবে গ্রহণ যোগ্য বলে আমি নিশ্চয়ই স্বীকার করি। আপনারা জানেন যে পশ্চিম বাংলার যে বাজেট হয়েছে, সেই বাজেটের দিকে চেয়ে দেখলে দেখা যাবে প্রতি খাতে মাননীয় সদস্যরা সমালোচনা করে বলেছেন যে এত কমে হয় না। এর থেকে বেশী হওয়া উচিত ছিল। একটু আগে পি. ডব্লু মন্ত্রীকে কেন্দ্র করে অনেক মাননীয় সদস্য নানা কথা জানিয়েছেন যেখানে পশ্চিমবাংলার চারিধারে এত প্রয়োজন, সেখানে খেলার খাতে টাকা কম হবে এটা মাননীয় সদস্যরা নিশ্চয়ই বুঝতে পারছেন না। একথা সত্য, আজকে দেশকে যদি গড়ে তুলতে হয় তাহলে কোন ক্ষেত্রেই ছাত্র এবং যুবকদের আমরা অস্বীকার করতে পারি না। এই কথা সত্য, আজকে ছাত্র এবং যুবকদের যে ডাইভারসনের দরকার সেই ডাইভার্সন একমাত্র খেলার মাধ্যমে হওয়া সম্ভব, হতে পারে। একথা সত্য, খেলা মানুষের চরিত্রকে গড়ে তোলবার জন্য একটা মস্তবড় সহায়ক। আজকে শিশিরবাবু, বারিদবাবু, জ্যোতির্ময়বাবু যে কথা বললেন, সকলের পিছনেই ছাত্রদের কথা ছিল। আজকে স্কুলে একটা কম্পালসরী ট্রেনিং হবার দরকার, আমি বিশ্বাস করি। তাঁরা যখন নির্দেশ দিয়েছেন তাদের সরকার আজ না হয় কাল এই পরিকল্পনা নিশ্চয়ই নেবেন। বারিদবাবু, শিশিরবাবু কিছু কিছু খেলাকে কেন্দ্র করে ইঙ্গিত করেছেন। এই কথা আমি অস্বীকার করতে পারি না যে এই লীগে রেলিগেশন-এর প্রশ্নকে কেন্দ্র করে কোন কোন সময় ক্লাব কর্তৃপক্ষ আর একটা ক্লাবের কাছে অনুরোধ নিয়ে যায় পয়েন্ট ছেড়ে দেওয়ার জন্য। বারিদবাবু যে কথা বলেছেন যে একটা টিমের প্লেয়ারের আই. এফ. এ-র কাছে লিষ্ট পাঠায়—আপনারা সবাই জানেন খেলা আরম্ভ হবার আগে আই. এফ. এ-র নিয়ম অনুযায়ী প্রতিটি প্লেয়ারসের নামের লিষ্ট পাঠাতে হয়। একটা টিম যখন বাইরের একটি ছেলেকে খেলান তখন সেই টিমকে দুটো পয়েন্টস করতে হয়। একটা সহজ রাস্তা নিশ্চয়ই, এবং আমি এইটা স্পোর্টস মন্ত্রী হিসাবে লক্ষ্য করেছি এবং আমি আই. এফ. এ-র কর্তৃপক্ষের কাছে নিশ্চয়ই এই সম্বন্ধে বক্তব্য রাখব। তবে এর বাইরে যে সব কথাগুলি বললেন, ৫ গোল, ৭ গোল—আমার মনে হয় মাননীয় সভ্যরা যখন এই ধরণের কথা বললেন একটু ভেবে বলবেন এই জন্য যে এই কথার মাধ্যমে আপনি আপনার প্রদেশকে হয়তো কিছুটা ব্যঙ্গ করে ফেলেছেন। আমি আবার মাননীয় সভ্যদের কাছে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি এইজন্য যে তারা সুন্দর ভাবে নানা ক্ষেত্রে বিশ্লেষণ রেখেছেন। আমি জ্যোতির্ময়বাবুকে বলব তিনি যে কথা বলেছেন সেটা ঐ ২ লক্ষ ৬৮ হাজার টোটাল বাজেট সেটাকে আমি বলব এই ২ লক্ষ ৬৮ হাজার টাকার ভিতর ২ লক্ষ ১৪ হাজার টাকা খরচ হলো improvement and development of sports and games including maintenance of

the Sports Council এই কলকাতার নয় সারা পশ্চিমবাংলার সমস্ত কোণে এই অর্থ গিয়ে পৌঁছেছে। এই ছাড়া ইউথ হস্টেল, আপনি জানেন ইউথ হোস্টেল বেশীরভাগই কলকাতার বাইরে এবং সেখানে ৩২ হাজার টাকা খরচ হয়েছিল। এখানে স্কাউটস এণ্ড গাইডস সম্বন্ধে বলা হয়েছে, এটাও সারা পশ্চিমবাংলায় ছড়িয়ে আছে, তার জন্য ২২ হাজার টাকা খরচ হয়েছিল মোট ২ লক্ষ ৬৮ হাজার টাকার মধ্যে। শিশিরবাবু বললেন এইটাকে অটনমাস বডি করার জন্য, তাব কাছে শুধু এইটা জানাচ্ছি অল ইণ্ডিয়া স্পোর্টস কাউন্সিল আছে যেটা, সেটা কোন অটোনমাস বডি নয়। সেখানে যে সেক্রেটারী আছে—আপনি জানেন তিনি কেন্দ্রীয় সবকারের শিক্ষা দপ্তরের জয়েণ্ট সেক্রেটারী, তিনি সেখানকার সেক্রেটারী। আজকে তিনি স্পোর্টস কাউন্সিলের কথা তিনি তুলেছেন—২৫শে জানুয়ারী ১৯৭১ সালে যে স্পোটস কাউন্সিল হয়েছিল সেই স্পোর্টস কাউন্সিল যথাযথ কাজ করতে পারবে এই খবর আমরা কাগজের মাধ্যমে পেয়েছি। শুধু বলব পরিস্থিতির কথা। ১৯৭১ সালের ২৫শে জানুয়ারী থেকে পশ্চিমবাংলার কি পরিস্থিতি ছিল এই কথা শিশিরবাবুর আমি দৃষ্টিগোচর করছি। আলো দেখছি, সময় নাই তা নাহলে তারা যেসব পয়েণ্ট বলেছেন সব কটার উত্তর দিতাম। আমি আবার আপনার অনুমতি নিয়ে বলব যে দয়া করে আমি যে ১২ লক্ষ ২১ হাজার টাকার গ্রাণ্ট সম্বন্ধে প্রস্তাব উথাপন করেছি সেটা অনুমোদন করুন।

The motion of Shri Prafulla Kanti Ghosh that a sum of Rs. 12,21,(00 be granted for expenditure under Grant No. 45, Major Head: "71—Miscellaneous—Sports", was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5-45 p.m. till 9 a.m on Sunday, the 9th July, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Sunday, the 9th July, 1972 at 9 a. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 13 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 132 Members.

**Oath or Affirmation of Allegiance**

[9-00— 9-10 a m.]

**Mr Speaker** : Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Speaker** : The Minister-in-charge of Land Utilisation and Reforms and Land and Land Revenue Department will please make a statement on the subject of subsidence of village Jag.tdihi, Asansole. (Attention called by Shri Sukumar Bandopadhyay on the 6th July, 1972.)

**Dr. Zainal Abedin** : Sir, in view of this extraordinary sitting of the House— I do not know if the Minister concerned was aware of this. Anyway, I find, Sir, the Minister is not in the House, so it may be deferred till next Tuesday.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** স্যার, দৃষ্টি আকর্ষণী notice-এর আজ জবাব দেওয়া হচ্ছে না। ইতিপূর্বেও এরকম ঘটনা ঘটেছে। আমার মনে হয় মন্ত্রীমহাশয়রাও এ জিনিষের উপর গুরুত্ব দিচ্ছেন না এবং যেসব দৃষ্টি আকর্ষণী নোটিশ ও অন্যান্য বিবরণী আমরা এখানে রাখছি তাকে তাঁরা হাল্কা বলে মনে করছেন। এটা আমাদের প্রতিকারের প্রশ্ন এবং ভবিষ্যতে এরকম ধরণের ঘটনার পুনরাবৃত্তি যেন না ঘটে সেটা আপনি দেখবেন।

**শ্রীসরোজ রায় :** এরকম ধরণের ঘটনা বলিয়া আপনি কয়েকটা কথা মন্ত্রীমহাশয়দের বলেছিলেন। কিন্তু ১২ ঘণ্টা অতীত হয়নি তাসত্ত্বেও যদি এরকম অবস্থা হয় তাহলে House এর উপর কারুর কোন আস্থা থাকবেনা। এবার আপনি একটু Serious হন।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার :** স্যার, এই বিধানসভাকে সাজান বিধানসভা বলে গণশক্তি আমাদের অধিকারকে খর্ব করেছিল বলে সেবিষয় নিয়ে আমরা এখানে আলোচনা করেছিলাম, কিন্তু

আজ মন্ত্রীমহাশয়রাও আমাদের অধিকারকে খর্ব্ব করছেন। সুতরাং আপনি বিধানসভার সভাদে অধিকার রক্ষার্থে আরও বেশী মনোযোগ দেবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমাদের এই Extraordinary situation-এ House হচ্ছে। এই arrangement-এর জন্য বোধহয় মন্ত্রীমহাশয় নেই হয়ত তাঁর এটা জানা নেই। সেজন্য বলছি যে এটা Tuesday পর্য্যন্ত deferred করা হোক। এটা ঠিক নয় যে গুরুত্ব দেওয়া হচ্ছেনা—গুরুত্ব নিশ্চয় দেওয়া হচ্ছে।

**Mr. Speaker :** Honourable Members, I know that it is a serious matter and for that this Calling Attention Notice was accepted by me It has got some importance and naturally the Members can expect or legitimately claim a statement from the hon'ble Minister-in-charge of the Department At least I expected that if the Minister was out of Calcutta due to an emergency or if there was something beyond his control for which he had to go out of Calcutta, —even then it was expected—another Cabinet rank Minister would be authorised, empowered or requested by the Minister-in-charge on his behalf so that the statement could be read out by the said Minister. That has not being done perhaps. Moreover, it was expected that the officers of his Department to whom this Calling Attention Notice was handed over by my Secretariat, would prepare the statement and would take appropriate step in this regard, or the Department ought to have informed this House that there had been some difficulties or that the circumstances were beyond the control of the Minister for which he could not be present today in the House. That information is also lacking. This House or I, at least, should have been informed of the difficulties of the Minister concerned, to be present. Now in view of the serious greivances of the honourable Members regarding the absence of the hon'ble Minister who was to made a statement today I would request Dr. Zainal Abedin, a senior Member of the Cabinet, to clarify the position.

**Dr. Zainal Abedin :** Sir, as I have told the House earlier, that we are not in the know as to why the Minister is absent. Because of this extra-ordinary sitting on Sunday, we cannot contact the Department. We could not contact the Department even previously as we were not in the know of the fact that the Minister was required to make a statement to-day. We are fully aware of the feelings of the honourable Members. We will communicate this to the Department and the Minister concerned, and we seek the permission of the House to defer the statement on this Calling Attention Notice till Tuesday next because the Minister is absent and the Department could not be contacted as to-day is Sunday. It is a lapse, we do admit, Sir, and we will mend it.

**Mr. Speaker :** Since I have taken up the matter, what I want to stress is that the Minister may be absent because there may be thousand and one reasons beyond his control for which he could not be present. But it is expected from the Departmental Officials concerned that they would timely communicat the information to the House. So I draw the attention of the Treasury Benc to communicate to me as to why the Department failed to give any intimatio to the Speaker that the Minister would be away or why that Departmen could not approach the other Ministers also and inform them that the Ministe concerned will be away because of his previous engagements elsewhere Th

Departmental officers ought to have approached other Ministers who could have nformed the House accordingly. It is a serious lapse on the part of the Department concerned. As the Members are agitated, I expect that in uture Minister concerned will take note of it and instruct his Department hat on any question or Calling Attention Notice, the Department should be nore alert in supplying all the detail information to the Minister, in time, so hat the Members can get the replies and statements on dates as fixed by the House. I hope the Treasury Bench will take note of my comments and he Ministers will henceforth come prepared to the House, with all he facts and figures that are necessary for the satisfaction of the Members.

**Dr. Zainal Abedin** : Sir, we do agree with your observation and we will work accordingly.

**Mr. Speaker** : I thank you, Dr. Abedin.

9-10—9-20 a.m ]

I have received three Calling Attention Notices on the following subjects, amely :—

(1) Proposed strike by Calcutta Corporation employees—from Shri Niranjan Dihidar.

(2) Vacation of injunctions on the Khas lands for distribution to the landless cultivators—from Shri Md. Dader Baksh.

(3) Threatened serious clash between Bengalee and non-Bengalee railway workers at Kanchrapara Railway workshop—from Shri Jagadish Chandra Das.

I have selected the notice of Shri Jagadish Chandra Das on the subject of reatened serious clash between Bengalee and non-Bengalee railway workers at anchrapara Railway workshop. The hon'ble Minister-in-charge may please ake a statement on the subject today, if possible, or give a date for the me

**Shri Abdus Sattar** : Sir, the statemsnt will be made day after to-morrow, at is, on Tuesday.

(At this stage Shri Gurupada Khan entered the Chamber)

**শ্রীপুরঞ্জয় প্রামানিক** ঃ মাননীয় স্পীকার মহাশয়, এইমাত্র মন্ত্রীমহাশয় ইমারজেন্সীর পারে বললেন যে ভূমিরাজস্ব মন্ত্রীমহাশয় এখানে নেই। কিন্তু আমরা দেখলাম এখানে তিনি এপিয়ার লেন। কাজেই বিধানসভায় এই যে অসত্য ভাষণ পরিবেশন করা হয়েছে এ সম্বন্ধে আপনার বমন নেওয়া উচিত।

**Shri Gurupada Khan** : Sir, it has already been referred to the Commerce d Industries Department. It does not come under the purview of my partment.

**Mr Speaker** : The Hon'ble Minister is here. He says that it has been erred to the Commerce and Industries Department. At any rate, when the itter was sent to the Land and Land Revenue Department and from that

Department it has been sent to the Commerce and Industries Department at least some communication to that effect ought to have been made to me.

**Dr Zainal Abedin** : Sir, as I have submitted to you earlier, certain questions were asked in certain departments but those questions related to some other departments. Similarly, Sir, this particular matter was referred to the Land and Land Revenue Department but it does not relate to that Department, it related to the Commerce and Industries Department, and hence it has been referred to the Commerce and Industries Department. However, we are making enquiry from that Department as to what has happened to this.

**Mr. Speaker** : Honourable Members, the Calling Attention notice in question was sent to the Land and Land Revenue Department. There might be some difficulties because the Departments and portfolios are divided in such a manner that it may be difficult for my office to know particularly the details of distribution of work as have been made this time. This sort of distribution was not made previously. At any rate, if due to some mistake on the part of my office, the matter was sent to the Land and Land Revenue Department which in turn referred it to the Commerce and Industries Department, some communication ought to have been made to me that this was wrongly sent to the Land and Land Revenue Department and that but this should have been sent to the Commerce and Industries Department. If such a communication would have been made to me, I could have informed the House that this was the position and that would have satisfied the Members. Now, the point is that if this matter comes under the Commerce and Industries Department, I have received no communication from that Department as to whether they have received it or they are prepared with any statement. If I had received that then I could have told the House accordingly. However, in future if there is any such mistake in sending a Calling Attention Notice to some Department to which it does not relate, a communication by the Department should be made to me accordingly.

**Dr Zainal Abedin** : Sir, the Commerce and Industries Minister is sick. He expressed his inability to attend the House and requested me to read out statement on his behalf, if there was any. I came to your Secretariat earlier and enquired whether there was any Calling Attention Notice relating to the Commerce and Industries Department. Your Secretariat told me that there was no business relating to the Commerce and Industries Department. Hence this difficulty.

**Mr. Speaker** : My office did not receive any communication from the Land and Land Revenue Department stating that the matter did not relate to the Department and was a concern of the Commerce and Industries Department where it was referred to subsequently. So, my office was not in the know that the matter was referred to the Commerce and Industrial Department. If the communication was sent to my office, then, certainly, I could have informed the honourable Members that the matter had been referred to the Commerce and Industries Department. My office was in the dark.

I want to draw the attention of the Treasury Bench that whenever a Calling Attention Notice is sent to a department with which it is not concerned,

the matter should be communicated to my office, so that I may inform the House accordingly and satisfy the honourable Members.

**Dr. Zainal Abedin :** We agree with your observation, Sir.

## Mention Cases.

**শ্রীমহাবুবুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে যে কথাটা বলছি সেটা একটা ঐতিহাসিক ঘটনা। কিছুদিন আগে আমরা ঘোষণা করেছিলাম যে ৫০ বৎসরের মধ্যে এই রকম খরা আমাদের দেশে দেখা দেয়নি। স্যার, আমার জেলার মালদহের খড়বা অঞ্চল আমার এলাকা। সেখানে এখনও খরা চলছে, এখনও বৃষ্টি সেখানে হয়নি। যে জরুরী অবস্থার ভিত্তিতে খরায় সাহায্যের জন্য সরকার ঘোষণা করেছিলেন এখনও আমরা দেখতে পাচ্ছি যে আষাঢ় মাস চলে গেল এখনও জল হয়নি। এর আগে মালদহ জেলাতে বন্যা হয়ে গেছে—তারপরে আবার খরা। সমস্ত বোরো ধান নষ্ট হয়ে গেছে, আউস ধান নষ্ট হয়ে গেছে, মালদহের আমও সব নষ্ট হয়ে গেছে। আষাঢ় মাস চলে যাচ্ছে এখনও পর্যন্ত আমন ধানের বীজ জমিতে ফেলা হয় নি। আমি দাবী করছি যে আজ মালদহ জেলা খরাক্লিষ্ট এলাকা বলে ঘোষণা করা হোক। আমাদের এখানে খবর আসছে এই ব্যাপার নিয়ে সেখানে বিক্ষোভ হচ্ছে, অনশন হচ্ছে, লোকে খেতে পাচ্ছে না। আজকে লোকের এই অসহায় অবস্থায় তাদের যে সাহায্য দেওয়া হচ্ছে তাতে কিছুই হবে না, ব্যাপকভাবে টি, আর, খয়রাতি সাহায্য দেবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কারণ আজকে আমরা এখানে ফ্যামিন রিলিফের বাজেট পাশ করলাম। এই বাজেট পাশ করে যদি মালদহ জেলার লোকদের না বাঁচাতে পারি তাহলে এই বাজেট পাশ করার কোন সার্থকতা থাকতে পারে না। যে টাকা সাহায্য দেওয়া হচ্ছে তাতে কিছুই হবে না। ৫ লক্ষ টাকা সাহায্য করা হয়েছে, কিন্তু সেখানে ১৫টি ব্লক আছে। সেখানে এই সামান্য টাকা দিয়ে কিছুই হবে না। আরও টাকা দিয়ে মালদহ জেলার দুর্গত এলাকায় লোকদের বাঁচাতে হবে এবং জরুরী অবস্থার ভিত্তিতে সাহায্য দিতে হবে। মন্ত্রী মহাশয় বললেন যে জি, আর, হাফ পারসেন্ট বাড়ানো হয়েছে, কিন্তু জরুরী অবস্থার ভিত্তিতে আমরা দাবী করছি যে ১০ পারসেন্ট রিলিফ আজকে দিতে হবে, না হলে মানুষকে বাঁচানো যাবে না। আজকে লোকে আমাদের ধিক্কার দিচ্ছে। সত্যি এটা লজ্জার কথা যে অনাহারে মৃত্যুর সংবাদ আসছে। আমার বন্ধু তিনি গাজোলের এম, এল, এ। তিনি সেখান থেকে কাল ঘুরে এসেছেন এবং তিনি খবর নিয়ে এসেছেন এবং তিনি তাঁর বক্তব্য রাখবেন। কিন্তু আমার কাছে খবর এসেছে সে বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এর সাথে সাথে সংবাদপত্রসেবীদের আমি অনুরোধ করবো যে তারা মালদহ জেলার খরাপীড়িত অঞ্চল দয়া করে দেখে আসুন যে সেখানে না খেয়ে লোক মর মর অবস্থায় রয়েছে, আধপেটা অবস্থায় রয়েছে, এবং অনাহারে দিন কাটাচ্ছে এবং দেখে এসে প্রচার করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[9-20 – 9-30 a.m.]

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সভার সদস্যদের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি হাওড়ার মাছের আড়তে মাছ কিনতে গেলে প্রত্যেক ক্রেতা ব্যবসায়ীকে ঝাঁকা বা মোট পিছু ৫ পয়সা করে গুণ্ডা কর দিতে হয়। এই মাছের আড়তের কাছাকাছি কিছু অবাঙ্গালী গুণ্ডারা নিজেদের গায়ের জোরে ঘরোয়া আইন করে

এই ঝাঁকা পিছু ৫ পয়সা করে গুণ্ডা কর আদায় করে চলেছে এবং এর মারফৎ প্রত্যেকদিন প্রায় ৫।৭ শত টাকা রোজগার করছে। শুধু তাই নয়, এই ব্যবসার গতিকে এই গুণ্ডা কর ব্যবস্থাকে অব্যাহত রাখতে বা এই ব্যবস্থাকে ফুলিয়ে ফাপিয়ে তুলতে তারা নিজেদের কার্যকলাপের মধ্যে যে নিজেদের নিবদ্ধ রেখেছে তাই নয়, সুদূর বিহার থেকে অবাঙ্গালী গুণ্ডাদের এনে তাদের ব্যবসা জোর কদমে চালিয়ে যাচ্ছে। স্বভাবতঃই ক্রেতা এবং ব্যবসায়ী সাধারণ মুখ খুলতে পারছে না। তারা ভীত, ত্রস্ত, শংকিত, পুলিশকে জানালে পুলিশ সেখানে নিষ্ক্রিয়, নীরব দর্শকের ভূমিকা পালন করে প্রকারান্তরে গুণ্ডাদের দিনের পর দিন ইন্ধন যুগিয়ে চলেছে। ১৯৬৭ এবং ১৯৬৯ এর পশ্চিম বাংলার মানুষের জীবন ছিল ভীত, ত্রস্ত, শংকিত, ১৯৬৯এও সেই নির্বাচনের প্রাক্কালে আমরা নিঃশংক, আমরা সাধারণ সুস্থ জীবনবোধ খুঁজে পাওয়ার কথা বলেছিলাম। আজকে পশ্চিম বাংলার বাজেট অধিবেশনে সরকার Sale tax বসিয়েছেন, Hotel tax বসিয়েছেন, Cabarat tax বসিয়েছেন; কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের চিন্তা চেতনার উর্দ্ধে থেকে এই অবাঙ্গালী গুণ্ডারা হাওড়া মাছের আড়তের কাছে তারা বিরাট একটি দল তৈরী করে এই গুণ্ডা ট্যাক্স বসিয়ে দিলেন। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি আমরা যখন সুস্থ জীবনবোধ ফিরিয়ে আনার প্রতিশ্রুতি দিয়েছি, আমরা যখন শান্তি শৃঙ্খলা পুনরুদ্ধারের পুনঃ পরিবেশ সৃষ্টি করেছি তখন এই গুণ্ডা কর আদায়ের জন্য এই গুণ্ডা বাহিনী দিনের পর দিন যথেচ্ছাচার চালিয়ে ক্রেতা এবং ব্যবসায়িদের জীবনকে শংকিত, ভীত ত্রস্ত এবং স্বাভাবিক জীবনবোধকে বিপর্যস্ত করে তুলেছেন তার কি ব্যবস্থা নেবেন আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে এই বিষয় উপযুক্ত অনুসন্ধান করতে এবং অবিলম্বে উপযুক্ত প্রতিকারমূলক ব্যবস্থার দাবী করছি। এই ঘটনা কয়েকদিন আগে কালান্তর পত্রিকায় বেরিয়েছিল এবং সম্প্রতি একটি ইস্তাহারেও বেরিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমাদের সরকারের ইমেজ রক্ষা করতে এবং জনসাধারণের সুস্থ জীবনবোধ ফিরিয়ে আনার জন্য স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে অবিলম্বে এর প্রতিকার দাবী করছি।

**শ্রীজগদীশচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ এবং সাংঘাতিক অবস্থার কথা মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে পৌঁছাবার চেষ্টা করছি। কাঁচড়াপাড়াতে কেন্দ্রীয় সরকারের একটা রেলওয়ে ওয়ার্কসপ আছে। সেই ওয়ার্কসপের প্রধান কর্তা ব্যক্তি হচ্ছে S.W. অর্থাৎ Superehtendent Workshop. সেখানে দীর্ঘদিন থেকে ওখানকার গণসংগঠনগুলি জাতীয় কংগ্রেস, যুব কংগ্রেস, ছাত্র পরিষদ, রেলওয়ে মেনস কংগ্রেস, ভারতের কমিউনিষ্ট পার্টি সকলে এক সঙ্গে মিলে সেই দুর্নীতিপরায়ন S. W.র বিরুদ্ধে দুদিন ধরে আন্দোলন চলছে। এবং এই ব্যাপারে আমরা General Manager, Eastern Railway, তার কাছেও আমরা প্রায় ১০ হাজার কর্মী এসেছিলাম এবং Cheif Ministerকেও জানিয়েছি এবং বর্তমানে ১৪ শত লোক নেওয়া হবে। Sanction দেওয়া হয়েছে, এটাকে কেন্দ্র করে সেখানে এই S.W. একটা হিন্দী পরিষদ বলে একটা পরিষদ গঠন করেছেন, এই পরিষদের Chairman হচ্ছেন Mr. S W Sinha. ঐ অঞ্চলের যত গুণ্ডা প্রকৃতির লোক আছে, সমাজ বিরোধী আছে, কালোবাজারী আছে তাদের নিয়ে এই হিন্দী পরিষদ এবং হিন্দী পরিষদের মাধ্যমে সেখানে সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা এমনভাবে বেড়ে চলেছে যে বর্তমানে সরকার যদি হস্তক্ষেপ না করেন, সেখানে বাঙ্গালী বিহারী রায়ট যে-কোন সময় লেগে যেতে পারে। উল্লেখ থাকতে পারে, গত ১৬ই এপ্রিল আমাদের টাউন কংগ্রেসের সম্পাদক শ্রীসুনীল চক্রবর্তী এই গুণ্ডাদের হাতে বলি হয়েছেন। এ ব্যাপারে আমি আপনার কাছে প্রস্তাব উত্থাপন করেছিলাম তার কোন প্রতিকার হয়নি। অনতিবিলম্বে যদি হস্তক্ষেপ না করা হয় বাঙ্গালী বিহারী রায়ট যে-কোন সময় লেগে যাবে। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষন করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্যার, উনি যে মেনশনটা করছিলেন, আমরা অনেক সময় দেখি এই যে এই মেনশনের গুরুত্ব ব্যাপারে অনেক সময় মন্ত্রীরা নজর দেন কি দেন না। তবে অনেক সময় দেখা যায় যেমন আমাদের স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজা মহাশয় আছেন, তিনি মাঝে মাঝে উত্তর দেন এবং কিছু কিছু মন্ত্রী'ও উত্তর দেন। কিন্তু উনি যে প্রশ্ন উত্থাপন করেছেন সেই প্রশ্নের সারাংশটা হচ্ছে যে Bengalee এবং non-Bengalee-দের মধ্যে একটা বাধট লেগে যেতে পারে। এই যে ইঙ্গিত মাননীয় সদস্য মহাশয় করেছেন সেটা appointmentকে কেন্দ্র করে নিয়ে সেখানে একজন officer এর মধ্যে, এই ষড়যন্ত্রের মধ্যে রয়েছেন এবং সেখানে হিন্দী পরিষদ গঠন করা হয়েছে, এই সমস্ত কথা বলছেন। এখানে আমাদের অন্ততঃপক্ষে ৭ জন full fledged মন্ত্রী আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই আপনাকে অনুরোধ করছি আপনি দয়া করে এই বিষয় নিয়ে, একটা calling attentionও দেওয়া হয়েছে। You have been pleased to accept the calling attention and the Ministea-in-charge will also reply.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, মাননীয় মন্ত্রীরা একটা কথা বলুন, তা না হলে এখানে মেনশন করে লাভ কি?

**মিঃ স্পীকার ঃ** You have made your point. Ministers are here. I cannot force any Minister to make a statement.

**শ্রীআবদুল বারী বিশ্বাস ঃ** আমি কোন স্টেটমেণ্ট করতে বলছি না। কিন্তু যে গুরুত্বপূর্ণ বিষয় বলা হয়েছে তাঁরা বলুন যে তাঁরা নজর দেবেন এবং এখানে জানানো হোক সেখানে সে অবস্থা প্রিভেইল করছে কিনা, এই অবস্থা আছে কিনা, পুলিশ পাঠিয়ে দেওয়া হোক অনুসন্ধান করা হোক, কলিং এটেনশনের আনসার আপনারা পরশু দিন কিন্তু বিষয়টা সিরিয়াস, আমরা জানি যে মন্ত্রী মহাশয়রা বলতে বাধ্য নন, কিন্তু একটা সিরিয়াস ব্যাপার উঠেছে, তাই আপনাকে বলছি যে ওঁদের কিছু বলতে বলুন।

**Mr. Speaker :** Please take your seat. You have drawn the attention of the House including the Members of the Treasury Bench and they have taken note of it. After that I cannot, from this Chair, force any Member or the Cabinet Ministers to make a statement on any particular issue. That is not my business. You have drawn the attention. That's all.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্যার, এটা একটা সিরিয়াস ব্যাপার। আমরা মন্ত্রী মহাশয়ের এই ইংলি ড্র করছি, এখানে ৬/৭ জন মন্ত্রী, ক্যাবিনেট মন্ত্রী রয়েছেন, এই বিষয়ে যে কলিং এটেনশন দেওয়া হয়েছে সেটা আপনি এ্যাক্সেপট করেছেন, এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে যেখানে ৭ জন ফুল ফ্লেজেড মিনিষ্টার আছেন তাঁদের বলছি যে যেখানে বেঙ্গলি নন-বেঙ্গলি ক্লাশ হতে পারে বলে অবস্থা হয়েছে, যে বিষয়টা তাঁদের দৃষ্টিতে আনা হয়েছে, সে বিষয়ে কোন কিছু বলছেন না? নাকি তাঁরা ভাবছেন যে সদস্যরা যাই বলুন সে দিকে লক্ষ্য দেওয়া দরকার নাই, আজকে রাত্রেই যদি এমন কিছু ঘটে তাহলে?

**শ্রীআবদুস সাত্তার ঃ** যে কথা বলছেন তার প্রতি দৃষ্টি আকৃষ্ট হয়েছে, স্যার, আপনিও বলেছেন, সেটা নিশ্চয়ই দেখবো যখন এই ঘটনা উঠেছে বলে জানতে পেরেছি। উনি যেটা বললেন সেটা আমাদেরও বলতে পারতেন, উনি যখন দৃষ্টি আকর্ষণ করেছেন, সেদিকে লক্ষ্য রাখব, যাতে সে রকম অবস্থা না ঘটে সেই রকম ব্যবস্থা নেব।

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি স্যার জানেন ওয়েস্ট গেট ভিজিটাররা আসে আমাদের সংগে দেখা করতে এবং সেখানে ঘন্টার পর ঘন্টা এসে দাঁড়িয়ে থাকে, রোদের মধ্যে, এখন বৃষ্টির দিনে তাদের সেখানে দাঁড়িয়ে ভিজতে হয়, কেননা সেখানে কোন ছাউনি নাই, তারা একটার সময় হয়ত স্লিপ দেয়, যখন স্লিপ ফিরত যায় বেলা চারটার সময় তখন তাঁরা শুনলেন সদস্য মহাশয় উপস্থিত নাই।

**Mr. Speaker :** Please take your seat. You could have personally brought it to my knowledge. It is not a matter to be mentioned in the House.

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা মর্মান্তিক বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৯৭০-৭১ সালে ময়ূরাক্ষীর বন্যা হল, তারপর প্রলয়ংকরী বন্যা হল, ১৯৭২ সালে হল খরা। এর ফলে হাজার হাজার তপশীল জাতি এবং তপশীল উপজাতির এবং সংখ্যালঘু সম্প্রদায়ের লোক যারা অত্যন্ত দরিদ্র, নীচের তলার লোক, গৃহহারা হয়ে অত্যন্ত দুরবস্থার মধ্যে আছে। এদের বাড়ী ছিল কাঁথি মহকুমায় এবং মুর্শিদাবাদের রসা ভাণ্ডার বলা হয় সেখানকার নবগ্রাম থানায় এবং বীরভূমের বোলপুর থানায়, এই সমস্ত হাজার হাজার তপশীল জাতি এবং তপশীল উপজাতির দরিদ্র লোকেরা বেলুড় থেকে ব্যাণ্ডেল পর্যন্ত ষ্টেশনে ষ্টেশনে প্লাটফর্মে কুকুর বেড়ালের মত জীবন যাপন করছে। তাদের রুগ্ন শিশু নগ্ন দেহ নিয়ে, উন্মুক্ত আকাশের তলায় বাস করছে। তাদের প্রতি কোন লক্ষ্য দেওয়া হয়নি এবং তাদের কোন ব্যবস্থা করা হয়নি।

স্যার, এই কারণে আমি বলছি যে কোন সভ্য দেশের সরকারের পক্ষে এটা লজ্জার কথা। আমরা উক্ত জেলায় এই জিনিস দেখেছি। মন্ত্রী সভার সামনে তাই আমি এরূপ একটি করুণ চিত্র আপনার মাধ্যমে তুলে ধরছি। তারা খোলা আকাশের নীচে রুগ্ন ও অসুস্থ সন্তান নিয়ে রয়েছে। এর একটা সত্বরে ব্যবস্থা হওয়া উচিত। এই ব্যাপারে উপযুক্ত তদন্ত করে সরকারের পক্ষ থেকে আশ্রয়ের ব্যবস্থা তাদের করা উচিত। আমি গত ৮ তারিখে একটা পত্র পেয়েছিলাম এবং তারপর আমি নানাভাবে তা বোঝবার এবং জানবার চেষ্টা করেছি। ব্যাণ্ডেল, ভদ্রেশ্বর, শেওড়াফুলি, শ্রীরাম-পুর, কোন্নগর, বালি, বেলুড় ইত্যাদি জায়গায় ষ্টেশনে এই দরিদ্র লোকেরা পড়ে আছে। তারা অসহায়-এর মত অবস্থায় আছে। তাদের সম্বন্ধে একটা বিহিত ব্যবস্থা অবলম্বনের জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[9-30—9-40 a m]

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্যার, রেল ষ্টেশনগুলিতে ভীষণ অবস্থা। আমারও এই ব্যাপারে কিছু বলবার ছিল।

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় সদস্যরা যে ব্যাপারের অবতারণা করেছেন যদি সত্যই এরূপ অবস্থা হয়ে থাকে আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো তাদের কাছে যে তথ্য আছে আমাকে জানাবেন। কিন্তু মাননীয় সদস্যরা জানেন আমাদের আর্থিক অবস্থার কথা। সরকারের অনেক কিছু করার ইচ্ছা থাকে কিন্তু আর্থিক অভাবে তা পেরে ওঠেন না। তবুও রেল ষ্টেশনে এরূপ অবস্থা যদি থাকে তার ব্যবস্থা করা দরকার। এর যে-কোন ব্যবস্থা করবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, রেল স্টেশানের কথা আমাদের ানাতে বলেছেন। কিন্তু তিনি একটু অনুসন্ধান করলেই সবকিছু জানতে পারবেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রচলিত নিয়ম মত গুরুত্ব দিয়ে ামি একটা কথা তুলতে চাইছি। মুর্শিদাবাদ জেলার কথা জঙ্গীপুর মহকুমার সাব ডিভিসান অফিস কে ধুলিয়ান ওরঙ্গাবাদ ইত্যাদিতে যে লাইসেন্স পারমিট দেওয়া হচ্ছে চিনি আটার, তা ঠিকমত ওয়া হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে এই সমস্ত অফিসাররাই মন্ত্রী মহাশয়দের লাচ্ছেন সুতরাং আমরা এ ব্যাপারটা জানতে চাই।

**মিঃ স্পীকারঃ** আপনি যেটা বলছেন এটা ঠিক নয়। আপনি প্রশ্ন করুন মন্ত্রী মহাশয় তার বাব দেবেন। মন্ত্রী মহাশয়দের অফিসার চালাচ্ছেন না।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** স্যার আমি আমার কথা উইড্র করে নিচ্ছি।

এই অবস্থা এমনই ব্যাপকভাবে দেখা দিয়েছে সে সম্বন্ধে আমি মনে করতে পারি এই অবস্থা দি চলে তাহলে ভেতর দিকে একটা অসদুদ্দেশ্য আছে বলে ধরে নিতে হবে। বেকার যুবকদের াহায্য না করে বড় বড় পুঁজিপতিদের সাহায্য করা মানে backdoor দিয়ে কিছু তাদের পাইয়ে ওয়ার ব্যবস্থা করে দেওয়া। গোটা জেলার লোক ঐ জানে ঐ Subdivisonal Controller-এর ত দুর্নীতিপরায়ন অফিসার আর ঐ অঞ্চলে নাই। তিনি টাকা পয়সা ঘুস নিয়ে বড বড় লোকদের াইসেন্স করে দিচ্ছেন, পারমিট করে দিচ্ছেন। আমি এই দিকে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ রে বলতে চাই, বর্তমান ঐ Subdivisional কন্টোলারের বিরুদ্ধে অবিলম্বে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ রা হোক যাতে ঐ অব্যবস্থা ও দুর্নীতি ওখানে না চলতে পারে, চিরতরে বন্ধ হয়।

**শ্রীমহম্মাদ দেদার বক্সঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের অবহেলিত হশীলদার সমাজের অবর্ণনীয় দুরবস্থার প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনি জানেন—পরপর প্রলয়ংকরী বন্যা গেছে, তারপর এবার প্রবল খরা আছে। এমতাবস্থায় প্রজাদের কাছ থেকে খাজনা আদায় হয় না। এই তহশীলদাররা াজনা কমিশনে আদায় করে, প্রতি মাসে তাঁদের একটা fixed amount মাইনে হিসেবে দেওয়া —তা অতি নগণ্য। এই দুয়ের যোগফলে যে সামান্য উপার্জন হয় তা অতি নগণ্য। তা দিয়ে র্তমান দুর্মূল্যের বাজারে সংসার চালানো দায়। তাদের এই দুরবস্থার কথা বিচার বিবেচনা রে একটা সুব্যবস্থা করুন। তাদের ছেলেমেয়েদের দুবেলা দুটো ঠিকমত খেতে দিতে পারে না, াপড় চোপড় দিতে পারে না, লেখাপড়ার ব্যবস্থা করতে পারে না। তাদের বেতন বৃদ্ধির ও চাকরী াকা করবার ব্যবস্থা করা হোক—এই অনুরোধ আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে করছি।

**শ্রীগুরুপদ খানঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধহয় জানেন এই তহশীলদারদের দুরবস্থার কথা আমরা গভীরভাবে চিন্তা করছি এবং তাদের মাসিক বেশী কিছু যাতে পাইয়ে দেওয়া যায় তার জন্য আমরা নানা ব্যবস্থা অবলম্বন করছি।

**শ্রীমধুসূদন রায়ঃ** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গে একটী প্রবাদবাক্য প্রচলিত আছে—"ধানো পাকি শূকরো আছি"। অর্থাৎ কি না ধান পাকলে পরে বনজঙ্গল থেকে শূকরের

দল তা খাবার জন্য নীচে নেমে আসছে। তেমনি আমাদের সেচ বিভাগ সম্বন্ধেও বলা যায়। তারা সারা বছর চুপচাপ বসে থাকে, আর বর্ষা যখন আরম্ভ হয়, তখন সেচ বিভাগের কর্মতৎপরতা দেখা যায়, তাদের কাজের আর কোন হিসেব থাকে না। বন্যায় বাঁধ ইত্যাদি ভেঙ্গে যাচ্ছে যখন, তখন Contractor থেকে আরম্ভ করে বড় বড় সেচ বিভাগের অফিসারদের দৌড়াদৌড়ি পড়ে যায়। কারণ এই অবস্থায় তখন লুটেপুটে খাওয়ার একটা সুযোগ এসে যায়। আমাদের কুচবিহার জেলায় হলদিবাড়ি থানার অধীন দেবনগরীর গত বৎসর তিস্তার ভাঙ্গনে খুব ভাংছিল। আমি North Bengal Flood Control এর চেয়ারম্যান মিঃ ডি. সি. মুখার্জীকে নিয়ে গিয়ে সেই জায়গা দেখিয়েছি গত ১লা এপ্রিলে। তারপর সেচ বিভাগের উপমন্ত্রী মাননীয় সুনীতি চট্টরাজকে নিয়ে গিয়ে সেই ভয়াবহ ভাঙ্গনের জায়গা দেখাই। তিনি সঙ্গে সঙ্গে বিভাগীয় অফিসারদের হুকুম দেন সেসম্বন্ধে ব্যবস্থা নেবার জন্য যে কোন ভাবে যে সেটা Protection এর ব্যবস্থা করা হয়। অবশ্য তারপরে কাজ হয়েছে বটে, কিন্তু খুব ধীর গতিতে চলছে। গত ৭ দিনে তুশোটি জায়গা ভেঙ্গে গিয়েছে। আর কয়েক হাত ভাংলে তিস্তা বুড়িতিস্তার সঙ্গে মিসে যাবে এবং পারমেখলীগঞ্জ, দেওয়ানগঞ্জ ও হেমকুমারীর ৩০।৩৫ হাজার অধিবাসী অত্যন্ত বিপদের মধ্যে গিয়ে পড়বে। তিস্তা নতুন পথে প্রবাহিত হলে বহু ঘর বাড়ী ধ্বংস হয়ে যাবে। এ সম্বন্ধে বহুবার Chief Engineer-এর সঙ্গে দেখা করে আলাপ আলোচনা করেছি কিন্তু কোন ফল হয়নি। তাই আমি আপনার মাধ্যমে এই সম্পর্কে সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ কানাইলাল সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে একটি গুরুতর সমস্যার কথা জানাতে চাইছি। আপনি জানেন যে ফুটপাতের উপর হকাররা বসার ফলে সাধারণ পথচারীদের খুব অসুবিধা হয়েছিল এবং সেখানকার স্বাস্থ্যও অতিশয় খারাপ হয়েছিল। যার ফলে ফুটপাতের হকারদের সরাবার চেষ্টা চলেছে—অবশ্য এতে একটা সমস্যারও সৃষ্টি হয়েছিল। আজকে যে সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যা হচ্ছে যে, ফুটপাতে কিছু লোক বসবাস করছে ঘরবাড়ী তৈরী করে। প্রথমে তারা এক একটা ছোট ছোট ত্রিপল দিয়ে ঘর করে বাস করে, তারপর করগেট দিয়ে একটু পাকাপাকি করে ছোট ছোট ইট দিয়ে ঘর তৈরী করে সেখানে রান্না ঘর করে বসবাস করছে। তাদের অসুবিধা হচ্ছে মলমূত্র ত্যাগ করার জায়গা নাই। তাই তারা রাস্তার বিভিন্ন জায়গায় অপরিষ্কার করছে। এবং এইভাবে একটা বিশেষ সমস্যার সৃষ্টি হচ্ছে। এটা যদি চলতে দেওয়া হয় তাহলে একটা বিরাট সমস্যার সৃষ্টি হবে। আমার এলাকায় অবক্যানগঞ্জ রোডে সারা ফুটপাতে এইসব লোকেরা ঘর বাড়ীতে ভর্তি করে ফেলেছে। এই রকম আলিপুর রোডে, শ্যামাপ্রসাদ মুখার্জি রোডে এবং কালীঘাট ট্রাম ডিপো যেখানে আছে সেখানেও এই রকম অবস্থার সৃষ্টি হয়েছে। তারা ঘরবাড়ী তৈরী করে বাস করছে এবং রাস্তার ময়লা কাগজ কুড়িয়ে সেখানে জমা করে একটা অস্বাস্থ্যকর পরিবেশের সৃষ্টি করছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এদের সরানো হয়—নাহলে পরে এদের ফুটপাত থেকে সরানোর ব্যাপারে অসুবিধার সৃষ্টি হবে।

[9-40—9-50 a.m.]

**শ্রীললিত গায়েন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এবং সেই সঙ্গে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন আমার বক্তব্য শুনে বিহিত বন্দোবস্ত করেন। স্যার,

আপনি জানেন যে কিছু দিন আগে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করেছিলাম যে ২৪-পরগণার বিভিন্ন জায়গায় যেসমস্ত অস্থায়ী পুলিশ ক্যাম্প ছিল সেই পুলিশ ক্যাম্প যেন উঠিয়ে নিয়ে যাওয়া না হয়। তবুও তা উঠিয়ে নিয়ে যাওয়া হচ্ছে দেখে আমি এস. পি-র সঙ্গে আলাপ আলোচনা করেছি। তাতে আমি জানতে পেরেছি যে আলিপুর থেকে যে ৪০০ সি.আর.পি সরিয়ে নিয়ে যাবার জন্য ঐ সমস্ত অস্থায়ী পুলিশ ক্যাম্প তুলে নেওয়া হচ্ছে ঐ সি. আর. পি-র অভাব পুরণ করার জন্য। কিন্তু দেখা যাচ্ছে জোতদার বা বড় লোকদের স্বার্থে কোন পুলিশ ক্যাম্প তুলে নেওয়া হচ্ছে না। আমি আপনার মাধ্যমে একটা জিনিস জানতে চাই যে আজকে কি গরীব লোকের স্বার্থে পুলিশকে কাজে লাগানো হবে—না, বড় লোক জোতদারদের স্বার্থে পুলিশকে কাজে লাগানো হবে। আমি জানি আমার নির্বাচনী কেন্দ্রে ঘুঘুবাড়া বলে একটি জায়গায় বিমল ঘুঘু নামে একজন জোতদার আছে তার প্রায় কয়েকশত বিঘা জমি আছে তার ওখানে পুলিশ রয়েছে—আর সাধারণ মানুষের যেখানে দরকার সেখান থেকে পুলিশ ক্যাম্প উঠিয়ে নেওয়া হচ্ছে। আজকে দেখা যাচ্ছে বড় লোক এবং জোতদারদের স্বার্থে পুলিশকে যখন ডাকা হচ্ছে সঙ্গে সঙ্গে পুলিশ সেখানে চলে যাচ্ছে। তাই আমি পরিষ্কারভাবে জানতে চাই স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের কাছ থেকে যে গরীবদের স্বার্থে পুলিশকে নিয়োগ করা হবে—না, বড়লোক জোতদারদের স্বার্থে পুলিশকে নিয়োগ করা হবে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের নজরে আনতে চাই। এই কলকাতায় ন্যাশন্যাল ক্যাশ রেজিষ্ট্রার কোম্পানী নামে একটি ফুল্যফ্লেজড আমেরিকান কোম্পানীতে যে ৮০ জন কর্মী কাজ করতো কতদিন আগে তাদের বসিয়ে দেওয়া হয়। এর বিরুদ্ধে শান্তিপূর্ণ বিক্ষোভ জানাবার জন্য তারা আলিপুরে ম্যানেজারের যেখানে বাড়ী সেখানে যায়। এতে তাদের বিরুদ্ধে কিছু গুণ্ডা লেলিয়ে দেওয়া হয়। কংগ্রেস এবং সি. পি আই যুক্তভাবে সেখানে দাড়াবার পর মালিক তাদের বাড়ীতে গুণ্ডা লেলিয়ে দেয়। শুধু তাই নয়, সেখানে গুণ্ডা গিয়ে বলে রিভলবার দেখিয়ে যে তোমাদের তুলে নিয়ে যেতে এসেছি—যদি না যাও তাহলে গুলি করবো।

আমি অবাক হচ্ছি কলকাতার রাস্তায় নিউ আলিপুরের মতো জায়গায় এই ধরণের ঘটনা কিভাবে ঘটতে পারে এই যদি হয় তাহলে শান্তিপূর্ণ ট্রেড ইউনিয়ান আন্দোলন কিভাবে চলতে পারে? এতদিন কয়লাখনি সম্বন্ধে বলতাম। কিন্তু কলকাতায় এই অবস্থা। তাই শ্রমমন্ত্রীকে বলবো এই ধরণের অবস্থা মালিক যদি করে তাহলে শান্তিপূর্ণ ট্রেড ইউনিয়ান আন্দোলন কি চলতে পারে?

**ডাঃ জয়নাল আবেদীন ঃ** মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস যে কথা বলেছেন Sir, it is not up to the dignity of this House. I would request you to expunge this from the Proceedings.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** Yes, I have already withdrawn forthwith.
(এই সময় শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ও শ্রীআবদুস সাত্তারকে বাক্য বিনিময়ে রত দেখা যায়।)

**মিঃ স্পীকার :** Mr. Kumar Dipti Sen Gupta, address me and through me to others.

**শ্রীকুমার দীপ্তি সেনগুপ্ত ঃ** যেটা বারি সাহেব বলেছেন সেটা তিনি বলেছেন মাননীয় মন্ত্রী মহাশয়রা গাইডেড হচ্ছেন। তিনি একথা বলেন নি যে আমলাদের দ্বারা গাইডেড হন। তিনি যা বলেন নি তাই তিনি বলেছেন বলে চালান হচ্ছে। আমরা এসেম্বলী থেকে মন্ত্রীদের গাইড করছি এবং করবো।

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমি জানি যে মাননীয় সদস্য শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত একজন ভালো ক্রিমিন্যাল ল ইয়ার। তিনি বোধ হয় ভাবছেন এখানেও আসামীকে ডিফেণ্ড করছেন। বারি সাহেব আসামী আর তিনি তাঁকে ডিফেণ্ড করছেন এই যদি হয় আমার তাতে আপত্তি নেই। বারি সাহেব আমাদের পিছনে যে অফিসাররা আছেন তাঁদের সম্পর্কে বলে থাকেন এবং তিনি এখানে হয়ত বলবার অধিকার আছে বলতে পারেন। কিন্তু মন্ত্রী মহাশয়রা আমলা দ্বারা পরিচালিত হন এটা কি বলতে পারেন ? তবে তিনি যখন এটা উইথড্র করেছেন তখন আমরা আর কথাটা উঠাচ্ছি না।

**Mr. Speaker :** The matter may be dropper here.

## Voting on Demands for Grants

Major heads : 71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, 71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh, 109—Capital Outlay on other Works—Expenditure on displaced persons, and Loans and Advances to displaced persons.

**Shri Sontosh Kumar Roy** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 26,89,02,000 be granted for expenditure under Grant No. 48, Major Heads : "71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, 71—Miscellaneous—Relief to Refugees from Bangledesh, 109—Capital Outlay on other Works—Expenditure on displaced persons, and Loans and Advances to displaced persons."

(This is inclusive of Rs. 19,26,33,000 already voted on account in March, 1972.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪৮ নং ব্যয় মঞ্জুরী দাবী পেশ করার সঙ্গে সঙ্গে আমি এই সভার নিকট পশ্চিমবঙ্গে উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কে সরকারের নীতি ও কর্মসূচী নিবেদন করছি।

[9-50—10-00 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান বর্ষের আয়-ব্যয়কের অন্তর্ভুক্ত উদ্বাস্তু পুনর্বাসন কার্যের বিভিন্ন বিষয় সম্বন্ধে বক্তব্য রাখার আগে মাননীয় সদস্যগণের দৃষ্টি এই কঠিন সত্যের প্রতি আকর্ষণ করতে চাই যে, উদ্বাস্তুগণ আমাদের দেশের স্বাধীনতা-প্রাপ্তির বলিস্বরূপ। সুতরাং এঁদের দুর্দশামোচন আমাদের জাতীয় দায়িত্ব। কিন্তু সে দায়িত্ব কতোটা নিষ্ঠা ও সাফল্যের সঙ্গে আমরা এযাবৎ পালন করেছি—এ বিষয়ে সন্দেহের অবকাশ আছে। কারণ অধিকাংশ উদ্বাস্তু পরিবারের অর্থনৈতিক পুনর্বাসন আমরা গত পঁচিশ বছরেও করে উঠতে পারিনি। স্বাধীনতালাভের রজত জয়ন্তী বৎসরে এই দুরূহ সমস্যা সম্পর্কে বিশদ বিশ্লেষণের প্রয়োজন আছে। আমরা তাই একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা রচনা

করছি—যার পরিধি হবে সর্বাত্মক এবং যা রূপায়ণের জন্য প্রায় ৯৫ কোটি টাকা দরকার হবে। বলা বাহুল্য, এই পরিকল্পনা গ্রহণ ও রূপায়ণের পুর্বে ভারত সরকারের অনুমোদন অত্যাবশ্যক, কারণ তাদের অর্থানুকূল্যেই উদ্বাস্তু পুনর্বাসনের সমস্ত কাজ করা হয়। সে যাই হোক, সরকারী ও জবরদখল কলোনীগুলিতে বেসরকারী উদ্বাস্তগণকে বাস্তজমির স্বত্বাধিকার দানের প্রকল্পটি আমরা স্বাধীনতার রজত জয়ন্তী পালন বর্ষের বিশেষ প্রকল্প বলে গ্রহণ করেছি। তাছাড়া, অন্যান্য প্রকল্পগুলিও আমরা বর্তমান বৎসরে যথাসাধ্য রূপায়ণ করতে সচেষ্ট হবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে উদ্বাস্তু পুনর্বাসনের সমস্যাটি এত বিরাট ও জটীল যে কোনো কর্মসূচী গ্রহণ করে তা সুষ্ঠুভাবে রূপায়িত করা খুবই দুরূহ। পুনর্বাসন কার্যের বৃহদংশ নির্ভর করে কেন্দ্রীয় সরকারের অনুমোদন ও জমির প্রাপ্যতার ওপর। কেন্দ্রীয় সরকারের প্রতি দোষারোপ করা চলেনা এই কারণে যে তাঁরা যে টাকা মঞ্জুর করেন সেটাও আমরা নানা প্রতিবন্ধকের জন্য পুরাপুরি খরচ করে উঠতে পারি না। সব রকম বাধা দুর করবার জন্য আমরা প্রয়াসী হয়েছি। নিম্নোক্ত পুনর্বাসন প্রকল্পগুলি আমরা আলোচ্য বর্ষে যথাসম্ভব রূপায়ণ করতে চাই :—

(ক) এ রাজ্যের ৯ টি জেলায় অবস্থিত অধুনালুপ্ত ৭৪ টি শিবিরাঞ্চলে যে ৪৫ হাজার উদ্বাস্তু বসবাস করছেন, তাঁদের পুনর্বাসনের কাজ এ বছর শেষ হবে বলে আশা করা যায়। পুনর্বাসন কর্মসূচীর বিলম্বিত রূপায়ণের নানাবিধ কারণের অন্যতম হলো ভূমি অধিগ্রহণের সময়সাপেক্ষ পদ্ধতি, কিন্তু এই পরিবেশেই পুনবাসন ত্বরান্বিত করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা করা হবে। পাঁচটি জায়গায় ১৮২.৬০ একর জমি বর্তমান বৎসরে অধিগ্রহণ করার কথা। এর মধ্যে ৭১.৪৩ একর পরিমাণ জমি অধিগ্রহণের কাজ সুরু হয়েছে।

(খ) এই বিভাগের অধীনে যে ১৯টি আবাস ও অথর্ব-সদন আছে, তার মধ্যে দু হাজার ছোট ছোট পরিবারের ৬ টিকে স্থায়ী আবাসে পরিণত করার প্রস্তাব গৃহীত হয়েছে। আবাসস্থিত ৪২২৫ টি নিবাসনযোগ্য পরিবারের এক উল্লেখযোগ্য অংশকে পুনর্বসতি দেবার সিদ্ধান্ত হয়েছে। দ্রব্যমূল্য বৃদ্ধিহেতু আবাসস্থিত উদ্বাস্তগণের ভরণপোষণের মাথাপিছু ব্যয়-বৃদ্ধির জন্য ভারত সরকারকে অনুরোধ করা হয়েছে। আবাস ও সদনগুলির প্রয়োজনীয় পরিবর্তন এবং মেরামতের কাজে হাত দেওয়া হবে।

(গ) কলকাতার আশেপাশে সরকারের নিজস্ব বা অধিগৃহীত জমি ও বাড়ী বহুসংখ্যক উদ্বাস্তু দীর্ঘদিন ধরে জবর দখল করে বসে আছেন। কালক্রমে যে এই পরিস্থিতি এতো জটিল হয়েছে যে সব জবরদখলকারীদের উচ্ছেদ করা প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। সুতরাং বাধ্য হয়েই সরকারকে বছরের পর বছর ভাড়া বাবদ প্রচুর নিস্ফল ব্যয় করতে হচ্ছে। বহু চেষ্টার পর এরূপ অনেকগুলি বাড়ী খালি করা হয়েছে এবং সেখানকার বাসিন্দারদের অন্যত্র পুনর্বাসন দেওয়া হয়েছে। এখনো প্রায় দু'হাজার পরিবার জবরদখলকারী হয়েই আছেন। কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করে সম্পত্তিগুলি উদ্ধারের জন্য আমরা সচেষ্ট হবো।

(ঘ) সরকারী উদ্যোগে স্থাপিত কলোনীগুলিতে প্রায় ৮৭০০ জন উদ্বাস্তু বস্তিজমি জবরদখল করে আছেন। তাঁদের উচ্ছেদ করা বর্তমান সরকারের নীতি নয়, কাজেই তাঁদের জবরদখল নিয়মিতকরণের ব্যবস্থা করা হবে।

(ঙ) ভারতীয় ছিটমহল থেকে আগত শরণার্থীদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করেছেন। তাঁদের পুনর্বাসনের কাজ এবছর সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(চ) আংশিক পুনর্বাসন যাঁরা পেয়েছেন, সেরূপ প্রায় ১২,০০০ উদ্বাস্তু পরিবারের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য মুর্গি পালনের একটি প্রকল্প কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে। তাঁরা অর্থ মঞ্জুর করলে এই প্রকল্পটি বর্তমান বৎসরে আংশিকভাবে রূপায়িত করা সম্ভব হবে।

(ছ) উদ্বাস্তুগণের কর্মনিযুক্তির পথ প্রশস্ত করবার উদ্দেশ্যে সরকার ৭ টি শিল্প-উপনগর স্থাপন করতে এবং ঘনবসতি উদ্বাস্তু এলাকায় শিল্পোন্নয়ণ করতে উদ্যোগী হয়েছেন। অধিকন্তু কর্মসংস্থান সম্ভব হলে জাতীয়কৃত ব্যাংকগুলি থেকে গৃহীত ঋণের সুদপরিশোধ বাবদ ভর্তুকি মঞ্জুর করা যাবে। তা ছাড়াও উৎসাহমূলক সুযোগ সুবিধার ব্যবস্থা থাকবে। ১০.২৩ কোটি টাকার এই প্রকল্পটির জন্য সরকার ৩.৫৩ কোটি টাকা দেবেন এবং একে রূপায়িত করতে দু'তিন বছর সময় লাগবে।

(জ) প্রতি বছর ৪৪৮ জন উদ্বাস্তু মহিলাকে বৃত্তিমূলক শিক্ষাদানের জন্য আমরা একটি শিল্পশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন করতে ও কিছু নামকরা বেসরকারী প্রতিষ্ঠানকে আর্থিক সাহায্য দিতে চাই। তা ছাড়া, প্রচুর চাহিদা আছে এরূপ বৃত্তি বিষয়ে উদ্বাস্তু বালক বালিকাদের প্রশিক্ষণের সুবিধা দানের উদ্দেশ্যে ঐ ধরণের আরো কিছু প্রকল্প রচনা করা হবে।

(ঝ) ২৭,০০০ উদ্বাস্তু মৎসজীবী পরিবারের আর্থিক অবস্থার উন্নতিকল্পে রাজ্যের উপকূলবর্তী ও অভ্যন্তরস্থিত জলাশয়ে মৎস্যচাষের উন্নয়ণ সম্পর্কে একটি প্রকল্প রূপায়ণের চেষ্টা করা হবে।

(ঞ) ১৯৬৪ সালের ১লা জানুয়ারীর পরে আসা ৬ লক্ষ উদ্বাস্তু সরকারের কাছ থেকে কোনোরকম পুনর্বাসন সাহায্য না পেয়ে পশ্চিমবঙ্গে বসবাস করছেন। তাঁদের অনেকেই অপুষ্টি, স্বাস্থ্যহীনতা ও যক্ষ্মাদি রোগে ভুগছেন। সেজন্য ৫৩৭ টি অ-যক্ষ্মা এবং ১০৩ টি যক্ষ্মা আরোগ্যশয্যা নবাগত উদ্বাস্তুদের জন্য সংরক্ষিত হবে। পুরাতন উদ্বাস্তুদের জন্য স্থাপিত আরোগ্য শয্যার মান উন্নয়ন করা হবে এবং বহির্বিভাগীয় ও আভ্যন্তরীণ চিকিৎসার সুবিধা বাড়ানো হবে। ২.৬৯ কোটি টাকার এই প্রকল্পটি ৪.৫ বছরের মধ্যে রূপায়িত করা হবে।

[10-00—10-10 a.m ]

(ট) পুনর্বীক্ষণ সমিতির সুপারিশ অনুযায়ী ভারতসরকার নবাগত উদ্বাস্তুগণের জন্য ২.০৪ কোটি টাকা মঞ্জুর করেছেন। তা থেকে গত বছর বিভিন্ন জেলায় ৭২ টি প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে আর, স্কুল কলেজের ১৮০০ ছাত্রছাত্রীকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। বর্তমান বৎসরে আরো ১০০ টি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হবে। নবাগত উদ্বাস্তুদের প্রাথমিক শিক্ষার জন্য এবং ২৫ টি মাধ্যমিক বিদ্যালয় ও ২ টি কলেজে অতিরিক্ত ক্লাসঘর নির্মাণ এবং আসবাবপত্র ও সাজসরঞ্জাম ক্রয়ের জন্য ৪৫.৭৫ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব আছে। ২৩৪৫ জন নবাগত উদ্বাস্তু ছাত্রছাত্রীদের আর্থিক সাহায্য দেওয়া হবে, এজন্য মোট ৬৩ লক্ষ টাকা ব্যয় হতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬১-৬২ সালে উদ্বাস্তু পুনর্বাসনের বকেয়া সমস্যা সমাধানের বিষয়ে ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধিদের মধ্যে যে আলোচনা হয়, তাতে শিবির বহির্ভূত উদ্বাস্তুদের সাহায্য সম্পর্কে তাঁরা একমত হতে পারেননি। ফলে, উদ্বাস্তুদের একাংশ প্রাপ্য

পুনর্বাসন সাহায্য থেকে বঞ্চিত হলেন। পুনর্বীক্ষণ সমিতি এই সমস্যার বিশেষ নিরীক্ষা করে কিঞ্চিৎ অধিক ৬৭০০ পরিবারের জন্য বাস্তুক্রয়, গৃহনির্মাণ ও ক্ষুদ্র ব্যবসায় ঋণ সম্পর্কে সুপারিশ করেছেন। কেন্দ্রীয় সরকার টাকা মঞ্জুর করলে আমরা চলতি বছরে এই পরিবারগুলিকে সাহায্য দানের ব্যবস্থা করবো। আশা করা যায়, এবছরে সুন্দরবনের হেড়োভাঙ্গা ও বর্ধমান জেলার সালানপুরে কৃষিজীবী পরিবারের পুনর্বাসন এবং কলকাতার সহরতলী পঞ্চান্ন গ্রামের কৃষিজীবী পরিবারের পুনর্বাসন প্রকল্প রূপায়িত করা সম্ভব হবে। বর্তমান বৎসরে সরকারী ও জবরদখল কলোনীগুলির উন্নয়নে বিশেষ মনোযোগ দেওয়া হবে। ইতিমধ্যে ৯০ টি সরকারী কলোনীর উন্নয়নের কাজ সম্পূর্ণ হয়েছে এবং আরও ৯৩টির উন্নয়ন সমাপ্তির পথে। নির্মাণ কার্যের মালমশলা যোগাড়ের ব্যাপারে কোনো বাধার সম্মুখীন না হলে বাকি ১৯১ টি সরকারী কলোনী উন্নয়নের কাজ অনেকটা এগিয়ে যাবে। তাছাড়া, কেন্দ্রীয় সরকার টাকা মঞ্জুর করলে কিঞ্চিদধিক ৪০০ টি বেসরকারী কলোনী উন্নয়নের কাজও সুরু হবে। উন্নয়নের কাজ ত্বরান্বিত করার উদ্দেশ্যে আমরা একটি 'রূপায়ণ কক্ষ' ও একটি 'বাস্তুকার কক্ষ' পুনর্বাসন অধিকারে স্থাপন করেছি। 'রূপায়ণ কক্ষ' বিভিন্ন বিভাগের মধ্যে সংযোগ ও সহযোগিতার পথ সুগম করবে এবং 'বাস্তুকার কক্ষ' উন্নয়ন প্রকল্পের রূপায়ণের বাস্তব ক্ষেত্রে যেসব বাধা আসে সেগুলো দূর করে উন্নয়নের কর্মসূচী অব্যাহত রাখতে সচেষ্ট হবে। আশা করা যায় ভবিষ্যতে সমস্ত মঞ্জুরী টাকা যথাসময়ে যথাযথ ব্যবস্থা করার ব্যাপারে ত্রুটি থাকবে না। পুনর্বাসন অধিকারের অধীনে যেসব উৎপাদন কেন্দ্র আছে, তাদের অবস্থা মোটেই সন্তোষজনক নয়। এই কেন্দ্রগুলিকে সুষ্ঠুভাবে পরিচালনার একটি প্রকল্প গৃহীত হয়েছে এবং তদনুসারে কর্মসূচীও রচিত হয়েছে। লাভ-লোকসান পরিহারের ভিত্তিতে কেন্দ্রগুলি চালানোই সরকারের উদ্দেশ্য। আশা করা যায়, দুএক বছরের মধ্যেই উৎপাদন কেন্দ্রের পুনরুজ্জীবন সম্ভব হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের দারুন সংকটময় সময় ছিল বিগত আর্থিক বৎসর। বাংলাদেশ থেকে বন্যা স্রোতের মতো প্রায় ৭৫ লক্ষ শরণার্থী পশ্চিমবঙ্গে আসার ফলে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছিল মানুষের ইতিহাসে কোন দেশে বা কালে তার তুলনা মেলে না। এই রাজ্যের প্রায় সমগ্র প্রশাসন যন্ত্র, বিশেষতঃ সীমান্তবর্তী জেলাগুলির প্রধান, অসংখ্য বিপন্ন নরনারী ও শিশুর ত্রাণকার্যের জন্য একান্তভাবে নিয়োজিত ছিল। বন্যা ঝড় বৃষ্টি ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ তাঁদের দুর্দশাকে সঙ্কের সীমায় পৌঁছে দিয়েছিল। লক্ষ লোকের আশ্রয় শিবির পরিচালনার জন্য প্রায় ১৪,০০০ কর্মী ঐ সময়ে নিয়োগ করতে হয়েছিল। সমস্ত স্তরের সরকারী কর্মচারীদের পরিশ্রমের ফলে আমরা দুঃস্থ শরণার্থীদের ত্রাণ ব্যবস্থা করতে সক্ষম হয়েছিলাম। বাংলাদেশ স্বাধীন হবার পর নির্দ্দিষ্ট সময়ের মধ্যে মাত্র ৩ মাসে ৭৫ লক্ষ শরণার্থীকে স্বদেশে পাঠাবার সর্বাত্মক ব্যবস্থাও সুষ্ঠুভাবে আমরা করতে পেরেছিলাম। শিবির নির্মাণ, খাদ্যদ্রব্য সংস্থান, বস্ত্রদান ও চিকিৎসার ব্যাপারে অসংখ্য বাধা বিঘ্ন ছিল, পরিচালনাও সেই কারণে কোথাও ত্রুটিপূর্ণ ছিল, দুর্নীতির অভিশাপও ক্ষেত্রবিশেষে সেবা ব্যবস্থাকে ব্যাহত করে। কিন্তু তা সত্ত্বেও এরূপ অভূতপূর্ব সংকটময় পরিস্থিতিতে বিদেশী অতিথিদের সেবার কার্যসূচী যে অসাধারণ সাফল্য লাভ করে, দেশবিদেশের প্রত্যক্ষদর্শী গুণিগণ তার অকুণ্ঠ প্রসংশা করেছেন এটা উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের তথা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে বিশেষ গৌরবের বস্তু।

বাংলাদেশ শরণার্থীদের ত্রাণদানের ব্যয় সমস্ত ভারত সরকার বহন করেন এবং এইজন্য তাঁরা কিঞ্চিৎ অধিক ১১০ কোটি টাকা অগ্রিম মঞ্জুর করেন। এ পর্যন্ত প্রায় ৯৭ কোটি টাকা খরচ হয়েছে এবং সমস্ত পাওনা মেটাতে মোট ব্যয়ের পরিমাণ মঞ্জুরী টাকার অনুরূপ হবে মনে হয়। শিবিরের হিসাব সংকলনের কাজ পুরোদমে চলছে এবং শীঘ্রই শেষ হবে বলে আশা করা যাচ্ছে। হিসাব-সংকলন সম্পূর্ণ

হলে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আর্থিক লেনদেনের চূড়ান্ত ব্যবস্থা হবে। শিবির বন্ধ হয়ে যাবার ফলে যে ১৪,০০০ কর্মচারী উদ্বৃত্ত বলে ঘোষিত হন, তাঁদের জন্য বিকল্প চাকুরী ব্যবস্থার আংশিক দায়িত্ব এই বিভাগের উপর ন্যস্ত হয়েছে। আমরা এজন্য একটি নিয়োগ সংস্থান কেন্দ্র স্থাপন করেছি বিভিন্ন সরকারী অফিসে ও সরকারী উদ্যোগে স্থাপিত শিল্প সংস্থায় তাদের নিয়োগ ত্বরান্বিত করবার জন্য সমস্ত বিভাগের সহযোগিতা প্রার্থনা করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার রজত জয়ন্তী বৎসর এসে গেলেও উদ্বাস্তু জনগণের পুনর্বাসনরূপ যে সমস্যার এখনও সম্পূর্ণ বা সন্তোষজনক সমাধান হয়নি সে দারুণ সমস্যার সমাধানে আমি মাননীয় সদস্যদের আন্তরিক সহানুভূতি ও সহযোগিতার জন্য আবেদন জানাচ্ছি। অবশ্য ভারত সরকারের সদাশয়তা ও অর্থানুকূল্য ছাড়া রাজ্যসরকারের পক্ষে বেশী কিছু করা সম্ভব নয় কিন্তু পুনর্বাসনের প্রকল্পগুলি জাতীয় উন্নয়নমূলক; সুতরাং তাদের দ্রুত রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকার অকৃপণ হস্তে অর্থ মঞ্জুর করবেন এরূপ আশা করা স্বাভাবিক। তাঁদের আনুকূল্যে এবং এরাজ্যের জনসাধারণের, বিশেষত উদ্বাস্তু ভাইবোনদের সহযোগিতায় আমাদের সর্বাত্মক প্রচেষ্টা সফল হবে, এবিষয়ে আমার বিন্দুমাত্র সন্দেহ নেই।

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

### Demand for grant No. 38

Major Head : 64—Famine Relief

[10-10—10-20 a.m.]

**Shri Santosh Kumar Roy :** Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs 8,02,60,000 be granted for expenditure under Grant No. 38, Major Head : "6 —Famine Relife" during the year 1972-73

(This is inclusive of Rs. 2,69,70,000 already voted on account in March, **1972.**)

এই খাতে ব্যয় বরাদ্দের মঞ্জুরী চাইবার আগে এই রাজ্যের উপর্যুপরি প্রাকৃতিক বিপর্যয় এবং এ সম্পর্কে যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করা সম্ভব হয়েছে সেই সম্পর্কে আমি কিছু বক্তব্য রাখতে চাই।

আপনি জানেন, বন্যা, খরা, ঝঞ্ঝাবাত্যা প্রভৃতি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে প্রায় নিয়মিত ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ১৯৭১ সালটি সেদিক থেকে ছিল সবচেয়ে দুর্বৎসর। '৬৮-এর বর্ষায় কমপক্ষে ১২টি জেলা বন্যার কবলে পড়েছিল—এই বন্যার প্রাবল্য অতীতের সব নজীরকে ভেঙ্গে চুরমার করে দিয়ে গিয়েছে। এতদিন ধরে এবং এতখানি এলাকা জুড়ে এর আগে পশ্চিমবঙ্গে কোনদিন বন্যা হয়নি। বন্যা হয়েছিল ৭,৯৫৭ বর্গমাইল এলাকা জুড়ে, এর কবলে পড়েছিল ১ কোটি ১০ লক্ষ মানুষ, ৬ লক্ষ ৭ হাজার বাড়িঘর ধ্বসে পড়েছে নতুবা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ২৬ লক্ষ একর জমির ফসল সম্পূর্ণভাবে বিনষ্ট হয়ে যায়। ফসলের ক্ষতি হয়েছে ১২৩ কোটি টাকার মত, আর ঘরবাড়ির ক্ষতির পরিমাণ প্রায় ২১ কোটি টাকা। এর পর এলো ঝঞ্ঝা। '৭১-এর সেপ্টেম্বর ও অক্টোবরে দুবার পশ্চিমবাংলার কয়েকটি এলাকার উপর দিয়ে ঝঞ্ঝাবাত্যা বয়ে গেলো—এতেও ক্ষতি হোল প্রভূত শস্যের। বহু ঘরবাড়ি ভেঙ্গে গেল। এইসব প্রাকৃতিক বিপর্যয়ে ত্রাণ কার্য্যের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে ত্রাণ বিভাগ যথাশক্তি নিয়ে এগিয়ে এসেছে। বন্যাপীড়িত এলাকায় খয়রাতি

সাহায্য দেওয়া হয় ১৪৮'৪৯ লক্ষ টাকা, ঝঞ্ঝা ও বন্যাপীড়িত এলাকায় গৃহ নির্মাণ বাবদ সাহায্য দেওয়া হয় ১৩০'২৩ লক্ষ টাকা। বন্যা বিধ্বস্ত এলাকায় টেষ্ট রিলিফ বাবদ মঞ্জুর করা হয়েছিল ১ কোটি টাকারও বেশী। বিপন্ন চাষীদের মধ্যে কৃষি ঋণ হিসাবে বন্টন করা অর্থের পরিমাণ হচ্ছে সাড়ে তিন কোটি টাকারও বেশী। ১৯৭১ সালের বন্যার জন্যে ত্রাণ ও পুনর্বাসনের জন্য ব্যয় হিসাব করা হয়েছিল ৭৪'৯৫ কোটি টাকা। এই হিসাব কেন্দ্রীয় পর্যবেক্ষক দলের কাছে পেশও করা হয়েছিল। কিন্তু ঐ দলের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেন মাত্র ৩১ কোটি ৫১ লক্ষ টাকা। কিন্তু মঞ্জুরীর ক্ষেত্রে সর্বোচ্চ সীমা নির্দিষ্ট থাকায় কেন্দ্রীয় সাহায্য পাওয়া যায় মাত্র ২৩ কোটি টাকা, এর মধ্যে তিন কোটি টাকা অনুদান হিসাবে এবং ২০ কোটি টাকা পাওয়া যায় ঋণ হিসাবে। এই প্রসঙ্গে আমি সভাকে জানাতে চাই যে, সর্বোচ্চ ব্যয়ের সীমা বেঁধে দেওয়া সাপেক্ষে বড় রকমের প্রাকৃতিক বিপর্যয়ে ত্রাণ বিষয়ে কেন্দ্রীয় সাহায্য সম্পর্কে বর্তমান নীতি হচ্ছে, ২৬১ লক্ষ টাকার পর এই ব্যাপারে যে বাড়তি খরচ হবে (এই পরিমাণ পশ্চিমবঙ্গের জন্য পঞ্চম অর্থ কমিশন নির্দ্দিষ্ট করে দিয়েছেন) তার শতকরা ৭৫ ভাগ কেন্দ্রীয় সরকার সাহায্য হিসাবে মঞ্জুর করবেন। এর মধ্যে ৫০ ভাগ আসবে অনুদান এবং ২৫ ভাগ আসবে ঋণ হিসাবে। বাকী শতকরা ২৫ ভাগ ব্যয়ের দায়িত্ব নিতে হবে রাজ্য সরকারকে। এছাড়া অন্যান্য বিষয়ে রাজ্যের অবস্থা বিবেচনা করে কেন্দ্রীয় সরকার ঋণদানের ব্যবস্থা করবেন। কয়েকটি ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারকে সর্বোচ্চ ক্ষেত্রে সীমা রেখে নতুন করে বাঁধার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আমরা যে অনুরোধ জানিয়েছি, তা আজও রক্ষিত হয়নি। ১৯৭২-৭৩ সালে কেন্দ্রীয় সরকার ১৯৭১ এর বন্যাপীড়িতদের জন্য গৃহনির্মাণ খাতে যদি আরও অর্থ মঞ্জুর না করেন তাহলে বকেয়া ক্ষেত্রে রাজ্য সরকারের পক্ষে টাকা মঞ্জুর করা কোন ক্ষেত্রেই সম্ভব হবে না। এ ব্যাপারে কেন্দ্রের সঙ্গে লেখালেখি চলছে।

গত বছরের বন্যার ফলে গ্রামাঞ্চলের স্থানীয় অধিবাসীদের দুর্দশার জের আজও চলেছে। এই দুর্দ্দশার ভার লাঘব করার জন্য আমাদের সরকার ক্ষমতায় এসেই প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেছে। ক্রমবর্ধমান বেকার সমস্যার এবং প্রচণ্ড খরা এই দুর্দ্দশাকে বাড়িয়ে তুলছে। সমস্ত অবস্থা পর্যালোচনা করে সরকার খয়রাতি সাহায্য বাবদ ঐসব অঞ্চলের জন্য মোট ৫০ লক্ষ টাকা মঞ্জুর করেন। এপ্রিল, মে ও জুন এই তিন মন্দা মাসে ঐ টাকা উক্ত অঞ্চলের মানুষের মধ্যে বন্টনের ব্যবস্থা হয়েছে। বিগত বছরের ঐ সময়ের জন্য খয়রাতি সাহায্য বাবদ দেওয়া হয়েছিল মাত্র ১৫ লক্ষ টাকা। বিগত বছরে দেওয়া হয়েছিল বিভিন্ন জেলার শতকরা ২ ভাগ মানুষকে, কিন্তু এ বছর দেওয়া হয়েছে শতকরা ৫ ভাগ মানুষকে। কিন্তু এতে সমস্যা মেটেনি। মে মাসে কোথাও কোথাও অল্প বৃষ্টি হওয়ায় এবং অধিকাংশ স্থানে একেবারে বৃষ্টি না হওয়ায় অবস্থা ক্রমেই খারাপের দিকে চলে গিয়েছে। শতকরা ৭০ ভাগ থেকে ৯৬ ভাগ বৃষ্টিপাত কম হওয়ায় বিভিন্ন জেলায় খরা অবস্থা প্রকট হয়ে উঠতে থাকে। তার ওপর সৃষ্টি হয় তাপপ্রবাহ, ফলে মাটি ও জলাশয়গুলি শুকিয়ে উঠতে থাকে। এর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে ১৮৮টি থানার অন্তর্গত ২ কোটি ৩ লক্ষ মানুষ। অবস্থা চরমে গিয়ে পৌছয় পুরুলিয়া, বাঁকুড়া জেলা ও মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমা, এবং বীরভূম জেলার কিছু কিছু অংশও। রাজ্যের অর্থমন্ত্রী শ্রীশংকর ঘোষ তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে, এই খরার ফলে আউস ধান ও পাট চাষের গুরুতর ক্ষতি হয়েছে। গ্রীষ্মকালীন ধান ও চৈত বোরো ধানের ক্ষতি সহ কৃষিক্ষেত্রে ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৮০ কোটি টাকা।

খরাজনিত দুর্দ্দশার মোকাবিলা করতে রাজ্য সরকারকে অনন্যোপায় হয়ে ব্যাপকভাবে খয়রাতি সাহায্য ও টেষ্ট রিলিফের কাজ শুরু করতে হয়েছে। সমস্ত জেলাতেই শতকরা ২'৫ জন মানুষকে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে। এছাড়া পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও বীরভূমের

গুরুতর অবস্থার অঞ্চলগুলিতে আরও বেশী লোককে এই খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে গ্রামাঞ্চলের অধিবাসীদের কর্মসংস্থানের জন্য টেষ্ট রিলিফের কাজের ওপর অত্যন্ত জোর দেও হয়েছে। এ পর্যন্ত খয়রাতি সাহায্য পেয়েছেন ৩৮,৬৭,৬২০ ( ইউনিট ) ও টেষ্ট রিলিফের কাজে মাধ্যমে কর্মসংস্থান হয়েছে গ্রামবাংলার কর্মহীন ১,৭৬,৯৬,১৮০ ( শ্রমদিবস ) জন লোকের। আ মনে করি এটা সরকারের কৃতিত্বের অন্যতম নজীর।

টেষ্ট রিলিফের কাজের জন্য খয়রাতি সাহায্য হিসাবে পর্য্যাপ্ত পরিমাণ খাদ্যশস্য, অন্যান্য ব ও কৃষি ঋণ মঞ্জুর করা হয়েছে। এগুলির পরিমাণ হচ্ছে—

| | | |
|---|---|---|
| খয়রাতি সাহায্য | : | ১,৫২ ৪৩,৩৬৬ টাকা এবং ৯২,৩৫০ টাকা মূল্যের ১০০ মেট্রিক ইতালীয় চাল। |
| টেষ্ট রিলিফ | : | ২,৭৪,৯৯,৪৯৩ টাকা এবং ২৫,৩৩,১২৫ টাকা মূল্যের ২৮৫৯ মেট্রি টন রাশিয়ার চাল। |
| অন্যান্য খরচ | : | ১৭,৯৭,৬৭৬ টাকা। |
| কৃষি ঋণ | : | ৫৫,৫৪,০০০ টাকা। |

দুর্গত এলাকাসমূহে টেষ্ট রিলিফের কাজের জন্য এছাড়াও জেলা কর্তৃপক্ষগুলির কাছে CARE কর্তৃপক্ষ ৯,৮০০ মেট্রি টন CARE-এর গম সরবরাহ করেছেন সম্পূর্ণ বিনা মূল্যে। বৃষ্টি আরম্ভ হওয়া অবস্থা কিছুটা স্বাভাবিক হলেও সম্পূর্ণ স্বাভাবিক হতে পারেনি। কেননা বৃষ্টি এখনও পর্যাপ্ত হয়নি আমার মনে হয় খয়রাতি সাহায্য বন্টন ও টেষ্ট রিলিফের কাজ আরও কিছুদিন চালিয়ে যেতে হবে চূড়ান্ত ব্যয় বরাদ্দের দাবীতে ও ৬৪-এফ আর খাতে খয়রাতি সাহায্য বাবদ ১ কোটি ৪২ লক্ষ টাক রাখা হয়েছে এবং টেষ্ট রিলিফ বাবদ রাখা হয়েছে ৩ কোটি টাকা। খরা ত্রাণের জন্য পশ্চিমবঙ্গে জন্য মোট দরকার হবে ৩,০৭৯.৫১ লক্ষ টাকা—এটাই কেন্দ্রীয় পর্যবেক্ষক দলের কাছে জানিয়ে দেওয় হয়েছে। ঐ দলের সুপারিশ অনুযায়ী ১৯৭২-৭৩ সালের জন্য এই উদ্দেশ্যে কেন্দ্রীয় সাহায্যে সর্ব্বোচ্চ সীমা নির্দিষ্ট হয়েছে ৬৮৫ লক্ষ টাকা। এই সীমারেখার ভিত্তিতে কেন্দ্রীয় সরকার ঋ দিয়েছেন মাত্র ১ কোটি টাকা।

[10-20—10-30 a.m.]

কেন্দ্রীয় পর্যবেক্ষকদল বেশ কিছু দেরীতে কয়েকটি খরা পীড়িত অঞ্চল পরিদর্শন করেন ও এই মর্মে সুপারিশ করেন যে, খয়রাতি সাহায্য খাতে ব্যয় যথেষ্ট পরিমাণে হ্রাস করা দরকার এবং ৩০শে তারিখের পর এই বছর কোন ব্যয় করবার দরকার হবে না। বলা বাহুল্য পর্যবেক্ষক দলের সর্ব্বোচ্চ সীমার সুপারিশ ও কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত আমাদের প্রয়োজনের তুলনায় অপর্যাপ্ত। সুতরা যখন যেভাবে খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে আগামী মাসগুলিতে সেইভাবে খয়রাতি সাহায্য চালিয়ে যাওয়া রাজ্য সরকারের পক্ষে খুবই কঠিন হয়ে পড়বে। খরা পরিস্থিতি অপ্রত্যাশিতভাবে চলতে থাকার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে এই বিষয়টি পুনর্বিবেচনার জন্য নতুন করে আবেদন জানানো হয়েছে।

মাননীয় স্পীকার মহোদয়, এখানে উল্লেখ করা বোধ করি অপ্রাসঙ্গিক হবে না যে, ত্রাণ কার্যে সুষ্ঠু প্রশাসন প্রবর্তন এবং দুর্নীতি ও অপচয়রোধের উদ্দেশ্যে বিভিন্ন ত্রাণ কার্য্যে মন্ত্রীসভার সদস্যদের অংশগ্রহণের জন্য কিছু ব্যবস্থা আমরা নিয়েছি। কয়েকটি উল্লেখযোগ্য ব্যবস্থার বিষয় আপনার অবগতির জন্য এখানে জানাচ্ছি :

১। নিম্নলিখিত সদস্যদের নিয়ে অঞ্চল পর্য্যায়ে ত্রাণ কমিটি গড়ার নির্দেশ দেওয়া হয়েছে:

(ক) অঞ্চল পঞ্চায়েত প্রধান,

(খ) অঞ্চলের অন্তর্গত গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষগণ,

(গ) গ্রামসেবক, এবং

(ঘ) অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী,

(ঙ) বিধান সভার সদস্যদের প্রতিনিধি।

অঞ্চল ত্রাণ কমিটির কাজ হচ্ছে—

(১) খয়রাতি সাহায্য, গৃহনির্মাণ সাহায্য ও অন্যান্য সাহায্যের ব্যাপারে কাহারা অগ্রাধিকার পাবেন তার তালিকা প্রণয়ন,

(২) বিভিন্ন ঋণের টেষ্ট রিলিফের কাজের প্রস্তুতির জন্য প্রয়োজন মত পরামর্শ দেওয়া,

(৩) যেসব লোককে টেষ্ট রিলিফের মাধ্যমে কাজ দেওয়া উচিত তাদের তালিকা প্রণয়ন,

(৪) খয়রাতি সাহায্য গ্রহীতার জন্য নির্দিষ্ট ফরমে টোকেন ইস্থ করা।

২। টেষ্ট রিলিফ পরিকল্পনা ও তা কার্য্যকর করার জন্য প্রত্যেক ব্লকে কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে। স্থানীয় এম. এল. এ এই সব কমিটির সদস্য থাকবেন। এসব কমিটির কাজ হবে টেষ্ট রিলিফ পরিকল্পনাগুলির চূড়ান্ত রূপ দেওয়া। কোন পরিকল্পনাটি অগ্রাধিকার পাবে তা স্থির করা, এবং কাজের তত্ত্বাবধান করা এবং ঐ সংক্রান্ত টাকা ও খাদ্য শস্যের যথাযথ সদ্ব্যবহার হচ্ছে কিনা তা বিশেষভাবে লক্ষ্য করা।

৩। ব্লকে কমিটিগুলির সঙ্গে পরামর্শ করে টেষ্ট রিলিফ পরিকল্পনা সংক্রান্ত কাজের জন্য পে মাষ্টার ও মুহুরী নিয়োগের ব্যবস্থা হয়েছে।

৪। ব্লক রিলিফ কমিটিগুলির সঙ্গে পরামর্শ করে তবে বি. ডি. ও-রা স্থানীয় বেকার যুবকদের মধ্যে থেকে পে-মাষ্টার ও মুহুরী নিয়োগ করতে পারবেন। ২৫০ জন কর্মী পিছু ১ জন পে-মাষ্টার ও ২ জন মুহুরী নিয়োগ করা যাবে।

৫। ভালভাবে তত্ত্বাবধান ও ত্রাণ কাজে কড়া নজর রাখার জন্য প্রত্যেক ব্লককে ৪ থেকে ৫টি ভাগে ভাগ করা হয়েছে। প্রত্যেকটি ভাগের জন্য ভারপ্রাপ্ত হচ্ছেন একজন করে এক্সটেনশন অফিসার। বি. ডি. ও ব্লক রিলিফ কমিটির সঙ্গে পরামর্শ করে এক্সটেনশন অফিসারকে কারিগরি বিষয়ে সাহায্যের জন্য ত্রাণ কর্মসূচী অনুযায়ী নলকূপ বসানোর কাজের তত্ত্বাবধানের জন্য প্রত্যেক ভাগের জন্য একজন করে ওভারসীয়ার নিয়োগ করতে পারবেন।

৬। অঞ্চল রিলিফ কমিটিগুলির খয়রাতি সাহায্যের জন্য যে তালিকা প্রস্তুত করবেন ব্লক রিলিফ কমিটিগুলি সেগুলি পরীক্ষা করবেন ও প্রয়োজন মতো সব অদল বদল করতে পারবেন। এই ব্লক কমিটি ব্লকের মধ্যে ত্রাণ কার্য্যে তত্ত্বাবধান করবেন।

৭। টেষ্ট পরিকল্পনায় কারিগরী কাজের তত্ত্বাবধানের জন্য জেলা অফিসাররা দৈনিক বেতনের ভিত্তিতে ইঞ্জিনীয়ারদের নিয়োগ করতে পারবেন। এঁদের বেতনের হার হবে গ্রাজুয়েট ইঞ্জিনীয়ার প্রতিদিন ১২·৫০ টাকা এবং সাব-এসিষ্টেন্ট ইঞ্জিনিয়ার প্রতিদিন ৭·৫০ টাকা হিসাবে।

৮। দুর্গতদের ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়ার ব্যাপারে কোনরকম দেরী করা চলবে না। আমার উপরের বক্তব্যে বোধ করি বোঝাতে পেরেছি যে, নিছক সাহায্য দানের জন্যই আমরা সাহায্য দিতে চাহি না—আমরা চাই কাজের মাধ্যমে সাহায্য দিতে। জেলা শাসকদের তাই নির্দেশ দেওয়া হয়েছে যে, টেষ্ট রিলিফ প্রকল্প যেন স্থায়ী ও উৎপাদন ভিত্তিক হয়।

খরাত্রাণে এ পর্য্যন্ত যা ব্যয় হবে তাতে রাজ্য কোষাগারের উপর রীতিমত চাপ সৃষ্টি হতে বাধ্য। খরার অবস্থার পরিপ্রেক্ষিতে পরিপূর্ণ বর্ষার সময়ও আমরা ভয়াবহ বন্যারও আশংকা করছি। খরার কবলে গ্রাম বাংলার অধিবাসীরা আজ বিপর্যস্ত। এরপর নতুন বিপর্যয়ের মুখে পড়লে তাদের দুর্দশার আর সীমা-পরিসীমা থাকবে না। প্রাকৃতিক বিপর্যয়ে রাজ্যের অর্থনীতি নিঃসন্দেহে বিরাট এক সংকটের মুখোমুখি দাঁড়িয়েছে, বিপর্যয় তাকে শোচনীয়তার পরিস্থিতির দিকে ঠেলে দেবে।

কিন্তু তা বলে নিশ্চেষ্ট হয়ে বসে থাকলে চলবে না। তাই ত্রাণ বিভাগ সেই অনাগত বিপর্যয়ের মোকাবিলা করার জন্য এখন থেকেই প্রস্তুত হচ্ছেন। এই উদ্দেশ্যে ত্রাণ বিভাগ ইতিমধ্যে একটি 'বন্যা ত্রাণ পরিকল্পনা' প্রস্তুত করেছেন ও বিভিন্ন বিভাগের কি করণীয় সেই সম্পর্কে একটি 'গাইড লাইন' তৈরী করেছেন। প্রতিটি দিনের অবস্থার দিকে সরকার কড়া নজর রেখেছেন যাতে নতুন করে প্রাকৃতিক বিপর্যয় জনজীবনে নতুনতর কোন অভিশাপ ডেকে আনতে না পারে।

With these words, Sir, I request the hon'ble Members through you to vote the demand for the year 1972-73.

**Mr. Speaker** : There is no cut motion on Grant No. 48. There are two cut motions on Grant No. 38, one will not be moved and the other cut motion of Shri Nasiruddin Khan is taken as moved.

**Shri Nasiruddin Khan** : Sir, I beg to move that the demand of Rs. 8,02,60,000 for expenditure under Grant No. 38, Major Head : "64-Famine Relief" be reduced to Rs. 100.

**শ্রীশিবপদ ভট্টাচার্য্য** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যে বাজেট আমাদের সামনে উপস্থিত করা হয়েছে সে সম্পর্কে কিছু বলতে গিয়ে প্রথমেই আমাকে বলতে হয় যে, গত ২৫ বৎসর ধরে আমাদের এই উদ্বাস্তু সমস্যাটাকে জিইয়ে রাখা হয়েছে। ২৫ বৎসর ধরে যে টাকাটা এই খাতে ব্যয় করা হয়েছে আমার ধারণা সেই টাকা যদি উদ্বাস্তুদের মধ্যে দাঁড় করিয়ে বিলি করা হত তাহলে এতদিনে উদ্বাস্তু সমস্যা সমাধান হয়ে যেত। আজকে আমরা দেখছি যে উদ্বাস্তু কলোনীতে যেসব মানুষরা রয়েছে তারা আজকে ২৫ বৎসর ধরে পুনর্বাসনের জন্য লড়াই করছে. কিন্তু তাদের উন্নতির জন্য বা সুষ্ঠু পুনর্বাসনের জন্য আজ পর্যন্ত কিছুই করা হয়নি।

[10-30—10-40 a.m.]

আজকে আমার দেশের মধ্যে বহু জবরদখল কলোনী B. T. Road ওপার থেকে ব্যারাকপুরের বেল্টের মধ্যে রয়েছে। সরকার স্বীকৃত কলোনী, যে কলোনীর টাকা কেন্দ্রীয় সরকার ডেভলপমেন্টের মাধ্যমে দিচ্ছেন, কিন্তু আমরা দেখতে পাই যে আজকে ২৫ বৎসর চলে গেল কিন্তু সেই কলোনীর

ডেভলপমেণ্ট আজ পর্য্যন্ত ত্বরান্বিত হচ্ছে না। কোন বাধায় যেন বেঁধে রাখা হয়েছে। সেই কলোনীগুলিকে আজ পর্য্যন্ত চিন্তা হচ্ছে না কিভাবে পুনর্গঠন করা যায়। এ যদি আমরা দেখি, এর মূলগত কারণ রয়েছে, এই যে অকল্যাণ্ড হাউসে সে বিভাগটি রয়েছে তাকে যদি আজকে সংস্কার না করা যায়, তাকে যদি নূতন ভাবে না সাজান যায় তাদের যদি দৃষ্টিভঙ্গীর পরিবর্ত্তন না করা যায়, তাহলে উদ্বাস্তু পুনর্গঠন পশ্চিমবঙ্গে করা অত্যন্ত অসম্ভব। আজকে আমরা মনে করি যে এই উদ্বাস্তু সমস্যাকে যদি আজকে সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যা বলে আজকে যদি এই সরকার না ধরেন তাহলে দেশের মধ্যে যে তাঁরা মনে করছেন যে সন্ত্রাসের রাজত্বকে অবসান করবেন, তাঁরা মনে করছেন আমার দেশকে গরীবী হটাও শ্লোগানের মারফতে তাঁরা দেশকে উন্নতির দিকে এগিয়ে নিয়ে যাবেন তা সম্ভব হবে না। আজকে যদি আমরা দেখি গত তিন বছর ধরে পশ্চিমবঙ্গে যে সন্ত্রাসের রাজত্ব চলছিল, আমরা যদি হিসাব করে দেখি যে সাড়ে তিন হাজারের মত যুবক আজকে নিহত হয়েছেন, তার অধিকাংশ যুবকই হচ্ছে আমাদের এই উদ্বাস্তু যুবক। তারা ঐ সন্ত্রাসবাদের রাজনীতি আজকে এই সন্ত্রাসের শিকার হয়েছে; সুতরাং আজকে এই সরকারকে অত্যন্ত গুরুত্ব দিয়ে আজকে এই উদ্বাস্তু সমস্যার সমাধান করতে হবে। আজকে বুঝতে হবে এই উদ্বাস্তু সমস্যাকে যদি আমি গুরুত্ব দিয়ে সমাধান না করতে পারি তাহলে এই যে সন্ত্রাসের কথা বলছেন, ঐ যে C, P. M. কে রাজনৈতিক দিক দিয়ে তাকে যে খতম করার কথা বলছেন তা সম্ভব নয়। আজকে গত ২৫ বৎসর ধরে আজকে আমরা জানি, উদ্বাস্তু কলোনীর আমরা যারা যুবক রয়েছি আমরা জানি কিভাবে সেখানে ধুকে ধুকে কিভাবে যুবকরা মৃত্যুর কোলে দাঁড়িয়ে রয়েছে। আজকে সরকারের একটা দৃষ্টিভঙ্গীর দরকার। আজকে সেই দৃষ্টিভঙ্গী আমরা দেখেছি গত ২৫ বছর ধরে সরকারের ছিল না। আজকে দরকার হয়েছে, কেন এর development হচ্ছে না, কি কারণে বাধা রয়েছে, কেন সেই টাকা এতদিন কেন্দ্রীয় সরকার grant করেছেন আজ পর্য্যন্ত সেই উদ্বাস্তু কলোনীর development কোথায় আটকে রয়েছে। আজকে সেই দৃষ্টিভঙ্গীর আশা করেছিলাম এই সরকার একটা নূতন দৃষ্টিভঙ্গী দেবেন, সেই দৃষ্টিভঙ্গী হচ্ছে ঐ যে ১৯৫০ সালের পর থেকে যে কলোনীগুলি আজকে সমস্ত পশ্চিমবঙ্গব্যাপী রয়েছে, অন্ততঃ এই বাজেট বক্তৃতায় আমরা আশা করেছিলাম যে তাদের স্বীকৃতির কথা থাকবে। দীর্ঘদিন ধরে ১৯৫০ সাল থেকে আজকে এই বাজেট বক্তৃতায় আমরা আশা করেছিলাম যে তাদের স্বীকৃতির কথা থাকবে, আজকে এই দীর্ঘ দিন ধরে ধুঁকে ধুঁকে সেই কলোনীর মানুষগুলি মরছে কিন্তু তাদের কথা, তাদের পুনর্বাসনের কথা তাদেরকে আমরা চিন্তা করছি না। ১৯৫০ সালের আগে যেসমস্ত কলোনীগুলি হয়েছে সেই কলোনীগুলির ব্যাপারে আজকে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন স্বাধীনতার রজত জয়ন্তীর উৎসবে তাদের জমিস্বত্ব, বাস্তুর স্বত্ব আমরা তাদের দেবো। কিন্তু আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চেষ্টা করছি যে আজকে তিনি কি জানেন না যে এমন জমি রয়েছে যাদের অর্পণপত্র দেওয়া হয়েছে। সেই জমিতে তারা বাড়ী করছে, তারা মোটামুটি বাস করছে, কিন্তু আজ পর্য্যন্ত সেই জমির যে স্বত্ব, stamp কাগজপত্র, তা এখন পর্য্যন্ত acquire করা হয়নি। তাদের অর্পণপত্র দেওয়া হয়েছে কিন্তু জমি এখন পর্য্যন্ত acquire করা হয়নি, এই ২৫ বছরেও সেই জিনিস হয়নি। সুতরাং হিসাব করে আপনি দেখবেন যদি আপনি জমি acquire না করেন সেই জমি যদি Certification Department-এ বা অন্যের কাছে যদি থাকে আজ যে আপনার শুভ প্রচেষ্টা তা শুভ প্রচেষ্টাই হয়ে থাকবে বাস্তবে তা পরিণত হতে পারবে না। তাই আজকে ঘোষণা করতে হবে যে আপনি এই যে ১৯৫০ সালের আগে যে জমি সরকারে স্বীকৃত হয়েছে কত দিনের মধ্যে আপনি তাকে acquire করবেন, সেই জমিগুলিকে আপনার Departmentএ নিয়ে নেবেন। আজকে উদ্বাস্তু কলোনীর যে অবস্থা দেখা যাচ্ছে যে

মিউনিসিপ্যালিটির মত এলাকায় উদ্বাস্তু কলোনী রয়েছে, তাঁরা বাস করছেন, হাজার হাজার টাকা তাঁরা Municipal tax দিচ্ছেন কিন্তু তাদের যে development তা Municipality কানাকড়ি দিচ্ছে না।

কেন্দ্রীয় গভর্ণমেন্টের সহায়তায় যে কলগুলি দেওয়া হয়েছিল আপনি জানেন সেই হাতকলগুলি আজকে ২ বছর ধরে অকেজো হয়ে রয়েছে। তারপর থেকে কোন জলের ব্যবস্থা সেই কলোনীতে নেই এবং জলের অভাবে কলোনীগুলিতে হাহাকার পড়ে গেছে। কেন্দ্রীয় সরকারই হোক বা উদ্বাস্তু ডিপার্টমেন্টেই হোক এ সম্বন্ধে কোন প্রচেষ্টাই তাদের পক্ষ থেকে করা হচ্ছে না। সেইসব কলোনীগুলিতে নূতন টিউবওয়েল বসাবার ক্ষেত্র রয়েছে। আপনাকে আজকে ঘোষণা করতে হবে ১৯৫০ সালে যে কলোনীগুলি হয়েছিল তা কতদিনের মধ্যে এই সরকার ডেভলপমেন্ট করতে পারবেন বা কতদিনের মধ্যে এই সরকার করবেন। ১৯৫০ সালে কলোনী গঠিত হয়েছে বাংলাদেশে এর কম হাজার হাজার কলোনী রয়েছে, আজকে মানুষের মাথা গুঁজবার স্থান সেখানে নেই, এই কলোনীগুলোকে অবিলম্বে স্বীকৃতি দেবেন এটা ঘোষণা করার প্রয়োজন আজকে রয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমরা নিচ্ছি। আজকে মাননীয় মন্ত্রী সন্তোষ রায় মহাশয় যিনি এই বিভাগে রয়েছেন তিনি শেষ উদ্বাস্তু মন্ত্রী এটা যদি ঘোষণা থাকত তাহলে এই বৈপ্লবিক পরিবর্তনের আখ্যা এই বাজেটকে দিতে পারতাম। কিন্তু সেরকম কিছু দেখতে পাইনি। উদ্বাস্তু সমস্যার কোন সমাধান আমরা দেখতে পাচ্ছি না। এইসব দেখে মনে হচ্ছে বাংলাদেশের ওপার থেকে উদ্বাস্তু নাম নিয়ে যারা এসেছে তাদের যাতে উদ্বাস্তু নাম থাকে সেরকম প্রচেষ্টাই যেন চলে আসছে। দ্বিতীয়তঃ আমি যা দেখতে পাচ্ছি সরকার পুনর্বাসনের জন্য যে সমস্ত কলোনীগুলিকে স্বীকৃতি দিয়েছেন সেই কলোনীর দিকে তাকিয়ে দেখছি সেখানে রাস্তাঘাট, পানীয় জল, ইলেকট্রিসিটি ইত্যাদির বন্দোবস্ত সরকার সেই কলোনীগুলিতে করে দিচ্ছেন না এবং করে দেবার চেষ্টাও করছেন না। আমার এখানে আছে সতীন সেন কলোনী। সেখানে রাস্তা ঘাট, ইলেকট্রিকের বন্দোবস্ত করবার জন্য কোন গ্রান্ট দেবার কথা সরকার বিবেচনা করছেন না। আমি জানি পশ্চিমবঙ্গে এরকম বহু কলোনী রয়েছে যেখানে আপনার এই ডিপার্টমেন্ট থেকে এই সব বন্দোবস্ত করার কোন প্রচেষ্টা বা চিন্তা নেই। উদ্বাস্তু সমস্যাকে গুরুত্ব সহকারে যদি নজর না দেন তাহলে আপনাদের সদিচ্ছা কাগজে কলমেই থেকে যাবে। আমি জানি উদ্বাস্তু ডিপার্টমেন্টে বিভিন্ন বিভাগ ঘুরেছি, আমি জানি কিছু কিছু ভাল অফিসার আছেন যাঁরা এই কলোনীগুলি সংস্কার করবার জন্য চেষ্টা করছেন। কিন্তু আপনার ডিপার্টমেন্টকে যদি নতুনভাবে ঢেলে সাজতে না পারেন তাহলে উদ্বাস্তু সমস্যার সমাধান করা যাবে না। আমি বহুজায়গায় দেখেছি এই ডিপার্টমেন্টের অকলাণ্ডে কিছু ঘুঘু আছে এবং কলোনীগুলিতে কিছু বাস্তুঘুঘু আছে এই দুই মিলে উদ্বাস্তু সমস্যা যাতে কোন ডেভলপমেন্ট না হয় এই ধরনের প্রচেষ্টা তারা চালিয়ে থাকে। তারা চায় দুর্নীতির আশ্রয় নিয়ে যাতে স্থায়িভাবে বসবাস করতে পারে, এই অবস্থা আমি দেখতে পেয়েছি। আমি জানি কলোনীগুলির ডেভলপমেন্টের জন্য সি. এম. ডি. এ বিভিন্ন জায়গায় কিছু কিছু কাজ করছে। কিন্তু কলোনীগুলিতে বিভিন্ন ধরণের কমিটি আছে, সেই কমিটিতে রাজনৈতিক দলাদলির ফলে তার কোন প্লান করতে পারেনা যার জন্য ডেভলপমেন্ট ব্যাহত হয়। সেসব কথা শুনলে হাসি পায়। সেখানে স্থানীয় এম. এল এ রয়েছেন, বিভিন্ন ইঞ্জিনিয়ার রয়েছেন। আমি মনে করি সি এম ডি এ যেভাবে কাজ করতে চায় সেইভাবে ত্বরান্বিত করার চেষ্টা যদি করতে পারা যায় তাহলে কলোনীগুলির ডেভলপমেন্ট-এর কাজ ত্বরান্বিত হতে পারে।

দ্বিতীয়তঃ যে সমস্ত রিহ্যাবিলিটেশন সেণ্টারগুলি রয়েছে সেই সব সেণ্টারগুলির অবস্থা কি? বিভিন্ন জায়গায় দেখেছি কেন্দ্রীয় গভর্ণমেণ্ট থেকে রিক রয়েছে, বিরাট পরিকল্পনা তাদের রয়েছে, সেই সব বিভিন্ন জায়গা থেকে উঠিয়ে নেওয়া হচ্ছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের নিকট এই আবেদন করবো যে তিনি এদিকে নজর দিন, এই সমস্ত সেণ্টারগুলিতে যেসমস্ত জিনিসগুলি গড়ত, তৈরী করত সেই সমস্ত ব্যাপারে যদি বাংলা গভর্ণমেণ্ট দায়িত্ব নেন তাহলে সেইসব সেণ্টারগুলি ভালভাবে আবার দাঁড়াতে পারে।

[10-40—10-50 a.m.]

সুতরাং আজকে আমার বক্তব্য হচ্ছে এই যে, উদ্বাস্তু সমস্যার যে মুল সমস্যা তার যদি সমাধান করতে হয় তাহলে তাদের Development করতে হবে। ১৯৫০ সালের পর সমস্ত উদ্বাস্তু এসেছেন যারা camp করেছেন, কলোনী করেছেন। যাদের মাথা গোঁজার মত জায়গা নেই, যারা এই সমস্ত এলাকা দখল করে বসে আছেন, তাদের আজকে অবিলম্বে স্বীকৃতি দিতে হবে আজকে আমাদের ঘোষণা করতে হবে যে ১৯৫০ সালের এই সমস্ত কলোনীগুলির, camp গুলির তাঁরা Development করবেন। কি বাধা আছে যে সে বাধা আপনারা দুর করতে পারছেন না, সেটা আপনাদের ঘোষণা করতে হবে। একটা জিনিষ লক্ষ্য রাখা দরকার—এই উদ্বাস্তু সমস্যার সমাধান সম্পর্কে আমি একটা কথা বলবো মাননীয় শ্রীপ্রিয়দাস মুন্সী একটা বক্তৃতা দিয়েছিলেন যে কোন কোন জায়গায় সরকারী আমলাদের জন্য development-এর কাজ বাধা প্রাপ্ত হচ্ছে তাঁরা সরকারী প্রচেষ্টাকে বানচাল করছেন। আমি মনে করি এই দীর্ঘদিন ধরে এ সমস্যাকে জিইয়ে রাখার এই ধরনের একটা প্রচেষ্টা পশ্চিমবাংলায় চলেছে। তাই আমি উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরে যে সমস্ত অফিসার আছেন তাঁদের বলবো যে আপনারা রাজনৈতিক গুরুত্ব উপলব্ধি করুন। আজকে যে বিশেষ অবস্থা দাঁড়িয়েছে এবং বাংলাদেশে যে পরিবেশ, এই পরিবেশে চিরকাল মানুষ বসবাস করতে পারে না, এই অবস্থা চলতে পারে না। আমাদের সরকারের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গিকে কার্য্যে পরিণত করে তাঁরা নূতন নজির দেবেন। তাই আমি একটি বক্তব্য রাখবো যে এই যে সরকার রয়েছেন এই সরকারের যিনি মন্ত্রী তাঁর কাছে আবেদন করবো যে তিনি আজকে এইরূপ একটা পরিকল্পনা Assemblyতে রাখুন যাতে তিনিই হবেন পুনর্বাসনের শেষ মন্ত্রী এই বাংলা দেশে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরজনীকান্ত দলুই**ঃ মাননীয় স্পীকার স্যার, মাননীয় উদ্বাস্তু ও পুনর্বাসন মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে সংক্ষেপে আপনার মাধ্যমে আমি কয়েকটি কথা রাখতে চাই। মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন যে আমাদের দেশের মহান নেত্রী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে আমাদের প্রতিবেশী রাষ্ট্রের আত্মপ্রকাশ করেছিল। আমরা সকলেই জানি যে আমাদের মহান নেত্রীর নেতৃত্বে সম্ভব হয়েছিল—বাংলা দেশ থেকে যে উদ্বাস্তু এসেছিল সেই উদ্বাস্তু সমস্যার সমাধান করবার জন্য তিনি যে প্রচেষ্টা দেখিয়েছিলেন তা আমরা সকলেই জানি। তিনি ভারতকে ও জাতিকে উচ্চ আসনে বসিয়েছেন। ভারত আবার জগত সভায় শ্রেষ্ঠ আসন লবে—তিনি ভারতকে সেই শ্রেষ্ঠ আসনে বসিয়েছেন। মাননীয় স্পীকার স্যার, ১৯৭১ সালে যখন উদ্বাস্তুরা এসেছিল তখন সেই সমস্যার সমাধানকল্পে আমাদের রিফিউজি স্টাম্প দিতে হয়। আমরা জানি যে তিন মাস পরে সেই সমস্ত ৭৫ লক্ষ উদ্বাস্তু তারা ফিরে গেছে। কিন্তু এই সম্পর্কে আমি আবেদন করছি যে আমাদের আজও রিফিউজি স্টাম্প পে করতে হয়। এতে সাধারণ লোকের আর্থিক ক্ষতি হচ্ছে। আপনার মাধ্যমে আমি মন্ত্রী সভাকে এটা চিন্তা করতে বলছি ও ক্যাবিনেটে এ বিষয়ে

আলোচনা করে দিল্লীর সঙ্গে যোগাযোগ করে যাতে এ কর রেহাই হয় সে বিষয়ে চিন্তা করতে অনুরোধ করছি।

মাননীয় স্পীকার স্যার, আজকে স্বাধীনতার ২৫ বছর পরেও দেখতে পাচ্ছি আমাদের দেশে refugee রয়েছে -তাদের আমরা আর refugee বলে অভিহিত করতে চাই না। আমাদের দেশের নাগরিকরা যে সব সুযোগসুবিধা ভোগ করছেন, তাঁরাও যেন সমানভাবে সেইসব সুযোগসুবিধা ভোগ করতে পারেন এদিকে মন্ত্রী মহাশয়ের লক্ষ্য রাখতে অনুরোধ করছি। আমাদের দেশে বহু গরিব লোক রয়েছে, দুঃস্থ গৃহহীন লোক রয়েছে— তারা যে সব সুযোগসুবিধা পেয়ে থাকে, আমাদের উদ্বাস্তু ভাইরা দীর্ঘ দিন এখানে রয়েছে, তারাও যেন এখানকার নাগরিকদের মত সমান সুযোগসুবিধা পায়, এই আবেদন রাখছি। আপনি জানেন স্যার, যে সমস্ত refugee কলোনীতে বসবাস করছে তাদের আর জি-আর না দিয়ে বিভিন্ন কাজকর্মে নিয়োগ করতে Provide করবার চেষ্টা যেন মন্ত্রী মহাশয় করেন। আমরা যেন এর পরে উদ্বাস্তু সমস্যা আছে বলে মনে না করি। আমি আশা করি আগামী দিনে বাজেটে যেন আর উদ্বাস্তু পুনর্বাসনের কথা না আসে এবং তিনি যেন শেষ উদ্বাস্তু মন্ত্রী হন এই আবেদন রাখছি।

এই ডিপার্টমেন্টে Corruption-এর কথা অনেকে শুনেছি। কিছুদিন আগে খবরের কাগজে দেখলাম এই ডিপার্টমেন্টের একজন উর্দ্ধতন অফিসারকে corruption-এর দায়ে চাকরী থেকে discharge করা হয়েছে। অবশ্য আমাদের মন্ত্রীমণ্ডলী যেভাবে এইসব দুর্নীতির বিরুদ্ধে কঠোর ভাবে রুখে দাঁড়িয়েছেন, তাতে আমি আশা করি এই ডিপার্টমেন্টের দুর্নীতি অবিলম্বে দূর হবে এবং অন্যান্য ডিপার্টমেন্টও দুর্নীতি এবং কলুষ মুক্ত হবে। এই দুর্নীতি সম্পর্কে যে ভাবে মন্ত্রীরা সজাগ দৃষ্টি রেখেছেন আমার বিশ্বাস নিশ্চয়ই সমস্ত ডিপার্টমেন্ট থেকে দুর্নীতি ক্রমে ক্রমে চলে যাবে। strong vigilance দরকার।

এই প্রসঙ্গে আর একটা কথা বলি—গতবারে যে সমস্ত উদ্বাস্তু সল্ট লেকে আশ্রয় নিয়েছিল তাদের ত্রাণকার্য্যের জন্য নাকি দু কোটি টাকারও বেশী টাকা হাই রেটে contract দেওয়ার ফলে অপচয় হয়েছে। সেই টাকা কোথায় কিভাবে অপচয় হয়েছে, তার নাকি কোন খবর নাই। এই ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন অবিলম্বে এই সম্পর্কে একটা তদন্ত কমিটি করেন।

তারপর মন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা রেখেছেন তার একটু উল্লেখ করছি।

"প্রতি বছর ৪৪৮ জন উদ্বাস্তু মহিলাকে বৃত্তিমূলক শিক্ষাদানের জন্য আমরা একটি শিল্প শিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন করতে ও কিছু নাম-করা বেসরকারী প্রতিষ্ঠানকে আর্থিক সাহায্য দিতে চাই"।

এই সম্বন্ধে আমার বক্তব্য, আমি আবেদন রাখবো মন্ত্রীর কাছে তিনি যেন যথেষ্ট তদন্ত করে দেখেন সেই সমস্ত বে-সরকারী প্রতিষ্ঠানে কোন দুর্নীতি নাই, কোন দুর্নাম নাই, তারপরে যেন এই selection করেন ও টাকাপয়সা দেন। অনেক প্রতিষ্ঠানকে দেখা যায় যে সাহায্য দেওয়া হয়েছে তা প্রকৃত যোগ্য প্রাপক না পেয়ে কয়েকজন দুর্নীতিপরায়ণ লোক তা পকেটস্থ করেছেন। তিনি যেন সে দিকে লক্ষ্য রাখেন। আমি তাঁকে assurance দিতে পারি তিনি যে সহযোগিতা ও সহানুভূতির কথা বলেছেন আমাদের কাছ থেকে প্রয়োজনীয় সাহায্য, সহযোগিতা ও সহানুভূতি তিনি নিশ্চয়ই পাবেন সকল ব্যাপারে। আমরা চাই এবং আশা করি তিনি এই উদ্বাস্তু পুনর্বাসনের ক্ষেত্রে একটা নূতন নজীর সৃষ্টি করবেন।

[10-50—11-00 a.m. ]

**শ্রীবীরেশ্বর রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি বর্ত্তমানে আমাদের ত্রাণ মন্ত্রী যে বাজেট ভাষণ রেখেছেন সেই বাজেট ভাষণকে আমি স্বাগত জানাচ্ছি। কিন্তু স্বাগত জানাবার সঙ্গে আমার মনে পড়ছে আমার জেলার পরিস্থিতির কথা, বর্ত্তমানে খরাপীড়িত দুর্দশাগ্রস্ত জনসাধারণের কথা। গত পরশু একটি টেলিগ্রাম পেয়েছি এবং আমার জেলার একজন সদস্যের সঙ্গে কথাবার্ত্তাও হয়েছে যে সেখানে এখনও পর্যাপ্ত পরিমাণে বৃষ্টি হয় নি। লোকে খরাক্লিষ্ট অবস্থা চাষবাষ করতে পারছে না। হাহাকার পড়ে গেছে জি, আর-এর জন্য লোকে চারিদিকে ছুটোছুটি করছে। তারা বিভিন্ন ভাবে আন্দোলন করার চেষ্টা করছে। আমরা কথা দিয়ে রেখেছি—অপেক্ষা করুন, আমরা কতদূর কি করতে পারি দেখি কতদূর সাহায্য করতে পারি। এই পরিস্থিতিতে আমরা দেখতে পাচ্ছি প্রথমে যে শতকরা আড়াই জন লোককে সাহায্য দেওয়া হবে কথা ছিল এখন সেখানে দেখছি শতকরা একজন লোককে সাহায্য দেবার ব্যবস্থা করা হয়েছে। এই জেলার এমনই অবস্থা যেখানে আড়াই জন লোকের জায়গায় আরও বেশী হারে টি, আর জি, আর দেওয়া উচিত সেখানে একজন লোককে জি, আর দেওয়ায় এই জেলার প্রতি অন্যায় করা হচ্ছে বলে মনে করি। খরা পরিস্থিতি দেখবার জন্য মাননীয় মন্ত্রী শ্রীঅজিত পাঁজা মহাশয় গিয়েছিলেন এবং এই জেলা সম্বন্ধে তিনি যে রিপোর্ট দিয়েছিলেন আমি মনে করি বর্ত্তমানে মন্ত্রীসভা সেই রিপোর্ট পড়ে দেখেন নি। তিনি অত্যন্ত ধৈর্যের সঙ্গে বিভিন্ন অঞ্চল ঘুরেছিলেন এবং পরিস্থিতি উপলব্ধি করে সেখানে শতকরা ১০ জন লোককে জি. আর দেবার কথা বলেছিলেন। তারপর ঠিক হয়েছিল যে শতকরা আড়াই জন লোককে দেওয়া হবে। কিন্তু এখন দেখছি একজন লোককে দেবার ব্যবস্থা হয়েছে। এটা অন্যায় বলে আমি মনে করি। টি, আর-এর যে ব্যবস্থা করা হয়েছে সেখানে এটা আরও ব্যাপক হারে করা দরকার। তা না হলে সেখানকার লোকেরা দুর্দশার চরম সীমায় পৌঁছে যাবে বলে মনে করি। সেখানে চাষীদের আজ এমন অবস্থা নাই যে তারা চাষ করে। সেখানে চাষের বীজ তারা ফেলতে পারছে না। গরু কিনতে পারছে না। এই সমস্ত গরু কেনবার জন্য যথেষ্ট ক্যাটেল পারচেজ লোন ও ফার্টিলাইজার লোন, গ্রুপ লোন প্রচুর পরিমাণে সেখানে দেওয়া উচিত বলে মনে করি। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এ বিষয়ে দৃষ্টি দেবেন এবং ব্যবস্থা অবলম্বন করবেন। এ ছাড়া রিফিউজি সম্পর্কে আমি দু-চারটি কথা বলতে চাই। পশ্চিম দিনাজপুরে বাংলাদেশের রিফিউজি বিস্তৃর্ণ এলাকা জুড়ে আছে। পূর্ব্ব পাকিস্তান থেকে যে সমস্ত ধাক্কা এসেছিল সেই ধাক্কা আমাদের পশ্চিম দিনাজপুরে এসে পড়ে। এই এলাকায় যেখানে ৬ লক্ষ লোক ছিল বর্ত্তমানে ১৮ লক্ষ লোক বাস করছে, যার জন্য এই জেলাকে ভীষণ দুর্ভোগ ভোগ করতে হয়েছে। সেখানে যে সমস্ত উদ্বাস্তু বসবাস করছে তাদের বসবাসের জন্য সুষ্ঠু ব্যবস্থা করা হয়নি। তাদের জীবিকার কোন ব্যবস্থা করা হয়নি—ঐ সমস্ত রিফিউজি ছেলেমেয়েদের ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে মনে করি না। রিফিউজীদের যে সমস্ত হাউস বিল্‌ডিং লোন দেওয়া হোত বর্ত্তমানে সেই লোন তারা শোধ দিতে পারছে না। আশা করি বর্ত্তমান সরকার সেই লোন মুকুব সম্পর্কে চিন্তা করবেন এবং তার জন্য দৃষ্টি দেবেন। তাছাড়া আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় বিগত যুদ্ধে বাংলাদেশ থেকে যে সমস্ত শরণার্থী এসেছে তাদের সংখ্যা প্রায় ১৭ লক্ষ। এই সমস্ত শরণার্থী যারা এসেছেন এবং ঐখানকার অধিবাসী মিলে একটা ভীষণ অবস্থার সৃষ্টি হয়েছে। এবং সেখানে যে সমস্ত সরকারী কর্মচারী রয়েছেন তাদের কিছু কিছু দুর্নীতি ও অপকীর্তি রয়েছে সে কথা না বলে পারছি না। তার কারণ আমাদের জেলায় সেই সময় যে সমস্ত ডিলার এবং সরকারী কর্মচারী বিলি বণ্টন কার্যে ছিল তাতে বেশ কিছু কারচুপি ছিল।

এই কারচুপির সঙ্গে স্থানীয় কিছু দুরভিসন্ধিপূর্ণ লোক এবং অফিসার জড়িত ছিলেন।

আমি মনে করি তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া উচিত। আমাদের কাছে যথেষ্ট নজীর আছে এবং যথেষ্ট হিসাব আছে যেগুলোর প্রতিবিধান দরকার বলে মনে করি। এর সঙ্গে সরকারী অফিসার, কর্মচারী এবং ডিলাররা জড়িত। এবং তাদের মধ্যে অনেকে দুর্নীতি-পরায়ণ ছিলেন বলে আমি মনে করি।

**শ্রীকান্তিরঞ্জন চ্যাটার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের পুনর্বাসনমন্ত্রী এবং ত্রাণ মন্ত্রী যে ৪৮ নম্বর এবং ৩৮ নম্বরের যে দাবী পেশ করেছেন আমি তা সমর্থন করছি। সমর্থন করে আপনার মাধ্যমে একথা জানাতে চাইছি আজকে বাস্তুত্যাগী কলোনীগুলোতে বাস্তুত্যাগীদের সমস্যা যে অবস্থায় এসে দাঁড়িয়েছে। দীর্ঘদিন এই সমস্যার সাথে যুক্ত ছিলাম এবং আজও পর্যন্ত লক্ষ্য করছি সমাজে উপযুক্ত নেতৃত্ব দিয়ে সমাধানের চেষ্টা করা আমাদের সরকারের তরফ থেকে হয়নি। আজও বহু লোক একথা বলছেন ২০ বছর পরে আপনারা বাস্তুত্যাগী একথা বলছেন কেন? কোন জবাব দিতে গিয়ে যে সমস্যা তাদের রয়েছে সেই সমস্যার সমাধান করে তাদের এই নামটা ঘুচিয়ে দেবার চেষ্টা করতে হবে। আজকে আশার কথা যে আমাদের মন্ত্রী মহোদয় বলেছেন এই রজত জয়ন্তী উৎসবে একটা ছেদ টানতে চলেছি এবং আশা রাখি সেটা হবে। আজকে ২৫ বছর পরে বাস্তুত্যাগীরা মিলিত হয়ে গিয়েছে এবং বাস্তুত্যাগীদের প্রধান সমস্যা ভিটেমাটি ছেড়ে চলে আসার পর সমাজের সাথে মিলিত হবার বড় সমস্যা সে সমস্যা দীর্ঘদিন ধরে রয়েছে কিন্তু তার পরিপূরক সাহায্য সরকারের কাছ থেকে আসে নি। আমি একজন বাস্তুত্যাগী। ১৯৪১ সালের পর দীর্ঘদিন ১০ কাঠা জমি আছে। কিন্তু তার কোন দলিল হাতে নেই যাতে জমিটুকু বন্ধক রেখে কোন রকমে প্রয়োজন হলে সরকারের থেকে কিংবা ব্যাংক থেকে টাকা নেওয়া যায়। এটা শুধু আমার সমস্যা নয়, সকলের সমস্যা। অশোকনগরে যে বিরাট কলোনী করেছে, বারাসাত, বনগাঁয়, বসিরহাটে প্রভৃতি জায়গায় যে কলোনী করেছে, সমস্ত কলোনীতে যাদের বসিয়ে দিয়েছেন তাদের সকলের সমাজের সাথে মিলিত হবার জন্য একটা দলিলের প্রয়োজন আছে বলে মনে করি। আমি কিছুদিন পূর্বে ত্রাণমন্ত্রীর কাছে নিবেদন করেছিলাম এবং তিনি ধৈর্যের সঙ্গে শুনে বলেছেন এইভাবে একটা ব্যবস্থা করবেন। এটা আশার কথা এবং তার বক্তব্য শুনে ভরসা রাখছি। প্রথম এবং প্রধান যেটা জমির দলিল দিয়ে দেওয়া, একথা বলবো, অনেক ক্ষেত্রে আইনের কোর্টে মামলা গিয়েছে, সরকারের অনেক অর্থ গিয়েছে। আশা করি মন্ত্রী মহাশয় একটা কমিটি করে এটা করে দেবেন, তবে আমি এটার জন্য ইনসিস্ট করছি না। যদি মনে করেন আপনার বিভাগকে দিয়ে করাবেন তবে তা করাতে পারেন। তবে বিভাগ সম্বন্ধে বলবো যে বাস্তুত্যাগীদের সমস্যা আজকে তাদের মধ্যে থেকে দিয়ে উপলব্ধি করা পরিলক্ষিত হচ্ছে না। কিন্তু এর প্রতিবিধানের জন্য যখন কমিটি এবং বহু লোক এগিয়ে এসেছিল তখন এই সমস্যার সমাধান করতে তারাও এগিয়ে এসেছিলেন। বাস্তুত্যাগীদের নিয়ে অনেক রাজনৈতিক খেলা হয়েছে। কিন্তু গত নির্বাচনে দেখা গিয়েছে যে বাস্তুত্যাগীরা সম্যক উপলব্ধি করেছে এই জনদরদী মোর্চা তাদের সমস্যার সমাধান করতে পারে। বাস্তুত্যাগীরা ১৯৬৭ সালে আমাদের ছেড়ে দিয়ে নিজেদের দাবী আদায়ের জন্য যারা ভিটেমাটি ছেড়ে এখানে এসেছে তারা তাদের যে জমি পড়ে ছিল আগের পূর্ব পাকিস্থানে তার ক্ষতিপূরণ পায় নি, তারা শিক্ষালাভ করেছে। তারা বলেছে পশ্চিম পাকিস্তানী বাস্তুত্যাগীদের ক্ষেত্রে টাকা দিয়ে করা হয়েছে আর আমাদের বাংলাদেশের সমস্যার সমাধান করা হয়নি।

[11-00—11-10 a.m.]

১৯৫০ সালে ঘর তৈরী করার জন্য যে ৫০০ টাকা করে ঋণ দেওয়া হয়েছিল তাতে সেই সময় একটা রান্না ঘরও করা সম্ভব ছিল না। কাজেই বাস্তুত্যাগীরা সেই ঘর করতে পারেনি। স্যার,

আমার সময় অল্প আমি বেশী কিছু বলছি না, কেবল কয়েকটি সমস্যার কথা বলছি। বাস্তুত্যাগীরা যেসব স্কুল কলেজ করেছে বা তাদের অঞ্চলে যে সব চিকিৎসা প্রতিষ্ঠান করেছে সেগুলির দিকে যেন বিশেষভাবে নজর দেওয়া হয়। তাছাড়া যেসব কলোনী আছে এবং সেখানে যাদের এ্যালটমেন্ট দেওয়া হয়েছে তাদের যেন দলিল দেওয়া হয় বা যারা দীর্ঘদিন সেখানে আছে তাদের যেন এ্যালটমেণ্ট অর্ডার দেওয়া হয়। সেটা মামলায় জড়িয়ে দিয়ে দীর্ঘদিন ফেলে রাখা না হয়। অশোকনগরে যে ৩। হাজার বাড়ী রয়েছে সেখানেও কোন ব্যবস্থা হচ্ছে না, সেখানে এ্যালটমেণ্ট অর্ডার দেবার ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন জানাচ্ছি। স্যার, এই কথা বলে আমাদের প্রিয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন সেটা সমর্থন করে আমি শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভারপ্রাপ্ত ত্রাণমন্ত্রী গ্রাণ্ট নং ৩৮-এ ৮ কোটি ২ লক্ষ ৬০ হাজার টাকার ব্যয়বরাদ্দের অনুমোদন চেয়েছেন। কিন্তু স্যার, প্রথমেই অত্যন্ত ভয় পাচ্ছি এই কারণে যে, যে বিভাগের কমিশনার থেকে শুরু করে এস. ডি. ও পর্যন্ত সমস্ত বিভাগটাই দুর্নীতির কারখানায় পর্যবসিত হয়েছে সেই দুর্নীতির কারখানায় পর্যবসিত বিভাগকে এই ৮ কোটি ২ লক্ষ ৬০ হাজার টাকা দিলে আমরা গরিব মানুষ--বন্যা বিধ্বস্ত, খরাক্লিষ্ট গরিব মানুষের কাছে আদৌ কোন সাহায্য পৌছে দিতে পারবো কিনা। স্যার, এবিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন, মাত্র কয়েক সপ্তাহ আগে এই বিভাগের কমিশনার বি. বি. মণ্ডলকে বরখাস্ত করা হয়েছে। দুর্ভাগ্য আমাদের, এই বিধানসভার সদস্যদের যে কোন কারণের উপর নির্ভর করে, কোন অজুহাতে তাকে বরখাস্ত করা হল বা বি. বি. মণ্ডলের বিরুদ্ধে মূল অভিযোগ কি আমরা সদস্যরা জানতে পারলাম না। দুর্ভাগ্য আমাদের যে বি. বি. মণ্ডল কত কোটি টাকা আত্মসাৎ করেছিলেন, কি কি খাতের টাকা তছরূপ করেছিলেন বা সরকারের টাকা কিভাবে তছনছ করেছিলেন সেটা আমরা, এই বিধানসভার সদস্যরা জানতে পারলাম না। কিন্তু স্যার, অত্যন্ত বিশ্বস্তসূত্রে জানতে পেরেছি যে এই সরকারের একটি বিভাগ অর্থাৎ সরকারী পরিচালনাধীন শিল্প কারখানা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিনের সুপারিশ ক্রমে—তাঁর হাতে এমন একটা চিঠি হস্তগত হয়েছিল যে চিঠির উপর নির্ভর করে তার সুপারিশক্রমে বি. বি. মণ্ডলকে বরখাস্ত করা হয়েছে। অথচ স্যার, সেই চিঠির বিষয়বস্তু কি বা তাতে কেন তিনি সুপারিশ করেছিলেন আজও আমাদের জানতে দেওয়া হলনা। আমি তাই ডাঃ জয়নাল আবেদিনের কাছে এবং মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাবো যে—আশা করি বিধানসভার সদস্যরা আমার সঙ্গে একমত হবেন—সেই চিঠির বিষয়বস্তু কি অবিলম্বে আমাদের জানানো হোক বা সেই চিঠিতে কি কি অভিযোগ আছে আমাদের জানানো হোক। আশা করি আমার অনুরোধ তাঁরা রক্ষা করবেন। তারপর স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয় স্বীকার করবেন বনগাঁর এস. ডি. ও শ্রী কে. এম. নস্কর—লজ্জার কথা, দুর্ভাগ্যের কথা আমাদের এই মহান দেশের মহান রাষ্ট্রপতির কাছ থেকে তিনি পদ্মশ্রী খেতাবে বিভূষিত, সেই কে. এম. নস্কর উদ্বাস্তু ত্রাণের সরঞ্জাম কিনলেন ১। কোটি টাকার উইদাউট এনি টেণ্ডার। একজন এস. ডি. ও এইভাবে ক্রয় করার ক্ষমতা কিভাবে পেল উইদাউট এনি টেণ্ডার তার জবাব ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় দেবেন কি? তা ছাড়া তার এই কার্যক্রমের জন্য তার বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে বিভাগীয় মন্ত্রী সেটা জানাবেন কি? আজকে তাই স্যার, এই ৮ কোটি ২ লক্ষ ৬০ হাজার টাকার ব্যয়বরাদ্দের অনুমোদন দিতে গিয়ে আমরা কিন্তু সত্যি সত্যি অত্যন্ত শংকিত হয়ে পড়ছি এই ভেবে যে, এটা আদৌ সৎভাবে মানুষের প্রয়োজনের জন্য খরচ করা হবে কিনা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই স্বীকার করবেন যে এই ত্রাণ সমস্যাকে আমরা ভাগে ভাগ করতে পারি। একটি হল সর্ট টার্ম, আর একটি হল লং টার্ম। এই সর্ট টা আমরা ক্যাটেল পারচেজ লোন, ফার্টিলাইজার লোন, কো-অপারেটিভ লোন এবং গ্রুপ ে ইত্যাদির মাধ্যমে খরাক্লিষ্ট মানুষদের ত্রাণ সাহায্যে এগিয়ে যেতে পারি। কিন্তু আজ সরক যেভাবে কার্য্য পদ্ধতি চলছে—অর্থাৎ প্রতিটি ব্লকে এই ক্যাটেল পারচেজ লোন, ফার্টিলাইজার ে কো-অপারেটিভ লোন সামান্য যা পাঠান হয়েছে তা দিয়ে, যদি আমরা জনসংখ্যা বিচার ক যাই তাহলে দেখতে পাব প্রয়োজনের তুলনায় খুবই কম, এই খরাক্লিষ্ট মানুষদের খরার মোকা করার কোন সুযোগই পাচ্ছি না। আমি আপনার মাধ্যমে আর একটি সঠিক জিনিস তুলে ধ বাধ্য হচ্ছি। এক একটি কন্সটিটিউএন্সিতে জনসংখ্যা হয়ত ১ লক্ষ ৫০ হাজার, কোথাও আ ১ লক্ষ ৬০ হাজার আছে। আমি বর্ধমান জেলার মঙ্গলকোট নির্বাচনী কেন্দ্র থেকে নির্বা হয়েছি। আমার পাশেই কাটোয়া সাবডিভিসন ও কেতুগ্রাম এই দুটি নির্বাচনী কেন্দ্র আ আমার নির্বাচনী কেন্দ্রে ঐ দুটি নির্বাচনী কেন্দ্রের সমসংখ্যক জনসাধারণ থাকা সত্ত্বেও ঐ নির্বা কেন্দ্র দুটিতে যেখানে দুটি করে ব্লক অফিস আছে সেখানে আমার নির্বাচনী কেন্দ্রটিতে একটি ম ব্লক অফিস আছে, অর্থাৎ আমার কেন্দ্রের জনসাধারণ ৫০% কম বেনিফিট পাচ্ছে সরকারের ব থেকে। কি তাদের অপরাধ, কোন্ অপরাধের জন্য তারা আজকে ৫০% কম বেনিফিট পাবে তারা প্রতিটি ব্লক অফিসারের সাহায্যের মধ্য দিয়ে যতখানি কাজকর্ম পাচ্ছে আমার মঙ্গলকে তার চেয়ে ৫০% কম সাহায্য পাচ্ছে। এর উত্তর কে দেবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ আর একটি গুরুত্বপূর্ণ প্রশ্নের দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার কনষ্টিটিউএ অজয় ও পুনর্ভবা নদী দ্বারা পরিবেষ্টিত। এই দুটি নদীর বন্যার কথা পশ্চিমবাংলার মানুষ জা না, এমন কেউ নেই। স্বাধীনোত্তর ভারতবর্ষে এই দুটি নদীর বন্যায় আমার মঙ্গলকো কনষ্টিটিউএন্সি বিগত ২৫ বছর ধরে বিধ্বস্ত হচ্ছে। আমি সেচ মন্ত্রীর কাছে গিয়ে বলেছিল একটি কনষ্টিটিউএন্সির লোক গত ২৫ বছর ধরে বন্যা-বিধ্বস্ত হচ্ছে অথচ তাদের ত্রাণের কোন ব্যব নেই। এ বিষয়ে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন এ কথা আমি বলেছিলাম। অজয় নদীর এমব্যাংকমে হচ্ছে। কিন্তু দুর্ভোগের বিষয়, আমি আপনার কাছে জানাতে বাধ্য হচ্ছি যে নদীর ধার গ্রামগুলি খালি এমব্যাঙ্কমেন্ট হচ্ছে অর্থাৎ যারা এমব্যঙ্কমেন্ট করছেন সেই কর্তৃপক্ষ বলে যাচ্ছে গ্রামবাসীরা নদীর জলে তলিয়ে যাক। এইভাবে অজয় নদীর বন্যা প্রতিরোধ করা হচ্ছে। গ্রামে মানুষরা যখন বন্যা বিধ্বস্ত হল তখন আমি তাদের পুনর্বাসনের জন্য সেচ মন্ত্রীর সঙ্গে দেখা কর গিয়েছিলাম। তিনি বললেন রিহ্যাবিলিটেসন দপ্তর আমার নয়, তুমি ত্রাণমন্ত্রীর কাছে যাও আমি ত্রাণমন্ত্রীর কাছে গিয়ে মৌখিকভাবে জানালাম। তিনি বললেন এটা আমার দপ্তর নয় এগুলি ক্রাস প্রোগ্রামে হচ্ছে। এই ক্রাস প্রোগ্রাম যারা পরিচালনা করছেন তাদের কাছে যাও আমি তখন রাজভবনে গেলাম, সেখান থেকে ক্রাস প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। তিনি বললে ২০ বছর আগে এই প্রোগ্রাম সাংসান হয়েছে, এখন নূতন করে আর কিছু করা যাবেনা। অজয় আমি তাই ত্রাণমন্ত্রীকে অনুরোধ করছি আগামী বন্যায় সমস্ত গ্রামবাসী বিধ্বস্ত হয়ে যাবেন, তাদে পুনর্বাসনের দায় দায়িত্ব আপনি গ্রহণ করুন। আমি মঙ্গলকোট-এর মানুষের ভোটের দ্বার নির্বাচিত হয়ে আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রীসভার কাছে এই দাবী জানাতে চাই যে বন্যাবিধ্বস্ত গ্রামবাসীদের বন্যার হাত থেকে রক্ষা করতে হবে। এই গ্রামগুলি হচ্ছে সাগিরা, কোগ্রাম, এখানে কুমুদ রঞ্জনের বাড়ী, সাড়ি, ধান্যডুগি, আতকুল, মালিনারা ইত্যাদি এই সমস্ত গ্রামবাসীদের বন্যার হাত থেকে রক্ষা করতে হবে এবং এদের পুনর্বাসনের দায় দায়িত্বের কথা তিনি নিশ্চয় স্বীকার করবেন। আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। সেটা হচ্ছে একদিকে খরা,

অন্যদিকে বন্যা—এই খরা এবং বন্যার মোকাবিলা করতে গেলে শুধু কিছু কিছু টাকা স্যাংসান করলে খরা ও বন্যার মোকাবিলা করা যাবে না, লং টার্ম প্রোগ্রাম খরাক্লিষ্ট মানুষদের জন্য নিতে হবে। সেই লং টার্ম প্রসেস অনুযায়ী সালো পাম্প, ডিপ টিউবয়েল করে মানুষ যাতে ১২ মাস চাষ করতে পারে তার সুবন্দোবস্ত করে দিতে হবে এবং তারা যাতে ১২ মাস কাজ পায় তার বন্দোবস্তও করে দিতে হবে, আর অন্যদিকে বন্যা বিধ্বস্ত মানুষদের রক্ষা করতে হবে এবং প্রতিরোধের দিকে সচেষ্ট হতে হবে। আমি আশা করবো মাননীয় মন্ত্রীমহাশয় সফল হাতে এই বিভাগের দায়িত্ব পালন করবেন এবং এই সমস্ত টাকা তাঁর বিভাগ খরাক্লিষ্ট, বন্যা বিধ্বস্ত মানুষদের জন্য খরচ করবেন এবং তাঁর বিভাগের অফিসারদের পকেটে এই টাকাগুলি যাতে না যায় সেদিকে দৃষ্টি দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-10—11-20 a.m.]

**শ্রীপ্রদ্যোৎ মাহান্তি**ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় রিলিফ ও রিহেবিলিটেশন মন্ত্রী এই হাউসের সামনে প্রায় ২৭ কোটি টাকার মঞ্জুরি চেয়েছেন। উদ্বাস্তু সমস্যা পশ্চিমবাংলার এক বিরাট সমস্যা এই বিষয়ে কারো সন্দেহ নাই। এই সমস্যার সমাধান করা খুবই কঠিন এই বিষয়ে আমি একমত। কিন্তু এই রকম উদ্বাস্তু সমস্যা কেবল পশ্চিমবঙ্গের ভাগ্যেই ঘটেনি, এশিয়ার বাইরেও ঘটেছিল। আমরা যদি দেখি তাহলে দেখতে পাব যে ভারতবর্ষের বাইরে ১০ থেকে ১২ বছরের মধ্যে এই সমস্যার সমাধান করা সম্ভব হয়েছে। সেই ক্ষেত্রে আমরা কি আমাদের ব্যর্থতার কথা স্বীকার না করে পারি? ২০ বছর হলো এখনও উদ্বাস্তু বিভাগ বন্ধ হলো না এই কথা অনেক সদস্যই জোরের সঙ্গে বলেছেন। আমরা এই বাজেটে যে টাকা চাওয়া হয়েছে সেটা আলোচনা করে দেখাতে পারি যে এই উদ্বাস্তু দপ্তর সরকার বন্ধ করতে চান না, তা যদি চান—পশ্চিম জার্মানীর উদ্বাস্তু সমস্যার সমাধান হয়েছে, শুধু তাই নয় পশ্চিম জার্মানীর উদ্বাস্তুরা সেখানকার সম্পদে পরিণত হয়েছে। ওয়েষ্ট জার্মানীতে উদ্বাস্তুরা এসে শিল্পনগরী করে সেখানকার শিল্পকে সমৃদ্ধ করে তুলেছে, সেখানকার বেশীরভাগ পরিকল্পনা সরকারের দ্বারা হয়েছে। আজকে যদি উদ্বাস্তু সমস্যার সমাধান না হয়ে থাকে তার জন্য উদ্বাস্তুদের দায়ী করা চলেনা, এর জন্য সরকারী ব্যবস্থা সম্পূর্ণরূপে দায়ী এই কথা আমি বলব। আপনি জানেন কলকাতার পাশাপাশি উদ্বাস্তুদের কথা অনেকেই ভাবেন, মন্ত্রীমহাশয় তাদের কথা বলেন, সরকারী দপ্তর তাদের কথা বলেন, কিন্তু কলকাতার বাইরে বেশীর ভাগ যারা নীচু জাতের লোক, তপসীলী সম্প্রদায়ভুক্ত জেলে, চাষী, অনেক গ্রামের অক্ষম ব্যক্তি যারা মাথা গুঁজে থাকবার স্থান পাচ্ছেনা গাছের গোড়ায় কোকরে দিনের পর দিন পড়ে আছে কিন্তু সরকারের চক্ষু সেদিকে পড়েনি। তারা দিনের পর দিন অনাহারে, অনিদ্রায়, শীত, রোদ, বৃষ্টিতে কিরকমভাবে মরছে। এই পরিকল্পনার জন্য এই দপ্তরের মন্ত্রীমহাশয় তার বরাদ্দে বলেছেন কিছু কিছু উদ্বাস্তু কলোনীকে তারা বৈধকরণ করছেন—তাতে জমি পাওয়া হলো, আর আজকে জমি পেয়ে তাদের বাড়ী করবার জন্য যে অর্থ প্রয়োজন এবং এই বিভাগ থেকে যে অর্থ দেওয়া হয়েছে, সেই রিফিউজী পরিবারদের কাছে সেই অর্থ কতটুকু পৌছিয়েছিল সেই সংবাদ রাখেন কি? আমরা জানি এই যে রিসেন্ট ইভাকুইর ভারতবর্ষে এসেছিল তার সংখ্যা প্রায় ৭৫ লক্ষের মত, তাদের জন্য খরচ হয়েচে প্রায় ৪০০ কোটি টাকা। কিভাবে এই ৪০০ কোটি টাকা অপচয় করা হয়েছে বা সেই ৪০০ কোটি টাকার সদব্যবহার করা হয়েছে এই কথা মন্ত্রীমহাশয়ের বিবৃতির মধ্যে নাই। আমরা এমনও শুনছি যে আরও রিফিউজী নাকি পশ্চিমবাংলায় আসছে, জানিনা এই কথা কতটা সত্য, তবে মন্ত্রীমহাশয় বলতে পারবেন। এবং কানাঘুষো শুনছি, বাসে ট্রামে শোনা যাচ্ছে যে বাংলাদেশ একটা আইন করছেন, এই

আইনে বলা হয়েছে ৮ বছর আগে যে সমস্ত দলিল করা হয়েছে সেই সমস্ত দলিল নাকচ করা হবে। আপনারা সকলে জানেন যে বেশীর ভাগ জমি নিয়েছেন হিন্দুদের জমি মুসলমান ভাইয়েরা। বাংলাদেশে তারা চাননা যে এই জমি তারা ফেরত পাক। সেজন্য এমন একটা অবস্থা সৃষ্টি করতে চাইছেন যার ফলে হিন্দুরা ফিরে গিয়ে সেখানে থাকতে পারছে না, থাকবার অনুকূল অবস্থা না হলে। আজকে refugee আসতে আরম্ভ করেছে। মন্ত্রীমহাশয়ের বক্তৃতার মধ্যে তার আলোকপাত হওয়া উচিত ছিল। যে কথা পূর্বে বলেছি যে ৭৫ লক্ষ আশ্রয়প্রার্থীর জন্য ৪ শত কোটি টাকা খরচ হয়েছে। সেই খরচ যে অপচয় হয়েছে তা মন্ত্রীমহাশয়ের বক্তৃতায় উল্লেখ নেই। কিছুদিন আগে খবরের কাগজে দেখলাম বর্তমান মাসে যিনি ছিলেন Additional Member of the Board of Revenue তখন তিনি ছিলেন Director-General, Mr. Mondol, তাকে suspend করা হল। পশ্চিমবাংলার মানুষ সরকারকে ধন্যবাদ জানিয়েছে এই জন্য যে এতদিনে একজন উচ্চস্তরের কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করবার ক্ষমতা এই সরকার রাখে, এটা শক্তিশালী সরকার। সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলার বিবেকসম্পন্ন মানুষের মনে ক্ষোভের সঞ্চারও হয়েছে। একটা মাত্র সরকারী কর্মচারীর ঘাড়ে এই ৪ শত কোটি টাকা অপচয়ের দায়িত্ব চাপিয়ে দিয়ে তাকে Scape goat করে অনেক লোককে বাঁচাতে চাইছেন নাতো সরকার এই Suspension order-এর মাধ্যমে? আজকে সরকারের উচিত—আমি জানিনা, সরকারের কোন Charge-sheet না দিয়ে বরখাস্ত করার ক্ষমতা আছে কিনা—Procedural irregularities-এর জন্য আমরা জানি, কাগজে দেখেছি, তিনি মহামান্য হাইকোর্টের আশ্রয় নিয়েছেন। মহামান্য হাইকোর্ট কি আদেশ দেবেন জানি না। সে বিচার করবার কথা আমি এখানে বলতে আসিনি। তাকে যদি Charge-sheet দেওয়া হোত, যদি তাকে defend করবার সুযোগ দেওয়া হোত তাহলে আমরা অনেক খবর পেতে পারতাম, সেগুলি কাগজের মাধ্যমে পাচ্ছি। শুধু একা নয়, বহু উচ্চস্তরের লোক দুর্নীতির সঙ্গে যুক্ত আছে। একটা লোককে Charge-sheet না করে, এই রকমভাবে suspend করাতে যেমন পশ্চিমবাংলার লোক সাধুবাদ জানিয়েছে আবার তেমনি ক্ষোভও প্রকাশ করেছে এই জন্য যে, এর সঙ্গে আরো অনেকে আছেন, তাদের ধরা গেলনা। একটা লোককে scape goat করে সরকার অন্যকে আড়াল করতে চাচ্ছেন নাতো, অথবা আজকে যদি সরকার জনসাধারণের ধন্যবাদই পেতে চান, সরকার যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন তার প্রমাণ করতে চান, আমরা কি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করতে পারি যে এই হাউসের সদস্যদের নিয়ে একটা উচ্চক্ষমতা সম্পন্ন Parliamentary Committee করা হোক এবং প্রয়োজন হলে মহামান্য হাইকোর্টের একজন বিচারককে অনুরোধ করা হোক সরকারের তরফ থেকে তদারকী করার জন্য, তার মাধ্যমে এই যে ৭৫ হাজার উদ্বাস্তুর জন্য সরকারের ৪ শত কোটি টাকা খরচ হয়েছে সেটা যথাযথ ভাবে খরচ হয়েছে কিনা সেটা দেখবার জন্য এটা করা উচিত। তা না হলে পশ্চিমবঙ্গ সরকার জনগণের ধন্যবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের মানুষের ক্ষোভও থেকে যাবে এই সরকারের উপর, এই ৭৫ হাজার উদ্বাস্তুর জন্য ৪ শত কোটি টাকা খরচ করার ব্যাপারে। আর পারলে এই ব্যয় বরাদ্দ মঞ্জুরীর আগে আমি অনুরোধ করবো পশ্চিমবাংলার মানুষের প্রতিনিধি হয়ে আমরা এখানে এসেছি। এই ব্যয় বরাদ্দ দেওয়ার আগে এই পশ্চিমবাংলার মানুষ জানতে চায় এই বিভাগের জন্য যে অর্থ তারা সরকারের হাতে তুলে দিচ্ছেন তার ব্যয় যথাযথভাবে হচ্ছে কিনা? অথচ এই refugee relief এর জন্য যে loan সেটা refugee দের দিয়ে আমরা চিন্তা করিনি এই যে loan দিলাম সেটা কার্যকরী হচ্ছে কিনা, loan দিয়ে শিল্প গড়লেন কিনা বা ঘর তৈরী হল কিনা, বা তারা পেটে খেয়ে ফেললেন কিনা? অবিবেচনার সঙ্গে loan মঞ্জুর করেছেন বলে হয়ত সেটা ছেড়ে দিতে হচ্ছে এবং Grantএ পরিণত করতে হচ্ছে। Refugee Rehabilitation Developement এর loan কে আমি এর পরে আসছি। যেহেতু দুটো ব্যয় বরাদ্দ একসঙ্গে এনেছেন এবং এটা "৩৮-Femine Relief," normal relief

সেই relief এর উপর এই হাউসের মাননীয় সদস্য আমার বন্ধু নাসিরুদ্দিন খান সাহেব একটা cut motion রেখেছেন।

[11-20—11-30 a.m.]

তিনি বলেছেন যে বন্যায়, ঝড়ে বিগত বৎসরে এবং তার পূর্ব বৎসরে অনেক বাড়ীঘর পড়ে গিয়েছিল। বড় লোকের বাড়ী পড়ে যায়নি, বাড়ী যা গ্রামে পড়েছিল সে সবই গরীব মানুষের। গত বৎসর যে বরাদ্দ রেখেছিলেন সে বরাদ্দ প্রয়োজনের তুলনায় হিসাব করলে দেখা যাবে 2/3% ও নয় demandএর। এবার বৃষ্টি নামায় তিনি এবারও প্রবল বন্যার আশঙ্কা করছেন। এই আশঙ্কা করার সঙ্গে সঙ্গে তিনি কি বিবেচনা করছেন ১৯৭১ সালে বড়ে যে সমস্ত গ্রামে গরীব মানুষের ঘর পড়ে গিয়েছিল এক বছর তারা কিভাবে আছে কোন সরকারী সাহায্য না পেয়ে? যেখানে ৬০।৭০ হাজার টাকা দরকার সেখানে এক একটা block ২/১২ হাজার টাকা মাত্র allotment গেছে House Buildings grant এর জন্য। এই grant এর জন্য ১৯৭১ সালের ক্ষতিগ্রস্ত লোকেরা block officeএ দিনের পর দিন ঘুরে বেড়াচ্ছে। Block Officer উত্তর দিচ্ছেন March, April, May, June মাস গেল এবং এই জুলাই মাস পর্যন্ত এই বরাদ্দ এল না। ১৯৭১ সালে যাদের বাড়ী পড়ে গিয়েছিল তারা ২৫।৩০ টাকা আজও পাচ্ছে না। আমার বন্ধু এবিষয়ের উপর যে cut motion এনেছেন তার উপরে তিনি তাঁর বক্তব্য রাখবেন বলে আমি আর বিশেষ কিছু বলব না। Relief-এর নামে বলা হচ্ছে যে মাত্র 2% G.R. দিচ্ছি। একথা ঠিক যে সরকার এবার relief ব্যবস্থার উন্নতি করেছেন। সেখানকার স্থানীয় প্রতিনিধিকে relief ব্যবস্থার সঙ্গে যুক্ত করে অনেক দুর্নীতি দূর করতে পেরেছেন একথা ঠিক। কিন্তু সরকার চিন্তা করেননি যে যারা কাজ করতে পারবে না সেই রুগ্ন, বৃদ্ধ, পঙ্গু, কর্মক্ষম ব্যক্তি তাদের অবস্থা কি হবে? আমি যে constituency থেকে এসেছি মেদিনীপুর জেলার সেই দাঁতন constituencyতে আমি ১৫ দিন আগে গিয়ে দেখেছি যে সেখানকার আদিবাসী মেয়েরা গাছের মূল, পাতা খাচ্ছে। তারা বলল যে ২০ জনের মধ্যে আমরা ১০ জন dole পেতাম, কিন্তু এখন একজনও পাচ্ছি না। অঞ্চল প্রধান বললেন যে সরকার আর ডোল দেবেন না। খয়রাতি সাহায্যের দ্বারা মানুষকে বাঁচিয়ে রাখার নীতি ঠিক নয় একথা সরকার বলছেন। ঠিক কথাই বলেছেন। গাছের পাতা, শাক যারা খাচ্ছে—যা খেয়ে অসুখে মারা যাবার সম্ভাবনা—তাদের কথা এই বাজেটের মধ্যে আলোচনা করা উচিত ছিল। 2% দিচ্ছেন এবং বলছেন যে minimum 5% দেবার ব্যবস্থা করছি বলে বলেছেন। আমি minimum 5% দেবার জন্য বলছি। ১৯৬৬-৬৭ সালে যখন খরা হয়েছিল তখন সরকার 10% to 15% dole দিয়েছিলেন। কিন্তু আজ সরকার মাত্র 2% দিচ্ছেন। আমার জেলায় গড়বেতা ও ঝাড়গ্রামে 5% করেছেন। আজ আমার জেলার যা অবস্থা তাতে সর্বত্র minimum 5% হওয়া উচিত। এই কথা বলে আমি এই যে বরাদ্দ এটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম এবং যে বরাদ্দ রেখেছেন সেইটুকু বরাদ্দও যেন যথাযথভাবে খরচ করা হয় এবং ঠিক সময়ে জনগণের নিকট পৌঁছে দেবার ব্যবস্থা করা হয়। এই কয়টি কথা বলে আমি এই বাজেটের উপর আমার বক্তব্য শেষ করছি এবং মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহোদয় যে বরাদ্দের দাবী করেছেন সেই বরাদ্দ আমি সমর্থন করছি এবং সমর্থন করব এতে কোন সন্দেহ নেই। তবে তাঁর বক্তৃতার মধ্য দিয়ে এতদিন পরে যে আত্মসমালোচনার সুর এবং ব্যর্থতার যে খানিকটা স্বীকৃতি বেরিয়ে এসেছে, সেই ব্যর্থতাকে তিনি যে স্বীকার করেছেন তারজন্য তাঁর ভাষণকে স্বাগত জানাচ্ছি।

স্বাগত জানানর সাথে সাথে আমি এই কথা বলব যে, আমরা একটা সভ্য দেশে বাস করি কিন্তু সে সভ্য দেশে ৭৫টি যে এক্স-ক্যাম্প সাইট, পি এল. হোম আছে সেই শিবিরগুলির দুর্দশা সেটা যাঁর সেখানে গিয়ে দেখে এসেছেন এবং তার আশে পাশে যে সমস্ত সদস্য আছেন তাঁরা ভাল করে জানেন। সেই শিবিরগুলি সুসভ্য মানুষের পক্ষে বসবাসের উপযুক্ত নয়। আপনারা আমার নদীয়া যাবেন, গেলে দেখতে পাবেন কুপার্স ক্যাম্প, ধুবুলিয়া ক্যাম্প মহিলাদের, আমার মা-বোনেদের শালীনতা রক্ষা করা দরকার তা পর্যন্ত রক্ষিত হয় না। সেখানে পায়খানাগুলির ঘরগুলির যা অবস্থ এক একটা গো-ডাউনে ৫০ কি ১০০ কি তারও বেশী পরিবার বসবাস করছে স্ত্রী, বয়স্ক ছেলে-মে নিয়ে মিলিতভাবে একই ঘরের মধ্যে। কিভাবে নরককুণ্ডের মধ্যে বসবাস করছে তা ভাষায় বর্ণ করা যায় না। কলকাতা থেকে বেশী দূরে নয় টিটাগড়ে মহিলা শিবির, সেই শিবিরে বয়স্ক ছে মেয়েরা বসবাস করছে, সেখানে মেয়েদের আবরুর কোন ব্যবস্থা নেই, প্রকাশ্য স্থানে অত্যন্ত কুৎসি ভাবে বসবাস করছে। সেখানে মহিলাদের জন্য যে পায়খানাগুলি রয়েছে তার কোন দরজা নেই দরজা ভাঙ্গা অবস্থায় পড়ে আছে, আমাদের মা-বোনেদের একটা চরম অবস্থার মধ্য দিয়ে চলতে হচ্ছে আমরা আজকে স্বাধীনতার রজত জয়ন্তী পালন করতে যাচ্ছি। যাঁরা শহীদ হয়েছেন স্বাধীনতার জ তাঁদের কথা স্মরণ করতে যাচ্ছি, কিন্তু সেই স্বাধীনতার যারা বলি তাদের জন্য যে আশ্রয় শিবির সে পি. এল. ক্যাম্পগুলির যা অবস্থা তা ভাষায় বর্ণনা করা যায় না। এই যে বৃষ্টি হচ্ছে এই বৃষ্টি গো-ডাউনের উপরকার টিনগুলি ফুটো থাকায় জল পড়ে, ঘরগুলি ভাঙ্গা, সেখানে কোন রাস্তা নেই উদ্বাস্তুরা তাদের ছেলে-মেয়েদের নিয়ে কুঁকড়ে বসে থাকে। আমার বিরোধী দলের জনৈক সদ আজকে উদ্বাস্তু সমস্যার ব্যর্থতার কথা বলে গেছেন। ঠিকই যে ব্যর্থ হয়েছে, তার জন্য আমাদে যুক্তফ্রণ্ট আমলের তরুণ সেনগুপ্ত, নিরঞ্জন সেনগুপ্ত, যেমন দায়ী তেমনি তাঁর দলের প্রফুল্ল সেন মহাশ যিনি দীর্ঘদিন উদ্বাস্তুদের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলেছেন, কোটি কোটি টাকা খরচ করেও উদ্বাস্তুদে জীবনে কোন রকম উন্নতি হয় নি সেই প্রফুল্ল সেন মহাশয়ও তেমনি দায়ী, এটা তাঁদের বোঝা দরকার এটা বুঝে সামগ্রিকভাবে মন্ত্রী মহাদয় ব্যর্থতার কথা স্বীকার করেছেন। কেন্দ্রীয় সরকারের তদানীন্ত পুনর্বাসন মন্ত্রী মেহের চাঁদ খান্না যে দৃষ্টিভঙ্গী নিয়ে বলেছেন যে পশ্চিমবঙ্গে উদ্বাস্তু সমস্যা সম্পূর্ণ হ গেছে, উদ্বাস্তু সমস্যা বলে কিছু নেই, যা আছে তা মাত্র বকেয়া সমস্যা, আমরা এই বক্তব্যের সং একমত নই। এটা প্রমাণিত হয়েছে—কেন্দ্রীয় সরকার এন. সি. চ্যাটার্জীর নেতৃত্বে যে রিফিউ কমিটি তৈরী করেছিলেন সেই রিফিউজি কমিটি আমাদের বাংলাদেশ ১৪টি এক্স-ক্যাম্প সাইট পুরা শিবির, ১৯টি আশ্রয় শিবির পি. এল. ক্যাম্প সেগুলি ঘুরে ঘুরে দেখে এসে তাঁদের রেকমেনডেসান রেখে গেছেন তাতেই প্রমাণিত হয়েছে যে বাংলাদেশে যে উদ্বাস্তু সমস্যা রয়েছে সে সমস্যাকে উপেক্ষা করা চলবে না। এদের পুনর্বাসন শুধু কিছু টাকা দিয়ে ঘর করে দিয়ে হবে ন এদের অর্থনৈতিক পুনর্বাসন করতে হবে।

[11-30—11-40 a.m.]

তাঁরা সুনির্দিষ্টভাবে বলে গেছেন বাংলাদেশের কতগুলি জায়গায় যেখানে বেশী বেশী উদ্বা রয়েছে এক্স-ক্যাম্প সাইট-কে কেন্দ্র করে সেখানে শিল্প উপনগরী করবার কথা। আমার কাছে তাঁদে লিখিত রিপোর্ট আছে কিন্তু সময় অভাবে আমি সেটা বিস্তৃতভাবে পড়তে পারছিনা। সুতর কেন্দ্রীয় সরকার যেভাবে বলছেন এটা বকেয়া সমস্যা, এই সমস্যার সমাধান হয়ে গেছে আমি তা সঙ্গে একমত নই। মন্ত্রীমহাশয় এখানে যে ভাষণ দিয়েছেন সেই ভাষণে কেন্দ্রীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টিভঙ্গী ছিল সেই দৃষ্টিভঙ্গীকে অস্বীকার করা হয়েছে দেখে আমি আনন্দিত হয়েছি। আম

আপনাদের সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত আছি। আসুন, আমরা সকলে মিলে এই সমস্ত ছিন্নমূল মানুষ, গৃহহারা মানুষ যারা ওই দেশে তাদের সহায় সম্বল ফেলে এখানে চলে এসেছে তাদের কথা বিবেচনা করে তাদের যাতে সুষ্ঠ পুনর্বাসন হয় তারজন্য বিশেষ দৃষ্টিভঙ্গী নিয়ে কাজে লেগে যাই। আমি আশা করি চতুর্থ পরিকল্পনার ২ বছরের মধ্যে আমাদের একটা টার্গেট নেওয়া হবে অর্থাৎ নির্দিষ্ট সময় বেঁধে দেওয়া হবে যে এই এই কাজ আমরা করব। তিনি বলেছেন আগামী ১৫ই আগস্টের মধ্যে কিছু কাজ করবেন। আমি তাঁকে এর জন্য অভিনন্দন জানাচ্ছি। আমরা চতুর্থ পরিকল্পনার মধ্যে দেখতে চাই যতগুলি পুনর্বাসনযোগ্য পরিবার আছে তাদের পুনর্বাসনের সমস্ত ব্যবস্থা আপনারা করেছেন, অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা আপনারা করেছেন। কুপার্শ ক্যাম্প, ধুবুলিয়া প্রভৃতি যে সমস্ত জায়গায় শিল্প উপনগরী করা যায় সেই কাজ আপনারা করুন। কুপার্শ ক্যাম্পে ৩০০ বিঘা জমি পড়ে রয়েছে যেখানে শিল্প উপনগরী করা যায়। সেখানে আর আই সি একটা সিরামিক ফ্যাক্টরী করেছে যেটা প্রহসন ছাড়া আর কিছুই নয়। একটা পেপার মিল করবার জন্য ৫ লক্ষ টাকা দিলেন এবং রেমণ্ড কোম্পানীর ২ জন ডাইরেক্টর সেই টাকা নিয়ে উধাও হয়ে গেলেন। এরকমভাবে উদ্বাস্তুদের নিয়ে ছিনিমিনি খেলা চলবে না। সুনির্দিষ্ট কর্মসূচী নিয়ে সেখানে শিল্প উপনগরী গড়ে তুলতে হবে ২ বছরের মধ্যে এই সুনির্দিষ্ট দাবী আমি রাখছি। আমি বিশ্বাস করি আগামী ৫ বছরের এই যে মন্ত্রীসভা এই মন্ত্রীসভা যদি আন্তরিকভাবে কাজ করেন তাহলে এই বাংলায় যে সমস্ত উদ্বাস্তুরা এসেছে তাদের স্থায়ী এবং অর্থনৈতিক পুনর্ব্বাসনের ব্যবস্থা হবে এবং যারা পি. এল হোমে থাকবে সেখানে তাদের ভালভাবে রেখে দেওয়া যাবে। যারা পঙ্গু, বিধবা এবং যাদের সাবালক পুত্র নেই তারা অনাথ শিবিরে থাকবে। আমি আবার আপনাদের বলছি এই পুনর্ব্বাসন সমস্যার সমাধান আগামী ৫ বছরের মধ্যে আপনাদের করতে হবে। আমরা যে গণতান্ত্রিক মোর্চা করেছি তার ১৭ দফা কর্মসূচীর মধ্যে আমরা এই উদ্বাস্তু সমস্যার কথা বলেছি। কাজেই আপনারা মনে রাখবেন শিবির উদ্বাস্তুদের সমস্যার সমাধান যদি আমরা না করতে পারি তাহলে ক্যাম্পের ওই যুবকরা, কলোনীর যুবকরা পঙ্গপালের মত দলে দলে আমরা যাতে পরাজিত হই তার জন্য কাজে লেগে যাবে। তারা কিছুতেই এই জিনিস আর বরদাস্ত করবেনা। আমরা দেখেছি সি পি এম বন্ধুরা তাদের আহ্বান জানাত কেন্দ্রীয় সরকার এটা করছেনা, সেটা করছেনা, কাজেই এস তাদের বিরুদ্ধে আন্দোলন লড়ে তুলি। সি পি এম বন্ধুদের সেই আন্দোলনের সঙ্গে আমরা একমত নই। তবে আমি মনে করি তাদের জন্য আমাদের কিছু করণীয় আছে। তাদের সুসংবদ্ধ করে আমরা তাদের কাছে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলনের কথা বলছিনা, আমরা কনষ্ট্রাকটিভ প্রোগ্রাম নিয়ে তাদের কাছে হাজির হতে চাই।

আমরা তাদের কাছে কনষ্ট্রাকটিভ প্রোগ্রাম নিয়ে হাজির হতে চাই। সেইজন্য উদ্বাস্তুরা আর সি পি. এম-এর মধ্যে নেই। সি. পি. এম-এর সঙ্গে তারা এককালে ছিল বহু জায়গায়, বহু ক্যাম্পে, বহু কলোনীর উদ্বাস্তুরা সি. পি. এম-এর সঙ্গে ছিল, কিন্তু আজকে তারা তাদের সঙ্গে নেই। তারা আজকে আমাদের গণতান্ত্রিক প্রগতিশীল মোর্চার পিছনে এসে দাঁড়িয়েছে। অতএব আমি মনে করি আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় আন্তরিকতার সঙ্গে এবং সুষ্ঠুভাবে এই যে ছিন্নমূল বাস্তুহারা ভাইরা যারা ও'দেশ থেকে এসেছেন তাদের সমস্যার সমাধান করবেন। আমি সাথে সাথে কতকগুলি কংক্রীট প্রোপোজাল দিতে চাই। প্রথম হল যে ১৫ই আগষ্টের মধ্যে আমাদের ঘোষণা করতে হবে যতগুলি জমি দিয়েছেন সেই জমিগুলির সব উদ্বাস্তুদের দিয়ে দেবার ব্যবস্থা করতে হবে এবং সেজন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে—এটা আমার ১নং দাবী। ২নং দাবী

করছি যে সমস্ত কোয়ার্টার্স ক্যাম্প সাইট আছে এবং কলোনীগুলির সম্পূর্ণ ব্যবস্থা করতে হ উদ্বাস্তু ভাইদের পুনর্বাসনের জন্য। আমার ২নং দাবী হচ্ছে যে সমস্ত শিবিরে পি এল হো পরিবার রয়েছে আপনারা জানেন দ্রব্যমূল্য বৃদ্ধি হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখে ক্যাশডোল এ ড্রাইডোলের পরিমাণ বাড়াতে হবে। আগেকার রেটে তাদের যে সাহায্য দেওয়া হয় তা তাদের আধপেটাও হচ্ছে না। সুতরাং আমার দাবী হচ্ছে যে ১৫ই আগষ্টের মধ্যে মন্ত্রীমহাশয় সুনির্দিষ্ট ঘোষণা করতে হবে ড্রাইডোলের ও ক্যাশডোলের পরিমাণ বাড়িয়ে দিচ্ছি। মাননী মন্ত্রীমহাশয় বলেছেন, কুপার্সক্যাম্প, ধুবুলিয়া প্রভৃতি আরও কতকগুলি শিল্প উপনগরী—এই শি উপনগরীতে যারা আছেন এখনই সেগুলিকে সরকারের হাতে নিতে হবে এবং সেখানে কি কারখানা খোলা যায় সেটা সরকারকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। নদীয়ার কথা বলতে পা সেখানে যদি কারখানা খোলেন তাহলে ঐখানেই স্পিনিং মিল হতে পারে। স্পিনিং মিল ঐজাতীয় কার্ডবোর্ড মিল হতে পারে। ধুবুলিয়াতে জুট বা নানারকম পাটখড়ি বা আখের ছোবড় বা অন্যান্য জিনিষের কারখানা খোলা যেতে পারে এবং এই কারখানাগুলি ডেভালাপ করলে সম যুবকদের কর্মসংস্থান হতে পারে। এবং সরকারকে এই বিষয়ে চেষ্টা করতে হবে। তাছাড় যেগুলি জবরদখল কলোনী আছে সে সম্বন্ধে আমি বলতে চাই আপনারা অনেকগুলি কলোনি স্বীকৃতি দিয়েছেন, কিন্তু আবার অনেকগুলিকে স্বীকৃতি দেননি। আপনারা এই স্বীকৃতি দেব ব্যাপারে একটা ডেট বেঁধে দিয়েছেন যে যার পরে আর হবে না। কিন্তু আমি বলতে চাই মানুষের জন্য আইন, আইনের জন্য মানুষ নয়। অতএব সেই মানুষগুলি যারা বসেছে তাদে স্বীকৃতি দিতে হবে। আর একটা কথা আমি এখানে বলতে চাই। অনেক জায়গায় ডায়নামা স্কী কৃষকদের পুনর্বসতি দেওয়া হয়েছে। আমি দুটো উদাহরণ দেবো, যেমন বড়গড়িয়া কলোনী আ পাঁচবেড়িয়া কলোনী। কিন্তু তাদের সাড়ে নয় বিঘা করে জমি দেবার কথা তারা তা পায়নি কেউ চার বিঘা, কেউ ছয় বিঘা, কেউ দুই বিঘা পেয়েছে। তাদের আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ৯॥ বিঘা করে জমি দেওয়া হবে, কিন্তু আজ পর্যন্ত তাদের তা দেওয়া হয়নি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই এদের জমি দেবার ব্যবস্থা করুন। যে সমস্ত কলোনী রয়েছ তার ডেভালাপমেন্ট পরিকল্পনা এখনই হাতে নেওয়া হোক্। কলকাতা এবং তার পার্শ্ববর্তী জায়গায় সি. এম. ডি. এ-র আওতায় নিয়ে তাদের ডেভালপমেণ্ট করা যায় এবং তার জন্য সু পরিকল্পনা এখনই গ্রহণ করা হোক্। এই দাবী মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে উত্থাপন করছি শেষ বক্তব্যে আমি বলতে চাই যে আপনারা জানেন যে আর. আই. টি.-র যে অফিস ফ্রি স্কু স্ট্রীটে আছে সেখানে কোটি কোটি টাকা খরচ হচ্ছে উদ্বাস্তুদের নাম দিয়ে। সেখানে কোটি কো টাকা কেন্দ্রীয় সরকারের লোকসান হচ্ছে, কিন্তু তাদের কোন কর্মসংস্থান হচ্ছে না। এই দি যেন মন্ত্রীমহাশয় বিশেষ দৃষ্টি দেন। এই দাবী জানিয়ে আজকে যে ব্যয় বরা মন্ত্রীমহাশয় এখানে উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

[11-40—11-50 a.m.]

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** মাননীয় ও শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ হাউসে উত্থাপন করেছেন সেই ব্যয় বরাদ্দের উপর আমি কিছু বক্তব রাখবো। শুধু মাননীয় মন্ত্রী মহোদয় নয়, হাউসের প্রায় সদস্যই এবার হাউসে দেখছি গ্রামবাংলা সম্বন্ধে সজাগ। এটা খুবই সুখের ও আনন্দের কথা। এমন কি এই হাউসে একজনের মু শুনলাম আমরা নাকি প্রায় ২৮০ জনের ভিতর ২০০ জনই গ্রামবাংলার মানুষ। ইচ্ছা করলে—

যদি সহরে, মন্ত্রী মহোদয়গণ সহরের উন্নতিকল্পে সহরের পরিকল্পনা রূপায়ণের জন্য যথেষ্ট ব্যয়বরাদ্দ করে থাকেন তার বিরোধিতা করার যথেষ্ট ক্ষমতা গ্রাম বাংলার সদস্যরা রাখেন। আমাদের মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় মিঃ রায়, আজকে তাঁর বক্তৃতায় বলেছেন গ্রামাঞ্চলের আদিবাসীদের কমসংস্থানের জন্য টি. আর.-এর কাজের উপর অত্যন্ত জোর দেওয়া হয়েছে। আমি একটা জিনিসে অত্যন্ত অবাক হচ্ছি, আমি নিজে বহুদিন অঞ্চল প্রধান আছি, এই কথাগুলি মন্ত্রী মহোদয়গণরা বলেন কি হিসাবে? আমি আপনার কাছে কাজের একটা ছক দেবো। আজ পর্য্যন্ত কোন অঞ্চলে সপ্তাহে একটার বেশী স্কীম চালু করা সম্ভব হয়নি তাঁদের এবং সেই স্কীমের টাকার অঙ্ক হচ্ছে, স্যার, মাত্র সাড়ে চার হাজার টাকা। এই সাড়ে চার হাজার টাকায় একদিনের বেশী দেড় দিন কাজ করা সম্ভব না। ওঁরা আইন সভায় বসে কাজের ফলক ফলান এটাই অবাক কাণ্ড। আমি জানি আজ পর্যন্ত টি. আর. স্বরু হবার পর এক ৪নং নওয়া অঞ্চলে সাতটি স্কীম মাত্র সবে শেষ হল, ওঁরা বলছেন যে গ্রামবাংলায় যথেষ্ট কাজের ব্যবস্থা করা হয়েছে। এই ধরণের বক্তব্য মাননীয় মন্ত্রী মহোদয়গণ যতদিন রাখবেন ততদিন বাস্তবে সম্ভব হবে না। আমি কিছুদিন আগে রেডিয়োতে শুনছিলাম আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী, মিঃ রায় বলেছিলেন যে ১২ জন মন্ত্রীকে খরা পরিস্থিতি পর্যালোচনার জন্য সমস্ত জেলায় পাঠান হল তাঁরা দেখে রিপোর্ট দাখিল করবেন। খুব সুখের কথা, আনন্দের কথা, তিনি হয়ত এখানে বসে সারা বাংলাদেশের অবস্থা বুঝতে পারেননা। কিন্তু আমি একটা কথা বুঝতে পারিনা সারা বাংলাদেশে এবার একফোটাও বৃষ্টি হলনা।

জ্যৈষ্ঠ মাস তো সম্পূর্ণ শেষ, তবুও এক ফোঁটা বৃষ্টিপাত কোথাও পড়েনি। সেখানে গ্রাম বাংলার অবস্থা কি হওয়া সম্ভবপর তা এখানে বসেই বোঝা যায়। তবুও সঠিক জেলাওয়ারী হিসাবের জন্য তিনি পাঠিয়েছেন। মাননীয় রাষ্ট্রমন্ত্রী শ্রীঅতীশ সিংহ মহাশয় আমার জেলায় ডেপুট হয়েছিলেন। তিনি আমাদের ডেকেছিলেন, আমি উপস্থিত ছিলাম। আমি তাঁকে একটা প্রশ্ন করেছিলাম, আপনি কি দিতে পারেন, আপনার হাতে কি আছে বলুন। তিনি বললেন- আপনি তো জানেন নাসিরুদ্দিন সাহেব, আমরা কেন্দ্রের দিকে তাকিয়ে আছি, কেন্দ্র না দিলে সঠিক কিছু বলা সম্ভবপর নয়। একটা জিনিসে আমি অত্যন্ত অবাক হয়েছি, আমি আশ্চর্য্যান্বিত হয়েছি, তিনি বললেন আমাদের এলেকায় কি লোক মারা গিয়েছে? খাওয়ার অভাবে না মরলে ঠিকমত সাহায্যের জিনিষ পর্যাপ্ত পরিমাণে পৌঁছবেনা। এই হচ্ছে আমাদের হিসাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাটমোশন দেওয়া আছে এবং সেই কাট মোশনে একটা জিনিস বলেছি, এক বছর শেষ হতে চলল, প্রায় এগার মাস হল, প্রচণ্ড যে বন্যা হয়েছে যে বন্যা এবং বৃষ্টিপাত শত বছরেও দেখা যায় না, এটা সরকারী রিপোর্ট, ১০০ বছর যে মানুষ বেঁচে আছেন তাঁরও কথা হচ্ছে ১৯৪৫ সালে বন্যা হয়েছিল, এর চেয়েও বেশী হয়েছিল, বৃষ্টিপাত কিন্তু এই পরিমাণ ছিলনা, দুইয়ের সমন্বয়ে গ্রামীন বাংলার শতকরা ৯০টি কাঁচাবাড়ী সম্পূর্ণ শেষ হয়ে গেছে। এটা কি অস্বীকার করতে পারেন হাউসের সদস্যগণ? এত তাড়াহুড়ো করে সমস্ত রিপোর্ট সংগ্রহ করা হল, আমার মনে হল সমস্ত দান টান দিয়ে বাড়ীঘর তুলে দেওয়া হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতীব বিস্ময়ের বিষয় আজ পর্য্যন্ত শতকরা একটি বাড়ীও তুলে দেবার জন্য সাহায্য প্রদান করা হয়নি। আমরা এখানে বসে অনেক বড় বড় কথা তুলে ধরছি, জানিনা এর ভিতর কোন রাজনৈতিক ইমেজ এর প্রশ্ন থাকে কিনা।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** মাননীয় সদস্য কি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে একথা বলছেন যে এক জনকেও হাউস বিলডিং দেওয়া হয়নি?

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** শতকরা একজনকেও দেওয়া হয়নি একথা বলেছি।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** এখন তো নতুন কথা বলছেন।

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** আই ডু এগ্রি আমি হয়ত স্লিপ অব টাঙে তা বলে ফেলেছি। শতকরা একজনকেও দেওয়া হয়নি এটাই বলছি।

**ডঃ জয়নাল আবেদিনঃ** Do you take the full responsibility to prove it ?

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** আমি পূর্ণ রেসপনসিবিলিটি নিয়ে বলছি যে শতকরা একজনকেও দেওয়া হয়নি।

**শ্রীজ্ঞান সিং সোহন পালঃ** স্যার, উনাকে ছেড়ে দিন, সি, পি, এম-এর সঙ্গে থেকে থেকে তিনি আনব্যালানসড হয়ে পড়েছেন।

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** সত্য কথা বললেই মন্ত্রী মহাশয়রা প্রতিবাদ করছেন, খুব খুশী হলাম, এতেই প্রমাণ হবে কে সি, পি, এম-এর কে সত্য কথা বলে আর কে অসত্য কথা বলে।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংগঠন কংগ্রেস এতদিন ছিল জনসংঘে সঙ্গে, হঠাৎ মুসলীম লীগের সঙ্গে মিশে গিয়েছেন, তার জন্য বুঝতে পাচ্ছিনা।

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** মিশে যাবার কথা আপনার কাল্পনিক।

**মিঃ স্পীকারঃ** He is the sole Member of the Opposition. So with due respect to him I request all the Members to give him a patient hearing.

( নয়েজ )

[11-50—12-00 noon.]

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে বলতে দিতে অনুরোধ করুন। স্বভাবতই সত্য কথা বলছি, তাই ওনারা আঁৎকে উঠছেন, ওঁদের বিঁধছে ওরা অধৈর্য্য হয়ে পড়ছেন। কিন্তু আমার যা বক্তব্য আছে আমি তা বলবো। বলা হয়েছে যে কৃষি ঋণ মঞ্জুর করা হয়েছে। কিন্তু যা মঞ্জুর করা হয়েছে তা পর্যাপ্ত নয়। গভর্ণমেন্ট থেকে বলা হয়েছে যে অনেক টাকা দেওয়া হয়েছে, অনেকে টাকা পেয়েছেন। তিনি পশ্চিমবাংলার একটা হিসাব দেখিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১ কোটি ৫২ লক্ষ ৫৩ হাজার ৩৬৬ টাকা এ পর্যান্ত খয়রাতি সাহায্য হিসাবে বলা হয়েছে। স্যার, পশ্চিমবাংলায় ৪ কোটির উপর মানুষ ও তার মধ্যে তিন কোটির উপর মানুষ গ্রাম বাংলায় বাস করে। এই তিন কোটি লোকের কথা আমি না হয় বাদ দিলাম, ১ কোটা লোকের সাহায্য দেবার কথা আ বাদ দিলাম, আমি ধরে নিলাম যে তাদের সাহায্য নেবার চেয়ে অবস্থা ভাল, তাদের সাহায্য নেব দরকার হয় না এই দু কোটি বা তাদের সাহায্যের কথা যদি ধরা হয় বা দেড় কোটি লোককে য সাহায্য দেবার কথা হয় তাহলে তারা ঐ ১ টাকা করেও পায় না। টি, আর-এর কথা বলা হয়েছে এক একটা অঞ্চলে টি, আর একটুও হয়নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** স্যার, প্রত্যেকটা অঞ্চলে কিছু না কিছু টি, আর-এর কাজ হয়েছে। টি, আর-এ রাস্তা হয়েছে। এরূপ অসত্য কথা বলা হয়েছে। মুর্শিদাবাদ অঞ্চলে অনেক রাস্তা হয়েছে।

( নয়েজ )

**মিঃ স্পীকারঃ** Honourable Members, please take your seat. Don't be so touchy. The hon'ble Minister is here to reply.

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো মাননীয় সদস্যকে আপনারা বলতে দিন। উনি যা খুশী বলুন।

( নয়েজ )

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** স্যার, আমার সময় মুখ্য মন্ত্রী উপস্থিত আছেন এটা খুব ভাল। যদিও তিনি একটু আগে সমালোচনা করে বলেছেন যে আমি নাকি সি, পি, এম-এর সমর্থক। স্যার, ১৯৬৭-৬৮ সালে চালের দর ছিল চার পাঁচ টাকা কিলো। তখন আপনিও বোধ হয় হাউসের সদস্য ছিলেন। কিন্তু তখনও সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা ছিল গ্রামের মানুষের ক্রয় ক্ষমতা ছিল। কিন্তু আজকে দু টাকা চালের দর থাকা সত্বেও মানুষের কেনার ক্ষমতা নেই। আজকে বহু সভ্যরাই আমার সঙ্গে এ নিয়ে আলোচনা করেছেন, কিন্তু জানিনা কেন তারা হাউসে সে কথা অস্বীকার করছেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে কয়েকটি তথ্য এখানে রাখবো, যেভাবে হৈ চৈ করে আমাকে বাধা দেওয়া হচ্ছে আপনি এই হাউসের মালিক আপনি আমাকে protection দিন অনুগ্রহ করে। তাঁরা তো বাধা সৃষ্টি করবেনই।

আজ গ্রামীণ বাংলার মানুষের এত অভাব যে সারা দিন মজুর খেটে খাওয়া যাদের একমাত্র জীবিকার অবলম্বন সেই গ্রাম বাংলার শতকরা ৮০ জন মানুষ সম্পূর্ণ ভাবে খেটে খাওয়ার উপর নির্ভর করে একথা আমরা জানি। খাটুনীর মজুরী পাওয়া মাত্র সেই মুহূর্তে বাড়ী নিয়ে গিয়ে ফ্যামিলী পোষণ, করে এই রকম মানুষের সংখ্যা গ্রামবাংলায় শতকরা ৮০ জন। আপনি যদি গ্রামীণ বাংলার মানুষ বর্তমানে আপনি এখন গ্রাম বাংলায় নাই সেখানকার চিত্র আপনি জানেন কিনা জানিনা, সেখানে গ্রাম বাংলায় একটি অদ্ভুত জিনিস হয়েছে। এর আগে দেখা গেছে চাষীরা ভাল চাষ আবাদ করলো তারপরে মুষলধারায় বৃষ্টিপাতের ফলে এমন ভাবে ঘাস ও ফসল জন্মায় যে সেখানে ডবল লেবার লাগাতে হয় জমির মালিককে। তখন ৩।৪ টাকা লেবারের চার্জ হয়। এবারে যেটুকু বৃষ্টিপাত হয়েছে তা মোটামুটি ভালই হয়েছে, সেখানে সাধারণ ভাবে মুনিষ লাগতো, তার অর্দ্ধেকের আজ প্রয়োজন হচ্ছে না। গ্রাম বাংলায় বারো আনায় কেউ দিতে চাইলে হাজার হাজার মুনিষ এসে হাজির হবে। মজুরী এত কম। আজ সেখানে পর্য্যাপ্ত পরিমাণে টেষ্ট বিলিফের কাজ চালাতে পারলে, এই অবস্থা দাঁড়াতো না। লোকে বাঁচতে পারতো। আজ আমাদের সৌভাগ্য মন্ত্রীদের প্রায় সবাই উপস্থিত আছেন, আমি ত্রাণমন্ত্রীকে বিশেষভাবে বলবো এই চিত্র গ্রাম বাংলায়। আপনি রাইটার্স বিল্‌ডিংস্ ছেড়ে গিয়ে দেখে আসুন এই ঘটনা কতখানি বাস্তব বা অবাস্তব।

আমার কাট মোশানে যা আছে আজ পর্য্যন্ত যাদের বাড়ী পড়ে গিয়েছিল, তাদের শতকরা এক জনও বাড়ী তৈরীর জন্য কোন টাকা পায়নি। আর সেই বাড়ী তৈরীর সাহায্যের টাকার পরিমাণ কত? না, ৩০, ৪০ বা ৫০ টাকা মাত্র। এমন ফ্যামিলী আছে এই সামান্য টাকায় দুবেলার খাবারও হয় না। কাজেই ঐ সামান্য টাকার গ্রাণ্ট দেওয়া হয়েছে। আর বাকী ৯৯ জন লোকের বাড়ী আর উঠলো না। আবার তো বর্ষা আসছে, প্রচণ্ড বর্ষা হলে পর তারা কি করবে? তাদের বাড়ী তৈরীর জন্য আপনার কাছে রিলিফের দাবী জানাচ্ছি। যা সামান্য দেয়াল এখনো আছে তাও শেষ হয়ে যাবে যদি বর্ষায় বাড়ী তৈরীর টাকা না পায়। সেই জন্য আপনার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর যে জি, আর দেওয়া হয়, তার পরিমাণ অতি সামান্য। fortnightly মাত্র চার কেজি গম দেওয়া হয়। তাতে টানাটানি করে বড জোর চারদিন চলতে পারে।

সেখানে ১৫ দিনে ৪ কেজি মাত্র দেওয়া হয়। আজকে ১৭ ইউনিট ফলন বাডাবার কথ বলছে। এই জি, আর এর কোয়ানটিটি বাডাবার জন্য আমি আপনার মাধ্যমে হাউসকে অনুরো করছি। এবং আমাদের মন্ত্রী বলেছেন যে শতকরা জি, আর নাকি ২.৫ হারে দিচ্ছেন। এট সম্পূর্ণ ভুল এবং অসত্য তথ্য। প্রতি জায়গায় এই পরিমাণে আজ পর্য্যন্ত দেওয়া হয় নি এব দেওয়া হচ্ছে না।

[12-00 – 12-10 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে ঃ** আপনি কোন জায়গা তার নাম বলুন।

**শ্রীনাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার ৪ নম্বর নওদ ইউনিয়নে আজ পর্য্যন্ত শতকরা ২.৫ হারে জি, আর দেওয়া হয়নি। আজকে মাননীয় ত্রাণ মন্ত্র মহাশয় এই হাউসের সামনে ব্যয় বরাদ্দের দাবী করেছেন সেই দাবী আমি মানতে পারি না তাই আমি যে কাট মোশান দিয়েছি সেই কাট মোশান আজকে এই হাউসে গ্রহণ করা হো এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Zainal Abedin** : Sir, we have listened to the exhaustive speech of th honourable Member very carefully. Please have him examined by a medica expert ; otherwise he may collapse.

**Mr. Speaker** : Mr. Abedin, you are a responsible and senior Member o the Cabinet and it is expected that you should not be so touchy about hi speech. You are a senior parliamentarian and it is not expected that you wil make such an attack on the sole Opposition Member of the House. I reques the honourable Members of the Cabinet that as senior and more responsibl Members they should not attack the sole speaker of the Opposition.

**শ্রীনাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাক্তার সাহেব যে কথা বলছেন স সময় তিনি তো ডাক্তারীর কথা চিন্তা করেন—তাই সেইটাই তাঁর মাথায় থাকে। তাই এটা বলা খু স্বাভাবিক। এবং যে কটাক্ষ তিনি করেছেন তাতে তিনি এই হাউসকে অবমাননা করেছেন এব আমাকেও অপমান করেছেন। তাই আমি আপনার কাছে সুবিচার প্রার্থনা করছি। তিনি কি এ বলতে পারেন ? তাহলে আমাদেরও বলতে হবে। আপনি বলুন যে হ্যাঁ এটা বলতে পারেন।

**Mr. Speaker :** He has said it lightly, not seriously. I hope the hon'bl Minister did not wish to hurt you by the word. He has said it lightly.

**শ্রীনাসিরুদ্দিন খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন বলবো তখন লাইটলি বলবো—আপনি শুধু বলুন যে হ্যাঁ এটা বলতে পারেন।

**Mr. Speaker** : I ask Dr. Zainal Abedin. to clarify.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** He was exhausted and tired, this much I hav said and nothing else.

**Shri Krishna Kumar Shukla :**

माननीय अध्यक्ष महोदय, त्राणमंत्री महोदयने त्राण-विभाग के लिए इस विधान सभा से जिस रुपये की माग की है, मैं इस माँग का समर्थन करता हूं। समर्थन इसलिए करताहूं कि पश्चिम बंगाल की स्थिति भारतवर्षके दूसरे राज्यों से कुछ अलग-अलग भी है। और अगर पश्चिम बंगाल की स्थिति को विशेष स्थिति के रुप में ध्यान रखकर इस समस्या की ओर सजाग नहीं हुआ गया, तो पश्चिम बंगाल की उन्नति करने का पश्चिम बंगाल की जनता की सेवा करने का सपथ और जो हमलोग यहाँ आये हैं, इस सपथ को हमलोग पूरा नही कर सकते हैं।

अभी थोड़ी देर पहले इस सदन में एक माननीय सदस्य श्री नासिरुद्दीन साहब आपना भाषण दे रहे थे। मुझे उनका भाषण सुनकर बड़ा ताज्जुब हो रहा था। मुझे यह अनुभव हो रहा था कि फिर से एक बार पश्चिम बंगाल के विधान सभा में पश्चिम बंगाल की जनता को याद दिलाने आये हैं कि मुश्लिमलीग पश्चिम बंगाल की राजनीति में मार्क्सवादी कम्मुनिस्टों के साथ है। लेकिन हिन्दुस्तान का इतिहास गवाह है कि दोनों एक दूसरे के साथ कभी नहीं चले ये तो निशेध इसलिए करना चाहते हैं कि यहाँ की सरकार ने जबभी कोई समस्या उठाई है, तभी सपूरे राज्य को—सपूर्ण राष्ट्र को नीचे से उपर झकझोरने की कोशिश इनकी पार्टी ने की है। यह बड़े ही दुर्भाग्य की बात है कि श्री नसिरुद्दीन साहब इस पश्चिम बंगाल के विधान सभा मे अकेले ही विरोधी सदस्य हो कर बैठे हैं। लेकिन कुछ दिन पहले यही सदस्य महोदय इस राज्य के कृषि मंत्री रह चुके हैं।.................. (व्यावधान)

देखिए इण्ट्रपशन मत कीजिए जब आप रहे थे तब मैंने आपको इण्ट्रप्ट नहीं किया है। जब ये मंत्री थे उस समयका इतिहास हमारे सामने है। आज पश्चिम बंगालकी जनता की पश्चिम बंगाल के गाँवों की बड़ी पीड़ा बड़ा दर्द बड़ी वेदना मुश्लिलीग के गले से निकल रही है। जब ये मंत्री की हैसियत से राइटर्स बिल्डिंग में बैठते थे, तब इनकी ये वेदना-ये पीड़ा कहाँ दियी हुई थी? उस समय तो ये साहब रुपये के हिसाब-किताब करने में लगे थे। लेकिन आज दुख और वेदना की बात सुना रहे है। लेकिन हम इनसे इससें ज्यादा आशा भी नहीं कर सकते हैं। पश्चिम बंगाल की जनता के साथ गल्त राजनीति खेलने का समय आब चला गया है।

यह सभी स्वीकार करते हैं कि पश्चिम बंगाल के अधिकांश जिलों सूखा पड़ा है। सूखा पड़ने की बड़ी समस्या आज हमारी सरकार के साम है यों तो सूखा मध्य प्रदेश में भी पड़ा है, और देश के अन्य भागों में भ पड़ता रहता है। लेकिन इसके बावजूद पश्चिम बंगाल में हम आपनी आर्थि स्थिति को ध्यान में रखकर जो कुछ रुपया सहायता के रूप में दे सकते हैं दियो लोगों की सहायता करने में—मदद करने में हमने जरा भी संकोच नह की है। अगर पश्चिम बंगाल में त्राण के लिए और रुपये की आवश्यकत पड़ी, तो हम दूसरे मद से काटकर यहा और भी रुपया देने की कोशिश करें ताकि पश्चिम बंगाल की जनता को राहत मिले। यहाँ की जनता सुख औ चैन से अपना जीवन बिताये। क्यों कि हमलोग इसके लिए बचन बद्ध हैं।

खास करके भारत की प्रधान मंत्री ने जो नया दृष्टिकोण अपनाया है हमलोग उसपर चलने के लिए कटिबद्ध हैं। हमलोगों ने एक नया दृष्टिको आपनाया है, एक नये रास्तेपर चलने का संकल्प किया है। हमलोगों ने य संकल्प लिया है कि देश में किसी को भूखा नहीं रहने देंगे-देश से गरी हटायेंगे-भूखमरी से किसी को मरने नहीं देंगे—समाज के हर आदमी क जीनेका साधन देंगे। आज हम करोड़ों रुपया खर्च करते हैं और करोड़ रुपया खर्च इसलिए करते हैं कि पश्चिम बंगाल की जनता का जीवन म ऊचा उठे। यहाँ की जनता सुख और समृद्धि के पथ पर आगे बढ़े। अ यहाँ की जनता का अभाव हमलोग मिटा पाये, तो हमलोग यह सिद्ध क सकेंगे कि वास्तव में हमलोगों ने जो प्रतिक्षा की है, जो नारे हमलोग लग हैं, सही है।

माननीय त्राण. मंत्री ने जी० आर० और टी० आर० के लिए जि रुपये की माँग की है, उसे तो हमलोग सहर्ष मंजूर करते हैं, क्यों कि पश्चि बंगाल में सूखा हो गया था। लेकिन माननीय मंत्री महोदय का ध्यान ए और आनेवाली समस्या की ओर आकृष्ट करना चाहता हूं, वह यह है अगर पश्चिम बंगाल में बाढ़ आ जाती है तो उस बाढ़ के रोक थाम के लि बाढ़-ग्रस्त लोगों की सहायता ओर सेवा करने की जरुरत आ जायगी। इस लिए अभी से उपयुक्त साधन और सामान इकट्ठा करना पड़ेगा, ताकि मुसी आने के पहले हम आपने आपको तैयार बना सकें और हमने जितनी वादा की हैं, उन वादा ओं से हमें पीछे नहीं हटना पड़ेगा, ह

अपनी सिर और गर्दन नहीं भुकाना पड़ेगा। मैं मंत्री महोदय से अनुरोध करता हूं कि वे जिस विभाग के लिए रुपये की माँग कर रहे हैं, उस बिभाग अग्रिकल्चर आय करने की कोशिश करेंगे। ताकि हमलोग जितनी उम्मीद करते हैं उतनी सेवा हम पश्चिम बंगाल की जनता की कर सकें।

मैं रिलीफ मिनिस्टर से अनुरोध करना चाहता हूं कि यह साल भारतवर्ष की आजादी का २५वाँ साल है। साथ ही यह २५वाँ साल हिन्दुस्तान के विभाजन का भी याद दिलाता है। इस वर्ष १५ आगष्ट की रात को हमलोग यानी सारे भारतवर्ष के लोग सिलभर जुबली मनायेंगे। यह आजादी का जशन-यह आजादी का उत्सब सारा राज्यों मनाएगा। पश्चिम बंगाल के लोग भी इस जशन को उत्सव को मनायेंगे। इसलिए इस समय एक ऐसे वातावरण की-एक ऐसी आबहवा को तैयार करने की जरुरत आ पड़ी है कि जो कैम्पों में रहते हैं-कलोनी में पड़े हुए हैं, जिनके अवस्था बड़ी ही देनीय है उन रिफयुजी शरणार्थी भाइयोंकी सारी समस्याओं का समाधान भारत की इस २५वाँ साल की आजादी के पहले कर सके। शरणार्थी समस्या बोलकर कोई समस्या रह ही नहीं जाती चाहिए। भारत की आजादीकी २५वाँ साल की रजत-जयन्ती पर हम यह घोषणा कर सके कि हमारे प्रदेश में शरणार्थी समस्या बोलकर कोई समस्या ही नहीं रह गई हैं। ताकि कैम्पों में-कालोनियों में घृणित जिन्दगी बिताने वाले लोग, भारत के निवासी इस पुर्नीत अवसेर पर घी के दिए जलायेंगे तो ये शरणार्थी भाई भी जो अभी तक आजादी का आनन्द नहीं ले सकें हैं, वे लोग भी और नागरिकों की तरह पश्चिम बंगाल की आगम जनता के साथ मिलकर-एकाकार होकर घी के दिए जलाये। ये लोक भी एक सभ्य नागरिक की तरह पश्चिम बंगाल की अगम जनता की तरह सुख का जीवन वितायें। आजादी के इस जशन पर हम उन्हें यह उपहार देते हैं। मैं माननीय रिफयूजी-रिलीफ मिनिस्टर से अनुरोध करूंगा कि यह उनकी बहुत बड़ी घोषणा होगी। यह मानबता की घोषणा होगी—यह आदमियत की घोषणा होगी —यह इन्सानियत की घोषणा होगी। जो कौन-जो जाति बुढ़ी जिन्दगी आज तक गुजारती आयी है, उसको भी जीने का हक है १५ आगष्ट की रात को जब कि हमारे देश के ५५ करोड़ निवासी घी के दिए जलायेंगे तो ये भी हम जशन में उत्सव में शामिल होकर, महसूस कर सके कि हम भी एक सतंत्र देश के—एक आजाद मुल्क के आजाद नागरिक हैं। १५ आगष्ट जहाँ आजादी के दिन का याद दिलाता है, वही वह देशके बिभाजन के विघ्रान का भी याद दिलाता है। इसलिए मैं चाहूंगा कि मंत्री महोदय यह घोषणा करें कि पश्चिम बंगाल में जितनी

भी समस्या शरणार्थियों की थी वह पुरी हो गई और आब शरणार्थी समस्या बोल कोई समस्या इस प्रदेश में रहही नहीं गयी।

और अन्त में मैं कहना चाहताहूं कि इस मदके लिये इन्होंने जि रकमकी मंजुरी के लिए रखा है, मैं उस पुरी रकमका समर्थन करता हूं। इ आश्वासन देता हूं कि रिलीफ बावत पश्चिम बंगाला की जनताकी सेवा के लिए जि भी अधिक रुपये की आवश्यकता हो, त्राण-मंत्री निसंकोच इस विधान में र हमलोग उस रुपये को खुशी से मंजूर करेंगे। आप पश्चिम बंगाल की जनता जितनी भी सेवा करना चाहेंगे, हमलोग उसमें आपकी मदद करेंगे।

इन शब्दों के साथ मैं इस बजट का समर्थन करता हूं।

[12-10—12-45 p.m. including adjournment.]

**Mr. Speaker** : Honourable Members, I have got an announcement make. The Hon'ble Chief Minister of Punjab Shri Giani Zail Singh is presc today in our Assembly. Just now I am going to meet him in a Tea Pa in the first floor lobby. I invite all the honourable Members including t Members of the Council of Ministers to be present there in his honour. also invite all the guests who have accompanied the Hon'ble Shri Giani Z Singh to be present in the Tea Party along with the Members of the House. also invite the press representatives who are here to be present in the Tea Pa in honour of the Hon'ble Chief Minister of Punjab

**Shri Siddhartha Sankar Ray** : It is not permissible to criticise t Speaker's decision. I am not criticising him. Sir, at 12 noon would it n have been better to invite us at Lunch instead of a Tea Party ?

**Mr Speaker** : Definitely it would have been better. I was informed the Hon'ble Minister for Parliamentary Affairs, Shri Gyan Singh Sohanp that a Lunch in his honour has been arranged elsewhere. That is why I ha arranged the Tea Party in his honour. I would also have been happy I could meet him at Lunch.

(At this stage the House was adjourned for 30 minutes.)

( After adjournment. )

[12-45—12-55 p.m ]

**শ্রীললিত গায়েন** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন ম যে ব্যয় বরাদ্দ নিয়ে এসেছেন আমি তাকে পুর্ণ সমর্থন করছি। স্যার, আপনি নিশ্চয়ই জান এবং আমরাও জানি যে পশ্চিমবাংলা একটি সমস্যা জর্জরিত রাজ্য। বিভিন্ন সমস্যা নিয়ে য আলোচনা করছি তখন উদ্বাস্তু সমস্যা যে একটা বিরাট সমস্যা আমাদের কাছে সে বিষয়ে বে সন্দেহ নেই। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যেসমস্ত উদ্বাস্তু ভাই আজকে একবার পশ্চিমবাং এবং আর একবার বাংলাদেশ করছেন তাদের জন্য আমরা অত্যন্ত দুঃখিত। আমার মনে ওদের অবস্থা ঠিক ফুটবলের মত। একবার এদিক লাথি মারছে ওদিকে গড়াচ্ছে, আবার ও থেকে লাথি মারলে এদিকে চলে আসছে। এই ভাবে দেখা যাচ্ছে তাদের মাথা গোঁজবার স্থান, শিক্ষা, আহারের ব্যবস্থা ইত্যাদি কিছুই ঠিক মত আমরা দিতে পারছি না এবং আমা

সরকার সে বিষয়ে ঠিকমত ব্যবস্থা করতে পারছেন বলে আমার মনে হয় না। তাই আমি সরকারের কাছে অনুরোধ করবো যেসমস্ত উদ্বাস্তু ভাই আজকে ফুটবলের মত এদিক ওদিক করছেন তাদের অন্ততঃ পশ্চিমবাংলায় স্থায়ীভাবে পুনর্বসতি দিয়ে বাসস্থানের ব্যবস্থা করে দেওয়া হোক এবং পশ্চিমবাংলার উদ্বাস্তু কথাটিকে চিরতরে মুছে ফেলে দেওয়া হোক। আমি দেখতে পাচ্ছি যে পশ্চিমবাংলায় যেসমস্ত উদ্বাস্তু কলোনী আছে, বিভিন্ন ক্যাম্প যে সমস্ত জায়গায় স্থাপন করা হয়েছে, এমন অনেক জায়গা আছে যেখানে এখন পর্যান্ত উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয় নি। আমি একটি ঘটনার কথা এখানে বলছি। আমি কয়েকদিন আগে সোনারপুর থানার রাজপুর ট্রানজিট ক্যাম্পে গিয়েছিলাম, রাষ্ট্রমন্ত্রীও আমাদের সঙ্গে ছিলেন। আমরা সেদিন অনেক প্রতিশ্রুতি দিয়ে এসেছিলাম। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এখন পর্যান্ত সেই রাজপুর ট্রানজিট ক্যাম্পে কোনরকম পুনর্বাসন করা হল না। এই বিষয়ে আমি পুনর্বাসন মন্ত্রীকে অনুরোধ জানিয়েছিলাম। তিনি নিশ্চয় এবিষয়ে একটু তদন্ত করে দেখেছেন এবং খুব তাড়াতাড়ি ত্বরান্বিত ভাবে তাদের যেন পুনর্বাসনের ব্যবস্থা করা হয় সেটা দেখবেন। আজকে আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত উদ্বাস্তু ভাইরা আমাদের পশ্চিমবঙ্গে এসে মাথা গোঁজবার স্থান পেয়েছেন তারা বেশী কিছু চায় না। সোনার থালায় খেতে, তারা চায়না সোনার পাথরের বাটিতে খেতে। তারা চায় মায়ের দেওয়া মোটা কাপড় মোটা ভাত। এটা তাদের ন্যায্য দাবী এবং গণতান্ত্রিক রাষ্ট্রে যারা বাস করে প্রত্যেকের বাঁচার মত অধিকার এবং বাঁচার মত দাবী তারা করে, আমরা যেমন করি। এই দাবী তাদের ন্যায্য দাবী এবং ন্যায়সংগত দাবী বলে মনে করি। আজকে কোটি কোটি টাকা উদ্বাস্তু ত্রাণ দপ্তরে খরচ করা হচ্ছে। আমার মনে হয় যে সমস্ত সরকারী পরিচালনাধীনে এই সমস্ত টাকা নানা ভাবে খরচ করা হয়, সেই কোটি কোটি টাকা ঠিক মত যদি খরচ করা হয়, তাহলে এদের জন্য একটা বিরাট কিছু করা যাবে বলে মনে করি। কিন্তু এই কোটি কোটি টাকা ঠিকমত এবং ঠিক খাতে ব্যয় হয়নি বলে আমি মনে করি। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখবো, এই সমস্ত টাকা যাতে ঠিকমত এবং ঠিক সময়ে গিয়ে তাদের কাছে পৌঁছায়। সেই সঙ্গে একটা কথা বলতে চাই আমাদের বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে। আজকে যেসমস্ত টাকা রিলিফ খাতে ব্যয় হচ্ছে এবং বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দ করা হয়েছে সে সমস্ত টাকার একটা বিরাট পরিমাণ অঙ্ক বিভিন্ন খাতে না গিয়ে একটা আমলাতন্ত্রের হাতে চলে যাচ্ছে বলে মনে করি। এই বিষয়ে আমাদের সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ভবিষ্যতের চিন্তা করে, সাধারণ উদ্বাস্তু ভাইদের দিকে তাকিয়ে অন্ততঃ এই টাকাটা যেন ঠিকমত খরচ করা হয় এবং সাধারণ মানুষের মুখ চেয়ে পুনর্বাসন মন্ত্রী যিনি আছেন, তাদের দিকে চেয়ে তাঁর একটা কিছু ব্যবস্থা করবেন। জি আর এবং টি. আর-এর কথা বলা হয়েছে। জি. আর এবং টি. আরের কথা আমি জানি যে বিভিন্ন জায়গায়, বিভিন্ন অঞ্চলে ঠিকমত জি. আর এবং টি. আর-এর কাজ হচ্ছে না, সেটাকে ত্বরান্বিত করার জন্য সরকারের নির্দ্দেশ বি. ডি.ও অফিসে ঠিকমত পৌঁছে দেওয়া হয় এবং ত্বরান্বিতভাবে কাজ করার নির্দ্দেশ যেন দেওয়া হয়। তাহলে আমার মনে হয়, খুব তাড়াতাড়ি এই সমস্ত কাজ করা সম্ভব হবে। বি. ডি.ও-দের কাছে নির্দেশ না যাওয়া সত্ত্বেও একটা জায়গায় দেখতে পাচ্ছি যে, কিছু কিছু সদস্য নিয়ে অঞ্চল পর্যায়ে ত্রাণ কমিটি করার নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু আমার এলাকায়, আমার ব্লকে এখনও ত্রাণ কমিটির সেই রকম কোন নির্দ্দেশ বি. ডি.ও পায়নি। কাজেই এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করবো যে এখন পর্যান্ত যদি এই সমস্ত ত্রাণ কমিটির লিষ্ট না গিয়ে থাকে তাহলে এই সমস্ত ত্বরান্বিত পাঠাবার নির্দেশ যাতে দেওয়া হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

**শ্রীঠাকুরদাস মাহাতো:** মাননীয় স্পীকার মহাশয়, আজ হাউসে মাননীয় ত্রাণ মহাশয় যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন তা নিতান্ত হতাশব্যঞ্জক এবং অপ্রতুল। গত ১৯৭১ স আমাদের দেশের উপর, বিশেষ করে মেদিনীপুর জেলায় যে ভয়াবহ বন্যা হয়েছিল এবং ঝঞ্ঝাবার্তায় দেশের যে বিপুল ক্ষতি হয়েছে তার হিসাব মন্ত্রী মহাশয় দিয়েছেন। হিসাব মোটা হল এই, ১৫৪ কোটি টাকার মত ক্ষতি হয়েছিলো। কিন্তু সেই তুলনায় সরকারী সাহায্যের তু অত্যন্ত কম। হিসাবে পাওয়া যাচ্ছে ৯।০ কোটি টাকার মত। কৃষিঋণ দেওয়া হয়েছি ৩.।০ কোটি টাকা। মন্ত্রী মহাশয় বিবৃতি দিয়েছেন যে কেন্দ্রীয় পর্য্যবেক্ষক দলের কাছে যে হি দেওয়া হয়েছিলো ৭৪·৯৫ কোটি টাকা কেন্দ্রীয় সরকার তা থেকে মাত্র মঞ্জুর করেছেন ২৩ কে টাকা। এখন আমরা জানি যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক ক্ষমতা সত্যি সীমি কিন্তু যে রাজ্যের উপর বছরের পর বছর এই রকম দৈব-দুর্বিপাক চলছে, খরা, বন্যা, ঝ ইত্যাদিতে আমাদের দেশের অর্থনৈতিক যখন বিকল হওয়ার মুখে সেখানে কোন আইন য দেশের স্বাস্থ্য ফিরিয়ে আনবার পক্ষে প্রতিকূল হয়ে দাঁড়ায় সেই আইন সংশোধন হওয়া দরকা বলে মনে করি। কেন না, মন্ত্রী মহাশয় লিখেছেন, এই প্রসঙ্গে আমি সকলকে জানাতে চাই সর্বোচ্চ ব্যয়ের সীমা বেঁধে দেওয়ার সাপেক্ষে প্রাকৃতিক বিপর্যয়ে ত্রাণ বিষয়ে সাহায্য সম্প বর্তমান নীতি হচ্ছে ২৬১ লক্ষ টাকার পর এই ব্যাপারে বাড়তি খরচ হবে তার শতকরা ৭৫ ভা পর্যন্ত কেন্দ্রীয় সরকার দেবেন।

[12-55—1-05 p.m.]

যেখানে রাজ্য সরকারের অর্থনীতি ভেঙ্গে যাওয়ার মুখে সেখানে কেন এই আইন? আইন দেশের অর্থনীতিকে গড়ে তুলতে বা বিশেষ করে দুঃস্থ মানুষদের সাহায্য দিতে ব্যর্থ সেখা আমি মনে করি কেন্দ্রীয় সরকার ৫ম অর্থ কমিশনে যে নীতি নির্দ্দেশ করে গিয়েছেন তার পরিব করা দরকার। তা যদি না হয় তাহলে আমাদের আশংকা যদি আমাদের কেন্দ্রীয় সরকারের কা থেকে টাকা পেতে আইনে কোন বাধা থাকে তাহলে এই খরা বন্যা যেগুলি আমাদের নিত্য সহচ বছরের পর বছর যে অবস্থা হচ্ছে তা থেকে বাঁচার কোন উপায় নাই। আমরা যখন সত্যকে স্বীকার করে নিয়ে দেখছি যে দেশের মানুষ খরার কবলে, বন্যার কবলে পড়ে খুব ক পাচ্ছে তখন আমরা একদিকে বলছি গরিবী হঠাব, অন্য দিকে কি না টাকার অভাব রাজ্য সরকা দপ্তরে। সেখানে এই আইনের সংশোধন থাকা উচিত ছিল যে টাকা পাওয়া যেতে পারে পাওয়া যাবে। আমাদের এখানে ত্রাণ মন্ত্রী মহাশয় যা তুলে ধরেছেন তাতে আমি দেখছি মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার উল্লেখ আছে—অত্যন্ত দুঃখের বিষয় আমরা সবাই জানি মেদিনীপুর জেলার গড়বেতো থানা এবং শালবনী থানা এই দুটো থানা অত্যন্ত খরাপীড়িত এলা যেখানের বেশীরভাগ লোক ক্ষেতমজুর আর সেখানে জমির পরিমাণ মাথাপিছু ২।০ বিঘার প্রতি বছর নিয়মিত যেখানে খরা লেগেই থাকে সেইখানকার উল্লেখ মন্ত্রী মহাশয়ের বিবৃতি নাই। এটা থাকলে খুসি হতাম। আমি একটা খবর পেয়েছিলাম যে ঝাড়গ্রামের উন্নতির জ নাকি একটা সেল গঠন করা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে ঝাড়গ্রামের উন্নতি সঙ্গে সঙ্গে শালবনী এবং গড়বেতার কথা উল্লেখ করুন। খয়রাতির যে পরিমাণ টাকা, খয়রা এবং টেষ্ট রিলিফের জন্য তার পরিমাণ মোটামুটি দেখা যাচ্ছে ৪½ কোটি টাকা, সেইজন্য আমা একটা কথা বলার আছে যে যখন মানুষ সঙ্কটে পড়ে তখন তাকে সাহায্য দিতে হবেই, সে সম্পর্কে কোন সন্দেহ নাই। কিন্তু সাহায্য যদি মানুষকে কর্ম্মবিমুখ করে তাহলে সেই কাজে সংযত হওয়া

এবং সেদিকে একটু দৃষ্টি রাখা দরকার। আর একটা কথা যেটা আমাদের বেঙ্গল ফাইন্যান্স কোডে উল্লেখ আছে যে একদিকে রাজ্য সরকার টেষ্ট রিলিফের মাধ্যমে দুস্থ মানুষের কাজের ব্যবস্থা করে দেবে, অন্য দিকে কৃষিঋণ, ক্যাটেল পারচেজ লোন এই ধরনের লোন এবং কৃষি ঋণ দিয়ে কৃষকদের স্বাবলম্বী করে তোলার চেষ্টা করবে। আমি জানি মন্ত্রী মহাশয় জেলায় জেলায় ঘুরে আন্তরিক ভাবে দুঃস্থদের মোকাবিলা করবার চেষ্টা করেছেন। এই জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং সেই সঙ্গে আমার একটি কথা মনে আসছে, "সাধ ছিল—সাধ্য ছিলনা"। এই ভাবে যদি আমাদের কর্ত্তব্য শেষ করতে হয় যদি এখনও বলতে হয়,

"মন্বন্তরে মরিনি আমরা মারে নিয়ে ঘর করি,
বাঁচিয়া গিয়াছি বিধির লিখনে অমৃত টিকা পরি"।

আজ বিংশ শতাব্দীর বৈজ্ঞানিক যুগে মানুষ লড়াই করছে বাঁচবার জন্য এবং আমরা একটা প্রতিশ্রুতি দিয়ে এসেছি মানুষের বাঁচার একটা ব্যবস্থা করে দেব।

এই প্রতিশ্রুতি নিয়ে যখন এসেছি তখন আর ভগবানের দিকে চাওয়া নয়, যেভাবেই হোক অর্থ সংস্থান করতে হবে। আমরা যে টাকা সরকার থেকে বরাদ্দ পেয়েছি সেই টাকা যদি খরচ হোত তাহলে আমার মনে হয় অবস্থার এত দ্রুত অবনতি হোত না। শালবনীর এক একটা scheme-এ pay master হবার জন্য এত তাড়াতাড়ি পড়ে গেল দেখে আশ্চর্য্য হতে হয়। সিমুলে বোরো বাঁধ যেটা ১৪ হাজার টাকার Scheme সেটা B. D. O. inspection করে এসে বললেন যে ২॥• হাজার টাকার বেশী হবে না। অথচ বারবার বলা সত্ত্বেও কোন আইনগত ব্যবস্থা নেওয়া হয়নি। Dist. কর্তৃপক্ষ যারা আছেন তাঁরা famine বা scarcity করার আগে তাঁদের যে দায় দায়িত্ব সেটা তাঁরা যথাযথভাবে পালন করেন না। পুরুলিয়ার অবস্থা যে অবনতির মুখে সেটা নিয়ে বারবার বলেছি। তখন যদি চেষ্টা করতেন তাহলে tubewell বসান যেত। কিন্তু তাঁদের এই অবহেলায় যত পবিত্র দায়িত্ব ছিল সরকারের দৃষ্টি আকর্ষণ করে তাঁরা করেননি। তাই বলছি শুধু curative measure নয়, prevente measure নেওয়া উচিত। বন্যা বা খরার স্থায়ী প্রতিকার করার ব্যবস্থা করা উচিত। খরার জন্য আগে থেকেই সেচ ব্যবস্থা করা উচিত। ঝাড়গ্রাম, শালবনী ইত্যাদি খরা এলাকায় যাতে অবিলম্বে বিভিন্ন সেচ ব্যবস্থা করা যায় তাহলে মনে হয় দেশে এরকম অবস্থা হোত না। এই বলে আমি এই ব্যয় বরাদ্দের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ কানাইলাল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুনর্বাসন ও ত্রাণ মন্ত্রী ৩৮ ও ৪৮ নং খাতের ব্যয় বরাদ্দের যে সমর্থন চেয়েছেন তাকে আমি সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। আমরা জানি যে, দেশ ১৯৪৭ সালে স্বাধীন হয়েছে। আজ ১৯৭২ সাল, আমরা তার রজতজয়ন্তী উৎসব পালন করছি। ১৯৪৭ সালে যখন দেশ স্বাধীন হয়েছিল তখন আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম যে উদ্বাস্তু যারা পূর্ববঙ্গ থেকে এখানে চলে আসবে তাদের পূর্ণ দায়িত্ব আমরা নেব। আজ ১৯৭২ সাল হতে চলেছে, আমরা কি তাদের পূর্ণ দায়িত্ব নিতে পেরেছি ? আমরা কি তাদের পুনর্বাসন দিতে পেরেছি ? না পারিনি। তাই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, এই ৫ বছরের মধ্যে আমরা আশা করব তিনি যেন উদ্বাস্তু মন্ত্রীসভা ও দপ্তর যেটা আছে সেটা তুলে দেবার ব্যবস্থা করেন। আমরা জানি আমাদের যখন স্বাধীনতা আন্দোলন সুরু হয়েছিল তখন সেটা সেই আন্দোলন সভায় আন্দোলনের পরিপ্রেক্ষিতে ১৯১০ সালে সুরু হয়েছিল। বৃটিশরা দেখে বাংলাদেশকে যদি গোটা রাখা যায় তাহলে তাদের পক্ষে শাসন ব্যবস্থার অসুবিধা হয়। তাই

১৯১০ সালে কার্জন সাহেব বঙ্গভঙ্গ করার ব্যবস্থা করেন। এর পরিপ্রেক্ষিতে যে আন্দোলন তাতে রবীন্দ্রনাথ থেকে বহু মনীষী এই আন্দোলনের মধ্যে নেবে আসেন এবং তাতে সেটা রদ হ এর পরেই আমাদের দেশে স্বাধীনতা আন্দোলন সুরু হয়। অর্থাৎ আমরা দেখেছি এর প ১৯২০ সালে অসহযোগ আন্দোলন, ১৯৩০ সালে লবণ আন্দোলন এবং ১৯৪২ সালে Quit-Inc আন্দোলন হয়। আমরা এও দেখেছি যে পশ্চিমবঙ্গের ভাইবোনদের মত পূর্ববঙ্গের ভাইবোনর সমানভাবে এই আন্দোলনে যোগ দিয়েছে।

[1-05—1-15 p.m.]

আজ যখন স্বাধীনতা পেলাম, সেই স্বাধীনতার বলি হলেন পূর্ব্ববঙ্গের মানুষ যাঁরা স্বাধীন আন্দোলনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে রয়েছেন। যে স্বাধীনতা পেলাম সেই স্বাধীনতার স সঙ্গে তাঁরা স্বাধীনতার বলি হলেন। পূর্ববঙ্গের মানুষ বিশ্বাস করেছিলেন তাঁরা যদিও তাড়িত হ আসছেন, তাঁরা এখানে পুনর্বাসন পাবেন। কিন্তু ১৯৪৭ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত দেখছি তাঁ পুনর্বাসিত হতে পারেন নি। এই পুনর্বাসন না হওয়ার কারণ তিনটি—একটা হচ্ছে, অকল্যাণ পুনর্বাসন দপ্তর, আর একটা হচ্ছে আমাদের কিছু কিছু রাজনৈতিক দল যাঁরা তাঁদের ভাগ্য নি খেলা করেছেন, তাঁদের পুনর্বাসনে সাহায্য করতে দেন নি, তাছাড়া আমাদের দপ্তর যেটা আগে ছি তারাও অনেকভাবে দায়ী। কারন, দেখেছি ডোল দিয়ে টাকা নষ্ট করেছেন কিন্তু তাদের পুনর্বাসনে চেষ্টা করেন নি। আমার সঙ্গে আমার ওখানে পুনর্বাসন মন্ত্রী মহাশয়ের পুনর্বাসনের ব্যাপারে ক হয়েছিল, তিনি কথা দিয়েছিলেন যে তিনি ৫ বছরের মধ্যে এই দপ্তর তুলে দিয়ে চলে যাবেন, ও বছরের মধ্যে যেসব জবরদখল কলোনী আছে তাদের স্বীকৃতি বা পাট্টা দিয়ে দেবেন। আমি তাঁ অনুরোধ করব তার ব্যবস্থা তিনি যেন করেন। আমরা জানি যেসব জবর দখল কলোনী আ সেগুলোর পুরো দায়িত্ব সরকারের নেওয়া উচিত ছিল। যে-কোন দেশে এইরকম আইন থাক জবর দখল কলোনী করবে তাকে গভর্ণমেন্ট স্বীকৃতি দেবেন তারপর তাকে পুরোপুরি পাট্টা দি দেবেন। সরকার থেকে তাদের পুনর্বাসনের কোন দায়িত্ব নেন নি, তাদের পুনর্বাসন সুষ্ঠুভা হয়নি। আমার এলাকায় ৪টি উদ্বাস্তু কলোনীর কথা বলব। আমার নিউ আলিপুর এলাক উদ্বাস্তুদের ব্যাপারটা কিছুটা স্বতন্ত্র অন্য এলাকার চেয়ে। অন্যান্য এলাকায় যে জবরদখল কলো হয়েছে সেগুলি প্রাইভেট মালিকের সম্পত্তির উপর হয়েছে। আমার এলাকায় যে ৪টি কলোনী আ একটা হচ্ছে ০৫০৬ দুর্গাপুর কলোনী, সেখানে ১৩শো উদ্বাস্তু পরিবার আছে, তারা ১৯৪৭ সাল থে বসবাস করে আসছে। আর একটা হচ্ছে সাহাপুর রিফিউজি কলোনী, সেখানে ১২ শো লো বাস করছে ১৯৪৭ সাল থেকে, আর একটা হচ্ছে মাঝেরি হাট কলোনী, সেখানে ৩ শো লোক ব করছে। আর একটা হচ্ছে ঝালদার মাঠ কলোনী, সেখানে ১২শো লোক এল. আই. সি.র জমির উ বসবাস করছে। এটা সেনট্রাল গভর্ণমেণ্টের জমি। এই কলোনীগুলিতে তারা ১৯৪৭ সাল থে ১৯৭২ সাল পর্যন্ত প্রায় ২৫ বছর ধরে বসবাস করছে। মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব হয় ত ওখানে উদ্বাস্তুদের পুনর্বাসন করুন, না হয় অন্য জায়গায় পুনর্বাসনের ব্যবস্থা করুন। কার ওখানকার মানুষ একদিকে নিউ আলিপুরের স্কুল, কলেজ, লোকের ঘরবাড়ি, অন্য দিকে ছোট ছে পর্ণ কুটির করে তারা বসবাস করছে। তাদের পায়খানা নেই, একটুখানি জায়গা ঘিরে পায়খ করে, তাদের আলোর কোন ব্যবস্থা নেই। তাদের যদি পুনর্বাসনের ব্যবস্থা না করতে পার ৬ মাসের মধ্যে তাহলে অন্ততঃ তাদের আলো এবং পায়খানার ব্যবস্থা করবেন।

**শ্রীজগদীশ চন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় উদ্বাস্তু এবং ত্রাণ মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী নিয়ে এই সভায় এসেছেন সেই দাবী আমি সমর্থন করি। এই দ

সমর্থন করতে গিয়ে একটা জিনিস আমার চোখে পড়েছে এবং সেটা হচ্ছে আমার মত হতভাগা যারা ওপার বংলা থেকে ছিন্নমূল হয়ে, উদ্বাস্তু হয়ে এখানে এসেছে আজকে দীর্ঘ ২৪ বছর বাদে আমাদের সরকার একটা জিনিস স্বীকার করলেন। আগামী ১৫ই আগস্ট স্বাধীনতার রজত জয়ন্তী উৎসব হবে এবং সেই উৎসবে বাইরে থেকে, বিদেশ থেকে অনেক গেস্ট আসবেন এবং অনেক ঘটা করে এই রজত জয়ন্তী উৎসব পালন করা হবে। এখানে একটা কথা আমাদের মনে রাখতে হবে যে এই সব ছিন্নমূল উদ্বাস্তুরা কিন্তু স্বাধীনতার জন্যই বলি হয়েছিল। আজকে একটা শুভদিন, কারণ একদিকে পশ্চিমবাংলা এবং অপর দিকে পাঞ্জাব। পাঞ্জাবের মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন। আমরা জানি পাঞ্জাবেও রিফিউজি সমস্যা ছিল এবং পাঞ্জাব সরকার দক্ষতার সঙ্গে সেই সমস্যার সমাধান করতে পেরেছেন। কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই দীর্ঘ ২৫ বছরে আমাদের দেশের রিফিউজি সমস্যার সমাধান সুষ্ঠুভাবে, সুন্দরভাবে করতে পারেন নি। আমরা পশ্চিমবাংলার রিফিউজিদের মোটামুটি ২ ভাগে ভাগ করতে পারি। এর একটা অংশ হচ্ছে যারা এখনও মাথা গুজবার স্থান পায়নি, কোন রকমে সরকারের দয়ায় গভর্ণমেন্ট কলোনীতে আছে এবং আর একটা অংশ হচ্ছে যারা জবর দখল কলোনীতে আছে। গভর্ণমেন্ট কলোনীগুলিতে এই ২৫ বছরে কিছু উন্নয়নমূলক কাজ করা হয়েছে, রাস্তা-ঘাট, পানীয়জল, টিউবওয়েলের ব্যবস্থা কিছু করা হয়েছিল। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন ২৫ বছর আগে যে টিউবওয়েলগুলি বসান হয়েছিল ১২ মাস বা বড়জোর ২ বছরেই তার আয়ু শেষ হয়ে গেছে। সেখানে পানীয় জলের অত্যন্ত দুরবস্থা এবং বন্যার সময় সেখানকার মানুষরা ভেসে বেড়ায়। জবরদখল কলোনীর কথা আমি ছেড়ে দিলাম, আমি নিজে জবরদখল কলোনীর লোক। মিউনিসিপ্যাল এলাকায় যে সব জবর দখল বা গভর্ণমেন্ট কলোনী আছে সেখানে আমরা ট্যাক্স দেই, কিন্তু মিউনিসিপ্যাল এ্যাক্ট অনুযায়ী পৌর কর্তৃপক্ষ সেইসব কলোনীতে কোন রকম উন্নয়নমূলক কাজ করতে পারে না। আজকে দীর্ঘ ২৫ বছর ধরে এই রকম অন্ধকারে পড়ে আছে এইসব জবরদখল এবং গভর্ণমেন্ট কলোনীর মানুষ। রিফিউজিরা যখন এই দেশে আসে তখন তাদের গৃহ নির্মাণের জন্য হাউস বিল্ডিং লোন দেওয়া হয় ৫০০ টাকা এবং ১২৫০ টাকা। যদিও ১২৫০ টাকা এক্সজেমটেড হয়েছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে ২২৫০ টাকা লোন একজেমট করে দেওয়া হোক কারণ এটা ফেরত দেওয়ার ক্ষমতা তাদের নেই। এই প্রসঙ্গে আমার আর একটি বক্তব্য হচ্ছে এইসব দরিদ্র কলোনির জন্য একটা রিফিউজি ডেভলপমেন্ট কমিটি গঠন করা হোক। কারণ একদিকে আমরা দেখছি সি এম ডি-এর মারফত কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে, কিন্তু এদের জন্য একটি পয়সাও খরচ করা হয় না। এই দাবী রেখে আমি এই ব্যয় বরাদ্দ সমর্থন করছি।

**শ্রীমানিকলাল বেসরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রিলিফ মন্ত্রী মহাশয় যে প্রস্তাব এখানে এনেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি যে অঞ্চলের প্রতিনিধি তৎসন্নিহিত জায়গায় অভাবী মানুষের সংখ্যা এত বেশী যেটা দেখলে মনে হয় পশ্চিমবাংলার অন্যান্য জেলায় এত বেশী অভাবী মানুষ নেই। বিশেষ করে সেখানকার বর্ণ হিন্দুরাও গরিব এবং তারাও জটিল সমস্যার সৃষ্টি করছে।

[1-15—1-25 p.m.]

কারণ অপরাপর লোকদের মত ক্ষেতে খামারে তারা কাজ করতে পারে না, ইচ্ছা থাকলেও লোকে তাদের এ কাজে ডাকে না। বিশেষ করে হিন্দু সমাজ ব্যবস্থার বিধি অনুসারে কতকগুলো কাজে তাদের বাধা নিষেধ আছে। বিশেষ করে ওম্যান ফোকের উপর বা নারী সমাজের উপর।

সেই জন্য তাদের আজকে কি কষ্টে যে সংসার চালাতে হয় সেকথা তারাই জানেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের এই প্রস্তাব যে ফ্যামিন রিলিফ হাতে দেওয়া হয়েছে আমার মনে হয় ফ্যামিন কথা বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় বিশেষভাবে প্রযোয্য, কারণ সেখানে ইতিমধ্যে ফ্যামিন শুরু হয়েছে দুর্ভিক্ষ দেখা দিয়েছে। অধিকাংশ জমিতে পাটের চাষ হয়। গতবারের প্রচণ্ড খরায় পাট বে হয় নি। তাছাড়া ওখানে যে ধান হয় তাকে আঞ্চলিক ভাষায় চালি ধান বলে, তা ওখানে ব্যাপকভা জমিতে চাষ হয়। এই ধানের আবাদ হলে মন্দা মরশুমে ভাদ্র আশ্বিন মাসে মানুষ খাবার পা কিন্তু এবছর সেই চাষের প্রভূত ক্ষতি হয়েছে। কাজেই সেখানে ফ্যামিন বা দুর্ভিক্ষ দেখা দিয়েছে এই প্রসঙ্গে আমি বলতে চাই যে আমাদের সেই অঞ্চলে যে সমস্ত ক্ষুদ্র শিল্পী আছে তাদের আজ শোচনীয় অবস্থা। তাদের আজকে শুধু জি. আরের মাধ্যমে অন্ন সংস্থান হতে পারে। এই স শিল্পীকে যদি প্রস্তাবিত ঋণ দেওয়া হয় তাহলে তারা বিশেষভাবে উপকৃত হবে। যেমন মফঃস্ব অঞ্চলের মেকানিক আছে তারা টাকা পয়সার অভাবে প্রয়োজনীয় পার্টস কিনতে পারে না। এমন ! রিপেয়ারিং কাজের জন্য যে ব্লোয়ারের দরকার হয় তাও তারা কিনতে পারে না। মাঠের পাই দিয়ে তারা ফুঁকে ফুঁকে কোন রকমে কাজ চালান। তারপর আমাদের ওখানে সারেঙ্গ, রাইপু প্রভৃতি অঞ্চলে প্রায় ৩০০ রিক্সা আছে। মিউনিসিপ্যাল এরিয়াতে মালিককে নির্দিষ্ট একটা টাক রিক্সার জন্য দিতে হয়, কিন্তু মফঃস্বলে রিক্সাচালক দিনান্তে যা রোজগার করে তার অর্দ্ধেক অ মালিককে দিতে হয়। এই সমস্ত রিক্সা চালকদের যদি রিক্সা কেনবার জন্য ঋণ দেওয়া হয় তাহ এরা নিজেরাই নিজেদের পরিবার পোষণ করতে সক্ষম হবে। আরও যে সমস্ত গরীব শিল্পী আ তাদের যদি ঋণ না দিয়ে অনুদান হিসাবে টাকা দেওয়া হয় যেমন ডোম ইত্যাদি তারা বাঁশের কা করে, কিন্তু তাদের বাঁশ কেনবার মত পয়সা জোটে না। তারা দিন মজুরী খাটতে বাধ্য হয়। অনে ছাতার মিস্ত্রী আছে তারা ছাতা মেরামত করে নিজেদের পয়সায় তারা ছাতার কাপড় কিনতে পা না, দোকানদারদের কাছ থেকে তারা কাপড় নেয়। কাপড় বিক্রির মুনাফাটা তারা পায় ন দোকানদারদের দিতে হয়। এরা শুধু ফিটিং বস্ট পায়। তারপর আরও যে সমস্ত শিল্পী আ তারা কাঠের চিরুণী, তক্তোপোষ, কাঠের নানারকম জিনিস তৈরী করে। তারা কাঠের অভাবে তার দিন মজুরী খাটতে বাধ্য হয়। বন বিভাগ থেকে যদি কাঠ তাদের দেওয়া হয় ওখানে যে সাল গাছ আছে তাহলে তারা তার থেকে তিন চার মাসের অন্ন সংস্থান করতে পারে। তারপর ওখান যে সমস্ত ধীবর আছে তাদের ঋণ দেবার জন্য ব্যাংক আছে, কিন্তু তারা কোন রকম সাহায্য পায় না। তারা সুতোর অভাবে জাল বুনতে পারে না। এই সমস্ত বিষয়ের দিকে মাননীয় মন্ত্রী মহাশয় যদি বিশেষ নজর দেন সেই জন্য আমি অনুরোধ করছি এবং এই বলে আমি আমার বক্তব্য শে করছি।

**শ্রীব্রজকৃষ্ণ মাইতি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণমন্ত্রী ৩৮ মেজর হেডে এবং ৪৮ মেজর হেডে ত্রাণ বাবদ যে ব্যয় বরাদ্দ দাবী করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। এই ত্রাণ বরাদ্দ দাবী করতে গিয়ে একটা কথা আমি প্রথমেই বলছি যে এই বৎসরের প্রয়োজনে ত্রাণবরাদ্দ সত্যিই অপ্রতুল, কিন্তু তাহলে একথা আমরা নিশ্চয়ই গর্বের সঙ্গে বলতে পারি এই বৎসর খুব দ্রুতগতিতে যেখানে জেলার কর্তৃপক্ষ সমূহ ত্রাণকার্য্যের জন্য প্রস্তুত ছিলনা সেখানে প্রশাসনিক অপ্রস্তুতি থাকা সত্ত্বেও যে ধরণের ত্রাণ কার্য্য চলে আসছে এ পর্য্যন্ত তা নিন্দনীয় নিশ্চয়ই নয়। আমি প্রথমে উদ্বাস্তু ত্রাণ সম্বন্ধে একটা কথা বলছি। মাননীয় সদস্য প্রভাতবাবু যে একটা অশুভ ইঙ্গিত রেখে গিয়েছিলেন সে কথার দিকে অনেকেই বেশী কান দেননি আমি আশা করেছিলাম কেউ না কেউ একথার সমালোচনা করবেন। সেইজন্য আমার মনে যখন লেগেছে

তখন এটা বলা দরকার। তিনি ত্রাণ সমস্যার কথা বলতে গিয়ে পশ্চিম জার্মানীর উদ্ধৃতি দিয়েছেন। এর ভিতর দিয়ে আমি মনে করি উনি একটা সর্বনাশা ইঙ্গিত করেছেন। আজকে যখন বাংলাদেশের সঙ্গে আমাদের একটা আত্মিক যোগাযোগ স্থাপিত হয়ে গিয়েছে, যখন আমাদের ঘোষিত রাজনীতি, সমাজনীতি, সমস্ত চিন্তার সঙ্গে বাংলাদেশের চিন্তার সঙ্গে মিল এসেছে, সেই অবস্থাতে পশ্চিম জার্মানীর কথা বলে পশ্চিম জার্মানী কিভাবে উদ্বাস্তু ত্রাণ সমস্যার সমাধান করেছিল সেটা আপনাদের অনেকেরই জানা আছে, সেটা ছিল সম্পূর্ণ অমানবিক, বর্ডার কমপ্লিটলি সিল করে দেওয়া হয়েছিল এবং পশ্চিম জার্মানীর প্রেমিক পূর্ব্ব জার্মানীর প্রিয়ার কাছে যেতে পারেনি। পূর্ব্ব-জার্মানীর প্রেমিক পশ্চিম জার্মানীর প্রিয়ার কাছে যেতে গিয়ে তপ্ত সিসকের গোলাতে আহত হয়েছে, একথা আমাদের সকলের জানা আছে। আজকে তিনি যে ইঙ্গিত রেখেছেন, কিভাবে সিল করে দেবার যে ইঙ্গিত রেখেছেন, এটা যে কতবড় সর্বনাশ আমি তাঁকে মনে করতে বলি। এতে আমাদের কোন লাভই হবে না। আজকে যেখানে আমরা নূতনভাবে একটা সম্পর্ক গড়ে তুলছি সেই অবস্থাতে তিনি পশ্চিম জার্মানীর নাম উল্লেখ করে যেকথা বলতে চেয়েছেন তাহলে আমাদের প্রথমেই তা করতে হয় যা পশ্চিম জার্মানী করেছিল সিল করে দিয়েছিল বর্ডার। সে যদি করতে হয় তাহলে ত আজকে আমরা একটা অমানবিক পথে চলে যাবো। আমি সমস্ত সদস্যদের তাঁর যে বক্তব্য—নিশ্চয়ই তাঁর বক্তব্যের সঙ্গে একমত না এবং এই ধরণের বক্তব্য রেখে তাঁরা আগের দিনে বিঘোষিত উদ্দেশ্যের সঙ্গে বিঘোষিত নীতির সঙ্গে ধীরে ধীরে গোপনে কেমনভাবে এড়িয়ে চলেছেন যার ফলে আজকে এইসব ত্রাণ সমস্যা, উদ্বাস্তু সমস্যা এবং এত টাকা পয়সা আমাদের ছেড়ে দিতে হচ্ছে তা আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই। এবারে আমি বর্তমানে যে ত্রাণ কার্য্য চলছে সে বিষয় দু'একটি কথা বলতে চাই। আজ পর্য্যন্ত '৪৭ সাল থেকে আমরা কয়েক শত কোটি টাকা ত্রাণে ব্যয় করেছি। আমরা কিছু উৎপাদন করেছি? কিছুই করতে পারিনি। টাকা মাটি মাটি টাকা করে জলে ফেলে দিয়েছি। এই ধরণের কাজ করলে আর চলবে না। আমরা ত্রাণে নিশ্চয়ই কাজ করবো, কিন্তু তাতে আমাদের উৎপাদন হওয়া দরকার। যদি আমরা উৎপাদন না করতে পারি এই অর্থ ত সম্পূর্ণ বরবাদ হয়ে যাচ্ছে। কি করে উৎপাদন করতে পারি একথা অনেকে চিন্তা করতে পারেন। আমাদের অকর্ষিত জমি চাষের অযোগ্য জমি অনেক এসেছে। সেই সব জমি বন্টন করে দেওয়া হয়েছে ভূমিহীনদের মধ্যে। কিন্তু তারা পয়সাকড়ির অভাবে চাষ করতে পারছে না। আমরা সেখানে উৎপাদনের জন্য একটা T.R.-এর Scheme নিতে পারি। জমি দেওয়া হয়েছে চাষ করতে পারছে না। Test relief-এ তার reclamation of wasteland করে দিয়ে সেখানে তার একটা চাষের ব্যবস্থা করে দিন, তার দ্বারাও সম্পদ উৎপাদন হবে। আমরা কি করে এই T. R.-কে production করতে পারি সে কথা চিন্তা করে দেখতে হবে।

[1-25—1-35 p.m.]

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় গ্রান্ট নাম্বার ৩৮ মেজর হেড ৬৭ ফ্যামিন রিলিফে যে টাকার ব্যয় বরাদ্দ-এর দাবী করেছেন, আমি তা সমর্থন করতে দাঁড়িয়েছি। আমি বিশেষ করে মন্ত্রী মহাশয়কে ব্যক্তিগতভাবে ধন্যবাদ জানাই এজন্য যে তিনি এই যে প্রচণ্ড খরা গেল তার বিরুদ্ধে সংগ্রাম সুরু করেছিলেন। সংগ্রা বলছি এজন্য যে তিনি চেষ্টা করেছিলেন কি করে কতখানি রিলিফ দেওয়া যায়। এই প্রশ্ন শুধু এখানে নয় স্পীকার মহাশয়, আপনি এই হাউসে ১৯৫২ সাল থেকে আছেন, আমিও আছি, আপনি হয়ত লক্ষ্য করেছেন এখানে যে জাতীয় আলোচনা হত সেটা এইরকম খরার রিলিফ দেওয়া প্রয়োজন এটাই বলা হত, তারপরে

রিলিফ দেওয়া হলে সেটা কম দেওয়া হল কি বেশী দেওয়া হল এটা নিয়ে কথা হত, এই ধারাবাহিকতা এটা লক্ষণীয়। আমার মনে হয় বেংগল ফ্যামিন কোড ১৯০২, বেংগল ম্যানু ১৯৪১, সেটা এ্যামেন্‌ডেড্‌ হয়েছে, পরিবর্তিত হয়েছে ১৯৫৯ সালে, সেটা আমাদের সরকার ল করেনি। সেখানে একটা পরিষ্কার ছিল It is no longer the policy of the Governme to wait upon events but to fashion events so that scarcity or famine does r occur. এটার অপেক্ষা করা হয়নি, কখন ফ্যামিন হল, ফ্যামিন হলে মানুষ মরতে সুরু কর তারপর রিলিফ দিতে সুরু করবে এটা না হয়ে বরং এমন অবস্থার সৃষ্টি করা দরকার যা স্কেয়ারসিটি না ঘটে। এই পরিবর্তন হয়েছিল ১৯৫৯ সালে সেদিকে কোন নজর দেওয়া হয় ১৯১৩ সালে এবং ১৯৪১ সালে যে রুলস এবং রেগুলেশন করা হয়েছিল সেটা আজও চলছে। বিশেষ করে এই হাউসের সামনে মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। আমার সময় কম তাই অ দু একটি বিষয় বলব। সেটা হল রিলিফ যেন এখনই বন্ধ না করেন। বৃষ্টি পড়ে গিয়েছে, নানা ব উঠতে পারে বন্ধ করার জন্য, আমি সেজন্য এটা বলছি। ১৯৫৯ সালে যে রুল পরিবর্তন হল সেখ একটা প্রশ্ন রাখা হয়েছে ক্লোজার টু বি এ্যাপ্লাইয়েড এ্যাট দি প্রপার মোমেন্ট, এই প্রপার মোমেন্ট কি 'It is of importance that the closures would be applied at the proper momer This moment depends on various factors ; that is the degree and intensity distress, the date of local harvest and whether good crop are expected Good crop সম্বন্ধে বলা হয়েছে A good crop on the ground ready to be cut in few weeks time which one produces. এখন প্রশ্ন হচ্ছে যে রিলিফ দিতে আরম্ভ করেছিলে খরা অবস্থায় সেটা যেন হঠাৎ বন্ধ করে দেওয়া না হয় রুল ফ্রেম করার জন্য। এটাতো অস্বীকা করা যায় না যে এই যে বৃষ্টি হয়েছে সেটা সমানভাবে হয়নি, গত খরায় আউস ধান এবং অন্য রবি ফসল শেষ হয়ে গেছে, বৃষ্টিও হয়েছে লোকালাইজড এক জায়গায় হয়েছে আর এক জায়গা হয়নি, সমানভাবে হয়নি, এখনও আমন ধানের বীজ হয়নি, আমরা যেটা 'তোলা' বলি সেটা হয়নি তাই এখনও যদি রিলিফ যদি না দেওয়া যায় তাহলে যেটা দিয়েছেন, সেটার ত এফেক্ট থাকবে না রিলিফ মেজার সম্বন্ধে কিছু কিছু কথা বলা হয়েছে, The following measure are to b adopted for relief in the moment of distress : Issue of agricultural crop loan issue of cattle purchase loan and land improvement loans. এবারে অবস্থা কি হয়েছে বহু জায়গায় বাংলাদেশের বড় ঝঞ্ঝা হয়েছিল, তারপরে হয়েছে খরা, যার ফলে গতবার এক পয়সা কৃষক দিতে পারে নি। বহু জায়গায় বি ডি ও থেকে আরম্ভ করে অনেক জায়গায় সার্কুলার গে যে যারা ডিফল্টার, পুরানো ধার শোধ দিতে পারে নি, তাদের লোন দেওয়া হবে না।

এটা সুরু হয়ে গেছে। মন্ত্রী মহাশয়কে কালকে বলেছিলাম মন্ত্রী মহাশয় আমাকে জানিয়েছে যে তিনি ডি, এম-কে জানিয়েছেন বিশেষ ব্যবস্থা নেবার জন্য ও এবিষয়ে লক্ষ্য রাখবার জন্য সেজন্য আমি অনুরোধ করবো এটা বিশেষভাবে দেখা—এটা দু.টা একটা পকেট নয়, আমি বলি একটা ডিষ্ট্রীকটের কতকগুলি পকেট খুব হার্ডহিট হয়েছে আবার কতকগুলি পকেট লেস হিট হয়ে আমি সেই দিক থেকে এই জিনিসটা পরিষ্কারভাবে লক্ষ্য রাখবার জন্য অনুরোধ করছি। এখা রিলিফ নিয়ে কিছু কিছু গণ্ডগোল হয়েছে এটা সত্য কথা। যেমন একটা কথা বলা দরকার সরকারের ১৯৭১ সালের যে রিপোর্ট এতে পরিষ্কারভাবে আছে যে সিরিয়াস রকমের বন্যা এব ঝড় হয়েছিল। বাংলাদেশের এইরূপ অবস্থা আর কখনও হয়নি। তিনি এটা স্বীকারও করেছে কারণ এটাই হল ফ্যাক্ট এটা অস্বীকার করবার কোন কিছু নেই। কিন্তু আমাদের পশ্চিমবাংল সরকার হিসাব করেছিলেন যে বন্যায় ঘর বাড়ী সব নষ্ট হয়ে গেছে এবং এরজন্য ২১, ২২ কোটি

টাকার মত ক্ষতি হয়েছে। ওরা হিসাব করে বললেন, না, ৫ কোটি ৯৫ লক্ষ টাকা আমরা ঘর বাড়ী তৈরীর জন্য দেব। প্রায় ডিসিসানের কত ছিল এটা, তারপর ভাগ্যের পরিহাস, সেণ্ট্রাল টিম এলেন। সেণ্ট্রাল টিম বাংলাদেশের টিম নয়, সেণ্টার থেকে তারা এসেছেন, আর বাংলাদেশের সরকার যারা চালাচ্ছেন তারা গ্রামে ঘুরে ঘুরে সব করলেন অথচ সেণ্ট্রাল টিম বলল ৫ কোটি ৯৫ লক্ষ টাকা দেব আর দেব না। ১ কোটি ৩০ লক্ষ টাকা তারা দিলেন। আমি হাউসকে বিবেচনা করতে বলি যে এই হল বাস্তব অবস্থা। এখানে বাস্তব অবস্থা যাদের কোন কিছু জানা নেই কোন পরিচয় নেই কেবল টাকার দিকে লক্ষ্য রেখে মানুষের জীবন যাঁরা বিচার করে, টাকা একদিকে, আর মানুষের জীবন আর একদিকে, এই টাকা আছে এইভাবে মানুষের জীবন রক্ষা হবে এটা কোন ওয়েলফেয়ার স্টেটের কাজ নয়। আমি একটা কথা স্মরণ করিয়ে দিই যে ১৯৬৭ সালের কথা যে কথা আমার বার বার মনে পড়ে। বাঁকুড়ায় আমরা ১২ কোটি টাকা দিয়েছিলাম। সেণ্ট্রাল টিম সেটা সাপোর্ট করেছিল কিনা জানি না তবে খরা হয়েছিল এবং বাস্তব অবস্থায় এই দেশের মানুষ এখানে যারা বাস করে এখানে স্টেটের দায়িত্ব। গভর্ণমেণ্টের সেদিক থেকে এক বিরাট দায়িত্ব থেকে যাচ্ছে। আমি জি, আর, সম্পর্কে একটা কথা বলব যেটা মন্ত্রী মহাশয় জানিয়েছেন তিনি কি কি করেছেন। আমি জানি তিনি খুবই খেটেছেন এবং অনেক কাজ করেছিলেন। কিন্তু সব জায়গায় একটা কথা উঠেছে। আমি দু তিনবার ওকে বলেছিলাম যে যে সমস্ত অফিসার আছেন তারা ইচ্ছে করে স্যাবটেজ করেছেন, আমাদের সরকারকে বেইজ্জত করেছেন। আমার কাছে তথ্য আছে আমি দিতে পারি, তবে তথ্য হয়ত আমায় দিতে হবে না কারণ এখানে এই নিয়ে অনেক প্রশ্ন করেছেন। যে বিরাট ছাবক হল বাংলাদেশে, সারা বাংলাদেশে অনেক বন্যা হয়ে গেছে—খরা ও বন্যায় এখানে যে স্যাবটেজ হয়েছে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে তিনি খোঁজ নিন। আমি শুধু এখানে একটা খবর দিচ্ছি, আসানসোল-এর কথা। সেখানে ব্লকে যে লোকাল এম, এল, এ, তিনি একটা লিষ্ট দিয়েছিলেন ৬০০-র মত লোককে জি, আর দিতে হবে। কিন্তু লোকাল অফিসার সে জি, আর দেন নি। যখন এ সম্বন্ধে বলা হল তখন তিনি যুক্তি দিলেন যে, যে লিষ্ট দেওয়া হয়েছিল লোককে যখন হাঁটিয়ে নিয়ে এলেন তখন বলব এ জি, আর পেতে পারে না। এ একটিভ লোক। যখন হেঁটে আসতে পেরেছে ব্লক অফিসে তখন সে জি, আর পেতে পারে না। আর একটা বুড়ির ব্যাপার, তাকে দেওয়া নিয়ে প্রশ্ন উঠেছিল। বলেছিলেন কারখানায় যখন কাজ করে বুড়ো মানুষ—৬৭ বৎসরের বুড়ি খোঁড়া বুড়ি তাকে এই কথা বললেন। এই রকম কংক্রিট উদাহরণ আমি দিতে পারি। আমি বলব না যে এটা জেনারেল ফিচার। যেমন হয়েছিল ইলেকসানের সময় রিলিফ দেওয়া নিয়ে। নন্দীগ্রাম ব্লকে যিনি বি, ডি, ও ছিলেন তিনি সমস্ত টাকা একটা অঞ্চলে দিয়ে ছিলেন। একটা অঞ্চল ছাড়া কোথাও দেননি। আমি জানি সেটা ইলেকসানের কাজে লাগানো হয়েছিল। আমার আর একটা কথা হল এখানে ইমিডিয়েটলি যেটা করা দরকার সেটা হচ্ছে নূতন যে রুল হয়েছে সেটা যাতে আশু এ্যাপ্লাই করা যায় সেটার চেষ্টা করা দরকার। বাঁকুড়ার কথা আমার বন্ধু বলেছিলেন যে এই এই কাজ যদি করা হত তাহলে এত ডিসট্রেস হত না।

[1-35—1-45 p.m.]

সেটাই এখানে ছিল যে তাই একটু কিছু দুর্ঘটনা ঘটবে সেই দিকে লক্ষ্য রেখে নয়, দুর্ঘটনা যাতে না ঘটে—সেইদিকে নজর রেখে রিলিফ মিনিষ্টারের কাজ করা উচিত।

তারপর Agricultural loan, group loan, cattle purchase loan এগুলি ব্যপকভাবে এবং সহজভাবে যাতে দেওয়া যায় এবং আগামী দিনে মানুষগুলি যাতে বাঁচতে পারে, সেদিকে লক্ষ্য রাখবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীরজনী দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ত্রাণ মন্ত্রী মহাশয় ত্রাণের দু খাতে যে ব্যয় বরাদ্দ এনেছেন, তা আমি সমর্থন করে আমরা দু একটা কথা মন্ত্রীকে জ্ঞাত কর চাই। তিনি প্রারম্ভিক ভাষণের কয়েক জায়গায় বলে গেছেন প্রথম উদ্বাস্তু ত্রাণের কথা। সেং তাঁর এই দাবী আমি মোটামুটি সমর্থন করছি। আগামী স্বাধীনতা দিবসের রজত জয়ন্তী প্রাক্ক কয়েকটি প্রকল্প গ্রহণ করেছেন। অতীতকালের ঘটনা সমালোচনা না করে এই বিভাগের পর অধ্যায়ে বাংলাদেশের সমস্যার সমাধানের জন্য যেভাবে পুনর্বাসনের ব্যবস্থা করেছেন তারজন্য নিশ তিনি ধন্যবাদ ও সমর্থন পাবেন।

আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দুটা বক্তব্য জানাচ্ছি। সেটা হচ্ছে ে শরণার্থী শিবির লক্ষ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত হয়েছে আমাদের কুচবিহার জেলায় মাথাভ ঘোষসাডাঙ্গা ও শীতলকুঠিতে, এখন তার কিছুই সেখানে নাই - সব লুটপাট করে সব নিয়ে ে না, কি হলো এ নিয়ে সরকারকে জানান হলো - D. C. ও S. D. C-কে জানান হলো! কোন কিছু হলো না। আমার জেলার মাথাভাঙ্গার কিছু লোক ১০/১২টা পরিবার মাত্র দ্ আগে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছেন তারা পাকিস্তানের তৎকালীন যুদ্ধের সময় গোলাগুি নিহত ও আহত হয়েছে, যাদের বাড়ীঘর বিধ্বস্ত হয়েছে, এখন তারা গাছতলায় আশ্রয় নিয়ে মাত্র একশো টাকা করে তারা পেয়েছে। আমি এইদিকে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যেন এদের দেখেন ও প্রয়োজনীয় ব্যবস্থাদি করেন। আর সাধারণ ত্রাণখাতে যে দাবী তিনি করেছেন, তাও সমর্থন করছি। প্রাকৃতিক কারণে যে ক্ষতি হয় নদীগর্ভে ভাঙ্গনের ফলে বাড় নষ্ট হয়ে যায় বা আগুন লেগে পুড়ে যায়, ক্ষতিগ্রস্ত হয়, এইসব লোকের ত্রাণের ব্যবস্থা করতে অতীতকালের কথা ছেড়ে দিয়ে বর্তমান সরকারের এই তিন মাস বা কিছু আগে থেকে বহু ে থেকে দরখাস্ত এসেছে এই সব প্রাকৃতির ক্ষয়ক্ষতির রিলিফের জন্য বি, ডি-ও অফিসে। এখনো তারা সে সব ত্রাণের টাকা পাচ্ছে না। সেটা তাড়াতাড়ি যেন ব্যবস্থা করা হয়।

আর টেষ্ট রিলিফের ব্যাপারে মন্ত্রী মহাশয় বলেছেন, বহু কৃষক ঠিক সময় ঋণের টাকা না। সে বিষয়ে তিনি একটু লক্ষ্য দেবেন। এই কয়টি কথা বলে আমার বক্তব্য এং শেষ করছি।

**শ্রীমহববুল হক ঃ** মাননীয় স্পীকার স্যার, আজকে ত্রাণ ও উদ্বাস্তু মন্ত্রী যে ব্যয় বর দাবী পেশ করেছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি। আমি লক্ষ্য করেছি যে পশ্চিমবাংলার কেন্দ্র থেকে নির্বাচিত প্রতিনিধিরা যখন খরা চলছিল তার থেকে রেহাই পেয়ে তারা নিশ্বাস ছেড়েছে। কিন্তু আজকে দুর্ভাগ্যের বিষয় যে মালদা ও দিনাজপুরের নির্বাচিত প্রতিনি বিনিদ্র রজনীতে জীবন কাটাতে হচ্ছে। আমাদের মন্ত্রী মহাশয়কেও সেই রকম বিনিদ্র রজনী ক হচ্ছে। আজকে মালদাকে নিয়ে, দিনাজপুরকে নিয়ে হেড-এক হয়ে পড়েছে। আজকে মালদ ভাবে ফসল নষ্ট হয়েছে তা কল্পনার অতীত। সেখানে খরার জন্য বোরো ধান আউস ধান প হয়ে চলেছে। চাষীরা ভাবছে এই বর্ষা এল এই বর্ষা এল—এইভাবে তারা মাঠে বীজ পারছে না। গত বন্যায় এবং তার পর এই খরার ফলে সেখানে বোরো ধান, পাট আউস এ আমন ধানও নষ্ট হয়ে চলেছে। মানুষ আজকে খেলো কিন্তু কাল কি খাবে সে কথা চিন্তা হয়। কিন্তু যেভাবে ফসল নষ্ট হয়ে চলেছে তাতে এই অঞ্চল দুর্ভিক্ষের কবলে পড়ছে সে মন্ত্রী নিশ্চয় স্বীকার করবেন। তাই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে এই মালদ দিনাজপুরকে দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করে যাতে সেখানে জরুরী ফেমিন রিলিফ

যায় তার ব্যবস্থা করুন। তিনি হয়তো ভাবছেন এই আজকে বৃষ্টি হবে—কালকে বৃষ্টি হবে এবং এই ভেবে অল্প অল্প করে টাকা মঞ্জুর করছেন। কিন্তু তাতে যে সাহায্য পাঠাচ্ছেন সেই টাকাতে লোকে মারামারি কাটাকাটি করছে। সেখানে যে কাজ দেওয়া হচ্ছে তা সেখানকার চাহিদার অনুপাতে হচ্ছে না। অনেক লোক কর্মহীন অবস্থায় রয়েছে—তারা চীৎকার করছে মারামারি কাটাকাটি করছে কাজ পাবার জন্য। এবং সেই জন্য সেখানে আইন শৃঙ্খলা ব্যাহত হচ্ছে। যেটা দেওয়া হচ্ছে সেটা ব্যর্থ হয়ে যাচ্ছে। আজকে আমি আর একটি দুর্ভাগ্যজনক কথা বলবো যা আমি কিছুক্ষণ আগে মেনসেন করেছিলাম যে আমাদের একজন এম. এল. এ বন্ধু মালদায় গিয়ে অনশন সুরু করেছেন এবং তিনি প্রতিশ্রুতি না পাওয়া পর্যন্ত অনশন ভঙ্গ করবেন না। আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে মহেন্দ্র রাজবংশী, বয়স ৪০, গ্রাম কালিনগর এবং তার ১২ বছরের ছেলে ১০।১২ দিন না খেয়ে মারা গেছে। একথা আমি আজকে বলতে বাধ্য হচ্ছি খুবই দুঃখের সঙ্গে—লজ্জা করলে হবে না। আমাদের নেতা বলেছেন যে আমরা দেশবাসীর কাছে সত্য মিথ্যা যা হবে তা আমরা লুকাবো না। আজকে সেই নেতার দলের দলভুক্ত হয়ে একথা ঘোষণা করতে যদিও কিছু লজ্জা বোধ করছি তবুও সত্য কথা বলতে হচ্ছে। আজকে যে অবস্থা হয়েছে জরুরী অবস্থার জন্য যে ষ্টক থাকে সেই ষ্টক থেকে সেখানে সাহায্য দেওয়া উচিত। সেই সাহায্য কেন পায় নি তার তদন্ত হওয়া দরকার। কেন হয় নি সেই সাহায্য প্রেরণ এবং সেখানে কে দায়ী তার জন্য অবিলম্বে তার তদন্ত করে সেখানে শীঘ্রই সাহায্য দেওয়া দরকার। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-45—1-55 p.m ]

**শ্রীশরৎ চন্দ্র দাস**: মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় ত্রাণমন্ত্রী ত্রাণ বাবদ যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন আমি তার পূর্ণ সমর্থন করছি। আমাদের জেলা পুরুলিয়া জেলা এখানে এসেছে ১৯৫৬ সালে। আপনারা পেপারে এবং বিভিন্ন বক্তার মাধ্যমে শুনেছেন বর্তমান বছরে অত্যন্ত দীর্ঘস্থায়ী খরার ফলে পুরুলিয়া এবং বাঁকুড়া জেলা অত্যন্ত ভয়াবহ দুঃখের সম্মুখীন হয়েছিল এবং সেখানকার ভাই-বোনেরা অত্যন্ত দুঃখী ও ভয়াবহ অবস্থার মধ্যে পড়েছিল। কিন্তু আমি মাননীয় ত্রাণমন্ত্রীকে পুরুলিয়া এবং বাঁকুড়া জেলার ভাই-বোনেদের তরফ থেকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। তিনি এই বছর ত্রাণ ব্যবস্থা নিয়ে ভাই-বোনেদের পাশে যেভাবে দাঁড়িয়েছেন তার জন্য আমরা তাঁর কাছে কৃতজ্ঞ এবং অত্যন্ত দক্ষতা সহকারে এই দুটো জেলার খরা-ত্রাণে অকৃপণ হস্তে সমস্ত দান করেছেন এবং আরও ধন্যবাদ জানাই প্রশাসন যন্ত্রকে। কারণ বি. ডি. ওদের দেখাশুনার ভার দিয়েছিলেন সমস্ত এম. এল. এ-দের উপর এবং তারজন্য দেখেছি বি. ডি. ওরা আমাদের ওখানে রবিবার এবং রাত্রিতে পর্যন্ত কাজ করে খরা পীড়িত জনসাধারণের সাহায্য ও সহায়তা করেছেন। কিন্তু এই যে ব্যবস্থা চলছে এবং প্রত্যেক বছর খরা চলছে তার জন্য কয়েকটি বিষয়ে তাঁদের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। আগেই বলেছি আমাদের পুরুলিয়া জেলা ত্রাণ ব্যবস্থা আগে এখান থেকে হতো না। ১৯৫৬ সালে আমরা পশ্চিমবঙ্গে এসেছি। অতীতে এটা মানভূম জেলা ছিল। তার ইকনমিক রিসোর্স এবং তাকে ভিত্তি করে যে অর্থনীতি গড়ে উঠেছিল সেটা ধানবাদ বা ওই অঞ্চলের সঙ্গে যুক্ত ছিল। পাশাপাশি তিনটি জেলার বহু স্থানে অরণ্য সম্পদ ছিল। সেটা চলে যাওয়ার ফলে ১৯৫৬ সাল থেকে প্রত্যেক বছর এখানে ত্রাণ ব্যবস্থা করতে হচ্ছে। কিন্তু দেখা গেলো এত বড় খরা সত্ত্বেও ৪০/৪৫ বছর আগে যে সব জেলা বোর্ডের কুয়া খোঁড়া হয়েছিল তার থেকে আমরা জল পেলাম। কিন্তু আমাদের স্বাধীনতা-উত্তর গভর্ণমেন্টের শত শত কুয়ো হাজার হাজার কুয়ো যেগুলো স্বাধীনতা হওয়ার পর হয়েছে সেগুলোতে জল পাওয়া গেলো না। এই যে

অবস্থা আজ দেখা দিচ্ছে সাধারণের কাজ করবার জন্য যে টাকা দেওয়া হচ্ছে তাতে ফল পাওয়া যাচে না এইটা একবার তাঁদের দেখা উচিত। রিলিফ ম্যানুয়েল এটা খুব ডিকেকটিভ। এতে কাঁচা কা অস্থায়ী কাজ করতে পারবেন। কিন্তু পাকা কাজের কোনও ব্যবস্থা নেই। এই কথা বলে বক্তব শেষ করছি।

**শ্রীপঙ্কজ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্র যে বাজেট বরাদ্দ এনেছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা খুব গভীর দুঃখের সঙ্গে বলতে চা এবং এই বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বারে বারে আমরা মাননীয় মন্ত্রীর দ্বারে গিয়ে এবং বারবার আমাদের অবহেলিত উদ্বাস্তু ভাই-বোনেদের দিকে দৃষ্টি দেবার জন্য চেষ্টা করেছি। আ দেখেছি তিনি তাঁর বাজেট বক্তৃতায় খানিকটা উপলব্ধি করার চেষ্টা করেছেন আমাদের অবহেলি মানুষদের দুঃখ-দুর্দ্দশার কথা। কিন্তু পজিটিভ কথা তাঁর কাছ থেকে পাই নি, যার ফলে আমর একটা আশ্বাস দিতে পারি উদ্বাস্তু মা, ভাই বোনেদের, আমাদের সরকারের কাছ থেকে নূতন আশার বাণী নিয়ে যেতে পারি, সেই সমস্ত মানুষের কাছে কোন কথা শোনাবার কিছু শুনতে পাচ্ছি না তাই মন্ত্রী মহাশয়কে বলবো আগামী ১৪ই আগস্ট মাঝরাতে যে ঐতিহাসিক অধিবেশন বসেছে সেই ঐতিহাসিক অধিবেশনে যাতে ঘোষণা করেন যাতে এই সব মার খাওয়া মানুষগুলো যারা অন্যের জায়গা দখল করে দখলদারী আখ্যা নিয়ে আছে সেই ঐতিহাসিক দিবসে সেই আখ্যা মুছে দিয়ে, সেই অন্ধকারকে দূর করে তাকে মুক্ত করে তাদের জমির মালিকানা দেবার কথা।

যদিও তাঁর বক্তব্যে রয়ে গিয়েছে যে তাঁরা চিন্তা করছেন যে ঐতিহাসিক সময়ে কি করে ঘোষণা করা যায়, তবুও বলব যে সেই জমির মালিকানা স্বত্ব বিনামূল্যে দেওয়া হবে একথা সরকারের তরফ থেকে যদি ঘোষণা করা হয় তাহলে একটা আশার বাণী তারা আমাদের সরকারের কাছ থেকে পেতে পারে। তারপর সরকারের তরফ থেকে বলা হয়েছে যে নানারকম শিল্প প্রকল্প গড়ে তোলা হবে এবং শিক্ষার ব্যবস্থা করা হবে। আমার মনে হয় স্যার, একটা বিষয়ে আমাদের মাননীয় সরকারের দৃষ্টি বোধহয় পড়েনি। উদ্বাস্তুরা নিজেদের প্রচেষ্টায় বিগত কুড়ি বছরে যে সমস্ত প্রতিষ্ঠান গড়ে তুলেছে সরকারের অব্যবস্থার ফলে আজকে সেই সব প্রতিষ্ঠানগুলি ধ্বংসের মুখে। আমার অঞ্চলেই এমন অনেকগুলি স্কুল কলেজ বা ছোট ছোট শিল্প কারখানা আছে যেগুলি উদ্বাস্তুরা নিজেদের প্রচেষ্টায় কোনরকমে চাঁদা তুলে তৈরি করেছে। এমন একটি কলেজ—বিজয়গড় জ্যোতিষরায় কলেজ, এর নাম আমি এই প্রসঙ্গে করলাম। সেটা স্যার, একটা ভাঙ্গা, পরিত্যক্ত মিলিটারী আবাস, সেখানে তারা কলেজ সুরু করেছিলেন, কিন্তু এখনও পর্যন্ত তাদের কোন রকম টাকা পয়সা দিয়ে সাহায্য দেওয়া হয়নি এর পর স্যার, মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে আমি একটি আবেদন রাখবো। বিগত রক্তাক্ত আমাদের অন্ধকারময় দিনগুলিতে যারা শহিদ হয়েছেন সেই সমস্ত শহিদদের পরিবারবর্গকে কিছু ক্ষতিপূরণ দেবার জন্য আমি অনুরোধ রাখছি। স্যার, এবিষয়ে আমাদের সরকার কিছু চিন্তা করছেন কিনা আমি জানি না, তবে যদি ত্রাণ দপ্তর থেকে সেই সমস্ত শহিদদের পরিবারবর্গকে কিছু ক্ষতিপূরণ দেওয়া হয় তাহলে আমার মনে হয় সেই সমস্ত শহিদদের আত্মার আশীর্বাদ আমাদের উপর বর্ষিত হবে। তবে সেখানে কংগ্রেস বা সি. পি. এম বলে যেন কিছু না থাকে, কারণ যারা মারা গিয়েছেন তাঁরা সকলেই শহিদ। প্রত্যেকটি শহিদের মৃত্যুই আমাদের কাছে সমান অর্থবহ। সেই সমস্ত শহিদদের পরিবার বর্গের সম্পূর্ণ ভরণপোষণ আমরা যখন করতে পারবো না তখন অন্তত কিছুটা পরিমাণ সাহায্য দিয়ে যাতে তাদের দুঃখ কিছুটা লাঘব করতে পারি সেটা আমাদের চেষ্টা করা দরকার। স্যার এই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে শেষ করছি।

**শ্রীঅনন্ত কুমার ভারতী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় উদ্বাস্তু ত্রাণমন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন সেটাকে আমি সমর্থন জানাচ্ছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। তবে স্যার, অভিনন্দন জানিয়েও আজকে একথা বলছি যে এই যে উদ্বাস্তু সমস্যা এটা শুধু বাংলাদেশের সমস্যা নয় এটা সারা ভারতবর্ষের সমস্যা, এই সমস্যার সমাধান করতে গিয়ে আমরা ব্যর্থ হয়েছি। আজকে ২৫ বছর ধরে এই সমস্যাকে আমাদের নৈতিক সমস্যা বলে মেনে নিলেও আমরা এই সমস্যার সমাধান করতে পারিনি। স্যার, আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রী বলেছেন আমাদের সরকার আগেকার সরকার নয়। আমরা কি করবো এবং কি করেছি ত, মাসের প্রথম দিকে— ৮/১০ তারিখ নাগাদ তা ঘোষণা করবো। আজকে তাই মাননীয় ত্রাণমন্ত্রী সন্তোষবাবুর কাছে আবেদন রাখবো যে স্পেসিফিক্যালী, ক্যাটাগরিক্যালি বক্তব্য রাখুন যে উদ্বাস্তু সমস্যার সমাধানের কাজ কিভাবে ধাপে ধাপে গ্রহণ করছেন, সেই কাজ করে সম্পূর্ণ হবে এবং কিভাবে হবে। আজকে মন্ত্রীমণ্ডলীর কাছে আমার আবেদন যে স্বাধীনতার রজতজয়ন্তী বর্ষে যখন আমরা ১৪ আগষ্ট রাত্রে এখানে অধিবেশনে মিলিত হব তখন যেন মন্ত্রীমণ্ডলীর তরফ থেকে ঘোষণা করা হয় যে, যে সমস্ত উদ্বাস্তু কলোনী বা পল্লীকে এখনও স্বীকৃতি দেওয়া হয়নি সেই সমস্ত উদ্বাস্তু কলোনী বা পল্লীকে স্বীকৃতি দেওয়া হবে। তাছাড়া স্যার, মাননীয় সদস্য জগদীশবাবু যে প্রস্তাব রেখেছেন যে উদ্বাস্তু কলোনীগুলির উন্নতির জন্য একটা সংস্থা গঠন করবার আমি সেটা সমর্থন করছি। স্যার, বিগত ২৫ বছরে যে সমস্যার সমাধান আমরা করতে পারি নি আজকে বাংলাদেশের মানুষ সমস্ত সামর্থ এবং শক্তি দিয়ে এই গণতান্ত্রিক মোর্চাকে এই বিধানসভায় পাঠিয়েছেন। আমাদের সকলের যদি সহযোগিতা থাকে আমি আশা করি আমাদের ত্রাণমন্ত্রী নিশ্চয় তা সমাধান করতে সক্ষম হবেন। এই কথা বলে আমি শেষ করলাম।

[1-55—2-05 p.m.]

**শ্রীপ্রবোধ কুমার সিংহ রায়** ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সেই দুর্ভাগাদেরই একজন, যারা দেশ বিভাগ হবার ফলে একটু আশ্রয়ের আশায় পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় জেলায় ঘুরে বেরিয়ে বসবাস শুরু করেছেন। আমি দেখেছি তারা কিভাবে নির্যাতিত, লাঞ্ছিত সর্বহারা হয়ে এই পশ্চিমবাংলায় আশ্রয়ের আশায় ছুটে এসেছিল। আজকে আমরা স্বাধীনতার ২৫তম রজত জয়ন্তী উৎসবে পদার্পণ করতে চলেছি অথচ এই উদ্বাস্তু পুনর্বাসন সমস্যার সমাধান করতে পারলাম না। এই কথা আমাদের জনপ্রিয় সরকারের মাননীয় মন্ত্রী হিসাবে তিনি অকুণ্ঠ চিত্তে স্বীকার করছেন। তাঁর এই স্বীকারোক্তির জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং দেশবাসীও আমাদের এই জনপ্রিয় সরকারের মন্ত্রীকে অভিনন্দিত করবে। অতীতের সরকারের দোষত্রুটি মুক্ত করতে এই সরকার এগিয়ে এসেছেন এবং জনসাধারণের দুঃখ কষ্ট মোচন করবার জন্য যে আশার বাণী তিনি তাঁর ভাষণের মধ্যে রেখেছেন, সেজন্য তিনি নিশ্চয়ই চেষ্টা করবেন। কেন্দ্রীয় সরকারের সাহায্য ছাড়া এটা যখন হবে না তখন আমরা সকলে মিলে তাদের কাছে চাপ সৃষ্টি করবো। আমরা জানি বর্তমানে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে এবং তারাই দীর্ঘ দিনের এই একটি জটিল সমস্যার সমাধান করতে চান। সেদিক থেকে আমরা আশা করছি আমাদের এই সরকারের চেষ্টায় এর একটা সমাধান হবে। এরপর আমি ত্রাণ সম্পর্কে আমাদের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এ বিষয়টি এখানকার বিভিন্ন মাননীয় সদস্যের বক্তব্যের মাধ্যমে ঘোষিত হয়েছে। আজকে বিভিন্ন জেলা একটি নিদারুণ অস্বাভাবিক খরা পরিস্থিতির মধ্যে পতিত হয়েছে। আমার পশ্চিম দিনাজপুর জেলাও আজকে খরা-কবলিত। সেখানকার মানুষরা আজকে খুব কষ্টের মধ্যে আছেন। এই কথা

আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়ও খুব ভালভাবেই জানেন, সম্যকভাবে খবরও রাখেন। তি প্রথম দিকে খুব দ্রুত হাতে এই সমস্যার মোকাবিলা করেছেন, তার জন্য আমি তাঁকে আন্তরিকভা ধন্যবাদ জানাচ্ছি। তিনি হয়ত আশ্বস্ত হয়েছিলেন যে বৃষ্টি হলে এই অবস্থার উন্নতি হবে, কি এখন পর্য্যন্তও সেখানে বৃষ্টি হয়নি, সেখানকার কৃষকরা এখনও বীজ ধান ফেলতে পারে নি। তা মাঠে-ঘাটে চাষের কাজও সুরু হয়নি। মানুষ কাজের অভাবে না খেয়ে দিন কাটাচ্ছে। এ অবস্থার প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেখানে টেষ্ট রিলিফের কাজগুলি চালু থা সেজন্য অর্থ বরাদ্দ করুন। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীসন্তোষ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ২টি হেডের ব্যয় বরাদ্দ আ এখানে উত্থাপিত করেছি সভ্যদের অনুমোদনের জন্য। আজকে এই ব্যয় বরাদ্দ সম্বন্ধে যা বক্তব আমি রেখেছিলাম তাতে আমি অতীতে কি কি ব্যর্থতার জন্য, কি কি কারণে এই ব্যর্থতা এসে সেই সম্বন্ধে কারো উপর দোষারোপ করতে চাই নি। আমি সামগ্রিকভাবে এই ২৫ বছর ধরে সরকার পশ্চিমবাংলার সমাজ, জনসাধারণ সব উদ্বাস্তু ভাইদের যে মানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে গ্রহ করা উচিত ছিল তা করা হয়নি, আমি সেই কথাটুকু আপনাদের কাছে নিবেদন করেছি। কারণ আ মনে করছি যে উদ্বাস্তু ভাইরা তারা নিজের জন্য নয়, জাতির প্রয়োজনে একদিন ছিন্নমূল হয়ে আমাদের দেশে আশ্রয় গ্রহণ করেছিলো, তাদের এটা ন্যায্য দাবী ছিল বাস করবার মত বাস্তু এবং জীবিকার সংস্থান করে দেওয়া। সেদিক থেকে সরকার ব্যর্থ হয়েছেন। সেদিক থেকে পশ্চিমবঙ্গের সমাজ ব্যর্থ হয়েছে, জনসাধারণ ব্যর্থ হয়েছে এবং আমি সেটাকে নিবেদন করতে চেয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্যের মাধ্যমে একথা বোঝাতে চেয়েছিলাম যে বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গীর সঙ্গে অতীতের ২৫ বছরের দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে। আমি এ কথা বোঝাতে চেয়েছিলাম যে পশ্চিমবাংলার বর্তমান সরকার উদ্বাস্তু সমস্যা, উদ্বাস্তুদের প্রয়োজন কি সেটা উপলব্ধি করেছেন এবং সেই উপলব্ধি করার জন্য এই সমস্যা সমাধান করে এই উদ্বাস্তু ভাইদের পশ্চিমবাংলার সমাজে, পশ্চিমবাংলার জনজীবনে মিশিয়ে দেবার চেষ্টা করতে চেয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধু মাননীয় সদস্য শিবপদ বাবু এবং ডঃ কানাই সরকার বক্তব্য রেখেছেন। আজকে তারা আশা করেছেন এই উদ্বাস্তু বিভাগের যেন প্রয়োজন না থাকে ৫ বছর পরে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বিধানসভার বন্ধুদের উদ্বাস্তু এলাকায় গ্রামবাংলার কাজ করেন এমন সমাজকর্মীদের রাজনৈতিক কর্মীদের বারেবারে একথা বলেছি যে আজকে আমাদের পাশে বন্ধু রাষ্ট্র সৃষ্টি হয়েছে। আজকে আমরা জানি যে বাংলাদেশ থেকে অত্যাচারিত হয়ে আর কোন উদ্বাস্তুর আমাদের দেশে আশ্রয় নেবার প্রয়োজন দেখা দেবে না। তাই আমরা তাদের সঙ্গে বারে বারে আলোচনার মাধ্যমে একথা বলতে চাই যে, আগামী ৫ বছর নুতন উদ্বাস্তুর স্রোতের চাপ আমাদের উপর পড়বে না। ৫ বছরে পশ্চিমবাংলার উদ্বাস্তুদের যে দীর্ঘদিনের সমস্যা পুঞ্জিভূত হয়ে আছে সেই সমস্যা দূর করে আজকে উদ্বাস্তুদের পশ্চিমবাংলার সমাজ জীবনে গ্রহণ করা হচ্ছে। পশ্চিমবাংলার জনজীবনে এই ব্যবস্থা করা হচ্ছে এবং ৫ বছরের মধ্যে উদ্বাস্তু দপ্তর তুলে দেবার ব্যবস্থা করা হবে, এই কথা তাদের কাছে আমি বারে বারে ঘোষণা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেজন্য এই দপ্তরের দায়িত্ব নিয়ে আমার বিভাগীয় দপ্তরের আধিকারীকদের বলেছিলাম যাতে এই উদ্বাস্তুদের পশ্চিমবাংলার জনজীবনে মিশে যেতে হয়—এই উদ্বাস্তুরা যে বাস্তুর উপর বাস করে আছে সেই বাস্তুর উপর কোন স্বত্ব নেই। পশ্চিমবাংলার মানুষ তারা যদি সরকারের সাহায্য প্রার্থী হয়, ঋণ প্রার্থী হয়, রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কের কাছ থেকে ঋণ প্রার্থী হয়, তারা তাদের বাস্তুটাকে বন্ধক দিয়ে তাদের কাছ থেকে সাহায্য নিয়ে নিজেদের অবস্থার উন্নতি

করতে পারেন। কিন্তু এই উদ্বাস্তু ভাইরা যারা ২৫ বছর ধরে যেখানে বসে আছেন, তাদের প্রয়োজনে তাদের যদি যোগ্যতা থাকে তাহলেও সরকারেরও না, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কেরও না, কারো কাছ থেকে ঋণ নেবার অধিকারী তারা হতে পারেন না।

[2-05—2-15 p.m.]

এই উদ্বাস্তু ভাইদের যদি জমির উপর স্বত্ব দিতে পারি তাহলে পশ্চিমবাংলার বাকি মানুষরা যে অধিকার ভোগ করেন, সেই অধিকারের অধিকারী এরাও হতে পারবেন। তাই আমি আমার বিভাগকে বলেছিলাম, "এ সম্বন্ধে আপনারা ব্যবস্থা গ্রহণ করুন"। আমার এই বাজেট বক্তৃতার মধ্যেও বলেছি, এই নিয়ে কেন্দ্রের কাছেও আমি চিঠি লিখেছি এবং আশা করি এই কথা আমরা কেন্দ্রকে বোঝাতে সক্ষম হব। সেই জন্য আমি আজকে এই বিধানসভায় ঘোষণা করছি এই রজত জয়ন্তি বৎসরে—উদ্বাস্তু ভাইরা নিজেদের জন্য নয় দেশের প্রয়োজনে ২৫ বছর আগে তাদের দেশ ছেড়ে আমাদের দেশে এসেছেন। তাই আজ যখন সারা দেশের মানুষ স্বাধীনতার ২৫ বছরের উৎসব করছে তখন এই উৎসবে অন্তত পক্ষে একটা পরিকল্পনা তাদের জন্য করতে চাই যাতে এই পশ্চিমবাংলায় বসবাসকারি উদ্বাস্তু ভাইরা চিরকাল এই সরকারকে, চিরকাল পশ্চিমবাংলার বিধানসভাকে তারা আশীর্বাদ করতে পারে, জয়ধ্বনি দিতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন খালি বাস্তু সমস্যার সমাধান করলেই হবে না, এই উদ্বাস্তু ভাইদের যে অবস্থা যারা কলোনীতে বাস করেন, যারা উদ্বাস্তু এলাকায় গিয়েছেন বা উদ্বাস্তু এলাকার যারা প্রতিনিধি হয়ে এসেছেন তারা অবগত আছেন। আমরা সেই জন্য চাইছি এই উদ্বাস্তু কলোনীগুলির উন্নয়ন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে এই উদ্বাস্তু কলোনীগুলির জন্য বহু কোটি টাকা কেন্দ্রীয় সরকার মঞ্জুর করা সত্ত্বেও সেই টাকা ব্যয় না হয়ে ফিরে গিয়েছে। তাই আমরা এমন একটা পরিকল্পনা পশ্চিমবাংলার জন্য আহ্বান করছি, যে পরিকল্পনায় এই উদ্বাস্তু কলোনীগুলির সমস্যা, উদ্বাস্তু বাস্তু সমস্যা, উদ্বাস্তু অর্থনীতির উন্নয়ন সমস্যা, সমস্ত সমস্যাগুলিকে একসঙ্গে রচিত করে একটা মাষ্টার প্লান রচনা করা হচ্ছে এবং সেই মাষ্টার প্লানকে উদ্বাস্তু সমস্যার সমাধানের পথ অনেক রাখা হয়েছে। আমি আশা করছি এই পরিকল্পনায় যদি রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের এবং বিধানসভার অনুমতি পায়, তাহলে আগামী দিনে উদ্বাস্তু বিভাগকে আলাদা করে বজায় রাখবার আবশ্যকার হবে না। এই সমস্ত পরিকল্পনা এবং বিভিন্ন উন্নয়ন পরিকল্পনার যেসব দপ্তর আছে তাদের উপর দায়িত্ব দিয়ে আমরা উদ্বাস্তু দপ্তর বন্ধ করে দেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের বন্ধু শিবপদ বাবুর সঙ্গে আজকে একমত যে কলোনীতে কিছু এবং অকল্যাণেও কিছু বাস্তুঘুঘুর এখনও বাস আছে এবং বিভিন্ন রাজনৈতিক দলের কিছু বাস্তুঘুঘু থাকার ফলে পশ্চিমবাংলার উদ্বাস্তু ভাইরা এতো করা সত্ত্বেও পশ্চিমবাংলার উদ্বাস্তু সমস্যার সমাধান হয়নি। তার জন্য আজ এই তিন বাস্তু ঘুঘুর অশুভ যে আঁতাত সেই আঁতাতকে ভেঙ্গে দিতে চাই। পশ্চিমবাংলার উদ্বাস্তুরা আজ পশ্চিমবাংলার বর্তমান সরকারকে নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে দেখছে এবং তারা আশা করছে যে এই বাস্তু ঘুঘুদের, যারা পশ্চিমবাংলার উদ্বাস্তুদের বিভ্রান্ত করেছে তাদের সহযোগি হব না—আন্দোলন করে বিভ্রান্ত করার। সেক্ষেত্রে আমরা আগামী ৫ বছরের মধ্যে উদ্বাস্তু সমস্যার সমাধান করতে পারব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে মাননীয় সদস্য এই দপ্তরের ত্রুটিবিচ্যুতি সম্বন্ধে কয়েকটা কথা বলছেন, কোটি কোটি টাকার অনুমোদন বিনা টেণ্ডার আহ্বান করার কথা আমাদের দপ্তর সম্বন্ধে বলে যে অভিযোগ এখানে উপস্থাপিত করেছেন সে সম্পর্কে যথাযথ তদন্ত করা হবে এই আশ্বাস আমি দিতে

পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এর মধ্যেই আমি বলেছি যে আমাদের দপ্ত একজন কমিশনার র‍্যাঙ্কের অফিসারকে সাসপেণ্ড করা হয়েছে।

মাননীয় সদস্য প্রদ্যোৎ মহান্তি একটা অশুভ ইঙ্গিত করেছেন যে তাঁকে আত্মরক্ষা করার তাঁকে একথা বলে suspend করা হয়নি, অন্যকে বাঁচবার সুযোগ দেওয়া হবে। তিনি জানেন susp যখন করা হয়েছে সে সময় charge-sheet কিছু ব্যবস্থা করা দরকার, তা করা হয়নি। আপনি জা যে পুনর্বাসন দপ্তরের জিনিসপত্র ক্রয় নিয়ে অভিযোগ হয়েছে। সে অভিযোগ সম্বন্ধে এর আগে মন্ত্রীসভায় বাংলাদেশ শরণার্থী Sub-Committee-র Chairman ডাঃ জয়নাল আবেদিন—f তখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন— রাজ্যপালের কাছে মন্ত্রীসভা যখন পদত্যাগ করেন তখন তিনি লিখিতভ বলেন C. B. I· enquiry করার জন্য এবং C. B. I. enquiry করে যে দোষ আছে রাজ্য সরকারের কাছে উপস্থিত করতে বলেন। সেই ভিত্তিতেই সেই officer suspend হয়েছে অন্যকে বাঁচানোর উদ্দেশ্য নিয়ে নয়। এর সঙ্গে যারা জড়িত, সরকারী কর্মচারী হউন, রাজনীতি হন, কেউই রেহাই পাবেন না। এই আশ্বাস আমরা দিচ্ছি। আজকে বনগাঁয় ১½ বে টাকা ক্রয় করার ব্যাপার নিয়ে জ্যোতির্ময়বাবু অভিযোগ করেছেন। বনগাঁয় এই ১½ কে টাকা ক্রয় কোন tender না করে করা হয়েছে কেন সে সম্বন্ধে সেই officer-এর কাছ থে জানতে চাওয়া হয়েছে এবং সেই officer-এর কৈফিয়ত যদি সন্তোষজনক না হয় তাহলে ত বিরুদ্ধে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আমি এর আগেই বলেছি আমা এই দপ্তরে রাজনীতিবিদদের মধ্যে এবং কিছু কলোনীর নেতৃস্থানীয় ঘুঘুর যে চক্র উদ্বাস্তুদের এতব বঞ্চিত করেছে সে সম্বন্ধে সরকার সজাগ এবং আমরা আস্তে আস্তে সেসব উদ্ঘাটিত করে দেব। সরকার কোন রকম ত্রুটি বিচ্যুতি ও দুর্নীতি হলে কাউকে রেহাই দেবেন না। তিনি যত বড়ই হো দুর্নীতি যদি কেউ করেন তাহলে তাঁকে শাস্তি পেতেই হবে। নিতাই সরকার মহাশয় এখানে কুপ ক্যাম্প সম্বন্ধে কিছু বলেছেন। আমি তাঁকে বলতে চাই যে এই সরকার এ সম্বন্ধে সম্পূর্ণ ওয়াকিবহা আমরা কেন্দ্রের কাছে এ বিষয়ে চিঠি লিখেছি এবং কেন্দ্রের অনুমোদন পেলে এ সমস্ত বিষয়ে যথাযে ব্যবস্থা করব। কুপার্স ক্যাম্পের লোকেরা কিছুদিন আগে আন্দোলনে নেমেছিলেন। আমি নি সেখানে গিয়ে সেখানকার অবস্থা পর্যাবেক্ষণ করে সেই উদ্বাস্তুদের সমস্যার সমাধান কিভাবে করা সে সম্বন্ধে চিন্তা করছি। বর্তমান যুগে একটা Latest Style হচ্ছে সমালোচনা করে এই বিধানসভ প্রতিদিন যেখানে মাননীয় সভারা সমালোচনায় মুখর সেখানে বিরোধীদলের সদস্য মাননীয় প্রদ্যোৎ ত্রাণ দপ্তরের কাজের যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাতে তিনি প্রশংসা করেছেন। আমি মনে ক আমরা দপ্তরের তরফ থেকে সেটা গর্বের বিষয়। বিরোধী সদস্য তাঁর বক্তব্যে এখানে যে ব্য নেওয়া হয়েছে তার প্রশংসা না করে পারেন নি।

[2-15—2-25 p.m]

আমাদের মাননীয় বন্ধু শ্রীসরোজ রায় মহাশয় এবং অন্যান্য বহু সদস্য আজকে ত্রাণ দপ্ত বরাদ্দের উপর আলোচনাক্রমে সেই ত্রাণ দপ্তরে কাজের যে ব্যবস্থা নেওয়া হয়েছে তার প্রশংসা না ক পারেন নি, তবুও দু'একজন সদস্য যে বক্তব্য রেখেছেন আমি তার জবাব দেওয়ার চেষ্টা কর সাধ্যমত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় আলোচনাক্রমে মাননীয় সদস্য নাসিরু সাহেব উত্তেজনা বসে অনেক কথা বলেছেন। আমি আমাদের দলের সদস্যদের কাছ থেকে এতটা অ করিনি যে তাঁরা নাসিরুদ্দিন সাহেবের ভাষণের উপর উত্তেজিত হয়ে পড়বেন। নাসিরুদ্দিন সা

বক্তব্য রেখেছেন। পার্লামেন্টারী ডেমোক্র্যাসিতে মিথ্যা কথা বলাটা আনপার্লামেন্টারী হবে সেজন্য সে কথা বলছি না, বলছি তিনি অসত্য ভাষণ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা কথা এখানে নিবেদন করতে চাই যে, মাননীয় সদস্য যে বক্তব্য রেখেছেন যে তাঁর নওদা ব্লকে টেষ্ট রিলিফের কোন কাজ হয় নি।

**শ্রীনাসিরুদ্দিন খান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি টেপ রেকর্ডার বাজালে দেখতে পাবেন যে আমি এই কথা বলিনি। আমি বলেছি নওদা ইউনিয়নে ৭ টির বেশী এপর্যান্ত স্কীম হয়নি এবং ৬ হাজার টাকার বেশী কোন স্কীম নেই, যার অর্থ হচ্ছে হিসাব করলে দেখা যাবে এক দিনের বেশী ২ দিন কাজ হবে না।

**শ্রীসন্তোষ কুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে কথা বলেছেন আমার কাছে যে তথ্য আছে সেটা আপনাদের কাছে নিবেদন করলে বুঝতে পারবেন যে তিনি সত্য ভাষণ এখানে দেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নওদা ব্লকে টেষ্ট রিলিফ বাবদ দেড় লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে, এখানে স্কীম কমপ্লিট হয়েছে ৬৩ টি, এখনও স্কীম ধরা আছে ৮ টি। সুতরাং উনি যে কথা বললেন যে একটা স্কীমও নেই সেটা ঠিক নয় এবং দৈনিক ৮ হাজার লোক টেষ্ট রিলিফে কাজ করলে একজন লোকের পিছনে……

**Mr. Speaker** : The Business Advisory Committee recommended 4 hours for discussion on Grants Number 48 and 38 and four hours time is going to be over at 2-20 p.m. but the discussion will not be over by that time. So under Rule 290, I take the sense of the House as to whether the House can be extended by half an hour more.

(Voices : Yes)

**শ্রীসন্তোষ কুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের ভাষণে আর একটি কথা বলেছেন যে শতকরা একজন লোকও মুর্শিদাবাদে গৃহনির্মাণ সাহায্য গতবারে পায়নি। আপনারা জানেন যে, এই গৃহ নির্মাণ বাবদ সাহায্য নিয়ে গত অধিবেশনে বহু সদস্য তাঁদের ক্ষোভ প্রকাশ করেছেন। আমরা জানি যে গৃহনির্মাণ বাবদ যে সাহায্য দেওয়া প্রয়োজন ছিল ১৯৭১-৭২ সালে সে ব্যবস্থা হয়নি। আপনারা জানেন ৬ লক্ষ গৃহ বিধ্বস্ত হয়েছে, তার মধ্যে মাত্র আমরা ১ কোটি ৩০ লক্ষ টাকা মঞ্জুর করতে পেরেছি।

আপনারা জানেন এই নিয়ে মুখ্যমন্ত্রী মহাশয় নিজে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছেন এবং আমার দপ্তরের তরফ থেকে বারবার কেন্দ্রীয় সরকারকে বলা হচ্ছে। আপনাদের এটুকু বলতে পারি আমরা চেষ্টা করেছি। গত বছর গৃহ বিধ্বস্ত মানুষরা সাহায্য বাবদ কত পেয়েছে সেটা আমি বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি মানুষের দুঃখের কথা বলবার জন্য এখানে অসত্য ভাষণ দেবার কোন প্রয়োজন নেই। আমরা দেখেছি মুর্শিদাবাদ জেলায় যেখানে ১ লক্ষ ৫ হাজার গৃহ বিধ্বস্ত হয়েছিল তার মধ্যে ৪২ হাজার বিধ্বস্ত গৃহের জন্য সাহায্য দেওয়া হয়েছে। সুতরাং এক পারসেন্টের বেশী লোক সাহায্য পায়নি একথা সত্য নয়। মাননীয় সদস্য প্রদ্যোত মহান্তি মহাশয় জি. আর. এর আলোচনা করেছেন। আমি জানিনা কোন সময় ফিফটিন পারসেন্ট করে দেওয়া হয়েছে। আমি আমার বক্তৃতায় বলেছি বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গী কি। বর্তমান সরকার সাহায্য করতে চায় কাজের মাধ্যমে। ওঁর যে দল সেই দলের নেতারা সাহায্য

বিতরণ করতেন ভিক্ষাবৃত্তিতে। আমরা সেই ব্যবস্থা পাল্‌টাতে চাই। আমরা কাজের মাধ্যে সাহায্য করতে চাই এবং কাজ যেন স্থায়ী হয়, উৎপাদনভিত্তিক হয় সেই ব্যবস্থা আমরা করেচি আমি বিধানসভার প্রত্যেক সদস্যকে এবং বিরোধী দলের সদস্যদের চিঠি লিখেছি, তাঁদের সহযোগি চেয়েছি। এখানে মাননীয় সদস্য নাসিরুদ্দীন খান অভিযোগ করেছেন যে কাজ হয়নি। কিন্তু তি আমার চিঠির জবাবে একথা জানাননি যে তাঁর এলাকার লোককে সাহায্য দেওয়া হয়নি। আ তাঁকে অনুরোধ করেছি এই সীমিত সম্পদের মধ্যে যাতে অপচয় না হয়, দুর্নীতির দ্বারা যা অপচয় না হয় তার জন্য আপনি নিজে সাহায্য করুন এবং আপনি নিজে যদি না পারে তাহলে আপনার কোন প্রতিনিধি দিয়ে দেখাশুনা করান। বিধানসভায় এসে সমালোচনা করতে হ বলে তিনি বক্তব্য রেখেছেন, কিন্তু আমার চিঠির জবাবে তিনি কিন্তু একথা বলেননি যে, নওদার জ সাহায্য অপ্রতুল কাজেই সাহায্য বাড়ান। প্রদ্যোত মোহান্তি মহাশয় যে বক্তব্য রেখেছেন আমি তা সমালোচনা করতে চাইনা। কিন্তু সেভাবে উদ্বাস্তু সমস্যা এবং ত্রাণ ব্যবস্থার সমালোচনা করেছে তাতে তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে, তার দলের নেতা শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন উদ্বাস্তু পুনর্বাসন দপ্ত নিয়েছিলেন এবং তারপর তাঁর দলের আর এক নেতা শ্রীমতী আভা মাইতি পশ্চিমবাংলার উদ্বা দপ্তর দেখাশুনা করেছেন। তাঁরা ২ জনেই উদ্বাস্তু দপ্তরের সঙ্গে ত্রাণ দপ্তর দেখশুনা করেছেন আপনারাই বলুন তো, পশ্চিমবাংলার উদ্বাস্তুদের কোন জায়গায় তাঁরা ঠেলে দিয়েছেন? পশ্চিমবাংলার লক্ষ লক্ষ উদ্বাস্তু তাঁদের আমলের অবিচারের জন্য আজকেও দুর্ভোগ করছে। আজকে তারা বিরোধী পক্ষের আসনে বসেছেন বলে সমস্ত সমস্যা, ২৫ বছরের সমস্যা, এই দায়িত্ব কার উপর তাঁরা চাপাচ্ছেন? ৩ মাসের মন্ত্রীসভার উপর? আমি তাঁর সমালোচনা করতে চাচ্ছি না। কিন্তু তিনি যখন বার বার পশ্চিমবাংলার উদ্বাস্তু সমস্যা এবং ত্রাণ ব্যবস্থার সমালোচনা করেছেন তখন তাঁকে বলি এই সমালোচনা তিনি তাঁর দলের নেতাদের করুন। আজকে ত্রাণ ব্যবস্থা সম্বন্ধে ২।৮টি তথ্য মাননীয় সদস্যরা এখানে রেখেছেন এবং প্রদ্যোত মোহান্তি মহাশয়ও রেখেছেন। আমি তাঁদের বলছি আমরা পারিনি কিন্তু আমাদের উদ্দেশ্য ছিল কোন সক্ষম ব্যক্তি জি আর-এর আওতায় না এসে টি আর-এর মাধ্যমে কাজ করুক এবং টি আর-এর মাধ্যমে সম্পদ গড়ে তুলুক। বাঁকুড়া জেলায় আমরা দেখেছি বহু কাজ হয়েছে, বহু পুকুর সংস্কার করা হয়েছে, বহু বাঁধের সংস্কার হয়েছে।

[2-25—2-37 p.m.]

বাঁকুড়া জেলায় আমি নিজে দেখেছি বাঁকুড়ায় কাজ হয়েছে, বহু পুকুরের সংস্কার হয়েছে, তাদের সংস্কার হয়েছে ঐ আমাদের মাননীয় সদস্য সরোজ রায় মহাশয় স্বীকার করেন যে নদীয়া জেলায় বহু মেদিনীপুর জেলায় বহু বাঁধের সংস্কার হয়েছে এই test relief-এর মাধ্যমে। আমরা চেয়েছি যে স্থায়ী পরিকল্পনার উৎপাদনভিত্তিক পরিকল্পনা test relief-এর মাধ্যমে যেন করা হয়। আমরা খয়রাতি সাহায্য দিয়ে test relief কাজকে কমিয়ে দিয়ে এই সরকার এই দৃষ্টিভঙ্গী নিয়ে অগ্রসর হননি। আমি এখানে কয়েকটি তথ্য আপনাদের কাছে উপস্থাপিত করবো। তার সঙ্গে যদি আপনারা তুলনা করেন তাহলে বুঝতে পারবেন যে আমাদের দৃষ্টিভঙ্গীর সঙ্গে অতীতের দৃষ্টিভঙ্গীর কি তফাৎ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই তিন মাসে, June মাস পর্যন্ত, আমাদের সরকার, বর্তমান সরকার, ২৭৫ কোটি টাকার মত test relief-এর মাধ্যমে খরচ করেছে। অতীতে যে সমস্ত সরকার ছিল, President's ruleএ এখানে খরচ হয়েছিল মাত্র ৫৮ কোটি টাকা। United Frontএর সময় ১৯৬৯ সালে খরচ হয়েছিল ১৩৭ কোটি টাকা। প্রথম United Frontর সময়, যার প্রশংসা করছিলেন সরোজবাবু, তার সময় এই বাবদে খরচ হয়েছিল ৯৮ কোটি টাকা। আর '৬৬ সালে

প্রদ্যুৎ বাবুর নেতা যখন এই দপ্তরের দায়িত্বে ছিলেন তখন খরচ হয়েছিল ১৩৪ কোটি টাকা। ১৩৪ কোটি টাকা থেকে বা United Front-এর দ্বিতীয় বারে ১৩৭ কোটি টাকার বদলে এবার আমরা খরচ করছি ২৭৫ কোটি টাকা। সেখানে আমরা যে টাকা ব্যয় করেছি গ্র্যাটুইসাস রিলিফে আমরা এবছর খরচ করেছি ১ কোটি ৫২ লক্ষ টাকা। আমরা প্রেসিডেন্স রুলে এই সময়ের মধ্যে খরচ হয়েছিল গ্রাটুইসাস রিলিফে ৫৮ কোটি টাকা। আর ইউনাইটেড ফ্রন্টের সময় ১৯৬৯ সালে খরচ হয়েছিল ৩৪ লক্ষ টাকা। ইউনাইটেড ফ্রন্ট প্রথমবারে এই বাবদে খরচ হয়েছিল ১০৬ কোটী টাকা। ১৯৬৬ সালে সেবার ঢালাও রিলিফ দেওয়া হয়েছিল প্রদ্যুত বাবুর দলের নেতা যখন রিলিফ দপ্তরে ছিলেন, যার সমালোচনা সি পি আই-এর বন্ধুরা তীব্রভাবে করেছিলেন এই বিধান সভায়, সেই সময় গ্রাটুইসাস রিলিফ বাবদ খরচ হয়েছিল ৯৩ লক্ষ টাকা। তাহলে আজকে এখানে এই নিয়ে যে সমালোচনা করা হচ্ছে, বর্ত্তমান সরকার কিছুই করেননি, অতীতে অনেক বেশী এর থেকে হয়েছিল, তথ্যেও একথা বলে না। আমরা টেস্ট রিলিফ বাবদে যে টাকা খরচ করেছি সেটা অন্ততপক্ষে গ্রাটুইসাস রিলিফের দ্বিগুণ। অর্থাৎ আমরা গ্রাটুইসাস রিলিফের দিকে টেস্ট রিলিফের মাধ্যমে বেশী লোককে আনতে চেয়েছি। আমরা তা সত্ত্বেও টেস্ট রিলিফে যে টাকা ব্যয় হয়েছে অন্যান্য বারের তুলনায় সেটা অনেক বেশী। তাই আমি মাননীয় সদস্যদের বিশেষভাবে নাসিরুদ্দিন খান সাহেবকে আমি যে তথ্য পরিবেশন করেছি তাতে আমার নিজের নিশ্চয়ই বিশ্বাস নাসিরুদ্দিন সাহেবের যে ভুল ধারণা ছিল তা অপসারিত হয়েছে এবং তিনি যে Grant motion-এর বিরুদ্ধে cut motion মাধ্যমে সমালোচনা করেছেন সেই cut motion প্রত্যাহার করে নিয়ে এই বাজেট বরাদ্দ অনুমোদন করে নেবেন।

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 26,89,02,000 be granted for expenditure under Grant No. 48, Major Heads : "71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, 71—Miscellaneous—Relief to Refugees from Bangladesh, 109—Capital Outlay on Other works—Expenditure on displaced persons, and Loans and Advances to displaced persons", was then put and agreed to.

**Mr. Speaker :** I now put the cut motion of Shri Nasiruddin Khan on Grant No. 48.

The motion of Shri Nasiruddin Khan that the amount of the Demand be reduced by Rs. 100/ was then put and lost.

(At this stage the main Demand was put and a division claimed by Shri Nashiruddin Khan. Division bell was then rung.)

**শ্রীনাসিরুদ্দিন খান**ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাট মোশনের উপরে আমি ভোট চেয়েছিলাম। ডিভিশন চাইতে আমার একটু ভুল হয়ে গিয়েছে। এটা আপনার রিভাইজ করবার ক্ষমতা আছে। আমি আমার কাট মোশন দিয়েছি যদি House রাজী থাকে, তাহলে আমি আমার কাট মোশনের উপর ভোট চাইতে পারি।

**Mr. Speaker :** That cut motion is already lost. According to rule the decision that I have already given is a final decision. If you do not want to press for division now then there will be no division.

I now put the main Demand to vote.

The motion of Shri Santosh Kumar Roy that a sum of Rs. 8,02,60,000 be granted for expenditure under Grant No. 38, Major Head : "64—Famine Relief." was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 2-37 p. m. till 1 p. m. on Monday, the 10th July, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 10th July, 1972 at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 13 Ministers, 9 Ministers of State, 2 Deputy Ministers and 179 Members.

[1-00—1-10 p.m.]

### Oath or Affirmation of Allegiance

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

### Starred Questions

(to which oral answers were given)

### Rural employment under crash programmes

*76. (Admitted question No. *45.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) the number of schemes sent by the District authorities to the State Government under the crash programmes for rural employment in Midnapore district;

(b) the number of schemes approved by the State Government;

(c) the expenditure on account of schemes under (a) and (b), and

(d) the employment potentials of (a) and (b) ?

**Shri Abdus Sattar :**

(a) 36 ;
(b) 33 ,
(c) (i) 67,54,000
(ii) 55,03,000
(d) (i) 18,01,333 man-days ;
(ii) 14,67,466 man-days.

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, মেদিনীপুরে ৩৬টা স্কীম পাঠানো হয়েছিলো তার মধ্যে ৩৩টা সেংসান করা হল কেন ? কোন বেসিসে এটা স্যাংসান করা হল সেটা জানাবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** কোন বেসিসে দেওয়া হয়েছে সেটা এখনই বলা সম্ভব নয় তবে ৩৬টা মধ্যে ৩৩টা সাংসান করা হয়েছে। এবং এতে ৫৫ লক্ষের উপর টাকা খরচ করা হবে।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে ১৪ হাজার ৪ শতর উপ লোককে যে কাজ দেবার কথা হয়েছে তারা কি সমস্ত সময়ের জন্যই কাজ পাবে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় সদস্য জানেন যে বৎসরে সব সময় কাজ হয় না। বর্ষার সময় কাজ হতে পারে না, ম্যানডেস কত হবে এবং কত লোক কাজ করবে তার একটা হিসাব দেওয় হয়েছে যে বৎসরে এত ম্যানডেজ কাজ হবে।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** প্রতি স্কীমে কতজন বরে লোক কাজ করতে পারে এর কোন প্রভিসান আপনাদের আছে কিনা ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** নোটীশ দেবেন, জানাবো।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** আমার প্রশ্ন হল যে কতগুলি স্কীম আরম্ভ হয়েছিল তার ক্যাটি- গোরিক্যাল হিসেব দেওয়া সম্ভব কিনা জানাবেন ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** ডিটেল স্কীম সম্পর্কে জানানো সম্ভব নয়, নোটীশ দেবেন বলব।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, মেদিনীপুর জেলায় ৩৬টি স্কীম এসেছিল ও তারমধ্যে ৩৩টা স্কীম মঞ্জুর করা হয়েছে, এটা কি বেসিসে হয়েছে? ৩৬টা স্কীম ডি, এম পাঠান কিজন্য ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** টাকার অভাবের কথা সকলেই জানেন, অন্য কি কারণ এখুনি বলা সম্ভব নয়।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** কত টাকা এই তিনটা ক্র্যাস প্রোগ্রাম নেবার জন্য দরকার এবং কত টাকার অভাব আছে সেটা জানাবেন কি ?

**Shri Abdus Sattar :** ৩৬টা স্কীমের মধ্যে ৩৩টা Sanction হয়েছে ; যে তিনটি বাকী আছে তা টাকার অভাবে Sanction হয় নাই—তেমন কিছু নয়। তবে যেটা possible—কেবল সেইগুলি Sanction করা হয়েছে। সেই সব স্কীমের চলছে ও চলবে। বাকী তিনটা যাতে হাতে নেওয়া যায়, তা নিশ্চয়ই দেখবো টাকা পেলে।

**Shri Abdul Bari Biswas :** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন ৩৬টি স্কীমের মধ্যে ৩৩টি স্কীম মঞ্জুর করা হয়েছে এক মেদিনীপুরে। অন্যান্য জেলায় যে স্কীম নেওয়া হয়েছে তার তুলনায় এই মেদিনীপুরে এত বেশী স্কীম নেওয়ার কারণ কি ?

**Shri Abdus Sattar :** এটা মেদিনীপুরের কথা বলছি, অন্যান্য জেলার কথা বলতে গেলে পৃথক নোটিশ দিতে হবে।

**Shrimati Geeta Mukhopadhaya :** মেদিনীপুরে আর যেসব স্কীম পড়ে রয়েছে—তা দ্রুত নেওয়া হবে কিনা—সে বিষয়ে তিনি কোন আশ্বাস আমাদের দিতে পারেন ?

**Shri Abdus Sattar :** স্কীম যেগুলি পড়ে আছে—দ্রুত যাতে এই প্লান পিরিয়ডের মধ্যে নেওয়া হয় তার যথাসাধ্য চেষ্টা করবো।

**Shri Ajitkumar Bandyopadhyay** : এই ক্রাশ প্রোগ্রামে কি কেবল রাস্তাঘাট তৈরী হবে, অন্য কোন কাজ হবেনা ? তা করবার দায়িত্ব কার ?

**Shri Abdus Sattar :** আমার মনে হয় সেই স্কীম মোটামুটি agriculture oriented scheme. Agriculture development-এর জন্য যে যে কাজ করা দরকার—সে সমস্ত কাজই এই C. S. R. E.-র কাজ হবে। যেখানে মার্কেটিং-এর জন্য রাস্তাঘাট দরকার minor Irrigation ধরুন ট্যাংক excavation দরকার ফিসারীজ ডিপার্টমেন্টের স্কীম, Co-operative deptt. এর স্কীম যে সমস্ত স্কীম—Connected with agriculture—তাঁরা সেই স্কীম দেবেন।

**Shri Ajitkumar Bandyopadhyay :** এই যে crash scheme প্রোগ্রাম huge নেওয়া হয়েছে, বার বার বলা হয় crash scheme programme হবে—তারপর জানা যায় তার টাকা sanction হয়নি। কত টাকা পর্যন্ত এই crash scheme প্রোগ্রামে sanction করবার অধিকারী এবং এর দায়িত্ব কার ?

**Shri Abdus Sattar** : Govt. of India এই sanction দেন, আমরা খরচ করি—আমার department খরচ করে। এতদিন ছিল এটা ছিল Planning and Develpment-এর under-এ, recently এটা আমার Agriculture Department-এ transferred হয়েছে।

**Shri Ajitkumar Bandyopadhyay** : জেলার মধ্যে এই Programme Sanction করে টাকা কার দেবার অধিকার আছে ? এবং কত টাকা পর্যন্ত তারা দিতে পারেন ?

**Shri Abdus Sattar** : জেলাতে জেলা ম্যাজিষ্ট্রেটের through দিয়ে channelise হবে B. D. O. হয়ে। West Bengal State Fisheries Development Corporation তাঁরাও স্কীম দেন, Fisheries Department থেকেও স্কীম দেন, Forest Department থেকেও স্কীম আসে, আমরা সে সব execution করি through D.M.

**Shri Sudhir Chandra Das :** পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় সরকার এবার crash প্রোগ্রাম বাবদ কত টাকা খরচ করবেন—এটা কি জানতে পেরেছেন ?

**Shri Abdus Sattar :** চলতি বছরে ১৯৭২-৭৩ সালে মোট টাকা—বছরে ২ কোটি ৯৯ লক্ষ টাকা—West Bengal এর জন্য Sanction হয়েছে।

**Shri Ananta Kumar Bharati :** ঐ টাকা Sanction হয়ে এখানে এসে পৌঁছিতে সর্বসাকুল্যে কত সময় লাগে ?

**Shri Abdus Sattar :** হিসেব করা হয় নাই—নোটীশ দেবেন—বলে দেব।

**Shri Bhupal Chandra Panda :** মন্ত্রীমহাশয় যে কথা বললেন crash প্রোগ্রামের মধ্যে কেবল রাস্তা নয়—Small Irrigation Scheme-ও রয়েছে, Fishery, Forest-ও রয়েছে। মেদিনীপুর জেলা থেকে ৫টি small irrigation-এর ক্ষেত্রে crash programme-ও চাওয়া হয়েছিল, তার একটিও মঞ্জুরী পায়নি, তার কারণ কি বলবেন ?

[1-10—1-20 p.m.]

**শ্রীআবদুস সাত্তার ঃ** ব্যাপারটি হচ্ছে আপনারা হয়তো জানেন যে গতবারে কয়েকটি কারণে আমরা টাকাটা ঠিক খরচ করতে পারিনি। এবছর করবো—কারণ এ বছর খরচ করার অধিকার আছে। খরচ না করার কারণ হচ্ছে প্রথমত বন্যা। দ্বিতীয় হচ্ছে influx of the evacu from Bangladesh.

এই দুটি কারণে অফিসাররা মোটামুটি ব্যস্ত থাকায় এবং এমন কি ঐ সেক্রেটারিয়েট থে আরম্ভ করে ব্যস্ত থাকায় কাজ হয়নি। একথা আপনাদের বলতে পারি এখন যে আমরা স্কীম নি তা ত্বরান্বিত হবে।

## মহম্মদবাজার স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিক পাখা

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *.২৩) **শ্রীনিতাইপদ ঘোষ ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদ অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মহম্মদবাজার স্বাস্থ্যকেন্দ্রে ইলেকট্রিক থাকা সত্ত্বেও, ইনডোর-এ কোন ফ্যান নেই, যার ফলে এই প্রচণ্ড গরমে রোগীদের চরম দুর্ভোগ হচ্ছে ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করিতেছেন ?

**Shri Ajit Kumar Panja** :

(ক) ইনডোরে কোন পাখা নেই।

(খ) এই স্বাস্থ্যকেন্দ্রটির বিদ্যুতীকরণ ডেভলপমেন্ট বিভাগের C. D. Progiamme অনুসারে করা হয়েছিল, এতে পাখার ব্যবস্থা ছিল না।

(গ) যতশীঘ্র সম্ভব পাখার ব্যবস্থা করা হবে।

**Shri Nitai Pada Ghosh :** কতদিনের মধ্যে এটা হবে সেই তারিখটা জানাবেন কি ?

**Mr. Speaker** : উনি তো বলেছেন যতশীঘ্র সম্ভব।

## দাঁতন ১নং এবং ২নং ব্লকে গভীর নলকূপ

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহা অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাঁতন ১নং এবং ২নং ব্লকে ১৯৭২ সালে ডিপ টিউবওয়েল স্থাপনে কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে উক্ত টিউবওয়েল কোন্ কোন্ মৌজায় স্থাপনের কথা চিন্তা করা হইতেছে ?

**Shri Abdus Sattar :**

(ক) বাজেটে যথোপযুক্ত বরাদ্দ না থাকায় পশ্চিমবঙ্গেই এই বৎসর নূতন গভীর নলকূ সম্ভব নয়। তবে কেন্দ্রের নিকট হইতে যোজনা বহির্ভূত অর্থ সাহায্য পাওয়া গেলে নূতন গভী

নলকূপ স্থাপনের কার্য্যক্রম গ্রহণ করা হইবে। এ ব্যাপারে কেন্দ্রের নিকট পরিকল্পনা পেশ করা হইয়াছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ** তাহলে পশ্চিমবঙ্গে ১৯৭২ সালে—অর্থাৎ বর্তমানে কোন ডিপ টিউবওয়েল স্থাপনের কোন পরিকল্পনা নাই।

**মিঃ স্পীকারঃ** This question has already been answered.

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বল্লেন যে ষ্টেট গভর্ণমেণ্টের কোন টাকা নাই—যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যায় তাহলে ব্যবস্থা—এই টাকা নাই কেন?

**শ্রীআবদুস সাত্তারঃ** মোটামুটি ১৯৭২-৭৩-এ গভীর নলকূপের জন্য ১ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে ৬৭ লক্ষ টাকা operation and maintenance of Deep Tube Well. তার কারণ যেগুলি অলরেডি আছে তার জন্য ৩৩ লক্ষ টাকা খরচ হবে। ancillary works of the schemes যেগুলি আছে সেগুলিতে খরচ হবে যেগুলি অলরেডি আছে। সেখানে ইলেকট্রিক কানেকসন বা অন্যান্য মেরামত থেকে আরম্ভ করে ঐ ১ কোটি টাকা খরচ হয়ে যাবে। আমি একথা বলছি যে ভয়ের কোন কারণ নেই। আমরা লিখেছি স্টাডি করে আমি স্কীম দিয়েছি। আশা করি আমরা টাকা পাবো ডিপ টিউবওয়েল বসাবার জন্য। তবে এই অবস্থায় আমি যতক্ষণ না পাচ্ছি ততক্ষণ ডেফিনিট কিছু বলতে পারছি না।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মেরামত, ইলেকট্রিসিটি কানেকসন ইত্যাদি কমপ্লিট করবেন বর্তমানে যে ডিপ টিউবওয়েল রয়েছে। তাহলে আমাদের কাছে যে তথ্য আছে যে শতকরা ৫০ ভাগ ডিপ টিউবওয়েল চলছে না—এই আর্থিক বৎসরে আমরা আশা করতে পারি কি যে যেটা আছে অর্থাৎ আগে হয়েছিল সেগুলি সমস্ত চালু হবে?

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় সদস্য যে শতকরা হিসাব দিলেন তা আমি এগ্রি করতে পারছি না। আমাদের যে হিসাব আছে সেই অনুসারে নিশ্চয় আমি হিসাব দিতে পারি যে মোট ডিপ টিউবওয়েল ছিল ১৭৫৬টি, তার মধ্যে ১৫৪৭টি চলছে। ১৪৩টি ডিপ টিউবওয়েল ইনারজাইজ করতে হবে। মোট ২০৯ থেকে ১৪৩টি করার জন্য আমরা টাকা জমা দিয়ে দিয়েছি। বাকী যেগুলি রইলো এবং যে টাকা আছে তাতে আমরা চেষ্টা করবো যাতে সবগুলি করা যায়।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** ১৫শো টিউবয়েল যা বলছেন চলছে তার মধ্যে অধিকাংশই আংশিক চলছে, সপ্তাহে তিন চারদিন বন্ধ থাকে। ভবিষ্যতে পনেরো শো টিউবয়েল বারো মাস চব্বিশ ঘণ্টা চলতে পারবে—এই এ্যাসিওরেন্স দিতে পারেন কি?

**শ্রীআবদুস সাত্তারঃ** যেগুলো এনারজাইজড হয়েছে মেকানিকেল ডিফেক্টসের জন্য বন্ধ থাকতে পারে। এতে আশ্চর্য্য হওয়ার কিছু নেই। তবে সে সংখ্যাটা বলা সম্ভব নয়। সাধারণ রিপেয়ারের যেগুলো বন্ধ আছে সেগুলো যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করতে হবে। তবে বর্ষার সময় আবার চলে না এমন টিউবয়েলও আছে।

**শ্রীগঙ্গাধর প্রামানিকঃ** মন্ত্রীমহাশয় কি জানেন যে টিউবয়েল আছে তার মধ্যে ফিফটি পারসেন্ট টিউবয়েল সাব-ষ্ট্যাণ্ডারড দেওয়া হয়েছে?

**Mr. Speaker :** This question relates to Dantan Number 1 and Number 2 Blocks of Midnapore District. Now you are putting question for the entire West Bengal.

**শ্রীগঙ্গাধর প্রামানিক ঃ** ঠিক আছে স্যার, I am asking specific question. মন্ত্রী মহাশয় কি জানেন দাঁতনে যে টিউবয়েল আছে এগ্রিক্যালচার ম্যানুয়েলে যে ডাইরেকশান আছে সেই অনুযায়ী সাব-ষ্ট্যাণ্ডার্ড টিউবয়েল দেওয়া হয়েছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এই রকম আমার জানা নেই। যতদূর জানি এগুলো ষ্ট্যাণ্ডার্ড টিউবয়েল।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মন্ত্রীমহাশয় উত্তরে বলেছেন ৬৭ লক্ষ টাকার মতো মেণ্টেনেন্সে কষ্ট লাগবে। তার ভিত্তিতে আমি জানতে চাইছি মুর্শিদাবাদ জেলার ডিপ টিউবয়েল মেণ্টেনেন্সের জন্য একটা ডিভিসন্যাল অফিস করার পরিকল্পনা আছে কি ?

**মিঃ স্পীকার ঃ** The question is disallowed.

## রাজনৈতিক নির্যাতিত (স্বাধীনতা সংগ্রামী) ব্যক্তিদের সাহায্য

*১৯ (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫ **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** অর্থবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে পলিটিক্যাল সাফারার (স্বাধীনতা সংগ্রামী)-এর সংখ্যা কত ;

(খ) সেইসব ব্যক্তিদের পরিবারবর্গকে কিভাবে সাহায্য করার কথা সরকার চিন্তা করছেন,

(গ) কেন্দ্রীয় সরকারের নির্দেশানুসারে বর্তমানে পশ্চিমবঙ্গের কতজন পলিটিক্যাল সাফারার দরখাস্ত করিয়াছেন ; এবং

(ঘ) তাঁদের স্বীকৃতির ব্যাপারে সরকার কি পন্থা অবলম্বন করছেন ?

**শ্রীশঙ্কর ঘোষ :** (ক) এ পর্যন্ত ৫২৯৪ জন কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত রাজনৈতিক ভাতার (পেন্সনের) জন্য দরখাস্ত করিয়াছেন। পশ্চিমবঙ্গে কতজন স্বাধীনতা সংগ্রামী আছেন সে সম্বন্ধে কোন পরিসংখ্যাণ সংগ্রহ করা হয় নাই।

(খ) স্বাধীনতা সংগ্রামী বা তাদের পরিবারবর্গদের সাহায্য দানের জন্য ১৯৪৮ সাল হইতে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের একটি পরিকল্পনা কার্যকরী আছে। সেই অনুযায়ী বর্তমানে ২৫৭৪ জন স্বাধীনতা সংগ্রামী বা তাহাদের পরিবারবর্গ রাজ্য সরকার হইতে মাসিক ভাতা পাইতেছেন। এই ভাতার পরিমাণ সাধারণতঃ মাসিক ত্রিশ টাকা হইতে পঁচাত্তর টাকা অবধি। ইহা ছাড়া এককালীন সাহায্যও দেওয়া হয়। বর্তমানে রাজ্য সরকার কর্তৃক সাহায্য দানের পরিমাণ বার্ষিক এগার লক্ষ টাকা। আন্দামান বন্দীগণ বা যাহাদের অন্ততঃ ছয় মাসের কারাদণ্ড (ইমপ্রিজনমেণ্ট) হইয়াছে তাহাদের বা তাদের পরিবারবর্গের জন্য কেন্দ্রীয় সরকার সাহায্যের বিশেষ ব্যবস্থা করিয়াছেন।

(গ) ৫২৯৪।

(ঘ) কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী দরখাস্তের একটি কপি সোজাসুজি কেন্দ্রীয় সরকার, অন্য একটি কপি রাজ্য সরকারের কাছে দাখিল করিতে হয়। শেষোক্ত কপিটিতে প্রদত্ত

তথ্যাদি যথাযথ কিনা অনুসন্ধান করিয়া একটি রিপোর্ট-সহ ঐ কপিটি কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হইতেছে।

[1-20—1-30 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** এই পরিসংখ্যাণ সংগ্রহ করার জন্য সরকার কি পরিকল্পনা গ্রহণ করেছেন, মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীশঙ্কর ঘোষঃ** এই পরিসংখ্যাণ সংগ্রহ করার জন্য যেটা বেশী দরকার সেটা হচ্ছে আবেদন পত্র। এই আবেদন পত্র সরকার পাচ্ছেন। আমাদের পশ্চিমবঙ্গে পেনসন দেবার যে বন্দোবস্ত রয়েছে সেই কমিটির কাছে আবেদন কিছু কিছু আসছে এবং কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা আছে সেই কমিটির কাছেও আবেদনপত্র আসছে। আমি আগেই বলেছি কেন্দ্রীয় সরকারের কাছে প্রায় ৫ হাজার ২৯৫টি আবেদনপত্র এসেছে এবং পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক যতটা আবেদন মঞ্জুর হয়েছে সেটা হচ্ছে ২ হাজার ৫৭৪টি।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** এই আবেদনপত্র যারা জমা দিতে যাচ্ছেন তারা তাদের পুরাতন রেকর্ড পাচ্ছেন না এবং জেলে বা থানায় খোঁজ নিয়েও পাচ্ছেন না, তাবজন্য মন্ত্রী মহাশয় কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি ?

**শ্রীশঙ্কর ঘোষঃ** আমাদের পশ্চিমবাংলায় আমরা যতটা পারছি দিচ্ছি। স্বাধীনতা সংগ্রামীদের প্রথম যখন পেনসন চালু হয়েছিল ১৯৪৮ সালে, তখন কেবল ১ লক্ষ ৩১ হাজার টাকা এই স্বাধীনতা সংগ্রামীদের দেওয়া হতো। তারপর ১৯৬৪ সালে এই টাকা বাড়িয়ে ৪ লক্ষ ৫ হাজার টাকা করা হয়। এখন ১৯৭২-৭৩ সালে আমরা ১১ লক্ষ টাকা দেবার বন্দোবস্ত করেছি।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ৩০ টাকা থেকে ৭৫ টাকা পর্যন্ত দেওয়ার আসল উদ্দেশ্য কি ?

**শ্রীশঙ্কর ঘোষঃ** যারা আবেদন করেছেন তারা জানেন এবং তারা এই টাকা নিচ্ছেন, আমরা যতটা পারছি সাহায্য করার চেষ্টা করছি।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** পুরুলিয়া জেলায় নির্যাতিত রাজনৈতিক বন্দী যারা আছেন তাদের রেকর্ড-পত্র পশ্চিমবঙ্গে নেই। টেরিটোরিয়্যাল ট্রান্সফারের সময় বিহারে চলে গেছে, তার ফলে তাদের রেকর্ড সংগ্রহ করতে যথেষ্ট অসুবিধা হচ্ছে, এটা কি মন্ত্রী মহাশয় জানেন ?

**শ্রীশঙ্কর ঘোষঃ** পুরুলিয়া সম্বন্ধে বিশেষ প্রশ্ন থাকলে নোটিশ দিলে উত্তর দেওয়া যাবে।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্নটি কোন পার্টিকুলার এরিয়া সম্বন্ধে নেই, এটা পশ্চিমবাংলার সমস্ত রাজনৈতিক কর্মীদের সম্বন্ধে আছে। পুরুলিয়া জেলা যে পশ্চিমবঙ্গের মধ্যে, পশ্চিমবাংলার বাহিরে যে নয়, এটা নিশ্চয় মাননীয় মন্ত্রী মহাশয় জানেন। পুরুলিয়া জেলায় নির্যাতিত রাজনৈতিক কর্মী যারা আছেন তাদের জেলের রেকর্ডপত্র টেরিটোরিয়াল ট্রান্সফারের সময় বিহারে চলে গেছে। তার ফলে তাদের জেলের রেকর্ড-পত্র সংগ্রহ করতে খুব অসুবিধা হচ্ছে। সেই অসুবিধা দূর করতে মন্ত্রী মহাশয় কোন ব্যবস্থা গ্রহণ করবেন কিনা ?

**শ্রীশঙ্কর ঘোষঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন তুলেছেন এ সম্বন্ধে আমি আরো তদন্ত করবো এবং তদন্ত করে যতটা পারি সাহায্য করার চেষ্টা করবো।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** এটা পরিষ্কার করা দরকার হয়েছে। যারা ৬ মাস জেল খেটেছে তারা পাবে বলে বলেছেন। কিন্তু জেলখানা, কোর্ট অথবা থানা, এর কোন জায়গাতেই রেকর্ড পাওয়া যাচ্ছে না অনেকের, অথচ তারা জেল খেটেছেন। কাজেই সেই সম্পর্কে সরকার কি পন্থা গ্রহণ করবেন চিন্তা করছেন, মাননীয় মন্ত্রী মহাশয় সেটা জানাবেন কি ?

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** আমরা কিছু কিছু রেকর্ড পেয়েছি। কেন্দ্রীয় সরকারের যে পেনসন স্কীম আছে সেখানেও সেই সমস্ত দরখাস্ত আসছে। কেন্দ্রীয় সরকার আমাদের বলেছেন যে এগুলি পরীক্ষা করে দেখতে হবে। আমরা এরই ভিতর পরীক্ষা করে দেখছি। ২০০ খানি দরখাস্ত রেকমেণ্ড করে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিয়েছি এবং ইতিমধ্যে আরো ৩০০ খানি দরখাস্ত পাঠানোর প্রতিশ্রুতি চলেছে। আর অন্য যে দরখাস্তগুলি দিয়েছেন আমরা পুলিশের কাছ থেকে সেগুলির তথ্য সংগ্রহ করার চেষ্টা করছি। এর ভিতর কিছুটা অসুবিধা আছে, মাননীয় সদস্য যেটা বললেন সেটা সত্যি কথা। তবে আমরা যথাসাধ্য চেষ্টা করছি এই বিষয়ে অনুসন্ধান করে যতটা সাহায্য করা যায় তার জন্য।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, স্বাধীনতা সংগ্রামী যাঁরা, তাঁরা দেশের সকলের খুব শ্রদ্ধাভাজন এবং জাতীয় ক্ষেত্রে তাঁদের একটা বিশেষ মর্য্যাদা নিশ্চয়ই দেওয়া উচিত এবং সেইজন্য যে সরকার পক্ষ থেকে ৩০ টাকা থেকে ৭৫ টাকা বরাদ্দ হচ্ছে, সেই বরাদ্দ খুবই লজ্জাজনকভাবে অপ্রতুল, মাননীয় মন্ত্রী মহাশয় কি এই অর্থ যে বরাদ্দ করা হচ্ছে, তা বাড়াবার জন্য উপযুক্ত কোন কর্মপন্থা গ্রহণ করবেন কি ?

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** আমরা বরাবর চেষ্টা করছি যাতে এই বরাদ্দ বাড়ানো যায়। ১৯৪৭ সালে স্বাধীনতা আসার পরের বছর যখন এই কমপেনশেসন স্কিম চালু হয় তখন এক লক্ষ একত্রিশ হাজার টাকা কেবল দেওয়া হ'ত স্বাধীনতা সংগ্রামীদের। আমরা সেটাকে বাড়িয়ে দশ গুন করে দিয়েছি, এখন সেটা ১৯৭২ সালে আমরা ১১ লক্ষ টাকা আমরা দিচ্ছি।

**শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** এই স্বাধীনতা সংগ্রামীরা যাঁরা পেনশন পাবার জন্য দরখাস্ত করে থাকেন, তাঁদের কি প্রসিডিয়োরে নেওয়া হয় উপযুক্ত মনে করার জন্য ?

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** আমরা প্রসিডিয়োর এটাই করেছি, দরখাস্তগুলো আসবে এবং মন্ত্রী সভার একটা কমিটি করেছি, তাতে মাননীয় তিনজন সদস্যও আছেন, তাঁরা এই দরখাস্তগুলো পরীক্ষা করে দেখবেন এবং পরীক্ষা করে দেখে এর ভেতর থেকে ২ হাজার ৫৭৪ জনের দরখাস্ত মঞ্জুর করা হয়েছে।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** যে অসুবিধার কথা উঠেছিল, সেটা হয়তো গুরুতর এবং বেসিক কথা। স্বাধীনতা সংগ্রামী মানুষ আজকে তাঁরা তাঁদের সেই সময়ের ডিটেনশনের কাগজপত্র খুঁজে পাচ্ছেন না, কারণ দরখাস্ত করার সময় বলা হয়েছে, কোথা থেকে কত সাল পর্য্যন্ত কোন জেলায় আবদ্ধ ছিলেন এবং তার কোন রেকর্ড আছে কি নেই। আজকে সেই দরখাস্তকারী যদি সেখানে কোন রেকর্ড না পায় জেল, থানা বা কোর্ট থেকে, তারজন্য কোন বিকল্প ব্যবস্থা করা হচ্ছে কি ?

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** এই যে সমস্ত রেকর্ড পাচ্ছেনা, প্রথমতঃ আমরা পুলিশকে নির্দেশ দিয়েছি যাতে অনুসন্ধান করে জানানো হয়। যেখানে জেল রেকর্ড আছে, সেখানে সেই প্রশ্ন আসে না, তবে যেখানে জেল রেকর্ড নেই, সেখানে আমাদের মন্ত্রী সভার যে কমিটি গঠিত হয়েছে, তাঁরা এই

বিষয়ে পরীক্ষা করে দেখেন জেল রেকর্ড ছাড়াও অন্য রেকর্ড যদি তাঁরা দেন যেগুলো গ্রহণযোগ্য, সেটা বিশেষভাবে আমরা পরীক্ষা করে দেখবো।

**শ্রীপ্রশান্তকুমার সাহু:** মন্ত্রী মহাশয় জানাবেন কি, যাঁরা এক মাস বা যাঁরা অন্ততঃ পক্ষে হাজতের কাজও করেছেন, তাঁরাও তো পলিটিক্যাল সাফারার-এর দলভুক্ত হতে পারেন, আমার মনে হয় যাঁরা আপাততঃ এক মাস জেলে ছিলেন তাঁদেরও অন্তর্ভুক্ত করা হবে কি ?

**শ্রীশঙ্কর ঘোষ:** এই যে ৬ মাসের প্রভিশন রয়েছে, সেটা ভারতসরকারের স্কিমে আছে, যেটা ১৫ই আগষ্ট ১৯৭২ সাল থেকে চালু হবে কিন্তু পশ্চিম বাংলার যে স্কিম যাতে আমরা ১১ লক্ষ টাকা খরচ করছি, তার ভেতর এই রেসট্রিকশন নেই এবং এক মাস কিংবা ৬ মাসের কম হলেও, আমাদের যে মন্ত্রী সভার কমিটি আছে তাঁরা বিচার করে, তার ভেতর থেকে এই পেনশন স্কিম মঞ্জুর করতে পারেন।

**Mr. Speaker :** Honourable Members, sometimes supplementary questions are put without hearing the Hon'ble Minister. The answer just now given by the Hon'ble Minister has already been given by him previously Again a supplementary question has been put on the same subject answered earlier. I think the honourable Members must hear the answers that are given and the same question should not be repeated.

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী:** মন্ত্রী মহাশয় জানাবেন কি যে—একটু আগে বললেন যে স্বাধীনতা সংগ্রামীদের যে ভাতা দেওয়া হয় তার ১০ গুন বাড়ানো হয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই, এই দশ গুন বাড়ানো যে হয়েছে তাতে কি ৩০ টাকা থেকে ৩০০ টাকা করা হয়েছে, না ৩০ জন স্বাধীনতা সংগ্রামী থেকে ৩০০ জন করা হয়েছে, পরিমাণগত কোন ভাতা বাড়ানো হয়েছে কি না, অনুগ্রহ করে বলবেন কি ?

[1-30—1-40 p.m.]

**শ্রীশঙ্কর ঘোষ:** যাদের দেওয়া হচ্ছে তাদের সংখ্যাও বাড়ান হচ্ছে এবং সেই ভাতার পরিমাণও বাড়ান হচ্ছে।

**শ্রীভবতারণ চক্রবর্তী:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে অনেকে আবার ফর্মের ব্যাপারে অসুবিধা ভোগ করছেন, কেউ কেউ ফ্রিডম ফাইটার এ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ফর্ম নিয়ে দরখাস্ত করেছেন, অনেকে ডিষ্ট্রীক্ট কংগ্রেস কমিটি যে ফর্ম ছাপিয়েছেন তাতে দরখাস্ত করেছেন এই সব দরখাস্ত মঞ্জুর হবে কি না ?

**শ্রীশঙ্কর ঘোষ:** কেন্দ্রীয় সরকার যে ফর্মের স্কিম করেছেন সেই ফর্মের ভিত্তিতে দরখাস্ত করলে সেগুলি মঞ্জুর হবে।

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডা:** মাননীয় মন্ত্রী মহাশয় এই কথা বললেন যে ফ্রিডাম ফাইটারদের আমরা ৩০ টাকা থেকে ৭৫ টাকা পর্য্যন্ত স্টেট লেভেলে দিয়েছি। আমি কনক্রিটলি একটা প্রশ্ন তুলতে চাই, নন্দীগ্রাম থানায় ফায়ারিং-এ যে ব্যক্তি শহীদ হয়েছিল তার স্ত্রী দরখাস্ত করে

তার মঞ্জুর হয়েছে ১০ টাকা মাসিক উইথ ফাইভ মেন ফ্যামিলি। সেখানে ১০ টাকা থেকে বাড়াবার জন্য ১৯৬৯ সাল থেকে এই পর্যন্ত দরখাস্ত করে আসা হচ্ছে, কিন্তু এখন পর্য্যন্ত তাদের টাকা অর্থাৎ পেনশন বাড়াননি। শুধু তাই নয় এইরকম অনেক ক্ষেত্রে এ্যাপলিকেশনের ১ বছর কি ২ বছর লিমিট করে তাদের পেনশন বাড়াবার কোন কথাই হয়নি। এই বিষয়ে আমি আপনার কাছে কনক্রিট তথ্য দিতে চাই, আপনি তার কোন ব্যবস্থা নেবেন কি?

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** মাননীয় সদস্য যদি কনক্রিট কেস দেন নিশ্চয়ই ব্যবস্থা নেব। আমরা জানি কতকগুলি পুরোন ক্ষেত্রে ১০ টাকা ছিল, সেগুলি আমরা বাড়িয়ে ৩০ টাকা করেছি। যে কেস আপনি বললেন সেই ব্যাপারে পত্র দিলে আমি দেখব।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যাদের ৬ মাস পর্য্যন্ত জেল হয়েছিল এবং জেল হবার পর ৫ দিন রেমিশন হয়েছে তারা কি এই আওতায় পড়ে?

**শ্রীশঙ্কর ঘোষ ঃ** এইটাতে দুটো ব্যাপার আছে, আমাদের পশ্চিমবাংলার ক্ষেত্রে ৬ মাসের বাধ্যবাধকতা নেই, কিন্তু ভারত সরকারের পেনশন স্কীম-এ ৬ মাসের বাধ্যবাধকতা আছে।

**Mr. Speaker :** I like to inform the Members that the Business Advisory Committee gave a general direction that one question should be taken up for five minutes only, but I use my discretion sometimes allowing the Members to take ten minutes or so. I like to ask you, is it necessary for you to take one hour in respect of one question or two questions only? Today 29 starred questions have to be taken up. If you take so much time in respect of one question then what is the necessity of fixing or circulating so many questions to be answered orally in the House? In a single supplementary cannot be placed in respect of other questions then many matters involved in those questions will remain unanswered. I think if we proceed in this fashion then only 6 or 7 questious will be taken up and other questions will have to be treated as unstarred questions. So I want co-operation from all the honourable Members of the House in this respect. We must not take more than five minutes but if there is any important question we may take ten minutes only. In respect of this question I think 15 minutes have already been taken. If you want to take 20 to 25 minutes then you can bring a motion, and you can have half-an hour discussion over the subject. You have the power to bring a motion over this question for further ellucidation but I think no further supplementary should now be asked in respect of this question. If a Member so desires, he can bring a motion and, if necessary, I will give some time for discussion on this question. I now plead with the honourable Members not to take much more time. So let us pass over to the next question.

## স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের অভাব

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯) **শ্রীনিতাইপদ সরকার ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই এরূপ স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কোন্ জেলায় কত; এবং

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার প্রেরণের কি ব্যবস্থা সরকার করিয়াছেন ?

**Shri Ajit Kumar Panja :**

(ক) চিকিৎসক বিহীন স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যার জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল :—

| | জেলা | সংখ্যা |
|---|---|---|
| ১। | ২৪-পরগণা ... ... ... | ৮ |
| ২। | পুরুলিয়া ... ... ... | ৩ |
| ৩। | বর্দ্ধমান ... ... ... | ৬ |
| ৪। | বাঁকুড়া ... ... ... | ৬ |
| ৫। | দার্জিলিং ... ... ... | ৫ |
| ৬। | মালদা ... ... ... | ২ |
| ৭। | কুচবিহার ... ... ... | ৪ |
| ৮। | নদীয়া ... ... ... | ৯ |
| ৯। | জলপাইগুড়ি ... ... ... | ২ |
| ১০। | পশ্চিমদিনাজপুর ... ... ... | ২ |
| ১১। | হাওড়া ... ... ... | ৩ |
| ১২। | হুগলী ... ... ... | ৫ |
| ১৩। | বীরভুম ... ... ... | ৩ |
| ১৪। | মুর্শিদাবাদ ... ... ... | ৩ |
| ১৫। | মেদিনীপুর ... ... ... | ১৬ |
| | মোট— | ৭৭ |

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির ডাক্তারের শূন্যপদ পূরণের জন্য পাবলিক সার্ভিস কমিশনকে সত্বর প্রার্থী মনোনয়ন করিতে অনুরোধ করা হইয়াছে। কমিশনের সুপারিশ পাওয়ার পর যথাশীঘ্র সম্ভব শূন্যপদগুলি পূরণের ব্যবস্থা করা হইবে।

তাহা ছাড়া জরুরী ভিত্তিতে স্বাস্থ্যকৃত্যকের মাধ্যমে নন্‌-গেজেটেড মেডিকাল অফিসার নিয়োগ করিয়া কিছু সংখ্যক শূন্যপদ পূরণ করা হইতেছে।

**শ্রীনিতাইপদ সরকার :** ৭৭টা স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার না থাকার কারণ কি ?

**শ্রীঅজিত পাঁজা :** কারণ অনেক—সেখানে ডাক্তাররা যেতে চাচ্ছেন না, বা যখন তাঁদের transfer করা হচ্ছে তাঁরা ছুটি নিয়ে নিচ্ছেন। কিম্বা এর আগে তাঁরা বেআইনীভাবে transfer রদ করিয়েছেন।

**শ্রীনিতাইপদ সরকার :** কত দিন, মাস বা বছর ধরে ডাক্তার নেই ?

**শ্রীঅজিত পাঁজা :** এটা বলা সম্ভব নয়, ৭৭টা জায়গায় ৭৭ রকম কারণ আছে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** সবচেয়ে বেশী কতদিন একটা স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** সঠিক বলা সম্ভব নয়, তবে ২/৩ বছর দেখা গেছে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** কতদিনে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার পাঠান সম্ভব হবে ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** সঠিক বলা সম্ভব নয়, তবে আমরা Silver Jublee অনুযায়ী নূত: কিছু করতে পারি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** ৭৭টা হাসপাতাল ডাক্তার না থাকায় কিরকমভাবে চলছে জানিনা। কিছুদিন আগে ওঁর একটা উক্তি কাগজে দেখেছিলাম যে P. S. C. থেকে ডাক্তা পাবার আগে একটা Ad-hoc basis-এ আপনারা ডাক্তার নেবেন। এর পরিপ্রেক্ষিতে তিনি Ad-hoc basis-এ ডাক্তার নেবার চেষ্টা করছেন ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** নেওয়া হয়েছে এবং ৩৭ জনকে appointment letter দিয়ে দেওয়া হয়েছে। আরও তাড়াতাড়ি ১৭১ জনকে নেওয়া হবে।

**শ্রীরথীন তালুকদার ঃ** সন্ত্রাসের ভয়ে কোন কোন কেন্দ্রে ডাক্তাররা যোগদান করতে পারেননি এটা কি ঠিক নয় ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** এই সরকার আসার আগে অনেক জায়গায় তাই হয়েছিল।

**শ্রীসুধীরকুমার বেরা ঃ** আমরা জানি Health Department-এ high salarie officers আছে—Secretary, Director ইত্যাদি আছেন। এতদিন ধরে এই যে ডাক্তারদে post খালি আছে এর জন্য কে বা কারা দায়ী এবং যারা দায়ী তাদের বিরুদ্ধে তিনি কি action নেবেন ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** আপনি নিশ্চয় খবরের কাগজ পড়েন। তাতে দেখবেন যে যাঁরা দা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।

**শ্রীজোতির্ময় মজুমদার :** বর্ধমান জেলায় কোন কোন স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই জানাবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** Is it regarding Burdwan ?

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** Yes Sir.

**মিঃ স্পীকার ঃ** The question does not arise.

[1-40—1-50 p.m.]

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা ছিল স্বাস্থ্যকেন্দ্রের ডাক্ত নেই এরূপ স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কোন জেলায় কত, তাহলে বর্ধমান জেলা এর মধ্যে পড়ছে।

**শ্রীঅজিত পাঁজা ঃ** আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মত নিয়ে বলছি Distr Bardwan—Bahadurpur Subsidiary Health Centre, Aru Subsidiary Heal

Centre, Sahibganj Subsidiary Health Centre, Kabirajpur Subsidiary Health Centre, Bagnapara Subsidiary Health Centre, Dhananjoy Khoir Subsidiary Health Centre.

**শ্রীরজনীকান্ত দোলুই:** মাননীয় মন্ত্রীমহাশয় যে হিসাব রেখেছেন তার মধ্যে মেদিনীপুর জেলার স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই। মেদিনীপুরে ডাক্তারী পাশ করে অনেক ছেলে বসে আছে, তারা মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করলে তাদের মেদিনীপুর জেলার হাসপাতালে যদি দেওয়া হয় তাহলে এই অসুবিধা হবেনা এটা তিনি বিবেচনা করে দেখবেন কি? কারণ তারা আবেদন করেছিল, কিন্তু তাদের বলা হয় যে ঐ জেলায় দেওয়া হবে না।

**শ্রীঅজিত পাঁজা:** এটা বিবেচনা করা হয়েছিল। এখন যে আইন আছে তাতে যে ডিষ্ট্রীক্ট থেকে ডাক্তার এসেছেন সেই ডিষ্ট্রীক্টে তাঁকে পোষ্টিং দেওয়া হয় না। অনেক ডাক্তারবাবু আমার কাছে এসে বলেছেন যে তাঁরা তাঁদের আত্মীয় স্বজন দ্বারা পীড়িত হন, তাঁদের অন্য ডিষ্ট্রীক্টে পাঠালে ভাল হয়। তবে মাননীয় সদস্য যদি নিয়ে আসেন আমি চেষ্টা করব যে আইন আছে তার মধ্য দিয়ে কি ব্যবস্থা করা যায়।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মুর্শিদাবাদ জেলার তিনটি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই, মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি, কোন কোন স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই?

**শ্রীঅজিত পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে সারা পশ্চিমবঙ্গের লিষ্ট আছে, আমার মনে হয় হাউসের সময় বাঁচাবার জন্য এটা টেবিলে রাখছি, মাননীয় সদস্যরা নিশ্চয়ই দেখে নেবেন।

**শ্রীঅজিতকুমার গাংগুলী:** হাসপাতালে ডাক্তার নেই এটাই হচ্ছে রিয়ালিটি। মানুষের জীবনের তাগিদে আমি জিজ্ঞাসা করছি, লোকালি কিছু কোয়ালিফায়েড ডাক্তার আছে, মানুষের জীবন রক্ষা করার জন্য তাঁদের অস্থায়ীভাবে একটা এ্যাডহক সাহায্য নিতে পারবেন কিনা উইথ সাম এ্যালাওয়েন্স ওনলি?

**শ্রীঅজিত পাঁজা:** এ্যালাওয়েন্স দিয়ে করা সম্ভব নয়। লোকাল ডাক্তর যাঁরা এ্যাপ্লিকেশান করেছেন তাঁদের এ্যাপ্লিকেশানগুলি আমরা বিবেচনা করছি এবং অনেক লোকাল ডাক্তারকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, যদি তাঁদের বাসস্থান ঐ ডিষ্ট্রীক্টে না হয়।

**শ্রীশক্তিকুমার ভট্টাচার্য্য:** যেসব ডাক্তারখানায় ডাক্তার সেই ডাক্তারখানাগুলি চলছে, না, বন্ধ করে রাখা হয়েছে?

**শ্রীঅজিত পাঁজা:** যেসব ডাক্তারখানায় ডাক্তার নেই তার সব ক'টা সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টার, অর্থাৎ দুটো শয্যা আছে নন-ডায়েটারী। নিশ্চয়ই ডাক্তার না থাকার ফলে জনসাধারণের অত্যন্ত কষ্ট হচ্ছে এবং কোন কোন জায়গায় খুব বিশেষ শক্ত যদি কেস আসে তাহলে কাছাকাছি প্রাইমারি হেল্‌থ সেন্টারে পাঠান হচ্ছে।

**শ্রীমধুসূদন রায়:** গত ৩রা মে বিধানসভায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছিলেন যে মেকলিগঞ্জ হাসপাতালে দুটো ডাক্তারকে এ্যাপোয়েন্টমেন্ট লেটার দেওয়া হয়েছে, আজকে জানালেন ৩১ জনকে এ্যাপোয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। মেকলিগঞ্জ হাসপাতালে যে দু'জন ডাক্তারকে দেওয়া

হয়েছে তাঁরা এই দু'মাসের মধ্যে জয়েন করেন নি। তাঁদের কি সত্যিকারে এ্যাপোয়েন্টমেন্ট দেওয়া হয়েছে ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** ৩৭ জনকে এ্যাপোয়েন্টমেন্ট দেওয়া হয়েছে এবং তাঁদের মধ্যে কেউ কেউ জয়েন করেছেননা নানা অজুহাত দেখিয়ে। আমাদের কাছে এ্যাপ্লিকেশান করছেন আবার এ্যাপিলও করছেন। তবে যতদূর সম্ভব তাঁদের সেখানে পাঠান হচ্ছে। কারণ প্রথম পোষ্টিং গ্রামে যেতেই হবে এই নিয়ম রয়েছে।

**শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ডাক্তারদের পোষ্টিং দেওয়া হয়েছে কিন্তু যাচ্ছেন না। আমি জিজ্ঞাসা করছি তাঁরা যদি সেখানে না যায় তাহলে তাঁদের শাস্তি বিধানের ব্যবস্থা আছে কিনা ? কারণ, একটা হেল্থ সেন্টারে একজন ডাক্তারের ট্রান্সফার অর্ডার হবার পর তাঁর ফেয়ারওয়েল হয়ে গেছে, তাঁর ছবি টাঙান আছে কিন্তু তাঁর জায়গায় অন্য ডাক্তার না যাওয়ায় তিনি ট্রান্সফার হয়ে আসতে পারছেন না। এজন্য ট্রান্সফার হলে না যাওয়ার জন্য তার বিরুদ্ধে শাস্তি বিধানের ব্যবস্থা করা হয়েছে কিনা ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** যে সমস্ত বিশেষ কোন ডাক্তারের খবর আমার কাছে আসছে তাদের বিরুদ্ধে শাস্তি নেওয়া হচ্ছে। আর যারা নতুন এ্যাপোয়েন্টমেন্ট পাচ্ছে তারা যদি এ্যাপোয়েন্টমেন্টের কিছু সময়ের মধ্যে যোগ না দেন তাদের কাজ আপনা থেকেই খারিজ হয়ে যায় আইন অনুযায়ী।

**শ্রীনন্দলাল গুরুং ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার দার্জিলিং জেলায় কালিম্পং বলে একটা জায়গা আছে। তার কাছে আপনার মংকু ডিভিশান বলে একটা জায়গা আছে, সেটা কালিম্পং থেকে ১৭ মাইল দূরে। সেখানে ২ মাস হয়ে গেছে হেল্থ সেন্টারে কোন ডাক্তার নেই। মন্ত্রী মহাশয় সে সম্পর্কে কিছু জানেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** হ্যাঁ, জানা আছে। আমার দিক থেকে এবং স্বাস্থ্য দপ্তরের যারা আছেন সকলে মিলে উঠেপড়ে লেগেছি যাতে যেখানে যেখানে ডাক্তার নেই সেখানে যাতে ডাক্তার পৌঁছে দেওয়া যায়।

**শ্রীসরোজ রায় ঃ** একটু আগে মাননীয় সদস্য অজিত গাঙ্গুলী মহাশয় একটা প্রশ্ন করেছিলেন যে রুগীর স্বার্থে আমরা এটা করতে পারি কি না। স্থানীয় কোন ডাক্তার যদি থাকে তাকে কোন পার্ট টাইম জব দেওয়া যায় কি না। তাতে আপনি বলেছেন যে হয় না। আমি যতটা জানি প্রভিশান আছে। বহু জায়গায় স্থানীয় ডাক্তারদের একশত টাকা করে রেমুনারেশান দিচ্ছে। সেই রেমুনারেশান দেবার পরে তাদের ওখানে আউটডোরে চালাতেন ২৷৷৹ ঘণ্টা, ৩ ঘণ্টা করে থাকেন। এটা যদি প্রভিশান থাকে তাহলে এখানে ডাক্তার না পাওয়া গেলে লোকালি ডাক্তার দিয়ে চালান যায় কিছু টাকা দিলে যেটা নিয়মে আছে, লোকাল ডাক্তার যে লোকালি প্রাকটিস করে তাদের একশত টাকা অতিরিক্ত রেমুনারেশান দিচ্ছেন আউটডোরে বসার জন্য। কাজেই সেটা যদি থাকে তাহলে অন্যান্য ডাক্তার যেখানে নেই আউটডোরে সেখানে এটা আপনারা করতে পারেন কি না।

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঠিক এই অবস্থাতে দেখা গেছে যে অনেক জায়গায় সরকারের যে সমস্ত ঔষধপত্র আছে সেগুলি ঠিকমত রুগীরা পাচ্ছে না সেজন্য,

আর একটা বিশেষ কারণ হচ্ছে যে আমরা সরকারে আসার পর, অনুরোধ রাখার ফলে অনেক ডাক্তার এপ্লিকেশান করেছেন এবং কিছুদিন পরে তাদের ইন্টারভিউ সুরু হবে। তাই আমরা যখন ডাক্তার পাচ্ছি তখন পার্ট টাইম এ্যাপোন্টমেন্টের পক্ষপাতি নই।

**শ্রীব্রজকিশোর মাইতি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কিছু ডাক্তার কন্‌ট্রাক্ট সিসটেমে বিভিন্ন হাসপাতালে কাজ করছেন, তাদের মনে খুব ক্ষোভ আছে দেখেছি কাজেই এই সরকারের এমন কি কোন চিন্তা আছে তাদের নিয়মিত চাকুরীতে বহাল করার ব্যাপারে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** কন্‌ট্রাক্ট সিসটেমে যারা রয়েছেন তারা যখন আমাদের কাছে এ্যাপ্লিকেশান করেছেন, যদি আমাদের আইনমত তাদের নেওয়া সম্ভবপর হয় সেখানে সেখানে নেওয়া হচ্ছে।

## জয়েন্ট এল আর

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৮) **শ্রীসুধীরচন্দ্র বেরা :** বিচার বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি জয়েন্ট এল আর নিয়োগ করা হয়েছে ,

(খ) সত্য হইলে—

(১) উক্ত নিয়োগের জি ও নং এবং তার তারিখ কত, এবং

(২) কোন্ তারিখে এবং কত নম্বর জি ও-তে ঐ পদ সৃষ্টি হয়েছে ;

(গ) উক্ত পদের জন্য কোন দরখাস্ত আহ্বান করা হয়েছিল কিনা ;

(ঘ) হয়ে থাকলে, কতগুলি দরখাস্ত পাওয়া গিয়েছিল , এবং

(ঙ) হায়ার জুডিসিয়াল সার্ভিস থেকে না নিয়ে অন্য লোক নিয়োগের কারণ কি ?

**Shri Abdus Sattar :**

(ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত নিয়োগ ১৬৷৩৷৭২ তারিখের প্রজ্ঞাপন নং ২২৯২-জে তে করা হয়েছে।

(২) ১৬৷৩৷৭২ তারিখের জি. ও. নং ২২৯১-জে তে পদটার সৃষ্টি হয়েছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) পূর্বে যিনি পদাধিকার বলে (এক্স অফিসিও) জয়েন্ট এল. আর ছিলেন তাঁহাকেই যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে উক্ত পদে নিয়োগ করা হয়েছে।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানালেন যে ১৬৷৩৷৭২ তারিখে পদটির সৃষ্টি হয়েছে এবং ১৬৷৩৷৭২ তারিখে এ্যাপোয়েন্টমেন্ট হয়েছে। এর কারণ কি ? সরকারী ব্যাপারে আমরা জানি যে ৪ মাস, ৬ মাস, ৯ মাস পড়ে থাকে, লোক পাওয়া যায়না। এ আসেনা, ও আসেনা, তা একই দিনে হবার কারণ কি জানাবেন ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** তিনি আগে থেকে আমাদের এখানে ছিলেন। তিনি আগে এক্স অফিসিও জয়েন্ট এল. আর ছিলেন। এবং এটা সৃষ্টি হয়েছিলো প্রেসিডেন্টস রুলের আমলে।

এ্যাপোয়েন্টমেণ্ট দিয়েছিলেন গভর্নর নিজে স্বয়ং এবং সেই হিসাবে তিনি ছিলেন। এখানে এ্যাডভারটাইজমেণ্টের কোন প্রশ্ন ওঠেনা। সে জন্য যেদিন হয়েছে সেই দিনই এ্যাপোয়েন্টমেণ্ট হয়েছে।

[1-50—2-00 p.m,]

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মন্ত্রীমহাশয় বলেছেন যে তিনি এক্স-অফিসিও জয়েণ্ট এল. আর ছিলেন। তাঁর সাবস্ট্যানটিভ এ্যাপয়েণ্টমেণ্ট কি ছিল জানাবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** সাবস্ট্যানটিভ এ্যাপয়েণ্টমেণ্ট তিনি এক্স-অফিসিও জয়েণ্ট এল আর ছিলেন। তিনি কমার্শিয়াল ট্যাক্সে কাজ করতেন। এখন যে কাজ তিনি করছেন জয়েণ্ট এল আর হিসেবে। হাইকোর্টে যে সমস্ত কেস একতরফা হয়, কেন হচ্ছেনা, কেন দেরী হচ্ছে, সেই সমস্ত বিষয় তিনি দেখাশুনা করেন।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** তিনি কি ক্যাপাসিটিতে কাজ করতেন এবং কি করে এক্স-অফিসিও জয়েণ্ট এল আর হন, জানাবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমি জি ও নম্বর দিয়েছি, তারিখ দিয়েছি। যেভাবে হয় সেই ভাবেই হয়েছে।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, ২০।৩।৭২ তারিখে আমাদের এই নূতন মন্ত্রীসভা এল, কিন্তু নূতন মন্ত্রীসভার জন্য অপেক্ষা না করে এতবড় একটা গুরুত্বপূর্ণ পদে ১৬।৩।৭২ তারিখে কেন এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হোল ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** মন্ত্রীসভা আসার আগে অফিসিয়াল কাজ বন্ধ থাকেনি। আমি মনে করিনা যে এই পদ এত গুরুত্বপূর্ণ যে ত্বরিঘড়ি করা হয়েছে। অফিসিয়াল কাজে যিনি ছিলেন তাঁর ক্ষমতা ছিল তিনি করেছেন।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** হায়ার জুডিসিয়াল সার্ভিসের লোক থেকে এই পোষ্টে নেওয়া হোত যিনি নিযুক্ত হয়েছেন তাঁর এমন কি যোগ্যতা ছিল যারজন্য মন্ত্রীসভার জন্য ৩/৪ দিন অপেক্ষা না করে ত্বরিঘড়ি করে এ্যাপমেণ্টমেণ্ট দেওয়া হল ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এই পদ নূতন পদ এবং সৃষ্টি হয়েছে প্রেসিডেন্টস্ রুলের আমলে এটা সৃষ্টি করেছেন গভর্নর, এ্যাপয়েণ্টমেণ্ট দিয়েছেন গভর্নর। তিনি যোগ্য লোক নন একথা ঠিক নয় কারণ তিনি একজন ব্যারিষ্টার এবং এই কাজ তিনি আগে করেছেন। তাঁর যোগ্যতা আছে এবং মনে হয় হায়ার জুডিকিয়াল সার্ভিসের লোককে এইজন্য এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া ঠিক নয়।

**শ্রীসুধীরচন্দ্র বেরা :** নিয়ম হচ্ছে মন্ত্রীসভা যখন আসে······

**Mr. Speaker :** Mr. Bera, no speech is allowed here in the question hour I have already allowed you to put a number of supplementaries. You should know the rules. According to the decision of Business Advisory Committee one Member is not allowed to put more than three supplementaries. There are

other Members too who have equal right to place their supplementary questions. I now allow Shri Prodhyot Kumar Mahanti to place his supplementary.

**শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তি ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, একদিনে পোষ্ট ক্রিয়েটেড হয়েছে এবং তারপর সেখানে এ্যাপয়েন্টমেন্ট হয়েছে এরকম পূর্ব নজির আছে কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আছে কিনা আমার জানা নেই। অনেক সময় হয়ত হয়েছে এবং প্রফুল্লবাবুকে জিজ্ঞাসা করলে বুঝতে পারবেন আছে কিনা। গভর্ণর এই পদ সৃষ্টি করেছেন এবং তিনিই এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। আপনি যা জিজ্ঞাসা করলেন সেটা আগে থাকতে পারে, আমাদের আমলে নেই।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই ভাগ্যবান ব্যারিষ্টার কে যাঁকে জয়েন্ট এল. আর হিসেবে নিযুক্ত করা হয়েছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমি আগেই বলেছি শ্রীদিলিপ মিত্র, বার-এ্যাট-ল।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, উনি কি ডিপার্টমেন্টাল রিক্রুট পেয়ে এসেছেন, না বাইরে থেকে এসেছেন ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** উনি সার্ভিসে ছিলেন। সার্ভিস থেকে যখন এই পদ সৃষ্টি হল তখন তাঁকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জি ঃ** মন্ত্রীসভা তৈরী হবার পর থেকে আজ পর্যন্ত যখনই চাকুরীর ব্যাপারে বলা হয়েছে তখনই অফিসাররা বলেছেন চিফ সেক্রেটারীর সার্কুলার আছে লোক নেওয়া হবেনা। আমি জানতে চাই চিফ সেক্রেটারীর এরকম যদি সার্কুলার থেকে থাকে যে নূতন এ্যাপয়েন্টমেন্ট হবেনা তাহলে তার সেই সার্কুলারকে এ্যাভয়েড করে কি এই লোককে নেওয়া হয়েছে বা ক্যাবিনেট ডিসিসন কি ভায়লেট করা হয়েছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** গভর্ণর দিয়েছেন এ্যাপয়েন্টমেন্ট। চিফ সেক্রেটারী কে ? এটা আমাদের আমলের নয়, ক্যাবিনেটের ব্যাপার নয়।

**শ্রীশরদিন্দু সামন্ত ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে জয়েন্ট এল. আর. নিয়ম হয়েছিল ইনি হাইকোর্টের বিশেষ কি কাজ করেন এটা কি আপনি খবর রাখেন ? আমি একটা পার্টিকুলার ইনস্টেন্স দিচ্ছি সেটা বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপার। মিসা আইনে খড়্গপুর থেকে এক ভদ্রলোক গ্রেপ্তার হয়েছিল। তারপর তিনি হেবিয়াস কর্পাস ফাঁকি দিয়ে তিনি হাইকোর্টে ২২৬এ পিটিশান করেন এবং এই ব্যাপারে খোঁজ রাখার দায়িত্ব ছিল জয়েন্ট এল. আর. এর। আমি নিজে সেখানে উপস্থিত ছিলাম এবং জজ্ সাহেব নিজে বললেন এই ব্যাপারে কি এল. আর. কোন নজর রাখেন না। আমি নিজে গিয়ে এল. আর.-এর নোটীশে এটা এনেছিলাম। এবং আমি বলেছি যে তিনি কেন এই ব্যাপারে খোঁজ খবর নেননি। যাই হোক্ যদিও জজ্সাহেব সেই অর্ডার পাশ করেননি। এটা যদি সত্যি হয় তাহলে মন্ত্রীমহাশয় তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিবেন কিনা জানতে চাই।

**মিঃ স্পীকার ঃ** এ বিষয়ে অনুসন্ধান করেবেন কি you can place up to that যদি সত্য হয় কিংবা যদি মিথ্যা হয় এটা করবেন কি—ইট ইজ এ প্রিজাম্পটিভ।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন তুলেছেন তিনি বলেছেন যে তিনি উপস্থিত ছিলেন, কিন্তু আমি উপস্থিত ছিলাম না। সুতরাং এটা জানা আমার পক্ষে সম্ভব নয়। উনি যখন উপস্থিত ছিলেন তাহলে তিনি যদি লিখিতভাবে আমাকে দেন আমি নিশ্চয়ই অনুসন্ধান করবো।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বার বার বলছেন যে রাজ্যপাল শাসনের সময় তাকে নিযুক্ত করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে এটা ইম্প্রপার হয়েছে কিনা ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এটা ইম্প্রপার হয়নি।

### Satyabala Debi Hospital

*82. (Admitted question No. *288 ) **Shri Mrigendra Mukherjee :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the authority of Satyabala Debi Hospital has requested the Government for taking over the Hospital ; and

(b) if so, what steps the Government has taken or propose to take in this regard ?

**Shri Ajit Kumar Panja :** (a) & (b) A proposal for taking over the Hospital has been received. It is being examined by the Health Directorate.

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** প্রোপোজালটা কত তারিখে গিয়েছিল মন্ত্রী মহাশয় বলবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** ১৬ই এপ্রিল, ১৯৭১ সাল।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** প্রথম প্রস্তাবটা কত সালে এসেছিল জানাবেন কি ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** আমার কাছে যা রেকর্ড আছে তাতে দেখা যাচ্ছে ১৬ই এপ্রিল ১৯৭১ সাল।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** কিন্তু আমার কাছে যে রেকর্ড আছে তাতে গভর্ণমেন্ট লেটার No. 286-G, dated 3-5-66 এই তারিখে প্রথম প্রস্তাব এসেছিল সরকারী দপ্তরে। এবং ডি. এ নাম্বার ২০৫-জি. ডেটেড ২৫/৩/৭১ এটা ছিল রিমাইণ্ডার। তাহলে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে আপনার কথাটা সত্য না আমার কথাটা সত্য।

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** আমার কথাটা সত্য। আর আপনি যদি খবর রাখেন তাহলে আমার কাছে দেবেন আমি এনকোয়্যারী করবো।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** এই সত্যবালা হাসপাতাল যদি নেওয়া হয় তাহলে তার একটা সম্ভাব্য সময় বলতে পারবেন ?

**শ্রীঅজিত পাঁজা ঃ** নেবার প্রয়োজনীয়তা এখন বিচার করা হচ্ছে। কারণ বেলেঘাটায় যে হাসপাতাল আছে তাতে শয্যা সংখ্যা হচ্ছে ৪৬০। সুতরাং বিচার করে দেখা হচ্ছে নেওয়া যায় কিনা।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** সত্যবালা হাসপাতালের যে বর্তমান অবস্থা অত্যন্ত শোচনীয় সেটার সম্বন্ধে কি মন্ত্রীমহাশয় অবগত আছেন ?

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** খুব বিশেষভাবে অবগত আছি। আমি সেখানে নিজে গিয়েছিলাম এবং আপনার খোঁজ করেছিলাম কিন্তু আপনাকে পাইনি।

## আসানসোল মহকুমায় পানীয় জলের সমস্যা

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২২) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রতি গ্রীষ্মে আসানসোল মহকুমার অধিকাংশ কূপ এবং পুষ্করিণীতে জল থাকে না এবং আসানসোল মহকুমার গ্রামে বসবাসকারী পাঁচ লক্ষ মানুষ প্রতি গ্রীষ্মে পানীয় জলের অভাবে নিদারুণ দুর্গতি ভোগ করেন ; এবং

(খ) আসানসোল মহকুমার গ্রামাঞ্চলের মানুষদেব পানীয় জল সমস্যার স্থায়ী সমাধানের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**Shri Abdus Sattar** :

(ক) ইহা সত্য যে প্রতি গ্রীষ্মে আসানসোল মহকুমার অধিকাংশ কূপ ও পুষ্করিণীতে জল শুকাইয়া যায় এবং এই গ্রামের অধিকাংশ অধিবাসী তজ্জন্য কষ্ট পান।

(খ) ঐ এলাকায় পানীয় জলের সমস্যার স্থায়ী সমাধানের জন্য এই কয়টি ব্যবস্থা নেওয়া হয়েছে :—

(১) গ্রামীণ জল সরবরাহ পরিকল্পনা—এই পরিকল্পনানুসারে প্রতি ৪০০ মানুষের জন্য একটি নলকূপ বা ইঁদারা তৈয়ার করা হয়।

(২) রানীগঞ্জ কয়লাখনি অঞ্চলের জন্য জল সরবরাহ প্রকল্প Raniganj Coal Field Area Water Supply Scheme—এই প্রকল্প রূপায়িত হলে মোট ৩৯০টি গ্রাম ২১২টি কয়লাখনি এবং ১৭টি সহরাঞ্চলে জলসরবরাহ করা যাবে।

[2-00—2-10 p.m.]

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন আসানসোল মহকুমায় প্রতি ৪০০ জন করে আজ পর্যন্ত কয়টি ইঁদারা করা হয়েছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনারা জানেন এই দুঃখের মুকাবেলা করার জন্য প্রতি ব্লকে ৩৫টি টিউবয়েল বা ওয়েল করার পরিকল্পনা নেওয়া হয়েছে। বর্তমানেও প্রতিটি ব্লকের জন্য সেইভাবে টাকা এ্যালটমেন্ট করা হয়েছে। আসানসোল মহকুমার কয়টি ব্লক আছে সেই হিসাবে স্কীম নেওয়া হয়েছে। তবে আসানসোল মহকুমায় অন্যান্য জায়গার মত সহজে টিউবওয়েল করা যায় না।

**মিঃ স্পীকার ঃ** Question time is over.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** সাপ্লিমেনটারি, স্যার,……

**মিঃ স্পীকার ঃ** Question time is over. No more supplementary can be allowed according to rules which have to be observed.

**শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্যার, এটা একটা গুরুতর প্রশ্ন। কারণ মিনি টাকা সম্বন্ধে যে বিবৃতি দিয়েছেন এচুটি কনট্রাডিক্টরি। এটা একটা ভাইটাল কোশ্চেন, স্যার।

**Mr. Speaker :** If you want in case you have got some vital suppl mentaries, I can hold over the question for the next rotational day.

**Shri Sukumar Bandyopadhyay** · Let it be held over.

**Mr. Speaker :** The question is partially answered. Members have g several supplement ries to be put and want more ellucidation on the point. S the question is held over for the next rotational day, but I cannot exten the time.

## নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি

*.০৩। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *৫৩২) **শ্রীনিতাইপদ সরকারঃ** খাদ্য এব সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে, এবং

(খ) অবগত থাকিলে, সরকার মূল্যবৃদ্ধি রোধকল্পে কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্নটা করেছেন তার মধ্যে নিত্য প্রয়োজনীয় জিনিস বহু আছে, আপনি যদি অনুমতি দেন তাহলে আমি সদস্যদের সুবিধার জন্য সমস্তটা পড়ে দিতে পারি।

**মিঃ স্পীকারঃ** আচ্ছা, পড়ে দেন।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ**

(ক) সরকার অবগত আছেন যে, চাল, ডাল, চিনি, কেরোসিন প্রভৃতি নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির অধিকাংশেরই দাম গত এক বৎসরে বেশ কিছুটা বৃদ্ধি পাইয়াছে, অল্প কয়েকটির মাত্র দাম কমিয়াছে বা স্থিতিশীল আছে।

(খ) চাল—নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মধ্যে চাল সর্বাগ্রগণ্য। খোলা বাজারে চালের দাম মে মাসে আগের বৎসরের তুলনায় এই বৎসরের কিছু কম ছিল এবং নিম্নমুখীও হইয়াছিল' কিন্তু এখন আবার বাড়িতে শুরু করিয়াছে।

স্বাভাবিক কারণে বৎসরের এই সময়ে খোলা বাজারে চালের আমদানী কম হওয়ায় দর উর্দ্ধমুখী হয়। গত বৎসরের ব্যাপক বন্যা ও বিধ্বংসী ঘূর্ণিঝড়ের ফলে এ রাজ্যের দশটি জেলায় আমন ধানের প্রভূত ক্ষতি হয়। তাছাড়া, এই বৎসরে একটানা খরার ফলে গ্রীষ্মকালীন ধান ও আউস ধানের ক্ষতি হওয়ায় বাজারে আমদানীর স্বল্পতাও অনিশ্চয়তার সৃষ্টি হইয়াছে। চালের মূল্যবৃদ্ধি রোধ করে সরকার যে যে ব্যবস্থা অবলম্বন করিয়াছেন তাহা হইল—

(১) গত ১৫ই মে হইতে সমস্ত বিধিবদ্ধ রেশনিং এলাকায় চালের সাপ্তাহিক বরাদ্দ প্রাপ্ত বয়স্ক পিছু ১০০০ গ্রাম হইতে বাড়াইয়া ১১০০ গ্রাম করা হইয়াছে। রাজ্যের অন্যত্র অর্থাৎ সংশোধিত রেশনিং এলাকাতেও এই বরাদ্দ "ক" ও "খ" শ্রেণীর জন্য (অর্থাৎ যাহাদের কৃষি জমি নাই বা স্বল্প আছে, তাহাদের জন্য ) ৬০০ গ্রাম হইতে ৭০০.গ্রামে বর্ধিত করা হইয়াছে।

(২) মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগণা, হাওড়া, হুগলী ও মেদিনীপুর জেলার সমস্ত বন্যা বিধ্বস্ত ব্লকে "গ", "ঘ" ও "ঙ" শ্রেণীর জন্যও সাপ্তাহিক ৬০০ গ্রাম হারে ( প্রাপ্তবয়স্ক পিছু ) চালের বরাদ্দ স্থির করা হইয়াছে।

(৩) এছাড়া, গম ও গমজাত দ্রব্য বিবিবদ্ধ রেশনিং এলাকায় প্রাপ্তবয়স্ক পিছু সাপ্তাহিক ২৫০০ গ্রাম হারে এবং সংশোধিত রেশনিং এলাকার সর্বত্র শ্রেণী নির্বিশেষে ২০০০ গ্রাম হারে বণ্টনের ব্যবস্থা রয়েছে। দার্জিলিং জেলার পার্বত্য এলাকাগুলিতে এবং বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকার ন্নিহিত কয়েকটি অঞ্চলে শ্রেণীনির্বিশেষে সাপ্তাহিক ৭৫০ গ্রাম হারে চাল প্রতি প্রাপ্তবয়স্ককে বন্টনের াবস্থা পূর্বাপর চালু আছে।

প্রসংগক্রমে উল্লেখ্য, প্রাপ্তবয়স্ক বলিতে আট বৎসরের অধিক বয়সের ব্যক্তিকে বুঝায়। ্নিম্ন বয়স্কদের (অর্থাৎ শিশুদের) হার প্রাপ্তবয়স্কের অর্ধেক। সরকারী বণ্টন ব্যবস্থা চালু রাখার জন্য বধিবদ্ধ রেশনিং এলাকায় ২৬৬২টি রেশন দোকান সংশোধিত রেশনিং এলাকায় তের হাজারের মত ্যায্য মূল্যের দোকান আছে।

(৪) উদ্বৃত্ত জেলাগুলির চাল কলের লেভীমুক্ত চাল ব্যবসায়িকসূত্রে ঘাটতি জেলাগুলিতে ানিয়া ন্যায্যমূল্যে অতিরিক্ত বরাদ্দ হিসাবে দিবার ব্যবস্থা করা হইয়াছে।

(৫) কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের অনুরোধ অনুযায়ী পশ্চিমবঙ্গে চাল পাঠাইতেছেন এবং থাসাধ্য সাহায্যের প্রতিশ্রুতি দিয়াছেন। রাজ্যের গমের চাহিদা কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ মিটাইতে ারিবেন, এ বিষয়ে সন্দেহ নাই।

ডাল—প্রায় সর্বপ্রকার ডালের দাম গত বৎসরের তুলনায় বাড়িয়াছে। পশ্চিমবঙ্গে ডালের ৎপাদন প্রয়োজনের তুলনায় অনেক কম। চাহিদা মিটাইবার জন্য এ রাজ্যকে অন্যান্য রাজ্য হইতে ্যবসায়িক সূত্রে আমদানীর উপর নির্ভর করিতে হয়। সারা দেশেই ডালের উৎপাদন প্রয়োজনের তুলনায় কম। রাজ্য সরকার ফুড কর্পোরেশনকে ডালের আমদানী ব্যবসায়ে নামিতে াসরী এবং কেন্দ্রীয় সরকার মারফতও অনুরোধ করিয়াছেন। ফুড কর্পোরেশন উদ্বৃত্ত রাজ্য হইতে াল ও অন্য কয়েকটি নিত্য প্রয়োজনীয় খাদ্য দ্রব্য কিনিয়া এই রাজ্যে বিক্রয়ের জন্য বিক্রয় কেন্দ্র ্লিতে রাজী হইয়াছেন।

সরিষার তৈল—সরিষার তেলের দামও গত বৎসরের তুলনায় বেশ কিছুটা বাড়িয়াছে। ারত সরকার কানাডা হইতে যে রেপসীড আমদানী করিতেছেন তাহার কিছু অংশ ( আপাততঃ াসিক ৪০০০ মেঃ টন হিসাবে ) রাজ্য সরকারের অনুরোধক্রমে পশ্চিমবঙ্গের জন্য সরবরাহ করা ইতেছে। এই তৈলবীজ হইতে নিষ্কাসিত তেল বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকায় ্রতি কিলোগ্রাম ৪·৪০ টাকা দরে মাথাপিছু মাসিক এক কিলোগ্রাম হারে রেশন দোকানগুলি রশন কার্ডের মাধ্যমে বিক্রয় করা হইতেছে। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে এই তৈলবীজের াসিক বরাদ্দ বাড়াইতে অনুরোধ করিয়াছেন।

পশ্চিমবঙ্গে সরিষার উৎপাদন প্রয়োজনের তুলনায় নগণ্য। রেপসীডের বরাদ্দ অপ্রতুল ওয়ায় সরকারী বণ্টন ব্যবস্থা সম্প্রসারিত করা সম্ভবপর হইতেছে না। তৎসত্ত্বে যেটুকু বণ্টন ্যবস্থা আছে তাহা না থাকিলে বাজারে সরিষার তেলের দাম আরো অনেক চড়িত, তাহাতে ান্দেহ নাই।

চিনি—পশ্চিমবঙ্গে চিনির প্রয়োজন বাৎসরিক ৩·৫ লক্ষ টন। এই প্রয়োজনের তুলনায় ্লাশীতে অবস্থিত রাজ্যের একমাত্র চিনিকলে বৎসরে মাত্র ৫০০০ টনের মত চিনি প্রস্তুত হয়। াজেই পশ্চিমবঙ্গের প্রায় সম্পূর্ণ প্রয়োজন অন্য রাজ্যের চিনি কল হইতে আমদানী করিতে হয়। াজ্য সরকার অবগত আছেন যে গত বৎসরের মে মাসে কেন্দ্রীয় সরকার কর্তৃক চিনির উপর নিয়ন্ত্রণ প্রত্যাহারের কিছুদিন পর হইতে চিনি কল মালিকগণ ক্রমাগত চিনির মূল্য বৃদ্ধি করিতে

থাকেন। এই রাজ্যে চিনির মূল্য বৃদ্ধির কারণ হইল প্রধানতঃ অন্য রাজ্যে উৎপাদিত চিনি মূল্য বৃদ্ধি এবং অংশতঃ কয়েক দফায় কেন্দ্রীয় আবগারী শুল্ক বৃদ্ধি। চিনির মূল্য কমাইব অন্য নায্য মূল্যের চিনি রেশন দোকান মারফত বিক্রয়ের ব্যবস্থা সরকার করিয়াছেন। কি চলাচলের জন্য মালগাড়ীর অভাবে নির্দিষ্ট মূল্যের চিনির প্রাপ্যতা অপ্রতুল। মালগাড়ীর অভা মোচনের জন্য এবং মালগাড়ীর অভাবে রাজ্যের মাসিক বরাদ্দের যে অংশ মাসের মধ্যে আমদান করা সম্ভব হয় না, তাহা যাহাতে বাতিল না হয়, তৎজন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ কর হইয়াছে। উপরন্তু পশ্চিমবঙ্গের নির্দিষ্ট মূল্যের চিনির মাসিক বরাদ্দ করিবার জন্যও কেন্দ্রী সরকারের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছে। বিধিবদ্ধ রেশন এলাকায় ১০।১।৭২ তারিখ হইতে সরকা নির্দিষ্ট মূল্যে প্রতি সপ্তাহে মাথাপিছু ১৫০ গ্রাম হারে চিনি সরবরাহ করা হইতেছিল। ১০।৪।৭২ হইতে এই হার আপাততঃ ২০০ গ্রামে ধার্য্য করা হইয়াছে। গ্রামাঞ্চলেও সংশোধিত রেশন দোকান হইতে অনুরূপ ব্যবস্থা করা হইয়াছে এবং বরাদ্দ বাড়ান হইয়াছে। ইহার ফলে খোলা বাজারে চিনির উপর চাপ কমিবে। গত তিন মাসে খোলা বাজারে চিনির দাম কিছুটা কমিয়াছে।

কেরোসিন—কেরোসিন তেলের অস্বাভাবিক দর বৃদ্ধি হয় নাই। কেন্দ্রীয় সরকার উৎকৃষ্ট কেরোসিনের উপর গত ১৭।৩।৭২ তারিখ হইতে অতিরিক্ত আবগারী শুল্ক ধার্য্য করায় উৎকৃষ্ট কেরোসিন তেলের দর লিটার প্রতি ৬ পয়সা বাড়িয়াছিল। ২৮।৩।৭২ তারিখ হইতে ঐ শুল্ক লিটার প্রতি ২ পয়সা হারে কমিয়া যাওয়ার ফলে, ঐ পরিমাণে আবার দর কমিয়াছে উপরোক্ত অতিরিক্ত আবগারী শুল্ক সমস্ত রাজ্যের ক্ষেত্রেই প্রযোজ্য। নিকৃষ্ট কেরোসিন তেলের দরের কোন পরিবর্তন হয় নাই।

অন্যান্য—দেশে ক্রমাগত মুদ্রাস্ফীতি, গত বৎসরে এই রাজ্যে বিধ্বংসী বন্যা ও ঘূর্ণিঝড় এবং এই বৎসরে এই রাজ্য সহ ভারতের অধিকাংশ রাজ্যে একটানা খরা অনেকগুলি নিত্য-প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির কারণ। এ ছাড়া, রেল ওয়াগনের অভাবে আমদানীর হ্রাসও মূল্যবৃদ্ধির একটি প্রধান কারণ। রাজ্য সরকার এ বিষয়ে রেল কর্তৃপক্ষের সহিত উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নিয়মিত কথাবার্তা চালাইতেছেন।

[2-10—2-20 p.m.]

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বর্তমানে শহরাঞ্চলে ও গ্রামাঞ্চলে রেশান বহির্ভূত যে সমস্ত জিনিষপত্র বিক্রি হয় যেমন চাল, ডাল, তেল, নুন ইত্যাদি বর্তমানে তার দর কি, এই শহরাঞ্চলে ও গ্রামাঞ্চলে তার কোন তালিকা মন্ত্রী মহাশয়ের আছে কি?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় সদস্য সর্ট নোটিশ কোশ্চেন দিয়ে ছিলেন, তিনি নিশ্চয়ই হৃদয়ঙ্গম করবেন যে এই সম্বন্ধে সমস্ত Fact যোগাড় করা সম্ভব হয় নি কারণ ততগুলি ব্যাপার, তবুও প্রশ্নের প্রচণ্ড গুরুত্ব অনুভব করে যে সমস্ত ডাটা আমি জোগার করতে পেরেছি তা মাননীয় সদস্যের কাছে রাখলাম; আমি আগেই জবাবে বলেছি যে যে জিনিষের জোগাড় করেছি তার তথ্য দিলাম; গত বৎসর চালের দাম এখন যা ছিল এ বৎসর Averageএ নয় পয়সা বেড়েছে; এই সম্পর্কে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি; আজকে একটি কাগজ দেখছিলাম; গুরুত্বপূর্ণ কাগজ Statesman তাতে লিখেছেন Sharp Rise in Food Prices: Inflationary spiritual Grips India—তাঁরা লিখেছেন ৩·১ percent রাইজ করেছে; গত বৎসরে যা হয়েছিল তার চেয়েও একটু বেড়েছে, কিন্তু তার তুলনায় ভারতবর্ষের অন্যান্য রাজ্যে

বেড়েছে। কিছুদিন আগে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী সিন্দে সাহেব এসেছিলেন, তিনি সাংবাদিক সম্মেলনে বলেছিলেন যে এবৎসরে সব জায়গায় দাম বেড়েছে, কিন্তু ভারতবর্ষের অন্য রাজ্যের তুলনায় পশ্চিম বাংলার মূল্য বৃদ্ধি কমেছে, এবং আমরা সংবাদপত্রে দেখতে পাই যে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বেড়েছে; যে হিসাব আমি দেখিয়েছি তাতে আমি বলেছি যে চালের দাম ৯ পয়সা বেড়েছে Average-এ। আমি আরও কয়েকটা Statements জানাতে চাই, চিনির কনট্রোল প্রাইস ছিল, কিন্তু ডি-কনট্রোল হবার পর আমরা লক্ষ্য করেছি সেটা গত বৎসর ছিল ১·৯৫ টাকা, তার কারণ ডি-কনট্রোল হবার পর Excise duty কম ছিল—২·৯৫, লেভিক্রি সুগার সেটা আমাদের কিছুদিন আগেও ছিল ৩·১০ টাকা পার কেজি, কনট্রোল সুগার ২·১৬ টাকা দরে বিক্রি হচ্ছিল—কনট্রোলে এইভাবে বিক্রি হচ্ছিল; সেটা বেড়েছে কারণ মহারাষ্ট্র থেকে চিনি আসার ফলে চিনির দাম Transport charge এর জন্য ৫ পয়সা করে বেড়েছে, চিনির দাম খোলা বাজারে ২·৯০ Average এ—চিনির দাম গত বৎসরের তুলনায় কমেছে, আর অন্যান্য জিনিষের দাম যেমন দেখছি Mastard oil ৫·৯০ যা ছিল গত বৎসর ৪·৯০ এবৎসর সেটা বেড়ে ৫·৯০ হয়েছে এটা খুবই বেশী, আরো কয়েকটা মাস আগে জুন মাস নাগাদ এটা ছিল ৫·১১ টাকা সুতরাং সরষের তেলের দাম খুবই বেড়েছে, কারণ সেটা ৫·৯০ হয়েছে, আমরা জানি ডালডার দাম যা সংগ্রহ করতে পেরেছি গত বৎসর ছিল ১২·৭৭ দুই কেজির টিন, দুই মাস আগে ছিল ১২·৩৯ এ দুই কেজিটিন সেটা কমে দাঁড়িয়েছে ১২·২৬, এইভাবে আরও কয়েকটা জিনিষের দাম জোগাড় করেছি। সফ্‌ট কোক যা গত বৎসর ছিল ১১·২৫ পার কুইণ্টল সেটা এখন হয়েছে ১১·৫০ টাকা। ২৫ পয়সা বেড়েছে। সুতরাং এই কয়েকটা ফিগার আমি পেয়েছি। আমি মাননীয় সদস্যদের জানাতে চাই যে ডালের দাম গত বৎসরের তুলনায় বেড়েছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্যার এটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আমি শুধু মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম যে খাদ্যদ্রব্য নিয়ন্ত্রণে রাখার জন্য জেলাভিত্তিক কোন কমিটি বা বোর্ড গঠন করবার কোন পরিকল্পনা মন্ত্রী মহাশয়ের আছে কিনা সরকারী এবং বেসরকারী লোককে নিয়ে, কারণ খাদ্যের মূল্য যখন অনবরত নামছে বাড়ছে।

**Shri Kashikanta Maitra:** মাননীয় সদস্য স্বীকার করবেন যে এই কমিটির দায়িত্ব কিছু থাকবে না—দাম কমাবার জন্য। তবে এই Advisory Committee করবার প্রস্তাব খাদ্য দপ্তর থেকে আমরা অনেকদিন হলো পাঠিয়ে দিয়েছি। আমরা ঠিক করেছি এটা 3-tier কমিটি হবে—District Food Committee এবং Subdivisional Food Committee এবং Block Food Committee. District Food কমিটিতে জেলার সমস্ত বিধান সভার সদস্য থাকবেন। আর সরকারের মনোনীত ৫ জন সদস্য অতিরিক্ত থাকবেন। Subdivisional Food কমিটিতে সেই Subdivision-এর বিধান সভার সদস্য ও অতিরিক্ত সরকারী মনোনীত ৫ জন সদস্য। আর Block কমিটিতেও সেই ব্লকের সমস্ত বিধান সভার সদস্য ও সরকারের মনোনীত ৫ জন অতিরিক্ত সদস্যও থাকবেন। আমরা খাদ্য দপ্তর থেকে সে প্রস্তাব পাঠিয়ে দিয়েছি অনেকদিন আগেই। নিয়মানুসারে সেটা আপনাদের কাছে গিয়ে পৌঁছবে।

**Shri Sukumar Bandyopadhyay:** আমি স্যার, অন্য একটি কথা বলতে চেয়েছিলাম। ব্যাপারটা হচ্ছে এই বিধানসভায় জনসাধারণের খাদ্য ও অন্যান্য সম্পর্কে মাননীয় সদস্যরা যে সব প্রশ্ন তোলেন, দৈনিক লিষ্টে ২৫।২৬টি প্রশ্ন থাকলেও ৪।৫টির বেশী জবাব হচ্ছে না। আর বাকি প্রশ্নগুলি held over হয়ে যাচ্ছে। আমার মনে হয় যেমন শেষ হয়ে গেলেও সেগুলির জবাব আর পাব না। সেইজন্য আপনাকে অনুরোধ করবো প্রতিটা প্রশ্নের জবাব দেবার সময় ৫ মিনিট করে দেন। তাহলে অন্ততঃ ১২টি প্রশ্নের জবাব আমরা পেতে পারবো। আর আপনি যে

প্রশ্নকে বেশী গুরুত্বপূর্ণ বলে মনে করবেন, সেখানে আপনার অধিকার প্রয়োগ করবেন। বর্তমানে একটা প্রশ্নের ৩০।৩৫টি Supplimentaries হচ্ছে। আপনি সেই অতিরিক্ত প্রশ্নের সংখ্যা ৩।৪টি করে দিন। এই সম্পর্কে আপনি একটু বিবেচনা করে দেখুন।

**Shri Sarat Chandra Bose:** বর্তমান দ্রব্যমূল্য বৃদ্ধি প্রতিরোধের জন্য চাল, চিনি ইত্যাদির সরবরাহ বাড়াবার জন্য মন্ত্রীমহাশয় কি ব্যবস্থা নিয়েছেন?

## আউশ, আমন ধান ও পাটের বীজ সরবরাহ

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) **শ্রীমহম্মদ দেদার বক্স:** কৃষিবিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ১৬ই জুন ১৯৭২ পর্যন্ত ভগবানগোলা থানার ১নং এবং ২নং ব্লকের প্রতি ব্লকে আউশ ও আমন ধানের এবং পাটের বীজ কত পরিমাণে দেওয়া হয়েছে; এবং

(খ) উক্ত বীজ কোন্ কোন্ সময়ে দেওয়া হয়েছে?

**শ্রীআবদুস সাত্তার:** (ক) বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ১৬ই জুন পর্যন্ত ভগবানগোলা থানার ১নং ও ২নং ব্লকে সরকারী খামারে উৎপন্ন কোন বীজ (আউস, আমন, পাট) দেওয়া হয় নাই। তবে বেসরকারী সূত্রে প্রাপ্ত পাটবীজ প্রতি ব্লকে একটন হিসাবে ভগবানগোলা ১নং এবং ২নং ব্লকে দেওয়া হইয়াছে।

(খ) ভগবানগোলা ১নং ব্লকে ১১ই মে হইতে ২৫শে মে এবং ভগবানগোলা ২নং ব্লকে ১০ই মে হইতে ২৭শে মের মধ্যে উক্ত বীজের সরবরাহ করা হয়।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মন্ত্রীমহাশয় হাউসে বলেছিলেন—আউশ এবং আমন ধানের বীজ উপযুক্ত সময়ে সরবরাহ করা হবে। কিন্তু বে-সরকারীভাবে এই বীজ সংগ্রহ করে কেন সময়মত সরবরাহ করবার ব্যবস্থা করা হয় নাই—সে বিষয় মন্ত্রীমহাশয় কিছু বলবেন কি?

[2-20—2-30 p.m.]

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় সদস্যের প্রশ্ন হচ্ছে ১৯৭২ সালের ১৬ই জুন পর্যন্ত। সেই হিসাব উত্তরে আমি দিয়েছি। তারপর কি হয়েছে সেই উত্তর আপনি চান নি।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** ১৬ই জুনের আগে বীজের প্রয়োজন ছিল। তার আগেই সরবরাহ করার কথা সেটা কি হোল?

**শ্রীআবদুস সাত্তার:** মোটামুটি আমাদের যে খামার থাকে সেখানে বীজ পাঠানোর কথা আছে। বীজ দেবার ব্যাপারে কথা আছে। বীজ দেবার ব্যাপারে কতকগুলি বেসরকারী সংস্থা আছে। আমি জানি মুর্শিদাবাদে চলে গেছে। আমি সব বলতে পারি কিন্তু তার জন্য নোটিশ দিতে হবে। ১৬ই জুন পর্যন্ত আপনি উত্তর চেয়েছেন সেটা আমি দিয়ে দিয়েছি।

## তুলা ও চীনাবাদাম চাষ

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রীঅশ্বিনী রায়:** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত তিন বৎসরে জেলাভিত্তিতে তুলা ও চীনাবাদাম চাষের পৃথকভাবে জমির পরিমাণ (একরে) ও মোট উৎপাদন (টনে) কত?

**Mr. Speaker :** Starred held-over question No. 19 is held over.

**Enquiry into the affairs of the Calcutta National Medical College**

***22.** (Admitted question No. *43.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Health Department be pleased to refer to the reply given to question No. *214 (Admitted question No. *632), dated the 5th May, 1972 and to state—

(a) the findings of the Committee, and
(b) the actions taken by the Government or proposed to be taken in the light of the report of the Committee ?

**Shri Ajit Kumar Panja** : (a) The finding of the Committee is a voluminous document. If the particular Member Shri Doloi wants to see that findings I welcome him.

(b) Actions are being considered.

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মিঃ স্পীকার স্যার, আমি এর আগের দিন তিন তারিখে এই প্রশ্ন তোলায় এই ন্যাশন্যাল মেডিকেল এনকোয়ারী রিপোর্ট সম্বন্ধে সেদিন আমাদের স্বাস্থ্য মন্ত্রী বলেছিলেন যে সেই সমস্ত রিপোর্ট যা আছে তা তিনি হাউসের সামনে আমাদের কাছে পেশ করবেন। স্যার, তিনি বলেছিলেন যে সমস্ত রিপোর্টটি পেশ করবেন। দু-বছর যাবত ঐ ন্যাশন্যাল মেডিক্যাল এনকোয়ারী কমিটি কাজ করেছে। ঐ রাইটার্স বিল্ডিংসের কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রির ডিপার্টমেন্টের সেক্রেটারী মিঃ এ. কে. বিশ্বাসের নেতৃত্বে ডেপুটি এ্যাডমিনিষ্ট্রেটার মিঃ গনেশ ভট্টাচার্য যারা আর এস. পি. ও সি. পি. এম মেম্বার ছিলেন তারা সেই রিপোর্ট তালা বন্ধ করে রেখেছিলেন। সেই রিপোর্ট খবরের কাগজ যুগান্তরে কিছু বেরিয়েছে। সেই দুর্নীতিগ্রস্ত অফিসার এবং ডাক্তার যারা সাপ্রেস করে রেখেছিল— এর আগে আমাদের অনারেবল মিনিষ্টার বলেছিলেন যে তিনি নিশ্চয় এটা দেখবেন এবং কৈফিয়ত তলব করবেন যারা যারা এই সমস্ত কাজে লিপ্ত— অর্থাৎ যে সমস্ত অফিসাররা এই রিপোর্ট লুকিয়ে রেখেছেন সেই সমস্ত অফিসারদের বিরুদ্ধে তিনি ব্যবস্থা নেবেন— এই কথা মন্ত্রী মহাশয় বলেছিলেন। আমরা চাই এর একটা ফাইণ্ডিংস হোক। এবং উনিও এই হাউসে সেটা রাখতে রাজী হয়েছিলেন। আমরা তাঁকে অনুরোধ করি যে তিনি ঐ রিপোর্ট এই হাউসের সামনে রাখুন—কারণ সেখানে তিন লক্ষ টাকা খরচ হয়েছে। আজ পর্যন্ত সেই রিপোর্ট ঠিক মত দেওয়া হয় নি যে কিভাবে দুর্নীতি হয়েছিল ঐ যুক্তফ্রন্ট সরকারের আমলে।

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রিপোর্ট ১৯৭০ সালের ফেব্রুয়ারী মাসে জাষ্টিস সেন দাখিল করেন। এই সরকার আসার পর যখন খবর নেওয়া হোল তখন ঐ রিপোর্ট খুঁজে পাওয়া গেল না। এনকোয়ারী করে জানা গেল দুটি কপি আমাদের দপ্তরে দেওয়া হয়েছিল—কিন্তু তার কিছু পাওয়া যাচ্ছে না। তারপর জাষ্টিস সেনকে রিকোয়েষ্ট করার ফলে তিনি তাঁর নিজস্ব কপিটি আমার কাছে পাঠিয়ে দিয়েছেন। সেই রিপোর্ট আমি নিজে দেখেছি। কিন্তু আশ্চর্যের বিষয় রাইটার্স বিল্ডিংসের অফিস থেকে সেটা হারিয়ে গেল অথচ সেটা কাগজে বেরুলো এবং কিছু কিছু লোকও সেই কপি নিয়ে বাইরে ঘুরে বেড়াচ্ছে। সুতরাং যে দুটি কপি হারিয়ে গেল এবং কার হাতে গেল সেটা জানা দরকার। এর জন্য বাস্তবিক যে দোষী সাব্যস্ত হবেন সরকার তার বিরুদ্ধে নিশ্চয় ব্যবস্থা নেবেন।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মিঃ স্পীকার স্যার, গত দিনে উনি ঠিক করে দেন যে তিনি হাউসের সামনে সমস্ত রাখবেন যেদিন কোয়েশ্চেন থাকবে।

**শ্রীঅজিত কুমার পাঁজাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রিপোর্টের মধ্যে যা আছে মাননীয় সদস্য আগে নিজে দেখুন। কারণ, তাঁকে আমি দেখাতে পারি মাননীয় সদস্য হিসাবে তারপর যদি এখানকার সদস্যরা দেখতে চান নিশ্চয় আমি দেখাবো। কিন্তু তার আগে হাউসে যদি তিনি সেটা আগে প্রকাশ করবার জন্য বলেন তাহলে সত্যিকার যারা দোষী তারা নির্বিঘ্নে এবং কোন রকম কিছু ভাবে ধরা না পড়ে পালিয়ে যাবে।

**শ্রীশরৎ চন্দ্র দাসঃ** মন্ত্রী মহাশয় বললেন রিপোর্টটা বিভাগীয় মন্ত্রী মহাশয় পেলেন না অথচ কিছু লোক হাতে করে নিয়ে ঘুরে বেড়াচ্ছে এবং পেপারে পাবলিশ হয়েছে। তাহলে কি স্বীকার করছেন যে আপনার বিভাগ রহস্যময় বিভাগ ?

( নো রিপ্লাই। )

**শ্রীরজনীকান্ত দলুইঃ** উনি বলেছিলেন হাউসের সামনে রিপোর্ট রাখবেন। আজকে বলছেন হাউসের সামনে যদি রাখা হয় তাহলে দুর্নীতিগ্রস্ত অফিসাররা যারা এই রিপোর্ট সাপ্রেস করে রেখেছেন তারা ছাড়া পেয়ে যাবেন। কি করে হয় স্যার ? উনি কি করে বলেন যে যাদের বিরুদ্ধে এ্যালিগেশান আছে তারা কি করে এ্যালিগেশানের বাইরে চলে যাবে ?

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** হাউসের সামনে রিপোর্ট রাখলে দুর্নীতিগ্রস্ত অফিসাররা পালিয়ে যাবে এটার মানেটা ঠিক বুঝতে পারলাম না। যদি একজন মেম্বারকে দেখানো যেতে পারে তাহলে আমরা দেখলে দুর্নীতিগ্রস্ত অফিসাররা পালিয়ে যেতে পারে কিভাবে বুঝলাম না। আমরা জানি হাউসের সামনে রাখলে পালাতে পারে না। আমরা তাদের বেড়াজাল দিয়ে আটকে দিতে পারি। এতো উল্টো কথা শুনছি। রিপোর্ট রাখলে পালিয়ে যাবেন দুর্নীতিগ্রস্ত অফিসাররা। এটার একটু ক্ল্যারিফিকেশান চাই।

**Mr Speaker**. Mr. Bera, perhaps there are some allegations against some responsible persons or some high officials or some other persons as far as I have been able to understand from the replies given by the Hon'ble Minister Now, in the public interest and for proper justice or for taking some proceedings or for necessary departmental action or some thing like that the Minister feels that the findings should not be published at the present moment. But he has offered his co-operation and has stated that if any of the honourable Members wants to see that findings he can personally make it avilable to him. But if it is given wide publicity then the persons who are involved, according to him, may take some shelter and the papers and documents which he wants or will try to collect for taking proceedings or action against those officers or persons may not be available at all. Now, a serious thing has come out, viz, two reports which were in the custody of the Department have been lost. So some persons are already in the conspiracy and if the last copy—I understand it is under safe custody with the Hon'ble Minister—is lost then everything will be lost. Therefore, in the interest of the people if the Minister thinks that it should not be published then I cannot force him to do anything. However, let the Hon'ble Minister make his position clear.

**শ্রীঅজিতকুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে যেটা আছে সেটা সেফ কাসটডিতেই রেখেছি। আর আপনি যখন আমার পজিসনটা ক্ল্যারিফাই করতে বললেন তখন এটা মাননীয় সদস্যদের জানিয়ে দিচ্ছি যারা এই সমস্ত রিপোর্টের বলে দোষী সাব্যস্ত হয়েছে তারাই কিন্তু কিছু কিছু সদস্যকে তাদের ইনোসেন্সীর মুখোস পরে এটা হাউসের সামনে প্রকাশ করবার জন্য জোরদার করছে। যার ফলে যেখানে যেখানে কাগজপত্র আছে তারা খবর পেয়ে তা সরিয়ে নিতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয় মাননীয় সদস্যরা এই ব্যাপারে সহযোগিতা করবেন।

**শ্রীআবদুলবারি বিশ্বাস :** হাউসের সামনে বক্তব্য এবং উত্তরের জন্য চেষ্টা করছে এটা একটা গুরুতর অভিযোগ মাননীয় সদস্যদের প্রতি। তবুও আপনার সামনে একটা কথা নিবেদন করতে চাইছি। যেখান থেকে দু-দুটো রেকর্ড উধাও হয়ে গেলো এটা তো বড একটা রিপোর্ট এবং ভ্যালুএবল্ রিপোর্ট। এটা ডিপার্টমেন্ট থেকে চলে গেলো। যে রিপোর্ট চলে গেলো তারজন্য তিনি ডিপার্টমেন্টের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন? সেটা তো ফাইনডিংসের ব্যাপার নয়। এর কাসটোডিয়ান আছে। তারজন্য সংশ্লিষ্ট বিভাগ আছে, সেক্রেটারী আছে, আরও লোক আছে, তাদের বিরুদ্ধে আপাততঃ কি এ্যাকসান নেওয়া হয়েছে?

**Mr. Speaker :** Mr. Panja, I draw your particular attention to the fact that some honourable Members are feeling that you have made some indirect aspersion, viz., that some interested Members have been giving shelter to some persons against whom certain allegations have been made in the report. I would request you not to make such comments as the honourable Members may feel injured I think, you should now make the position clear.

[2-30—2-40 p.m.]

**শ্রীঅজিতকুমার পাঁজা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা আমি খুব পরিষ্কার ভাবে বলেছি। মাননীয় সদস্যরা তাকে সেল্টর দিচ্ছেন না, কিন্তু যারা এতে সংশ্লিষ্ট রয়েছেন তারা সেল্টার পাবার জন্য ইনোসেনসের মুখোস পরে হয়ত কিছু সদস্যকে উত্তেজিত করে তোলবার চেষ্টা করছেন যাতে এটা হাউসের সামনে আসে এবং হাউসে শুধু মাননীয় সদস্যরা নেই সুতরাং সেটা বাহিরে প্রকাশ হয়ে যাবার সম্ভাবনা আছে। তাই মাননীয় সদস্যরা যদি কেউ আমার কাছে আসেন তাঁকে নিশ্চয়ই রিপোর্ট দেখাবো, কিন্তু এখন বাহিরে প্রকাশ করা ঠিক হবে না। তার ফলে হয়ত আমাদের বিপদে পড়তে হবে। কারণ, আমরা যাদের ধরতে চাই তারা কাগজপত্র হয়ত সরিয়ে ফেলতে পারে। এতে দেশের ক্ষতি হতে পারে, পাবলিক ইন্টারেষ্ট ক্ষতি হতে পারে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় সময় মত একটি বিবৃতি এই হাউসে দেবেন বলেছেন এবং দিতে রাজীও আছেন। কারণ, এটা চুরি হয়ে গেছে সেই খবর বেরিয়েছে। যে খবর পাবলিস হয়ে গেছে তার রিপোর্ট হাউসের সামনে আনতে গেলে যারা দোষী তারা নিয়ে নেবে, তারা সেল্টার পাবে, এতে আমরা স্যাটিসফায়েড হতে পারছি না। আমিস্যার, আশা করবো সেই রিপোর্ট যখন বেরোবে সেই সময় একটি বিবৃতি দেবেন মন্ত্রী মহাশয়, এইটা স্যার, আপনি সরকারকে জানান।

**শ্রীঅজিত কুমার পাঁজা :** আমাদের অনুসন্ধানের কাজ শেষ হয়ে গেলে নিশ্চয় হাউসের মাননীয় সদস্যদের সামনে একটি বিবৃতি রাখবো।

**শ্রীশরৎ চন্দ্র দাস :** পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন অফিসাররা মাননীয় সদস্যদের সরলতার সুযোগ নিয়ে তাদের উত্তেজিত করে হাউসে পুট আপ করিয়েছেন—এটা নিশ্চয় আমি মনে করি মাননীয় সদস্যদের প্রতি প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষভাবে কটাক্ষ করা হয়েছে।

**শ্রীঅজিত কুমার পাঁজা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কোন কটাক্ষ করিনি। আমি বলেছি যে কোন মাননীয় সদস্য আমার সংগে দেখা করুন, রিপোর্ট আছে, দেখাবো। কিন্তু হাউসে শুধু মাননীয় সদস্যরা নেই, সদস্যরা যদি হাউসের মধ্যে বলতে বলেন তাহলে তাতে পাবলিক ইন্টারেষ্ট-এর খুব ক্ষতি হবে।

**ভগবানগোলা থানায় গবাদি পশু ক্রয় ও অন্যান্য ঋণ বাবদ অর্থের পরিমাণ**

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *:৫৯·) **শ্রীমহম্মদ দেদার বক্স:** কৃষিবিভাগের ম মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতির মোকাবিলায় মুর্শিদাবাদ জেলায় ভগবানগো থানার ১নং এবং ২নং ব্লকের প্রতি ব্লকে ১৬ই জুন ১৯৭২ পর্যন্ত গরু ক্রয়, ং ক্রয় ও অন্যান্য ঋণ বাবত কত টাকা মঞ্জুর করা হয়েছে; এবং

(খ) উক্ত টাকার মধ্যে ঐ সময়ে কোন্ ব্লকে কত টাকা দেওয়া হয়েছে?

**শ্রীআবদুস সত্তার:** (ক) ভগবানগোলা ১নং ও ২নং ব্লকে নিম্নলিখিত ঋণসমূহ বরা করা হইয়াছিল :—

ভগবানগোলা ১নং ব্লক—

(১) কৃষি ঋণ—১৯,২৮০ টাকা।

(২) গরুক্রয় ঋণ—৭,১৪০ টাকা।

(৩) সারক্রয় ঋণ—৫৩,০০০ টাকা।

(৪) অগভীর নলকূপ বসাইবার ঋণ—১৪,০০০ টাকা।

ভগবানগোলা ২নং ব্লক—

(১) কৃষি ঋণ—১৭,২২৫ টাকা।

(২) গরুক্রয় ঋণ—৭,১৪০ টাকা।

(৩) সারক্রয় ঋণ—৪৭,০০০ টাকা।

(৪) অগভীর নলকূপ বসাইবার ঋণ—৪,০০০ টাকা।

(খ) অগভীর নলকূপ ঋণ বিতরণ সম্বন্ধে এখনও ব্লক হইতে কোন রিপোর্ট পাওয়া যায় নাই অন্যান্য ঋণের বরাদ্দ হইতে কিছুই বিতরণ করা হয় নাই।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** অন্যান্য যে ঋণ বরাদ্দ করা হয়েছে, সেটা বলে করা হয়নি এটা না বলার কারণ কি জানাবেন?

**শ্রীআবদুস সাত্তার:** আপনি যেটা বলছেন বলে করা হয়নি, এটাতে আমি খোঁজ নিচ্ছি, আর না বলি তার ব্যবস্থা করছি।

**শ্রীনিতাইপদ সরকার:** মিঃ স্পীকার, স্যার, দুটি জিনিসের অনুমোদিত প্রশ্ন আপনি হেল্ড-ওভার করলেন। আগে হেল্ড-ওভার ছিল, আবার হেল্ড-ওভার হচ্ছে। বারে বারে যদি এইরকম হেল্ড-ওভার হয় তাহলে তো মুস্কিল আছে। এটা তুলো চাষের প্রশ্ন। এই তুলোর অভাবে আমাদের স্পিনিং মিল বা পাওয়ার লুম সব বন্ধ হয়ে যাচ্ছে, এটা খুব জরুরী ব্যাপার স্যার। এই ব্যাপারটার তাড়াতাড়ি যাতে উত্তর পাওয়া যায় আপনি তার ব্যবস্থা করুন।

**Mr. Speaker:** That question has been held over. It will be taken up in the next rotational day.

**শ্রীমতী গীতা মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অধিকার সংক্রান্ত প্রশ্ন তুলছি। এর আগে অধিকার সংক্রান্ত প্রশ্ন না বলে মাননীয় সদস্য সুকুমারবাবু কথাটা তুলেছেন। তিনি তখন জবাব দেননি বলে আমি অধিকার সংক্রান্ত প্রশ্ন তুলতে চাই। ২৭টা প্রশ্নের মধ্যে ৭টি প্রশ্নের উত্তর হয়েছে। স্বভাবতই বাকী ২০টি প্রশ্ন বরবাদ হয়ে গেছে। অবশ্য সকল সমস্যার সদস্যরই সমান

অধিকার নয়, সকলেই চান তাদের প্রশ্নগুলি আলোচিত হোক। এই রকম অবস্থা ইতিপূর্বে আমাদের এই হাউসে উদ্ভব হয়েছিলো। বহু প্রশ্ন এইভাবে খারিজ হয়ে যাচ্ছিল। তখন অত্যন্ত কড়াভাবে চালু করলেন যে না ৫ মিনিটের বেশী কোন প্রশ্ন হবে না এবং যদি বোঝেন যে অন্ততঃ-পক্ষে ৭টা করে কি ১০টা করে প্রশ্ন হবে তাহলে ২৭টি প্রশ্ন ছাপিয়ে ৭টি হল আর বাকীগুলি ফালতু বলে ফেলে দেওয়া হবে এর কোন মানে হয় না। সুতরাং আমি এই অধিকার সংক্রান্ত প্রশ্নে জিজ্ঞাসা করছি আপনি যাতে আমাদের মাননীয় সদস্যদের প্রশ্নের উত্তর হয় সোজাসুজি খারিজ না হয় তারজন্য time-timit ইত্যাদি আইন করবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করবেন সেটা আমাদের জানাবেন।

**Mr. Speaker :** I know, Shrimati Mukherjee, that you have your starred question No. 86 to-day.

**Shrimati Geeta Mukhopadhyaya** : Sir. I am saying this not only for me. There are other questions also.

**Mr. Speaker** : Other honourable Members also have a number of questions to-day When the Members were pressing for supplementaries after supplementaries on a particular question, I pointed out that we had taken more than 15 minutes on that question but still Members were eager to put more supplementaries. If the Members do not co-operate with the Chair, I am helpless. No Speaker can conduct the Business of the House smoothly and perfectly according to rules, if the honourable Members do not come forward and extend their co operation for smooth running of this House.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার পূর্ণ ক্ষমতা আছে, You are not helpless. আপনি যদি এই নিয়ম করেন যে যার question তিনি ৩টি Supplementary করবেন, তার বাইরে আরো তিনটি Supplementary হবে। আপনি 7th Supplementary আর allow করবেন না। তাহলে ৩ মিনিটে বা ৫ মিনিটে একটা প্রশ্নের answer হতে পারে, তাহলে ১২টা থেকে ১৬টা প্রশ্নের উত্তর হতে পারে। তাছাড়া Held over question হতে পারে। এটা আপনার হাতে পূর্ণ ক্ষমতা আছে। আমরা সহযোগিতা করবো, কিন্তু আপনি আমাদের সহযোগিতা নিন।

**Mr. Speaker** ; I feel that at least 12 to 15 questions can be taken up in one hour. But there are Members like Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das and Shri Sudhir Chandra Bera—if they come forward and extend their co-operation and agree that they will not put more than 3 or 4 supplementaries, certainly 12 to 15 questions can be taken up in one hour. I think, that should be the attitude of the Members. The Member who has put the original question will be allowed to put three supplementaries and after that one or two supplementaries may be put by other Members. If that be the sense of the House and if the Members agree to co-operate with me so that I do not have to hammer for order and that you must take your seat and we pass on to the next item of business—which also does not look very nice—then from to-morrow we can take up at least 12 to 15 questions in one hour. The procedure and convention we are trying to follow is that not more than 5 minutes should be allowed on one question. I think that honourable Members will agree and from to-morrow they extend their full co-operation to me so that I can take up at least 12 to 15 questions in one hour.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন বলছেন আমি নিশ্চয়ই আপনার সঙ্গে সহযোগিতা করি এবং করে যাবো, আমাদের হাউসের business যাতে ভালভাবে চলে তার জন্য নিশ্চয়ই আপনার সংগে সহযোগিতা করবো। কিন্তু কোন কোন সময় এমন inportent question আসে তখন আমরা একটু বাধ্য হই এবং জিজ্ঞাসা করতে হয় সেট আশা করি আপনি একটু বিবেচনা করে দেখবেন।

[2-40—2-50 p.m.]

**শ্রীঅশ্বিনী রায় ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমার আবেদন রাখছি এবং এই হাউসের কাছেও আমার আবেদন রাখছি সকলের স্বার্থে যে, এই হেল্ড ওভার কোশ্চেনগুলো, তার যে লিষ্ট সেটা নেক্সট রোটেশন্যাল ডে'তে দেওয়া হোক ফার্ষ্ট প্রায়রিটি হিসাবে এবং তারপর ইউজুয়্যাল কোশ্চেনগুলো দেওয়া হোক।

**মিঃ স্পীকার ঃ** No, that cannot be done according to the rules.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি কিছু না মনে করেন, তাহলে একটা কথা বলে নিচ্ছি। মন্ত্রীরা সমস্ত কোশ্চেন্স-এর উত্তর প্রস্তুত করে আনেন অথচ সেই কোশ্চেন গুলো শেষ পর্যন্ত ওঠে না, এই ঘটনাই হচ্ছে আমার অভিজ্ঞতা এখন আবার উল্টো অভিজ্ঞতা হচ্ছে মন্ত্রীরা প্রশ্নের উত্তর করে আসেননা, এটা কি রকম কথা? মন্ত্রীরা সমস্ত কোশ্চেন—২৫টি কোশ্চেন থাকলে, সেই ২৫টারই উত্তর করে আসেন, বোঝা নিয়ে, তারপর হয়তো ৬টা ৭টার বেশ কোশ্চেন উঠলো না, মন্ত্রীরা বাকিগুলো বগলদাবা করে নিয়ে চলে গেলেন। এটা কি রকম কথা মন্ত্রী মহাশয়রা উত্তর ঠিক করে আনবেন না?

**Mr. Speaker :** Mr. Mukherjee, for your information and for the information of the House I may tell you that today I have received all the written answers to all the 27 questions that were put on the list for oral answers and the Ministers were also prepared with the answers Sometimes there may be one or two questions or five percent of the questions held over but today Ministers were all prepared and I have nothing to say on that point. But today I could not call more then seven questions, i.e., the House wanted only 7 questions for oral answers. From to-morrow onwards I expect that all the Members will co-operate with me and that 12 to 15 questions can be taken up.

### Starred Questions

(to which written answers were laid ou the Table)

#### Hospital under Bongaon-Bagdah Block

***84.** (Admitted question No. *305.) **Shri Rabindra Ghosh** : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government has any scheme of setting up of a 20-bed hospital under the Bongaon-Bagdah Block ;

(b) if so, the required strength of doctors and para-medical personnel for the same ; and

(c) whether the Government has any proposal to increase (i) the number of Primary Health Centres and (ii) free medical facilities for the general people of Bogaon-Bagdh Block ?

**The Minister-in-charge for the Health Department** : (a) No.

(b) Does not arise.

(c) (i) No.

(ii) No.

## খরা পরিস্থিতি মোকাবিলায় নলকূপ খনন

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩২২) **শ্রীঅশ্বিনী রায়ঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে খরা অবস্থার পরিপ্রেক্ষিতে জেলাভিত্তিতে কৃষিকার্যের জন্য নলকূপ খননের জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত,

(খ) গভীর, অগভীর নলকূপ এবং কূপ (পৃথকভাবে) খনন ও পুনর্খননের জন্য মঞ্জুরীর পরিমাণ, এবং

(গ) ১৯৭২ সালে মে হইতে ২৫এ জুন পর্যন্ত মঞ্জুরীকৃত অর্থের ব্যয়ের পরিমাণ ও গভীর ও অগভীর নলকূপ এবং কূপ খননের ও পুনর্খননের সংখ্যা কত ?

**The Minister-in-charge for Agriculture Department** :

(ক) পাঁচশ লক্ষ টাকা, জেলাভিত্তিক হিসাব (খ) প্রশ্নের উত্তরে দ্রষ্টব্য।

(খ) **মঞ্জুরীর পরিমাণ**

| জিলা | গভীর নলকূপ | অগভীর নলকূপ | কূপ |
|---|---|---|---|
| মালদহ | — | ৫ লক্ষ টাকা | — |
| মুর্শিদাবাদ | — | ২ ” ” | — |
| ২৪-পরগণা (দক্ষিণ) | — | ১ ” ” | — |
| বর্দ্ধমান | — | ৫ ” ” | — |
| বীরভূম | — | ৩ ” ” | — |
| মেদিনীপুর | — | ৮ ” ” | ১৭·৭৪ লক্ষ টাকা |
| হুগলী | — | ১ ” ” | — |
| পুরুলিয়া | — | — | ৩ লক্ষ টাকা |
| বাঁকুড়া | — | — | ৩·৯৮ লক্ষ টাকা |
| মোট : | — | ২৫ লক্ষ টাকা | ২৪·৭২ লক্ষ টাকা |

অগভীর নলকূপের জন্য ব্যয় হইয়াছে ২৬,৩৫০ টাকা এবং ৩৯ টি অগভীর নলকূপ স্থাপিত হইয়াছে। কূপের জন্য ব্যয় হইয়াছে ৩ লক্ষ ৫৪ হাজার টাকা এবং ১১৮ টি কূপ স্থাপিত হইয়াছে।

### Revised pay-scale to State Government employees

***86.** (Admitted question No. *660) **Shrimati Geeta Mukherjee :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a tact that the State Government decided in 1963 that the holders of all the posts in the unrevised scale of Rs. 110—4—150 or Rs. 90—4—130 (prior to 1961 revision), who were provisionally allowed the revised scale of Rs. 125—200, with higher start at Rs. 164, should with effect from 1st May, 1963, draw pay in the scale of Rs. 200—10—300 ; and

(b) if so, whether the above benefit was extended to every Government employee who came under the purview of aforesaid decision ?

**The Minister-in-charge for the Finance Department** :

(a) Holders of all the Clerical posts who were on the unverised scale of Rs. 110—4—150 or Rs. 90—4—130, prior to 1961 revision were provisionally allowed the revised scale of pay of Rs. 125—200 with higher initial start at Rs. 164 from 1-4-61 and finally, allowed Rs. 200—10—300 with affect from 1st May 1963, in terms of West Bengal Services ( Revision of pay and Allowance) Rules, 1961.

In respect of the non-Clerical Staff on Rs. 110—150 and Rs. 90—130 no provisional scale was prescribed.

(b) Yes ; orders were issued in 1963, to the effect that the holders of **all** the Clerical posts on the unrevised scale of Rs 110—150 or Rs. 90—130 (who were provisionally allowed the revised scale of Rs. 125—200 with higher initial start at Rs. 164), should with effect from 1st May 1963, draw pay in the revised scale of Rs. 200—10—300.

### Blocks without B.D.O.

***87.** (Admitted question No. *354.) **Shri Samsul Alam Khan** : Will the Minister-in-charge of the Community Development Department be pleased to state—

(a) whether it is a fact that certain Blocks in Midnapore district are running without Block Development Officers ;

(b) if so, (i) the names of such Blocks in Midnapore district where no B.D.O. has been posted, (ii) the reasons thereof ; and

(c) what action has been taken or is proposed to be taken by Government in this matter ?

**The Minister-in-charge for the Community Development Department** :

(a) No. (b) Does not arise.
(c) No.

### সার উৎপাদন কারখানা

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** কৃষিবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় কয়টি ও কোথায় কোথায় সার উৎপাদনের কারখানা আছে এবং কি কি সার তৈয়ারী হইয়া থাকে ;

(খ) ঐ সার বণ্টন ব্যবস্থায় সরকারের কোন নিয়ন্ত্রণ ক্ষমতা আছে কিনা ,

(গ) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গে মিশ্র সার তৈয়ারীর কারখানার মালিকরা তাঁদের প্রাপ্য রাসায়নিক সারের 'কোটার' অনেকটা লরীযোগে চোরাপথে পচার করেন ; এবং

(ঘ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister-in-charge for the Agriculture Department** :

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় দুইটি সার উৎপাদনের কারখানা আছে। উহাদের একটি ২৪-পরগণা জেলার খড়দহে অবস্থিত, নাম জয়শ্রী কেমিক্যালস্ এণ্ড ফার্টিলাইজার্স। অপরটি হুগলী জেলার রিষড়ায় অবস্থিত, নাম ফসফেট কোম্পানী লিমিটেড। এই দুইটি কারখানায় ফসফেট ঘটিত রাসায়নিক সার অর্থাৎ সুপার ফসফেট উৎপাদিত হয়।

(খ) দেশজ সার প্রস্তুতকারকগণ তাঁহাদের উৎপাদিত সার নিজেরাই বণ্টন করিয়া থাকেন। তবে সারের মান নিয়ন্ত্রণ (Quality control ) ক্ষমতা সরকারে ন্যস্ত আছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠেনা।

## কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২২) **শ্রীআবদুলবারি বিশ্বাস** : কৃষিবিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কল্যাণী বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার দাবিতে ঐ বিশ্ববিদ্যালয়ের রিসার্চ স্কলার ও টিচার্স অ্যাসোসিয়েশন সম্প্রতি স্মারকলিপি দিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, এ সম্বন্ধে সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister-in-charge for the Aglricultnre Departmen:t** : হ্যাঁ, বিষয়টি সর্বোচ্চ পর্যায়ে বিবেচাধীন আছে।

## সরকারের পরিচালনাধীন কৃষিক্ষেত্র

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৩) **শ্রীজ্যোতিন্দ্রমোহন রায়** : কৃষিবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সারা পশ্চিমবাংলায় সরকারের পরিচালনাধীনে কৃষিক্ষেত্রের সংখ্যা কত , এবং

(খ) ঐ কৃষিক্ষেত্রগুলি স্থাপনের উদ্দেশ্য কি ?

**The Minister-in-charge for the Agriculture Department** :

(ক) বর্তমানে সারা পশ্চিমবাংলায় সরকারেরর পরিচালনাধীনে ২০১টি কৃষিক্ষেত্র আছে।

(খ) কৃষিক্ষেত্রগুলি স্থাপনের উদ্দেশ্য মূলতঃ দুইটি—

(১) প্রথমতঃ উন্নত প্রথায় কৃষি পদ্ধতি এবং উন্নত জাতের বীজের ব্যবহার হাতেকলমে করিয়া দেখানো যাতে চাষীরা নিজ নিজ ক্ষেত্রে তাহা প্রয়োগ করিতে পারে।

(২) দ্বিতীয়তঃ উন্নত উচ্চফলনশীল জাতের বীজ উৎপন্ন করিয়া চাষীদের মধ্যে বিতরণ করা।

**Schemes for Elementary Health Services**

***91.** (Admitted question No. *64.) **Shri Rajani Kanta Doloi:** Will the minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government has drawn up any comprehensive scheme for providing elementary Health Services in all the villages of the State, and

(b) if so, the details of the scheme?

**The Minister-in-charge for the Health Department**:

(a) and (b) The Rural Health Centre Scheme which envisages the establishment of one 10-bed P.H.C. and at least two S.H.Cs. with 2 non-dieted emergency maternity beds each in every Block of the State will render medical facilities to rural areas.

**পাটের দর**

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮) **শ্রীনিতাইপদ সরকার:** কৃষিবিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে পাটের সর্বোচ্চ ও সর্বনিম্ন দাম বাঁধিয়া দেওয়া হয়েছে কিনা এবং হইলে কত, এবং

(খ) পাটচাষীদের সাহায্যের জন্য সরকার অন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**The Minister-in-charge for the Agriculture Department**:

(ক) বর্তমান বৎসরে ভারত সরকার কর্তৃক পাটের সর্বনিম্ন দর ১১৫ টাকা কুইন্ট্যাল হিসাবে বাঁধিয়া দেওয়া হইয়াছে। কোন সর্বোচ্চ দর বাঁধিয়া দেওয়া হয় নাই।

(খ) কতকগুলি এলাকায় ভারত সরকার কর্তৃক প্রদত্ত অর্থে Special Package Programme চালু আছে। সেখানে (১) বিনামূল্যে বা বিনা ভাড়ায় পাটচাষীদের পাট চাষের যন্ত্রপাতি ব্যবহার করতে দেওয়া হয়।

(২) প্রতি একর জমির জন্য ১০ কি.গ্রা. ইউরিয়া বিনামূল্যে দেওয়া হয়।

(৩) বিনা ভাড়ায় ইউরিয়া ছিটাইবার যন্ত্র ব্যবহার করিতে দেওয়া হয়।

(৪) কীটনাশক ঔষধ ছিটাইবার যন্ত্রের জ্বালানী খরচ বাবদ প্রতি একর জমিতে ৩ টাকা করিয়া দেওয়া হয়।

(৫) ইহা ছাড়া বিভিন্ন বৎসর বিভিন্ন স্থানে বিনামূল্যে বিমান হইতে ইউরিয়া ছিটান হয়।

(৬) পাট কাটিবার জন্য স্থানে স্থানে পুষ্করিণী খাল ইত্যাদি খনন করা হইয়া থাকে।

(৭) পাটচাষীদের অর্দ্ধমূল্যে পাটের বীজ সরবরাহ করা হয়।

Special Package Programme এর অন্তর্ভুক্ত নয় অথচ রাজ্য সরকারের প্রকল্পের অন্তর্গত এলাকায় পাটচাষীদের পাটচাষপ্রণালী ভালভাবে শিক্ষার জন্য সরকারী খরচে প্রত্যেকটি দশ একর এলাকা বিশিষ্ট দশটি প্রদর্শনী ক্ষেত্র স্থাপিত হইয়াছে।

রাজ্য সরকারের প্রকল্পের অন্তর্গত এলাকায় পাটচাষীদের বিনাভাড়ায় চাষের যন্ত্রপাতি ও কীটনাশক ঔষধ ছিটাইবার যন্ত্র ব্যবহার করিতে দেওয়া হয়।

## হলদিয়া উন্নয়ন প্রকল্প

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৩) **শ্রীমৃগেন্দ্র মুখার্জিঃ** উন্নয়ন এবং পরিকল্পনা (শহর এবং দেশ পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সি এম পি ও-র হলদিয়া প্ল্যানিং সেল হলদিয়া এলাকার উন্নয়নের জন্য একটি প্রকল্প রচনা করিয়াছিলেন;

(খ) সত্য হইলে—

(১) উক্ত পরিকল্পনা হলদিয়া বন্দর কর্তৃপক্ষের নিকট মতামতের জন্য পেশ করা হইয়াছিল কিনা,

(২) হলদিয়া বন্দর কর্তৃপক্ষ উক্ত প্রকল্প সম্পর্কে মতামত প্রকাশ করিয়াছেন কিনা; এবং

(গ) উক্ত মতামতের পরিপ্রেক্ষিতে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister-in-charge for the Development and Planning Department :**

(ক) হ্যাঁ, প্রকল্পটীর জন্য প্রথমে একটি খসড়া রচনা করা হয়। পরে একটি সংশোধিত প্রস্তাব রচিত হয়।

(খ) (১) হ্যাঁ।

(২) বন্দর কর্তৃপক্ষ প্রকল্পটির খসড়া সম্পর্কে মতামত দিয়াছিলেন, কিন্তু সংশোধিত প্রস্তাব সম্পর্কে এখনও কোন মত প্রকাশ করেন নাই।

(গ) সমস্ত বিষয় বিবেচনা করে সরকার একটি চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

## কৃষি আয়কর

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩) **শ্রীঅশ্বিনী রায়ঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে কৃষি আয়করের কোন তথ্য আছে কি,

(খ) থাকিলে, গত পাঁচ বৎসরে (১৯৬৬-৭১ হ'তে) প্রতি আর্থিক বৎসরে জেলাভিত্তিতে

(১) দেয় আয়করের পরিমাণ, (২) আদায়ীকৃত আয়করের পরিমাণ এবং

(৩) অনাদায়ী আয়করের পরিমাণ?

**The Minister-in-charge for the Finance Department ;**

হ্যাঁ।

প্রশ্নগুলির উত্তর সন্নিভুক্ত তালিকায় দেওয়া হইল।

Statement referred to in reply to question No. *94

| | 1966-67 | |
|---|---|---|
| | *Demand | *Collection |
| Calcutta | 74,81,871·68 | 87,33,293·[illegible]8 |
| 24-Parganas | 1,88,691·39 | 1,33,190·41 |
| Howrah | 27,266·33 | 28,494·35 |
| Hooghly | 28,754·40 | 37,880·73 |
| Nadia | 1,10,561·22 | 84,310·61 |
| Murshidabad | 3,03,949·28 | 3,75,949·13 |
| Burdwan | 2,95,753·17 | 2,88,418 01 |
| Birbhum | 1,11,903·37 | 1,16,214·96 |
| Midnapore | 4,17,169·06 | 3,90,052·78 |
| Bankura | 36,171 24 | 26,235 59 |
| Purulia | 1,04,400·30 | 52,852·14 |
| Malda | 2,25,306·45 | 2,48,559·85 |
| West Dinajpur | 5,04,708·12 | 1,64,749·69 |
| Jalpaiguri | 15,24,453·21 | 13,97,464·91 |
| Darjeeling | 1,07,822·39 | 2,48,209·00 |
| Cooch Behar | 3,51,586·01 | 3,41,047·36 |
| | 1,18,20,367·62 | 1,26,67,953·00 |

*"Demand" column represents current demand while "Collection" column includes current collection and arrear collection.

Statement referred to in reply to question No *94—(contd.)

| | 1967-68 | |
|---|---|---|
| | *Demand | *Collection |
| Calcutta | 84,26,369·65 | 1,02,05,798·34 |
| 24-Parganas | 2,40,999·15 | 1,95,623·24 |
| Howrah | 74,959·12 | 54,357·71 |
| Hooghly | 1,44,231·94 | 1,32,709·46 |
| Nadia | 92,344·73 | 99,668·91 |
| Murshidabad | 3,18,989·74 | 3,40,649·75 |
| Burdwan | 2,88,908·42 | 3,17,503·68 |
| Birbhum | 1,79,382·35 | 1,91,748·60 |
| Midnapore | 3,62,854·67 | 3,79,021·22 |
| Bankura | 41,770·24 | 33,667·89 |
| Purulia | 97,578·04 | 1,00,149·76 |
| Malda | 3,00,423·71 | 2,76,357·02 |
| West Dinajpur | 1,99,206·52 | 1,55,838·70 |
| Jalpaiguri | 20,31,648·85 | 11,98,965·94 |
| Darjeeling | 4,41,186·60 | 2,23,703·78 |
| Cooch Behar | 2,73,089·92 | 2,68,136·00 |
| | 1,55,20,943·65 | 1,41,73,900·00 |

*"Demand" column represents current demand while "Collection" column includes current collection and arrear collection.

Statement referred to in reply to question No. *94—(contd.)

| | 1968-69 | |
|---|---|---|
| | *Demand | *Collection |
| Calcutta | 1,63,15,577·87 | 1,36,12,373·21 |
| 24-Parganas | 3,21,956·07 | 2,59,267·47 |
| Howrah | 25,690·59 | 21,327·89 |
| Hooghly | 1,78,209·33 | 1,53,246·35 |
| Nadia | 1,08,393·10 | 81,069·82 |
| Murshidabad | 2,97,393·30 | 3,00,110·06 |
| Burdwan | 3,98,064·33 | 3,65,992·41 |
| Birbhum | 2,50,533·84 | 2,02,533·39 |
| Midnapore | 4,48,727·92 | 3,94,770·62 |
| Bankura | 60,161·71 | 68,540·87 |
| Purulia | 1,13,077·31 | 98,559·25 |
| Malda | 3,51,844·88 | 2,92,625·11 |
| West Dinajpur | 2,96,756·46 | 1,65,754·32 |
| Jalpaiguri | 17,53,851·24 | 11,39,755·43 |
| Darjeeling | 2,12,408·08 | 1,93,085·01 |
| Cooch Behar | 3,49,324·16 | 3,45,568·81 |
| | 2,14,81,770·39 | 1,76,94,178·00 |

*"Demand" column represents current demand while "Collection" column includes current collection and arrear collection.

Statement referred to in reply to question No. *94—(contd.)

| | 1969-70 | |
|---|---|---|
| | *Demand | *Collection |
| Calcutta | 62,76,280·71 | 1,22,55,981·14 |
| 24-Parganas | 4,24,956·47 | 3,11,375·97 |
| Howrah | 78,265·96 | 45,042·03 |
| Hooghly | 95,265·94 | 51,649 69 |
| Nadia | 84,616·32 | 88,285·33 |
| Murshidabad | 2,88,611·52 | 2,65,578·40 |
| Burdwan | 4,19,755·65 | 3,79,411·31 |
| Birbhum | 2,70,259·3[illegible] | 2,25,359·13 |
| Midnapore | 4,07,705·56 | 3,49, 320·69 |
| Bankura | 39,002·86 | 33,384·28 |
| Purulia | 1,17,677·66 | 1,01,462·50 |
| Malda | 3,63,162·15 | 2,78,469·10 |
| West Dinajpur | 3,21,236·15 | 1,20,972·35 |
| Jalpaiguri | 12,84,086·57 | 10,60,423·55 |
| Darjeeling | 2,54,509·07 | 2,02,461·38 |
| Cooch Behar | 3,65,999·44 | 2,27,244·15 |
| | 1,30,91,991·39 | 1,59,96,221·00 |

*"Demand" column represents current demand while "Collection" column includes current collection and arrear collection.

Statement referred to in reply to question No. *94—(concld.)

| | 1970-71 | | |
|---|---|---|---|
| | *Demand | *Collection | Arrear at the end of the year. |
| Calcutta | 63,82,198·48 | 84,03,851·01 | 53,43,841·54 |
| 24-Parganas | 4,29,712·06 | 2,20,460·08 | 12,53,585·81 |
| Howrah | 30,223·27 | 28,793·72 | 1,84,513·00 |
| Hooghly | 1,17,661·95 | 59,940·31 | 3,58,047·03 |
| Nadia | 63,401·86 | 31,570·70 | 3,48,140·66 |
| Murshidabad | 1,43,608·01 | 1,16,288·92 | 5,71,198·26 |
| Burdwan | 4,87,388·58 | 3,73,255·97 | 7,98,116·13 |
| Birbhum | 2,19,552·42 | 1,77,737·92 | 3,32,720·07 |
| Midnapore | 4,24,767·72 | 2,34,189·93 | 32,55,151·76 |
| Bankura | 50,417·21 | 25,123·10 | 2,05,539·15 |
| Purulia | 1,13,946·67 | 82,205·92 | 2,79,937·90 |
| Malda | 3,12,845·41 | 2,80,829·27 | 6,10,595·72 |
| West Dinajpur | 3,28,948·65 | 1,21,133·19 | 11,38,767·26 |
| Jalpaiguri | 15,37,651·32 | 5,65,129·65 | 30,19,838·50 |
| Darjeeling | 2,43,104·24 | 72,287·19 | 2,80,471·32 |
| Cooch Behar | 2,96,976·54 | 2,02,339·67 | 11,93,199·21 |
| | 1,16,82,404·42 | 1,09,95,136·55 | 1,91,73,664·12 |

*"Demand" column represents current demand while "Collection" column includes current collection and arrear collection.

### মহম্মদবাজার স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫) শ্রীনিতাইপদ ঘোষঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহম্মদবাজার স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন দেওয়া হইবে?

**The Minister-in-charge for the Health Department :** (ক) আছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নয়।

### আসানসোল মহকুমায় পানীয় জলের কূপ খনন

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং দপ্তরকে বর্তমান বৎসরে আসানসোল মহকুমায় কতগুলি পানীয় জলের কূপ খননের দায়িত্ব দেওয়া হইয়াছে এবং কতগুলির নির্মাণকার্য এ পর্যন্ত শেষ হইয়াছে, এবং

(খ) উক্ত বিভাগ বিশেষত আসানসোল, বারাবনী এবং সালানপুর ব্লকে নির্দিষ্ট সংখ্যক পানীয় জলের কূপ নির্মাণের কাজে কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister-in-charge for the Health Department :**

(ক) পরিবর্তিত নিয়মানুযায়ী এই বৎসর হইতে গ্রামীন জল সরবরাহের দায়িত্ব জেলা শাসক ও ব্লক অধিকারিকের উপর ন্যস্ত হয়েছে। ৭৫টি কূপের মঞ্জুরী দেওয়া হয়েছে। মহকুমায় সর্বশুদ্ধ কয়টি কূপ খনন হয়েছে তাহার বিবরণী এখনও পর্যন্ত পাওয়া যায়নি;

(খ) নিম্নলিখিতভাবে ব্লকওয়ারি কূপ মঞ্জুর হয়েছে :—

| | | |
|---|---|---|
| আসানসোল ব্লক | — | ১১ |
| বারাবনী ,, | — | ৯ |
| সালানপুর ,, | — | ১০ |
| মোট | | ৩০ |

এই কূপগুলির খননকার্য্য প্রায় শেষ হয়েছে। কূপ বাঁধান এখনও শেষ হয়নি।

### Attack on D.M O of Burdwan Bijoy Chand Hospital

*97. (Admitted question No. *289.) **Shri Mrigendra Mukherjee** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) (i) if it is a fact that one D.M.O of Burdwan Bijoy Chand Hospital (Dr. R. K. Gupta) fell victim to the cruelty of the violent mob on 4th April, 1969, (ii) whether he lost his vision of left eye thereby,

(b) if so, whether any compensation was paid to the said doctor, and

(c) if not, the reasons therefor?

**The Minister-in-charge for the Health Department**

(a) (i) Yes.

(ii) He suffered deterioration of the left eye-sight. According to medical opinion this might be the result of the blow.

(b) & (c) An offer of Rs. 1050 was made which was not accepted by Dr. Gupta. The amount offered is as per Govt. order in force. Dr. Gupta filed a suit against Govt. for a compensation of Rs. 10,000 which is pending.

## বাঁকুড়া জেলায় কূপের সংখ্যা

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯) শ্রীকাশীনাথ মিশ্র : স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে পানীয় জলের জন্য ব্লকভিত্তিক কূপের সংখ্যা কত ;

(খ) বর্তমান বৎসরে কতগুলি নূতন কূপ মঞ্জুর করা হইয়াছে ;

(গ) তন্মধ্যে কতগুলির কাজ এ পর্যন্ত সমাপ্ত হইয়াছে ;

(ঘ) কতগুলি পুরাতন কূপ মেরামত ও সংস্কার করা হইয়াছে , এবং

(ঙ) প্রতি ব্লকে কূপ খনন ও মেরামতের জন্য কত টাকা করিয়া মঞ্জুর করা হইয়াছে এবং তার মধ্যে কত টাকা খরচ হইয়াছে ?

**The Minister-in-charge for the Health (Rural Water-Supply) Department :**

(ক) সংশ্লিষ্ট বিবরণী দ্রষ্টব্য।

(খ) প্রতি ব্লকে ৩৫টি হিসাবে মোট ৭৭০টি কূপ/নলকূপ মঞ্জুর করা হয়েছে।

(গ) ৮১ টা কূপ খননের কাজ সমাপ্ত হয়েছে। ৪২টা নলকূপ খনন ও ১৮টা নলকূপ পুনঃখনন হয়েছে।

(ঘ) ৩৪৭৪টা কূপ মেরামত ও সংস্কার করা হয়েছে।

(ঙ) ১৫ লক্ষ ৫০ হাজার টাকা জেলা শাসকের হাতে দেওয়া হয়েছে। ঐ টাকা তিনি বিভিন্ন ব্লকে ভাগ করিয়া দিয়াছেন। এ ছাড়া পাইপ ইত্যাদি materials আলাদা পাঠানো হয়েছে। তাহার জন্য আনুমানিক ৭ লক্ষ টাকা।

*Statement referred to in reply to (Ka) of Starred Assembly Question No. 239*

**DISTRICT BANKURA**

| Sl.N. | Name of Block. | No. of Running Tubewells. | No of Running Wells. | Remarks. |
|---|---|---|---|---|
| 1. | Bankura I | Nil | 130 Nos. | Non-tubewell Area. |
| 2. | Bankura II | 23 Nos. | 155 Nos | |
| 3. | Raipur I | 14 Nos. | 170 Nos. | |
| 4. | Raipur II | 15 Nos. | 180 Nos | |
| 5. | Simlapal | 20 Nos. | 179 Nos. | |
| 6. | Taldangra | 3 Nos. | 151 Nos. | |
| 7. | Khatra I | Nil | 120 Nos. | Non-tubewell Area. |
| 8. | Khatra II | Nil | 112 Nos. | |
| 9. | Onda | 40 Nos | 367 Nos. | |
| 10. | Ranibundh | Nil | 173 Nos. | |
| 11. | Barjora | 24 Nos. | 207 Nos. | |
| 12. | Mejhia | 3 Nos. | 139 Nos. | |
| 13. | Gangajalghati | Nil | 214 Nos. | Non-tubewell Area. |
| 14. | Saltora | Nil | 210 Nos. | |
| 15. | Chatna | Nil | 293 Nos. | |
| 16. | Indpur | Nil | 181 Nos. | |
| 17. | Bishnupur | 103 Nos. | 148 Nos. | |
| 18. | Sonamukhi | 158 Nos. | 157 Nos | |
| 19. | Patrasyar | 135 Nos. | 121 Nos. | |
| 20. | Indus | 280 Nos. | 63 Nos. | |
| 21. | Kotulpur | 172 Nos. | 129 Nos. | |
| 22. | Joypur | 68 Nos. | 155 Nos. | |
| | | 1096 | 3750 | |

## রানীগঞ্জ জলসরবরাহ প্রকল্প

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রানীগঞ্জ জলসরবরাহ প্রকল্পের স্থগিত কাজ কবে নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায়; এবং

(খ) কল্যাণেশ্বরী (রানীগঞ্জ জলসরবরাহ প্রকল্প) জলসরবরাহ প্রকল্পের তদন্ত রিপোর্ট প্রকাশিত হইয়াছে কিনা এবং হইলে তাহার ফলাফল জানাইবেন কি?

**The Minister-in-charge for the Health Department :**

(ক) আগামী অক্টোবরে পুজা নাগাদ চালু হবে বলে আশা করা যায়।

(খ) এই বিষয়ে তদন্ত স্বরাষ্ট্র বিভাগের উপর দেওয়া আছে।

## বাঁকুড়া জেলায় মাঠ কূয়া (স্যালো ওয়েল)

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে বাঁকুড়া জেলায় প্রতি ব্লকে কতগুলি করিয়া মাঠ কূয়া (স্যালো ওয়েল) মঞ্জুর হইয়াছে;

(খ) তন্মধ্যে কতগুলির কাজ এ পর্যন্ত সমাপ্ত হইয়াছে; এবং

(গ) প্রতি মাঠ কূয়ার জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে?

**The Minister-in-charge for the Agriculture Department :**

(ক) বর্তমান আর্থিক বৎসরে বাঁকুড়া জেলার ৭টী ব্লকের জন্য মোট ১৩৩টী মাঠকূয়া (Dugwell) খননের জন্য ৩·৯৮ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) শেষ পর্যন্ত যে খবর সংগ্রহ করা হইয়াছে তাহাতে জানা যায় যে ২২টী কূয়া খনন সম্পূর্ণ হইয়াছে এবং বাকিগুলির জন্য এখনও কাজ চলিতেছে।

(গ) প্রতি মাঠকূয়ার জন্য গড়ে ৩০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

## West Bengal State Lotteries

***101.** (Admitted question No. *395.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the scheme of West Bengal State Lotteries has been indicating a discouraging picture in the recent years ;

(b) if so, what are the reasons ; and

(c) an account of the profit and loss of the West Bengal State Lotteries during the years 1969, 1970, 1971 and up to June of 1972 ?

**The Minister-in-charge for the Finance Department :**

(a) Yes.

(b) (1) The original fancy for trying luck through lotteries appears to be fading away as very few ultimately get prizes and by now most others, have become chronic losers.

(2) Of late, again, income-tax has been imposed on the prize making the prize less attractive.

(3) There is almost a glut of lottory tickets from other States in the Calcutta market which also affect sale of our tickets. The Central Government is considering enacting legislation for restricting the sale of lottery tickets of one State in another State.

(4) It appears that reverses since 1971 made the position by adverse for us that we had to downgrade the prize amounts and this in its turn also appears to have affected our sales.

(c) Profit during 1969 — Rs. 45,85,670·71
Profit during 1970 — Rs. 19,79,760·61
Loss during 1971 — Rs. 15,260 65
Loss during 1972 —
Up to March 1972
for the 16th Draw— Rs. 83,308·05

## অকেজো গভীর নলকূপ

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯) **শ্রীনিতাইপদ সরকার:** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে এখনও বহু গভীর নলকূপ অকার্যকরী অবস্থায় পড়ে আছে,

(খ) সত্য হইলে, ইহার সংখ্যা কত ও কারণ কি কি; এবং

(গ) উক্ত নলকূপগুলি কার্যকরী করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister-in-charge for the Agriculture Department :**

পশ্চিমবঙ্গে ১৭৫৬টি গভীর নলকূপ খনন করা হইয়াছে। উহার মধ্যে ১৫৪৯টি তড়িৎ প্রবাহের দ্বারা চালিত। ২০৭টি তড়িৎ সংযোযিত করিতে হইবে। ইহার মধ্যে ১০২ টির তড়িৎ প্রবাহের বন্দোবস্ত করা হইয়াছে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ এই নলকূপগুলো তড়িৎ প্রবাহের বন্দোবস্ত করিবে।

বিদ্যুৎচালিত গভীর নলকূপের মধ্যে—

(ক) ১৩টি অকেজো আছে। নূতন নলকূপ স্থাপন করার জন্য আনুসঙ্গিক কার্য্য সম্পূর্ণ করার বন্দোবস্ত হইতেছে।

(খ) ১২টি ক্ষেত্রে সাময়িক যান্ত্রিক গোলযোগ আছে ও কার্য্যকরী করার বন্দোবস্ত নেওয়া হইয়াছে।

(গ) ৩৫টি ক্ষেত্রে তড়িৎ প্রবাহের নিম্ন-বিভব ও ট্রান্সফরমার চুরির জন্য অকেজো অবস্থায় আছে। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ ইহার কার্যকরী করার বন্দোবস্ত করিবে।

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে অপহৃত ট্রানসফরমারের স্থলে নূতন ট্রান্সফরমার স্থাপনের জন্য এবং বিদ্যুৎ প্রবাহের বিভব (Voltage) বাড়াইবার জন্য অনুরোধ করা হইয়াছে।

অপহৃত যন্ত্রপাতির স্থলে নূতন যন্ত্রপাতি স্থাপনের এবং ১৩টি নূতন নলকূপ খননের আনুসঙ্গিক কার্য্যাদি সম্পূর্ণ করিবার জন্য বিভাগীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

বিভাগীয় যন্ত্রীগণ যান্ত্রিক গোলযোগ (সাময়িক) দূরীকরণের কার্য্যে নিযুক্ত।

## Un-Starred Questions

(to which written answers were laid on the Table)

### Forests of Midnapore district

**16.** (Admitted question No. 85.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) Whether the Government is aware of the fact that the forests of Midnapore distsict are being depleted, and

(b) if so, what steps the Government is contemplating lo preserve the forests in the district ?

**The Minister for Forests** . (a) Yes.

(b) The following steps have been/are being taken for the purpose :—

(i) Transfer of forest lands for purposes other than forestry is being restricted except in case of an exceptionally emergent nature.

(ii) Work under C. S. R. E. has been started in the district, which provides employment to a large section of the rural population, who for want of empolyment opportunities has been depending on illicit cutting and removal of forest produce as a means of livelihood, causing thereby damage to forests.

(iii) A certain percentage of forest produce is being kept reserved for sale through fair price dealers at a very reasonable price in order to meet the local demand.

(iv) Extensive patrolling and other watch and ward duties are being performed with the existing staff.

(v) Local committees are being formed at Divisional and Range levels with both offiicials and non-officials for efficient and effective management of forestry work and also for proper protection of forest wealth with the co-operation of the local people.

The following steps are also under contemplation of Government for preservation and improvement of forests :--

(i) Acquisition of large blocks of vested waste lands to be transferred by the Revenue Administration to the Forest Administration for afforestation purposes in order to compensate the loss of forest cover.

(ii) Creation of mobile squads to intensify protective measures.

### Rural water-Supply scheme

**17.** (Admitted question No. 91.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Health Department (Rural Water-Supply) Department be pleased to state—

(a) if the Government has any time-bound programme for augmenting the water-supply scheme in the rural areas in the State in general and in the district of Midnapore in particular ; and

(b) if so (i) the details thereof, and (ii) areas in Midnapore district which have been included in the programme for implementation during the current year ?

**The Minister for Health** : (a) and (b) (i) (ii) Government has a time-bound programme for rural water-supply scheme.

A total number of 11,445 tubewells/wells has been sanctioned for the State as a whole at the rate of at least 35 tubewells/wells per C.D. Block. Districtwise figure is given below :—

| District. | | No. of tubewells/wells. |
|---|---|---|
| 1. Howrah | ... | 490 |
| 2. 24-Parganas | ... | 1,785 |
| 3. Nadia | ... | 560 |
| 4. Murshidabad | ... | 910 |
| 5. Hooghly | ... | 595 |
| 6. Burdwan | ... | 1,155 |
| 7. Bankura | ... | 770 |
| 8. Midnapore | ... | 1,820 |
| 9. Purulia | ... | 700 |
| 10. Birbhum | ... | 665 |
| 11. Malda | ... | 525 |
| 12. West Dinajpore | ... | 560 |
| 13. Cooch Behar | ... | 385 |
| 14. Jalpaiguri | ... | 455 |
| 15. Darjeeling (Siliguri) | ... | 70 |
| | | 11,445 |

So far as the Midnapore district is concerned the progress of sinking/resinking of tubewells/wells up to 4th July, 1972 is noted below :—

| | | |
|---|---|---|
| No. of tubewells sunk | ... | 270 |
| No. of tubewells resunk | ... | 289 |
| No. of tubewells repaired | ... | 3,118 |
| No. of masonry/ring wells constructed | ... | 89 |
| No. of masonry/ring wells repaired | ... | 478 |

### Confidential Assistants

18. (Admitted question No. 93.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) the salaries and allowances admissible to the Confidential Assistants to the Chief Minister, Speaker, Cabinet Ministers, Ministers of State, Deputy Speaker and Deputy Ministers ;

(b) whether the posts of Confidential Assistants are treated as full-time jobs or part-time ones ;

(c) the nature of duties and responsibilities of Confidential Assistants ,

(d) is there any prescribed working hours of the Confidential Assistants ,

(e) if there is any proposal to revise/increase the present salaries for emoluments of the Confidential Assistants in the near future ; and

(f) if so the details of such proposal.

**The Minister for Home (General Administration)** : (a) One or more Confidential Assistants may be appointed at their discretion by the Chief Minister, the Speaker, a Minister, a Minister of State, the Deputy Speaker and a Deputy Minister. The total monthly emoluments admissible to the Confidential Assistant or Assistants attached to the Chief Minister are Rs. 600. The total monthly emoluments admissible to the Confidential Assistant or Assistants attached to the Speaker, a Minister, a Minister of State, the Deputy Speaker or a Deputy Minister, are Rs. 400.

(b) This is as per the discretion of the person to whom the Confidential Assistant is attached.

(c) The answer is the same as that of (b).
(d) and (e) No.

(f) Does not arise.

### Vested Land

19. (Admitted question No. 105.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state the districtwise break-up of—

(a) the total area of vested land under each of the following categories :—

(i) agricultural, (ii) non-agricultural, and (iii) forest ;

(b) the total area of land already taken possession of by the Government ;

(c) the total area of land already distributed ; and

(d) the total area transferred to other departments of the Government.

**The Minister for Land Utilisation and Reforms** : (a) to (d) A statement is placed on the library table.

**Haldia Dock**

20. (Admitted question No. 115.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) when the Haldia Dock is likely to be completed and commissioned ;

(b) how many berths are likely to be constructed in the initial stage, and

(c) what is the likely effect of the commissioning of the Haldia Dock on the economy of the State ?

**The Minister for Development and Planning (Town and Country Planning)** : (a) The exact date of completion and commisioning of the Haldia Dock Complex can only be given by the Calcutta Port Commissioners. However, from the progress of work, it is likely that by the end of 1973, the construction will be completed and the Dock Complex will be commissioned.

(b) The Dock system at Haldia consist of—

(1) Lead-in-Jetty, 1,000 ft. long.

(2) Lock entrance with an overall length of 1,250 ft. and an width of 130 ft.

(3) Turning Basin with 1,800 ft. diameter with the berthing facilities—

(i) Ore berth—one.

(ii) Coal berth—one.

(iii) Rock phosphate—one.

(iv) Finger jetty—one.

(v) Grain-cum-general cargo berth—one.

(vi) Heavy lift-cum-container berth—one.

(4) An oil Jetty located on the right bank of the Hooghly River.

The oil jetty has been completed and functioning since a couple of years back. Work is going on in respect of the others.

(c) Haldia Dock system, once commissioned, is likely to assist economic development not only of West Bengal but also of entire Eastern India. Mainly as a mechanised bulk cargo port, it would handle at an economic rate the exports and imports of bulk cargo, viz., iron ore, coal, petroleum, salt, rock phosphate, foodgrains, etc. It is expected that based upon the functioning of

the new port, which will act complimentarily to the Port of Calcutta and allow larger vessels to arrive at a port in the Hooghly estuary, several new industries would grow up at Haldia.

## জুনিয়র হাই স্কুল

২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪) **শ্রীনিতাইপদ সরকার :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার জুনিয়র হাই স্কুলগুলির অনুমোদন দান সাময়িকভাবে স্থগিত রাখিয়াছেন, এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**The Minister for Education** :

(ক) হ্যাঁ।

(খ) ইহা দেখা গিয়াছে যে, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলি কোন সুষ্ঠু পরিকল্পনা ছাড়া স্থাপিত হইতেছে। ফলে যেখানে আরো বিদ্যালয়ের প্রয়োজন নাই এইরকম কিছু স্থানেও বিদ্যালয় স্থাপিত হইয়াছে এবং যেখানে বিদ্যালয়ের বেশি প্রয়োজন আছে সেখানে বিদ্যালয় স্থাপিত হইতেছে না।

সেজন্য সমস্ত রাজ্যে বিভিন্নপ্রকার বিদ্যালয়ের সংখ্যা, তাহাদের সম্বন্ধে তথ্যাদি এবং কোন্ স্থানে নূতন বিদ্যালয়ের প্রয়োজন এই-সমস্ত সম্বন্ধে একটি সমীক্ষা করবার জন্য জেলা বিদ্যালয় পরিদর্শকদিগকে নির্দেশ দেওয়া হইয়াছে। এই সমীক্ষার কাজ জুলাই মাসের (১৯৭২) শেষে শেষ হইবে আশা করা যায়।

সমীক্ষার কাজ শেষ হইলে কত নূতন বিদ্যালয়কে অনুমোদন দেওয়া যাইবে তাহা সরকারের আর্থিক সংগতি অনুসারে বিবেচনা করা হইবে।

## Institute of Technology

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯) **শ্রীশঙ্করদাস পাল :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন Institute of Technology তে ছাত্রভর্তির সংখ্যা ক্রমশ হ্রাস পাইতেছে,

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ;

(গ) ভারতের বিভিন্ন প্রদেশগুলিতে কারিগরী শিক্ষার মান উন্নত করার ও পরিচালন-ব্যবস্থা ত্রুটিমুক্ত করার জন্য ভারত-সরকার-নিয়োজিত "দামোদরণ কমিটি"র সুপারিশসমূহ সরকারের হস্তগত হইয়াছে কিনা ; এবং

(ঘ) হইয়া থাকিলে, এই সুপারিশগুলি করার ব্যাপারে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ?

**The Minister for Education** :

(ক) ১৯৭১ সালের পূর্বে কয়েক বছর ছাত্রভর্তির সংখ্যা হ্রাস পাইতেছিল, কিন্তু ১৯৭১ সাল হইতে ছাত্রভর্তির সংখ্যা আবার বৃদ্ধি পাইতেছে।

(খ) (১) শিল্পে মন্দাভাব দেখা দেওয়ায় কর্মসংস্থানের সুযোগ সঙ্কুচিত হয়, তাহার ফলে ইঞ্জিনিয়ারিং শিক্ষাপ্রাপ্ত বেকারের সংখ্যা বৃদ্ধি পায়। এইজন্য ইঞ্জিনিয়ারিং শিক্ষার প্রতি ছাত্রদের আকর্ষণ কমিয়া গিয়াছে।

(২) ইহার জন্য সরকার শিল্পভিত্তিক শিক্ষাসংস্কার, পাঠ্যসূচির পরিবর্তন ও পরিবর্ধন, পরীক্ষার নিয়ম পরিবর্তন ও অন্যান্য নূতন বিভাগ খোলার কথা চিন্তা করিতেছেন এবং এইজন্য একটি রিভিউ কমিটি ও একটি সিলেবাস সাব-কমিটি গঠন করা হইয়াছে। রিভিউ কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিলে; আশা করা যায় অবস্থার উন্নতি হইবে।

(গ) হ্যাঁ।

(ঘ) সম্প্রতি ভারত-সরকারের All India Council for Technical Education ঐ সুপারিশের কতকগুলি ধারা গ্রহণ করিয়াছেন ও কতকগুলি নাকচ করিয়াছেন। All India Council-এর অনুমোদিত ধারাগুলি এবং রিভিউ কমিটির সুপারিশগুলি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

### Vacancies in the Wakf Branch and Wakf Board

23. (Admitted question No. 366.) **Shri Ajit Kumar Basu** : Will the Minister-in-charge of the Judicial (Wakf Branch) Department be pleased to state—

(a) total number of vacancies under the Judicial (Wakf Branch) including the Wakf Board ;

(b) deta ls of vacancies and the scales of pay , and

(c) when and how these vacancies are likely to be filled up ?

**The Minister for Judicial (Wakf Braneh)** : (a) The total number of vacancies under the Board of Wakf, West Bengal, is four.

As regards the Wakf Branch of the Judicial Department no post has yet been sanctioned for it.

(b) The existing vacancies in the Board of Wakf are : Two Auditors and two Lower Division Asaistants and the scale of pay of both the posts is Rs. 230—5—275—7½—365—10—425.

(c) When the Fund of the Wakf Board will permit.

### হাসপাতাল ও হেল্‌থ সেন্টারগুলির উপদেষ্টা বোর্ড

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল, প্রাইমারী হেল্থ সেন্টার ও সাবসিডিয়ারী হেল্থ সেণ্টারগুলিতে বর্তমানে কোন উপদেষ্টা বোর্ড আছে কিনা ; এবং

(খ) থাকিলে এই উপদেষ্টা বোর্ড কাহাদের লইয়া গঠন করা হইয়াছে ?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) জেলা ( সদর ) হাসপাতালের উপদেষ্টা ( ভিজিটিং ) কমিটি নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত ঃ—

(১) জেলা শাসক/ডেপুটি কমিশনার—সভাপতি ( পদাধিকারবলে ) ,

(২) চীফ মেডিক্যাল অফিসার—উপ-সভাপতি ( পদাধিকারবলে ) ;

(৩) জেলা মেডিক্যাল অফিসার এবং জেলা (সদর) হাসপাতালের সুপারিণ্টেণ্ডেণ্ট—সম্পাদক ( পদাধিকারবলে ) ;

(৪) ডিভিশনের নির্বাহী বাস্তুকার ( পূর্তবিভাগ )—সদস্য ( পদাধিকারবলে ) ;

(৫) স্থানীয় পৌরসভার চেয়ারম্যান—সদস্য ( পদাধিকারবলে ) ,

৬) জেলা পরিষদের চেয়ারম্যান—সদস্য ( পদাধিকারবলে ) ,

(৭) ও (৮) স্বাস্থ্যবিভাগ কর্তৃক মনোনীত দুইজন বিধানসভার সদস্য— সদস্য ;

(৯) থেকে (১৩) স্বাস্থ্যবিভাগ কর্তৃক মনোনীত জেলার পাঁচজন বিশিষ্ট ব্যক্তি যাঁহারা স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কার্যক্রমে উৎসাহী— সদস্য .

(১৪) ইণ্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের (জেলা শাখা) একজন প্রতিনিধি—সদস্য ;

১৫) পশ্চিমবঙ্গ হেল্থ সার্ভিস অ্যাসোসিয়েশন-এর একজন প্রতিনিধি—সদস্য ( পদাধিকারবলে )।

মহকুমা হাসপাতালের উপদেষ্টা ( ভিজিটিং ) কমিটি নিম্নলিখিত সদস্যদের নিয়ে গঠিত :—

(১) মহকুমা শাসক—সভাপতি ( পদাধিকারবলে ) ,

(২) মহকুমা মেডিক্যাল অফিসার এবং মহকুমা হাসপাতালের সুপারিণ্টেণ্ডেণ্ট—সম্পাদক ( পদাধিকারবলে ) ;

(৩) মহকুমার সহায়ক বাস্তুকার ( পূর্ত )—সদস্য ( পদাধিকারবলে ) ,

(৪) স্থানীয় পৌরসভার চেয়ারম্যান অথবা যেখানে পৌরসভা নাই সেখানে আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান— সদস্য ( পদাধিকারবলে ) ;

(৫) ডিভিশনাল কমিশনার কর্তৃক মনোনীত একজন বিধানসভার সদস্য—সদস্য ,

(৬) থেকে (৮) ডিভিশনাল কমিশনার কর্তৃক মনোনীত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম সম্পর্কে উৎসাহী মহকুমার তিনজন বিশিষ্ট ব্যক্তি—সদস্য ,

(৯) ইণ্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের একজন স্থানীয় প্রতিনিধি—সদস্য ;

(১০) পশ্চিমবঙ্গ হেল্‌থ সার্ভিস অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি—সদস্য।

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উপদেষ্টা কমিটি নিম্নলিখিত সদস্যদের লইয়া গঠিত :—

(১) উন্নয়ন ব্লক অফিসার— সভাপতি ;

(২) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার—সম্পাদক ;

(৩) মহকুমার স্বাস্থ্য অফিসার অথবা সদর মহকুমার ক্ষেত্রে সহায়ক চীফ মেডিক্যাল অফিসার—সদস্য,

(৪) ব্লকের সোশ্যাল এডুকেশন অর্গানাইজার—সদস্য,

(৫) বিধানসভার স্থানীয় সদস্য বা সদস্যগণ—সদস্য,

(৬) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি যে অঞ্চলে অবস্থিত সেই অঞ্চলের অঞ্চল পঞ্চায়তের প্রধান অথবা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট—সদস্য ;

(৭) জেলা শাসক কর্তৃক মনোনীত একজন স্থানীয় চিকিৎসক—সদস্য ;

(৮) জেলা শাসক কর্তৃক মনোনীত স্বাস্থ্যোন্নতি বিষয়ে উৎসাহী একজন সমাজসেবক ও অপর একজন সমাজসেবিকা—সদস্য ;

(৯) কোন কোন ক্ষেত্রে বিশেষ পরিমাণ অঙ্কের অর্থদাতা—সদস্য,

(১০) বিশেষ স্বাস্থ্যকেন্দ্রের পূর্বতন উপদেষ্টা কমিটিতে বিশেষ বিবেচনা করিয়া সরকার যাঁহাদের/যাঁহাকে সদস্য করিয়াছিলেন তাঁহারা সদস্য থাকিবেন।

দশ অথবা বেশি শয্যাযুক্ত উপস্বাস্থ্যকেন্দ্রের উপদেষ্টা কমিটি নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে গঠিত :—

(১) ব্লক উন্নয়ন অফিসার—সভাপতি,

(২) উপস্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার—সম্পাদক ;

(৩) মহকুমা হেল্‌থ অফিসার—সদস্য,

(৪) ব্লকের সামাজিক শিক্ষা প্রসারক—সদস্য,

(৫) বিধানসভার স্থানীয় সদস্য বা সদস্যগণ—সদস্য ;

(৬) স্বাস্থ্যকেন্দ্রটি যে অঞ্চলে অবস্থিত সেই অঞ্চলের অঞ্চল পঞ্চায়তের প্রধান অথবা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট—সদস্য ;

(৭) জেলা শাসক কর্তৃক মনোনীত একজন স্থানীয় চিকিৎসক—সদস্য ;

(৮) জেলা শাসক কর্তৃক মনোনীত স্বাস্থ্যোন্নতি বিষয়ে আগ্রহী একজন সমাজসেবক ও একজন সমাজসেবিকা—সদস্য,

(৯) বিশেষ পরিমাণ অর্থের দাতা—সদস্য ;

(১০) বিশেষ বিবেচনা করিয়া সরকার যাঁহাকে/যাঁহাদিগকে পূর্বতন উপদেষ্টা কমিটির সদস্য করিয়াছিলেন—সদস্য।

দশ হইতে কম শয্যাযুক্ত উপস্বাস্থ্যকেন্দ্রে কোনও উপদেষ্টা কমিটি নেই।

## হিমঘরে চালু প্রভিডেন্ট ফাণ্ড

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৫) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে কোন্ কোন্ হিমঘরে প্রভিডেন্ট ফাণ্ড প্রকল্প চালু হইয়াছে?

**The Minister for Labour :**

পশ্চিমবঙ্গে নিম্নলিখিত হিমঘরগুলিতে প্রভিডেন্ট ফাণ্ড প্রকল্প চালু হইয়াছে:—

(১) ইষ্টার্ন স্টোরেজ এজেন্সি, পোঃ ব্রাহ্মণপাড়া, হুগলি।

(২) সিঙ্গুর কোল্ড স্টোরেজ (প্রাঃ) লিঃ, পোঃ সিঙ্গুর, হুগলি।

(৩) তারকেশ্বর কোল্ড স্টোরেজ (প্রাঃ) লিঃ, পোঃ বালিগুড়ি, হুগলি।

(৪) এম অম্বিকা কোল্ড স্টোরেজ, ১১৮ জি টি রোড, শেওড়াফুলি, হুগলি।

(৫) দি ইস্ট ইণ্ডিয়া কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, ধনিয়াখালি, হুগলি।

(৬) ইস্টার্ন কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, ২০ কানাইধন রোড, শেওড়াফুলি, হুগলি।

(৭) সত্যনারায়ণ কোল্ড স্টোরেজ, জি টি রোড, বৈদ্যবাটি, হুগলি।

(৮) কোল্ড স্টোরেজ এজেন্সি, ৩/৪বি ফোরসোর রোড (লোয়ার), শালিমার, হাওড়া।

(৯) চিনশুরা (চুঁচুড়া) কোল্ড স্টোরেজ, স্টেশন রোড, চুঁচুড়া, হুগলি।

(১০) দেশবন্ধু ইনডাস্ট্রীজ কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, পোঃ মুক্তিয়ারপুর, চাঁপাডাঙ্গা, হুগলি।

(১১) জাঙ্গীপাড়া কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, পোঃ জাঙ্গীপাড়া, হুগলী।

(১২) শ্রীরামকৃষ্ণ কোল্ড স্টোরেজ, মুক্তিয়ারপুর, চাঁপাডাঙ্গা, হুগলি।

(১৩) ভদ্রেশ্বর কোল্ড স্টোরেজ, ১২ জি টি রোড, ভদ্রেশ্বর, হুগলি।

(১৪) উমেশ কোল্ড স্টোরেজ, গ্রাম আমগা, পোঃ হরিণখোলা, হুগলি।

(১৫) ভাণ্ডারহাটি কোল্ড স্টোরেজ, পোঃ ভাণ্ডারহাটি, হুগলি।

(১৬) হরিণখোলা আইস অ্যাণ্ড কোল্ড স্টোরেজ লিঃ, গ্রাম সাওতা, পোঃ সোদপুর, হুগলি।

(১৭) চৌধুরী কোল্ড স্টোরেজ, পোঃ পানিশেওলা, হুগলি।

(১৮) রতন কোল্ড স্টোরেজ, পোঃ দশঘরা, হুগলি।

(১৯) শঙ্কর কোল্ড স্টোরেজ, পোঃ দশঘরা, হুগলি।

(২০) পাণ্ডুয়া কোল্ড স্টোরেজ, পোঃ পাণ্ডুয়া, হুগলি।

(২১) চাঁপদানী কোল্ড স্টোরেজ, চাঁপাডাঙ্গা, হুগলি।

(২২) ডিলুক্স আইস অ্যাণ্ড কোল্ড স্টোরেজ, ৪৪ জি টি রোড, কোন্নগর, হুগলি।

(২৩) জয়শ্রী কোল্ড স্টোরেজ, গ্রাঃ তিন্না, পোঃ পাঁচঘরা, হুগলি।

(২৪) দেশবন্ধু কোল্ড স্টোরেজ অ্যাণ্ড দেশবন্ধু হিমঘর, ইলামপুর, পোঃ পাণ্ডুয়া, হুগলি।

(২৫) কালীনাথ কোল্ড স্টোরেজ, পোঃ বৈদ্যবাটি, হুগলি।

(২৬) তারকনাথ কোল্ড স্টোরেজ অ্যাণ্ড কোঃ (প্রাঃ) লিঃ, পোঃ পানিশেওলা বলদবন্ধ, হুগলি।

(২৭) বৈঁচি কোল্ড স্টোরেজ অ্যাণ্ড ইণ্ডাস্ট্রীজ (প্রাঃ) লিঃ, পোঃ বৈঁচি, হুগলি।

(২৮) এস আর কোল্ড স্টোরেজ, পাঁচঘরা, পাণ্ডুয়া, হুগলি।

(২৯) শ্রীগোপীকিষাণ ইণ্ডাস্ট্রীজ (প্রাঃ) লিঃ, বৈঁচি, জি টি রোড, হুগলি।

(৩০) শ্রীরাম কোল্ড স্টোরেজ, পালপাড়া, পোঃ চাঁদলনা, হুগলি।

(৩১) বৈদ্যনাথ আইস অ্যাণ্ড কোল্ড স্টোরেজ, পোঃ বৈদ্যবাটি, হুগলি।

(৩২) তারকেশ্বর পুরশুড়া কো-অপারেটিভ কোল্ড স্টোরেজ লিঃ, পোঃ চাঁপাডাঙ্গা, হুগলি।

(৩৩) আশুতোষ কোল্ড স্টোরেজ, গ্রাঃ ভানিজিপুর, হুগলি।

(৩৪) বিবেক কোল্ড স্টোরেজ (প্রাঃ) লিঃ, পোঃ জঙ্গীপাড়া, হুগলি।

(৩৫) দামোদর কোল্ড স্টোরেজ, গ্রাঃ সিংতি, পোঃ গুতি, হুগলি।

(৩৬) কৃষ্টি কো-অপারেটিভ কোল্ড স্টোরেজ সোসাইটি লিঃ, পোঃ মগরা, জি টি রোড, হুগলি।

(৩৭) কালনা কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, পোঃ অম্বিকা কালনা, বর্ধমান।

(৩৮) বর্ধমান সেণ্ট্রাল কো-অপারেটিভ এগ্রিকালচার মার্কেটিং সোসাইটি লিঃ (শান্তিরঞ্জন কোল্ড স্টোরেজ)।

(৩৯) মেমারি কোল্ড স্টোরেজ (প্রাঃ) লিঃ।

(৪০) হেমন্ত কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, পোঃ বহন, গ্রাঃ খালিশপুর, বর্ধমান।

(৪১) বিজয় কোল্ড-স্টোরেজ প্রাঃ লিঃ, পোঃ সাঁইথিয়া, বীরভূম।

(৪২) লক্ষ্মী কোল্ড স্টোরেজ, লক্ষ্মীনগর (উচ্চগ্রাম), আসানসোল।

(৪৩) শ্রীকৃষ্ণ কোল্ড স্টোরেজ, পোঃ কালনা, বর্ধমান।

(৪৪) কালীমাতা কোল্ড স্টোরেজ, পোঃ মেমারি, বর্ধমান।

(৪৫) গোলক কোল্ড স্টোরেজ, পোঃ মেমারি, বর্ধমান।

(৪৬) রামেশ্বর কোল্ড স্টোরেজ, পোঃ কালনা, বর্ধমান।

(৪৭) কৈলাস কোল্ড স্টোরেজ, দীঘা, ভায়া গুসকরা, জিঃ বর্ধমান।

(৪৮) সারদা আইস ম্যানুঃ অ্যাণ্ড রেফ্রিজারেসন করপোরেশন, কান্দি রোড, পোঃ সাঁইথিয়া, জিঃ বীরভূম।

(৪৯) বোকারিয়া আইস অ্যাণ্ড কোল্ড স্টোরেজ।

(৫০) কলিকাতা কোল্ড স্টোরেজ, ডিঃ এক, হাইড রোড, কলিকাতা-৪৩।

(৫১) নারায়ণপুর কোল্ড স্টোরেজ, পোঃ তারকেশ্বর, হুগলি।

(৫২) নালিকুল কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, নালিকুল, হুগলি।

(৫৩) সারদা কোল্ড স্টোরেজ, পোঃ মেমারি, জিঃ বর্ধমান।

(৫৪) চাষী কোল্ড স্টোরেজ, পোঃ রসুলপুর বর্ধমান।

(৫৫) মগরা কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, গ্রাঃ মগরা, পোঃ রাধাকান্তপুর, বর্ধমান।

(৫৬) বিশ্বনাথ কোল্ড স্টোরেজ, পোঃ মেমারি, বর্ধমান।

(৫৭) বালাসর কোল্ড স্টোরেজ কোং, ৩৫এফ মুরারিপুকুর রোড, কলিকাতা-৪।

(৫৮) হিন্দ আইস অ্যাণ্ড কোল্ড স্টোরেজ প্রাঃ লিঃ, ২৩ ক্যানাল ওয়েস্ট রোড, কলিকাতা-৪।

(৫৯) ওয়েস্ট বেঙ্গল আইস অ্যাণ্ড কোল্ড স্টোরেজ, ৩৮/সি বেলগাছিয়া রোড, কলিকাতা-৩৭।

(৬০) শ্রীগঙ্গা কোল্ড স্টোরেজ কোং লিঃ, ১ চিৎপুর ঘাট লেন, কলিকাতা-২।

(৬১) রাধানগর কোল্ড স্টোরেজ ( প্রাঃ ) লিঃ, পোঃ আমলাগোড়া, মেদিনীপুর।

(৬২) রাধাকৃষ্ণ কোল্ড স্টোরেজ, পোঃ বেহাতোড়, থানা বরজোড়া, বাঁকুড়া।

(৬৩) শক্তিগড় কোল্ড স্টোরেজ, জি টি রোড, পোঃ শক্তিগড়, বর্ধমান।

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Speaker** : The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of fasting of the primary teachers in the Curzon Park ( Surendranath Park), Calcutta. ( Attention called by Shri Naresh Chandra Chaki on the 7th July, 1972. )

**Shri Mrityunjoy Banerjee :** Mr. Speaker, Sir, Government notes with regret that some primary teachers have been on relay fasting from 5-7-72 in fulfilment of certain demands which include, among others,—

(1) Introduction of free education for boys up to class VIII.

(2) Increase of teacher-pupil ratio.

(3) Appointment of one School Mother outside the teacher-pupil ratio.

(4) Implementation of Hajara Commission's recommendations in respect of teachers.

(5) Grant of medical allowances.

(6) Grant of Dearness Allowance at Government employees' rates and in proportion to price increase.

(7) Grant of recognition to all recognised schools and appointment of organiser-teachers and teachers-in-position.

(8) Raising of Head Teacher's special pay.

(9) Raising of ceiling of gratuity.

(10) Grant for 'A' category scale of pay to untrained Matriculate teachers with ten years' experience.

(11) Grant of 'A' category scale of pay to trained 'B' category teachers and 'B' category scale of pay to 'C' category teachers on the basis of length of service.

(12) Introduction of a comprehensive Primary Education Bill.

Sir, the representatives of the Association which has sponsored this fast, namely, the West Bengal Primary Teachers' Association, already met me in deputation in my office on two different occasions during my tenure of about three months and a half, and on each occasion some of the above demands were pressed to.

On each occasion I explained the Government position and followed up by letters in clarification, On this particular occasion also I went to met those teachers who had come in rally last week and addressed them explaining the Government's difficulties,

Increase of teacher-pupil ratio from 1 : 40 to 1 : 30 would mean an increase of 33⅓ per cent on account of teacher's salary only which would entail additional expenditure of about Rs. 8 crores. In this connection it may be noted that it has not yet been possible for the Government to make boys' education up to Class IV in urban areas free and there are about 24 per cent children of school going age who have not yet been provided with primary education. In order to fulfil these Constitutional provisions we have to make provision for huge amount of expenditure, but under the circumstances it is not possible to make such provision even.

Recommendation of the Hajara Commission have not been accepted in toto either in the case of Government servants, or in that of non-Government employees in any department under this Government, the main reason being non-availability of resources.

Medical Allowance at the rate, on a rough estimate of Rs,100 per teacher per annum for 1.20 lakh teachers would mean an additional expenditure of Rs. 1.20 crores, which, in the present circumstances, is not possible to provide. Besides, granting of such Medical Allowance to primary teachers would have its repercussions in other sectors of the Education Department, namely, Secondary, College and so on.

Generally, organised schools and their teachers are given preference in the matter of recognition and appointment. This policy will also be followed this year.

Pension Rule for the primary teachers have already been framed and sent to the Government Press for publication. In the meantime they have also been circulated inviting objections and suggestions.

Sir, the Government is always sympathetic towards the reasonable demands of primary teachers and is considering what can be done to improve their service conditions within the limited resources at its disposal. In the meantime the Department has already been instructed to examine the following demands :—

(1) Absorption of trained School Mothers now remaining unemployeed ;

(2) Raising of Head Teachers' special pay from Rs. 5 to Rs. 10 per month for 4-class primary schools;

(3) Raising of ceiling of gratuity from Rs. 1,500 to Rs. 2,000;

(4) Giving 'A' category scale to untrained Matriculate teachers with 10 years' experience;

(5) Giving 'A' category scale to trained 'B' category teachers and B category scale to C category teachers on the basis of length of service.

The Government is also actively considering enactment of comprehensive Primary Education Bill.

In the circumstances, I would request the primary teachers to give up their fasting with immediate effect.

**Shri Naresh Chandra Chaki** : On a point of order, Sir.

**Mr. Speaker** : There cannot be any point of order in this fashion, on the statement under the rules. You may seek further information.

[2-50—3-00 p m. ]

**Mr. Speaker** : I have received five notices of Calling Attention on the following subjects, namely:

(1) Hunger-strike by Primary Teachers at Surendra Nath Park—from Shri Md. Dedar Baksh;

(2) Acute difficulties for inadequate supply of medicine from Central Drug Stores of West Bengal—from Shri Kashinath Misra;

(3) Re-fixation of date of the abandoned examination of Bengali First Paper at Bankura Zilla H. S. School—from Shri Kashinath Misra;

(4) Misappropriation of public money in the Health Department—from Shri Abdul Bari Biswas ; and

(5) Strike by the workers of Ranaghat Municipality, Nadia,—from Shri Nitaipada Sarkar.

I have selected the notice of Shri Abdul Bari Biswas on the subject of misappropriation of public money in the Health Department.

The Hon'able Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal**: A statement will be made on the 13th July.

### Statement under Rule 346

**Mr. Speaker :** I now call upon Shri Santosh Kumar Roy to make or to correct a statement. made earlier.

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমার বাজেট বক্তৃতায় আমি যে তথ্য দিয়েছিলাম ১৯৬৬-৬৭ সাল থেকে ১৯৭২-৭৩ সাল পর্যন্ত ত্রাণ ব্যবস্থায় যে খরচ হয়েছে তার অঙ্কে সেখানে ভুল বশতঃ লক্ষের জায়গায় কোটির উল্লেখ হয়েছিল। সব ব্যাপারেই কোটি উল্লিখিত হয়েছিল ১৯৬৬ সালে U. F-এর সময় এবং পরে Congress Ministry সময়েও। সেজন্য আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে কোটি লক্ষ হবে।

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুতর ঘটনার প্রতি মন্ত্রীসভার এবং বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা জানেন নদীয়ার বগুলায় শ্রীকৃষ্ণ কলেজ বলে একটা কলেজ আছে, সেই কলেজের প্রায় ৯০ ভাগ ছাত্র-ছাত্রী আদিবাসী ও তপশীলি সম্প্রদায়ভুক্ত। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে যে; আজ পর্যন্ত সেই সমস্ত ছাত্র ছাত্রীদের Stipend-এর টাকা গিয়ে পৌছায়নি। এর মধ্যে অনেকে আবার hostel-এ থাকে। সেই hostel-এর grant আজ পর্যন্ত যায়নি। যারা এই কলেজে পড়ছে তাদের কি অবস্থা সেটা একবার চিন্তা করুন। মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য বলছি যে, এই ছাত্র-ছাত্রীদের অবিলম্বে যদি stipend না পৌছে দেওয়া যায় তাহলে তারা আবার hunger-stike করতে বাধ্য হবে। নবদ্বীপ বিদ্যাসাগরর কলেজেও তারা এই রকম hunger stike করেছিল। এই ঘটনা যখন বলছি তখন মন্ত্রী মহাশয় চলে গেলেন। আমি আপনার মাধ্যমে জানতে চাই এ সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হবে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি :** স্যার, পশ্চিমবাংলার প্রতি অবিচারের কয়েকটা ঘটনা আমি ইতিপূর্বে উল্লেখ করেছি, জানিনা আমাদের এই মন্ত্রীসভা তার কি গুরুত্ব দেন। যাহোক, আমি আর একটি বিষয় উল্লেখ করছি যা নিয়ে কিছু কিছু কাগজে লেখালেখি হয়েছে। এটা কিন্তু আমাদের পশ্চিমবাংলার পক্ষে খুব একটা গুরুপূর্ণ বিষয়। আমাদের কোলকাতায় দমদম Airport বহুদিন পর্য্যন্ত ভারতবর্ষের ১নং Airport ছিল এবং বিশেষভাবে আন্তর্জাতিক Airport হিসাবে পূর্ব ও পশ্চিম দুদিকে যাতায়াতের দিক থেকে প্রথম স্থান ছিল। ১৯৬৩ সালে দ্বিতীয় স্থানে চলে গেছে প্রথম চীনের আক্রমণের পর। তারপর পাকিস্থানের সঙ্গে ১৯৬৫ সালে যুদ্ধ হয়। কিন্তু এখন দেখা যাচ্ছে যে দ্বিতীয় স্থান থেকে তৃতীয় স্থানে এসেছে। একথা যদি মনে করা হয় যে কোলকাতা শহরের গোলমাল, অশান্তির জন্য আন্তর্জাতিক Airport হিসাবে তৃতীয় স্থানে চলে গেল তা ঠিক নয়। ১৯৭১ সালে যেখানে সপ্তাহে ৪০টা আন্তর্জাতিক flight হোত, ১৯৭২ সালে সেটা নেমে এসেছে ১৫তে। এর থেকেই বুঝতে পারছেন এর চেয়ে বড় কারণ রয়েছে।

Air France, Lufthansa, Pan American, Swissair, Quantas, Cathay Pacific, KLM, Japan Airlines. এরা সব দমদম এয়ার পোর্ট ত্যাগ করেছে। এখন কিছুটা আংশিকভাবে সার্ভিস কলকাতা এয়ার পোর্টে আছে বি. ও এ. সি, এয়ার ইণ্ডিয়ার। একটা মস্ত বড় ঘটনা হচ্ছে এয়ার ইণ্ডিয়ার হেড কোয়াটারস বোম্বেতে আছে, তাছাড়া মিনিষ্ট্রী অব টুরিজম তাঁরা পশ্চিমবাংলায় টুরিজম এনকারেজ করবার জন্য বিশেষ কিছু খরচ করেন নি, বিশেষ কিছু চেষ্টাও করেন নি যা অন্যান্য জায়গার জন্য করেন এবং টুরিস্টস এ্যাট্রাকসান পশ্চিমবাংলায় কম নয়, হিমালয় পর্বত রয়েছে, সমুদ্র রয়েছে। কিন্তু দার্জিলিং যেটার একটা ইণ্টারন্যাশনাল এ্যাট্রাকসান রয়েছে সেটাকে আউট অব বাউণ্ড ফর টুরিস্টস করে রাখা হয়েছে। মন্ত্রী মহাশয়রা একটু শুনবেন। দার্জিলিং-এর ইণ্টারন্যাশনাল এ্যাট্রাকসান আপনারা জানেন, কিন্তু দার্জিলিংকে আউট অব বাউণ্ড করে রাখা হয়েছে ডিফেন্সের যুক্তিতে। কিন্তু শ্রীনগর আউট অব বাউণ্ড নয়, কুলু আউট অব বাউণ্ড নয়, তিব্বত সিমান্তে মানালী আউট অব বাউণ্ড নয়। অবস্থার পরিবর্তন হয়েছে, এখন দার্জিলিংকে আউট অব বাউণ্ড করে রাখার মানে হয় না। বিভিন্ন দিক থেকে টুরিজমকে পশ্চিমবাংলায় ডিস্কারেজ করা হচ্ছে। এটা শুধু আজকে নয়, অশান্তি উপদ্রপ সৃষ্টি হবার পরে নয়, অন্য কারণে করা হচ্ছে। আমি যখন মিনিষ্টার ছিলাম তখন আমাকে এয়ার পোর্টের কর্তা অনুরোধ করেছিলেন তাড়াতাড়ি জমি পাইয়ে দেবার জন্য যাতে জাম্বোজেট নামতে পারে। সেসব করিয়ে দেওয়া হয়েছিল। এখনও জাম্বোজেট নামে না। এত খরচ করে ইণ্টারন্যাশনাল এয়ার পোর্টের বাড়ি ঘর তৈরি করা সত্ত্বেও জাম্বোজেটের নামবার জন্য যে রানওয়ে দরকার সেটা এখনও কমপ্লিটেড হয়নি। তাছাড়া আরো অনেক কারণ আছে, যেমন দুটো এয়ার পোর্ট ইণ্ডিয়া গভর্ণমেণ্ট ঠিক করেছেন ইণ্টারন্যাশনাল প্লেন ট্রাভেল করতে পারবে, তাছাড়া পারবে না। সেক্ষেত্রে দেখা যাচ্ছে ভারতবর্ষের দিল্লী এবং বোম্বেকে ইণ্টারন্যাশনাল এয়ার পোর্ট করছেন এবং ভবিষ্যতে দিল্লী এবং শ্রীনগর হবে। কিন্তু কলকাতা বাদ। কেন আমি বলছি দেখুন, যে সমস্ত চাটার্ড প্লেনে সস্তায় লোকে বিদেশ যায় ভারত সরকার ঠিক করেছেন সেই চাটার্ড প্লেনে যেতে হলে কলকাতা বাদ, বোম্বেতে গিয়ে চাপতে হবে, দিল্লীতে গিয়ে চাপতে হবে, তা নাহলে চাটার্ড প্লেনে ফ্লাইট করতে পারবে না। কলকাতা যেটা একটা প্রিমিয়ার এয়ার পোর্ট তার উপর কত বড় অবিচার ভেবে দেখুন। মালয়েশিয়া কোম্পানী সিংগাপুর—কলকাতা একটা ফ্লাইট সার্ভিস করতে চেয়েছিল, তাদের প্রেসারাইজড করা হয়েছিল যে দিল্লী টাচ না করলে পার্মিসান দেব না। প্রথমে তারা সাসপেণ্ড করে দিল যে করব না, কিন্তু পরে বাধ্য হয়ে দিল্লী—সিঙ্গাপুর করল। কলকাতা—সিঙ্গাপুর করার কথা কিন্তু সেটা বন্ধ হয়ে গেল। আর একটা ঘটনা খুব উদ্বেগজনক এবং গুরুত্বপূর্ণ। সেটা হচ্ছে আমাদের কেন্দ্রীয় মন্ত্রী যিনি সিভিল এ্যাভিয়েসান এবং টুরিজমের চার্জে আছেন তিনি বক্তৃতায় বলেছেন যে দিল্লী এবং বোম্বে যেমন ফার্স্ট ক্লাস ইণ্টারন্যাশনাল এয়ার পোর্ট হয়েছে শ্রীনগরও অদূর ভবিষ্যতে ইণ্টারন্যাশনাল এয়ারপোর্ট হবে। ইণ্টারন্যাশনাল এয়ারপোর্ট হিসাবে কলকাতা যেটা ছিল ফার্স্ট সেটা হল সেকেণ্ড, তারপর হল থার্ড, এখন মন্ত্রী মহাশয়ের কথা শুনে মনে হচ্ছে ইট উইল সর্টলি বিকাম দি ফোর্থ ইণ্টারন্যাশনাল এয়ার পোর্ট। কলকাতায় টুরিষ্ট অলরেডি হয় না, মাত্র ৭ পার্সেণ্ট কলকাতা এয়ার পোর্ট হচ্ছে। টুরিস্ট ট্রাফিকে কলকাতা যেখানে ছিল ফাস্ট তারও স্থান আজকে ফিফ্‌থে। এতে অনেক লোকের চাকরি যাচ্ছে সেজন্য বলছি না, আমাদের পশ্চিমবঙ্গে কলকাতা এয়ারপোর্টের যে ইম্‌পরট্যান্‌স ছিল সেই ইম্পর্ট্যান্‌স নষ্ট হয়ে যাচ্ছে। এটা উল্লেখ করছি এই জন্য যে এই যে অন্যায় এই অন্যায়ের বিরুদ্ধে মন্ত্রীসভা নিশ্চয়ই চেষ্টা করবেন যাতে কলকাতা এয়ারপোর্ট আবার প্রিমিয়ার এয়ারপোর্ট হতে পারে।

[3-00—3-10 p.m.]

**শ্রীরূপ সিং মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। আপনি জানেন যে জেলায় জেলায় জেলা স্কুল বোর্ড আছে এবং তাদের মাধ্যমে প্রাথমিক শিক্ষকদের নিয়োগপত্র দেওয় হয়। আমাদের পুরুলিয়া জেলাতে জেলা স্কুল বোর্ড কয়েকটি কেস রিকমেণ্ড করে পাঠিয়েছিল এবং বোর্ডে সেটা এ্যাপ্রুভড হয়েছে বলে জানি। সেই এ্যাপ্রুভাল লিষ্ট অনুযায়ী সেখানকার তদানিন্তন ডি-আই সুধীন্দ্র রায় কয়েকটি নিয়োগপত্র দান করলেন এবং সেটা দান করলেন গত ৪/৪/৭২ তারিখে। কিন্তু তিনিই আবার ১০।৪।৭২ তারিখে কোন কারণ না দেখিয়ে যাদের নিয়োগপত্র দেওয়া হয়েছে তাদের চাকুরী থেকে বরখাস্ত করার জন্য নোটিশ দেন। পুরুলিয়া জেলায় স্কুল বোর্ড এবং ডি আই অফিসের এই যে কারসাজি এই সম্বন্ধে যেন তদন্ত করা হয় এই অনুরোধ আমি মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি এবং দাবী করছি যাদের রিট্রেঞ্চ করা হয়েছে তাদের যেন পুনর্বহাল করা হয়।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের জেলায় আমরা রেভিনিউ ডিপার্টমেন্টের অবিমৃষ্যকারিতার ফলে একটা সংকটের সম্মুখীন হয়েছি। রেভিনিউ ডিপার্টমেন্টের একটা নির্দেশ ছিল যে ১১শে মের মধ্যে কৃষকদের রিটার্ণ দিতে হবে ৭ নম্বর ফর্মে। কিন্তু বিভিন্ন কৃষক সমিতি কতগুলি অসুবিধার জন্য তাদের রিটার্ণ দিতে পারেনি। এই বছর দেরিতে বৃষ্টি হয়েছে বলে তারা তখন চাষের কাজে লেগে গেছে এবং ৭ নং ফর্মে জটিলতা এত বেশী যে সেদিকে নজর দিতে গেলে তাদের সময় নষ্ট হবে এবং তার ফলে তাদের চাষের কাজে ক্ষতি হবে। ৭নং ফর্মে বলা হয়েছে যে, যদি রিটার্ন না দেয় তাহলে জেল, জরিমানা হবে এবং যদি ভুল রিটার্ন দেয় তাহলে জেল, জরিমানা হবে। আমাদের যে রেকর্ড ছিল বেঙ্গল বিহার টেরিটরি অনুযায়ী সেগুলি বিহারে চলে গেছে এবং বর্তমানে যাঁরা আছেন গভর্ণমেন্ট তাঁরাও সেটেলমেন্ট করছেন না। কাজেই আমাদের কার কত জমি আছে সেটা আমরা বুঝতে পারছিনা। আমাদের বক্তা হচ্ছে ভুল রিটার্ন দিলে জেল এবং জরিমানা হবে এবং রিটার্ন না দিলেও জেল, জরিমানা হবে। কিন্তু আমরা তো জানতেই পারলামনা কত জমি আছে, কারণ ফাইনাল পাবলিকেসন করেনি। তাছাড়া আমি আর একটা অসুবিধার কথা পূর্বেই বলেছি যে, রেকর্ড বিহারে যখন চলে গেছে তখন আমরা কি করে সেটা দেব। এইসব বিভিন্ন অসুবিধার জন্য কৃষক প্রতিষ্ঠান যেগুলো আছে তারা রেভিনিউ ডিপার্টমেন্টের কাছে সময় চেয়েছে। এই ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে এই রিটার্ণ দেওয়ার ব্যাপারে আমাদের টেরিটোরিয়াল এরিয়ায় আরও সময় দিন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ফিসারির ব্যাপারে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। এই ফিসারিটি হচ্ছে রাজমহল থেকে সাবঘাটি এবং এর মধ্যে মুর্শিদাবাদ এবং তার বাইরের কিছু অংশ আছে। সাধারণতঃ আমরা জানতাম যে আমাদের পপুলার গভর্ণমেন্ট চায় যে ফিসারির ব্যাপারে ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটি টেণ্ডার দিলে তাদের দেওয়া হবে বা তাদের লিজ দেওয়া হবে। কিন্তু এক্ষেত্রে তার ব্যতিক্রম দেখছি। প্রাক্ স্বাধীনতার সময় থেকে একটি বিশিষ্ট ব্যক্তিকে এটা ৩০ বছরের জন্য লিজ দেওয়া হয়েছিল এবং তারপর আবার ৩০ বছরের জন্য এক্সটেনসন দেওয়া হয়। শেষোক্ত ৩০ বছর শেষ হতে চলেছে এবং আবার লিজ দেবার সময় এসেছে। শুনলে অবাক হবেন মাত্র ৬ হাজার টাকায় সেটা লিজ দেওয়া হয় অথচ সেখান থেকে লাক্স অব রুপিস্ ইনকাম্ হয়। একটি বিশেষ ব্যক্তিকে

এরকমভাবে সহায়তা করা এবং ৩০ বছরের জন্য তাকে লিজ দেওয়া আজকের দিনে একটা গর্হিত কাজ বলে আমি মনে করি।

কেন না ফিসারম্যানরা তাদের পেটে অন্ন নাই, তারা খেতে পায় না, মাছ ধরার মত কোন সেন্টার তারা পায় না—তখন এই রকম একটা ফিসারি যেটা রাজমহল থেকে আরম্ভ হয়েছে, যেখান থেকে লক্ষ লক্ষ টাকা রোজগার হয় সেটা কোন ব্যক্তি বিশেষের স্বার্থের জন্য করা হচ্ছে। আমি তার নাম জানি না শুনেছি তিনি একজন প্রাক্তন জমিদার। আমার কথা হচ্ছে আমি মাননীয় সদস্যদের এই বিষয়ে একটু দৃষ্টি দিতে অনুরোধ করছি এবং মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে এ ভদ্রলোক আর এক্সটেনসন না পায় এবং পরবর্তীকালে যে সমস্ত ফিসারম্যান আছে এবং তারা বিভিন্ন কমিউনিটির লোক, ফিসারম্যান বাই কাষ্ট আছে, আবার এমনি ফিসারম্যান আছে যারা মাছ ধরে, অন্যান্য কাষ্টের লোকেরা আছে, তারা যাতে লীজ পায় সেজন্য আমি সরকারকে এই বিষয়ে নজর দিতে অনুরোধ করছি। এবং এও আমি জানতে পেরেছি যে, দু-একদিনের মধ্যেই এটা লীজ দেয়া হবে। সেজন্য সরকার যেন এখনই হস্তক্ষেপ করেন যাতে ঐ ভদ্রলোক এক্সটেনসন না পান। এবং সত্যিকারের ফিসারম্যানেরা যাতে এটা পায় সেজন্য আবার অনুরোধ করছি।

**শ্রীশম্ভু নারায়ণ গোস্বামী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে বাঁকুড়া এবং পুরুলিয়া জেলা অনুন্নত জেলা এবং এখানে প্রতি তিন বৎসর অন্তর দুর্ভিক্ষ হয়। এই দুটি জেলার উন্নতি করতে গেলে এখানে শিল্প স্থাপন করা সত্যিই প্রয়োজন। আমি আজ আনন্দিত যে পুরুলিয়াতে সরকারী এবং বেসরকারী উদ্যোগে কয়েকটি শিল্প প্রতিষ্ঠিত হতে যাচ্ছে। কিন্তু বাঁকুড়া জেলার অধিবাসীরা অত্যন্ত ব্যথিত যে বাঁকুড়া জেলার বিভিন্ন খনি সম্পদ এবং ন্যাচারাল রিসোর্সেস থাকা সত্বেও এই জেলায় আজ পর্যন্ত কোন শিল্প গড়ে উঠছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত শিল্প বাজেটের ব্যয় বরাদ্দের উত্থাপনের দিন আমি একটি রিপোর্ট মাননীয় শিল্পমন্ত্রীকে দিয়েছিলাম যে বাঁকুড়া জেলার প্রাকৃতিক সম্পদ এবং ন্যাচারাল রিসোর্সের সম্পর্কে। সেই রিপোর্ট হচ্ছে সরকারী হেড জিওলজিষ্টের রিপোর্ট এবং আমি আশা করেছিলাম যে মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় নিশ্চয়ই আমাকে ডেকে এই সম্পর্কে আলোচনা করবেন কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় মন্ত্রী মহাশয় তা করেন নি। আজকে বাঁকুড়ার লক্ষ লক্ষ অধিবাসীদের তরফ থেকে এবং হাজার হাজার বেকার যুবকদের তরফ থেকে এবং সাধারণ খেটে খাওয়া মানুষের তরফ থেকে আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে বাঁকুড়াকে কি চিরদিন জি. আর এবং টি. আরের উপর নির্ভরশীল করে রাখবেন? বাঁকুড়ার কি সমস্ত লোককে ভিখারী করে রাখবেন? বাঁকুড়ায় শিল্প গড়ার সম্ভাবনা আছে, সেখানে কেন আপনি শিল্প গড়ছেন না। এদিকে নজর দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দক্ষ এবং তৎপর স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলায় ৩৩৫টি ব্লক আছে, এই ব্লকগুলির মধ্যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র অধিকাংশ ব্লকেই নেই এবং যা আছে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এবং মহকুমা এবং জেলা হাসপাতালগুলিতে তাতে যে ঔষধ সরবরাহ করা হয় তা এত অপ্রচুর যে তা দিয়ে চিকিৎসা হয় না। বিভিন্ন জেলার ডাক্তারদের সঙ্গে যোগাযোগ করেছিলাম, তারা বলেন যে পেনিসিলিন এবং ষ্ট্রেপটোমাইসিন প্রতিদিন সাধারণভাবে

প্রয়োজন হয় এবং তারা যা রিকুইজিসন দেন সেণ্ট্রাল ড্রাগ স্টোর্সে তা তারা দেন না। শুনতে পাই যে সমস্ত হাসপাতাল সরকারের যা আছে রোগীপিছু মাত্র ১৯ পয়সা স্যাংসন করে ঔষধ কেনার জন্য। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট এই বিষয়ের প্রতি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকারের ব্যবস্থা করার জন্য দাবী করছি।

**শ্রীঅজিতকুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঔষধ সরবরাহ সম্বন্ধে যে অব্যবস্থা ছিল সেটা আমি জানি এবং সেই সম্বন্ধে যে ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি। সমস্ত সি, এম, ও, যাঁরা আছেন তাঁদের নির্দেশ দেওয়া হয়েছে, বিশেষভাবে তাঁরা নিজের ডিষ্ট্রিক্টে যেখানে যেখানে স্বাস্থ্যকেন্দ্র আছে অথচ ওষুধ কম সরবরাহ হয়েছে বা নাই তার হিসাব ১৫ দিনের মধ্যে আমাকে দেবেন। এইভাবে তাঁদের প্রত্যেকের কাছে নির্দেশ দেওয়া হয়েছে। আর যেটা কম পয়সার কথা বললেন এটা পয়সার অভাবের জন্য, ১৯ পয়সা কম বলে ওষুধ কম পাচ্ছেনা। তা নয়, ওষুধ সরবরাহ বিকেন্দ্রী করার জন্য চেষ্টা করা হচ্ছে। তা না হলে ঠিক সময় স্বাস্থ্যকেন্দ্র-গুলিতে পৌছাতে পারছে না। এই সম্বন্ধে যখন ১৫ দিন পর সংবাদ আসবে তখন মাননীয় সদস্যদের জানাবো।

[3-10—3-40 p.m, including adjournment.]

**শ্রীকাশীকান্ত মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের কাছে রাখছি। আপনি জানেন যে বাঁকুড়া জেলা খুবই গরীব। বর্তমানে ওখানে যে ৮০ ভাগ চাষী আছে সেই গরীব চাষীরা খরার পর ভীষণ বিপদে পড়েছে। প্রচণ্ড খরার পর এরা যেসব ধান তারপর রবিশস্য চাষ করেছিলেন তা শুকিয়ে গিয়েছে। বর্তমানে সেখানে বৃষ্টি হওয়ার ফলে তাদের চাষ করার অসুবিধা হচ্ছে। কেননা তাদের সেই সার কেনা, বীজ কেনা, এবং বলদ কেনার কোন সংস্থান নেই, অবস্থাও নেই। তারা নিজেরা পারছে না। তাই আমি এই চাষীদের কথা বলছি এরা যাতে সেই সব প্রয়োজনীয় জিনিস তাড়াতাড়ি কিনতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রীগণেশচন্দ্র হাতুই:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার জঙ্গীপাড়া-বাঁকুলী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে শ্রীমতী অলকা চক্রবর্তী নামে জনৈক মহিলা যার নবজাত শিশুর মৃত্যু সম্পর্কে একটা মর্মান্তিক ও বেদনাদায়ক ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ৭.৭।৭২ তারিখে শ্রীমতী চক্রবর্তীকে জঙ্গীপাড়া হাসপাতালে বেলা ১০টার সময় ভর্তি করা হয়। ভর্তি করার কিছুক্ষণ পর এই প্রসূতির লেবার পেন সুরু হয় এবং তারপর তিনি ঐ হাসপাতালের নার্সকে ডাকাডাকি করতে থাকেন, কিন্তু ঐ ডাকে তিনি সাড়া দেননা। অবশেষে এই হাসপাতালের জি, ডি, এ, আলো মজুমদার, তিনি প্রসূতির প্রসব করানর জন্য আদেশ দেন। উক্ত নার্সের কথামত ঐ জি, ডি, এ, আলো মজুমদার প্রসব কনডাক্ট করান এবং বাচ্চাকে প্রাইমারি নট দেয়। এরপর প্রসূতি ও নবজাত শিশুকে কোনরকম নার্স করা হয় না। বেশ কিছুক্ষণ পর বাচ্চার নটটি স্লিপ করে এবং ব্লিডিং হতে থাকে। নার্সকে বারবার ডাকা সত্বেও ওখানে চেয়ারে বসে থাকে এবং নবজাত শিশুটি যখন রক্তে ভাসছে তখন দ্বিতীয়বার নট দিতে আসে হাসপাতালের ফিমেল সুইপার স্বর্ণময়ী দেবী। ইতিমধ্যে প্রসূতির আত্মীয়স্বজন হাসপাতালে উপস্থিত হন এবং প্রসূতির অবস্থা দেখে তাড়াতাড়ি ডাক্তারকে ডেকে আনেন এবং ডাক্তার আসার কয়েক মিনিট পরেই শিশুটি মারা যায় এবং তার পর ডাক্তার দেখতে পান যে প্রসূতির প্রচণ্ড ব্লিডিং হচ্ছে। এই অবস্থায় ঠিক

সময় মত ডাক্তার হাজির হওয়ায় প্রসূতির প্রাণ কোন প্রকারে বাঁচে। কর্তৃপক্ষের ঔদাসিন্য, কর্তব্যে অবহেলার জন্য একটা শিশুর প্রাণ অকালে গেল। এইটার উপযুক্ত তদন্ত করে যে আজকে দায়ী তাকে শাস্তি দেওয়ার জন্য আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅজিতকুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ওঁকে জানিয়ে দিতে চাই উনি যখন তদন্ত করতে বলছেন, নিশ্চয়ই তদন্ত করে দেখবো উনি যদি লিখিতভাবে ঐ পার্টিকুলার্সগুলি আমাকে দেন।

**ডাঃ এ, এম, ও, গণি:** মাননীয় স্পীকার মহাশয়, দুঃখের বিষয় শিক্ষামন্ত্রী মহাশয় হাউসে নেই, আমি দুটি স্কুল সম্বন্ধে মেনশন করতে চাই এবং সেই দুটি স্কুল হচ্ছে অশোকা হল গালর্স স্কুল এবং মহাদেবী বিরলা গার্লস স্কুল। সেই দুটি স্কুলই একজন এ্যাডমিনিষ্ট্রেটারের হাতে আছে, মিঃ লেসার। তাঁর বয়স ৭০ বছরের বেশী। কিন্তু লেসার হলে কি হবে তিনি একটা মেজোর ডিক্টেটার হতে চলেছেন। কোন আইন কোন কানুন মেনে চলেন না। তিনি ১৯৭০ সালে ডিক্লিয়ার করলেন যে যেহেতু পশ্চিমবঙ্গে কোন আইন শৃঙ্খলা নেই সেই সমস্ত ভেঙ্গে পড়েছে, সেইজন্য এই দুটি স্কুলকে তিনি ওয়েষ্ট বেঙ্গল সেকেণ্ডারি এডুকেশন বোর্ড থেকে তুলে নিয়ে সেনট্রাল সেকেণ্ডারি এডুকেশন বোর্ডে দিয়ে দিলেন। এতে সুবিধা হল ওর যে এখানে যদি কোন অভিযোগ থাকে টিচারদের, পাবলিকদের তাহলে সেটা পৌঁছতে গেলে দিল্লীতে যেতে হয়, এখানে বসে কিছু হয়না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অশোকা গার্লস স্কুল এখনও পশ্চিমবাংলার সেকেণ্ডারী বোর্ডের মধ্যে রয়েছে। ১৯৭২ সালে হায়ার সেকেণ্ডারী এক্জামিনেশনে এই দুটি স্কুল থেকে কোন ছাত্রী পরীক্ষা দেয়নি। বাংলা ভাষা এবং বাঙ্গালীদের প্রতি ব্যবহারে একটা ডিস্ক্রিমিনেশন করা হয়েছে, বাংলা ভাষাকে অবহেলা করা হচ্ছে। জব সিকিউরিটি এখানে কিছু নাই। টিচার্সদের কোন প্রিভিলেজ নাই, লীভ নাই, মেডিক্যাল লীভ সার্টিফিকেট দিয়েও পাওয়ার উপায় নাই, এমন কি ম্যাটারনিটি লীভও দেওয়া হয় অনেক কষ্টে। এখানে ডিক্লেয়ার্ড লীভ বলে কিছু নাই। বৃহস্পতিবার ছুটির দিন, কিন্তু সেদিনও তাদের এসে কাজ করতে হয় কিন্তু সেই এ্যাটেণ্ডেন্স রেকর্ড করা হয়না। হালে একজন হেড মিসট্রেস এ্যাপয়েন্ট করা হয়েছে, সার্ভিস মাত্র ৪ বছর, এবং তিনি এক বছর সার্ভিস করেই অনুমতি নিলেন বি. টি. পাশ করতে, কিন্তু যে সমস্ত টিচার্স এখানে ১০।১২ বছর যাবৎ কাজ করছে তাদের কিন্তু পারমিশন দেওয়া হয় না। যিনি এ্যাডমিনিষ্ট্রেটার নিজের বার্থ ডে সেলিব্রেট করেন এবং ছাত্রী এবং গার্জিয়ানদের কাছ থেকে প্রেজেন্টেশন আদায় করেন, এমন কি সোনার গহনাও আদায় করা হয়ে থাকে। শুধু তাই নয়, তিনি যখন বিলাতে যান তখন তাকে রিসেপশন দেওয়া হয়, তখনও ছাত্রাদের পেরেন্টস্দের এসে রিসেপশন্ দিতে হয় এবং প্রেজেন্টেশন দিতে হয়। এই অবস্থা সেখানে চলেছে। ডাঃ জাকির হোসেন যখন মারা যান তখন, স্কুলে কিছুই করা হয়নি, এমন কি শোক প্রকাশের জন্য ছুটিও দেওয়া হয়নি। এই সমস্ত কথা অন্য কোন কাগজে বেরোয়নি একমাত্র হিন্দী কাগজ বিশ্বামিত্রে বেরিয়েছে ১৫।৬।৭২ তারিখে। এই ফ্যাক্টস এবং টিচার্সদের একটা পিটিশন শিক্ষামন্ত্রীর নামে যেটা দেওয়া হয়েছিল সেটা আমি আপনার অনুমতি নিয়ে আপনার কাছে পেশ করছি।

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা বিষয় উল্লেখ করতে চাই। চাষ এসে গিয়েছে কিন্তু চাষীরা রাসায়নিক সারের সরবরাহ পাচ্ছে না। আমি গলসী থানায় খোঁজ নিয়ে দেখেছি লাইসেন্সও ডিলারই বলুন আর সমবায়ই বলুন, কোন জায়গায় সার

সরবরাহ হয়নি। তারা বলছে যে এফ সি আই এবছর সার সরবরাহ করছেনা নানা রকম অজুহাতে কিছুক্ষণ আগে আমাদের খাদ্যমন্ত্রী খাদ্য সম্পর্কে প্রশ্নোত্তরে বললেন দাম বেড়েছে খাদ্যের, গ্রামাঞ্চলে পাওয়া যাচ্ছে না, খাদ্য সমস্যা একেবারে জটিল হয়ে গিয়েছে। আগামী বছর যাতে জটিল না হয়, সেজন্য আপনার মাধ্যমে কৃষি মন্ত্রী এবং অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। এখন যে অবস্থা, গ্রামে বা গঞ্জে যাতে রাসায়নিক সার উপযুক্ত পরিমাণে সরবরাহ করা যায়, তার ব্যবস্থা করুন। আমি যে সংবাদ পেয়েছি পারাৎ বলে একটা গ্রাম আছে, সেখানে একজন ডিলার ১৯৭১ সালে এই সময়ের মধ্যে ১ হাজার কুইন্ট্যাল সার বিক্রী হয়েছিল, তিনি সরবরাহ পেয়েছেন ১০০ কুইন্ট্যাল, রামগোপালপুর নামক জায়গায় যেখানে দেওয়া হয়েছিল ৬০০ কুইন্ট্যাল এবার সেখানে দেওয়া হয়েছে মাত্র ১০ কুইন্ট্যাল, চাষীদের এই সময়ে তাদের অর্ধেক প্রয়োজনীয় সার কেনা হয়ে থাকে সেখানে যদি আজকে একদশমাংশও সার সরবরাহ না করা হয় তাহলে আগামী দিনে কৃষি উৎপাদনে বিপর্যয় ঘটবে। তাই আমি আপনার মাধ্যমে এ বিষয়ে সমস্ত মন্ত্রীমণ্ডলীকে গুরুত্ব দিতে অনুরোধ করছি।

(At this stage the House was adjourned for 20 minutes.)

( After adjournment )

[3-40—3-50 a.m.]

## VOTING ON DEMAND FOR GRANT

### DEMAND FOR GRANT NO. 30

Major Head : 38—Labour and Employment.

**Dr. Gopaldas Nag :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs, 6,05,12,000 be granted for expenditure under Grant No. 30, Major Head : "38—Labour and Employment". (This is inclusive of Rs. 2,01,71,000 already voted on account in March, 1972.)

Sir, the year 1971 was a year of very significant achievement as it witnessed a remarkable improvement in all the aspects of industrial relations.

**Shri Anata Kumar Bharati :** আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে তিনি যে বাজেট ভাষণ আমাদের এখানে দিচ্ছেন তার বাংলা অনুবাদ দেবার জন্য।

**Dr. Gopaldas Nag :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যখন জবাব দেব তখন বাংলায় বলবো। এতে অনেক টেকনিক্যাল টার্মস আছে ও অনেক ফিগার কোট করতে হবে তাই আমি ইংরাজীতে বলছি। Therefore, I seek your permission to place the speech in English.

Sir, the year 1971 was a year of very significant achievement as it witnessed a remarkable improvement in all the aspects of industrial relations. To be precise, Sir, the number of industrial disputes raised during the year under review dropped to 6,961 from about 9,500 occurring each year from 1967 to 1970 The industrial arena was more peaceful in the year 1971 as work-stoppages (strikes and lockouts) revealed remarkable fall not only in the number of stoppages but also in the number of men involved and in the number of man-days lost during the year under review when compared with the figures in those aspects of industrial conflict for the previous years, 1968, 1969 and 1970. It may be relevant here to point out

work-stoppages recorded an improvement of 51·85 per cent, 58·60 per cent and 35·73 per cent respectively in respect of number of cases, number of men involved and the number of man-days lost in comparison with the relevant average figures of the years 1968, 1969 and 1970. Moreover, this remarkable success is also reflected in the significant drop in the number of units declared closed (drop of 33·49 per cent), number of gheraos occurred (drop of 90·15 per cent) and number of men retrenched (drop of 84·34 per cent) during the year under review as compared with the average figures for the years 1968, 1969 and 1970. During the year 1971, there were 340 strikes and lockouts involving 1,91,545 men as against 806 strikes and lockouts involving 4,54,094 men in 1970.

Of the 240 work stoppages in 1971, 295 cases involving 1,79,754 men were settled by conciliation, by-partite negotiation and otherwise. The number of units closed down in 1971 was 143 affecting 35,588 persons as against 322 affecting 74,144 men in 1970. Out of these 143 closed units, 67 units employing 34,874 persons were re-opened through conciliation machinery.

With the assumption of office by this Ministry, the industrial climate in the State further improved. The successful settlement of the following cases of work stoppage and closure involving a large number of industrial workers in several cases which were continuing for a pretty long time highlights the significant achievement of the present Ministry :—

**Work stoppage including strikes and lock-outs**

| Name of Unit | | Number of men Involved |
|---|---|---|
| Crown Alluminium Works, Belur, Howrah. | ... | 650 |
| Reliance Jute Mill (Broad Loom Section), Kankinara, 24-Paraganas. | ... | 664 |
| Incheck Tyres, Kankinara, 24-Paraganas | .. | 1,200 |
| Kankinara Jute Mill | ... | 4,000 |
| Electric Construction Equipment Ltd., Calcutta. | .. | 460 |
| Bally Municipality | . | 750 |
| British Paints, Howrah | ... | 401 |
| | Total ... | 8,125 |

**Closure Cases**

Sir, after assumption of office by the present Ministry 25 temporarily closed units involving 10,681 industrial workers were re-opened. There are 188 temporarily closed units involving 16,598 men. Besides these, there are 302 permanently closed units involving 23,283 men.

In the sphere of wages and earnings the present Ministry, Sir, achieved significant improvement in the major industries. For instance, the total minimum wages including, inter alia, the house rent component for all the jute workers will be Rs. 235 per month payable from 15th April, 1972, following a tripartite settlement. Thus the wages of jute workers have been

raised from 183·60 to Rs. 235 a month, In other words, they will enjoy an increment of about 30 per cent over the existing wages.

Furthermore, Sir, a tripartite settlement was amicably arrived at in the cotton textile industry through direct intervention of Government. According to the terms of settlement the management have successfully been persuaded to restore Rs. 9·60 cut in dearness allowance with retrospective effect from 1-5-72. They also agreed to pay an interim relief of Rs. 16·50 from 1st June, 1972. In pursuance of the terms of the said settlement the issues pending before the Wage Committee like wages revision, revision of dearness allowance, house rent and festival leave, would be settled through tripartite talks. Wage Fixing Committee was constituted by Government for jute, tea and cotton textile industries. The Wage Committee for plantation industry reached a settlement increasing wages of daily rated workers by 23 paise per day effective from 1-4-71 and another increase of 23 paise per day from 1-6-72. The monthly rated workers also got a flat increase of Rs. 18 to Rs. 37 per month per head. The Wage Committee for cotton textile industry also made recommendation on the basis of which the Labour Commission was able to persuade the employers to defreeze D.A. and link it with CPI number from 1-2-72. The Wage Committe for jute has also been able to defreeze D.A. and link it with the CPI number.

[3-50—4-00 p.m.]

An expert committee is being set up to look into the compilation of the present C.P.I. for regulating the scale and dearness allowance of the industrial workers.

In order to improve the industrial relation in Durgapur and Alloy Steel Projects with the ultimate object of increasing production in these two public sector undertakings a three-tier Consultative Committee has been set up with the representatives of the management, trade union leaders representing the workers, and the Government Officials of the Labour Department of the Government of West Bengal. The Minister-in-charge of Labour Department is the Chairman of this Committee

Setting up of this three-tier Consultative Committee has been hailed by all sections of workers and by all trade union leaders. This three-tier system is the first of its kind in the public sector undertakings throughout India Developing on the experience and result it is intended to establish similar committees in other public sector undertakings as well as in private sector industries

During 1971 two important legislations were enacted as a result of which employees of the different establishments will be greatly benefitted These are :

(1) The West Bengal Employees' Payment of Compulsory Gratuity Act, 1971, which has come into force since the 14th day of June, 1971. This is a uniform scheme of retirement benefit of employees engaged in factories, plantations of shops and establishments and for matter connected therewith or incidental thereto.

(2) The Industrial Disputes (West Bengal Amendment) Act, 1971. The main feature of this Act is that an employer who intends to close down an undertaking shall serve at least sixty days' notice before the date on which the intended closure is to become effective, in the prescribed manner, on the State Government, stating clearly the reasons for the intended closure of the undertaking. This Act is applicable to employers employing more than 50 persons on any day of the preceding twelve months.

The following proposals of legislation are now being considered in the Labour Department :

(1) Re-enactment of the West Bengal Employees' Payment of Compulsory Gratuity Act, 1971, which is a President's Act now and which will cease to operate with effect from 20-3-73, as an Act of the State Legislative Assembly with some amendments of the existing provisions with a view to removing some difficulties and conferring on the employees better benefits.

(2) Amendment of the West Bengal Shops and Establishments Act, 1963, with a view to removing some administrative difficulties and allowing better benefits to the persons employed in shops and establishments.

(3) Amendment of Industrial Disputes Act, 1947, in its application to West Bengal with a view to strengthening the conciliation machinery functioning thereunder.

(4) Amendment of Trade Unions Act, 1926, in its application to West Bengal with a view to providing for a system of recognition of trade unions and requiring a minimum numder of workmen as members as a precondition to registration of a trade union.

Sir, steps for enforcing the Contract Labour (Regulation and Abolition) Act, 1970, are being taken by finalising the rules thereunder. Comments after publication of the rules have also been received and are being processed for finalisation of the rules.

The Minimum Wages Act, 1941, is administered by the Labour Department.

During 1971-72 fixation or revision of the minimum wages for the following industries have been made :

Fixation : Medicinal plants, plantations ;

Revision : Cinchona plantations.

Fixation of minimum wages in respect of glass industry and revision of minimum wages in respect of (1) rice mills and (2) road construction and building operation are now under consideration of this Government.

Sir, reports and recommendations regarding fixation or revision of minimum wages in respect of the following industries are awaited from the Advisoay Committees :

(i) Shops employing less than fifty persons ; and (ii) Rubber industry.

Revised minimum rates of wages for the following industries had been stayed by an injunction of the High Court :

(i) Cinema industry ; and

(ii) Lac Manufactories.

There was some improvement in the employment situation in gener during 1971 as compared to 1970.

This improvement was maintained during the first four months of 197 as well. 42,977 vacancies were notified to the Employment Exchanges durin the year 1971 as against 38,671 in 1970 which showed an increase of 6306 c 16·3% over the last year. The vacancies notified during the first 4 months c 1972 are 17,312 as against 13,577 during the corresponding period in 197 which shows an increase of 3735 or 27·5% over the last year. The tot placement affected during the first four months of 1972 are 8,544 as again 6,137 during the corresponding period of 1971 which shows a substantia increase of 2,470 or 39·2 per cent.

Sir, the number of applicants waiting on the Live Register as on 31-12-7 was 8,67,063 as against 5,86,282 on 31-12-70 which showed an increase o 2,80,000 or 47·9% over the last year.

In 1972, as on 30th April the Live Register has increased to 9,68,85 from 6,83,477 on 30-4-71 recording an increase of 2,85,380 or 41·8 per cent.

From the data furnished above it may be observed that along with the number of vacancies notified which had increased by 16 3 per cent in 197 and by 27 5 per cent in the first 4 months of 1972, placement also ha increased by 39 2 per cent in 1972 which may generally be stated as an indication for gradual improvement in the employment situation. At the same time, the number of registrations had increased by 54·7 per cent in 1971, by 20 per cent in 1972 and the Live Register had increased by 47 9 per cent in 1971 and by 41 8 per cent in 1972 up to date. This indicates a tremendous and disquieting rise in the unemployment in the State. This also gives an indication that now there is more and more realisation of the fact that it is easier to get employment through Employment Exchange than from outside.

Sir, for rendering better service to the employment seekers, it is proposed to expand the existing Employment Exchanges by opening 3 more Employment Exchanges—one each at Uluberia and Alipur Dooars during the current year and in Krishnanagar in Nadia afterwards.

Sir, at present 10,25,324 I. Ps (insurred persons) are working in about 4,500 factories and receving medical benefits under the ESI (M B) scheme. The total amount spent for the purpose is Rs. 6,77,22,717 in the year 1971. Sir, Lax Certification and over prescription showed considerable downward trends during the current year. Improvomt in supply of medicines has also been noticed recently. The following are the important developments in respect of the ESI (Medical Benefit) Scheme :—

## Diagonstic Centres

5 sanctioned—3 for the district of 24-Parganas and 2 for the district of Hooghly. Proposal for opening one such centre for Calcutta is under active consideration of Government. With the opening of the Diagnostic Centres families of the I.Ps of 24-Parganas and Hooghly will be provided with Specialist's service.

Sir, the E S.I. Scheme has been extended to the Kalyani township with effect from 2-4-72. Restricted medical care consisting only of outdoor treatment at the clinics of Insurance Medical Practitioners has also been extended to the families of I.Ps. in Kalyani area with effect from 2-7-72.

[4-00—4-10 p.m.]

Sir, capitation fees payable to the Insurance Medical Practitioners has been enhanced from Rs. 0 to Rs. 25 per family unit per annum with effect from 1st October, 1971.

Diet charges in all the E.S.I. hospitals have been increased by 50 paise per bed per day with effect from 1st May, 1972. The revised rates in the case of T. B. Hospital will be Rs. 3 and General Hospital—Rs. 2 50 per bed per day.

Sir, E.S.I. (M.B) Scheme is proposed to be extended to the notified area of Durgapur and Birlapur during the current financial year. Proposal for extension of the Scheme to Durgapur has been referred to the Corporation and that in respect of Birlapur is under examination of the Government.

Sir, families of the I P's of Bally and Howrah Municipal areas have been provided with the facilities of hospitalisation since March, 1972. With the commissioning of the E.S.I. Hospital at Gourhati and Budge Budge, hospitalisation facilities will be extended to the families of I.P's of Hooghly and South 24-Parganas. Proposal for extension of hospitalisation facilities to the families of I P's in other areas of Howrah outside Howrah and Bally municipalities is also under active consideration of the Government. For providing such facilities to the families, 116 additional beds in the E.S I Hospital at Baltikuri, District Howrah, and 50 additional beds in the E.S.I. (T.B) Hospital at Belur have been sanctioned.

Sanction has also been accorded for opening a Blood Bank under the E.S.I Scheme and it will start functioning as soon as suitable accommodation is available for it. Sanction has also been accorded for opening a special Eye Clinic in the E.S.I Hospital at Baltikuri.

Administration of the Scheme is at present centralised in the office of the A.N.O., E.S.I. (M.B.) Scheme. In order to ensure better administration decentralisation has been deemed necessary.

With a view to decentralising the administration, six zonal offices of the office of the A.M.O , E S I. (M M.) Scheme, have been sanctioned and two of them have already started functioning at Baltikuri and Serampore For further decentralisation each of these zonal offices is proposed to be placed in charge of an Additional A. M. O., R. S. I. (M.B.) Scheme, with full power of the A. M. O , E. S. I. (M. B.) Scheme.

The Scheme envisages full medical care both for the I. P's and their families. As the families are being provided with full medical care by stages and the administrative staff is not adequate enough to cope with the work of administering full medical care both for the I.P's and their

families, steps are being taken to gear up the administrative machinery by streamlining it at appropriate levels and sanctioning additional staff wherever necessary.

To tone up the administration, the Allocation Committees are proposed to be reconstituted. The Allocation Committee for Calcutta and Howrah is going to be reconstituted shortly and that for Hooghly and 24-Parganas is likely to be reconstituted within a month or so.

In course of administration of the Scheme, the existing State Medical Benefit Rules have been found to be inadequate for the comprehensive Social Security Programme envisaged by the Scheme. In order to adapt the rules to the needs of such a comprehensive scheme, a Committee was appointed by Government for recommending necessary amendments to the existing State Rules. The Committee's recommendations are under examination of the Government and draft of suitable amendments to the West Bengal E. S. I. (M.B.) Rules in the light of the Committee's recommendations is going to be published soon.

330 Factories were newly brought on the register of Factories Inspectorate during the year 1971 of which 113 factories were new and 217 were old shifting to new premises of coming within purview of the Act. The total number of workers proposed to be employed in the new factories was 4270. A revised scale of licence fees recoverable under rule 5 of the Factories Rules has since been prescribed by Government making 50% increase of fees in respect of grant of renewal of licenses for bigger factories.

A branch office of the Factories Inspectorate was started at Serampore in 1972 with a view to carrying out more intensive inspection of the enforcement of factory laws in Hooghly district.

The work of supervision of installation of boilers at Santaldih Project where two 120 M.W. Boilers are being erected has considerably been speeded up. Erection work at Haldia Refinery Project has already started. Three boilers are being erected at site under supervision of the Boilers Inspectorate. More modern equipments are being added to the Testing Laboratory under the Boilers Inspectorate during the Fourth Plan in keeping with the requirements and demands of Boiler Manufacturing Industry. The Testing Laboratory has been receiving order and enquiries not only from West Bengal but also from other parts of India.

During the year 1971, 2882 new claim cases under Workmen's Compensation Act were filed and 11,766 cases were pending from before. A sum of Rs. 7,94,383 was deposited in the P. L. Account of the Commissioner, Workmen's Compensation, with the Reserve Bank of India, Calcutta, from 1-3-1971 to 31-5-1972.

In order to give relief to workmen in Burdwan Division, a separate Court of Workmen's Compensation has been sanctioned at Durgapur.

So far the Employees' Provident Fund and Family Pension Fund Act has been extended to 118 industries in West Bengal. Till 31-3-72 altogether 8215 establishments with a total complement of 13,20,114 employees were covered under this Act.

Legal action has been taken against the defaulting establishments. Till 31-3-72, 7752 prosecution cases and 9159 Certificate cases were filed in Court. In view of the judgement of the Calcutta High Court in C R. Nos. 4964(W)/68 in the case of Tripuresh Chandra Pal Vs. R. P. F. C. Calcutta & others and 4998(W)/68 requiring determination of the arrears u/s 7A of the aforesaid Act prior to initiation of legal proceedings against the defaulting establishments, further certificate and prosecution cases are not being instituted pending proper determination of the arrears by the Regional Provident Fund Commissioner, West Bengal.

In the year 1971, damages were levied in 100 cases. In the current year, damages have so far been levied in 27 cases after giving hearing to the defaulting establishments as ruled in the Calcutta High Court judgement in C. R. No. 719/W/1967. Notices have been issued to the other defaulting establishments reported against by the Regional Provident Fund Commissioner, West Bengal, calling them from hearing.

During the last year and in the current year, exemption has been given to 8 establishments so far. There has not been any case of cancellation of exemption during the current year.

The average monthly collection of contribution to P. F. Account is Rs. 1·20 crores. During the year 1971-72 a sum of Rs. 14·38 crores were collected as dues on account of Provident Fund Contribution and administrative charges.

Inspite of the penal measures provided under the Act and Scheme resorted to by the employees' Provident Fund Organisation, the position of the arrear provident fund dues has gradually deteriorated causing a good deal of anxiety to all concerned. At the end of March, 1972, the quantum of arrear mounted to the extent of Rs. 386·64 lakhs. From a review of the position it has been observed that the increase in the arrear is primarily due to defaults on the part of some of the units in the major industries like Cotton Textiles, General Engineering and Tea Estates.

Though the increasing arrears have become a source of anxiety, it is felt that the existing legal provisions are not deterrent enough Accordingly, steps for re-inforcement of the penal provision are under consideration and a proposal to bring havitual defaulters under purview of MISA by suitable amendment of the Act is awaiting President's assent

Sir, Government has been taking steps to initiate labour welfare schemes of various kinds. Apart from 33 ordinary labour welfare centres, 20 model labour welfare centres have been set up under development schemes Sites of 3 more model labour welfare centres have been selected one at Belur, one at Jalpaiguri and one at Digha are proposed to be set up. Two holiday homes—one at Darjeeling and the other at Digha, are proposed to be set up for the workers.

[4-10—4-20 p.m.]

A well-organised Statistical Cell is at work in the Labour Directorate. Its business is not only to collect data as regards industrial disputes and other aspects of general industrial relations but also to make detailed enquiry into

the family budget of working men and the general living conditions of working people. It concerns itself with preparation and maintenance of cost of living indices and make comparison for adjustment of wages with variation of index number. The cell is being further strengthened in the current year with a special allocation in our budget.

In conclusion, I would like to state that the Government is fully aware of the problems of both the workmen as well as the management. The Labour Department will ensure that the just dues and aspirations of workmen are not withheld or denied by the management. In order to ensure this, we shall take the steps already enumerated earlier by me. But at the same time, we are very anxious to see that productivity in industry is boosted up and that there is continuous economic growth in all sectors of industry and commerce. The Labour Department will try to bring about normalcy in the employer-employee relationship without which no industrial growth is possible. The economy of the State has suffered severely during the past several years We shall take recourse to appropriate legislative and administrative measures to ensure the revival of the economy so that the established units can flourish and prosper, and new units can be established and grow. Government will, at the same time, ensure that new prosperity is passed on the people by whose sweat and toil it is achieved. To achieve this, it is necessary that the collective bargaining agencies should be strengthened. Government attach great importance to collective bargaining as it is of the opinion that this is the best method to ensure the rights and privileges of the workers. We shall be trying to discourage the mushroom growth of trade union which really weakens the trade union movement rather than strengthens it Our proposed legislation on trade unions will give this proper shape and direction.

**Mr. Speaker**: There is no cut motion on Grant No. 30. I call upon Shri Niranjan Dihidar to open the discussion.

**শ্রীনিরঞ্জন ডিহিদার** ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয় বরাদ্দ মঞ্জুরীর দাবী রেখেছেন তা আশা ব্যঞ্জক না হলেও, এমপ্লয়িজ স্টেট ইনসিয়োরেন্স ইত্যাদি বাবদ যে অর্থ ব্যয়ের কথা বলেছেন, তাতে যে দৃষ্টিভঙ্গী প্রকাশ পেয়েছে এবং যে দৃষ্টিভঙ্গীতে এই শ্রমনীতি উদ্ভূত, সেই শ্রমনীতিকে আমি সমর্থন জানাই। আমি এই রাজ্যের শ্রমনীতিকে সমর্থন জানাই এই জন্য যখন ঐ চটকলের শ্রমিকরা এ. আই. টি. ইউ. সি., আই. এন. টি. ইউ. সি, এইচ. এম. এস. এর নেতৃত্বে যুক্তভাবে চটকল মালিকদের বিরুদ্ধে রুখে দাঁড়ায়, তখন এই রাজ্যের শ্রমমন্ত্রী মহাশয় এবং মুখ্যমন্ত্রী মহাশয়, তাঁরা শ্রমিকদের পাশে এসে দাঁড়ায় তার জন্য এই শ্রমনীতিকে আমি সমর্থন করি এবং শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই। এই কারণে অভিনন্দন জানাই, যখন টেক্সটাইল শ্রমিকরা তাদের বেতন বৃদ্ধির দাবীতে যুক্ত আন্দোলনের দিকে পা বাড়ায় তখন এই রাজ্যের শ্রমমন্ত্রী মালিকদের বিরুদ্ধে এবং শ্রমিকদের পাশে এসে দাড়ায় মাগ্‌গি ভাতা বৃদ্ধির জন্য এবং তাদের অন্তর্বর্তীকালীন বেতন বৃদ্ধির জন্য, তাঁরা সেখানে ব্যবস্থা করেন বলে। আমি বিশেষ করে মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই যখন কয়লা খনির শ্রমিকরা যৌথ আন্দোলনের পথে পা বাড়ায় যুগান্তরের শোষণের বিরুদ্ধে তার ইতিবৃত্ত আমরা এখানে অনেকবার আলোচনা করেছি, সেই কয়লা খনি শ্রমিকদের পাশে এসে যখন আমাদের মুখ্যমন্ত্রী এসে দাঁড়ান এবং তাঁর হস্তক্ষেপের ফলে কয়লা মালিকদের অনিচ্ছুক হাত থেকে কয়লা খনি শ্রমিকদের গ্রাচুয়িটি এবং বর্ধিত ভাতা আদায় করা সম্ভব হয়।

আমি শ্রমমন্ত্রীকে অভিনন্দন জানাই এই জন্য যে, দীর্ঘ দিন ধরে বন্ধ কলকারখানা যেগুলি ছিল সেই বন্ধ কল-কারখানাগুলির শ্রমিকরা অর্ধাহারে, অনাহারে যারা দিন অতিবাহিত করছিল, সেই

বন্ধ কল-কারখানাগুলি খোলার যে প্রচেষ্টা সেটা আংশিকভাবে সফল হয়েছে। আমি এই কথা বলি যে আজকে যে মিলগুলি কল-কারখানাগুলি বন্ধ হয়ে গিয়েছে সেসম্বন্ধে মাননীয় শ্রমমন্ত্রী সিক ইণ্ডাষ্ট্রীস বিল আলোচনা কালে দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করেছিলেন যে মালিকরা এই কলকারখানা বন্ধ থাকার জন্য দায়ী, তাই আমি সমর্থন করি। আমি সমর্থন জানাচ্ছি এই জন্য যখন আমাদের মুখ্যমন্ত্রী বলেন, যে সমস্ত মালিক শ্রমিকদের ন্যায্য দাবী পূরণ করতে অস্বীকার করেন তারা ওয়াগান ব্রেকারদের চেয়ে অধম, যে বক্তৃতা তিনি দিয়েছিলেন রোটারী ক্লাবে, কলিকাতায়। আমি আরও সমর্থন জানাই এই জন্য যে এই হাউসের বিভিন্ন সদস্য যারা একটা সর্বসম্মতিক্রমে সমর্থন করেছিলেন কয়লাখনির জাতীয়করণ প্রস্তাব পাশ করাবেন বলে, কারণ কয়লা খনির শ্রমিকরা যে দুঃখ কষ্ট ভোগ করছেন সেটা সকলে জানেন বলে। আমি প্রস্তাবক মনে করি শাপ মুক্তির প্রস্তাব, তাই সমস্ত সদস্যদের আপনার মাধ্যমে অভিনন্দন জানাই। স্পীকার মহাশয়, আপনি জানেন যখন আমরা এই শ্রমনীতিকে সমর্থন করি ঠিক তখনই আমরা দেখি যায় শিল্প মালিকরা শ্রমমন্ত্রীর সুপারিশগুলিকে অগ্রাহ্য করে। ঐ ইঞ্জিনিয়ারিং শ্রমিকদের সম্পর্কে একটা সুপারিশ করেছিলেন যখন তার সেই সুপারিশকে অগ্রাহ্য করে তখন আমাদের লজ্জা করে। শ্রমমন্ত্রী মহাশয় যখন ঐ ইণ্ডিয়ান অক্সিজেনের শ্রমিকদের কাজে পুনর্বহাল করবার জন্য সুপারিশ করেছিলেন তখন মালিক তার সুপারিশ কার্যকরী করতে অস্বীকার করেন। আমরা জানি শ্রমমন্ত্রী যে ঐক্যের কথা বলেন সেই ঐক্যের কথা খুশি করতে পারে না মালিককে, খুশি করতে পারেনা সি, পি, এম,-কে যারা ঐ চটকল শ্রমিকদের বেতন বাড়ার ব্যাপারে বললেন যে আরো বাড়া উচিত ছিল! আমি এখানে বলতে চাই যুক্তফ্রন্টের সময় যখন ৩০ টাকা কয়লা খনির শ্রমিকদের বেতন বেড়েছিল তখন আমরা সেটাকে একটা এ্যাচিভমেণ্ট বলে মনে করেছিলাম। সেই রকম আজও এই ৪৫ টাকা বাড়াকে এ্যাচিভমেণ্ট বলে মনে করি। তখন একদিকে ঐ চটকল শ্রমিকদের বেতন বেড়েছিল এবং তার ফলে মালিকদের দিতে হয়েছিল মাত্র ৩ কোটি টাকা, আর সেদিন জ্যোতিবাবু কলকাতায় দরবার করে চটকল মালিকদের ১২ কোটি টাকা পাইয়ে দিয়েছিলেন। সুতরাং তাদের সেই নেতৃত্বকে আমরা সমর্থন করতে পারিনি। আমরা এই শ্রম নীতিকে সমর্থন করি, আমরা এই শ্রমনীতিকে পরিবর্তিত করব এবং দুর্বলতাকে স্বীকার করে এগিয়ে যাব শ্রমিকদের দায়িত্ব নিয়ে। আজকে এই কলকাতা করপোরেশনের শ্রমিকরা এ, আই, টি, ইউ, সি, এবং আই, এন, টি, ইউ, সির নেতৃত্বে আন্দোলন করছে, আজকে এই যৌথ ঐক্যকে আমরা স্বাগত জানাই। আগামী দিনে পশ্চিম বাংলার শ্রমিকদের সুন্দর ভবিষ্যৎ অর্থনীতির যে পথ সেই পথের আমরাও পথিক বলে অভিনন্দন জানাই। আজকে পশ্চিমবাংলার সবচেয়ে বড় দুঃখের এবং সব চেয়ে বড় অন্ধকারের ছবি যেটা সেটা হচ্ছে ২০ লক্ষ বেকার যুবক। এই বেকার যুবকদের সমস্যা পশ্চিমবাংলার অর্থনীতির মূল সমস্যা। এই সমস্যাকে অগ্রাধিকার দিতে হবে। এই সমস্যার যদি সমাধান না করা যায়, যদি উপযুক্তভাবে এই ট্রেড ইউনিয়নগুলির মাধ্যমে সমাধান না করতে পারি তাহলে পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ অন্ধকার এই কথা আমি বলতে চাই।

[4-20—4-30 p.m.]

আজ দেখা গেছে কিছু জায়গায় কথা উঠেছে overtime বন্ধ কর বেকার সমস্যার সমাধান করার জন্য। overtime বন্ধ করলে কিছু বেকার সমস্যার সমাধান হতে পারে। কিন্তু overtime সম্পূর্ণরূপে বন্ধ করা যাবে না। শিল্পের সঙ্গে যারা যুক্ত তারা জানেন যে overtime বন্ধ হলে উৎপাদন ব্যাহত হবে। এই ঘটনার মধ্যে বেকার যুবকদের সঙ্গে কারখানার কর্মরত শ্রমিকদের একটা বিবাদ হতে আরম্ভ করেছে। একটা কথা উঠেছে বাহিরের লোক এসে আমাদের কারখানাগুলিতে স্থান

অধিকার করে আছে। কিছুদিন আগে খবরের কাগজেও এর একটা হিসাব বেরিয়েছে যে কয়লা খনিতে শতকরা ৮০ ভাগ বাহিরের লোক, চটকলে শতকরা ৭০ ভাগ, Engineering Industryতে শতকরা ৫০/৬০ ভাগ। এটা কোন নূতন কথা নয়, কিছুদিন আগে Statistical Institute এ একটা সমীক্ষা করে দেখিয়েছেন যে চটকলে যারা কাজ করে তাদের শতকরা ৭০ ভাগ ১৪ বছর ধরে কাজ করে আসছে—তাদের ভাগিয়ে দিয়ে বেকার সমস্যার সমাধান হবে না। সেখানে দেখান হয়েছে যে শতকরা ৪২ জন দেশে যায় না, টাকা পাঠায় না, তাদের কোন ঘরবাড়ী নাই। সুতরাং আজ এসমস্ত কথার মধ্য দিয়ে প্রাদেশিকতার আগুন জ্বলবে। শ্রমিকশ্রেণীর মধ্যে বিভেদ আসবে এবং পশ্চিমবাংলার সমস্যার সমাধান করার পথে বাধা সৃষ্টি হবে। সেজন্য আমি অনুরোধ করব এই সমস্ত slogan দেওয়া ত্যাগ করুন। শিল্পক্ষেত্রে আর একটা জিনিষ দেখা গেছে যে বহু স্থানীয় বেকারদের আজকে কারখানায় গেটের সামনে হাজির করা হচ্ছে। C.P.M.এর আমলে তারা এই রাস্তা নিয়েছিল। এর আমাদের একটা তিক্ত অভিজ্ঞতা আছে। যুক্তফ্রন্টের সময় আমরা দেখেছি কয়লা খনির গেটের সামনে স্থানীয় বেকার যুবকদের আনা হল এবং দেখা গেল তারাই শ্রমিকদের উপর বোমা ইত্যাদি দিয়ে আক্রমণ করল। শ্রীপুর কয়লা খনিতে এই ঘটনা হতে দেখেছি। এই রাস্তা ভয়ঙ্কর রাস্তা। এই রাস্তায় গেলে কোনদিনই বেকার সমস্যার সমাধান হবে না, বরং দেশের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে। এছাড়া আমরা দেখেছি আজকের দিনে কিছু কিছু মতবাদ আসছে Joint Enterprise করে বেকার সমস্যার সমাধান করা যায়। Joint Enterprise-এ বেকার সমস্যার সমাধান কিভাবে করা যায় জানিনা। আমরা জানি I.S Co বার্ণপুরে সেখানেও সরকারী পুঁজি আছে শতকরা ৫৬ ভাগ। সেখানে ব্যক্তিগত মালিকানার পরিচালনা ছিল কিন্তু আজ সে কারখানা বন্ধ হতে চলেছে। গোটা plant টা ঝরঝরে হয়ে গেছে। সুতরাং Joint Enterprise-এর ক্ষেত্রে আমরা মনে করিনা যে বেকার সমস্যার সমাধান সেইভাবে হতে পারে। আমরা আরো বিশেষ ভাবে দুর্গাপুরের ক্ষেত্রে দেখেছি যে সেখানে Contractor-এর শ্রমিকরা বছরের পর বছর ধরে কাজ করে তাদের বঞ্চিত করে বাহিরের লোককে যদি কাজ দেওয়া যায় তাহলে Contractor-এর শ্রমিকদের নূতন শ্রমিকদের মধ্যে বিরোধ হতে বাধ্য এবং তাই হচ্ছে। সেখানে diary তে একই জিনিস হচ্ছে। সুতরাং এরাস্তায় গেলে অশান্তি বাড়বে, প্রতিক্রিয়াশীল শক্তি মাথাচাড়া দিয়ে উঠবে এবং তাতে বেকার সমস্যার সমাধান হবে না। আমাদের পশ্চিমবাংলায় Eastern Rly-এর অধীনে ১০।১৫ হাজার লোকের Vacancy আছে।

মাননীয় শ্রমমন্ত্রী, মাননীয় মুখ্যমন্ত্রী দরবার করুন যাতে পশ্চিমবঙ্গ থেকে এখানে কাজের অগ্রাধিকার পায়। তারজন্য তাঁরা চেষ্টা করুন। ৪।৫ হাজার লোকের ভেকান্সি রয়েছে তারজন্য চেষ্টা করা যেতে পারে। কিন্তু তাতেও সমস্যার সমাধান হবে না। সমস্যার সমাধান করতে হলে রাজনৈতিক এবং অর্থনৈতিক নীতি সম্পর্কে ভাবতে হবে। আমরা জানি কলকাতা এবং তার আশপাশে ইঞ্জিনিয়ারিং ইণ্ডাষ্ট্রী যতগুলি আছে তার ৫০ ভাগ ক্যাপাসিটি কাজে লাগান হয়, বাকি ৫০ ভাগ আইডেল পড়ে রয়েছে। কেন তা পূর্ণ ব্যবহার করা হবে না? কেন তাতে লোক নিয়োগ করা হবে না আমি জানি না। কেন সে সম্পর্কে শ্রম মন্ত্রী মহাশয় আমাদের সরকার বলিষ্ট পদক্ষেপ নেবেন না? আমাদের দেশে বেকার সমস্যার সমাধানের জন্য এ্যাগ্রো-ইণ্ডাষ্ট্রি গড়ে তোলা দরকার। হিসাব নিলে দেখা যাবে পাঞ্জাবের ক্ষেত্রে যেখানে তারা রাসায়নিক সার হেক্টর প্রতি ৪০ কে, জি, ব্যবহার করে সেখানে পশ্চিমবঙ্গে ১৩ কে, জি, ব্যবহার করে। আমাদের পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ইলেকট্রিক পাম্প সারা ভারতের মধ্যে মাত্র ২ পারসেণ্ট ব্যবহার করা হচ্ছে, আমাদের সরকার বললেন ৩ লক্ষ ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। আমরা চাই যে কৃষিক্ষেত্রে আমাদের উৎপাদন বাড়ুক এবং এটা করতে গেলে আজ এগ্রো-ইণ্ডাষ্ট্রিজের দরকার আছে। তাছাড়া উন্নতি

হতে পারে না, সেদিকে চেষ্টা করা দরকার। আমাদের পশ্চিমবঙ্গে মডার্ণ ইণ্ডাষ্ট্রীজ নেই, যেমন ফার্মাসিউটিক্যাল, সিনথেটিক ফাইবার, এই ধরণের মডার্ণ ইণ্ডাষ্ট্রী নেই। এগুলি করা যেতে পারে এবং এর মাধ্যমে বেকার সমস্যার সমাধান করা যেতে পারে। প্রশ্ন উঠেছে যে ষ্টেট সেক্টারে করলে লোকসান হবে। জানি না এই কথাটার পিছনে কতটুকু সত্য আছে আর কতটুকু একচেটিয়া পুঁজি-পতিদের প্রচার আছে। আমরা সেদিন ইণ্ডাষ্ট্রী সম্বন্ধে আলোচনার সময় ওরিয়েণ্টাল গ্যাসএর কথা পরিষ্কার করে বলেছিলাম যেটা শিল্প মন্ত্রী মহাশয় ওয়াকিবহাল রয়েছেন, গ্যাসের দাম কিরকম কম করে দেওয়া হয়েছে। দুর্গাপুর কোক ওভেন সম্বন্ধে দু'একটা কথা বলে শেষ করব: সেখানে ৪টি ব্যাটারি বসান হয়েছে, তার মধ্যে ২টি কাজে লাগান হয়েছে আর ২টি আইডেল পড়ে রয়েছে। সেখানে ৪টি বয়লার রয়েছে, তার মধ্যে ২টি কাজে লাগান হয়েছে আর ২টি আইডেল পড়ে রয়েছে। স্টেটসম্যান কাগজ যেটা মালিকশ্রেণী একচেটিয়া পুঁজিপতিদের কাগজ তারা পর্যন্ত বলতে বাধ্য হয়েছে যে ঐ কারখানায় ঐ দুটো বয়লার যদি এইভাবে চলতে থাকে তাহলে ফেটে যেতে পারে। এরজন্য দায়ী কারা? এর জন্য দায়ী ঐ টপ ম্যানেজমেণ্ট। কেন তার পূর্ণ ক্যাপাসিটি এক্সপ্লয়েট করা হবে না সেটা আমি বুঝতে পারছি না। আমি জানিনা কেন কোক ওভেন প্ল্যাণ্ট থেকে যে কোক উৎপন্ন হয় যার দাম বাজারে ১২০ টাকা টন সেই কোক এন সি ডি ডি কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান তাকে ৯০ টাকায় বিক্রি করে লোকসান দেখান হচ্ছে। শ্রমিকরা উৎপাদন করে না তারজন্য লোকসান হচ্ছে এই কালিমা আমরা শ্রমিকদের দিতে প্রস্তুত নই। বিগত কয়েক বছর ধরে বিশেষ করে ১৯৫১ সাল থেকে আজ পর্যন্ত হিসাব ধরলে দেখা যাবে যে পশ্চিমবঙ্গে উৎপাদন বেড়েছে শতকরা ৬৫ ভাগ। সুতরাং উৎপাদন হচ্ছে না বলে সরকারী শিল্পে লোকসান হচ্ছে একথা আমরা স্বীকার করি না। আমরা মনে করি এই লোকসানের পিছনে আছে একচেটিয়া পুঁজিপতিদের চক্রান্ত এবং আমরা মনে করি যে সমস্ত টপ অফিসার রয়েছে তাদের অপদার্থতার জন্য এই লোকসান হচ্ছে। সুতরাং একচেটিয়া পুঁজিপতিদের প্রচারের কাছে আমরা যেন নতি স্বীকার না করি। কিছুদিন আগে মিঃ জ্যাভারে বলেছেন সিনকোনা ইণ্ডাষ্ট্রী সম্বন্ধে যে ভারতের অন্যান্য ইণ্ডাষ্ট্রিজের ক্ষেত্রে অবস্থা ভাল না হলেও পশ্চিমবঙ্গের অবস্থা ভাল। সব শিল্প রাষ্ট্রের হাতে গেলে, স্টেট সেকটারে গেলে যে লোকসান হবে এটা যেন চিরন্তন সত্য একথা আমরা মেনে নিতে পারি না। কারণ, এই যে সময়ের মধ্যে যে সমস্ত কারখানা বন্ধ হয়েছিল সেগুলি সবই রাষ্ট্রায়ত্ত ছিল না। সেন র‍্যালে, আই এস ডব্লু, ঢাকেশ্বরী কটন মিল, স্যাক্সবি, এগুলি তো রাষ্ট্রায়ত্ত সংস্থা নয়, তাহলে কেন বন্ধ হল একথা নিশ্চয়ই আমরা রাখব।

[4-30—4-40 p.m.]

তাছাড়া আমরা দেখেছি এ্যানজার্স বন্ধ হয়েছে, ইনচেক বন্ধ হয়েছে যেগুলি ব্যক্তিগত মালিকানায় পরিচালিত। তাহলে একথা ঠিক নয় যে, শুধু স্টেট স্কেটরগুলোতে লোকসান হচ্ছে এবং ব্যক্তিগত মালিকানায় লাভ হচ্ছে। আমাদের শিল্পমন্ত্রী মহাশয় বলেছেন, পশ্চিমবাংলার শিল্পের দুরবস্থার কথা। কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সুবিবেচনার অভাব, কাঁচামাল সরবরাহের অভাব, ওয়াগনের সরবরাহ পাচ্ছে না, প্রাইভেট সেক্টরে নিজেদের মধ্যে কোন্দল, চুরি, অপচয় ইত্যাদি অনেক কথা তিনি বলেছেন। তাহলে ব্যক্তিগত মালিকানা শুভ এবং স্টেট সেক্টর অশুভ একথা আমরা মানিনা। আমাদের শ্রমমন্ত্রী মহাশয় নিজে জানেন পশ্চিমবাংলায় অনেক বন্ধ কারখানা খোলা হয়েছে। যেগুলি স্টেট সেক্টরে খোলা হয়েছে সেগুলি চলছে এবং কতগুলির পরিচালনার ভার রয়েছে ব্যক্তিগত মালিকানার অধীনে। সেন র‍্যালে ইণ্ডাসট্রীজ ভারত সরকারের গঠিত

ইণ্ডাষ্ট্রীয়াল রিকন্সট্রাকসন কর্পোরেসনের সাহায্যের দ্বারা আবার খোলা হল। কিন্তু সেখানে কাঁচামা নেই, শ্রমিকরা বসে আছে, উৎপাদন হচ্ছে না এবং শ্রমিকরা দিন গুনছে আবার কবে এটা ব হবে। মোহিনী মিল খোলা হল এবং সেটা ব্যক্তিগত মালিকানার পরিচালনাধীনে এখনও রয়েছে সেখানে শ্রমিকদের ভাগ্যে কি জুটেছে, না, ৩৮ টাকা তাদের বেতন কাটা হল। কিন্তু রাষ্ট্রী ক্ষেত্রে এগুলি হয় না। সেইজন্যই বলছি যে ওই যুক্তি আমরা মানিনা, আমরা ওটা স্বীকার করিনা। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মনে করি পশ্চিমবাংলায় যে সংকট রয়েছে তাকে যদি সুষ্ঠুভাবে পরিচালনা করতে হয় তাহলে এই পথে যেতে হবে। বেকার সমস্যার সমাধান এবং কর্মের সংস্থান এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে হয় এটা বুঝলাম। কিন্তু কর্মই যদি না থাকে তাহলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে কি হবে? দুর্নীতি আছে এমপ্লয়মেণ্টের ক্ষেত্রে, নানা রকম বৈষম্য হচ্ছে দুর্গাপুর প্রোজেক্টে এবং তা নিয়ে বিস্তৃত আলোচনা হয়েছে। কিন্তু তবুও আমার বক্তব্য হচ্ছে কর্ম সংস্থানের ক্ষেত্র যদি বাড়ান না যায় তাহলে যন্ত্র যতই হোক না কেন তাতে কোন ফল হবে না। কাজেই একমাত্র পথ হচ্ছে একচেটিয়া পুঁজির উপর আঘাত করা এবং তাদের যেসমস্ত মুনাফা রয়েছে তার উপর ঝাপিয়ে পড়তে হবে। আপনার মাধ্যমে আমি এখানে একটা কথা বলতে চাই। ১৩ই, ১৪ই মে, ১৯৭২, নয়া দিল্লীতে "গণতন্ত্র রক্ষা সোসাইটি" কর্তৃক আয়োজিত "গোলটেবিল" আলোচনার উদ্বোধন করেন ভারতের প্রতিরক্ষা মন্ত্রী শ্রীশুক্লা। তিনি সেখানে বলেন, "অর্থনৈতিক ক্ষমতার কেন্দ্রীকরণে বাধাদান করা যদি সরকারের নির্ঘোষ সামাজিক ও রাজনৈতিক উদ্দেশ্য হয় তবে মৌলিক এবং ভারী শিল্প বলে বর্ণিত অঞ্চলে একচেটে পুঁজির রাষ্ট্রীকরণ একটি অপরিহার্য কর্তব্য। গরিবী হটাবার স্বার্থক কার্যক্রম রচনার জন্য একচেটে পুঁজির বিলোপ-সাধন একটি পূর্বশর্ত। উৎপাদনের উপকরণের বৃহদংশ একচেটে পুঁজির জিম্মায় রেখে গরিবী দূর করার সম্মুখ সমর শুরু করাই অসম্ভব"। স্যার, এটা আমার কথা নয়, কেন্দ্রীয় মন্ত্রী মিঃ শুক্লার কথা। কিছুদিন আগে মুখ্যমন্ত্রী একটি বক্তৃতায় বলেছিলেন যে, সারা ভারতের ক্ষেত্রে যেমন ৭৫টি বৃহৎ ঘর ভারতের সমস্ত পুঁজিকে নিয়ন্ত্রিত করে ঠিক তেমনি পশ্চিমবাংলার ক্ষেত্রে ১৩টি ঘর পশ্চিমবাংলার পুঁজিকে নিয়ন্ত্রিত করে। একটা হিসেবে দেখা যায় ১৯৬৭-৬৮ সালে সারা ভারতবর্ষে যে মূল সম্পদ ছিল তার সাড়ে সাত হাজার কোটি টাকার মধ্যে ব্যক্তিগত মালিকানায় রয়েছে ৪ হাজার ৩২ কোটি টাকা। অর্থাৎ সিক্সটিফাইভ পারসেণ্ট অব দি টোট্যাল সেটা ব্যক্তিগত মালিকানার হাতে রয়েছে। আমরা একথা জানি ভারতবর্ষে এসো, বার্মাসেল এবং ক্যালটেক্স-এর মাত্র ২২ কোটি টাকা মূলধন এবং তারা গত ১৪ বছরে এই ভারতবর্ষ থেকে ১ হাজার ৪৮ কোটি টাকা রপ্তানি করেছে। তারই পাশে রয়েছে ইণ্ডিয়ান অয়েল কোম্পানি।

এরা ৪০% লভ্যাংশ দিয়েছে, আর তার পাশেই ইণ্ডিয়ান ওয়েল কোম্পানী তাদের অবস্থা কি, ৩% ও তারা দিতে পারে নি—অথচ বাধা কোথায়? আজকে আমাদের ২৪ লক্ষ যুবক বেকার, তারা হাহাকার করে ঘুরে বেড়াচ্ছে। আমরা যদি তাদের কর্মসংস্থানের কথা না ভাবি, আমরা যদি আমাদের দেশের যুবকদের কর্মসংস্থান করে দিতে চাই, তাহলে বাধা কোথায়, আমরা যদি পশ্চিমবাংলাকে সুন্দর করে গড়ে তুলতে চাই তাহলে বাধা কোথায়? ঐ বিদেশী পুঁজি। আজকে তেল কোম্পানীগুলিকে জাতীয়করণ করতে হবে। এই বিধান সভায় কয়লাখনিকে জাতীয়করণের জন্য প্রস্তাব আমরা পাশ করেছি, কিন্তু দুঃখের বিষয় আজও তা কার্য্যকরী হয়নি। দুঃখের কথা আমি বলতে বাধ্য কেন্দ্রীয় সরকার একদিকে যেমন একটার পর একটা প্রগতিশীল আইন আনছেন ব্যাঙ্ক, ইনসিওরেন্স জাতীয়করণ-এর জন্য, কিন্তু তারপরে যেন একটা জায়গায় এসে থমকে দাঁড়িয়েছে। কিন্তু আমি বলতে চাই এ বাঘের পিঠে চড়া, থামলেই খেয়ে ফেলবে। প্রতিক্রীয়াশীলকে আঘাত করে থমকে দাঁড়ালে প্রতিক্রিয়াশীলরা চূড়ান্ত আঘাত হানে। সেই সম্বন্ধে আমি সাবধান করে

দিতে চাই। আমরা জানি চা বাগানের মালিকরা গত বছরে উদ্বৃত্ত মুনাফা করেছে ১৪৮ কোটি টাকা। ঐ চটকল মালিকেরা এবারে যখন মিটিং হয়েছিল লেবার মিনিষ্টার সেখানে উপস্থিত ছিলেন। তারা ৩০০ কোটি টাকা তারা তাদের বাড়তি মুনাফা করেছে, আজ বলছে টাকা নেই। ঐ বিড়লা তাদের ১১৮টি সংগঠন পশ্চিমবঙ্গে রয়েছে। আমি বিড়লার কয়েকটির মাত্র হিসাব দিচ্ছি, হিন্দ মোটরস, বিড়লা জুট মিল, টেক্সম্যাকো, কেশোরাম এই কয়েকটি মাত্র কারখানায় তারা ১৮ কোটি টাকা মুনাফা করেছে, তবুও আমাদের দেশের ছেলেরা কাজ পাবে না, কারণ এদের পুঁজিতে হাত দেওয়া যাবে না। এই পুঁজি এরা কোথায় নিয়ে যাচ্ছে? পশ্চিমবঙ্গের উন্নতির জন্য নয়, তারা নিয়ে যাচ্ছে বাহিরে, তারা ইথিওপিয়াতে কারখানা খুলেছে, নাইজিরিয়াতে তারা কারখানা খুলছে, উগাণ্ডাতে তারা কারখানা খুলছে, থাইল্যাণ্ডের পেনাং আর ক্যানাডার অটোয়াতে তারা কারখানা খুলছে। আর পশ্চিমবঙ্গে কোম্পানী তারা রেজিষ্ট্রি করেছে, কিন্তু তারা পুঁজি খাটাচ্ছে উত্তরপ্রদেশের মির্জাপুরে ১০ কোটি টাকা, এটা আমরা জানি। আমরা জানি কেশোরামের টাকা নিয়ে দুর্গাপুরে সিমেন্ট কারখানা করবার কথা ছিল। কিন্তু সেই টাকা নিয়ে তারা হায়দ্রাবাদে ৬ কোটি টাকা খাটাচ্ছেন। বিড়লা জুট মিল তারা এই পশ্চিমবঙ্গের টাকা নিয়ে মধ্যপ্রদেশে কারখানা খুলছে। তাই আমি মনে করি এই সমস্যা থেকে বাঁচতে গেলে পুঁজিপতিদের উপর আঘাত হানা দরকার। আমি আর দুএকটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। এই একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে যদি চরম আঘাত হানা না যায় তাহলে পশ্চিমবঙ্গের অর্থনীতি ও বেকার সমস্যার সমাধান হবে না। অপর দিকে শ্রমিক আন্দোলন ও শ্রমিক শ্রেণী বিপদাপন্ন হবে। আজ সুরু হয়েছে সন্ত্রাস, আমি মনে করি না একটি দল বা একটি পার্টি তারা সন্ত্রাস করে। আজকে কয়লাখনিতে সুরু হয়েছে সন্ত্রাস। কলকাতার বুকেও সেই সন্ত্রাস চলছে। আমি এখানে একটা কেস মেনসান করেছিলাম। আমেরিকান কোম্পানী তারা গুণ্ডা লেলিয়ে দিয়েছে শ্রমিক আন্দোলনের বিরুদ্ধে, মেনসান করলাম কাল, আজ আমেরিকান কোম্পানী সেই ১২ জন শ্রমিককে কারখানার উপর চড়াও করা হয়েছে। আজ চারিদিকে সন্ত্রাস তারা চালিয়েছে। আজ শ্রমিকরা ভীত সন্ত্রস্ত। মালিকেরা আঘাত করে চলেছে। তাই আবেদন করছি যে ঐক্য গড়ে তুলে শ্রমিকদের দাবী আদায় করার জন্য তাকে সাহায্য করা ও অন্যদিকে শ্রমনীতিকে বাস্তবে রূপায়িত করবার জন্য পশ্চিমবঙ্গে অশান্তি দমন করবার জন্য এবং শ্রমিকদের মজবুত করবার জন্য শক্তিশালী আইন আনুন, এই আবেদনই আমি জানাবো।

[4-40—4-50 p.m.]

**শ্রীলক্ষ্মীকান্ত বোস:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শ্রম দপ্তরের দাবী পেশ করতে গিয়ে পশ্চিমবঙ্গের শ্রমমন্ত্রী যে কথা আমাদের হাউসের কাছে জানিয়েছেন তাতে সরকারী চেষ্টার আভাস আছে কিন্তু দৃঢ়তার আভাস আছে বলে আমি মনে করি না। সভ্যতার সুরু থেকে শ্রমিক এবং মালিকের সেই সম্পর্কের খুব একটা উন্নতি হয়নি। লড়াই চলছে। শ্রমিকের একটা চরিত্র সে লড়াই করে বাঁচবার জন্য, মালিকের একটা চরিত্র সে লড়াই করে শুধু বাঁচবার জন্য নয়, দেশকে যাতে আরো বেশী মুনাফা হয়, বেশী মুনাফা করা যায় শ্রমিক শোষণ করে, দেশকে শোষণ করে, জাতিকে শোষণ করে, তার জন্য তারা লড়াই করে। আমরা দেখেছি এখানে মালিকের চরিত্রের কোন তফাত নেই একজন শ্রমিকের। ফলে কারখানায় যখন ডি, এ এবং অন্যান্য সুযোগ সুবিধার সুযোগ নিয়ে আন্দোলন করে দাবী আদায় করে বাড়ী ফেরে তখন তার বাড়ীতে সে সেখানে এম্প লয়ার হয়ে যায়। তার বাড়ীতে ঝি বা চাকর থাকে, ২০ পার্সেন্ট বোনাস নিয়ে এলে তাকে কিন্তু ২০

পার্সেন্ট দিতে প্রস্তুত থাকে না। এটা মালিকের চরিত্রের সঙ্গে সঙ্গে যে শ্রমিক লড়াই করে এলো সেই শ্রমিক সেই মালিকের আসনে বসলে মালিকের চরিত্র তার মধ্যে প্লে করতে লাগলো। সেখানে তার বাড়ীর ঝি বা চাকরকে অনুরূপ আচারণ করে আদায় করে নিতে হয়। এইটাই মনোবিজ্ঞান। তাই মালিকের এই চরিত্রকে আটকে রাখবার জন্য আমাদের বলিষ্ট নীতি গ্রহণ করতে হবে। এই বলিষ্ঠ নীতি গ্রহণ করতে গিয়ে আমাদের পশ্চিমবঙ্গে দেখতে পাচ্ছি তীব্র বেকারী এবং এই তীব্র বেকারীর সুযোগ নিয়েছেন মালিকরা। মালিকদের সঙ্গে শ্রমিকদের লড়াই, কোথায়ও শুধু মালিক নয়, মালিকদের সঙ্গে দালালদের লড়াই, সেই লড়াইয়ে শ্রমিকরা বলি হচ্ছে। আজ দেশে বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। আমাদের শ্রমমন্ত্রী মহাশয় কলকারখানা খুলছেন ঘোষণা করেছেন, আনন্দের কথা। সেই সঙ্গে নূতন নূতন কারখানা বন্ধ হওয়ারও নজির কম নেই, গতকালও বন্ধ হয়েছে। আরো বন্ধ হওয়ার নোটিশ ঝুলছে, সেন্ট্রাল রাবার ওয়ার্কস থেকে সুরু করে অনেকগুলি কারখানা। আমরা জানি এখানে লেবার ইন ওয়েষ্ট বেঙ্গল, বলে একটা বিবরণী, পুস্তিকা সরকার প্রকাশ করেছেন। এই পুস্তিকায় কিন্তু আমরা একটা জিনিস দেখছি এখানে পশ্চিমবঙ্গে। যেখানে ভারতবর্ষের সবকটি রাজ্যে সান্স অব দি সয়েলের চাকরীর ক্ষেত্রে অগ্রাধিকার দাবী করা হয়েছে। পশ্চিবঙ্গেও এই দাবী সমর্থিত হয়েছিল। কিন্তু আজকে আমি বলবো এই হাউসে এই সম্পর্কে তার দৃঢ় ঘোষণা দাবী করবো। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে বিভিন্ন কারখানায় যারা সেখানে কাজ করছে, পশ্চিমবঙ্গের অধিবাসী, তাদের সংখ্যা শতকরা ৪০ জনের কম। তাহলেই দেখতে পাচ্ছেন ভারতবর্ষে—শ্রমমন্ত্রী বলতে পারেন, অন্যান্য প্রদেশে কোথায় এইরকম সেই প্রদেশের লোকের সংখ্যা কর্মে নিযুক্ত ৪০ ভাগের কম। আমাদের মাননীয় একজন সদস্য পাট কলের মাইনে বৃদ্ধিতে শ্রমদপ্তরকে ও আমাদের মন্ত্রী মহাশয়কে প্রশংসা করেছেন। এই যে সান্স অব দি সয়েলের কথা বললাম, চটকলে ভীষণভাবে এটা লক্ষ্য করা যায়। পশ্চিমবঙ্গের চটকলগুলিতে পশ্চিমবঙ্গের মানুষ কাজ করে শতকরা ২১·৭৮, অত্যন্ত লজ্জার কথা, ঘৃণার কথা, ক্ষোভের কথা। আজকে ওখানে ন্যূনতম মজুরীর হার আগেই নির্ধারিত হয়ে গেল ২৩৫ টাকা, আর অন্যান্য জায়গায় মজুরীর হার ছাড়াই চলছে। আজকে আমরা দেখতে পাচ্ছি মালিক সাধারণতঃ বলে থাকেন '৬৭ ও '৬৯ সালে পশ্চিমবঙ্গে শ্রমিক অসন্তোষ ছিল, লেবার আনরেষ্ট ছিল, কলকারখানার অবস্থা কাহিল ছিল। আমি এই সরকারের প্রদত্ত যে ষ্টাটিসটিক্স সেই ষ্টাটিসটিক্স অনুযায়ী আমি দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে '৬৭ ও '৬৯ সালে ক্লোজারের সংখ্যা—'৬৭ সালে হয়েছে ১০,৩৩৫টি।

১৯৬৯ সালে হয়েছে ৩২ হাজার ৩৭৭ জন শ্রমিক। আর ১৯৭০ সালে লেবার আনরেষ্ট কমে আসল, শিল্পে শান্তি প্রতিষ্ঠিত হয়েছিল তাই ক্লোজারের আওতায় পড়েছে ৭১,৫১৩ জন শুধু ক্লোজা[র] নয়, লে-অফ এর সংখ্যাও আমরা আনুপাতিক হারে দেখতে পাচ্ছি। তাই এর জন্য নিশ্চয়[ই] লেবার আনরেষ্ট দায়ী ছিল না। আমি ঘোষণা করছি শিল্পে শ্রমিকরা অনেক সংযত হয়েছে, শিল্পে অগ্রগতি হয়েছে, কিন্তু ক্লোজার, লে-অফ এবং অন্যান্য মারণাস্ত্র যা প্রয়োগ করেন মালিকরা তা[র] সংখ্যা অনেক গুণ বেড়ে গিয়েছে, বেড়ে যাচ্ছে। এর জন্য দায়ী কে? শ্রমিকরা নয়, তৎকালী[ন] পরিবেশ নয়, বর্ত্তমান পরিবেশ। তাহলে সেই মালিকরা যারা ট্রেড ইউনিয়নের আন্দোলনের [কাছে] নতি স্বীকার করেছিল, তারা ভাবছে এবার বুঝি মালিকদের যুদ্ধ হয়েছে, নূতন নূতন ভাবে এদে[র] কর্ম থেকে চ্যুত করব। দুঃখের কথা লজ্জার কথা। হিন্দুস্থান মোটর বিড়লাদের একচেটি[য়া] কারবার, পশ্চিম বাংলায় অন্য কোন কারবার হয়েছে কিনা জানিনা, আমি সেখানকার শ্রমিকদে[র] সঙ্গে যুক্ত আছি। অদ্ভুত কথা, বহু বহু ট্রেড ইউনিয়ন সেখানে হয়েছে আমরা দেখতে পা[চ্ছি]

মালিকরা শ্রমিকদের কোন নিয়োগপত্র দেয় না, এ্যাপয়েন্টমেন্ট লেটার পেয়ে তারা চাকুরি পায় না। অদ্ভুত কথা, আমি চাকুরিতে আসব আমি কি টার্মস এণ্ড এগ্রিমেণ্টে চাকুরি পেলাম আমি জানি না, কতদিন-এর জন্য আমার চাকুরি আমি জানি না, ন্যূনতম মজুরী কত নির্ধারিত হল সেটা আমি জানি না, মাইনে পাবার পর দেখছি কেউ পেয়েছে ২১৩ টাকা, কেউ পেয়েছে ১২৫ টাকা আবার কেউ পেয়েছে ৪২৫ টাকা। আমি জানি না কিভাবে ন্যূনতম মজুরী সিদ্ধান্ত হল। এই ভাবে শ্রমিকদের অন্য দিকে নিয়ে শোষণ করা হচ্ছে। (এখানে সবুজ আলো জ্বলে উঠায়, একটু সময় চাওয়া হল)—শুধু মালিকদের ক্ষেত্রেই নয়, সরকারী ক্ষেত্রেও দেখতে পাচ্ছি, একথা আমি অনেক দিন আগেও বলেছিলাম, পুলিশ এবং হোম গার্ড সমান পরিশ্রম করে, সমানভাবে ডিউটি করে, রাস্তা চলতে যান দেখবেন হোম গার্ড ট্রাফিক কণ্ট্রোল করছে পুলিশের ক্ষমতা পেয়ে। পুলিশের মাইনে কত, কিন্তু হোম গার্ড পাচ্ছে ১০৫ টাকা, কেউ কেউ বলছেন ইউনিফর্ম পরে আন্দোলন করছে, ইউনিফর্ম পরে আন্দোলন করলে ইউনিফর্মের মর্য্যাদা থাকে কি? সরকার কি ইউনিফর্মের মর্য্যাদা দিচ্ছেন? একজন পুলিশ যখন তার ইউনিফর্ম পরে নিহত হন অন ডিউটি থেকে গভর্ণমেণ্ট তাকে যে বেনিফিট দেন, ভলাণ্টারী সার্ভিস দিতে গিয়ে ভলাণ্টারী ইউনিফর্ম পরে কি সে মর্য্যাদা পায়? তাদের কি ব্যবহার করা হয়? সরকার অসন্তুষ্ট হবেন না। এছাড়া আমি দেখতে পাচ্ছি অসৎ ব্যবসায়ী পশ্চিমবঙ্গে অনেকগুলি সুযোগ নিয়ে শ্রমিকদের শোষণ করছে, আমার বক্তব্য অনেক ছিল সময় সংক্ষেপ সেজন্য সব বলতে পাচ্ছি না। ইমার্জেন্সী জারীর পর ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়ার যখন শ্রমিক ষ্ট্রাইক ডাকল তখন মাননীয় ফুড কমিশনার জানিয়ে দিলেন—এখন ইমার্জেন্সী, এখন ধর্মঘট বে-আইনী, ক্লোজার বে-আইনী। আবার দেখলাম বামারলরীতে ইমার্জেন্সী পিরিয়ডে ক্লোজার ডিক্লেয়ার করল, তাদের ক্ষেত্রে কিন্তু ইমার্জেন্সী প্রযোজ্য হল না, মালিকদের ক্ষেত্রে ইমার্জেন্সী প্রযোজ্য হল না, শ্রমিকদের ক্ষেত্রে প্রযোজ্য হল। আমি কতকগুলি দাবী জানাব। কতকগুলি ম্যালপ্রাকটিস এবং ব্লাকমেলিং চলছে, সরকারকে এগুলি দমন করতে হবে। একটা হল—বেকারী দূর করার জন্য বদলী প্রথা যা কারখানায় চালু আছে, সেই প্রথা অপসারণ করতে হবে। যারা বদলীতে দীর্ঘদিন ধরে কাজ করছে তাদের কর্মে নিয়োগ করে নিতে হবে। কনট্রাক্ট লেবারদের, শ্রমিকদের শ্রমের অধিকার কাটা চলবে না। এই কয়েকটি কথা বলে বক্তব্য শেষ করছি।

[4-50—5-00 p.m.]

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্যার, মাননীয় শ্রম মন্ত্রী মহাশয় ৬ কোটি ৫ লক্ষ ১২ হাজার টাকার যে ব্যয় বরাদ্দ এনেছেন তাকে আমি সমর্থন করছি। এই ব্যয় বরাদ্দ সমর্থন করতে গিয়ে স্যার, শ্রম মন্ত্রী মহাশয়ের প্রশংসা নিশ্চয়ই করতে হয়, কেননা পশ্চিম বাংলায় শ্রম নীতির ক্ষেত্রে তিনি একটা নূতন পথের দিশারী এবং তিনি যে নূতন পথের সন্ধান দিয়েছেন তার জন্য তাঁকে, তার দপ্তরকে আপনার মাধ্যমে ধন্যবাদ জানাই। ১৯৭১-৭২ এর মধ্যে ৭ হাজার শ্রমিক চাকরি পেয়েছেন এটা স্বীকার করতে হয়, এবং এই শিল্পে ১৮৯.৭০ থেকে ২৩৫ টাকা জুট শ্রমিকদের বেতন বেড়েছে সেটা স্বীকার করতে হয়। স্বীকার করতে হয় মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ৬০ দিনের নোটিশ না দিয়ে কারখানা বন্ধ করা চলবে না, gratuitya ব্যাপারে তিনি ব্যবস্থা করেছেন এসব স্বীকার করতে হয়। এই শ্রম নীতি বলবৎ করবার জন্য তাঁর দপ্তর এবং শ্রম মন্ত্রীর আরও কিছু করা উচিত ছিল। তা সত্ত্বেও আমি বলবো যে এই দপ্তরের কৃতিত্ব ও শ্রম মন্ত্রী মহাশয়ের কৃতিত্ব অনেক আছে ও সেই কারণে শ্রমজীবী মানুষের তাঁর উপর আস্থা আছে। কিন্তু আমি বলতে বাধ্য হচ্ছি যে তিনি শ্রমিকদের কল্যাণের জন্য যে সমস্ত আইন করেছেন, যেমন শিল্প বিরোধ আইন, দোকান কর্ম্মচারী

আইন, Standing Orders Act, Payment of Wages Act, Motor Transports Workers Act, Factory Act, Minimum Wages Act, Industrial Dispute Act, ইত্যাদি এই যে সমস্ত আইনগুলি রয়েছে এই আইনগুলি এত পুরান ও এত সেকেলে যে এর দ্বারা শ্রমিকদের কল্যাণ করা সম্ভব নয়। Industrial Dispute Act, শিল্প বিরোধ আইন ইত্যাদি অনেক আইন আছে যে সব আইন প্রয়োগ করবার অবকাশ নেই। আমি তাই বলছি যে এই যে Industrial Dispute Act, শিল্প বিরোধ আইন এর যে পদ্ধতি এতে বিলম্বিত হয় যে এটা শ্রমিক স্বার্থ বিরোধী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা শ্রমিক হয়তো ছাটাই হলো লেবার কমিশনারের উপর হয়তো dispute দেওয়া হল, তিনি পাঠালেন শ্রম দপ্তরে, তারপর গেল court-এ এবং court থেকে সে আবার হয়তো গেল High Court-এ এইভাবে শ্রমিকদের যে মাহিনা বা বকেয়া পাবার জন্য High Court-এর রায় বহাল হ'ল সেখান থেকে হয়তো আবার লেবার কমিশনার এবং শেষে Asansol Subdivisional Magistrate Courtএ কেশ করতে হবে সেই টাকা ফেরৎ পাবার জন্য। দুঃখের কথা আমাদের যে শ্রম দপ্তর রয়েছে এটা একটা সালিশি দপ্তরে পরিণত হয়েছে। শ্রম কমিশনার, যুগ্ম কমিশনার এবং শ্রম দপ্তর, এবং এমন কি শ্রম মন্ত্রী সকলেই সালিশি করছেন। কিন্তু ঐ যে শ্রমিককে ছাঁটাই করা হচ্ছে বে-আইনী ভাবে তার জন্য কি করা হচ্ছে? আজ শ্রম দপ্তরে উঁচু নীচু পর্য্যন্ত কোনো কর্তৃপক্ষের ক্ষমতা নেই যে মালিককে বাধ্য করতে পারেন যে শ্রমিককে ছাঁটাই করা চলবে না বা শ্রমিক ছাটাই বন্ধ কর। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই এই শিল্প বিরোধ আইনের পরিবর্তন করুন এবং এই আইনের আমূল সংস্কার প্রয়োজন। সংশ্লিষ্ট দপ্তরের এর জন্য ক্ষমতা চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্প বিরোধ আইনে যে সমস্ত ধারা আছে সেই লেবার Act আছে Adjudication, Conciliation আছে একটা শ্রমিককে ২/৩ বৎসর ধরে লড়তে হয়। তারপরও সে শ্রমিক তার পয়সা ফেরৎ পায় না, কারণ তার হাতে ক্ষমতা নেই। একটা শ্রমিক যদি ১, বা দুই মাস বেতন না পান তার অবস্থা কি হয়? একটা শ্রমিক যদি তিন বৎসর লড়াইয়ের পরে আসানসোল court থেকে টাকা নিতে হয় তাহলে কি অবস্থা তা আমি চিন্তা করতে বলি। Workmen's Compensation যে Act আছে, তাতে Workmen's Compensation Court আসানসোল করার কথা হয়েছিল তিনি তা করতে পারেন নি। শ্রম মন্ত্রী মহাশয় বলেছিলেন যে আসানসোলে court হবে কিন্তু হয়নি। আজ এরূপ অবস্থা হয়েছে যে scheduled case করলে তা গ্রাহ্য হয় না ও তা গ্রাহ্য না হলে কোন শ্রমিকের কোন উন্নতি হওয়া সম্ভব নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ আমরা ১৯৭২ সালে এসে দাঁড়িয়েছি। শ্রমিকদের জীবন যাত্রার মান তার যা পরিসংখ্যান যা শ্রম দপ্তর ঠিক করেন তা সেই British আমলের। তাতে বৃটিশ আমলের পরিসংখ্যান দেওয়া হয় ও British আমলে শ্রমিকদের যেভাবে জীবন যাত্রার মান ঠিক করা হত সেই ভাবে করা হয়। আমি মনে করি এর পরিবর্তন করা প্রয়োজন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রম মন্ত্রী মহাশয় ১৯৬৭ সালের বাজেট বক্তৃতায় E. S. I. schemeএর উপর অনেক কথা বলে ছিলেন। ১৯৬৭ সালে যে অবস্থা ছিল আজও সেই অবস্থায় দাঁড়িয়ে আছে। তিনি ১৯৬৭ সালে যে বাজেট বক্তৃতা করেছিলেন তাতে তিনি সুবোধ ব্যানার্জীকে যা বলেছিলেন আজকেও সেই E. S. I. schemeএর কোন পরিবর্তন হয়নি। সেই যে তিমিরে সেই তিমিরেই আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কয়েকটি কথা বলে মাননীয় শ্রম মন্ত্রী মহাশয় যে আশার আলো এনেছেন সেটা তিনি রক্ষা করবেন ও শ্রমিকদের ক্ষেত্রে প্রগতিশীল পরিবর্তন করবেন এই বিশ্বাস রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীতপন কুমার চ্যাটার্জী**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বেকার সমস্যা এক নম্বর সমস্যা। বিগত ৫ বৎসর যাবৎ কাজের মন্দা শিল্পে অশান্তি ও আইন শৃঙ্খলার জটিল

পরিস্থিতির জন্য লক্ষ লক্ষ বেকারের সৃষ্টি হয়েছে। শ্রমিক শ্রেণী একদিকে মালিকের দ্বারা, অপর দিকে ট্রেড ইউনিয়ন নেতাদের দ্বারা শোষিত হচ্ছে। বাজারে কিছু ট্রেড ইউনিয়ন নেতা বেরিয়েছে যারা বিনা পুঁজিতে ট্রেড ইউনিয়ন ব্যবসায়ী হয়ে দাঁড়িয়েছে। আগে যারা সামান্য একটি বিড়ি খেতে পেতে না, সে আজকে দামী Capstan Cigarette খাচ্ছে। তারা শ্রমিক শ্রেণীর বিরক্তি উৎপাদন করছে ও সাধারণ অর্থনীতিকে অস্বীকার করছে। আর এইভাবে এমন একটি অবস্থার সৃষ্টি করছে যার ফলে শ্রমিকদের মাথায় একটা পাগড়ি দেবার রাজনীতি পশ্চিমবঙ্গে হাজার হাজার শিল্পকে বন্ধ করে দিয়েছে। আমি শ্রম মন্ত্রীকে অনুরোধ করবো আপনি অবিলম্বে এই সব বন্ধ করুন। এই সব নোংরামি যদি আপনি শীঘ্র বন্ধ করতে না পারেন, তাহলে এই বেকার সমস্যার সমাধান কোনদিনই আপনি সমাধান করতে পারবেন না। সেইজন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি শ্রমিকদের স্বার্থ রক্ষা করা যদি মহৎ কর্তব্য হয়, তাহলে আসুন এমন আইন আপনি প্রণয়ন করুন যাতে একটা কারখানায় মাত্র একটা ইউনিয়ন হবে। একটি কারখানায় একটা ইউনিয়নের পরিবর্তে যদি ৪।৫টি ইউনিয়ন হয় তাহলে মালিক নিশ্চয়ই তার সুযোগ সুবিধা নেবে। শ্রমিক শ্রেণীর ঐক্যবদ্ধ আন্দোলনকে দ্বিধা বিভক্ত করে দেবে। তাই শ্রম মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি বর্তমানে যে সব পুরান আইন রয়েছে, তা অবিলম্বে পরিবর্তন করুন। এই যেমন Industrial Dispute Actএর Section 26 ও Section 33(c) অবিলম্বে সংশোধন করা দরকার। Conciliation অফিসারদের disputes dispose of করবার ক্ষমতা দেওয়া দরকার। তা নাহলে শ্রমিকদের এই জটিল অবস্থা আরো জটিলতর হবে, বেকার সমস্যার সমাধান কল্পে কলকারখানা রবিবার চালু করে বেকারদের নিয়োগ করুন ও শ্রমিকদের সেদিন ছুটি দিন। আর যে কারখানায় এখন একটি বা দুটো শিফট্ চালু আছে, সেখানে তিনটা শিফট অবিলম্বে চালু করুন। বহু কলকারখানায় Idle machine রয়েছে, তা চালু করা দরকার।

আমার নির্বাচন কেন্দ্র পাণিহাটি যেখানে বিদ্যাসাগর কটন মিল রয়েছে। একসঙ্গে সেখানে দুশোটি লুম তারা চালায় না। মাত্র ৫০টি লুম চালু করে Composite Factory Rule অনুসারে। এই রকম পুরা লুম চালু করে না এর ভুরি ভুরি উদাহরণ দেওয়া যেতে পারে। এই লুম সব চালু করলে অনেক বেকারের চাকরীর সংস্থান হতে পারে।

আমাদের পশ্চিমবঙ্গে ৫ কোটি টাকা ওভার টাইম বাবদ দেওয়া হচ্ছে। মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি অবিলম্বে এই ওভার টাইম প্রথা বন্ধ করুন। আজকে ব্যাংকের কর্মচারীরা সব চেয়ে মোটা টাকা মাইনে পায়। সেই ব্যাংকেরও ওভার টাইম প্রথা বন্ধ করা দরকার। আর যেখানে এই Labour Contract System চালু আছে, সেখানে সেটা অবিলম্বে বন্ধ করে নূতন শ্রমিক নিয়োগ করা যেতে পারে।

তারপর E. S. I.এর মাধ্যমে যে সমস্ত শ্রমিক শ্রেণীতে সাহায্য দেওয়া হয়, সেটা খুবই অপ্রতুল ও নগণ্য। তার ফলে এই E. S. I. তে শ্রমিকদের সুষ্ঠু চিকিৎসা হচ্ছে না। এই E. S. I.-র ডাক্তার, দোকানদার, সরকারী কর্মচারী—সব একধার থেকে চোর। এদের এই চুরি অবিলম্বে বন্ধ করা দরকার। তা নাহলে এই E. S. I. একটা প্রহসনে পরিণত হতে চলেছে। তা যদি বন্ধ না করতে পারা যায়, তাহলে এই E. S. I. অবিলম্বে গভর্ণমেণ্ট থেকে তুলে দেওয়া দরকার। তাই আমি মাননীয় শ্রম মন্ত্রীর কাছে আবেদন করবো এই E S. I. ডিপার্টমেন্টের উপর আপনি একটু নজর দেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

**শ্রীতৃপ্তিময় আইচ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রম মন্ত্রী শ্রম ও কর্মসংস্থান দপ্তরের জন্য যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন জানাই। সমর্থন জানাতে গিয়ে আমি দু

একটি কথা বহুবার প্রয়োজন আছে বলে মনে করি। পশ্চিমবঙ্গে আমরা নির্বাচনের পূর্বে আমরা যে যে প্রস্তাব দিয়েছিলাম সেই প্রস্তাবের মধ্যে একটা প্রধান প্রতিশ্রুতি ছিল যে আমরা বেকার ভাইদের চাকুরী দেবো। আজকে এই সরকারের দিকে অনেক আশা আকাঙ্খা নিয়ে ঐ বেকার ভাইরা তাকিয়ে আছে যে এই জনপ্রিয় সরকার বেকার সমস্যার সমাধান করবেন। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত কোন নূতন কলকারখানা খুলে নূতন কোন কর্মসংস্থানের ব্যবস্থা করা গেল না। আমি ব্যক্তিগতভাবে শ্রম মন্ত্রীর প্রতি আহ্বান। তিনি অনেক বন্ধ কলকারখানা খুলেছেন, কিন্তু নূতনভাবে কোন কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারেন নি। অপর দিকে যে সমস্ত কলকারখানা দুর্বল হয়ে পড়েছে সেগুলি সম্বন্ধে সরকার উদাসীন। সেখানে শ্রমিকদের চাকুরীর স্থায়িত্ব বা নিশ্চয়তা কিছু নেই। যদি তা না থাকে তাহলে উৎপাদন বৃদ্ধিতে শ্রমিকরা উৎসাহ পায় না। আমার অঞ্চলে হীরাপুর কেন্দ্রে আই, আই, এস, কোং, আই, এস, ডব্লু, ঢাকেশ্বরী কটন মিল এই সমস্ত মিল ও কারখানা আছে। এই আই, আই, এস, কোং তে ২৪ হাজার লোক কাজ করে। এই আই, আই, এস, কো সম্বন্ধে আমি সরকারের কাছে বার বার দাবী করেছিলাম যে এই আই, আই, এস, কোং-এর অবস্থা অত্যন্ত সংকটাপন্ন। আই, আই, এস, কোং প্রোডাক্সন ৩০% বাড়িয়েছে। কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয় যে সেখানে সরকারের ৫২% শেয়ার থাকা সত্ত্বেও প্রপার ম্যানিং নেই নূতন মেসিনারী নাই দীর্ঘদিন যাবৎ আর কর্তৃপক্ষরা নিজেদের মধ্যে ক্ষমতার লড়াই করে চলেছে। ঢাকেশ্বরী কটন মিলেরও সেই অবস্থা। তাই আজকে সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই যে সরকার যদি এই ব্যাপারে সজাগ না হয় তাহলে পশ্চিমবাংলায় বেকার সমস্যা সমাধানের যে প্রচেষ্টা চলছে সেটা ব্যর্থ হয়ে যাবে। আবার নূতন করে এই ২৪ হাজার বেকার আমাদের ঘাড়ে এসে পড়বে এবং এর জন্য আমরা দায়ী থাকবো। তাই আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রী মহাশয়কে নিবেদন করবো যে শুধুমাত্র পশ্চিমবাংলায় কর্মসংস্থানের ব্যবস্থা করলেই চলবে না, যারা চাকুরী করছে তাদের সেই চাকুরীর স্থায়িত্ব চাকুরীর নিশ্চয়তার দিকে লক্ষ্য রাখাও আমাদের কর্তব্য। ঢাকেশ্বরী কটন মিলে সরকারী প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। শ্রমমন্ত্রী মহাশয় সেখানকার জনসাধারণকে কথা দিয়েছিলেন যে ৩১ শে মে-র মধ্যে ঢাকেশ্বরী কটন মিল খোলা হবে। পরবর্তীকালে জানলাম ন্যাশন্যাল ট্যাক্স করপোরেশনের মাধ্যমে করা হবে। তারপর উনি যখন বিদেশে কিছু দিনের জন্য গেলেন তখন শ্রম দপ্তরের স্পেশ্যাল অফিসার অবনি বসুর হাতে দায়িত্বভার দিয়ে গেলেন। আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে এই ভদ্রলোক মোটেই সোসালিষ্টিক মনোভাবাপন্ন নয়, বুরোক্রাটিক মনোভাবাপন্ন। তিনি রিটায়ার্ড হয়ে গিয়েছিলেন এখন তিনি এক্সটেনসনে আছেন। আমরা বার বার বলেছি কিন্তু তিনি একবারও ফাইলটা খুলে দেখলেন না বা চেষ্টা করলেন না যে কি করে ঐ ঢাকেশ্বরী কটন মিলকে খোলা যায়। তাই আজকে শ্রম মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো পশ্চিমবঙ্গে এত বেকার থাকা সত্ত্বেও এত শিক্ষিত লোক থাকা সত্ত্বেও, কেন এই বুরোক্রাটিক মনোভাবাপন্ন লোককে এক্সটেনসনে রাখা হচ্ছে। আজকে দেশের দশের উন্নতির জন্য কর্মসংস্থানের জন্য আশা করি নিশ্চয় শ্রম মন্ত্রী মহাশয় সচেষ্ট হবেন কি করে এই ভয়াবহ বেকার সমস্যা সমাধান করা যায়। আমি একটা প্রস্তাব করছি। আই, আই, এস, কোং যে স্লাক্স পড়ে আছে দুর্গাপুরে যে স্লাক্স পড়ে আছে সেই স্লাক্স দিয়ে সিমেন্ট কারখানা অতি সহজেই করতে পারা যায়। এতে পশ্চিমবঙ্গে সিমেন্টের ঘাটতি মিটবে এবং অন্যদিকে বেকার সমস্যার সমাধান হতে পারবে। তাই আমি অনুরোধ করবো যে আগামী দিনে দেশে সিমেন্ট কারখানা খুলে কর্মসংস্থানের ব্যবস্থা তিনি যাতে করেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলালবাহাদুর সিংহ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ শ্রম দপ্তরের বাজেট শুনলাম। এবং এই বাজেটের মাধ্যমে পশ্চিমবঙ্গের শ্রমিকদের যে ইতিহাস সেই ইতিহাস দেখা গেল। একদিকে

ইণ্ডাষ্ট্রীয়াল ওয়ার্কস আর এক দিকে এগ্রিকালচারাল ওয়ার্কস রয়েছেন। ইণ্ডাষ্ট্রিয়াল ওয়ার্কাসদের বিভিন্ন জায়গায় মাইনে বাড়ানো হয়েছে। জুট ইণ্ডাষ্ট্রিতে এই সেদিন মাইনে বাড়ানো হোল। ইণ্ডাষ্ট্রিওয়াল ওয়ার্কাসদের ১৯৬৯ সালে ২ টাকা মাইনে বাড়ানো হয়েছে। বিভিন্ন ক্যাটাগরিতে আমি ভাল করে জানি জুট এলাকায় জুট মিলে বদলী ওয়ার্কাস কনট্রাক্ট ওয়ার্কাস ইঞ্জিনিয়ারিং কারখানায় কন্ট্রাক্ট ওয়ার্কাস তাদের যে সংখ্যা সেদিকে লক্ষ্য রাখা হয়েছে। কিন্তু একটা বিশেষ ক্যাটাগরী ঐ হাউস সারভেন্ট যাদের সংখ্যা এই পশ্চিমবাংলায় ২ লক্ষের মত হিসাব অনুযায়ী—আবার অনেক সময় হিসাব করে দেখা গিয়েছে যে তাদের সংখ্যা প্রায় ৬ লক্ষ থেকে ৮ লক্ষ তাদের কোন সোস্যাল সিকিউরিটি নেই। কোন প্রভিডেন্ট ফাণ্ডের ব্যবস্থা নেই, তাদের সম্বন্ধে কোন ই, এস, আই, স্কীমও নেই। এদের সম্বন্ধে আজ শ্রম দপ্তর কিছু চিন্তা করছে কিনা তা আমার জানা নাই।

নাম্বার দুই, ক্লোজার সম্বন্ধে সরকার একটা আইন পাস করেছেন। যারা অন্তত সাত দিনের নোটিশ না দিয়ে কলকারখানা ক্লোজ করবে তাদের পানিসমেণ্ট দেওয়া হবে। সরকারের কাছে আমরা জানাতে চাই মালিকরা এইসব জায়গায় নোটিশ দিয়ে দেখিয়ে দিচ্ছে—কারণ, অশান্তি হচ্ছে। তাই কলকারখানা বন্ধ করা যাচ্ছে। তার কি কোন জায়গায় এনকোয়ারী হচ্ছে? শ্রমিকদের কি দোষ পাওয়া গিয়েছে? না মালিকদের দোষ পাওয়া গিয়েছে? আজ পর্যন্ত সরকার আমাদের জানাতে পারছেন না। আপনারা জানেন ভাল করে পেপারের মাধ্যমে বেরোচ্ছে না, সাধারণ মানুষ জানতে পারছে না। পশ্চিমবঙ্গে বহু কলকারখানা বন্ধ হচ্ছে। দমদমে দেখেছি ৬টি কারখানা বন্ধ হয়েছে। কালকে কি পরশু এসোসিয়েটেড পাইপস এবং পেপার টিউব কোম্পানী—বিনা নোটিশে তারা লক-আউট করে চলে গিয়েছে। তাদের কাছে জিজ্ঞাসা করা হয়েছে, তারা বলছে আমাদের কাছে মাল বা মেটিরিয়াল নেই। সুরেন্দ্রনাথ সাইকেল কোম্পানী এবং দমদম নন্দী ফ্যাক্টরী এরা সব নোটিশ দিয়ে কলকারখানায় অশান্তি হচ্ছে এই কথা বলে তারা চলে যাচ্ছে। আমরা শ্রম দপ্তরকে বারে বারে জানাচ্ছি। শ্রম দপ্ত শুধু কনসিলিয়েশান করছে আর তারপর লেবার মিনিষ্ট্রিকে রেফার করছে। ফয়সালা হচ্ছে না। এইসব যদি চলতে থাকে তাহলে পশ্চিমবঙ্গে শ্রম কল্যাণ তো দূরের কথা শ্রমিকরা বাঁচতে পারবে না। আজকে সমস্ত দেশের ইতিহাস, পশ্চিমবঙ্গের শ্রমিকদের ইতিহাস আমরা বলি চাকরী চাই। এই চাকরী শব্দটা চাকর থেকে এসেছে। পশ্চিমবঙ্গের মানুষ যদি সত্যিকার চাকর হয়ে যাবেন যদি তারা নিজেদের ইণ্ডাষ্ট্রিয়াল ওয়ার্কার ভাবতে না পারেন, তাদের যদি ইণ্ডাষ্ট্রিয়াল ওয়ার্কার ঘোষণা না করা যায়। মালিক যখন চাইবে তখন বের করে দেবে। খড়দহ মিলের ইতিহাস আপনারা জানেন। ষ্টাফকে ডিসচার্জ করা হয়। শুধু খড়দহ কেন বহু জুট মিলে তাদের জন্য বলা হচ্ছে পাঁচশো টাকার বেশি মাইনে পান তাদের জন্য কোন আইন নেই। তাদের যখন খুশী ম্যানেজমেণ্ট বের করে দিতে পারবে। তাদের জন্য কি সরকার কোন চিন্তা করেন? প্রত্যেক এলাকায় যে সব এলাকায় কেমিক্যাল ইণ্ডাষ্ট্রিস এবং গ্লাস ইণ্ডাষ্ট্রীস-এর পশ্চিমবাংলায় আমাদের ৫০ পারসেণ্ট শ্রমিক ৭৫ পয়সা থেকে এক টাকা কুড়ি পয়সা কি দু টাকা অবধি পাচ্ছেন। তাদের জন্য সরকার কি চিন্তা করেছেন? আইন তো আমরা পাস করে যাচ্ছি। কিন্তু সরকারের কাছে জানতে চাই একটা কথা। সরকার কোনদিন কি কমিশন বসিয়েছেন পশ্চিমবঙ্গের শ্রমিকদের জন্য। পশ্চিমবঙ্গে কত শ্রমিক কত মাইনে পাচ্ছে, পশ্চিমবাংলায় কত শ্রমিক প্রভিডেণ্ট ফাণ্ডের সুবিধা পাচ্ছেন? পশ্চিমবঙ্গের অনেক শ্রমিক এখনও ই, এস, আইয়ের সুবিধা পাচ্ছে না। কোন জায়গায় ফ্যামিলি পেনসেনের স্কীম নেই। শ্রমিক সত্যি করে কোথায় যাবেন? তাদের জন্য কত লক্ষ টাকা খরচ করা হচ্ছে? পশ্চিমবঙ্গে কয়েক লক্ষ শ্রমিক কাজ করেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি তাদের জন্য ১৩০টা টি, বি,

পেসেন্টর জন্য সিট করা হয়েছে। আপনারা জানেন জুট মিলে যারা কাজ করেন তাদের প্রত্যে মাসে যদি হিসাব করা যায় তো দেখা যাবে একশো থেকে বেশী টি, বি, পেসেন্টের সংখ্যা বে যাচ্ছে। কিন্তু মাত্র ১৩০ টা বেড দিয়ে কি তাদের বেডের সমস্যার সমাধান করা যাবে ই, এস, আই, হসপিটালে যাবেন খাদ্যের অন্নের অবস্থা দেখবেন। তারা যে খাদ্য পাচ্ছেন তা কি তারা সন্তুষ্ট আছেন? বারে বারে তাদের হাংগার ষ্ট্রাইক করতে হয়। দুঃখের বিষয়, লজ্জ বিষয় আজকে যারা কলকারখানায় এ্যাক্সিডেন্ট হয়ে হসপিটালে যাচ্ছেন তাদের হাংগার ষ্ট্রাই করতে হচ্ছে। তাদের জন্য আইনের কি ব্যবস্থা করা হচ্ছে? প্রত্যেক কলকারখানায় আপনা জানেন ঔষধের জন্য মেডিকেল স্টোর করা হয়েছে। ঔষধের জন্য ডাক্তাররা ঔষধ লিখে পাঠি দিচ্ছেন। তারা বলছেন যে তাদের কাছে ঔষধ নেই। আমরা জানতে চাই সরকারের মাধ্য কেন কলকারখানায় যেখানে হাজার হাজার শ্রমিক কাজ করেন তাদের এক টাকার ঔষধের জ তিন টাকা ভাড়া খরচ করতে হচ্ছে এবং কেন এইরকম করে তারা ঔষধ পাচ্ছে? তাদের জ কি ব্যবস্থা করা হয়েছে? এইজন্য আমরা বলতে চাই সরকারের কাছে যে আইনগুলো পাশ হ তার উপকার সত্যিকার শ্রমিকরা পাচ্ছে কি পাচ্ছে না সেটা কমিশন বসিয়ে দেখুন। তখন আ বুঝতে পারবো পশ্চিমবঙ্গ সরকার শ্রমিকদের জন্য সোশ্যাল জাসটিস করবার চেষ্টা করছেন। এ বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

**শ্রীরামপিয়ারী রাম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সব থেকে আগে আমি আপনা স্মরণ করিয়ে দিতে চাই আজকে শ্রমমন্ত্রী আমাদের হাউসের সামনে যেটা রেখেছেন তার মধ্যে একটি চমৎকার জিনিস আছে— উনি দেখিয়েছেন অমুক পাশ করিছি, তমুক পাশ করেছি, সব পা করেছি। আমরা দেখেছি কাগজে পাশ হয়েছে। কিন্তু আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীকে জানা চাচ্ছি এই আইনগুলি যে পাশ হয়েছে তার কোন এফেক্ট হয়েছে কিনা কোন জায়গায়। এ যদি এই আইন পাশ করা যায় তাহলেও কিন্তু পশ্চিমবাংলার সব জায়গায় এফেক্ট হবে আমি এর প্রমাণ দিচ্ছি। উনি যে এ্যাক্ট পাশ করেছেন তার কোন এফেক্ট হয়েছে কি সেটা আমি আমার এরিয়ায় যে ১২৯টা ফ্যাক্ট্রি আছে তাতে দেখিয়ে দিতে পারি যে ১৬ টি ফ্যা তারা বাড়ীর চাকরের মত করে রেখেছে শ্রমিকদের। তাদের কোন পে স্কেল নেই, তাদের কে গ্রাচুইটি ফেসিলিটি নেই, যাতে করে একজন এমপ্লয়ি তার জীবনটা চালিয়ে দিতে পারে। এ আইনগুলি যদি পাশ করা যায় আমি জানি না এই সেক্রেটারিয়েটের খাতায় থাকবে, না লে কমিশনারের খাতায় থাকবে, না আমাদের রাইটার্স বিলডিংস-এর খাতায় থাকবে। এই যদি তাহলে আমরা আজকে মনে করবো কি? এর আগে যারা মালিকানা হাতে নিয়ে চালিয়েছিলে দেশ, তাদের আমরা বলেছিলাম ওরা কিছুই কাজ করছেন না। কিন্তু আজ আমরা কি ক করছি? এখন কাজ যদি না হয়ে থাকে তাহলে আমরা এই সাধারণ মানুষ, সাধারণ শ্রমিকে একমাত্র বাঁচাতে পারা যায় যদি আইনগুলি তাদের জন্য তৈরী হয় এবং সেই আইন যেন ত তাদের মত করে পায়। দ্বিতীয়তঃ আমি বলতে চাই যে এই পশ্চিমবাংলায় আজকে বেকার সম দারুণভাবে বেড়েছে এবং সে সম্বন্ধে আমরা খুব চীৎকার করছি। কিন্তু পোর্ট এণ্ড ডক এরি আমি দেখিয়ে দিতে চাই যে ক্যালকাটা ডক লেবার বোর্ডে এক একজন এমপ্লয়ি ১৪০০।১৮ টাকা করে মাইনে পাচ্ছে ওভার টাইম নিয়ে, কিন্তু তাদের মাইনে হচ্ছে ৪০০ টাকা। ৪ টাকার জায়গায় ১৪০০।১৮০০ টাকা নিতে পারছে, অথচ একজনও নতুন লোক নিয়োগ কর পারছে না। কিন্তু ষ্টেটমেন্টে কেন্দ্রীয় সরকার বলছেন, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে শ্রম

বলছেন, শিল্প বাণিজ্য মন্ত্রী অরুনবাবু বলছেন আমরা চাকুরী দেব, চাকুরী দিচ্ছি। কোথায় চাকুরী দেবেন, আমরা জানি না। ৪০০ টাকা মাইনে পেয়ে যদি ওভার টাইন সমেত ১৪০০। ১৮০০ টাকা ড্র করেন তাহলে আপনারা কোন জায়গায় তাদের চাকুরী দেবেন সেটা আমি বুঝতে পারছি না। যদি না দেন তাহলে ভাঁওতা দিয়ে দেশের মানুষ ও যুবকদের আপনারা বাঁচিয়ে রাখতে পারবেন না। এরপর আমি ই, এস, আই, স্কীম সম্বন্ধে কিছু বলছি। ওখানে ওষুধপত্র একেবারে ভণ্ডামী চলছে ডাক্তারের সঙ্গে গভর্ণমেন্টের। আমার এলাকায় রয়েছে আমি জানি সেখানে ষ্টোরে অনেক কারচুপি আছে। কি ওষুধ লিখবেন, তার বদলে কি ওষুধ পাবেন, এই রকম ওষুধের ব্যবস্থা তারা করে রেখেছেন। এটা কি সরকার জানেন না? নিশ্চয় জানেন। এটা জেনে শুনেও সরকার কিছু করছেন না, কেন না এই আমলারা কিছু করতে দিচ্ছে না, কারন এতে সাধারণ মানুষের সুবিধা হবে, শ্রমিকদের সুবিধা হবে। ওষুধের জন্য অনেক জায়গায় আমরা দেখছি শ্রমিকরা মারা যাচ্ছে, কিন্তু মালিকরা শ্রমিকদের দিকে তাকাচ্ছে না। আমরা গণতন্ত্রের কথা বলছি, আমরা বলছি পুঁজিপতিদের শেষ করবো। কিন্তু এখানে আমরা বলছি মালিক আর চাকর। আমাদের গণতন্ত্র বলতে লজ্জা হয় যে আজও আমরা মালিক আর কর্মচারীকে আলাদা করে রেখেছি। এই আইন থেকে যদি আপনারা মানুষ, শ্রমিকদের বাঁচবার মত অধিকার না দিতে পারেন তাহলে সেই মালিকের মালিকানা শেষ করে দিয়ে সরকারের ভিতর আনা উচিত সেই ফ্যাক্টরিকে। আমি জুট ইণ্ডাষ্ট্রির এগ্রিমেন্টের কথা জানি। সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ব্যবস্থা করেছেন ৬০% এমপ্লয়ী পারমানেন্ট হবে। কিন্তু যারা চালাক মালিক আছেন তারা দেখিয়ে দিয়েছেন -যেমন আমার এলাকায় দেখেছি হুগলী জুট মিলে করেছে নাইট সিফ্‌ট বন্ধ। তার মানে টেম্পোরারি করে একজনকে বের করে দিয়েছেন, কিন্তু ৬০% হতে দেন নি। মালিক, আমলারা এই যে জিনিসটা চালাচ্ছে এর জন্য সরকার কি দায়ী নয়? নিশ্চয় দায়ী। আমার এলাকায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অফিস আছে। আমি জানি সেই এমপ্লয়মেন্ট অফিস থেকে প্রত্যেকে হতাশ হয়ে ফিরে যাচ্ছে। কিন্তু এমপ্লয়িরা ফলস সার্টিফিকেট দিয়ে ভিতর থেকে টাকা নিয়ে কাকে কখন কল দিচ্ছে কেউ বুঝতে পারছে না। তাতে হচ্ছে কি? তাদের সঙ্গে আর মালিকদের সঙ্গে একটা বোঝা পড়া আছে তারা যে লোককে কোম্পানীর কাছে পাঠাচ্ছে তারই চাকুরী হচ্ছে। এতে সুবিধা হচ্ছে তারা উভয়ে টাকা ভাগ করে খাচ্ছে। আমাদের ওখানে ১২৯ টি ফ্যাক্টরি আছে, তার মধ্যে ৯৮ টি ফ্যাক্টরি যারা নিজেরা ইচ্ছামত বাহির থেকে লোক নিয়ে এসে এমপ্লয়মেন্ট দিচ্ছে, কিন্তু এখানকার বাসিন্দাদের চাকুরী দেবার ব্যবস্থা করছেন না। তাহলে এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেখে লাভটা কি? এটা তুলে দেওয়া দরকার। আর যদি বাঁচিয়ে রাখা দরকার হয় তাহলে লেবার মিনিষ্টারের সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা দরকার।

**শ্রীরবীন্দ্রনাথ করণঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী করেছেন তাকে সমর্থন করতে গিয়ে কয়েকটি জিনিসের উল্লেখ সেখানে নেই বলে দুঃখ প্রকাশ করতে হচ্ছে। এই Grant-এর মধ্যে পশ্চিমবঙ্গে employment potentiality কি দারুন ভাবে কমে গেছে তার কোন উল্লেখ নেই। এবং সে ব্যাপারে কোন গুরুত্ব আরোপ করা হয় নি। ১৯৭১ সালের census report যদি দেখেন তাহলে দেখবেন যে পশ্চিমবাংলায় যে জনসংখ্যা তার মধ্যে শ্রমিকের হার শতকরা ৩৩ থেকে নেমে ২৮-এ এসেছে। বিগত যুক্তফ্রন্ট সরকার ছিলো বলে হয়ত তাকে দায়ী করতে পারেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের কর্মসংস্থানের যে চিত্র তা যদি এখানে তুলে ধরি তাহলে দেখা যাবে সমগ্র ভারতে সেখানে শ্রমিকের হার ছিল ৪৩·৯৮ ভাগ সেটা নেমে গিয়ে ১৯৭১ সালে শতকরা ৩৩·৫৭-তে এসে দাঁড়িয়েছে। অর্থাৎ ৯·৪৩-এ এসে দাঁড়িয়েছে। কোন নুতন

employment potential না হলেও ১৯৬১ সালের হয়তো যদি থাকতো তাহলেও ১৯৭১ সালের মধ্যে এই পশ্চিমবাংলায় ২০ লক্ষ লোকের কাজ হতে পারতো। ১৯৬১ সাল থেকে ১৯৬৫ সাল পর্য্যন্ত যে রেটে employment হয়েছিল সেই rateও যদি বজায় থাকতো তাহলেও আজ পর্যন্ত ২ লক্ষ ৮০ হাজার ছেলের কাজ হতে পারতো। এই ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন হয়ে আজকে বিধান সভায় laboure emploment এর আলোচনার সম্মুখীন হয়েছি। অন্য sectorকে বাদ দিয়ে যদি আমরা কেন্দ্রীয় সরকারের যে কর্মচারী আছে তার হিসাব করি তাহলে দেখা যাবে যেখানে ৪ লক্ষ ৬০ হাজার ছিল সেখানে কমে গিয়ে ১৯৭১ সালে হয়েছে ৪ লক্ষ ১০ হাজার, এমন কি Durgapur Project এ State Electricity Board তার এই রকম কোয়াশী Govt. এর অফিসে যেখানে কর্মচারী ছিল ২ লক্ষ ৯২ হাজার তা কমে গিয়ে ২ লক্ষ ৯১ হাজারে। সিনেমা থিয়েটার কর্মচারীর সংখ্যা যেখানে ছিলো ৫ লক্ষ ৬৬ হাজার ১৯৭১ সালে সেখানে হয়েছে ৪ লক্ষ কয়েক শত। এর থেকে অবস্থার গুরুত্ব অনুভব করা যায়। এছাড়া আমি যে constituency থেকে দাঁড়িয়েছি, হলদিয়া, সেই হলদিয়ার ব্যাপার নিয়ে মন্ত্রীরা অনেকে বলেছেন যে বহু কর্ম্মসংস্থান হবে। কিন্তু প্রকৃত চিত্র যদি তুলে ধরা যায় তাহলে দেখা যাবে যে সেখানে কোন কর্ম্মসংস্থান আপাততঃ বাড়ে নি। সেখানে যে Indian Oil Corporation রয়েছে তাকে সামনে রেখে বলা হয়েছে, এখানে বহু লোকের কর্মসংস্থান হবে। কিন্তু আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে এই Indian Oil Corporationএর কাজ যখন শেষ হয়ে রূপায়িত হবে তখন সেখানে মাত্র শ্রমিক থাকবে ৭৫৩ জন। ইতিমধ্যে ৭৫৩ জনের মধ্যে সেখানে কাজ করছেন ১২৭ জন এবং এই ১২৭ জনের মধ্যে পশ্চিমবাংলা থেকে recriuted হয়েছে মাত্র ২৭ জন। আর বাকী ১০০ জন এসেছে বাইরে থেকে। আমি এই Indian Oil Corporation এর কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করেছি। আমি তাদের বলেছি যে পশ্চিম বাংলায় যখন এই ভয়াবহ বেকার সমস্যা তখন আপনারা বাইরে থেকে লোক কেন আনলেন ? তারা আমার কথার উত্তরে বলেছেন যে বিভিন্ন unit এ তাদের যে সমস্ত surplus staff ছিল তাদের এখানে নিয়ে আসাই বিধি। কিন্তু আমি ভালভাবে খোঁজ নিয়ে জেনেছি যে তাদের সেখানে কোন surplus stuff ছিল না। সেখানে যে সমস্ত লোক আছে তাদের দিল্লীর মাধ্যমে recruited করে পাঠান হয়েছে। পশ্চিম বাংলার কোন বেকার ছেলেরা সুযোগ সুবিধা পাচ্ছে না।

[5-20—5-30 p m.]

স্থানীয় ভাবে বেকার ছেলেরা সুযোগ সুবিধা পাচ্ছে না। সি ডি. সি. সেখানে গড়ে উঠেছে, সেখানে অনেকের ধারণা হচ্ছে যে বহু লোকের সেখানে কর্মসংস্থান হবে, কিন্তু অতি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে এখনও কোন কমসংস্থানের সম্ভাবনা সেখানে নেই, আগে যা হবার হয়ে গেছে, আনুমানিক চার পাঁচ হাজার লোক সেখানে কাজ করছে বিভিন্ন বিভাগে লেবার ইত্যাদি হিসাবে, কিন্তু তখন যে ভাবে কর্মে নিয়োগ করা হয়েছিল, সেই অবস্থাটা অদ্ভুত। ওখানে যে সমস্ত লোককে উদ্বাস্তু হতে হয়েছে, তারা যে বাস্তুভিটা ছেড়ে চলে গিয়েছিল, তখন তাদের কথা দেওয়া হয়েছিল, সেই সময় যারা সরকারে ছিলেন, মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে বিভিন্ন মন্ত্রীবর্গ কথা দিয়েছিলেন যে ওখানে উদ্বাস্তুদের কাজ দেওয়া হবে, কিন্তু দেখা গেছে এই পর্য্যন্ত সাধারণ কাজে যে সমস্ত আনস্কিল্ড লেবার এর যে সমস্ত কাজ এখানে হয়েছে, সেই সমস্ত কাজেও এই সমস্ত লোক্যালিটির লোককে নেওয়া হয়নি। ইভিন পশ্চিমবঙ্গের কিছু কিছু লোককে যদি রিক্রুট করা হতো, তাহলেও কাজের হতো কিন্তু তা করা হয় নি। বাস্তবে সেখানে দেখা গেছে পশ্চিমবঙ্গের বাহির থেকে লোক আমদানী

করা হয়েছে এবং এখনও সেটা চলছে আই. ও. সি. এবং সি. ডি. সির মধ্যে। আর একটা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান রয়েছে আই, ও, সির মধ্যে লয়েড ইঞ্জিনীয়ারস ইণ্ডিয়া লিমিটেড। সেখানে আপনারা শুনলে অবাক হয়ে যাবেন শতকরা মাত্র ৩০ জন হচ্ছে বাঙালী, শতকরা ৩০ জন হচ্ছে স্থানীয় লোক, বাকী সমস্ত বাহিরে থেকে আমদানী করা হয়েছে, দিল্লী থেকে রিক্রুট করা হয়েছে। এর জন্য বিভিন্ন রকম আন্দোলন করা হয়েছে, বিভিন্ন কথা বলা হয়েছে, কিন্তু তারা বলেছে এটা কেন্দ্রীয় সরকারের নীতি। আমরা দাবী তুলেছিলাম যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মধ্য থেকে লোক নিতে হবে। কিন্তু তারা বলেছে যে কেন্দ্রীয় সরকার-এর এই রকম কোন নির্দেশ জারি নেই। তারা আমাদের এই দাবী কোন রকম শোনে নি এবং শুনতে রাজীও নয়। এমন কোন আইন কেন্দ্রীয় সরকারের নেই যে তারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে লোক নেবে। এর জন্য স্থানীয় লোকের মধ্যে একটা বিক্ষোভ রয়েছে এবং পশ্চিমবঙ্গের জনসাধারণকে যে আশ্বাস দেওয়া হয়েছে হলদিয়াতে অনেক চাকুরী দেওয়া হবে, লক্ষ লক্ষ লোককে চাকুরী দেওয়া হবে, আপাততঃ তার কোন সম্ভাবনা আমরা দেখছি না। বর্তমানে শোনা যাচ্ছে এবং এটা সত্য কথা যে হলদিয়াতে যে ফার্টিলাইজার কারখানা হবে সেই কারখানাতে লোক লাগবে মাত্র ১৪০০ জন। সেখানে যে সমস্ত ফার্টিলাইজার কারখানার কর্তৃপক্ষ এসেছিলেন তারা বলেছেন লোক লাগবে মাত্র ১৪০০ জন। এই ফার্টিলাইজার কারখানার পর যদি ওখানে পেট্রোকেমিক্যালস তৈরী হয় তাহলে বেশ কিছু লোক লাগতে পারে। কিন্তু যে ভাবে শুনতে পাচ্ছি ওখানে যে জাহাজের কারখানা হবার কথা ছিল তা হবার কোন সম্ভাবনা নেই। পেট্রোকেমিক্যালস কারখানা হবার সম্ভাবনা আছে কিনা বলতে পারছি না। তা যদি না থাকে তাহলে হলদিয়াকে কেন্দ্র করে যে বিরাট আশা জাগিয়ে তোলা হয়েছে পশ্চিমবাংলার মধ্যে, সেই সমস্ত আশা হতাশায় পরিণত হবে, এই হচ্ছে হলদিয়ার বাস্তব অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমার অনুরোধ হলদিয়ার ক্ষেত্রে যে সমস্ত কর্ম নিয়োগ ব্যবস্থা রয়েছে, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ রয়েছে, সেখান থেকে লোক রিক্রুট ঠিক মত হচ্ছে না, পশ্চিমবাংলার বিভিন্ন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে ঠিক মত লোক রিক্রুট হচ্ছে না, সেটা বিভিন্ন সভ্যরা বলেছেন। কিন্তু আমি বলছি যখন আমরা এমপ্লয়-মেণ্ট এক্সচেঞ্জের অফিসারকে বললাম এটা কি ব্যাপার ? তখন তারা বলেছেন বিভিন্ন কর্ম নিয়োগ সংস্থা যেগুলো রয়েছে, যখন ভ্যাকান্সি হয়, তখন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে জানানো হয় যে এতগুলো ভ্যাকান্সি হয়েছে। কিন্তু এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ মারফৎ লোক নেওয়া হয় না এই কয়েক বছর ধরে। এই অবস্থা চলে আসছে যে কয়জন লোক নেওয়া হয়েছিল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে—হলদিয়া এমপ্লয়মেণ্ট এক্স চেঞ্জ থেকে ১/১/৭০ সাল থেকে ৩১/১/৭২ সাল পর্যন্ত মোট নাম লিখিয়েছিল ৪৩ হাজার ৬ শত ৫৯ জন, এখানে চাকরী ভেকান্সি যা বেরিয়েছিল ১১ শত ৪১ জন। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ সেখানে পাঠিয়েছিল ১০ হাজার ৬২ জন। তাহলে হিসাব করলে দেখা যায় নিয়েছে মাত্র ৭৫৬ জন, আর প্রয়োজন ছিল ১১ শত ৪১ জন। ৩৮৫ জনকে তারা নিতে পারেন নি। আমার মনে হয় সেখানে যে কারচুপি চলেছে, সরকারী আমলারা যে স্বজন পোষণ নীতি চালাচ্ছেন, সেই ভাবে তারা নিজেদের লোককে নিয়েছেন। চাকরীর সম্ভাবনা তো কম কিন্তু যদি সামাজিক এবং অর্থনৈতিক পরিবর্তন সম্পূর্ণ ভাবে না করা হয় তাহলে বর্তমান যুগে বেকার সমস্যার সমাধান হতে পারে না। যতটুকু সীমিত সম্ভাবনা আছে তাকে বৈজ্ঞানিক ভিত্তিতে যদি কাজে না লাগাতে পারি তাহলে পশ্চিমবাংলার জনসাধারণ ক্ষমা করবে না, আমাদের জনতা বিক্ষোভে প্রচণ্ডভাবে ফেটে পড়বে। ইতিমধ্যে কল্যাণীতে দুর্গাপুরে যে ভাবে রিক্রুট হয়েছে, যে পদ্ধতিতে হয়েছে, তা সাধারণ মানুষের কাছে একটা প্রচণ্ড বিরূপ সমালোচনার সম্মুখীন হয়েছে, কারণ সেখানে রিক্রুটমেণ্টে রাজনৈতিক কণ্ডিশন কাজ করেছে। হলদিয়ায় অবশ্য সেই রকম পরিস্থিতি দেখা দেয় নি, যুক্তফ্রণ্ট আমলে কিছু কিছু হয়েছিল এটা সত্য কথা, কিন্তু এই পর্যন্ত সেই রকম কিছু দেখা যায় নি। কিন্তু বর্তমানে

দেখা যাচ্ছে হলদিয়ায় এই রকম ঘটনা ঘটতে পারে। দেখা যাচ্ছে যে হলদিয়ার ঘটনা ঘটতে পারে। অনেকে এর প্রভাবে প্রভাবিত হয়ে এখানে তাদের কিছু কিছু লোককে ঢোকাতে পারে। যেখানে আমরা একটা নিরপেক্ষ ন্যায় বিচারের উপর প্রশাসনিক কাঠামোকে গড়ে তুলব সেখানে যদি এই রকম ভাবে পলিসি করি যে পার্টির উপর নির্ভর করে বেসিস করে হবে, তাহলে আমাদের আশঙ্কা পশ্চিম বঙ্গের যে প্রধান সমস্যা সেই বেকার সমস্যার সমাধান হবে না। আমি একটা সাজেশন দিচ্ছি। সেটা হচ্ছে সরকারী কর্মচারীদের নিয়োগ করার ক্ষেত্রে অফিসারদের নিয়োগ করার ক্ষেত্রে যে রকম পাবলিক সার্ভিস কমিশন আছে যার মাধ্যমে নিয়োগ করা হয় সেই ভাবে এই ক্ষেত্রে করলে যে কর্মী নিয়োগের সীমিত ক্ষমতা রয়েছে সেটার সমাধান হতে পারে, অন্যথায় হতে পারে না, এই বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

**শ্রীঅজিত ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে লেবার মিনিষ্টার এমপ্লয়মেন্ট এবং লেবার সম্পর্কে যে ব্যয় বরাদ্দের দাবী নিয়ে এসেছেন তাকে আমি সমর্থন জানাই। আমার ট্রেড ইউনিয়ন সম্বন্ধে বিশেষ বক্তব্য নেই, শুধু মাত্র একটা কথা লেবার মিনিষ্টারের কাছে জিজ্ঞাস্য আছে. অনেক আইন পাশ করিয়েছেন শুনলাম। কিছুক্ষণ আগে একজন সাংবাদিক বন্ধুর সঙ্গে কথা হচ্ছিল। তিনি অত্যন্ত ক্ষুব্ধ হয়ে বললেন যে সাংবাদিকদের দাবী কার্য্যকরী করার জন্য সরকার থেকে নাকি আইন করা হয়েছে, কিন্তু অধিকাংশ পত্রিকা নাকি এখনও তা কার্য্যকরী করেনি। তাই আগামী দিনে আমাদের শ্রম মন্ত্রীর কাছে এই সম্পর্কে বিবৃতি দাবী করছি যে কেন অধিকাংশ সংবাদপত্র এখনও সেই ওয়েজ বোর্ডের রায়গুলি কার্য্যকরী করেন নি? আজকে আমার বক্তব্য হচ্ছে এমপ্লয়মেন্ট সম্পর্কে—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই এমপ্লয়মেন্ট সম্পর্কে নির্দিষ্ট বক্তব্য কি সেটা এই বিধান সভার সদস্যদের সামনে কাগজে কলমে শ্রম মন্ত্রীর রাখা উচিত। কিন্তু মন্ত্রীসভার বিভিন্ন বন্ধু বিভিন্ন পত্রিকায় বিভিন্ন ভাবে বিবৃতি দিয়ে যে ভাবে পশ্চিম বাংলার বেকার যুবকদের ভিতর বিভ্রান্তি নিয়ে আছেন তাতে আমাদের বিপদের মুখে ঠেলে দেওয়া হচ্ছে। এতে ট্রেজারী বেঞ্চের বন্ধুরাই খেলো হবেন। আমি পাড়াগাঁয়ের ছেলে, তাই আমার মনে হচ্ছে যে গ্রীষ্মকালে পুকুরে ছোট ছোট ছেলেরা খেলার ছলে যেমন মাছ ধরার চেষ্টা করে এইটাও সেই রকম হচ্ছে। বিধান সভার একটা অধিবেশন হয়ে গিয়েছে, এই বার ২য় অধিবেশন। এর ২০ দিন হয়ে গেল কিন্তু পশ্চিমবাংলার মানুষের সামনে এই এমপ্লয়মেন্ট ব্যবস্থা সম্পর্কে একটা চিত্র তুলে ধরতে পারলাম না। সংবাদপত্রে দেখলাম জনৈক মন্ত্রী কটাক্ষ করেই হোক, বিদ্রূপ করেই হোক অথবা আইরনিক্যালী বলেছেন তিনি নাকি চাকুরীর ঘুষ চাইছেন। আমার একটা প্রশ্ন যে এই সব ইনডাস-ট্রীয়ালিষ্টদের কাছে দয়ার পাত্র হয়ে থাকবেন, তাদের দয়ায় বেকার যুবকদের চাকুরী দেবেন? তাদের সঙ্গে না কি কথা হয়েছিল যে একমাত্র জুট যদি তাদের দেওয়া হয় তাহলে তারা না কি প্রচুর ছেলেকে চাকুরী দেবেন। সেই ১ বছরের পাট সরকারের হাতে আছে এবং সেটা ঘুষ দিয়ে কিন্তু—তারা আজকে কাগজে বলেন নি কোন মাসের মধ্যে কত ছেলেকে চাকুরী দিতে পারবেন।

[5-30—5-40 p.m.]

এটা একটা অদ্ভুত অবস্থা। এবিষয়ে কতকগুলি suggestion আছে। suggestion হচ্ছে এই কারণে যে পশ্চিমবাংলার একজন দায়িত্বশীল সদস্য হিসাবে আমার দায়িত্ব আছে শুধুমাত্র সমালোচনা নয়, কতকগুলি constructive প্রস্তাব আমি দিতে চাই। আশা করি সেই প্রস্তাবগুলি

নিয়ে শ্রমমন্ত্রী মহাশয় চিন্তা করে দেখবেন যে কিছু করা যায় কি না। আমার একটা মূল প্রশ্ন হচ্ছে শ্রমমন্ত্রীর কাছে যে তাঁরা কি হিসাব করে দেখেছেন পশ্চিমবাংলায় total unemployment কত? বিভিন্ন মন্ত্রী এবিষয়ে বিভিন্নভাবে বলেছেন। আমাদের কাছে খোঁজ এসেছে যে পশ্চিমবাংলায় ৬৫% লোক এই State-এর বাহিরের লোক। এটা কি বন্ধ করার ব্যবস্থা করছেন? আগে এটা বন্ধ করুন। এটা বন্ধ করতে গেলে বিভিন্ন industry তে employment exchange কে বাদ দিয়ে যেভাবে Contract labour-এ লোক নিয়োগ করা হচ্ছে সেটা আগে বন্ধ করতে হবে। এই গ্যাডাকলের মাধ্যমে ৬৫% লোক এই State-এর বাহিরের লোক। আজ একটা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে আজকে Employment Exchange গুলির যে দুরবস্থা দেখা দিয়েছে তা ভয়াবহ। শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে দাবী যে এই Employment Exchange গুলিকে reconstruct করার চেষ্টা করুন। কারণ তা না হলে এই Exchange গুলির সঙ্গে মালিকদের officer দের যে আঁতাত আছে তাতে পশ্চিমবাংলার বেকারদের চাকরী দেওয়া সম্ভব হবে না। আজ পশ্চিমবাংলার সরকার কেন একথা বলতে দ্বিধা বোধ করছেন যে পশ্চিমবাংলার ৭৫% বেকারদের আগে চাকরী দিতে হবে। ১৯৬৮ সালে কাশ্মীর National Integration Council-এর যে সভা হয়েছিল যে তাতে সেখানে পরিষ্কারভাবে বলা হয়েছিল যে soil-এর ছেলেদের ৭৫ ভাগকে আগে চাকরী দিতে হবে। সঙ্গে সঙ্গে সরকারের কাছে ও শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে দাবী যে গ্রামাঞ্চলে উদ্বৃত্ত জমি যারা রেখেছে তাদের মুখ্যমন্ত্রী Misa তে দেবার হুমকী দিয়েছেন, তখন এসব industryতে সরকারী নীতি যারা পালন করবেনা তাদের কেন Misaতে দেওয়া হবে না সেটাই জানতে চাই? শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে দাবী করছি এই বিধানসভা শেষ হবার আগে এই সভার কাছে তাঁকে একটা পরিষ্কার চিত্র দিতে হবে যে কিভাবে তাঁর সরকার আগামী দিনে পশ্চিমবাংলায় বেকার সমস্যার সমাধান করবেন। কারণ তা না হলে এখানে উচ্ছৃঙ্খল অবস্থা দেখা দেবে তা সেটা পশ্চিমবঙ্গ সরকার ছাড়া পাবেন না। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রীঅমলেশ জানা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমাদের শ্রম ও কর্মসংস্থান দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের মঞ্জুরী এই সভায় রেখেছেন সেই বরাদ্দের উপর বিতর্কে অংশ গ্রহণ করে ইতিপূর্বে এই সভায় অনেক মাননীয় সদস্য যে সমস্ত মতামত রেখেছেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সময়োচিত এবং পরে যাঁরা বলবেন তাঁদেরও তাই হবে। আজ পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা যে পর্য্যায়ে এসেছে সেই অবস্থার পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এই সমস্ত বক্তব্যের উপর ভিত্তি করে পশ্চিমবাংলায় শ্রম ও কর্মসংস্থানের নীতি একটা বলিষ্ঠ নীতির উপরে প্রতিষ্ঠিত করা হোক। আজ অনেকে বলেছেন পশ্চিমবাংলায় যেসমস্ত কারখানা আছে তাতে কিভাবে দিনের পর দিন অবাঙালীর অনুপ্রবেশ ব্যাপকভাবে হচ্ছে এবং যার ফলে অনেক সদস্য বিক্ষোভ প্রকাশও করেছেন। ১৯৭১ সালে ৬১% অবাঙালী শ্রমিক বিভিন্ন কারখানায় ছিল।

এও দেখা গেছে পরিসংখ্যান থেকে যে এই পশ্চিমবাংলা থেকে নাকি প্রতি বছর ২৮০ কোটি টাকার মত পশ্চিমবাংলার বাইরে চলে যায়। তাই আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে পরিষ্কার দাবী রাখতে চাই যে এই অবস্থা চলতে পারে না, এই অবস্থা চলতে দেওয়া যায় না কোন মতেই। আজকে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ বেকার যুবক বেকার জীবনের অভিশাপ নিয়ে অফিস আদালতে ঘুরে বেড়াচ্ছে, আর পশ্চিমবাংলার বুকে দাঁড়িয়ে পশ্চিমবাংলাকে শোষণ করে এই সমস্ত অবাঙালীরা লুটেপুটে খাবে এটা কিছুতেই বরদাস্ত করা যায় না। আমাদের এলাকার এই সমস্ত শিল্পপতিদের ভদ্রলোক ভেবেছিলেন, তাদের

বিবেক, বিবেচনা বোধ, মানবতা বোধ আছে ভেবে ছিলেন, তাই ইতিপূর্বে তাদের কাছে বার বার অনুরোধ জানিয়েছিলেন তাদের বিভিন্ন কারখানায় এই দেশের ছেলেদের সান অব দি সয়েলদের যাতে সুযোগ হয় তারজন্য নীতি গ্রহণ করার জন্য। কিন্তু আমরা দেখেছি যে সেই আবেদন নিবেদন ব্যর্থ হয়ে গেছে। এতটুকু মানবতা বোধ তাদের নেই। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি এবারে এই সভায় আইন তৈরী করা হোক যার ফলে এর পরে এই রাজ্যে শিল্পে কারখানায় অবাঙালী যুবকরা আর সুযোগ না পায় বাঙালী বেকার যুবক ছাড়া। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে জানাতে চাই যে আজকে শ্রমিকদের মধ্যে গো স্লো নীতি অনুসরণ করার একটা প্রবণতা দেখা দিয়েছে। আজকে যদি এই নীতি চলতে থাকে তাহলে আমাদের উৎপাদন ব্যাহত হবে। আমাদের পশ্চিমবঙ্গের অর্থনীতি অত্যন্ত রুগ্ন, দুর্বল হয়ে পড়বে এই নীতির ফলে। এই রুগ্ন এবং পংগু অর্থনীতিকে যদি সুস্থ সবল করে গড়ে তুলতে হয় তাহলে তারজন্য আমাদের মন্ত্রী সভাকে সচেষ্ট হতে হবে। শিল্পের ব্যাপারে সেই প্রথম দিন থেকে শ্রমিক এবং মালিকের মধ্যে একটা সংঘর্ষ রেষারেষি বিদ্যমান। এই সংঘর্ষ, এই শ্রেণী সংগ্রাম বন্ধ আমাদের করতেই হবে। ইতিপূর্বে দীর্ঘ ইতিহাস আমরা পর্যালোচনা করে দেখেছি, বিভিন্ন দেশের ইতিহাস পর্যালোচনা করে দেখেছি যে ব্যক্তিগত মালিকানায় এই সমাধান হয়নি, রাষ্ট্রায়ত্ব মালিকানায় এই সমাধান হয়নি। আজকে শিল্পকে শ্রমিকীকরণ করতে হবে। আজকে ফ্যাক্টরী টু দি লেবার, ল্যাণ্ড টু দি টিলার এই নীতি আমাদের গ্রহণ করতে হবে, এটাই সমাজতান্ত্রিক কার্যক্রম। আজকে শ্রমিকদের হাতে কলকারখানার মালিকানা তুলে দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আর কয়েকদিন পরে স্বাধীনতার রজত জয়ন্তি উৎসব পালন করতে যাচ্ছি। তাই মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব স্বাধীনতার এই রজত জয়ন্তি বছরে এই বলিষ্ঠ সমাজতান্ত্রিক নীতি গ্রহণ করুন, আমাদের সরকার সারা ভারতবর্ষের কাছে একটা ঐতিহাসিক দৃষ্টান্ত স্থাপন করুন। সর্বশেষ আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে আমাদের দেশে স্বাধীনতার পর থেকে কৃষিতে যে সমস্ত শ্রমিক নিযুক্ত এগ্রিকালচার লেবার যাদের বলি ১৯৭১ সালের পরিসংখ্যান অনুসারে দেখা গেছে পশ্চিমবঙ্গের ৪৷০ কোটি মানুষের মধ্যে ১ কোটির অধিক আজকে কৃষি শ্রমিক। কিন্তু সেই কৃষি শ্রমিকদের সম্পর্কে কোন রকম বিচার বিবেচনা সরকার করেন নি। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এইদিকে আকর্ষণ করতে চাই। যারা মিছিল করতে জানে না, যারা স্লোগান দিতে জানে না তাদের সেই মিছিলের আওয়াজ, তাদের সেই বোবা কান্না, আমাদের বিধান সভার দ্বারে আসতে পারে না, রাইটার্স বিল্ডিংসের গেটে আসতে পারে না। তাই এই স্বাধীনতার রজত জয়ন্তি উৎসবের বছরে তাদের কথা ভাবা হোক, তাদের বাঁচবার সুযোগ করে দেওয়া হোক, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40 – 5-50 p.m.]

**শ্রীরামদাস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় শ্রমমন্ত্রী মহাশয় যে দাবী দাওয়া পেশ করেছেন তাকে সমর্থন জানাতে গিয়ে আপনার মারফত কয়েকটি কথা মন্ত্রী মহাশয়ের কাছে তুলে ধরতে চাই। তিনি যে ফ্যাক্টস এ্যাণ্ড ফিগার্স দিয়েছেন সেটা ঠিক বুঝতে না পারলেও যা বুঝলাম তাতে দেখছি এমপ্লয়মেন্ট ফর্টি পারসেন্ট বেড়েছে একথা তিনি বলেছেন। ফর্টি পারসেন্ট কিভাবে বেড়েছে সেটা আমি বুঝলাম না। সুইজারল্যাণ্ডের একটা গল্প শুনেছিলান যে সিক্সটি পারসেন্ট বেকারী বেড়ে গেছে। অর্থাৎ ৩০ জন যেখানে বেকার ছিল তারপর আবার ৩০জন

বেড়েছে অর্থাৎ সিক্সটি পারসেন্ট বেড়েছে। এটাও যেন তাই। আমি শ্রমিক দরদী শ্রমমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি তিনি একথা বলেছেন। আজকে চটকল শ্রমিকদের মিনিমাম ওয়েজ বাড়িয়ে তিনি যে শুধু চটকলের শ্রমিকদের আস্থাভাজন হয়েছেন তা নয়, সারা পশ্চিমবাংলার শ্রমিক আজ তাঁর দিকে তাকিয়ে রয়েছে। কাজেই তাদেরও মিনিমাম ওয়েজ বাড়ান হোক সেই অনুরোধ আমি তাঁর কাছে রাখছি। আমি তাঁর কাছে আর একটি অনুরোধ রাখছি। বিভিন্ন শিল্পে যে সমস্ত অশান্তি রয়েছে তার দিকে আপনি দৃষ্টি দিন। সারা পশ্চিমবাংলায় যে বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে তার সমাধান না করতে পারলে বাংলাদেশের কোন সমস্যারই সমাধান হবে না। এই দিকে যদি দৃষ্টি দিতেন তাহলে অনেক উপকার হোত। কিন্তু তাঁর ভাষণে সেইরকম কোন সুদৃঢ় পদক্ষেপ এবং সুদৃঢ় উক্তি দেখলাম না। আজকে যে ২৮ লক্ষ বেকারের কথা শুনছি সেই সমস্যার সমাধান করার জন্য তিনি এবং সরকার যেন বলিষ্ঠ নীতি গ্রহণ করেন এবং তারজন্য দরকার হলে সেই নীতি যেন তিনি ক্যাবিনেটে পাশ করান। আজকে আমরা দেখছি কয়লা খনিতে বহিরাগত লোক সেভেন্টি পারসেন্ট এবং চটকলগুলিতেও বাইরের লোক সেভেনটি পারসেন্ট। আপনারা বলেছেন ১৪০০ কোটি টাকা বিনিয়োগ করে ১০ লক্ষ বেকার সমস্যার সমাধান করবেন। কিন্তু এইভাবে যদি শতকরা ৬০।৭০ জন অবাঙালী লোক কাজ করে তাহলে বাঙালীদের সমস্যার সমাধান হবে না এবং তাদের সমস্যা মিটবে না। আমি জানতে চাই এই ব্যাপারে তিনি কি পদক্ষেপ এবং কি নীতি নিয়েছেন। সেই নীতি তিনি যদি হাউসে বিশ্লেষণ করেন তাহলে আমরা বুঝতে পারব যে তিনি যে শ্রমিক দরদী নীতি নিয়েছেন তাতে তিনি বাঙ্গালীদের সমস্যা দূর করবার জন্য চেষ্টা করছেন। আমি পাবলিক সেকটরের কথা তুলে ধরতে চাই, হলদিয়া রিফাইনারির কথা বলতে চাই। সেখানে যে ১৫০ জন লোক নেওয়া হয়েছে তার ৯৯ জনই বাংলার বাইরের লোক। এইরকম সব চক্রান্ত চলছে। তারপর বারুণীতে যে লোক নেওয়া হয়েছে তাদের ট্রান্সফার করা হয়েছে হলদিয়াতে। অথচ আমাদের পশ্চিমবাংলার লোকদের সেখানে নেওয়া হচ্ছে না। আজকে চারিদিকে তাকিয়ে দেখুন, দুর্গাপুর স্টীল প্রোজেক্ট-এ দেখুন সেখানে পার্সোনাল ম্যানেজার ছিলেন পশ্চিমবাংলার একজন সার্ভিস হোল্ডার, কিন্তু এখন সেখানে অবাঙালীকে নিয়োগ করা হয়েছে। এই যদি অবস্থা হয় তাহলে বাঙালীদের স্বার্থ কে দেখবে? আমি ফ্যাক্টস্ এ্যাণ্ড ফিগার্স দিয়ে বলতে চাই জামসেদপুরে বিহার গভর্ণমেন্টের প্রেসারে সেখানে একজন বিহারীকে জেনারেল ম্যানেজার করা হয়েছে। আমাদের দুর্গাপুর স্টীলে ১ জন বাঙালী জেনারেল ম্যানেজার ছিলেন, কিন্তু আজকে দুর্ভাগ্যের কথা সেখানে কোন বাঙালী জেনারেল ম্যানেজার নেই। আমি এবারে পাবলিক সেক্টরের কথা কিছু বলতে চাই। সমস্ত কি পয়েন্টে দেখছি অবাঙালীদের রিক্রুট করা হচ্ছে। আমি দৃষ্টান্ত দিয়ে আপনার কাছে বলছি একটা হেভি ইঞ্জিনিয়ারীং ইণ্ডাষ্ট্রি আছে যেখানে ৩০০।৪০০ টাকা দিয়ে ইঞ্জিনিয়ারদের নিয়ে আসা হচ্ছে বাইরে থেকে। বাঙালীদের সেখানে কোন স্থান নেই। আজকে আপনারা বাঙালীদের কাজের জন্য যদি কোন সুস্পষ্ট নির্দেশ না দেন তাহলে মনে হয় পশ্চিমবাংলায় আবার আগুন জ্বলে উঠবে এবং কোনদিন সেটা নির্বাপিত হবেনা।

আমি শ্রমমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি তিনি এই ২৮ লক্ষ বাঙালী বেকার যুবকদের বেকারত্ব দূরীকরণের জন্য কি নীতি গ্রহণ করছেন—সেদিন শিল্পমন্ত্রী মহাশয় বললেন যে তিনি ১৪ কোটি টাকা ব্যয় করে ১০ লক্ষ বেকারের সমস্যা দূর করবেন। আমি সেখানে একটি কোশ্চেন মাননীয় শ্রমমন্ত্রীর কাছে রাখতে চাই। ইণ্ডাস্ট্রীয়াল মিনিষ্টারের কথা আপনি সমর্থন করেন কি করেন না? তিনি বলেছেন বেসরকারী উদ্যোগে শিল্প গঠন করে বেকারী দূর করা হবে। কিন্তু আমি দেখছি এখানে ব্যক্তিগত মালিকানা যা আছে সেখানে শতকরা ৭০ জন অবাঙ্গালী। যেখানে সরকারী

উদ্যোগ সেখানে শতকরা ৫০ ভাগ অবাঙালী। আজকে যৌথ উদ্যোগে যে শিল্প স্থাপন করা হবে তাতে বাঙালী বেকারের সমস্যার সমাধান হতে পারে না। তাই আমি মাননীয় স্পীকার মহাশয়, জানতে চাই যে আমাদের শ্রমমন্ত্রী তিনি সুচিন্তিত মত নিয়ে ক্যাবিনেটে তুলে ধরবেন যাতে বাঙালী বেকারের সমস্যা দূর করবার জন্য একটা আইন করেন। যারাই এখানে শিল্প তৈরী করুক না কেন বাঙালী ছেলেদের চাকুরীতে নিয়োগ করতেই হবে। আজকে বিহারে আমরা কি দেখছি? সেখানে দরখাস্তে ক্লিয়ারলি মেনশান করে দিচ্ছে যে বিহারে যারা বসবাস করেন না তাদের দরখাস্ত দেবার প্রয়োজন নাই। আমাদের এত লজ্জা কিসের? আমাদের এত দ্বিধা কিসের? পশ্চিমবঙ্গকে যদি আমাদের বাঁচাতে হয়, পশ্চিমবাংলার বেকারের সমস্যা যদি দূর করতে হয় তাহলে আমাদের ঐ আইন করতে হবে। রিক্রুটমেন্ট করার সময় বলে দিতে হবে, সে শিল্পপতি যেই হোন না কেন তাকে বলতে হবে যে বাঙালী ছেলেদের আগে চাকুরী দিতে হবে এবং এটা কম্পালসারী করতে হবে। এ যদি আমরা না করতে পারি তাহলে বেকার সমস্যার সমাধান হবে না। আর বেকার সমস্যার সমাধান যদি না হয় তাহলে শিল্পেও শান্তি আসতে পারে না। আজকে গ্রামের ছেলেরা কলকারখানা ঘেরাও করছে। বেকারীর জ্বালা বড় জ্বালা। চাকুরীর জন্য তারা সব সময় শিল্পপতিদের কাছে ঘোরাফেরা করছেন। এটাতে কখনও শিল্পে শান্তি আসতে পারে না। তাই এই ২৮ লক্ষ বেকারের যদি আমরা কর্মসংস্থান না করতে পারি তাদের সমস্যার সমাধান করতে যদি আমরা না পারি তাহলে কোন শিল্পেই শান্তি আসতে পারে না। আমি শ্রমমন্ত্রীকে এই দিকে বিশেষ দৃষ্টি দিতে অনুরোধ করছি। আমরা জানি তিনি শ্রমিক দরদী। এই বাঙালী বেকারদের প্রতি তিনি একটু স্নেহ দিন, তাদের প্রতি একটু দরদ দিন, তাহলেই এই সমস্যার সমাধান সম্ভব হতে পারে। এমন একটি আইন তৈরী করুন যাতে পশ্চিমবাংলার বাঙালী ছেলেরা চাকুরী পায়। আজকে যে কয়টা শিল্প আমাদের যৌথ শিল্প গড়ে উঠেছে তাতে বাহির থেকে লোক নিয়োগ করা হচ্ছে। আমাদের ছেলেরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে গেলে তাদের লাইন দিয়ে দাঁড়াতে হয়, আর ছাপরা, বালিয়া থেকে লোক আসছে তাদের এক ঘন্টার মধ্যে চাকুরী হয়ে যাচ্ছে।

দুর্গাপুরেও ঠিক তাই হচ্ছে। স্ল্যাক্তি হুইলসেও ঠিক তাই হচ্ছে, এই হচ্ছে বাঙালীর সমস্যা আর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে আপনি সমস্যা দূর করতে পারবেন না, সেখানে ঘুষখোরের রাজত্ব সেখানে টাকা না দিলে কার্ড রেজিষ্ট্রী হয় না। আপনি ১৯৭০ সালের কার্ড রেজিস্ট্রী করে নিতে পারবেন যদি টাকা দিতে পারেন। সেই জন্য বলছি সঠিক পন্থা অবলম্বন করুন যার মাধ্যমে বেকার সমস্যা দূর করা সম্ভব হবে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে অন্ততঃ এই একটা নির্দেশ আপনি তাঁর কাছে দেবেন যাতে তিনি এই বেকার সমস্যার সমাধানের একটা সুচিন্তিত মত এই সভায় আজকে পেশ করেন। সব শেষে আমি শ্রমমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি তিনি যে সব ভাল কাজ করেছেন তার জন্য। তিনি যে সমস্ত শ্রমদরদী কাজ করেছেন তার জন্যও অভিনন্দন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে তাঁকে অনুরোধ জানাবো তিনি যেমন মিনিমাম ওয়েজ বেঁধে দিচ্ছেন তেমনি যেন ম্যাকসিমাম ওয়েজও বেঁধে দেন, তাহলেই আমার মনে হয় দেশের সমস্যার সমাধান হতে পারে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী গীতা মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি শোকাবহ খবর আপনার কাছে উপস্থিত করবো এবং আপনি দয়া করে সে জন্য যেন কম্যুনিষ্ট পার্টির সভ্যদের ছুটি দেন। আমাদের শ্রদ্ধেয় জননেতা পশ্চিমবাংলার সুপরিচিত জননেতা, সারা ভারতবর্ষের সুপরিচিত জননেতা এবং মনিষী শ্রীভবানী সেন আজ সকালবেলায় মস্কোতে অকস্মাৎ হৃদরোগে আক্রান্ত হয়ে পরলোক গমন করেছেন। ডাক্তাররা তাঁকে বাঁচানোর জন্য যথাসাধ্য চেষ্টা করেছেন, কিন্তু তাঁকে বাঁচাতে পারেন নি।

**এই শোকাবহ ঘটনা আপনি সহজেই অনুভব করতে পারবেন যে আমাদের মানসিক অবস্থা কি হচ্ছে। সেইজন্য আশাকরি আপনি আজকে আমাদের ছুটি দেবেন।**

[5-50—6-00 p.m.]

**Mr. Deputy Speaker :** আজকে আপনি হাউসের সবার সামনে এবং আমার কাছে যে কথা রেখেছেন আমরা হাউসের সকলেই আপনাদের এই বেদনা এবং দুঃখকে সমব্যথা হিসাবে গ্রহণ করছি এবং হাউসে শ্রীভবানী সেনের মত একজন মনিষী, তাঁর প্রতি আমাদের শ্রদ্ধা জানাচ্ছি।

**শ্রীমৃগেন্দ্রনাথ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই সভায় আজকে গোপাল দাস নাগ মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী পেশ করেছেন আমি সেই অর্থের দাবী অত্যন্ত আনন্দের সংগে সমর্থন করছি। কারণ একটা সরকারের নীতি সমাজতান্ত্রিক হবে, না গণতান্ত্রিক হবে সেটা নির্ভর করে শ্রমনীতির উপর। শ্রমনীতি হল একটা সরকারের চরিত্রের ব্যারোমিটার এবং সেই ব্যারোমিটার দিয়ে হিসাব করলে আমাদের শ্রমনীতি—এটা পরিষ্কার সত্য কথা, সরকারের বিরুদ্ধে যাঁরা অভিযোগ করতেন যে এই সরকার মালিকদের, সেই অভিযোগ আজকে আর চলবে না। এর কৃতিত্ব শ্রম দপ্তরের, বিশেষ করে তাঁর বিভাগের যাঁরা কর্মচারী আছে তাঁদের। কিন্তু আমি একটা কথা তুলে ধরছি এই জন্য মাননীয় শ্রমমন্ত্রীর কাছে পরামর্শ হিসাবে রাখছি যে, একটা বৈপ্লবিক শ্রমনীতি আমরা পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে পশ্চিমবঙ্গের বিধানসভা থেকে এ্যাপ্লাই করতে পারি কিনা। কিছুদিন আগে শ্রীগোখলে বলেছিলেন যে হোয়াট বেঙ্গল থিংকস্ টু ডে রেষ্ট অব ইণ্ডিয়া থিংকস্ টুমরো। আমরা কি করতে পারিনা পশ্চিমবঙ্গ থেকে একটা বৈপ্লবিক শ্রমনীতির আভাস দিতে? আজকে পশ্চিমবঙ্গে একটা ভীষণ ভিড়িক পড়ে গিয়েছে—প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা সরিয়ে ফেলেছে। প্রায় ৫ কোটি টাকার মত প্রভিডেণ্টের টাকা এখান থেকে চলে গিয়েছে এবং হিসাব করলে দেখা যাবে যে আরো টাকা মালিকরা সরিয়ে দিচ্ছে। দেখতে পাচ্ছি প্রচুর পরিমাণে ঋণ যাচ্ছে কলকারখানাতে কেন্দ্রীয় পুনর্গঠন পরিষদ থেকে, ওয়েষ্ট বেঙ্গল ফাইনান্স কর্পোরেশন থেকে, সেই টাকা চলে যাচ্ছে, সেই টাকা খরচ হয়ে যাচ্ছে। মালিকরা কলকারখানায় নিচ্ছে, আত্মীয়স্বজন ধার করছে, সেই ধার শোধ দেয়না এবং এইভাবে কলকারখানাগুলিকে রুগ্ন করে দেওয়া হচ্ছে। তারপর দরখাস্ত আসছে, অবাঙালী বাবুর প্রিয়পাত্র হলে দরখাস্তে এ্যাডভাইস চলে যাচ্ছে, ওখানে গেলে আই, আর, সি, পাশ হয়ে লোন পাশ হয়ে যাচ্ছে। কিন্তু এটা কি কারখানা খোলার ব্যাপার, এটা একটা সুযোগ নেওয়া হচ্ছে কারখানা রুগ্ন করে দেওয়ার জন্য। তারপর সরকার এই কারখানা নেবে, আবার সবল হবে এবং পরে আবার হাইকোর্ট থেকে এমন আইন করবেন, ইনজাংশন করবেন, আবার তাদের কলকারখানা হয়ে যাবে, কলকারখানা থাকবে। তাই শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে একটা অনুরোধ করছি যে সব প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা মালিকরা সরিয়ে নিয়ে যাচ্ছে তা আমরা কি কোন আইন করতে পারিনা যে প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা ইকুইটি শেয়ারে পরিণত করা হবে। যার ফলে যদি প্রয়োজন হয় কোম্পানীর এ্যাক্ট, প্রভিডেণ্ট ফাণ্ড এ্যাক্টএর সংশোধনী প্রস্তাব নেবেন, সেই প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা ইকুইটি শেয়ারে পরিণত করেন, তাহলে আমরা দেখতে পাবো আস্তে আস্তে শ্রমিকরা সেই ডাইরেক্টর বোর্ডে চলে আসতে পারবে এবং তাহলে শ্রমিকদের উপরেই তার পরিচালনার ভার চলে আসবে। এখনও আমরা বলবো শ্রমিকদের যে একটা বহু বৎসরের দাবী গড়ে উঠেছিল সেই দাবীকে কার্যকরী করার এই হচ্ছে সুবর্ণ সুযোগ। আর একটা কথা হচ্ছে এই প্রভিডেণ্ট ফাণ্ড এ্যাক্ট যারা ফাঁকি দিচ্ছে

তাদের সবাইকে মিসা করে দেবেন এই'দ্বিদাবী। এর ফলে হবে কি, তারা ৬ মাস খেটে আসবে ৩/৪ লক্ষ টাকা করে নিয়ে এবং তারপর ফিরে এসে বলবে আমাদের সব মিটে গিয়েছে। সরকার নিলে কি হবে? এখানে ইণ্ডিয়া ফ্যানকে ১০ লক্ষ টাকা সরকারকে দিতে হয়েছে। অতএব এই যদি অবস্থা হয় তাহলে লাভ কি? মালিকরা যদি জানে যে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা ফাঁকি দিলে শুধু যে মিসা হবে তা নয় কমপ্লিটলি পরিচালনার দায়িত্ব তাদের চলে যাবে। এই রকম একটা নীতি যদি আমরা গ্রহণ করতে পারি তাহলে শ্রমমন্ত্রী মহাশয় কি এটা ভেবে দেখবেন না? দ্বিতীয় জিনিস হচ্ছে ক্লোজার করে দেওয়া হচ্ছে কলকারখানাগুলিকে। এই ক্লোজার সম্পর্কে আমরা জানি ইন দি সেকশন এইটিন......।

সেই আইনে আছে ৩ মাসের বেশী যদি ক্লোজার থাকে তাহলে সরকার পারেন সেই কারখানার ম্যানেজমেন্টকে গ্রহণ করতে—পারসনস্ অর গ্রুপ অব পারসনস, এই অবস্থা যদি আমরা এখানে চালু করতে পারি, স্যার, তাহলে জানবো আমাদের সরকার একটা প্রগতিশীল সরকার, মার্কসবাদী নীতি গ্রহণ করেছেন। মালিক ফাঁকি দিলে মালিকানা চলে যাবে এইরকম নীতি যদি চালু করতে পারি তাহলে আমাদের একটা সুবর্ণ সুযোগ এসে পড়ে। আমাদের কাছে আর একটা প্রশ্ন আছে, আজকে পশ্চিমবঙ্গে প্রচুর পরিমাণে একটা আবহাওয়া উঠেছে বেশী খাটার। বেশী পরিশ্রম করবো, ওভারটাইম নেবো না, ইত্যাদি। এটাকে কাজে লাগিয়ে আজ যে একটা সুযোগ আমাদের হাতে এসেছে আমরা এই মুহূর্তে যদি অর্ডিনান্স করি, আমরা যদি বেআইনি ঘোষণা করি অন্ততঃ দুবছরের জন্য, এই দুটি ব্যবস্থা যদি আমরা চালু করতে পারি তাহলে আজকে অসাধু ট্রেড ইউনিয়নকে আমরা রুখতে পারবো। সঙ্গে সঙ্গে মালিকদেরও আমরা চেক দিতে পারি।

তিন নম্বর কথা হচ্ছে—এ সম্বন্ধে সকলেই বলেছেন আমিও সেটা আপনার কাছে তুলে ধরতে চাই। এই রাজ্যের সন্তানদের চাকুরী দেওয়া দরকার। এটা কোন প্রাদেশিকতা নয়, এই সন্তানরা যদি বিহারী হয় পাঞ্জাবী হয় কি মহারাষ্ট্রেরও হয় তাদের চাকুরি সংস্থান করতে হবে। এই রাজ্য-এর সন্তানদের ব্যবস্থার জন্য আপনি কেন ১৫ বৎসরের ডোমিসাইল সার্টিফিকেটের ব্যবস্থা করছেন না, যদি ১৫ বছরের ডোমিসাইল সার্টিফিকেটের ব্যবস্থা করেন তাহলে আমরা এই সমস্যা থেকে মুক্ত হতে পারি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আর একটা জিনিস তুলে ধরতে চাই হাজার হাজার ছেলে এ্যাপ্রিন্টিস আছে, তাদের অবস্থা আজকে ভয়াবহ হয়ে উঠেছে। তারা ট্রেনিং নিচ্ছে, মিকানিক্যাল ট্রেনিং নিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করছে কিন্তু কোর্স শেষ হলে পর তাদের কর্মে নিয়োগের কোন ব্যবস্থা নাই। রেলওয়ে বলছে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রী করতে হবে এমন কোন আইন নাই। এই সমস্যার সমাধান করা যায় যদি এ্যাপ্রেন্টিস্‌শিপ এ্যাক্ট ১৯৬১ কম্পালসারি না করেন। এই সমস্ত ব্যবস্থা করলে নিশ্চয়ই মাননীয় শ্রমমন্ত্রীকে সাধুবাদ দেব।

আর একটা জিনিস মাননীয় শ্রমমন্ত্রীর কাছে জানাতে চাই। আই আর সি শিল্প কেন্দ্রীয় সংস্থা, একে পুনর্গঠন-এর দিকে নজর রাখুন, আমাদের পশ্চিমবঙ্গ সরকার থেকে এ্যাডভাইজের জন্য যোগাযোগ আছে। হাওড়ার একটা ফ্যাক্টরীতে ৫ লক্ষ ঋণ দেওয়া হয়েছে, দেওয়া হয়েছে কিনা ঠিক বলতে পারছিনা তবে মঞ্জুর হয়েছিল, এই ফ্যাক্টরী তিনজনকে নিয়ে তৈরী, স্বামী স্ত্রী এবং আত্মীয় এই কারখানায় ঋণ মঞ্জুরের পর ক্যাপিটেল নিয়ে গিয়ে পাঞ্জাবে কারখানা খুলেছে। আই আর সি-এর এই রকম অনেক ঘটনা হয়েছে। এই সমস্ত দিকে নজর রাখবেন যাতে সরকারী টাকায় গড়া সংস্থা সরকারকে ফাঁকি না দিতে পারে।

রেবন কারখানা, আর বি এস, এটা পুরাণো ব্যাপার, মাননীয় মন্ত্রী মহাশয় বহুবার কথা দিয়েছেন, এখন অবনীবাবু এ্যাগেনষ্টে রিপোর্ট দিয়েছেন আর নাকি পাওয়া যাবে না। আর যে সমস্ত ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা চলছে তার কি হল সে সমস্ত জানতে পারলাম না।

শ্রমমন্ত্রী মহাশয় অনেক ভাল ভাল কাজ করেছেন, তার জন্য খুসী হয়েছি। আর একটু ভাল কাজ যদি করেন তাহলে আরও খুসী হব। তাঁর দপ্তরের সচিব তাঁর কাছে কোন প্রকল্প এখনও হাজির করেননি। সেজন্য আমি অনুরোধ করছি যে মন্ত্রী মহাশয় যদি কর্মসংস্থানের ব্যবস্থা না করতে পারেন, তাহলে এই দপ্তরের নাম সংশোধন করুন। এর নাম শ্রম এবং বেকারিত্ব দপ্তর করুন।

**শ্রীগোপাল মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় বাজেটের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তাকে স্বাগত জানিয়ে আমি আমার সীমিত বক্তব্য রাখছি। আজকের বর্তমানের সঙ্গে পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ সম্পূর্ণরূপে শ্রম দপ্তরের উপর নির্ভরশীল। পশ্চিমবঙ্গের অর্থনীতি নির্ভর করছে এর উপর। আজকে সরকার বলছেন, পশ্চিমবঙ্গের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে চাই। পুনরুজ্জীবন কথা সংবাদ পত্রের ভাষা। এটা যদি সত্য হয়, তাহলে বুঝতে হবে পশ্চিমবঙ্গের অর্থনীতির আপনিই মৃত্যু হয়েছে, অর্থাৎ রোগগ্রস্ত হয়ে কাজ না চলার মত অবস্থায় রয়েছে। অবশ্য এর কৃতিত্ব দাবী করতে পারে সি, পি, এম প্রভাবান্বিত যুক্তফ্রন্ট। তাঁরা চেয়েছিলেন শুধু মাত্র বেকার ভাতার আন্দোলন করতে এবং কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করতে, এটাই ছিল তাদের মুখ্য উদ্দেশ্য। সেজন্য কোনরকম গঠনমূলক কাজ না করে কেবল বেকারীর উপর বেকারী সৃষ্টি করে গিয়েছেন এবং আন্দোলন ও হুমকি চালিয়েছেন। আজ অবস্থার পরিবর্তন হয়েছে। সরকার সমস্যার সমাধান করার জন্য গঠনমূলক কাজ, কনষ্ট্রাক্টিভ কাজ করছেন। এর প্রমাণস্বরূপ আমরা দেখতে পাচ্ছি বহু বন্ধ কারখানা খোলা হয়েছে এবং আরও অন্যান্য কারখানা যাতে গড়ে উঠে তার জন্য চেষ্টা হচ্ছে।

[6-00– 6-10 p.m.]

বেশ কিছু সংখ্যায় কলকারখানা খুলেছে এবং আরো কিছু কারখানা খোলবার চেষ্টা হচ্ছে। আমাদের দেশে যে লক্ষ লক্ষ বেকার আছে তারা সরকারের মুখের দিকে চেয়ে বসে আছেন, তাদের যদি কোন ব্যবস্থা না করতে পারি তাহলে আমরা দেশের কল্যাণ করতে পারব না। আমি এ বিষয়ে চিন্তা করবার জন্য অনুরোধ করি। শ্রমবিরোধ অতি জটিল সমস্যা, এই সমস্যার যাতে আশু মীমাংসা করা যায় তার ব্যবস্থা করা দরকার। মালিককে যাতে বাধ্য করা যায় সেটা চিন্তা করা দরকার। আইনগত দিকে যথাযোগ্য ব্যবস্থা নেওয়া হবে এই আশা করে বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবানীশঙ্কর মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করলেন আমি তাকে স্বাগত জানাচ্ছি ও আমি সেটাকে সমর্থন করছি। আমি এই প্রসঙ্গে লেবার ইউনিয়ান এবং মালিকদের ব্যবহার সম্পর্কে আপনাকে দু একটি কথা বলতে চাই। মালিকরা যা ব্যবহার করেন সে সম্পর্কে নুতন কিছু বলবার নেই। লেবারদের সঙ্গে তাদের ব্যবহার যে কি সেটা বিশ্লেষণ করবার প্রয়োজন নেই। আমরা অতীতে দেখেছি যে পশ্চিমবাংলার লেবার ইউনিয়নগুলি

নিরক্ষর শ্রমিকদের ভুল পথে নিয়ে যাচ্ছেন এবং তার জন্য মজুরদের প্রচুর খেসারত দিতে হচ্ছে। চিন্তা করে দেখুন সেবার ইউনিয়ন রেকগনিসন নুতন করে দেখা হবে কি না। তা না হলে আমাদের কি হবে? আমরা ছোটবেলায় শুনে এসেছি labour union has become a business for the labour leaders. আমি কোন লেবার লিডার থাকলে তাকে কটাক্ষ করতে চাই না। কিন্তু আমি যে জায়গা থেকে এসেছি সেখানে ৭/৮ শতের মত ফ্যাক্টরী আছে। আমি বহুদিন ধরে লক্ষ্য করেছি এই সব জিনিস ঘটছে। শ্রমমন্ত্রীমহাশয় অনেক কিছু নুতন জিনিস উদ্ভাবন করেছেন এবং আমি আশা করি তিনি নুতন পথ দেখাবেন। আমি এবার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্বন্ধে কয়েকটি কথা বলব। সেখানে এখন এমন ব্যাপার দাঁড়িয়েছে যে ঘুষ না দিলে কাজ পাওয়া যায় না। এই এক্সচেঞ্জগুলো আজকে মেরিটোরিয়াম স্টেজে এসে দাঁড়িয়েছে। ১৯৪৭ সালে ডাঃ সুরেশ চন্দ্র ব্যানার্জী প্রথম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আরম্ভ করেছিলেন পশ্চিমবাংলায় কত আশা নিয়ে। কিন্তু আজকে সেগুলির কি অসহায় অবস্থায় দাঁড়িয়েছে, আজ সেই এক্সচেঞ্জ-এর এ্যকটিভিটি দেখা দরকার। আমি মন্ত্রীমহাশয়কে বলব এর রিওরিয়েন্টেশান করুন। রিওরিয়েন্টেশান না করে উপায় নেই। আমি একটা প্রকৃষ্ট উদাহরণ দেব ইনসিওরেন্স কোম্পানীর ব্যাপার নিয়ে। ইনসিওরেন্স কোম্পানী ৬ জন টাইপিষ্ট চেয়েছিল গত ডিসেম্বরে, তার পর ৩ মাস হবার পর তারা জানালেন টাইপিষ্ট নেই। কটা লোকের কর্মসংস্থান হত কিন্তু সেখানে তা হতে পারলো না।

যাহোক আমি মন্ত্রী মহাশয়কে এই সব কথা বলতে চাইছি। তার সঙ্গে আর একটা কথা তাঁকে মনে করিয়ে দিতে চাই। যারা কারখানার মালিক তাদের এই tendency of the Private concerned তাদের tendency হচ্ছে finished labour নেব, কাউকে apprentice রাখবো না, semi skilled unskilled থেকে skilled লেবার তৈরী করবো না। তৈরী লেবার চাই—, তা হয় না। আমাদের প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর মহান নেতৃত্বে ও ডাকে আজ জনজাগরণ হচ্ছে সারা ভারতবর্ষে। আজকে তাদের এই পলিসি carve out করতে হবে, বন্ধ করতে হবে। তার জন্য মন্ত্রী মহাশয়ের যা করা দরকার করুন। একটা Expert Committee করার দরকার হলে একটা Expert কমিটি এই সম্পর্কে করুন এবং তাই করে এ বিষয়ে তাদের মতামত নিয়ে একটা স্থির সিদ্ধান্তে আসুন যাতে দেশের মঙ্গল হবে।

একটা কথা এখানে উদাহরণ দিই এই আমাদের রেল ড্রাইভার—বহু ছেলে কলেজ স্কুলে N C C রয়েছে, তাদের রেল ড্রাইভার করার জন্য apprentice হিসেবে শেখান। তাহলে আমি বলতে পারি আমাদের পশ্চিমবঙ্গে কোন দিন রেল ড্রাইভারের অভাব হবে না, কোন ষ্ট্রাইকও হবে না। এই সব young ছেলে এর মধ্যে ঢুকে নতুন প্রাণ ও উৎসাহ উদ্দীপনা নিয়ে এগিয়ে আসবে।

আমাদের এই যে জুট ইণ্ডাস্ট্রী রয়েছে যেখানে 7 to 80 per cent non-Bengalee শ্রমিক আছে। এর মানে এই নয় আমরা কোন non Bengaleeকে এখান থেকে তাড়িয়ে দিতে চাই। সুতরাং এই জুট ইণ্ডাস্ট্রী, ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রী এই সব জায়গায় বিশেষ করে আমাদের চেষ্টা করতে হবে যাতে আমাদের বাঙ্গালী বেকার ছেলে কাজে লাগতে পারে।

আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি। নমস্কার।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী আজকে এখানে যে ৬ কোটি ৫ লক্ষ ১২ হাজার টাকার বাজেট গ্রাণ্ট পেশ করেছেন, আমি তা সমর্থন জানাচ্ছি। তার সঙ্গে দু-একটি কথা এই প্রসঙ্গে বলছি। মালিকরা আজ শ্রমিকদের অজ্ঞতা ও নিরক্ষতার সুযোগ

নিয়ে তাদের উপর যে অত্যাচার ও শোষণ করছে, তার একমাত্র কারণ যে আমাদের এখানে কোন cultural revolution নাই। আজ আমরা এই শ্রমিকদের শেখাতে পারি না তাদের দাবী দাওয়াগুলি কি ভাবে আদায় করতে হয়। তারা জানে না কারখানা চললে দেশের কি উন্নতি হবে, কি প্রগতি হবে। তারা জানে না যে আজকে দেশের উন্নতির জন্য cultural revolutionই একমাত্র কাম্য। আজ আমাদের দেশে অনেক কল-কারখানা গড়ে উঠেছে, ছোট বড় অনেক কারখানা গড়ে উঠেছে। যে শ্রমিক সেখানে কাজ করছে তাদের আজকে শিক্ষা দিয়ে প্রগতির পথে নিয়ে যেতে হবে। তাহলে পরে আমাদের দেশের শিল্পবিপ্লব সার্থক হবে। আমাদের প্রগতি হবে। উন্নতি হবে। মালিকরা শ্রমিকদের অজ্ঞতার সুযোগ নিয়ে তাদের উপর অত্যাচার করেন, তাদের ন্যায্য পাওনা দেন না। মালিকদের কাছ থেকে শ্রমিকদের ন্যায্য পাওনা আদায় করবার জন্য প্রতিটি ট্রেড ইউনিয়নকে ওদের শিক্ষা দিতে হবে। ট্রেড ইউনিয়নের নেতৃত্ব হবে নৌকার কাণ্ডারীর মত, তাকেই শক্ত হাতে হাল ধরতে হবে। প্রয়োজন বোধে তাদেরই মালিকদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে হবে। যে মালিকরা শ্রমিকদের শোষণ করবে, ট্রেড ইউনিয়নকে সেখানে শ্রমিকদের স্বার্থ রক্ষা করবার জন্য লড়তে হবে। তাহলে দেশের প্রগতি হবে, শিল্পোন্নয়ন অব্যাহত থাকবে, দেশ আরো উন্নতির দিকে এগিয়ে চলবে। আজ দেশকে প্রগতির পথে নিয়ে যেতে গেলে দেশে যে শিল্প গড়ে উঠেছে প্রগতির দিকে যাচ্ছে—এই সব কথা তাকে চিন্তা করতে হবে। যেখানে কোন শিল্প নাই সেখানে শিল্প তৈরী করতে হবে। যেখানে যে শিল্প-সম্পদ আছে তা বড় করতে হবে এবং সেখানে নতুন নতুন কল কারখানা গড়ে তুলতে হবে। আমাদের বাঁকুড়া জেলা শিল্প-সম্পদে সমৃদ্ধ ও পূর্ণ। আজ যদি সেখানে দেখা যায় সেখানে কল-কারখানা গড়ে উঠেছে, তবেই না শিল্প সম্পদের সদ্ব্যবহার হবে। আজ সেখানে নূতন কলকারখানা গড়া প্রয়োজন। সেখানে এগিয়ে মাটি পরীক্ষা করে দেখতে হবে কি কি খনিজ সম্পদ মাটির নীচে আছে। ওখানে রানী বাঁধ এলাকায় যে উল ফার্ম আছে, সেখানে লেবারেরা সুযোগ পান না, তারা সেখানে বঞ্চিত। আজ তাদের সেই সুযোগের পথ খুঁজে নিতে হবে। সে একটা গণ্ড গ্রাম।

[6-10—6-20 p.m.]

বর্তমানে যে বিদ্যুতের আলোর বাল্ব তৈরী হয় এবং সেই জিনিস তৈরীর ব্যাপারে যে খনিজ সম্পদ দরকার হয় তা এখানে পাওয়া যায়। সরকার যদি এই দিকে নজর দেন এই গণ্ডগ্রামে যে সম্পদ আছে তাতে একটা কারখানা হতে পারে। আজকে এই সম্পদকে কাজে লাগাতে হবে। আজকে ঐ সুদূর গণ্ডগ্রামে যদি এই সমস্ত কারখানা ছড়িয়ে দেওয়া যায় তাহলে আমার মনে হয় দেশের উন্নতি হবে। এই জন্য আমি সরকারকে চিন্তা করতে বিশেষ ভাবে অনুরোধ করি। আজকে যেমন পুরুলিয়ার মত অনুন্নত জায়গায় কলকারখানা স্থাপনের পথে সরকার এগিয়ে যাচ্ছেন সেই রকম আমি আশা করবো এই সরকার বাঁকুড়া জেলায় যে যথেষ্ট সম্পদ আছে সেই সম্পদকে আহরণ করে তাকে কাজে লাগাবেন। এবং তাতে অনেক বেকারত্ব দূর হবে। আমরা জানি যে এই পশ্চিমবাংলায় ২৮ লক্ষ বেকার ১৯৭১-৭২ সালে ছিল। আমরা দেখছি প্রতি বছরই ২ লক্ষ বেকার বাড়ছে। এইভাবে আমরা আগামী নির্বাচনের সময় দেখবো যে ৩২ লক্ষ বেকার হয়ে গেছে। এই বেকারত্ব দূর করতে গেলে নূতন কলকারখানা স্থাপন করতেই হবে। পুরানো যে সব কলকারখানা আছে সেগুলিকে পুনরুদ্ধার করার সঙ্গে সঙ্গে নূতন কলকারখানা স্থাপন করে বেকার যুবকদের কাজে লাগাতে হবে। আজকে সুদূর গণ্ডগ্রামে এই সমস্ত কলকারখানা ছড়িয়ে দিতে হবে—যেখানে এখনও

কলকারখানা হয় নি সেখানে নূতন করে কলকারখানা তৈরী করে বেকারদের কাজে লাগাতে হবে। এবং তাহলে দেশের প্রগতি হবে, আমাদের নেতা ইন্দিরা গান্ধীর আদর্শ পূর্ণ প্রতিফলিত হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় পশ্চিমবঙ্গের মাননীয় শ্রমমন্ত্রী শ্রম এবং নিয়োগ খাতে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন এই সভার একজন সদস্য হিসাবে আমি তাকে স্বাগত জানিয়ে সমর্থন জানাচ্ছি। পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষে নয়, পৃথিবীর যে কোন দেশের শ্রমিকদের উৎপাদন ক্ষমতা শ্রমিকদের দক্ষতা শ্রমিকদের চিন্তাধারা এবং শ্রমিকদের সামগ্রিক জীবন ধারার প্রগতির সঙ্গে সেই দেশের অর্থনৈতিক উন্নয়ন ওতঃপ্রোতভাবে জড়িত থাকে। আজকে পশ্চিমবাংলার শ্রমিকদের সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমে আমি দেখি পশ্চিমবাংলায় বর্তমানে কারখানায় ৮ লক্ষ ৫০ হাজার শ্রমিক নিযুক্ত আছে এবং মাইনস-এ ১ লক্ষ ১৬ হাজার ৬৮ এবং প্ল্যান্টেসনে ১ লক্ষ ৬১ হাজার ২৬ জন—মোট ১১ লক্ষ ২৭ হাজার ৭৮২ জন শ্রমিক নিযুক্ত রয়েছে। ১৯৬৯ সালে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি ক্ষমতা করায়ত্ব করার সাথে সাথে তাদের পঙ্গু রাজনীতির ধারক হিসাবে শ্রমিকদের কাজে লাগিয়ে তারা শ্রমিকদের মালিকদের বিরুদ্ধে লেলিয়ে দিতে সুরু করেছে। এবং তার ফলে হাজার হাজার কলকারখানা বন্ধ হয়ে গিয়েছিল—বহু শ্রমিক কর্ম্মচ্যুত হয়ে বুভুক্ষু হয়ে পড়েছিল। এবং এই সময় আমরা দেখি যে শিল্প বিরোধের সংখ্যা খুবই বেড়ে গিয়েছিল। ১৯৬৯-৭০ সালে ৪৫৫টি শিল্প বিরোধের ফলে ৩ লক্ষ ২৭ হাজার ২৩৭ জন শ্রমিক বিপর্যস্ত হয়েছিল এবং সেখানে মোট কাজের ক্ষতির পরিমাণ ৪৩,৭৩,৭০৬। শিল্প অবহেলিত হওয়ার ফলে বহু কারখানা রুগ্ন ও দুর্বল হয়ে পড়তে সুরু হয়েছিল। বিগত নির্বাচনের পরে পশ্চিমবঙ্গের জনসাধারণের আশির্বাদপুষ্ট হয়ে এই প্রগতিশীল সরকার এল। এবং এই সরকারের মাননীয় শ্রমমন্ত্রী তাঁর প্রচেষ্টায় এই পশ্চিমবঙ্গে বিশেষ কয়েকটি রুগ্ন কারখানা খুলে দিয়ে প্রায় ৬০ হাজার শ্রমিকের মুখে ফুটিয়েছে হাসি।

তাই প্রথমেই আমি তাঁকে আমার স্বাগত অভিনন্দন জানাচ্ছি। কিন্তু এখনও একথা বলতে হয় পশ্চিমবাংলার বেসরকারী কারখানায় মালিক দিনের পর দিন শ্রমিকদের উপর শোষণের ষ্টিম রোলার চালিয়েছে। এখনও আমরা দেখতে পাচ্ছি বহু জায়গায় এখনও আট ঘণ্টার বেশি শ্রমিককে কাজ করতে বাধ্য করছে। বহু জায়গা আছে যেখানে কম মজুরীতে অবৈধভাবে শিশুকে কাজে লাগান হচ্ছে, বহু জায়গায় ষ্টেট ইনসিওরেন্স এ্যাক্ট কার্য্যকরী হচ্ছে না। এমন কি অসংখ্য জায়গায় ন্যূনতম মজুরী আইন চালু করা হয় নি। শুধু তাই নয় কয়েকদিন আগে ষ্টেটসম্যান পত্রিকায় পড়ছিলাম সেটা তথ্যগত ভুল সে বিষয়ে আমি সুনিশ্চিত, 10 employers held on P. F. irregularities অবশ্য এটায় বলা হয়েছে মিশা প্রয়োগের জন্য প্রেসিডেন্টের কাছে গিয়েছে। এটা হয়তো কার্যকরী করা হবে না। কিন্তু আমি শ্রমমন্ত্রীকে অভিনন্দিত করছি। মিশায় কার্যকরী না করলেও অন্য কোন আইনে ষ্টেটসম্যানের খবরের কাগজের পাতায় পশ্চিমবাংলার মানুষ যখন দেখলো বিভিন্ন কলকারখানায় শ্রমিকদের প্রদেয় মালিক নায্য পরিমাণ টাকা জমা না দেওয়ার ফলে পশ্চিমবঙ্গের ১০ জন নিয়োগকর্ত্তাকে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় শ্রমমন্ত্রী এই একটা আইনে গ্রেপ্তার করেছেন তখন নিশ্চয় তাঁকে সাধুবাদ জানিয়েছে এবং আমি নিজেকে অত্যন্ত ধন্য মনে করেছি। কিন্তু আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গের মাননীয় শ্রমমন্ত্রীর কাছে দাবী করছি আপনি আইন চালু করুন, আইনের পরিধিকে প্রসারিত করুন এবং এমন ভাবে আইন কার্যকরী করুন যাতে পশ্চিম-

বাংলার দিগ দিগন্তরে যে সমস্ত কলকারখানার দরজার মধ্যে মালিকরা প্রভিডেন্ট ফাণ্ডের শ্রমিকদের প্রদেয় অংশ দিনের পর দিন শ্রমিককে তার ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত করেছে এই রকম ধরণের আইন যেন কঠোরভাবে তাদের বিরুদ্ধে কার্য্যকরী করা হয়। আর একটা বক্তব্য, এই সংস্থার সমাধান করতে গেলে সবচেয়ে যেটা আমি সাজেষ্ট করছি, দাবী করছি সেটা হচ্ছে, Labour participation of Management করা দরকার এবং শিল্প বিরোধের সবচেয়ে বড় কথা যেটা সেটা হচ্ছে ডিফারেণ্ট ইউনিয়ান ইন ওয়ান ইউনিট। এই যদি হয় তাহলে শ্রমিকে শ্রমিকে বিরোধ বাধবে, বিরোধ শ্রমিকে মালিকে হয় না। শ্রমিকে শ্রমিকে বিরোধ এইটার চিরস্থায়ী নিষ্পত্তির জন্য আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে দাবী করছি তিনি যেন পশ্চিমবঙ্গের বুকে One union in one unit, for growth of national conciousness of labour চালু করেন এবং ইউনির্ভাসাল লেবার এডুকেশান সেটা যেন কার্য্যকরী করেন। আজ পশ্চিমবঙ্গের শিল্প ক্ষেত্রে অনিশ্চয়তা এসেছে, নিরাপত্তার অভাব এসেছে, আমরা দেখতে পাচ্ছি বেকার সমস্যা অক্টোপাসের মতো পশ্চিমবঙ্গের অর্থনৈতিক কাঠামোকে আঁকড়ে ধরেছে, আমরা দেখতে পাচ্ছি বেকার সমস্যা অগ্নিগর্ভের মতো সংস্থা। কেউ কেউ বলছেন বেকারের সংখ্যা ২৮ লক্ষের মতো, আবার কেউ কেউ বলছেন বেসরকারী হিসাব মতো ৪৫ লক্ষের মতো। কিন্তু কেবল এই সক্ষম বেকারের কথা চিন্তা করলেই চলবে না হ্যানডিক্যাপ্টদের কথাও চিন্তা করতে হবে এবং এই সমস্যার সমাধানে আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে দাবী করছি বোম্বাই এবং হায়দ্রাবাদে যেমন vocational rehabilitation centres for physical handicapped আছে পশ্চিমবাংলার বুকে সেই রকম হ্যাণ্ডিক্যাপ্টদের জন্য, তাদের বেকার সমস্যার সমাধানের জন্য vocational rehabilitation centres for physical handicapped খোলার ব্যবস্থা করুন। এই সমস্ত শুধু দারিদ্র্য বাড়ায় না, দুঃখ বাড়ায় তাই নয়, এই সমস্ত সমাজে এক বিভীষিকার সৃষ্টি করে এবং নৈতিক অধঃপতন ঘটায়। যার জন্য আজকের সমাজে দেখতে পাচ্ছি শিক্ষিত বেকারদের মধ্যে এই সমস্ত চরম আকার ধারণ করেছে এবং এর ফলে আমরা দেখতে পাচ্ছি নকশালবাড়ি আন্দোলন হয় এবং সেই আন্দোলনের এটা অন্যতম কারণ বলে উল্লেখ করা যেতে পারে। আজকে পশ্চিমবাংলার বুকে যদি আমরা এই সমস্যার সমাধান করতে পারি তবে অরাজকতার হাত থেকে পশ্চিমবাংলাকে বাঁচাতে পারবো। এর সমাধানের পদ্ধতি যদি শিল্প সম্প্রসারণের মাধ্যমে করতে হয় সবচেয়ে বড় কথা বিদ্যুৎ সঙ্কটের সমাধান করতে হবে। আর বড় কথা perfect regulations over private enterprise করতে হবে। প্রাইভেট এণ্টারপ্রাইজ শক্তি বেশী অব্যাহত রেখে ইচ্ছে করে বেকারত্বর সৃষ্টি করে রাখছে। এমন ধরণের পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রন সৃষ্টি করতে হবে যাতে full utilisation of capacity and resources of the industries হয়। আমার দাবী আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে ওভার টাইম বন্ধ করে নূতন নিয়োগ ব্যবস্থা চালু করতে হবে। আমার দাবী আপনার মাধ্যমে কোন প্রাদেশিকতা নয়, সংকীর্ণতা নয় সন অফ দি সয়েলকে চাকুরী দিতে হবে। আমার দাবী আপনার মাধ্যমে বেঙ্গলী রেজিমেণ্ট গঠনের চেষ্টা করতে হবে। আমার দাবী আপনার মাধ্যমে সরকারের কাছে মবিলিটি অফ দি লেবার অন্যান্য উন্নত দেশের মতো, জাপানের মতো দেশে বেকার ভাতা দেওয়া হয়, কিন্তু আমাদের দেশের সরকার যখন লোক নিয়োগ করেন বা অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমে করেন যেমন পাবলিক সারভিস কমিশনের মাধ্যমে করেন তখন পাঁচ টাকা বা দশ টাকা করে ফর্ম ও ফি বাবদ আদায় করা হয়। আমার দাবী আপনার মাধ্যমে সরকারের কাছে যে এই ধরণের ফি এবং পোষ্টাল অর্ডার নেওয়া যেন অবিলম্বে বন্ধ করা হয় এবং এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে যে দুর্নীতি চলেছে তাতে যাতে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এ্যাডভাইসরী কমিটি গঠন করা হয়। এই সমস্ত যদি কার্য্যকরী হয় তাহলে আমি মনে করবো পশ্চিমবাংলার বেকারত্ব দূর করতে পারবো।

[6-20—6-30 p.m.]

**Shri Satya Narayan Singha :**

श्रद्धेय उपाध्यक्ष महोदय, आज आयव्यय का जो बजट लेबर मिनिस्टर द्वारा इस हाउस के अन्दर पेश किया गया हैं, मैं उसका समर्थन करता हुं— स्वागत करता हूं। मैं आपके समक्ष एक बहुत ही करुण कहानी पेश करना चाहता हूं। विक्टोरिया जूट मिल जो तेलमीपाढ़ा के अन्द्र है, वहाँ के ६१ मजदुर मई से हंगर स्ट्राक पर बैठे हुए हैं। उनके साथ कम्पनी ने बहुत ही जुल्म और अत्याचार किया हैं। मैं आपसे कहूं कि उनका कसूर यह है कि वे मजदुर पहले ब्राइलूम का वेज पाते थे मगर कम्पनी ने ब्राइलूम को ट्रान्सफर करके नैरो लूम लगाया। मजदुरों ने ब्राइ लूम के वेज की माँगकी। इस तरह से झमेले का सूत्रपात हुआ हड़ताल शुरू हुआ। नतीजा यह हुआ कि गरीय मजदुर आपनी माँग को लेकर लेबर कमिश्नर के दफ्तर में गये लेकिन उन गरीबों को वहाँ की सहारा नहीं मिला। लाचार होकर बेचारे गरीब मजदुर हंगर स्ट्राक पर १६ मई बैट गए। गरीब मजदूरों के बड़पन अलावा और कोई सहारा नहीं है।

जहाँ तक देखा जाता है मिल मालिकों के एक बार के टेलिफोन करने पर पुलिस सिर नीचा किए, दौड़कर आ जातों है और फैक्टरी के बाहर और भीतर १४४ धारा लागु कर देती है। इससे मजदुर परेशान हो जाता है बड़े शर्मकी बात है कि आज के गणतंत्र के युग में जब कि हम सभी भारत के स्वाधीन नागरिक हैं, मजदुरों को दबाया जाता है। उन्हें पुलिस के डण्डे के सहारे उठा किया जाता है। मैं लेबर मिनिस्टर से अपील करता हूं कि इस अन्याय और अत्याचार को जल्द से जल्द बन्द कराने का बन्दोबस्त करें। अगर लेबर श्रम दप्तर में जाता है, तो उसकी सुनवाई की जाय उपाध्यक्ष महोदय, मैं आपके माध्यम से अपील करूंगा कि, गरीवों को बचा जाने का उपाय किया जाना चाहिए।

मैं एक बात और कहना चाहता हू कि केवल बिल पास कर देने गरीबों का या गरीब मजदूरो का उद्धार नहीं हो सकता। मैं इस बातको कभी भी मानने के लिए तैयार नहीं हूं। केवल किताबों में लिख देने से कुछ न होने वाला है। फैक्टरी साइट में मजदूर का सेल्सी डेव्ट होता है। उस सेलसी डेव्ट में लेबर बुरी तरह पिस जाता है। मजदूर के उपर ५०

मशीन का बोझा पड़ जाता है। उसके उपर मशीन गिर जाती है। फैक्ट्री इन्सपेक्टर न जाने क्या काम करते हैं। खबर देने पर भी इन्सपेक्शन करने नहीं आते हैं। गरीब मजदूरों की बात को नहीं सुनते हैं। फैक्ट्री इन्सपेक्टर फैक्ट्री के अन्दर आकर साहब से मिलकर और साहब से बातचीत करके चले जाते हैं। उनकी कोशिश रहती है कि किस तरह से २—४ आदमियों को फैक्ट्री के अन्दर ढूकाँया किस तरह से २—४ आदमियों को फैक्ट्री में काम दिलाया याय ? वहाँ २—४ आदमियों की किस तरह से भर्ती की जाय ?

एंग्लो इण्डिया फैक्ट्री में आज ८-१० वर्ष के बच्चों को आठ रुपया हप्ता पर खटाया जाता है। आज भी वहाँ पर ८-१० वर्ष के बच्चे काम कराते हैं। इनके काम करने का नतों कोई प्रभिडेण्ट फण्ड है और नतो कोई और सुविधा दी जाती है। फैक्ट्री इन्सपेक्टर सब कुछ जानते हैं। इसके लिए कोइ इन्कवायरी नहीं करते हैं। युनियन के इन्फार्म करने पर अगर कोई इन्कुयरी करने वाली होती है, तो उसके पहले ही मिल मालिक उन ८-१० वर्षके बच्चों को पायखाने और पेसावखाने के अन्दर घुसा देते है—उन्हें छिपा देते हैं, ताकि कोई प्रूफ न हो सके। मैं लेबर मिनिस्टर से अपील करूंगा कि इस जघन्य काम को फोरन रोकने का वन्दोवस्त करो।

ई० एस० आई० और प्रभिडेण्ट फण्ड के बारे में यहा पर बहुत से आदरणीय मेम्बर बोल चुके हैं। मैं एक और बात की ओर आपका ध्यान आकर्षित करना चाहता हूं, वह कि मजदूर अगर दवा की दुकान पर दवा लेने जाता है तो उसे दवा नहीं मिलती है। पता नहीं दवा दुकान से कहाँ हवा हो जाती है। गरीब मजदूरों के पसीने की कमाई के पैसे को काट लेने के बावजूद भी दवा न जाने कहाँ अन्तर्धान कर दी जाती हैं? सेल्सीडेण्ट हो जाता है, उसके अन्दर मजदूर का हाथ-पाँव कट जाता है, पर उधर ध्यान नहीं दिया जाता है। गरीब मजदूर किसी तरह आस्पताल से निकल कर बैठ जाता है। उसके लिए एक वर्ष डेढ़ वर्ष बोर्ड ही नहीं बैठता है। इसबीच में वह गरीब कहाँ जाय? उसकी समझ में कुछ नहीं आता। आपके माध्यम से अपील करूंगा कि बोर्ड की बैठक १ वर्ष, १० वर्ष के बाद जो होती है, उसे जल्द से जल्द बैठाया जाय, ताकि उसका फेसला हो सके। इसकी व्यवस्था जल्द करनी चाहिए।

एक और बात, उपाध्यक्ष महोदय, आपके माध्यम से पेश करना चाहता हूं। वह यह हैं कि टूए सेक्सन ही एक साल मजदूरका हुया। डिसमिस और

डिसचार्ज से बचाने के लिए वही एक मात्र मजदूरों का सहारा था। लेबर कमिशनर के दफ्तर में किसी डिसपुट को देकर उसी का पाता था। लेकिन कम्पनी ने हाई कोर्ट में केस करके ऐक्ट को ना पास कराया। कुल बेच में टू ए सेक्सन जो गरीबों का सहारा था, बचने का।

कैंटीन व्यवस्था बारे में क्या कहूं? जो व्यवस्था केएटीन की कल कारखानो में है, उसके लिए लेबर मिनिस्टर को इन्सपेकशन कराने की व्यवस्था करनी चाहिए। कैएटीन में जो सिंघाड़ा दिया याता है, वह लड़कों के गोली खेलने के समान होता है। उसमें आलू का छिलका भरा हुआ होता है। चाय के बारे में कहूं? केवल चाय के नाम पर लाल रंग का गरम पानी मिलता है। कोई मजदूर उस चाय को नहीं पीता है। मजदूर बाहर आकर चाय पीता है। नतीजा यह होता है कि उसे चार्जशीट दी जाती है—डिस्मिस किया जाता है—डिस्चार्ज किया जाता है। मैं आपके माध्यम से अपील करूंगा कि खास करके कागजी कारवाई करने से ही मजदूरों की आशा पुरी नहीं हो सकती है। आप इन तमाम चीजों की इन्कुयरी करायें। ताकि गरीब मजदूरों की जो तकलीफें हैं, उन्हें जो कष्ट उठाना पड़ रहा है, वह बन्द हो। अगर सही माने मे माननीय श्रममंत्री प्रयास करेंगे तो गरीब मजदूरों के दुखों को दूर कर सकेंगे। अगर गरीबों के दुख को दूर नहीं कर सकेंगे तो गरीबी हटाओ प्रतिज्ञा झूठी हो जायगी। माननीया इन्दिरा गाँधी की स्वप्न, स्वप्न बनकर रह जायगा।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে আমাদের মফঃস্বলে কৃষি জায়গা। সেখানে কলকারখানা নেই। আমি যে জায়গা থেকে দাঁড়িয়েছি, পুরশুরা, সেখানকার একটা রুগ্ন চিনির কলের কথা বলছি। সেই কলটি প্রাইভেট সেক্টর করেছিলেন। কিন্তু এখন দেখা যাচ্ছে সেই কল সমস্ত অকেজো হয়ে পড়ে রয়েছে এবং বহু মূল্যবান যন্ত্রপাতি অকেজো হয়ে পড়ে রয়েছে এবং ৪/৫ শত শ্রমিক বেকার হয়ে আছে সেখানে যে সব যুবকরা কাজ করতেন। একেই সেখানে বেকারত্ব, তার উপর কলটি বন্ধ হয়ে যাওয়ার জন্য বেকার সমস্যা আরো প্রকট হয়ে উঠেছে। এই রুগ্ন কলকারখানাটি যাতে চালিত হয়। আর একটা কথা—Co-operative-এর মাধ্যমে একটা রবার ফ্যাক্টরী যদিও সেটা আয়তনে ছোট, সবে মাত্র সুরু হয়েছে সেই রবার ফ্যাক্টরীর দিকে শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেটা গড়ে ওঠে ভালভাবে সরকারী সহায়তা পায় এবং হুগলী-হাওড়া যে Martin Rail হবার কথা। পুনরায় বলছি। কারণ বহু লোক বেকার হয়ে আছে কাজেই Martin Rail যাতে চালু হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভবানীপ্রসাদ সিংহ্ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমাদের মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক ব্যয় বরাদ্দের দাবীকে সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানিয়ে কয়েকটি বিষয় আপনার

মাধ্যমে তার এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অনেক আলোচনা হয়েছে, আজকে একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। সেটা হচ্ছে এই, আমাদের শ্রমিক এবং মালিকের যে সম্পর্ক সেই সম্পর্কের যে উন্নতি হয়েছে, শিল্পে যে শান্তি ফিরে এসেছে এবং আমাদের মাননীয় শ্রম মন্ত্রী বিশেষ চেষ্টা করছেন এবং আমাদের গৌরব যে পশ্চিমবাংলায় আজকে শ্রম নীতির ক্ষেত্রে ভবিষ্যতের একটা ইমেজ সৃষ্টি করেছে।

[6-30—6-40 p.m.]

কিন্তু এই আলোচনার মধ্যে যেতে চাচ্ছি না। যে কথা বলতে চাচ্ছি সেটা হচ্ছে এই, আজকে একটা আশঙ্কা দেখা দিয়েছে, সেই আশঙ্কা হচ্ছে, জয়েন্ট সেকটারের কথা। মিক্সড ইকনমিকে সামনে রেখে তার পাশ দিয়ে যারা উঁকি মারছে, যারা পশ্চিমবাংলার অর্থনীতিকে গ্রাস করতে চাচ্ছে তাদের সম্বন্ধে ভাবনা এবং এটা যদি প্রবল হয় একথা বলা বাহুল্য যে শিল্পে যে অশান্তি সেটা থাকবে, মালিকরা শোষণ করবে না শ্রমিককে? বঞ্চনা করবে না, মালিকরা তাদের ঠকাবে না, এই কথা কেউ বিশ্বাস করবে না। কাজেই আজকে আমাদের শিল্পনীতি, শুধু শিল্পনীতি নয়, অর্থনৈতিক ক্ষেত্রে প্রত্যেকটি জায়গায় আমাদের চিন্তার যদি পরিবর্ত্তন না ঘটে তাহলে মাননীয় শ্রমমন্ত্রী এবং আমাদের এই সরকার আপ্রাণ চেষ্টা করলেও যে ঝঞ্ঝাট সেটা থেকে যাবে। আপনার মাধ্যমে আর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে আমরা তো বড় কারখানা পাঁচ শত, হাজার, দু হাজারের কথা বলছি। কিন্তু সারা পশ্চিমবাংলায় দোকানের যারা কর্মচারী, যারা ছোট ছোট কারবারের সঙ্গে সংশ্লিষ্ট, সেইসব হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ আছে এবং—এদের তবুও প্রভাকশনের নানা উপায় আছে, কিন্তু এই ছোট ছোট শ্রমিক, ছোট ছোট কারবারীদের সংগে যারা সংশ্লিষ্ট, তাদের উপর যে শোষণ চলছে, সেই শোষণের সীমা পরিসীমা নেই। আজকে আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীকে সেদিকে বিশেষভাবে লক্ষ্য দেবার জন্য বলবো। আমরা ১১ লক্ষ লোকের মত লোককে শ্রমদপ্তরের আওতায় নিয়ে আসতে পারছি, এবং সেখানে তাদের সম্বন্ধে কথাবার্তা বলতে পারছি। কিন্তু যে ৩২ লক্ষ লোক মাঠে রইলো, যার দপ্তর মাননীয় শ্রমমন্ত্রীর এক্তিয়ারের মধ্যে নয়, সেই ক্ষেত মজুরদের কথা, সেই কৃষি শ্রমিকদের কথা আজকে আমরা কি চিন্তা করছি। তাদের একবার মিনিমাম ওয়েজেজ এ্যাক্ট হয়েছিল, তাদের একটা মজুরী বেঁধে দেওয়া হয়েছিল এবং অর্থনৈতিক অবস্থার যে পরিবর্ত্তন হয়েছে এবং সেখানে যে শোষণ, সেই শোষণে চোখের জল বাঁধ মানবে না। আপনারা জানেন যে ক্ষেত মজুরদের জন্য আজকে কোন রকম ভরসা আমরা পাইনি। এখানে আমাদের কাছে সরকার যা দেখিয়েছেন যে ১৯৬১ সাল থেকে ১৯৭১ সালের মধ্যে যেখানে শতকরা ১৫ ভাগ থেকে ২৫ ভাগ ক্ষেত মজুরের সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং রুর‍্যাল ইকনমিতে, গ্রামীণ অর্থনীতিতে আজকে একটা বিপর্যায় সৃষ্টি করেছে, সে সম্বন্ধে আমরা কোন রকম ভরসা পাচ্ছি না। স্যার, আপনার মাধ্যমে আর একটা জিনিষের উল্লেখ করতে চাই, সেটা হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। কিন্তু এই কথা জানতে পারিনি যে এই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ প্রকৃত কারা বেকার তাদের হিসাব রাখবার জন্য কোন ব্যবস্থা আছে কি না, কোন ইন্‌টেলিজেন্স সেখানে আছে কি না, কোন সেন্সাস সেখানে হয় কি না, প্রপার স্ট্যাটিস্টিকস্ সেখানে নেওয়া হয় কি না। আজকে যে যা খুসী তাই বলে যাচ্ছেন। এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-গুলির নিয়ন্ত্রণের ক্ষমতা এই সরকারের কোন আইনে আছে কি না, আজকে কেন এইগুলো বাধ্যতামূলক করা হচ্ছে না, সেখানে যে সেক্টারেরই চাকরী হোক না কেন তা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে করতে হবে, এই কথা কেন বলা হচ্ছে না, আজকে কেন সরকার এটা ব্যধ্যতামূলক করছেন না। নানা রকম কথা শোনা যাচ্ছে, নানা রকম হাওয়া কানে আসছে এবং আজকের খবরের

কগজেও আছে যে ২২ হাজার না কি সরকারী দপ্তরের চাকরী খালি হয়েছে। আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই যে এমপ্লয়মেন্ট মিনিষ্টার তঁার সরকারের দপ্তরের কোথায় কি খালি আছে তার হিসাব জানেন? আজকে তা যদি না জানা হয় তাহলে গোটা দেশের যে পিকচার, বেকারীর যে চিত্র, এই চিত্র পরিস্ফুট হবে না। আমি যতদূর জানি সেই রকম কোন ব্যবস্থা নেই। আজকে এটা সম্বন্ধে একটা সুনির্দিষ্ট পদ্ধতি ঠিক করা হোক। বিভিন্ন খবরের কাগজের মাধ্যমে বার বার বেকারের সংখ্যা, হাজার, দু হাজার, দশ হাজার, ৫০ হাজারের কথা, এই কথা থেকে সরে যাতে আমরা একটা নির্দিষ্ট পথ ঠিক করতে পারি, সেই বিষয়ে আপনার মাধ্যমে আমি সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি।

সর্বশেষে যে কথা বলতে চাই, সেটা হচ্ছে আমার বন্ধু শ্রীনিরঞ্জন ডিহিদার একটা মারাত্মক কথা বলেছেন, তিনি উপস্থিত নেই তবে আমি তার অনুপস্থিতির সুযোগ নিয়ে বলছি না। সেটা হচ্ছে ওভার টাইমের বিরুদ্ধে আজকে জনমত সৃষ্ট হয়েছে ব্যাণ্ডেল থারমাল পাওয়ারের ইউনিয়নের সঙ্গে আমি যুক্ত আছি সভাপতি হিসাবে—সেখানে যারা ২০০ টাকা মাইনের চাকুরী করে তারা ৮০০ টাকা ওভার টাইমে উপায় করে। তারা বলছে আমরা ওভার টাইম শুয়ে বসে পাই কাজ করতে হয় না। সেই জন্য আমি জানি আপনারাও জানেন এইটা একটা সুনির্দিষ্ট বক্তব্য একটা জনমত, সেই জনমতের প্রতি কটাক্ষ করা হয় এবং সেটা ঠিক হবে বলে আমি মনে করি না এই বলে আপনাকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri George Albert Wilson-Deroze**: Mr. Deputy Speaker, Sir, in the Constitution of India the Seventh Schedule sets out the legislative lists, and I find it very interesting. Sir, that the subject of employment and unemployment is contained in what is called the Concurrent List. It is not in the State List. It is the Concurreut List which belongs equally to Central Government and to the State. The problem of unemployment, Sir, in a State is not merely the responsibility of the State Government It is not only this State Government, not only our Cabinet, that should be breaking its head on a problem of unemployment in West Bengal It is equally the responsibility of the Union Government and the Union Cabinet to exercise its mind and do all that it can do with regard to the problem in the State. I say this, Sir, because there has been a demand in some quarters for what is called protection for the sons of the soil Sir, this is a counsel of despair I say the responsibility for solving the problem of unemployment is equally the responsibility of the Central Government. Therefore, can the Central Government stand by and see that from the developing area of Bihar, a prosperous State of Bihar and the prosperous State of Assam, the sons of Bengal are barred by legislation or barred by administrative orders for protecting the sons of the soil of Bihar or Assam? Sir, are we to fall into this trap? There may be a justification in a State in the condition in which we are in West Bengal for some proection for the sons of the soil. Sir, this is governed by two Articles of the Constitution. Article 16(3) of the Constitution is very interesting. With regard to employment under the Government in each State there can be no restriction as to employment on the basis of residence except by an Act passed by the Central Government. Only the Central Government can say that in a particular State employment under the State shall be confined to the residents of that State. Only the Central Government can pass such a legislation with regard to employment in the State under Article 16(3). With regard to non-Government employment private or quasi-private sectors—we are governed by Article 19(E). It says that every person in India has a right to reside and settle in every part of India.

[6-40—6-50 p.m.]

This Right, Sir, is subject to reasonable restrictions. I say that in West Bengal we have good case for reasonable restriction upon employment of persons not from the State, only because of the economic conditions in which we are. We have reasonable ground for it. But is there any reasonable ground for the prospering States like Bihar, Orissa and Assam? I can say that they can reasonably rescue the people of Bengal who are unemployed and seeking jobs in those States Sir, we must look to solution of the problem. We cannot say that within the next three years we will be able to provide 28 lakhs of unemployed persons with jobs within Bengal. I hope that the Government can do that but I would again say that it will not be easy for the Government to solve the problem within Bengal. It is equally the responsibility of the Centre as also the responsibility of other States to see that the unemployed persons from this State are citizens of India and, therefore, they get equal opportunities in other developing areas. I would suggest, Sir, that the Government would investigate into the restriction practiced in the adjoining States and see how far it is legally applied. I would like to make another request to the Labour Minister. I would like to ask him, Sir, that he would clarify the policy regarding the son of the soil as people in my community are being affected in regard to employment in different places. Sir, certain Union leaders, certain labour officers, certain Government officials in some places like Asansol, Durgapur, etc. have an impression that we are not the sons of this soil. Sir, we have been here since about 200 years—that is known to everybody—and as far back as in 1828 we sent a delegation from here to the British Parliament to complain about discrimination made by the East India Company officials. Sir, I have no time to go into the history. I only want clarification in regard to employment of the people of our community so that there is no misunderstanding on the part of Government officials.

Thank you, Sir.

**শ্রীশঙ্করদাস পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রম ও নিয়োগ খাতে রাজ্য সরকার চলতি আর্থিক বছরে যে ১ কোটি ৫ লক্ষ ১২ হাজার টাকা বরাদ্দ করেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। আমরা জানি প্রথমে উৎপাদিকা শক্তিতে পরিণত করে শ্রমিক। সুতরাং শ্রমিকের উৎপাদিকা শক্তি বাড়াতে প্রয়োজন উপযুক্ত শিক্ষা, প্রাপ্য সুযোগ সুবিধা প্রদান, সমাজ চেতনার মান উন্নত করা। এদিক থেকে সরকার ও মালিক উভয়েরই সমান দায়িত্ব ও কর্তব্য আছে। এই পারস্পরিক সম্পর্ক যদি ভাল ও ন্যায়ের ভিত্তির উপর প্রতিষ্ঠিত থাকে তবে শ্রমিকরা শ্রমকে উৎপাদনের কার্য্যে সর্বতোভাবে কাজে লাগাতে পারে। তাতে উৎপাদন বাড়ে এবং এতে যে সম্পদ সৃষ্টি হয়, তাতে দেশের অর্থনৈতিক বনিয়াদ আরও শক্তিশালী হয়। নূতন নূতন কলকারখানা স্থাপন করা যায়—বেকার সমস্যার সমাধান করাও সহজ হয়। কিন্তু শ্রমিক, মালিক ও সরকার এই তিনের সম্পর্কে ফাটল ধরলেই শ্রমকে কাজে লাগান যায় না। ফলে উৎপাদনের হার কমে যায়। দেশের অর্থনীতিতে সংকট দেখা দেয়। বেকার সৃষ্টি করে। যেমনটি গত কয়েক বছর ধরে হয়েছে। ১৯৬৯ সালে Strike ও Lock out-এর সংখ্যা ছিল ৮৯৪, ১৯৭০ সালে ছিল ৮০৬ এবং ১৯৭১ সালে ছিল ৩০৪। এর সঙ্গে জড়িত শ্রমিকের সংখ্যা ১৯৬৯ সালে ৬,৭০,২০৭ জন, ১৯৭০ সালে ৪,৫৪,০৯৪ জন এবং ১৯৭১ সালে ১,৯১,৫৪৫ জন।

এই সময়ের ভিতর বিভিন্ন প্রকার শিল্পজাত দ্রব্যের উৎপাদন কি হারে ওঠানামা করেছে সেটা দেখা যাক। চা শিল্প—১৯৬৯ সালে ছিল ৮৭.৪ লক্ষ কিলোগ্রাম ১৯৭০ সালে দাঁড়ায় ১০৩.০০

লক্ষ কিলোগ্রামে। পাটজাত শিল্প ১৯৬৯ সালে ছিল ৮.৯ লক্ষ টন, ১৯৭০ সালে দাঁড়ায় ৯.৫ লক্ষ টনে। হস্তচালিত তাঁত শিল্প—১৯৬৯ সালে ছিল ১৮৩.৭৯ লক্ষ মিটার, ১৯৭০ সালে সেটা দাঁড়ায় ১৮৩.৮০ লক্ষ মিটারে। কাগজ শিল্প— ১৯৬৯ সালে ছিল ৭৩ লক্ষ কিলোগ্রাম ১৯৭০ সালে সেটা দাঁড়ায় ৭৩.৬ লক্ষ কিলোগ্রামে। কয়লা শিল্প— ১৯৬৯ সালে ছিল ২০.৩৫ মিলিয়ন টন ১৯৭০ সালে সেটা দাঁড়ায় ১৯.২১ মিলিয়ন টনে। দেখা যাচ্ছে ১৯৬৯ সালের তুলনায় ১৯৭০ সালে উৎপাদনের পরিমাণ কিছুটা বেড়েছে, না বাড়লেও প্রায় একই আছে। কারণ, ১৯৬৯ সালের চেয়ে ১৯৭০ সালে শ্রম বিরোধের সংখ্যা কম ছিল। মালিক পক্ষের অসহযোগিতার ফলেও যে উৎপাদন কমে যায় সেটা বোঝা যায় মিলজাত সুতা ও কাপড ও লৌহশিল্পজাত জিনিসের উৎপাদনের হার থেকে। যেমন কটন ইয়ার্ণ ১৯৬৮তে ছিল ৫১ ৯ লক্ষ কিলোগ্রাম ১৯৬৯তে হয় ৩৯ ৮ লক্ষ কিলোগ্রাম। ক্লথ ১৯৬৮তে ছিল ২১৪.৭ লক্ষ কিলোগ্রাম, ১৯৬৯তে হয় ১৫১.১ লক্ষ কিলোগ্রাম। ১৯৭০ ও ১৯৭১ এ দুটোর উৎপাদনের হার আরো দারুনভাবে কমে যায়। লোহা শিল্পের অবস্থাটা কি? পিগ আয়রন ১৯৬৯ সালে ছিল ২২.৭ লক্ষ টন, ১৯৭০ সালে সেটা হয় ১৭.৬ লক্ষ টন। ষ্টিল ইনগটস ১৯৬৯ সালে ছিল ১৬ ৪ লক্ষ টন, ১৯৭০ সালে সেটা হয় ১৪ ৩ লক্ষ টন। ফিনিষড ষ্টিল ১৯৬৯ সালে ছিল ১১.১ লক্ষ টন, ১৯৭০ সালে হয় ১০.১ লক্ষ টন। শ্রমকে সঠিকভাবে কাজে না লাগানোর জন্য শিল্পের প্রসার ঘটেনি ফলে নতুন নতুন কাজেরও সৃষ্টি হয়নি যার ভয়াবহ পরিণতি স্বরূপ বেকারের সংখ্যা বেড়ে গেছে। কি হারে দেখুন, রেজেষ্ট্রীকৃত বেকারের সংখ্যা ছিল ১৯৬৮ তে ৪,৪৪,৮১৩ জন, ১৯৬৯ তে ৪,৯৯,৬০১ জন আর ১৯৭০ সালে এটা দাঁড়াল ৫.৮৮,২৮২ জন। এতো গেল নাম লেখানো বেকারের সংখ্যা। ষ্টেট ডেভেলপমেন্ট এ্যাণ্ড প্ল্যানিং ডিপার্টমেন্ট যে হিসাব প্রকাশ করেছেন তাতে দেখা যায় নাম লেখানো এবং নাম না লেখানো এই উভয় প্রকার বেকারের সংখ্যা ১৯৭১-৭২ সালে দাঁড়াবে ২৮ লক্ষের মধ্যে, শিল্প ক্ষেত্রে ১১ লক্ষ ও কৃষিক্ষেত্রে ১৭ লক্ষ। সুতরাং শিল্প উৎপাদন বৃদ্ধি করে অর্থনৈতিক উন্নতি সাধন করতে হবে। নতুন নতুন শিল্প স্থাপন করতে হবে, চালু শিল্পগুলির প্রসার ঘটাতে হবে। যার ফলে অসংখ্য নতুন কাজের সুযোগ সৃষ্টি হবে। বেকারেরা কাজ পাবে। বেকারীর সমাধান হবে। এর সমাধান যদি আমরা না করতে পারি তবে রাষ্ট্র ও সমাজ এক গুরুতর বিপর্যয়ের সামনে এসে দাঁড়াবে। এ সম্পর্কে আমি সংশ্লিষ্ট সকলকেই সতর্ক করে দিতে চাই। ফরেন কান্ট্রিতে বেকার এনলিষ্টমেণ্ট করতে গেলে বেকার ভাতা দেওয়া হয়, আমাদের দেশে দেওয়া হয় না, যার জন্য আমাদের যে স্ট্যাটিষ্টিকস্ পাওয়া যায় সেটা ঠিক নয়। এ্যাকচুয়াল ষ্ট্যাটিষ্টিকস্ যাতে পাওয়া যায় তার ব্যবস্থা করা উচিত। সেজন্য বলব প্রতিটি শিল্প প্রতিষ্ঠানের পরিচালনার জন্য সরকার, মালিক ও শ্রমিক প্রতিনিধিদের নিয়ে একটি বোর্ড গঠন করা হোক যাতে তিন পক্ষেরই সমান প্রতিনিধিত্ব থাকবে। শিল্প উৎপাদন বৃদ্ধির স্বার্থে, বেকার সমস্যার সমাধানের স্বার্থেও সামগ্রিকভাবে দেশকে অর্থনৈতিক প্রগতির পথে নিয়ে যাওয়ার স্বার্থে শিল্পকে সঠিক পথে পরিচালনা করা শিল্পে শান্তি অক্ষুণ্ণ রাখা, শ্রমকে কার্য্যকরী পংক্তিতে পরিণত করে নিয়োগ সম্ভাবনা সৃষ্টি করাই এই বোর্ডের একমাত্র আদর্শ হবে—একমাত্র কাজ হবে। এই প্রস্তাব হাউসের সামনে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের টোটাল পপুলেশানের প্রায় ২৮ পারসেন্ট শ্রমজীবী মানুষের বিভিন্ন সমস্যা এবং তাদের কল্যাণের জন্য আজকে যে বাজেট আনা হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। পশ্চিমবাংলায় আমরা ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এমন একটা রাজনৈতিক পরিস্থিতির মধ্য দিয়ে এগিয়েছি যে

রাজনৈতিক পরিস্থিতি পশ্চিমবাংলার শিল্পে অশান্তি এনেছিল, শুধু অশান্তি নয় পশ্চিমবাং শিল্পের ভবিষ্যতকে সন্দিহান করে তুলেছিল।

[6-50—7-00 p.m.]

১৯৭১ সালের পর কিছু পরিমান সেটা কমল। ১৯৭২ সালে আস্তে আস্তে পশ্চি বাংলার শিল্পে যে শান্তি ফিরে আসতে সুরু করেছে বিভিন্ন মাননীয় সদস্যগণ কিন্তু তাঁদে বক্তব্যের মধ্যে পরোক্ষভাবে হোক বা প্রত্যক্ষভাবেই হোক সেকথা স্বীকার করেছেন। পশ্চিমবাংল শিল্পক্ষেত্রে তাই সরকারের এই প্রগতিশীল চিন্তাধারা পশ্চিমবাংলার শ্রমিক আন্দোলনে নূত পথ যে দেখাচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু কোথাও কোথাও দেখা যাচ্ছে শ্র আন্দোলনের নামে এমন সব আন্দোলন হচ্ছে যে আন্দোলন প্রত্যক্ষভাবে না হলেও পরোক্ষভ মালিকদের সমর্থন করছে। পশ্চিমবাংলায় বর্তমানে ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রেশনের সংখ্যা এত বে হারে বেড়ে গেছে যেটা নিঃসন্দেহে দুঃশ্চিন্তার কারণ। আমি মনে করি এইভাবে নূতন নূতন ট্রে ইউনিয়ন তৈরী করার চেষ্টাকে বন্ধ করা উচিত। কারণ যত বেশী ইউনিয়ন তৈরী হবে কারখান মধ্যে, শিল্পে তত বেশী অশান্তি দেখা দেবে। পশ্চিমবঙ্গ সরকার চাচ্ছেন কতগুলি কেন্দ্রীয় শ্রি সংস্থার মাধ্যমে, কতগুলি শ্রমিক সংস্থার মাধ্যমে বিভিন্ন সংস্থা সমাধান করবার জন্য এবং কয়েক ক্ষেত্রে সরকার সাফল্য লাভ করেছে। বিশেষ করে দুর্গাপুরে যে জয়েন্ট কাউনসিল তৈরী কর হয়েছে পশ্চিমবাংলা বলে নয়, ভারতবর্ষের শ্রমিক বিরোধের ইতিহাসে এরকম প্রগতিমূল ব্যবস্থা এই প্রথম। সেখানে প্রত্যেক কেন্দ্রীয় শ্রমিক সংস্থাকে সমান মর্যাদা দেওয়া হয়েছে এবং বক্তব্য রাখতে দেওয়া হয়েছে এবং তাদের বিচার বিশ্লেষণ যাতে ভবিষ্যতে শিল্পে উন্নতি পথ প্রস্তুত করে তার ব্যবস্থা করা হয়েছে। আজকে পশ্চিমবাংলার শিল্প ক্ষেত্রে শান্তি ফিরি আনার জন্য কতগুলি আগাছা ট্রেড ইউনিয়ন বন্ধ করে দিয়ে একটা সুস্পষ্ট লাইনে আনা চেষ্টা করা হচ্ছে। পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষ যে সেটা গ্রহন করেছে কতগুলি ঘটনা ত প্রমান করেছে। কয়েকজন মাননীয় সদস্য বলেছেন এই সরকার প্রতিষ্ঠিত হবার পর নাকি বিভিন্ন জায়গায় ষ্ট্রাইক, লকআউটের সংখ্যা বেড়েছে। এটা একদম ভুল ধারনা। ১৯৭১ সালের যে বই দেওয়া হয়েছে সেখানে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবাংলার শিল্প ক্ষেত্রে বিভিন্ন পরিসংখ্যান দেওয়া হয়েছে। ১৯৭২ সালে মার্চ মাসে এই সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে শিল্প ক্ষেত্রে যে একটা র‍্যাডিকাল চেঞ্জ এসেছে মানতে হবে। আমরা দেখছি ৮-৭-৭২ তারিখ পর্যন্ত ষ্ট্রাইক নোটিশ দেওয়া হয়েছিল ৬০টি এবং সেখানে বিরোধের মীমাংসা হয়েছে ৫০টির। লকআউটের নোটিশ দেওয়া হয়েছিল ২৪টির, মীমাংসা হয়েছে ২০টির। ক্লোজারের নোটিশ দেওয়া হয়েছিল ৩৯টি, মীমাংসা হয়েছে ৭টির। আমরা আজকের দিনে বিভিন্ন কাজের মধ্যেও কনসিলিয়েন্স ম্যাসিনারিকে এগিয়ে নেবার চেষ্টা করছি যাতে এই ধরনের বিরোধগুলোর মীমাংসা করা যায়। আজকে সরকারের সমস্ত প্রচেষ্টা নির্ভর করছে পশ্চিমবাংলায় শ্রমিক আন্দোলন কোন পথে পরিচালিত হবে তার উপর। আমরা খুব পরিষ্কারভাবে চিন্তা করে দেখেছি শ্রমিকদের যতগুলি ন্যায়সঙ্গত দাবী এবং অধিকার আছে তাকে রক্ষা করতে হবে এবং শ্রমিকদের রক্ষা করবার জন্য সরকারের হাতে যদি আরও কিছু ক্ষমতা নেবার প্রয়োজন হয় তাহলে সেটা কিভাবে নেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। সরকার জানেন শিল্প ক্ষেত্রে উৎপাদনের জন্য যেমন র মেটিরিয়ালস্-এর প্রয়োজন আছে ঠিক সেই রকমভাবে ম্যান পাওয়ারেরও প্রয়োজন আছে। কাজেই যে ম্যান পাওয়ার সেখানে ব্যবহার করা হচ্ছে

দের জীবনের মান উন্নয়ন করবার জন্য কিছু কিছু প্রয়োজনীয় ব্যবস্থা এবং সুযোগ যে করে ত হবে এটা স্বাভাবিক কথা।

কিন্তু কোথাও কোথাও দেখা যাচ্ছে শ্রমিক আন্দোলন নিয়ে একটা বিস্তৃত রাজনৈতিক ন্দোলন পরিচালনা করবার চেষ্টা চলছে। আমরা চাই এই বিপদ থেকে পশ্চিমবাংলার মজীবী মানুষরা তারা সরে আসবে। আমাদের আজকে এই বাজেট বক্তৃতায় আমাদের মমন্ত্রী পরিষ্কার করে বলেছেন যে ই, এস, আই, হাসপাতালগুলিকে আরো উন্নত এবং রো সম্প্রসারণ করে শ্রমিকদের পরিবারদের হাসপাতাল থেকে সুযোগ সুবিধার জন্য চেষ্টা রা হচ্ছে। তিনি আরো পরিষ্কার করে বলেছেন যে বিভিন্ন ই, এস, আই, হাসপাতালে তুন নতুন বিভাগ খোলা হবে এবং চক্ষু চিকিৎসার জন্য একটা স্পেশাল বিভাগ খোলার থা তিনি বলেছেন। এই রকমভাবে বিভিন্ন দিক থেকে এগিয়ে যাওয়া হচ্ছে। শ্রমিকদের ল্যাণের জন্য, তাদের অবসর-বিনোদের সময় আনন্দ-দান করবার জন্য এবং এই সবের ধ্য দিয়ে সাংস্কৃতিক চেতনাকে উন্নত করার জন্য ওয়েলফেয়ার গঠনের জন্য সরকার চিন্তা করেছেন। এই সমস্ত করার পরও কিন্তু আর একটা প্রশ্ন থেকে যাচ্ছে, সেটা হচ্ছে পশ্চিম-বাংলায় যে কথা আমি আগে বলেছিলাম যে শ্রমিক আন্দোলন কোন্ পথে পরিচালিত হবে তার উপর অনেকখানি নির্ভর করছে—যদি কেবলমাত্র দাবী ভিত্তিক শ্রমিক আন্দোলন হয় তাহলে সেই আন্দোলন কিন্তু কোন দিনই শেষ হতে পারে না। কারণ দাবী একবার মেটানোর পর আর একটা দাবী আসবে। সেটা মেটানোর পর আর একটা দাবী আসবে। কে কত দাবী মিটিয়ে দিতে পারবে এর উপর নির্ভর করে যদি শ্রমিক আন্দোলন তৈরী হয় এবং শ্রমিক সংস্থাগুলি তৈরী হয় তাহলে পশ্চিমবাংলার শিল্পে শান্তি বজায় রাখা খুব কঠিন। সেদিক থেকে যারা এবং যে সমস্ত সদস্যরা এই ধরণের শ্রমিক আন্দোলনের সঙ্গে জড়িয়ে আছেন তাদের কাছে আমাদের অনুরোধ তারা যেন এই সম্পর্কে এখন থেকেই সতর্ক হন। আমরা পশ্চিমবাংলায় চাইছি একটা সুষ্ঠু এবং সুন্দর শ্রমিক আন্দোলন গড়ে উঠুক। আজকে বিধানসভায় কোন কোন সদস্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্পর্কে কতগুলি মন্তব্য করেছেন। আমরা জানি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলি সম্পর্কে বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম অভিযোগ রয়েছে। ন্তু মাননীয় সদস্যদের একটা জিনিস বিচার বিবেচনা করা প্রয়োজন আছে যে এমপ্লয়মেন্ট ক্সচেঞ্জগুলির ক্ষমতা অত্যন্ত সীমিত। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির কাছে প্রয়োজনবোধে কতগুলি ভ্যাকেন্সী আছে তা জানানো হয়, আবার প্রয়োজনবোধে তা জানানো হয় না। আমি ছি আগামী দিনে এমন কিছু ব্যবস্থা গ্রহন করবো যার মাধ্যমে শিল্প ক্ষেত্রে কত ভ্যাকেন্সী ছ সেটা পরিষ্কার করে জানার জন্য কি ব্যবস্থা আমরা গ্রহন করতে পারি সেটা আমি করছি। আমি জানি অনেক ক্ষেত্রে দেখেছি বিশেষ করে মাঝারী শিল্পে ১৯৫৮ সালে শ্রমিক কাজ করতেন ১৯৭২ সালেও ঠিক সম-সংখ্যক শ্রমিকই কাজ করেন। সেখানে রেজিষ্ট্রি মেনটেন করা হয় না, জব কাড হয় না, ভাল করে সেখানকার ভ্যাকেন্সী আছে কিনা দেখা হয় না। এই ধরণের পরীক্ষামূলক ব্যবস্থা কি করা যায় নিশ্চয় আমাদের চিন্তা করতে হবে। কিন্তু তার পাশে পাশে এটাও আমাদের মনে রাখতে হবে পশ্চিমবাংলায় এই যে ভয়াবহ বেকার সমস্যা, এই সমস্যাকে কেবলমাত্র এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিকেই পুনর্বিন্যাস করলেই সমস্যার সমাধান হবে না। সমস্যার সমাধান করতে গেলে সমাজ-জীবনের সমস্ত দিক থেকে এর বিরুদ্ধে আমাদের তৈরী হওয়ার প্রয়োজন আছে। তা যদি তৈরী হতে না পারি তাহলে এই সমস্যার সমাধান করা সম্ভবপর নয়। সব শেষে এই প্রগতিমূলক বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-00—7-10 p.m.]

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এই বাজেট সমর্থনে মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন তার মধ্যে দিয়ে যেমন প্রশংসা পেয়েছি তেমনি সমালোচনাও কিছু কম পাইনি। আমি লক্ষ্য করেছি যাঁরা তীব্র সমালোচনা করলেন, যাঁদের সমালোচনার মধ্যে দিয়ে যে বিরাট একটা উদ্বেগের বহিঃপ্রকাশ দেখলাম তাঁদের কিন্তু অনেকেই এই সভায় নেই। সেই অবস্থা সম্বন্ধে সরকারের বিস্তারিত কি জবাব হবে সেটা শুনবার জন্য আমার মনে হচ্ছে তাঁরা হয়ত ভেবেছেন যে আগামী কাল সংবাদপত্রে সরকার পক্ষের উত্তর যা ছেপে বের হবে তাই দেখে নেবেন। তা থেকে আমার একটা জিনিস প্রথমেই মনে হচ্ছে যে সমস্ত সমস্যার জন্য তাঁরা উদ্বেগ দেখালেন মনে মনে হয়ত তাঁরা সেই সমস্যার গুরুত্ব অতটা অনুভব করেন না। তা না কর্লেও যে মূল সমস্যা সম্বন্ধে তাঁরা এখানে অনেকেই বলেছেন অর্থাৎ বেকার সমস্যা এবং স্থানীয় লোকের চাকরীর অগ্রাধিকার, এদের সম্বন্ধে সরকার অত্যন্ত সচেতন এবং গুরুতরভাবে সরকার চিন্তা করছেন এবং সরকার পক্ষ থেকে সকলেই আমরা উদ্বেগ প্রকাশ করছি যতক্ষণ না আমরা একটা সমাধানের নির্দ্দিষ্ট পথ বের করতে পারছি। আজকে সভারা প্রথমেই সাধারণভাবে যে প্রসঙ্গটি সভায় তুলেছেন চাকরীতে নিয়োগের নীতির কথা, সে সম্বন্ধে আমি দু'একটি কথা বলতে চাই। আজকে সান্স অব দি সয়েলের চাকরীতে অগ্রাধিকারের একটা দাবী তোলা হয়েছে। আমি জানি না যাঁরা সান্স অব দি সয়েল বলছেন তাতে তাঁরা কি বোঝাতে চেয়েছেন। সান্স অব দি সয়েল বলতে যদি কেবলমাত্র বাঙালী বোঝেন তাহলে আমি দুঃখের সঙ্গে তাঁদের জানাচ্ছি তাঁদের এই দাবী হয়ত সরকার পক্ষের গ্রহণ করা সম্ভব হবে না এবং শুধুমাত্র বাঙালী ছেলেদের চাকরীতে অগ্রাধিকার দিয়ে কোন আইন করার কথা সরকার চিন্তাও করতে পারবেন না। যদি তাঁরা সান্স অব দি সয়েল বলতে স্থানীয় মানুষদের চিন্তা করে থাকেন যেমন মিঃ ডি'রোজের বক্তৃতায় শুনলাম তাহলে নিশ্চয়ই তা বিচার বিবেচনার যোগ্য এবং দ্বিতীয়তঃ আমাদের যে জাতীয় নীতি সেই নীতিরও তা পরিপন্থী নয়। আমি ছোট চারটি লাইন উদ্ধৃত করে শুনাচ্ছি যে স্থানীয় মানুষের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার সর্বভারতীয় ক্ষেত্রেও অনুমোদিত হয়েছে। কিন্তু একজন সদস্য, নাম মনে করতে পারছি না, তিনি এই ন্যাশনাল ইনট্রিগেশনের কথা উল্লেখ করলেন। আমি এই চারিটি লাইন মাত্র পড়ে শুনাচ্ছি যে স্থানীয় মানুষের চাকরীর অগ্রাধিকার নীতি হিসাবে ন্যাশনাল ইনট্রিগেশন কমিটি শুধু মঞ্জুর করেননি এটা খুব জোরের সঙ্গে রেকমেণ্ডেশনও করেছেন। ১৯৬৮ সালে শ্রীনগর সেসনে জুন মাসে একথা বলা হয়,

In order that adeqnate employment opportunities are available to local people and they do not suffer a sense of injustice, where qualified persons are available amongst the people of the State, they should be given a major share of employment and the employers should be requested to give effect to the objective as a matter of policy.

অনেকেই জানতে চেয়েছেন যে আমাদের এই সরকারের নীতি কি। আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাচ্ছি, মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে ১৯৭১ সালে তদানীন্তন সরকার, মাননীয় অজয় কুমার মুখার্জীর নেতৃত্বে যে সরকার, তার মন্ত্রীসভা সর্বসম্মতিক্রমে বিদায়ের প্রাক্কালে এই সিদ্ধান্ত করেছিলেন যে পশ্চিমবঙ্গে আপ টু এ স্যালারি লেভেল যতদূর মনে পড়ছে, ৮০০ টাকা বেতন পর্যন্ত সমস্ত চাকরী যা সৃষ্টি হবে বা যা আছে তাতে যখন নুতন করে লোক নিয়োগ করা হবে তখন স্থানীয় লোককে অগ্রাধিকার দেওয়া হবে। এটা পশ্চিমবঙ্গের তদানীন্তন মন্ত্রীসভা সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত

গ্রহণ করেছিলেন। আমি এটাও জানি এবং স্মরণ করিয়ে দিতে চাই মাননীয় সদস্যদের যে এই সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীকালে মুখ্যসচিব মহাশয় একটি সার্কুলারও দিয়েছিলেন।

সমস্ত চেম্বার্স অব কমার্সকে মন্ত্রীসভার ইচ্ছার কথা জানিয়ে দিয়েছিলেন। একথাও আমি মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে জানিয়ে দিতে চাই, এই মন্ত্রীসভা সেই সার্কুলার প্রত্যাহার করে নেননি। সুতরাং সেই সার্কুলার এবং তার যে মর্মার্থ আজও বলবৎ আছে। কিন্তু দুঃখের কথা অধিকাংশ ক্ষেত্রে সার্কুলারের মাধ্যমে সরকার যে ইচ্ছা প্রকাশ করেছিলেন, যে আশা প্রকাশ করেছিলেন, সেই আশা পূরিত হয়নি। মিঃ ডি রোজ একটা প্রসঙ্গ তুলেছেন, তাঁর নিজের কমিউনিটির সমস্যার কথা তুলেছেন, তারা সান্স অব দি সয়েলের মধ্যে গণ্য হবে কি না। লোকাল পিপল যে কথাটা আমরা ব্যবহার করেছিলাম, মন্ত্রিসভার সিদ্ধান্তে আজ যেটা বলে থাকি, এই লোকাল পিপল বলতে বিশেষ কোন ভাষাভাষি নয়, নট নেসেসারিলি এ পার্টিকুলার লিংগুয়িষ্টকে বলছি, লোকাল পিপল-এর সেদিন যে মন্ত্রিসভা ডেফিনেশন দিয়েছিলেন ১৫ বছর যারা পশ্চিমবাংলায় বাস করছে, irrespective of his religion, irrespective of his language, he shall be entitled to get benefit of employment as local people having Bengali as their vernacular. সুতরাং সেই সার্কুলার এবং সেই সিদ্ধান্ত আজও বলবৎ আছে।

হলদিয়া প্রকল্প নিয়ে অনেকে বললেন, পাবলিক সেক্টার আণ্ডারটেকিং-এর কথা বললেন, বিশেষ করে মাননীয় সদস্য শ্রীরামদাস ব্যানার্জী অত্যন্ত জোরের সঙ্গে এবং মেদিনীপুরের রবীন্দ্রনাথ করণ মহাশয় যে ঘটনাগুলির কথা প্রকাশ করেছেন, সেখানে তা সত্য। এটুকু জানিয়ে দিতে চাই, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের, সরকার এ সম্বন্ধে সম্পূর্ণ সচেতন। এই আশ্বাস আমি দিতে পারি যে এই রকম একটা ঘটনা আনোটিশড চলে যাবে না এবং ভবিষ্যতে যাতে এই রকম ঘটনার পুনরাবৃত্তি কোন পাবলিক সেক্টার আণ্ডারটেকিং-এ না ঘটে, পশ্চিমবাংলার মানুষ-এর অগ্রাধিকার এবং পশ্চিমবাংলার যুবকদের দাবী অস্বীকার করা না হয় তার সাধ্যমত ব্যবস্থা আমি নিশ্চয়ই অবলম্বন করব। এই প্রসঙ্গে একটা কথা আমাদের জানা দরকার, আজ ভারতবর্ষে সব চেয়ে শিল্পে উন্নত যে প্রদেশ মহারাষ্ট্র, সেখানে স্থানীয় লোকদের অগ্রাধিকার দেবার জন্য একটা ব্যবস্থা দীর্ঘদিন ধরে চলে আসছে। সেখানে তাঁরা ১৫ বছর যারা মহারাষ্ট্রে বাস করছে না, তাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাবার অধিকারও দেননি। অন্যান্য প্রদেশ, বিহার, আসাম, তামিলনাড়ু এবং অন্যান্য যারা বড় এবং মাঝারি শিল্পে উন্নত প্রদেশগুলি, সাধ্যমত স্থানীয় সরকার চেষ্টা করছেন নূতন নূতন কর্মসৃষ্টি যা হচ্ছে, সেখানে স্থানীয় লোকদের কর্মে অগ্রাধিকার দেবার। মন্ত্রীসভার মতামত যাই হোক, আমার ব্যক্তিগত চিন্তা যাই হোক, আজকে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই বিধানসভা কক্ষে পশ্চিমবঙ্গ সরকারের শ্রম এবং নিয়োগ দপ্তর-এর বাজেট আলোচনা বিতর্কে, মাননীয় সদস্যরা দলমত নির্বিশেষে যে অভিপ্রায়, যে ইচ্ছা প্রকাশ করেছেন, তা থেকে আমার মনে হচ্ছে যে সেই সভা, এক বাক্যে স্থানীয় লোকদের নূতন নূতন কর্ম যা সৃষ্টি হচ্ছে, সেখানে অগ্রাধিকার দেওয়া হোক নিয়োগের ক্ষেত্রে, এই দাবী এক মত হয়ে করেছেন।

[7-10—7-20 p.m.]

আমি মাননীয় সদস্যদের এই যে অভিমত তা মাননীয় মুখ্যমন্ত্রীর গোচরে আনব। এই সভায় অনিবার্য্য কারণ বশতঃ তিনি উপস্থিত হতে পারেন নি। এবং মন্ত্রীসভার অধিকাংশ সদস্যই উপস্থিত আছেন, এবং যারা উপস্থিত নেই তাঁদের সকলকে আপনারা সভায় যে অভিমত ব্যক্ত করেছেন—যে সোচ্চার অভিমত জানিয়েছেন তা আমি জানাবো। এবং আমার দৃঢ় বিশ্বাস যে,

একটা পন্থা বার করা সম্ভব হবে। এই প্রসঙ্গে মাননীয় সদস্য শ্রীনিরঞ্জন ডিহিদার অত্যন্ত দুঃখের কারণে তিনি চলে যেতে বাধ্য হয়েছেন, কিন্তু তিনি অহেতুক ভয়ের কথা তুলেছেন। আমি বলব এটা অহেতুক ভয়ের ব্যাপার এবং অপ্রাসঙ্গিকও বটে, তিনি কাগজের কিছু কিছু বিবৃতি কোনো কোনো মন্ত্রী মহাশয়-এর জবাবে প্রকাশ পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে বলেছেন যে migration of workers in West Bengal সম্বন্ধে যে ধরণের বলেছেন বা Local People Employment-এর অধিকার প্রসঙ্গে যে সমস্ত statement হয়েছে তাতে ভয় পাচ্ছেন যে আমরা নাকি বর্তমানে যারা চাকরীতে নিযুক্ত আছেন তাদের তাড়িয়ে দিয়ে স্থানীয় কর্মীদের চাকরী দেবার চেষ্টা করছি। এটা সম্পূর্ণ ভুল নয় এই কথা বলা অন্যায় হবে, অবিচার করা হবে। যাদের জবানীতে এই ধরণের সংবাদ বেরুচ্ছে যে, স্থানীয় মানুষদের চাকরীর অগ্রাধিকারের কথা বিবেচনা করা হচ্ছে যা প্রকাশ করা হয়েছে এই ধরণের কোন কথা স্বপ্নেও কেউ চিন্তা করেননি। যে কোনো কাজে নিযুক্ত আছেন তিনি যে কোন প্রয়োজনেই হন তাঁকে উৎখাত করে দিয়ে বা তাড়িয়ে দিয়ে নূতন লোককে চাকরী দেওয়া হবে এটা করা সম্ভব নয় আর কেউ করবেও না, এটা আমি বলতে পারি যে কোন রকম প্রাদেশিকতার প্রশ্ন নেই, মানসিকতার প্রশ্ন নেই, National Integration Council নিশ্চয়ই তাকে আমরা প্রাদেশিকতার দোষে দুষ্ট বলব না। National Integration Council নিশ্চয়ই আমরা মনে মনে বিশ্বাস করি যে, সমস্ত ভারতবর্ষের সমস্ত প্রদেশের মানুষ বিভিন্ন ধরণের বিভিন্নতা থাকা সত্ত্বেও চিন্তার দিক থেকে একীকরণের জন্য এই Council সৃষ্টি হয়েছে। সেই Council-এর recommendations ১৯৬৮ সালে পেয়েছি, সেটা আংশিকভাবে কার্যকরী করবার চেষ্টা করছি। ভারতবর্ষে অন্যান্য প্রদেশে যারা আছে তারা পশ্চিমবাংলার চেয়েও অনেক সমৃদ্ধি ভোগ করছে, সেখানে পশ্চিমবাংলার চেয়ে সমস্যা অনেকগুণ কম দীর্ঘদিন ধরে যারা এই ধরণের recommendations-কে adopt করেছেন implement করে এই সমস্যার সমাধান করেছেন, এই সমস্যার এখানে recommendations আংশিক আমরা implementation-এর কথা সদস্যদের কাছ থেকে দাবীর আকারে পেয়েছি। একে নিশ্চয়ই আমরা কোনো রকম দোষে দুষ্ট বলে উড়িয়ে দেব না. Joint Enterprise সম্বন্ধে একটা কথা উঠেছে। এটা পরিষ্কার করে দেওয়া দরকার। আমি আগে শুনেছিলাম অন্য বাজেটে Joint Enterprise নূতন প্রস্তাব আসছে, নূতন শিল্প সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থান সে সম্বন্ধে ভুল বোঝাবুঝি হচ্ছে এটা পরিষ্কার হওয়া দরকার। Joint venture কাঠামো কি? যাকে Joint venture বলব, Joint Enterprise কি জানা দরকার, joint enterprise-এ কি হচ্ছে, সে ধরণের enterprise-এ যেখানে share capital 26 per cent আসবে from the State ও 25 per cent from the Sponsor of the scheme. আর 49 per cent financed by financial institution and public. আমার যতদূর মনে হচ্ছে "and public" এই কথা থাকার জন্য misconception আসছে এবং এতে controversy দেখা দিয়েছে। কিন্তু 49 per cent by financial institutions এই what are those financial institutions ? ও All under the control of the Govt. of India or under the State Govt. or financial institutions. বর্তমানে State Sponsor সুতরাং 49 per cent state sponsored-এ financial institutions control হবে 26 per cent share capital, State Government করবে মাত্র আর 25 per cent আসবে from the Sponsors.

সুতরাং এই আশঙ্কা অমূলক। এই সমস্ত ইণ্ডাস্ট্রি জয়েন্ট সেক্টরে তৈরী হবে এই তিন স্বার্থের সংমিশ্রণে। সেটা anti-people হবে, anti-labour হবে একথা বলা সম্পূর্ণ অমূলক, একটা ভ্রান্ত

ধারণার বশবর্তী হয়ে এটা ভাবা হচ্ছে। পাবলিক কথাটা থাকার দরুনই বোধ হয় একথা ভাবা হচ্ছে। এতে x, y, z 40%, 30% শেয়ার পাবলিক কিনে নিলে বে-নামী হয়ে গেল। এটা ঠিক নয়, sponsor controlling authority financial Institution দ্বারা 50% controlled হবে। নিশ্চয়ই এই পাবলিক শেয়ারগুলি বাজারে ছেড়ে দেওয়া হবে না। এই জয়েন্ট ভেঞ্চারের কথা উড়িয়ে দিচ্ছিলেন বাণিজ্য দপ্তর এটা একটা ভ্রান্ত পথ। আমার মনে হয় আজকে সমস্ত ঘটনা জানবার পরে তাঁদের মতামত পরিবর্ত্তন করবেন এবং ভবিষ্যতে joint venture এর মাধ্যমে যে দুটো জিনিস আসবে enterprise private sponsor সরকারী প্রচেষ্টা নিজেদের প্রচেষ্টায় আমরা আসতে পারি না ভাড়া করতে পারি। enterprise দ্রুত হতে পারবে। চেহারা পরিবর্তিত হবে যেটা বিস্তারিত ভাবে আজকে এখানে বলার সুযোগ নাই।

আর একটি প্রসঙ্গ contract labour সম্বন্ধে একটি মৌলিক কথা তোলা হয়েছে। contract labour এটা contractor's labour এক এক এরিয়ায়। যদি কেউ ভাবেন যে একটা কারখানায় permanent employment এ ঢোকার প্রথম সোপান হচ্ছে এই contractor's labour, এটা ভুল কথা। আমাদের হলদিয়া প্রকল্পের কাজ হচ্ছে প্রথম ষ্টেজে অয়েল রিফাইনারির কাজ হচ্ছে যারা controctor's labour, তারা oil refinery র বড় বড় ট্যাঙ্কারগুলি তৈরী করছে। তাঁরা নিশ্চয়ই first stage-এর কাজ শেষ হলে পরবর্তীকালে অয়েল রিফাইনারীর অন্য কাজে লাগবেন। তারা permanent employment পাবে না। জানে তারা contractor's labour-এর ব্যাপারে যেখানে Oil refinery tanker তৈরী হবে সেখানে যাবে, তাদের বলা হয়েছিল আপনারা ওয়ার্কশপের ভেতর permanent employment নিন। They declined. Contractor's labourদের protection দেওয়া হয়েছে, Contract Labour Abolition and Regulation Act হয়েছে। সেকথা আমার introductory ভাষণে আছে। পশ্চিমবাংলার Contractor's labour-এর স্বার্থ সংরক্ষণের জন্য ভারত সরকার সেই Act তৈরী করেছেন। এবং তা এখানে প্রয়োগ করে চলেছেন। এই দুটো আলাদা Domain—contractor's labour আর regular. Productive purpose এ এই দুটোকে এক করে দিলে চলবে না। দুটো আলাদা জিনিস। কেউ কারো স্বার্থ ক্ষতিগ্রস্ত করছে না। একজন আর একজনের কাজ করতে পারবে না। এটা আজকের ব্যবস্থা।

অনেকে State sectorএ লসের কথা বলেছেন। কোন জায়গায় আমি বলিনি যে ওয়ার্কারদের দোষে এই লস হয়। একথা আমি বরাবর এই হাউসে বলে এসেছি প্রশ্নোত্তর দিতে গিয়ে যে কারখানা বন্ধ হয়েছে লোকসান হচ্ছে বলে, সে পাবলিক সেক্টরেই হোক বা কোন প্রাইভেট সেক্টরেই হোক। অধিকাংশ ক্ষেত্রে mismanagement দায়ী এর জন্য; তার মানে এই নয় ওয়ার্কারের দোষে production এর ক্ষেত্রে loss হয় না। একটা কারখানা পশ্চিমবাংলার আছে আমি তার নাম করতে চাই না, যেখানে আটশো শ্রমিক কাজ করে। ইঞ্জিনিয়ারিং কারখানার মধ্যে যেটা অন্যতম প্রসিদ্ধ ও শ্রেষ্ঠ কারখানা। অতএব এই কারখানা অনেক বড় বড় কাজ করতে পেরেছে। পার্লামেন্টে এই কারখানার প্রশংসা করে resolution নেওয়া হয়েছে। সেই কারখানা কিছু বিদেশী কাজের অর্ডার পেয়েছে। দুটো দপ্তরের সচিব যৌথভাবে মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী enquiry করেছে এবং সেই enquiry রিপোর্টে তাঁরা বলেছেন—

[7-20—7-30 p.m.]

শ্রমিকদের কাজের অবহেলার জন্য এবং কমিউনিকেশনের অভাবের জন্য ঐ ডিপার্টমেণ্ট যেখানে ফরেন অর্ডার একজিকিউট করছে সেখানে কাজের ক্ষতি হচ্ছে। সুতরাং একথা প্রিন্সিপলি বলে

দিলে হবে না যে সমস্ত ম্যানেজমেণ্টে লোকসান হচ্ছে, নষ্ট হচ্ছে। একথা নিশ্চয়ই কেউ বলবে না যে সমস্ত জায়গায় শ্রমিকদের ফেলইউর-এর জন্যে হচ্ছে। দু একটা ঘটনা আছে, এবং এই দু একটা ঘটনার জন্য সরকারকে সচেতন থাকতে হবে এবং এই অবস্থার মোকাবিলা করার জন্য সরকারের হাতে আইনকানুন, এবং বিশেষ সুযোগ ও ক্ষমতা থাকা দরকার। ওভার টাইমের কথা অনেকে বলেছেন। এই ওভার টাইম সম্বন্ধে আমাদের দপ্তর থেকে একটা স্টেটমেণ্ট খবরের কাগজে দেওয়া হয়েছিল। ওভার টাইমের যে কি ভয়াবহ অবস্থা, তা অনেকেই জানেন না। তাই আমি বলে দিতে চাই যে পশ্চিমবাংলায় এমন অনেক কারখানা আছে যেখানে মূল বেতন আছে, ৮ ঘণ্টা কাজ করে কিন্তু তার আড়াই গুণ অর্থ শ্রমিক রোজগার করে ওভার টাইম করে। এই অধিক অর্জন করবার সুযোগ দিয়ে এ্যাডমিনিসট্রেশন কারখানার শ্রমিকদের একজন আধ জনকে নয় শতকরা ৮০ থেকে ৯০ ভাগ শ্রমিককে ওভার টাইমে কাজ করায়। এই ওভার টাইম কাজ করার প্রয়োজনীয়তা আছে, স্বাস্থ্যের কারণে আছে, অর্থনৈতিক কারণে আছে, ওই কারখানার প্রোডাকসন এফিসিয়েন্সি এর কারণে আছে। যে কোন মানুষ একথা বিশ্বাস করতে চাইবে না যে কেবল মাত্র অর্থ দিলে অর্থ পাব এই আশাতে ৮ ঘণ্টার পরে অতিরিক্ত ৬ ঘণ্টা কাজ করলে সেম এফিসিয়েন্সিতে শ্রমিকরা কাজ করতে পারবে। এবং এটা ঠিক যে সেম মেণ্টাল এলার্টনেসে সে কাজ করতে পারে না। এটা আমি সাধারণ মানুষ হিসাবে বিশ্বাস করিনা, এবং চিকিৎসক হিসাবেও করি না। সুতরাং যে সমস্ত কারখানাতে ওভার টাইম প্রথা প্রচলিত আছে তার অবসান হওয়া দরকার। অবশ্য অকেসনাল ওভার টাইম-এর কথা আমি বলছি না। কিন্তু নিয়মিত ভাবে ২০০ টাকা মাহিনা যার, সে ৬০০ টাকা বাড়ী নিয়ে যায় সেই সমস্ত ক্ষেত্রে ওভার টাইম বন্ধ হওয়া দরকার। সুতরাং ওভার টাইম সম্বন্ধে অতিরিক্ত এই যে ওভার টাইম এলাউন্স বিভিন্ন কারখানায় দেওয়া হচ্ছে, তার জন্য সরকারকে একটা শেষ ব্যবস্থা নিতেই হবে। একটা কথা এখানে বলা হয়েছে বদলি প্রথার অবসান। মাননীয় সদস্য বোধহয় জানেন না যে এই বদলি প্রথা ছিল একটি জায়গায়—জুট ইণ্ডাস্ট্রিতে। সেখানে শতকরা ৪০ জন লোক স্থায়ী ভাবে কাজ করত এবং শতকরা ৬০ জন লোক অস্থায়ী ভাবে কাজ করত। ১নং বদলী, ২নং বদলী, ৩নং বদলী, এক্সট্রা বদলী,—এই সমস্ত চটকলে বদলীর প্রথা চালু ছিল। এখন মোটামুটি তার অবসান হয়েছে। বিগত চুক্তির ফলে চটকলে যারা কাজ করে, তাদের একটা নির্দিষ্ট দিন ধরে তাদের মধ্যে শতকরা ৯০ জনকে পার্মানেণ্ট করা হয়েছে, এবং শতকরা ১৫ জন, অর্থাৎ টোটেল ১১৫ জনকে কোয়াশি-পার্মানেণ্ট করে তাকে ২৮০ দিন কাজের সুযোগ ইতিমধ্যে করা হয়েছে। মিনিমাম এমপ্লয়মেণ্ট পিরিয়ড করে দেওয়া হয়েছে। সুতরাং বদলী প্রথা সবচেয়ে অশুভ, বদলী প্রথা যেখানে ছিল, তার অবসান করা হয়েছে, সেখানে একটা দৃঢ় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ভবিষ্যতে শ্রমিকস্বার্থ বিরোধী যদি কোথাও এই প্রথা থাকে তার অবসান নিশ্চয়ই করা হবে। ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট সম্বন্ধে মাননীয় সদস্য সুকুমার বন্দোপাধ্যায় মহাশয় বলেছেন যে এটি খুবই পুরাতন। গত প্রশ্নের মত আজকেও তিনি প্রশ্ন রেখেছেন যে এটা শ্রমিকস্বার্থ বিরোধী। শ্রমিকস্বার্থ বিরোধী বলে এটা মনে হয় না। শ্রমিকস্বার্থ বিরোধী হলে সমস্ত শ্রমিকরা এই ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট ইনভোক করতে চাইত না। তবে এটা পুরাতন, নিশ্চয়ই বর্তমান যুগের উপযোগী নয়। সেদিনেও বলেছি, আজও বলছি এবং সেই জন্যই আমি আমার ইনট্রোডাক্টরি স্পীচ-এ বলেছি যে এই ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট থরোলি রিভাইজ করার কথা পশ্চিমবঙ্গ সরকার চিন্তা করেছেন এবং ব্যবস্থা অবলম্বন করতে চলেছেন। এই আইন প্রয়োজনমত পরিবর্তন করে চলতি বছরের শেষের দিকে আমরা নিশ্চয়ই এই বিধান সভায় আনবার চেষ্টা করবো।

সুকুমারবাবু আর একটা কথা বলেছেন। ১৯৬৭ সালে ই, এস, আই স্কীমের আমি যে সমালোচনা করেছিলাম সেই সমালোচনা তিনি আমাকে স্মরণ করিয়ে দিয়ে মনে করিয়ে দিয়ে এর কোন

উন্নতি করছি কিনা জানতে চেয়েছেন। নিশ্চয় করছি। শুধু করছি না, অনেকখানি করেছি। যদি তিনি খবর রাখতেন তো দেখতে পেতেন অনেক পরিবর্তন হয়ে গিয়েছে। একজন বলেছেন কালচারাল রেভুলেশনের কথা। শ্রীকাশীকান্ত মিশ্র মহাশয় বলেছেন। কথাটায় আমার বড় আতঙ্ক হয়। কালচারাল রেভুলেশান কথাটা চালু হল মহাচীনের গত কয়েক বছর মহাবিপ্লবের পর, স্বাধীনতা বিপ্লব নয়, পরবর্তীকালে যে বিপ্লব হলো, মানুষ সরিয়ে দেওয়ার বিপ্লব। সেই কালচারাল রেভুলেসান তিনি সেই অর্থে ব্যবহার করেছেন নিশ্চয় বিশ্বাস করি না। তবে তিনি যে অর্থে ব্যবহার করেছেন সেই অর্থেই তো সি. পি. এম ব্যবহার করেছিল এবং নিশ্চয় দেখেছেন সচেতনভাবে একথা বলে গ্রামে গ্রামে লাল পতাকা পুঁতে দিয়ে জমি দখল করা হয়েছিল, কারখানায় কারখানায় ঐ মন্ত্রে উদ্বুদ্ধ হয়ে ম্যানেজমেণ্টকে ঘেরাও করেছিল, অফিসারদের ঘেরাও করেছিল, সহকর্মী শ্রমিকদের মাথায় ডাণ্ডা মেরেছিল, সারা বর্ধমানের কোলিয়ারীতে একটা ভয়াবহ শশ্মানের অবস্থা সৃষ্টি করেছিল। এই কালচারাল রেভুলিউশানের নিশ্চয় প্রোমোট করার দায়ীত্ব দিতে চান না এবং দিলেও আমি গ্রহণ করতে পারবো না। যদি শ্রমিকদের ওরিয়েনটেসানের কথা বলেন তার মুখ্য দায়িত্ব ট্রেড ইউনিয়ান নেতাদের এবং সে দায়ীত্বের অনেকখানি সরকার আজকে গ্রহণ করছেন এই আশ্বাস আপনাদের দিতে পারি এবং আমার দৃঢ় বিশ্বাস শ্রমিকদের মধ্যে যে নূতন চেতনা দেখা যাচ্ছে যেকথা লক্ষীবাবু বলেছেন এবং আরও অনেক সদস্য বলেছেন যে, ১৯৬৭, ১৯৬৮, ১৯৬৯, ১৯৭০, ১৯৭১ সালের সাথে যদি ১৯৭২ সালের তুলনা করেন তাহলে দেখবেন শ্রমিকদের মধ্যে নূতন চেতনা এসেছে। তারা ভাঙ্গতে চায় না, গড়তে চায়। উপযুক্ত বেতন চায়, মর্যাদা চায়, আইডেনটিটি চায়, শ্রমিক হিসাবে, দেশের সাধারণ মানুষ হিসাবে হিউম্যান রাইটস এস্টাব্লিস করতে চায়, কিন্তু কাজও করতে চায়, প্রোডাক্সান বাড়াতে চায়। তাই দুর্গাপুরে সফল হওয়া সম্ভব হচ্ছে। তাই চটকলে ভালো ফল হয়েছে, কাপড়ের কলে ভালো ফল হয়েছে, চা বাগানে ভালো ফল হতে চলেছে। এই যে নূতন চেতনা, এই যে অরিয়েণ্টেসান, এটা সহজাত অভিজ্ঞতা থেকে এসেছে। তারপর যেটুক করার সেটুকু নিশ্চয় ট্রেড ইউনিয়ান নেতারা করবেন। একথা আমি স্বীকার করছি যে সমস্ত ট্রেড ইউনিয়ান নেতারাই সহযোগিতা করছেন এবং একথা স্বীকার করতে দ্বিধা নেই সি. পি. এমের পক্ষ থেকে অর্থাৎ সিটুর পক্ষ থেকেও আমরা সহযোগিতা পেয়েছি এবং আমার মনে হচ্ছে তাঁদের এই চিন্তা কালচারাল রেভুলেসানের চিন্তা বদলে গিয়েছে। আমরা যা চিন্তা করছি তার সহযোগী মনোভাব নিয়ে তাঁরা এগিয়ে আসছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে এবং আর একটি কথা সংবাদপত্রের সদস্যদের সম্বন্ধে বলবো। আমরা নাকি ওঁদের ওয়েজ বোর্ড এ্যাওয়ার্ড ইমপ্লিমেণ্টেসানের সুপারভাইস করছি না। ইণ্টারভেনসান করার অধিকার তখনই আসে ইম্পলিমেনটেসান হয় নি এই অভিযোগ যদি আসে। আমার যতদূর মনে হয় এই অভিযোগ কিন্তু বড় সংবাদপত্র সম্বন্ধে নেই। বসুমতী সম্বন্ধে আছে। কগ্ন বসুমতী বন্ধ হয়ে যাচ্ছে। মৃতপ্রায় বসুমতী। ইণ্টারভেনসানের দাবী তুললে হয়তো শেষ ঘা আমার হাত থেকেই আসবে। সেই জন্য বিশেষ কোন সংবাদপত্রে ইম্পলিমেনটেসানের ফেলিওর যদি থাকে আমাদের কাছে নালিশ করলে নিশ্চয় এই সরকার সাধ্যমতো ব্যবস্থা করবেন ইম্পিলিমেনটেসান এনফোর্স করতে। এই কটি কথা বলে আমি আশা করি এই ব্যয় বরাদ্দ এই সভা মঞ্জুর করবেন।

The motion of Dr. Gopal Das Nag that a sum of Rs. 6,05,12,000 be granted for expenditure under Grant No. 30, Major Head : "38-Labour and Employment", was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7-30 p.m. till 1 p.m. on Tuesday, the 11th July, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 11th July, 1972 at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 12 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 185 Members.

**Shri Biswanath Mukherjee :** স্যার, হাউসের কাজ আরম্ভ হবার আগে আমি একটা কথা বলছি, আমরা বড্ড বিপদে পড়ে গেছি। বিপদ হচ্ছে, এই হাউসে আলোচনাকালে তার যে প্রতিক্রিয়া হয় সেটা বড় সাংঘাতিক।

**Mr. Speaker :** Mr. Mukherjee, please place it just after the questions.

## Oath or Affirmation of Allegiance

**Mr. Speaker :** Honourable Members, if any you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

## Starred Questions
(to which oral answers were given)

[1-00—1-10 p.m.]

**Shri Biswanath Mukherjee .** স্যার, কোশ্চেন আরম্ভ হবার আগেই আমি কথাটা তুলতে চাচ্ছি, এক মিনিটেই শেষ করবো, আপনার অনুমতি নিয়ে। গত রবিবারদিন, আমি অবশ্য তখন হাউসে ছিলাম না, ন্যাশন্যাল ক্যাস রেজিষ্টার—

**Mr. Speaker :** Mr. Mukherjee, it cannot be taken now, because we are loosing two or three minutes in this way.

**Shri Biswanath Mukherjee :** এটা রেফারেন্স নয়। এখানে রেফারেন্স হয়েছিল বলে আমি বলছি।

**Mr. Speaker :** No reference or anything during the hour of question. I will call you just in time.

## রায়গঞ্জে রবীন্দ্র ভবন

*১০৪ (অনুমোদিত প্রশ্ন নং *১৬) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় রায়গঞ্জে রবীন্দ্র ভবনের জন্য কত টাকা ব্যয় হইয়াছিল ;

(খ) উক্ত ভবনের নির্মাণ-কাজ কবে শেষ হইয়াছে ; এবং

(গ) বর্তমানে এই ভবনটি কি অবস্থায় আছে ?

**Shri Mrityunjoy Banerjee** :

(ক) এ পর্যন্ত মোট ৩৫,০০০'০০ (পঁয়ত্রিশ হাজার টাকা) টাকা ব্যয় হয়েছে।

(খ) নির্মাণকার্য অংশতঃ শেষ হয়েছে।

(গ) বর্তমানে ভবনটি অসম্পূর্ণ অবস্থায় থাকলেও এখানে একটি ছোট পাঠাগার স্থাপিত হয়েছে। এখানে মাঝে মাঝে সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** ওয়ার্ক কমপ্লিট করতে কতদিন লাগতে পারে, সেটা জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** সেটা এখন বলা মুস্কিল। এরজন্য যে নন-অফিসিয়্যাল কমিটি হয়েছে তারা ব্যবস্থা করছেন।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** আপনি লাইব্রেরীর কথা বললেন। ১৯৭১ সালে নকশাল হামলায় সেই লাইব্রেরীটি পুড়িয়ে দিয়েছে। বর্তমানে সেখানে কোন লাইব্রেরী নেই, এটা কি আপনি জানেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** না, এখবর আমার কাছে আসেনি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** এই যে খবরটি উনি দিলেন এতে আমাদের মিস গাইড করা হচ্ছে, আমরা এর প্রকৃত অবস্থাটা জানতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো যে ওনারা আমাদের যেন ঠিক ঠিক তথ্য দেন। এই লাইব্রেরীটি আর টাকা দিয়ে করা হবে কিনা, সেটা একটু জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** আমি বলেছি ওখানে বর্তমানে একটি ছোট্ট পাঠাগার সংস্থাপিত হয়েছে। ধ্বংস যদি হয়ে থাকে, পোড়ান যদি হয়েই থাকে সে তো তাহলে হয়ে গেছে। আমি বলেছি সেখানে ছোট্ট পাঠাগারে মাঝে মাঝে সাংস্কৃতিক অনুষ্ঠান চলছে। তবে কথা হচ্ছে এই পাঠাগারটি আর স্থাপিত হবে কিনা বলতে পারছি না। এটা সম্পূর্ণভাবে নন-অফিসিয়্যাল কমিটি ম্যানেজ করছেন, তারা যেরকম করবেন সেইরকম হবে।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওখানে একটা ছোট্ট পাঠাগার স্থাপিত হয়েছে এবং এই পাঠাগার পরিচালনার জন্য আমাদের ব্যবস্থায় কেউ নেই, তবে একজন দায়িত্বশীল ব্যক্তি নিশ্চয় আছেন। সেই পাঠাগারটি যদি নকশাল বা অন্য যে কোন তৎপরতার জন্য ধ্বংসপ্রাপ্ত হয়ে থাকে, তাহলে আমি মনে করি সেই ভারপ্রাপ্ত দায়িত্বশীল ব্যক্তি যাঁর দায়িত্বে ওটা আছে তিনি নিশ্চয় রিপোর্ট করেছেন। এখন এই রিপোর্ট যদি আপনার কাছে না হয়ে থাকে তাহলে ভারপ্রাপ্ত ব্যক্তি দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। এই দায়িত্বহীনতা যদি সত্যি সত্যি

হয়ে থাকে তাহলে এই দায়িত্বহীনতার জন্য যে ব্যক্তি দোষী সাব্যস্ত হবেন তার বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হবে, সেটা জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** একটা রবীন্দ্রভবন Committee আছে, তারা non-official Committee. তাদের দায়িত্ব সব কিছুর। তারা এটা রাখতে পারেন, ভেঙ্গে দিতে পারেন, নূতন করে গড়তে পারেন চালতে পারেন। তবে এ সম্বন্ধে কোন খবর আমার কাছে আসেনি that is a non-official Committee.

**Misappropriation of money for evacuees from Bangladesh**

*105. (Admitted question No. *40.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Refugee Rehabilitation Department be pleased to state—

(a) if it is a fact that a good percentage of the amount spent by the Government during 1971-72 for evacuees from Bangladesh in West Bengal was misappropriated ; and

(b) if so, (i) whether the Government has conducted any investigation in the matter, and (ii) number of persons arrested, if any ?

**Shri Santosh Kumar Roy :**

(a) Some cases of such misappropriation have come to the notice of Government.

(b) (i) Yes, investigation is still proceeding .

(ii) Fourteen, so far.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, জানাবেন কি, এই evacuees camp-এ relief এর সময়ে কতটা misappropriation হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** Relief-এর সময় এ পর্যন্ত যা misappropriation-এর খবর পাওয়া গেছে তাতে ১১ লক্ষ ৮০ হাজার টাকা এবং ৩৭৩ bag দুধ যার মূল্য সোয়া লক্ষ টাকার মত।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এর মধ্যে কোন বড় অফিসার জড়িত আছেন কিনা ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** সমস্ত বিষয়টা অনুসন্ধান হচ্ছে এবং বিচার সাপেক্ষে, সেজন্য আমি বলতে পাচ্ছিনা।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মন্ত্রীমহাশয়ের কাছে আমি জানতে চাচ্ছি যে, কোন বড় অফিসার জড়িত আছেন কিনা ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** সমস্ত বিষয়টি অনুসন্ধান হচ্ছে। এখুনি কারো নাম আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, investigation কারা করছে এবং কবে নাগাদ আরম্ভ করছেন ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** এটার জন্য নোটীশ চাই। তবে আপনারা যদি চান কাদের বিরুদ্ধে অভিযোগ হয়েছে তাদের নাম দিতে পারি। কিন্তু কোন কোন অফিসারের গাফিলতিতে এটা হয়েছে সেটার পুর্ণ তদন্ত না হলে বলা সম্ভব নয়।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, যাদের বিরুদ্ধে অভিযোগ হয়েছে তাদের নামগুলি বলুন ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** শ্রীসামুলেন সরকার, Baduria Camp, Marwari Relief Society-র শ্রীগৌরীশঙ্কর জালান, মানিকচাঁদ বিন্তাসারিয়া, রামলাল বিন্তাসারিয়া, এ ছাড়াও দুধের Case-এও মন্টুলাল সরকার আরো অনেকে আছেন।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আমি একটা Supplementary রেখেছিলাম যে investigation কারা আরম্ভ করছে এবং কবে নাগাত শেষ হবে এটা বলবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** এটায় police case হয়েছে।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এই সমস্ত refugee camp-এ যে সমস্ত tubewell বসান হয়েছিলো সেই tubewell-গুলি বর্তমানে কোন অবস্থায় রয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** এই প্রশ্ন এই প্রসঙ্গে আসেনা। তবু যখন মাননীয় সদস্য এ সম্পর্কে তথ্য চান আমি বলতে পারি। Tubewell-গুলি Rural Water Supply Department-এর হাতে হস্তান্তর করা হয়েছে।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, যে সমস্ত Company এই সমস্ত tubewell সরবরাহ করেছেন সেই সমস্ত Company-র বিরুদ্ধে কোন তদন্ত অনুষ্ঠিত হচ্ছে কি ?

**মিঃ স্পীকার ঃ** This question does not arise.

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলছেন যে, কিছুদিন আগে শরণার্থীদের যে টাকা সেই টাকা তছরূপ হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, এই যে misappropriation হয়েছে, এর নেচার কি কি, অপরাধগুলি কি কি—সরকার মাল দিয়েছেন, না তাদের সরকার agency দিয়েছেন, না সরকার টাকা দিয়েছেন, কাজেই nature of misappropriationটা কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** আমার কাছে যা তথ্য আছে তার ভিত্তিতে বলছি, মোটামুটি বোধ হয় এই সমস্ত কিছু সংস্থা যারা এই শরণার্থী শিবিরে কাজের জন্য এগিয়ে এসেছিলেন, তাদের বোধ হয় এই টাকা আগাম দেওয়া হয়েছিল শরণার্থীদের খাওয়া-পরার জন্য।

1-10—1-20 p.m.]

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, ১৪ জন এ্যারেষ্ট হয়েছে, তারমধ্যে কোন অফিসার আছেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** না, এঁদের মধ্যে কোন অফিসার নেই।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি ঃ** যে সমস্ত মিসএপ্রপ্রিয়েসান হয়েছে সেগুলি সরকারী সংস্থায়, না, বেসরকারী সংস্থায় ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** এটা আমি আগেই বলেছি এবং বেসরকারী সংস্থার নামও করেছি, সুতরাং বুঝতেই পারছেন।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** প্রত্যেক জেলায় হচ্ছে কিনা, ওয়েষ্ট দিনাজপুর, মালদহ এই রকম প্রত্যেক জেলাতে হচ্ছে কিনা মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** যেখান থেকে কোন রকম সন্দেহজনক সংবাদ আমার কাছে আসছে এই ব্যাপারে তথনই কৈফিয়ত চাওয়া হচ্ছে এবং তার ভিত্তিতে তদন্ত করা হচ্ছে। কিছু কিছু সংবাদ এ সম্পর্কে আমার কাছে এসেছে বলে সেই জন্য সেই সমস্ত সংশ্লিষ্ট অফিসারের কাছে কৈফিয়ত চাওয়া হয়েছে।

## সাহেববাঁধ ও রাণীবাঁধে মৎস্যচাষ

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৮) **শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার বৃহদায়তন পুকুর পুরুলিয়ার সাহেববাঁধ এবং জয়পুরের রাণীবাঁধ সরকার নিজ দখলে রাখিয়া মৎস্যচাষ ও (ফিস ফিঙ্গারলিং) মাছের পোনা উৎপাদন করিয়া থাকেন ;

(খ) সত্য হইলে, এই বাবত সরকারের ১৯৬৯, ১৯৭০, ১৯৭১—এই তিন বৎসরের কোন্ বৎসরে কত টাকা আয় এবং ব্যয় হইয়াছে ; এবং

(গ) এই পরিকল্পনায় উক্ত বাঁধ দুইটির দ্বারা স্থানীয় কতজন মৎস্যজীবী উক্ত তিন বৎসরে উপকৃত হইয়াছেন ?

**Shri Santosh Kumar Roy** :

(ক) হ্যাঁ।

(খ) (১) সাহেববাঁধ ফিস্ ফার্ম

| বৎসর | আয় | ব্যয় |
|---|---|---|
| ১৯৬৯-৭০ | ১৪,২১৭·৪৮ টাঃ | ৩৯,৫৯১·৭১ টাঃ |
| ১৯৭০-৭১ | ১৩,৪২৯·৯৩ ,, | ২৬,৯২১·৭১ ,, |
| ১৯৭১-৭২ | ৮,৬৪৩·৯২ ,, | ৩১,৯৮৫·১৩ ,, |

(২) রাণীবাঁধ ফিস্ সিড্ ফার্ম

| বৎসর | আয় | ব্যয় |
|---|---|---|
| ১৯৬৯-৭০ | ১২,৫৪৮.১১ টাঃ | ৩৬,২০৩.৭৬ টাঃ |
| ১৯৭০-৭১ | ১৩,০৬৬.৯০ ,, | ৩৬,৪১২.১৫ ,, |
| ১৯৭১-৭২ | ৯,৯৩২.৮৯ ,, | ৩৭,৪১২.৯৫ ,, |

(গ) ফার্মের নাম — মোট মৎস্যজীবী উপকৃত হইয়াছেন

| ফার্মের নাম | ১৯৬৯-৭০ | ১৯৭০-৭১ | ১৯৭১-৭২ |
|---|---|---|---|
| (১) রাণীবাঁধ ফিস্ সীড্ ফার্ম | ১১৩৮ | ১১১২ | ৯০১ |
| (২) সাহেববাঁধ ফিস্ ফার্ম | ১৭৮১ | ৬৫৪ | ৯৮৭ |

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় যে তিন বছরের হিসাব নিকাশ দিলেন তাতে দেখা গেল প্রত্যেক বছর তিনগুণ করে বেশী লোকসান হচ্ছে এবং কোন কোন বছর চারগুণও এক্সিড করে গেছে। এই রকম লোকসান যেখানে হচ্ছে এবং লাভও যে অদূর ভবিষ্যতে হবে তার কোন সম্ভাবনা নেই, কারণ দেখা যাচ্ছে প্রথমে তিনগুণ, চারগুণ এবং তারপরে সাড়ে চারগুণ পর্যান্ত লোকসান যাচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই রকম জিনিষ রাখা সরকারের পক্ষে খুব লাভজনক হবে কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার দপ্তরের বিশেষজ্ঞদের যে রিপোর্ট দেখেছি তাতে দেখা যাচ্ছে ১৫/২০ বছর পর্যান্ত না চলা পর্যান্ত ফিশ ফার্মে নাকি লাভ হয়না। এ সম্বন্ধে আরো কিছু আশ্বাস দিয়ে বলতে পারি যে এ সম্পর্কে আরো বিস্তারিত তথ্য সংগ্রহ করার চেষ্টা করবো যে এটাতে লাভ না হওয়ার কারণ কি। তা ছাড়া সদস্যরা নিশ্চয় অবগত আছেন যে, যেসময় মাছ ধরার সর্বোৎকৃষ্ট সময় সেই সময় ঐ জলাশয়টা পানীয় জলের জন্য ব্যবহৃত হয়, ফলে ওখানে মাছধরা সম্ভবপর হয় না—এপ্রিল থেকে জুন মাস পর্য্যন্ত। তা ছাড়া মিউনিসিপ্যাল ট্যাক্স অত্যন্ত বেশী। ৬ হাজার ৫৫৫ টাকা এই বাবদে মিউনিসিপ্যালিটিকে দিতে হচ্ছে, এটা কমানোর জন্য লেখালেখি করা হচ্ছে। এই সব শেষ হলে এবং আরো কিছু ব্যবস্থা করলে বিশেষজ্ঞরা যা বলছেন তাতে এটা হয়ত ভবিষ্যতে লাভজনক হবে; তবে লাভ না হলেও ঐ জলাশয়গুলির মাধ্যমে ঐ অঞ্চলের মৎস্যজীবীরা বা মৎস্যচাষীরা লাভবান হচ্ছেন এই রকম তথ্য আমার কাছে আছে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** স্যার, সাহেববাঁধ এরিয়ায় রয়েছে পুরুলিয়ার মিউনিসিপ্যাল এরিয়ায়, কিন্তু রাণীবাঁধ মিউনিসিপ্যাল এলাকায় নাই। যেটা আপনি বললেন সেটা বাইরে থেকে—বাইরে যদি এইটা নিলাম করে দেওয়া হয় তাহলে দুইটা বাঁধ থেকে ২ লক্ষ টাকা সরকার আয়কর করতে পারবে। আমি পুরো দায়িত্ব নিয়ে বলছি যে দুটা পুকুরের একটা থেকেও মৎস্যজীবীরা উপকৃত হয়না।

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন যখন সদস্যরা আমার কাছে উপস্থিত করেছেন তখন আমি যথাযথ খোঁজ নিয়ে উত্তর দেব।

## মিনি বাস

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সর্বত্র মিনি বাস চালু করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকিলে, কবে নাগাত এবং কি পদ্ধতিতে উক্ত পরিকল্পনা কার্যকরী করা হইবে ?

**Shri Gyan Sing Sohanpal :**

(a) For the present introduction of minibus has been taken up in Calcutta, Asansol-Durgapur Zone, Nadia and Darjeeling. Any other R. T. A. desireous of introducing minibuses can do so after observing the legal formalities.

(b) The permit for contract carriages including minibuses are to be issued by the Regional Transport Authority under the provisions of the Motor Vehicles Act, 1939, and the Government cannot specify any firm date because of the formalities involved in the process. It may be mentioned that 27 minibuses out of a total of 192 permits offered have started plying in Calcutta. R. T. A., Nadia, have already initiated steps for introduction of about 80 minibuses in different parts of the district and the Chairman, R. T A, Burdwan, has been instructed to have the question of introduction of such minibuses in Durgapur-Asansol Zone considered by the R.T A., Burdwan. Such buses are plying already in Darjeeling district.

**শ্রীসুকুমার ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ১৯২টি বাসের পারমিট দিয়েছেন তারমধ্যে ২৭টি চলছে, তাহলে বাকি বাসগুলি যে চলছেনা তার কারণ কি ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** মাননীয় মেম্বার বোধহয় ঠিক বুঝতে পারেননি, ২৭টি চলছে আউট অফ দি ১৯২ পারমিটস ইসুড। ২৭টির বেশী নামান হয়নি।

**শ্রীসুকুমার ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় মিনি বাস-এর পারমিটের ব্যাপারে বললেন যে, পারমিট দেওয়া হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, এই মিনি বাস পারমিট দেওয়ার ব্যাপারে বেকার শিক্ষিত যুবকদের কিম্বা সমবায় সমিতিগুলিকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে কি ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** এই পারমিটগুলি প্রেসিডেন্টস রুলের সময় দেওয়া হয়েছে। আমাদের আমলে দেওয়া হয়নি। আমরা ঠিক করেছি কো-অপারেটিভ সোসাইটি এবং আন-এমপ্লয়েড ইউথদের দেওয়া হবে।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** আমি মন্ত্রীমহাশয়ের কাছে দুর্গাপুরে মিনি বাস চালাবার দাবী রেখেছিলাম। তা সেই দুর্গাপুরে কবে নাগাদ মিনি বাস চলতে পারবে ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল ঃ** It is up to the R.T.A., Burdwan

**শ্রীঅশ্বিনী রায় ঃ** এই যে মিনি বাস চালু করলেন এর ফলে যে ট্রাফিকের চাহিদা রয়েছে সেটা কি মিট করবেন ?

**মিঃ স্পীকার ঃ** It is a matter of opinion.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** একটা মিনি বাসে কত টাকা খরচ পড়ে?

**শ্রীজ্ঞান সিং সোহনপালঃ** I am not a businessman.

[1-20—1-30 p.m.]

**শ্রীশচীনন্দন সাউঃ** এই মিনি বাস কি জেলায় চালু হবে?

**শ্রীজ্ঞান সিং সোহনপালঃ** আমি তো আগেই বলেছি এটা এণ্টায়ারলি আর, টি, এ-র বিজনেস। এরা ইণ্ডিপেণ্ডেন্ট বডি, এরা ইচ্ছা করলে নিশ্চয় করতে পারে।

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ** যে সমস্ত পারমিট দেওয়ার জন্য হাইকোর্টের ইনজাংশান আছে সেই সমস্ত রুটে মিনিবাস চালাতে পারেন কিনা?

**শ্রীজ্ঞান সিং সোহনপালঃ** যেখানে অলরেডি হাইকোর্টের ইনজাংশান আছে সেখানে আমার কোন হাত নেই। আর এটা পিওরলি আর, টি, এ-র ব্যাপার।

**শ্রীশঙ্করদাস পালঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি মুর্শিদাবাদ জেলায় মিনিবাস চালাবার পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রীজ্ঞান সিং সোহনপালঃ** আমি আগেও বলেছি, আবারও বলছি এবং দরকার হলে আবারও বলবো, মিনিবাস চালাবার রেসপন্সিবিলিটি রয়েছে, আর, টি, এ-র উপর। আপনি আর, টি, এ-র সঙ্গে কথা বলবেন দরকার হলে আমাকে জানাবেন।

## হরিসভা হিন্দু উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৫) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান শহরে হরিসভা হিন্দু উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে কোনও সরকারী সাহায্য দেওয়া হইয়াছে কি; এবং

(খ) দেওয়া হইলে, গত তিন বৎসরে কি ধরনের কত সাহায্য দেওয়া হইয়াছে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জিঃ** (ক) হ্যাঁ, দেওয়া হইয়াছে।

(খ) বিদ্যালয়টিকে ১৯৭১-৭২ সালেই সর্বপ্রথম থোক অনুদান দেওয়া হয়।

১৯৬২ সালের পূর্বে অনুমোদিত বিদ্যালয় হিসাবে ৮০টি পুরাতন বিদ্যালয়ের অন্যতম এই বিদ্যালয়টিকে নিম্নলিখিত পরিমাণ অনুদান মঞ্জুর করা হয়।

| | |
|---|---|
| (১) থোক অনুদান | ১৫,০০০ টাকা |
| (২) ল্যাম্প অনুদানপ্রাপ্ত বিদ্যালয় হিসাবে মাসিক টাঃ ৭.৫০ হিসাবে ২৫ জন শিক্ষিকা এবং ৬ জন অশিক্ষক কর্মচারীর ১৯৭১-৭২ সালের জন্য প্রাপ্য অনুদান | ২,৭৯০ |
| মোট :— | ১৭,৭৯০ টাকা |

এ বৎসর (১৯৭২-৭৩) হইতে বিস্থালয়টি বর্ধমান জেলার বিস্থালয় পরিদর্শক (মাধ্যমিক শিক্ষা) এর নিকট হইতে যথানির্দিষ্ট নিয়মানুযায়ী অনুদান পাইবে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** স্কুলটা অনেক পুরানো স্কুল। এখনও এই স্কুলটাকে কিন্তু ল্যাম্প গ্রাণ্টে রাখা হয়েছে। সেজন্য এটা কি তাড়াতাড়ি ডেফিসিট গ্রাণ্টে নেবার কথা ভাবছেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** আপাততঃ কোন একটা স্কুলকে ডেফিসিট গ্রাণ্টে দেওয়ার ভাবনা আমাদের নেই।

**Mr. Speaker :** Starred question No *109 is held over.

## আর টি এ

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩১) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে আর টি এ ভেঙ্গে দেওয়া হয়েছে

(খ) সত্য হইলে—

(১) কবে নাগাত আর টি এ পুনর্গঠিত হবে,

(২) উক্ত আর টি এ কিভাবে ও কাহাদের লইয়া গঠিত হবে?

**Shri Gyan Singh Sohanpal :** (a) No.

(b) (1) The question of reconstitution of R.T.A is now under active consideration of the Government and relevant orders in this regard will be notified soon

(2) In exercise of the power conferred by the Motor Vehicles Act, 1939, and the Bengal Motor Vehicles Rule, 1940, R.T.As are generally constituted with the members consisting of District Magistrate other District Officers and local important persons.

**শ্রীমহম্মদ সফিউল্লাঃ** আপনি বললেন R.T.A. পুনর্গঠিত হয়নি, কিন্তু আমরা জানি হুগলী জেলায় R.T.A. পুনর্গঠিত হয়েছে এবং কাদের কাদের নিয়ে গঠিত হয়েছে তাও জানি। আপনি দয়া করে জানাবেন কি স্থানীয় বিধান সভার Member-এর সঙ্গে যোগাযোগ করে R.T.A গঠন করা হয়েছে কি? I am speeking about the district of Hooghly.

**শ্রীজ্ঞান সিং সোহনপালঃ** আপনি যদি দয়া করে Rules এবং Act গুলো পড়েন তাহলে বুঝতে পারবেন কিভাবে করা হয়।

**শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ** যে সমস্ত প্রশ্নগুলি বাংলায় করা হয় সেগুলির উত্তর যেন বাংলায় দেওয়া হয় এই অনুরোধ আপনি মন্ত্রীদের করুন। আমি কোন বিশেষ মন্ত্রীর জন্য বলছি না। অনেক মন্ত্রীদের দেখেছি তাঁরাও এরকম করেন।

**মিঃ স্পীকারঃ** If that helps the Members then I would request the Members of the Treasury Bench to co-operate with the House as suggested.

### বনগাঁ-বাগদা ব্লকে প্রাথমিক বিদ্যালয়

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) **শ্রীরবীন্দ্র ঘোষ**ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জুন, ১৯৭২ তারিখে বনগাঁ-বাগদা ব্লকে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত ;

(খ) ১৯৭২-৭৩ সালে উক্ত ব্লকে নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে, কত ; এবং

(গ) তফসিলী ও আদিবাসী অধ্যুষিত অনুন্নত এলাকা হিসাবে এই অঞ্চলে প্রাথমিক বিদ্যালয়গুলিকে বিশেষ সুযোগ-সুবিধা দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি**ঃ (ক) ১।৬।৭২ তারিখে বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপ :—

| | |
|---|---|
| বনগাঁ | ১৪৫ |
| বাগদা | ১০৩ |

(খ) নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের সুপারিশ জেলা স্কুলবোর্ডের উপদেষ্টা সমিতির মাধ্যমে স্থিরীকৃত হইবে। ঐ সমিতির সুপারিশ এখনও সরকারের হস্তগত না হওয়ায় এখনই সংখ্যা বলা সম্ভব নয়।

(গ) সাধারণভাবে পশ্চিমবঙ্গের সর্বত্রই তপশীলী ও আদিবাসী অধ্যুষিত বিদ্যালয়বিহীন গ্রামে প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী বা প্রতিষ্ঠায় অগ্রাধিকার দিবার সরকারী নির্দেশ আছে।

এতদ্ব্যতীত সাধারণভাবে প্রতিটি নূতন প্রাথমিক বিদ্যালয়ের সাজ-সরঞ্জাম বাবদ বরাদ্দ ৩০০ টাকা ব্যতীত তপশীলী ও আদিবাসী অধ্যুষিত অঞ্চলে বিদ্যালয় গৃহ নির্মাণের জন্য প্রতি জেলায় নির্দিষ্ট সংখ্যক বিদ্যালয়ের জন্য প্রতিটি গৃহনির্মাণ বাবদ ১০০০ টাকা বরাদ্দ আছে।

**শ্রীশরৎচন্দ্র দাস**ঃ এই যে একহাজার টাকা তপশীলী জাতি ও উপজাতি বিদ্যালয়ে সাহায্য দেওয়া হয়েছে, কিন্তু বনগাঁ ও বাগদা Block-এ কতগুলি এইরকম স্কুলকে সাহায্য দেওয়া হয়েছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি**ঃ সময় লাগবে।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ ১৯৭১-৭২ সালে তদানীন্তন যে advisary committee ছিল সেই কমিটি উক্ত ব্লকের জন্য কতগুলি স্কুলকে অনুমোদনের জন্য সুপারিশ করেছিল ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি**ঃ সময় লাগবে।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী**ঃ বনগাঁ এলাকা থেকে কতগুলি আদিবাসী স্কুল অনুমোদনের জন্য এসেছিল ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি**ঃ সময় লাগবে।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী**ঃ আদিবাসী স্কুলের সংখ্যা যদি অনুপাতে কম থাকে তাহলে সেখানে কি top priority দেওয়া হবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি**ঃ আমি পূর্বে বলেছি আদিবাসী বিদ্যালয়হীন গ্রামে আমরা অগ্রাধিকার দিয়ে থাকি। নিশ্চয় যদি কম থাকে আমরা অগ্রাধিকার দেবার কথা বিবেচনা করা যেতে পারে।

[1-30--1-40 p.m.]

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী**ঃ যে স্কুলগুলিতে তপশিলী ছাত্র সংখ্যা অত্যধিক বেশী সেখানে কি স্কুলগুলিকে অন্যান্য স্কুল থেকে পৃথকভাবে বিবেচনা করা হবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ এ সম্বন্ধে জেলা কমিটি যাঁরা হয়েছেন তাঁরা কি সুপারিশ করেন দেখে আমরা বিবেচনা করতে পারব।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ গত মার্চ মাসে আমার একটা প্রশ্নের জবাবে মাননীয় মন্ত্রী মহাশয় বিভিন্ন জেলার কতকগুলি সংখ্যা দিয়ে বলেছিলেন কোন জেলায় ১০০, কোথাও ১৫০টি বিদ্যালয়ের অনুমোদন দান দেওয়া হয়ে গেছে, কিন্তু একথা কি সত্য যেসব বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়েছে বলে বলা হয়েছে, যেগুলি বিভিন্ন জেলা স্কুল কমিটি পাঠিয়েছিলেন অনুমোদনের জন্য সেগুলির অনুমোদন দান এখনও স্থগিত আছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ এই প্রশ্ন এটার সঙ্গে রেলেভেন্ট নয়।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী**ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এ্যাপারেটাসের জন্য ৩শো আর স্কুলের উন্নয়নের জন্য হাজার টাকা দেওয়া হয়েছে, এগুলি সমস্ত স্কুলের বেলায় প্রযোজ্য, না, যে স্কুল আবেদন জানিয়েছেন তাদের বেলায় প্রযোজ্য ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ প্রত্যেক নতুন স্কুল ৩শো টাকা করে পাবে।

**শ্রীশরৎচন্দ্র দাস**ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তপশিলী জাতি এবং উপজাতি স্কুলে হাজার টাকা দেওয়ার ব্যবস্থা আছে, এই মর্মে আপনি জেলা স্কুল বোর্ডগুলিকে কোন সর্কুলার দিয়েছেন কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ এটা আমাদের জেলা অফিসে আছে, তাঁরা নিশ্চয়ই দরকার হলে সেখান থেকে জানতে পারবেন।

**শ্রীশরৎচন্দ্র দাস**ঃ গভর্ণমেন্ট সার্কুলার না হলে ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড কি করে বলবে। কোন খানে তপশিলী স্কুল আছে, কোনখানে নেই, সার্কুলার যদি না থাকে তাহলে কি প্রিভিলেজ দেওয়া হচ্ছে তারা কি করে জানবে। আপনি এই রকম সার্কুলার দেবেন কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ দেওয়া আছে।

**শ্রীসরোজ রায়**ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে স্কুল বিল্ডিং তৈরির জন্য হাজার টাকা দেওয়া হবে। আমি একটা ইনফর্মেসান দিতে চাই, সেটা হচ্ছে ঝড়ে যেসব স্কুল পড়ে গেছে আদিবাসীদের তার রিপেয়ারের জন্য আপনার বিভাগ থেকে কোন টাকা পাওয়া যাচ্ছে না, সেটা দেখবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** দেখব আমি।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন আদিবাসী এবং অনুন্নত স্কুলগুলিকে অগ্রাধিকার দেওয়ার কথা আছে, যে সার্কুলার দেওয়া আছে সেটার নাম্বার কত ?

**মিঃ স্পীকার ঃ** The Hon'ble Minister has stated that the Circular number will be given later on.

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস মহাশয় এ্যাসিওরেন্স কমিটির চেয়ারম্যান, আমরা যদি অসত্য ভাষণ দিই তাহলে তা দেখবার অধিকার তাঁর আছে।

**মিঃ স্পীকার ঃ** সার্টেনলি।

## ত্রাণকার্যে কাপড় জামা ক্রয়ের জন্য টেণ্ডার

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৯) **শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ত্রাণকার্যের জন্য যে-সমস্ত কাপড়জামা ইত্যাদি কেনা হয় তার জন্য টেণ্ডার লওয়া হয় কিনা,

(খ) হয়ে থাকলে, ১৯৭১-৭২ সালে কত টাকার টেণ্ডার লওয়া হইয়াছিল, এবং

(গ) মাল "ডেলিভারী" নেওয়ার সময় টেণ্ডার স্যাম্পেলের সঙ্গে মিলাইয়া নেওয়ার কোন ব্যবস্থা আছে কিনা ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ**

(ক) সাধারণতঃ টেণ্ডার লইয়াই কেনা হয়। তবে জরুরী অবস্থা দেখা দিলে কদাচিৎ 'কোটেশন' লইয়া কেনা হয়।

(খ) ১৯৭১-৭২ সালে কাপড় জামা ইত্যাদি খরিদের জন্য ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকার টেণ্ডার লওয়া হইয়াছিল।

(গ) হ্যাঁ, আছে। Purchase Board-এর approve করা স্যাম্পেলের সঙ্গে মিলাইয়া লওয়া হয়। কখনও কখনও C.S.S.I. ডিপার্টমেন্ট হইতে Technical Expert-দের সাহায্যে Tender স্যাম্পেলের সহিত মিল করিয়া যতটা সম্ভব সতর্কতার সহিত মাল ডেলিভারি নেওয়া হয়।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে দেখাবার জন্য একটা স্যাম্পেল এখানে নিয়ে এসেছি। এই জিনিস ভিখিরী বাচ্চারাও নেয়নি এবং তারা বলেছে, দূর দূর এগুলি আমরা নেবনা। মন্ত্রীমহাশয় এটা পরীক্ষা করে দেখুন টেণ্ডারের সময় যে স্যাম্পেল দিয়েছিল তার সঙ্গে এটা ঠিক আছে কিনা ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ইতিপূর্বে এই সভায় পরিষ্কার ভাবে ঘোষণা করেছি যে, কোনরকম দুর্নীতি বা যদি কিছু অভিযোগ থাকে তার যথাযোগ্য তদন্ত

করার ব্যবস্থা নেওয়া হবে। এতে শুধু সরকারী অফিসার নয়, যদি কোন বিশিষ্ট বেসরকারী ব্যক্তি এর মধ্যে জড়িত থাকে এবং সে যত উচ্চ পদেই থাক না কেন তার সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হবে। যদি কোন মাননীয় সদস্যের কোন অভিযোগ থাকে তাহলে নিশ্চয়ই অনুসন্ধান করে ব্যবস্থা করব।

**শ্রীসুধীরচন্দ্র বেরা :** আমি সেই স্যাম্পেল এখানে নিয়ে এসেছি এবং আশা করছি মন্ত্রীমহাশয় যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করবেন।

**মিঃ স্পীকার :** ইট ইজ এ রিকোয়েষ্ট ফর এ্যাক্সন।

**শ্রীরজনীকান্ত দলুই :** মন্ত্রীমহাশয় বলেছেন সাধারণতঃ টেণ্ডার দিয়ে কাপড় জামা কেনা হয় এবং জরুরী সময় কোটেসন দিয়ে কেনা হয়। ১৯৭১ সালে কত টাকার কাপড় কেনা হয়েছিল কোটেসন দিয়ে জানাবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় :** আমার কাছে যে তথ্য আছে তার ভিত্তিতে আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, ১৯৭১-৭২ সালে ১০ লক্ষ টাকার কাপড় টেণ্ডার দিয়ে কেনা হয়েছিল।

**শ্রীরজনীকান্ত দলুই :** তাহলে কি বলতে চান যে ১৯৭১-৭২ সালে জরুরী অবস্থা দেখা যায়নি ?

**শ্রীসন্তোষকুমার রায় :** কেনা হয়েছিল কিনা বলতে হলে নোটিশ চাই।

**Mr. Speaker :** Starred question No. 113 is held over.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় স্পীকার মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন ছিল কিন্তু দেখছি হেল্ড ওভার হয়ে গেল। যা হোক্, নেক্সট অকেসনে যাতে এটা পাই তার ব্যবস্থা দয়া করে আপনি করুন।

**Mr. Speaker :** On the next rotational day you will get it.

## শিক্ষা উপদেষ্টা কমিটি গঠন

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮) **শ্রীনিতাইপদ সরকার :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জেলাগুলির জন্য প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাস্তরে উপদেষ্টা কমিটি গঠিত হইয়াছে, এবং

(খ) সত্য হইলে, উক্ত কমিটি কিভাবে গঠন করা হইয়াছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী :**

(ক) প্রাথমিক শিক্ষাস্তরে জেলা স্কুলবোর্ডগুলির উপদেষ্টা কমিটি গঠন করা হইয়াছে।

মাধ্যমিক শিক্ষাস্তরে উপদেষ্টা কমিটি গঠন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। সরকারী আদেশ শীঘ্রই প্রচার করা হইবে।

(খ) নিম্নলিখিত ব্যক্তিদের লইয়া প্রাথমিক শিক্ষাস্তরে জেলা স্কুল বোর্ডগুলির জন্য উপদেষ্টা কমিটি গঠিত হইয়াছে :—

| | |
|---|---|
| (১) জেলা শাসক | সভাপতি (পদাধিকার বলে) |
| (২) বিশেষ আধিকারিক— ( তপশীলভুক্ত জাতি ও উপজাতি ) এবং কোন জেলায় এই পদ না থাকিলে— উপজাতি কল্যাণ আধিকারিক | সভ্য ( পদাধিকার বলে ) |
| (৩) সভাপতি ও সচিব, নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির জেলা শাখা | সভ্যগণ |
| (৪) সভাপতি ও সচিব, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির জেলা শাখা | সভ্যগণ |
| (৫) সভাপতি ও সচিব, বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির জেলা শাখা | সভ্যগণ |
| (৬) সভাপতি ও সচিব, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির জেলা শাখা | সভ্যগণ |
| (৭) বিধান সভার সদস্য ( প্রতি জেলায় ছয় জন ও ২৪-পরগণা, মেদিনীপুর ও বর্ধমানের ক্ষেত্রে যথাক্রমে ১৫, ১২ ও ১০ জন বিধান সভার সদস্য রাজ্য সরকার কর্তৃক মনোনীত ) অন্যান্য ক্ষেত্রে ৬ জন অনধিক সদস্য। | সভ্যগণ |
| (৮) তিনজন শিক্ষানুরাগী ( রাজ্য সরকার কর্তৃক মনোনীত ) | সভ্যগণ |
| (৯) প্রাথমিক শিক্ষার জেলা বিদ্যালয় পরিদর্শক | সভ্যসচিব ( পদাধিকার বলে ) |

[1-40—1-50 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার** ঃ যে সমস্ত এম. এল. এ-দের বিভিন্ন জেলা কমিটিতে নেওয়ার মনোনয়ন দেওয়া হয়েছে কি নীতির ভিত্তিতে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী** ঃ একটা নীতি গ্রহণ করা হয়েছে তবে সেটা এখানে বলা মুস্কিল আছে।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চাভুক্ত দুই দলের পক্ষ থেকে সব জেলার এম. এল. এ-দের অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ এটার তালিকা বিশ্লেষণ করে দেখতে হবে। তারপরে বলা যাবে ঝপ করে কিছু বলা মুস্কিল।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্তী**ঃ শিক্ষা অনুরাগী বলে যাদের বলেছেন সেটা কিসের ভিত্তিতে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ সাধারণভাবে যারা শিক্ষার অনুরাগী তাদের আমরা শিক্ষা অনুরাগী বলি।

**শ্রীরজনীকান্ত দলুই**ঃ ষ্টেট লেবেলে এরকম কোন কমিটি গঠিত হওয়ার সম্ভাবনা আছে কি ? মন্ত্রী মহাশয় এ বিষয়ে কিছু ভাবছেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ নিশ্চয় ভাবছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ মাধ্যমিক স্তরে যে উপদেষ্টা কমিটি গঠিত হচ্ছে তার পাওয়ার, ফাংশন্স এবং ডিউটিস কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ এটার একটা আলাদা প্রশ্ন দিলে ভাল হত। মোটামুটিভাবে ২টি প্রধান ক্ষমতা থাকবে। একটি হচ্ছে স্কুল অনুমোদন ব্যাপারে পরামর্শ দেওয়া আর একটা হচ্ছে যে সমস্ত স্কুলের অনুদান দেওয়া হয় সেই ব্যাপারে মোটামুটি তদারক করা।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ জেলায় জেলায় সি. পি. আই এম. এল এ থাকা সত্ত্বেও নেওয়া হয়নি। তাদের অন্ততঃ একজনকে নেবার ব্যাপারে মন্ত্রীমহাশয় ভাবছেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ নাম্বারটা যে বলে দেওয়া হয়েছে ছয়জন। ইতিমধ্যে যদি সব নেওয়া হয়ে থাকে তাহলে বাড়ানো যাবে না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে উপদেষ্টা কমিটি গঠিত হবে তার কাজ হবে দুই রকমের। একটি হচ্ছে যে সমস্ত অনুদান দেওয়া হবে তার উপর তদারকি করা। এই অনুদান দেওয়ার ব্যাপারে কমিটি যে সুপারিশ দেওয়া হবে সেই সুপারিশ কি গ্রহণ করবেন ? না সুপারিশ শুধু সুপারিশই থাকবে।

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী**ঃ সুপারিশ গ্রহণযোগ্য হয় আবার গ্রহণের অযোগ্যও হয় তারি নাম সুপারিশ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ সুপারিশ অবশ্য গ্রহণীয় কি না ?

**মিঃ স্পীকার**ঃ Starred question No. 115 is held over.

## মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪) **শ্রীমহম্মদ দেদার বক্স**ঃ শিক্ষাবিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড এখনও পর্যন্ত গঠিত না হওয়ার কারণ কি ;

(খ) ঐ স্কুল বোর্ড গঠনের ব্যাপারে সরকার কি ব্যবস্থা করিতেছেন ;

(গ) ইহা কি সত্য যে, স্কুল বোর্ড গঠনের নিয়মাবলী সংশোধন করার জন্য সরকার চিন্তা করিতেছেন , এবং

(ঘ) করিয়া থাকিলে, তাহা কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ**

(ক) ও (খ) ১৯৬৯ সালে জেলা স্কুলবোর্ডগুলি বাতিল করা হইয়াছিল। উহাদের পুনর্গঠন করিবার কোন প্রস্তাবই বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

জেলা স্কুলবোর্ড পরিচালনার জন্য প্রতি জেলায় উপদেষ্টা কমিটি গঠিত হইয়াছে। মুর্শিদাবাদ জেলাতেও উপদেষ্টা কমিটি গঠন করিয়া সম্প্রতি আদেশ জারী করা হইয়াছে।

(গ) না।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় যে বললেন যে, ১৯৬৯ সালে এই স্কুল বোর্ড বাতিল করা হয়েছে—সেটা কি কারণে হয়েছে জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এটা তৎকালীন ব্যাপার। ইতিহাস পর্যালোচনা করে বলতে পারি।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** স্কুলবোর্ড কমিটি আর জেলা স্কুলবোর্ড এ্যাডভাইসরি কমিটি কি একই জিনিস ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** যখন নাম আলাদা নিশ্চয়ই জিনিসও আলাদা।

## হাওড়া জেলায় টেষ্ট রিলিফ

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৭) **শ্রীশিশিরকুমার সেন ঃ** ত্রাণ এবং সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ বৎসর হাওড়া জেলাকে খরা অঞ্চল বলিয়া কি গণ্য করা হইয়াছে ,

(খ) হইয়া থাকিলে টেস্ট রিলিফ-এর জন্য এ বৎসর কত টাকা ব্যয় করা হইয়াছে এবং কতগুলি টি আর স্কীম-এর কাজ সম্পন্ন হইয়াছে ,

(গ) ইহা কি সত্য যে উক্ত জেলায় বন্যা ও ঝড়ে ক্ষতিগ্রস্ত বহু পরিবার এখনও পর্যন্ত গৃহনির্মাণের অনুদান পান নাই , এবং

(ঘ) সত্য হইলে, ঐ অনুদান দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** (ক) এই জেলার নিম্নলিখিত এলাকাগুলিকে খরা অঞ্চল বলিয়া গণ্য করা হইয়াছে। যথা—

(১) ডোমজুড় থানা, (২) জগৎবল্লভপুর থানা, (৩) জগাছা থানার অংশবিশেষ, (৪) বালি থানার অংশবিশেষ, (৫) পাঁচলা থানা, (৬) সাঁকরাইল থানা, (৭) উলুবেড়িয়া থানা, (৮) আমতা থানা, (৯) শ্যামপুর থানা, (১০) বাগনান থানা, (১১) বাউড়িয়া থানা, (১২) উদয়নারায়ণপুর থানা।

(খ) ৩০-৬-৭২ পর্যন্ত নগদে এবং খাদ্যশস্যে মোট ১৫,১২,৩২৪ টাকার টেষ্ট রিলিফের কাজ করা হইয়াছে এবং ২৬২ টি T. R. Scheme এর কাজ সম্পন্ন হইয়াছে।

(গ) এই বৎসর এখনও ঝড়ে বা বন্যার দরুন গৃহ ক্ষতিগ্রস্তের কোন সংবাদ নাই। তবে গত বৎসরে এরূপ ক্ষতিগ্রস্ত সমদয় পরিবারকে এখনও পর্যন্ত গৃহনির্মাণ অনুদান দেওয়া সম্ভব হয় নাই।

(ঘ) এই খাতে গত বৎসর সমগ্র রাজ্যের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট মোট ৫.৫৮ কোটি টাকা চাওয়া হইয়াছিল। কিন্তু মাত্র ১.২৫ কোটি টাকা পাওয়া যাওয়ায় সমগ্র প্রয়োজন মিটান সম্ভব হয় নাই। এ ব্যাপারে বর্তমান বৎসরেও অর্থমঞ্জুরীর জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইয়াছে।

**শ্রীশিশিরকুমার সেন:** যে দরখাস্তগুলি Block Office ও S. D. O. Office-এ পড়ে আছে সেগুলি সম্পর্কে কি বিবেচনা করেছেন?

**শ্রীসন্তোষকুমার রায়:** এর আগে এই তথ্য সরবরাহ করেছি যে ৫ কোটি ৫৫ লক্ষ টাকার মত অর্থ প্রয়োজন। এর মধ্যে ১ কোটি ২৫ লক্ষ টাকা পাওয়া গিয়েছিল এবং যা পাওয়া গিয়েছিল সেটা বিতরণ হয়ে গেছে। আমরা এই সরকারে আসার পর আবার কেন্দ্রীয় সরকারকে এ বিষয়ে লিখেছি অনুদান দেবার জন্য, তথ্যও দিয়েছি। কিন্তু না এলে আমাদের পক্ষে টাকা দেওয়া সম্ভব নয়।

**শ্রীশিশিরকুমার সেন:** এই test relief-এ কয়েকটা Important Scheme পড়ে রয়েছে—সেগুলি করার ক্ষেত্রে আপনার কি বলার আছে?

**শ্রীসন্তোষ কুমার রায়:** সাধারণভাবে ১৫টি জেলা ধরা হয়েছিল। ইতিমধ্যে বর্ষা নামায় চাষের কাজে লোক নিযুক্ত আছে। সেজন্য আমরা নির্দেশ দিয়েছিলাম ১৫টি জেলায় বন্ধ করে দেবার। তবে কোন অঞ্চলে যদি না হবার জন্য চাষের কাজ ব্যাহত হয় তাহলে প্রয়োজন বোধে test relief করা হবে।

**শ্রীরজনীকান্ত দলুই:** কোন অঞ্চলকে খরা অঞ্চল বলে ঘোষণা করা হলে সেখানে কোন Special-facilities দেওয়া হয়?

**মিঃ স্পীকার:** This question does not arise.

**শ্রীআনন্দগোপাল রায়:** বীরভূম জেলায় এখনও খরা যাচ্ছে বলে সেখানে কি এখনও test relief-এর কাজ চলবে?

(No reply)

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** পশ্চিম বাংলার কোন অঞ্চলকে খরা অঞ্চল বলে ঘোষণা করা হয়েছে কি ?

**মিঃ স্পীকার ঃ** This question does not arise.

## বয়স্কদের শিক্ষাকেন্দ্র

*১১৮ (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩) **শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কয় প্রকার ও কয়টি বয়স্ক-শিক্ষাকেন্দ্র চালু রহিয়াছে ;

(খ) বয়স্ক শিক্ষাকেন্দ্রের শিক্ষকদের মাসিক ভাতার হার কত ;

(গ) ঐ মাসিক ভাতার হার কোন্ সালে নির্ধারিত হইয়াছে ;

(ঘ) মেদিনীপুর জেলার কোন ব্লকে সরকারী সাহায্যপ্রাপ্ত কয়টি বয়স্ক-শিক্ষাকেন্দ্র রহিয়াছে ; এবং

(ঙ) ১৯৭১-৭২ সালে মেদিনীপুর জেলার বয়স্ক শিক্ষাকেন্দ্রগুলির জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছিল এবং কত টাকা খরচ করা হইয়াছে?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** (ক) বর্তমানে রাজ্যে সাত (৭) প্রকার বয়স্ক শিক্ষাকেন্দ্র চালু আছে। এদের মোট সংখ্যা ৬৪৯৯টি।

(খ) এ সম্পর্কে বিস্তারিত তথ্য 'পরিশিষ্ট-ক'-এ দেওয়া হল।

(গ) ইং ১৯৪৯ সাল থেকে ইং ১৯৭০ সালের ভিতর বিভিন্ন সময়ে এই হার নির্ধারিত হয়েছে।

(ঘ) এ সম্পর্কে বিস্তারিত তথ্য 'পরিশিষ্ট খ'-এ দেওয়া হল।

(ঙ) ইং ১৯৭১-৭২ সালে মেদিনীপুর জেলার বয়স্ক শিক্ষা কেন্দ্রগুলির জন্য মোট ১,১১,০৮০·০০ (এক লাখ এগার হাজার আশি টাকা) টাকা বরাদ্দ করা হয়েছিল। এর মধ্যে মোট ১,০০,৪৫১·০৩ (এক লাখ চার শত একান্ন টাঃ তিন পয়সা) টাকা খরচ হয়েছিল। এ সম্পর্কে বিস্তারিত তথ্য 'পরিশিষ্ট গ' এ দেওয়া হল।

'পরিশিষ্ট ক'

| Sl. No. | Category of Institutions/Centres | Rate of allowance to the staff |
|---|---|---|
| 1. | Night Schools (Aided) | Only contingency @ Rs. 5 p.m. per night School. |
| 2. | Literacy Centres (Sponsored). | One Literacy Teacher @ Rs. 10 p.m. per Centre, and Rs. 10 p.m. per unit as contingency. |
| 3. | Adult Education Centres (Sponsored), Complete. | One Social Education Teacher @ Rs. 30 p.m per centre.<br>One Literacy Teacher @ Rs. 10 p m. per Centre and @ Rs. 10 p.m. per centre as contingency. |
| 4. | School-cum-Community Centres (Sponsored). | One Social Education teacher @ Rs. 30 p.m.<br>One Literacy Teacher @ Rs. 10 p.m. per centre.<br>Bonus to Literacy Teacher @ Rs. 10 p.m. and @ Rs. 10 p.m. per centre as contingency. |
| 5. | One teacher Pathsalas (Sponsored). | One teacher @ Rs. 30 p.m. and contingency Rs. 100 per year per one teacher pathsala. |
| 6. | Adult High Schools (Sponsored). | One Head teacher @ Rs. 100 p.m, 4 other teachers @ Rs. 75 or Rs. 50 according to qualification.<br>One peon @ Rs. 20 p.m. and Contingency @ Rs. 50 p.m. per institution. |
| 7. | Social Education Centres run by C.D.P. | One teacher @ Rs. 10 p.m. and Contingency @ Rs. 10 p.m. per Centre. |

'পরিশিষ্ট খ'

Statement Showing the Block-Wise list of Adult Education Institutions of Midnapore Distict.

| Sl.. No | Name of Dev. Block | No. of Institutions: Night Schools (Aided) | Literaey Centres (Sponsored) | A. E. C. Complete (Sponsored) | School-Cum-Community Centres (Sponsored) | Adult High Schools (Sponsored) | One Teacher-Pathsalas (Sponsored) | S. E. Centres run by C. D. P. | REMARKS |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 1. | Contai-I | 2 | — | 2 | — | — | — | District-wise figures not available with us. | |
| 2. | Contai-II | 1 | — | 1 | — | — | — | | |
| 3. | Contai-III | — | — | 1 | 1 | — | 2 | | |
| 4. | Ramnagar-I | 2 | — | 1 | — | — | — | | |
| 5. | Ramnagar-II | — | — | 2 | — | — | 1 | | |
| 6. | Porashpore | 2 | 2 | 4 | — | — | 2 | | |
| 7. | Bhagwanpore-I | 2 | 2 | — | — | — | 2 | | |
| 8. | Bhagwanpore-II | — | — | — | — | — | 2 | | |
| 9. | Egra-I | — | — | 1 | — | — | 1 | | |
| 10. | Egra-II | 1 | 4 | — | — | — | 1 | | |

Statement Showing the Block-Wise list of Adult Education Institutions of Midnapore Distict.—Contd.

| Sl. No. | Name of Dev. Block | No. of Institutions: Night Schools (Aided) | Literacy Centres (Sponsored) | A. E. C. Complete (Sponsored) | School-Cum-Community Centres (Sponsored) | Adult High Schools (Sponsored) | One Teacher-Pathsalas (Sponsored) | S. E. Centres run by C. D. P. | REMARKS |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 11. | Khejuri | 2 | 1 | 5 | — | — | 2 | | |
| 12. | Tamluk-I | 1 | 2 | 7 | — | 1 | 1 | | |
| 13. | Tamluk-II | 1 | — | — | — | — | 1 | | |
| 14. | Panskura-I | 2 | 1 | 3 | — | — | 1 | | |
| 15. | Panskura-II | 2 | — | 1 | — | — | 1 | | |
| 16. | Moyna | 1 | 2 | 2 | — | — | 1 | | |
| 17. | Nandigram-I | — | — | — | — | — | — | | |
| 18. | Nandigram-II | 2 | — | — | — | — | 2 | | |
| 19. | Nandigram-III | 2 | — | 2 | — | — | 1 | | |
| 20. | Mahisadal-I | 2 | — | 5 | — | — | 3 | | |

Statement Showing the Block-Wise list of Adult Education Institutions of Midnapore Distict.—Contd.

| Sl. No. | Name of Dev. Block | No. of Institutions. | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Night Schools (Aided) | Literacy Centres (Sponsored) | A. E. C. Complete (Sponsored) | School-Cum-Community Centres (Sponsored) | Adult High Schools (Sponsored) | One Teacher-Pathsalas (Sponsored) | S. E. Centres run by C. D. P. | REMARKS |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 21. | Mahisadal-II | 2 | 1 | — | — | — | 1 | | |
| 22. | Sutahata-I | 3 | — | 1 | — | — | 1 | | |
| 23. | Sutahata-II | 2 | 1 | 2 | — | — | 2 | | |
| 24. | Binpore-I | — | 1 | 3 | — | — | 1 | | |
| 25. | Binpore-II | — | — | — | — | — | 1 | | |
| 26. | Zamboni | — | 3 | 3 | — | — | — | | |
| 27. | Jhargram | — | — | 2 | — | — | 2 | | |
| 28. | Sankrail | — | — | — | — | — | 5 | | |
| 29. | Nayagram | — | 2 | 1 | — | — | 1 | | |
| 30. | Gopiballavpore-I | — | — | — | — | — | 2 | | |

Statement Showing the Block-Wise list of Adult Education Institutions of Midnapore Distict.—Contd.

| Sl. No. | Name of Dev. Block | No. of Intitutions. Night Schools (Aided) | Literacy Centres (Spon-sored) | A. E. C. Complete (Spon-sored | School-Cum-Commu-nity Centres (Spon-sored) | Adult High Schools (Spon-sored) | One Teacher-Pathsalas (Spon-sored) | S. E. Centres run by C. D. P. | REMARKS |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 31. | Gopiballavpore-II | 1 | 3 | — | — | — | 4 | | |
| 32. | Daspore-I | 2 | — | 2 | — | — | 4 | | |
| 33. | Daspore-II | — | 1 | 1 | — | — | 1 | | |
| 34. | Chandrakona-I | 2 | 1 | — | — | — | 2 | | |
| 35. | Chandrakona-II | [illegible] | — | 2 | — | — | 3 | | |
| 36. | Ghatal | 2 | 2 | 2 | — | 1 | 5 | | |
| 37. | Pingla | 1 | — | 2 | — | — | 3 | | |
| 38. | Kharagpur-I | 2 | 1 | 4 | — | — | 4 | | |
| 39. | Kharagpur-II | 1 | 1 | 1 | — | — | 2 | | |
| 40. | Keshiary | 3 | 1 | 2 | — | — | 1 | | |

Statement Showing the Block-Wese list of Adult Education Institutions of Midnapore Distict.—Contd.

| Sl. No. | Name of Dev. Block. | No. Intitutions. Night Schools (Aided) | Literacy Centres (Spon-sored) | A. E. C. Complete (Spon-sored) | School-Cum-Community Centres (Spon-sored) | Adult High Schools (Spon-sored) | One Teacher-Pathsalas (Spon-sored) | S. E. Centres run by C. D. P. | REMARKS |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 41. | Narayangarh | 3 | 3 | 3 | — | — | 6 | | |
| 42. | Sabong | 2 | 2 | 2 | — | — | 2 | | |
| 43. | Mohanpore | 2 | 4 | 1 | — | — | 1 | | |
| 44. | Dantan-I | 3 | 1 | 2 | — | — | 1 | | |
| 45. | Dantan-II | 2 | — | 2 | — | — | 2 | | |
| 46. | Keshpore | 3 | — | 4 | — | — | 4 | | |
| 47. | Garbeta-I | 1 | — | — | — | — | 1 | | |
| 48. | Garbeta-II | 3 | — | — | — | — | — | | |
| 49. | Garbeta-III | 1 | 1 | — | — | — | 1 | | |
| 50. | Salboni | — | — | 1 | — | — | 2 | | |

Statement Showing the Block-Wise list of Adult Education Institutions of Midnapore Distict.—Contd.

| Sl. No. | Name of Dev. Block | No. of Institutions. Night Schools (Aided) | Literacy Centres (Sponsored) | A. E. C. Complete (Sponsored) | School-Cum-Community Centres (Sponsored) | Adult High Schools (Sponsored) | One Teacher-Pathsalas (Sponsored) | S. E. Centres run by C. D. P. | REMARKS |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 51. | Midnapore (S) | 1 | — | — | — | 1 | 1 | | |
| 52. | Debra | — | 1 | 1 | 1 | — | 1 | | |
| | Grand Total : | 70 | 46 | 79 | 1 | 3 | 90 | | |

‘পরিশিষ্ট গ’

| Sl. No. | Category of Institutions/ Centres | Allotment placed during 1971-72 | Expenditure incurred during 1971-72 | |
|---|---|---|---|---|
| | | Rs. | Rs. | |
| 1. | Night Schools (aided) | 4,200 | 4,200 | |
| 2. | Literacy Centres (Sponsored) | 57,360 (for items 2 and 3) | 9,760 | |
| 3. | Adult Education Centres (Complete—Sponsored) | | 41,459·26 | |
| *4. | School-cum-Community Centres | 2,520 | 720 | * Two centres were not functioning during 1971-72 |
| 5. | One Teacher Pathsalas (Sponsored) | 32,000 | 30,472·00 | |
| 6. | Adult High Schools (Sponsored) | 15,000 | 13,839·57 | |
| 7. | Social Education Centres run by C.D.P. | Nil | Nil | |
| | Total :- | Rs. 1,11,080·00 | Rs. 1,00,450·83 | |

[1-50—2-00 p.m.]

**শ্রীপ্রদ্যোতকুমার মোহান্তি :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, সাত প্রকার বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু আছে, এই সাত প্রকার কমিয়ে এক রকমের ইউনিফর্ম শিক্ষাকেন্দ্র চালাবার পরিকল্পনা আছে কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** এ বিষয়ে চিন্তা করা হচ্ছে।

**শ্রীপ্রদ্যোতকুমার মোহান্তি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, এই যে মাসিক ভাতার হার ১০ টাকা, ৫ টাকা, তিন টাকা, এই হার বাড়িয়ে দেবার কোন কথা সরকার চিন্তা করছেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** হ্যাঁ, চিন্তা করছি।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** পশ্চিমবঙ্গের বয়স্ক শিক্ষা কেন্দ্রে কতজন বয়স্ক আক্ষরিক জ্ঞান লাভ করেছে বলতে পারেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** ষ্ট্যাটিস্টিক্স অফ-হ্যাণ্ড দিতে পারবনা, নোটিশ চাই।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঃ** এই যে বয়স্ক শিক্ষা কেন্দ্রের কথা বললেন তার মধ্যে কতগুলির অস্তিত্ব আছে, আর কতগুলির অস্তিত্ব নাই, সে সম্পর্কে আপনি বলতে পারেন কিনা, আপনার কি ধারণা সবগুলির অস্তিত্ব আছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** ধারণা তাই, অনুসন্ধান করলে কি হবে জানিনা।

**শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঃ** পরিদর্শন করবার কোন ব্যবস্থা আছে কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** নিশ্চয়ই আছে।

## খরা পরিস্থিতিতে খয়রাতি সাহায্য

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৩) ডাঃ **মহম্মদ এক্রামুল হক বিশ্বাস ঃ** ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে খরা পরিস্থিতিতে মুর্শিদাবাদ জেলায় খয়রাতি সাহায্য বাবদ মোট কত টাকা মঞ্জুরী দেওয়া হয়েছে ; এবং

(খ) প্রতি ব্লকপিছু মোট কত টাকা করে মঞ্জুরী দেওয়া হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ**

(ক) খয়রাতি সাহায্য গমে দেওয়া হয়। এই সাহায্য বাবদ ৮,৭২০ কুইন্টল গম (টা ৮,৩৭,৬০০) মঞ্জুরী দেওয়া হইয়াছে ৩০।৯।৭২ পর্য্যন্ত।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

### প্রশ্ন নং *১১৯-এর (খ) অংশের উত্তরে প্রদত্ত বিবরণী

| ব্লকের নাম | গমের পরিমাণ |
|---|---|
| বহরমপুর | ৫৯৪ কুইন্টল |
| জলঙ্গী | ২১৯ ,, |
| ডোমকল | ৩৭৮ ,, |
| হরিহর পাড়া | ৩০৩ ,, |
| নওদা | ২৮২ ,, |
| বেলডাঙ্গা ১নং | ৩৭৮ ,, |
| বেলডাঙ্গা ২নং | ৩০৬ ,, |
| মুর্শিদাবাদ জিয়াগঞ্জ | ৩৭৪ ,, |
| ভগবানগোলা ১নং | ২৪৬ ,, |
| ভগবানগোলা ২নং | ২৪০ ,, |
| রানীনগর ১নং | ২৪৬ ,, |
| রাণীনগর ২নং | ২৭০ ,, |
| নবগ্রাম | ৩১৫ ,, |
| লালগোলা | ৩৬০ ,, |
| কান্দী— | ৪০৫ ,, |
| বড়ঞা | ৪৩৮ ,, |
| ভরতপুর ১নং | ৩৩৩ ,, |
| ভরতপুর ২নং | ৩৩০ ,, |
| ঝাড়গ্রাম | ৪৫২ ,, |
| রঘুনাথগঞ্জ ১নং | ২৭৬ ,, |
| রঘুনাথগঞ্জ ২নং | ৩২১ ,, |
| সাগরদিঘী | ৪২১ ,, |
| সামসেরগঞ্জ | ৩৬৩ ,, |
| সুতি ১নং | ২৪০ ,, |
| সুতি ২নং | ২৭৬ ,, |
| ফরাক্কা | ২৯৪ ,, |
| | মোট—৮,৭২০ ,, |

**ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস ঃ** আপনি যে বললেন ৮,৭২০ কুইণ্টাল গম দেওয়া হয়েছে, আপনি কি খবর রাখেন যে উক্ত গম সমস্ত বিতরণ করা হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** উক্ত গম বিতরণের জন্য দেওয়া হয়েছে ৩০।৬।৭২ পর্যন্ত, তখন বিতরণ না হলেও ইতিমধ্যে নিশ্চয়ই বিতরণ হয়ে গেছে।

**ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন গম এবং নগদে খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে, প্রতি ব্লকে সেই টাকার পরিমাণ কত জানাতে পারেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** গম ছাড়া ৮ পয়সা করে পার কেজি গম ভাঙান খরচ দেওয়া হয়।

**ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে আট পয়সা যে গম পেষায়ের খরচ দেওয়া হয় সেটা কোন কোন ব্লকে দেওয়া হয়নি। এই সত্যতা যাচাই করে জানবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** আপনি যখন সভায় উত্থাপন করেছেন দেওয়া হয় নি আত্মসাৎ করেছে, তখন নিশ্চই তা অনুসন্ধান করা হবে দেওয়া হয়েছে কি না।

**ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস ঃ** যদি আত্মসাৎ করে থাকে তা হলে তার কোন প্রতিকারের বিধান করবেন কি ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** যদি কেউ আত্মসাৎ করে থাকে তাহলে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করা হবে।

## Elections to the Managing Committees of Higher and Higher Secondary Schools

*120. (Admitted question No. *187.) **Dr. Kanailal Sarkar :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that the election for the reconstitution of the Managing Committees of most of the Higher Secondary/Secondary Schools enjoying special constitution could not be held : and

(b) if so, whether the Government contemplates holding of elections for the above schools, and if so, by what date ?

**Shri Mrityunjay Banerjee** : (a) Yes.

(b) The West Bengal Board of Secondary Education is the authority competent to grant special constitution for the Managing Committees under the Rules framed for management of non-Government Secondary Schools.

Holding of election for constitution of such Managing Committees is, therefore, dependent on the decision of the Board on each such case.

## জুনিয়ার হাই স্কুল শিক্ষকদের বর্ধিত বেতন

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৯) **শ্রীনরেশচন্দ্র চাকী:** শিক্ষাবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) জুনিয়ার হাই স্কুলের শিক্ষকদের ইনক্রিজড স্যালারি হিসাবে মাসিক ১১০'০০ (এক শত দশ) টাকার বর্ধিত পরিমাণ অংশ সরকার বহন করেন, এবং

(২) একটি জুনিয়ার হাই স্কুল যখন হাই স্কুল বা হায়ার সেকেণ্ডারী স্কুল-এ পরিণত হয় তখন সেই সব স্কুলের শিক্ষকদের ইনক্রিজড স্যালারি বন্ধ করিয়া দেওয়া হয় অথচ সেই স্কুলগুলিকে কোন সাহায্য দেওয়া হয় না, এবং

(খ) সত্য হইলে—

(১) ইনক্রিজড স্যালারি বন্ধ করার কারণ কি, এবং

(২) এ বিষয়ে বর্তমান সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী:**

(ক) (১) হ্যাঁ।

(২) হ্যাঁ, কিন্তু এই বিদ্যালয়ের শিক্ষকগণ প্রচলিত হারে মহার্ঘ ভাতা এবং মাসিক ৭'৫০ টা: হিসাবে বর্ধিত বেতনের জন্য pay contribution পাইয়া থাকেন।

(খ) (১) একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (Junior High School) যখন উচ্চ মাধ্যমিক (High School) অথবা উচ্চতর মাধ্যমিক (Higher Secondary) বিদ্যালয়ে উন্নীত হয় তখন পূর্বতন নিম্নমাধ্যমিক বিদ্যালয়টির স্থিতি (status) পরিবর্তিত হইয়া যায়। এই পরিবর্তনের ফলে শিক্ষকগণ নিম্নমাধ্যমিক স্তরে যে নীতিতে বেতন বাবদ আর্থিক অনুদান পাইতেন, সে নীতি এখন আর ইহাদের ক্ষেত্রে প্রযুক্ত হয় না। উচ্চ বা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় যখন সরকারী অনুদান প্রকল্পের অন্তর্ভুক্ত হয়, তখন উক্ত বিদ্যালয়সমূহের শিক্ষকগণ অনুদান হইতে বেতন বাবদ সাহায্য পাইয়া থাকেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে ৩১।১২।৬৯ পর্যন্ত অনুমোদিত উচ্চ বা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় সরকারী অনুদান প্রকল্পের অন্তর্ভুক্ত হইয়াছে।

(২) ১।১।৬৩ হইতে ১।১।৬৯ খৃষ্টাব্দ পর্যন্ত স্বীকৃতি প্রাপ্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিকে থোক অনুদান প্রকল্পের আওতায় আনা হইয়াছে। আর্থিক সংগতি হইলে ১।১।৭০ খৃষ্টাব্দ হইতে স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়গুলিকেও উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইবে।

**শ্রীনরেশচন্দ্র চাকি:** মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কি জানাবেন যে তাঁর শিক্ষানীতি কি শিক্ষা সম্প্রসারণের জন্য না শিক্ষা সংকোচন করবার জন্য?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি:** সম্প্রসারণ নীতি।

**শ্রীনরেশচন্দ্র চাকি:** যদি আপনার সম্প্রসারণের নীতি হয় তাহলে একটা জুনিয়ার হাই স্কুল যা ১৯৬৭ সালে অনুদান দেওয়া হয়, সেটা যখন হায়ার সেকেণ্ডারী স্কুলে পরিণত হল তখন আর তাকে সাহায্য দেওয়া হয় নি। সে অনুদান বন্ধ করা হল এর কারণ কি?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি :** স্কুলের সম্প্রসারণও একটা উন্নীত হওয়া।

**শ্রীনরেশচন্দ্র চাকি ঃ** যে মাষ্টার মহাশয় জুনিয়ার স্কুলে কাজ করতেন তিনি যখন হায়ার সেকেণ্ডারী স্কুলে উন্নীত হলেন তখন তার অনুদান বন্ধ করে দেওয়া হল টাকা তার কমে গেল এর কোন যুক্তি আছে কি ?

**Shri Mrityunjoy Banerjee** : মাষ্টার মহাশয় জুনিয়ার হাই স্কুলের শিক্ষক ছিলেন, তিনি বরাবর যে পর্য্যায়ে ছিলেন, সেই স্কুল হায়ার সেকেণ্ডারীর অনুমোদন লাভ করলেও তিনি নিশ্চয়ই সেই অনুযায়ী বেতন পাবেন, মাঝখানে একটু pangs of birth—এছাড়া উপায় নাই।

**Shri Biswanath Mukherjee** : এটা খুবই আপত্তিকর কথা। ইতিমধ্যে মাঝখানে তিনি কি খাবেন ? জুনিয়ার হাই স্কুলের শিক্ষক ছিলেন, তারপর যখন সেটা পুরা হাই স্কুল উন্নীত হলো তখন কি তাঁর শিক্ষকতা চলে গেছে ? তিনি তো সেখানে employed আছেন ?

**Shri Mrityunjoy Banerjee** নিশ্চয়ই।

**Shri Biswanath Mukherjee** : তা যদি থাকেন, তবে যা তিনি মাইনে পাচ্ছিলেন তা পাবেন না কেন ? না পেলে in the meantime চলবে কি করে ?

**Shri Mrityunjoy Banerjee** : যা তিনি পাচ্ছিলেন তার চেয়ে তিনি কম পান নাই।

**Mr Speaker** Question time is over. Now short notice starred question No 137.

**Shri Sudhir Chandra Bera** : On a point of privilege Sir, কালকে মাননীয় বিচারমন্ত্রী আমার প্রশ্নের উত্তর দেবার সময় বলেছিলেন একজন কর্মচারীর কথা যে তিনি ex-officio joint L. R. ছিলেন ; কিন্তু পরে আমি জানতে পারলাম তিনি তা ছিলেন না।

**Mr. Speaker** That does not arise. Now starred short notice question No 137.

**Shri Ramendra Nath Dutt :** স্যার, আজকের এই starred question No. 122, খুব important question এটা held over রাখবার জন্য অনুরোধ করছি।

**Mr. Speaker** : All the questions are important to the House.

## শিবির কর্ম্মচারীদের পুনর্নিয়োগ

*১৩৭। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *২৫১) **শ্রীনিতাইপদ সরকার :** উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবঙ্গে বিভিন্ন শরণার্থী শিবিরে কর্মরত শিবির কর্মচারীরা বর্তমানে ছাঁটাই হইয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, উহাদের পুনর্নিয়োগের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

[2-00—2-10 p.m.]

**Shri Santosh Kumar Roy** :

(ক) হ্যাঁ।

(খ) উহাদের পুনর্নিয়োগের জন্য সরকার বিশেষ ব্যবস্থা অবলম্বন করিয়াছেন যাহাতে বিভিন্ন সরকারী ও আধা সরকারী সংস্থায় উহাদের অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ করা যায়।

**Shri Netaipada Sarkar** : এই যে শরণার্থী শিবিরে কর্মচারীরা বর্তমানে ছাঁটাই হয়েছে তাদের সংখ্যা কত ?

**Shri Santosh Kumar Roy** : মাননীয় সদস্য জানেন যে তা ১৪ হাজারের মত।

**Shrimati Ila Mitra** : শিবির কর্মচারীরা যারা Assistant সেক্রেটারীর সই করা appointment letter পেয়েছিলেন রাইটার্স বিল্ডিংস থেকে, পরে দেখা গেল চাকরী খালি নাই বলে কাজে যোগ দিতে পারেন নাই। তাঁদের প্রশ্ন তাঁরা কি কোন বিকল্প চাকরী পেতে পারেন ? তাদের ক্ষেত্রে কি ব্যবস্থা এখন হবে ?

**Shri Santosh Kumar Roy** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য নিশ্চয়ই বুঝতে পারছেন যারা actually কাজ করেছে তাদের বিকল্প চাকরী দেবার সমস্যা এখনো আমরা সমাধান করতে পারি নাই, আর যারা চাকরীর জন্য empanelled হয়েছিল, তাদের চাকরী দেবার কথা এখন কি করে উঠতে পারে, তাদের সমাধান কি করে করতে পারি।

**Shri Netaipada Sarkar** : এই শরণার্থী শিবির কর্মচারীদের কবে নাগাদ চাকরীর ব্যবস্থা হতে পারে ?

**Shri Santosh Kumar Roy** : মাননীয় মুখ্যমন্ত্রী সমস্ত দপ্তরের কাছ থেকে কত চাকরী খালি আছে এই তথ্য সংগ্রহ করছেন। এটা পেলে পরে আমরা যতদূর সম্ভব তাড়াতাড়ি এদের নিয়োগের জন্য চেষ্টা করবো।

**Shrimati Ila Mitra** : এই যাঁরা চাকরীর জন্য appointment letter পেয়েছিলেন, তাদের সম্পর্কে বিবেচনা করবেন কী ?

**Shri Santosh Kumar Roy** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন যাঁরা কাজ করেছেন সেই ১৪ হাজারের একটা বিকল্প চাকরীর ব্যবস্থা আগে না করে, ঐ যাঁরা কাজ করেন নাই তাদের কথা এখন বিবেচনা করতে পারছি না। এদের ব্যবস্থা হলে পরে, ওদের সম্পর্কে জবাব দেব।

**শ্রীনিতাইপদ সরকার** : ১৫ই আগষ্টের মধ্যে শিবির কর্মচারীদের বিকল্প চাকুরীর ব্যবস্থা হবে এই আশা কি আমরা করতে পারি ?

**শ্রীসন্তোষকুমার রায়** : আশা করতে পারেন তবে কতটা হয়ে উঠবে সেটা এখনই বলা সম্ভব নয়।

**শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি:** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে এই সমস্ত যে উদ্বাস্তু শিবিরে চাকুরী দেওয়া হয়েছিল তাতে তাদের কোন ইণ্টারভিউ করে চাকুরী দেওয়া হয়েছিল ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য খুব ভালভাবেই জানেন যে এই চাকুরীগুলি খুব জরুরী অবস্থায় দেওয়া হয়েছিল, ইণ্টারভিউ নেওয়া হয় নি।

## Starred Questions

(to which written answers were laid on the table)

### উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থা

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯) **শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৫ই জুন, ১৯৭২ তারিখে উত্তরবঙ্গ রাজ্য পরিবহণে—

(ক) মোট বাসের সংখ্যা ;

(খ) চালু বাসের সংখ্যা ; এবং

(গ) নিযুক্ত কর্মীর সংখ্যা কত ?

**The Minister for Home (Transport) Department :** উক্ত তারিখে—

(ক) মোট বাসের সংখ্যা ২৫৯টি ;

(খ) চালু বাসের সংখ্যা ২১০টি ,

(গ) নিয়মিত কর্মীর সংখ্যা ২২১০ জন ;

অনিয়মিত (ক্যাজুয়াল) কর্মীর সংখ্যা প্রায় ২৫০ জন।

### স্নাতকোত্তর বিভাগে ভর্তির পদ্ধতি

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ রাজ্যে স্নাতকোত্তর বিভাগে ভর্তি পরীক্ষা লওয়ার পদ্ধতি শুরু হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) যে সকল বিশ্ববিদ্যালয়ে উক্ত পদ্ধতি চালু হইয়াছে তাহাদের নাম,

(২) বিষয়গুলির নাম, এবং

(৩) ভর্তি পরীক্ষা চালুর সময়কাল ?

**The Minister for Education :** (ক) হ্যাঁ।

(খ) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, শিলিগুড়ি, দার্জিলিং।

২। (১) পদার্থ বিদ্যা, (২) রসায়ন বিদ্যা, (৩) গণিত, (৪) ভূগোল, (৫) ইংরাজী, (৬) অর্থশাস্ত্র, (৭) রাষ্ট্র বিজ্ঞান, (৮) ইতিহাস, (৯) দর্শন, (১০) বাণিজ্য।

৩। উক্ত বিশ্ববিদ্যালয়ে ১৯৭১-৭২ সাল হইতে ভর্তি পরীক্ষা সুরু হইয়াছে।

### বন্যানিয়ন্ত্রণ ও ত্রাণের জন্য কেন্দ্রীয় সাহায্য

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২) **শ্রীনিতাইপদ সরকার :** ত্রাণ এবং সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার বন্যানিয়ন্ত্রণ ও ত্রাণের জন্য যে টাকা কেন্দ্রীয় সরকারের নিকট দাবি করিয়াছিলেন তাহা সম্পূর্ণ মঞ্জুর হয় নাই ; এবং

(খ) সত্য হইলে—

(১) রাজ্য সরকার মোট কত টাকা বন্যাত্রাণে দাবি করিয়াছিলেন, এবং

(২) কত টাকা কেন্দ্রীয় সরকার মে, ১৯৭২ পর্যন্ত প্রদান করিয়াছেন ?

**The Minister for Relief and Social Welfare Department** :

(ক) বন্যা নিয়ন্ত্রণের জন্য অর্থ সাহায্য চাওয়া এই বিভাগের দায়িত্ব নয়। বন্যাত্রাণ বাবদ অবশ্য যে পরিমাণ সাহায্য চাওয়া হইয়াছিল তাহা সম্পূর্ণ মঞ্জুর হয় নাই ,

(খ) (১) বন্যাত্রাণে খরচের জন্য রাজ্য সরকার ১৪,৯৫,২৯,০০০ টাকার একটি প্রাক্কলন কেন্দ্রীয় সরকারকে দিয়াছিলেন। তন্মধ্যে কেন্দ্রীয় সরকার খরচের ঊর্দ্ধসীমা ৩১·৫১ কোটি টাকা পর্যন্ত বাঁধিয়া দিয়াছেন ;

(২) প্রাকৃতিক বিপর্যয়ের জন্য কেন্দ্রীয় অর্থ সাহায্যের নীতি অনুযায়ী উপরোক্ত ৩১·৫১ কোটি টাকার ভিত্তিতে কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত ২৩ কোটি টাকা সাহায্য করিয়াছেন।

### Howrah and Calcutta Ferry Services

***125** (Admitted question No. *42.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if the Government has any proposal for starting ferry services between Howrah and Calcutta ; and

(b) if so, (i) when the proposal is likely to materialise and (ii) the estimated expenditure of the said scheme (s) ?

**The Minister for Home (Transport) Department** :

(a) Yes.

(b) (i) Cannot be stated now. The scheme is yet to be sanctioned by the Govt. of India.

(ii) Rs. 1,35,65,500.

## ভগবানগোলা থানা এলাকায় টি আর এবং জি আর স্কীম

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬) **শ্রীমহম্মদ দেদার বক্স:** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খরাজনিত পরিস্থিতির মোকাবিলার জন্য মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানা এলাকায় কি কি ব্যবস্থা লওয়া হইয়াছে,

(খ) ঐ থানায় গত এপ্রিল মাস হইতে ১৬ই জুন পর্যন্ত ব্লকওয়ারি কয়টি টি আর স্কীম ও কত জি আর মঞ্জুর করা হইয়াছে, এবং

(গ) উক্ত টি আর এবং জি আর কিভাবে স্থির করা হইয়াছে?

**The Minister for Relief and Welfare Department** :

(ক) দুঃস্থ ব্যক্তিদের রিলিফের জন্য টি আর, জি আর কৃষি ঋণদান, নলকূপ বসানো প্রভৃতির ব্যবস্থা করা হইয়াছে।

(খ) ব্লক-১নং ভগবানগোলা টি আর—৩৪টি স্কীম। জি আর—২১৪ কুঃ ৮৬ কেজি। ব্লক-২নং ভগবানগোলা টি আর—২৯টি স্কীম। জি আর—১৮৮কুঃ ৯৬ কেজি।

(গ) ব্লক রিলিফ কমিটি গঠিত হইবার পূর্বে অঞ্চল রিলিফ কমিটির সদস্যগণ এবং অঞ্চল প্রধানগণ টি আর স্কীম ও জি আর লিষ্ট দিয়াছেন। এবং সেই মত ঐগুলি স্থির করা হইয়াছে। যে সব স্কীম ও লিষ্ট অনুসারে কাজ হইয়াছে বা হইতেছে সেগুলি অনুমোদনের জন্য ব্লক কমিটির নিকট পেশ করা হইবে। এবং যেগুলির কাজ আরম্ভ হইবে সেগুলি ব্লক কমিটির অনুমোদন লইয়া করা হইবে।

## আলিয়া মাদ্রাসায় অধ্যাপকের শূন্য পদগুলি পূরণের ব্যবস্থা

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৯) **শ্রীমহম্মদ সফিউল্লা:** শিক্ষাবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা আলিয়া মাদ্রাসার অধ্যাপকদের (গেজেটেড ও নন-গেজেটেড) পদগুলি কিভাবে পূরণ করা হয়,

(খ) ইহা কি সত্য যে, মাদ্রাসা আলিয়ার অধ্যাপকদের অনেকগুলি পদ দীর্ঘদিন যাবত খালি পড়িয়া আছে,

(গ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) বর্তমানে কতগুলি গেজেটেড্ ও নন-গেজেটেড্ পদ খালি আছে ; এবং

(ঘ) ঐ পদগুলি কবে নাগাত পূরণ করা হবে ?

**The Minister for Education Department** :

(ক) কলিকাতা মাদ্রাসার গেজেটেড পদগুলির জন্য রাষ্ট্রভৃত্য নিয়োগাধিকার বিজ্ঞাপনের মাধ্যমে প্রাপ্ত দরখাস্তের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করেন। উক্ত নিয়োগাধিকারের সুপারিশক্রমে শিক্ষা বিভাগ গেজেটেড পদ পূরণ করেন। আলিয়া মাদ্রাসার নন-গেজেটেড পদগুলি শিক্ষা অধিকার সিলেকশান কমিটির মাধ্যমে পূরণ করেন।

(খ), (গ) ও (ঘ) সরকারী মৌলভীর ৪টি নন্-গেজেটেড পদের মধ্যে দুটি পদ অস্থায়ীভাবে বহিরাগতদের দ্বারা পূরণ করা হইয়াছে। সিলেক্শান কমিটি গঠন, বিজ্ঞাপন প্রদান, ইণ্টারভিউ'য়ের জন্য প্রথমত: দরখাস্তগুলির তালিকা প্রণয়ন ও আনুসংগিক কার্য্য কারণে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে স্বভাবত:ই বিলম্ব ঘটে, সে কারণে এই সকল পদ খালি আছে।

তিনটি গেজেটেড শূন্য পদের মধ্যে তিনটিই বহিরাগতদের দ্বারা অস্থায়ীভাবে পূরণ করা হইয়াছে, বিজ্ঞাপনের মাধ্যমে এই পদগুলি পাকাপাকিভাবে পূরণ করিবার জন্য রাষ্ট্রভৃত্য নিয়োগাধিকারের সহিত এ সম্পর্কে যথারীতি আলোচনা চলিতেছে।

## জেল হইতে কয়েদী পলায়ন

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের কারাগুলি হইতে কয়েদী পলায়ন বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**The Minister for Home (Jail) Department** .

A Statement is attached (Annexure).

### ANNEXURE

**Statement showing the details of the measures taken for preventing the escape of prisoners from jails** :

(1) In order to prevent the jail breaking incidents a number of effective steps have been and are being taken to tighten up the Jail administration and augment the security of the Jails. It has already been decided to upgrade the post of DIG, Prisons (Security) which was so long manned by an officer of the rank of Superintendent of Police, to the rank of DIG of Police. Besides security officers are going to be posted shortly in all the important Jails to look after the Securlty aspect.

(2) Steps have been taken for relieving over-congestion in Jails. A new Special Jail has already been opened at Berhampore.

(3) Arrangements have been made for guarding the perimeter walls of important Jails from outside also, in addition to the arrangements for guarding from inside. Steps have been and are being taken to raise the height of perimeter walls, set up watch-towers, sentry boxes and also to make adequate lighting arrangements in the important Jails.

(4) Defects in the construction of Jails are being rectified and improvement is being effected in the structures of Jails.

(5) The strength of the guarding staff of Jails is being augmented.

(6) An intensive training course for the warders is under consideration of Government.

(7) The District Magistrates have been advised to maintain close supervision over the Jail administration of the districts for better supervision and vigilance.

(8) Disciplinary actions have been and are being taken against the Jail staff concerned for dereliction of duty in connection with the recent incidents of Jail breaking.

## মেদিনীপুরে টেষ্ট রিলিফে পে-মাষ্টার ও মুহুরীদের বকেয়া পাওনা

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, মেদিনীপুর জেলা পরিষদের মাধ্যমে ১৯৬৬-৬৭ সালে যে রিলিফের কার্য হইয়াছিল তাহাতে টি আর-এর কার্যে নিযুক্ত পে-মাষ্টার ও মুহুরীদের বেতন এখনও অনেক বাকি আছে, এবং

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Relief and Welfare Department :** (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৬৬-৬৭ সালে জেলা পরিষদের মাধ্যমে টেষ্ট রিলিফের প্রায় ২০০০ স্কীমের কার্য্য চলে। ১৯৬৭ সালে ত্রাণকার্য্য জেলা পরিষদের পরিবর্তে সরকারী মাধ্যমে পরিচালিত করিবার সিদ্ধান্ত গ্রহণের ফলে যে প্রশাসনিক পরিবর্তন আসে তাহাতে এই বেতন প্রদানের পদ্ধতি বিলম্বিত হয়।

ঐ পরিবর্তিত অবস্থায় ২০০০ স্কীমের অন্তর্ভুক্ত ৫২টি ব্লকের পেমাষ্টার মোহরারদের নিকট হইতে মেদিনীপুর জেলা পরিষদ কর্তৃক বিলগুলি সংগ্রহ করিয়া পরীক্ষা ও মঞ্জুরের জন্য মেদিনীপুর জেলা-শাসকের নিকট পাঠাবার প্রয়োজন দেখা দেয়। জেলাশাসকের পক্ষে সমস্ত বিলগুলি পরীক্ষা করিয়া মঞ্জুর করিতে হইলে সময়ের প্রয়োজন দেখা দেয়। এই ধরণের নানা জটিলতার জন্য সরকারের পক্ষে তাদের সকলের ন্যায্য বেতনের মোট পরিমাণ নির্ধারণ করিয়া নির্দিষ্ট খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা সম্ভব হয় নাই।

(২) এই ব্যাপারে ইতিপূর্বে সরকার পে-মাষ্টার মোহরার প্রভৃতির বেতন প্রদানের জন্য ৫০,০০০ টাকা মঞ্জুর করিয়াছিলেন। পরবর্তিকালে সরকার জানিতে পারেন যে পে-মাষ্টার ও মোহরারদের বেতন বাবদ আরও ২২,০০০ টাকা প্রয়োজন। এই বকেয়া বেতন প্রদানের জন্য নির্দিষ্ট খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা করিতে হইবে। এই উদ্দেশ্যে সরকার মেদিনীপুর জিলা পরিষদকে কিছু প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিতে অনুরোধ করিয়াছেন।

## বাঁকুড়া জেলায় টেষ্ট রিলিফ

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমান বৎসরে প্রতি ব্লকে টি আর-এর কতগুলি প্রোজেক্ট চালু হইয়াছে এবং তার মধ্যে কতগুলির কাজ সমাপ্ত হইয়াছে,

(খ) টি আর-এ কোন কূপ খনন করা হইয়াছে কিনা এবং হইলে কয়টি;

(গ) টি আর-এর কাজের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে;

(ঘ) মে মাস পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে,

(ঙ) টি আর-এর কোন রাস্তা হইয়াছে কিনা এবং হইলে, তাহার সংখ্যা কত; এবং

(চ) টি আর-এর আরও কতগুলি রাস্তার কাজ হওয়ার সম্ভাবনা আছে এবং কোন্ সময়ে?

**The Minister for Relief Department**:

(ক) একটি বিবরণী এতৎসহ সন্নিবেশিত হইল।

(খ) ত্রাণ কার্যের মাধ্যমে এ পর্যন্ত মোট ১৭৯১টি কূপ খনন করা হইয়াছে।

(গ) চলতি আর্থিক বৎসরে এ পর্যন্ত ত্রাণকার্যে, মোট ৫৫,৫৪,১০০ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(ঘ) ত্রাণকার্যে, মে মাস পর্যন্ত, গমের মূল্য এবং নগদে মোট ৩২,১০,৮৪৫ টাকা ব্যয় হইয়াছে।

(ঙ) ত্রাণ কার্যের মাধ্যমে এ পর্যন্ত মোট ৬৩৭টি রাস্তার কাজ হইয়াছে।

(চ) ত্রাণ কার্যে আরও ৪৩০টি রাস্তার কাজ হওয়ার সম্ভাবনা আছে এবং স্থানীয় প্রয়োজনে এগুলির কাজ চলতি বৎসরের শেষ দিকে হইতে পারে।

***১৩০ নং প্রশ্নের (ক) অংশের উত্তর সম্বলিত বিবরণী**

| ক্রমিক নং | ব্লকের নাম | ব্লকে যে কয়টি প্রোজেক্ট চালু হইয়াছে তাহার সংখ্যা | ব্লকে যে কয়টি প্রোজেক্টের কাজ শেষ হইয়াছে তাহার সংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | বাঁকুড়া—১ | ৪৯ | ১৫ |
| ২। | বাঁকুড়া—২ | ১১৭ | ৩৪ |
| ৩। | ছাতনা | ২১৯ | ৬৩ |
| ৪। | গঙ্গাজলঘাটি | ৯৪ | ৩২ |
| ৫। | ওন্দা | ২৩১ | ৬৩ |
| ৬। | শালতোড়া | ৮৩ | ২৬ |
| ৭। | বড়জোড়া | ১৯২ | ৬৫ |
| ৮। | মেজিয়া | ৩৬ | ১০ |
| ৯। | খাতড়া—১ | ১৩৬ | ৫৬ |
| ১০। | খাতড়া—২ | ৬৯ | ৩০ |
| ১১। | রানীবাঁধ | ৭৫ | ২৫ |
| ১২। | ইন্দপুর | ১৬১ | ৮৪ |
| ১৩। | রাইপুর—১ | ৭৪ | ২৫ |
| ১৪। | রাইপুর—২ | ৬৪ | ৫১ |
| ১৫। | সিমলাপাল | ১০২ | ৪০ |
| ১৬। | তালডাংরা | ২২৭ | ৮৫ |
| ১৭। | বিষ্ণুপুর | ১৮২ | ১৫১ |
| ১৮। | জয়পুর | ৮৩ | ৪৩ |
| ১৯। | কোতুলপুর | ৩৮ | ২৫ |
| ২০। | ইন্দাস | ৮৩ | ৬০ |
| ২১। | পাত্রসায়ের | ৬৬ | ৪০ |
| ২২। | সোনামুখী | ৭৫ | ৬১ |

### *Drought relief*

*131. (Admitted question No. *50.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Relief and Social Welfare Department be pleased to state—

(a) the amount of money paid so far by the Central Government to this State Government for present drought relief measures including the long-term schemes in the districts of West Bengal ; and

(b) district-wise break-up of the amount spent by the State Government so far ?

**The Minister for Relief and Walfare Department :**

(a) A loan of Rs. 1 crore only.

(b) As per enclosed statement.

**Statement Showing Allotments Sanctioned up to 15-6-72 Under Different Items of Relief**

| District | Italian Rice (G.R.) M.T. | Gratuitous Relief | Relief Works | | Relief Contingencies Rs. | Agricultural loan |
|---|---|---|---|---|---|---|
| | | | Cash | Kind (In Russian Rice M.T.) | | |
| | | Rs. | Rs. | Rs. | Rs. | Rs. |
| 1. Bankura | 15 | 13,96,320 | 39,54,100 | 187·5 | 1,65,000 | 3,00,000 |
| 2. Burdwan | — | 14,10,840 | 11,80,300 | 125·0 | 1,92,000 | 2,96,000 |
| 3. Birbhum | 10 | 6,82,520 | 9,50,000 | 125·0 | 46,656 | 2,83,000 |
| 4. Hooghly | — | 10,06,800 | 6,50,000 | 125·0 | 63,000 | 2,25,000 |
| 5. Midnapore | 20 | 23,75,448 | 46,00,000 | 500·0 | 2,07,500 | 9,94,000 |
| 6. Purulia | 15 | 10,61,040 | 24,12,093 | 187·5 | 36,500 | 5,96,000 |
| 7. Howrah | — | 6,16,000 | 8,28,000 | 125·0 | 55,000 | 1,65,000 |
| 8. 24-Parganas | 10 | 22,43,306 | 31,50,000 | 500·0 | 2,52,500 | 7,20,000 |
| 9. Nadia | 10 | 7,23 680 | 26,00,000 | 250·0 | 2,11,820 | 1,83,000 |
| 10. Murshidabad | 10 | 10,64,960 | 23,50,000 | 250·0 | 78,500 | 4,61,000 |
| 11. Malda | 10 | 5,93,000 | 18,60,000 | 125·0 | 1,57,200 | 3,00,000 |

**Statement Showing Allotments Sanctioned up to 15-6-72 Under Different Items of Relief—Concld.**

| | District | Italian Rice (G.R.) M.T. | Gratuitous Relief | Relief Works | | Relief Contingencies Rs. | Agricultural loan |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | Cash | Kind (In Russian Rice M.T.) | | |
| | | | Rs. | Rs. | | | Rs. |
| 12. | West Dinajpur | — | 6,90,000 | 17,75,000 | 125.0 | 1,11,000 | 4,95,000 |
| 13. | Jalpaiguri | — | 6,69.800 | 5,00,000 | 62.5 | 66,000 | 1,38,000 |
| 14. | Cooch Behar | — | 5,35,920 | 6,00,000 | 175.0 | 81,000 | 1,35,000 |
| 15. | Darjeeling | — | 1,39,880 | 1,50,000 | 32.5 | 43,000 | 93,000 |
| 16. | Calcutta | — | 10,000 | — | — | 28,500 | 30,000 |
| 17. | Commr., Prcy. Dvn. | — | — | — | — | — | 50,000 |
| 18. | Commr., Jal. Dvn. | — | — | — | — | — | 75,000 |
| 19. | Commr., Bur. Dvn. | — | — | — | — | — | 25,000 |
| | Total ...... | 100 M.T. Italian Rice G.R. of value of Rs. 92,350 | 1,52,19,594 | 2,74,99.493 | 2895 M.T. valued at Rs. 875x2895 =Rs.25,33,125 @Rs.875 per M.T. | 17,97,676 | 55,54,000 |

## বি. টি. ট্রেনিং-এর সুযোগ

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮) **শ্রীনিতাইপদ সরকার ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার সমস্ত মাধ্যমিক শিক্ষককে বি. টি. ট্রেনিং-এর সুযোগ দানের বিষয় বিবেচনা করিতেছেন ;

(খ) সত্য হইলে সরকার এ বিষয়ে কি কি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ;

(গ) "নন-ট্রেণ্ড টিচারদের" ইনক্রিমেণ্ট দানের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কিনা, এবং

(ঘ) সত্য হইলে, উহা কতদিনের মধ্যে কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Education Department** :

(ক) এই সুযোগদান ত্বরান্বিত করবার বিষয় বিবেচনা করছেন।

(খ) ১৯৭২ সাল হইতে ১৮ মাসের একটি Part time Evening B. Ed. Course চালু করার বিষয়ে সিদ্ধান্ত লওয়া হইয়াছে এবং তদনুসারে বর্ত্তমান বৎসরে ১৩০টি কেন্দ্রে মোট ৬৫০০ শিক্ষককে শিক্ষা দান বিশ্ব-বিদ্যালয়ের অনুমোদন পাইলে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(গ) না।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

## সরকারী জমিতে বায়নানামা স্কীমে পুনর্বাসন

*১৩৩ (অনুমোদিত প্রশ্ন নং *১১৯) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সনে সরকারী জমিতে এবং বায়নানামা স্কীমে কতগুলি পরিবারকে পুনর্বাসন দেওয়া হইয়াছে ; এবং

(খ) সরকারী ক্যাম্পগুলিতে পুনর্বাসনযোগ্য এখনও কত সংখ্যক পরিবার আছেন ?

**The Minister for Relief and Welfare Department :**

(ক) সরকার অধিগৃহীত জমিতে ১৮৩ এবং বায়নানামার মাধ্যমে স্ব-নির্বাচিত জমিতে ৪৫৩ ;

(খ) বর্ত্তমানে পশ্চিমবঙ্গে কোন ক্যাম্প অর্থাৎ শিবির নাই ; তবে বিভিন্ন আবাস ও অথর্ব্ব সদনে ( Home and Infirmaries ) পুনর্বাসনযোগ্য মোট পরিবারের সংখ্যা ২,৪৮৩।

## পুরুলিয়া জেলার প্রাথমিক শিক্ষক

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫) শ্রীকাশীনাথ মিশ্র: গত ১৪ই জুলাই ১৯৬৯ তারিখে প্রদত্ত অ-তারকিত ৯৮নং ( অনুমোদিত প্রশ্ন নং ৩৭৩) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঐ শিক্ষকদের সম্বন্ধে সরকার কোনও সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কিনা , এবং

(খ) করিয়া থাকিলে, তাহা কি ?

**The Minister for Education Department** :

(ক) হ্যাঁ ;

(খ) পুরুলিয়ার পশ্চিমবঙ্গ ভুক্তির পূর্বে ঐ জেলায় কার্য্যরত প্রাথমিক শিক্ষকগণের কার্য্যকাল তাহাদের অবসরকালীন সুযোগ সুবিধা মঞ্জুর করিবার ব্যাপারে গণ্য করিবার সরকারী সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।

## আসানসোল মহকুমায় টেষ্ট রিলিফ

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার বিভিন্ন উন্নয়ন ব্লকে বর্ত্তমান বৎসরে টেস্ট রিলিফ ও খয়রাতি সাহায্য বাবত কত টাকা সরকার মঞ্জুর করিয়াছেন ; এবং

(খ) খরাপীড়িত বারাবনী ও সালানপুর ব্লকে গবাদী পশু, বীজ, সমষ্টি ঋণ, সাধারণ ঋণ, টেষ্ট রিলিফ, খয়রাতি সাহায্য, গৃহনির্মাণ সাহায্য বাবত সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন এবং কত টাকা এ যাবৎ বণ্টন করা হইয়াছে ?

**The Minister for Relief and Social Welfare Department** :

(ক) একটি বিবরণী ( ১নং ) এতদ্সহ উপস্থাপিত করা হইল।

(খ) ১টি বিবরণী ( ২নং ) এতদ্সহ উপস্থিত করা হইল।

### 'বিবরণী নং ১'

| ব্লকের নাম | টেস্ট রিলিফের জন্য যে টাকা মঞ্জুর করা হইয়াছে তার পরিমাণ | খয়রাতি সাহায্যের জন্য যে টাকা মঞ্জুর করা হইয়াছে তার পরিমাণ |
|---|---|---|
| | টাকা | টাকা |
| ১। আসানসোল | ৪,২০০ | ৩৪,৮৪৮ |
| ২। হীরাপুর | ৪,৫০০ | ২১,৩১০·০৮ |
| ৩। সালানপুর | ১২,০০০ | ১৪,২৫৬ |
| ৪। রানীগঞ্জ | ২,০০০ | ৯,৬৮০ |
| ৫। বারাবনী | ১০,৫০০ | ১৪,৯৬০ |
| ৬। কুলটি | ৫,০০০ | ১৮,৬৫৬ |
| ৭। জামুরিয়া ১নং | ১২,৩০০ | ১৯,৮০০ |
| ৮। জামুরিয়া ২নং | ১০,০০০ | ১১,৩১৩ |

'বিবরণী নং ২'

| বিভিন্ন খাতে | যে টাকা মঞ্জুর করা হইয়াছে | | যে টাকা বণ্টন করা হইয়াছে | |
|---|---|---|---|---|
| | বারাবনী ব্লক টাকা | সালানপুর ব্লক টাকা | বারাবনী ব্লক টাকা | সালানপুর ব্লক টাকা |
| ১। গবাদি পশুর খাদ্য বাবদ সাহায্য | ২,০০০ | ১,০০০ | তথ্য অনুসন্ধান সাপেক্ষে বিলি করার ব্যবস্থা হইতেছে। | |
| ২। গবাদি পশু ক্রয় ঋণ | ১০,০০০ | ৫,০০০ | | |
| ৩। সমষ্টি ঋণ | ৬,০০০ | ৬,০০০ | | |
| ৪। সার ক্রয় ঋণ | ১৪,০০০ | ১২,০০০ | | |
| ৫। টেষ্ট রিলিফ | ১০,৫০০ | ১২,০০০ | ৯,২১৬ | ৮,৫০০ |
| ৬। খয়রাতি সাহায্য | ১৪,৯৬০ | ১৪,২২৬ | ১৪,৯৬০ | ১৪,২৫৬ |
| ৭। সাধারণ ঋণ | — | — | — | — |
| ৮। গৃহ নির্মাণ সাহায্য | — | — | — | — |
| ৯। বীজ ক্রয় ঋণ | — | — | — | — |

## ভগবানগোলা থানায় কৃষিঋণ

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৪) **শ্রীমহম্মদ দেদার বক্স:** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে মুর্শিদাবাদ জেলায় ভগবানগোলা থানার ১নং এবং ২নং ব্লকের কোন ব্লকে ১৬ই জুন ১৯৭২ পর্যন্ত কত টাকা কৃষিঋণ হিসাবে মঞ্জুর করিয়াছেন, এবং

(খ) উক্ত টাকার মধ্যে ঐ সময়ে কোন ব্লকে কত টাকা বিলি করা হইয়াছে?

**The Minister for Relief and Soeial Welfare** :

(ক) ভগবানগোলা ১নং ব্লকে ১২,২৬০ টাকা এবং ২নং ব্লকে ১৭,২২৫ টাকা।

(খ) কোন টাকা বিলি করা হয় নাই।

## Point of Privilege

**Mr. Speaker :** Yes, Shri Bera, what is your point of privilege?

**শ্রীসুধীরচন্দ্র বেরা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন প্রশ্ন করি মন্ত্রী মহাশয়ের কাছে তখন আশা করি ঠিক ঠিক উত্তর পাবো। সেখানে এমন যদি কিছু বলা হয় যা সত্য নয় তাহলে হাউসকে আমি মনে করি মিসলিড করা হয় এবং সেখানেই পয়েন্ট অব প্রিভিলেজ উঠে। আমাদের মাননীয় বিচার মন্ত্রী গতকাল জয়েন্ট এল, আর সম্বন্ধে বললেন যে তিনি আগে এক্স অফিসিও জয়েন্ট

এল, আর ছিলেন। আমি জানি যে তিনি এক্স-অফিসিও জয়েণ্ট এল, আর ছিলেন না। এই মন্ত্রীসভা আসবার চার দিন আগে অর্থাৎ ২৫শে মার্চ আমরা শপথ গ্রহণ করেছিলাম আর ১৬ই মার্চ তারিখে তাকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছে। The post was created on the same day এবং ঐ দিনেই তাকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছে জয়েণ্ট এল, আর হিসাবে। তিনি এক্স অফিসিও জয়েণ্ট এল, আর-এর পোষ্ট হোল্‌ড তার আগে করতেন না। আমি মনে করি এতে হাউসকে মিসলিড করা হয়েছে এবং আমাদের যে প্রিভিলেজ সেটা ভঙ্গ করা হয়েছে। আমরা আশা করি যে আমরা যে প্রশ্ন রাখি তার to be answered correctly. তিনি যে রিপোর্ট আমাদের সামনে রাখেন তাতে তাঁর কনষ্টিটিউসন্যাল রেসপনসিবিলিটি আছে মন্ত্রী হিসাবে। আমরা জানি সাত্তার সাহেব খুব ভাল লোক। তিনি অসত্য বলেন না। জানি না তিনি একজন সরকারী আমলাকে রক্ষা করবার জন্য এই রকম অসত্য কথা বললেন।

**শ্রীআবদুস সাত্তার :** ব্যাপারটা হচ্ছে মাননীয় সদস্য বলেছেন যে আমি ভাল লোক, আমি অসত্য কথা বলি না মাননীয় সদস্য এটা স্বীকার করেছেন। আমি তাঁকে আবার বলছি যে সত্য কথাই বলেছি অসত্য কথা বলি নি।

**শ্রীসুধীর চন্দ্র বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা সত্য নয়, তিনি এক্স অফিসিও জয়েণ্ট এল, আর ছিলেন না। মাননীয় মন্ত্রী মহাশয় গর্ভনরের অর্ডারকে ডিফেণ্ড করতে গিয়ে আমাদের সামনে ভুল তথ্য রাখছেন। He was not ex-Officio joint L. R. before his appointment as L. R. on 16-3-72. এটাই ঠিক কথা।

**শ্রীআবদুস সাত্তার :** আমার বন্ধু মাননীয় সদস্য যা বলছেন আমি তাকে অনুরোধ করবো তিনি আমার কাছে যাবেন—আমি তাঁকে দেখিয়ে দেবো যে তিনি যা বলছেন সেটা ঠিক নয়। তিনি এল, আর হবার আগে অফিসারই ছিলেন এবং এক্স অফিসিও জয়েণ্ট এল, আর ছিলেন। কালকে যে উত্তর দিয়েছি তাঁর এ্যাপয়েণ্টমেণ্ট সম্বন্ধে সেটা ঠিক। Governor has appointed him as joint L.R.

এখন জানি না ভদ্রলোকের উপর ওঁর কোন রাগ আছে কিনা।

**শ্রীসুধীর চন্দ্র বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কথা খুবই আপত্তিজনক। আমার রাগ আছে এটা খুবই অবজেকসনেবল কথা। মাননীয় মন্ত্রী মহাশয় যখন বললেন তখন আমাকে পারসন্যাল এক্সপ্লানেসন দিতেই হবে। আমরা যখন কিছু বলি সেটা পাবলিক ইনটারেষ্টেই বলি। কোন মন্ত্রীর বিরুদ্ধে বা কোন লোকের বিরুদ্ধে রাগের কোন কথা নাই।

## Unstarred Questions

( to which written answers were laid on the table )

### তালডাংরা কেন্দ্রে লিফ্‌ট ইরিগেশন

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০) **শ্রীফণিভূষণ সিংহবাবু :** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার তালডাংরা বিধানসভা কেন্দ্র অধীন এলাকায় কোন লিফ্‌ট ইরিগেশন চালু করিবার কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কোথায় কোথায় কবে নাগাত হইবে ?

**The Minister for Agriculture** :

(ক) এরূপ কোন পরিকল্পনা এখনও নাই, তবে তালডাংরা থানা এলাকায় চারটি নদীসেচ প্রকল্প স্থাপনের প্রস্তাব তদন্তাধীন আছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

## দোমহানী-চুরুলিয়া রাস্তা

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬) **শ্রীঅমরেন্দ্র মণ্ডল**: পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দোমহানী হইতে বীরকুলটি ভায়া চুরুলিয়া রাস্তা পাকা করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works** :

(ক) হ্যাঁ, চতুর্থ খসড়া পরিকল্পনায় এই ধরনের একটি প্রস্তাব আছে।

(খ) অর্থাভাবহেতু আপাতত কার্যকর করা সম্ভবপর নয়। আর্থিক অবস্থার উন্নতির উপর পরিকল্পনাটির রূপায়ণ নির্ভর করিতেছে।

## জামুড়িয়া-দরবারডাঙ্গা ভাঙ্গা রাস্তা

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯) **শ্রীঅমরেন্দ্র মণ্ডল**: পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জামুড়িয়া-দরবারডাঙ্গা ভায়া নণ্ডী রাস্তা পাকা করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে ?

**The Minister for Public Works** :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## কলিকাতায় সিল-করা বোতলে দুগ্ধ সরবরাহ

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**: পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা শহরে বর্তমানে সিল-করা বোতলে দুগ্ধ সরবরাহ করা হয় না ; এবং

(খ) সত্য হইলে—

(১) তাহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services ( Dairy Development ) :**

(ক) আংশিক সত্য।

(খ) (১) বোতল-ভরা যন্ত্রগুলি সবই বিদেশে তৈরি। সময়মত প্রয়োজনীয় যন্ত্রাংশের অভাবে যন্ত্রগুলি ঠিকমত মেরামত করা সম্ভব হয় না।

(২) দেশী যন্ত্রাংশের সাহায্যে বোতল-ভরা যন্ত্রগুলি মেরামত করার চেষ্টা চলছে। দেশী যন্ত্রাংশে মেরামতী কাজ ঠিকমত করা সম্ভব হচ্ছে না। কাজেই নতুন প্রয়োজনীয় বোতল-ভরা মেসিন যা সম্প্রতি বিদেশ থেকে পাওয়া গেছে তা বসাবার কাজ চলছে। আগামী ডিসেম্বর-জানুয়ারি মাসে নতুন যন্ত্রগুলি চালু হবে ব'লে আশা করা যাচ্ছে। ঐ যন্ত্রগুলি চালু হ'লে সমস্ত দুধই বোতলে দেওয়া সম্ভব হবে।

## নদিয়া পেপার মেসিনারি লিমিটেড

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২৭১) **শ্রীনিতাইপদ সরকার ঃ** বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদিয়ার কুপার্স ক্যাম্পে নদিয়া পেপার মেসিনারি লিমিটেড নামে একটি কারখানা বন্ধ হয়েছে, এবং

(খ) সত্য হইলে, উহা খুলিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Closed and Sick Industries** ·

(ক) হ্যাঁ।

(খ) এই বিষয়টি শিল্প পুনর্গঠন করপোরেশনের বিচারাধীন আছে। যাহাতে উক্ত করপোরেশনের অর্থসাহায্য ত্বরান্বিত হয় সেইজন্য সরকার উক্ত করপোরেশনের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রাখিয়া চলিতেছেন।

## Soil Salinity in Midnapore district

**31.** (Admitted question No. 338.) **Shri Rajani Kanta Doloi** · Will the Minister-in-charge of Agriculture Department be pleased to state—

(a) to what extent salination of soil has reduced the production of agriculture in Midnapore district during the last three years ; and

(b) what steps the Government has taken or is going to take to effect recovery of the production ?

**The Minister for Agriculture :** (a) Soil salinity is a problem restricted only in the coastal belt of the district. The source of salinity is mainly from sea water and rise of water table in this belt and subsequent rise of salt in the surface. Rise of salt in the surface is prominent in the drier months from January to May. Monsoon rain from June to September washes away soil salinity to a great extent when Aman paddy is grown. During Aman season (June to December) salinity does not pose any serious problem.

In the drier months salinity becomes a problem and even the natural water source like rivers, and shallow ground water level are overcharged with salinity not fit for irrigational use. All these results in the mono cropping in the Aman season and Aman is the main crop of the district accounting for more than 80 per cent. of the total cropped area.

(b) Some irrigation water is available from canals in Rabi season. Fresh water is tapped and stored in tanks and ditches which the cultivators use for increasing Boro acreage. Boro acreage increased from 10,000 acres in the year 1964-65 to 1,60,000 acres in the year 1971-72. In other areas where irrigation facilities are not so developed and which suffer from salinity problem, the Department of Agriculture have already initiated some work in growing salt tolerant deep rooted crops like cotton, groundnut, sunflower, cocoanut, etc., that are showing promising result. The Department is also trying to extend such crop in the non-irrigated saline tract of the district.

### Vacancies in the Legislative Department

32. ( Admitted question No. 36. ) **Shri Ajit Kumar Basu** : Will the Minister-in-charge of the Legislative Department be pleased to state—

(a) total number of vacancies under the Legislative Department at present ;

(b) districtwise break-up of the vacancies ; and

(c) how and when these vacancies are likely to be filled up ?

**The Minister for Legistative Department** : (a) 39.

(b) Does not arise as all the vacancies relate to the Legislative Department in Calcutta and there is no subordinate office in the district.

(c) These vacancies will be filled up in accordance with the existing rules of recruitment. Necessary steps in this connection have already been taken in respect of some of these vacancies and it is expected that it will be possible to fill up all the vacancies in due course.

### Vacancies in the Judicial Department

33. ( Admitted question No. 486. ) **Shri Ajitkumar Basu** : Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

*(a) total number of vacancies under the Judicial Department at present ;*

*(b) districtwise break-up of the vacancies ; and*

(c) how and when these vacancies are likely to be filled up ?

**The Minister for Judicial Department** : (a) Total number of vacancies in Classes III and IV posts under the Judicial Department are 92 and 41 respectively.

(b) Districtwise break-up of the vacancies are—

| | | Class III | Class IV |
|---|---|---|---|
| (1) District Judge, Howrah | ... | — | 2 |
| (2) District Judge, Midnapore | ... | 20 | 27 |
| Plus steno | ... | 5 | — |
| (3) District Judge, Malda | ... | 7 | 1 |
| (4) District Judge, Bankura | ... | — | 1 |
| (5) District Judge, Hooghly | ... | 3 | — |
| (6) District Judge, Purulia | (not yet reported) | | — |
| (7) District Judge, Jalpaiguri | ... | 5 | — |
| (8) District Judge, Cooch Behar | ... | — | — |
| (9) District Judge, Nadia | ... | 1 | — |
| (10) District Judge, Burdwan | .. | 3 | — |
| Plus steno | ... | 1 | — |
| (11) District Judge, Murshidabad | ... | — | — |
| (12) District Judge, Birbhum | ... | 4 | — |
| (13) District Judge, 24-Parganas | ... | 9 | — |
| Plus steno | ... | 1 | — |
| (14) Sub-offices in Calcutta | .. | 33 | 10 |
| Total | ... | 92 | 41 |

(c) There are specific recruitment rules for filling up vacancies and those will be filled up by the appointing authorities concerned at their earliest convenience.

## মন্ত্রীদের ঘরভাড়া, রাহা খরচ ইত্যাদি

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৬০) **শ্রীনিতাইপদ সরকার**ঃ অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রীর মধ্যে কোন্ কোন্ মন্ত্রীর জন্য মার্চ, ১৯৭২ হইতে মে, ১৯৭২ পর্যন্ত (১) রাহা খরচ, (২) ঘরভাড়া ও (৩) চিকিৎসা বাবত কত টাকা খরচ হইয়াছে ?

**The Minister for Finance :**

মার্চ, ১৯৭২ হইতে মে, ১৯৭২ পর্যন্ত মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রী মহোদয়দের জন্য রাহা খরচ ও ঘরভাড়া বাবত যাহা খরচ হইয়াছে তাহার একটি বিশদ বিবরণী নিম্নে দেওয়া হইল।

## STATEMENT REFERRED TO IN REPLY OF UNSTARRED QUESTION No. 34

**Statement of actual expenditure on account of T. A. and D. A and House allowance of the Ministers, Ministers of State and Deputy Ministers during the months from March to May 1972.**

| | Name | T.A. | D.A. | Total | House allowance | Medical Reimbursement. |
|---|---|---|---|---|---|---|
| | **Ministers** | Rs. | Rs. | Rs | Rs. | Nil |
| 1. | Shri Siddhartha Sankar Roy, Chief Minister . . . | 854 00 | 185·00 | 1,039·00 | 835·50 | |
| 2. | ,, Abdus Sattar, Minister, Agriculture and Community Development, Judicial and Health (R. W. S.). | 854·00 | 350 00 | 1,204·00 | 835 50 | |
| 3. | Dr. Z. Abedin, Minister, Cottage and Small Scale Industries, Public Undertaking. | Nil | 180·00 | 180·00 | 158·85 | |
| 4. | Shri Mritunjoy Banerjee, Minister, Education . . . . | 1,198·00 | 235·00 | 1,433 00 | 835·50 | |
| 5. | ,, A. B. A. Ghani Khan Chowdhury, Minister, Irrigation, Waterways and Power. | 854·00 | 522·00 | 1,376·50 | 835·50 | |
| 6. | ,, Tarun Kanti Ghosh, Minister, Commerce and Industries and Tourism. | 854·00 | 65·00 | 919·00 | 835·50 | |
| 7. | ,, Sankar Ghosh, Minister, Finance, Development and Planning. | Nil | Nil | Nil | 835·50 | |
| 8. | ,, Gurupada Khan, Minister, Land and Land Revenue . . | 179 10 | 270·00 | 449·10 | 310·50 | |
| 9. | ,, Sitaram Mahato, Minister, Animal Husbandry, Veterinary Services, Forests and Excise. | Nil | 270·00 | 270·00 | 310·50 | |
| 10. | ,, K.K. Maitra, Minister, Food and Supplies, Animal Husbandry, Veterinary Services (Dairy Development). | 2,052·00 | 295·00 | 2,347·00 | 835·50 | |
| 11. | ,, Arun Kumar Maitra, Minister, Co-operation . . | 2,138·55 | 325·00 | 2,463·55 | 368·85 | |
| 12. | Dr. Gopaldas Nag, Minister, Labour, Closed and Sick Industries . | 344·00 | 105·00 | 449·00 | 835·50 | |
| 13. | Shri Gyan Singh Sohanpal, Minister, Transport, Judical, Parliamentary Affairs. | 854·00 | 465·00 | 1,319·00 | 835·50 | |
| 14. | ,, Ajit Kumar Panja, Minister, Health . . | Nil | 150·00 | 150·00 | 835·50 | |
| 15. | ,, Santosh Kumar Roy, Minister, Relief and Welfare . . | 1,524·00 | 362·50 | 1,886·50 | 666·15 | |
| 16. | ,, Bholanath Sen, Minister, Public Works Department . . | Nil | 210·00 | 210·00 | 835·50 | |

## STATEMENT REFERRED TO IN REPLY OF UNSTARRED QUESTION No. 34—(Concld.)

| Name | T.A. | D.A. | Total | House allowance | Medical Reimbursement. |
|---|---|---|---|---|---|
| | Rs. | Rs. | Rs. | Rs. | Nil |
| **Ministers of State** | | | | | |
| 1. Shri Pradip Bhattacharyya, Labour, Closed and Sick Industries. | 199·25 | 125·00 | 324·25 | 87·10 | |
| 2. ,, Ananda Mohan Biswas, Agriculture and Community Development, Health (R.W.), Legislative, Judicial. | Nil | 156·25 | 156·25 | 716·15 | |
| 3. ,, Prafulla Kanti Ghosh, Municipal Service, Panchayat and Sports | 163·90 | 50·00 | 213·90 | 716·15 | |
| 4. Dr. Md. Fazle Haque, Home . . . . . . | 1,622·60 | 365·00 | 1,987·60 | 454·85 | |
| 5. Shri Danish Lakra, Relief and Welfare . . . . | 339·00 | 150 00 | 489·00 | 206·16 | |
| 6. ,, Subrata Mukherjee, Home . . . . . . | 2,135·00 | 110·00 | 2,245·00 | 716·15 | |
| 7. ,, Gobinda Chandra Naskar, Health . . . . | Nil | 100·00 | 100·00 | 716·15 | |
| 8. ,, Ramkrishna Sarogi, Public Works Department . . | 75·80 | 50 00 | 125·80 | 716·15 | |
| 9. ,, Atish Chandra Sinha, Cottage and Small Scale Industries Public Undertaking | 329·95 | 137·50 | 467·45 | 716·15 | |
| **Deputy Ministers** | | | | | |
| 1. Shrimati Amala Soren, Education . . . . . . | Nil | 137·50 | 137·50 | 596·75 | |
| 2. Shri Gajendra Gurung, Tourism . . . . . . | 1,032·00 | 320.00 | 1,352·00 | 288·75 | |
| 3. ,, Suniti Chattaraj, Irrigation and Waterways | Nil | 168·75 | 168·75 | 596·75 | |
| Total . . | 17,603·15 | 5,860 00 | 23,463·15 | 17,532·60 | |

**Calling attention to Matters of Urgent Public Importance.**

**Mr. Speaker** : The Minister in-charge of the Commerce and Industries Department will please make a statement on the subject of subsidence of village Jagatdihi, Asansol. Attention called by Shri Sukumar Bandyopadhyay on the 6th July, 1972.

**Dr. Zainal Abedin** : Mr. Speaker, Sir, as the Minister is indisposed, with your permisson, I am reading the statement. In connection with the calling attention motion by Shri Sukumar Bandyopadhyay regarding subsidence of Jagatdihi village, Asansol, I make the following statement :—

[2-10—2-20 p.m.]

Jagatdihi village is within the area of Dhemo Main Colliery belonging to Dhemo Main Collieries & Industries Ltd. The colliery was closed since October, 1968, but they have recently reopened the colliery and are working on a small scale. Pillar cutting operation (final extraction of coal) is going on in Borachak coal seam for years now with a break of about 3½ years since 1968 The village has recently (8th July) been inspected by our officers who contacted the villagers for details and also to show them round. Cracks appeared in a number of paddy fields and the width of such cracks was about 2". It was reported by the villagers that similar cracks have developed on the village road also. It was found that a few houses have developed hair cracks on walls. Some such hair cracks in the houses were found to have been repaired. Cracks had also occurred near three tanks in the village but the tanks had water in them and no water apparently escaped through the cracks. Borachak seam is being depillared without stowing, that is without packing the void with sand. This is one of the standard methods of depillaring operation. The workings are at a depth of 180 ft. to 300 ft in Jagatdihi mouza. The thickness of the coal seam is 7 ft. and it slopes at an angle of about 1 in 8. During pillar cutting of the seam the roof does not show any tendency to over hand and comes down within the mine almost immediately after the extraction of pillars which is supposed to be good sign. The coal seam has been developed under residential houses (only galleries have been driven with about 25% extraction) in Jagatdihi mouza but no extraction of pillars, i e. final extractionof all coal, has been permitted by the Director of Mines Safety of the Government of India under such occupied houses No such final extraction has either taken place under the houses. Such final extraction has taken place only about 200 ft. away from the residential houses. As such there appears to be no real danger to the houses.

Cracks on the open ground in the paddy fields due to depillaring operation occur of and on. Several cracks in the area were also reported in the past but cultivation was never affected nor was there any visible sign of subsidence of the ground In the past cultivators were compensated and some were given jobs temporarily but no land was acquired by the company. This information was collected from the villagers.

Safety in mines as also on the surface is a Central subject and is looked after by the Directorate of Mines Safety which has a branch at Sitarampur in the coalfield. They inspected this area some time ago and it is understood from

them that no permission for final extraction of coal from under the residential houses have been given nor would any such permission be given in future. According to them the cracks in the paddy field may be due to depillaring operation but the cracks in the houses have no direct connection with the depillaring operation Our officers, however, feel that there may be some remote connection between the depillaring operation and the hair line cracks in the houses but there is no real danger to the houses as such. Although the Director of Mines Safety has not allowed pillar cutting under the residential houses, we shall request them to ensure that under no circumstances such permission is given in future except under condition (full packing by sand) which will ensure complete safety to the houses

**Mr. Speaker** . The Minister-in-charge of the Food and Supplies Department will please make a statement on the subject of supply of boiled rice and checking of ghost ration cards in the villages. Attention called by Shri Md. Dedar Baksh on the 8th July, 1972.

**শ্রীকাশীকান্ত মৈত্র**: মাননীয় অধ্যক্ষ মহাশয়. মাননীয় সদস্য মহম্মদ দেদার বক্স কর্ত্তৃক দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে নিম্নলিখিত বিবৃতি আমি হাউসের সামনে রাখছি। সংগ্রহ বৎসর হিসাবে অর্থাৎ গত নভেম্বর হতে বর্তমান বৎসরের অক্টোবর পর্যন্ত আমাদের বাৎসরিক প্রয়োজন প্রায় ৯ লক্ষ টন চাউল। তার মধ্যে প্রায় ২ লক্ষ ২৭ হাজার টন চাউল পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে সংগ্রহ করা হয়েছে। বর্তমান বৎসরে সংগ্রহের পরিমাণ আড়াই লক্ষ টনের উপরে যাওয়ার সম্ভাবনা খুবই কম। কাজেই চাউল সরবরাহের ব্যাপারে আমাদের কেন্দ্রের উপরে অবশিষ্ট চাউলের জন্য নির্ভর করতে হয়। কেন্দ্রীয় সরকারের বেশীর পরিমাণ চাউল শতকরা ৭৫ ভাগ থেকে ৮০ ভাগ আতপ চাউল সরবরাহ করা হয়ে থাকে। এমতাবস্থায় আতপ চাউল সরবরাহ ব্যতীত গত্যন্তর নাই। এই রকম অবস্থায় এই ব্যাপারে রাজ্য সরকারের খাদ্য দপ্তর একেবারে অসহায়। উদ্বৃত্ত জেলায় যেখানে সংগ্রহের পরিমাণ প্রায় সন্তোষজনক সেখানে আংশিক রেশানে সাধারণতঃ সিদ্ধ চাউল সরবরাহ করা হয়ে থাকে। কিন্তু উদ্বৃত্ত জেলার যেখানে যথা বর্দ্ধমান, মেদিনীপুরে সংগ্রহের পরিমাণ বর্তমান বৎসরে সন্তোষজনক নহে, সেখানে কিছু পরিমাণ আতপ চাউল সরবরাহ করা ছাড়া গত্যন্তর নাই। ঘাটতি জেলাগুলিতে আংশিক রেশন মারফত অধিকাংশক্ষেত্রে আতপ চাউল সরবরাহ করা ছাড়া উপায় থাকে না। তবে রেশান দোকান মারফত উদ্বৃত্ত জেলার চাউল কল থেকে লেভী মুক্ত, লেভীসিড অর্থাৎ বয়েল রাইস, সিদ্ধ চাউল ঘাটতি জেলাগুলিতে রেশানের সাপ্তাহিক নির্দ্দিষ্ট পরিমাণে অতিরিক্ত বরাদ্দ হিসাবে সরবরাহ করা হয়ে থাকে। বর্তমান সংগ্রহ বৎসরে এ পর্যন্ত প্রায় ৫৬ হাজার ৫০০ টন ঐরূপ লেভীসীড চাউল সরবরাহ করার ব্যবস্থা হয়েছে। এ ছাড়া চাউল কলগুলি হইতে প্রাপ্ত লেভীমুক্ত চালের পরিমাণ গত বছরের তুলনায় কম হওয়ায় Food Corporation মারফত ক্রয় করার জন্য প্রায় ১৮ হাজার টন, লেভীমুক্ত চাউলও সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। বর্তমান বৎসরে বিহার থেকে প্রায় ১৭ হাজার টন মোটা সিদ্ধ চাউল পাওয়ার সম্ভবনা দেখা দিয়েছে এবং এবিষয়ে খাদ্য দপ্তরের সঙ্গে কেন্দ্রীয় সরকারের এবং বিহার সরকারের খাদ্য মন্ত্রীর আলোচনা কিছুদিন আগে সম্পন্ন হয়েছে। এবং বিহার সরকার ১৭ হাজার মেট্রিক টন মোটা সিদ্ধ চাউল সরবরাহ করতে রাজী হয়েছেন। এর মধ্যে বেশীর ভাগ চাউলই ঘাটতি জেলাগুলিতে আংশিক রেশান মারফত সাপ্তাহিক রেশানের নির্দিষ্ট পরিমাণের উপরে সরবরাহ করা হয়ে থাকে এবং হবে। ব্যবসায়িক ভিত্তিতে স্টেট একাউণ্টে যে নেপালের সিদ্ধ চাউল আসছিল সেটাও প্রয়োজনের তুলনায় কম হলেও কিছু প্রয়োজন আমাদের মেটাচ্ছিল সিদ্ধ চাউল

সরবরাহের ব্যাপারে। কিন্তু বর্তমান বৎসরে সিদ্ধ চাউল সরবরাহের ক্ষেত্রে নেপাল সরকার নিষেধাজ্ঞা জারি করায় নেপালের চাউল আসা সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে।

ভুঁয়া রেশানকার্ড বাতিলের জন্য উপযুক্ত নিদেশ জেলাগুলিতে ব্লকস্তর পর্যন্ত সংশ্লিষ্ট সকল অফিসারদের দেওয়া হয়েছে। এছাড়া বর্তমানে এ ব্যাপারে একটি নুতন নির্দ্দেশ দেওয়া হয়েছে। মিউনিসিপ্যাল ও গ্রামাঞ্চলে মহকুমা শাসকের নির্দ্দেশ অনুযায়ী এক একটি এলাকা ভাগ করে বিশেষ বিশেষ তদন্তকারী দল এবিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে। এবং সেই মর্মে প্রয়োজনীয় জরুরী নির্দ্দেশ সকল ক্ষেত্রে পাঠানো হয়েছে। সম্পূর্ণ মহকুমায় এই পন্থায় তদন্ত না হওয়া পর্যন্ত কাজ চলতে থাকবে।

'ক' ও 'খ' শ্রেণীর রেশনকার্ডধারীদের সাপ্তাহিক রেশানে চাউলের পরিমাণ বর্তমান বৎসরের সরকার আসার পর ১৫ই মে মাস হইতে ৬০০ গ্রাম থেকে বাড়িয়ে ৭০০ গ্রাম পর্যন্ত করা হইয়াছে।

**Mr. Speaker** , The Minister-in charge of Home (Police) Department was to make a statement on the subject of threatened serious clash between Bengalee and Non-Bengalee railway workers at Kanchrapara Railway Workshop, called attention by Shri Jagadish Chandra Das on the 9th July, 1972. But I have just now received one letter from the Hon'ble Minister concerned with a request to arrange for some other date so that he can prepare the statement. So I fix 14th July, 1972, on which date the statement will be given by the Hon'ble Minister concerned.

[2-20—2-30 p m ]

I have received five notices of calling attention on the following subjects, namely ,

(1) Sending of flood remission grant to the flood affected educational institutions—from Shri Md Dedar Baksh.

(2) Sanction of a subsidiary health centre at Bhagirathpur, Murshidabad—from Dr. Md. Ekramul Haque.

(3) Strike by Municipal employees—from Shri Naresh Chandra Chaki.

(4) Scarcity of cotton supply at Kalyani Spinning Mill—from Shri Kashi Nath Misra.

(5) Outbreak of cholera in Kharagpur P S , Midnapore—from Shri Ajit Kumar Basu.

I have selected the notice of Shri Mohammad Dedar Baksh on the subject of sending of flood remission grant to the flood affected educational institutions. The Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a suitable date for the same.

**Shri Gyan Singh Sohanpal** · On the 15th of July, Sir.

## Mention Cases

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে একটা বিষয়ে সরকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। একদল কর্মী যারা সরকারের কর্মচারী বলে গণ্য নয়, তারা হচ্ছে ন্যাশন্যাল ভলান্টীয়ার ফোর্স। চীনের আক্রমণের পর তাদের অনেককে রিক্রুট করা হয়। বিশেষ করে এই দমদমে এবং অন্যান্য সব জায়গায় এবং খাদ্যের ব্যাপারেও তাদের নিয়োগ করা হয়। কিন্তু যে কোন কারণেই হোক গভর্ণমেণ্ট একটা নীতি করেছিলেন—১৯৪৯ সালের আইনে ছিল যে পাঁচ বছরের বেশী কোন ন্যাশান্যাল ভলান্টীয়ার ফোর্সের লোক এনরোল্ড থাকতে পারবে না। আর একটা নিয়ম ছিল তাদের তিন মাস কিংবা ছয় মাস কাজ দিয়ে তারপর তাদের বসিয়ে দেওয়া হ'ত। কিন্তু সেই নিয়মগুলো মানা হয় না, ফলে সমস্যা দাঁড়িয়েছে এই যে অনেকে ১০/১২ বছর কাজ করছে এবং তারও হয়তো দু তিন বছর আগে তাদের ট্রেনিং হয়ে গেছে। এখন তাদের বসিয়ে দেওয়া হচ্ছে বা ছাটাই করে দেওয়া হচ্ছে এবং এই বয়সে, এতদিন কাজ করার পর তারা কোথায় যাবে এই সমস্যা দেখা দিয়েছে। ১৯৬৯ সালে তারা এই নিয়ে মিছিল করে ডেপুটেশন নিয়ে, জ্যোতিবাবু তখন স্বরাষ্ট্র মন্ত্রী ছিলেন তাঁর কাছে এরা গিয়েছিলেন, তিনি পুলিশ নিয়ে তাদের ছত্রভঙ্গ করে দেন এবং অনেককে গ্রেপ্তার করা হয়। তারপর মুখ্যমন্ত্রী শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় তাদের ব্যাপারটা শোনেন এবং শুনে বলেন যে এক বছরের বেশী যাদের আছে তাদের বসিয়ে দিও না। কিন্তু অনবরত এই সব চলছে এবং সম্প্রতি একটা অর্ডার জারি হয়েছে গত ১৩ তারিখে। সেই অনুযায়ী প্রায় ৫০০ জন ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্সের লোককে বসিয়ে দেওয়া হবে যারা তিন বছর থেকে আরম্ভ করে ১০ বছর পর্যন্ত কাজ করেছে। আজকে তাদের বসিয়ে দেওয়া হবে। তারা কোথায় যাবে তার কোন স্থিরতা নেই। পুলিশে নেবার কথা আছে কিন্তু তাদের বেশীর ভাগকে নেওয়া হয় না। এই অবস্থাতে তারা স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়ের কাছে ২০শে জুন তারিখে একটা ডেপুটেশন দেয়, তিনি বলেন আমি দেখছি। তারপর আবার ৭ তারিখে একটা ডেপুটেশন দেয় মুখ্যমন্ত্রীর কাছে এবং তিনি তাদের সেই কাগজের উপর লিখে দেন যে ওদের ডিসমিস্যাল স্থগিত রাখতে আপাততঃ দু মাস, আমরা সমস্ত জিনিসটা বিবেচনা করে দেখি। আমি ছিলাম সেখানে। কিন্তু তা সত্ত্বেও অর্ডার গেছে ১৩ তারিখে, অর্থাৎ পরশুদিন ৫০০ জন ডিসমিস্ড হয়ে যাবে। সেই জন্য আমি এটা দৃষ্টি আকর্ষণ করছিলাম গভর্ণমেণ্টের এবং গভর্ণমেণ্টের তরফ থেকে এখানে আমাদের পার্লামেণ্টারী মিনিষ্টার যদি জিনিসটা জরুরী মনে করেন, তাহলে তিনি যদি এটা স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেন তাহলে আমরা আনন্দিত হবো।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি একটা নো ম্যান্স ল্যাণ্ডের কথা আপনাদের জানাবো। সেই নো ম্যান্স ল্যাণ্ডটা কিন্তু বেশী দূরে নয়, বেহালার খুব কাছাকাছি জুহুরাবাজার। এখানে প্রায় হাজার দশেক লোক বাস করেন কিন্তু এরা বেহালা মিউনিসিপ্যালিটি বা কোন ইউনিয়ন বোর্ডের অধীনে নয়। এরা যে কার আওতারে সেটা স্থানীয় অধিবাসীরাই জানে না। এরা কাউকে ট্যাক্স দেন না এবং কেউ এখানকার ডেভলপমেণ্টের কাজও করেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই নো ম্যান্স ল্যাণ্ডের খবরটি মন্ত্রী মহাশয়দের কাছে পৌঁছে দিচ্ছি, দয়া করে তাঁরা ব্যবস্থা যদি করেন তাহলে বাধিত হবো।

**শ্রীমতী ইলা রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা জরুরী ঘোষণার প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঘোষণাটি হলো পৌরপ্রতিষ্ঠান সম্বন্ধে, এখানে

পৌরমন্ত্রী উপস্থিত নেই তবুও আপনার মাধ্যমে আমি এই সভায় প্রশ্ন করছি, পৌরপ্রতিষ্ঠান সেটা সেবা প্রতিষ্ঠান, সেখানে আজকে আপনি যদি বৃহত্তর কলিকাতা শহর দেখেন তাহলে দেখবেন চারিদিকে প্রচণ্ড জঞ্জালের স্তূপ, সেখানে জনসাধারণ প্রচণ্ড দুর্গন্ধের ভিতর দিয়ে জীবন-যাপন করছেন। আমার মনে হয় যদি এইভাবে চলে তাহলে আমাদের স্বাস্থ্য নষ্ট হয়ে যাবে। তাই আপনার মাধ্যমে বারে বারে এই কথা আমি বলতে চাই পৌরমন্ত্রীকে যে পৌরপ্রতিষ্ঠান যেন ভাল ভাবে তাদের দায়িত্ব পালন করেন। এই সমস্ত জঞ্জাল যেগুলি পল্লীতে পল্লীতে জমে উঠেছে সেখানে যা দরকার সেগুলি করতে হবে। তারপর হাই-ড্রেন করা, তারপর রয়েছে গঙ্গাজলের ব্যবস্থা, যা এখন নাই যার ফলে রাস্তাঘাটে প্রচণ্ড ময়লা হচ্ছে এবং সেখানে সব সময় যান-বাহন চলাচল করছে আর তাদের খুবই অসুবিধা হচ্ছে। আপনি জানেন স্যার, কাগজে দেখেছেন যে কলিকাতা শহরের কয়েকটি এলাকায় কলেরা দেখা দিয়েছে, আমার মনে হয় আপনারা যদি এর প্রতি নজর না দেন তাহলে মহামারী দেখা দেবে। তাই এই জরুরী ব্যাপারটা আপনার মাধ্যমে আমি সভায় পেশ করছি, দুঃখের বিষয় যে আমাদের পৌরমন্ত্রী এখানে উপস্থিত নাই। বারে বারে আমি এই বিষয়ে পৌরমন্ত্রীকে জানিয়েছি এবং করপোরেশনের অফিসারদের জানিয়েছি, কিন্তু তার কোন উত্তর আমি পাইনি। আমাদের এখানকার পৌরসভার দায়িত্ব সরকার আমাদের হাতে কিছু দিয়েছেন, সেই জন্য এইটাতে আমার নিজেরও কিছু দোষ থেকে যাবে বলে মনে করে আমি জানিয়েছিলাম।

**শ্রীমহম্মদ দেদার বক্স :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার বিভিন্ন রেজিস্ট্রী অফিসে যে সমস্ত লোক দলিলের নকল করেন, তাদের দুঃখ সম্বন্ধে আমি বলব এবং সেই বিষয়ে আমি বিধান সভার বিভিন্ন সদস্যদের, মাননীয় মন্ত্রী মণ্ডলীর এবং সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই যে যারা বিভিন্ন রেজিষ্ট্রী অফিসে দলিলের নকল করেন—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন একবার বন্যা হচ্ছে এবং একবার খরা হচ্ছে, কাজেই লোকের আর্থিক অবস্থা খারাপ হয়ে পড়ছে, যার ফলে জমি জায়গার বিশেষ কেনা-বেচা নাই, ফলে তাদের কাজও বেশী নাই। সেখানে নিয়ম হচ্ছে বেশী দলিল হলে তবে তারা বেশী পয়সা পাবে, যার ফলে তারা এই অল্প আয়ের দ্বারা সংসার চালাতে বা ছেলে-মেয়েদের শিক্ষা দিতে পারে না, এমন কি খেতে পর্য্যন্ত পায় না। সেই জন্য আজকে যাতে এদেরকে সরকারী কর্ম্মচারী হিসাবে গণ্য করা হয় এবং তাদের যাতে স্থায়ী চাকুরী হয় তার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখছি। সেটা হচ্ছে গত ১লা মার্চ ১৯৭১ সালে রাজ্য সরকার শ্যামাদাস বৈদ্য শাস্ত্রপীঠকে গ্রহণ করেছেন। সেখানে গত ৭ দিন ধরে এ, এস, এফ কোর্সে এবং এম, এ, এস, এফ কোর্সের এ্যাডমিশনের জন্য ফর্ম বিক্রয় হয়েছিল, কিন্তু গত ৬/৭/৭২ তারিখে জি, ও, নং—মিডি/৩৬৮৮/এ—২৪/৪২ হেলথ সেক্রেটারীর স্বাক্ষরিত চিঠি কলেজে আসায় এ্যাডমিশন ফর্ম দেওয়া বন্ধ এবং এ্যাডমিশন বন্ধ হয়ে গিয়েছে। এখানে দুই বছরে ৫০টি করে ছেলেকে এ্যাডমিশন দেবার জন্য ফর্ম বিলি করা হচ্ছিল, কিন্তু সরকারের ঐ চিঠির পর সেখানে ভর্ত্তি করা বন্ধ হয়ে গিয়েছে এবং সেখানে সরকার থেকে বলা হয়েছে সিট-এর এরেঞ্জমেন্ট বেশী করা হবে এবং আরও ৫০টি ছেলেকে এ্যাডমিশন দেওয়া হবে। কিন্তু ঐ আয়ুর্বেদ কলেজে আরও ৫০টি ছেলেকে বেশী করে নেবার মত কোন রকম ব্যবস্থা নাই এবং সেখানে সরকার কর্তৃক গৃহীত হবার পর

আজ পর্য্যন্ত কোন উন্নতি হয়নি। আমি আপনার মাধ্যমে তাই বিভাগীয় মন্ত্রীমহাশয়ের কাছে দাবী করছি যে তিনি যেন অবিলম্বে এই যে ছাত্র ভর্তির সমস্যা দেখা দিয়েছে এইটার প্রতি নজর দেন।

[2-30—2-40 p.m.]

**শ্রীঅজিতকুমার পাঁজা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যকে আমি জানাতে চাই যে শ্যামাদাস বৈদ্য শাস্ত্রপীঠে যে অর্ডার গিয়েছিল সে সম্বন্ধে ছেলেরাও আমার কাছে পিটিশান করে। গতকাল সেটার এ্যাড-ইণ্টেরিম স্টে অর্ডার দেওয়া হয়েছে এবং ছেলেরা গিয়ে ভর্ত্তি হতে পারবে।

**শ্রীললিত গায়েন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি পশ্চিমবাংলার একমাত্র রাস্তা সেটা ভি, আই, পি, রোড যেখান দিয়ে শ্রমিক, মজুর থেকে আরম্ভ করে বহির্বিশ্বের মহান মহান নেতারা যাতায়াত করেন। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় আমি সেখান দিয়ে গতকাল আসবার সময় দেখলাম ৯৮টা ল্যাম্প পোস্টের লাইট নেই। অথচ লক্ষ লক্ষ টাকা খরচ করে লাইট পোস্ট লাগান হয়েছে কিন্তু এখন তা জলছে না। আশা করবো ঐ দপ্তরের যে মন্ত্রী আছেন, তিনি অবশ্য এখন এখানে নেই, যত তাড়াতাড়ি সম্ভব ওই লাইট পোস্টগুলোর লাইট যাতে জলে উঠে তার ব্যবস্থা করবেন।

**শ্রীহেমন্ত দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আমাদের সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন মেদিনীপুর জেলার রামনগর এবং এগরা থানায় দুবদা খাল কাটার কাজ আরম্ভ হয়েছে। এরজন্য ওই দুটো থানায় ৮শ একর জমি এ্যাকুয়ার করা হয়েছে। দুশো একর জমিতে খাল কাটা হয়েছে। কিন্তু আমি দেখতে পাচ্ছি সেখানকার লোকদের কোন টাকা দেওয়া হয়নি, তাদের বাস্তুভিটে থেকে তুলে দেওয়া হয়েছে, অথচ তাদের ষ্টাকচারের টাকা দেওয়া হয়নি এবং ওই যে জমিতে কাটা হয়েছে এরজন্য টাকা দেওয়া হয়নি। তার ফলে তারা অসুবিধায় পড়েছে। তারা অন্য জায়গায় বাস্তুভিটে সংগ্রহ করতে পারেনি এবং এই বর্ষাকালে বিনা বাস্তুভিটেতে আছে। স্টেট মিনিস্টার সুনীতি চট্টরাজ, শ্রীগৌতম চক্রবর্ত্তি প্রভৃতি গিয়ে দেখে এসেছেন। মন্ত্রী বলেছিলেন যে এরা সমস্ত টাকা পাবে। কিন্তু বহু আবেদন-নিবেদন করা সত্ত্বেও এবং আমি ওই ডিপার্টমেন্টে গিয়ে ঘোরাঘুরি করেছিলাম এদের টাকা দেওয়া হয়নি। উপরন্তু মন্ত্রীমহাশয় বলে এসেছিলেন এদের যাদের ঘরবাড়ি গিয়েছে তাদের জন্য ড্যাবল ক্রপ বা ট্রিপল ক্রপ-এর বীজ এগরা রামনগরে দেওয়া হবে এবং ইলেকট্রিফিকেশানের ব্যবস্থা হবে। কিন্তু এখনও পর্য্যন্ত কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নি। এইজন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরবীন্দ্রনাথ বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৬৮ সালের যে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এই সম্পর্কে আমি আমার বক্তব্য আপনার মাধ্যমে সভার সামনে রাখবো। ১৯৬৮ সালে যেসব মাধ্যমিক

বিদ্যালয় মঞ্জুরীপ্রাপ্ত হল ১৯৭১ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত তাদের কিছুই দেওয়া হল না। একটু আগে অনুদান সম্পর্কে প্রশ্নোত্তরের সময় আমরা কথাবার্তা শুনছিলাম। জুনিয়ার স্কুলে যেখানে একশো, একশো দশ টাকা দিতো এবং গভর্নমেণ্ট সাড়ে ৫৭ টাকা দিতো—দুটো যোগ করলে ১৫৭ টাকা আট আনা পেতো। কিন্তু যেই স্কুল উচ্চ মাধ্যমিক করা হল, দুটো ক্লাস যোগ করা হল, আরও ছেলে স্কুলে এলো তখন তার বেতন দাঁড়ালো কত, না স্কুলের ছাত্র বেতনের উপর বেতন দেওয়া হল, ৫০ টাকা ৬০ টাকা তাই হিসাব করে আপনাদের সামনে অবস্থা রাখতে পারছি। আগে একটা স্কুলের মঞ্জুরী দেওয়া হতো দুশো বা আড়াইশো ছেলের ভিত্তিতে যদি কোন অনুদান দেওয়া হয় দুশো ছেলের উপর তিন টাকা করে তাহলে তিন দু গুনে ৬ শ, ৭ শো বা ৮ শো টাকা হয় এবং এই টাকা যদি পাওয়া যায় তাহলে ১০/১২ জন ষ্টাফ মেনটেন করতে গেলে ৫০ বা ৬০ টাকার বেশি মোটেই পড়ছে না। এই দুরবস্থার সম্মুখীন হয়ে তাঁরা ৩১শে মার্চ অবধি আছেন। ৬ হাজার টাকা অনুদান পেলেও কোন শিক্ষক ৮০।৮৫ টাকার উপরে যেতে পারছেন না। এইবার মাত্র ৮০ টাকা দেওয়া হয়েছে। আমি বলবো, আমি গতবারে প্রশ্ন করেছিলাম ১৯৬৮-৬৯ এবং ১৯৬৯-৭০ কোন অনুদান দেওয়া হবে না বলা হয়েছিল। ১৯৭০-৭১ সালের জন্য এডুকেশান মিনিষ্টার মহাশয়ের কাছে বক্তব্য রেখেছিলাম। আমি আশা করবো তিনি ১৯৭০-৭১ সালের জন্য কিছু অনুদান মঞ্জুর করবেন।

**শ্রীনরেশচন্দ্র চাকী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যদিও তাঁকে কোন দিনই office-এ দেখা যায় না প্রশ্নোত্তরের সময়ে বা mention-এর সময়ে, তবুও আপনার মাধ্যমে আশা করি কথা পৌঁছাবে। রানাঘাট পৌরসভার কর্মচারীরা আজ ২ দিন হল অনির্দিষ্ট কালের জন্য ধর্মঘট সুরু করেছেন। এখানে এক লক্ষ লোক বাস করে। service latrine থেকে সুরু করে অনেক রকম সমস্যা আছে। এর ফলে সেখানে একটা গুরুতর পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং স্বাস্থ্যহানি হবার আশঙ্কা দেখা দিয়েছে। রাস্তায় জঞ্জালের জন্য লোকের যাতায়াতের অসুবিধা হয়েছে। এটাকে কেন্দ্র করে একটা গুরুতর আইন শৃঙ্খলা হানির সম্ভাবনা দেখা দিয়েছে এবং গুরুতর সংঘর্ষের সম্ভাবনা দেখা দিয়েছে। অবিলম্বে এবিষয়ে হস্তক্ষেপ করে এক লক্ষ লোককে বাঁচাবেন এবং এবিষয়ে যাতে একটা সুষ্ঠু সমাধান হয় তার ব্যবস্থা আশা করি মন্ত্রী মহাশয় করবেন।

**শ্রীশিশিরকুমার সেন :** স্যার আপনার মাধ্যমে আমি পরিবহণ মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা বলতে চাই। আমার লক্ষ্য আছে কোলকাতা ও শহরগুলিতে যাত্রীদের কিছুটা পরিবহণের সুবিধা আছে। কিন্তু মফঃস্বল বা গ্রামাঞ্চলের যেসমস্ত traffic চলাচল করে তার কোন সুষ্ঠু ব্যবস্থা নেই। আমার হাওড়া জেলার বাগনান-শ্যামপুর, বাগনান-কমলপুর বাস রুটের কথা বলব। অর্থাৎ Route No. 67 and 68। এই দুটো রুটে ১২।১৪ হাজার লোক যাতায়াত করে। এখানে ২০ থেকে ২২টা বাস আছে। এগুলি সব 12 Sitted Bus। এ বাসগুলোর মধ্যে ১০।১৫টা বাস প্রায়ই breakdown হয়ে পড়ে থাকে এবং তাতে যাত্রীদের দুদশার সীমা থাকে না। ৫-৫৫।৬-৪৫এর train যাত্রীরা বাগনানে গিয়ে নাবলেই গিয়ে দেখে যে ৫০০।১০০০ লোক দাঁড়িয়ে আছে। সে সময় কোন বাস সেখানে থাকে না। এ সম্পর্কে বিভাগীয় মন্ত্রী ও দপ্তরের কাছে আবেদন নিবেদন করা সত্বেও তাঁদের বাস বৃদ্ধি করার কোন পরিকল্পনা তাঁরা নিচ্ছেন না। তাই আপনার মাধ্যমে তাঁর কাছে নিবেদন করছি যে ৬৭-৬৮নং বাসের যাত্রীদের দুরবস্থা দূর করার জন্য যেন অবিলম্বে ব্যবস্থা নেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্যার, আসানসোল মহকুমা সদর হাসপাতালটি একটি গুরুত্বপূর্ণ হাসপাতাল। সেখানে কমপক্ষে ১৫ থেকে ২০টি দুর্ভাগ্যজনক কেস হয়। কিন্তু এইসমস্ত রুগীদের রক্ত দেবার কোন ব্যবস্থা নেই। রক্ত ৬০ মাইল দূর বর্ধমান থেকে আনতে হয়। এর ফলে অনেক লোকের মৃত্যু হয়ে যায়। সঙ্গে সঙ্গে বলব পুরুলিয়া সদর হাসপাতালেও কোন Blood Bank নেই। এর ফলে সেখানকার রোগীর রক্তের প্রয়োজন হলে রাঁচী যেতে হয়। সেখানেও আবার অনেক সময় পাওয়া যায় না। সে জন্য ঐ দুটি জায়গায় Blood Bank করার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅজিতকুমার বসুঃ** স্যার, আমাদের এই Assembly তে গরীব ভাগচাষীদের উপর যে অন্যায় অত্যাচার হয় তার প্রতিকারের জন্য আইন হল। কিন্তু তাদের উপরে এখনও জোতদারদের অত্যাচার চলছে, তার সম্বন্ধে ২।১টি কথা বলতে চাই। আমি বাঁকুড়া জেলায় ওন্দা থানার শালিহাঁন গ্রামের কথা বলছি। সেখানে ১৯৭০ সালে ১৩ই জুন জোতদার ভাগচাষী কালী ঘোষকে হত্যা করে এবং ৩ জনকে জখম করে। তারপর থেকে সেখানে জোতদার, পুলিশ ও আমলারা মিলে এমন অবস্থা সৃষ্টি করেছে যে ভাগচাষীরা চাষাবাস করতে পারছে না।

[2-40—2-50 p.m ]

এতে অনেকে রেকর্ডে ভাগচাষী আছে। কিন্তু তা সত্বেও মোটামুটি সেখানে ১৯৭০ সালে সেই চাষী চাষ করল, কিন্তু সেই ধান তারা ঘরে নিয়ে যেতে পারল না, মাঠের ধান মাঠ থেকে গুণ্ডার সাহায্যে লুটপাট হয়ে গেল। ১৯৭১ সালেও একই অবস্থা। হাইকোর্টে নানা কায়দা-কানুন করে কেস করল, এখন হাইকোর্টের অর্ডার ভেকেটেড হয়ে গেছে, তা সত্বেও সেখানে পুলিশ বসিয়ে ভাগচাষী যাতে চাষ আবাদ করতে না পারে তার চেষ্টা করছে। সেখানে পুলিশ ক্যাম্প বসেছে। অথচ হাইকোর্টের যা কিছু রেসট্রিকসান ছিল সেই সমস্ত রেসট্রিকসান ভেকেটেড হয়ে গেছে। আমি জোতদারের নাম বলছি গুইরাম চট্টোপাধ্যায়, ভাগচাষী হচ্ছে হরিপদ মেটিয়া, টেপু মেটিয়া। আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে এত আইন করা হচ্ছে, এত ভাল ভাল কথা বলা হচ্ছে, মন্ত্রী মহাশয়কে চিনি, অন্ততঃপক্ষে ঐ এলাকার এম. এল. এ. শম্ভুবাবু শুনছি ভাল লোক, কিন্তু তা সত্বেও এই জুলুম জবরদস্তি শোনা যাচ্ছে। এর কি প্রতিকার আছে বুঝে উঠতে পারছি না। যাইহোক মন্ত্রী মহাশয়কে আমি আবার অনুরোধ করছি এর যাতে প্রতিকার হয় তারজন্য চেষ্টা করুন। এটা তাঁর জেলার ব্যাপার এবং মাননীয় সদস্য শম্ভু বাবুকেও বলছি তিনিও অনুগ্রহ করে এইদিকে লক্ষ্য রাখুন যাতে এই ভাগচাষীরা এই বছরে মোটামুটি চাষ আবাদ করতে পারে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি চেয়েছিলাম, সেটা আমাদের সমস্ত সদস্যদের ব্যাপার। আপনি জানেন পরশু রবিবার দিন এখানে আমেরিকান কোম্পানীর ন্যাশান্যাল ক্যাশ রেজিষ্টার সম্বন্ধে যে মেনসান করেছিলাম, আমার এক সদস্য বন্ধু এবং আবদুল বারি বিশ্বাস মহাশয়ও সেই নিয়ে অনেক কথা বলেছিলেন। এই ঘটনার পরে সেই ন্যাশন্যাল ক্যাশ রেজিষ্টার যেটা ঐ আমেরিকান কোম্পানী লকআউট করে দিয়েছে, দিয়ে ম্যানেজারের বাড়ীতে স্যাডো অফিস করে চালাচ্ছে, তারা কর্মচারীরা ডেপুটেশানে এসেছে জেনে একজন কর্মচারীকে সন্দেহ করে তাকে থ্রেটেও করে। কালকে ম্যানেজারের বাড়ী থেকে ৫/৬ জন গুণ্ডা ট্যাক্সি করে এসেছিল, তারা তার বাড়ীতে গিয়ে তাকে প্রচণ্ড মারধোর করে। রায়রাজা তলায় এর বাড়ী।

তারা সেখানে হামলা করল অথচ ও. সি. কে. বলা সত্ত্বেও সেই হামলার প্রতিকার হয় নি। আইন সভায় মেনশান করলে সঙ্গে সঙ্গে তার প্রতিকার না হয়ে হামলা হবে এই জিনিস হলে লোকে আর আমাদের মেনশান করতে বলবে না। এখানে মেনশান হলে সঙ্গে সঙ্গে হামলা হবে অথচ তার কোন প্রতিকার নেই। সেজন্য আমি আপনার অনুমতি চেয়েছিলাম ঘটনাটি রাখবার জন্য।

### Voting on demands for Grants

Demand for Grant No. 22

Major Heads : 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research.

**Shri Abdus Sattar** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,96,31,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads, "31—Agriculture—Agriculture" and "95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research".

(This is inclusive of Rs. 6,32,10,000 already voted on account in March, 1972.)

[2-50—3-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি পশ্চিমবাংলা এক অভূতপূর্ব খরা-দুর্গতির মধ্যে দিয়ে অতিক্রম করেছে। অত্যন্ত অল্প বৃষ্টিপাত এবং বিলম্বিত বর্ষার কারণে গ্রামাঞ্চলে প্রচুর শস্যহানি ও উৎপাদনের ভয়ানক ক্ষতি হয়ে গিয়ে দারুণ বিপর্যয় সৃষ্টি হয়েছে। পাট চাষের ওপরই খরার প্রতিক্রিয়া অত্যন্ত তীব্র আকারে দেখা দিয়েছে। এবং আশংকা করা হচ্ছে যে, পাট চাষের এলাকা শতকরা ৪০ ভাগ হ্রাস পেয়ে প্রায় ৩০ কোটি টাকা মূল্যের ১৫ লক্ষ বেল পাটের ক্ষতি হয়েছে। আউশ ধানের বেলাতেও দেখা যাচ্ছে যে, আউশের মোট জমির শতকরা প্রায় ৫০ ভাগ ক্ষেত্রে সরাসরি বোনা আউশ খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ক্ষতির পরিমাণ প্রায় ৩ লক্ষ টন বলে অনুমান করা যেতে পারে, যার মূল্য ৩৬ কোটি টাকা। বোরো ধান চাষের সম্প্রসারণের যে যে প্রকল্পটি নিয়ে যথেষ্ট আশা জেগেছিল, তাও কিছুটা বাধা পেয়েছে। এই বাবদ বাজার দর মতো ১২.৯৬ কোটি টাকা মূল্যের ১ লক্ষ টন বোরো চাল ক্ষতিগ্রস্ত হয়েছে।

আর্থিক হিসেবে কৃষি উৎপাদনের মোট ক্ষয়ক্ষতির পরিমাণ দাড়াচ্ছে প্রায় ৭৮.৯৬ কোটি টাকা। আমরা সার ক্রয় ঋণ বাবদ ১ কোটি টাকা, গবাদি পশু ক্রয় ঋণ বাবদ ২৮ লক্ষ টাকা এবং অগভীর নলকূপ বসানোর জন্য ২৫ লক্ষ টাকা মঞ্জুর করেছি। কিন্তু এই ক্ষতি পূরণের জন্যে কোন স্থায়ী ব্যবস্থা গ্রহণ করতে খরচ প্রায় ৭৫ কোটি টাকা পড়বে। তবে আমাদের আশু প্রয়োজনীয় অর্থের পরিমাণ ছিল ১৫ কোটি টাকা। এবছরের জুন মাসে এ রাজ্যের খরা-পীড়িত এলাকা পরিদর্শনকারী কেন্দ্রীয় দলের কাছে এই প্রয়োজনীয় অর্থের জন্যে আবেদন করা হয়েছে। কেন্দ্রীয় পর্যবেক্ষণকারী দলের সুপারিশ অনুযায়ী ভারত সরকার ১৯৭২-৭৩ সালের কেন্দ্রীয় সাহায্য বাবদ "কৃষি উৎপাদনের জন্যে স্বল্পমেয়াদি ঋণ" হিসেবে অন্যান্য বিভাগের মতো কৃষি বিভাগকেও ২ কোটি ১৫ লক্ষ টাকা

অনুমোদন করেছেন। তার মধ্যে দুঃস্থ চাষীদের জন্যে স্বল্প মেয়াদী ঋণ হিসেবে ১৫ লক্ষ টাকা দিয়েছেন।

বিগত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত জমির অনেকাংশই এবছর খরাকবলিত হওয়ায় সাম্প্রতিক খরার ক্ষয়ক্ষতি তীব্রতর রূপ নিয়েছে। স্মরণ করা যেতে পারে যে, ১৯৭১-৭২ সালে ব্যাপক বন্যায় ১৩'৫২ লক্ষ একর এলাকার খরিফ ধান সম্পূর্ণভাবে এবং ৭'৬ লক্ষ একরের খরিফ ধান অধিকাংশভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে প্রায় ৮'০২ লক্ষ মেঃ টন চাল নষ্ট হয়েছিল। কেন্দ্রীয় সরকারের ১ কোটি ৫৬ লক্ষ টাকা ঋণের সাহায্যে ৩'০৭ লক্ষ একরে বোরো ধান চাষ সম্প্রসারণের প্রকল্পটি রূপায়িত করা হয়েছে। এর ফলে বাড়তি ৭ ৫ লক্ষ টন চাল উৎপন্ন করে বন্যার ক্ষয়ক্ষতি কিছুটা পূরণ করা সম্ভব হয়েছে।

আনুপাতিকভাবে অত্যন্ত সন্তোষজনক উৎপাদন হার এবং মূল্যবান সমস্ত বোরো ধান চাষের প্রকল্পটির এই সাফল্য দেখে কৃষি বিভাগ বোরো ধান চাষের বিশেষ কার্যসূচীর মাধ্যমে দুবছরের মধ্যে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতার একটি উজ্জ্বল সম্ভাবনাময় প্রকল্প তৈরী করেছেন। ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ এই দুবছরের মধ্যে রূপায়ণের উদ্দেশ্যে রচিত প্রকল্পটির প্রয়োজনে পশ্চিম বাংলায় প্রায় ৩ ২০ লক্ষ হেক্টর অর্থাৎ প্রায় ৮ লক্ষ একর জমি সেচের আওতায় আনার জন্যে মোট প্রায় ৫৫'০০ কোটি টাকা মূলধন বিনিয়োগ করতে হবে। এর ফলে আশা করা যাচ্ছে যে, সেচ প্রকল্পের রূপায়ণ পর্বে সর্বসময়ের জন্যে ৩৮,০২২ জনের এবং আরও ৬০,০০০ জনের আনুষঙ্গিক কর্মসংস্থানের সম্ভাবনা ছাড়াও সারা বছরে গ্রামাঞ্চলে ৬ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। রাজ্য সরকারের পরিকল্পনা ব্যয়-বরাদ্দে এই দুবছরে ক্ষুদ্র সেচ বাবদ ধরা হয়েছে মাত্র ১২'৩৮ কোটি টাকা। অতএব বাড়তি প্রয়োজনীয় এই তহবিলের পরিমাণ ৪২.৬২ কোটি টাকা। এই টাকা রাজ্য সরকারের পরিকল্পনার বাইরে অর্থ সাহায্য দিয়ে মেটাবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানানো হয়েছে। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী এবং কৃষি দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর কাছে আমরা এই কর্মসূচীটি বিগত মাসের শেষভাগে পেশ করেছিলাম। প্রাথমিক প্রতিক্রিয়া খুবই সন্তোষজনক বলা যায়। এবং তার ফলে কেন্দ্রীয় উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ কোলকাতা পরিদর্শন করেছেন ও আমাদের উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে বিস্তৃত আলোচনা করে কার্যসূচীটি পরীক্ষা করে দেখেছেন। পর্যবেক্ষণকারী এই কেন্দ্রীয় দল কার্যসূচীটি সম্পর্কে কেন্দ্রীয় পরিকল্পনা কমিশনের কাছে জোরালো সুপারিশ করেছেন। বিশেষ কার্যসূচীর মাধ্যমে বাড়তি ১ লক্ষ একর জমিতে পাট চাষের এবং বর্তমানে পাটচাষ করা হচ্ছে এমন জমির এক তৃতীয়াংশে পাটের নিবিড় চাষের ব্যবস্থা করে প্রতি একরে ১২৫ বেল হিসেবে ১০ লক্ষ বেল পাটের উৎপাদন বাড়ানো হবে। প্রতি বেলের দাম ২০০'০০ টাকা হিসেবে ১০ লক্ষ বেলের দাম হবে ২০ কোটি টাকা। এবং এর ফলে প্রতি বছর ৮০,০০০ জনের কর্মসংস্থানের সুরাহা হবে।

একথা সন্দেহাতীত যে, কৃষি বিপণন দৃঢ় ভিত্তিক না হলে কৃষি উৎপাদনের কোনো প্রকল্পই ক্ষুদ্র চাষীদের উপকারে আসতে পারে না। বিশ্বব্যাঙ্ক কর্তৃপক্ষ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থাকে (আই, ডি, এ) কৃষিক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের জন্যে ঋণ দিচ্ছেন। বিহার সরকার রচিত একটি প্রকল্পের অনুসরণে পশ্চিম বাংলায় কৃষি বিপণনের সমৃদ্ধির জন্যে ৫০টি নিয়ন্ত্রিত বিপণন শাখা স্থাপনের প্রকল্প তৈরী করে কৃষি মন্ত্রকের কাছে পাঠানো হয়েছে, যাতে ব্যাপারটি বিশ্বব্যাঙ্ক কর্তৃপক্ষ গ্রহণ করেন। কৃষি বিপণনের উন্নয়নের জন্যে প্রতিষ্ঠানিক অর্থের দ্রুত যোগান সুনিশ্চিত করে তুলতে ওয়েষ্ট বেঙ্গল মার্কেট রেগুলেশন এ্যাক্টের (১৯৭০) পরিবর্তন করে নুতুন আইন প্রবর্তনের প্রয়োজন দেখা দিয়েছে। এই প্রসঙ্গে একটি খসড়া বিল তৈরী করা হয়েছে এবং খুব শীঘ্রই বিলটি বিধান সভায় পেশ করা হবে।

প্রাকৃতিক বিপর্যয়ের ফলে কৃষি উন্নয়ন কিছুটা ব্যাহত হওয়া সত্বেও কৃষি বিভাগের উৎপাদন কর্মসূচীর রূপায়ণ যথেষ্ট সন্তোষজনক হয়েছে বলা যায়। তণ্ডুল জাতীয় শস্য উৎপাদনের নিম্নলিখিত বর্ষভিত্তিক তালিকা থেকেই উৎপাদনের ক্রমবর্ধমান গতি এবং সন্তোষজনক অবস্থা সম্বন্ধে নিশ্চিত হওয়া যায়।

| বর্ষ | তণ্ডুলজাতীয় শস্যের উৎপাদন ( লক্ষ টনে ) |
|---|---|
| ১৯৬৬-৬৭ | ৪৯.৫৬ |
| ১৯৬৭-৬৮ | ৫৩.৭৪ |
| ১৯৬৮-৬৯ | ৬১.৩৬ |
| ১৯৬৯-৭০ | ৫৬.৩২ |
| ১৯৭০-৭১ | ৭১.০৭ |
| ১৯৭১-৭২ | ৭৬.০০ ( অনুমিত ) |
| ১৯৭২-৭৩ | ৮০.০০ ( লক্ষ মাত্রা ) |

অধিকতর নিবিড় প্রথায় সার প্রয়োগ, সম্প্রসারিত এলাকায় অধিক ফলনশীল বীজ ব্যবহার, উন্নত ও বৈজ্ঞানিক কৃষিপ্রথা অনুসরণ, সেচশক্তি সম্প্রসারণ ইত্যাদির ফলেই তণ্ডুলজাতীয় শস্য উৎপাদনের এই ক্রমবৃদ্ধি অনেকটা সম্ভবপর হয়েছে।

তণ্ডুলজাতীয় শস্যের পরে অর্থকরী শস্য হিসেবে পশ্চিম বঙ্গে পাটের স্থান খুবই গুরুত্বপূর্ণ। পশ্চিমবাংলায় মোট পাটের জমির শতকরা ৭০ ভাগেরও বেশী জমিতে পাটের চাষ হয় এবং মোট উৎপন্ন পাটের শতকরা ৭৫ ভাগের ও বেশী পাট উৎপাদন হয়। পশ্চিমবাংলার বেশীরভাগ পাটই নিচে জাতের এবং এই পাটই প্রচুর রপ্তানি হয়ে থাকে। পাটজাত দ্রব্যের মাধ্যমে উপার্জিত ২০০ কোটি টাকা বৈদেশিক মুদ্রার শতকরা ৫০ ভাগেরও বেশী পশ্চিম বাংলার পাটচাষীদের অবদান। বৃষ্টিপাতের আবহাওয়াতেই পাট উৎপন্ন হয় এবং প্রাকৃতিক অবস্থার উপরই পাটের উৎপাদন ও পাটের জমির সম্প্রসারণ-সংকোচন নির্ভর করে। বিগত ১৯৭১-৭২ সালে যেখানে ১১.২৩ লক্ষ একর জমিতে পাট চাষ করা সম্ভব হয়েছিল, সেখানে ১৯৭২-৭৩ সালে খরার প্রকোপে মাত্র ৪.৪ লক্ষ একরে পাটের চাষ করা হচ্ছে বলে অনুমান করা হচ্ছে। ভারত সরকার কাঁচা পাটের দাম কুইন্টাল প্রতি ন্যূনতম দর ১১৫ টাকা ধার্য করেছেন। কিন্তু আমরা মনে করি যে, যদি কৃষকদের ন্যায্য দাম দেওয়া হয়, তাহলে প্রাথমিক বাজারে কাঁচা পাটের ন্যূনতম মূল্য প্রতি কুইন্টালে ১৫৩ টাকা হওয়া উচিৎ। কারণ, বিজ্ঞানসম্মত প্রথায় শুধু পাট চাষ করতেই কুইন্টাল প্রতি ১২৭ টাকা খরচ পড়ে। আমরা এখনই ভারত সরকারের কাছে এ বিষয়টি তুলে ধরছি। জুট কর্পোরেশন অব ইণ্ডিয়া সবেমাত্র কাজ সুরু করেছেন এই উদ্দেশ্য নিয়ে, যাতে কাঁচা পাটের দাম বাজারে নির্ধারিত ন্যূনতম দামের নীচে না নামে। এবং এই উদ্দেশ্যে তাঁরা পাট চাষীদের কাছ থেকে সরাসরিভাবে পাট কেনারও ব্যবস্থা গ্রহণ করেছেন।

কৃষি উন্নয়নের যে-কোনো প্রকল্পের প্রধান কথাই হচ্ছে সেচের সম্প্রসারণ। চাষযোগ্য মোট ১৩৭ লক্ষ একরের মধ্যে সেচযোগ্য এলাকার পরিমাণ হলো মাত্র ৪৬.৮৮ লক্ষ একর। সেচ শক্তির

সম্প্রসারণ সম্ভবপর হচ্ছে নদী থেকে জল উত্তোলন প্রকল্প, গভীর নলকূপ প্রকল্প, এবং পাম্প সেট বিতরণের মাধ্যমে। এই রাজ্যে এ পর্যন্ত ১৭৫৬ টি গভীর নলকূপ খনন করা হয়েছে। তার মধ্যে চালু হয়েছে ১৪৪৭ টি। বাকী ২০৯ টির মধ্যে ১৪৪ টি গভীর নলকূপ শীঘ্রই চালু হবে। এ ব্যাপারে পশ্চিম বংগ রাজ্য বিদ্যুৎ পর্ষৎকে খরচ বাবদ যাবতীয় প্রয়োজনীয় অর্থ মিটিয়ে দেওয়া হয়েছে। এ বছর গভীর নলকূপের জন্য সম্ভাব্য ১ কোটি টাকা ব্যয় বরাদ্দের মধ্যে ৩৩ লক্ষ টাকা নির্মাণ কার্য এবং নল বসানো, আভ্যন্তরীণ বিদ্যুৎ সংযোগ ব্যবস্থা ইত্যাদির জন্যে ধরা হয়েছে। বাকী ৬৭ লক্ষ টাকা চালু নলকূপগুলোর মেরামতি ও তদারকির জন্যে ব্যয়িত হবে।

এ পর্যন্ত নদী সেচ প্রকল্পে ৯৪৩ টি কেন্দ্র উচ্চ ক্ষমতা সম্পন্ন ডিজেল ইঞ্জিন ও পাম্পের সাহায্যে চালু হয়েছে। এই নদী সেচ প্রকল্পগুলি বিদ্যুৎ শক্তি চালিত করার একটি কর্মসূচী নেয়া হয়েছে। তার মধ্যে নদী সেচ প্রকল্পের ১০১ টি কেন্দ্র বিদ্যুৎচালিত করার জন্যে ইতিমধ্যেই পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে খরচ বাবদ সমুদয় অর্থ দেওয়া হয়েছে। এই ১০১ টির মধ্যে প্রায় ৪০ টি নদী সেচ কেন্দ্র পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ খুব শীঘ্রই চালু করবেন বলে আশা করা যাচ্ছে। এখন থেকে বিদ্যুতায়নের কাজ আরও দ্রুত এগিয়ে যাবে বলে পশ্চিম বঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ আমাদের প্রতিশ্রুতি দিয়েছেন। বোরো চাষের মাধ্যমে খাদ্যে স্বয়ম্ভরতা লাভের জন্যে ক্ষুদ্র সেচের বিশেষ কার্যসূচী রূপায়ণ বাবদ ভারত সরকার যদি ৪২.৬২ কোটি টাকা মঞ্জুর করেন, তাহলে রাজ্যের বিভিন্ন জেলায় প্রচুর গভীর নলকূপ এবং নদী সেচ প্রকল্প কেন্দ্র স্থাপিত হবে।

অনুমান করা যেতে পারে যে, প্রায় ৩১,০০০ অগভীর নলকূপ এবং পরিস্রাবক (ফিলটার পয়েন্টস্) এ পর্যন্ত বসানো হয়েছে। এবছর সরকারী ঋণের টাকায় ৩৭৫০ টি অগভীর নলকূপ বসানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। সেচের ক্ষেত্রে অগভীর নলকূপ নির্ভরযোগ্য ও কম খরচের বলে সরকারী সাহায্য ও বহিঃ প্রতিষ্ঠানিক অর্থ সাহায্যের মাধ্যমে এ জাতীয় ক্ষুদ্র সেচ ব্যবস্থার আওতাতেই সংশ্লিষ্ট অঞ্চলের সমৃদ্ধি ঘটানোর উদ্যোগ নেয়া হচ্ছে। কিন্তু দুর্ভাগ্যবশতঃ বাণিজ্যিক ব্যাঙ্কসমূহের কাছ থেকে এ বিষয়ে যথেষ্ট উৎসাহজনক সহযোগিতা পাওয়া যায়নি।

বংগীয় পুষ্করিণী সংস্কার বিধি, ১৯৩৯, অনুসারে এবছর ১৫০টি মজা পুকুর সংস্কারের প্রস্তাব করা হয়েছে। ক্ষুদ্র সেচের অনেকটাই ভূগর্ভস্থ জলের ব্যবহারের ওপর নির্ভরশীল বলে কৃষিবিভাগ ভূগর্ভস্থ জল এবং মাটির উপরের স্তরের জল পর্যবেক্ষণ সংস্থার পরিচালনায় অনুষ্ঠিত পর্যবেক্ষণ কার্যাদির রূপায়ণে ও সাহায্যে যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

কৃষি উৎপাদনের সমৃদ্ধিতে সার একটি অন্যতম গুরুত্বপূর্ণ অংগ। কিন্তু যথাসময়ে ও যথেষ্ট পরিমাণে সারের যোগান না থাকায় কৃষকরা বহুল পরিমাণে সার ব্যবহার করতে পারছে না। ১৯৭১-৭২ সালে আমাদের প্রয়োজনীয় প্রায় ৪ লক্ষ টন সারের জায়গায় মাত্র ২.৭২ লক্ষ টন সার বিতরণ করা হয়েছে। গত বছর আমাদের আমদানীকৃত সারের প্রয়োজন ছিল ১.৬৭ লক্ষ টন। কিন্তু রাজ্য সরকার পেয়েছিল মাত্র ৩০,০০০ টন। এই রাজ্যে সারের যোগান ও ব্যবহারের উন্নতির জন্য কৃষি বিভাগ সার্বিক ব্যবস্থা গ্রহণ করেছেন। দুর্গাপুরে ভারতীয় সার সংস্থাটিতে উৎপাদন সুরু হবার সংগে সংগে সার সরবরাহ ব্যবস্থার উন্নতি হবে বলে আশা করা যায়।

একথা ঠিক যে, অধিক ফলনশীল গম ও বোরো ধানের আওতায় এ রাজ্যে জমির সম্প্রসারণ খুবই বেশী হয়েছে। উন্নত জাতের গমের চাষ ১৯৬৫ সালে মাত্র ১ লক্ষ একর জমিতে হয়েছে,

যা ১৯৭১-৭২ সালে বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ১০'১২ লক্ষ একরে। উন্নত জাতের বোরো ধানের জমিও তেমনি ১৯৬৫ সালের ৭৪,০০০ একর থেকে বেড়ে গিয়ে ১৯৭১-৭২ সালে ৬'৩৭ লক্ষ একরে এসে পৌঁছেছে। তবে এর অর্থ এই নয় যে ব্যবসায়িক শস্যোৎপাদনের উন্নয়নের জন্যে যথাযথ গুরুত্ব দেওয়া হয়নি।

[3-00—3-30 p.m. including adjournment ]

ভারত সরকার পাট চাষের জন্যে একটি নিবিড় কর্মসূচী অনুমোদন করেছেন। এই কর্মসূচীর লক্ষ্য বছরে ৬২,৫০০ একরে পাট চাষ করা। তাছাড়া, এ রাজ্যের তৈলবীজ আমদানীর ব্যাপারে অন্য রাজ্যের উপর নির্ভরতা কমানোর প্রয়োজনে চীনা বাদাম ও সরষের উৎপাদন বাড়ানোর জন্যেও উদ্যোগ নেয়া হয়েছে। প্রতিশ্রুতিপূর্ণ আরেকটি তৈলবীজ শস্য হচ্ছে সূর্যমুখী। অনেক জায়গায় এর হেক্টর প্রতি উৎপাদন এক টন দেখা গেছে। এই তৈলবীজ শস্যের চাষ এলাকা সম্প্রসারণের জন্যে একটি প্রদর্শন কার্যসূচী রূপায়ণের পথে। ২৪-পরগণা, হাওড়া, মেদিনীপুরের সেচবিহীন, পুরুষানুক্রমে চাষের অযোগ্য ও নোনা অঞ্চলে দীর্ঘ আঁশের তুলো চাষের জন্য পশ্চিমবাংলার কৃষি বিভাগ সম্প্রতি একটি প্রশংসনীয় কার্যসূচী হাতে নিয়েছেন। আশা করা যাচ্ছে যে, এবছর প্রায় ১৯,০০০ হেক্টর জমিতে তুলো চাষ হবে।

কৃষি ঋণ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রয়োজনীয় বিষয়। সমবায় সমিতিকে কৃষি ঋণদানে অধিকতর উৎসাহিত করে তুলতে ১৯৭২-৭৩ সালের ব্যয় বরাদ্দের ৪৩'৫০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে, যাতে কেন্দ্রীয় ভূমি বন্ধকী ব্যাংক থেকে ঋণপত্র ক্রয় করা যায়।

কৃষি বিষয়ক বিভিন্ন কার্যের রূপায়ণে অর্থনৈতিক সাহায্য দানের বিষয়ে বাণিজ্যিক ব্যাংক সমূহের সঙ্গে সহযোগিতা করার যথেষ্ট চেষ্টাও করা হচ্ছে, যাতে ব্যাংক সমূহের ঋণ কৃষকদের মধ্যে অধিকতর সহজলভ্য হয়।

পরিকল্পনার অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ এবং কেন্দ্রীয় সাহায্য প্রাপ্ত প্রকল্প ছাড়াও রাজ্য পরিকল্পনার বাইরে একাধিক বিশেষ কার্যসূচীও গ্রহণ করা হয়েছে, যাতে বিশেষ কতগুলো অঞ্চলের চাহিদা মেটানো যেতে পারে। দার্জিলিং, পশ্চিম দিনাজপুর ও হুগলী জেলায় একটা করে ক্ষুদ্র কৃষক উন্নয়ন প্রকল্প নেয়া হয়েছে। পরিকল্পনাকালে এ জাতীয় প্রতিটি প্রকল্পের জন্যে কেন্দ্র ১'৫০ কোটি টাকা মঞ্জুর করেছেন। এই সমস্ত প্রকল্পগুলির জন্যে এখনও পর্যন্ত মঞ্জুরীকৃত মোট ৬৫'৪৮ লক্ষ টাকার মধ্যে ৩৭'১০ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে।

ক্ষুদ্র চাষী উন্নয়ন প্রকল্প ছাড়াও বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় দুটি করে প্রান্তিক কৃষক ও কৃষি মজুরদের স্বার্থে পরিকল্প গ্রহণ করা হয়েছে। পরিকল্পনা চলা কালে প্রতিটি এ জাতীয় পরিকল্পের জন্যে ১ কোটি টাকা করে ব্যয় বরাদ্দ কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন। মঞ্জুরীকৃত ২৪'২০ লক্ষ টাকার মধ্যে ৪'৫৪ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে। প্রান্তিক চাষী ও কৃষি মজুরদের প্রকল্প দুটির প্রতিক্ষেত্রে গ্রামীণ কর্মসংস্থানের ও সাহায্যের জন্য ২০ লক্ষ টাকা রাখা হয়েছে। এ ব্যাপারে প্রয়োজনীয় প্রকল্প ইতিমধ্যেই রচনা করা হয়েছে এবং খুব শীঘ্রই তা রূপায়িতও হবে। ক্ষুদ্র চাষী উন্নয়ন প্রকল্প, প্রান্তিক চাষী ও কৃষি মজুরী সম্পর্কিত পরিকল্পের কার্যের অগ্রগতি আধিকারিক ও কর্মীর ঘাটতি, ক্ষুদ্র চাষী নির্ণয়ের অসুবিধে এবং জমি স্বত্বের নির্ভুল ও হাল সন পর্যন্ত দলিল পাওয়ার অসুবিধের জন্যে

প্রথম অবস্থাতে খুব মন্থর হয়েছে। যদিও সম্প্রতি কাজের গতি কিছুটা বেড়েছে, তবু বাণিজ্যিক ব্যাংকগুলো যদি আরো বেশী করে এ কাজে এগিয়ে আসেন এবং সহযোগিতা করেন তবেই একমাত্র এ কাজ সফল হতে পারে। আর তাহলেই এই প্রকল্পের চূড়ান্ত উপযোগিতা উপলব্ধি করা যাবে। সমবায় ঋণ সংস্থা সমূহের আর্থিক ও সাংগঠনিক দুর্বলতাও এই প্রকল্পের অগ্রগতি ব্যাহত করছে।

পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের খরা পীড়িত অঞ্চলের জন্যে খরা অঞ্চল কার্যসূচী ( ডি. পি. এ. পি ) কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছেন। চতুর্থ যোজনায় এই খাতে কেন্দ্রীয় সরকার অর্থ মঞ্জুর করেছেন ৪ কোটি টাকা। কিন্তু ১৯৭১-৭২ সালে এই অর্থের মধ্যে মাত্র ৩৬·৪১ লক্ষ টাকা খরচ করা হয়েছে। তাই বলাই বাহুল্য যে, এই প্রকল্পের কাজের অগ্রগতি খুব ভালো হয়নি। ভূমি অধিগ্রহণ বিভাগীয় ( ল্যাণ্ড এ্যাকুইজিসন ডিপার্টমেন্ট ) কার্যাবলী মন্থরতা এবং কোন কোন ক্ষেত্রে স্থানীয় জনসাধারণের আপত্তি ও অসহযোগিতার জন্যে এই প্রকল্পের রূপায়ণ বিলম্বিত হয়েছে। বর্তমানে অবশ্য সংকট দূর হয়েছে এবং কাজের গতিবেগও যথেষ্ট বেড়েছে। কৃষি বিভাগ আশা করছেন যে, এই প্রকল্প বাবদ প্রাপ্ত সম্পূর্ণ অর্থই পরিকল্পনাকালের বাকী সময়ের মধ্যেই কাজে লাগান যাবে।

তাছাড়া, বাঁকুড়া-মেদিনীপুরের কংসাবতী প্রকল্পের সেচ অধীন অঞ্চলে ৮ টি রাস্তা ও সংলগ্ন বাজার নির্মাণের এক কার্যসূচীও নেয়া হয়েছে কেন্দ্রীয় সরকারের অর্থ সাহায্যে। ভারত সরকার চতুর্থ যোজনা পর্বে এই কাজের জন্যে ১৫০ লক্ষ টাকা দিতে সম্মত হয়েছেন। এই টাকার ১২৫ লক্ষ টাকা খরচ হবে রাস্তা নির্মাণে এবং বাকী ২৫ লক্ষ টাকা বাজারের জন্যে। বাজারগুলোর মধ্যে বাঁকুড়া জেলার আমডাংগা, সারেংগা, বাসুদেবপুর এবং পাঁচমুড়ায় ৪ টি তৈরী হবে। বাকী ৪ টি বাজার তৈরী হবে মেদিনীপুরের গোয়ালতোর, ঝাঁকড়া, পিরকাটা ও চন্দ্রকোনায়। ঝাঁকড়া ও বাসুদেবপুরের বাজার নির্মাণের কাজ সুরু হয়ে গিয়েছে এবং ভালোভাবেই এগিয়ে যাচ্ছে। ১৯৭১-৭২ সালে মঞ্জুরীকৃত ২৫ লক্ষ টাকার মধ্যে ২০ লক্ষ টাকা পূর্ত বিভাগের কর্তৃত্বাধীনে রাস্তা তৈরীর জন্যে ধরা হয়েছিল এবং বাকী ৫ লক্ষ টাকা ধরা ছিল বাজার নির্মাণের জন্য। এই ৫ লক্ষ টাকার মধ্যে মাত্র ১·৫ লক্ষ টাকা খরচ করা হয়েছিল। এবছর বাজার নির্মাণ বাবদ অনুমিত ব্যয়ের পরিমাণ হচ্ছে ১৫ লক্ষ টাকা। রাস্তার জন্যে গত বছরে খরচ হয়েছে ১৩·১৫ লক্ষ টাকা।

পশ্চিমবঙ্গে শতকরা ৭৫ জন লোক গ্রামে বাস করে। সুতরাং এতে আশ্চর্য হবার কিছু নেই যে, গ্রামের অধিকাংশ মানুষ কৃষির ওপর নির্ভরশীল। গ্রামের মানুষের প্রধান শত্রু দারিদ্র্য, বেকারী ও আধা-বেকারী। এই তিন শত্রু গ্রামের মানুষের ওপর জগদ্দল পাথরের মত চেপে বসে আছে। স্বাধীনতার ২৫ বছর পরেও গ্রামের মানুষ দারিদ্র্যের এই অভিশাপ থেকে মুক্তি পায় নি। অতএব যদি আমরা গ্রামীণ অর্থনৈতিক অবস্থার উন্নতি না ঘটাতে পারি, তাহলে আমরা তাদের এই অভিশাপ থেকে কোনদিন মুক্তি দিতে পারবো না। এবং আমাদের অন্যান্য সব পরিকল্পনাও ব্যর্থতায় পর্যবসিত হবে।

আমার বিশ্বাস, আমরা সবুজ বিপ্লবের মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক ভিত্তিকে মজবুত করতে পারবো। বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ করে এবং উচ্চ ফলনশীল বীজ ব্যবহার করে আমরা গ্রামের মাঠে মাঠে সবুজ বিপ্লব আনতে এবং দেশ থেকে দারিদ্র্য ও বেকারী দূর করতে সক্ষম হবো।

কৃষি বিভাগ যে সবুজ বিপ্লবের কার্যসূচী নিয়েছে, তাকে সফল করার জন্যে আমি দেশের জনগণের এবং আপনাদের সহযোগিতা ও সাহায্য কামনা করি

আসুন, আমরা সকলে সোনার বাংলা গড়ার কাজে ব্রতী হই।

এ কয়টি কথা বলে হাউসের কাছে মঞ্জুরী চাইছি। জয়হিন্দ।

**Mr. Speaker :** There are two cut motions. They are in order and taken as moved.

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nasiruddin Khan that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost

(At this stage the House was adjourned for 20 minutes.)

( After adjournment )

[3-30—3-40 p m. ]

**Shri Pradyot Kumar Mahanti :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই হাউসের সামনে শ্রদ্ধেয় কৃষিমন্ত্রী সাত্তার সাহেব ১৮ কোটি ২৬ লক্ষ ৩১ হাজার টাকার ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন। আমি নীতিগতভাবে এই বরাদ্দের দাবী সমর্থন করতে পারি না বলে কাট মোশন দিয়েছি। সেই কাট মোশনের সমর্থনে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমার বক্তব্য রাখতে চাইছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি যদি কৃষি দপ্তরের মন্ত্রী মহাশয় যে ভাষণ আজকে হাউসের সামনে রেখেছেন,—সেই ভাষণটার খানিকটা পাশে রেখে দিয়ে এই দপ্তরের ইতিহাস পর্য্যালোচনা করেন, তাহলে দেখতে পাবেন—এই কৃষিদপ্তরের ইতিহাস এক অব্যবস্থার ইতিহাস, এই কৃষি দপ্তরের ইতিহাস এক অপচয়ের ইতিহাস, এই কৃষি দপ্তরের ইতিহাস এক বিরাট ব্যর্থতার ইতিহাস। মন্ত্রী মহাশয় গত কয়েক বছরের তুলনামূলক হিসাব আলোচনা করে দেখিয়েছেন তণ্ডুল জাতীয় দ্রব্যের উৎপাদন বছরের পর বছর বেড়েই চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সরকারী হিসেব নেওয়ার পদ্ধতি, সরকারের এই কৃষি দপ্তরের হিসেব প্রধানতঃ নেওয়া হয় গ্রামসেবকের মাধ্যমে। সেই গ্রামসেবকেরা নিজেদের চাকরী বজায় রাখবার জন্য, নিজেদের প্রমোশনের ব্যবস্থা করবার জন্য এলাকায় এলাকায় ঘুরে ঘুরে সব থেকে ভাল উৎপন্ন হয়েছে যে জমিতে তার হিসেব নিয়ে এসে সরকারী দপ্তরে পাঠিয়ে দেয়। সেই হিসেবের সঙ্গে প্রকৃত হিসেবের কোন মিল থাকে না। অতএব মন্ত্রী মহাশয়ের তথ্য সেই হিসেবের উপর নির্ভর করে। আমি মনে করি তিনি যে তথ্য এখানে রেখেছেন, সেই তথ্য প্রকৃত তথ্যের সঙ্গে মিল হতে পারে না। আর যেটুকু কৃষিতে উৎপাদন বেড়েছে পশ্চিম বাংলায়, সেটা সরকারী ব্যবস্থার দ্বারা হয়নি। আপনি জানেন স্যার, কৃষির উন্নতি করতে গেলে, কৃষিতে নিযুক্ত ব্যক্তি যারা—আমরা যাকে চাষী বলি, সেই চাষীর উন্নতি সর্বাগ্রে প্রয়োজন। এই রকম উন্নতি আজকে বলতে বুঝি অর্থনৈতিক উন্নতি। কিন্তু কৃষকের জীবনের ইতিহাস যারা রাখেন, তাদের ঘরের বা সংসারের খবর যাঁরা রাখেন, তাঁরা দেখতে পাবেন—প্রকৃত চাষী যারা, তারা দিনের পর দিন গরিব হতে গরিবতর হতে চলেছে। আগে যাদের ৫ বিঘা জমি ছিল সেটা আর বেড়ে

৬ বিঘা জমি আর হচ্ছে না ; বরং সেই চাষের জমি এক বিঘা দেড় বিঘা করে কমে কমে তারা ক্রমে ভূমিহীন হচ্ছে।

অতএব যেটুকু চাষীদের উন্নতি হয়েছে সে উন্নতি হয়েছে সঙ্গতিপন্ন চাষীদের যাদের সরকারী সাহায্যের প্রয়োজন খুবই কম। আজকে যে ব্যয়বরাদ্দ মন্ত্রী মহাশয় আমাদের সামনে রেখেছেন সেই ব্যয় বরাদ্দে যারা প্রকৃত গরীব চাষী তাদের কল্যাণ যদি না হয় তাদের যদি জমি দিতে না পারি তাদের যদি উন্নতি করতে না পারি তাহলে এই ব্যয়বরাদ্দের দাবী নীতিগতভাবে সমর্থন করার দরকার আছে কিনা সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে বিচার করে দেখতে বলি। চাষের উন্নতি করতে গেলে তিনটি দপ্তরের আজকে সমন্বয় থাকা দরকার। সেটা হচ্ছে ভূমি সংস্কার বিভাগ, সেচ বিভাগ এবং কৃষি বিভাগ। আজকে কৃষি উন্নতির ব্যাপারে আর একটি বিভাগ এসে জুটেছে সেটা হচ্ছে বিদ্যুৎ সরবরাহ বিভাগ। অর্থাৎ এই চারটি বিভাগের সমন্বয় ছাড়া কৃষির উন্নতি হতে পারে না। যদি কোন কৃষি বিজ্ঞানীর সঙ্গে আলোচনা করেন তাহলে দেখবেন যে ভূমি সংস্কারের নামে জমিকে খণ্ড-বিখণ্ড করে দেওয়া হচ্ছে। আজকে ফ্রাগমেন্টেসন অব ল্যাণ্ড হওয়ার ফলে আজকে গরীব চাষীরা যারা সরকারী সাহায্যের উপর নির্ভর করে তাদের কোন ইকনমি হোল্ডিং হচ্ছে না। আজকে পশ্চিমবঙ্গে চাষীদের এমনই অবস্থা যে যাদের ৪০ বিঘা মিনিমাম জমি আছে এবং চাষ করে তারাই দুচার পয়সা লাভ করতে পারে। যাদের ৪০ বিঘা জমির নীচে জমি আছে তারা চাষ করে লাভবান হতে পারছে না। এই ৪০ বিঘা জমির নীচে যারা চাষবাস করে তারা এই চাষকে সেল্ফ প্রপেল্ড অকুপেশন হিসাবে নিতে পারছে না। এবং এই সেল্ফ প্রপেল্ড অকুপেশন হিসাবে চাষকে না নেবার ফলে তারা চাষের দিকে নজর ভালভাবে না দিয়ে নিজেদের সংসার যাত্রা নির্বাহ করবার জন্য, নিজেদের আর্থিক উন্নতি করবার জন্য, ছেলেমেয়েদের লেখাপড়া শিখবার জন্য, নিজেদের ভরণপোষণ চালাবার জন্য, চাষীরা অন্য কাজে চলে যাচ্ছে। তারা এটাকে লাভজনক ব্যবসা বলে মনে করছে না এবং যারফলে উৎপাদন ব্যাহত হচ্ছে—দেশের ক্ষতি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হিসাব করে দেখাতে পারি যে, এক বিঘা জমি কিনতে যদি দেড় হাজার টাকা মূলধন লাগে তাহলে সেই দেড় হাজার টাকায় জমি না কিনে যদি ব্যাঙ্কে রাখি শতকরা ৭ টাকা সুদে তাহলে সেটা জমির চেয়ে লাভজনক হবে। আমি ব্যাঙ্ক থেকে বছরে ১০৫ টাকা সুদ পাবো আর কোনো খরচ না করে। আর জমির ব্যাপারে এক বিঘা জমি দেড় হাজার টাকায় কিনে সেখানে ১৫০ টাকা খরচ করে এক জোড়া গরু নিয়ে লাঙ্গল দিয়ে প্রচুর কষ্ট করে আমি বছরের শেষে পেতে পারি যা পশ্চিমবাংলার গড়পড়তা উৎপাদন অসেচ এলাকায় তা হচ্ছে ১০৫ টাকা। অথচ একটা গরুজোড়া বছরে ১০০ দিনের বেশী কাজ করতে পারে না। আজকে জমিতে লাঙ্গল দিয়ে চাষ করতে গরু ইত্যাদি খরচ চাষের খরচ সমস্ত নিয়ে এক বিঘা জমি চাষ করতে খরচ পড়ে ১২০ টাকা। ১২০ টাকা খরচ করে ১০৫ টাকা পেয়ে চাষীরা কোন লাভ করতে পারে না। এই অবস্থা আজকে পশ্চিমবাংলার চাষীদের দাড়িয়েছে। সরকারী দপ্তর বলছে এবং এটা ঠিক যে চাষের উন্নতি করতে গেলে তাদের সার দিতে হবে, তাদের লোন জোগাড় করে দিতে হবে। বৈজ্ঞানিক পদ্ধতিতে যাতে চাষ করতে পারে তার জন্য যন্ত্রপাতি দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি খোঁজ নিয়ে দেখবেন এবং আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কেও জানাচ্ছি তিনি খোঁজ নিয়ে দেখবেন যেসমস্ত ইমপ্রুভড ইমপ্লিমেণ্টস বিভিন্ন এলাকায় দেওয়া হয়েছে সেগুলি সব অকেজো হয়ে পড়ে আছে।

[3-40—3-50 p.m.]

সেই সমস্ত ইমপ্লিমেণ্ট দেওয়া বন্ধ হয়ে গেছে, সারের সাবসিডি দেওয়া বন্ধ আছে এবং সেগুলি দিনের পর দিন ব্লক অফিসে পড়ে পড়ে মরচে ধরে যাচ্ছে। আর সারের কথা কি বলব, মন্ত্রী মহাশয়

সেটা নিশ্চয় জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তাঁকে বলি পশ্চিমবাংলায় যতটা সারের প্রয়োজন হয় তা পশ্চিমবঙ্গে উৎপাদন হয় না এবং হতে পারে না। পশ্চিমবাংলাকে বাহিরে থেকে সার আনতে হয়। সেই সার যখন বন্দরে এসে নামে নিয়ম আছে তাকে বিব্যাগিং, রিওয়েটিং করতে হবে। কিন্তু কটা বিব্যাগিং, রিওয়েটিং বন্দরে হচ্ছে সে খবর কি কৃষি দপ্তর রাখেন? সেখানে কিছু সমাজবিরোধী লোক, মুনাফাখোর লোক যারা ফাটকাবাজী করে তারা সেই বস্তা ফুটো করে ১০।১২।১৫ কেজি বার করে নিয়ে এক জায়গায় ষ্টক করল এবং তার ফলে সর্ট অনেক বেশী পড়ে গেল। এর ফলে চোরা পথে সেই সমাজবিরোধীরা চুরি করা সার পাচার করে দিল আসাম, দার্জিলিং ও জলপাইগুড়ি চা-বাগানের দিকে। বাংলাদেশ এখন আমাদের সংগে চুক্তিবদ্ধ হয়েছে, আগে যখন চুক্তি ছিল না, তখন জলপথে এগুলি পাচার হত। চাষের জন্য বহু টাকা ঋণ করে যে সার সরকার আনলেন, সরকারী অব্যবস্থার ফলে সেই সার সমাজবিরোধীদের হাতে পড়ে, ফাটকাবাজারীদের হাতে পড়ে, যে সার ধান ও পাট চাষে লাগে তা আসাম, দার্জিলিং ও জলপাইগুড়ির চা-বাগানগুলিতে পাচার হতে থাকলো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হিসাব করে দেখলে দেখতে পাবেন, যে পদ্ধতিতে আমরা চাষ করি, আমাদের কৃষকরা চাষ করেন—চাষী ভাইরা যে লাঙল দিয়ে চাষ করেন সেই যুগ অনেক দিন আগেই আমরা অতিক্রম করে এসেছি। আজও আমরা যে প্রচলিত গরু দ্বারা সঞ্চালিত লাঙল দিয়ে চাষ করি সেই চাষ কখনই লাভজনক হতে পারে না। অতএব চাষকে মেকানাইজ করতে হবে এবং তার জন্য ট্রাক্টর দিয়ে চাষের বন্দোবস্ত করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় হয়ত আমার বক্তব্যের উত্তর দিতে উঠে এই কথা বলবেন যে, মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন মেকানাইজড করবার জন্য, তাতে হয়ত অনেক কৃষি মজুর বেকার হয়ে যাবে। এই কথা ঠিক। আমি স্বীকার করি যে কিছু লোক আমাদের হয়ত বেকার হবে। তাদের বেকারী দূর করতে আমাদের আলাদা পরিকল্পনা করতে হবে। কিন্তু চাষের উন্নতি করবার জন্য, কৃষি সম্পদ বৃদ্ধি করবার জন্য সেই পুরানো পদ্ধতিতে আদ্যিকালের লাঙল দিয়ে চাষ করলে এই কৃষি সম্পদ বৃদ্ধি করা যাবে না। কাজেই তাদের ট্রাক্টর দিয়ে চাষের সুযোগ সুবিধা করে দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই পশ্চিমবাংলায় সরকারী উদ্যোগে ট্রাক্টরের প্রচলন খুবই কম। সরকারী উৎসাহ খুবই কম, যার ফলে দেখা যায় পশ্চিমবাংলায় যে সমস্ত ট্রাক্টর আসছে সেই সমস্ত ট্রাক্টর এখান থেকে পাঞ্জাবের দিকে চলে যাচ্ছে ডোমিসাইলের নামে। পশ্চিমবঙ্গের যে কোটা পাওয়া উচিত তা আসছে ঠিকই, কিন্তু পশ্চিমবঙ্গে তা ব্যবহৃত না হয়ে পাঞ্জাবের দিকে চালান হয়ে যাচ্ছে। পশ্চিমবাংলার কৃষি দপ্তরে এই মেকানাইজড ফার্মিং-এর কোন ব্যবস্থা নেই, ব্লক অফিসে শুধু সরকারী কর্মচারী রাখা হয়েছে। বহু সরকারী কর্মচারী যেমন ডাইরেকটর, জয়েন্ট ডাইরেকটর, ডেপুটী ডাইরেকটর, প্রিন্সিপ্যাল এগ্রিকালচারাল অফিসার, ব্লক ডেভেলাপমেন্ট অফিসার, এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার, এ্যাসিস্ট্যান্ট এক্সটেনসন অফিসার আছেন এবং তার নীচেও হাজার হাজার গ্রাম সেবক আছেন, তারা কি কাজ করেন সেটা তারাই জানেন। তারা কৃষি দপ্তরের লোক। তাদের প্রধান কাজ হল কটি ঘর ভেঙে গেছে তা এনকোয়ারি করা, কটি লোক ডোল পাবে তার এনকোয়ারি করা, কটি জায়গায় টেষ্ট রিলিফের মারফৎ রাস্তা হবে তার ব্যবস্থা করা ইত্যাদি ইত্যাদি। তারা যে অঞ্চলে পোষ্টেড সেই অঞ্চলে চাষ কি করে বৃদ্ধি পাবে, সেই অঞ্চলের চাষীরা কি করে ঋণ পাবে, তারা কি করে রাসায়নিক সার ব্যবহার করবে, সেখানে জল কি করে পাওয়া যাবে, যেখানে ডিপ টিউবওয়েল আছে সেখানে চাষের জন্য কতটা পরিমাণ জল লাগবে সেই ব্যবস্থা নেই, তাদের ব্যবস্থা হল তাদের দপ্তরের কাজ ছাড়াও অন্য দপ্তরের কাজ পরিচালনা করা, তদারকী করা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন যে আমাদের পশ্চিমবাংলায় যতগুলি ব্লক আছে অধিকাংশ ব্লকে Agriculture Extension Officer নেই। এই post-গুলি খালি পড়ে আছে।

াবার যেখানে Extension Officer আছেন এমনকি ব্লকে এবং Agriculture Department-এর ধ্যে সমন্বয় নেই। B. D. O.-এর সঙ্গে Agriculture Extension Officer-এর সঙ্গে বনিবনা াই। দেখা যাচ্ছে Agriculture Extension Officer বলছেন আমি B. D. O.-র Control-এ । আমি কৃষি দপ্তরের লোক আর উনি Development Department-এর লোক। evelopment Department-এর লোকের আমার বিরুদ্ধে C. C. R. দেওয়ার ক্ষমতা নেই। মাকে transfer করা বা আমার বিরুদ্ধে action নেওয়ার ক্ষমতা নেই। আমার উপর Captain রি করবে B D. O. আমি তার কথা শুনতে বাধ্য নই। আমার উপর প্রধানতঃ griculture-এর কাজ করার ভার দিয়েছে তার under-এ place করছি। এই রকম সরকারী ্যবস্থার ফলে ২টি department-এর মধ্যে কথাবার্তা নেই। Agricul ure Extension ficer-এর সঙ্গে কথাবার্তা নেই। File পত্র চালাচালি হচ্ছে, অতএব কাজ হচ্ছে সামান্যই। জকে আপনার মাধ্যমে একথা বলতে চাই, আমাদের যে চাষী, যাকে রাসায়নিক সার দেবেন ই সার কি পরিমাণ ব্যবহার করবে সেটা বলবার কি ব্যবস্থা রেখেছেন, কৃষি দপ্তরের মাধ্যমে গ্রামসেবক ছাড়া। সেজন্য জানিনা, ঐ গ্রামসেবকের উপযুক্ত training আছে কিনা সেটা পনি দেখবেন। যদি ধরে নেওয়া যায় তার training আছে, তার জ্ঞান আছে, কিন্তু তা তারা য়াগ করেনা, কারণ তারা অন্য কাজে ব্যস্ত থাকে। তার ফলে এই রাসায়নিক সার কৃষির পাদন বৃদ্ধির জন্য এমনভাবে প্রয়োগ করা হয় যার ফলে জমির উর্বরতা অনেক কমে যায় বা নভাবে দেওয়া হয় যে চাষের উৎপাদন বাড়েনা। মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে শস্য পাদনের সময় তারা কীটনাশক একপ্রকার ঔষধ দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন Health Department থেকে একটা lincence দরকার হয় যদি কোন বিষাক্ত ঔষধ ঔষধের কানে থাকে, Poison lincence সেই সমস্ত ঔষধের দোকানে থাকে, তার থেকেও মারাত্মক ক্ত ঔষধ এই সমস্ত কীটগুলিকে মারবার জন্য দেওয়া হয়েছে। কাদের না, গ্রামের সাধারণ ler-কে। তাদের হাতে দেওয়া হয়েছে এই সমস্ত বিষাক্ত ঔষধ। যে ঔষধ জমিতে প্রয়োগ ল এমন এমন dose দেওয়া হয়েছে। জ্ঞানের অভাবে একটা চাষী এ নভাবে প্রয়োগ করেছে ফলে পোকাতো মারেনি উপরন্তু অধিক পোকা আস্তে আস্তে immersed হয়ে যাচ্ছে। যুক্ত জ্ঞানের অভাবে এই ঔষধে ভেজাল আছে তা ছাড়াও অপরিণামদর্শী অনেক লোক তারা ্মহত্যা করছে বছরের পর বছর। সেই ঔষধ কিভাবে প্রয়োগ করতে হবে গ্রামসেবকের উপযুক্ত ining না থাকার ফলে এই ঔষধ কৃষিদপ্তর দিয়েছেন পোকা মারার জন্য এবং উৎসাহিত ছেন। সেই ঔষধ পোকা না মেরে গ্রামের গরীব চাষীর মৃত্যুর কারণ হয়ে দাঁড়াচ্ছে। নীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল প্রশ্নের উত্তরে কতকগুলি কথা কৃষিদপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ার সাহেব বলেছেন যে এ বছর deep tubewell করবার কোন সম্ভাবনা নেই। অতএব বৃদ্ধি করবার জন্য ১৯৭২-৭৩ সালে প্রধানতঃ আমাদের নির্ভর করতে হবে shallow tubewell উপর। বক্তৃতা দেওয়া সহজ, মাসের শেষে radio-তে বিবৃতি করা খুব সহজ যে, এতগুলি ewell বসিয়েছি গ্রামবাংলায়। এই shallow tubewell-এর অবস্থা কি? আপনি খোঁজ া দেখবেন যে shallow tubewell দিতে গেলে minimum two একর যার জমি আছে তাকে llow tubwell দেওয়াই বিধান। কিন্তু এমনই কৃষি দপ্তরের অব্যবস্থা, তার সেই দুই একর আছে কিনা এবং সে জমি তার কিনা সেটা দেখবার কোন ব্যবস্থা নেই, যে ব্যবস্থা আছে সেটা পূর্ণ ব্যবস্থা।

0—4-00 p.m.]

যার ফলে জমি নেই, অপরের জমি নিজের নামে দেখিয়ে সরকারের কাছ থেকে স্যালো

টিউবওয়েলগুলো আদায় করে নিয়ে যাচ্ছে এবং সেই স্যালো টিউবওয়েল এর জন্য লোন নেওয়া হচ্ছে সরকারী দপ্তর থেকে। সেই লোনের দ্বারা কি হচ্ছে? দেখা যাচ্ছে এক হাজার থেকে আরম্ভ করে ২৪/২৫ শত টাকা পর্য্যন্ত লোন নেওয়া হচ্ছে, কিন্তু তার বেশীরভাগ টাকা স্যালো টিউব ওয়েলে খরচ না করে আমাদের চাষীরা আজকে খেয়ে যাচ্ছে। তারা খাবে তো, তাদের পেটে প্রচুর ক্ষিদে এবং অভাবে জর্জরিত। এই অভাবের সময় তাদের হাতে হাজার হাজার টাকা লোন তুলে দেওয়া হচ্ছে এবং লোন দেওয়ার সময় এমন কোন তদারকি রাখা হয়নি যার ফলে সেই লোনকে ঠিকভাবে ব্যবহার করতে পারে। যেখানে ৪০০ ফুট স্যালো টিউবওয়েল দিয়ে প্রকৃত জল ওঠার কথা ইঞ্জিনিয়ারের মতে, সেখানে ১০০ ফুট টিউবওয়েল পুঁতে দিয়ে তার সমস্ত টাকা চাষীরা খেয়ে ফেলছে। এভাবে প্রতারণা করছে তারা সরকারী দপ্তরকে। ফলে দেখা যাচ্ছে আমাদের কৃষি দপ্তর ইলেকট্রিক নিয়ে গিয়ে দেখলেন সেখানে ইলেকট্রিসিটি দিলে ইকনমি হবে না, কারণ যেখানে চারশ ফুট দেবার কথা সেখানে ১০০ ফুট দিয়ে রাখা হয়েছে এবং সরকারী দপ্তরে -ব্লকের দপ্তরে কিছু অর্থ দিয়ে ৪০০ ফুট বসানো হয়েছে বলে দেখিয়ে দেওয়া হচ্ছে। কিন্তু প্রকৃত পক্ষে তা হয়নি। যার ফলে স্যালো টিউবওয়েল ব্যবস্থা দ্বারা আমরা প্রধানতঃ কৃষি উন্নতি করবো বলছি তা ব্যর্থ হয়ে যাচ্ছে। এই নীতি দ্বারা, তদারকিতে অব্যবস্থা থাকার জন্য এবং সরকারী দপ্তরে দুর্নীতি থাকার জন্য, ব্লকে দুর্নীতি থাকার জন্য এই সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হয়ে যাচ্ছে। অতএব আমি সারের ব্যবস্থা করতে পারলাম না, জলের ব্যবস্থা করতে পারলাম না, ইমপ্রুভড লাঙ্গলের ব্যবস্থা করতে পারলাম না, চারিদিকে এই অব্যবস্থার জন্য আজকে আমরা কি দেখছি, না, চাষীরা দিনের পর দিন গরীব হতে চলেছে, চাষের কোন উন্নতি বিধান হচ্ছেনা। বিশেষ করে ভূমি রাজস্ব দিনের পর দিন বাড়ছে, বাড়ুক তাতে ক্ষতি নেই, চাষীরা হাসি মুখে সেই খাজনা দেবে যদি তারা দেখে যে সেই চাষ থেকে খাজনার থেকেও তারা বেশী লাভ করতে পারছে, উন্নতি করতে পারছে। আমাদের দিতে হচ্ছে চ্যানেল ট্যাক্স, ডিপ টিউবওয়েল ওয়াটার ট্যাক্স, ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট ট্যাক্স, আবার নূতন কদিন আগে আইন হয়েছে যদি কমপ্যাক্ট এরিয়াতে কিছু জমি থাকে তার জন্য সারচার্জ দিতে হবে। অথচ সরকারী দপ্তর থেকে যে সাহায্য পাওয়া যায়, সেই সাহায্য আমাদের গ্রামের চাষীদের কাছে পৌছায় না। সেদিক থেকে আমি সরকারকে বলবো আপনার মাধ্যমে যে, এই দপ্তর যদি চাষের উন্নতি করতে না পারে, যদি চাষীদের কল্যাণ করতে না পারে, যদি চাষের বৃদ্ধির জন্য কোন যোগান না দিতে পারে, তাহলে এই খাতে আর বরাদ্দ করার কোন প্রয়োজন আছে কি না, আমাদের এই ব্যয়বরাদ্দ পাশ করবার কোন নীতিগত অধিকার আছে কি না আপনার মাধ্যমে প্রশ্ন করি এবং এই প্রশ্ন করে আমি বলতে চাচ্ছি যে পশ্চিমবাংলায় যদি চাষের উন্নতি করতে হয় তাহলে ভূমি সংস্কার বিভাগকে এবং এই কৃষি বিভাগকে এবং এই সেচ বিভাগকে এবং নূতন করে যোগ হয়েছে এই বিদ্যুৎ সরবরাহ বিভাগকে একসঙ্গে নূতন দৃষ্টিভঙ্গী দিয়ে প্রকৃত যে টাকা আমরা বরাদ্দ করবো, সেই টাকা খরচ হচ্ছে কি না, সেই টাকা আমাদের চাষের কল্যাণে লাগছে কি না, সেই টাকার দ্বারা যে কর্ম্মচারী রাখা হয়েছে, সেই কর্ম্মচারীরা প্রকৃতভাবে কাজ করছে কি না তা না হলে এই বরাদ্দ দেওয়া মানে কেবল মাত্র কতকগুলো সরকারী কর্ম্মচারীকে পোষা। মন্ত্রী মহাশয়ের আর একটা দপ্তর বাড়ানো, অন্যান্য দপ্তরের সঙ্গে আর একটা কৃষি দপ্তরে জুড়ে দেওয়া, এই ব্যয়বরাদ্দ দেবার কোন স্বার্থকতা নেই, এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দের প্রতিবাদ করছি, বিরোধীতা করছি এবং আমার কাটমোশানকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅহিন্দ্র মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট বক্তব্য রেখেছেন,

আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি এবং এর সঙ্গে এই কথা মনে করছি, আজকের দিনে এটা একটা আশা ও আনন্দের কথা যে কৃষির উপর যথেষ্ট গুরুত্ব দেওয়া হচ্ছে। এই রকম কৃষির উপর গুরুত্ব যদি আমরা অতীতে দিতে পারতাম, অন্ততঃ যতটা আশা করা গিয়েছিল, তাহলে আজকে জাতীয় জীবনে যে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে, সে সংকট আমাদের পশ্চিমবাংলার ৪॥ কোটি মানুষকে বিপর্যস্ত করে দিয়েছে এবং দিচ্ছে এখনও, এটা ঘটতো না।

খাদ্যের মূল্য ও সেই সঙ্গে যুক্ত অন্যান্য পণ্যদ্রব্যের মূল্য যাতে বৃদ্ধি না পায়, তার জন্য আমাদের কৃষিনীতির প্রতি যে সতর্ক ও সজাগ দৃষ্টি থাকা উচিত ছিল, দুঃখ এবং দুর্ভাগ্যের কথা তা হয়নি। ফলে ক্রমাগত মূল্যবৃদ্ধি ঘটতে ঘটতে আজকের অবস্থা চরম সীমায় এসে পৌঁচেছে।

কৃষির অনগ্রসরতা বা পিছিয়ে থাকা শুধু যে শিল্পের পক্ষে ক্ষতিকর তাই নয়, কৃষির সঙ্গে শিল্পের ইন্টার সেকটরাল রিলেশন আছে, কৃষির উন্নতি হলে শিল্পেরও উন্নতি হয়। যেহেতু ভারতবর্ষের অর্থনীতিতে কৃষি এবং শিল্পের যুগ্ম উৎপাদন ব্যবস্থা অতীতে ছিল সেই ব্যবস্থাকে সম্পূর্ণ অগ্রাহ্য করে, অতীতের সেই ইতিহাসকে সম্পূর্ণ অস্বীকার করে স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত যে কৃষি নীতি অবলম্বিত হয়ে এসেছে তা অত্যন্ত ভুল, অত্যন্ত ত্রুটিপূর্ণ এবং যার ফলে শুধু খাদ্যের উপর নয়, শিল্পের উপরও প্রচণ্ড আঘাত এসেছে এবং যার ফলে আজকে ভয়াবহ বেকার সমস্যার সৃষ্টি হয়েছে এবং খাদ্য ঘাটতির দিক দিয়ে রেকর্ড সৃষ্টি হয়েছে। আমি ঘাটতির হিসাব দিচ্ছি,—সংক্ষিপ্ত হিসাব এবং খুব সংক্ষেপেই দিচ্ছি কারণ সময় খুবই কম। আমাদের পশ্চিমবাংলার মানুষকে আজকে চাল, ডাল, গম, তেল ইত্যাদি বাইরের রাজ্য থেকে আমদানী করে খেতে হয়। এই ঘাটতিটা সৃষ্টি করেছিলেন আদি কংগ্রেসের মাননীয় প্রদ্যোতবাবুর গুরুদেবরা—তারা যখন ক্ষমতায় ছিলেন তখন কৃষিতে তারা কি পরিমাণ গুরুত্ব দিয়েছিলেন সেটা হিসাব থেকেই বোঝা যাবে। ১৯৫০ থেকে '৫৫ সাল-এ খাদ্যশস্য আমদানী করা হয়েছিল ৫৩৩ হাজার মেট্রিক টন। তারপর '৫৫ থেকে '৬৯এ করা হয়েছিল ৭৬১·৪ হাজার মেট্রিক টন, '৬০ থেকে '৬৪ ঠিক যখন প্রদ্যোতবাবুর আদিকংগ্রেস নেতারা ক্ষমতায় আসীন তখন খাদ্যশস্য বাইরের রাজ্য থেকে পশ্চিম বাংলায় আমদানী করা হয় ১১৫১ হাজার মেট্রিক টন, এবং '৬৫ থেকে '৬৯ সালে খাদ্য আমদানী করতে হয়েছিল ১৩৩৬ হাজার মেট্রিক টন। আমদানীর পরিমাণ বরাবরই বেড়ে গিয়েছে। খাদ্য ঘাটতির পরিমাণ যত বেড়েছে আমাদের অর্থনীতির অগ্রগতি তত বেশী পিছিয়ে গিয়েছে এ কথা অনস্বীকার্য্য। এখানে আইটেম বাই আইটেম, ডাল, তেল, আলু ইত্যাদি আমরা উত্তরপ্রদেশ, বিহার, মাদ্রাজ থেকে যে পরিমাণ এনেছি তার হিসাব দেবার সময় হবে না। আমি যে কথা বলেছি, কৃষির যে গুরুত্ব সেটা বুঝতে পারলে আমাদের অর্থনীতি এই রকম বিপর্যস্ত হত না। আমাদের প্রথম পরিকল্পনায় কৃষির উৎপাদন বাবদ যে বরাদ্দ ছিল সেটা হচ্ছে মোট বরাদ্দের শতকরা মাত্র (সাড়ে চার) ৪॥ ভাগ, আর ২য় পরিকল্পনায় সেটা আরও কমে গিয়ে দাঁড়াল কত—না শতকরা মাত্র ৩·৩ ভাগ। এর পর ৩য় পরিকল্পনায় প্রথম তিন বছরে শতকরা মাত্র ৬ ভাগ যেখানে কৃষি জাতীয় জীবনের একটা গুরুত্বপূর্ণ বিষয়, যেখানে কৃষি সমগ্র অর্থনীতিকে উৎসাহিত করতে পারে, উজ্জীবিত করতে পারে, যে দেশ কৃষি নির্ভর দেশ সেখানে কৃষির জন্য যে বরাদ্দ ছিল সেই দেয় বরাদ্দের সম্পূর্ণ তারা ব্যয় করতেও পারলেন না। তারা ব্যয় করলেন '৫১ থেকে '৫৬ সাল এই পিরিয়ডে শতকরা ৮৯% আর '৫৬ থেকে '৬১ সালে ৮৭·৮%, আর পারলেন না। '৬১ থেকে '৬৪ ৩য় পরিকল্পনার প্রথম তিন বছরে যে কাজ চালু হয়েছিল সেই তিন বছরে ৩১%।

তাহলে এটা কি একটা শোচনীয় ব্যর্থতা নয়? আজকে যদি নতুন ইতিহাস সৃষ্টি করতে হয় তাহলে এই সব ঔদাসীন্য এই সব অবহেলা, বরাদ্দ অর্থ ব্যয় করতে না পারার ব্যর্থতার কলঙ্ক ঘোচাতে গেলে সম্পূর্ণ নতুন দৃষ্টিভঙ্গির দরকার। আমি আশা করব আমাদের কৃষিমন্ত্রী সেই দৃষ্টিভঙ্গির পরিচয় দেবেন। এখানে টাকার অঙ্কে হিসাব করলে আমলাতন্ত্রের শোচনীয় ব্যর্থতার নজীর মিলবে। কৃষি উৎপাদন খাতে করেছে কি—না প্রথম পরিকল্পনায় বরাদ্দ করা হয়েছিল ৩·২৫ কোটি টাকা, ব্যয় করা হয়েছে ৩·৪১ কোটি টাকা। আর ২য় পরিকল্পনায় ৫·২৩ কোটি টাকা আমাদের বরাদ্দ ছিল আর ব্যয় করা হয়েছে ৩·৭২ কোটি টাকা, বাকি টাকা তারা ব্যয় করতে পারেননি।

এর পরিণাম কি হয়েছে? চাল, ডাল, গম, আলু, তেল, তুলো ইত্যাদি অপরিহার্য বস্তুগুলির জন্য পশ্চিমবাংলার অসহায় নির্ভরশীলতার ফলে মুনাফাবাজ ব্যবসায়ীরা আমদানীর সূত্রে যদৃচ্ছ মূল্যবৃদ্ধির সুযোগ পেয়েছে। দুরন্ত ক্ষয়রোগের মত সমাজের ও অর্থনীতির সকল স্তরে ছড়িয়ে পড়ে এক ভয়াবহ সঙ্কটের সৃষ্টি করেছিল।

তবুও সরকারী আমলতন্ত্রের চৈতন্যোদয় হয়নি, হয়নি তৎকালীন জাতীয় নেতাদেরও।

তাই, তৃতীয় পরিকল্পনায় যেখানে ১৯৬১-৬৬ সালের মধ্যে আমাদের বরাদ্দ ১১·৭৭ কোটি টাকা, সেখানে তারা ব্যয় করতে পেরেছেন প্রথম তিন বছরের মধ্যে ৪·১৭ কোটি টাকা মাত্র। সুতরাং আজকে আমি বলবো অতীতের ভুল ভ্রান্তির কথা মনে রেখেই, হতাশার উর্ধে আমাদের উঠতে হবে। যেহেতু হতাশা একটা সংক্রামক ব্যাধির মতো রোগ যা জনজীবনে ছড়িয়ে পড়ে এবং যা আমাদের কার্য্যক্রমকে বানচাল করে দিতে পারে, ব্যর্থ করে দিতে পারে। আমাদের এই বাজেটকে রবীন্দ্রনাথের আখ্যা অনুযায়ী এই নিকট ভবিষ্যতের কবি রূপে কল্পনা করা যাবে। যেখানে কবিগুরু তাঁর এই আশা ব্যক্ত করেছিলেন, "কিষাণের জীবনের শরিক যে জন, কর্মে ও কথায় সত্য আত্মীয়তা করেছে অর্জন, যে আছে মাটির কাছাকাছি, সে কবির বাণী লাগি কান পেতে আছি।" মাননীয় কৃষিমন্ত্রীকে রবীন্দ্রনাথের স্বপ্ন ও আশার কথা স্মরণ করিয়ে দিয়ে এই বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-00—4-10 p.m.]

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে কৃষিখাতের ব্যয় বরাদ্দ গ্রাণ্ট নম্বর ২২ এই সম্পর্কে আমি কিছু বক্তব্য রাখছি। প্রথমেই এই বক্তব্য রাখার আগে মাননীয় সদস্য মিঃ মহান্তি কয়েকটি কথা বলেছেন এবং সেই কথা থেকে একটা নীতির কথা উঠেছে। তাহলে কৃষি আমরা কোন দিকে নিয়ে যাবো? কিন্তু আমি যে পার্টির সদস্য তার সাথে ওঁর পার্টির মতের সঙ্গে সম্পূর্ণ বিপরীত। তিনি দুটো কথা বলেছেন একটা হচ্ছে জমির ৪০ বিঘের কম থাকলে চাষীকে বাঁচানো যাবে না। আর একটা কথা বলেছেন যান্ত্রিক খামারের দিকে যদি কৃষিনীতি না নিয়ে যাওয়া যায় তাহলে কিছুতেই কৃষির উন্নতি হতে পারে না। এই দুটি কথার জবাব দেওয়ার দরকার। নিশ্চয় আমাদের কৃষিনীতি কি হবে, বর্তমানে কোন জায়গায় কাজটা আরম্ভ করছি সেটা দেখা দরকার। আমার মনে হয় এটা ১৯৭২ সাল, ১৯৬৯ সালে আমাদের কেন্দ্রীয় মন্ত্রী সুব্রহ্মনিয়াম সাহেব ছিলেন, তিনি একটা কথা বলেছিলেন, স্ট্যাগনেসন ইন এগ্রিকালচার তিনি সামগ্রিকভাবে এই কথা বলেছিলেন। আমাদের স্ট্যাগনেসন ইন এগ্রিকালচার অর্থাৎ কৃষিতে অচল

অবস্থা এই কথাটা বলেছিলেন এবং আজকে ১৯৬৯ সালে যদি অচল অবস্থা থাকে ১৯৭২ সালে ডেমোক্রেটিক এ্যালায়েন্স করলাম, এতেও একেবারে অচল অবস্থাকে সম্পূর্ণ সচল করতে পারবো না। সেই দিক থেকে অচল অবস্থা কোথায় ছিল, কতদূর এগুলো সেইসবগুলো একটু বিচার বিশ্লেষণ করা উচিত। সেইজন্য দেখা দরকার ফোর্থ প্ল্যানে যে টারগেট আছে সেই টারগেট সম্পর্কে আমরা গত দু বছরে কতটা এগুতে পেরেছি। সারা ভারতবর্ষে খাদ্যশস্য যেখানে ১২৯ মিলিয়ন টনএর কথা সেখানে ১১২ থেকে ১১৪ তে এগিয়েছি। এটার অবশ্য আরও কয়েক বছর বাকি আছে। তবু পাটের ক্ষেত্রে যেখানে ৬০ লক্ষ টন মিলিয়ন, ৪০ লক্ষ ৪০ হাজার কথা ছিল সেখানে ১৯৭১-৭২ সালে ৬ মিলিয়ান ৪০ পাউসেণ্ডের প্রায় কাছাকাছি এসেছি।

উন্নত বীজের ক্ষেত্রে যদিও ২৫ হাজার million hector জমিতে উন্নত বীজ দেওয়া যায় কিন্তু সেটা ১৯ হাজারের মত এসেছে। Multiple Cropping 9·5 হয়েছে। সেখানেও আমরা খুব বেশী এগুতে পারিনি। তেমনি soil conservation, রাসায়নিক সার ব্যবহারের ক্ষেত্রেও এগুতে পারিনি। এরকমভাবে যতটা এগুনো দরকার ততটা পারিনি। সেজন্য সামগ্রিকভাবে দেখতে গেলে stagnat in agricujture সেটা সারা ভারতবর্ষে সেই stagnant-কে ভেঙ্গে কিছু কিছু এগুচ্ছে। পশ্চিমবাংলার ক্ষেত্রে আমাদের চিন্তা করতে হবে আমাদের অর্থনীতি কি? এখনও পর্য্যন্ত আমাদের অর্থনীতি নির্ভর করছে কৃষির উপরে যেটা কয়েক বছর আগে ৫১'২ ছিল সেটা আজ ৪৯'৫ হল। সেজন্য মূলতঃ কৃষি অর্থনীতির উপরে আমাদের দেশ নির্ভর করে, তখন নিশ্চয় সর্বাগ্রে কৃষি উন্নতির প্রয়োজনীয়তা এসেছে। কিন্তু সেটা কোন পথে হবে? তিনি একটা পথ দেখিয়েছেন, আমাদেরও একটা পথের কথা আছে। আমাদের পথ হচ্ছে ভূমি সম্পর্কে একটা পরিবর্ত্তনের পথ। সেই ভূমি সম্পর্কে পরিবর্ত্তন করার ক্ষেত্রে এতদিন যারা সরকারে ছিলেন তাঁরা বিশেষ কিছু এগোননি। যেমন আমাদের এখানে প্রায় ৯ লক্ষ একর উদ্বৃত্ত জমি সেটা আবাদযোগ্য জমি, সেই জমি কৃষকদের দেবার ক্ষেত্রে মাত্র ৩ লক্ষ একর দিয়েছেন। কাজেই আমরা এটা বিশ্বাস করি যে machanised farm-এর উপর আমাদের কোন বিশ্বাস নেই। আমাদের গ্রামের মধ্যে উৎপাদনের শক্তি হচ্ছে ক্ষেতমজুর, ভাগচাষী, তাদের যদি জমি দেওয়া যায় তাহলে উৎপাদনের জোয়ার তারা বইয়ে দিতে পারবে। সেখানেও ছোট ছোট জমি দিলে সেই জমি হয়ত রাখা যাবেনা। সেজন্য সেখানে machanised farm-এর পরিবর্তে আমাদের যে পথ সেটা হচ্ছে ২০।২৫ বিঘা জমির মালিক থেকে নীচে ১ বিঘা পর্য্যন্ত জমির মালিককে নিয়ে সমবায় করা হবে। Machanised farm হচ্ছে ধনতন্ত্রকে সম্পূর্ণরূপে কবজা করতে দেওয়া। তাই আমাদের বিকল্প প্রস্তাব হচ্ছে ধনতন্ত্রের পরিবর্তে সমবায়কে শক্তিশালী করা। এই রকম দুটো দিকের মধ্যে কোন দিকে আমরা যাব? সেদিক থেকে যদিও ত্রুটি বিচ্যুতি আছে তবুও আমাদের কৃষিমন্ত্রি যে বক্তব্য রেখেছেন তাতে এরকম একটা অচল অবস্থার ক্ষেত্রে তিনি একটা নূতন পথের দিকে যাবার চেষ্টা করছেন এবং সমবায়কে শক্তিশালী করার কথা বলেছেন। সেটা আর কিছু নয় সেটা হচ্ছে private sector-এর সঙ্গে পাব্লিক sector-এর একটা প্রতিযোগিতার কথা বলেছেন। এরকম কিছু কিছু নূতন পথের দিকে তিনি যাবার চেষ্টা করছেন বলে তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এখন পশ্চিমবাংলার উৎপাদন ক্ষেত্রে ভূমি সম্পর্ক ছাড়া আর একটা যেটা দরকার সেটা হচ্ছে সেচ। সেচের ক্ষেত্রে আমাদের এটা দেখা উচিত যে পশ্চিমবাংলায় বড় বড় project যেগুলি করেছি বা করছি তার দ্বারা আমরা কোন কিছু সম্প্রসারণ করতে পেরেছি কি না বা আরও তাকে ব্যবহার করে অধিক জমিতে আমরা সেচের জল দিতে পেরেছি কি না। এদিকে যদি দৃষ্টিভঙ্গী যায় তাহলে প্রথমেই ওঠে D.V.C.-র কথা।

[4-10—4-20 p.m.]

তিনি বলেছেন যে ৩ লক্ষ না কত একরে এবারে বোরো ধান করেছেন। মাননীয় সেচমন্ত্রী একটা প্রশ্নের যে জবাব দিয়েছিলেন তাতে দেখেছিলাম ৩ লক্ষ ৮১ হাজার না কত যেটা উনি বলেছেন তার মধ্যে খালি বড় বড় প্রকল্পগুলি থেকে ডি. ভি. সি. কংসাবতী এবং ময়ূরাক্ষী থেকে এবারে জল দিয়েছেন এবং আনুমানিক ৪।৫ থেকে ৫ লক্ষ টন এই বড় প্রকল্প অঞ্চলে বোরো ধান হয়েছে। এখন আমাদের সামনে যে পথ সেটা হচ্ছে আমরা ছোট ছোট উৎপাদনের দিকে যাব, না বড় উৎপাদন সম্প্রসারিত করব। সেদিক থেকে এর প্রতিফলন কি—আমাদের কৃষিমন্ত্রি ফকুরুদ্দিন আলি সাহেব আজকে একটা বক্তৃতা দিয়েছেন, সেই বক্তৃতায় তিনি ভবিষ্যতে কৃষি কোন দিকে যাবে সেকথা বলেছেন। তিনি বলেছেন যে আমাদের দেশে যে বেকার সমস্যা, বিশেষত গ্রামীণ বেকার সেই বেকার সমস্যা সমাধানের ক্ষেত্রে আমরা মনে করি ঐ ইণ্ডাষ্ট্রির দিকে যদি যাই তাহলে আমরা খুব অসুবিধায় পড়ব এবং তিনি ওয়ার্নিং দিয়েছেন He warned that in the next decade the development of industrial sector would replace man by machine. মানুষের বেশী প্রয়োজন হবে না, মেসিনের প্রয়োজন হবে, Consequently placing the onus, the employment should be on agriculture and agro-industries, এর উপর জোর দিয়েছেন। অসংখ্য বেকার, এদের কোথায় নিয়ে যাবেন, যেক্ষেত্রে বলছেন ইণ্ডাষ্ট্রিকে ডেভেলপ করে আমরা বেকার সমস্যা সমাধান করতে পারব না, কেননা বর্তমান যান্ত্রিক যুগে নতুন যন্ত্রপাতি আবিষ্কারের ফলে বেকার সমস্যা বেড়েছে, সেজন্য কৃষির দিকে নিয়ে যাবেন, সেদিকে তিনি গাইড লাইন দিয়েছেন। উনি বলেছেন ৪০ বিঘা না হলে হবে না। যদি আমরা ডবল ক্রপিং করতে পারি, যদি ইরিগেশানের ব্যবস্থা করতে পারি তাহলে নিশ্চয়ই অল্প জমিতে উৎপাদন বাড়বে, সংসারের আয় বাড়বে, লোকে কাজও পাবে। আমি যে কন্সটিটিউয়েন্সি থেকে এসেছি সেখানে এবারে ৪০ ভাগ জমিতে ডবল ক্রপিং হয়েছে। গ্রামে ক্ষেতমজুর যারা ৮ মাসের বেশী কাজ পায় না এবারে ৪০ ভাগ জমিতে জল দেওয়ার ফলে আরো দেড় মাস কাজ পেয়েছে। এই হচ্ছে পথ। ছোট জমির পরিমাণ কমাতে চেয়েছেন, মিঃ মহান্তি যেটা একত্রিত করতে চেয়েছেন, আমরা পরিবার ভিত্তিক সিলিং পছন্দ করি না। আমরা একথা বলব ডাবল ক্রপিং, ইরিগেশান, এক্সটেনসান ফেসিলিটি দিতে হবে। বড় বড় প্রকল্পগুলিকে কাজে লাগাতে পারব না কেন। ডি. ভি. সি. পরিকল্পনা, অনেক এক্সপার্ট আছেন, অনেক পুরান সদস্য আছেন, যাঁরা জানেন সেখানে ৭টি ড্যাম করার কথা ছিল। এই ৭টি ড্যামের মধ্যে ৪টি ড্যাম হয়েছে। আমরা জানি আরো দুটি ড্যাম যদি তৈরি করান যায় তাহলে আমন ফসলের সময় ৯ লক্ষ একরের মধ্যে ৭ লক্ষ একর জমিতে জল দেওয়া যাবে। এটা আমাদের রাজ্যে নয়, এটা অন্য রাজ্য বিহারের সঙ্গে সংশ্লিষ্ট। কাজেই অন্য রাজ্যের স্বার্থ এখানে আছে, সুতরাং এখানে একটা কন্ট্রাডিকসান আছে। সুতরাং আমাদের পশ্চিমবঙ্গের যে রাইট সেটা আদায় করতে হলে আমাদের বলিষ্ঠভাবে রাখা দরকার। আমি বলব কয়েক দিনের মধ্যে পূর্বাঞ্চলীয় সংস্থার সম্মেলন হবে, আমি মুখ্যমন্ত্রীর কাছে রাখছি যে পশ্চিবঙ্গের সেচ ব্যবস্থার উন্নতির জন্য আরো একটা ড্যাম করার কথা যেন বলা হয় যে ড্যাম করলে বিহারের স্বার্থে আঘাত লাগবে এমন কি সেটা কেন্দ্রীয় সেচমন্ত্রীর মতামতের বিরুদ্ধে যাবে। সেজন্য বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে আমাদের স্বার্থে এই ধরনের কাজ করা উচিত।

কাজেই সামগ্রিকভাবে এই জিনিস আনা উচিত। দ্বিতীয় কথা হচ্ছে, সারের ক্ষেত্রে আমরা দেখছি সার পাওয়া যাচ্ছেনা। কাজেই এইদিকে আপনারা দৃষ্টি দিন। তারপর যতবেশী ইনটেনসিভ কালটিভেসনের দিকে আমরা যাব ততবেশী বিজ্ঞানের প্রয়োগ করতে হবে। সেইজন্য বলছি

শিক্ষাক্ষেত্রে আমাদের এ্যাপ্লাইড সয়েল কেমেষ্ট্রিটাকে যেখানে ইনটেনসিভ কালটিভেসন হচ্ছে সেইসব জায়গায় বিশেষ করে বর্দ্ধমান ইউনিভারসিটিতে এটাকে একটা সাবজেক্ট হিসেবে রাখা উচিত। তারপর কল্যাণী ইউনিভার্সিটিকে পিওরলী এগ্রিকালচারাল ইউনিভার্সিটি হিসেবে তৈরী করবার প্রয়োজনীয়তা আছে এই সাজেসন রেখে আমি এই বাজেট সমর্থন করছি এবং কৃষিমন্ত্রী মহাশয় কতগুলি বক্তব্য যা তুলে ধরেছেন তারজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

**শ্রীশৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন আগামী ২ বছরের মধ্যে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবে তারজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমার মনে হয় এটা হলে অতীত দিনের মত খাদ্যদপ্তর বা কৃষি দপ্তরকে আর কঠোর সমালোচনার সম্মুখীন হতে হবে না। তবে একটি কথা তাঁর বিবেচনার জন্য আমি তাঁর কাছে রাখতে চাই এবং সেটা হচ্ছে কিছুদিন আগে একটা খবর বেরিয়েছিল যে, উত্তর প্রদেশের কোন একটা বাজারে এফ সি আই চাষীদের কাছ থেকে ৩৭ টাকা দরে চাল কিনছিল কিন্তু বাজারে আমদানী অনেক হবার জন্য এবং এফ সি আই-র গুদামে অনেক চাল জমে যাবার জন্য তারা চাল কেনা বন্ধ করল এবং তার ফলে চাষীরা সেই চাল ২৫ টাকা দরে বিক্রি করতে বাধ্য হল। এতে আমরা দেখছি অতি ফলনের সমস্যা। পাঞ্জাব প্রচুর খাদ্যের ফলন ফলিয়েছে এবং তাদের খাদ্যাভাব দূর হয়েছে। গত কয়েক বছর ধরে অন্যান্য ঘাটতি রাজ্য প্রাণপণ চেষ্টা করছে তাদের উৎপাদন বাড়াবার জন্য এবং তারা সফলও হয়েছে। অর্থাৎ ঘাটতি অঞ্চল আশাতীতভাবে সংকুচিত হয়েছে। এবছর আমাদের ফলন ভাল হয়নি অর্থাৎ এখনও সবুজ বিপ্লব পশ্চিমবাংলায় সম্ভব হয়নি। একটি কথা এই প্রসঙ্গে আমি বলতে চাই এবং সেটা হচ্ছে যতই সেচের জল বেশী দেওয়া হবে, উন্নত প্রথায় চাষ করা হবে এবং সারের ব্যবহার বাড়বে তখন কিন্তু পশ্চিমবাংলায় এই অতি ফলনের সমস্যা আসবে। সেই জন্য আবেদন রাখছি সেদিনের কথা চিন্তা করে শুধু পরীক্ষামূলকভাবে নয়, পুরোপুরি কার্য্যকরীভাবে চাষের পরিকল্পনা করুন। বিশেষকরে তুলো, তামাক, বাদাম, সর্ষে, তিল ইত্যাদি যেগুলি পশ্চিমবাংলায় উৎপন্ন হয়না বললেই চলে সেখানেও যাতে আমরা স্বয়ংসম্পূর্ণ হতে পারি সেই চেষ্টা আপনারা করুন। আর কতগুলি জিনিস পশ্চিমবাংলায় উৎপন্ন হয় যেমন, পাট এবং চা, কিন্তু তার পরিমাণ আরও বাড়ান দরকার এবং সেইজন্য বলছি আরও বেশি জমিতে এগুলি চাষ করবার ব্যবস্থা আপনারা করুন।

[4-20—4-30 p.m.]

**শ্রীঅজিত গাঙ্গুলীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষিমন্ত্রী যেখানে শেষ করেছেন, সেখান থেকে আমি শুরু করতে চাই। সেটা হচ্ছে সবুজ বিপ্লবের কথা তিনি বলেছেন। সবুজ বিপ্লবের কথা শুধু কথা নয়, এর পেছনে যে গভীর তাৎপর্য আছে সেটা হল স্বয়ম্ভরতা। যেটা আমাদের মুখ্যমন্ত্রী তুলেছেন। আমি মনে করি সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে প্রতিক্রিয়াশীলদের বিরুদ্ধে, জমিদার জোতদারদের বিরুদ্ধে যদি লড়তে হয় তাহলে আজকে আমাদের দেশকে খাদ্যে স্বয়ম্ভরতা আনতে হবে। এখন আমাদের উপায় কি? সেই কথাটা আমি গভীরভাবে এই হাউসে চিন্তা করতে বলি। আজ পরিকল্পনা বা রিপোর্ট যদি দেখেন তাহলে দেখবেন সেখানে শুধু অনবরত পরিকল্পনার কথা বলা আছে। এখন দুঃখের সঙ্গে বলতে হবে আমাদের যে অফিসাররা আছে তাদের গালাগালি দেবার জন্য আমি বলছি না—দেশে একটা মানসিকতার সৃষ্টি হয়েছে। They do not understand what is a plan and its programme. It is a problem to us. কেননা শিশু যখন জন্মগ্রহণ করে, মা বোঝেন যে ছেলে বড় হবে, লেখাপড়া শিখবে, বিয়ে দেবেন, ইত্যাদি। এখন

আমাদের যখন প্ল্যান নেওয়া হয় এর সঙ্গে কো-অর্ডিনেশনের কোন ব্যবস্থাই নেই। সেজন্য আমি বলি Agricultural plan becomes a plan in its true sense of the term if the target requires real meaning, validity and sanction only. If the national plan tergets are concretised into a set of specific programme through the village block and district level then the plan are accepted by the farmers as their own communicative with the Government policy. এই তিনটের যদি সংমিশ্রণ হয় তাহলে স্পেশিফিক প্ল্যান প্রোগ্রাম করতে পারি। কিন্তু তা হয় না। রিপোর্টে দেখুন আমরা বলেছি যে আমাদের প্রোডাকশন যা হয়েছে তাতে ফিগার দিয়েছে ১৯৭২-৭৩ সালে ৮০ লক্ষ টার্গেট। এখন বুঝুন আমাদের পপুলেশন হয়ে গেছে চার কোটির উপরে। এতে কমপক্ষে ১১৫ লক্ষ মেট্রিক টন প্রয়োজন আছে। কিন্তু ফিগার যা দেখি তাতে ৩।৪।৫ লক্ষ টন বেড়েছে। তাহলে একে কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যাবে। আর যেটা প্রধান প্রশ্ন যেটা সেটা এখানে আলোচনা করতে চাই। যদিও ডিটেলস ডিসকাসান এখানে হয়ে গিয়েছে কিন্তু অন্য কয়েকটি বিষয়ে আপনার মাধ্যমে আমি বলতে চাই। সেটা হচ্ছে যে টারগেট নিয়ে সাত্তার সাহেব যে লক্ষ্য নিয়ে তিনি এগোতে চাইছেন তার আগে আমাদের ত্রুটি কোথায় সেটা জানাবেন। প্ল্যানের মধ্যে দেখি ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যানে দেখি যে, আমাদের পাকিস্তানের প্রচুর কৃষি যোগ্য জমি চলে গিয়েছে সেইজন্য এখানে পাটচাষ কম হওয়ার জন্য পাটের দিকে আমরা নজর দিলাম প্রায় ১২ লক্ষ একর ধানের জমিতে। জমি উন্নয়নের দিকে তাকালাম না। এখানে যে দুর্ভিক্ষ মন্ত্রী মহাশয়,-এর দলের লোক শ্রীমহান্তি মহাশয় বললেন যে তারা অনেক জমি চান। কিন্তু আমি জিজ্ঞাসা করি তাঁরা কি করেছিলেন। খাদ্যে স্বয়ম্ভরতা আনার প্রয়োজন। কিন্তু ওনারা পাট করলেন। পাট নিশ্চয়ই আমরা করব। পাটের দিকে নজর দেওয়া কেউ বারণ করছে না। কিন্তু ধানের জমি মেরে পাট চাষ করা এ আমাদের দেশে এক অদ্ভুত পরিস্থিতি ঘটেছে। সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে আমরা এগ্রিকালচার ছেড়ে দিলাম ধরলাম ইণ্ডাষ্ট্রি। আমরা বুঝলাম না যে ইণ্ডাষ্ট্রি এবং এগ্রিকালচার যদি ইনট্রিগেট করতে না পারা যায় তাহলে দেশের সর্বনাশ ঘটবে। কারণ কোন দেশ ইভেন ইংল্যাণ্ড মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কৃষির উন্নয়ন যদি না হয়, কৃষির প্রতি যদি জোর না দেওয়া হয়, খাদ্য যদি শ্রমিকরা না পায় তাহলে কাজ করবে কি করে? ইভেন ইংলণ্ডে ল্যাণ্ড রেভেনিউ তারা যা করেছেন তাও বিফোর ইণ্ডাষ্ট্রি। প্রত্যেকটা দেশ এগ্রিকালচারের উপর আগে জোর দেয়। আমাদের নানান কাজ হচ্ছে সেজন্য আমি বলছি যে এরা প্ল্যানের কথা বোঝেন না। প্রোগ্রাম একটা করেছেন কিন্তু তার সঙ্গে প্ল্যানের সঙ্গতি থাকে না।

এখন আজকে যে জিনিস হচ্ছে, আমার বন্ধু অশ্বিনীবাবু বলেছেন, আপনাকে অভিনন্দন জানিয়েছেন, আপনার দৃষ্টিভঙ্গীর দিকে লক্ষ্য রেখে আমিও আপনাকে প্রশংসা করি এবং করতে গিয়েও বলি যে মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে ইন দি ইমপ্লিমেণ্টেশন অব এনি স্কীম, আপনার সংসার চালাতে টাকা দিচ্ছেন না। এই এতবড় আপনি বহন করছেন যদি টাকা না হয়, যদি অর্থ বিনিয়োগ কৃষিশিল্পে না করেন তাহলে কি করে হবে? আপনি যদি লক্ষ্য করে দেখেন দুইরকম ভাবে আমরা টাকা সাহায্য করি কৃষিকে। একটা ইনষ্টিটিউশন যেটা বলেছেন গভর্নমেণ্ট, কো-অপারেটিভ ব্যাঙ্ক, এই সব ইনষ্টিটিউশন, উপাধ্যক্ষ মহাশয়, এর মাধ্যমে জানাই যে কতটুকু দিই তা জানেন? আমরা এখন পর্যন্ত একশত ভাগের সাত ভাগের মতন এই সব ইনষ্টিটিউশন থেকে দিই। আর প্রাইভেট থেকে কত দিই? আত্মীয়স্বজনের কাছ থেকে, মহাজনের কাছ থেকে, জমিদারের কাছ থেকে, বন্ধুবান্ধবের কাছ থেকে ৯২·৭৫ পারসেণ্ট। এখন এই থেকে বুঝতে পারছেন, যে কৃষক আমাদের খাদ্যে স্বয়ম্ভর করবেন

তারা যদি আমাদের কাছ থেকে ৭·৩ ভাগ আর্থিক সাহায্য পায় তাহলে কি হবে ? এই নিয়ে সরকার চিন্তা করছেন সেদিক দিয়ে আমার কোন সন্দেহ নেই। কিন্তু চিন্তা যদি বাস্তবে রূপায়িত করার দিকে আমরা না যেতে পারি তাহলে চিন্তার ফল কি ? আমিত চাই আমাদের দেশের লোক কালিয়া, পোলাও খাক, তাতে কি হবে ? চিন্তা দিয়ে যদি সারা দিন উপোষ করে মানুষ তাহলে সেই চিন্তার প্রয়োজন কি তা দেখতে হবে। আমার যে সম্পদ আছে তাকে আমি কতটা কাজে লাগাতে পারি। আপনি দেখবেন, স্যার, সেভেনটি সেভেন্থ রিপোর্ট লোক সভার এসটিমেট কমিটি যা করেছিল, তাতে তারা বলেছেন যে আমাদের দেশে সব থেকে কম উৎপাদন হচ্ছে খাদ্যে বা কৃষিতে। স্পেন যা করে তার থেকে তার ওয়ান ফোর্থ হচ্ছে আমাদের। জাপান থেকে ওয়ান থার্ড। ইভেন পাকিস্তান থেকে আমাদের কম হয়। এটা বুঝাতে হবে, তাদের থেকে আমাদের দেশ অনেক উন্নত সব দিক দিয়ে। ইন স্পাইট অব দ্যাট এখানে যদি করতে হয় --এখন অনেক পদ্ধতি হয়েছে রিফাইনানসিং কর্পোরেশন, ফার্ম ক্রেডিট কর্পোরেশন, এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রীস কর্পোরেশন হয়েছে তাদের টাকা দিয়ে সাহায্য করবার জন্য। তারপর বলতে পারেন যে এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রীস কর্পোরেশন সম্বন্ধে আপনার অফিসাররা কি বোঝেন তা আমি ভেবে পাই না। আমরা যখন কমিউনিটি ডেভালপমেণ্ট-এর জন্য যাই তখন ওরা বলেন যে কেন আমরা ত স্যালো পাম্প দিচ্ছি ঐ পাম্প সেট আপনারা পেতে পারেন। এখন এই পাম্প সেটে কি হয় তা আমার থেকে আপনি ভাল জানেন। আমার একটা কনষ্টিটিউয়েন্সি, আপনার ২৮০টি কনষ্টিটিউয়েন্সি, পাম্প সেটে কৃষকদের ঠিক করা হচ্ছে ? কিছু কৃষককে বড়লোক করে দেওয়ার সুযোগ হচ্ছে। শুনে খুসী হবেন যারা মিডিল ক্লাস পিজ্যাণ্টস তারাই এই সুযোগগুলি পাচ্ছে। অথচ নামে এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রিস। মাথা খারাপ হয়ে যাবে শুনলে যে আমরা এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রীস করছি কৃষি শিল্পে। আমরা বলি যে ব্লকে ট্রাকটার রাখুন, পাম্প রাখুন, লিফট ইরিগেশন-এ জল নিয়ে আসুন তারপর ফসলের পর আপনি সেস আদায় করে নেবেন তাহলে লোয়ার ষ্ট্রাটা অব দি পেজেণ্ট্রি উপকৃত হবে। আর তা না হলে যারা পাম্প নিচ্ছে তারা ফুল ক্যাপাসিটিতে ইউস করতে পারবেনা। কারণ তাদের জমি সেখানে বেশী নয়। তারা এই জিনিস করে অন্যকে জল দেয়। আমরা কি এইজন্য টাকা খরচ করছি এখানে ? ব্লক থেকে পাম্প দেবো, টাকা দিয়ে পাম্প কিনবে তারা। মেসিনওয়ালারা গিয়ে যে স্যাম্পেল দিয়েছে সেখানে তারা লাল হয়ে গেল। তদন্ত করে দেখুন তারা লক্ষ টাকার উপর রোজগার করেছে, দু'খানা জিপ করেছে। ওরা বলে কৃষকদের যে তোমরা জমি লিখিয়ে দাও আমরা বসিয়ে দেবো। সে আলোচনার সময় এখানে নেই, আমি শুধু আপনাকে বলবো যে এই দিকটা দেখতে হবে। ক্রেডিটের দিকটা যদি আমরা না দেখি তাহলে কৃষক কৃষক বলে কোন লাভ হবে না। দ্বিতীয় কথা এই সাথে আপনাকে বলি যে আপনার ডিপার্টমেণ্টকে বলতে হবে। আমি তাদের একজনকে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বললেন যে আপনি আমাকে গালাগালি দিচ্ছেন কেন ? আমরা এই লাল বাড়ীটায় ঢুকে ফাইল আর বাড়া ছাড়া আর কিছু জানিনা। আমাদের সাথে জনতার কোন সম্পর্ক নেই, শুধু শুধু বকলেও হবেনা। এই যে লাল বাড়ীতে তারা বসেন আর ফাইল চেনেন। আমাদের দেশে একাধিক কৃষকসভা আছে, আমরা যেটা পরিচালনা করি তার জন্য বলছিনা, আপনারা পিপিলস্ পার্টিসিপেশনটা দেখছেন না। সেটার দিকে তাকাতে হবে সেটা আপনাকে বলি।

[4-30—4-40 p m]

সেখানে পাম্প সেট বসিয়ে নয়, আপনি জানেন মিনিষ্ট্রী অব ফুড এণ্ড কো-অপারেশন এণ্ড সায়েণ্টিফিক ডিভেলপমেণ্ট একটা কমিটি বসিয়ে বলেছিলেন যে স্মল ইরিগেশনের জন্য একটা আলাদা কমিটি করুন। এ নিয়ে আমি আপনাকে আর বেশী কথা বলতে চাই না।

আমার থার্ড কথা হচ্ছে—আপনাকে এটা হয় করতে হবে না হয় আমি বিল আনছি আমাকে সমর্থন করতে হবে। সেটা হচ্ছে ক্রপ ইনসিওরেন্স। কোটি কোটি টাকা লোকসান হয়ে গেছে পাঁচ বছরে, আপনি যদি তিন টার্ম মন্ত্রীও হন তথাপি আপনি ক্ষতিপূরণ দিতে পারবেন না। এত ক্ষতি হয়েছে। কৃষকরা কিছুই পায়নি। আপনি ক্রপ ইনসিওরেন্স বিল আনুন, আমি জেনারেল ডিস্কাশনেও বলেছি, এছাড়া আমাদের কোন পথ নাই কৃষকদের বাঁচাবার। ন্যাচারেল ক্যালামিটি যা হবে তা কিছুতেই রোধ করতে পারবেন না, পৃথিবীর কেউ রোধ করতে পারবেন না। প্রাকৃতিক দুর্যোগ থেকে যদি কৃষকদের বাঁচাতে চান তাহলে বলুন, পারুন না পারুন ক্রপ ইনসিওরেন্স করবেন।

আমার লাস্ট কথা হচ্ছে—উই আর লিভিং ইন এ্যান এ্যাটোমিক এজ, যখন পৃথিবী চাঁদের দিকে যাচ্ছে, যখন সমস্ত লোক সায়েন্টিফিক মাইণ্ডেড হচ্ছে, পেজেনট্রি মাইণ্ডেড হচ্ছে, তখন পুরানো যুগের কথা ভেবে বসে থাকা চলবেনা। সমস্ত অফিসারদের নিয়ে বসতে হবে এবং সমস্ত জিনিষটারই এণ্টায়ার রিওরিয়েণ্টেশন প্রয়োজন। কৃষক বিজ্ঞানমুখী কৃষি ব্যবস্থার দিকে চলেছে, পৃথিবী চাঁদের দিকে যাচ্ছে যখন, সেই সময় পশ্চিমবাংলার কৃষকরা খাদ্যের জন্য হাহাকার করবে, এই যে গ্লানি এবং অপমান যদি দূর না করতে পারি তাহলে দুঃখের কথা। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে সর্বশক্তি নিয়োগ করবার জন্য আহ্বান জানিয়ে মন্ত্রী মহাশয় যে বাজেট ব্যয় বরাদ্দের দাবী এনেছেন তা সমর্থন করছি।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডল**ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি। আজকের কৃষি বিষয়ে যে আলোচনা হচ্ছে এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আজ গ্রাম বাংলায় আমাদের ৭৫ ভাগ লোক বাস করে, আমাদের গ্রাম বাংলা কৃষির উপরই নির্ভরশীল। ২৫ বছর আগে আমরা স্বাধীনতা পেয়েছি, যদিও কিছুটা অগ্রগতি হয়েছে—কিন্তু প্রয়োজনের তুলনায় বিশেষ কিছুই হয়নি। আমি বিশেষ করে যে অঞ্চল থেকে এসেছি সেই আসানসোল মহকুমা সম্বন্ধে আমি মন্ত্রী মহাশয়ের কাছে অত্যন্ত দুঃখের সঙ্গে এবং ক্ষোভের সংগে বলছি যে আমাদের আসানসোল মহকুমাকে একেবারে বাদ দিয়ে এই বাজেট ব্যয় বরাদ্দ করা হয়েছে। আসানসোল মহকুমা এমন একটা জায়গায় যেখানে সেচের অভাবে কিছু হচ্ছে না। অথচ আমাদের প্রচুর জল আছে, সর্দাররা লক্ষ লক্ষ টাকা খরচ করে ডিপ টিউবওয়েল করাচ্ছ এবং যে সমস্ত খাদান আছে সেখান থেকে ২৫/৩০/৪০ হাজার বিঘা জমিতে জলসেচ হতে পারে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট নিবেদন করতে চাই যে তিনি আসানসোল মহকুমার জন্য এমন কিছু করুন যাতে সেখানে জলসেচের ব্যবস্থা করা যায় এবং তার জন্য একটা অনুসন্ধান চালান। ময়ূরাক্ষী প্রজেক্টের কাছে বিহার ক্যানাল বলে একটা ক্যানাল আছে, সেখান থেকে উঁচু জায়গায়ও জল আসে আবার নীচু জায়গায়ও জল যায়। সেখানে যদি এই রকম হতে পারে তাহলে আমাদের আসানসোলেই বা হবেনা কেন? না হওয়ার কারণ নেই। আজকের দিনে যদি কৃষিকে উন্নত করতে হয়, তাহলে আমাদের যে সমস্ত মধ্যবিত্ত ঘরের ছেলেরা চাকুরীর দিকে চলে যাচ্ছে তাদের কৃষি মাইণ্ডেড করে তুলতে হবে। আমাদের এগ্রিকালচারাল ফার্ম এবং ট্রেনিং স্কুল করা দরকার আছে। আমরা গরুর গাড়ী চালাতে লজ্জা পাই কিন্তু অন্যের মোটর গাড়ী ড্রাইভ করতে লজ্জা বোধ করি না। আমরা বৈজ্ঞানিক উপায়ে চাষ করলে ডাবল ফসল পেতে পারি এবং তা যদি না করতে পারি তাহলে কৃষির উন্নতি হবে না।

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জানাতে চাই যে, ট্যাঙ্ক ইমপ্রুভমেণ্ট-এর কোন কাজ হচ্ছে না। সেই মাটি কাটার জন্য যে ৩০ টাকা রেট দেওয়া হতো আজও সেই ভাবে দেওয়া হচ্ছে, ফলে কোন

কনট্রাকটারকে পাওয়া যাচ্ছে না— তাঁরা কাজ করতে চাইছে না। বৃটিশ আমলের যে আইন এই আইনের সংশোধন করা দরকার। মজা, হাজা, পুকুর আজ সব নষ্ট হয়ে যাচ্ছে—কোন প্রকার সংস্কার করা হচ্ছে না। ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট-এর কোন ব্যবস্থা হচ্ছে না। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুনীল কর:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাউসের সামনে যে ব্যয় বরাদ্দের দাবী এনেছেন এবং দীর্ঘ ২৫ বৎসর ধরে যে ভাবে ব্যর্থতার কথা ভাষণে তিনি স্বীকার করেছেন এবং সঙ্গে সঙ্গে যে দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন তার পরিবর্তনের জন্য, তার জন্য আমি তাঁকে সমর্থন জানাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একরূপ একটা জেলার কথা বলতে পারি যেটা সম্পূর্ণ কৃষির উপর নির্ভরশীল। পশ্চিম বাংলার শতকরা ৭৫ ভাগ লোক গ্রামে বাস করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারত সরকার যে বৈদেশিক মুদ্রা অর্জন করেন সেটা অনেকটা পাটের মাধ্যমে আসে। সেই পাট সবচেয়ে বেশী উৎপাদন করে পশ্চিম বাংলা এবং তার মধ্যে আবার সবচেয়ে বেশী করে উত্তর বাংলা—শতকরা ৬১ ভাগ পাট তারা উৎপাদন করে থাকে। পাঞ্জাবে গম চাষ করা হচ্ছে, মহারাষ্ট্রে গম চাষ করা হচ্ছে। সেখানে চাষীদের লোকসান হলে সেখানের রাজ্য সরকার-এর উপর চাপ সৃষ্টি হয় তা পরিবর্তন করবার জন্য। কিন্তু আমাদের এখানে তা করা হচ্ছে না। কিছুদিন আগে ভারত সরকার পাটের দাম মোটামুটি-ভাবে বেঁধে দিয়েছেন। এই দাম চাষীদের পক্ষে লাভজনক নয়। দীর্ঘদিন ধরে পাট চাষীরা তাদের কথা বলে আসছে। আগে একটা ব্যবস্থা ছিল যে এক মণ পাট বিক্রি করলে তিন মণ ধান বা দু মণ চাল কেনা যেত। এখন এক মণ পাটে এক মণ চালও হয়ে ওঠে না। দিন দিন এই ভাবে কমে যাচ্ছে। আজকে পাট চাষীদের ফড়িয়ারা তারা ঠিক মত মারকেটিং পাচ্ছে না ফলে পাট চাষের দুরবস্থা দেখা দিয়েছে। দশ টাকা পনেরো টাকা করে, এইভাবে দাম কমে যাচ্ছে ও তাতে আমরা দেখছি যে অসাধু ব্যবসায়ীরা তার সুযোগ নিচ্ছে দরিদ্র চাষীদের এই ভাবে সুযোগ নিয়ে করা হচ্ছে। অথচ বলা হচ্ছে যে আমরা সবুজ বিপ্লব করবো। তাই আমি বলবো মার্কেটিং-এর ব্যবস্থা যাতে করা যায়। আমি আর একটা জিনিষ দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে কুচবিহারের সমস্যা সম্পর্কে। আপনি স্যার জানেন যে, কুচবিহারে তামাকের চাষ হয়। এখানে প্রকৃষ্ট ধরনের তামাকের জন্য প্রসিদ্ধ এবং এই তামাকের জন্য কেন্দ্রীয় সরকার তিন কোটি টাকার উপর রেভিনিউ বা একসাইজ ডিউটি পেয়ে থাকেন। অথচ এই তামাক চাষ কয়েকজন পুঁজিপতির উপর সেটাকে ছেড়ে দেওয়া হয়েছে। আজকে তামাকের বিরাট সমস্যা রয়েছে। এবং এই সমস্যার সমাধান করলে ভারতের তামাকের চাহিদা পুরন করতে পারে। এই বলেই এই বাজেটকে সমর্থন করছি।

[4-40—4-50 p.m.]

**শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের কৃষি মন্ত্রী যে সবুজ বিপ্লবের আশা দিয়েছেন তার জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। এই সঙ্গে সঙ্গে আমি দু-একটা কথা agricultural development সম্বন্ধে বলতে চাই। এই agricultural development করতে গেলে তিনটা জিনিস দরকার। এক নম্বর হচ্ছে, ভাল কোয়ালিটির বীজ, দু-নম্বর chamical fertiliser, এবং তিন নম্বর হচ্ছে জল। সেইজন্য সীডসের কথা বলি। ভারতবর্ষের মধ্যে আমরা এই বাংলাদেশে ধান ও পাট সবচেয়ে বেশী উৎপন্ন করি। তার জন্য আমাদের মহারাষ্ট্র ও বিহার থেকে এই high yilding বীজ নিয়ে আসতে হয়। আর গম আগে বাংলাদেশে চাষ হতো না, এখন ব্যাপকভাবে এখানে গম চাষ হচ্ছে। এই গম চাষের জন্য গম বীজ ইউ, পি ও রাজস্থান থেকে

আমরা নিয়ে আসি। তাই আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করবো, একটা মর্ডান ফার্ম করবার জন্য। State Farm Corporation of India এটা একটা Government of India Undertaking তাঁরা সেখানে একটা modern farm করবার পরিকল্পনা করেছেন। এই ফার্মে যাতে high yilding বীজ হয় এই ব্যবস্থা আপনারা করুন।

তারপর fertiliser সম্বন্ধে বলছি। আমাদের দু-একটা Fertiliser Factory আছে। দুর্গাপুরে Fertiliser Corporation of India একটা Factory স্থাপন করবার জন্য কাজ Start করেছিল এবং সেটা সম্পূর্ণ হবার কথা ছিল ১৯৬৮ সালে। কিন্তু আজ পর্যন্ত সেটা হয়নি এবং কবে হবে তাও আমরা কেউ বলতে পারি না। Marketing Federation বলে একটা প্রতিষ্ঠান আছে আমি তার ডিরেক্টর, আমরা F. C. I. থেকে কিছু মাল পেতাম এই মার্কেটিং ফেডারেশনকে তাঁরা মাল দিতেন। এর পর agreement হয়েছিল Fertiliser Corporation of India এই ১৯৭২-৭৩ সালে ৭৫ হাজার টন মাল দেবে। কিন্তু Government of India decide করলেন তাঁরা স্টেটের মাধ্যমে দেবেন। তার পরিপ্রেক্ষিতে F. C. I. আমাদের মাল দেওয়া বন্ধ করে দিলেন। F. C. I কে যেটা দিতেন সেনট্রাল দিতেন সেটা heavy মার্জিনে অন্য সব প্রতিষ্ঠানকে দিতেন তারা। এখন Government of India decision নিয়েছেন যে State Government সেটা Co-operative মার্কেটিং-এর মাধ্যমে দেবেন বিভিন্ন এলাকায়। তার কারণ হচ্ছে 90% share এই গভর্ণমেন্ট থেকে hold করেন। এই retaliation এর জন্য F. C. I. আমাদের সেটা দেওয়া বন্ধ করে দিয়েছেন। আমাদের সরকার আবেদীন সাহেবের দপ্তর থেকে এই সম্পর্কে protest করেছেন—

Shri S. Dutta, I. A. S., Secretary to the Govt. of West Bengal,—"it has now been reported by the Registrar, Co-operative Societies, West Bengal, that lately the Fertilizer Corporation of India has completely suspended the supply of fertilizers to the State Co-operative Marketing Federation. Even indents for the quarters ending June, 1972, have not been honoured by the Corporation, as a result of which the marketing co-operatives have not been able to meet their commitments regarding supply of fertilizers to the farmers in their respective areas. As the Kharif Season has already commenced, non-supply of fertilizers by the Fertilizer Corporation of India has put the Federation in great difficulty. This will have serious repercussion on agricultural production".

আমাকে স্যার একটু সময় দিন। আপনি এ সম্বন্ধে ক্যাবিনেটে বলবেন যাতে India গভর্ণমেন্টকে লিখে এর remedy করেন। আর water supply যাতে co-operative সোসাইটির মাধ্যমে হয় তার চেষ্টা যেন মন্ত্রী মহাশয় করেন। তার কারণ Shallow Tubewell ব্যাপারে Farmarরা কনট্রাকটরদের দ্বারা cheated হয়। S. L. পাইপ পায় না inferior standard-এর পাইপ তারা দেয়। এই Loanee ফার্মাররা যাতে Strainer ও I. T. C. পাইপ পায় এই Shallow Tubewell বসানোর জন্য তার ব্যবস্থা যেন মন্ত্রীমহাশয় করেন।

**শ্রীঠাকুরদাস মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী হাউসের সামনে যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। এযাবৎকাল কৃষি নিদারুণভাবে অনাদৃত ও অবহেলিত হয়ে পড়ে ছিল। এটা গত কয়েক বছরের বাজেট দেখলেই

বোঝা যায়। আজকে আনন্দের কথা যে আমাদের মন্ত্রীমহাশয়, এবারে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন টাকার মোট পরিমাণ বাড়িয়েছেন এবং এই টাকা যদি যথাযথ কৃষির জন্য ব্যয়িত হয় তাহলে আমি আশা করি কৃষির নিশ্চয় উন্নতি হবে। আমাদের সরকার কৃষির উন্নতির ব্যাপারে বিশেষ প্রচেষ্টা চালিয়েছিলেন তা এই বাজেট দেখলেই বোঝা যায়। আজকে সরকার গ্রামীণ অর্থনীতিকে বলিষ্ঠ করে তোলার জন্য, সফল করে তোলার জন্য নূতনভাবে চিন্তা করছেন। একটি বিশেষ উল্লেখযোগ্য যে সরকার সি, এম ডি, এ,-এর মত পল্লী উন্নয়ন সংস্থা গড়ার জন্য চিন্তা করছেন ; ক্ষুদ্র চাষীদের উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। এবং প্রান্তিক চাষী ও ক্ষেতমজুরদের জন্য বিশেষ পরিকল্পনা আজকে সরকার থেকে নেওয়া হয়েছে। এই সমস্ত পরিকল্পনা পৃথকভাবে নেওয়ার ফলে উৎপাদন বৃদ্ধি প্রচেষ্টা যে সফল হবে তাতে কোন সন্দেহ নেই। কিন্তু একটা জিনিস না বলে পারছি না যে, যে সংস্থা সকল জমি নিয়ে, ১ কোটি ২৭ লক্ষ একর জমি নিয়ে উৎপাদনের পরিমাণ বর্ধিত করেছেন সেখানে যথাযথভাবে খরচ হয়েছে কিনা আমার সন্দেহ আছে। হিসাব করে দেখা যাচ্ছে যে প্রতি একরে ১ মণ করে ফলন হয়েছে। কিন্তু আমরা হিসাব করে দেখলাম যে যদি মাথাপিছু কৃষি জমির পরিমাণ যদি ৩ বিঘা করে হয় এবং সেখানে বিঘা প্রতি যদি ৮ মণ করে উৎপাদন হয় তাহলে ১০৯ লক্ষ টন উৎপাদন হয়। সেখানে দেখতে পাচ্ছি মাত্র ৮০ লক্ষ টন হয়েছে। এই উৎপাদন ব্যাপারে আমরা বহু টাকা খরচ করে আজ পর্যন্ত আমরা লক্ষ্যে পৌঁছাতে পারি নি। কারণ আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি যে সেখানে অনেক ত্রুটি আছে। এবং এই সকল ত্রুটিগুলিকে যদি সংশোধন করা যায় এবং যদি চাষীদের সংগে সহযোগিতা করা যায় তাহলে চাষের উৎপাদন আমরা বাড়াতে পারি। আজকে আমি ব্যক্তিগতভাবে জানি যে ব্লকে যে এ, ই, ও অফিসার আছে এবং গ্রামে গ্রামে যে গ্রামসেবক আছেন তাদের কোন অভিজ্ঞতা নাই, এমন কি কাস্তে ধরার অভিজ্ঞতাও নেই। আমি সরকারকে অনুরোধ করবো এই সমস্ত কাজে যাদের নিয়োগ করা হয় তারা যেন কৃষির ব্যাপারে সুদক্ষ হন। কৃষির ব্যাপারে গবেষণার জন্য অবিলম্বে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করার প্রয়োজনীয়তা আছে। প্রতি জেলায় জেলায় সয়েল সার্ভে করার দরকার আছে এবং সেখানে ট্রেনিং কলেজ হওয়ার বিশেষ দরকার আছে কৃষির উন্নতি করতে গেলে। সেচ ব্যবস্থায় দেখা যাচ্ছে যে ২৫ বছরে আমরা ২ লক্ষ একরে সেচের ব্যবস্থা করতে পেরেছি। এবং আমাদের যে বাকী ৯০ লক্ষ একর জমি আছে যদি আমরা এই হারে চলি তাহলে ৪৫ বছর সময় লাগবে। তাই এই ব্যাপারে আরও দ্রুত গতিতে আমাদের চলতে হবে। তাই এই খাতে আরও বেশী টাকা বরাদ্দ করলে আমি আরও বেশী আনন্দিত হতে পারতাম। আজকে আমরা গ্রামের চেহারা কি দেখছি – সেখানে গ্রামীণ অর্থনীতি একেবারে ভেঙে গিয়েছে—তাই সেই গ্রামীণ অর্থনীতিকে যদি পুনরুজ্জিবিত করতে হয় তাহলে এই কৃষির দিকে আরও বেশী মনোযোগ দিতে হবে। এই বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50 – 5-00 p.m.]

**শ্রীনাশিরুদ্দিন খান :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এই সভায় আমার শ্রদ্ধেয় মন্ত্রী মহোদয় সাত্তার সাহেব যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন তার আলোচনায় অংশ গ্রহণ করে একটি জিনিসের উপর আমি বিশেষ দৃষ্টি আপনার মাধ্যমে তাঁর আকর্ষণ করছি। অনেক আশা নিয়েছিলাম হাউসের সামনে আসর গরম করবো, কি সত্যিকারের সেরকম কোন কথা এতে কিছু নেই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, উনি ব্যক্তিগতভাবে কৃষিজীবী না হলেও কৃষকের সন্তান বটে, সেই সাথে আমার জেলার মানুষ। স্বভাবতঃই জেলা সম্বন্ধে তাঁর একটু সুনজর থাকবে আশা করেছিলাম। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি অবাক হবেন যদি এই সরকারের ইকনমি

রিভিয়ু ১৯৭১-৭২ দেখেন, তাহলে দেখতে পাবেন, জানি না উপাধ্যক্ষ মহোদয়, আপনার কাছে বোধ হয় নেই, থাকলে একটু সুবিধা হতো, এর ২৩ পাতায় একটি রিপোর্ট হচ্ছে—

"Severe floods in the Kharif season of 1971-72, however, affected Aman, the principal crop of West Bengal, adversely, in a number of districts. The most affected districts were Nadia, Murshidabad and Malda. The prospect of the crop in 1971-72 as a result is rather bleak."

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এটা বোধ হয় উনি জানেন কিনা জানি না যে, এই রকম একটা রিভিয়ু বেরোয়। মুর্শিদাবাদ, নদীয়া এবং মালদহে এই ধরণের আমন ধান ক্ষতিগ্রস্তের কথা রিভিয়ুতে বেরোনো সত্বেও আমাদের অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার ৭ পাতাটি যদি আপনি দেখেন তাহলে দেখবেন স্যার, সেখানে কৃষির কথা বলা আছে এবং অনেক জেলার কথাও বলা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সেখানে পুরুলিয়া, মেদিনীপুর, বাঁকুড়া, দার্জিলিং ইত্যাদি জেলার জন্য নানান প্রকল্প গ্রহণ করা হয়েছে সেন্টার থেকে ও রাজ্য সরকার থেকে। কিন্তু সেখানে একটা জায়গাতেও মুর্শিদাবাদের কথা নেই, তার সংগে নদীয়া ও মালদহের কথাও নেই। আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী মহোদয় যে বক্তৃতা আজকের এই সভায় উপস্থাপিত করেছেন তাতেও অনেক জায়গায় অনেক জেলার প্রকল্পের কথা বলা হয়েছে। কিন্তু মুর্শিদাবাদ জেলা এইরকম ফ্লাড এ্যাফেক্টেড এরিয়া হওয়া সত্বেও তার জন্য বিশেষ বরাদ্দের কথা তার বক্তৃতার কোন জায়গাতেই পেলাম না। এটা অতীব দুঃখ এবং ক্ষোভের কথা। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি এই রিপোর্টের প্রতি গুরুত্ব দেবেন এবং সেই রিপোর্ট যে তৈরী হয়েছে এই রিভিয়ুর উপর, সেটার কি মন্ত্রী মহোদয়ের দৃষ্টি দেওয়া উচিত ছিল না ?

এর কারণ কি এটা অনুসন্ধান করলে বোঝা যাবে তিনি এমন একটা পর্যায়ে পৌঁছেছেন যে জেলার কথা ভাবতে গেলে আবার সকল মন্ত্রী মহাশয় এবং সদস্যদের ঠিক রাখা যায় কিনা, বেকায়দায় পড়তে হবে হয়ত সেটা জানা সত্বেও এই বিষয়ে এড়িয়ে গেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কৃষি সম্বন্ধে যেটুকু আলোচনা করতে এসেছি সে সম্পর্কে আমি যথেষ্ট ওয়াকিবহাল। একটা খুব আনন্দের কথা, বাস্তবে রূপদান করবার প্রয়াস তারা পাবেন কি পাবেন না সেটা আলাদা কথা, কিন্তু মন্ত্রীরা থাকলেই গ্রামীণ বাংলার কথা বলতে ভোলেন না। এই যে বক্তৃতা, আপনি একটু দেখবেন, আপনার কাছে বই আছে, সেখানে এক জায়গায় তারা বলেছেন, স্বাধীনতার ২৫ বছর পরেও গ্রামের মানুষ, দরিদ্র মানুষ এই অভিশাপ থেকে মুক্তি পায়নি। অতএব যদি গ্রামীণ অর্থনৈতিক সংস্কার উন্নতি যদি না ঘটাতে পারি তাহলে তারা এই অভিশাপ থেকে কোন দিনই মুক্তি পেতে পারবে না, একথা তাদের ভাষণে রয়েছে। আমরা কি আসলে কম দেখাইনা, বাস্তবে যাই হোক না কেন সেদিন হয় হবে, না হয় না হবে, এখন বলতে আপত্তিটা কি ? এই ধরণের যদি ব্যবস্থা হয় টাকার অঙ্ক যতই বাড়ান না কেন প্রকৃতপক্ষে কৃষির উন্নতি করা সম্ভব হবে না। পশ্চিমবঙ্গের যে যে জেলা বন্যার চরম কবলস্থ হল, মালদহ, নদিয়া, মুর্শিদাবাদ প্রভৃতি সে সমস্ত জেলা তার জন্য একটা বিশেষ ব্যবস্থা, একটা বিশেষ টাকা রাখার কথা তিনি একেবারেই ভুলে গেলেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে দফাওয়ারী কিছু বক্তব্য রাখবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দেশে যদি কৃষি ব্যবস্থা কিছু মাত্রায় উন্নতি করতে হয় তাহলে সেচের ব্যবস্থা ভাল করতে

হবে। সেচের ব্যবস্থা যদি ভাল না হয় তাহলে সার কোন কাজে লাগবে না, জল যদি না দেওয়া যায় তাহলে সারে কোন কাজ হবেনা বরং অকাজ করবে। প্রথম পরিকল্পনা নিতে হবে এই ইরিগেশনের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ইরিগেশন দপ্তরের দায়িত্ব আমার উপর কিছুদিন ছিল। আপনি খোঁজ নিলে জানতে পারবেন, এই ইরিগেসান Department-এর যে ত্রুটি-বিচ্যুতি, সেই ত্রুটি-বিচ্যুতির কথা আমি ব্যক্তিগতভাবে উপলব্ধি করে এই দপ্তরের দায়িত্ব নিয়েছিলাম এবং আমি প্রচেষ্টা চালিয়েছিলাম। এই যে সেচ প্রকল্প সেই প্রকল্পের একটা বিরাট defect আছে, সেটা হচ্ছে একটা মাত্র operater তার duty ৭ থেকে ৮ ঘণ্টা।

[5·00 – 5-10 p.m.]

তাকে ৭/৮ ঘণ্টার বেশী কাজ করতে হয়, ইচ্ছা করলে সে বেশী ডিউটি নাও করতে পারে। সেই জন্য কেউ ডিম খাইয়ে, কেউ মুরগী খাইয়ে ঐ এলাকার লোক কিছু কিছু জল এক্সেস নেয়। আমি চাইছিলাম যেখানে একটা প্রকল্পে ১৷৷ লক্ষের বেশী টাকা খরচ হয় এবং যেগুলি লিফট ইরিগেশন সেগুলিতে প্রায় ২ লক্ষ টাকার মত খরচ হয় সেখানে মাত্র ২০০ টাকা বেতনের একজন কর্মচারী দেওয়া রয়েছে। যদি সেখানে ডবল কর্মচারী দেওয়া যায় তাহলে সিজনে প্রচুর জল পাওয়া যেতে পারে, ২৪ ঘণ্টার মত কাজের সুযোগ পাওয়া যেতে পারে। ইলেকট্রিসিটির কোন অসুবিধা নেই। সেই অসুবিধা হলে রাতেও হতে পারে, দিনেও হতে পারে। এই ব্যবস্থা নাকি ফাইন্যান্স ডিপার্টমেণ্ট আটকে দিল বলে এই ডবল অপারেটার নিয়োগ করা হবে না। সমস্ত ব্যবস্থার জন্য কোটি কোটি টাকা ব্যয় হবে, কিন্তু এগ্রিকালচার ডিপার্টমেন্টের সামান্য কটা টাকা ফাইন্যান্স আটকে দিল, সেটা পাশ হল না। এটা জীবন প্রয়োজনীয় বিষয়, এবিষয়ে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে সিজনে ২৪ ঘণ্টা কাজ দিতে হবে এবং তার ফলে ডবল ক্রপ ফলানো সম্ভব হবে, আজকে যা উৎপাদন হচ্ছে তার থেকে বেশী উৎপাদন হবে। যদি সেটা সম্ভবপর না হয় তাহলে ফার্টিলাইজারের কোন দাম নেই। কারণ, জল না থাকলে ফার্টিলাইজারের কোন দাম থাকে না। যে এরিয়ায় একটা ডিপ টিউবওয়েল আছে সেখানে যে পরিমাণ জমি সেচ হয়, যদি ডাবল অপারেটর দেওয়া যায় তাহলে ডাবল এরিয়া জমিতে সেচ দেওয়া সম্ভবপর হবে। এই সামান্য একটা জিনিসের জন্য এতবড় একটা প্রকল্প ব্যাহত হচ্ছে, এ সম্বন্ধে মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে বিশেষভাবে আমি অনুরোধ জানাচ্ছি বিবেচনা করার জন্য। আমার পূর্ববর্তী বক্তা প্রদ্যোৎ মহান্তি মহাশয় একটা বক্তব্য রেখেছিলেন, সেটা হচ্ছে এগ্রিকালচার ডিপার্টমেন্টটাকে বি, ডি, ও-র আণ্ডারে দিয়ে একেবারে জগাখিচুরি করে ফেলা হচ্ছে। বি, ডি, ও-র হাতে এ রকম দপ্তর নেই সেই ব্লকের, যা বি, ডি, ও, করেন না। তিনি আবার এগ্রিকালচারের কি সুপারভিসন দেবেন? এগ্রিকালচার ডিপার্টমেন্টের যে ষ্টাফ, সেই ষ্টাফকে তার অধীনে রাখা হয়েছে, যার ফলে এর ওর সঙ্গে অধিকাংশ জায়গায় একটা কনফ্লিক্ট দেখা দিয়েছে। এগ্রিকালচার ডিপার্টমেন্টকে স্বয়ংসম্পূর্ণ করে তুলতে হবে তা নাহলে কাজ চরমভাবে ব্যাহত হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ঐ গ্রামসেবকরা—যেকথা আবার আমাকে পুনরাবৃত্তি করতে হচ্ছে যে সমস্ত কাজের জন্য গ্রামসেবকদের দিয়ে সার্ভে করানো হয়, এগ্রিকালচার তাহলে কি হবে—এগ্রিকালচার ডিপার্টমেন্টের যে কর্মচারীদের রেখে দিয়ে লাভটা কি সেটা বুঝতে পারছি না। এগ্রিকালচার যদি আমাদের পশ্চিমবাংলার অর্থনীতির একমাত্র কাঠামোর অবলম্বন হয় তাহলে এগ্রিকালচারের সঙ্গে অন্য কিছু রেখে দিলে তা সম্ভবপর হবে না। এটাকে স্বয়ংসম্পূর্ণ ডিপার্টমেন্টে পরিণত করতে হবে।

তাদের উপর কঠোর তদারকী চলবে না, তাদের স্বাধীনভাবে কাজ করার সুযোগ দিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এগ্রিকালচার ডিপার্টমেণ্ট থেকে এবারে বন্যায় ক্ষতিগ্রস্ত হবার

পর ব্লক থেকে সরকারের নির্দেশ অনুসারে ইউনিয়ন ওয়াইজ আমন ধানের বীজ দেওয়া হবে বলা হয়েছিল। কারণ, আমন ধানের বীজ কারো ঘরে ছিল না। সেখানে বীজ দেওয়া হবে বলে সব হিসাব নিকাশ হল, কোন এরিয়াতে কি বীজ দরকার সেই সব হিসাব নিকাশ দ্রুতবেগে নেওয়া হল, তারপর যখন বৃষ্টি হল তখন দেখা গেল সেই তড়বড়ানি লোকগুলোকে আর খুঁজে পাওয়া গেল না।

নাচনের বেলায় খুব ঘ্যার, আর পাকের বেলা ফক্কা। এই করলে তো সম্ভবপর হতে পারে না। মন্ত্রী মহোদয় বলতে পারবেন না যে কোন এরিয়ায় কত বীজ দেওয়া সম্ভব হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা জিনিস আপনি জানেন, জুট পেকেজ প্রোগ্রামের মধ্যে কিছু কিছু নতুন নতুন এরিয়া নেওয়া হলো, এক্সট্রা কিছু কিছু অতিরিক্ত জমি নেওয়া হলো এবং সেখানে ষ্টাফ গেল। যে মৌজাকে নেওয়া হলো সেই মৌজার সমস্ত চাষীকে বলা হলো যে জুট হবে এবং সেইজন্য কিছু সাবসিডি দেওয়া হবে মেইনটেরিং হবে। কিন্তু সেই পেকেজ প্রোগ্রামে কিন্তু বাঁকুড়াকে নেওয়া হলো না এই বছরেও। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেমন চাষীদের উপর আমাদের যত্ন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই এগ্রিকালচার ডিপার্টমেন্টের একটা বিরাট গোডাউন আছে এই তাবাতলা নামে জায়গায় এবং সেখানে এই ১০ বছরের মধ্যে ২৬ লক্ষ টাকার সিডলিং, লাঙ্গল ইত্যাদি অনেক জিনিস কেনা হয়েছিল, কিন্তু আজকে মন্ত্রী মহোদয় খোঁজ নিয়ে দেখুন এবং তারপর জবাব দেবেন, সেই গুলিতে সব মর্চে ধরে গিয়েছে সেগুলি লোহার দামে বিক্রয় করলে হয়ত অনেক টাকা হতো। এইভাবে যদি সরকারের অপচয় হয় তাহলে এই সরকারের অবস্থাটা কি—একবার বিবেচনা করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানি ক্যাটেল পারচেস লোন দেওয়া হয়, এই লোনটা এখন দেওয়া হচ্ছে, এইটা উইদিন এ উইক দেওয়া হলো। কবে গিয়েছে চাষ আর ভাদ্র মাসে দেওয়া হলো গরু কেনার টাকা। ৩ একর জমি থাকলে তবে দেওয়া হবে, আর সব চেয়ে বেশী টাকা দেবে কত না ৩০০ টাকা। ৩০০ টাকায় একটা বড় গরুর তিনটে ঠ্যাং ও হবনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রদ্যোৎবাবু বলেছেন সারের কথা—আমি আবার বলছি এই দুনিয়ায় সব চেয়ে বোকা হচ্ছে চাষীরা যাদের গাল দেওয়া হচ্ছে চাষা বলে, ভদ্র কথায় গাল দেওয়া হচ্ছে চাষা। এই চাষাদের মত বোকা দুনিয়ায় আর নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১০০০ টাকার জমি কিনলে ১০০ টাকার বেশী লাভ হয় না, ১০০০ টাকা ব্যাঙ্কে রাখলে ১০০ টাকার বেশী সুদের জমে যেত, তবু তারা জমি কিনতে যায় এমন বোকা দেখা যায় আর? তাদের বোকামির সুযোগ নিয়ে কিনা করা হচ্ছে। সামান্য সার দেওয়া হচ্ছে সেখানেও তাদের ঠকানো হচ্ছে ৫৭ কে, জি-র যায়গায় ৪২কে, জি, ৪৩ কে, জি, দেওয়া হয়, আজ পর্যান্ত এর কোন প্রতিকার করা হয়নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর চেয়ে দুঃখের অবস্থা কি হতে পারে।

[5-10—5-20 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা খুব অবাক কাণ্ড। আমি গত বছর ২৭শে জুন ক্যাবিনেট মিটিংএ আমার মন্ত্রীত্বের সময় ৯ কোটি টাকার গ্রুপ লোন কৃষিঋণ মুকুব করেছিলাম। (আপনি করেন নি, সবাই করেছিল—জনৈক মাননীয় সদস্য।) হ্যাঁ, সরকার করেছিল, শুধু আমি নয়, সবাই ছিলেন, আমিও ছিলাম। গতবারেও সেটা কাগজে বেরিয়েছিল। এবারও দেখছি কাগজে বেরিয়েছে, ন কোটি টাকার ঋণ মুকুব করলেন। একটা মুরগীকে দু দুবার কাটা

হচ্ছে। এরকম রাজনৈতিক ভাওতাবাজী বেশীদিন চলে না। সাত্তার সাহেব এক জায়গায় বলছেন সেণ্টার থেকে পাটের দর বেঁধে দেওয়া হয়েছে। দেখা যাচ্ছে ৪০ টাকার উপরে ৪২/৪৩ টাকার মতো দাড়াচ্ছে। আমি চ্যালেঞ্জ দিচ্ছি ৩০/৩৫ টাকা দরে কেউ পাট ফলাতে পারবেন না। তবে সাত্তার সাহেব বলেছেন তিনি দুঃখিত এবং তিনি একথা বলায় আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তবে তিনি কিছু করতে পারবেন কিনা সেটার ব্যাপারে একটা জবাব চাই। এবার নূতন এবং বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় বলা হচ্ছে। আমরা চাষের বড় বড় পরিকল্পনা নিচ্ছি, বিশেষ ব্যবস্থা নিচ্ছি, বিশেষ সার দিচ্ছি, সব রকম বিশেষ ব্যবস্থা হচ্ছে—আমি তা মেনে নিচ্ছি। কিন্তু কেমন ব্যবস্থা দেখুন। এক জায়গায় কম্প্যাক্ট এরিয়া যদি না হয় কোন মতেই চাষী জুত করতে পারবে না। আর যেমনই চার একর জমি এক জায়গায় করা হল সরকারের তরফ থেকে প্রচার ছিল ছিটিয়ে জমি না রেখে এক জায়গায় জমি কর তাতে চাষীরা উদ্বুদ্ধ হয়ে এক জায়গায় করার পরিকল্পনা করলো তো একেবারে কষে সারচার্জ বসিয়ে দিলো। এটা কি পরিকল্পনা? খাজনা তো বাড়লো, আর তার উপরে ৪ একর যদি এক জায়গায় যেমন পড়ে গেলো, ওমনি ১০ টাকা করে বেড়ে গেলো। এতে সবনাশ টেনে আনা হচ্ছে। এই সরকার চাষীদের সর্বনাশ টেনে আনবে বলছি। আপনি নিশ্চয় জানেন কারণ আপনি বহুদিন থেকে এসব ব্যাপার দেখছেন। একটু তদারকির অভাবে সেচের যে ব্যবস্থার জন্য বিদ্যুৎ সেই বিদ্যুতের ট্রান্সফরমার মাঝে মাঝে চুরি হয়ে যাচ্ছে।

এই সমস্ত transformer যাতে চুরি না হয় তারজন্য আজ পর্যন্ত কোন ব্যবস্থা হল না এবং সরকারও এ বিষয়ে ব্যর্থ হয়েছেন। Agriculture-এর উপর অধিক গুরুত্ব দেওয়া হচ্ছে। কিন্তু Agriculture Department-এর A. E. O. অনেক Block-এ নেই। অথচ B. Sc. (Agriculture) পাশ করা অনেক ছেলে বসে আছে, তারা চাকরী পাচ্ছে না। Agriculture-এর উন্নতি না হলে দেশের উন্নতি করা সম্ভবপর নয়। অথচ A. E. O. নেই। গ্রামসেবকদের কথা বলছি যে এদের কাজের কোন কূল কিনারা নেই। এরা জমি নেবার জন্য, পদোন্নতি করার জন্য, যে চাষী ভাল জিনিষ ফলিয়েছে তাকে ভাল ভাল কথা বলে সেখানে Crop-cutting করে বলে যে আমার supervision-এ এইসব হয়েছে। এইরকম ধরনের কীর্ত্তিকলাপের কথা সকল সদস্যই জানেন। একজোড়া বলদ পুষতে গেলে ১১/২ হাজার টাকা দরকার। আজ এই আধুনিক যুগে আমাদের যেখানে যথেষ্ট Tractor-এর প্রয়োজন সেখানে সেইসব পাঞ্জাবের লোকেরা এখানকার বাসিন্দা সেজে ঐ Tractor গুলো কিনে পাঞ্জাবে পাচার করছে। কিন্তু সেইসব এ দেশের লোক পাচ্ছে না। আর একটা কথা যদিও এ দপ্তরের নয়, তবুও বলব যে আমাদের গ্রামীণ বাংলার চাষীদের চাষের যদি ঠিক মত ব্যবস্থা করতে হয় তাহলে আগে চাই গরু। কিন্তু সেই গরু বাছুরের চিকিৎসার অভাবে যদি গরীব চাষীদের চাষ না হয় তাহলে এর চেয়ে দুঃখের কথা নেই। আমাদের যেসমস্ত ভেটিরিনারী হাসপাতাল আছে সেখানে কোন ওষুধ নেই। সেখানে গেলেই তারা ১০।১৫।২০ টাকা ওষুধ লিখে দেন কেনার জন্য। এদিকে বিশেষ দৃষ্টি দেবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে এর ব্যবস্থা যেন তিনি যথাশীঘ্র সম্ভব করেন। আমার সময়ের অভাব বলে আমি খুব বেশী বলতে চাই না। আর একটা বিষয় দৃষ্টি আকর্ষণ করছি যে Cess-এর আইনে ৫৩ বিঘা জমি চাষীরা রাখতে পারছে না। আমাদের পশ্চিমবাংলায় এখন জমির দাম ৫০০ থেকে ১১/২ হাজার টাকার মত। মোটামুটি average ১ হাজার ধরলে ৫৩/৫৩১/২ হাজারের বেশী জমির দাম নয়।

অথচ শহরে এক কাঠা জমির দাম ১ লক্ষ টাকা। তাহলে ৫২ হাজার টাকা দামের জমির উপর শিক্ষা ব্যবস্থা, অর্থনৈতিক ব্যবস্থা হওয়া সম্ভব কি সম্ভব নয় সেটা মাননীয় উপাধ্যক্ষ

মহাশয় আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। গ্রামীণ চাষীদের সর্বনাশের মূলে রাজনৈতিক কতকগুলি প্রচার যন্ত্র আছে। এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয় এই দপ্তরের জন্য যে বাজেট উপস্থিত করেছেন তার আমি বিরোধিতা করছি এবং যে কাট মোশান দিয়েছি সেই কাট মোশান গ্রহণ করা হোক এই অনুরোধ করছি।

[5-20 — 5-30 p m ]

**শ্রীকাজী আবদুল গফফার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় কৃষি মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন অনুমোদনের জন্য তা আমি আনন্দের সঙ্গে সমর্থন করছি। মন্ত্রী মহাশয় জানেন যে পশ্চিমবাংলায় শতকরা ৭৫ জন কৃষক, সেই কৃষকদের মাথার উপর আজকে ঘোর দুর্দিন। খরা চলছে দেশে, গত বছর বন্যা হয়ে গেছে, কৃষকের আজকে নিদারুণ অবস্থা। এই কৃষককে বাঁচিয়ে রাখার জন্য এই সরকারের সমস্ত রকম ব্যবস্থা অবলম্বন করা দরকার। চাষ করতে গেলে জলের দরকার হয়। খরা চলল দেশে, সেচের কিন্তু দেশে এমন কোন ব্যবস্থা নেই, সামান্য ব্যবস্থা আছে গভীর এবং অগভীর নলকূপের দ্বারা। সেচের ব্যবস্থা করে ফসল করা যায়, কিন্তু সারা পশ্চিমবাংলায় সরকারের তরফ থেকে আজ পর্যন্ত যে নলকূপের ব্যবস্থা করা হয়েছে সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আরো বেশী করে আগামী দিনে এবং এবছরে যাতে করে অগভীর এবং গভীর নলকূপ করা যায় তার যেন তিনি ব্যবস্থা করেন। চাষ করতে গেলে জলের যেমন দরকার হয় তেমনি দরকার হয় সারের, তেমনি দরকার হয় বীজের, তেমনি দরকার হয় টাকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষি বিভাগের গাফিলতির কথা আমরা সকলে অবগত আছি। সার যায় ফসল কাটার সময়, টাকা যায় চাষ হয়ে গেলে, বীজ ধান যায় যখন বীজের আর কোন দরকার হয় না। এই যে ব্যবস্থা গতানুগতিক-ভাবে চলে আসছে এই ব্যবস্থার যেন রদবদল হয় এবং পশ্চিমবঙ্গের চাষী যাতে সময় মত সার, বীজ, জল এবং টাকা পায় তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে আমার বিশেষ অনুরোধ রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবঙ্গ সরকার যে টাকা চাষীদের দেন সেই টাকা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম এবং শতকরা ১০ জন কৃষককের সেই টাকায় সংকুলান হয় বলে মনে হয় না।

বাকী টাকা সমবায় ব্যাংকের মাধ্যমে পশ্চিমবাংলার কৃষককে দেবার ব্যবস্থা আছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, গত বছর এবং ১৯৬৭ সালে যখন সি, পি, এম-এর সরকার এসেছিল, সি, পি, এম যখন কর্তা ছিলেন তখন থেকে আরম্ভ করে ১৯৭১ সাল পর্যন্ত যে অবস্থা চলছে তাতে করে এই সমবায় ব্যাঙ্কের অচল অবস্থা এসে গেছে। এই সমবায় ব্যাঙ্কগুলি থেকে কোটি কোটি টাকা চাষীদের দেওয়া হোত, কিন্তু ওই অচল অবস্থার জন্য এই সমবায় ব্যাঙ্ক আজকে মৃত্যুর সঙ্গে কবজী লড়ছে। সারা পশ্চিমবাংলায় যে সমবায় ব্যাঙ্ক আছে তাদের মৃত্যু ঘটেছে, একমাত্র তমলুক কেন্দ্রীয় ব্যাঙ্ক বেঁচে আছে এবং সেখান থেকে কৃষকরা টাকা পাবে। ব্যাঙ্কের মাধ্যমে আর টাকা পাবার আশা নেই। সেই কারণে এই সরকার এবং মন্ত্রীমহাশয় যাতে সরকারী দপ্তরখানা থেকে এই অভাব পূরণ করেন তারজন্য বিশেষ অনুরোধ করছি।

**শ্রীশেখ দৌলত আলি:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে ব্যায় বরাদ্দের দাবী জানিয়েছেন আমি তাকে সমর্থন করি। তাঁর এই বক্তব্য রাখা

জন্য তাঁকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি কারণ তাঁর বক্তব্যের মধ্যে প্রগতিশীল চিন্তা এবং নূতন দৃষ্টিভঙ্গীর স্পষ্ট পরিচয় আছে। অবশ্য একটু আগে এই সভায় বিরোধীপক্ষের একজন সদস্য বললেন যে সত্যিকারের চাষীর সর্বনাশ হয়েছে। চাষীদের যে সর্বনাশ হয়েছে একথা বলতে গিয়ে তিনি তাঁর বক্তব্যে বলেছেন যে চাষীদের মধ্যে কতগুলি উদ্দেশ্য প্রণোদিত রাজনৈতিক প্রচারের জন্যই চাষীদের এই সর্বনাশ হয়েছে। আই ডু এ্যাডমিট ইট। আমার বন্ধু তাঁর বক্তব্যে চাষীদের মধ্যে রাজনৈতিক প্রচারের কথা বলেছেন যে এইভাবে তাদের মধ্যে সর্বনাশের বীজ ঢুকিয়ে দেওয়া হয়েছে এতে তিনি তাঁর বক্তব্যের মধ্যেই তার উত্তর দিয়েছেন। এই সর্বনাশের কারণ গতবারের চেয়ে এবারের মন্ত্রীমহাশয়ের বক্তব্যে আছে কিনা সেটা লক্ষ্য করুন। গত বছরের চেয়ে এবছরের উৎপাদনের লক্ষ্য যদি বেশী থাকে তখন তাঁদের কাছে সর্বনাশ আসে বৈকি। এবারে আমি অন্য কয়েকটি কথা বলতে চাই। আমি দেখলাম আমাদের মন্ত্রীমহাশয়ের যে হিসেব সেই হিসেবে স্মল ইরিগেসন বা মাইনর ইরিগেসন-এর মধ্য দিয়ে যে টাকা তিনি বরাদ্দ চেয়েছেন তা অত্যন্ত নগণ্য। আমি মনে করি যেটা হচ্ছে সবচেয়ে বড় সমস্যা সেটা হচ্ছে আমাদের সুন্দরবনের সমস্যা। সেখানে বারে বারে চাষ নষ্ট হয়েছে, কিন্তু তা সত্ত্বেও দেখছি মাত্র ১২ লক্ষ টাকার মত একটা হিসেব। গতবার সুন্দরবন বাঁধকে সুদৃঢ় করবার জন্য যে টাকা খরচ করা হয়েছিল সেটা যে আত্মসাৎ হয়নি এমন প্রশ্নও রাখা হয়েছিল। এই যে টাকার বরাদ্দ সুন্দরবনের ক্ষেত্রে করা হয়েছে তাতে আমি মনে করি কৃষি আরও গুরুত্ব লাভ করবে। সুন্দরবনে জলকষ্ট আছে, সেই জলের লবণাক্ততা দূর করলে সেই জল দিয়ে সেখানে চাষ আবাদ করা যায় একথা তিনি উপলব্ধি করেছেন। এই অবস্থায় তার জন্য একটা বরাদ্দ থাকা দরকার ছিল, কিন্তু সেটা আমি দেখছিনা। আজকে তিনি সোনার বাংলা গড়ার আহ্বান জানিয়েছেন এবং সেই প্রসঙ্গে গ্রামীণ অর্থনৈতিক বনিয়াদকে সুদৃঢ় করবার জন্য বলেছেন। আমি বলতে চাই সেই গ্রামীণ অর্থনৈতিক বনিয়াদকে সুদৃঢ় করতে গেলে শতকরা ৭৫ ভাগ লোক যেখানে কৃষক সেই কৃষক এবং কৃষির দিকে নজর দিতে পারলে তবেই গ্রামীণ অর্থনৈতিক বনিয়াদ সুদৃঢ় হবে বলে আমি বিশ্বাস করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি কেবলমাত্র কৃষি না, এই কৃষির সঙ্গে সেচ এবং অন্যান্য জিনিস কো-রিলেটেড আছে। এই দিকে যদি আমরা পরীক্ষা, নিরীক্ষা এবং পর্যবেক্ষণের মধ্য দিয়ে যেতে পারি তাহলে সুফল লাভ করতে পারব।

আমি শেষে আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে আজকে কৃষি কলেজ হচ্ছে ইণ্ডাস্ট্রীয়াল বেল্টে। কিন্তু আপনার মাধ্যমে আমি জানাতে চাই সেখানে কৃষিকার্য হয় সেখানে কৃষি কলেজ স্থাপন করা হোক। এইটাই আমাদের দাবীর বিষয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

**শ্রীমহাদেব মুখার্জী**ঃ মাননীয় স্পীকার মহোদয়, আমি হুগলী জেলার পুরশুড়া কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। পুরশুড়া ব্লক উত্তর দক্ষিণে ১৬ মাইল বিস্তৃত। এছাড়াও আমার নির্বাচন কেন্দ্র আরামবাগ ব্লকের আরও ৪টি অঞ্চল যুক্ত আছে। এখানে শতকরা ৯০ জন কৃষক চাস করে জীবিকা নির্বাহ করে। তারকেশ্বর-আরামবাগ মেন পাকা রাস্তা ছাড়া এই এলাকায় আভ্যন্তরীণ যোগাযোগের কোন পাকা রাস্তা নেই। চাষীদের উৎপন্ন ফসল মোকামে নিয়ে যেতে গেলে খুবই খরচ বেশী পড়ে যায়। এই জন্য সোদপুর-খুশীগঞ্জ রাস্তাটি চাষীদের যোগাযোগের জন্য পাকা করা দরকার। এই ব্লকে বর্তমানে ১২টি নদী সেচ প্রকল্প চালু আছে। কৃষি ভিত্তিক প্রকল্পে মেশিনের

শক্তি দ্বিগুণ করলে অতিরিক্ত স্থানীয় বহু বেকার ছেলের কর্মসংস্থান হবে। আরও ৪টি কেন্দ্র স্থাপন করার প্রস্তাব সংশ্লিষ্ট বিভাগে দেওয়া আছে। এতে যেমন বেকারদের কর্মসংস্থান হবে, তেমনি সেচবিহীন বহু জমিতে সেচ দেওয়া সম্ভব হবে। এই ব্লকে গভীর নলকূপ মোট ১৮টি স্থাপিত হয়েছে। আজ পর্যন্ত ৭টিতে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। বাকি ১১টিতে এখনও বিদ্যুৎ সরবরহ করা হয়নি। আরও ১৬টি নূতন কেন্দ্র স্থাপনের দাবী আছে। এই ব্লকে মোট ২৪ হাজার একর জমির মধ্যে চাষযোগ্য জমি ১৫ হাজার একর। এখনও বহু বড় বড় মাঠ সেচ-বিহীন অবস্থায় পড়ে আছে। এখানকার জমি খুবই উর্বর এবং তিন ফসলী। চাষীরা যেসব জায়গায় সেচের সুবিধা পেয়েছে সেই সব জায়গাতেই ইতিমধ্যে তিনটি করে ফসল ফলাতে আরম্ভ করেছে। অবশ্য বন্যা ও বর্তমান খরার জন্য তাদের সে চেষ্টা অনেকাংশে ফলবতী হতে দিচ্ছে না। এই ব্লকে ৯০০টিরও বেশী অগভীর নলকূপ চালু আছে। যেসব জায়গায় জল এখনও ১০০ ফুটের মধ্যে পাওয়ার সম্ভাবনা আছে সেসব জায়গায় চাষীদের জমি কম। দুই থেকে পাঁচ একর পরিমাণ জমি নাই। এক্ষেত্রে সম্পূর্ণ সরকারী সহায়তায় যদি ৫ একরের ভিত্তিতে একটি করে অগভীর নলকূপ স্থাপন করে সংশ্লিষ্ট ছোট ছোট চাষীদের জমির পরিমাণ মত লগ্নী টাকার দরুন বণ্ড করে নেওয়া যায়, তবে এই প্রকল্প ছোট চাষীদের পক্ষে আরও বেশী কার্যকরী হতে পারে। বৈজ্ঞানিক ভিত্তিতে উৎপাদন বৃদ্ধি এবং কৃষি প্রকল্পের মাধ্যমে স্থানীয় বেকার ছেলেদের কর্মসংস্থান বাস্তবে রূপায়িত করার জন্য এই সব প্রকল্পে বিদ্যুৎ সরবরাহের কাজ দ্রুতগতিতে সম্পন্ন করা দরকার। আমার কেন্দ্র এবং সারা আরামবাগ মহকুমায় নদী সেচ প্রকল্প ও গভীর নলকূপে এখনও অনেক কর্ম খালি আছে। ১৯৭১ সালে অপারেটর, সহকারী অপারেটর এবং নাইট গার্ডের চাকুরীর জন্য বহু স্থানীয় বেকার ছেলে চীফ-ইঞ্জিনিয়ারের কাছে দরখাস্ত করিয়াছে। এখনও প্রতিকার বিহীন অবস্থায় ফাইল চাপা পড়ে আছে। একটা সামান্য ইন্টারভিউ-এর পর্যন্ত ডাক পড়েনি। এই বিক্ষুব্ধ যুবকদের সামনে জবাবদিহি করার মত কিছু নাই। ছোট ছোট কৃষি ভিত্তিক প্রকল্পতে যদি ছেলেরা সুযোগ পায় তাহলে অনেকটা স্বস্তির নিশ্বাস ফেলে। এই সব বেকার ছেলেদের এখুনি নিয়োগের জন্য অন্যান্য যেমন কমিটি গঠন হয়েছে সেইরূপ মহকুমান্তরে একটি সিলেকসান কমিটি গঠন করা হোক। আমার মনে হয় সিলেকসান কমিটি গঠনের জন্য এস. ডি. ও., নদী সেচ প্রকল্প ও গভীর নলকূপ প্রকল্পের দুই জন সহকারী ইঞ্জিনিয়ার একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, এম. এল. এ. এবং সরকার মনোনীত সদস্যদের নিয়ে কমিটি গঠন করা হলে সুব্যবস্থার মাধ্যমে বেকার যুবকদের যতশীঘ্র সম্ভব কর্মসংস্থান হবে। এবং একটা স্থায়ী কমিটি থাকিলে সুপরিচালনা করাও সম্ভব হবে। বর্তমান খরায় আমার পুরশুড়া কেন্দ্রে চার হাজার একর জমির বোরো-ধান নষ্ট হয়েছে, যার পরিমাণ ২৫ হাজার কুইন্টাল, ১২০ টাকা হিসাবে ত্রিশ লক্ষ টাকা ক্ষতি হয়েছে। ৪ হাজার একর জমিতে পাট বোনা হয়েছিল। তিন হাজার একর জমির পাট নষ্ট হয়েছে, যার মূল্য ২৮ লক্ষ টাকা। শাক-শব্জি ও আখ হয়েছিল এক হাজার একর জমিতে, তার ক্ষতির পরিমাণ প্রায় ৫ লক্ষ টাকা। সরকারী ঋণ যাহা পাঠান হয়েছে তাহা এখন বিলি হয় নাই। ঋণ পরিশোধ করিতে না পারায় চাষীদের ঋণ দেওয়া আটক আছে। আমার কেন্দ্রে চাষীরা গত ১৯৭১ সালে বিধ্বংসী বন্যায় এবং বর্তমান খরায় খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। এ অবস্থায় কৃষকদের পক্ষে ঋণ পরিশোধ করা সম্ভব নয়। যাতে কৃষকরা ঋণ পায় তার জন্য কৃষিমন্ত্রীকে নির্দেশ দেবার দাবী রাখছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন সেটা সমর্থন করছি। এই প্রসঙ্গে বলতে চাই ৩ মাস ২০ দিনের শিশু মন্ত্রীসভাকে সমালোচনা করার কোন যুক্তি নেই, এইজন্য কিছু সাজেশনস্ রাখতে চাই যাতে কৃষির উন্নতি

হতে পারে। আমার পূর্ববর্তী বক্তা মহান্তি মহাশয় বলে গেলেন যে সব ডিপার্টমেন্ট এক করে দেন। তাহলে হবে কি? আমাদের ঐ আমেরিকার পি, এল, ৪৮০কে আবার ডেকে নিয়ে আসতে হবে। ডিভিশন অব লেবার না হলে কোন কাজের উন্নতি হয়না। আমি সাজেশন রাখছি যে প্রত্যেক ব্লকে একটা করে এনকোয়ারি অফিস রাখুন কৃষকদের জন্যে। এনকোয়ারি অফিস রাখলে সেখানে কৃষকরা জানতে পারবে কোথায় সার পাওয়া যাবে, কোথা থেকে ইরিগেশনের ব্যবস্থা হবে, ডিপটিউবওয়েল খারাপ হয়ে গেলে সেই ডিপটিউবওয়েল ঠিক করার জন্য কার কাছে যাবে, এই ডিফারেন্ট জিনিষগুলি কৃষকরা এনকোয়ারি অফিস থেকে জানতে পারবে। এর জন্য খরচ বাড়বেনা ব্লক ডিপার্টমেণ্ট একটা ক্লার্ক ডেপুট করলেই চলবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন বি. ডি. ও.-দের স্টাফের উপর কোন কন্ট্রোল নেই। কথাটা ঠিক। আমি এখানে সাজেশন দিচ্ছি ঐ যে এখানে নিয়ম আছে, এগ্রিকালচারাল এক্সটেনশন অফিসার, এক্সটেনশন অফিসার, পঞ্চায়েত, ভেটারনারি এ্যাসিসটেণ্ট সার্জেন, এরা সব গেজেটেড অফিসার, এদের উপর বি, ডি, ও,-র কোন কন্ট্রোল নেই। আমি বলবো মাননীয় মন্ত্রীমহাশয় ব্যবস্থা করবেন যাতে এদের উপর বি, ডি, ও,-দের কন্ট্রোল আসে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফার্টিলাইজার কর্পোরেশনে বিরাট দুর্নীতি চলছে। এই বিষয় আমার বক্তব্য হচ্ছে যে, এই দুর্নীতি দূর করতে গেলে সরকারী ও বেসরকারী লেভেলে কমিটি করে তাদের তদারকে এই সার বিলির ব্যবস্থাটা করতে হবে। এবং প্রত্যেক ব্লকে ব্লক ডেভালপমেণ্ট কমিটি করে এই কমিটির মাধ্যমে সার বিলির ব্যবস্থা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্যালো টিউবওয়েলের কথা উনি বলেছেন যে ৩/৪ হাজার টাকা খরচ হয়। আমি বলবো যে আমার এলাকায় আমি দেখেছি সাড়ে সাতশো টাকা দিয়ে স্যালো টিউবওয়েল হয়। আজকে নূতন মন্ত্রীসভা নিয়ম করেছেন টিউবওয়েল আগে বসাতে হবে তারপর ওভারসিয়ার গিয়ে দেখে আসবার পর টাকা দেওয়া হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এবার পশ্চিম দিনাজপুর সম্বন্ধে কয়েকটি কথা বলবো। পশ্চিম দিনাজপুর জেলা সম্পূর্ণ কৃষির উপর নির্ভরশীল। এখানে ব্যাপক কোন সেচের ব্যবস্থা হয়নি, অল্প দিনের মধ্যে ওখানে বিদ্যুৎ উৎপাদনেরও আশা নেই, আমার বক্তব্য হচ্ছে ডিপ টিউবওয়েল অনেকগুলি ব্লকে হয়নি, ইটাহারে হয়নি, চোপরাতে হয়নি। আমাদের ওখানে স্যালো টিউবওয়েল খুব কার্যকরী হয়, আমি অনুরোধ করবো যাতে ব্যাপকভাবে স্যালো টিউবওয়েল নানা জায়গায় হয়। মাত্র সাড়ে সাতশো টাকা দিলেই একটা shallow tubewell হবে এবং এই স্যালো টিউবওয়েল লোন হিসাবে দিলেও সরকারের কোন ক্ষতি হবেনা। এর পরে ক্যাটেল পার্চেস লোন, যেটা একেবারেই দেওয়া হচ্ছেনা বললেই চলে। আমাদের ওখানে ডি, এম, ১৫ লক্ষ টাকা চেয়েছিলেন, মাত্র দুই লক্ষ টাকা পেয়েছেন। আমি বলবো যে বেশীরভাগ গরুই বাংলা দেশ থেকে চুরি করে নিয়ে গিয়েছে বা মারা গিয়েছে। গরুর অভাবে চাষবাস নষ্ট হচ্ছে।

( লাল আলো )

[5-40—5-50 p.m.]

**শ্রীশক্তিপদ মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কৃষিমন্ত্রী মহাশয় আজকে এই সভায় যে বিল উত্থাপন করেছেন, আমি তা সমর্থন করে সরকারের এই প্রশংসনীয় ভূমিকার জন্য অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবাংলা প্রধানতঃ কৃষিভিত্তিক এবং এখানকার শতকরা প্রায় ৭৮.৮ ভাগ লোকই গ্রামে বাস করে। আজকে এই গ্রামবাংলার উন্নতি করতে গেলে আমাদের নিশ্চয়ই কৃষির উপর জোর দিতে হবে। তাই আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় যে উদার দৃষ্টি দিয়ে এই বিল উত্থাপন করেছেন, তার প্রশংসা না করে উপায় নাই। দীর্ঘদিনের

অবহেলা এবং অবজ্ঞার পর আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় বিশেষ চিন্তা ও উদার দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিল উত্থাপন করেছেন। কিন্তু সরকারী এই পরিকল্পনাকে কার্যকরী করার জন্য যে সরকারী কর্মচারীরা রয়েছেন, তাদের গাফিলতির জন্য দেখতে পাচ্ছি এই বিলের মধ্যে যে সমস্ত মঞ্জুরীকৃত টাকা রয়েছে তার অধিকাংশই খরচ হয়নি। আমি দেখতে পাচ্ছি বিশেষ করে আমাদের বাঁকুড়ার মার্জিনাল ফার্মার্স স্কীমের জন্য যে পরিমাণ স্যাংশন করা হয়েছিল তার অধিকাংশই এখন পর্যন্ত খরচ হয়নি। সরকারী কর্মচারীদের গাফিলতি যদি এভাবে চলতে থাকে, তাহলে আমাদের পরিকল্পনা যতই ভাল হোক্ না কেন, আমি কিন্তু কিছুতেই তা সমর্থন করতে পারিনা। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি যাতে এই সরকারী কর্মচারীদের কাজে কোন অবহেলা না থাকে, সেদিকে তিনি যেন নজর দেন। আমি সরকারী কর্মচারীর corruption and nepotism in matters of appointment and promotion under Chief Engineer, Agriculture Department. এর দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা হয়ত মন্ত্রীসভা গঠনের কিছু পূর্বে বা কয়েকদিনের মধ্যে হয়েছিল। আমি কয়েকটি উদাহরণ তুলে ধরতে চাই কোন ইণ্টারভিউ না নিয়ে এবং বিনা মেডিক্যাল সার্টিফিকেটেই যে সমস্ত এ্যাপয়েণ্টমেণ্ট হয়েছে এবং যাদের এভাবে প্রমোশন হয়েছে, সেই সমস্ত বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অমিতকুমার মুখার্জী appointed as an operator, vide memo No. 370/10, dated 29-3-72. শুনতে পাচ্ছি তিনি নাকি চীফ ইঞ্জিনীয়ার ডি. এন. মুখার্জীর ভাইপো। অমলকুমার চ্যাটার্জীকে একই ডেটে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়, ২০০ জন লোককে নাইট গার্ড হিসাবে এবং এ্যাসিস্ট্যাণ্ট অপারেটারকে অপারেটার হিসাবে প্রমোশন দেওয়া হয়, এই ধরণের বহু কার্য্যকলাপ চলতে থাকে এবং অবহেলা চলতে থাকে, তাহলে নিশ্চয়ই পরিকল্পনা সাক্সেসফুল হতে পারেনা। এটাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টিতে আনছি।

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এগ্রিকালচারাল বিভাগের ব্যয় বরাদ্দ সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। আপনি স্যার, জানেন যে ভারতবর্ষের এগ্রিকালচারের উন্নতির উপরই ভারতবর্ষের উন্নতি নিহিত আছে। অথচ ভাবতে আশ্চর্য্য লাগে যে সেচ ব্যবস্থা আমাদের দেশে কত নগণ্য এবং কম। এর ফলে আমরা দেখতে পাচ্ছি অধিকাংশ জমি কালটিভেবল্ জমি সেচের অভাবে চাষাবাদ হচ্ছেনা। তামিলনাড়ু অঞ্চলে, অন্ধ্রে, পাঞ্জাবে যেখানে ৯২ পারসেণ্ট, ৮১ পারসেণ্ট, আমাদের দেশে পশ্চিমবাংলায় মাত্র ২৭ পারসেণ্ট জমিতে সেচ হয়, তার বেশী কিছু নয়। তাছাড়া যে বিদ্যুৎ আমরা ব্যবহার করি, তার পরিসংখ্যান যদি দেখি, দেখতে পাব যেখানে সবভারতীয় ক্ষেত্রে গড়ে ১৩ পারসেণ্ট বিদ্যুৎ ব্যবহার করতে পারে আমাদের পশ্চিমবাংলা সেখানে ব্যবহৃত হয় ৭ পারসেণ্ট। আমি যে জেলা থেকে এসেছি, সেই জেলার হিসাব ধরলে, তার সংখ্যা আরও অনেক কম, পারসেণ্টেজ মাত্র ৩ পারসেণ্ট। তাছাড়া কৃষকরা মূলধন লগ্নী করে।

আমরা দেখতে পাচ্ছি যে কৃষি উন্নতির জন্য তামিলনাড়ু, পাঞ্জাব, অন্ধ্র যেখানে ৩২৭, ৩৭০, ৩২৬, পরিমাণ টাকা নিয়োগ করতে পারে আর আমাদের পশ্চিমবাংলা সেখানে দুরবস্থা এতই বেশী যে ৯০ টাকার বেশী তারা খরচ করতে পারেন না। এই হচ্ছে পশ্চিমবঙ্গের কৃষি ব্যবস্থা। আপনার মাধ্যমে সেচ ব্যবস্থা সম্পর্কে যে সমস্ত বৈজ্ঞানিক চিন্তাধারা বা যে সমস্ত পরিকল্পনা আছে সেইগুলি যদি মন্ত্রীমহাশয় করেন তাহলে এই খরার হাত থেকে বাঁচতে পারা যায়। তিনি

সত্যকারের সেই সমস্ত ব্যবস্থা নিয়োজিত করুন যাতে সত্যিকারের ভাল ফল হয়। কিন্তু দুঃখের সঙ্গে বলবো আমরা সে জিনিষ দেখতে পাইনা। যে প্রচণ্ড খরার মধ্য দিয়ে আমরা এলাম প্রত্যেক মানুষই খরার জন্য হাহাকার চিৎকার করতে হয়েছিল, প্রত্যেক সদস্যই জানেন যে মানুষকে কি কষ্টের মধ্যে দিয়ে অতিক্রান্ত হতে হয়েছে। তাই স্যার, আমি বৈজ্ঞানিক ভাবে সেচ ব্যবস্থার প্রতি বেশী গুরুত্ব দিতে চাই। সেচ ব্যবস্থার সর্বাধিক উন্নতি করে কৃষির উন্নতি করা সম্ভব। আমি এই সম্পর্কে কয়েকটা সাজেশন রাখবো। প্রত্যেক গ্রামের অবস্থা আমরা এই সেচ ব্যবস্থার মাধ্যমে ফেরাতে পারি। গ্রাম থেকে অঞ্চলে ও অঞ্চল থেকে ব্লকে এইভাবে সর্বাঙ্গীণ চাষের পরিবর্তন আনতে পারি। এক দিক দিয়ে সামগ্রিক ভাবে এর ফলে উৎপাদন ব্যবস্থার পরিবর্তন আনতে পারি ও আবার গ্রামীণ যে সমস্ত বেকার আছে তাদের বেকারত্ব দূর করতে পারি। আর একদিকে অর্থনৈতিক অবস্থার দ্রুত পরিবর্তন হতে পারে। গ্রামের দুরবস্থার দিক থেকে আমার আর একটি সাজেশান হচ্ছে সেচের ব্যাপারে প্রত্যেক গ্রামে বা অঞ্চলে যে সমস্ত পুরান নদী, পুকুর, সংস্কারের অভাবে মজে গেছে সেই অগভীর নদী ও মজে যাওয়া পুকুর গুলির সংস্কার করতে হবে ও নানান জায়গায় গেট করে Reservior করে river irrigation-এর মাধ্যমে জল সরবরাহের ব্যবস্থা করে গ্রামে আশে পাশে যদি সব জায়গায় আমরা জল সরবরাহ করতে পারি তাহলে আমরা সেচ ব্যবস্থার উন্নতি করতে পারবো। এক একটি বিস্তির্ণ অঞ্চলের ভিত্তিতে বিরাট বিরাট জলাধার স্থাপন করে সেই জলাধারের জল যদি আমরা চাষের কাজে লাগাতে পারি তাহলে উন্নতি হবে। যদিও আমাদের অর্থনৈতিক অবস্থা খারাপ তবুও আমি বলবো, যে সমস্ত জায়গায় জল পাওয়া যাচ্ছে সেখান থেকে জল লিফট করে সেচের ব্যবস্থা যাতে করা যায় সেদিকে আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া আমরা জানি যে পল্লীগ্রামের যে বহু পুষ্করিণী আছে যা সংস্কার হয়নি তার কারণ সেগুলি এতদিন ব্যক্তিগত মালিকানায় ছিল। আমি মনে করি যে আইনের টালবাহনা না করে যত পুকুর পুষ্করিণী আছে তার সংস্কার করা দরকার ও চাষের জন্য তা নিয়োগ করা দরকার। যে সমস্ত বাধা বাড়া আছে যাকে আমরা চায বলি সেই ডাঙ্গা জমিতে কূপ স্থাপন করে লিফট করে দেবার ব্যবস্থা ও বৈদ্যুতিকের সাহায্যের মাধ্যমে যদি হয় তাহলে অনেক উন্নতি হতে পারে। এছাড়া প্রত্যেকটি খাল, বিলের, সংস্কার করে এবং যে সমস্ত ক্যানেল আছে তাতে গেট সিস্টেম করে তার পাশাপাশি সমস্ত জায়গাতে আমরা কম খরচে জল সরবরাহ করতে পারি। এইভাবে করলে আমরা গ্রামের উন্নতি করতে পারবো এবং কম খরচে এই সমস্যার মোকাবিলা করতে পারবো। এইগুলির দিকে দৃষ্টি আকর্ষণ করে মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p.m.]

**Shri Nitaipada Ghosh**: মাননীয় ডেপুটী স্পীকার স্যার, মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এখানে রেখেছেন, আমি সে দাবী সমর্থন করছি। এই সমর্থন জানাচ্ছি এই কারণে যে তিনি প্রথম কৃষিমন্ত্রী। তিনি বোরোচাষের জন্য বোরোজমি ঠিক করেছেন ৮ লক্ষ একর। তার এই প্রকল্প যদি সাফল্য মণ্ডিত হয়, তাহলে কৃষিতে এক যুগান্তকারী অবস্থার সৃষ্টি হবে। এই ব্যাপারে তাঁর সদিচ্ছা প্রমাণিত হয়েছে।

আমি এখানে কয়েকটা জিনিষ রাখছি যা কৃষির উন্নতির পক্ষে বাধাস্বরূপ। এক একজন কৃষকের জমি বিভিন্ন এলাকায় টুকুরো টুকরো ভাবে ছড়িয়ে আছে। এর ফলে চাষীর পক্ষে সমস্ত জমিতে পাম্পের সাহায্যে জল দেওয়া সম্ভব হয় না। পাঞ্জাবে যেমন হয়েছে—সমস্ত ছড়ান জমি

চাকবন্দী করা হয়েছে এবং সহজে পাম্পের জলের সাহায্যে সেই সব জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। এক জায়গায় পাম্প বসিয়ে সমস্ত জমিতে একসঙ্গে সেচের ব্যবস্থা করা সম্ভব হয়েছে। যেখানে under-ground water source বেশী আছে—সেখানে Group সিস্টেমে পাম্প বসিয়ে Irrigation এর ব্যবস্থা সরকার থেকে করা উচিত এবং তারপর চাষীদের কাছ থেকে Tax বসিয়ে সব খরচ electric line ইত্যাদির খরচ আদায় করা যেতে পারে। তাহলে চাষীও সময়মত—পরিমাণ মত জল পাবে এবং ফসলের উৎপাদনও বাড়বে। এই suggestion আমি তাই মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি।

আমি বীরভূম জেলার একজন সদস্য—, আমি সেই বীরভূম জেলার কথা একটু বলি। আমাদের বীরভূম জেলায় একটি কৃষি বিদ্যালয় স্থাপনের জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। কারণ শ্রীনিকেতনে কৃষি শিক্ষার ব্যবস্থা আছে। সেখানে যাতে একটা কৃষি বিদ্যালয় স্থাপিত হয়, তার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি ও তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা বিষয়ের প্রতিও তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যে কৃষি লোনের কথা বলেছেন যে ব্যাঙ্ক থেকে এই লোন পাওয়া যায়। আমি ব্যাঙ্কে গিয়েছি। এজেন্টের কাছে বলেছি—আমাদের কৃষি লোন দেওয়া হোক। তার উত্তরে তিনি বলেছেন—আমাদের ব্যাঙ্কের স্টাফ sufficient নাই, এই কৃষি লোন দেওয়ার ব্যবস্থা করা সম্ভব নয়। এই কৃষি লোনের অভাবে চাষবাসের পর্যাপ্ত পরিমাণ ক্ষতি হচ্ছে। আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করবো—তিনি এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে ব্যাঙ্কের উপর চাপ দিতে বলুন—যাতে ব্যাঙ্ক কর্মচারীর সংখ্যা বাড়ান হয়, চাষীরা সময়মত লোন পায়।

আর একটা কথা বলি—বীরভূমের বিস্তীর্ণ ডাঙ্গা মাঠ পড়ে আছে, যেখানে জলের অভাবে চাষ আবাদ হয় না। সেখানে সিসলের চাষ করবার দাবি করা যায়। রাজনগরে একটা সিসল ফার্ম আছে। সেই রকম আরো সিসল ফার্ম করে প্রচুর পরিমাণে সিসলের চাষ করার ব্যবস্থা করা হোক। সেই সিসলের দড়ি উৎপন্ন বিদেশে রপ্তানী করা সম্ভব হবে। কারণ সিসল দড়ির আন্তর্জাতিক বাজার আছে। সেই আন্তর্জাতিক বাজারে বিক্রয় করে যথেষ্ট বিদেশীমুদ্রা অর্জন করা সম্ভবপর হবে।

আর একটা জিনিষের উপর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই পাম্পের ব্যাপারে আমার পূর্ববর্তী একজন বক্তা বলে গেলেন এজন্য আমরা দু লক্ষ টাকা খরচ করছি—একজন পাম্পম্যানকে দুশো টাকা করে মাস মাইনে দিয়ে। আমাদের সি, পি, এম, বন্ধুরা আর কিছু না করুক—সরকারী কর্মচারীদের নিষ্ক্রিয় করে দিয়ে গেছেন। কেবল Co-ordination কমিটিতে থাকলেই হলো—আর কাজ করবার দরকার হবেনা। যারা পাম্প চালায়, দু তিন-চার ঘণ্টার বেশী কখনো তারা পাম্প চালায় না। এই পাম্পম্যানের সংখ্যা বেশী করলে—এবং বেশী সময় ধরে পাম্প চালু রাখতে পারলে ফসলের উৎপাদনও বেশী বেড়ে যেত এবং বেকার সমস্যারও একটা সমাধান এদিক দিয়ে খানিকটা হতে পারতো। তাই বলবো আপনি বেশী করে পাম্পম্যান নিয়োগ করবার ব্যবস্থা করুন।

**Shri Mohammad Dedar Baksh :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং যে বিবৃতি তিনি রেখেছেন যে দু-বছরের মধ্যে পশ্চিমবঙ্গকে সবুজ বিপ্লবের মধ্যে আত্মনির্ভরশীল করে তুলবেন বলে প্রতিশ্রুতি

দিয়েছেন। আমরা আশাবাদী—তাই আমরা আশা করবো—যে সত্যিকার আমরা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবো।

এই পশ্চিমবাংলা আজ বিভিন্ন সমস্যায় জর্জরিত। বেকার, অর্ধ বেকার, দারিদ্র, এই সমস্ত দূর করতে গেলে আমাদের পাঞ্জাবকে অনুসরণ করতে হবে। পাঞ্জাব শিল্পের থেকে কৃষির উপর বেশী প্রধান্য দিয়েছে। এই দিকে আমি কৃষি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের পশ্চিমবাংলাতে শিল্পের থেকে কৃষির উপর বেশী প্রাধান্য দিতে হবে। আজকে সেচের অভাবে পশ্চিমবঙ্গে বহু জমিতে চাষ হচ্ছে আবার পাশাপাশি যে সমস্ত জমি জলের তলায় পড়ে রয়েছে সেখানকার জল নিষ্কাসনের ব্যবস্থা করতে হবে। জমিতে সার, বীজ ও কীট নাশক ঔষধ দেবার জ্ঞান চাষীদের মধ্যে আনিয়ে দিতে হবে—এই দিকে আমি বিশেষ করে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমাদের গ্রাম বাংলার কৃষকদের কৃষি সম্পর্কে ভালভাবে জ্ঞান নাই, কিভাবে সার দিতে হবে, কিভাবে কীট নাশক ঔষধ ছড়াতে হয় তা তারা ভালভাবে জানে না। এই দিকে আমি মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করি। কৃষি কাজে আধুনিক যন্ত্র সরবরাহ করতে হবে, সার ও কীট নাশক ঔষধ এবং বীজ যাতে তারা সময়মত পায় তার ব্যবস্থা করতে হবে। একথা মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে, কৃষকদের সময়মত এই সব জিনিস না দেওয়া যার জন্য অনেক ফসল নষ্ট হয়ে যায় ভালভাবে ফসল হয় না। আমি অনুরোধ করবো এমন ব্যবস্থা করুন যাতে তারা সময় মত উপযুক্ত বীজ ও সার পায়। আজকে গ্রামীণ অর্থনীতি একেবারে ভেঙ্গে পড়েছে বার বার বন্যা ও খরার ফলে। বর্তমানে যে সেচ ব্যবস্থা আছে তাতে যে একটা খুব ভাল কাজ হচ্ছে তা নয়, সেখানে আরও সেচের ব্যবস্থা করতে হবে। আজকে তাদের যে সমস্ত যন্ত্র সরবরাহ করা হয় কিভাবে তারা তা প্রয়োগ করতে হবে সেই সম্পর্কে যাতে তারা জ্ঞান লাভ করতে পারে তার ব্যবস্থা আমাদের করতেই হবে। তাহলে আমার মনে হয় দারিদ্র, বেকারী আধা বেকারী সব দূর হয়ে যাবে। আজ যেখানে শতকরা ৭০ ভাগ লোক বাস করে সেই গ্রাম বাংলার অবস্থা খুবই সঙ্কটজনক। সেখানকার অর্থনৈতিক কাঠামো একেবারে চরম অবস্থায় এসে পৌছেছে। আজকে গ্রাম বাংলার উন্নতি করতে গেলে কৃষির উন্নতি একান্ত দরকার। এবং এই কৃষির উন্নতি না হলে পশ্চিমবাংলার শ্রীবৃদ্ধি হতে পারে না। এই দিকে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি এ বিষয়ে বিশেষ মনোযোগ দেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনীলকমল সরকার** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় কৃষি খাতে যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি। মন্ত্রীমহাশয় নিশ্চয় জানেন এবং উনি নিজে স্বীকার করেছেন যে বন্যা, ঘূর্ণিবার্তা এবং খরার ভিতর দিয়ে কৃষকদের যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তা অতি ভয়াবহ। উনি ওনার বক্তব্যে এই জিনিস রাখার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। ওনার ভাষণের মধ্যে বৈপ্লবিক চিন্তাধারা আছে এবং এর জন্য আমি তাঁকে স্বাগত জানাচ্ছি। কিন্তু আমি একটা কথা না বলে পারছি না, সেটা হচ্ছে এই যে গত ১০ বছর যাবৎ সরকারী ব্যবস্থার জন্যই হোক, আর যে ভাবেই হোক যে দুর্দশা কৃষকদের ঘাড়ে চেপেছে তা ভালভাবে যদি অনুসরণ করা যায় তাহলে দেখা যাবে যে ১০ বছর আগে যে কৃষক ১৫ বিঘা জমির মালিক ছিল সে ক্রমে ক্রমে বিক্রি করে ৫ বিঘায় এসে দাঁড়িয়েছে। যাদের ২০ বিঘা ছিল তাদের ১৫ বিঘায় এসে দাঁড়িয়েছে। আজ দু বছর তাদের কোন ফসল হয় নি যা থেকে তারা সংসার চালায়। তাদের জীবন চালানো একেবারে অসম্ভব হয়ে পড়েছে। এমন একটা ক্লাস আছে যাদের ৫/৬/৭ বিঘা জমি তারা ক্রমান্বয়ে একেবারে প্রায় ভূমিহীন কৃষকে পরিণত হয়েছে।

[6-00—6-10 p.m.]

আমাদের বহুদিন যাবত কৃষির উপর যে গবেষণা হচ্ছে, নিরীক্ষা করা হচ্ছে, তার ফলে আমরা কি দেখছি– এটা প্রত্যেক মাননীয় সদস্য নিশ্চয়ই স্বীকার করবেন যে আজ থেকে ১০ বছর আগে যে জমির মালিক ছিল এখন সেখান থেকে অনেক কমে গেছে। ক্ষুদ্র চাষীদের ভিতর এবং কিছু কিছু জমির মালিকের জমি বেড়ে গেছে, এটা অনস্বীকার্য্য। কিন্তু আজকে যে পরিস্থিতির ভিতর দিয়ে ভূমি রাজস্ব বেড়েছে এবং এই ভূমি রাজস্ব বাড়াবার আগে কৃষকদের জন্য যে উন্নয়ন মূলক পরিকল্পনা নেওয়া হয়েছে সেটা ফলবতী হওয়া উচিত ছিল। আমি দেখেছি কিছু কিছু জায়গায় যেখানে সেচের ব্যবস্থা হয়েছে সেই এরিয়ায় একরে ১০৫ মণ পর্যন্ত ধান জন্মানো সম্ভব হয়েছে। কৃষকদের সার, বীজ ও সেচের ব্যবস্থা করে যদি রাজস্ব বাড়ানো হত তাহলে এটা সমীচীন হত বলে আমি মনে করি। কিন্তু একটি জিনিস আমি ভেবে পাচ্ছি না যে হঠাৎ তাড়াহুড়া করে কেন এই রাজস্ব বাড়ানো হল যেখানে নানা রকম ক্ষয়-ক্ষতির ভিতর দিয়ে কৃষকরা চলেছে এবং এতে করে তাদের উপর আরো চাপ সৃষ্টি হবে বলে আমি মনে করি। যাই হোক, যেভাবে এই বাজেট এনেছেন, এখানে যে ব্যয় বরাদ্দ রেখেছেন তাঁর মনোভাবের উপর আমি প্রশংসা করে ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Honourable Members, the time for discussion of this Grant is three hours and it will expire at 6-04 minutes, but the Hon'ble Minister has not yet replied and I think, he will also take about 20 minutes' time for his reply. I, therefore, take the permission of the House to extend the time for about half-an-hour so that this Grant is finished.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয় টাইম নিশ্চয় বাড়ানো হবে, তবুও আমরা বলতে পাই না। টাইম যখন বাড়ানোই হল তখন যদি স্যার, আপনি একটু দয়া করে ২/৫ মিনিট আমাদের বলতে দেন তাহলে খুব ভাল হয়। কারণ আমাদের অনেক কিছু বলার ছিল, সময় অভাবে বলা সম্ভব হয়নি। স্যার, বিজনেস এ্যাডভাইসরি কমিটিতে যখন ঠিকই করেছেন তখন আমাদের দয়া করে একটুখানি টাইম দিন কিছু বলবার জন্য, এই হচ্ছে আমার নিবেদন।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** Mr. Biswas, you know, there is another grant after this grant.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** সে টাইমও স্যার, আমরা দেব।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** That is for one hour It is not possible to extentd time to allow more speakers at this moment. Please excuse me.

**শ্রীআব্দুস সাত্তার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি সর্ব প্রথম আমাদের হাউসের যে সমস্ত মাননীয় সভ্য আমার ব্যয় বরাদ্দকে সমর্থন করেছেন তাঁদের ধন্যবাদ জানাচ্ছি—বিশেষ করে সি. পি. আই.-এর শ্রীঅশ্বিনী রায় এবং শ্রীঅজিত গাঙ্গুলী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি আমার এই ব্যয় বরাদ্দ সমর্থন করার জন্য। আর যারা আমার ব্যয় বরাদ্দ সমর্থন করেন নি তাদের মধ্যে এক নম্বর হচ্ছেন শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তী এবং জনাব নাশিরুদ্দিন খান, যিনি প্রাক্তন ৮৬ দিনের

মন্ত্রী ছিলেন। শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি মহাশয় বলেছেন নীতিগত ভাবে তিনি সমর্থন করতে পারেন না, আমিও তাঁর সঙ্গে একমত। কারণ তাঁদের নীতি, আমাদের নীতি এক নয় এবং সেই হিসাবে খুশী হয়েছি যে অন্ততঃ পক্ষে প্রদ্যোৎ বাবুর মত লোক-এর হাউসের অন্যান্য যে সমস্ত মোর্চার লোক আছেন তাঁদের নীতির সঙ্গে মিল হবে না, এতো আমাদের জানা কথা ছিল।

তার নীতি হচ্ছে মূলত দুর্নীতি। আর আমাদের নীতি হচ্ছে কি করে গ্রাম বাংলার অর্থ-নৈতিক কাঠামোকে সুদৃঢ় করা যায়, কি করে সবুজ বিপ্লব এনে আজকে আমাদের যে খাদ্য ঘাটতি আছে সেই ঘাটতি পূরণ করা যায়। এই পরিকল্পনাকে সামনে রেখে আমি হাউসের সামনে এই বাজেট এনেছি। আমি জানি, এই পরিকল্পনা তাদের পছন্দ হবে না। এই সমস্ত অতীতের জঞ্জাল আমি ১৯৬৯ সালে আমি সেই দলে ছিলাম। আমি দেখেছি, অনেক পরিকল্পনা নেওয়া হয়েছে কিন্তু কার্য্যতঃ রূপায়ণের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তার ফলে দেশের চাষীর অবস্থা, গ্রামের অবস্থা দিনের পর দিন খারাপের দিকে গেছে। আজকে চাষীর অবস্থা খারাপ হয়েছে, গরীব থেকে আরো গরীব যদি হয়ে থাকে তাহলে সেটা আমাদের ৩ মাসের শাসন কালে হয়নি, সেটা হয়েছে গত ২৫ বছর যে শাসন ব্যবস্থা ছিলো তার ফলে। তাই মহান্তি মহাশয়কে বলছি, আজকে আপনি সংগঠন কংগ্রেসে আছেন, ভাল কথা। আজকে আপনার নেতা এবং আমারও নেতা ছিলেন, তাকে জিজ্ঞাসা করুন কেন আজকে চাষীর অবস্থা ভাল হয়নি? একথা তাকে জিজ্ঞাসা করা উচিত ছিল। আজকে একজন্য কাদের দোষ দিচ্ছেন। আজকে আমরা অতীতের সমস্ত জঞ্জাল নিয়ে এসেছি, আজকে ১৯৬০ সাল বা তারও আগে থেকে হিসাব করুন। যদি বলা হয় উন্নতি হয়নি, তাহলে বলবো যে ১৯৭১-৭২ সালে যে উন্নতি বিশেষ করে গ্রীষ্মকালীন বোরোধানের যে চাষ, এই চাষের উন্নতি অতীতে কখনও হয়নি। এবছর সেদিক থেকে লক্ষ্য রেখে আমরা অগ্রসর হচ্ছি। তাই আপনি যে সমস্ত কথা বলেছেন আপনার নীতির সঙ্গে আমাদের নীতির মিলবে না। তাই আপনার নীতি আলাদা এবং আমাদের নীতি আলাদা। আপনি ভাল জিনিসকে নিন্দিত করে বিবৃতি করবেন তাতে আশ্চর্য্য হবার কিছু নেই। আপনি যে কথা বলেছেন, আপনার কাছে এইটুকু তুলে ধরবো। যদি দেখেন তাহলে দেখবেন যে ১৯৬-৬১ সালে গ্রীষ্মকালীন বোরো ধানের চাষ হয়েছিল ৫৮ হাজার একর। ১৯৬৬-৬৭ সালে সেটা ৫৮ থেকে ৬৮ পর্যন্ত উঠেছিল অর্থাৎ যে পর্যন্ত প্রফুল্লদা রাজত্ব করেছিলেন, তিনি কৃষি মন্ত্রী এবং মুখ্য মন্ত্রীও ছিলেন সেই সময় দেখা গেছে ১৯৬৬-৬৭ সালে যে বছর বিদায় নিলেন সেই বছর ৬৮ হাজার একর বোরো ধান হয়েছিলো। সেখানে ১৯৭১-৭২ সালে দেখুন ৭ লক্ষ একর জমিতে বোরো ধানের চাষ হয়েছে। সুতরাং যদি বলেন অগ্রগতি হয়নি, যদি বলেন আপনার হিসাবে কারচুপি আছে, তাতে আমি বলবো যে কারচুপি হিসাব আমি বেশী দেই নি, বেশী দিতেন প্রফুল্লবাবু, হিসাব ঐ দপ্তর থেকেই নিয়ে দিতেন। আপনারটা কারচুপি হলনা আমারটা হল তাতো হয় না। সেটা যদি কারচুপি হয়ে থাকে তাহলে আমারটাও হয়েছে। কেবল তাই নয়, আপনি আরো জানেন আমরা যে ব্যবস্থা গ্রহণ করার কথা বলছি, যে Programme এর কথা বলছি, সেটা হচ্ছে এই যে আমাদের যে লোকসান ১৯৭১ সালের গণনা অনুসারে মোট লোকসান পশ্চিমবঙ্গে ৪ কোটি ৪৪ লক্ষ।

[6-10—6-20 p.m.]

এতে খাদ্যের দরকার হচ্ছে যদি প্রতি মানুষ প্রতি ১৬ আউন্স করে ধরা হয় তাহলে ৮০ লক্ষ ২৯ হাজার টনের। আমরা জানি দু বছরে যদি খাদ্য স্বয়ংসম্পূর্ণ হতে হয়, অর্থাৎ ১৯৭৪ সালে লোক সংখ্যা বেড়ে ৪ কোটি ৪৭ লক্ষ হবে এবং খাদ্যের দরকার হবে ৮৬ লক্ষ টন, ১৬ আউন্স করে ধরে। ১৯৭২-৭৩ সালে আমাদের মোটামুটি target ৮০ লক্ষ টন, এবং আমরা ২ বছরে

:স প্রকল্পটি নিয়েছি এবং আমি বক্তব্যের মধ্যে বলেছি যে মোট ৫৫ কোটি টাকার দরকার যার ফলে আমরা আরও additional ৮ লক্ষ একর জমি বোরো ধানের চাষ এবং ১ লক্ষ একর জমিতে পাটের চাষ আমরা বেশী করতে পারবো। যদি irrigation ব্যবস্থা হয় তাহলে যে পাটের চাষ হচ্ছে বর্তমানে, তার তিন ভাগের এক ভাগ আমরা irrigation থেকে সুবিধা পাবো। যে Central team study করতে এসেছিলেন, study করার পর তারা আমাদের প্রকল্পকে সুপারিশ করে Planning Commission এর কাছে দিয়েছে এবং তারা যেটি report দিয়েছে, তার একটি অংশ থেকে পড়ে শোনাচ্ছি। তিনি বলেছেন cost benefit সেই প্রকল্প যদি successful হয় তাহলে কত হবে, আমি ৫৫ কোটি টাকা খরচ করছি। সেখানে আসবে The average yield of clean rice to a hectaire from summer crop is about 3·75 tonnes and its value at the prevailing market rate is Rs. 4,687·50 P at the rate of Rs. 1,250 per tonne The cost of cultivation of summer rice is about Rs. 1,710 per hectaire leaving a net profit of Rs. 2,637·50 P. per hectaire. The estimated production from 3·20 lakh hectaires comes to 1·20 million tonnes of clean rice. Its value will be about Rs. 150 crores at the rate of Rs. 1,250 per tonne. It is, therefore, obvious that the cost benefit ratio is highly favourable.

যেটা Central team দেখিয়েছেন তাঁদের reportএ এবং তারা সমস্ত আলোচনা করে এই মর্মে বলেছেন At our discussion both at Delhi and Calcutta it was obvious that the scheme was very good and technically feasible তারা recommend করেছেন। আমি আশা করি আমাদের যে production, সেই production কেবল মোটামুটি কেবল বোরো ধানের production নয়, এর থেকে দেখবেন গমের চাষেও আমরা অনেক এগিয়ে গেছি। ১৯৬১-৬২ সালে গমের চাষ হয়েছে ১ লক্ষ ১৩ হাজার একরে, সেখানে বেড়ে এখন হয়েছে ১০ লক্ষ ৮ হাজার একর, আর ১৯৬৬-৬৭ সালে ১ লক্ষ ৩৬ হাজার সেটা ১৯৭১-৭২ সালে হয়েছে ১০ লক্ষ একর জমিতে গম—এটা বেড়েছে। এ ছাড়া আমন, আউস প্রত্যেক জায়গাতে আগে ছিল ২৫ লক্ষ ৭২ হাজার একর সেখানে এবার ২৬ লক্ষ ৬ হাজার একর। এই ভাবে প্রত্যেক জায়গাতে দেখা গেছে যে উন্নতি হয়েছে, তবে এটা বলতে পারেন আশানুরূপ হয়নি, সেটা আমিও বলবো তবে আমার বিশ্বাস আমরা যে প্রকল্পটা নিয়েছি এবং এই প্রকল্প ছাড়া আরও অনেক প্রকল্প আছে—small farmers development project আছে, marginal farmers and agriculture labourers development project, আর একটা আছে কতকগুলি জমিতে বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়া,দার্জিলিং, হুগলি এবং পশ্চিম দিনাজপুর বিভিন্ন জেলায় এই সমস্ত প্রকল্প আমরা নিয়েছি এবং কাজ হচ্ছে। এ ছাড়া drought areas হিসাবে আমরা নিয়েছি মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া এবং পুরুলিয়া। এই সমস্ত প্রকল্পের কাজ চলছে, এই ছাড়া আমি আমার বক্তৃতার মধ্যে বলেছি যে আজকে চাষের সব চেয়ে যেটা ক্ষতি অনেক সময়ে দেখা দেয় সেটা হচ্ছে চাষী ভাল মার্কেট পায় না, সেখানে মিডিল ম্যানেরা অনেক সময় চাষীদের কাছ থেকে অল্প দামে নিয়ে নেয়। সেই জন্য আমরা আইন নিয়ে আসছি, ওয়েষ্ট বেঙ্গল মার্কেটিং রেগুলেশান অ্যাক্টের আওতায় আমরা কয়েকটি বড় বড় বাজারকে নিয়ে আসব এবং সেই বাজারে চাষীরা নির্দিষ্ট কয়েকটি দামে বিক্রি করবে। যাতে তারা সেখানে শস্য নিয়ে আসবে। উচিৎ মূল্যে বিক্রয় না হলে গুদামে রাখার ব্যবস্থা থাকবে। দরকার হলে চাষীকে জিনিষের againstএ এ্যাডভান্সও ব্যবস্থা থাকবে এবং দেখা যাবে চাষীরা কোন মিডিল ম্যানের হাতে পড়ছে না। এই ব্যবস্থা নেওয়ার জন্য আমি একটা মার্কেটিং রেগুলেশন

অ্যাক্ট নিয়ে আসছি এবং সেটা এই সেসানেই আনব। আমাদের চাষীদের কি করে উন্নতি হবে, কি করে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হব সেদিকে আমাদের লক্ষ্য আছে। আমরা যে ব্যবস্থার কথা বলছি, সেণ্ট্রালের যে টিম এসেছিলেন তারাও সেই ব্যবস্থাকে সমর্থন করে গিয়েছেন এবং জোর সুপারিশ করেছেন, তবে যতক্ষণ না পাচ্ছি সে সম্বন্ধে ডিটেল কিছু বলতে পারব না। তাই আমি প্রদ্যোৎ মহান্তি মহাশয়কে বলছি যে আমাদের নীতিতে অন্ততঃপক্ষে গরীব চাষীদের যারা দুই একরের কম জমির মালিক, তাদের জন্য স্পেশ্যাল প্রজেক্টের ব্যবস্থা আছে, এবং যে সমস্ত চাষীরা গরীব তাদের কি ভাবে টিউবওয়েল ডিপ-টিউবওয়েল বলুন, রিভার লিফ্‌ট, কিংবা স্যালো টিউবওয়েল বলুন ইত্যাদির সুযোগ সুবিধা দেওয়া যায় সে দিকে আমাদের লক্ষ্য আছে এবং আপনি জানেন ওয়েষ্ট বেঙ্গল প্ল্যানিং বোর্ড তাকেও এগ্রিকালচারের সঙ্গে জুড়ে দেওয়া হয়েছে। প্ল্যানিং বোর্ড একটা স্কীম করে দেন। সেই স্কীমে জেলায় ১০ হাজার একর জমি (কম্প্যাক্ট এরিয়া) নিয়ে আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ হবে। সে প্রকল্পে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্টের কোন ফাইন্যান্স লাগবে না এবং সেখানে যে টাকা খরচ হবে সেটা মোটামুটি ব্যাংক থেকে নেওয়া হবে। এখানে যেমন ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলাপমেণ্ট অথরিটি এবং সি. এম. পি. ও আছে সেইভাবে রুরাল ডেভেলাপমেণ্ট অথরিটি করে একটা কমিটি করা হবে এই রূপ সাজেশান আছে। আমার মনে হয় সেই ১০ হাজার একরের মধ্যে ১ বিঘার মালিক, ২ বিঘার মালিক এমন কি ১০ বিঘার মালিক সকলকে এক সঙ্গে দেওয়া হবে। এইভাবে যদি আমরা ১০ লক্ষ করে ধরি সমস্ত জেলায় তাহলে ১ কোটি ৫০ লক্ষ একর জমি '৭৪ সালের মধ্যে হবে। এখানকার সমস্ত ব্যবস্থা এই কমিটি করবেন। মডার্ণ যে সব ইম্পোর্টস আছে, ফার্টিলাইজার, ট্রাক্টর ইত্যাদির ব্যবস্থা এই অথরিটি করবে। এইভাবে আমরা একটা প্রকল্প হাতে নিয়েছি। এইটা নেওয়ার ফলে আমার মনে হয় একদিকে সরকারী যে টাকা বা এইড আছে সেই দিক দিয়ে আমরা অগ্রসর হচ্ছি, আর একদিকে বেসরকারী ভাবে আমরা অগ্রসর হওয়ার চেষ্টা করছি। বেসরকারী যে সমস্ত ব্যাংক আছে, কমারশিয়াল ব্যাংক এবং অন্যান্য ব্যাংক, তাদের এগ্রিকালচারাল ডেভেলাপমেণ্টের জন্য সারটেন টাকা আছে, সেই টাকা যেটা যে জেলার টাকা সেই জেলায় খরচ করতে হবে এবং এই ভাবে যদি কাজ করতে পারি তাহলে যে জেলায় প্রকল্প সেই জেলার সম্পদ থেকেই কাজ করতে পারবে। পশ্চিমবাংলার লোক সংখ্যা খুব বেশী, কেরলের পরেই। এখানে ১ স্কোয়ার মাইলে ১২০০ লোক বাস করে, তবুও আমাদের খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার অনেক স্কোপ আছে। ক্রমে ক্রমে যদি আমরা দুই ফসলা তিন ফসলা জমি করতে পারি এবং তা উৎপাদন করতে পারি তাহলে আমাদের লোকসংখ্যা রাস্তায় দাঁড়াবে না, আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারবো—যতই লোকসংখ্যা থাক না কেন।

[6-20—6-30 p.m.]

আমার বিশ্বাস আছে। তবে দরকার হচ্ছে আমাদের সরকারী কর্মচারীদের থেকে আরম্ভ করে সকলের কঠিন পরিশ্রম করতে হবে। কারণ এই জন্য পরিশ্রম করা দরকার আছে যাতে এই প্রকল্প সত্যিকারের রূপায়িত হতে পারে। তাই মহান্তি সাহেবকে বলছি আগের কথা ভুলে যান। আমি তো মাত্র তিন মাস এসেছি। তাই যা সমালোচনা করেছেন তা আমাদের না করে নিজেদেরই সমালোচনা করেছেন। আর একজন শ্রীনাসিরুদ্দিন খান বক্তব্য রেখেছেন। তিনি আমাদের জেলার লোক, তিনি লীগের সবে ধন নীলমনি। তিনি তাঁর বক্তব্য জোরাল ভাষায় রেখেছেন। তিনিও হেসেছেন এবং লোককেও হাসিয়েছেন এবং এখনও হাসছেন। আমি বুঝতে পারি না তাঁর সঙ্গে হঠাত মহান্তি বাবুর মিলন কোথায়। এই মিলনের কারণ বুঝতে পারছি মহান্তিবাবু বলেছেন ৪০ বিঘা না হলে জমি বাঁচানো যাবে না। মানে ছোটখাটো চাষীর জমি পাওয়াটা ঠিক নয়। এটা

মহান্তিবাবুর মুখে সাজে। আর খান সাহেব যার কিছুদিন আগেও এই দপ্তর হাতে ছিল তিনি বড় গলায় বলে গেলেন এ. ই. ও নেই। তিনি বলুন তো কত সাল থেকে নেই। আপনি ভাই কি করেছিলেন? আপনি তো খুব জোর গলায় বললেন। আমরা তো চেষ্টা করছি। আপনি বলেছেন ৯ কোটি টাকা ঋণ মুকুব করেছেন। আপনি করেছেন বলেই তা কার্যকরী হয় নি। আপনার কথা বোধ হয় শোনে না সেক্রেটারী। আপনি ইলেকসানের সময় ওটা বলে বেড়িয়েছিলেন বলে ওটা কার্যকরী হয়নি। আমরা এসে করেছি। তার উপর আপনি বলেছেন ট্রাক্টর পাচার হচ্ছে। নূতন কথা মহান্তি সাহেবও বললেন। জানি না খবর কোথা থেকে পেলেন। বর্তমানে ইণ্ডিয়া গভর্ণমেণ্টের যে অর্ডার তা হচ্ছে কনট্রোলিং অথরিটি হচ্ছে ডাইরেক্টরেট এবং উইদাউট দি পারমিশান অফ দি ডাইরেক্টরেট কেউ নিয়ে যেতে পারেন না। সেই জন্য বলছি এই অভিযোগ আজগুবি, ভিত্তিহীন এবং কাল্পনিক। যেহেতু সময় নেই এবং সাড়ে ৬ টার মধ্যে শেষ করতে হবে তাই আমি শেষ করছি। যে ছাটাই প্রস্তাব দিয়েছেন তার বিরোধিতা করছি এবং মাননীয় সদস্যদের কাছে নিবেদন করছি যে ব্যয়বরাদ্দ এনেছি তা মঞ্জুর করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Prodyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs 100 was then put and a division taken with the following result :—

Ayes being 3, the Noes 50 and Abstention 1, the motion was lost.

## AYES

Gurung, Shri Nandalall
Khan Nasiruddin, Shri
Mahanti, Shri Prodyot Kumar.

## NOES

Abedin, Dr. Zainal.
Anwar Ali, Shri Sk.
Bandyopadhyay, Shri Sukumar.
Besra, Shri Manik Lal.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Chakravarty, Shri Bhabataran.
Das, Shri Rajani.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.

*Ghosh, Shri Nitai Pada.*
*Ghosh Moulik, Shri Sunil Mohon.*
*Gyan Singh, Shri Sohanpal.*
Hajra, Shri Basudeb.
Hemram, Shri Kamala Kanta.
Kar, Shri Sunil.
Karan, Shri Rabindra Nath.
Khan, Shri Gurupada.
Khan Samsul Alam, Shri.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Sitaram.
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lalchand.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Radha Raman.
Saren, Shrimati Amala.
Sarkar, Shri Netaipada.
Sarkar, Shri Nil Kamal.
Sarkar, Shri Jogesh Chandra.
Shaw, Shri Sachi Nandan.
Sinha Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan
Wilson-de Roze, Shri George Albert.

## ABSTENTION

Mondal, Shri Anil Krishna.

The motion of Shri Khan Nasiruddin that the amount of the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result :—

Ayes being 3, the Noes 52 and Abstention 1, the motion was lost.

## AYES

Gurung, Shri Nandalall.
Khan Nasiruddin, Shri.
Mahanti, Shri Prodyot Kumar.

## NOES

Abedin, Dr. Zainal.
Anwar Ali, Shri Sk.
Bandyopadhyay, Shri Sukumar
Besra, Shri Manik Lal.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Das, Shri Rajani.
Dutt, Shri Ramendra Nath.
Dutta. Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Nitai Pada.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gyan Singh, Shri Sohanpal.
Hajra, Shri Basudeb.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Kar, Shri Sunil.
Karan, Shri Rabindra Nath.
Khan, Shri Gurupada.
Khan Samsul Alam, Shri.
M. Shaukat Ali, Shri
Mahato, Shri Sitaram.
Maji, Shri Saktipada.
Malladeb, Shri Birendra Bijoy.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.

*Mohammad Dedar Baksh, Shri.*
*Mondal, Shri Amarendra.*
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Panda, Shri Bhupal Chandra.
Phulmali, Shri Lalchand.
Pramanick, Shri Gangadhar,
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Radha Raman.
Saren, Shrimati Amala.
Sarkar, Shri Netaipada.
Sarkar, Shri Nil Kamal.
Sarker, Shri Jogesh Chandra.
Shaw, Shri Sachi Nandan.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Wilson-de Roze, Shri George Albert.

## ABSTENTION

Moslehuddin Ahmed, Shri.

The motion of Shri Abdus Sattar that a sum of Rs. 18,96,31.000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on schemes of Agricultural Improvement and Research", was then put and agreed to.

**Demand for Grant No. 23**

Major Head: 31—Agriculture—Fisheries

**Shri Santosh Kumar Roy :** Mr. Speaker, Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 81,65,000 be granted for expenditure under Grant No. 23, Major Head: "31—Agriculture—Fisheries".

(This is inclusive of Rs. 27,22,000 already voted on account in March, 1972.)

[6-30—6-40 p.m.]

পশ্চিমবঙ্গবাসীদের খাদ্য তালিকায় প্রোটিন জাতীয় খাদ্য হিসাবে মাছের স্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্যের বর্তমান জনসংখ্যা ও জীবনধারণের জন্য ন্যূনতম পুষ্টির প্রয়োজন বিচার করলে পশ্চিমবঙ্গ

ও কলকাতার আধিবাসীদের জন্ম বছরে যথাক্রমে ৭,৫২,৬০০ মেট্রিক টন এবং ৫৩,২০০ মেট্রিক টন মাছের প্রয়োজন। কিন্তু রাজ্যের অভ্যন্তরে উৎপন্ন মাছের আনুমানিক পরিমাণ প্রয়োজনের অর্ধেকেরও কম। বর্তমানে কলকাতায় যে মাছ সরবরাহ হয় তার ৬০ থেকে ৬৫ ভাগ আসে অন্য রাজ্য থেকে। ভারতের নানা জায়গায় নতুন নতুন শিল্পনগরী গড়ে ওঠায়, এমনকি পশ্চিমবঙ্গে দুর্গাপুর, আসানসোল প্রভৃতির জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় পূর্বে কলকাতায় যে পরিমাণ মাছ সরবরাহ হতো তার একটি অংশ এখন ঐসব শহরে পাঠানো হচ্ছে।

বৃহত্তর কলকাতায় উৎপাদনক্ষম জলাশয় নেই বললেই চলে। একটি হিসাবে দেখা গেছে যে কয়েকটি বড় নদী বাদ দিলে পশ্চিমবঙ্গে বিল, বাওড, ছোট, বড় ও মাঝারি ধরণের পুকুরের মোট আয়তন ১২ লক্ষ একর। দীর্ঘদিনের অবহেলায় ঐ জলাশয়ের এক তৃতীয়াংশ মাছ চাষের অনুপযুক্ত হয়ে পড়েছে। বাকি দুই তৃতীয়াংশ মাছ চাষের জন্য পাওয়া গেলেও উহার বেশীর ভাগের অবস্থা শোচনীয়। যথোপযুক্ত সংস্কার ও উন্নয়নের জন্য এ বাবদ প্রচুর অর্থ বিনিয়োগের প্রয়োজন। ফলে মাছের আভ্যন্তরীণ উৎপাদন বহুল পরিমাণে কমে গেছে। উপরোক্ত কারণগুলির জন্যে চাহিদার তুলনায়, মাছের সরবরাহ অনেক কম বলে মাছের দাম বেড়েছে। ফোড়ে ও আড়তদারের কারসাজি এর সঙ্গে যুক্ত হয়েছে অনেক বছর আগে থেকেই।

আমার ধারণা মৎস্য বিভাগকে দীর্ঘকাল ধরে যথোচিত গুরুত্ব না দেওয়ায় এই রাজ্যে মাছের অভাব এবং অনগ্রসর মৎস্যজীবী সম্প্রদায়ের দুর্বিসহ অবস্থার সৃষ্টি হয়েছে। এই প্রসঙ্গে ইহা উল্লেখ্য যে কেরালা ও তামিলনাড়ু রাজ্যে মৎস্য বিভাগের জন্য বার্ষিক বরাদ্দের পরিমাণ প্রায় তিন কোটি টাকা। গত কয়েক বছরে মৎস্য বিভাগের মৎস্য ব্যয় বরাদ্দের পরিমাণ সামান্য বৃদ্ধি পেলেও ঐ দুটি রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে বরাদ্দের পরিমাণ এক তৃতীয়াংশের চেয়েও কম। আমার বিশ্বাস এ ব্যবস্থার পরিবর্তন হবে, মৎস্য বিভাগের কার্যক্রম রূপায়ণের জন্য অধিকতর অর্থের সংস্থান করা যাবে। মাছের উৎপাদন ও সরবরাহ বৃদ্ধি এবং অনগ্রসর মৎস্যজীবীদের দুর্দশা মোচনের জন্য মৎস্য বিভাগ নিম্নরূপ কর্মসূচী গ্রহণ করেছেন :—

(১) রাজ্যের আভ্যন্তরীণ জলাশয়, বিল বাওড়গুলির সংস্কার করে মাছ চাষের ব্যবস্থা করা এবং গ্রামীণ কর্মসংস্থানের জরুরী প্রকল্পের অধীনে সংস্কারযোগ্য মৎস্যচাষ ক্ষেত্রের পুনরুদ্ধার, বাঁধ নির্মাণ, রাস্তাঘাট সংস্কারের ব্যবস্থা করা, (২) ডিমপোনা উৎপাদন বহুল পরিমাণে বৃদ্ধির জন্য কৃত্রিম উপায়ে ডিমপোনা উৎপাদন কার্যক্রম ব্যাপকভাবে গ্রামাঞ্চলে চালু করা, (৩) সাইপ্রিনাস কার্পিও নামক উক্ত উৎপাদনক্ষম একটি বিদেশী মাছ চাষের প্রসারে সহায়তা, (৪) ব্যক্তিগত মালিকানাধীন পুকুরের মালিকদের মাছ চাষের জন্য ঋণদান, (৫) গরীব মৎস্যজীবীদের সাহায্যের জন্য ঋণ ও অনুদান প্রদান, (৬) ট্রলারের সাহায্যে গভীর সমুদ্রে মাছ ধরার পূর্বশর্ত হিসাবে ২৪-পরগণা জেলার রায়চকে হুগলী নদীর পূর্বতীরে মাছ ধরার বন্দর স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের উদ্যোগে প্রয়োজনীয় সহায়তাদান, (৭) যন্ত্রচালিত নৌকার সাহায্যে উপকূলবর্তী অঞ্চলে মাছ ধরার সুবিধার জন্য ২৪-পরগণা জেলার নামখানায় জেটি নির্মাণ এবং (৮) বাংলাদেশ থেকে বাণিজ্যচুক্তি বলে মাছ আমদানীর চেষ্টা করা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সুযোগে আমি গত এক বছরে মৎস্য বিভাগের কয়েকটি কাজের কথা বলতে চাই।

এ পর্যন্ত মাছচাষ ও উৎপাদন বৃদ্ধির মধ্যে সরকারী নিয়ন্ত্রণ ও কর্তৃত্বাধীনে প্রায় ১,৮০০ একর জলাভূমিতে ত্রিশটি ফিশফার্ম স্থাপিত হয়েছে। উৎকৃষ্ট ধরণের চারাপোনা উৎপাদন ও গ্রামাঞ্চলে মৎস্যচাষীদের মধ্যে বিক্রয়ের জন্য তেরোটি "ফিশ সীড ফার্ম" স্থাপনের কাজ গত বছর শেষ হয়েছে, ঐ ফার্মগুলি থেকে উৎপন্ন ১৮ লক্ষাধিক ডিমপোনা ও চারাপোনা এবং ২৮৭ কুইন্টাল মাছ বাজারে সরবরাহ করা হয়েছে ১৯৭১-৭২ সালে। বর্তমান বর্ষে আরো কয়েকটি "ফিশ সীড ফার্ম" স্থাপনের পরিকল্পনা হচ্ছে। এজন্য উপযুক্ত স্থান নির্দিষ্ট করা হয়েছে।

গত বছর ১৯৪ একর হাজা-মজা পুষ্করিণীর সংস্কার ও মাছ চাষের জন্য ৩,০১,০০০ টাকা ঋণ হিসাবে পুকুরের মালিকদের দেওয়া হয়েছে। ১,৮৪০ জন দরিদ্র মৎস্যজীবীকে মাছ ধরার সরঞ্জাম ক্রয়ের জন্য ৩,৪৯,০০০ টাকা ঋণ দেওয়া হয়েছে। প্রায় ৪০,০০০ টাকা ব্যয়ে মৎস্যজীবী অধ্যুষিত অঞ্চলে পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে ৩০টি টিউবওয়েল বসানো হয়েছে। গৃহ নির্মাণের জন্য ঐ বছর গরীব মৎস্যজীবীদের ৬৯,০০০ টাকা সাহায্য দেওয়া হয়েছে। মেদিনীপুর জেলার উপকূলবর্তী অঞ্চলে মাছ ধরার কাজে বড় মৎস্য শিকারীদের নিকট ন্যায্যমূল্যে নাইলন সুতা বিক্রয়ের জন্য গত বছর ২,২৮১ কে. জি. নাইলন সুতা সংগ্রহ করা হয়েছে। বর্তমানে ঐ সুতা বিক্রয় করা হচ্ছে। মেদিনীপুর জেলার জুনপুটস্থিত "ফিস টেকনোলজিকাল কেন্দ্রে" শার্কলিভার অয়েল, ফিশ মীল, শুটকী মাছ ইত্যাদি উৎপাদনের কাজ ভালোভাবেই এগিয়ে চলেছে। ঐ কেন্দ্রে উৎপাদিত "শালিভেরল" পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতালে সরবরাহ করা হয়। পশ্চিমবঙ্গ সরকারের অধীন স্টেট ফিশারীজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ মারফৎ মৎস্যচাষ ক্ষেত্র ও জলাভূমি উন্নয়নের জন্য গত বছর মেদিনীপুর জেলার দীঘা ও আলমপুর এবং ২৪-পরগণা জেলার মহারাজগঞ্জে ফিশারী স্থাপনের কাজ অব্যাহত আছে। গত বছরের (১৯৭১-৭২) শেষ দিক থেকে "গ্রামীণ কর্মসংস্থানের জন্য জরুরী প্রকল্পের" অধীনে উপরোক্ত স্থানে পুষ্করিণী খনন ও রাস্তা নির্মাণের কাজ শুরু হয়েছে। বর্তমান আর্থিক বর্ষেও এই কাজ চালু থাকবে। এই প্রসঙ্গে বলা দরকার যে ষ্টেট ফিশারীজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ স্থাপনের প্রধান উদ্দেশ্য ছিল উত্তর ও দক্ষিণ লবণহ্রদ এলাকার বিস্তীর্ণ জলাভূমির সংস্কার করে মাছচাষের ব্যবস্থা করা, যাতে বৃহত্তর কলকাতা এলাকায় সরবরাহ বৃদ্ধি করা যায়। এজন্য দুটি "মাষ্টার প্ল্যান" প্রণয়ন করা হয়। কিন্তু ১৯৬৬ সালের নভেম্বর মাসে West Bengal Fisheries (Reqn. & Acqn) Act, 1965-এর ধারা বলে যখন দক্ষিণ লবণহ্রদ এলাকায় প্রায় ১,৫৪০ একর মৎস্যচাষ ক্ষেত্র ও পার্শ্ববর্তী জমি অধিগ্রহণ করে উপরোক্ত সংস্থাকে উন্নয়নের জন্য অর্পণ করা হয়, তার এক পক্ষ কালের মধ্যেই ঐ জমির মালিক ও দখলদারগণ হাইকোর্টে ১৭টি মামলা দায়ের করেন। ইনজাংসন আদেশ জারীর ফলে কোনো উন্নয়নমূলক কাজে হাত দেওয়া যায় না। কলকাতার বাজারে মাছের অভাব পূরণের জন্য সরকার উপরোক্ত উন্নত ধরণের মাছ চাষের প্রকল্প দুটি রূপায়ণে বিশেষ আগ্রহী। আশা করা যায় মামলাগুলির রায় শেষ পর্যন্ত সরকারের অনুকূলেই যাবে। মামলার চূড়ান্ত নিষ্পত্তি হলে সরকার প্রকল্প দুটি রূপায়ণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

[6-40—6-50 p.m.]

বর্তমান আর্থিকবর্ষে পূর্বের প্রকল্পগুলি চালু থাকবে, তবে হরমোন ইনজেকশন প্রয়োগে কৃত্রিম উপায়ে ডিমপোনা উৎপাদন প্রকল্পের কাজের উপর বিশেষ জোর দেওয়া হবে। মৎস্যজীবী সমবায় সমিতিগুলির মাধ্যমে রাজ্যে মৎস্যচাষ প্রসারের উদ্দেশ্যে মৎস্য বিভাগে একটি "সমবায় সেল" গঠন করার প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন আছে। প্রস্তাবিত 'সেল' গঠিত হলে রাজ্যের মৎস্যজীবী

সমবায় সমিতিগুলির নানাবিধ সমস্যাবলীর প্রতি যথাযথ দৃষ্টি দেওয়া সম্ভব হবে। সমবায় সমিতিগুলির সাংগঠনিক সমস্যার সুরাহা করা গেলে Agricultural Refinance Corporation মারফৎ অর্থ সংগ্রহ করে রাজ্যের বড় বড় জলাশয়গুলির উন্নয়নে সমবায় সমিতিগুলিকে সচেষ্ট করা যায়। জলকর ইজারা নেওয়ার ব্যাপারে প্রচলিত বিধি বলেই যাতে মৎস্যজীবীদের সমবায় সমিতিগুলি সরকারী জলকর ইজারা নিতে পারে সেদিকেও প্রস্তাবিত "সমবায় সেল" বিশেষভাবে দৃষ্টি দেবে।

কেন্দ্রীয় সরকারের উদ্যোগে ২৪-পরগণা জেলার রায়চকে যে মাছধরার বন্দর স্থাপনের কাজ চলছে, তার জন্য রাজ্য সরকার গত ফেব্রুয়ারী মাসে ১৫·৫৯ একর জমি কলকাতা পোর্টকমিশনার্সকে হস্তান্তর করেছেন। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ঐ সংস্থা প্রস্তাবিত বন্দরের 'River Front Complex'-এর যাবতীয় নির্মাণকার্য্য যেমন জে. টি, স্লিপওয়ে, ট্রলার মেরামতের কারখানা, রাস্তা প্রভৃতি সম্পাদন করবে। ভারত সরকার এ বাবদ ১ কোটি ৫১ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। রাস্তা নির্মাণের কাজ শুরু হয়েছে। জেটি নির্মাণ ও অন্যান্য কাজের জন্য কলকাতা পোর্টকমিশনার্সের চীফ ইঞ্জিনীয়ার টেণ্ডার আহ্বান করেছেন। হিমঘর, বরফকল, ফীশমিল প্রস্তুতের কারখানা ইত্যাদির ব্যবস্থা রাজ্য সরকারের পক্ষ থেকে ষ্টেট ফিশারীজ ডেভেলপমেন্ট কর্পোরেশন লিঃ করবে। চারটি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সরকারী উদ্যোগে আর্থিক ও টেকনিক্যাল সাহায্যদানের ফলে আগের তুলনায় এই রাজ্যে মাছের উৎপাদন কিছুটা বেড়েছে, গরীব মৎস্যজীবীদের সামাজিক ব্যবস্থার সামান্য হেরফের হয়েছে। সঙ্গে সঙ্গে এটাও অস্বীকার করে লাভ নেই যে সরকারী কর্মোদ্যোগে আশানুরূপ সাফল্য অর্জন করা যায় নি, প্রয়োজনের তুলনায় অতি সীমিত অগ্রগতি হয়েছে। মৎস্য বিভাগের কার্যক্রম রূপায়ণের জন্য সীমিত অর্থের সংস্থান এবং অগ্রাধিকারের ভিত্তিতে সুষ্ঠু প্রকল্প প্রণয়নে ব্যর্থতা এর অন্যতম প্রধান কারণ বলে আমার ধারণা। এখানে উল্লেখ করা দরকার যে মৎস্য বিভাগের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ উন্নয়ন খাতে মোট বরাদ্দকৃত অর্থের এক শতাংশের কম। কোন পথে অগ্রসর হলে রাজ্যের আভ্যন্তরীণ জলাশয়ের সর্বাঙ্গীণ উন্নতিসাধন ও গরীব মৎস্যজীবীদের দুর্দশার লাঘব করা যায় তা স্থির করার জন্য সরকার বিধানসভা সদস্য অধ্যাপক শান্তিকুমার দাশগুপ্তের সভাপতিত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কমিটি তার সুপারিশসহ 'মাষ্টার প্ল্যান' এক বছরের মধ্যে সরকারের নিকট দাখিল করবে। নানা বিষয়ের মধ্যে কমিটি নিম্নলিখিত বিষয় সম্পর্কে তার মতামত জানাবে :—

(ক) রাজ্যের আভ্যন্তরীণ জলাশয়ে মাছচাষ, উপকূলবর্তী ও গভীর সমুদ্রে মাছ ধরার জন্য এযাবৎ যে সরকারী কার্যক্রম নেওয়া হয়েছে তা পর্যালোচনা করা। প্রয়োজনবোধে বর্তমান প্রকল্প পুনর্বিন্যাস সম্পর্কে নির্দিষ্ট মতামত জ্ঞাপন ,

(খ) মাছের অভাব পূরণের জন্য কি কি কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন তা নির্ধারণ করা ;

(গ) মৎস্যজীবীদের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার সমীক্ষা শেষ করে বর্তমান অবস্থার উন্নতি সাধনের জন্য কি কর্মসূচী গ্রহণ করা যায় তা ঠিক করা ,

(ঘ) মৎস্যচাষ প্রসারের ক্ষেত্রে সমবায় সমিতিগুলির কি ভূমিকা হওয়া উচিত তা ঠিক করা ;

(ঙ) রাজ্যের আভ্যন্তরীণ জলাশয়ে উন্নয়ন এবং সমুদ্রে মৎস্য শিকার, উভয় ক্ষেত্রেই কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের কার্যক্রমের পরিধি ঠিক কি হওয়া উচিত তা নির্ধারণ করা ;

(চ) মাষ্টার প্ল্যান প্রণয়ন, প্ল্যানের অন্তর্ভুক্ত প্রকল্পগুলির অর্থের সংস্থান কিভাবে হবে, প্রকল্পগুলির রূপায়ণ কোন সংস্থা করবে ইত্যাদি বিষয়ে সুচিন্তিত মতামত জ্ঞাপন করা।

আমার বিশ্বাস উক্ত কমিটি সামগ্রিক অবস্থার বিশদ পর্যালোচনা করে ভবিষ্যৎ কার্যক্রমের একটি সুনির্দিষ্ট রূপরেখাদানে সক্ষম হবে যা আগামীদিনে আমাদের বিশেষভাবে সাহায্য করবে।

শেষ করার আগে আমি বাংলাদেশ থেকে মাছ আমদানী সম্পর্কে কিছু বলতে চাই। ভারত-বাংলাদেশ বাণিজ্যচুক্তির মাধ্যমে মাছ আমদানী হবে। কেন্দ্রীয় সরকার এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন। আলোচনার জন্য কেন্দ্রীয় সরকারের এক প্রতিনিধিদল সদ্য ঢাকা ঘুরে এসেছেন। আশা করি অনতিবিলম্বে বাংলাদেশ থেকে মাছ আমদানী সম্ভব হবে। কেন্দ্রীয় সরকারের সংস্থা সেণ্ট্রাল ফিশারীজ কর্পোরেশন এ রাজ্যে মাছ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

মাননীয় সদস্যগণের মূল্যবান পরামর্শ ও সক্রিয় সহযোগিতালাভে আমি বিশেষ আগ্রহী। একমাত্র এই পথেই উন্নয়নের নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানো সম্ভব।

With these words, Sir, I request the Hon'ble Members through you, to vote the demand for the year 1972-73.

**Mr. Speaker** : There is no cut motion on Grant No. 23.

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই শেষ সময়ে মৎস্যর গ্রাণ্ট নিয়ে মন্ত্রী মহাশয় উপস্থিত হলেন। অবশ্য মৎস্য বাংলাদেশের লোকের মাছে ভাতে থাবার যে স্বপ্ন সেই স্বপ্নকে এইভাবে শেষ মুহূর্তে হাজির করলেন তাতে আমাদের অনেক অসুবিধা হচ্ছে। তিনি বাংলাদেশে মৎস্য চাষের যে পরিকল্পনা তাঁর বিবৃতির মধ্যে দিলেন সেই পরিকল্পনাতে একটি কথাই আমার কেবল মনে হচ্ছে যে মৎস্যের খুব উজ্জল ভবিষ্যৎ এবং সেই উজ্জল ভবিষ্যৎকে কার্যকরী করার ক্ষেত্রে তিনি অনেক প্ল্যান পরিকল্পনা উপস্থিত করেছেন, তা যদি সাফল্যমণ্ডিত হয় এবং সেই রকম অর্থ যদি তিনি বিনিয়োগ করতে পারেন তাহলে আমরা আশা করি বাংলাদেশের সাধারণ মানুষ মাছখেগো বাঙালী তারা দু'হাত তুলে তাঁদের ধন্যবাদ জ্ঞাপন করবে। এবং তাহলে এই বাজেট বরাদ্দও সফল হবে বলে আমি মনে করি।

তবে একটা কথা বলে রাখি চৈত্রের জোয়ারে সমুদ্রে মাছের ডিম যা নদী নালার মাধ্যমে আসে, ডিমের পোনা আসে, সেগুলি সুরক্ষিত করার জন্য যে সমস্ত খাল নালা বা যেসমস্ত নদীর উপকূলবর্তী ক্ষেত্রে জলাশয় আছে, তাতে প্রচুর মৎস্য উৎপন্ন হবার প্রচুর সম্ভাবনা রাখে। কিন্তু আমাদের অনেক ক্ষেত্রে জোয়ার থেকে তুলে নিয়ে, মাছের সেই ডিম রক্ষা করার ব্যবস্থাপনা বিশেষভাবে অবহেলিত। হলদিয়া এবং রূপনারায়ণ নদীর পার্শ্ববর্তী নন্দীগ্রাম থানা আমার নির্বাচন কেন্দ্র। আমি মনে করি হলদিয়া বন্দরের পার্শ্ববর্তী নন্দীগ্রাম, ভগবানপুর, খেজুরীতে আগামী দিনে যদি মৎস্য চাষের প্রচণ্ড চেষ্টা হয় তাহলে হলদিয়া বন্দর দিয়ে আগামী দিনে মৎস্য সরবরাহের যথেষ্ট সুযোগ ঘটবে। আমাদের নন্দীগ্রাম থানার পার্শ্ববর্তী পূর্বাঞ্চলে হুগলী নদীর তীরবর্তী জায়গায় মৎস্য চাষের জন্য ফিসারী পরিকল্পনা নেওয়া হয়েছিল। কিন্তু দুঃখের কথা, যাঁরা অনুসন্ধান করতে গিয়েছিলেন, তাঁরা সেই জায়গায় রাস্তার অভাবে ফিশারী পরিকল্পনা সেখানে গ্রহণ করতে অক্ষমতা

প্রকাশ করেছেন। এখানে যেরকম ফিশারী গড়ে উঠবার সম্ভাবনা রয়েছে, রাস্তার অভাবের জন্য সেটা হতে পাচ্ছেনা এই রকম অবস্থা যেন না হয়। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে গ্রান্ট এনেছেন মাছের ব্যাপারে, তার সমর্থনে আমি দু-চার কথা বলতে চাই। তিনি মাছের সরবরাহ যাতে পশ্চিমবঙ্গে বাড়ে তার জন্য পরিকল্পনা নিয়েছেন, অত্যন্ত আনন্দের কথা। আমরা সবাই জানি যে একটা কথা প্রচলিত আছে, মাছে ভাতে বাঙালী। আজকে বাঙালীকে যদি ভাতের সঙ্গে মাছ না দেওয়া যায়, মূল্যবান প্রোটিন যদি আমরা না দিতে পারি, তাহলে আমি বলবো যে খাদ্যের মধ্যে একটা অসম্পূর্ণতা থেকে যাবে। সেজন্য আমাদের পশ্চিমবঙ্গে মাছের উৎপাদন বাড়াতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বক্তৃতা দিয়েছেন তাতে দেখছি যে তিনি এই মাছের খাতে ৭০ লক্ষ টাকা ব্যয় করবেন। আমি মনে করি এই যে ব্যয় বরাদ্দ দাবী করা হয়েছে, এই ৮০ লক্ষ টাকা, সেটা দিয়ে পশ্চিমবঙ্গের দাবী মিটবে না। কারণ আমরা দেখছি পশ্চিমবঙ্গের মাছের যে চাহিদা তার মাত্র অর্ধেক এখানে পাওয়া যায়, বাকী অর্ধেক আসে পশ্চিমবঙ্গের বাইরে থেকে।

[6-50—7-00 p.m.]

আমাদের এই যে বাইরের উপর নির্ভরশীলতা, এটা আমাদের কমাতে হবে। সেজন্য বিশেষ প্রয়োজন এখানকার যে সমস্ত জলাশয় আছে সেগুলিকে কাজে লাগান। আমি অত্যন্ত আনন্দিত, এখানে মাছের সরবরাহ বাড়াবার জন্য কেন্দ্রীয় সরকার ট্রলারের ব্যবস্থা করেছেন, ডিপ সি ফিশিং হলে এখানে মাছের সরবরাহ বাড়বে। আমি বলব আমাদের মেদিনীপুর জিলার দীঘাতে মাছ ধরার বিশেষ ব্যবস্থা যদি করা হয়, জেলেদের নাইলন সুতা যদি ঋণ হিসাবে দেওয়া হয়, সেখানে যদি কোল্ড ষ্টোরেজের ব্যবস্থা করে সরাসরি বরফের চাহিদা পূরণ করা যায়, তাহলে দেখা যাবে আমরা অন্ততঃ কিছু কিছু সময়, অন্ততঃ সীজনের সময়, তিন হাজার মণ পর্যন্ত মাছের সরবরাহ আমাদের পশ্চিমবঙ্গে আসতে পারে। বরফের অভাবে, ট্রলারের অভাবে আমরা দেখছি দীঘায় যতটা মাছ পাবার কথা, ততটা হয় না।

আমরা দেখছি যে দীঘা ইত্যাদি জায়গায় যতটা মাছ হচ্ছে তাও পাওয়া যাচ্ছে না, মাচ পচে যায় ও জেলেরা অনেক সস্তায় বিক্রি করতে বাধ্য হয়। সেইজন্য আমি বলছি দীঘায় যদি কোল্ড স্টোরেজ-এর ব্যবস্থা করা যায় ও তাদের যাতে বরফ সরবরাহের ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করা দরকার। দ্বিতীয়তঃ আমরা দেখেছি যে, মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়ায়, অনেক বাঁধ আছে। এই বাঁধে আমরা দেখি যে প্রোডাকশান অত্যন্ত কম। আমরা কলকাতার কাছের সব ভেড়িতে দেখেছি যে বিঘাতে প্রায় ৭ মণ করে প্রোডাকসান হয় অথচ মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ায় সেখানে আমরা দেখছি যে মাছের উৎপাদন বিঘায় আধ মণ এর বেশী হয় না। এর কারণ যদি আমরা অনুসন্ধান করে তা দূর করার ব্যবস্থা করি তাহলে ঐ এলাকার চাহিদা কমবে এবং এর দ্বারা বহু লোকের রুজি রোজগার হবে। এই জন্য আমাদের এই সমস্ত জলাশয়গুলির দিকে নজর দিতে হবে। এই জলাশয়ের মাছ কেন হচ্ছে না তার প্রথম কারণ হচ্ছে উপযুক্ত মাছের চারা সরবরাহ করা সম্ভব হচ্ছে না এবং আমরা এও দেখেছি যে বড় বড় বাঁধে অনেক সময় ছোট মাছের চারা ছেড়ে দেন, ফিঙ্গার লিঙ্ক ভাল মাছের চারা দেবার ব্যবস্থা করতে হবে। আমি মন্ত্রী মহাশয়কে আরো বলবো যে অক্সিজেন দেওয়া যে সমস্ত বক্সে মাছের চারা কোলকাতায় পাওয়া যায় তা সরবরাহের উপযুক্ত ভাবে

যদি ব্যবস্থা করতে পারি ও এই সমস্ত অভাব অভিযোগ যদি আমরা দূর করতে পারি, তাদের যদি encourage করি তাহলে মাছের চাস বাড়বে। আর্টিফিসিয়াল ব্রিডিং-এর ব্যবস্থা করতে হবে এবং আরো হরমনের ব্রিডিং injection করে ভাল ভাবে যাতে মাছ চাষ বাড়ে সেটা দেখতে হবে মেদিনীপুর জেলার বিশেষ করে ঝাড়গ্রামে যদি এই সমস্ত করে সরবরাহ করা যায় তাহলে মাছের চাষ অনেক ভাল হতে পারে। আমি এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীনন্দন সাউ**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে এই সভার সামনে যে ১৯৭২-৭৩ সালের যে বাজেটের ব্যয় বরাদ্দ ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় এনেছেন আমি তাকে সর্ব্বতোভাবে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, ব্যয় বরাদ্দে তিনি মৎস্যজীবীদের কল্যাণের কথা বিচার বিবেচনা করেছেন ও মৎস্যজীবী সম্প্রদায়ের লোকেদের কথা বিচার বিবেচনা করেছেন এবং তাদের co-operative এর কথা বিবেচনা করেছেন, সর্বতোভাবে তিনি সমবায় গঠনের কথা ঘোষণা করে মৎস্যজীবী ও সাধারণ লোকের সুব্যবস্থা করেছেন। তিনি মৎস্যজীবীদের জন্য অনেক দিন আগে থেকে যে সমস্ত পরিকল্পনা আছে যা বাস্তবে রূপায়িত হয়নি, সেইগুলি আমি দেখছি তিনি রূপায়ণের আশ্বাস দিয়েছেন। আমরা আরও দেখেছি যে, মৎস্যজীবী সম্প্রদায়ের উন্নতির জন্য "ফিস সীড ফার্ম" স্থাপনের পরিকল্পনা আছে, ও মৎস্যজীবী অধ্যুষিত অঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য ৩০টি টিউবওয়েল বসানো হয়েছে। গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের ব্যবস্থা রয়েছে। ডিম পোনা উৎপাদন ব্যবস্থা যাতে বাড়ানো যায় তার ব্যবস্থা করা হচ্ছে এবং আমরা দেখেছি মৎস্যজীবীদের দুর্দ্দশা লাঘবের জন্য তিনি বিধান সভার সদস্য অধ্যাপক শান্তিকুমার দাশগুপ্তের সভাপতিত্বে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমরা লক্ষ্য করেছি যে ডিম পোনার উৎপাদন করে গ্রামাঞ্চলে যাতে বহুল পরিমাণে মাছ বৃদ্ধি পায় তার জন্য কৃত্রিম উপায়ে ডিম পোনা উৎপাদন ব্যবস্থা চালুর কথা বলেছেন। এই সমস্ত ব্যবস্থা চালু হলে গরীব মৎস্যজীবীদের বিশেষ সুবিধা হবে। তিনি তাদের ঋণ, অনুদান ইত্যাদির কথা বিবেচনা করেছেন। এই সমস্ত ব্যবস্থাগুলি যদি যথাযথ করা যায় তাহলে মৎস্যজীবীদের প্রভূত উন্নতি হবে। আমি মৎস্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছেন তাকে সর্বতোভাবে সমর্থন করছি।

[7-00—7-10 p.m ]

**শ্রীমহম্মদ সফিউল্লা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মৎস্য খাতে যে ব্যয় বরাদ্দের দাবী এসেছে এবং মন্ত্রী মহাশয় যে দাবী উত্থাপন করেছেন, আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের বাংলাদেশে একটা প্রবাদ আছে—

"মাছের মধ্যে রুই,
আর শাকের মধ্যে পুঁই।"

যদিও আজকে পুঁই শাক বাজারে সুলভ, কিন্তু রুই মাছ আর পাওয়া যায় না। দিনের পর দিন মাছ আজকে আমাদের হাতের নাগালের বাইরে চলে যাচ্ছে। আপনি জানেন বাংলার মা-বোনেরা মাছের যে ব্যঞ্জন তৈরী করতে পারেন, তার স্বাদ অমৃত তুল্য। কিন্তু দুঃখের বিষয় কেবল শুনছি পরিকল্পনা তৈরী হচ্ছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখছি আমরা মাছ পাচ্ছি না। কলকাতার বাজারে থলি নিয়ে গিয়ে আমরা মাছ কিনতে পারছি না। ১১।১২ টাকা মাছের কিলো। মাছের দামের কোন নিয়ন্ত্রণ ব্যবস্থা নাই। এই অবস্থার মধ্যে মৎস্যমন্ত্রী যে বাজেট বক্তৃতা করলেন তাতে

আমরা একটু আশার আলো দেখতে পেলাম বটে, কিন্তু জানিনা বাস্তবে অদূর ভবিষ্যতে এই পরিকল্পনা কতদূর সার্থকতা লাভ করতে পারবে।

মাছের সম্বন্ধে প্রাক্ স্বাধীনতা যুগে কতকগুলি আইন রচিত হয়েছিল—Private Fisheries Act of 1889—তারপর তার কিছু কিছু amendment হয়েছিল। আর স্বাধীনতার পরে West Bengal Fisheries (Requisition and Acquisition) Act 1965 পাশ হলো। কিন্তু এই Act এর পরে সরকার কী করলেন? মেছো ঘেরী ও বড় বড় জলাশয় সরকার হাতে নেবার ব্যবস্থা করলেন বটে, কিন্তু বাস্তবে তা বানচাল হয়ে গেল, সেগুলো আর সরকারের দখলে এলোনা, বড় বড় জোতদার ও জমিদারদের হাতেই রয়ে গেল।

যাহোক মাছ নিয়ে অনেক প্রবাদ বাক্য গড়ে উঠেছে, যেমন—

"কই মাছের প্রাণ, পুঁঠি মাছের প্রাণ,
সিঙ্গির ঘাড় না ভেঙ্গে মাগুরের ঘাড় ভাঙ্গ।"
"ধরি মাছ না ছুঁই পানি।"
"মাছ খাবো তো মাগুর,
কি করবে তোর ঠাকুর।" ইত্যাদি।

মাছ আমাদের অতি প্রয়োজনীয় খাদ্য। এমন কি মরা মাছ হলে আমরা তা ফেলতে চাই না। এ সম্বন্ধেও সুন্দর প্রবাদ আছে। আপনি শুনলে স্যার হাসবেন। আমরা গ্রাম বাংলার মানুষ মরা মাছও খাই।

"মরদের নেই সীমে,
পচা মাছে গীমে।"

অর্থাৎ পচা বা মরা মাছ গীমে শাক দিয়ে রান্না করলে একটা উপাদেয় খাদ্য তৈরী হয়। পৌরানিক কাহিনীতেও অনেক মাছের কথা বলা হয়েছে। কোরানে ও বাইবেলেও এই মাছের উল্লেখ আছে। ডেভিডের বাঁশীর সুরে মাছ দলে দলে সমুদ্রের কূলে আসতো। ইউনুস (আঃ)-কে মাছের ভক্ষণ ইত্যাদি। হিন্দু পুরাণে আছে কোন রাজাকে মাছে ভক্ষণ করেছিল এবং পরে তাকে উপকূলে ফেলে দেওয়া হল।

এই মাছের কাহিনী নিয়ে সুন্দর সুন্দর সাহিত্য রচিত হয়েছে। শরৎ সাহিত্যে ইন্দ্রনাথ ও শ্রীকান্তের মাছ চুরি একটা অপূর্ব কাহিনী। আর্নেষ্ট হেমিংওয়ে লিখিত—The old man and the sea—নোবেল পুরস্কার পেয়েছে, সেখানে এক বৃদ্ধের বিশাল মাছের সাথে লড়াই-এর কাহিনী।

নোনা জলের মাছ হিসেবে সুন্দরবনের মাছের নাম করতে হয়। সুন্দরবন এলাকা এই নানা রকম মাছের অফুরন্ত ভাণ্ডার—যেমন কৈভোল, ভোলা, ভেটকী, ভাঙ্গন, পায়রাতলী, পাঙ্গাস, পার্শে, তপসে, খলসে, খয়রা, ক্যাসা, বেলে, শংখচূড়, মূরলি—ইত্যাদি। আরো বহু রকম মাছের নাম করা যায়। এই সুন্দরবনে মাছের প্রচুর সম্ভাবনা রয়েছে। সেখানে অসংখ্য খাড়ি বা estuary আছে।

সেই খাড়িগুলির আমরা সদ্ব্যবহার করতে পারি, তাহলে বহু মাছ পেতে পারবো। সরকারী পরিকল্পনাগুলি সুষ্ঠুভাবে রূপায়িত করতে পারলে আমরা পশ্চিমবঙ্গের মাছের অভাব দূর করতে সমর্থ হবো।

মাছের অভাব পূরণ করা যাবে না? নিশ্চয়ই যাবে, একথা আমি হলপ করে বলতে পারি। মাননীয় মন্ত্রী মহাশয় যে উদ্যোগ নিয়ে, যে উদ্দীপনা নিয়ে এই দপ্তর হাতে নিয়েছেন, আমরা আশা করব তিনি নিশ্চয়ই এই অভাব দূর করতে পারবেন। সুন্দরবনে যে সমস্ত মাছের কথা বললাম, সেই সমস্ত মাছ যদি আমরা ঠিকভাবে আহরণ করতে পারি, সুষ্ঠু প্রথায় যদি সেখানে মাছ চাষ করি, বা আমাদের বিভিন্ন অঞ্চলে যে সমস্ত মজা পুকুর, খাল-বিল, ডাঙ্গা ডোবা, নদী-নালা রয়েছে, সেগুলোকে যদি সংস্কার করি, এবং সেখানে যদি মাছের চাষ করি, তাহলে নিশ্চয়ই মাছের চাহিদা পূরণ হবে। বাংলাদেশ থেকে কবে মাছ আসবে, সেই আশায় বসে না থেকে মাছের ব্যাপারে যাতে আমরা স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে পারি তার চেষ্টা আমাদের করতেই হবে। এই কয়েকটি কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে তিনি এই যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ ভূপেন বিজলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন, আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমি কিছু বক্তব্য রাখতে চাই। সেই বক্তব্য হচ্ছে এই যে মাননীয় মন্ত্রী মহাশয় যে দাবী পেশ করেছেন ৮১ লক্ষ টাকা, তা অত্যন্ত কম। সারা পশ্চিমবঙ্গে মাছের উন্নতি করতে গেলে এই নির্ধারিত টাকায় খুবই অসুবিধা হবে বলে মনে করছি। তাই আরও কিছু টাকা বাড়িয়ে দিলে ভাল হত। যাহোক মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে তিনি চিন্তা করছেন বাংলাদেশ থেকে কিভাবে মাছ আনা যায়। এবং এর জন্য তিনি সময়ভিত্তিক পরিকল্পনা পেশ করেছেন, তিনি মাছের চাহিদা মেটাবার জন্যে চেষ্টা করছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। কিন্তু বর্তমান অবস্থায় সুন্দরবনে মাছের ব্যাপারে যে সুযোগ রয়েছে তাকে আমরা কাজে লাগাতে পারি। আমাদের মাননীয় সফিউল্লা সাহেব সুন্দরবনে মাছের সম্বন্ধে যে কথা বললেন, তা শুনলাম। তিনি অনেক মাছের নাম করলেন। একথা বাস্তবে সত্য যে নদী-নালা, খাল বিলে প্রচুর মাছ আছে। অভাব হলে সেই সব মাছ আহরণের জন্য সুষ্ঠু পরিকল্পনা চাই। সুন্দরবনে যে মাছ সংগ্রহ করা হয় সেখান থেকে আনার খুব অসুবিধা আছে। মাছ আনতে গিয়ে এত দেরী হয় যে সেই মাছ পচে যায় এবং অত্যন্ত সামান্য দরে বিক্রি করতে হয়। এ সম্বন্ধে ইমিডিয়েটলি ব্যবস্থা করা প্রয়োজন। ঐ সুন্দরবন অঞ্চলে একটা কোলড্ প্ল্যান্ট তৈরী করে যাতে মাছ সেখানে স্টোর করে রাখা যায়, এবং তার পরে চালান করা যেতে পারে। আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় তপশীল সম্প্রদায়ের মন্ত্রীও বটে। অত্যন্ত দুঃখের ও ক্ষোভের কথা যে এই তপশীল সম্প্রদায়ের মধ্যে যারা মাছের ব্যবসা করে তাদের মাছ চাষের ব্যাপারে কোন স্পেশ্যাল গ্রান্ট দেওয়া হয় না। এই তপশীল সম্প্রদায়ের মধ্যে নানা শ্রেণীর লোক মাছ ধরা এবং মাছ চাষ করার কাজ করে এবং তাদের সংখ্যাও যথেষ্ট। এই মাছ চাষের সুব্যবস্থা করতে গেলে এই তপশীল সম্প্রদায়ের মধ্যে সাহায্যের ব্যবস্থা করতে হবে, তাদের নিজেদের মধ্যে কো-অপারেটিভ সোসাইটি পদ্ধতির মাধ্যমে ঋণ দানের ব্যবস্থা সুষ্ঠুভাবে করলে মাছের চাহিদা অনেকাংশে মিটতে পারে। দুঃখের বিষয় ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলে এদের পক্ষ থেকে এরা একটা মাষ্টার প্লান সরকারের কাছে পেশ করেছিল। কিন্তু তৎকালীন মৎস্যমন্ত্রী শ্রীপ্রভাস রায় মহাশয় যেহেতু এরা সি, পি, এম প্রভাবিত ছিল না, তাই তিনি সেই প্ল্যানকে নাকচ করে দিয়েছিলেন। তারা ঐ কো-অপারেটিভ প্রথাকেও

উৎসাহিত করেনি। এই সি, পি, এম দল জনসাধারণের কল্যাণসাধন করব বলে দেশের লোককে বলেছিল।

কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে যেহেতু তাদের দলের স্বার্থ সিদ্ধ হচ্ছে না, তাই তারা সেটা গ্রহণ করলেন না। আমরা এটাকে সমর্থন ক'র এবং বিশ্বাস করি যে এই পরিকল্পনাটি সময়ভিত্তিক এবং অত্যন্ত যুক্তিসংগত। আমি মন্ত্রী মহাশয়কে সেটা পুনরায় গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে বিশেষ ভাবে অনুরোধ জানাই। বন্দেমাতরম। জয়হিন্দ।

[7-10—7-22 p.m ]

**শ্রীহেমন্ত দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মৎস্য মন্ত্রী মহাশয় মৎস্য চাষের জন্য যে গ্রান্ট এখানে উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। মাননীয় সদস্যরা পড়েছেন যে অন্নদা যখন ভবানন্দ ভবনে যাত্রা করেছিলেন তখন ঈশ্বর-পাটনীর সঙ্গে তার সাক্ষাৎ হয়। তখন ঈশ্বর পাটনী একটি আশীর্ব্বাদ চেয়েছিলেন 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'। এখন এই দুধ আমাদের স্বপ্নের বিষয়বস্তু হয়ে দাঁড়িয়েছে। লোকেও বলে দুধের সাধ ঘোলে মেটানো যায়। তেমনি আমরা আশা করছি দুধ দিয়ে যদি প্রোটিন সংগ্রহ করতে না পারি তাহলে অন্ততঃ খানিকটা মাছ দিয়ে পূরণ করা যায়। আমরা দেখছি আমাদের দেশে জনসংখ্যা বাড়ছে এবং সেই অনুপাতে মৎস্য সরবরাহ অত্যন্ত অপ্রচুর। সেই জন্য আমাদের যে প্রোটিন দরকার পুষ্টির জন্য, সেই প্রোটিনের বেশ খানিকটা মৎস্য থেকে পেতাম। যেসব মাছ আমাদের খাদ্যের বহির্ভূত ছিল, সেইসব মাছ আমরা আজকে খেতে আরম্ভ করে দিয়েছি, শুধুমাত্র এই প্রোটিনের অভাব পূরণ করার জন্য। এই প্রোটিনের অভাব আমরা পূরণ করবার চেষ্টাও করছি এবং এর জন্য যে টাকা প্রয়োজন সেই তুলনায় এই ব্যয় বরাদ্দে যে টাকা ধরা হয়েছে ১ কোটিরও কম, তা অত্যন্ত অপ্রতুল। যা হোক, আমি এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে এই খাতে আরো অর্থ বরাদ্দ করা উচিত। আর একটি কথা হচ্ছে আমাদের অধিকাংশ মৎস্য সংগ্রহ করতে হয় দেশের ভিতর থেকে। এবং যেটা প্রকৃতির স্বভাবই দান নদী, সমুদ্র, সেই নদী ও সমুদ্র থেকে আমাদের সংগ্রহ করতে হয়। আমাদের দেশের ভিতর অনেক বড় বড় পুকুর, দীঘি আছে। সেই সব জায়গাগুলিকে সংস্কার করে মাছ চাষ করতে পারলে আমাদের অনেক মৎস উৎপাদন হত, কিন্তু সেগুলিকে আমরা সংস্কার করে কাজে লাগাতে পারছি না এবং অর্থ বা অন্য কোন মনোযোগের অভাব যে আছে সেটা আমাদের স্বীকার করতেই হবে। সমুদ্র এবং নদী থেকে যে মাছ পাওয়া যায় সেটা সম্পর্কে আমাদের আরো সজাগ হওয়া উচিত। সমুদ্রের মাছ হচ্ছে প্রকৃতির দান। এই সমুদ্রে যারা মাছ ধরছে তারা অত্যন্ত গরীব, তাদের জীবনযাত্রার মান অত্যন্ত নিম্নস্তরের, ফলে তারা জীবিকা নির্বাহ করতে পারছে না। শীতের সময় যদি কেউ মাছ ধরতে যায় এবং তার গায়ে যদি কাপড় না থাকে তাহলে তারা মাছ ধরবে কি করে সেটা একটু চিন্তা করা দরকার। তারা রাত্রি ১২/১টার সময় মাছ ধরতে যাচ্ছে, কিন্তু তাদের গায়ে কাপড় নেই, মাথার উপর দারুন ঠাণ্ডা, এই অবস্থায় তাদের কাটাতে হয়। কাজেই যতখানি তাদের সুবিধা হয় সেই সুযোগ করে দেওয়া উচিত এবং সমুদ্রে মাছ ধরার জন্য তাদের সুযোগ সুবিধা করে দেওয়া উচিত। এটা যদি করতে পারি তাহলে সত্যিকারের একটা কাজের কাজ হবে। গভীর সমুদ্রে মৎস্য চাষের জন্য আমাদের স্বর্গতঃ ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয় ট্রলারের প্রবর্তন করেছিলেন। এখন সেগুলি নেই আমরা দেখতে পাচ্ছি, আবার সেগুলি প্রবর্তন করা উচিত। দীঘা, ফ্রেজারগঞ্জ ইত্যাদি যে সমস্ত জায়গায় মাছ ধরা হয়, সেই সমস্ত জায়গায় মাছগুলিকে বাহিরে চালান দেবার মত কোল্ড স্টোরেজ আমাদের নেই। আমাদের শুটকী মাছ সংরক্ষণের ব্যবস্থা নেই। এগুলি প্রিজারভেসনের ব্যবস্থা করা উচিত। এইভাবে যদি আমরা মাছ প্রিজারভেসন করে বাহিরে চালান

দেবার যে ব্যবস্থা আছে সেগুলিকে কাজে লাগানো যায় তাহলে আমাদের অনেক আর্থিক উন্নতি হতে পারে এবং কলকাতার পথেও অনেক মাছ চলে আসবে। কলকাতার বাজারে চলে আসবার পরে যদি সেগুলিকে আমরা টিন শুডস বরে ট্রাকে করে বা অন্য কোন যানবাহনে বরে পাঠাতে পারি তাহলে আমাদের উন্নতি হবে। গরীব মৎসজীবীরা সেটা করতে পারে না। আমরা বাস্তব অভিজ্ঞতাতে দেখেছি সেই সমস্ত মাছ যানবাহনের অভাবে বাহিরে পাঠাতে পারছে না। ফলে তাদের মহাজনদের কাছে অল্প দামে বিক্রী করতে হয় এবং এতে করে তাদের অনেক ক্ষতিগ্রস্ত হতে হয়। আমি দীঘা অঞ্চলে দেখেছি ছোট ছোট ব্যবসায়ী যারা আছেন তারা অনেকেই কলকাতার বাজারে মাছ নিয়ে আসেন এবং কলকাতার বড় বড় ব্যবসায়ী যারা আছেন তাদের কাছ থেকে তারা আগেই দাদন নিয়ে থাকেন। ফলে অনেক ক্ষেত্রেই তাদের কাছে ঐ সব ছোট ব্যবসায়ীদের আত্ম সমর্পণ করতে হয় অনটনের জন্য। আমরা জানতে পেরেছি অধ্যাপক শান্তি কুমার দাসগুপ্তের নেতৃত্বে একটি কমিটি করা হয়েছে। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে মাছের যোগান যাতে বাড়ানো যায় এবং কতখানি পারসেন্টেজে মাছ চাষ বৃদ্ধি করা যায় সেই সমস্ত অনুসন্ধান করা দরকার।

আজকে এর মারফত জানতে পারলাম যে আমাদের একটা committee হয়েছে অধ্যাপক শান্তি দাসগুপ্ত মহাশয়ের নেতৃত্বে। তারা বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে মাছের কথা বিবেচনা করে দেখুন যে তার কতখানি potentiality আছে। কিভাবে মাছের চাষ বৃদ্ধি করা যায় সেই সমস্ত অনুসন্ধান করা দরকার বলে এবং আমি বলি এই ক্ষেত্রে আরো বেশী করে অর্থ বরাদ্দ করা উচিত বলে মনে করি। এ সম্পর্কে আরো বেশী গবেষণা করা উচিত। আজকে আমরা জানতে পারলাম West Bengal Fisheries Corporation-এর under-এ আমাদের দীঘাতে একটা C.S.R.E.তে গ্রামীণ মৎস্য প্রকল্পের অধীনে lake করা হয়েছে। এই lake ঠিক প্রয়োজন মত হয়নি বলে মনে করি। আর্থিক বছরে যে কাজ করা হবে, তারজন্য যাতে কাজগুলি ভাল করে হয় সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বরাদ্দ সমর্থন করছি এবং অধিকন্তু আরো অধিক অর্থ বরাদ্দ করার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেটে সকলে সমর্থন জানিয়েছেন, সুতরাং সেজন্য আপনার মাধ্যমে প্রথমে সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। এই বাজেট বক্তৃতায় অনেকে অনেক আশান্বিত হয়েছেন। অবশ্য আশা সকলে করতে পারেন, কারণ আজকে আমাদের বর্তমান সরকার ভাত মাছের উপর জোর দিয়েছেন সেটা নিশ্চয়ই আমার আগে সুযোগ্য নেতা এবং আমার সহকর্মী আবদুস সাত্তার আপনাদের বুঝিয়ে বলেছেন যে ভাতের অভাব থাকবে না। আমি মাছের অভাব একেবারে থাকবে না একথা বলতে পারবো না তবে তার পিছু পিছু ধাওয়া করে মাছের উৎপাদন বৃদ্ধি করে যাতে ভাতের সঙ্গে একটু মাছ আমাদের পাতে পড়তে পারে সেই চেষ্টা করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা ঠিক সুন্দরবনে যে খাড়ী, নালা আছে এগুলি ঠিক proper exploitation হয়নি। এবং সুন্দরবনে অফুরন্ত মৎস্য ভাণ্ডার, তাকে যদি exploit করতে পারি তাহলে নিশ্চয়ই কলকাতায় কিছুটা সুরাহা হবে। একথা ঠিক এই অল্প টাকায় যা বাজেটে বরাদ্দ হয়েছে তাতে বেশীদূর অগ্রসর হতে পারবো সে আশা অত্যন্ত কম। তবে কেন্দ্রিয় সরকারের যে Agricultural Refinance Corporation এর মাধ্যমে কৃষির এবং মৎস্য চাষের উপর অর্থ লগ্নী করার যে প্রতিষ্ঠান গড়ে তুলেছেন তার সুযোগ নিয়ে আমি আশা করছি পশ্চিমবঙ্গে মৎস্য উৎপাদন কিছুটা বৃদ্ধি করতে পারবো। আপনারা জানেন একবছরে ভারত সরকার খালি পশ্চিমবাংলার জন্য ৬॥ কোটি টাকার মাছ আমদানীর চুক্তি করতে হয়েছে। আমাদের বিদেশী মুদ্রা অর্থাৎ আমদানীর দ্বারা আমাদের বাংলাদেশের সরকার ভারতীয় মুদ্রা সংগ্রহ করতে পারবে।

কোটি টাকার মাছ আসবে বাংলাদেশ থেকে। সুতরাং এছাড়া ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে ৷ আগে হিসাব দিয়েছি যে প্রকৃতপক্ষে অন্যান্য রাজ্যের মৎস্য সরবরাহের উপরে আমাদের নির্ভর :তে হয় এবং তার উপর নির্ভর করে চলতে হয়। সুতরাং আজকে এই দিকে আমাদের নিশ্চয়ই ? দিতে হবে। এরজন্য হয়ত আগামী বছরে মন্ত্রী সভার কিছু অতিরিক্ত মৎস্যের বরাদ্দের জন্য বস্থা করতে হবে যাতে আমরা অন্য রাজ্যের মুখাপেক্ষী হয়ে না থাকতে হয় মৎস্যের জন্য। বাঙ্গালীর চ না হলে চলে না। কারণ protein বলতে আমাদের বাংলা দেশের মানুষ যেটুকু সংগ্রহ করে টা মাছের উপরে। সুতরাং এর উৎপাদন বৃদ্ধি না করতে পারলে বাংলা দেশের মানুষের পুষ্টি চান যাবে না এবং বাঙালী জাতিকে সবল এবং শক্তিশালী করে তোলা যাবে না। সেজন্য এদিকে শেষ দৃষ্টি দিতে হবে। আমাদের মাননীয় সদস্য নিতাইবাবু ইলিশমাছের যে কথা বলেছেন, ইলিশ চ আমাদের এখানে বেশী পাওয়া যায় না, আপনারা জানেন। কাজেই অন্যান্য মাছ যা উৎপাদন রতে পারি, varities মাছ বা সমুদ্র থেকে যে সমস্ত মাছ সংগ্রহ করা যাবে যার জন্য পরিকল্পনা হচ্ছে, troller কেনার কথা চিন্তা করা হচ্ছে। রায়চকে একটা Fish Harbour তৈরী করা য়ছে। এতে এবং নামখানা Mechanised board করে, coastal fishing যাতে করা যায়। এতে মরা অনেক মাছ আহরণ করতে পারবো এবং যার দ্বারা পশ্চিমবাংলা এবং কলকাতার মানুষকে ওয়াতে পারবো। আপনারা জানেন সমুদ্রের মধ্যে যে বিশাল মৎস সম্পদ এটা যদি আমরা আহরণ রতে পারি তাহলে শেষ করতে পারবো না, যুগ যুগ ধরে চালিয়ে যেতে পারবো, সুতরাং এসম্বন্ধে মাদের বিশেষ দৃষ্টি দিচ্ছি। আমার এইটুকু আশা আছে যে এই কাজ যদি আমরা ঠিকমত করতে রি তাহলে এতে বিদেশী মুদ্রা অর্জন করতে পারবো। আপনারা জানেন, এখানে যে চিংড়ি মাছ লান যাচ্ছে বিদেশে তাতে বিদেশী মুদ্রা আসছে। যদি আমরা এই সমুদ্রের মাছ আহরণ রতে পারি তাহলে এতেও বিদেশী মুদ্রা পশ্চিমবাংলা আহরণ করতে সক্ষম হবে এই মাছ চালান র। সেজন্য আপনারা বিনা বাধায় এই বাজেটকে সবান্তঃকরণে সমর্থন করে একে গ্রহণ করেছেন, জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে এবং বিশেষ করে নাসিরুদ্দিন সাহেবকে ধন্যবাদ জানিয়ে আমার ক্তা শেষ করছি।

The motion of Shri Santosh Kumar Roy that a sun of Rs. 81,65,000 be anted for expenditure under Grant No. 23, Major Head : "31—Agriculture—sheries," was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7-22 p.m. till 1 p.m on Thursday, the th July, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 13th July, 1972 at 1 p. m.

**Present**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 12 Ministers, 9 Ministers of State, 2 Deputy Ministers and 154 Members.

**Oath or Affirmation of Allegiance**

[1-00—1-10 p.m.]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

( There was none to take oath )

**Starred questions**

( to which oral answers were given )

**Violation of the Provident Fund Scheme**

*138. (Admitted question No. *55.) **Shri Rajani Kanta Doloi :** Will the minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that Messrs International Rubber Manufacturing Company have violated the provisions of the Employees' Provident Fund Scheme, 1952, by not depositing the Provident Fund dues according to the Rules laid down under the scheme ; and

(b) if so—

(i) the amount involved , and

(ii) actions since taken by the Government in this regard ?

**Dr. Gopal Das Nag :**

(a) Yes. Messrs. International Rubber Manufacturing Company violated the statutory provisions by not depositing the Provident Fund dues to the Statutory Fund.

(b) (i) The amount of Provident Fund dues for the period from July, 1967 to August, 1971 is Rs. 4,80,338·00.

(ii) The Employees' Provident Fund Organisation has taken the following actions for realisation of the arrear dues from Messrs. International Rubber Manufacturing Company.

(a) Prosecution has been filed u/s 14 of the E. P. F. Act, and F. P. F. Act, 1952, up to September, 1968.

(b) Prosecution has also been sanctioned for October, 1968 to December, 1969. Further action for the period from April, 1970 to August, 1970 and March, 1971 to April, 1971, will be taken on receipt of the reports after determination of the arrear dues u/s 7A of the Act by the Regional Provident Fund Commissioner.

(c) Recovery proceedings u/s 8 of the Act have been filled up to March, 1971.

(d) Action for initiating Criminal Prosecution u/s 406/409, I. P. C., has also been taken against the employers.

**Mr. Speaker :** Starred question No. 139 is held over.

## দুর্গাপুর দুগ্ধ উৎপাদন কেন্দ্রে কর্মচারী

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৫) **শ্রীঅশ্বিনী রায়ঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুর দুগ্ধ উৎপাদনকেন্দ্রে সম্প্রতি কিছু নতুন লোক নিয়োগ করা হয়েছে,

(খ) সত্য হইলে—

(১) উক্ত কেন্দ্রে ১৯৭২ সালের ১৬ই মার্চ তারিখে বিভিন্ন পদে (ক্যাটাগরি) কর্মচারীর সংখ্যা কত ছিল,

(২) ১৭ই মার্চ হতে ২৩এ জুন পর্যন্ত প্রতি পদে নতুন নিয়োগের সংখ্যা, এবং

(৩) ঐ নতুন নিয়োগ কিভাবে করা হয়েছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** (ক) কোন নূতন লোক এখনও নিয়োগ করা হয়নি। তবে কিছু কর্মরত বিভাগীয় অফিসারদের প্রোমোশন দিয়ে ও বদলি নিয়োগ করে দুর্গাপুরে পাঠানোর ব্যবস্থা হয়েছে।

(খ) যেহেতু কোন নতুন নিয়োগ এখনও হয়নি তাই এ প্রশ্ন উঠে না।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** আপনি ১৫০০ বদলির কথা বললেন, আর বাকি যে প্রোমশনের কথা বললেন এদের সংখ্যা কত—যাদের পাঠান হচ্ছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** এদের সংখ্যাটা হচ্ছে—ডেয়ারী ম্যানেজার একটি পদ। সিকিউরিটি অফিসার একটি পদ। এ্যাকাউন্টস অফিসার একটি পদ। ডেপুটি ডেয়ারী ম্যানেজার (প্রোকিওরমেণ্ট এণ্ড এ্যানফোর্সমেণ্ট) একটি পদ। ডেপুটি ডেয়ারী ম্যানেজার (কোয়ালিটি কণ্ট্রোল) একটি পদ। মিল্ক প্রোকিওরমেণ্ট এ্যাণ্ড একসটেনশন অফিসার ৩টি পদ। এই ছাড়া,

গ্রেজেটেড পদ ছাড়া কিছু সংখ্যক আপার ডিভিশন করণীক ও মেকানিক নন-গেজেটেড পদ বিভাগীয় নিম্ন পদের লোকের দ্বারা পূরণ করা হয়েছে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** যে সংখ্যক কর্মচারী পাঠান দরকার তা নিশ্চয়ই পূরণ হয়নি। তাহলে আরও কিছু কর্মচারী নিশ্চয়ই দেওয়া হবে এবং সেই দেওয়ার পদ্ধতিটা কি হবে, এইটা কি অন্য কোন পদ্ধতিতে নেওয়া হবে?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** এই সম্বন্ধে পূর্বেই এই সরকার আসবার আগেই রাষ্ট্রপতির শাসনকালে একটা সিলেকসান কমিটি হয়েছিল এবং সেই সিলেকসান কমিটি তারা একটা ইনটারভিউয়ের ব্যবস্থা করেন এবং সেই ইন্টারভিউয়ের ভিত্তিতে তারা কিছু কিছু রেকমেনডেশন করেছিলেন। কিন্তু কিছু স্থির সিদ্ধান্ত তারা নেন নি। কিছু কিছু রেকমেনডেশান তাঁরা করেন। আমি আমার দপ্তরের ভার গ্রহণের পর আমি সমস্ত নথিপত্র তলব করি এবং পরে সিলেকসান কমিটি যে সমস্ত মন্তব্য করেছিলেন সে সমস্ত দেখে সেগুলো আমার পক্ষে আদৌ গ্রহণযোগ্য হয় নি। আমি সেইসব অফিসারদের ব্যক্তিগতভাবে ডেকেছিলাম এবং মত নিয়েছিলাম এবং আমি সেই রেকমেনডেশান বাতিল করে দিয়ে মাননীয় বিধানসভার কিছু সদস্য এবং বাইরের কিছু সদস্য নিয়ে একটা সিলেকসান বোর্ড করেছি। তার চেয়ারম্যান শ্রীআনন্দ গোপাল মুখোপাধ্যায় যিনি দুর্গাপুরের এম, এল, এ। এই সিলেকসান বোর্ড ঠিক করবেন তাঁদের রিক্রুটমেন্টের পদ্ধতি এবং তাদের সিদ্ধান্ত অনুযায়ী কাজ হবে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** যারা এর আগে কাজ করছে অর্থাৎ ক্যাজুয়েল লেবার কনট্রাকটরের আণ্ডারে নিশ্চয় বোর্ডের তাদের সম্বন্ধে বিবেচনা করা উচিত?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** এই সম্বন্ধে সিদ্ধান্ত নেবেন সিলেকসান বোর্ড। এবং আশা করি সরকার সেই সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**শ্রীশক্তিকুমার ভট্টাচার্যাঃ** সিলেকসান বোর্ডে কি যুক্ত মোর্চার এম, এল, এ-রা আছেন?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** যুক্ত মোরচার কিনা বলতে পারবো না। বিধানসভার কয়েকজন সদস্য আছেন এবং বিধানসভার বাইরের কয়েকজন আছেন।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি সরকারের যে নীতি আছে রিজারভেসানের ব্যাপারে সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসের ক্ষেত্রে সিলেকসান বোর্ড সেটা মানবেন কিনা সরকারের সেই সারকুলার?

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় সদস্য যিনি প্রশ্ন করলেন তিনি নিজে একজন সিলেকসান বোর্ডের মেম্বার। আমি বলে এসেছিলাম তাঁরা সব ব্যাপারে সিদ্ধান্ত নেবেন এবং নিয়োগের ক্ষেত্রে যাঁরা হরিজন এবং সিডিউল্ডকাষ্ট এবং সংখ্যালঘু সম্প্রদায়ের কথা বিবেচনা করতে।

**শ্রীনিতাইপদ সরকারঃ** সিলেকসান বোর্ডে কারা কারা আছেন নামগুলো কি বলতে পারেন?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** নোটিশ দিলে বলতে পারবো।

**Forest products of Jhargram Subdivision**

***141.** (Admitted question No. *579.) **Shri Birendra Bijoy Malladeb** : Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) the total value of the following forest products collected yearly on an average from the forests of Jhargram Subdivision :—

(i) Kendu leaves ;

(ii) Sal and other trees, and

(iii) Sal leaves ,

(b) the total income per year from the above leaves ;

(c) whether Government has any scheme of afforestation during Fifth Five-Year Plan ; and

(d) if so, the nature of the scheme and the cost thereof ?

**Shri Sitaram Mahato :** (a) (i) Rs. 1,10,398.

(ii) Rs. 21,57,133. (iii) Rs. 628. (b) Rs. 1,11,026. (c) There will be a scheme of afforestation during the 5th Five-Year Plan. (d) The nature of the scheme and the cost thereof can be indicated after approval of the 5th Plan and according to provision of funds.

**শ্রীবীরেন্দ্র বিজয় মল্লদেব ঃ** এই এ্যাফোরষ্টেসান স্কীমে কি কর্মসংস্থান হবে ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** কর্মসংস্থান হবে। স্কীমের বরাদ্দ অনুযায়ী কর্মসংস্থান হবে।

**শ্রীবীরেন্দ্র বিজয় মল্লদেব ঃ** এই স্কীমগুলিতে স্থানীয় বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে কি ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** হ্যাঁ, হবে।

**শ্রীবীরেন্দ্র বিজয় মল্লদেব ঃ** এই যে স্কীমগুলো নেওয়া হচ্ছে তাতে ঝাড়গ্রাম এলাকাগুলোতে কি কি কাজ নেওয়া হবে ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** সে স্কীমগুলো এখন বলা মুস্কিল। টাকার বরাদ্দ দেখে স্কীমগুলো বলতে পারবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন পুরুলিয়া জেলায় এই ধরণের স্কীম নেওয়া হবে কিনা ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** কি স্কীমগুলো সম্বন্ধে বলছেন ?

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** যে স্কীম সম্বন্ধে বললেন আমি সেই scheme সম্বন্ধেই বলছি যে কি হল ?

[1-10—1-20 p.m.]

**শ্রীসীতারাম মাহাতোঃ** Afforestation-এর কাজ পুরুলিয়ার আছে ও চলছে। Afforestation ছাড়া crash programme-এর কাজও সেখানে চলছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পুরুলিয়া জেলায় এ বাবদ কত লোক কাজ করে ?

**শ্রীসীতারাম মাহাতোঃ** Notice দিলে সংখ্যা বলতে পারবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পুরুলিয়া জেলায় কি এই schemeটা সম্প্রসারণ করে বেকারদের চাকরী দেবেন ?

**শ্রীসীতারাম মাহাতোঃ** ·th plan-এ সম্প্রসারণ হয়েছে। 5th plan-এও সম্প্রসারণের পরিকল্পনা আছে। তবে যদি আমরা forest land ছাড়া আরও জমি পাই তাহলে একাজ করতে পারি।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ** এ রাজ্যে যত্রতত্র সরকারী ও অন্য জায়গায় যথেচ্ছভাবে বৃক্ষ কাটার যে প্রবণতা দেখা যাচ্ছে সে সম্বন্ধে কোন step নেবার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীসীতারাম মাহাতোঃ** এ সম্বন্ধে যথেষ্ট ব্যবস্থা আছে। তা ছাড়া বিশেষ কোন জায়গা থেকে যদি এরকম কোন অভিযোগ থাকে তাহলে সে সম্বন্ধে নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রীমহম্মদ সফিউল্লাঃ** ২৪-পরগণা জেলায় সাগুজেলে ও মোল্লাখালির অপর দিকে মরিচ-ঝাপির সমস্ত জঙ্গল কেটে নষ্ট করে দিচ্ছে এখবর কি রাখেন ?

**মিঃ স্পীকারঃ** The question is disallowed.

## বন্ধ কল-কারখানা খোলার ব্যবস্থা

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১) **শ্রীনিতাইপদ সরকারঃ** বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মার্চ ১৯৭২ হইতে মে ১৯৭২ পর্যন্ত কয়টি বন্ধ কল-কারখানা খোলা সম্ভব হইয়াছে ; এবং

(খ) বাকি বন্ধ কল-কারখানাগুলি খুলিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Dr. Gopal Das Nag :**

(ক) মার্চ ১৯৭২ হইতে মে ১৯৭২ পর্যন্ত ২৬টি বন্ধ কারখানা খোলা হইয়াছে।

(খ) বন্ধ কারখানা খোলার জন্য শ্রম বিরোধের সালিসি, পরিচালনার অব্যবস্থা আইন অনুসারে পরিচালনা ভার গ্রহন, অন্যান্য কারণে বন্ধ হইলে I. R. C. I. দ্বারা কোম্পানীর পুর্ণগঠন ও পুনরুজ্জীবন প্রভৃতি দ্বারা বন্ধ কারখানা খোলার ব্যবস্থা করা হইতেছে।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ এখন কতকগুলি কারখানা বন্ধ আছে ?

**ডাঃ গোপালদাস নাগ**ঃ Temporarily closed 188, Permanently 02.

**শ্রীনিতাইপদ সরকার**ঃ ১৫ই August-এর মধ্যে এই কারখানাগুলি খোলান সম্ভব হবে কি ?

**ডাঃ গোপালদাস নাগ**ঃ কোন নির্দিষ্ট সময়সূচী একাজে নির্ধারণ করা সম্ভব নয়।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ যে কারখানাগুলি খোলা হয়েছে তাতে সরকারী সাহায্য কি কি ভাবে দেওয়া হয়েছে ?

**ডাঃ গোপালদাস নাগ**ঃ যে গুলির পরিচালনার দায়িত্ব সরকার গ্রহন করেছেন সেগুলি পুরাপুরি সরকারী টাকায় খোলা হয়েছে। আর যেগুলি I R. C.র মাধ্যমে খোলা হয়েছে সেগুলির পরিচালনার দায়িত্ব I. R. C. গ্রহন করে। সেই কারখানাগুলির reconstruction ও working capital-এর ব্যবস্থা Bank-এর মাধ্যমে করে দিচ্ছে।

**শ্রীমনোরঞ্জন প্রামানিক**ঃ এই যে ২৬টি খোলা হয়েছে তাতে কতজন কাজ পেয়েছে ?

**ডাঃ গোপালদাস নাগ**ঃ ১৪ হাজার ৯১ জন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**ঃ বন্ধ ও দুর্বল কারখানাগুলির যে তালিকা আছে তারমধ্যে ঢাকেশ্বরী Cotton Mill আছে কি ?

**ডাঃ গোপালদাস নাগ**ঃ বন্ধ তালিকার মধ্যে নিশ্চয় আছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**ঃ ঢাকেশ্বরী Cotton Mill খোলার জন্য সরকার কি কোন ব্যবস্থা করছেন ?

**ডাঃ গোপালদাস নাগ**ঃ এই প্রশ্নের উত্তর বহুবার দিয়েছি। ঢাকেশ্বরী Cotton Mill খোলার জন্য প্রথমে পূর্ববর্তী সরকার যে পরিকল্পনা গ্রহন করেছিলেন বর্তমান পরিস্থিতিতে দেখা যাচ্ছে যে এই পরিকল্পনা সম্যক পরিকল্পনা হয়নি—তার মধ্যে বহু ভুল ত্রুটি ছিল তার জন্য এটা বন্ধ হয়ে আছে। ৫১ ভাগ share সরকারের গচ্ছিত রাখার কথা তারা বলছে—তাদের মূল share-এর ১০ ভাগ। কিন্তু এরকম পরিকল্পনার সঙ্গে সরকার সহযোগিতা করতে পারেনা বলে এটা খোলার অসুবিধা আছে।

**শ্রীতৃপ্তিময় আইচঃ** ঢাকেশ্বরী কটন মিল খোলার ব্যাপারে আইন সঙ্গত অসুবিধা আছে, সেই অসুবিধা দূর করার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহন করেছেন কি?

**ডাঃ গোপালদাস নাগঃ** বিষয়টি আবার পুনর্বিবেচনা করে দেখা হচ্ছে সরকারী নিয়ন্ত্রনাধীনে এনে ঢাকেশ্বরী কারখানা কত দ্রুত খোলা যায়।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্যঃ** বীরভূমের আমেদপুর চিনির কল খোলা সম্পর্কে সরকার কি দ্রুত কোন সিদ্ধান্ত গ্রহন করবেন?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমেদপুর চিনির কল সিক এণ্ড ক্লোজড ইণ্ডাষ্ট্রীর আওতায় আসে না। এটা সরকারী সংস্থা, সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করলে উত্তর পেতে পাবেন।

**শ্রীশরতচন্দ্র দাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় সালিশী করছেন বলছেন এই সালিশী বিভাগ করছেন, না, সালিশী বোর্ড কোন আছে?

**ডাঃ গোপালদাস নাগঃ** শ্রম দপ্তর লেবার ডাইরেক্টোরেট, তার কনসিলিয়েসান মেসিনারী শ্রম মন্ত্রী থেকে আরম্ভ করে এ্যাডিসন্যাল লেবার কমিশনার, লেবার অফিসার পর্যন্ত।

**শ্রীমৃগেন মুখার্জীঃ** রেমণ্ড কারখানা খোলা সম্পর্কে মন্ত্রী মহাশয় নতুন কোন বিবেচনা করছেন?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পূর্বেই বলেছি যে রেমণ্ড কারখানা খোলার ব্যাপারটা সরকার অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করছেন।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলিঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি মুর্শিদাবাদ জেলার বেলডাংগায় যে সুগার মিল বন্ধ আছে সেটা খোলার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করছেন কি?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুগার মিল বন্ধ হয়ে আছে কথাটা ঠিক নয়, সুগার মিল ছিল সেটা নেই অর্থাৎ তার যন্ত্রপাতি কিছু নেই, খালি ভাঙ্গা বাড়িটা পড়ে আছে, দরজা জানালা খুলে নিয়ে গেছে। নতুন করে সুগার মিল করা যেতে পারে সরকার এই সম্বন্ধে পরে বিবেচনা করতে পারেন।

**শ্রীমনোরঞ্জন প্রামানিকঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি মার্চ মাসে কত ফ্যাক্টরী বন্ধ হয়ে গেছে এবং কত লোক এই ফ্যাক্টরী বন্ধ হওয়ার জন্য এ্যাফেকটেড হয়েছে?

**ডাঃ গোপালদাস নাগঃ** ৫০ জনের বেশী শ্রমিক কাজ করে এমন একটা কারখানা বন্ধ হলে আইন অনুযায়ী নোটিশ দেয়, ৫০ জনের তলায় যে সমস্ত শ্রমিক কাজ করেন তারা নোটিশ দেয় না। সুতরাং তার তালিকা আমি আজকে দিতে পারব না।

## কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকায় নিম্নমানের চাল

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৩) **শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বৃহত্তর কলকাতার বিধিবদ্ধ রেশনিং এলাকায় বেশির ভাগ সময়েই নিকৃষ্ট ধরণের চাউল রেশনের দোকানগুলির মারফত সরবরাহ করা হয়; এবং

(খ) অবগত থাকিলে, চাউলের মান উন্নত করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**Shri Kashi Kanta Maitra :**

(ক) বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকায় রেশন দোকানগুলি মারফত যে চাউল সরবরাহ হইয়া থাকে, তাহার নিকৃষ্ট মানের বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে সরকার অবহিত আছেন। বাংলার সিদ্ধ চাউলের অপ্রতুলতায়, বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকা সহ রাজ্যের অন্যান্য বিধিবদ্ধ রেশনিং এলাকায় সরবরাহের জন্য যে পরিমাণ চাউল দরকার হয় তাহার অধিকাংশই কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত বাংলার বাহিরের আতপ চাউল দ্বারা মিটাইতে হয়।

বিশেষতঃ বাংলার বাহিরের আতপ চাউলের মান সম্পর্কেই অভিযোগ বেশী।

(খ) যাহাতে উন্নততর মানের চাউল সরবরাহ করা সম্ভব হয়, তাহার জন্য সরকার যে সব ব্যবস্থা গ্রহণ করিতেছেন, তাহা হইল :

(১) সরবরাহের পূর্ব্বে চাউলের মান পরীক্ষার উদ্দেশ্যে ফুড কর্পোরেশন-এর যে সব গুদাম হইতে বৃহত্তর কলিকাতার রেশন দোকানগুলিকে চাউল সরবরাহ করা হয়, সেই সব গুদামে গত ২৭শে মার্চ হইতে সরকারী পরিদর্শক নিযুক্ত করা হইয়াছে। পরন্তু রেশন দোকানের মালিকদিগকেও সরবরাহ লইবার সময় চাউলের মান পরীক্ষা করিয়া লইবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(২) ফুড কর্পোরেশনকে নির্দেশ দেওয়া আছে যে যদি কোন চাউলের মান মোটামুটি ভাল মান (এফ, এ, কিউ) অপেক্ষা নিকৃষ্ট হয় তাহা হইলে ঐ চাউল যেন উত্তমরূপে ঝাড়াই বাছাই ও পরিষ্কার করিয়া উপযুক্ত মানে উন্নীত করিবার পর সরবরাহ করা হয়।

(৩) ফুড কর্পোরেশনের মাধ্যমে যাহাতে উন্নত মানের বাংলার বাহিরের চাউল পশ্চিমবঙ্গে আসে, তাহার ব্যবস্থা করিবার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইয়াছে।

(৪) ফুড কর্পোরেশন কর্তৃক নিকৃষ্ট মানের খাদ্যশস্য বৃহত্তর কলিকাতা রেশনিং এলাকায় সরবরাহ সম্পর্কে বিস্তারিত তদন্ত করার জন্য সরকার একটি কমিটি গঠন করিয়াছেন।

(৫) বিধিবদ্ধ রেশনিংএ যাহাতে কয়েক সপ্তাহ ভাল চাউল সরবরাহ করা যায় তদুদ্দেশ্যে সরকার বিহার হইতে কিছু সিদ্ধ চাউল আমদানী করিবার ব্যবস্থা করিতেছেন।

[1-20—1-30 p.m.]

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, খোলাবাজারে যখন ভাল এবং উৎকৃষ্ট মানের চাল পাওয়া যাচ্ছে তখন রেশনে এই ধরনের নিকৃষ্ট চাল দেবার কারণ কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্যেরা জানেন পশ্চিমবাংলার স্ট্যাটুটরি রেশনিং এলাকায় এবং সংশোধিত রেশনিং এলাকায় চাল দিতে আমাদের প্রয়োজন হয় ৯ লক্ষ মেট্রিক টন। এর মধ্যে আমাদের প্রোকিওরমেন্ট হয়েছে ২ লক্ষ ৩০ হাজার মেট্রিক টন। এবছরে আড়াই লক্ষ টনের বেশী প্রোকিওর হবে বলে মনে করিনা। আমাদের চাহিদা যেখানে ৯ লক্ষ টন সেখানে আমাদের প্রোকিওর হবে মাত্র আড়াই লক্ষ টন—এই যে সর্টফল এটা মিটআপ করবার জন্য আমাদের কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হয়। কেন্দ্র দিতে রাজী হয়েছে এবং তাঁরা যেটা দিচ্ছেন তার ৭৫ থেকে ৮০ ভাগই আতপ চাল।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই চাল কেন্দ্র কোন্ কোন্ প্রদেশ থেকে নিয়ে এসে আমাদের সাপ্লাই দেবেন।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মূলতঃ সাপ্লায়িং স্টেট হচ্ছে পাঞ্জাব, হরিয়ানা, অন্ধ্র এবং মধ্যপ্রদেশ। উড়িষ্যা থেকে সিদ্ধ চাল আগে আসত, কিন্তু সেই চাল সম্বন্ধে আমাদের প্রচুর অভিযোগ ছিল কারণ খুব নিকৃষ্ট চাল সুপার ফাইন বলে চালাবার চেষ্টা করছিল। আমরা এগুলি নাকচ করে দিয়েছি কারণ সরকারে আসার পর আমরা দেখেছি এগুলি জনসাধারণকে দেওয়া যায়না।

**শ্রীমতী নুরুন্নেসা সাত্তার ঃ** মন্ত্রীমহাশয় আমাদের আশ্বাস দিয়েছিলেন যে খুব তাড়াতাড়ি আতপ চাল বাদ দিয়ে সিদ্ধ চাল দেওয়া হবে। আজ কয়েক মাস ধরে দেখছি সিদ্ধ চাল মাঝে মাঝে দিচ্ছে বটে কিন্তু সেটা অত্যন্ত খারাপ। তারপর আতপ চাল যেটা দেওয়া হচ্ছে সেটা দেখতে অনেকটা নীল রংয়ের যেগুলি খেলে মানুষের অসুখ হয়। এ সম্বন্ধে আপনি কিছু বলবেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমি এরকম কোন আশ্বাস দেইনি যে আতপ চাল বন্ধ হবে। আমি বলেছি রেশনের মাধ্যমে যে খারাপ চাল দেওয়া হয় সেটা বন্ধ করার চেষ্টা আমরা করব এবং সেই চেষ্টা আমরা করেছি। কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই বিষয়ে দফায় দফায় আলোচনা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় এখনও পর্যন্ত চাল ঝাড়াইর কোন যন্ত্র নেই। মেকানিক্যাল রাইস্ ক্লিনিং মেসিন বলে একটি বস্তু আছে, অনেক লেখালেখির পর ৫টি মেসিন আমাদের পাঠিয়েছিল চাল ঝাড়াই করে দেবার জন্য। কিন্তু সেই ৫টি মেসিন যা পাঠিয়েছিল তাতে দেখা গেল সেগুলি পাথরকুচি ঝাড়াইর মেসিন, এতে চাল ঝাড়াই হয় না। তারপর যে ৩টি নূতন মেসিন আসে তাতে দেখা যায় সেগুলি যদি দৈনিক ৮ ঘন্টা করে চলে, তাহলে ২৬/২৭ বস্তার বেশী চাল ঝাড়াই হতে পারে না। এগুলি সরকারী ৩টি বড় বড় গুদামে বসান হয়েছে। খাদ্য কর্পোরেশনের চেয়ারম্যানকে এ সম্বন্ধে বলা হয়েছে। খাদ্য কর্পোরেশন যদি এরকম মেসিন পাঠাতে পারেন এবং যতক্ষণ পর্যন্ত না তারা আমাদের ফেয়ার এ্যাভারেজ কোয়ালিটি চাল পাঠায় ততক্ষণ পর্যন্ত খাদ্য দপ্তর যে অসহায়, মাননীয় সদস্যগণ নিশ্চয়ই সেটা বিবেচনা করবেন।

**Shri Abdur Rauf Ansari :** Just now the Hon'ble Minister has stated that we are procuring less than what we require. May I know from the Hon'ble Minister-in-charge what is the reason of less procurement and what step he is going to take to increase procurement ?

**Shri Kashi Kanta Maitra :** The reasons for the short-fall in procurement are :—

(1) deteriorating law and order situation ;

(2) Because of the intervening election our officers of the Food Department as also the Food Corporation of India had to be deployed for electioneering duty ; and

(3) there was devestating flood in various parts of the country, as a result of which the entire programme had faced a set-back.

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ** যে এজেন্সী মারফত অর্থাৎ ফুড করপোরেশন খারাপ চাল দেয় এবং কনজিউমারদের ঠকায় সেখানে এটা বন্ধ করবার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** ফুড করপোরেশনের যে চাল আমরা পাই, তার মধ্যে ব্রোকেন পারসেনটেজ অর্থাৎ খুদ ৩৫% আতপে থাকতে পারে এবং ৫% ফরেন ম্যাটার থাকে, এটা হচ্ছে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার রাইস স্পেসিফিকেসন। আমরা প্রথম থেকে এর বিরোধী। এবং বলে আসছি পশ্চিমবাংলায় সিদ্ধ চালের ক্ষেত্রে স্পেসিফিকেসন হচ্ছে ৩৫% সেখানে ব্রোকেন থাকতে পারে। আমরা দিল্লীকে জানিয়েছি যে এই স্পেসিফিকেসন অন্ততঃপক্ষে সিদ্ধ চালের ক্ষেত্রে যা হচ্ছে, আতপ চালের ক্ষেত্রে তার ব্যতিক্রম কেন হচ্ছে—ব্রোকেন রাইসের মধ্যে ৩৫% ব্রোকেন আর ৫% ফরেন ম্যাটার। এটা মেলালে এক কিলোতে ৪০০গ্রাম ভাঙা চাল বা খুদ থাকবে। আপনারা বিবেচনা করে দেখবেন সেক্ষেত্রে খাদ্য দপ্তর বলতে পারে না যে আমরা এ চাল নেব না, যদি না খাদ্য দপ্তর রেশন দপ্তরকে সম্পূর্ণ বানচাল করতে দেন। অতএব এখানে ব্রোকেন পারসেন্টেজ যদি ৪০% থাকে তাহলে আমাদের পজিসন হচ্ছে এটা আমাদের মেনে নিতে হচ্ছে। কিন্তু আমরা কেন্দ্রীয় সরকারকে বার বার জানিয়েছি, খাদ্য দপ্তর বার বার জানিয়েছে এই লিমিট পর্যন্ত নিয়ে যাবেন না, এটাকে কমিয়ে আনুন এবং যাতে ফেয়ার এ্যাভারেজ কোয়ালিটি চাল সারা বছর পেতে পারি।

**শ্রীরথীন তালুকদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় যা বললেন তাতে সিদ্ধ চালের জন্য আমরা কিছুদিন অপেক্ষা করতে রাজি আছি। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে হাসপাতালে রোগীদের যে চাল দেওয়া হচ্ছে তা থেকে উন্নত ধরণের চাল দেবার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্যকে আমি জানাতে পারি আগে পশ্চিমবাংলার হাসপাতালগুলিতে আতপ চাল দেবার ব্যবস্থা ছিল। ২০ তারিখে যেদিন আমি শপথ নিয়েছি সেদিনই ঘোষণা করেছিলাম যে পশ্চিমবাংলার কি সহরে কি গ্রামে সমস্ত হাসপাতালগুলিতে সারা বছর

সিদ্ধ চাল দেওয়া হবে। সুতরাং সিদ্ধ চাল দেওয়া হচ্ছে। তা সত্বেও যদি হাসপাতালে সিদ্ধ চালের বদলে খারাপ চাল কি আতপ চাল দেওয়া হয় আমাকে জানালে সেটা আমি তদন্ত করে দেখতে পারি।

## ভারতীয় মেডিক্যাল হলের বিরুদ্ধে তহবিল তছরূপের অভিযোগ

*:৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৯০) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৬৯-৭০ সালে "ভারতীয় মেডিক্যাল হল" নামক একটি প্রতিষ্ঠানের পক্ষ হইতে ডাক্তারের সই জাল করিয়া ৮২ হাজার টাকা তছরূপ করা হইয়াছিল ঃ এবং

(খ) সত্য হইলে, ঐ প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Dr. Gopal Das Nag** :

(ক) কর্মচারী রাজ্যবীমা প্রকল্পের অনুমোদিত একটি ঔষধ বিক্রয় প্রতিষ্ঠান 'ভারতীয় মেডিকেল হল' ঔষধ ক্রয়ের মিথ্যা ভাউচার দাখিল করিয়া ১৯৬৭ সালের জুলাই হইতে ১৯৬৮ সালের জুন এই সময়ের মধ্যে মোট টাঃ ২৭,৪০০'৭২ পঃ পরিমাণ সরকারী অর্থ তছরূপ করিতে সমর্থ হয়।

এই ঘটনাটি ধরা পড়িবার পর উক্ত ঔষধ বিক্রয় প্রতিষ্ঠানের পরবর্তী বিলগুলি হইতে উক্ত পরিমাণ অর্থ আদায় করিয়া লওয়া হয়। পরে আরও ধরা পড়ে যে জুলাই ১৯৬৮ সাল হইতে নভেম্বর ১৯৬৮ সাল সময়ের মধ্যে উক্ত প্রতিষ্ঠানটি মিথ্যা ক্রয়ের ভাউচার দাখিল করিয়া টাঃ ৫৪,০৭৩'৪৬ পরিমাণ সরকারী অর্থ তছরূপ করিবার চেষ্টা করিয়াছিল। কিন্তু সময়মত ঘটনাটি নজরে আসায় ঐ প্রচেষ্টা ব্যর্থ হয়।

(খ) ঘটনাটির বিবরণ ১৯৬৯ সালের জুন মাসে কলকাতা পুলিশের গোয়েন্দা দপ্তরের গোচরে আনা হয় ও পরে পুলিশকে তদন্ত শুরু করিবার অনুরোধ জানান হয়। বিষয়টি বর্তমানে পুলিশের তদন্তাধীনে রহিয়াছে। উক্ত প্রতিষ্ঠানটির নাম অনুমোদিত ঔষধ বিক্রয় প্রতিষ্ঠানসমূহের তালিকা হইতে বাদ দেওয়া হইয়াছে।

[1-30—1-40 p.m.]

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** এই যে তহবিল তছরূপ হয়েছিল এর সঙ্গে কোন সরকারী কর্মচারী কেউ জড়িত ছিল কিনা এবং থাকলে তার নাম কি ?

**Dr. Gopal Das Nag :** One U.D. Clerk of A.M.O's office named Gour Mohan Mukherjee had taken part-time employment under the said Chemist's shop for the preparation of monthly bills concerning supply of medicines to the

insured persons during the period from April, 1966 to October, 1969 and received remuneration for the said work without obtaining the prior sanction from the Appointing Authority in violation of the relevant provisions of the Rule.

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** মন্ত্রীমহাশয় কি জানাবেন যে এই ডিপার্টমেন্টের অফিসার এবং ডিপার্টমেন্টের কর্মচারী গৌরমোহন মুখার্জী সম্বন্ধে ডিপার্টমেন্টে পরিষ্কার জানান সত্বেও ডিপার্টমেন্টাল কোন এ্যাকশন নেওয়া হয়েছিল কিনা ?

**Dr Gopal Das Nag:** Under the provisions of Rule 17(1) of West Bengal Government Servant Conduct Rule, 1959 he was found guilty. Departmental proceedings were drawn against the said clerk and Commissioner for Departmental Enquiries of the Vigilance Commission was appointed to enquire into the charges framed against the said clerk. On the basis of the findings of the Commissioner for Departmental Enquires who found him guilty of the charge and on the recommendation of the Vigilance Commission, punishment was imposed upon the said Clerk in the shape of withholding 5 annual increments from 1972 onwards.

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** এটা কি সত্য কথা যে এই প্রশ্নটি '৬৯ সালে বিধান পরিষদের সদস্য, এম, এল, সি, তদানীন্তন মাননীয় সদস্য সন্তোষ রায় উত্থাপন করার পর একটা এ্যাসেম্বলী এনকোয়ারী কমিশন তৈরী হয়েছিল, সেই এনকোয়ারি কমিশনের সচিব হিসাবে গৌরমোহন মুখার্জীকেই নিযুক্ত করা হয়েছিল, কর্মচারী হিসাবে এবং ঐ ডিপার্টমেন্টাল অফিসারকে সেই কমিশনের সদস্য করা হয়েছিল ?

**ডাঃ গোপালদাস নাগ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা আমার জানা নেই। তিনি নোটিশ দিলে পর আমি অনুসন্ধান করে দেখতে পারি।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** একথা কি সত্য যে এই ই, এস, আই, অফিস থেকে ৬ খানা ক্যাশ লেজার ক্যাশ সেকশন থেকে উধাও হয়েছে এবং অন্যান্য কাগজ পত্রও উধাও হয়ে গিয়েছে ? যখন আমরা এই কেস বিবেচনা করছি তখন মাত্র এক মাসের মধ্যে এই ঘটনা ঘটেছে। একই সঙ্গে এ, জি, বেঙ্গল অফিস এবং ডিপার্টমেন্টাল অফিস থেকে উধাও হয়ে গিয়েছে এবং পুলিশ তদন্ত করতে গিয়ে সেই সব কাগজ পাচ্ছে না। সেইজন্য সেই সমস্ত কাগজ যাদের উপর রাখার দায়িত্ব ছিল, বুকস্ এবং ক্যাশ লেজার ইত্যাদি সেই ভদ্রলোক কিম্বা অফিসারের বিরুদ্ধে ডিপার্টমেন্ট কি ব্যবস্থা নিয়েছে মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর জন্যও নোটিশ চাই।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** এটা কি সত্য কথা যে এই দুর্নীতি বন্ধ করার জন্য এ্যাসেম্বলী এনকোয়ারি কমিশনে পাঁচজন অফিসার ও একজন এ্যাকাউন্ট্যান্ট নিয়োগ করার কথা ছিল '৬৯ সালে; এখন পর্যন্ত সেই পদে নিয়োগ করা হয়নি। যার ফলে দায়িত্ব হিসাবে এনকোয়ারি কমিশন বল্লেন যে এরা বিল চেক করবে, ফোর্জড প্রেসকিপশন ধরবার ব্যবস্থা করবে। এখন পর্যন্ত এটা নিয়োগ করা হয়নি। মন্ত্রী মহাশয় কি আমার সঙ্গে একমত ?

**ডাঃ গোপালদাস নাগঃ** '৬৯ সালে কি সিদ্ধান্ত হয়েছিল আমার জানা নেই। তবে দুর্নীতি বন্ধ করবার জন্য আপনাদের এই সরকার উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করছে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জীঃ** মন্ত্রীমহাশয় কি জানাবেন যে এখন পর্যন্ত আরো কয়েকটি ফোর্জড প্রেসক্রিপশন ধরা পড়েছে যার মধ্যে গৌর মোহন কাম্পেনী বলে একটি প্রতিষ্ঠান অতি সম্প্রতি, ১৫/২০ দিনের মধ্যে ধরা পড়েছে ?

**ডাঃ গোপালদাস নাগঃ** এই রকম বিস্তারিত বিবরণের জন্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, নোটিশ চাই।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাপ্লিমেন্টারি কোশ্চেনে মাননীয় মন্ত্রীমহাশয় নোটিশ চেয়ে যাচ্ছেন। আমরা বলেছি যে দুর্নীতির জন্য যে লক্ষ লক্ষ টাকা ধরা পড়েছে সেখানে বিল চেকিং-এর জন্য ডিপার্টমেন্ট অন্য কোন পরিকল্পনা করছে কি ?

**ডাঃ গোপালদাস নাগঃ** আমি আগেই বলেছি যে দুর্নীতি এবং চুরি বন্ধ করবার জন্য আপনাদের এই সরকার উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করছে।

## মিল্ক কলোনিসমূহে লাইসেন্সধারী গো-মহিষ পালক

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৭) **শ্রীশক্তিকুমার ভট্টাচার্যঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মিল্ক কলোনিগুলিতে বর্তমানে

(১) কতজন লাইসেন্সধারী গো-মহিষ পালক, ও

(২) কয়টি গরু-মহিষ আছে,

(খ) উক্ত কলোনিগুলিতে বর্তমান বৎসরের (মার্চ-জুন) এবং ১৯৭০ সালে গড়ে প্রতি মাসে কত লিটার দুধ উৎপাদন হইয়াছে, এবং

(গ) উৎপাদন কম হইলে, ইহার কারণ কি ?

**Shri Kashi Kanta Maitra** :

(ক) (১) বর্তমানে দুগ্ধ কলোনীতে লাইসেন্সধারী গো-মহিষ পালকের সংখ্যা ২৩।

(২) দুগ্ধ কলোনীগুলিতে গরু রাখা হয় না। মহিষ রাখা হয়। মহিষের সংখ্যা ১৫৯৭।

(খ) উক্ত কলোনীগুলিতে বর্তমান বৎসরের (১৯৭২) মার্চ মাস হইতে জুন মাস পর্য্যন্ত প্রতিমাসে ২,৫৪,২৬২ লিটার দুগ্ধ উৎপাদন হইয়াছে। এবং ১৯৭০ সালে প্রতিমাসে গড়ে ৫,২৬,৫৩১ লিটার দুগ্ধ উৎপন্ন হইয়াছে।

(গ) গত ১লা জানুয়ারি, ১৯৫৮ তারিখে মিল্ক কলোনীতে দুগ্ধের দাম ( মহিষের দুগ্ধ ) প্রতিকিলো ১·৭০ টাকা ধার্য্য হইয়াছিল। সেই তুলনায় বর্ত্তমান দুগ্ধের উৎপাদন খরচ বর্ধিত হওয়ায় লাইসেন্সধারীরা মিল্ক কলোনীতে অধিক পরিমান মহিষ আনিতে উৎসাহবোধ করিতেছেন না। ইহা ছাড়া গত দুই বৎসর অস্বাভাবিক পরিস্থিতি ও শ্রমিক বিক্ষোভের জন্য লাইসেন্সধারীরা নূতন মহিষ আনা বন্ধ করিয়া দিয়াছিলেন।

**শ্রীশক্তিকুমার ভট্টাচার্য্য :** আমরা দেখতে পাচ্ছি দুধের উৎপাদন কমে গিয়েছে, এবং এখানে সরকারের লোকসান হচ্ছে, সরকার এই লোকসান পূরণ করার জন্য কোন পরিকল্পনা করেছেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** সরকার এ বিষয়ে ব্যবস্থা অবলম্বন করছেন।

**শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ** স্টেটসম্যান পত্রিকায় দেখছি জনৈক প্রভাবশালী অফিসার একটা বিবৃতি দিয়েছেন, এই রকম কোন বিবৃতি অফিসারের তরফ থেকে দেওয়া যেতে পারে কিনা ?

**শ্রী কাশীকান্ত মৈত্র :** এই প্রশ্ন থেকে কি এটা উঠছে ?

**শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ** বিভাগীয় ব্যাপার বলেই প্রশ্ন করছি, ষ্টেটসম্যানে যে অফিসার বিবৃতি দিচ্ছেন যে বৃহত্তর কলকাতায় দুধের সাপ্লাই আগামী কয়েক বছরের ভিতর দ্বিগুণ করা হচ্ছে, এই সম্বন্ধে আমার প্রশ্ন হচ্ছে তাঁরা নিজেরা এই রকম বিবৃতি দিতে পারেন কিনা ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** যতক্ষণ পর্য্যন্ত দেশে সংবিধান সরকার প্রতিষ্ঠিত থাকে, ততক্ষণ পর্য্যন্ত কোন বিভাগীয় অফিসার বিবৃতি দিতে পারেন না, দেওয়া উচিত নয় বলে আমি মনে করি।

**শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ** এ বিষয়ে ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা করছেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** এ বিষয় সম্বন্ধে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি নিশ্চয়ই আকর্ষণ করব।

**শ্রীশক্তিকুমার ভট্টাচার্য্য ঃ** আপনি যা বললেন যে পরিকল্পনা করা হয়েছে, সেটা কি পরিকল্পনা যার জন্য বৃহত্তর কলকাতায় দুধের সরবরাহ বৃদ্ধি পেতে পারে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্য জানেন যে অবস্থার বেশ কিছু উন্নতি হয়েছে। যেখানে আগে গড়ে দৈনিক ৬ হাজার লিটার দুগ্ধ উৎপাদন হত, লাইসেন্সড্ মিল্ কলোনী করার পর, এটা বেড়ে ৮ হাজার লিটার হয়েছে, অবস্থার উন্নতি কিছুটা হয়েছে নিঃসন্দেহে। মাননীয় সদস্যকে জানাতে চাই, উত্তরে আমি বলেছি সরকারী দুগ্ধের প্রকিওরমেন্ট প্রাইস উৎসাহব্যঞ্জক না হওয়ার ফলে, গরু এবং মোষের দুগ্ধ ব্যবসায়ীরা সরকারের কাছে দুগ্ধ বিক্রয় করতে উৎসাহ বোধ করছেন না। সেজন্য সরকারের অসুবিধা আছে প্রকিওরমেন্টের ক্ষেত্রে। সমস্ত বিষয়টাই নীতির প্রশ্ন, প্রকিওরমেন্ট

প্রাইস বাড়ালেই হবে না, প্রকিওরমেন্ট প্রাইস বাড়লেই অনিবার্য্যভাবে সঙ্গে সেলিং প্রাইস অব মিল্কও বেড়ে যাবে, তাই দুটি প্রশ্ন বিবেচনা করে আমাদের সরকার সিদ্ধান্ত নেবেন।

**শ্রীশঙ্করদাস পাল ঃ** হরিণঘাটায় মিল্ক কলোনীতে কতগুলি লাইসেন্সী আছে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** লাইসেন্সীর সংখ্যা হচ্ছে ২৩ এবং মোট গরু-মোষের সংখ্যা হচ্ছে ১৭৯৩, এটা বাড়িয়ে ৭/৮ হাজার করা যেতে পারে যদি তারা মনে করে যে যথেষ্ট উৎসাহব্যঞ্জক তবেই রাখতে পারে, এখন যে পরিস্থিতি তার যদি উন্নতি হয়, তবেই তা রাখবে বলে আশা করা যায়, তখন দুধের যোগান আরও বাড়বে।

**শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী ঃ** ডানকুনি প্রকল্প কি আপনি নিজে দেখে এসেছেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** ডানকুনির ব্যাপার পরের প্রশ্নোত্তরে বলব।

তারকা চিহ্নিত প্রশ্ন ঃ—১৪৬ ( হেল্ড ওভার )।

## গ্রামীন বেকারদের কর্মসংস্থান

*১৪৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৩২৬ ) **শ্রীঅশ্বিনী রায় ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ বেকারদের কর্মে নিয়োগের ব্যাপারে সরকার কোন প্রকল্প গ্রহন করিয়াছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে—

(১) কি কি প্রকল্প এবং

(২) কোন সময় হইতে উক্ত প্রকল্পের কাজ চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**Dr. Gopal Das Nag :**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ সরকার গ্রামীণ কর্মসংস্থানের জন্য ১৯৭১-৭২ সাল হইতেই কেন্দ্রীয় সাহায্য পরিকল্পনা 'ক্র্যাশ প্রোগ্রাম' অনুযায়ী পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় অর্থ বরাদ্দ করিয়া আসিতেছেন। ইহা ছাড়া 'Small Farmers Development Agency' নামে একটি পরিকল্পনা গ্রহন করা হইয়াছে। এই সকল পরিকল্পনা অনুযায়ী ১৯৭২-৭৩ সালে গড়ে দৈনিক ৬২,০০০ জন কর্মপ্রার্থীর কর্মসংস্থান হইবে বলিয়া আশা করা যায়।

## নদিয়া জেলার বেকারদের চাকুরী

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭০) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী বর্তমানে নদিয়া জেলায় থানাভিত্তিক বেকারের সংখ্যা কত, এবং

(খ) এই সব বেকারের কর্মসংস্থানের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**Dr. Gopal Das Nag :**

(ক) থানাভিত্তিক কর্মপ্রার্থীর পরিসংখ্যান রাখা হয় না বলিয়া থানাভিত্তিক কর্মপ্রার্থীর সংখ্যা দেওয়া সম্ভব নয়। ৩১।৫।৭২ তারিখে জেলা কর্মসংস্থান কেন্দ্র কল্যাণীতে তালিকাভূক্ত মোট কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৪৯,১৬৫ জন। সমগ্র নদীয়া জেলা এবং ২৪-পরগণা জেলার বীজপুর থানা এই কেন্দ্রের অন্তর্গত।

(খ) এই সব কর্মপ্রার্থীদের কর্মসংস্থানের জন্য সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহন করিয়াছেন। উহাদের মধ্যে 'ক্র্যাশ প্রোগ্রাম' একটি। এই প্রকল্প অনুযায়ী প্রতি জেলায় ১০০০ জন (এক হাজার) কর্মহীন যুবককে চাকুরী দেওয়া হইবে। ইহা ছাড়া Rural Works Programme এবং অন্যান্য উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে কর্মপ্রার্থীদের কর্মসংস্থানের চেষ্টা করা হইতেছে।

[1-40—1 50 p m.]

**শ্রীঅশ্বিনী রায়ঃ** ক্র্যাশ প্রোগ্রামে আপনি ৬২ হাজার কর্ম সংস্থানের কথা বলেছেন। তাহলে গ্রামে বেকারের সংখ্যা কত সেটা বলুন এবং এই ৬২ হাজারের মধ্যে কত লোককে কাজ দিতে পারবেন বলুন।

**ডঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামের বেকারদের পরিসংখ্যান রাখা হয়নি। আমি পরিকল্পনাগুলির কথা হাউসের কাছে নিবেদন করছি।

State 4th Five Year Plan-average expected outlay for 1972-73—74,000. Special employment scheme of the Government of India, including C. M. D. A. such as C. S. R. E. F. etc.—62,000—Total 1 lakh 36 thousand and that is the expected generation of employment.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা জানালেন তাতে এই ভাবে বেকার লোকদের কর্মসংস্থান প্রকল্পে নিয়োগের এই প্রদ্ধতিতে ২০ বৎসর লেগে যাবে বলে আমার মনে হয়। সেজন্য এ ছাড়া আরো কিছু প্রকল্প যদি থাকে যাতে বেশী সংখ্যক কর্মীকে নিয়োগ করা যায় সেরূপ কথা ভেবে দেখবেন কি ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** এরূপ প্রকল্পে সাধারন ভাবে ইণ্ডাষ্ট্রিয়াল গ্রোথ হবে, চাকরীর সুযোগ হবে। এ ছাড়া সরকারের বিভিন্ন দপ্তরে নুতন চাকরীর সুযোগ হবে।

**শ্রীনরেশচন্দ্র চাকীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ক্র্যাশ প্রোগ্রামের কথা বললেন যে কি করা হবে, তাতে কি ধরনের কাজ হবে ও কত আয় হবে জানাবেন কি ?

**Dr. Gopal Das Nag** :

As regards the C. S. R. E. F., which is being executed by the Planning Department, the object of the scheme is to provide employment to rural working forces, one for each district for about 10 months in a year. The wage rates under this scheme is Rs. 3/- per head per day and the budget provision is Rs. 412 lakhs in the current year account.

**শ্রীঅশ্বিনী রায়** : মাননীয় মন্ত্রী মহাশয়, গ্রামের বেকারদের মধ্যে এই সংখ্যা নিরূপণের জন্য সুষ্ঠু কি পদ্ধতি সরকার নিয়েছেন জানাবেন কি ?

**ডঃ গোপালদাস নাগ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সংখ্যা কম। সেইজন্য আমরা পরিকল্পনা গ্রহন করেছি যে প্রত্যেক জেলায় মহকুমা সহরে একটা করে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের প্রস্তাব করেছি। এই শাখায় আমরা আশা করছি যে গ্রামের বেকার এবং বিভিন্ন ইণ্ডাষ্ট্রিতে বেকার, তারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাতে পারবে। আমরা পৃথক ভাবে ব্যবস্থা করতে পারি নি. প্রত্যেক জেলায় বা সহরে পৃথক ভাবে করা সম্ভব হয়নি।

**শ্রীনরেশচন্দ্র চাকী** : এই crash programme-এর মাধ্যমে যে কর্মসংস্থানের কথা মন্ত্রী মহাশয় বললেন, সেটা কর্ম্ম সংস্থানের নামে জনসাধারণকে একটা ধোঁকা দেওয়া ছাড়া আর কিছুই নয়—এটা কি তিনি জানাবেন ?

**মিঃ স্পীকার** : It is a matter of opinion.

**শ্রীনরেশচন্দ্র চাকী** : নদীয়াতে যে বেকারের সংখ্যার কথা উল্লেখ করলেন—তার বাইরে-ও যে আরো বহু বেকার রয়েছে, তাদের শ্রেণীবিন্যাস কি—অর্থাৎ কি ধরনের বেকার, কত ট্রেনিং প্রাপ্ত, কত নয়, কত শিক্ষিত ও কত অশিক্ষিত বেকার ?

**ডঃ গোপালদাস নাগ** : এই distribution জানতে হলে নোটিশ দেওয়া দরকার।

**শ্রীনরেশ চন্দ্র চাকী** : প্রশ্নটা সরকারী হিসেব অনুযায়ী—সেটা আপনি এড়িয়ে গেলেন।

আমি জানতে চাই এই crash programme ছাড়া গ্রামাঞ্চলে বা নদীয়া জেলাতে বেকারদের কর্ম্ম সংস্থানের জন্য বিভিন্ন ধরনের শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার কোন পরিকল্পনা মন্ত্রী মহাশয়ের আছে কিনা ?

**ডঃ গোপালদাস নাগ** : মাননীয় সদস্য মহাশয় আমার উত্তরটা ঠিকমত শুনছেন না। State 4th-five year Plan স্কীমে expected employment potential ১৯৭২-৭৩ সালে ৭৪ হাজার daily employment বাড়বে। তার সঙ্গে crash programme-এর সম্পর্ক নাই। S.F.D.A.-এর সঙ্গে কোন সম্পর্ক নাই। এটা more or less industrial growth ও এর পারিপার্শিক allied work-এর scope বাড়বে।

## সেন-র‍্যালে সাইকেল কারখানা

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৫) **শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোলে কল্যানপুর-এ অবস্থিত সেন-র‍্যালে সাইকেল কারখানাটি আবার বন্ধ হইবার উপক্রম হইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারন কি, এবং

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**Dr. Gopal Das Nag :**

(ক) বর্তমানে এই রকম কোন খবর সরকারের কাছে নাই।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** কাঁচা মালের অভাবে কয়েকটা বিভাগে কাজ বন্ধ আছে, সে খবর মন্ত্রিমহাশয় জানেন কি ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** কাঁচা মালের অভাবে নয়। যেটুকু কাঁচা মাল যা দরকার, তা সমস্ত এসে পৌঁছায় নাই। তার জন্য কোন বিভাগের কাজ বন্ধ হয় নাই।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** এটা কি সত্য যে Industrial reconstruction Corporation যথারীতি নিয়মিত সাহায্য না দেওয়ার ফলে steel strip খরিদ করার ব্যাপারে অসুবিধা হচ্ছে ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** সংবাদটা আংশিক সত্য। Industrial Reconstruction Corporation যে total টাকা মঞ্জুর করেছেন, সেই টাকাটা এক সঙ্গে তাঁরা দেন নাই, বিভিন্ন ক্ষেত্রে তাঁরা টাকা দিচ্ছেন। তার জন্য যে formalities, সেই formalities শেষ হতে একটু সময় লাগে। এই সব কারনে যেভাবে টাকাটা injected হলে কাজ আরো ভাল হতো তার অভাবে পরিচালকদের কিছু অসুবিধা হচ্ছে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** যাতে Industrial Reconstruction Corporation of India নিয়মিত ভাবে তাদের অর্থ সরবরাহ করেন, তার জন্য কি কি বন্দোবস্ত নেওয়া হয়েছে জানাবেন ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** I.R.C.I. হচ্ছে I.D.P.I.-এর একটা শাখা সম্পূর্ণরূপে ভারত সরকারের পরিচালনাধীন। পশ্চিমবঙ্গ সরকারের আইনানুগ কোন যোগাযোগ তার সঙ্গে নাই। এর যে উপযুক্ত ব্যবস্থা এবং পরিচালনার set up—তার উপরও পশ্চিমবঙ্গ সরকারের কোন

কর্তৃত্ব ও প্রভাব নাই। সুতরাং ওদের যে আইন-কানুন ওরা যে ভাবে বলে আমরা শুধু অনুরোধ করছি যতটা দ্রুত সম্ভব টাকাটা দিতে, পরিচালকদের যাতে revive করতে অসুবিধা না হয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সেন-র‍্যালে সাইকেল কারখানার পরিচালনার কোন অংশ সরকার ক্রয় করেছেন কিনা ?

[1-50—2-00 p.m.]

**ডঃ গোপালদাস নাগঃ** আই, আর, সি, আই পুরো টাকা দিয়েছেন, সরকার কোন টাকা দেন নি। আই, আর, সি, আই ৫১ ভাগ শেয়ারের অধিকারী হয়ে ঐ টাকা দিতে স্বীকৃত হয়েছেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** সরকারী অর্থ ১ কোটি ১০ লক্ষ টাকা সেখানে দেওয়া হয়েছে। সেই অর্থ ঠিক মত খরচ হচ্ছে কিনা সেটা দেখার জন্য সরকার কোন প্রতিনিধি নিয়োগের কথা ভাবছেন কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**ডঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবার ভুল করছেন। সরকার কোন টাকা দেননি। টাকা সমস্তই আই, আর, সি, আই দিয়েছেন এবং আই, আর, সি, আই কিছু টাকা অতিরিক্ত ব্যাংক থেকে সংগ্রহ করে দিয়েছেন। আই, আর, সি, আই'ই পরিচালক নিয়োগের ব্যবস্থা করবেন। আই, আর, সি, আই'এরই এটাতে কনট্রোলিং অথরিটি হিসাবে কাজ করার কথা, পশ্চিমবঙ্গ সরকার নয়।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই কারখানা খোলার পর বর্তমানে প্রত্যেকদিন গড়ে কতগুলি সাইকেল উৎপাদন হচ্ছে এবং এই কারখানা বন্ধ হবার আগে এর ডেলি এ্যাভারেজ প্রডাকসান কত ছিল সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ প্রশ্নের উত্তর নিশ্চয়ই বিনা নোটিশে দেওয়া সম্ভব নয় এ কথাটা মাননীয় সদস্য নিশ্চয় স্বীকার করবেন।

## সরকারী ফার্মে পালিত গরু, মহিষ, ভেড়া ইত্যাদি

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৫) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায়ঃ** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী ফার্মে বর্তমানে উন্নত ধরনের কতগুলি গরু, মহিষ, ছাগল, ভেড়া এবং শূকর আছে ;

(খ) গত ১৯৭১ সালে বর্তমান বৎসরের জুন মাস পর্য্যন্ত কতগুলি এবং কি ধরনের পশু উক্ত ফার্মগুলি হইতে জনসাধারণের কাছে বিক্রয় করা হইয়াছে ;

(গ) উক্ত পশুসমূহের সরকার নির্ধারিত মূল্য কোনটির কত ;

(ঘ) বিজ্ঞাপন দিয়া উক্ত পশুসমূহ বিক্রয় করা হয় কিনা ; এবং

(ঙ) উন্নত ধরনের দুগ্ধবতী গাভী জনসাধারণকে অল্প মূল্যে দেওয়া হয় কিনা এবং হইলে তাহার শর্ত কি ?

**Shri Sitaram Mahato :**

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন ফার্মে বর্তমানে উন্নত ধরনের গরু, মহিষ, ছাগল, ভেড়া এবং শূকর-এর সংখ্যা নিম্নরূপ—

| | | |
|---|---|---|
| গরু | ... | ৩,৭৭৩ |
| মহিষ | ... | ৮৯ |
| ছাগল | ... | ৯০ |
| ভেড়া | ... | ৫৫১ |
| শূকর | ... | ১,৩৩৫ |

(খ) উক্ত সময়ে জনসাধারণের কাছে ফার্মগুলি হইতে বিভিন্ন ধরনের পশুর বিক্রয় সংখ্যা নিম্নরূপ—

| | | |
|---|---|---|
| গরু | ... | ৪,৩৫৬ |
| মহিষ | ... | ১২ |
| ছাগল | ... | ৩২ |
| ভেড়া | ... | ৯৮ |
| শূকর | ... | ২,০৩৮ |

(গ) বিভিন্ন ধরনের পশুর জন্য সরকার নির্ধারিত মূল্য, পশুর বয়স, ব্যবহারের উদ্দেশ্য, জাত এবং উৎপন্ন দুধের পরিমানের উপর নির্ভর করে।

শংকর গরুর বিক্রয় মূল্য ১৪০০ টাকা ( এই গরু প্রতি বিয়ানে ১০০০ হইতে ২০০০ লিটার দুধ দেয় )।

প্রজননের উদ্দেশ্যে ব্যবহার্য শূকরের মূল্য ৪ মাস বয়স পর্যন্ত ২৮৮ টাকা। মাংসের জন্য ব্যবহার্য জীবন্ত শূকরের মূল্য জাত অনুযায়ী প্রতি কিলোগ্রাম ২ টাকা হইতে ৩ টাকা পর্য্যন্ত। প্রজননের উদ্দেশ্যে ব্যবহার্য্য ছাগলের মূল্য বয়স অনুযায়ী ১০ টাকা হইতে ৪০ টাকা পর্য্যন্ত। মাংসের জন্য ব্যবহার্য্য ছাগলের মূল্য প্রতি কিলোগ্রাম ২ টাকা হইতে ৫ টাকা পর্য্যন্ত। প্রজননের ব্যবহার্য্য ভেড়ার

মূল্য বয়স ও জাত অনুযায়ী ১৫ টাকা হইতে ১৫০ টাকা পর্য্যন্ত। মাংসের জন্য ব্যবহার্য্য জীবন্ত ভেড়ার মূল্য প্রতি কিলোগ্রাম ২ টাকা ২৫ পয়সা হইতে ৪ টাকা ৭৫ পয়সা পর্য্যন্ত।

(ঘ) নিলাম বিক্রয়ের ক্ষেত্রে বিজ্ঞাপন দিয়া বিক্রয় করা হয়। তাহা ছাড়া সরকার নির্ধারিত মূল্যে ফার্ম হইতে বিজ্ঞাপন ছাড়াও পশু বিক্রয়ের ব্যবস্থা আছে।

(ঙ) জনসাধারণকে স্বল্পমূল্যে দুগ্ধবতী গাভী বিতরণের কোন প্রকল্প বর্ত্তমানে নাই তবে Small Farmer's Development Project, Marginal Farmers' and Agricultural Labourers' Development Project. অঞ্চলে নির্ব্বাচিত খামারিদের দুগ্ধবতী গাভী ক্রয়ের জন্য বিক্রয় মূল্য-এর যথাক্রমে এক চতুর্থাংশ ও এক তৃতীয়াংশ ভর্তুকী দেওয়া হয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন-- ভবিষ্যতে উন্নত ধরণের দুগ্ধবতী গাভী জনসাধারণকে সরবরাহ করা হবে কিনা ?

**শ্রীসীতারাম মাহাতোঃ** সে সম্পর্কে আমরা চিন্তা করবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন যে বিক্রির ক্ষেত্রে সরকার অনেক সময় বিজ্ঞাপন দিয়ে থাকেন, অনেক সময় বিজ্ঞাপন না দিয়ে বিক্রী করে থাকেন। ভবিষ্যতে যে সমস্ত গরু বিক্রী হবে তা বিজ্ঞাপন দিয়ে বিক্রী করা হবে কিনা, এটা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীসীতারাম মাহাতোঃ** যদি সুবিধা থাকে তাহলে অবশ্যই আমরা বিজ্ঞাপন দেবার ব্যবস্থা করবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রী মহাশয় তাঁর নিজস্ব দপ্তরকে বলবেন কি, ভবিষ্যতে যখন এই সমস্ত গরু বিক্রী করা হবে তখন প্রতিটি সংবাদপত্রে যেন বিজ্ঞাপন দেওয়া হয় ?

**শ্রীসীতারাম মাহাতোঃ** নিশ্চয়ই তা ভেবে দেখা হবে।

**শ্রীরজনীকান্ত দোলুইঃ** উন্নত ধরনের গরু, ছাগল, ভেড়া, হাঁস, মুরগী, শূকর ইত্যাদি যে সমস্ত জন্তু আমাদের পশ্চিমবঙ্গে রয়েছে কোন্ দেশ থেকে সেগুলি আনা হয়েছে এটা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীসীতারাম মাহাতোঃ** বিভিন্ন জায়গা থেকে আনা হয়েছে।

### Decrease in factory employment in West Bengal

*151. (Admitted question No. *63.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether it is a fact that while in the period 1965-68, factory employment in the rest of India had increased by 3·2 per cent, factory

employment in West Bengal during the above period had decreased by 7·2 per cent. ; and

(b) if so, the reasons for this decline ?

**Dr. Gopal Das Nag :**

(a) The factory employment in West Bengal decreased by 6.6% in 1968 in comparison with that of 1965 while in the rest of India during the same period factory employment had increased by 2.2%.

(b) Some of the reasons are as follows :

(a) Mismanagement and malpractices leading to closure, and unfavourable economic conditions.

(b) Shortage of raw material.

(c) Labour unrest.

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** যুক্তফ্রন্টের সময় সি, পি, এম বা অন্য কোন পার্টি ডাইরেক্টলি এই সমস্ত ফ্যাক্‌ট্রি এমপ্লয়মেণ্ট বন্ধ করবার চেষ্টা করেছিল কিনা, সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**ডঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জানা নেই।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** আমাদের দেশে ইকনমি যাতে হ্যামপার করে সেই জন্য আমরা দেখেছি যুক্তফ্রন্টের সময়ে ল এণ্ড অর্ডারের প্রশ্ন জড়িত ছিল, তার ফলে অনেক ক্ষেত্রে ফ্যাক্‌ট্রি এমপ্লয়মেণ্ট যেখানে রেষ্ট অব ইণ্ডিয়াতে ২.২ ইনক্রিজ করেছিল তখন আমাদের এখানে ৭.২ ডিক্রিজ করেছিল। এই রিজনগুলি বলতে গিয়ে মন্ত্রী মহাশয় বলেছেন যে ম্যালপ্রাকটিস, মিসম্যানেজমেণ্ট ছিল। এর সঙ্গে কোন রকম পলেটিক্যাল পার্টি ইনভল্‌ভড ছিল কিনা যারা ডেলিবারেটলি এটা করেছিল, এটা বলতে পারবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** He has given a reply that he has got no information. It is, therfore, disallowed.

## নূতন ডেয়ারী স্কীম

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৬১১) **শ্রীনিতাইপদ সরকার ঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কয়েকটি নূতন ডেয়ারী খুলিবার প্রকল্প গ্রহন করিয়াছে ;

(খ) সত্য হইলে, কয়টি প্রকল্প অনুমোদিত হইয়াছে এবং কোন কোন স্থান নির্ব্বাচিত হইয়াছে ; এবং

(গ) উক্ত প্রকল্পগুলিতে মোট কত দুগ্ধ উৎপাদিত হইতে পারে ?

**Shri Kashi Kanta Maitra** :

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) আপাততঃ দুইটি প্রকল্প অনুমোদিত হইয়াছে। একটি হুগলী জেলার ডানকুনিতে এবং অপরটি দার্জিলিং জেলার মাটিগাড়াতে স্থাপিত হইবে।

(গ) হুগলী জেলার প্রস্তাবিত ডানকুনিতে সর্বোচ্চ দৈনিক ৪ লক্ষ লিটার দুগ্ধ উৎপাদন-এর লক্ষ্য স্থির হইয়াছে।

মাটিগাড়া ডেয়ারীতে মুখ্যতঃ দুগ্ধজাত দ্রব্য উৎপাদন করা হইবে। দৈনিক উৎপাদন-এর লক্ষ্য :—

(অ) গুড়া দুধ·········৫,৪২২ কেজি

(আ) মাখন . ..... ১,৫৪০ কেজি

(ই) দুধ············৩,৮২২ লিটার।

**শ্রীনিতাইপদ সরকার** : এই যে দুটি পরিকল্পনা নেওয়া হয়েছে এর দ্বারা যে দুগ্ধ উৎপাদিত হবে তার দ্বারা কি আমাদের দুগ্ধের চাহিদা মেটানো সম্ভব হবে ?

**শ্রীকাশীকান্ত মৈত্র** : এর দ্বারা চাহিদা সম্পূর্ণ মেটানো সম্ভব নয়। তবে যদি শুধু বৃহত্তর কলিকাতার হিসাব ধরা হয়ে থাকে তাহলে অংশতঃ করা যাবে বলে মনে হয়। কিন্তু বৃহত্তর কলিকাতার বাহিরেও দুগ্ধ প্রকল্প বাড়াবার কথা আমরা চিন্তা করছি।

**শ্রীনিতাইপদ সরকার** : প্রতিটি ব্লকে একটি করে ছোট আকারে দুগ্ধ প্রকল্প গ্রহন করার কথা বিবেচনা করছেন, এটা কি ঠিক ?

**শ্রীকাশীকান্ত মৈত্র** : আমরা এ বিষয়ে পশুপালন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর সঙ্গে আলোচনা করে শীঘ্রই এটা ঘোষণা করবো এবং প্রত্যেকটি জেলার বিধানসভার সদস্যদের নিয়ে একটি বরর বোর্ড করে কিভাবে মিল্ক কলোনী গড়ে তোলা যায় সে বিষয়ে আলোচনা করে এই হাউসে সিদ্ধান্ত ঘোষণা করবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়** : ডানকুনিতে যে নতুন ডেয়ারী খোলার ব্যবস্থা সরকার করেছেন—আমরা সংবাদপত্রে দেখলাম যে সেই ডেয়ারী খোলার ব্যাপারে এখন পর্যন্ত বেশী দূর অগ্রসর হয়নি, এটা কি সত্য ?

**শ্রীকাশীকান্ত মৈত্র** : হ্যাঁ, সত্য।

**Mr. Speaker** : Question time is over. We now pass over to short notice uestion.

**Outbreak of Cholera in Kharagpur Municipality**

*156. (Short Notice) (Admitted question No *1133.) **Shri Rajani Ka Doloi**: Will the Minister-in-charge of the Health Department be pleased state—

(a) whether the State Government has received any report of t out-break of Cholera in any Mauza within Kharagpur Municip area ;

(b) what action the Government has taken to prevent the Chole epidemic from spreading to the other areas ; and

(c) is there sufficient stock of anti-Cholera vaccine available in t Medical Stores of West Bengal Government in Midnapore ?

[2-00—2-10 p.m.]

**Shri Ajit Kumar Panja**: (a) No. There were cases of gastroenterit reported.

(b) However, as a preventive measure mass anti-cholera inoculation h been undertaken.

(c) Yes.

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মিঃ স্পীকার স্যার, আমার সর্ট নোটিশ কোশ্চেন দেবার প আমাদের অনারেবল্ হেল্থ মিনিষ্টার নিজে খড়গপুরে গিয়েছিলেন এবং সেখানকার ষ্টেট হসপিট্যাল দেখে এসেছেন। তার জন্য আমি আমাদের তরফ থেকে তাঁকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি এব এই সম্পর্কে আশা করবো যখনই এই রকম ইমপর্ট্যাণ্ট কোশ্চেন এ্যারাইজ করবে তখন নিশ্চ গভর্ণমেণ্টের অন্যান্য দপ্তরের মন্ত্রীরাও সুপারভাইস করে দেখে আসবেন, এতে করে আমাদের সরকারে ইমেজ আরো ভাল হবে জনসাধারণের কাছে। এই হচ্ছে আমার বক্তব্য।

**মিঃ স্পীকার ঃ** Mr. Doloi, please take your seat.

**Starred Questions**

( to which written answers were laid on the table )

**Declaration of Industrial Undertakings as Relief Undertakings**

*153. (Admitted question No. *66.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Labour Department be pleased to—

(a) (i) state the names of the Industrial Undertakings which have so far been declared as Relief Undertakings within the meaning of

section 3 of the West Bengal Relief Undertakings (Special Provisions) Act, 1972 ,

(ii) state the financial implications, if any, on account of this ; and

(b) lay a copy of the Rules made, if any, under section 8 of the said Act ?

**The Minister-in-charge for the Labour Department :**

(a) (i) (1) Mackintosh Burn Ltd.

(2) Banga Luxmi Cotton Mills Ltd.

(3) Manindra Mills Ltd.

(4) Bengal Textile Mills Ltd.

(5) Central Cotton Mills Ltd.

(ii) Declaration as Relief Undertaking has by itself no financial implication.

(b) The Rules have not yet been framed.

## ক্ষেত-মজুরদের ন্যূনতম মজুরি

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩১) **শ্রীঅশ্বিনী রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় গ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ ক্ষেত-মজুরদের ন্যূনতম মজুরির হার রক্ষার কোনও তদারকী ব্যবস্থা আছে কিনা ; এবং

(খ) থাকিলে—

(১) রাজ্য এবং জেলা, এবং

(২) মহকুমা স্তরে উক্ত ব্যবস্থার বিবরণ জানাইবেন কি ?

**The Minister-in-charge for Labour Department :**

(ক) আছে,

(খ) পশ্চিমবঙ্গের শ্রমআধিকারিক সমস্ত ন্যূনতম মজুরী চালু ও তদারকী করিবার ভারপ্রাপ্ত ।। তিনি ১৬ (ষোল) জন পরিদর্শকের সাহায্যে সমস্ত দেখাশুনা করেন। ক্ষেত মজুরদের তম বেতন তদারকীর জন্য পৃথকভাবে কোন ব্যবস্থা নাই।

এই সমস্ত পরিদর্শকদের কার্যস্থল কলিকাতা, ব্যারাকপুর, কল্যানী, চন্দননগর, দুর্গাপুর আসানসোল, মেদিনীপুর, বহরমপুর, শিলিগুড়ি, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও রায়গঞ্জে অবস্থিত।

মহকুমা স্তরে তদারকীর কোন বিশেষ ব্যবস্থা নাই।

## কর্ম্মসংস্থান কেন্দ্রে তালিকাভুক্ত বেকারের সংখ্যা

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৮) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন কোন স্থানে কর্মসংস্থান কেন্দ্র (এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ) আছে এবং সেগুলির প্রতিটিতে ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত কতজন বেকারের নাম তালিকাভুক্ত করা হইয়াছে; এবং

(খ) ১৯৭২ সালের মে মাস পর্যন্ত উক্ত কর্ম্মসংস্থান কেন্দ্রগুলির মাধ্যমে কতজন বেকারের চাকরি হইয়াছে?

**The Minister-in-charge for Labour Department:**

(ক) পশ্চিমবঙ্গে মোট ৩৩টি কর্ম্মসংস্থান কেন্দ্র আছে (পঙ্গু ব্যক্তিদের জন্য বিশেষ কর্মসংস্থান কেন্দ্র ছাড়া)। ঐ সমস্ত কর্মসংস্থান কেন্দ্রগুলির অবস্থান এবং উহাদের প্রত্যেকটিতে ৩০।৬।৭২ তারিখে মোট তালিকাভুক্ত কর্ম্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপঃ—

| ক্রমিক সংখ্যা | কর্মসংস্থান কেন্দ্রের নাম | ৩০।৬।৭২ তারিখে তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা |
|---|---|---|
| (১) | রিজিওনাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, কলিকাতা। | ১,৩৯,৫২৫ |
| (২) | সাব-রিজিওনাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, উত্তর কলিকাতা। | ৩৮,৮২৫ |
| (৩) | ডিষ্ট্রীক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, দক্ষিণ কলিকাতা। | ১৫,৮২৩ |
| (৪) | ডিষ্ট্রীক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, পূর্ব কলিকাতা। | ৭,৫২৬ |

| ক্রমিক সংখ্যা | কর্মসংস্থান কেন্দ্রের নাম | ৩০।৬।৭২ তারিখে তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা |
| --- | --- | --- |
| (৫) | সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, খিদিরপুর। | ৮২,৬৭৩ |
| (৬) | প্রফেসানাল এবং এক্সিকিউটিভ অফিস, কলিকাতা। | ৬,৩৭০ |
| (৭) | সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, ব্যারাকপুর। | ৬৮,৯৫৯ |
| (৮) | ডিষ্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, দমদম। | ৫৫,৮২৮ |
| (৯) | সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, হাওড়া। | ৫১,২৯৮ |
| (১০) | ডিষ্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, শ্রীরামপুর। | ২৫,৬৭২ |
| (১১) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, চুঁচুড়া | ২৯,২৭২ |
| (১২) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, বর্দ্ধমান | ৪২,৭৪০ |
| (১৩) | সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, ভূর্গাপুর | ১,০০,১৮৮ |
| (১৪) | সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, আসানসোল | ৪২,৪৬৯ |
| (১৫) | কোল ফিল্ড এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, রাণীগঞ্জ | ৬,০৩৮ |
| (১৬) | কোল ফিল্ড এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, সীতারামপুর | ৭,৫১৭ |
| (১৭) | ডিষ্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, সিউড়ি | ১৬,৯৮৫ |

| ক্রমিক সংখ্যা | কর্মসংস্থান কেন্দ্রের নাম | ৩০।৬।৭২ তারিখে তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা |
|---|---|---|
| (১৮) | ডিষ্ট্রিক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, বাঁকুড়া | ২১,৬৭২ |
| (১৯) | ডিষ্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, খড়্গপুর | ২৫,২৪৫ |
| (২০) | প্রোজেক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, হলদিয়া | ৫২,৭৮৮ |
| (২১) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, পুরুলিয়া | ১৪,৯৯৪ |
| (২২) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, কল্যাণী | ৪৭,৯১৭ |
| (২৩) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, বহরমপুর | ২০,৭২৪ |
| (২৪) | প্রোজেক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, ফারাক্কা | ১০,৭৩৭ |
| (২৫) | সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, দার্জিলিং | ৫,৪৫৯ |
| (২৬) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, শিলিগুরি | ১১,৩৫৬ |
| (২৭) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, জলপাইগুড়ি | ১২,১৭৬ |
| (২৮) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, কুচবিহার | ২৫,৮৩৮ |
| (২৯) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, রায়গঞ্জ | ১২,৫৫৮ |
| (৩০) | ডিস্ট্রীক্ট এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ, মালদা | ১৬,৫৪৪ |

| ক্রমিক সংখ্যা | কর্মসংস্থান কেন্দ্রের নাম | ৩০।৬।৭২ তারিখে তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা |
|---|---|---|
| (৩১) | ইউনিভার্সিটি এমপ্লয়মেণ্ট ইনফরমেশান এণ্ড গাইডেন্স বুরো, কলিকাতা বিশ্ববিদ্যালয় | ৭৬০ |
| (৩২) | ইউনিভার্সিটি এমপ্লয়মেণ্ট ইনফরমেশান এণ্ড গাইডেন্স বুরো, যাদবপুর বিশ্ববিদ্যালয় | ৫১৩ |
| (৩৩) | ইউনিভার্সিটি এমপ্লয়মেণ্ট ইনফরমেশান এণ্ড গাইডেন্স বুরো, বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় | ৫৬০ |

(খ) ১৯৭২ সালের ১লা জানুয়ারী হইতে ৩১শে মে, ১৯৭২ পর্যন্ত ১১,২০০ জন কর্মপ্রার্থীর চাকুরী হইয়াছে।

## Unstarred Questions

(to which written answers were laid on the table)

### Shortage of Wagons

35. (Admitted question No. 98.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the attention of the State Government has been drawn to the fact that the work of development and progress of the State is being hampered for acute shortage of wagons ;

(b) if so, when and how the attention has been drawn ; and

(c) what action has since been taken by the Government in the matter and the results thereof ?

**The Minister for Home (Transport)** : (a) and (b) Government are aware of the difficulties created due to scarcity of wagons.

(c) In order to sort out the difficulties close liaison is maintained with the Railways. The matter has been kept under constant review in consultation with the Railways at different levels to ensure wagon-supply for Government materials according to programmes. In order to assist the industries, a High Power Committee for wagons has been set up by Government with Govern-

ment officials and the representatives of Railways, Coal Controller and different Chambers of Commerce. According to the Railways short supply of wagons is primarily due to very poor release of loaded wagons. The major consignees in Calcutta area have been alerted and the position is looking up in respect of industries with the co-operation of Railways.

With a view to bring about further improvement a conference was held with the Union Minister for Railways in the chair on 3rd July, 1972, at the Rotunda where Chief Minister and other concerned Ministers and officers of the Central Government and the State Government were present.

## খরাত্রাণে স্টাডি টিমের সুপারিশ

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০) **শ্রীনিতাইপদ সরকারঃ** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খরাত্রাণে সম্প্রতি কেন্দ্রীয় সরকার প্রেরিত স্টাডি টিম পশ্চিমবঙ্গ সরকারকে বিভিন্ন খাতে কত টাকা দিবার সুপারিশ করিয়াছেন;

(খ) পশ্চিমবঙ্গ সরকার উক্ত টিমের নিকট কোন্ কোন্ খাতে মোট কত টাকা অনুদান ও ঋণ বরাদ্দের দাবি করিয়াছিলেন, এবং

(গ) উক্ত টাকার মধ্যে কত টাকা এ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হইতে অনুদান ও ঋণ হিসাবে পাইয়াছেন?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) কেন্দ্রীয় স্টাডি টিম কোন টাকা দিবার সুপারিশ করেন না। তাঁরা শুধুমাত্র বিভিন্ন খাতে খরচের উর্ধ সীমা সুপারিশ করেন। বর্তমান ক্ষেত্রে তাঁহারা অনুদান বাবদ ৪ কোটি ৭০ লক্ষ টাকা এবং ঋণ বাবদ ২ কোটি ১৫ লক্ষ টাকা খরচের উর্ধ্বসীমা সুপারিশ করিয়াছেন।

(খ) রাজ্য সরকারের পক্ষ হইতে কেন্দ্রীয় স্টাডি টিমের নিকট অনুদান খাতে মোট ১২ কোটি ৯৮ লক্ষ ৮২ হাজার টাকা এবং ঋণ খাতে মোট ১৭ কোটি ৮০ লক্ষ ৬৯ হাজার টাকার একটি প্রকল্প পেশ করা হইয়াছিল।

(গ) পশ্চিমবঙ্গ সরকার এ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের নিকট হইতে শুধু ঋণ হিসাবে ১ কোটি টাকা পাইয়াছেন।

## খরায় মৃত্যু

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১) **শ্রীনিতাইপদ সরকারঃ** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরের খরায় বিভিন্ন জেলায় এ পর্যন্ত মোট কত লোকের মৃত্যু ঘটিয়াছে;

(খ) এই সময়ে অনাহারে মৃত্যুর কোন ঘটনা ঘটিয়াছে কিনা; এবং

(গ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কোন্ জেলায় এরূপ কতজন মারা গিয়াছেন?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) হিট ষ্ট্রোক ( সর্দিগর্মিতে) ৩২ জনের মৃত্যু ঘটিয়াছে।

(খ) না।

(গ) বীরভূম—৩
মুর্শিদাবাদ—৫
নদিয়া—১
মেদিনীপুর—২২
বর্ধমান—১

মোট ৩২

## খরাত্রাণে সরকারী ব্যবস্থা

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২) **শ্রীনিতাইপদ সরকার :** ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরের খরাজনিত পরিস্থিতির মোকাবিলার জন্য সরকার কি কি ত্রাণের ব্যবস্থা করিয়াছেন,

(খ) খয়রাতি সাহায্য এবং টি আর-এর জন্য সরকার কত টাকা বরাদ্দ করিয়াছেন ; এবং

(গ) উক্ত খাতে ১৫ই জুন, ১৯৭২ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে ?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) ত্রাণ দপ্তর হইতে খয়রাতি সাহায্য, টেস্ট রিলিফের কাজ এবং কৃষিঋণ প্রভৃতির ব্যবস্থা করা হইয়াছে। এ ছাড়া অন্যান্য দপ্তর হইতেও পানীয় জল সরবরাহের জন্য নলকূপ ও কূপ খনন, পশুক্রয় ঋণ, পশুখাদ্য সরবরাহ এবং রোগ-প্রতিষেধক ও বিভিন্ন প্রকার চিকিৎসা প্রভৃতির ব্যবস্থা করা হইয়াছে।

(খ) খয়রাতি সাহায্য—১,৫২,১৯,৫৯৪ টাকা এবং ১০০ মেট্রিক টন ইটালিয়ান চাল।

টি আর—২,৭৪,৯৯,৪৯৩ টাকা এবং ২,৮৯৫ মেট্রিক টন রাশিয়ান চাল। এ ছাড়া প্রায় ১০,০০০ মেট্রিক টন "কেয়ার" সংস্থা হইতে বিনামূল্যে প্রাপ্ত গম পাঠানো হইয়াছে।

(গ) খয়রাতি সাহায্য—৯৫,১৫,৩২২ টাকা।

টি আর—১,৯০,২১,৩৫৬ টাকা। ইহার সহিত "কেয়ার" সংস্থা হইতে বিনামূল্যে ত্রাণ গম দেওয়া হইয়াছে।

## Re-employment of Retired Government Officers

39. (Admitted question No. 166.) **Shri Pradyot Kumar Mahanti**: Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the number of gazetted officers re-employed after retirement during the years 1969, 1970 and 1971 ;

(b) the number of gazetted officers granted extension after due time of retirement during the above three years.

(c) the principle underlying the reappointment of retired Government officer and granting extension after due time of retirement in preference to fresh recruits ;

(d) if it is a fact that reappointment of retired Government officer creates dissatisfaction amongst the juniors ; and

(e) if so, what action has been or is being taken in this regard ?

**The Minister for Finance**: Information received up to 7th July, 1972—

(a) 1969—100, 1970—95, 1971—138.

(b) 1969—Nil, 1970—5, 1971—7.

(c) Unless there are special circumstances a Govenment servant is required to retire on completion of the age of superannuation. In special circumstances, e. g., dearth of suitable serving officer, delay in recruitment through the Public Service Commission or where retention of a Government servant with expert qualification or experience is considered necessary for any job, a superannuated officer is being re-employed for short periods. Extension is given very rarely and only on special and unavoidable circumstances.

(d) If the re-employment is on special grounds then the juniors understand the position and accept it, but, nevertheless it is the policy of the Government to keep down the cases of reappointment only to those small number of cases where it is unavoidable.

(e) Utmost care is taken to ensure that no reappointment is given unless special circumstances justify it.

## বাঁকুড়া জেলায় খয়রাতি সাহায্য

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫) **শ্রীফণিভূষণ সিংহবাবু**ঃ ত্রাণ সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে বাঁকুড়া জেলার ভয়াবহ খরা পরিস্থিতির মোকাবিলার জন্য খয়রাতি সাহায্য ও টেস্ট রিলিফ-এর মাধ্যমে আজ পর্যন্ত কত টাকা সরকার ব্যয় করিয়াছেন এবং

(খ) ঐ জেলায় এইরূপ সাহায্য কত দিন পর্যন্ত চালু রাখার সম্ভাবনা আছে ?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) খয়রাতি সাহায্য বাবদ মোট ১১,৪১,০৮০ টাকা এবং টেস্ট রিলিফের মাধ্যমে টাকায় এবং গমে মোট ৬০,৩৩,৬৩১ টাকা ব্যয় করা হইয়াছে।

(খ) খরা পরিস্থিতির উপর সরকার সতর্ক দৃষ্টি রাখিতেছেন। আপাততঃ ১৫ই জুলাই পর্যন্ত খয়রাতি সাহায্য ও টেস্ট রিলিফের কাজ চালু থাকিবে। পরে অবস্থা বিবেচনা করিয়া ব্যবস্থা লওয়া হইবে।

## মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন হেল্‌থ সেণ্টার

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮) **শ্রীশঙ্করদাস পাল**ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭-৬৮, ১৯৬৮-৬৯, ১৯৬৯-৭০ এবং ১৯৭১-৭২ সালে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন থানাতে মোট কতগুলি পাবলিক হেল্‌থ সেন্টার, সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার এবং রুরাল পাবলিক হেল্‌থ সেণ্টার খোলা হইয়াছে ; এবং

(খ) উক্ত স্বাস্থ্য কেন্দ্রগুলি খোলার ব্যাপারে সরকার কি কি নীতি অনুসরণ করিয়া থাকেন ?

**The Minister for Health :**

| (ক) সাল | ব্লক | প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | উপ-স্বাস্থ্যকেন্দ্র |
|---|---|---|---|
| ১৯৬৭-৬৮ | | | |
| | সুতি ১নং | ১টি | |
| | রঘুনাথগঞ্জ ১নং | | ১টি |
| | ভরতপুর ১নং | | ১টি |
| | ভরতপুর ২নং | | ১টি |
| ১৯৬৮-৬৯ | | | |
| | লালগোলা | ১টি | |
| | ভগবানগোলা ২নং | ১টি | |
| ১৯৬৯-৭০ | | | |
| ১৯৭১-৭২ | | | |

সরকারের বর্তমান প্রকল্পে উক্ত দুই শ্রেণী ভিন্ন অন্য কোন শ্রেনীর স্বাস্থ্যকেন্দ্র নেই।

(খ) বর্তমান নীতি হচ্ছে প্রতি ব্লকে উপযুক্ত স্থানে ১০ শয্যার একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং প্রতিটিতে দুটি জরুরী প্রসূতি শয্যা সহ দুটি করে উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা।

## মুর্শিদাবাদ জেলায় খরা অঞ্চলে নলকূপ

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১২০) **শ্রীশঙ্করদাস পাল ঃ** স্বাস্থ্য (গ্রামীন জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান খরা-কবলিত জনগণের কষ্ট লাঘব করার জন্য মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ ব্লকে পুরানো নলকূপ মেরামত করা ও নতুন নলকূপ বসানোর জন্য সরকার এ পর্যন্ত কত টাকা মঞ্জুর করিয়াছেন, এবং

(খ) এ পর্যন্ত সংশ্লিষ্ট ব্লকগুলিতে কতগুলি পুরানো নলকূপ মেরামত করা হইয়াছে ও কতগুলি নতুন নলকূপ বসানো হইয়াছে ?

**The Minister for Health :**

(ক) খরা কবলিত জনগণের কষ্ট লাঘব করার জন্য মুর্শিদাবাদ জেলার ২৭টি ব্লকের প্রতিটিতে অন্তত ৩৫টি করিয়া নলকূপ স্থাপন/পুনঃস্থাপনের ব্যবস্থা করা হইয়াছে। এই বাবত মোট ১০,৮৫,২৫০ টাকা ( মঞ্জুরি বাবত ৪,৫০,০০০ টাকা, সাজসরঞ্জাম ইত্যাদি বাবত ৬,৩৫,২৫০ টাকা ) মঞ্জুর করা হইয়াছে।

(খ) সংশ্লিষ্ট ব্লকগুলিতে নলকূপ স্থাপন/পুনঃস্থাপন এবং মেরামতের একটি তালিকা ইহার সঙ্গে দেওয়া হইল।

*Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 42.*

### মেরামতের তালিকা

| ক্রমিক নং | ব্লকের নাম | নলকূপ | | |
|---|---|---|---|---|
| | | স্থাপন | পুনঃস্থাপন | মেরামত |
| ১। | বহরমপুর | ১ | ৪৯ | ৩৮ |
| ২। | হরিহরপাড়া | ১০ | ৫৮ | ২১ |
| ৩। | নওদা | × | ৩৯ | ৭৯ |
| ৪। | বেলডাঙ্গা-১ | × | ৬৪ | ৯৭ |
| ৫। | বেলডাঙ্গা-২ | ৬ | ৬০ | ৫৬ |
| ৬। | ডমকল | × | ৩১ | ৪১ |
| ৭। | জলঙ্গি | ২ | ৭২ | ১০৯ |

| ক্রমিক নং | ব্লকের নাম | নলকূপ | | |
|---|---|---|---|---|
| | | স্থাপন | পুনঃস্থাপন | মেরামত |
| ৮। | কাঁদি | ৫ | ৬৮ | ৫১ |
| ৯। | খড়গ্রাম | ৫ | ৫০ | ২৩২ |
| ১০। | বারওয়ান | × | ৩৯ | ২২৪ |
| ১১। | ভরতপুর-১ | × | ৫৬ | ৭৪ |
| ১২। | ভরতপুর-২ | × | ৩৪ | ৩৬ |
| ১৩। | নবগ্রাম | × | ২৮ | ১২৪ |
| ১৪। | রাণীনগর-১ | × | ৩৫ | ১৩ |
| ১৫। | রাণীনগর-২ | × | ৩৮ | ১৭ |
| ১৬। | ভগবানগোলা-১ | ৪ | ২৬ | ৪ |
| ১৭। | ভগবানগোলা-২ | × | ৫৪ | ৮ |
| ১৮। | লালগোলা | ২ | ৩০ | ১৪৫ |
| ১৯। | মুর্শিদাবাদ ও জিয়াগঞ্জ | × | ৪১ | ১০ |
| ২০। | সাগরদিঘি | × | ১০ | ৮৫ |
| ২১। | রঘুনাথগঞ্জ-১ | ৩ | ১৯ | ১৯৬ |
| ২২। | রঘুনাথগঞ্জ-২ | × | ৩৯ | ৬০ |
| ২৩। | সুতি-১ | ২ | ১৫ | × |
| ২৪। | সুতি-২ | ২ | ২১ | ৩০ |
| ২৫। | ফরাক্কা | × | ৭ | ২৭ |
| ২৬। | সমসেরগঞ্জ | ৩ | ১৯ | ১৫ |

## আসানসোল শব-ব্যবচ্ছেদাগার

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯১) **শ্রীনিরঞ্জন ডিহিদার**ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল পৌর এলাকায় অবস্থিত সরকারী হাসপাতালের শব-ব্যবচ্ছেদকক্ষটি শীতাতাপ-নিয়ন্ত্রিত করা হইয়াছে কিনা ;

(খ) "ক" প্রশ্নের উত্তর না হইলে, বর্তমানে এ কক্ষের কাজ কিভাবে চলিতেছে, এবং

(গ) ঐ কক্ষটি শীতাতপ-নিয়ন্ত্রিত করিতে কতদিন সময় লাগিবে ?

**The Minister for Health :**

(ক) আসানসোল পৌর এলাকায় অবস্থিত সরকারী হাসপাতালে একটি শীতাতপ-নিয়ন্ত্রিত শব-ব্যবচ্ছেদকক্ষ স্থাপনের জন্য গত ফেব্রুয়ারি মাসে ৫২,৩০০ টাকার প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে।

(খ) বর্তমানে পুরাতন শব-ব্যবচ্ছেদকক্ষে কাজ চলছে।

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

## বোলপুর স্বাস্থ্যকেন্দ্র

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯২) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য** ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বোলপুরের স্বাস্থ্যকেন্দ্রটিকে মহকুমা হাসপাতালে উন্নীত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত তাহা কার্যকরী হইবে ?

**The Minister for Health** :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## Hospitals and Health Centres in the State

45. (Admitted question No. 113.) **Shri Rajani Kanta Doloi :** Will the minister-in-charge of the Health Department be pleased to state the districtwise break-up of the numbers of the following as on 31st May, 1972 :—

(i) hospitals ;

(ii) health centres ;

(iii) beds ;

(iv) number of beds per lakh of population ;

(v) number of registered doctors ;

(vi) percentage of doctors to the population ; and

(vii) the number of doctors per lakh of population ?

**The Minister for Health** : A statement is laid on the table.

STATEMENT

**Statement referred to in reply to question No. 45**

| District | No. of Hospitals as on 31-5-1972 | No. of Health Centres as on 31-5-1972 | No. of beds as on 31-12-1970 | No. of beds per lakh of population as on 31-12-1970 | No. of registered doctors on 31-5-1972 | Percentage of doctors to the population as on 31-5-1972 | No. of doctors per lakh of population on 31-5-1972 |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| Bankura ... | 8 | 63 | 1.878 | 95 | | | |
| Birbhum ... | 7 | 50 | 1,166 | 66 | | | |
| Burdwan ... | 30 | 75 | 2,391 | 63 | | | |
| Cooch Behar ... | 4 | 32 | 652 | 39 | | | |
| Darjeeling ... | 17 | 20 | 1,587 | 208 | | | |
| Hooghly ... | 24 | 53 | 2,095 | 75 | | | |
| Howrah ... | 14 | 41 | 1,824 | 76 | | | |
| Jalpaiguri ... | 8 | 34 | 830 | 48 | | | |
| Midnapore ... | 27 | 112 | 2,364 | 43 | 25,809 | ·058 | 58 |
| Murshidabad ... | 19 | 60 | 1,352 | 46 | | | |
| Malda ... | 6 | 35 | 597 | 37 | | | |
| Nadia ... | 17 | 54 | 3,663 | 171 | | | |
| Purulia ... | 3 | 39 | 1,293 | 82 | | | |
| 24-Parganas ... | 43 | 98 | 3,245 | 38 | | | |
| West Dinajpur ... | 4 | 41 | 504 | 29 | | | |
| Calcutta ... | 62 | Nil | 12,233 | 389 | | | |
| Total ... | 293 | 807 | 37,674* | | | | |

*Note*— Districtwise break-up of registered doctors not available.

*(*i*) In addition 1,018 beds in Mental and T. B. Hospitals at Ranchi were reserved for treatment of West Bengal patients.

(*ii*) Districtwise break-up of Hospital beds as on 31st May, 1972, is not available.

**Vacancies in the Health (Rural Water Supply) Department**

46. (Admitted question No. 362.) **Shri Ajit Kumar Basu** : Will the Minister-in-charge of Health (Rural Water Supply) Department be pleased to state—

(a) total vacancies in the Department of Health (Rural Water Supply) ;

(b) office/districtwise break-up of the vacancies ;

(c) details of the vacant posts and the scales of pay ; and

(d) how and when these vacancies are likely to be filled up ?

**The Minister for Health :** (a) The total vacancies in the Rural Water Supply under the Department of Health are as noted below—

Sub-Assistant Engineers/Overseers— 11,

Sub-Overseer—5,

Work Assistant—3,

Mechanic—18,

Helper—6,

Night Guard—1.

(b) and (c) The details of the office/districtwise break-up of the vacancies are given below—

Bankura District

Mechanic—5.

Birbhum District

(i) Sub-Assistant Engineer, Nanoor and Labpur Blocks—1,

(ii) Work Assistant—2,

(iii) Mechanic—2,

(iv) Helper—4.

Midnapore District

(i) Overseer/Sub-Assistant Engineer, Debra, Pingla and Keshiari Blocks, Dantan I and II, Narayangarh and Mohanpur Blocks, Sabong, Daspur I and II Blocks—6.

(ii) Mechanic—3,

(iii) Helper—1.

Burdwan District

(i) Overseer/Sub-Assistant Engineer, Monteswar—1,

(ii) Sub-Overseer—2,

(iii) Work Assistant—1,

(iv) Mechanic—1,

(v) Helper—1,

(vi) Night Guard—1.

Purulia District

Sub-Assistant Engineer, Netari, Santari and Bhagwanpur I and II—1.

24-Parganas District

(i) Sub-Assistant Engineer, Badmia Block—1,

(ii) Mechanic—1,

(iii) Helper—2.

Malda District

(i) Sub-Overseer, Balurghat—1,

(ii) Mechanic—3.

Jalpaiguri District

(i) Sub-Overseer, Alipurduar—1,

(ii) Mechanic, Alipurduar—1.

Cooch Behar District

(i) Overseer/Sub-Assistant Engineer, Mekliganj and Haldibari Block—1,

(ii) Sub-Overseer, Tufanganj—1,

(iii) Mechanic, Dinhata and Cooch Behar Sadar—2.

The scales of pay attached to the abovementioned posts are as follows:—

(1) Sub-Assistant Engineer/Overseer—Rs. 300—600 with higher initial pay of Rs. 330 for diploma holders.

(2) Sub-Overseer—Rs. 300—600 or Rs. 230—425 according to qualifications of the incumbents.

(3) Work Assistant/Mechanic—Rs. 180—350.

(4) Helper—Rs. 145—230.

(5) Night Guard—Rs. 135—180.

(d) Necessary arrangements are being made for filling up the vacancies.

As regards the vacancies in other posts necessary action for filling up of the same by promotion, transfer or direct recruitment according to the recruitment rules or existing practice are being taken by the appointing authority.

**Overtime allowance in the Durgapur Projects Ltd.**

**47.** (Admitted question No. 23.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) if there is any account of the payment of overtime allowance in the Durgapur Projects Ltd.; and

(b) if so, Department-wise (monthly) break-up of—

(i) the amount paid,

(ii) average extra hours involved, and

(iii) number of employees to whom the allowance was paid during the last three financial years?

**The Minister for Public Undertakings:** (a) Yes.

(b) (i) As per Statement I placed on the Library Table.

(ii) As per Statement II placed on the Library Table.

(iii) As per Statement III placed on the Library Table.

**Calling Attention to Matters of Urgent Public Importance.**

**Mr Speaker:** The Minister-in-charge of Health Department will please make a statement on the subject of misappropriation of public money granted to certain Family Planning Centres. Attention called by Shri Abdul Bari Biswas on 10th July, 1972.

**শ্রীঅজিতকুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীবিশ্বাস কলিং এ্যাটেনসন যেটা দিয়েছিলেন যুগান্তর কাগজের একটি রিপোর্ট দেখে, সে সম্বন্ধে আমার বক্তব্য হল এই। সর্বভারতীয় নীতি অনুসারে বেসরকারী প্রতিষ্ঠানগুলির সাহায্য পরিবার পরিকল্পনা প্রকল্প রূপায়ণে নেওয়া হয়ে থাকে। ইহারা সরকারী প্রচেষ্টার পরিপুরক হিসাবে কাজ করে থাকে। বেসরকারী প্রতিষ্ঠানগুলিকে

এই উদ্দেশ্যে নিম্নলিখিত হারে বাৎসরিক অনুদান দেওয়া হয়ে থাকে—(ক) প্রতিটি আরবান পরিবার পরিকল্পনা কেন্দ্রের জন্য ১৯,৭৮০·০০ টাকা, (খ) প্রতিটি বন্ধ্যাকরণ শয্যার জন্য – ২,৩৪০·০০ টাকা। ইহা ছাড়াও সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠানগুলিতে উৎসাহদাতা, গ্রহণকারী ও সংশ্লিষ্ট চিকিৎসকদিগকে নিম্নলিখিত হারে আর্থিক অনুদান দেওয়ার ব্যবস্থা আছে—

| | আই. ইউ. সি. ডি.র জন্য | পুরুষদের নিবীর্জকরণের জন্য | মহিলাদের বন্ধ্যাকরণের জন্য |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| গ্রহণকারী... | ৫ | ১৮ | ১৫ |
| উৎসাহদাতা .. | ১ | ৩ | ৩ |
| সংশ্লিষ্ট চিকিৎসক... | ২ | ৫ | ১০ |

গ্রহণকারী, উৎসাহদাতা এবং চিকিৎসককে উপরোক্ত আর্থিক অনুদান দেওয়া ১৯৭২ সালের ১লা জুলাই তারিখ থেকে বন্ধ করা হয়েছে। সরকার কিছু কিছু অভিযোগ পেয়েছেন যে কোন কোন বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক সরকারী অর্থের অপচয় বা তছরূপ করিয়াছেন। এই সমস্ত অভিযোগগুলি সম্পর্কে যথাযথ অনুসন্ধান করা হচ্ছে। সরকারী অনুদান যাহাতে প্রতিষ্ঠানগুলিকে ঠিকমত দেওয়া হয় তাহার জন্য পরিবার পরিকল্পনা প্রকল্পের অধীনে একটা গ্রান্টস কমিটি আছে। কমিটিতে স্বাস্থ্য অধিকর্তা, রাজ্যের ফ্যামিলি প্ল্যানিং অফিসার এবং কেন্দ্রীয় সরকারের আঞ্চলিক ডাইরেক্টর আছেন। ইহারা প্রত্যেকটি ক্ষেত্রে বেসরকারী প্রতিষ্ঠানগুলির উপযুক্ততা বিবেচনা করে আর্থিক অনুদান দেওয়ার সুপারিশ করে থাকেন। সরকারী অর্থের অপচয় রোধ করবার জন্যই এই ব্যবস্থা করা হয়েছে। (১) আগেই বলা হয়েছে গ্রহণকারী, উৎসাহদাতা এবং চিকিৎসকদের আই ইউ. সি. ডি., নিবীর্যকরণ এবং বন্ধ্যাকরণের জন্য আর্থিক অনুদান দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে। ইহাতে আর্থিক অপচয়ের সম্ভাবনা অনেকাংশে দূরীভূত হয়েছে। (২) ১,০০,০০০ টাকার উপর বিলের অনুসন্ধান সাপেক্ষে বর্তমানে টাকা প্রদান বন্ধ রাখা হয়েছে। (৩) ভবিষ্যতে অনুদান দেওয়ার আগে প্রতিটি ক্ষেত্রে বিশদভাবে পরীক্ষা করার ব্যবস্থা হচ্ছে। সরকার সবপ্রকার অসাধুতার বিরুদ্ধে যদি বিশেষ বিশেষ ক্ষেত্রে অসাধুতার দৃষ্টান্ত সরকারের গোচরে আনা হয় তবে সরকার যথাবিহিত ব্যবস্থা অবলম্বনে তৎপর হবেন। মাননীয় সদস্যদের নিকট আমার অনুরোধ যে এই সমস্ত লোক যারা সরকার আমার আগেই কিছু কিছু টাকা তছরূপ করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে তাদের ঠিকমতভাবে বোধ করি আমরা ধরতে পারব, আমি আশা করি প্রতিটি মাননীয় সদস্য আমাদের এই বিষয়ে সমর্থন জানাবেন।

**Mr. Speaker** : I have received four notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Non-supply of D. V. C. canal water in Burdwan, Bankura, Hooghly and Howrah districts—from Shri Aswini Roy ,

(2) Death of four persons on 6-7-72 under the Titagarh Municipal area after drinking illicit liquor--from Shri Sisir Kumar Ghosh ,

(3) Scarcity of raw cotton in Kalyani Spinning Mills, Nadia—from Shri Netaipada Sarkar, and

(4) Student unrest in Kalyani University—from Shri Jagadish Chandra Das.

I have selected the notice of Shri Jagadish Chandra Das on the subject of student unrest in Kalyani University from Shri Jagadish Chandra Das. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohonpal** : On the 21st, Sir,

## Mention Cases

**শ্রীসুধীরচন্দ্র বেরা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে সুধীর কুমার বেরা বলে ডাকলেন, আমি কিন্তু কুমার নই। আমি সুধীরচন্দ্র বেরা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সকালবেলা আনন্দবাজার পত্রিকা খুলে আমার চোখটা ট্যারা হয়ে গেল। পি. জি. হাসপাতালে পোলিও ওযুধ যেসমস্ত ডেট এক্সপায়ারড হয়ে গেছে সেগুলি নাকি ছেলেদের খেতে দেওয়া হচ্ছে নির্বিবাদে। এবং এই নিয়ে আরো নাকি কথাবার্তা হয়েছিল এবং ডিরেকটর অব হেলথ সার্ভিস এনকোয়ারি করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিশুদের উপর স্বাভাবিক একটা মায়া মমতা থাকে এবং তারাই আমাদের জাতির ভবিষ্যৎ। কিন্তু পোলিও ভ্যাকসিনের যেসমস্ত ওযুধের ডেট এক্সপায়ার করে গেছে সেই জিনিস খাইয়ে জাতিকে পঙ্গু করবার এই যে—কি বলব এটাকে বুঝতে পারছি না, ষড়যন্ত্র না প্রচেষ্টা—কোন বৈদেশিক সি আই. এ. অথবা দেশের কোন রাজনৈতিক দলের গভীর ষড়যন্ত্র আছে কিনা সেটা অবশ্যই তদন্ত করে দেখা দরকার; কারণ এই সমস্ত ছোট ছোট ছেলে মেয়েদের পোলিও খাইয়ে বাবা-মায়েরা নিশ্চিন্ত হয়ে বসে আছেন। আর এদিকে দেখা যাচ্ছে সেই সমস্ত ওযুধগুলোর ডেট এক্সপায়ারড হয়ে বসে আছে, তাতে কোন কাজ হবে না, এটা অত্যন্ত আশ্চর্যজনক ঘটনা। আর একটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, পোলিও ওযুধ বিক্রী হয় বলে আমরা জানি না। এটা ফ্রি দেওয়া হয়। ডেট এক্সপায়ার করবার পর সেটা যে কেন দিয়েছেন সেটা গভীরভাবে তদন্ত করার প্রয়োজন আছে। কারণ যে সমস্ত ওযুধ বাজারে ব্ল্যাক করা যায় সেগুলো যদি চুরি-চামারি হয় তাহলে তার একটা মানে খুঁজে পাই। কিন্তু যে ওযুধ বাজারে বিক্রী হয় না, সেই ওযুধ ডেট এক্সপায়ার করবার পর কেন দেওয়া হল আমি এই ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅজিতকুমার পাঁজা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসুধীরচন্দ্র বেরা চন্দ্র বাদ দিয়েছেন—তিনি যদি শুধু খবরের কাগজের দিকে তাকিয়ে থাকেন তাহলে তাঁর চোখটা ট্যারাই থেকে যাবে, সোজা হবে না। উনি জানেন না দিন সাতেক আগে যখন খবর পাওয়া গেছে যে ডেট এক্সপায়ারড মেডিসিন পোলিওতে নাকি ব্যবহার হচ্ছে, তারপর তদন্ত কমপ্লিট হয়ে গেছে, এক্সপায়ার মেডিশিন ব্যবহার হয়নি। এই ওযুধ রাশিয়া থেকে প্রথম হেপকিন ইনসটিটিউটে আসার পর সেটাকে তারা তৈরী করে জনসাধারণের কাছে যাতে কাজে লাগান যায়। হেপকিন ইনসটিটিউট থেকে যখন এস, এস, কে, এম এ-তে আসতো তখন তাতে একটা ডেট লেখা থাকত এবং এইটা ডেট অনুযায়ী রাখা হতো এস, এস, কে, এম অ-র ডিপ ফ্রিজে এবং তার ফলে যত দিন লেখা থাকত তার পরও ৭ দিন এই ঔষধ ঠিক থাকত এবং এইভাবে রেখে আমরা সেটিসফাইয়েড হয়েছি। তবে

বর্তমানে আমরা নতুন অর্ডার দিয়েছি যে হেপকিন ইনস্টিটিউট এক্সপায়ার ডেট যা দিয়ে দেবে সেই নির্দেশ অনুযায়ী সেই পর্য্যন্ত ডিপ ফ্রিজে রেখে দেওয়া হচ্ছে এতে উদ্বেগের কোন কারণ নাই।

[2-10—2-20 p.m.]

**শ্রীইলা মিত্র ঃ** আমি বলছিলাম যে, খবরের কাগজের এই ধরণের বিভ্রান্তিকর খবর জনসাধারণের মধ্যে উত্তেজনা সৃষ্টি করে যেখানে এখন জনসাধারণ নানা রকম অশান্তিতে রয়েছে, এই সময়ে এই ধরণের খবর দুঃখজনক, আশা করি সরকার এই বিষয়ে তাদের জানাবেন। তারপর যিনি এইটা মেনশন করলেন তারও জানা নেই এই সম্পর্কে এবং কিছু না জেনেই এই রকম মেনশন করা অন্যায়। এইভাবে খবরের কাগজে বিভ্রান্তিজনক খবর ছাপাও অন্যায়। এই সম্বন্ধে আপনি খোঁজ নেবেন এইটাই আমার নিবেদন।

**শ্রীঅশ্বিনী রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয় উত্থাপন করছি। এ্যালবিয়ন প্লাই উড ওয়ার্কস বজ বজে আছে, সেখানে ৮০০ লোক কাজ করে, এই কোম্পানীটা হচ্ছে সাউ জৈন কোম্পানী। আজ তারা এখান থেকে মধ্যপ্রদেশের রায়পুরে সমস্ত বদলি করে দিচ্ছে, ৪টী প্ল্যান্টের মধ্যে ২টি তারা পাঠিয়ে দিয়েছে এবং আরও কিছু কিছু এই ভাবে মেসিনারী সরিয়ে দিয়েছে। ওয়ার্কাসরা বাধা দেবার চেষ্টা করছে, এখন সরকার যদি তাড়াতাড়ি হস্তক্ষেপ করে এই স্থানান্তর বন্ধ না করতে পারে তাহলে মালিক এবং শ্রমিকদের মধ্যে একটা সংঘাত হবে। সেই জন্য আমি এখানে শ্রমমন্ত্রী উপস্থিত নাই, তবুও আপনার মাধ্যমে বলছি যে, অবিলম্বে এতে সরকারের হস্তক্ষেপের প্রয়োজন রয়েছে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোল শহর এবং তার উপকণ্ঠের যে ল-এণ্ড অর্ডার এর অবনতি হয়েছে সেটা আমি আপনার মাধ্যমে দেখাতে চাই। কারণ মাত্র ৬ দিনে এমন গুরুতর পরিস্থিতির সেখানে উদ্ভব হয়েছে যে ৬ দিনের মধ্যে ৪ জন লোক নিহত হয়েছে। ১৫।১৬টি বাড়ীতে ডাকাতি হয়েছে, আর ছিনতাই অসংখ্য এবং সেইটা আমি বিস্তারিত ভাবে রাখছি। ৬ই জুলাই রেকিট এ্যাণ্ড কোলম্যান ইণ্ডাষ্ট্রীর শ্রমিকদের বেতন দেবার জন্য ব্যাংক থেকে ১৭০০০ টাকা নিয়ে যাচ্ছিল, পথে ডাকাতরা আক্রমণ করে সব ছিনিয়ে নিয়ে যায়। ৯ই জুলাই সন্ধ্যা বেলা প্যারেট স্কুলের কাছে মিঃ পালের বাড়ীতে ডাকাতি হয় বোমার ঘায়ে ১৭ বছরের একটি যুবক মারা যায়। জুলাইয়ের প্রথম সপ্তাহে আসানসোলের সুখন সাউর বাড়ীতে ডাকাতি হয়। ৪।৫ হাজার টাকা ও অলঙ্কারাদি নিয়ে যায়। বোমা মেরে একজনকে হত্যা করে। কুলটী ভিক্টোরিয়া কোলিয়ারিতে ৮।১০টি বাড়ীর উপর দুর্বৃত্তরা চড়াও হয় এবং টাকা পয়সা, অলংকারাদি লুঠ করে নিয়ে যায় এবং ছোরা মেরে একজনকে হত্যা করে। ঐ একই তারিখে কুলটি স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তারের বাড়ীতে ৮।১০ জন দুর্বৃত্ত মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে চড়াও এবং মূল্যবান অলঙ্কারাদি ও টাকা পয়সা নিয়ে যায়। জুলাই মাসের প্রথম সপ্তাহে আসানসোল রেলওয়ে ষ্টেশনের বাইরে একজন যাত্রীর কাছ থেকে ৭/৮ হাজার টাকা রিভলবার দেখিয়ে লুঠ করে। ২,৩০০ টাকা ব্যাঙ্কে জমা দিতে যাওয়ার সময় একজন মিউনিসিপাল কর্ম্মচারীর কাছ থেকে ছিনিয়ে নিয়ে যাওয়া হয়। ১২।৭।৭২ তারিখে মহিশীলা কলোনীতে ডাকাতি হয়। জামুরিয়ায় একজনকে ছোরা মেরে হত্যা করে কুয়ার মধ্যে ফেলে রেখে যায়। এই রকম করে মাত্র একদিনে আসানসোল মহকুমায় বারোবার ডাকাতি হয়েছে এবং ৯জন মারা গিয়েছে। ঠিক যেন দ্বিতীয় টেকসাসে পরিণত হতে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে

মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই ব্যাপারে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা হক। এর জন্য আমি এর আগেই বলেছি বিশেষ কোন উন্নতি হয় নি। এইজন্য বারবার অনুরোধ করছি যাতে এর পরিবর্তন হয় তার ব্যবস্থা করতে।

**শ্রীমনোরঞ্জন হালদার** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কোলে মার্কেটের একটা জঘণ্য অত্যাচারের কথা বিধানসভা সদস্যদের অবগত করছি। এবং পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এর আশু প্রতিকারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। আপনি জানেন ২৪-পরগণা জেলার বিভিন্ন জায়গা থেকে শব্জী বিক্রেতারা এখানে আসে এবং বিক্রি করে চলে যায়। গত দুবছর থেকে লক্ষ্য করছি সেখানে কয়েকজন মুষ্টিমেয় গুণ্ডা প্রকৃতির লোক তারা জঘণ্য অত্যাচার চালাচ্ছে এবং তাদের ন্যায্যমূল্য না দিয়ে অত্যাচার চালাচ্ছে এবং তাদের কাছ থেকে ছিনিয়ে নেবার চেষ্টা করছে এবং অত্যন্ত জঘণ্য মনোবৃত্তির পরিচয় দিয়েছে। গত ইলেকশানের আগে আমরা তাদের বলেছিলাম যে সরকার হলে তারা একটা বিহিত ব্যবস্থা করবেন। কিন্তু সেটা এখনও হয়ে যাচ্ছে এবং তাই মাননীয় পুলিশ মন্ত্রীকে অনুরোধ করছি যাতে এর একটা অদূর ভবিষ্যতে ব্যবস্থা করেন।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক** ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে সেচ বিভাগের মন্ত্রীর, তিনি এখানে নেই তাই সেচ বিভাগের উপমন্ত্রীর, দৃষ্টি আকর্ষণ করছি। প্রতি বছর আমন ধান চাষের জন্য ১লা জুলাই থেকে ক্যানেলের জল দেওয়া হয়, কিন্তু আজ পর্যন্ত এই বছর ক্যানেলের জল দেওয়া হয়নি। একদিকে বীরভূম, বাঁকুড়ায় বৃষ্টি নেই, অন্যদিকে ক্যানেলে জল আসে না, যার ফলে দেশের সমূহ ক্ষতি হচ্ছে এবং উৎপাদনের দিক থেকে ক্ষতি হবে এবং কৃষি উৎপাদনের দিক থেকে ব্যাহত হবে। সেই জন্য আপনার মাধ্যমে মাননীয় সেচ বিভাগীয় উপমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমি দামোদর ক্যানেল ডিভিসনের সুপারেনটেণ্ডিং এঞ্জিনিয়ারের সাথে যোগাযোগ করেছিলাম। তিনি জানালেন যে ক্যাচমেন্ট থেকে জল ছাড়া হচ্ছে না। এখন ক্যাচমেন্টে জল রয়েছে। যাতে জল সরবরাহ করা হয় এবং চাষের কাজ যাতে ব্যাহত না হয় তার ব্যবস্থা করুন।

**শ্রীললিত গায়েন** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে খরা চলাকালীন বিভিন্ন ব্লকে ৩৫ টা টিউবওয়েলের ব্যবস্থা সরকার করেছিলেন। কিন্তু আজকে অত্যন্ত দুঃখের কথা যে যেখানে জমিতে জল রয়েছে কিন্তু চাষীদের মুখে হাসি নেই। কারণ আমরা বিভিন্ন জায়গায় দেখেছি গরু মারা গিয়েছে, তাদের চাষের সামর্থ নেই। এইজন্য জনপ্রিয় সরকারকে অনুরোধ করবো যেমন খরা কবলিত পরিস্থিতির মোকাবিলার জন্য প্রতিটি ব্লকে ৩৫ টা করে টিউবওয়েল ব্যবস্থা করা হয়েছিল তেমনি প্রতিটি ব্লকে অন্ততঃ একটা করে হস্ত চালিত ট্রাক্টারের ব্যবস্থা হয়। এতে চাষীদের মুখে অন্ততঃ হাসি ফুটবার সুযোগ দেওয়া হবে।

[2-20--2-30 p.m.]

**শ্রীগিয়াসুদ্দিন আমেদ** ঃ স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই House-এর বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। চাপড়া বিধান কেন্দ্র, নদীয়া জেলার সীমান্তবর্তী এলাকায় অবস্থিত। অধুনা এই কেন্দ্রে ডাকাতির হার অত্যন্ত বেড়ে গেছে, অবস্থা এমন দাঁড়িয়েছে যে প্রতি অন্ধকার রাত্রে কোন না কোন গ্রামে মারাত্মক আগ্নেয়াস্ত্র সহ ডাকাত

দল গৃহস্থকে নিধন করে এবং সাংঘাতিক ভাবে জখম করে ডাকাতি করে ফিরছে। নিরস্ত্র গ্রামবাসীগণ শুধু দর্শকের ভূমিকা পালন করছেন। কয়েকদিন পূর্বে রত্তিগুদা গ্রাম থেকে এক ব্যক্তির বাড়ী ডাকাতি করে গৃহস্থের বন্দুকসহ লুট করে ডাকাতদল পালিয়েছে। স্থানীয় চাপড়া থানায় প্রতিক্ষেত্রে report দেওয়া সত্ত্বেও এই অবস্থার কোন প্রতিকার হচ্ছে না; কুখ্যাত দুবৃত্তগণ বহাল তবিয়তে এই দুষ্কর্ম চালিয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে এই অসহনীয় অবস্থার প্রতিকার দাবী করি।

**শ্রীহরিশচন্দ্র মহাপাত্র**: স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পাঁশকুড়া ব্লকের ২ ও ৩ নং অঞ্চলে হড়ুয়া নামক স্থানে ডুলুং নদীতে একটা বিরাট ভাঙ্গনের ফলে বাঁশি খালের ভেতর দিয়ে বন্যার জল বিপুল আকারে বয়ে চলে যাচ্ছে। এর ফলে প্রত্যেক বছর বিরাট এলাকায় শস্যের যথেষ্ট ক্ষতি হয়। গত ২/৩ বছরে ৫০০ একরের মত মূল্যবান জমি বালি চাপা পড়ে চাষের অযোগ্য হয়ে গেছে। এইভাবে চললে প্রতি বছর বন্যার ফলে শস্য হানির সঙ্গে সঙ্গে ১০০/১৫০ একর উর্বর জমি আরও বালিচাপা পড়বে। এর প্রতিকারের জন্য বাঁশি খালের re-excavate করা এবং হড়ুয়ায় একটি Sluice gate নির্মাণ করা প্রয়োজন এবং এবিষয় সেচ বিভাগের Engineer-দের দিয়ে পরীক্ষা করে ঐ ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীগণেশচন্দ্র হাতুই**: স্যার, হুগলী জেলার বাস্তুহীনদের বাস্তু জমি দেওয়া সম্পর্কে আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা গরীব মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে বাস্তুহীনদের পরিমিত জমি দেব। ১৯৬৯ সালে এই মর্মে একটা circular ছিল যে প্রত্যেক বাস্তুহীনকে জমি দেবার জন্য J.L.R.O. দরখাস্ত নেবে এবং এই সময়সীমা ছিল ১৯৭১ সাল পর্যন্ত। অধিকাংশ বাস্তুহীনরা J.L.R.O. Office-এ এর মধ্যে দরখাস্ত জমা দিতে পারেনি। ১৯৭১ সালের পর যেসব বাস্তুহীনরা জমি পাবার জন্য দরখাস্ত দিয়েছে সেসব দরখাস্ত S.D.O. Office থেকে ফেরৎ আসছে এবং ভূমিহীনদের বাস্তু থেকে উচ্ছেদ করে চলেছেন। এই উচ্ছেদ বন্ধ করার জন্য এবং সময়সীমা বাড়ানোর জন্য আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

## VOTING ON DEMAND FOR GRANT

### DEMAND FOR GRANT NO. 19

Major Head : 28—Education

**Shri Mrityunjoy Banerjee** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 78,39,00,000 be granted for expenditure under Grant No. 19, Major Head : "28—Education." (This is inclusive of Rs. 26,13,00,000 already voted on account in March, 1972.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি ১৯৭২-৭৩ সনের জন্য ১৯ নং অনুদানের অন্তর্গত "২৮—শিক্ষা" মুখ্য শীর্ষ খাতে ব্যয় বাবদ (Grant No. 19, Major Head : "28—Education") মোট ৭৮ কোটি ৩৯ লক্ষ টাকা বরাদ্দের দাবী উত্থাপন করার অনুমতি প্রার্থনা করছি। বর্তমান আর্থিক বর্ষের আংশিক ব্যয়ের জন্য ঐ একই খাতে পূর্ব-মঞ্জুরিকৃত মোট ২৬ কোটি ১৩ লক্ষ টাকাও এর অন্তর্গত।

এই ১৮ কোটি ৩১ লক্ষ টাকা ছাড়াও ১৯৭২-৭৩ সনের বাজেটে বিভিন্ন অনুদান অংশে নিম্নলিখিত প্রয়োজনের জন্য স্বতন্ত্র বরাদ্দ নির্ধারিত হয়েছে :—

(ক) বৈজ্ঞানিক সঙ্ঘ এবং প্রতিষ্ঠানের জন্য সহায়ক দান এবং অনুদান ,

(খ) বিভিন্ন শিক্ষায়তনের ভবন নির্মাণ ও সংস্কার ,

(গ) খেলাধুলা, শারিরীক শিক্ষা এবং যুবকল্যাণমূলক কাজকর্মের উন্নতি ;

(ঘ) বিভিন্ন শিক্ষায়তনকে ঋণদান ;

(ঙ) জাতীয় বৃত্তির জন্য অগ্রিম ব্যয় (Loans for National Scholarship) ;

(চ) শিক্ষকদের পেনসন এবং অবসরগ্রহণান্তিক অন্যান্য সুবিধা দান ;

(ছ) শিক্ষাবিভাগের সরকারী ভবনগুলির সংস্কার ও সম্প্রসারণ ,

(জ) সরকারী এবং বেসরকারী অনাথ আশ্রমের দৈনন্দিন ব্যয়নির্বাহ ,

(ঝ) পূর্ব পাকিস্তানের ( অধুনা বাংলাদেশের ) শরণার্থীদের জন্য বিভিন্ন শিক্ষা-প্রকল্প রূপায়ণ ;

(ঞ) সমষ্টি উন্নয়ন (Community Development) কর্মসূচীর অন্তর্গত বিদ্যালয়গুলির ব্যয়নির্বাহ ,

(ট) জেলার ভৌগলিক অভিধান (District Gazatteer) প্রণয়ন।

১৮ নং অনুদানের অন্তর্গত "২৭—বিজ্ঞান বিভাগ" মুখ্য শীর্ষ অংশের (Grant No. 18, Major Head: "27—Scientific Departments") জন্য আমি স্বতন্ত্র বরাদ্দের দাবী যথাসময়ে পেশ করব। অন্যান্য অনুদানের ব্যয় বরাদ্দ উপস্থাপিত করবেন সংশ্লিষ্ট অনুদানের ভারপ্রাপ্ত মন্ত্রীগণ। ১৯৭২-৭৩ সনের শিক্ষাবিষয়ে ব্যয়-বরাদ্দের অধিকাংশই অবশ্য বর্তমান প্রস্তাবের অন্তর্গত।

মুখ্য শীর্ষ "২৮—শিক্ষা" (Major Head : "28—Education") খাতের অন্তর্গত মোট ৭৮ কোটি ৩১ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ৬০ কোটি ৫৫ লক্ষ ৯৯ হাজার টাকা হল প্রতিশ্রুত ব্যয় বা সাধারণ ব্যয়ের বরাদ্দ। উন্নয়নমূলক পরিকল্পনার ব্যয় এ থেকে স্বতন্ত্র। প্রতিশ্রুত ব্যয়-বরাদ্দ থেকে সরকারী প্রশাসনের খরচ এবং তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষ পর্যন্ত যে-সব সরকারী শিক্ষায়তন প্রতিষ্ঠিত হয়েছিল তাদের পরিচালনার ব্যয়, তথা বেসরকারী প্রতিষ্ঠানগুলি পরিচালনার জন্য অনুদানের ব্যয়নির্বাহ করা হবে। উন্নয়মূলক পরিকল্পনা রূপায়ণের জন্য ধার্য হয়েছে ১৬ কোটি ২৭ লক্ষ ২৫ হাজার টাকা। এর মধ্যে আবার তিনটি বার্ষিক পরিকল্পনা (১৯৬৬-৬৯ সালে গৃহীত প্রকল্পগুলির ব্যয়-নির্বাহের জন্য প্রয়োজন হবে ৮ কোটি ৪৬ লক্ষ ২৩ হাজার টাকা

অবশিষ্ট মাত্র ৭ কোটি ৭১ লক্ষ ২ হাজার টাকা চতুর্থ পরিকল্পনাকালে এ-যাবৎ গৃহীত প্রকল্প এবং ১৯৭২-৭৩ সনে অনুমোদিত প্রকল্পগুলির ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। ১৯৭১ সনের ১লা অক্টোবর থেকে দেয় সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানগুলির কর্মীদের মহার্ঘভাতা বাবদ ১ কোটি ৫৫ লক্ষ ৭৬ হাজার টাকার বরাদ্দও এই খাতে ধরা হয়েছে।

এই সভা নিশ্চয়ই অবহিত আছেন যে স্বাধীনতা লাভের পর থেকে সর্বস্তরের বিদ্যায়তন-গুলিতে ছাত্রছাত্রীর সংখ্যা বহুগুণিত হয়েছে। নূতন স্কুল এবং কলেজ প্রতিষ্ঠার প্রয়োজন এত ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে যে শিক্ষার সুযোগ প্রসারের বহুবিধ প্রয়াস সত্ত্বেও প্রয়োজন এবং প্রতিষ্ঠার মধ্যে সমতা রক্ষা করা সম্ভব হয়নি। উন্নয়নমূলক প্রকল্পের জন্য উপযুক্ত পরিমাণ অর্থের অভাবে হয়তো এযাবৎ অনুসৃত বিদ্যায়তনের সংখ্যা বৃদ্ধির হার রক্ষা করাও কঠিন হবে। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিক্ষার মোট বরাদ্দ ৩২ কোটি ৯৩ লক্ষ ৫৪ হাজার টাকা। এর মধ্যে প্রথম তিন বৎসরে খরচ হয়েছে আনুমানিক প্রায় ১৪ কোটি ৮৩ লক্ষ টাকা। ১৯৭২-৭৩ সনে ১৯ নং অনুদান অংশে ৭ কোটি ৪৪ লক্ষ ৯২ হাজার টাকা ধার্য হয়েছে। ১৯৭১-৭২ সনে এই খাতে টাকার পরিমাণ ছিল ৬ কোটি ৭১ লক্ষ ২০ হাজার টাকা।

বলা বাহুল্য যে মাত্র ৩২ কোটি ৯৪ লক্ষ টাকার বরাদ্দ নিয়ে চতুর্থ পরিকল্পনাকালে শিক্ষার সর্বস্তরে প্রসার-প্রকল্প গ্রহণ অসম্ভব। সেজন্য প্রাথমিক শিক্ষার উপরই সার্বাধিক গুরুত্ব অর্পিত হয়েছে।

[2-30—2-40 p.m.]

বর্তমানে গ্রামাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ে প্রথম থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত এবং নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতামূলক। ১৪-টি পৌরসভার এলাকাধীন অঞ্চলও এই অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষাব্যবস্থার আওতায় পড়ে। ৫-টি পৌরসভার এলাকাধীন অঞ্চলে প্রাথমিক শিক্ষা অবৈতনিক হলেও বাধ্যতামূলক নয়। চতুর্থ পরিকল্পনাকালে ১৯৭১ সনের ১লা জানুয়ারী থেকে সমস্ত শহর অঞ্চলে শুধু বালিকাদের জন্য প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা হয়েছে।

চতুর্থ পরিকল্পনার সূচনায় পশ্চিমবঙ্গে ৩৪ হাজার ৬ শত ৭২-টি প্রাথমিক এবং নিম্ন বুনিয়াদি বিদ্যালয় ছিল। ঐ সময় কলকাতা কর্পোরেশনের বিদ্যালয়গুলির শিক্ষক সমেত শিক্ষক সংখ্যা ছিল ১ লক্ষ ১৫ হাজার ২ শত ৮২। চতুর্থ পরিকল্পনায় আরও ১৮ হাজার প্রাথমিক শিক্ষকের নিয়োগ এবং প্রায় দশ লক্ষ ছাত্রকে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার আওতায় আনার প্রস্তাব আছে। চতুর্থ পরিকল্পনার প্রথম ৩ বৎসরে ৩ হাজার ৩ শত ১৭-টি প্রাথমিক বিদ্যালয় স্থাপন এবং ১০ হাজার ৯ শত ২০ জন শিক্ষক নিয়োগের জন্য প্রয়োজনীয় মঞ্জুরী দেওয়া হয়েছে। এছাড়া পূর্ব প্রতিষ্ঠিত বিদ্যালয়গুলিতে অতিরিক্ত ছাত্র ভর্তির সহায়তা করার উদ্দেশ্যে ২ হাজার নূতন শিক্ষক নিয়োগের আদেশও দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় সরকারের নির্দেশে শিক্ষিত বেকারদের কর্মসংস্থানের কেন্দ্রীয় পরিকল্প (Central Scheme) অনুযায়ী ১ হাজার ৭৫-টি নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়েছে। এই প্রাথমিক বিদ্যালয়গুলিতে মোট ৩ হাজার ৪ শত শিক্ষক নিযুক্ত হবেন। এই কর্মসংস্থান পরিকল্পেই পূর্বতন

প্রাথমিক বিদ্যালয়গুলির জন্য ৭ শত নূতন শিক্ষক নিয়োগের ব্যবস্থাও হয়েছে। চতুর্থ পরিকল্পনার শেষ পর্যন্ত কেন্দ্রীয় সরকার এই সমস্ত শিক্ষকদের বেতন বাবদ ব্যয়ভার বহন করবেন। তারপর থেকে রাজ্য সরকারকে পুরোপুরি এই দায়িত্ব গ্রহণ করতে হবে।

চতুর্থ পরিকল্পনার প্রথম তিন বৎসরে ৪ হাজার ৩ শত ৯২-টি প্রাথমিক বিদ্যালয় স্থাপন এবং ১৭ হাজার ২০ জন শিক্ষক নিয়োগের যে মঞ্জুরীর কথা পূর্বে উল্লিখিত হয়েছে, তার মধ্যে এ পর্যন্ত ২ হাজার ১ শত ৭৮-টি বিদ্যালয় অনুমোদিত হয়েছে এবং মাত্র ৪ হাজার ৮ শত ৮ জন শিক্ষক নিযুক্ত হয়েছেন। প্রত্যেক জেলায় একটি করে প্রাথমিক শিক্ষা-উপদেষ্টা সমিতি (Advisory Committee) গঠন করে একটি সরকারী আদেশ-নামা প্রচারিত হয়েছে। ১৯৩০ সালের বঙ্গীয় (রুরাল) প্রাইমারী আইন অনুযায়ী যে সব বিষয় এতদিন জেলা স্কুল বোর্ডের কাছে উপস্থাপিত করা হত, এখন থেকে সেগুলি এই উপদেষ্টা সমিতির নিকট উপস্থাপিত করা হবে।

উপযুক্ত বরাদ্দের অভাবে ১৯৭২-৭৩ সনে শহর-অঞ্চলে মাত্র ১ শত ২৫-টি প্রাথমিক বিদ্যালয় স্থাপন এবং ৫ শত জন শিক্ষক নিয়োগ করা সম্ভব হবে। এগুলি ১৯৭৩ সনের ১লা জানুয়ারি থেকে চালু হবে। অল্প কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার শিক্ষিত বেকারদের কর্মসংস্থান প্রকল্প অনুযায়ী ১৯৭২-৭৩ সনের জন্য ৪ হাজার নূতন শিক্ষক নিয়োগের অনুমোদন দিয়েছেন। চতুর্থ পরিকল্পনার শেষ পর্যন্ত এঁদের বেতন বাবদ ব্যয় কেন্দ্রীয় সরকারই বহন করবেন। কিন্তু ১৯৭৪-৭৫ সন থেকে এঁদের বেতন, ভবিষ্যনিধি প্রভৃতি বাবদ ব্যয় রাজ্য সরকারকেই বহন করতে হবে। এজন্য ৪ হাজার নূতন শিক্ষক নিযুক্তির ব্যাপারটি এখনও শিক্ষাবিভাগের বিবেচনাধীন আছে।

আগেই বলেছি প্রভূত প্রসার সত্ত্বেও প্রাথমিক শিক্ষা-ব্যবস্থা প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত নয়। এর প্রধান কারণ অর্থের অভাব। প্রাথমিক শিক্ষার দ্রুত প্রসারের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান এবং বিদ্যালয়গুলি পরিচালন এবং নিয়ন্ত্রণ-ব্যবস্থার উন্নতিসাধন করে প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন, অবৈতনিক এবং বাধ্যতামূলক করার উদ্দেশ্যে সরকার একটি ব্যাপক প্রাথমিক শিক্ষা বিল প্রণয়নের কথা চিন্তা করছেন। কলকাতা-সমেত সমস্ত শহর-অঞ্চল এবং গ্রাম-অঞ্চলকে এই বিলের আওতায় আনা হবে।

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবগত আছেন যে, সমস্ত অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ছাত্রদের বিনামূল্যে বাংলা ও নেপালী ভাষায় পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। আনুমানিক ২৫ লক্ষ ছাত্রছাত্রী এর সুযোগ পায়। ভারতের অন্যান্য অঞ্চলের যে-সব ছাত্র-ছাত্রী পশ্চিমবঙ্গের বিদ্যালয়ে শিক্ষাগ্রহণ করছে, পুস্তক বিনিময়-ব্যবস্থার মাধ্যমে তাদেরও নিজ নিজ ভাষার পাঠ্যপুস্তক বিনামূল্যে বিতরণ করা যায় কিনা এ-বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রকের সঙ্গে আলোচনা চলেছে। পূর্ব-নির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী রাজ্য সরকার তৃতীয় শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক পাঠ্যপুস্তক রচনা, মুদ্রণ ও বিতরণের দায়িত্ব গ্রহণ করে চলেছেন। এই পরিকল্পনায় বর্তমানে মোট ৩১টি বই মুদ্রিত হচ্ছে। তার মধ্যে ১৫টি বাংলা, ১৩টি নেপালী এবং ৩টি ইংরেজি ভাষায়। এইগুলি বিতরণ করে সরকার কোন লাভও করেন না আবার কোনও ক্ষতির ঝুঁকিও নেন না।

প্রাথমিক শিক্ষকদের চাকুরির শর্তাদির উন্নতির জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে :

(ক) প্রাথমিক শিক্ষকদের অবসরগ্রহণের বয়ঃসীমা ৬৫ বৎসর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রচলিত নিয়ম অনুসারে ৬০ বৎসরের পর থেকে প্রতি বছর কতগুলি শর্ত সাপেক্ষে এক বৎসরের জন্য নিয়োগকাল বাড়ানো যাবে।

(খ) পূর্বে নিযুক্ত ম্যাট্রিক পাশ প্রধানশিক্ষকগণ শিক্ষক-শিক্ষণ বিষয়ে শিক্ষাপ্রাপ্ত না হলেও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের জন্য ধার্য বিশেষ ভাতা পাবেন।

(গ) ১৯৭০ সনের ১লা এপ্রিল থেকে মহার্ঘ ভাতার সংযুক্তিকরণ করে নূতন বেতনের হার প্রচলিত হয়েছে।

(ঘ) ১৯৭১ সনের ১লা অক্টোবর থেকে ৮ টাকা হারে নূতন মহার্ঘভাতা প্রচলিত হয়েছে।

(ঙ) পেনসনের নিয়মকানুনও বিধিবদ্ধ হয়েছে এবং গেজেটে প্রাথমিক প্রকাশের জন্য সেগুলি ছাপাখানায় পাঠানো হয়েছে।

এ-সব ব্যবস্থা পর্যাপ্ত নয়, কিন্তু অর্থের অভাবে চতুর্থ পরিকল্পনাকালে এর বেশী সুবিধা দানের ব্যবস্থা করা সম্ভব হয়নি।

প্রাথমিক বিদ্যালয়গুলির পরিদর্শন ব্যবস্থার উন্নতির উদ্দেশ্যে প্রত্যেক জেলায় শুধু প্রাথমিক শিক্ষার জন্য স্বতন্ত্র একজন জেলা বিদ্যালয় পরিদর্শক নিযুক্ত হয়েছেন। পরিদর্শন কার্যের উন্নতির জন্য ৭০ জন নূতন অবর বিদ্যালয় পরিদর্শক ( Sub-Inspector of Schools ) নিযুক্ত হয়েছেন। কেন্দ্রীয় সরকারের শিক্ষিত বেকারদের কর্মসংস্থান প্রকল্পে অতিরিক্ত ৩২ জন অবর বিদ্যালয় পরিদর্শকের পদ সৃষ্টি করা হয়েছে। এ ছাড়া আরও ৩২টি অবর বিদ্যালয় পরিদর্শকের পদও কেন্দ্রীয় সরকারের ১৯৭২-৭৩ সনের উপরোক্ত প্রকল্পের আওতায় মঞ্জুর হয়েছে। এই পদগুলির বেতন এবং ভাতা চতুর্থ পরিকল্পনার শেষ পর্যন্ত কেন্দ্রীয় সরকার বহন করবেন, কিন্তু ১৯৭৪-৭৫ সন থেকে সমস্ত ব্যয়ভার রাজ্য সরকারকেই গ্রহণ করতে হবে। এই শেষোক্ত পদগুলি মঞ্জুরির ব্যাপারটি এখনও রাজ্য সরকারের বিবেচনাধীন। আর্থিক সংগতির বিচার বিবেচনা করে মঞ্জুরির আদেশ দেওয়া হবে।

বিদ্যালয়ে আহার্য সরবরাহ প্রকল্প অনুযায়ী কলিকাতা এবং হাওড়া, চব্বিশ-পরগণা জেলার অনেকগুলি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রদের দুপুরে জলযোগের ব্যবস্থা রয়েছে। ১৯৭২-৭৩ সনে কলিকাতায় প্রায় ১ লক্ষ ৫৪ হাজার ছাত্রছাত্রী এবং জেলা দুটিতে প্রায় ২ লক্ষ ছাত্রছাত্রী এর সুযোগ গ্রহণ করবে। এই আহার্য সরবরাহ ব্যবস্থার ফলে বিদ্যালয়গুলিতে উপস্থিতি এবং ভর্তির হার বৃদ্ধি পেয়েছে। গ্রাম অঞ্চলে প্রায় দশ লক্ষ শিশুর জন্য GOWB-CARE নামে অন্য একটি পুষ্টিকর খাদ্য প্রকল্প শিক্ষাবিভাগ কর্তৃক পরিচালিত হয়। এটি গৃহীত হয়েছে ত্রাণ ও সমাজ-কল্যাণ দপ্তরের উদ্‌যোগে। ব্যয়ভারও উক্ত দপ্তরই বহন করে থাকে।

প্রয়োজন আছে এরূপ প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষা-সরঞ্জাম সরবরাহ করা হয়। গত তিন বৎসরে এ বাবদ ১২ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। আর্থিক সংগতির অভাবে ১৯৭২-৭৩ সনে এই অনুদানের জন্য মাত্র ৩ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ হয়েছে।

আর্থিক অনটনের জন্য প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্মাণ ও সংস্কারের জন্য এ-বৎসর কোনোও অর্থ বরাদ্দ করা সম্ভব হয়নি। ১৯৭১-৭২ সনে অবশ্য ৬ শত ৭০টি শ্রেণী-কক্ষ নির্মাণের জন্য মোট ৪০ লক্ষ ২০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল। এই খরচার কিছুটা অংশ রাজ্য সরকারকে বহন করতে হয়েছিল। বাকিটা কেন্দ্রীয় সরকার সাহায্য হিসাবে দিয়েছিলেন। আশা করি ১৯৭২-৭৩ সনেও অনুরূপ কেন্দ্রীয় সাহায্য পাওয়া যাবে।

মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে নূতন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের ব্যাপারে কিছুটা উন্নতি দেখা গেছে। তৃতীয় পরিকল্পনার শেষে এই রাজ্যে মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ছিল ৫ হাজার ৪ শত ৩৮ এবং ষষ্ঠ শ্রেণী থেকে একাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রের সংখ্যা ছিল ৮ লক্ষ ৩২ হাজার ১ শত ৭ ও ছাত্রীর সংখ্যা ছিল ৩ লক্ষ ৪৯ হাজার ৯ শত ৪৩। ১৯৭১-৭২ পর্যন্ত বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৭ হাজার ৪৫টিতে দাঁড়িয়েছে। ঐ সময় ষষ্ঠ শ্রেণী থেকে একাদশ শ্রেণী পর্যন্ত ছাত্র সংখ্যা ১১ লক্ষ ৪৩ হাজার ২ শত ৬৬ এবং ছাত্রীর সংখ্যা ৪ লক্ষ ৯৮ হাজার ৬১। ১৯৬৫-৬৬ সনে ঐ সমস্ত বিদ্যালয়ে শিক্ষকের মোট সংখ্যা ছিল ৬৪ হাজার ৭ শত ৩৭। ১৯৭১-৭২ সনে এই সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৮১ হাজার ৮৫৩তে। বিভিন্ন ধরনের মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা নীচে দেওয়া হল :—

| | | |
|---|---|---|
| উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় | ... | ১,৯৯৭ |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | ... | ২,০৯৭ |
| নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | ... | ২,৬৬০ |
| এ্যাংলো ইণ্ডিয়ান মাধ্যমিক বিদ্যালয় | ... | ৬১ |
| মাদ্রাসা | ... | ২৩০ |
| | | মোট—৭,০৪৫ |

[2-40—2-50 p.m.]

চতুর্থ পরিকল্পনাকালে ৩৬৭টি দুই শ্রেণীবিশিষ্ট এবং ৬৭১টি চার-শ্রেণীবিশিষ্ট নিম্ন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের অনুমোদন দেওয়ার জন্য সুপারিশ করা হয়েছে। এদের শিক্ষকসংখ্যা হবে যথাক্রমে ১ হাজার ১ শত ১ জন এবং ৩ হাজার ৩ শত ৫৫ জন।

১৯৬৮ সন পর্যন্ত রাজ্য সরকার কর্তৃক ৩ হাজার ৬ শত ৮২টি উচ্চতর এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় অনুমোদিত হয়েছিল। চতুর্থ পরিকল্পনার প্রথম তিন বৎসরে আরও ৪ শত ১১টি অনুরূপ বিদ্যালয় অনুমোদনের জন্য সরকার সুপারিশ করেছেন। এসব বিদ্যালয়ে নিযুক্ত শিক্ষকের সংখ্যা হবে ২ হাজার ৫৫ এবং অশিক্ষক কর্মচারীর সংখ্যা হবে ১ হাজার ২ শত ৩৩ জন। অনুমোদিত বিদ্যালয়গুলির জন্য সরকারকে শিক্ষকদের মহার্ঘভাতা আংশিক বেতন বাবদ কিছু অনুদান ইত্যাদির দায়িত্ব নিতে হয়। সুতরাং অতিরিক্ত অর্থবরাদ্দের ব্যবস্থা করতে পারলেই ১৯৭২-৭৩ সনে নূতন বিদ্যালয় স্থাপনের অনুমোদন দেওয়া যাবে। ১৯৬২ সনের ৩১শে ডিসেম্বর পর্যন্ত

অনুমোদিত প্রায় সমস্ত বিদ্যালয়কেই পুরো-ঘাটতি-পূরণ-অনুদান প্রকল্পের আওতায় আনা হয়েছে। মাত্র ৮০টি মাধ্যমিক বিদ্যালয় এই আওতার বাইরে আছে। এই ৮০টি বিদ্যালয় এবং ১৯৬৩ সন থেকে ১৯৬৯ সন পর্যন্ত অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়সমূহকে বিভিন্ন হারে থোক অনুদান দেওয়া হয়। এই অনুদানের পরিমাণ বাৎসরিক ৬ হাজার টাকা থেকে বাৎসরিক ২৫ হাজার টাকা পর্যন্ত। ১৯৭০ এবং ১৯৭১ সনে যে-সব মাধ্যমিক বিদ্যালয় অনুমোদিত হয়েছে আর্থিক অনটনে তাঁদের জন্য অবশ্য বার্ষিক থোক অনুদানের ব্যবস্থা করাও সম্ভব হয়নি।

পশ্চিমবঙ্গে মাধ্যমিক বিদ্যালয়সমূহে মেয়েদের সংখ্যা বিশেষভাবে বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন প্রকারের বালিকা বিদ্যালয়ের সংখ্যা নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় | ... | ৪৩৪ |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | ... | ৫১৬ |
| নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | ... | ৬২৬ |
| | | মোট—১,৫৭৬ |

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে গ্রামাঞ্চলে ছাত্রীরা পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়ার সুযোগ পেয়ে আসছিল। ১৯৭১ সন থেকে শহরাঞ্চলের মেয়েদের জন্যও পঞ্চম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষার সুযোগ করে দেওয়া হয়েছে। আরও স্থির হয়েছে এ-বৎসর থেকে পশ্চিমবঙ্গের প্রত্যেকটি উন্নয়ন ব্লক থেকে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নির্বাচিত একজন করে ছাত্রীকে বৃত্তি দেওয়া হবে। যে-সব ছাত্রীরা ছাত্রী-নিবাসে থাকবে তাদের বৃত্তির পরিমাণ হবে বৎসরে ১ হাজার টাকা আর যারা বাড়ী থেকে বিদ্যালয়ে এসে পড়বে তারা পাবে বৎসরে ৫ শত টাকা।

উচ্চতর মাধ্যমিক পরীক্ষা এবং স্কুল ফাইন্যাল পরীক্ষায় মেয়েদের পাশের হার সাধারণ পাশের হার থেকে অনেক বেশি। উচ্চতর মাধ্যমিক এবং স্কুল ফাইন্যাল পরীক্ষার বিভিন্ন ধারায় মেয়েরা ক্রমশই উচ্চ স্থান অধিকার করছে।

অপরিকল্পিত ও বিশৃঙ্খলভাবে যাতে মাধ্যমিক বিদ্যালয় আর স্থাপিত হতে না পারে সেজন্য সমগ্র রাজ্যে একটি সমীক্ষা (survey) চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই সমীক্ষার সাহায্যে বিভিন্ন অঞ্চলে মাধ্যমিক শিক্ষার সুযোগ ইত্যাদির পর্যালোচনা করে কোন্ কোন্ অঞ্চলে মাধ্যমিক বিদ্যালয় স্থাপন বা অনুমোদনের প্রকৃত প্রয়োজন আছে তা যাচাই করে দেখা হবে।

মাধ্যমিক বিদ্যালয়ে নিযুক্ত মোট ৮২ হাজার ৮৫ জন শিক্ষকের মধ্যে ১৯৭১-৭২ সনের হিসেবে আনুমানিক ২৯ হাজার ৫ শত জন শিক্ষক-শিক্ষণপ্রাপ্ত। যাঁরা শিক্ষণপ্রাপ্ত নন তাঁদের সংখ্যা শতকরা প্রায় ৬৫। এঁদের শিক্ষণ-বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাদানের জন্য প্রায় ১ শত ৩০টি কেন্দ্রে আংশিক সময়ের জন্য সান্ধ্য (Part-time—Evening) বি. এড. পাঠক্রম প্রবর্তন করার প্রস্তাব আছে। শিক্ষকতা কার্যে নিযুক্ত থেকেই এই পাঠক্রম সম্পূর্ণ করা যাবে। সরকার স্থির

করেছেন যে এখন থেকে শিক্ষক-শিক্ষণপ্রাপ্ত শিক্ষকরাই নিয়োগের সময় অগ্রাধিকার পাবেন। এই উদ্দেশ্যে শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়গুলিতে শতকরা ৫০ ভাগ আসন শিক্ষকতা-কর্ম গ্রহণেচ্ছু স্নাতকদের দ্বারা পূরণ করা হবে। বাকি ৫০ ভাগ আসন বর্তমানে কর্মরত শিক্ষকদের জন্য রাখা হয়েছে। যে-সব শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়ে নূতন আসন সৃষ্টির সুযোগ আছে সেখানে আসন সংখ্যা শতকরা ১০ ভাগ বাড়িয়ে দেওয়া হয়েছে। এই আসনগুলি নূতন স্নাতকদের দ্বারাই পূণ হবে। দরিদ্র মেধাবী স্নাতকদের শিক্ষকতা কার্যে আকৃষ্ট করার উদ্দেশ্যে শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়ে পড়ার সময় তাদের মাসিক ৪০ টাকা হারে বৃত্তিদানের ব্যবস্থা করা হয়েছে। শতকরা ১০ ভাগ অতিরিক্ত আসনসহ যে-সব মহাবিদ্যালয়ে নূতন স্নাতকদের সংখ্যা মোট অনুমোদিত গ্রহণযোগ্য ছাত্রসংখ্যার শতকরা ৬০ ভাগের বেশি নয় সেখানে সব নূতন স্নাতককেই এই বৃত্তি দেওয়া হবে।

১৯৭০ সনের ১লা এপ্রিল থেকে বেসরকারী সাহায্য প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতনের হার এবং অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে। যদিও সংশোধিত বেতনক্রম সম্পূর্ণ ঘাটতিপূরণ পাওয়ার উপযুক্ত বিদ্যালয়গুলিতেই প্রযোজ্য, তবুও যে মাধ্যমিক বিদ্যালয়গুলি বার্ষিক থোক অনুদান পায়, অথবা যারা থোক অনুদান পায় না তাদের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদেরও বেতনবৃদ্ধির উদ্দেশ্যে প্রত্যেককে মহার্ঘভাতার অতিরিক্ত আংশিক বেতন বাবদ মাসিক ৭ টাকা ৫০ পয়সা করে সরকার থেকে দেবার ব্যবস্থা হয়েছে। ১৯৭১ সনের ১লা অক্টোবর থেকে বিদ্যালয়ের শিক্ষক এবং তৃতীয় শ্রেণীর কর্মীদের জন্য মাসিক ৮ টাকা হারে এবং চতুর্থ শ্রেণী কর্মীদের জন্য মাসিক ৭ টাকা হারে নূতন মহার্ঘ ভাতা মঞ্জুর করা হয়েছে। সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীরা কনট্রিবিউটারি প্রভিডেন্ট ফাণ্ডের সুযোগ পান। শিক্ষক এবং অশিক্ষক কর্মীর পোষ্যদের (wards) মাধ্যমিক শিক্ষার শেষ স্তর পর্যন্ত বিনা বেতনে পড়ার বন্দোবস্ত আছে। ১৯৬৬ সনের ১লা এপ্রিল থেকে বেসরকারী অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মীদের কার্যকালের শেষে পেনসন ও গ্রাচুইটি দেবার ব্যবস্থাও চালু করা হয়েছে।

অর্থাভাবে ১৯৭২-৭৩ সনে বিদ্যালয়ের পরীক্ষাগারগুলির উন্নতির জন্য বেশী ব্যয় করা সম্ভব হবে না। বিদ্যালয়ের পাঠাগার এবং পাঠকক্ষ, শিক্ষকদের আবাস ও ছাত্রাবাসের উন্নতিও একই কারণে স্থগিত রাখতে হবে।

মাধ্যমিক শিক্ষা-ব্যবস্থার তত্ত্বাবধানের জন্য জেলাস্তরে একজন ভারপ্রাপ্ত বিদ্যালয়-পরিদর্শক আছেন। নূতন বিদ্যালয় অনুমোদন, বিদ্যালয়ের জন্য অনুদানের বিলি-ব্যবস্থা প্রভৃতি বিষয়ে জেলা বিদ্যালয়-পরিদর্শককে উপদেশ দেওয়ার জন্য সরকার প্রত্যেক জেলায় একটি করে উপদেষ্টা সমিতি গঠনের সিদ্ধান্ত নিয়েছেন।

বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের পরিচালনা-সংক্রান্ত নিয়মকানুন ১৯৬৯ সনে সংশোধিত হয়েছিল। সেগুলি পুনরায় সংশোধনের বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন।

বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয় স্তরে শিক্ষাদানের জন্য পশ্চিমবঙ্গে বর্তমানে ৭টি বিশ্ববিদ্যালয় আছে। তার মধ্যে একটি কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন। বর্তমানে ২৪৮টি মহাবিদ্যালয় আছে, এর মধ্যে ১৫টি সরকারী এবং ৫৬টি বিশেষ সরকারী অনুদানপুষ্ট

(sponsored)। চতুর্থ পরিকল্পনার প্রথম তিন বছরে উন্নয়ন-কার্যসূচী রূপায়ণ এবং দৈনন্দিন পরিচালনার জন্য বিশ্ববিদ্যালয়গুলিতে অর্থ মঞ্জুর করা হয়েছে। অর্থের অসঙ্গতি থাকায় ১৯৭২-৭৩ সনে বিশ্ববিদ্যালয়গুলির উন্নয়নমূলক কোন নূতন কর্মসূচী গ্রহণের ব্যয়-বরাদ্দ সম্ভব হয়নি।

চতুর্থ পরিকল্পনার প্রথম তিন বছরে কোন কলেজকে বিশেষ সরকারী অনুদানপুষ্ট প্রথার মধ্যে আনা যায়নি। স্থির হয়েছে রাজা রামমোহনের জন্মের দ্বিশত বৎসর পূর্তি উপলক্ষে হুগলী জেলায় রাধানগরের রাজা রামমোহন রায় মহাবিদ্যালয়টিকে এই বিশেষ সরকারী অনুদান-পুষ্ট প্রথায় আনা হবে। বাঁকুড়া জেলায় শুধু মহিলাদের জন্য একটিও মহাবিদ্যালয় না থাকায় ওখানে একটি মহাবিদ্যালয় স্থাপনের বিশেষ প্রয়োজন। ওই জেলাতে স্পনসরড বা বিশেষ সরকারী সাহায্যপুষ্ট প্রথায় মহিলাদের জন্য একটি মহাবিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

[2-50—3-00 p.m.]

অর্থের অপ্রতুলতার জন্য সরকার শিক্ষাক্ষেত্রে যতটা সম্ভব ব্যয়সংকোচ এবং স্থিতাবস্থা বজায় রাখার সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু বিশেষ প্রয়োজনের ভিত্তিতে কোনো অঞ্চলে স্থানীয় উদ্যোগে মহাবিদ্যালয় স্থাপনে সরকার প্রয়োজনীয় অনুমতি দেবেন। বিশেষ 'প্রয়োজন ভিত্তি'তে মহাবিদ্যালয় স্থাপনের উদ্যোক্তাদের এই শর্তে রাজী হতে হবে যে, চতুর্থ পরিকল্পনা কালে গৃহনির্মাণ বা উন্নয়নের জন্য সরকারের কাছে কোনো মূলধন অনুদানের দাবি করবেন না এবং অন্যান্য বেসরকারী মহা-বিদ্যালয়ের মতো সরকারী অনুদান কেবলমাত্র আবর্তিক অনুদানের মধ্যেই সীমাবদ্ধ থাকবে।

কলিকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চলের বিখ্যাত মহাবিদ্যালয়গুলিতে বিশেষ করে বিজ্ঞান শাখায় ছাত্রদের ভিড় কমাবার উদ্দেশ্যে মফঃস্বলের বহু কলেজে চতুর্থ পরিকল্পনার প্রথম তিন বছরে কলাবিষয়ে অনার্স পাঠক্রম এবং বিজ্ঞানবিষয়ে সাধারণ এবং অনার্স পাঠক্রম আরম্ভ করার অনুমোদন দেওয়া হয়েছে। সরকারী ও বিশেষ সরকারী অনুদানপুষ্ট মহাবিদ্যালয়ের যেগুলিতে অতিরিক্ত ছাত্র গ্রহণের প্রয়োজন অনুভূত হয়েছে সেখানে পালাক্রমে ক্লাস প্রবর্তনের ব্যবস্থা করে সম্প্রসারিত কার্যসূচী গ্রহণ করা হয়েছে। নির্বাচিত কোনো কোনো মহাবিদ্যালয়ে বিশেষ সরকারী সাহায্যে বাণিজ্যিক শাখার প্রবর্তন করা হয়েছে। পূর্বে বলা হয়েছে যে উপযুক্ত বরাদ্দের অভাবে ১৯৭২-৭৩ সনে ঐসব উন্নয়নসূচীর আর সম্প্রসারণ করা সম্ভব হবে না।

বর্ধমান জেলার ঘন-নিবদ্ধ শিল্পাঞ্চল দুর্গাপুরে ওই এলাকার বিশেষ প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে ১৯৭০ সনে একটি সরকারী মহাবিদ্যালয় স্থাপন করা হয়। ওই মহাবিদ্যালয়ে প্রথমে শুধু মানবিক শাখার বিষয়গুলি পড়াবার ব্যবস্থা ছিল। এ-বছর থেকে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত এবং ভূতত্ত্ববিদ্যায় অনার্স পাঠক্রম প্রচলিত হয়েছে। বারসত সরকারী মহাবিদ্যালয় এবং ঝাড়গ্রাম রাজ কলেজে যথাক্রমে সংস্কৃত এবং জীববিদ্যায় অনার্স পাঠক্রমের ব্যবস্থা করা হয়েছে। প্রেসিডেন্সি কলেজ, হুগলি মহসীন কলেজ এবং দার্জিলিং কলেজে স্নাতকোত্তর শিক্ষার প্রবর্তন করা হয়েছে। নিজস্ব পরিচালনা-ধীনে প্রেসিডেন্সি কলেজে স্নাতকোত্তর পর্যন্ত কতগুলি বিজ্ঞানবিষয় প্রবর্তন করার প্রস্তাবও পরীক্ষা করে দেখা হচ্ছে।

কলেজ শিক্ষকদের অর্থনৈতিক অবস্থার উন্নতিকল্পে গত ১৯৬৯ সনের ১লা এপ্রিল থেকে একটি অখণ্ডিত বেতনের হার মঞ্জুর করা হয়েছে। বেসরকারী কলেজের সব অনুমোদিত শিক্ষকই কতগুলি শর্তাধীনে ওই বেতন-হার পাবার অধিকারী। এই অখণ্ডিত বেতনক্রমে মাহিনা ধার্য না হওয়ায় যে সব শিক্ষক এই নূতন হারে বেতন পাচ্ছেন না বর্তমানে তাঁদের মাসে তদর্থক ৬০ টাকা করে দেওয়া হচ্ছে।

ভারত সরকারের সহযোগিতায় রাজ্য সরকার বিশ্ববিদ্যালয় পর্যায়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে শিক্ষার বাহন হিসেবে আঞ্চলিক ভাষায় পুস্তক রচনার জন্য একটি কার্যসূচী গ্রহণ করেছেন।

অর্থাভাবের জন্য বিভিন্ন মহাবিদ্যালয়কে পাঠাগারের উন্নতি ও পাঠকক্ষের সুযোগ-সুবিধার ব্যবস্থা করা, শিক্ষকদের বাসস্থান ও ছাত্রাবাস নির্মাণের জন্য আর্থিক সাহায্য দেওয়া সম্ভব হচ্ছে না।

মাননীয় সদস্যগণ বর্তমানে পরীক্ষাকেন্দ্রগুলিতে অসদুপায় অবলম্বন ও গোলযোগের বিষয় অবগত আছেন। এর ফলে অনেকক্ষেত্রে পরীক্ষা বাতিল করতে হয়েছে এবং শিক্ষাবর্ষের সূচনা বিলম্বিত হয়েছে। অন্যান্য অসুবিধাও হচ্ছে। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এবং ছাত্র পরিষদের মত ছাত্র প্রতিষ্ঠানগুলি পরীক্ষাকেন্দ্রে দুর্নীতি অবলম্বনের বিরুদ্ধে প্রকাশ্যে মন্তব্য প্রচার করেছেন দেখে সরকার সুখী। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য কর্তৃপক্ষের সঙ্গে এই প্রতিষ্ঠান-গুলি সক্রিয় সহযোগিতা করছেন।

কয়েকটি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা বাতিল করা নিয়ে যে প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে তার সমাধানের জন্য এবং সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার্থে ছাত্র, শিক্ষক ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মতামতের মধ্যে ঘনিষ্ঠ সামঞ্জস্য বিধানের জন্য সরকার চেষ্টা করেছেন। এই উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় এবং পরীক্ষাকেন্দ্রসমূহে পরিচালকদের প্রয়োজনীয় সাহায্যদান করার জন্য জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে। সরকার সম্পূর্ণ সচেতন যে এই দুর্নীতি সমূলে উৎপাটিত করতে হলে আরও অনেক প্রচেষ্টার প্রয়োজন। বিশেষ করে যথোপযুক্ত অধ্যাপনার দিকে এবং পাঠ্যসূচী যাতে সম্পূর্ণরূপে পড়ান হয় তার দিকে লক্ষ্য রাখতে হবে, পরীক্ষা পদ্ধতির সংস্কার করতে হবে এবং শিক্ষক-ছাত্র সম্পর্কের উন্নতি ঘটাতে হবে।

কেবল দারিদ্র্যের জন্য যাতে কোন মেধাবী ছাত্র উচ্চশিক্ষা লাভে বঞ্চিত না হয় সে জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকার স্টাইপেণ্ড, বৃত্তি প্রভৃতির সংখ্যা ক্রমশ বৃদ্ধি করার নীতি গ্রহণ করেছেন। বিভিন্ন লোক-পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা অনুযায়ী বৃত্তি প্রদান করা হয় এবং মেধা ও প্রয়োজনের ভিত্তিতে স্টাইপেণ্ড নির্ধারিত হয়। বর্তমানে রাজ্য সরকার প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের জন্য ৩৩৭৮টি বৃত্তি ও স্টাইপেণ্ডের ব্যবস্থা করেছেন। প্রবেশিকা পরীক্ষার পরবর্তী পাঠক্রমের জন্য পশ্চিমবঙ্গে প্রায় দশ হাজার অভাবগ্রস্ত ও মেধাবী ছাত্রছাত্রী প্রতি বৎসর ভারত সরকারের প্রবর্তিত জাতীয় বৃত্তি ও জাতীয় ঋণ-বৃত্তির সুযোগ লাভ করছে। তাছাড়া প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের সন্তানরা প্রতি বৎসর কেন্দ্রীয় সরকারের মেধা-বৃত্তি পরিকল্পের সুযোগ পেয়ে থাকে। প্রায় ২০০ জন ছাত্র বর্তমানে এ সুযোগ পাচ্ছে। জাতীয় স্বাধীনতা আন্দোলনে যাঁরা ত্যাগ স্বীকার করেছেন এমন ব্যক্তিদের সন্তানরা রাজ্য সরকারের কাছ থেকে স্টাইপেণ্ড ও অন্যান্য শিক্ষামূলক সুযোগ-সুবিধা পেয়ে থাকে। প্রায় ১৫০০ ছাত্র এ সুযোগ পাচ্ছে।

প্রাথমিক, মাধ্যমিক, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষা ছাড়াও শারীরিক শিক্ষা, যুবকল্যাণ, সামাজিক ও সাংস্কৃতিক শিক্ষা, সমাজকল্যাণ ও কারিগরী শিক্ষাবিষয়েও নানারূপ কর্মসূচী রয়েছে।

শারীরিক শিক্ষা ও যুবকল্যাণমূলক কার্যসূচীর ক্ষেত্রে ১৯৭২-৭৩ সনের ব্যয়ের প্রধান অংশ ৪১নং অনুদানের ৭১নং বিবিধ ক্রীড়া মুখ্য শীর্ষ খাত থেকেই নির্বাহিত হবে। ১৯নং অনুদানের ২৮নং শিক্ষা মুখ্য শীর্ষ খাতে ব্যায়ামাগার নির্মাণ, সাঁতার শেখার ব্যবস্থাসহ পুষ্করিণী, মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়াঙ্গনের উন্নতি, এবং যে সকল মহাবিদ্যালয়ে শিক্ষণপ্রাপ্ত ব্যায়াম-শিক্ষক আছেন সে সবের জন্য যন্ত্রপাতি, ক্রীড়াসামগ্রী ইত্যাদি ক্রয়-বাবদ অতি সামান্য অর্থই ধরা হয়েছে।

সমাজশিক্ষা ও সাংস্কৃতিক শিক্ষাক্ষেত্রে বয়স্ক শিক্ষ-কর্মসূচী প্রবর্তনের উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়েছে। বর্তমানে রাজ্যের বিভিন্ন অংশে ৬ হাজার ৬ শত ৯৭টি আক্ষরিক শিক্ষাকেন্দ্র ও নৈশবিদ্যালয় পরিচালিত হচ্ছে। এদের মধ্যে ৪ হাজার ৯২টি কেন্দ্র কৃষি ও সমাজ-উন্নয়ন বিভাগ কর্তৃক পরিচালিত। এছাড়া জেলা সমাজশিক্ষা আধিকারিকদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ১ হাজার ২৩টি এক-শিক্ষকবিশিষ্ট পাঠশালা রয়েছে। গত বছর এইসব আক্ষরিক শিক্ষাকেন্দ্র ও নৈশবিদ্যালয় থেকে আনুমানিক ৭৮ হাজার জন বয়স্ক সাক্ষরতা লাভ করেছেন। এছাড়া গত বছর এক-শিক্ষকবিশিষ্ট পাঠশালা থেকে ৩১ হাজার বয়স্ক ব্যক্তি সাক্ষরজ্ঞান লাভ করেছেন। অর্থের অপ্রতুলতার জন্য ১৯৭২-৭৩ সনে নিরক্ষর বয়স্কদের শিক্ষাদানের জন্য অতিরিক্ত পাঠশালা, আক্ষরিক-শিক্ষাকেন্দ্র ইত্যাদি প্রতিষ্ঠা করা সম্ভব হবে না। ভারত সরকার নির্দেশিত কৃষক-সাক্ষরতা কর্মসূচী অনুযায়ী ৬০টি কেন্দ্র পরিচালিত হয়েছিল। প্রতি কেন্দ্রে ৩০ জন করে শিক্ষার্থী দুই দফায় ছয় মাস ধরে শিক্ষালাভ করেছেন। বর্ধমান জেলায় এই কর্মসূচী প্রথম প্রবর্তিত হয়। পরে তা বীরভূম, বাঁকুড়া ও কুচবিহার জেলায় সম্প্রসারিত হয়।

বর্তমানে এরাজ্যে ৪২টি বয়স্ক-উচ্চ বিদ্যালয় আছে। সাক্ষর এবং সদ্য সাক্ষর বয়স্কদের জন্য এসব বিদ্যালয়ে একটি ৪ বৎসরের পাঠক্রম প্রচলিত আছে। চার বছরের শেষে ছাত্রেরা মাধ্যমিক শিক্ষা বোর্ডের স্কুল ফাইন্যাল পরীক্ষায় বসতে পারে। পরীক্ষায় পাশের হার শতকরা ৯০-এর মতো।

পশ্চিমবঙ্গে এখন ৭টি সরকারী গ্রন্থাগার, ১৭টি স্পনসর্ড জেলা গ্রন্থাগার, ২০টি স্পনসর্ড মহকুমা বা শহরাঞ্চলের গ্রন্থাগার, ২৪টি স্পনসর্ড আঞ্চলিক গ্রন্থাগার এবং ৬০৮টি স্পনসর্ড গ্রামীণ গ্রন্থাগার আছে। প্রায় ১০০০ লাইব্রেরী কেন্দ্র এবং ১০০০-এর উপর সাহায্যপ্রাপ্ত লাইব্রেরী আছে।

[3-00—3-1` p.m.]

অর্থাভাবে ১৯৭২-৭৩ সনে রাজ্যে পাঠাগার কর্মসূচীর সম্প্রসারণ সম্ভব নয়। পাঠাগার কর্মসূচীর ক্ষেত্রে চতুর্থ পরিকল্পনার প্রথম তিন বছরে গৃহীত কার্যক্রম চালিয়ে যেতেই সমস্ত অর্থ নিঃশেষিত হয়ে যাবে। এই বছর মে মাসে ভারত সরকারের জাতীয় গ্রন্থাগারে ৫০ লক্ষ টাকা অনুদানযোগ্য মূলধন (capital outlay) সমন্বিত রাজা রামমোহন রায় ফাউণ্ডেশনের উদ্বোধন করেন। রাজ্য

সরকারের শিক্ষাবিভাগও এই ফাউণ্ডেশনকে দু লক্ষ টাকা সাহায্য দিয়েছে। পাঠাগার কর্মসূচীর সম্প্রসারণে এই ফাউণ্ডেশন সাহায্য করবে।

শিক্ষাবিভাগের সাংস্কৃতিক কর্মসূচীর ক্ষেত্রে অরোভিলের "ভারতনিবাস" প্রাঙ্গণে স্বতন্ত্র পশ্চিমবঙ্গ প্যাভিলিয়ন নির্মাণের জন্য আর্থিক সাহায্য মঞ্জুর বিশেষ উল্লেখযোগ্য ঘটনা। এর মধ্যে বাঙ্গালীর সাংস্কৃতিক বৈশিষ্ট্যগুলি প্রদর্শিত হবে। পশ্চিমবঙ্গের চারুশিল্প, কারুশিল্প, সাহিত্য, সঙ্গীত ও শিল্প প্রভৃতি বিভিন্ন ক্ষেত্রে যে মহান ঐতিহ্য রয়েছে, সেগুলির প্রদানের ব্যবস্থা থাকবে। অর্থাভাবের জন্য পৌনঃপুনিক সাহায্যপ্রাপ্ত প্রতিষ্ঠান ছাড়া সাংস্কৃতিক কর্মসূচী রূপায়ণে রত অন্য কোনো প্রতিষ্ঠানকে নতুন করে আর্থিক সাহায্য দান করা সম্ভব নয়।

অনাথ বালকবালিকাদের আশ্রয়দানের জন্য ১০টি রাষ্ট্রিয় কল্যাণভবন সহ মোট ৭৪টি কল্যাণভবন ও নিরাশ্রয়ভবন রয়েছে। বর্তমান ভবনগুলিতে আর্থিক সাহায্যদান অব্যাহত থাকবে কিন্তু অর্থাভাবের জন্য ১৯৭২-৭৩ সনে এই কর্মসূচীর কোন সম্প্রসারণ সম্ভব হবে না।

গত কয়েক বছর ধরে শিল্পে মন্দার জন্য ছাত্ররা পলিটেকনিক ও জুনিয়ার টেকনিক্যাল স্কুলে ভর্তি হতে আগ্রহ প্রকাশ করছে না। এর ফলে এই সমস্ত প্রতিষ্ঠানে ছাত্রের সংখ্যা বেশ কমে গেছে। কাজেই এখন নতুন করে পলিটেকনিক বা জুনিয়ার টেকনিক্যাল স্কুল স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের নেই। এমন কি কয়েক বছর আগে যে সমস্ত পলিটেকনিক ও জুনিয়ার টেকনিক্যাল স্কুল স্থাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল অথচ নানা কারণে সেগুলির কাজ আরম্ভ হয়নি, সেগুলিও চালু করার কথা সরকার চিন্তা করছেন না। বর্তমানে রাজ্যে যে সমস্ত কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান চালু আছে তাদের দৃঢ়ীকরণের উপরেই বেশী জোর দেওয়া হচ্ছে।

চারিটি প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয় যথা—দুটি বস্ত্র-প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয়, একটি চর্ম-প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয় এবং একটি মৃৎশিল্প-কাঁচশিল্প (ceramic) প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয় আছে। এগুলি আগে শিল্প ও বাণিজ্য বিভাগের অধীনে ছিল। ১৯৬৮ সনে এগুলি শিক্ষা বিভাগের অধীনে এসেছে। প্রায় একযুগ পূর্বে এই সমস্ত প্রতিষ্ঠানের শিক্ষকদের যোগ্যতার গুণাবলী ও বেতন-হার নির্ধারিত হয়েছিল। শিক্ষাদানকারী এই সমস্ত পদের যোগ্যতা ও বেতন-হারের উন্নতি হওয়া একান্ত প্রয়োজন। সরকার এবিষয়ে চিন্তা করছেন। অদূর ভবিষ্যতে এ বিষয়ে কিছু করা যাবে বলে আশা করা যায়।

প্রকৃত যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের আকর্ষণ করার জন্য জলপাইগুড়ি সরকারী বাস্তু মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ও অধ্যাপক-পদের বেতনের হার সংশোধন করা হয়েছে এবং বঙ্গীয় বাস্তু মহাবিদ্যালয়ের (Bengal Engineering College) ঐ সমস্ত পদে যে বেতন হার চালু আছে তার সমতুল্য করা হয়েছে। এখন দুটি সরকারী বাস্তু মহাবিদ্যালয়ের কারিগরী বিষয়ে শিক্ষাদানকারী সমস্ত পদেরই বেতনের হার সমান করা হল।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে জলপাইগুড়ি বাস্তু মহাবিদ্যালয় ১৯৬৮ সনে সরকারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে আসে। প্রতিষ্ঠার সময় থেকেই এই মহাবিদ্যালয় উপযুক্ত কর্মীর অভাব, ছাত্রদের থাকা-খাওয়ার (mess) অব্যবস্থা প্রভৃতি নানাবিধ অসুবিধায় ভুগছে। কিছুদিন পূর্বে সরকার এসব বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করেছেন এবং মহাবিদ্যালয়টি যাতে দৃঢ়ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয় তার ব্যবস্থা করছেন।

যোগ্যতা উন্নয়ন কর্মসূচী (Quality Improvement Progamme) প্রকল্প অনুযায়ী সরকার স্থির করেছেন যে তারা সরকারী খরচায় এম. টেক (M. Tech) ও ডক্টরেট ডিগ্রী (Doctorate Degree) লাভের জন্য বাস্তু মহাবিদ্যালয় ও প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয় থেকে প্রতি বছর দশজন করে অধ্যাপক পাঠাবেন। ইতিমধ্যেই জলপাইগুড়ি সরকারী বাস্তু মহাবিদ্যালয় থেকে ৫জন ও প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয়গুলি থেকে ৬জনকে এই কর্মসূচী অনুযায়ী এম. টেক/ডক্টরেট ডিগ্রীর জন্য পাঠানর ব্যবস্থা করা হয়েছে। আগামী বছরও বাস্তু মহাবিদ্যালয় ও প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয় থেকে আরও কয়েকজনকে পাঠান হবে। এভাবে মহাবিদ্যালয়গুলি উচ্চ যোগ্যতাসম্পন্ন অধ্যাপকদের কাছ থেকে শিক্ষার সুযোগ পাবে। একই ভাবে এই যোগ্যতা উন্নয়ন কর্মসূচী প্রকল্প অনুযায়ী প্রদর্শক (Demonstrator) সহ (প্রযুক্তিবিদ্যা এবং বিজ্ঞান উভয় বিষয়েই) পলিটেকনিকের শিক্ষকদের সরকারী খরচায় কলকাতার প্রযুক্তি-শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠানে শিক্ষা দেওয়ার এক পরিকল্পনা সরকার মঞ্জুর করেছেন। প্রতি বছর প্রদর্শক সহ প্রায় ৩০ জন শিক্ষককে শিক্ষণের জন্য প্রেরণ করা হয়। বঙ্গীয় বাস্তু মহাবিদ্যালয়ে চৌদ্দটি বিশেষ ক্ষেত্রে স্নাতকোত্তর শিক্ষার জন্য কেন্দ্রীয় স্পনসরড পরিকল্পনা অনুযায়ী একটি পরিকল্পনা ভারত সরকার মঞ্জুর করেছেন। বর্তমানে আটটি বিশেষ ক্ষেত্রে স্নাতকোত্তর শিক্ষা আরম্ভ হয়েছে এবং ক্রমে চৌদ্দটি ক্ষেত্রে এই শিক্ষা প্রবর্তিত হবে।

প্রযুক্তিবিদ্যা পাঠসূচীর একটা ত্রুটি এই যে এতে ব্যবহারিক শিক্ষার যথেষ্ট অভাব রয়েছে। এর প্রধান কারণ এই যে অধিকাংশ শিক্ষকের শিল্প সম্বন্ধে কোনো সম্যক অভিজ্ঞতা নেই। এই ত্রুটি সংশোধনের জন্য ভারত সরকার কর্মরত শিক্ষকদের তিন মাসের জন্য শিল্প সংস্থায় ব্যবহারিক শিক্ষার এক কর্মসূচী গ্রহণ করেছেন। রাজ্য সরকারও এই কর্মসূচীতে যোগদান করেছেন এবং [illegible]রিগরী মহাবিদ্যালয় ও পলিটেকনিকগুলির বর্তমান শিক্ষকদের, তাঁহাদের সুবিধা এবং প্রতিষ্ঠানের [illegible] অনুযায়ী যে-কোন সময়ে তিন মাসের জন্য কোনো শিল্প প্রতিষ্ঠানে ব্যবহারিক শিক্ষালাভের জন্য উৎসাহ দিয়ে আসছেন। শিক্ষকগণ শিল্পে ব্যবহারিক শিক্ষালাভের সময় ভ্রমণ-ভাতা ও বেতন ছাড়াও ভারত সরকার থেকে মাসিক তিনশত টাকা হিসেবে তিন মাসের জন্য বৃত্তি পাবেন।

বিভিন্ন প্রযুক্তিবিদ্যা শিক্ষা মহাবিদ্যালয়ের কর্মীদের জন্য বাসগৃহ নির্মাণ ও যন্ত্রপাতি ক্রয়ের জন্য অনুদানের প্রয়োজনীয়তার বিষয়েও সরকার অবহিত আছেন। জলপাইগুড়ি সরকারী [illegible] মহাবিদ্যালয়ের কর্মীদের কয়েকটি আবাসস্থল নির্মাণের জন্য গত ডিসেম্বর মাসে প্রায় ৩ লক্ষ [illegible] হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। ঐ মহাবিদ্যালয়ে যন্ত্রপাতি কেনার জন্য ১৯৭১-৭২ সনে [illegible] লক্ষ ১৭ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। ঐ সময়ে বঙ্গীয় বাস্তু মহাবিদ্যালয়ে যন্ত্রপাতি ক্রয়ের জন্য ৮৯ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। বহরমপুরের বস্ত্র-প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয়ে ১৯৭১-[illegible] সনে রোকম মেশিনারী ক্রয়ের জন্য ৩ লক্ষ ৬৯ হাজার টাকা দেওয়া হয়েছে। ইউ-এস-এড [illegible] মিলিয়ন ডলার লোন প্রোগ্রাম অনুযায়ী শ্রীরামপুরের বস্ত্র-প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয় যাতে প্রয়োজনীয় যন্ত্রপাতি আমদানী করতে পারে তার জন্যও সরকার কিছু অর্থ বরাদ্দ করেছেন।

সাহা ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার ফিজিক্স-এর বিস্তৃতির জন্য লবণহ্রদ এলাকায় আরও ছয় [illegible] জমি সংগ্রহ করার উদ্দেশ্যে গত বছর ১৪ লক্ষ ৪০ হাজার টাকা সাহায্য হিসাবে মঞ্জুর করা হয়েছে। প্রযুক্তিবিদ্যার উন্নতিকল্পে প্রযুক্তি-প্রতিষ্ঠানগুলির পরিদর্শন ব্যবস্থার সংস্কারের উদ্দেশ্যে

একটি প্রযুক্তি-অধিকার (Technical Directorate) প্রতিষ্ঠার জন্য ভারত সরকার কয়েক বছর ধরে জোর দিয়ে আসছিলেন। ভারত সরকারের এই প্রস্তাবে রাজ্য সরকার সম্মত হয়েছেন এবং প্রযুক্তিশিক্ষা-অধিকর্তা সহ প্রযুক্তি-অধিকার সৃষ্টি করা হয়েছে। সরকার আশা করেন এখন প্রযুক্তি-শিক্ষার উন্নতি ও বিস্তৃতির জন্য আরও অধিক মনোযোগ দেওয়া যাবে।

বহু বছর আগেই ইঞ্জিনিয়ারিং কলেজ ও পলিটেকনিকগুলির জন্য পাঠ্যসূচী রচিত অথবা সংশোধিত হয়েছিল। এখন সেগুলির পুনরায় সংশোধন করে শিল্পমুখী করার প্রয়োজন। কারীগরী ও প্রযুক্তিবিদ্যা শিক্ষার রাজ্যপরিষদ পাঠ্যসূচী শিক্ষাপ্রণালী, পরীক্ষা পদ্ধতি প্রভৃতি সংশোধনের জন্য মাদ্রাজ আই-আই-টি'র ভূতপূর্ব অধিকর্তা শ্রী বি. বি. সেনগুপ্তের সভাপতিত্বে একটি উপ-সমিতি গঠন করেছেন—এই সমিতি তাঁদের অন্তর্বর্তীকালীন প্রতিবেদন দাখিল করেছেন। প্রতিবেদনটি এখন সরকারের বিবেচনাধীন আছে।

শিল্পের সঙ্গে ঘনিষ্ঠ সংযোগ স্থাপনের জন্য সরকার কিছুদিন আগে একটি "শিল্প-সংযোগ সংস্থা' (Industrial Liaison Board) স্থাপন করেছেন। এতে বিভিন্ন বণিক সভা এবং বিভিন্ন শিল্পের প্রতিনিধিগণকে সদস্য হিসেবে গ্রহণ করা হয়েছে। কারীগরী ও প্রযুক্তিবিদ্যা শিক্ষার রাজ্য পরিষদও পুনর্গঠিত হয়েছে। কারিগরি ও প্রযুক্তিবিদ্যা শিক্ষার মহাবিদ্যালয়, পলিটেকনিক ও জুনিয়র টেকনিক্যাল স্কুলের শিক্ষকগণ এবং কয়েকটি বণিক সভার প্রতিনিধিগণ এই পরিষদের সদস্যরূপে গৃহীত হয়েছেন। তাছাড়া কারিগরী ও প্রযুক্তিবিদ্যা মহাবিদ্যালয়, পলিটেকনিক এবং জুনিয়র টেকনিক্যাল স্কুলগুলির পরিচালন সমিতিসমূহও পুনর্গঠিত হয়েছে। এখন শিল্প প্রতিনিধিগণ ও শিক্ষক প্রতিনিধিগণকে এগুলির অন্তর্ভুক্ত করা হয়েছে।

স্পনসর্ড পলিটেকনিকগুলির শিক্ষক, অশিক্ষক কর্মচারীদের চাকুরীর অবস্থার উন্নতির জন্য সরকারী কর্মচারীদের অনুরূপ মহার্ঘ ভাতা মঞ্জুর করা হয়েছিল। ১৯৭০ সনের ১লা এপ্রিল তারিখে যখন বেতন-হার সংশোধিত হয় তখন মহার্ঘ ভাতা এই সংশোধিত বেতন হারের অন্তর্ভুক্ত করা হয়েছে এর ফলে, যখন মহার্ঘ ভাতা পৃথক ছিল তখন তাঁরা সবসাকুল্যে যে পারিশ্রমিক পেতেন এখন তার থেকে বেশী পারিশ্রমিক পাচ্ছেন। তাছাড়া জুনিয়ার টেকনিক্যাল স্কুলের নিম্ন পর্যায়ের কয়েক শ্রেণীর কর্মচারীর বেতন হারেরও সংশোধন করা হয়েছে। ১৯৭১ সনের ১লা অক্টোবর থেকে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মাসিক ৭ টাকা হিসেবে এবং চতুর্থ শ্রেণী ব্যতীত অন্যান্য শ্রেণীর কর্মীদের মাসিক ৮ টাকা হিসেবে অতিরিক্ত মহার্ঘভাতা মঞ্জুর করা হয়েছে। স্পনসরড পলিটেকনিক শিক্ষকদের অবসরকালীন বয়স ৬২ বৎসর পর্যন্ত বাড়ান হয়েছে এবং কয়েকটি শর্তাধীনে ৬৫ বৎসর বয়স পর্যন্ত প্রতি বৎসরে পুনর্নিয়োগ করা যেতে পারবে।

সরকার এ বিষয়ে সম্পূর্ণ অবহিত আছেন যে শিক্ষার ক্ষেত্রে অনেক উন্নতির অবকাশ রয়েছে কিন্তু একথা আগেই বলা হয়েছে যে আর্থিক অনটনই এবছর উন্নয়ন কর্মসূচীর প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে।

[3-10—3-45 p.m. including adjournment]

এছাড়া সরকার অবিলম্বে ৩টি বিশেষজ্ঞ কমিটি নিয়োগের কথা বিবেচনা করছেন। প্রথমটি প্রচলিত পরীক্ষা ব্যবস্থা প্রয়োজনীয় সংস্কারের পথ সুপারিশ করবেন। দ্বিতীয়তঃ মাধ্যমিক শিক্ষ

কাঠামো ও সুষ্ঠ পুনর্বিন্যাস সম্বন্ধে অনুসন্ধান করতে পরামর্শ দেবেন এবং তৃতীয়ত: সাধারণভাবে মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়-এর শিক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সঠিক পরামর্শ দেবেন এবং যেহেতু রাজ্যের বিভিন্ন মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়গুলিতে পাঠসূচীর পঠন-পাঠন ব্যবস্থাপনা, অধ্যাপকদের চাকুরীর ব্যবস্থা ও অন্যান্য ক্ষেত্রে একটি মোটামুটি সামঞ্জস্য আনা যায় সে বিষয়ে অনুসন্ধান ও সুপারিশ করবেন। প্রাথমিক ও মধ্যশিক্ষার সুষ্ঠু পাঠ্যসূচীর বিষয়ে আমাদের দেশে মহাপুরুষদের জীবনী, জাতীয় আন্দোলনের ইতিহাস, স্বাধীনোত্তরকালের ইতিহাস, পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরিচয় ইত্যাদি অন্তর্ভুক্ত করে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। এছাড়া বিভিন্ন স্তরে পাঠ্যসূচী পরিবর্তন করে আরো সুষ্ঠু ও সকলের উপযোগী করার কথা বিবেচনাধীন আছে। মাননীয় সদস্যবৃন্দ নিশ্চয় অবগত আছেন যে সংবিধানের নির্দেশানুযায়ী অষ্টম শ্রেণী পর্যন্ত ছেলেদের শিক্ষা অবৈতনিক করার সংকল্প সরকার ইতিমধ্যেই গ্রহণ করেছেন। তাছাড়া অদূরভবিষ্যতে শহরাঞ্চলে প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক করা যায় ছেলেদের ক্ষেত্রে সেকথা সরকারের বিবেচনাধীন আছে। তবে এই সব কল্যাণমূলক কার্যকলাপ সম্পূর্ণরূপে রাজ্য সরকারের আর্থিক সংগতি, সমৃদ্ধির উপর নির্ভরশীল সেই জন্য এগুলির রূপায়ণে বিলম্ব ঘটতে পারে এই কথা দুঃখের সঙ্গে জানাচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা বলেই আমি বাজেট বিবেচনা করার জন্য উপস্থাপিত করছি এবং ১৯৭২-৭৩ সনের জন্য ১৯নং অনুদানের '২৮নং শিক্ষা' মুখ্য শীর্ষ খাতে ৭৮ কোটি ৩৯ লক্ষ টাকা মঞ্জুর করার আবেদন জানাচ্ছি।

**Mr. Speaker :** There are two cut motions. They are in order and taken as moved.

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nasiruddin Khan that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

( At this stage the House was adjourned for 30 minutes. )
(After adjournment)

[3-45—3-55 p.m ]

**শ্রীনাসিরুদ্দিন খান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী মহাশয় রাজ্যপালের সুপারিশ অনুযায়ী ১৯৭২-৭৩ সালের ১৯ নম্বর অনুদানের অন্তর্গত '২৮—শিক্ষা' মুখ্য শির্ষক ব্যয় বাবদ Grant Number 19, Major Head : Education-এ মোট ৭৮ কোটি ৩৯ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ যা সভায় উত্থাপিত করেছেন সভার অনুমোদনের জন্য আমি সেই আলোচনায় অংশ গ্রহণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমার বক্তব্যের সময় আমার দিকে দৃষ্টিপাত করলে আমার একটু অসুবিধা হবে, বিশেষ করে বিরোধীপক্ষের ২ জনের সময়। আমাদের দিকে একটু নেক নজর করলে ভাল হয়। বর্ধমান University-তে ১৩ মাস অতিবাহিত হতে চললো কোন Vice-Chancellor নেই। এর থেকে অবাক কাণ্ড আর কি হতে পারে। এই সরকারের

সবে মাত্র ৪ মাস। এই ৩/৪ মাসের মধ্যে এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয়, বর্দমান University তার ১৩ মাস যাবত Vice-Chancellor নেই এটা আপনি একটু ভেবে দেখবেন।

Burdwan University Act, 1959—section 6, sub-section 2 If the Vice-Chancellor is, by reason of leave, illness or other cause, temporarily unable to exercise the powers and perform the duties of the office, the University may, subject to the approval of the Chancellor, appoint one of its members to exercise the powers and perform the duties of the Vice-Chancellor.

অথচ আজ পর্যন্ত এর কোন ব্যবস্থা হয়নি। এই সরকার কতটুকু কি করতে পারবেন বোঝা যাচ্ছে, কারণ শিকারী বিড়ালের গোঁফ দেখলে বোঝা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের শ্রদ্ধেয় সদস্যগণের এতবড় একটা গুরুত্বপূর্ণ বিষয় একটু ধৈর্য সহকারে শুনবার মত একটু ধৈর্য্য নেই। অবশ্য এটা ঠিক যে সরকার চালানই ওদের কর্তব্য হয়ে দাঁড়িয়েছে, আসলে হোক বা না হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যাদের দ্বারা এই সরকার প্রতিষ্ঠিত, এই যুবকংগ্রেস ও ছাত্র পরিষদের কিছু বক্তব্য বলতে চাই। স্যার, এই ভোটের আগে যুবকংগ্রেস এবং ছাত্রপরিষদের বক্তব্য, তার ছাপান এই কথাগুলির উপর আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর বিশেষভাবে দৃষ্টি আকর্ষন করবার চেষ্টা করছি। এটা আমার বক্তব্য নয়, ছাপান যুবকংগ্রেস এবং ছাত্রপরিষদের দেওয়া একটা deputation।

১। মেডিক্যাল, ডাবলু. বি. সি. এস, আই. এ. এস এ্যাণ্ড গভর্ণমেন্ট স্কলারসিপ ইত্যাদি।

নির্দিষ্ট আসন সংরক্ষণের ক্রটিহীন ব্যবস্থা করা।

২। মাদ্রাসা শিক্ষাস্তরের সমস্যার প্রধান আলোচ্য বিষয় :—

(ক) সিলেবাস।

(খ) শিক্ষণ পদ্ধতি।

৩। (ক) মাদ্রাসা শিক্ষামানের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষামানের সামঞ্জস্য।

(খ) মাদ্রাসা শিক্ষামানের যোগ্যতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষামানের চাকুরীগত যোগ্যতার সামঞ্জস্য।

(গ) প্রত্যেক শনম আলিম ফাজিল এম-এম ও এফ-এফ পাশ ছাত্রদের যথাক্রমে এস-এফ, আই-এ, বি-এ, ও এম-এ সমমান স্বীকার করতে হবে। এবং সেই স্বীকৃতি অনুযায়ী আমাদের উক্ত ডিগ্রীধারীদের মত সমহারে উচ্চশিক্ষা ও চাকুরীর ব্যবস্থা করতে হবে।

(ঘ) মাদ্রাসা বোর্ডের এইচ-এম পাশ ছাত্রদের প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রি-ইউনিভার্সিটি পরীক্ষায় বসতে দিতে হবে।

(ঙ) উর্দু ভাষাকে আরবী, ফারসী ও সংস্কৃতের মত স্কুল ফাইন্যাল পরীক্ষার্থীকে সুযোগ দিতে হবে, যেমন ১৯৬০ সালের আগে ছিল—যেহেতু উর্দুও আমাদের ভারতীয় ভাষা।

(চ) অনুন্নত মুসলিম ও নিম্ন অনুন্নত শ্রেণী প্রধান এলাকায় কলেজ স্থাপন করতে হবে।

(ছ) মুসলিম নারী ও অনুন্নত নারীদের শিক্ষার ক্ষেত্রে বিশেষ সুযোগ সুবিধার ব্যবস্থা করতে হবে।

(জ) যুক্তফ্রন্ট আমলে গৃহীত মাদ্রাসা বোর্ড অবলুপ্ত করিয়া সংখ্যালঘুদের উপর কোনরূপ আঘাত হানা চলবে না।

চাকুরীগত সমস্যা

১। বিভিন্ন চাকুরীর ক্ষেত্রে ভারতীয় নাগরিকের মর্যাদা, সমান আর্থিক সুযোগের উপযুক্ত নির্দিষ্ট আসন সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।

(ক) বর্তমানে কলিকাতার আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ (বাংলা জ্ঞান থাকা চাই) পাঁচজন লেকচারার, তিনজন সহ-শিক্ষকের ও পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিষ্ট্রার, এ্যাসিষ্টেণ্ট রেজিষ্টার ও একজন ইন্সপেক্টর, তিনজন করণিকের শূণ্যপদ অবিলম্বে পূরণ করতে হবে।

(খ) ওয়াকফ্ বোর্ডের ডেপুটি ওয়াকফ্ কমিশনার নিয়োগ করতে হবে। তাদের অবশ্যই আরবী, ফারসী সম্পর্কে অভিজ্ঞ আইনজীবী হওয়া আবশ্যক।

সরকারী চাকরীর ছুটির ব্যবস্থা

ঈদল ফেতর এর দুই দিন, ঈদ-উ-জ্জোহা, মহরম, ফতেহাইয়াজদাহম, ফতোহ দোয়াজদাহম, সবেবরাত সর্বভারতীয় ছুটির দিন হিসাবে গণ্য করতে হবে।

আবাসিক সমস্যা

(ক) জেলায় জেলায় মুসলমান ও অনুন্নত সম্প্রদায়ের জন্যে আবাসিক ব্যবস্থা করা।

(খ) বিশেষ করে কলিকাতা ইউনিভারসিটির মুসলমান ছাত্র ছাত্রাদের জন্যে অবিলম্বে পৃথক পৃথক হোস্টেল স্থাপন করা।

আরও অনেক বক্তব্য আছে কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পার হলো পার্টনী শালা, থুরি থুরি শালা বলা যায় না গিন্নীর ভাই। এই যুবকংগ্রেস ও ছাত্রপরিষদ ভোটের আগে মুসলমান সম্প্রদায়ের কাছে এইভাবে তাদের শিক্ষার সুযোগ সুবিধার জন্য লিখিত ডেপুটেশন আমাদের নেত্রী ইন্দিরা গান্ধীর কাছে ও আমাদের কিছু কিছু ছাত্র ডেপুটেশনে গিয়েছিল কিন্তু আজ পর্য্যন্ত কিছুই হলো না। মাননীয় শিক্ষামন্ত্রী যে ভাষণ দিয়েছেন তাতে আমি মোটামুটি লক্ষ্য করলাম তিনি বস্তুতঃ মুসলমান ছাত্রদের জন্য একটা নির্দিষ্ট ব্যবস্থা করবার যে কথা কংগ্রেসের যুব সমাজ নির্বাচনের আগে রেখেছে সেই কথা তো বাদই দিলাম মন্ত্রীমহোদয়ের বক্তৃতার মধ্যে বিশেষ ব্যবস্থার কোন উল্লেখ পর্য্যন্ত নাই।

[3-55--4-05 p.m.]

মাননীয় মন্ত্রী মহোদয় তবে কি রাজনৈতিক স্বার্থ সিদ্ধির জন্য যখন যা খুসী যেভাবে প্রয়োজন যে সম্প্রদায়ের কাছে যে রকম বক্তব্য রাখা দরকার সেটা বলা কি ঠিক না সঙ্গত? আমি

আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি তাঁরই সংস্থার এই ধরণের মুসলমান অনেক ডেপুটেশান দিচ্ছেন লিখিতভাবে। আপনার কাছে সেই বক্তব্য আমি রাখবো। অথচ বাস্তবে বলতে আজকের বাজেটে তিনি বিশেষত: এই অনুন্নত সম্প্রদায়ের জন্য কোন কথাই বলেন নি। সরকারী সিলেবাসে মুসলমানদের শিক্ষা এবং সংস্কৃতির জন্য কোন রকমের ব্যবস্থাই নাই। অথচ ভারতবর্ষের সংস্কৃতি হিন্দু, মুসলমান এবং খ্রীশ্চানের জন্য মিলিত সংস্কৃতি। এই সংস্কৃতি রাখার জন্য সিলেবাসে কোন ব্যবস্থা নেই। সরকারী প্রকাশিত কিশলয়ে দ্বিতীয় শ্রেণীর পাঠ্যে, তৃতীয়, চতুর্থ শ্রেণীর পাঠ্য পুস্তকে মুসলমানদের সংস্কৃতি কেন মুসলমানদের লেখা পর্যান্ত নেই, কাজী নজরুল ইসলামের কবিতা নেই। এই কি সরকারের ধর্ম নিরপেক্ষতার একটা উজ্জ্বল দৃষ্টান্ত? আজকে যে এভাবে একটা সম্প্রদায়ের কথা বিশেষভাবে উল্লেখ করছি এই উল্লেখ আমার উল্লেখ নয়। এটা যুব কংগ্রেস এবং ছাত্রপরিষদ লিখিতভাবে অভিযোগ করেছে। আমি একের পর এক সেটা উপস্থাপিত করবো। নবম এবং দশম শ্রেণীর জন্য পাঠ্য পুস্তক সংকলনে এক কাজী নজরুল ইসলাম-এর একটা কবিতা ছাড়া আর কোন মুসলমান কবির কোন লেখা নেই। অতিরিক্ত পাঠ্য পুস্তক হিসাবে মাধ্যমিক শিক্ষা পরিষদের সিলেবাসে রামায়ণী কথা, কুরু পাণ্ডবের গল্প পড়াবার ব্যবস্থা আছে।

সম্মিলিত হিন্দু মুসলমান, জৈন খ্রীষ্টানের মিলিত সংস্কৃতি নিশ্চয় থাকবে। এখানে রামায়নী, কুরু পাণ্ডবের কথা যেমন থাকবে, তেমনি কিন্তু মুসলমানদের ইসলামিক সংস্কৃতি রক্ষা করার জন্য হজরৎ মহম্মদ, ওমর ফারুক বা অন্য মুসলমান কোন ধর্মগুরুদের জীবনীর কোন বাস কথা নেই। অবশ্য এ বিষয়ে যদি কেউ গুরুত্ব না দেয় তাহলে বলার কিছু নেই। কিন্তু আবার দিন আসবে, যেদিন ছাত্রপরিষদকে এ জিনিষ নিয়ে মুসলমানদের দ্বারে দ্বারে হাজির হতে হবে এবং বলতে হবে আমরা তোমাদের সঙ্গে আছি তোমরা আমাদের ভোট বৈতরণী পার করিয়ে দাও। কাজী নজরুল ইসলামকে নিয়ে আমাদের সরকার ধর্মনিরপেক্ষতার অনেক বুলি আওড়ান। কিন্তু বিশ্ববিদ্যালয়ের M. A. Class-এ এখনও পর্যন্ত কাজী নজরুল ইসলামের একটা বইও পড়ান হয়না। অর্থনৈতিক ও অন্যান্য বিভিন্ন কারণে মুসলমানরা উচ্চশিক্ষা থেকে বিশেষভাবে বঞ্চিত। কিছু কিছু অবস্থাশালী ধনিক শ্রেণী ছাড়া মুসলমানদের ছেলেরা Medical College এবং Engineering-এ তেমন কোন সুযোগ পায়না। এর জন্য একটা বিশেষ ব্যবস্থা অবলম্বন করার জন্য আপনার মাধ্যমে শিক্ষাবিদ শিক্ষামন্ত্রীকে বিশেষভাবে আবেদন নিবেদন করছি। বর্তমান সরকার কেন্দ্রীয় সরকারের নিকট সংখ্যানুপাতে রাজস্ব কর দেবার জন্য একটা সুপারিশ করেছেন। প্রাক্তন রাজ্যপাল ধর্মবীরও কেন্দ্রীয় সরকারের নিকট অনুরূপ দাবী করেছিলেন। প্রাক্তন রাজ্যপাল ধাওয়ান সাহেব কেন্দ্রীয় সরকারের কাছে—যেহেতু পশ্চিমবাংলায় শতকরা ২০ জন মুসলমান বাস করে—তাঁর advisor হিসাবে একজন মুসলমান advisor চেয়েছিলেন এবং Mr M. N. Kidwai advisor রূপে অনেকদিন কাজ চালিয়েছিলেন।

[4-05—4-15 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই দাবিটা যদি ধাওয়ান সাহেব না করে কোন একজন মুসলমান কেন্দ্রীয় সরকারের কাছে করতেন তাহলে কিন্তু তিনি হতেন এক নম্বরের সাম্প্রদায়িক ব্যক্তি। কিন্তু ধাওয়ান সাহেব এই দাবি করেছিলেন এবং তাঁর সেই দাবি কেন্দ্রীয় সরকার মেনে নিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার যে বক্তব্য, দাবি আজকে যেহেতু আমি নাসিরুদ্দিন খাঁন, এম. এল. এ. এই সভায় তুলছি সেইহেতু আমি সাম্প্রদায়িক, কিন্তু এই উক্তিগুলি হচ্ছে ছাত্র

পরিষদ এবং যুবকংগ্রেসের। আমি খুশী হতাম যদি এই প্রকৃত, ন্যায্য, খাঁটি দাবিগুলি আপনারা অর্থাৎ মুসলমান কেউ না তুলে অন্য সম্প্রদায়ের কেউ আজ তুলতেন তাহলে সেটাই হত ধর্মনিরপেক্ষতার আসল স্বরূপ। কিন্তু দুঃখের বিষয় আপনাদের সরকার পক্ষের মন্ত্রী মহোদয় তাঁর বক্তব্যে শিক্ষায় পিছিয়ে পড়া মুসলমান সম্প্রদায়ের জন্য একটা ব্যবস্থা করেছেন তার কোন লেস দেখাতে পারেন নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবাংলায় ৬টি বিশ্ববিদ্যালয় আছে। এই ৬টি বিশ্ববিদ্যালয়ের একটাতেও মুসলমান ভাইস-চান্সেলার নেই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিক্ষায় তাদের অধিকতর উৎসাহিত করার জন্য এ পর্যন্ত কোন চেষ্টা হয় নি। যদি একজন মুসলমানকে ভাইস-চান্সেলরের পদ দেন তাহলে খুশী হব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনগ্রসর মুসলমান সম্প্রদায়ের শিক্ষা প্রসারের জন্য প্রাগ-স্বাধীনতার যুগে মুসলমান ছাত্রদের জন্য ইসলামিয়া কলেজ, ব্রেবর্ণ কলেজ, সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল প্রতিষ্ঠিত হয়েছিল। এই তিনটি প্রতিষ্ঠানের একটি মুসলমান ছাত্রদের জন্য কলেজ, একটি মেয়েদের জন্য কলেজ এবং একটি গার্লস স্কুল প্রতিষ্ঠিত হয়েছিল। মুসলমানদের শিক্ষা এবং সংস্কৃতি রাখবার জন্য একটা বিশেষ ব্যবস্থা প্রাগ্‌-স্বাধীনতার যুগে ছিল। পরবর্তীকালে মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি নিশ্চয় জানেন যে স্পেশাল প্রিভিলেজ, ফেসিলিটি যেগুলি দেওয়া ছিল আজ তা হনন করা হয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই ৩টি কলেজ, স্কুলের প্রতি একটু দৃষ্টি দেবার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সম্প্রতি আলিগড় ইউনিভার্সিটির জন্য একটি নূতন অসাম্প্রদায়িক বিল নাকি পাশ করা হয়েছে। এই ব্যাপারে আমাদের পার্টির তরফ থেকে বিরোধিতা করেছিলাম, কিন্তু তথাপিও এই বিল পাশ হয়েছে। এই আলিগড় ইউনিভার্সিটির মত পশ্চিমবাংলার স্কুল এবং মুসলিম কলেজগুলির চরিত্র সম্পূর্ণরূপে হনন হতে চলেছে। আর এবারে আমি একটি বিশেষ অথচ খুবই তুচ্ছ জিনিসের একটা নির্দিষ্ট উজ্জ্বল প্রমাণ দিচ্ছি। মগরাহাটে একটা স্কুল ছিল যার নাম হচ্ছে মগরাহাট মুসলিম এ্যাংলো ওরিয়েন্টাল ইনষ্টিটিউসন। প্রাক স্বাধীনতার যুগে এই স্কুলটি প্রতিষ্ঠা লাভ করে। কিন্তু পরবর্তীকালে কিছুদিন আগে এই স্কুলটিতে একটা অদ্ভুত ঘটনা ঘটে। স্কুলের ওই নামটা পাথরে খচিত ছিল। বহু কিছুদিন আগে দেখা গেল সেই পাথরে এ্যাংলো অরিয়েন্টাল ইনষ্টিটিউসন কথাটা থাকল, কিন্তু পাথর থেকে মুসলিম কথাটাকে ছেনি দিয়ে কেটে উঠিয়ে দেওয়া হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিই বলুন এর চেয়ে দুঃখের কথা আর কি হতে পারে। যেখানে লেখা ছিল মগরাহাট মুসলিম এ্যাংলো অরিয়েন্টাল ইনষ্টিটিউসন সেখানে ওই মুসলিম কথাটা বেটে দিয়ে শুধু এ্যাংলো অরিয়েন্টাল ইনষ্টিটিউসন রাখা হল। আমার বক্তব্য হচ্ছে এ্যাংলো কথাটা থাকতে পারবে, কিন্তু কোন অপরাধে ওই মুসলিম কথাটা বাদ যাবে? মুসলিম হওয়া কি অপরাধের বিষয় যে মুসলিম কথাটা সেই স্কুল থেকে স্বাধীনতার পর কেটে উঠিয়ে দেওয়া হল? এটা কি ধর্মনিরপেক্ষতার উজ্জ্বল দৃষ্টান্ত? তারপর, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই কলকাতায় কলেজের মুসলিম ছাত্রদের থাকবার জন্য ২টি ছাত্রাবাস আছে এবং তার একটির নাম হচ্ছে কারমাইকেল হোস্টেল এবং আর একটির নাম হচ্ছে বেকার হোস্টেল। অর্থাৎ ২টি মাত্র হোস্টেল কারমাইকেল হোস্টেল এবং বেকার হোস্টেল অনেকদিন পূর্বে বৃটিশ আমলে মুসলিম ছাত্রদের জন্য কোলকাতায় হয়েছে।

[4-15 – 4-25 p.m.]

এবং আজ পর্যন্ত তার অতিরিক্ত কোন ছাত্রাবাস হয়নি। উপরন্তু এর যে এক্সটেনসন-এর প্রয়োজন ছিল তা আজ পর্যন্ত হয়নি। সুব্রতবাবুকে আমি বলি যে উপহাস না করে সমালোচনা

না করে আপনাদের যে ত্রুটি বিচ্যুতি সেটা ধরিয়ে দিচ্ছি, সেগুলি সংশোধন করলে কৃতার্থ হব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুসলমান ছাত্রদের দুটো হোস্টেল ছাড়া আর কোন থাকার ব্যবস্থা নাই। মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি সানুনয়ে নিবেদন করছি যে এই সব ছাত্রদের এমন এমন বস্তি এলাকায় খারাপ পরিবেশের মধ্যে, অস্বস্তির ভেতর তাদের শিক্ষাগত জীবন কাটাতে হয় আপনি আপনার দপ্তর থেকে একটা ব্যবস্থা করুন। আপনি সুযোগ্য, সুপণ্ডিত এবং আপনার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গীসম্পন্ন ব্যক্তিত্ব---আপনার কাছে সানুনয়ে অনুরোধ করছি এই সম্প্রদায়ের তরফ থেকে যারা পিছিয়ে আছে, অনুন্নত সম্প্রদায়-এর তরফ থেকে আপনার কাছে অনুরোধ যে আপনি জানেন যে কলকাতায় এরা যে বস্তী এলাকায় যে জঘণ্য পরিবেশে এরা শিক্ষা অর্জন করে, এই মানসিক অবস্থার মধ্যে কোন ছাত্র থাকতে পারে না, এর জন্য ঐ দুটো এক্সটেনসন করুন অথবা নূতনভাবে গঠন করার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতায় যে ইসলামিয়া হাসপাতাল আছে এই হাসপাতাল সম্বন্ধে আমি বলতে চাই এবং শিক্ষামন্ত্রীর কাছে আমি অনুরোধ করছি এই ইসলামিয়া হাসপাতালেও মেডিকেল কলেজ হাসপাতাল করবার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। তাহলে বিশেষতঃ এই অর্ধ শিক্ষিত সম্প্রদায়ের মেডিকেল শিক্ষা গ্রহণের সুযোগ কিছুটা অধিকতর পাওয়া যেত। আমি আশা করছি এই বিষয়ে আপনি আপনার মর্যাদা রাখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুসলমানদের সংস্কৃতি ছিল সেটা আরবী শিক্ষার সাহায্যেই হত, কিন্তু এই আরবীর শিক্ষার সুযোগ এখানে এত কম, এত সীমিত যে একমাত্র মৌলনা আজাদ কলেজ ও আরো দু একটি বেসরকারী কলেজ ছাড়া আরবী শিক্ষার কোনরকম ব্যবস্থা পশ্চিমবঙ্গে নাই। আর একটি বিষয়ে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বিশেষভাবে যেটা আমাদের সময় থেকে গত কোয়ালিসন মন্ত্রীসভায় আমরা একটা সিদ্ধান্ত নিয়েছিলাম কিন্তু আমি এখন অবাক হচ্ছি এবং শুনছি যদিও জানি যে হাকিম ফেরে তো হুকুম ফেরে না।

এখন দেখছি হাকিম ও হুকুম দুই ভেসে যাচ্ছে। আমাদের হাজী মহসীনের যে ফাণ্ড, মহসীন ফাণ্ড, তা সুদীর্ঘ দিন অর্থাৎ স্বাধীনতার পর ২৫ বৎসর যাবত কি অবস্থায়, কোথায়, কেমনভাবে কোন বাসকেটে সেই কাগজপত্র পড়ে আছে এবং আজ পর্যন্ত সেই খতিয়ান, তাঁর দেয় অর্থ, এই মুশলিম অনুন্নত সম্প্রদায়ের শিক্ষার জন্য যে অর্থ দান করেছিলেন সেই ফাণ্ডে যে কত টাকা আজ পর্যন্ত আছে তার হিসাবটা পর্যন্ত সরকার তৈরী করতে অসমর্থ হয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট আমার অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে বিশেষ অনুরোধ যে লোক তাঁর জীবনের পৈত্রিক সম্পত্তি, তাঁর বংশের সমস্ত অর্থ, তাঁর সম্পত্তি স্থাবর এবং অস্থাবর এই অনুন্নত সম্প্রদায়ের শিক্ষার জন্য তিনি যথাসর্বস্ব দান করেছিলেন আজ সেই টাকার অংক, সেই টাকার হিসাব, সেই টাকার নথি, কাগজপত্র পর্যন্ত এই সরকার আজ পর্যন্ত তার হিসাব প্রস্তুত করতে নারাজ কোন অপরাধে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুনেছি আজ থেকে প্রায় ৫ বৎসর আগে সেই যে প্রচুর অর্থ তার অংক অনেক দাঁড়িয়েছে। জানিনা, এটা আমার শোনা কথা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই ফাণ্ড যাতে আপনার চালান হয় এবং মুশলিম অনুন্নত, অশিক্ষিত সম্প্রদায়ের শিক্ষার ব্যবস্থার জন্ত যথাযথ ব্যয় করা হয় এই কথা আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ অনুরোধ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কথা আমি ইতিপূর্বে ১৯৬৯ সালে প্রথম সভায়, তখন যারা সভায় ছিলেন, তুলেছিলাম যে মাদ্রাসা বোর্ডের যে রেজিষ্ট্রারার এই রেজিষ্ট্রারার হচ্ছে আধখানা রেজিষ্ট্রারার, পূর্ণ রেজিষ্ট্রারার নয়। এবং আধখানা এ্যাসিষ্টেন্ট রেজিষ্ট্রারার। অর্থাৎ যিনি রেজিষ্ট্রারারএর কাজ করেন তাঁকে মাদ্রাসার কাজও করতে হয়, যিনি এ্যাসিষ্টেন্ট রেজিষ্ট্রারার তাঁকে সমুদয় ইনেসপেকশনের কাজও করতে হয়। তিনিও আধা রেজিষ্ট্রারার।

[4-25—4-35 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাদ্রাসা বোর্ডের পিছনে বিরাট ইতিহাস রয়েছে। খুব সুনাম ছিল একদিন। এই মাদ্রাসাবোর্ডের স্বয়ংসম্পূর্ণতার কথা বহুবার বলেছি আবারও আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি এই বোর্ডকে স্বয়ংসম্পূর্ণ করবার জন্য যেন একটা বিশেষ ব্যবস্থা গ্রহণ করেন। সিনিয়ার মাদ্রাসার একটি স্কুলকেও আজ পর্যন্ত কোন ডেফিসিট গ্রান্ট দেওয়া হয়নি। (এ ভয়েস: বাংলাদেশে মাদ্রাসা উঠে গিয়েছে) বড় খুসী হতাম যদি সাম্প্রদায়িক বুলি না রেখে এগুলি তুলে দিতেন যে কথা মাননীয় সন্তোষ রায় মন্ত্রী মহাশয় বলেছেন আপনারা ধর্ম লক্ষ্মণ বলে না রেখে তুলে দেন, ধর্ম নিরপেক্ষতার বুলি আওড়ান তো? মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে মাদ্রাসা, এর ছাত্রদের জন্য আজ পর্যন্ত কোন স্কলারশিপ দেওয়া হয়নি। আলেম, ফাজেল এবং টাইটেল যা আছে মাদ্রাসা বোর্ডে, এগুলিকে আই.এ. বি.এ, এম.এ-এর সমান ধারার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধরুন একটা টাইটেল পাশ ছেলে সরাসরি কোন স্কুলে চাকুরি পেল, একটা আলেম পোষ্ট পাচ্ছে, তাকে কোন্ পর্যায়ে ফেলা হবে, কি বেতন হার হবে, আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয়নি। শিক্ষা বিভাগে, মাননীয় মন্ত্রী মহাশয়, মুসলমানদের চাকুরি খুব সামিত। সারা পশ্চিমবাংলার মধ্যে একজনও ডি আই নাই, ডি আই তো দূরের কথা, ২৪-পরগনার মাধ্যমিক স্কুল ডি আই অফিসে একজন মাত্র মুসলিমও কোন কেরাণীর পোষ্টে বা পিওনের পোষ্টে নাই। অথচ সরকার মুসলমানদের কল্যাণ করবেন বলে অনেক কথা বলছেন। পশ্চিমবঙ্গের শিক্ষা অধিকর্তা দপ্তরে একজন পিওন আছে এবং একজন কেরাণী আছে বটে তার উপর অবিচার করা হয়েছে। তিনি পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু তার যে বেতন স্কেল দেওয়া উচিত ছিল এবং প্রমোশন হওয়া উচিত ছিল, তা হয়নি। আমাদের মাননীয় মন্ত্রী সিদ্ধার্থবাবু যখন পশ্চিমবংগের মিনিষ্টার উইদাউট পোর্টফলিও ছিলেন, তখন প্রাক্তন শিল্প এবং বাণিজ্যমন্ত্রী মহাশয় তাঁর কাছে ডেপুটেশন দিয়েছিলেন তখন তিনি বলেছিলেন, হ্যাঁ, এ বিষয় বিবেচনা করা হবে, কিন্তু আজ পর্যন্ত তা বিবেচনাধীনই রয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা বিশেষ বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ সত্যেন সেনকে যেভাবে পদত্যাগ করানোর চেষ্টা চলেছে তা অতীব নিন্দনীয়। আমি শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে এই বিষয়টা বিবেচনার জন্য অনুরোধ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৬০ সালে কল্যাণী ইউনিভারসিটি এ্যাক্ট পাশ হয়। এবং সেই এ্যাক্টে কল্যাণী ইউনিভারসিটিতে আর্টস, সাইন্স ও এগ্রিকালচার এই তিনটি বিভাগ থাকবে একথা এ্যাক্টে থাকে। এবং তার এরিয়া থাকবে চাকদা, হরিণঘাটা ও বীজপুর থানা এলাকার সব কলেজ নিয়ে প্রতিষ্ঠা লাভ করবে ও ইউনিভারসিটির অনুমোদন পাবে। বর্তমানে কল্যাণী ইউনিভারসিটিতে একটা গ্রুপ চেষ্টা করছে এটাকে সম্পূর্ণ এগ্রিকালচার ইউনিভারসিটিরূপে পরিণত করবার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬০ সালে স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায়ের চেষ্টায় এই ইউনিভারসিটি এ্যাক্ট পাশ হয়। এখন বাকি দুটোকে তুলে কেবল এগ্রিকালচার থাকবে কারণ তা নাহলে নাকি কেন্দ্রীয় সরকারের যে গ্রান্টস তা আমরা পাব না তা থেকে বঞ্চিত হব বলা হচ্ছে। এই নিয়ে আন্দোলন চলেছে, তাদের আন্দলনের দাবি একে কেবল এগ্রিকালচার ইউনিভারসিটি করতে হবে। স্যার, এটা একটা অলীক ব্যাপার এই এ্যাক্ট দেখলেই মন্ত্রী মহাশয় দেখতে পারেন যে এটা সত্য নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা সকলের চেয়ে বড় না হলেও শিক্ষা -জীবনের বাসস্থান, কাপড় ও আহার এই কয়টির পরেই শিক্ষার স্থান। মানুষের সর্বপ্রথমে প্রয়োজন মাথা গোঁজবার স্থান।

[4-35—4-45 p.m.]

দ্বিতীয়তঃ মোটাভাত এবং কাপড ; তৃতীয়তঃ শিক্ষা। আর এই শিক্ষাই যদি সত্যিকারের দেশের সর্বাঙ্গীন কল্যাণের একটীমাত্র পথ হয়—, আর সেই শিক্ষকশ্রেণী যেখানে বাবা এবং মায়ের পরে শিক্ষকদের হাতে সন্তানদের তুলে দেওয়া হয়—যাদের হাতে সেই সন্তান প্রকৃত সন্তানরূপে পরিগণিত হয়, সেই শিক্ষকদের, আজও মাধ্যমিক শিক্ষকদের এমন প্রচুর শিক্ষায়তন আছে যেখানে ১০ মাস, ১২ মাসের বেতন বাকি, তাঁদের দিনের পর দিন ঐ স্থানীয় একটা মুদিখানার দোকানে স্থানীয় কাপড়ের দোকান থেকে কাপড় ধার করে কিনে নিয়ে তাঁর পরিধানের ব্যবস্থা করতে বাধ্য হয়। ৩ মাস, ৪ মাস, ৬ মাস অবধি ঐ মুদিখানা দোকান থেকে চাল, ডাল, লবণ, তেল ও অন্যান্য নানাবিধ দৈনন্দিন প্রয়োজনীয় খাদ্য সামগ্রী খরিদ করে নিয়ে এসে এই শিক্ষকদের জীবন-যাপন করতে হয়। আর আমরা বলি শিক্ষাই মানুষের আসল দিক! আর সেই শিক্ষকরা যদি ধুকে ধুকে মরে তাঁদের কাপড়, তাঁদের সংসার পরিচালনের ক্ষেত্রে সবদা অভাব এবং অনটনের ভেতরে কাটাতে হয় তাহলে সেই শিক্ষক প্রকৃত শিক্ষাদানে কি তাঁর সমস্ত জীবনকে উৎসর্গ করতে সক্ষম কি সক্ষম না আপনার মাধ্যমে সেই সম্পর্কে মাননীয় মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এমন প্রচুর স্কুল রয়েছে আমি জানি, আমিও একটা স্কুলের প্রতিষ্ঠাতা, সেখানেও আমি সেক্রেটারী একটা শিক্ষকের একদিনও গেল না— যেখানে তাঁর up to date বেতন clear করা হলো। এরজন্য একটা বিল আনতে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। প্রত্যেকটা স্কুলে deficit grant দিতে হবে, না দিলে শিক্ষাদানের কোন উন্নতি করা কোন রকমে সম্ভব হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আরো কিছু বক্তব্য থাকলেও যেভাবে আমার সংখ্যাগরিষ্ঠ বন্ধুগণ, গাত্রদাহ হচ্ছেন তাতে আর আমি মুসলমানদের কথা যদি সত্যিকারের কথাও বলি তারা চীৎকার করে উঠছেন। আমার আরো অনেক কথা বলবার থাকা সত্ত্বেও আমি এই শিক্ষামন্ত্রী কর্তৃক আনীত ব্যয় বরাদ্দের দাবীর উপর বিরোধিতা করছি এবং আমার যে কাট্‌মোশান্ আছে, তা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের উপস্থাপিত শিক্ষা খাতের যে ব্যয়বরাদ্দ তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য সুরু করছি। এতক্ষণ বিরোধীপক্ষের একজনের বক্তব্য শুনলাম। শুনতে শুনতে মনে হচ্ছিল যে আগামী পরশুদিন ইষ্টবেঙ্গল মোহনবাগানের যে খেলা আছে সেই খেলা দেখতে দেখতে হয়ত দেখবো খেলার মাঠে হঠাৎ কোন ফাঁক দিয়ে কোন অবাঞ্ছিত জীব ঢুকে পড়েছে এবং তাতে খেলাও কিছুটা বিশৃঙ্খল হয়ে পড়েছে। ঠিক তেমনি এই বিধানসভাতেও এই ধর্মনিরপেক্ষ রাষ্ট্র যেখানে ভারতবর্ষের আদর্শ আজকে বিশ্ব মেনে নিয়েছে বাংলাদেশ যার প্রকৃষ্ট প্রমাণ এবং যেখানে এই পশ্চিমবাংলার মানুষ সম্পূর্ণরূপে ধর্মনিরপেক্ষতায় বিশ্বাসী সেখানে জানিনা এই বিধানসভায় কোন ফাঁকে কেমন করে এরকম একটা জীব ঢুকে পড়লো। স্যার, কিসে কি বলে আর কিসে কি খায় আমরা যেমন তাতে আমল দিই না ঠিক তেমনি আমরা এ সম্পর্কে আলোচনা করছি না। স্যার, আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়ে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় তাঁর বাজেট উপস্থিত করেছেন। আমরা লক্ষ্য করেছি যে একজন শিক্ষক শিক্ষামন্ত্রী হিসাবে তাঁর আগ্রহ, প্রচেষ্টা এবং শিক্ষা সম্বন্ধে প্রাথমিক, মাধ্যমিক, কলেজ, বিশ্ববিদ্যালয় সবশ্রেণীর শিক্ষক শ্রেণীর সঙ্গে মিশে এই শিক্ষার প্রকৃত অবস্থা, এবং শিক্ষার স্বরূপ, তার সমস্যা জেনে তাকে সমাধান করবার জন্য সুদূর উত্তরবংগ থেকে আরম্ভ করে মেদিনীপুর, ২৪-পরগণা সর্বত্রই তিনি ঘুরে বেড়াচ্ছেন এবং তাঁর বাজেটেও দেখেছি অনেক সুন্দর আশা

আকাঙ্খার কথা প্রাথমিক থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয় পর্যন্ত—পলিটেকনিক, সায়েন্স, ভোকেশনাল এডুকেশান সমস্ত বিষয়ে তিনি অত্যন্ত সুন্দরভাবে তাঁর ইচ্ছার কথা বলেছেন। তবে বলতে গিয়ে তিনি একজায়গায় বলেছেন, সবই ঠিক, সবই আশা আছে কিন্তু প্রয়োজন মত অর্থ না পাওয়ার জন্য কিছুই করা যাচ্ছে না। এটা তাঁরও দুর্ভাগ্য যে তিনি তাঁর ইচ্ছা অনুসারে করতে পারছেন না এবং এটা পশ্চিমবাংলারও দুর্ভাগ্য যে এটা হচ্ছে না। স্যার, এই প্রসঙ্গে একটা গল্পের কথা মনে পড়ে গেল। সেটা হচ্ছে, নৌকার মাঝি সারা রাত ধরে নৌকা চালালো, সকালে উঠে দেখা গেল নৌকা যেখানে ছিল সেখানেই আছে নোংগরটা পাড় থেকে তোলা হয়নি। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ও সমস্ত শিক্ষা জগত পরিক্রমণ করলেন, অনেক আশা আকাংখার কথা আমাদের শোনালেন, অনেক ইচ্ছা বা সদিচ্ছার কথা বললেন কিন্তু দেখা গেল আসলে নোংগরই তোলা হয়নি অর্থাৎ টাকার ব্যবস্থা হয়নি। তিনি তাঁর সমস্ত সাধকে সাধ্যের অভাবের জন্য আমাদের সামনে একটা অনিশ্চিত অবস্থান রাখতে বাধ্য হলেন। স্যার, আজকে ১৩ই জুলাই আনলাকি থার্টিন। সমস্ত শিক্ষা ব্যবস্থাটাই যেন একটা আনলাকি থার্টিনের পর্যায়ে যাচ্ছে। এর গুরুত্ব উপলব্ধি করার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। স্যার, মাননীয় সদস্য ও মন্ত্রীমণ্ডলির সদস্যদের কাছে একটি কথা বলতে চাই, আমরা যতই প্লান করি না কেন - গত ২১ বছরে আমরা অনেক প্লান করেছি, অনেক প্লানে সাফল্য লাভ করেছি, অনেক প্লানে আশানুরূপ সাফল্য লাভ করতে পারি নি, এই পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে হিউম্যান রিসোর্সেস, প্রাকৃতিক রিসোর্সেস যা আছে তার সঠিক ইমপ্লিমেন্টেশানের উপর নির্ভর করবে আমাদের সাফল্য। হিউম্যান রিসোর্সেস সম্বন্ধে কোঠারী কমিশন বলেছেন যে,

The population of India is about 500 million and half of it is below the age of 18 years. The total student population which is now about 70 million will be more than double in the next 20 years and by 1995 it will be 170 million or about equal to the total population of Europe.

এই যে বিপুল সংখ্যক ছাত্র সমাজ যারা আমাদের শিক্ষার আওতায় আসার কথা—এই সমস্ত বিপুলতার কথা চিন্তা করে আমি মনে করি আমাদের শিক্ষা সম্বন্ধে গুরুত্ব আরো অধিক পরিমাণে দেওয়া উচিত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা একটি গুরুত্বপূর্ণ ব্যাপার, অথচ আমার ভূমিকা সুরু করতে না করতেই আপনি লাল আলো জেলে দিলেন এবং আমাকে বসার জন্য অনুরোধ করছেন সেটা আমি বুঝতে পারছি না।

[4-45—4-55 p.m.]

**Mr. Deputy Speaker** . Mr. Goswami, your time is over and please take your seat. I have already given you two minutes time more.

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** Sir, I was on the understanding that I have been allotted 12 minutes time. So, in this situation, kindly allot me another five minutes' time. আমি স্যার, ১২ মিনিট সময় চেয়েছিলাম। আমার বক্তব্য শেষ করতে আরো অনেক সময়ের দরকার আছে। সেইজন্য স্যার, আমি আপনাকে অনুরোধ করবো আপনি আমাকে আরো ৫ মিনিট সময় দিন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত সংক্ষেপে বিষয়টি

বলবার চেষ্টা করছি। প্রাথমিক শিক্ষা থেকে আরম্ভ করে কলেজীয় শিক্ষা পর্যন্ত প্রত্যেক স্তরের বিভিন্ন পর্যায়ে আমরা একই জিনিস দেখছি। এতে কতগুলি প্রাথমিক বিদ্যালয় থাকবে কেন—সেখানে প্রাথমিক বিদ্যালয়গুলিকে এক পর্যায়ে আনা দরকার। আর একটি কথা হচ্ছে আরবান এরিয়ায় ফিন্যানসিয়াল ইমপ্লিকেশন সম্বন্ধে—আরবান এরিয়ায় যে গ্রান্ট দেওয়া হয় সেই গ্রান্টের তুলনায় যদি আমরা এডুকেশন ফ্রি করে দিই তাহলে কম টাকা লাগবে, অথচ সেই বুরোক্রাটিক আবহাওয়ায় আমলাতন্ত্রের লাল ফিতার বাঁধনে এই জিনিসকে আমরা জড়িয়ে বসে আছি। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের দেশের প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের কথা বলা হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন গ্রামাঞ্চলে অবৈতনিক প্রাথমিক বিদ্যালয় হয়েছে। আমি বলছি হয়নি। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রী ও কেন্দ্রীয় সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন ঘাটতি টাকার ব্যাপারে, সেই ঘাটতি পূরণ করবার ব্যবস্থা এখন হয়নি।

(লাল আলো আবার জ্বলে ওঠায় শ্রী গোস্বামী বসতে বাধ্য হন)

**শ্রীসুধীরচন্দ্র বেরা**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটি পয়েন্ট অব অর্ডার তুলতে চাই। মাননীয়া শ্রীমতী ইলা মিত্র, আমি যখন মেনসন কেসে ডোন্ট এক্সপায়ার্ড পোলিওর ওষুধের কথা মেনসন করেছিলাম, তখন উনি এক জায়গায় যা মন্তব্য করেন সেটা আমি পড়ে শোনাচ্ছি। ওনার কথায় "তারপর যিনি এটা মেনসন করলেন তাঁর জানা নেই এই সম্পর্কে এবং কিছু না জেনে এই রকম মেনসন করা অন্যায়" এইটা বলেছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় এতে মাননীয় স্পীকার মহাশয় এবং মাননীয় সদস্যদের অধিকার ভঙ্গ করা হয়েছে। মেনসন করা অন্যায় উনি বলেছেন। আমি মেনসন করি স্পীকারের অনুমতি নিয়ে। আমি যখন মেনসন করি তখন স্পীকারের অথরিটি নিয়ে মেনসন করি। তারপরেও কোন সদস্য বললেন মেনসন করা ভুল। তাতে আমি মনে করি স্পীকারের প্রিভিলেজ ভঙ্গ করা হয়েছে। দ্বিতীয়তঃ সমস্ত সদস্যরা এখানে যা কিছু বলেন তারা গুড ফেথে বলেন, অন্যায় করবার জন্য কিছু বলেন না। যদি খবরের কাগজে একটি রিপোর্ট বেরোয় এবং সেটা যদি হাউসের নজরে আনা হয়, মন্ত্রীর নজরে আনা হয় সদস্যদের জানাবার জন্য তাহলে সেটার মধ্যে কিছু অন্যায় থাকতে পারে বলে আমি বুঝি না। তৃতীয়তঃ না জেনে, উনি যেকথা বলেছেন সেটা খুব আপত্তিকর। কারণ, আমি বলেছিলাম আনন্দবাজার কাগজে বেরিয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় এর উপর আলোকপাত করুন। কাজেই 'না জেনে' যেকথা বলেছেন যে আমরা দুঃখিত হইনি, তাতে আমি মনে করি অধিকার ভঙ্গ করা হয়েছে। চতুর্থতঃ ন্যায়, অন্যায় বিচার করার অধিকার একমাত্র অধ্যক্ষ মহাশয়েরই আছে, অন্য কোন মাননীয় সদস্যের নেই এবং অন্যায় বিচার করবার অধিকার অন্য কোন সদস্যের আছে বলে আমি মনে করি না।

**শ্রীমতী ইলা মিত্র**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবশ্য আমাকে এডুকেশন বাজেটের উপর বক্তৃতা করবার জন্য নাম ডাকলেন, সেটা আমি পরে বলছি। কিন্তু প্রিভিলেজ সম্পর্কে যে কথা উঠেছে পারসোন্যাল এক্সপ্লানেশান হিসাবে সে সম্পর্কে আমি দু একটি কথা উপস্থিত করতে চাই। কাউকে কোন দুঃখ দেবার জন্য আমি কথা বলিনি। কথা হচ্ছে আমরা সকলেই সরকার পক্ষের লোক এবং আমাদের ডিগনিটি অনেক বেশী এবং সেই ডিগনিটি আমরা সমস্ত জনসাধারণের সামনে সবশক্তি দিয়ে বজায় রাখবো। আমাদের এ বেঞ্চেরই হোক, আর ও বেঞ্চেরই হোক, সকলেই আমরা সরকার পক্ষে। আমি এই পোলিও সম্পর্কে কিছুটা জানতাম। কারণ, কিছুদিন আগে আমার ছোট বোনের বাচ্চার পোলিও হওয়ায় তাকে পি, জি, হসপিটালে নিয়ে

যাওয়া হয়েছিল। সেই জন্য এগুলি আমি জানতাম। এখানে আমি যেজন্য বলেছি যে খবরের কাগজে না জেনে এই রকম ভাবে অসত্য কথা উপস্থিত করেছে, আমরা এত সংখ্যাগরিষ্ঠ হয়ে সরকার চালাচ্ছি কিন্তু প্রতিক্রিয়াশীল শক্তি চুপ করে বসে নেই। তারা প্রত্যক্ষভাবে যদিও হেরে গেছে কিন্তু নানারকম অপ্রত্যক্ষ ভাবে আঘাত হানবার জন্য তারা চেষ্টা করছে, এবং আমরা যেন সেইরকম কোন ফাঁদে পা না দেই, এই ওষুধ সোভিয়েত রাশিয়া থেকে আনা এবং বোম্বাইয়ের হেপকিন ইনষ্টিটিউট থেকে প্রোসেসড হয়ে P. G. Hospital-এ এই ওষুধটা supply হয়। রাশিয়ান literature এবং আর যেসমস্ত literature আছে তাতে একথা স্পষ্ট করে লেখা আছে যে date expire হয়ে গেলেও deep freeze-এ রাখলে তার effect থাকে কোন ক্ষতি হয় না। কাজেই নানা রকম চক্রান্ত একে কেন্দ্র করে চলছে সেগুলি হাউসে mention করতে চাই না। আমাদের এই হাউসে আগে mention ছিলনা, ১৯৬৬ সালের পরে খাদ্যের ব্যাপার নিয়ে অনেক ঘটনা ঘটে তার ভিতর দিয়ে mention system আসে, সুতরাং ঘটনা খুব important না হলে আমাদের পক্ষ বা ওপক্ষ এমন অনেক mention করেন যেগুলির খুব public importance নেই। mention-গুলির যদি public importance থাকে তাহলে এগুলি করলে আমাদের হাউসের gravity এবং মর্যাদা বাড়ে এবং সঙ্গে সঙ্গে হাউসের dignity-ও বাড়ে। কাজেই এই dignity-র দিকে লক্ষ্য করে আমি একথা বলেছিলাম। আমি কাউকে আঘাত দেবার জন্য বলিনি।

**Mr. Deputy Speaker :** After the explanation given by Srimati Mitra, I think there is no case for breach of privilege.

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এক বিপর্যয়ের মধ্যে দাঁড়িয়ে অবস্থার পরিবর্তনের জন্য আমরা সংগ্রাম করছি, এই বিপর্যয় শিক্ষা ক্ষেত্রকে যতখানি বিপর্যস্ত করেছে আর কোন ক্ষেত্রে ততখানি করেনি। কলিকাতা বিশ্ববিদ্যালয় চত্বরে ঢুকলে দেওয়াল লিপি চোখে পড়বে। ১৯৭১ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে একজন স্নাতক ইঞ্জিনিয়ার বা উকিল বের হয়নি। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বলেন, গত এক বছরে ছাত্র বিক্ষোভের ফলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের Controller Office, মাত্র ৭২ দিন কাজ করতে পেরেছে। কাজেই দেখা যাচ্ছে স্কুল-কলেজে পড়াশুনা হচ্ছে না, কোন পরীক্ষা সুষ্ঠুভাবে নেওয়া যাচ্ছে না। আমাদের তরুণ ছাত্ররা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের দুর্নীতির বিরুদ্ধে সংগ্রাম করার জন্য কৃতসংকল্প এবং এই দুর্নীতি কেবলমাত্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নয়, রাজ্যের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে এবং শিক্ষা নিয়ামক সংস্থার রন্ধ্রে রন্ধ্রে বিদ্যমান। এই দুর্নীতি প্রাথমিক স্তর থেকে আরম্ভ করে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যন্ত সমস্ত কিছুকে কলুষিত করেছে। সরকারের কাছে আমাদের শিক্ষা জগৎ এবং শিক্ষানুরাগী জনগণ এই দুর্নীতির বিরুদ্ধে সংগ্রামের নেতৃত্ব চান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে যে ইনকোয়ারী কমিশন গঠিত হয়েছিল সেই ইনকোয়ারী কমিশনের রিপোর্টে অনেক দুর্নীতি এবং কেলেঙ্কারীর কথার উল্লেখ আছে।

[4-55—5-05 p.m.]

কিন্তু সরকার এই পর্যন্ত সেই সম্পর্কে কোন পদক্ষেপ গ্রহণ করেন নি। আমি শুনেছি পশ্চিমবাংলায় Basic Training College-এ একটা আসন সংগ্রহের জন্য শত শত টাকা ঘুষ দিতে হয়েছে। আমি শুনছি কলকাতা বিশ্ববিদ্যালয়ের কোন একটি বড় পরীক্ষাকে কেন্দ্র করে নকল করার সংগঠন গড়ে তোলার জন্য স্থানীয় সমাজ বিরোধীরা ২৮ হাজার টাকা চাঁদা তুলেছে।

যে কোন একটা বড় পরীক্ষাকে কেন্দ্র করে লক্ষ লক্ষ টাকার খেলা চলে। আমাদের ছাত্র সমাজকে কেন্দ্র করে একটা দারুণ চক্রান্ত চলেছে যাতে আমাদের ছাত্র সমাজের সামনে কোন নীতি বোধ না থাকে, যাতে তারা দুর্নীতির সহজ স্রোতে ভেসে এই মুহূর্তের সুবিধা অর্জনের আকর্ষণে তারা যাতে বিভ্রান্ত হয় সেরজন্য একদিকে শিক্ষা প্রতিষ্ঠান, অন্যদিকে শিক্ষা ব্যবস্থা তথা সমগ্র সামাজিক মূল্য বোধের উপর আক্রমণ অনুষ্ঠিত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছর শিক্ষা প্রতিষ্ঠানে উগ্র পন্থীদের যে হামলা হয়েছিল এবং বর্তমানে সমস্ত পরীক্ষা কেন্দ্রে যে গণ টোকাটুকি সংগঠিত হচ্ছে তা একই উৎস থেকে উৎসারিত। আজকে সরকারকে এই উৎস মুখ বন্ধ করে দিতে হবে। আমাদের শিক্ষকরা পরীক্ষা কেন্দ্রে এক শ্রেণীর পরীক্ষার্থী এবং সমাজ বিরোধীদের বিরুদ্ধে সংগ্রাম করছেন। আমাদের ছাত্রবন্ধুরা বিশ্ববিদ্যালয়ের দুর্নীতির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। কিন্তু শিক্ষকদের সংগ্রামে ছাত্রদের সহযোগীতা ছাড়া কখনও সফল হতে পারে না। তেমনি ছাত্রদের প্রয়াস শিক্ষকদের সমর্থন ছাড়া ব্যর্থ হতে বাধ্য। খুবই দুঃখের বিষয় পশ্চিমবাংলায় আমাদের প্রগতিশীল শিক্ষকদের আন্দোলন এবং ছাত্রদের আন্দোলনের মধ্যে কোন যোগাযোগ একেবারে নেই। কাজেই উভয় পক্ষকেই উদ্দেশ্য গ্রহণ করে এই যোগাযোগ স্থাপন করতে হবে। নতুবা বাজেটে টাকা খরচ হবে, দুর্নীতি বাড়বে, শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়বে এবং জাতির ভবিষ্যৎ যে অন্ধকার সেই অন্ধকারেই থাকবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় শিক্ষা ব্যবস্থা আজ একেবারে ভেঙ্গে পড়েছে। বিদ্যালয়গুলি অচল, ছাত্ররা বিক্ষুব্ধ, শিক্ষকরা হতাশ, দুর্নীতির প্লাবন বইছে এর জন্য দায়ী আমাদের পরিপ্রেক্ষিতে, সম্পর্কে দৃষ্টিহীনতা। আমরা শিক্ষাকে দেখেছি চাকরী পাবার passport হিসাবে। ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার যে ভাবাদর্শ তাকে আমরা আজকেও আঁকড়ে রয়েছি, ফলে তাই একদিকে শিক্ষা সমাপ্ত করার পর, চাকরী না পেলে আমরা হতাশ হই, অন্যদিকে উৎপাদনশীল শ্রম সম্পর্কে বিমুখতা, আমাদের বর্তমান উচ্চ শিক্ষার আর এক উত্তর ফল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামাঞ্চলের শিক্ষিত যুবকরা সমাজ থেকে এলিয়েনেটেড হয়ে যাচ্ছে। শিক্ষা উৎপাদন বৃদ্ধির উপাদান শিক্ষা গণতান্ত্রিক বিপ্লবের হাতিয়ার। তাই আজকে বস্তুগতভাবে এবং ভাবাদর্শগতভাবে সামগ্রিক শিক্ষা ব্যবস্থা, আমাদের সেই ঝোঁক আনতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ক্যারিকুলামে গ্রামাঞ্চলের বিদ্যার্থীদের কৃষি বিপ্লবে উদ্বুদ্ধ না করে তাদের প্রাইমারী স্কুলের মাষ্টারীর উমেদারীতে পরিণত করেছে। একদিকে উপযুক্ত কর্মীর অভাবে সমবায় আন্দোলনগুলো মার খাচ্ছে, অন্যদিকে কৃষি উৎপাদন বিকাশে আধুনিক বিজ্ঞানের প্রয়োগের ঘোষণা তা কাগজে কলমেই সীমাবদ্ধ থেকে যাচ্ছে। অন্যদিকে শিক্ষিত বেকারের সামাজিক সমস্যা। সমাধানের জন্য আমাদের শিল্পমন্ত্রী, বাণিজ্যমন্ত্রী, নতজানু হয়ে বৃহৎ পুঁজিপতিদের কাছে প্রার্থনা করছেন তোমরা আমাদের ছেলেদের চাকুরী দাও, আমরা তোমাদের অধিকতর মুনাফার সুযোগ করে দেবো। এই ভাবেই কি আমরা দেশকে চালাবো? এই কি আমাদের সামনে পথ রয়েছে, দেশের উন্নতি করার, শিক্ষাব্যবস্থার উন্নতি করার, না কি আমরা সাম্রাজ্যবাদ বিরোধী, সামন্ততন্ত্রের বিরোধী পুঁজিবাদ বিরোধী, আমলাতন্ত্র বিরোধী গণতান্ত্রিক আন্দোলনের অসমাপ্ত কাজকে সমাপ্ত করবো?

আমাদের ঘোষিত নীতি এবং অনুসৃত কর্মপন্থার মধ্যে যে বৈপরিত্ত্য আজকে বিদ্যমান তার জন্য আজকে এই নৈরাজ্য। গণতান্ত্রিক বিপ্লব সমাধা করার প্রতিশ্রুতি দিয়ে যদি একচেটিয়া পুঁজিকেই বিকশিত করা হয় তবে এই নৈরাজ্য ঘটতে বাধ্য। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন যে আজকে আর পিসমিল নয় সামগ্রিকভাবে শিক্ষা ব্যবস্থার ঝোঁক পাল্টাতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষাকে উৎপাদনমুখী করে গড়ে তোলার নেতৃত্ব আজকে আমাদের শিক্ষামন্ত্রী দিন। তার জন্য প্রয়োজন প্রাথমিক স্তর থেকে

curriculam reconstruction. প্রাথমিক শিক্ষার প্রসারকে বেকার সমস্যার সমাধানের উপায় হিসাবে না ভেবে উৎপাদন বৃদ্ধির উপাদান হিসাবে ভাবুন। শিক্ষাক্ষেত্রে সাম্রাজ্যবাদী উপনিবেশিক সমাজ ব্যবস্থার যে ভূতকে আমরা কাঁধে করে নিয়ে বেড়াচ্ছি, এই নিরক্ষরতাই সামাজিক শোষণের হাতিয়ার, উৎপাদন বৃদ্ধির প্রচণ্ড অন্তরায়। বলা বাহুল্য এই নিরক্ষরদের বৃহত্তম অংশের অবস্থিতি আমাদের গ্রামাঞ্চল এবং শ্রমিক বসতি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই নিরক্ষরতা হিমালয়ের মত আমাদের কৃষি ও শিল্প বিপ্লবের বিকাশের সামনে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। একে আমাদের ভাসিয়ে নিয়ে যেতে হবে। সমস্ত সরকারী এবং বেসরকারী আমাদের বয়স্ক স্বাক্ষর, তার জন্য সমস্ত উদ্যোগ ব্যর্থ হয়ে যেতে বাধ্য যদি না বিদ্যালয় বহির্ভূত সমস্ত শিশুদের আমরা বিদ্যায়তনের আওতায় আনতে পারি। যদি না আনতে পারি তাহলে একদিকে যত লোকের নিরক্ষরতা দূর হচ্ছে, শিশুদের নিরক্ষরতা বেড়ে যাবে তার চতুর্গুণ। আমাদের শিক্ষামন্ত্রী বাজেট বক্তৃতায় বলেছেন যে ১৯৭৪ সালের ৬ থেকে ১১ বৎসর বয়ঃগোষ্ঠীর ৭৭·৬৮ ভাগ ছাত্র ছাত্রীকে বিদ্যালয়ের আওতার মধ্যে আনা হবে। সংবিধানে কথা দেওয়া ছিল ১৯৬০ সালের মধ্যে সমস্ত শিশুদের ৬ থেকে ১৪ বয়ঃগোষ্ঠীর সকলকে বিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা হবে। এই ১৯৬৯ সালে এই বিধানসভায় আমার এক প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করে, যে সমস্ত গ্রামে একটিও প্রাথমিক বিদ্যালয় নাই সেই সমস্ত গ্রামে ১৯৭০ সালের ১লা জানুয়ারীর মধ্যে অন্ততঃ ১ম শ্রেণী বিশিষ্ট একটি করে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার নির্দেশ দিয়েছিল। কিন্তু বিধান সভার সেই নির্দেশ আজও পর্যন্ত পালিত হয়নি। শুধু তাই নয়, ১৯৭২ সালে এসে শিক্ষা দপ্তর বলছেন এই রকম প্রস্তাব সম্পর্কে তাঁরা কিছু জানেন না। সংবিধানের প্রতিশ্রুতি, বিধান সভার নির্দেশ কোন কিছুই মানা হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অবস্থা সরকার আর কতদিন চলতে দেবেন নিরক্ষরতার অভিশাপ থেকে দেশকে মুক্তি দান করা, শিক্ষা ব্যবস্থায় অগ্রাধিকার দিতে হবে। তার জন্য প্রাথমিক পদক্ষেপ হবে ১৯৭৩ সালের মধ্যে শিক্ষাকে ৫ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক, বাধ্যতামূলক এবং সার্বজনীন করতে হবে। যাতে ৬-১১ বয়ঃসীমা একটি ছেলেও স্কুলের বাইরে পড়ে না থাকে। বয়স্ক নিরক্ষরতা দূরীকরণের জন্য স্বেচ্ছাসেবা প্রতিষ্ঠানগুলির সহযোগীতায় সরকার একটা ব্যাপক প্রোগ্রাম গ্রহণ করুন। শিল্প শ্রমিকদের মধ্যে নিরক্ষরতার দূর করার দায়িত্ব সংস্থা পরিচালনের উপর বর্তায়—। তার শিল্প শ্রমিকদের সেই দিনে এক ঘণ্টা সবেতন ছুটি। প্রয়োজনীয় আইন শ্রম মন্ত্রকের সঙ্গে পরামর্শ করে করতে হবে। এই জন্য একটা বিশেষ বাজেট বরাদ্দ করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত সালের ভাষণে তিনি বলেছেন যে, স্টেট এডুকেশন বোর্ড গঠন করা হবে। রাজ্যের সামগ্রিক শিক্ষা পরিকল্পনা প্রণয়ন ও সে সম্পর্কে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের উপযোগী বিধান সভার কাছে দায়ী থাকবে উচ্চক্ষমতা সম্পন্ন বোর্ড গঠন আবশ্যিক হয়ে পড়েছে।

[5-05 – 5-15 p.m.]

আমি আশা করবো বিধানসভার এই সেসনের মধ্যেই শিক্ষামন্ত্রী এই বোর্ড গঠনের কথা ঘোষণা করবেন। আমাদের শিক্ষা ব্যবস্থা যে বিপর্যায়, পরীক্ষা ব্যবস্থায় যে একেবারে ভেঙ্গে পড়ছে সেজন্য কেবলমাত্র কলিকাতা বিশ্ববিদ্যালয়কে দায়ী করলে চলবে না। প্রাইমারী, ফাইন্যাল পরীক্ষা থেকেই পরীক্ষা সম্পর্কে কি দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের ছাত্ররা গড়ে উঠছে আমরা সকলেই জানি। ক্যারিকুলাম রিকনষ্ট্রাকসানের সঙ্গে সঙ্গে তাই সামগ্রিক পরীক্ষা ব্যবস্থা প্রাইমারী, ফাইন্যাল থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত প্রয়োজনীয় সুপারিশ করার জন্য সমস্তটাই পর্যালোচনা এবং পর্যাপ্ত ক্ষমতা সম্পন্ন একটি কমিশন শিক্ষা সম্পর্কে গঠন করতে হবে। শিক্ষা ক্ষেত্রে আমলাতন্ত্র দূর

করতে হবে। আমলাতন্ত্র শিক্ষা জগতের প্রশাসনিক কাঠামোকে একেবারে কব্জা করে রেখেছে। ৬৪ যুগ আগে সেই ইংরাজ আমলে রচিত প্রাথমিক শিক্ষা আইন দ্বারা আজও আমাদের প্রাথমিক শিক্ষা পরিচালিত হচ্ছে। সেই শিক্ষা আইন আজ অযোগ্য। শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার দায়িত্ব কার কেউ জানে না। গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা পরিচালনার জন্য যে স্কুল বোর্ড ছিল ১৯৬৭ সাল থেকে সেগুলো অচল হয়ে আছে। প্রতি বছর প্রাথমিক শিক্ষা পরিচালনার জন্য নানা রকম উপদেষ্টা কমিটি গঠন করে। সরকার প্রকৃতপক্ষে জেলা বিদ্যালয় পরিদর্শকদের দিয়ে এই প্রাইমারী এডুকেশন পরিচালিত করেন। এই অবস্থা আর চলতে দেওয়া যায় না। তাই আমি অনুরোধ করবো পুরোনো সমস্ত আইন বাতিল করে একটা ব্যাপক শিক্ষা আইন প্রণয়ন করতে হবে। আমাদের এডুকেশন কমিটির বৃহত্তর অংশই হল ছাত্র সমাজ। আমাদের শিক্ষা ব্যবস্থা এমন বুরোক্রেটাইজড যে আমাদের শিক্ষার প্রশাসনের চৌহদ্দির মধ্যে ছাত্রদের কোন ছায়া পড়ে না। তারজন্য যা ঘটবার তা ঘটছে। ছাত্ররা তাদের অধিকার প্রতিষ্ঠায় সংগ্রাম করছে এবং সেটা করতে যেয়ে সীমা ছাড়িয়ে সব কিছু ওলট পালট করে ফেলছে। এই বিষয়ে গজেন্দ্র গদকর কমিশনের সুপারিশ-এর ভিত্তিতে আমাদের সমস্ত বিশ্ববিদ্যালয় আইনকে সংশোধন করতে হবে। এ বিষয়ে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শ্রীনুরুল হাসান আলিগড় বিশ্ববিদ্যালয় আইন পরিবর্তন করে যে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহন করেছেন তাকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। শিক্ষার প্রশাসনে শুধুমাত্র ছাত্রসমাজ অপাংক্তেয় নয়, শিক্ষক সমাজও উপেক্ষিত। আণ্ডার গ্রাজুয়েট শিক্ষকদের প্রতিনিধিত্ব লক্ষ্যমাত্র। বিভিন্ন জায়গায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেটে দুশো জন নির্বাচিত প্রতিনিধি আছেন তাঁদের মধ্যে আণ্ডার গ্রাজুয়েট কলেজে শিক্ষক প্রতিনিধির সংখ্যা মাত্র ১২। মধ্যশিক্ষা পর্ষদ-এ সহ: শিক্ষকদের একজনও নির্বাচিত প্রতিনিধি নাই। ভাগ্যবান প্রধান শিক্ষকরা দুজন প্রতিনিধি নির্বাচনের অধিকারী। কাজেই এই অবস্থার আমূল পরিবর্তন করতে হবে এবং এই সমস্ত স্থানে নির্বাচিত শিক্ষক প্রতিনিধিদের সংখ্যা-গরিষ্ঠতার ব্যবস্থা করতে হবে। শিক্ষা জগতে ব্যক্তিগত বা গোষ্ঠীগত মালিকানা একটা অস্বাভাবিক অবস্থা সৃষ্টি করেছে। আমাদের মুখ্যমন্ত্রী প্রথিতযশা আইনজীবি এবং কেন্দ্রে শিক্ষামন্ত্রী ছিলেন। কাজেই তাঁকেও এই বিষয়ে ভেবে দেখতে বলছি। আমাদের পশ্চিম বাংলায় মাধ্যমিক ও কলেজীয় শিক্ষায় যে সমস্ত প্রাইভেট ম্যানেজমেণ্ট বা ট্রাষ্ট বডি আছে সে সম্পর্কে একটা নিশ্চয় ব্যবস্থা করতে হবে। কেবলা সরকার এই প্রাইভেট ম্যানেজমেণ্ট সম্পর্কে চিন্তা করছেন। আমাদের পশ্চিম বাংলারও নিশ্চয় প্রয়োজনীয় আইন করতে হবে এবং এই সম্পর্কে হস্তক্ষেপ করতে হবে। আমি জানি কলকাতার একটা কলেজ পুরোপুরি ইউ, জি, সি,-র টাকায় বিল্ডিং এক্সটেনসন্‌ করিয়েছে। সেই এক্সটেণ্ডেড বিল্ডিং কিন্তু ট্রাষ্টের সম্পত্তি হয়ে গেছে।

সেই Extended buildings যা U.G C-র টাকায় তৈরী হল সেই বাড়ী ব্যবহারের জন্য কলেজের কাছ থেকে সেই Trustee Board টাকা আদায় করে। ইংরাজ আমলে সরকার শিক্ষার দায়িত্ব গ্রহন করেননি, সমাজকে তাই নিজের প্রয়োজনে নানা ভাবে নানা agency তৈরী করে শিক্ষা প্রতিষ্ঠান তৈরী করতে হয়েছিল। এই সুযোগে শিক্ষা জগতে অনেক শিক্ষা ব্যবসায়ীরা ঢুকে পড়েছে। এঁদের আজ দমাতে হবে। সংবিধানে সংখ্যালঘুদের সাংস্কৃতিক বৈশিষ্ট্য রক্ষা করার কথা আছে। কিন্তু এর নামে শিক্ষার ক্ষেত্রে যে religious obscurantist-এ কম্যুনাল এলিমেণ্ট রাজত্ব করছে। এ সম্পর্কে আমাদের আজ বিশেষ ভাবে দৃষ্টি দিতে হবে এবং একে আমাদের সর্বশক্তি দিয়ে প্রতিহত করতে হবে। যে Trustee Board, Private Management-এর কথা বললাম তার একটা উদাহরণ দিলেই সব বুঝতে পারবেন। এই কলকাতা শহরে Marxist Communist Party-র যে শিক্ষক প্রতিষ্ঠান A.B.T.A. একটা B.T. College করলেন এটা একটা Trustee Board

দ্বারা পরিচালিত। সেই কলেজের অধ্যক্ষ ছাটাই হয়ে গেলেন, কিন্তু প্রানপণ চেষ্টা করা সত্বেও কি বিশ্ববিদ্যালয় কি সরকার ঐ বি, টি, কলেজের পরিচালকদের কেশাগ্র স্পর্শ করতে পারেননি। তাই বলতে চাই শিক্ষাজগতে Private Management take over করতে হবে এবং এজন্য সংবিধান বা আইনের সংশোধন করতে হবে। এবার শিক্ষামন্ত্রী মহাশয় ৭৮ কোটি ৩৯ লক্ষ টাকা বাজেটে বরাদ্দ চেয়েছেন। এটা ১৯৭১-৭২ সালের সংশোধিত estimate-এর চেয়ে ৩ কোটি ৭৩ লক্ষ টাকা কম। এই টাকা না কমালেই ভাল হোত। কারণ এই যে কমানোর আঘাত এটা পড়ছে প্রাইমারী ও মাধ্যমিক শিক্ষার উপর। বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার ক্ষেত্রে প্রতিটি head-এ যেখানে এবারের বরাদ্দ marginal হলেও কিছু কিছু বৃদ্ধি করা হয়েছে। কিন্তু কমান হয়েছে মাধ্যমিক শিক্ষা ও প্রাইমারী শিক্ষার ক্ষেত্রে। বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে সরকার যে প্রত্যক্ষ অনুদান দিতেন তার থেকে ৭ কোটি টাকা কমান হয়েছে। বেসরকারী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে সরকার যে অনুদান দিতেন তার থেকে ৬০ লক্ষ টাকা কমান হয়েছে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আমরা যেখানে সর্বাত্মক বিস্তার ও প্রাথমিক ও মাধ্যমিক স্তরের consideration-এর উপর জোর দিচ্ছি সেখানে বেশী করে নজর দিতে হবে মাধ্যমিক শিক্ষা ও প্রাথমিক শিক্ষার উপর। প্রাথমিক স্তর থেকে যদি না ধরি তাহলে বিশ্ববিদ্যালয় স্তরের পঠন পাঠন মূল্যায়নের কোন মৌলিক রূপান্তর করতে পারবো না। এই মন্ত্রী সভার কাছে দেশের প্রত্যাশা অনেক। সেই আশাকে পূর্ণ করার জন্য শিক্ষা মন্ত্রক সাহসের সঙ্গে এগিয়ে যাবেন—এই প্রত্যাশা ব্যক্ত করে আমি শিক্ষাখাতে ব্যয় বরাদ্দকে পরিপূর্ণ সমর্থন করছি।

[5-15—5-25 p.m.]

**শ্রীগৌতম চক্রবর্তী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় যে শিক্ষা বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এবং সমর্থন জানাতে গিয়ে কিছুটা নেতিবাচক সমালোচনা করতে বাধ্য হচ্ছি, শুধু মাত্র সমালোচনার জন্য নয় আমি আপনার মাধ্যমে এই হাউসের মাননীয় সদস্যদের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা ভেবেছিলাম শিক্ষার যে বাজেট পেশ করা হয়েছে সেই শিক্ষা বাজেট অত্যন্ত বৈজ্ঞানিক এবং নতুন শিক্ষার একটা দিক আমাদের কাছে তুলে ধরবে। কিন্তু অত্যন্ত দুঃখ এবং লজ্জার সাথে বলতে বাধ্য হচ্ছি, যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেটের মধ্যে শিক্ষা সংস্কার সম্বন্ধে কোন বক্তব্য রাখা হয়নি, আমরা কিন্তু সেই বেসিক প্রবেমকে ভুলে যাচ্ছি। আজকে আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত ছাত্র বন্ধু বিশ্ববিদ্যালয়, কলেজ থেকে পাশ করেছেন তারা যেন দিনের পর দিন ক্যালাস হয়ে পড়ছেন। একজন কৃষক বা একজন শ্রমিক মেহনত করে চায করে ফসল উৎপাদন করে সে তার রুটির যোগাড় করে নিতে পারছে কিন্তু সেই মজুর, সেই শ্রমিক বা সেই কৃষকের একজন ছেলের শিক্ষার ব্যবস্থা করে দেওয়া হল, সে হায়ার সেকেণ্ডারী, বি. এ. বা এম. এ. পাশ করল, পাশ করার পর তার কাছে কলম পেশা ছাড়া যেন অন্য কোন রাস্তা রুজিরোজগারের রইল না। তাই আমি আপনার মাধ্যমে সদস্যদের কাছে জানাতে চাই আমাদের শিক্ষা ব্যবস্থা এমন হওয়া উচিত যাতে আগামী দিনের রুজিরোজগারের যে চারিত্রিক মর্যাদা, সামাজিক মর্যাদা যদি করতে চাই, শিক্ষার আলো যদি পেতে হয় তাহলে কর্ম জীবনের সাথে শিক্ষার একটা বিরাট যোগ থাকা উচিত। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, শিক্ষা বাজেটের সমালোচনা করতে গিয়ে আরো কতকগুলি ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা ভেবেছিলাম প্রগতিশীল গনতান্ত্রিক সরকার এসেছে, আমাদের দেশ থেকে ইংরাজ সরকার চলে গেছে, কিন্তু অত্যন্ত লজ্জার সাথে আপনার কাছে বলতে বাধ্য হচ্ছি যে এখনও কিন্তু ভাষা সাম্রাজ্যবাদ আমাদের পশ্চিমবঙ্গে, আমাদের ভারতবর্ষে বিস্তার লাভ করে আছে। আমরা দেখতে পাই বিভিন্ন সরকারী অফিসে,

মার্কেন্টাইল অফিসে যে ছাত্র বন্ধু ভাল ইংরাজী বলতে পারেন, ভাল ইংরাজী লিখতে পারেন তাঁকেই অগ্রাধিকার দেওয়া হয়। আমরা বাঙালী, আমরা মাতৃভাষাকে নিশ্চয়ই মর্যাদা দেব। কর্মজীবনের সাথে আমাদের মাতৃভাষাকে যদি মর্যাদা না দেওয়া হয় তাহলে আগামী দিনে বাংলাদেশের অবস্থা অত্যন্ত খারাপের দিকে এগিয়ে যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার দৃষ্টি আর একটা দিকে নিবদ্ধ করতে চাই। ছাত্রদের যে স্টাইপেণ্ড দেওয়া হয় সেই স্টাইপেণ্ড কিন্তু বড় লোকের ছেলেরা বেশী পায়। বড় লোকেরা তাদের ছেলেদের বাড়ীতে পড়াশুনার জন্য দুটো টিউটর রাখতে পারে, ফলে তাদের ছেলেরা পরীক্ষায় ভাল রেজাল্ট করতে পারে। কিন্তু গ্রামের দিকে ভাল শিক্ষকরা যান না, ফলে গ্রামের ছেলেরা ভাল শিক্ষার সুযোগ পায় না। সেজন্য আমরা দেখতে পাচ্ছি গ্রামের ছেলেরা স্টাইপেণ্ডের দিক থেকে পিছিয়ে পড়ছে। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি গ্রামে যে সব ছাত্র আছে তাদের অন্যভাবে স্টাইপেণ্ড দেওয়া হোক এবং বড় লোকের ছেলেরা যেহেতু সে বৃত্তি পেয়েছে সেই বৃত্তিগত যে মর্যাদা সেই মর্যাদার জন্য তাদের স্টাইপেণ্ড দেওয়া হোক, কিন্তু গরীব ছেলেরা স্টাইপেণ্ড পাবে এই অনুরোধ করছি।

**শ্রীমনোরঞ্জন প্রামানিক** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমানে পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য, পরীক্ষা প্রহসনে পরিণত হয়েছে। তার কারণ শিক্ষাকে যুগোপযোগী করা হয়নি। ১৯৬৫ সালের শেষ সেপ্টেম্বর ডি. এম. সেন মহাশয় এডুকেশান সেক্রেটারীর পদ ত্যাগ করার পর থেকে শিক্ষা ক্ষেত্রে কোন নতুন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। তাই আজকে শিক্ষা ক্ষেত্রের কাঠামো একেবারে ভেঙ্গে পড়েছে। এজন্য বর্তমান শিক্ষা ব্যবস্থার সাংগঠনিক পরিবর্তন প্রয়োজন। ১০ শ্রেণী শিক্ষা ব্যবস্থা চালু করা দরকার। কলকাতা বিশ্ববিদ্যালয়ের এ্যাকাডেমিক কাউন্সিল এই প্রথা অনুমোদন করেছেন, তারপর ইন্টারমিডিয়েট, তারপর ২ বছরের পাশ কোর্স এবং ৩ বছরের ডিগ্রি কোর্স প্রবর্তন করা দরকার। বর্তমানে কলেজ শিক্ষকদের কোন পেনসন প্রথা নেই। কলেজ শিক্ষকদের জন্য পেনসানের ব্যবস্থা করা দরকার। প্রাইমারী টিচারদের গ্রাচুইটি আছে, হায়ার সেকেণ্ডারী টিচারদের পেনসান ইন্ট্রোডিউসড হয়েছে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য পেনসন আছে, কিন্তু কলেজ শিক্ষকদের জন্য পেনসানের প্রথা নেই। এই সিসটেম অবিলম্বে চালু করা দরকার।

বর্তমানে সরকারের সমস্ত বিভাগে এইট পয়েন্ট থার্টিথ্রি এই হারে প্রভিডেন্ট ফাণ্ডের ব্যবস্থা আছে, কিন্তু কলেজের শিক্ষকদের ক্ষেত্রে মাত্র সিক্স পয়েন্ট টুয়ান্টিফাইভ। অর্থাৎ সবক্ষেত্রে ১২ মাস কাজ করে ১ মাসের বেতন প্রভিডেন্ট ফাণ্ডে যাচ্ছে কিন্তু কলেজ শিক্ষকদের ক্ষেত্রে ১৬ মাস কাজ করে ১ মাসের বেতন পাচ্ছেন। আমি মনে করি এঁদের ক্ষেত্রেও এই এইট পয়েন্ট থার্টিথ্রি করা দরকার। আমার আর একটা বক্তব্য হচ্ছে কলেজের গভর্নিং বডিতে নন-টিচিং স্টাফদের সদস্য করা দরকার। বিশ্ববিদ্যালয়ের মনোনীত সদস্যগণ কলেজের গভর্নিং বডির সভায় যোগদান করেন না। এটা সরকারকে বিশেষভাবে দেখতে হবে। আমরা দেখেছি বিভিন্ন কলেজে নূতন নূতন বিষয় খোলার জন্য, অনার্স খোলার জন্য অনুদান দেওয়া হয়, কিন্তু নূতন শিক্ষকের মঞ্জুরীর জন্য অযথা বিলম্ব করা হয়। আমি মনে করি এই অহেতুক বিলম্ব অবিলম্বে বন্ধ করা দরকার। বর্ধমান ইউনিভার্সিটিতে কতকগুলি অব্যবস্থা চলছে লক্ষ্য করছি। সেখানকার কন্ট্রোলার বিভাগ রেজাল্ট বের হবার পর অনেক মার্কসীটে পরিবর্তন করেছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে প্রতি বছর ৩৮ থেকে ৪০ লক্ষ টাকা খরচ হয়। কিন্তু সেখানে অত্যন্ত অব্যবস্থা চলছে এবং তার প্রধান কারণ হচ্ছে এই ইউনিভার্সিটিতে রাজ্যপালকে হেড অব দি ইউনিভার্সিটি করা হয়নি। এই ইউনিভার্সিটিতে

চ্যান্সেলরকে হেড অব দি ইউনিভার্সিটি করা একান্ত প্রয়োজন ছিল। এর জন্য বর্তমান বিশ্ববিদ্যালয় অ্যাক্টের সংশোধন করে রাজ্যপালকে হেড অব দি ইউনিভার্সিটি করা দরকার। মাননীয় রাজ্যপালকে আমরা সেনেটের হেড করেছি। প্রাচীনতম কলিকাতা বিশ্ববিদ্যালয়ের হেড করতে পেরেছি, কিন্তু বর্তমান বিশ্ববিদ্যালয়ের হেড করতে পারিনি—এটা অত্যন্ত লজ্জার কথা। তারপর তপশীল ছাত্রদের বিশেষ সুযোগ সুবিধা দেওয়া দরকার। আমরা দেখেছি অনেক আমলা আছেন, সরকারী অফিসার আছেন যাঁরা বিগত যুক্তফ্রন্ট সরকারের সময় কোন একটা বিশেষ রাজনৈতিক দলের দ্বারা পরিচালিত হোত। কিন্তু এই জনপ্রিয় সরকার আসার পরও দেখছি তারা প্রাধান্য লাভ করছেন। এটা আমাদের দেখা দরকার। এই সব আমলাদের বলা উচিত গ্রামে গ্রামে ঘুরতে. না হলে পশ্চিমবাংলার গ্রাম এলাকার শিক্ষার অসুবিধা দূর হবে না।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই বৃষ্টির মধ্যে একদল মাধ্যমিক শিক্ষক মিছিল করে বিধান সভায় এসেছে এবং তারা বাইরে অপেক্ষা করছেন। আমি অনুরোধ করব মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বা উপ-মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে যদি সেখানে যান এবং মাধ্যমিক শিক্ষকদের কাছে তাদের বক্তব্য রাখেন তাহলে খুব ভাল হয়।

**শ্রীনরেশচন্দ্র চাকী**ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের অর্থাভাবে হাত-পা বাঁধা শিক্ষামন্ত্রীমহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করি এবং তার উপরে আমার বক্তব্য পেশ করছি। আজকে খুব গুরুত্বপূর্ণ বাজেট। আমি মনে করি সমস্ত বাজেটের মধ্যে শিক্ষা বাজেট সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণ জাতি গঠন, দেশের নাগরিক গঠন এবং দেশকে কোন পথে নিয়ে যেতে হবে সেটা নির্ভর করে এই শিক্ষা বাজেটের উপর। রবীন্দ্রনাথ বলেছিলেন, ম্যান-মেকিং এ্যাণ্ড ক্যারেক্টার বিল্ডিং এডুকেশন ইজ দি ট্রু এডুকেশন। সেই ট্রু এডুকেশন নির্ভর করছে শিক্ষা বাজেটের উপর। কিন্তু সেদিকে তাকালে আমরা দেখছি হতাশা। আজকে আমরা দেখছি শিক্ষকরা অভুক্ত। স্বামী বিবেকানন্দ বলেছিলেন, "খালি পেটে ধর্ম হয় না"। আমরা দেখছি সেই ধর্ম পালন করানো হচ্ছে শিক্ষকদের দিয়ে। আজকে তাদের অভুক্ত রেখে আমরা বাজেট নিয়ে আলোচনা করছি। আজকে একদিকে দেখছি পশ্চিমবাংলার ১ লক্ষ ২০ হাজার প্রাথমিক শিক্ষক এই কার্জন পার্কে বসে বৃষ্টিতে ভিজছে, আর অন্যদিকে শিক্ষা ব্যবস্থা দেখলে মনে হচ্ছে শিক্ষার জন্য টাকা ব্যয় করা হচ্ছে, স্কুল কলেজ করা হচ্ছে। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ের কোন ত্রুটি নেই, তিনি তার সীমাবদ্ধ ক্ষমতা দিয়ে অনেক কিছু করবার চেষ্টা করছেন। কিন্তু ফল কি হচ্ছে? আজকে দেখছি স্কুল এবং কলেজের ছেলেরা ট্রাম, বাস পোড়াচ্ছে, হতাশায় ভেঙ্গে পড়ছে এবং কোথাও বা দুঃসাহসের পথে যেতে বাধ্য হচ্ছে। এই শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধেই আমার প্রতিবাদ এবং আমি মনে করি এর আমূল পরিবর্তন করা দরকার। রবীন্দ্রনাথ বলেছিলেন, "নৌকার তলার ফাটল যেখানে আলগা সেখানে আমাদের হাত দিতে হবে"। আমি মনে করি শিক্ষার আমূল সংস্কার করতে তিনি এগিয়ে আসবেন। আমি প্রস্তাব করছি শিক্ষাকে সম্পূর্ণরূপে জাতীয়করণ করা হোক এবং এর দায়িত্ব সরকার গ্রহণ করুন। আপনারা আবাসিক শিক্ষা ব্যবস্থা চালু করুন। নীতি শিক্ষা ব্যবস্থা এবং পেশাগত শিক্ষা ব্যবস্থার উপর ভবিষ্যত নাগরিক গড়ে ওঠে কাজেই সেই ব্যবস্থা করা হোক। আমি জানি এর জন্য অর্থের প্রয়োজন হবে। আমার বক্তব্য হচ্ছে শিক্ষাকে সম্পূর্ণরূপে জাতীয়করণ করা হোক এবং সেক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের জন্য পশ্চিমবাংলায় এডুকেশন সেস্ বসান হোক এবং এইভাবে শিক্ষার আমূল পরিবর্তন করা হোক।

আমরা যতই শিক্ষা বাজেট আলোচনা করি না কেন, যে বাজেটই পাশ করি না কেন, যত

টাকাই খরচা করি না কেন, শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন না করলে সমস্ত টাকাটাই বিফলে যাবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-25—5-35 p.m.]

**শ্রীবিজয় দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন তা আমি সমর্থন করে আমি আমার কয়েকটি বক্তব্য রাখতে চাই। মাননীয় শিক্ষা-মন্ত্রী তাঁর ভাষণে পশ্চিমবঙ্গে শিক্ষা সম্প্রসারণে এবং শিক্ষক সমাজের আর্থিক উন্নতির অনেক উজ্জ্বল আশা তুলে ধরেছেন এবং সঙ্গে সঙ্গে বলেছেন যে তাঁর সদিচ্ছা থাকা সত্ত্বেও আজকে অর্থাভাব ও অস্বচ্ছলতার জন্য তিনি অন্যান্য শিক্ষা প্রকল্প চালু করতে পারছেন না। একজন মাধ্যমিক শিক্ষক হিসাবে আমি যে অসুবিধাগুলি অনুভব করি সেগুলি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এখানে উপস্থিত করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান মাধ্যমিক শিক্ষা স্তরে অনেক স্কুলে যে বিশৃঙ্খলতা সৃষ্টি হয়েছে, ম্যানেজিং কমিটির সঙ্গে প্রধান শিক্ষকের মনোমালিন্য আবার কোথাও প্রধান শিক্ষকের সঙ্গে অন্যান্য শিক্ষকদের মনোমালিন্য এর ফলে স্কুলে বিষাক্ত আবহাওয়া সৃষ্টি হয়েছে। এই আবহাওয়ার মধ্যে পক্ষে নিরীহ শিক্ষক বলি হচ্ছেন এবং জোর করে তাঁদের কাছ থেকে অন্যায়ভাবে পদত্যাগপত্র আদায় করে নেওয়া হচ্ছে, এর হাত থেকে প্রতিকারের উপায় মাননীয় শিক্ষামন্ত্রীকে খুঁজে বের করতে হবে। শিক্ষকদের চাকুরীর নিরাপত্তার ব্যবস্থা সরকারকে সর্বপ্রথম করতে হবে। তাছাড়া স্কুলে ইন্সপেকসনের অভাবের জন্য গোলমাল দানা বেঁধে চলেছে। ডিষ্ট্রিক্ট অফিসে একজন মাত্র স্কুল পরিদর্শক আছেন, সারা বৎসর তাঁকে বিভিন্ন রকমের বিল সই করতে হচ্ছে এবং অন্যান্য অফিসেরও কাজ চালাতে হচ্ছে। তার ফলে স্কুল পরিদর্শন করা তাঁর পক্ষে মোটেই সম্ভবপর হচ্ছে না। শোনা যায় এক একটি স্কুলে ৮/১০ বৎসর পর্যন্ত সেখানে কোন ইন্সপেকসন হচ্ছে না। যদি ডিষ্ট্রিক্ট অফিসে ইন্সপেকসনের সংখ্যা বাড়ানো যায় এবং যাতে নিয়মিত ভাবে প্রতি বছর একবার করে প্রতি স্কুলে ইন্সপেকসন করবার ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় স্কুলে অশান্তির মাত্রা ক্রমশঃ কমে আসবে। মাননীয় স্পীকার মহাশয়, আর একটি বিষয়ের প্রতি আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে বর্তমান শিক্ষা ব্যবস্থার ফলে শিক্ষার কোয়ানটিটি বাড়ছে, কিন্তু কোয়ালিটি আদৌ বাড়ছে না। পরীক্ষার হলে গন টোকাটুকির ফলে পরীক্ষা আজকে প্রহসনে দাঁড়িয়েছে। ছেলেরা ডিগ্রী পাচ্ছে বটে, কিন্তু তাদের কতখানি জ্ঞান বৃদ্ধি হচ্ছে তা আমরা সহজেই অনুমান করতে পারি। সুতরাং অবিলম্বে পরীক্ষা ব্যবস্থা সংস্কার করা প্রয়োজন। তারপরে আমার মনে সিলেবাস যেভাবে মাধ্যমিক স্তরের ছেলেমেয়েদের ঘাড়ে চাপানো হয়েছে, এটাতে পড়াশুনায় অমনোযোগিতা এবং পরীক্ষায় টোকাটুকির কারণ। সিলেবাসের বোঝা কমানো যাতে যায় এবং বিশেষজ্ঞদের নিয়ে সিলেবাস কমিটি গঠন করতে হবে এ বিষয়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সর্বশেষে আমি যে কথা বলতে চাই, স্কুলে যে সমস্ত গ্রান্ট দেওয়া হচ্ছে তা যাতে নিয়মিতভাবে পান এবং ১৯৬৯ সাল পর্যন্ত যে সমস্ত স্কুল সরকারী অনুমোদন পেয়েছে সেগুলি যাতে ডেফিসিট গ্রাণ্ট স্কীমে আনা হয় তার ব্যবস্থা যেন করেন, আপনার মাধ্যমে এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আমাদের সামনে শিক্ষা খাতে যে দাবী উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি এবং শিক্ষামন্ত্রীর ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করে যে ভাষণ দিয়েছেন সেই ভাষণ আমি পড়লাম। তিনি বিভিন্ন দিকের কথা বলেছেন। দুঃখের কথা তিনি শিক্ষা খাতে বিভিন্ন রকমের উন্নতি করবার উচ্ছা তাঁর থাকলেও অর্থের

অপ্রতুলতার জন্য তিনি তা করতে পারছেন না, এতে আমি ব্যথিত হলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা দেশ গড়ার সময় একটা রাষ্ট্র গড়তে গেলে সেখানে শিক্ষা বাজেটে এত কম টাকা ধরা হবে এটা আমি ভাবতেও পারি না। আজকে আমি কয়েকটি জিনিস শিক্ষার উন্নতির জন্য বলতে চাই, কিন্তু আমার সময় খুব অল্প, সেই জন্য আমি প্রথমেই প্রাথমিক শিক্ষার কথাটা তুলে ধরতে চাই।

সবচেয়ে বড় কথা যে ১৯৩০ সালের একটা আমলাতান্ত্রিক শিক্ষা আইন দিয়ে বর্তমানে স্বাধীন যুগে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চলতে পারে না। আমি মনে করি অবিলম্বে ১৯৩০ সালের এই আমলাতান্ত্রিক শিক্ষা ব্যবস্থায় যে আইন চালু রয়েছে সেটা শীঘ্র বাতিল করে দিয়ে নূতন করে আইন করা উচিত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা জিনিস আমরা ভাবতে পারিনা, প্রাথমিক শিক্ষা কালে আমাদের শিক্ষা ব্যবস্থায় এক থেকে ৪০ জনের পিছনে একটি করে শিক্ষক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রাইমারী স্কুলে চারটি শ্রেণী, চারটি শ্রেণীতে প্রত্যেকটি শ্রেণীর জন্য অন্ততঃ একটি করে শিক্ষক না দিলে কি করে পড়ান হবে আমি ভাবতে পারিনা। একটি ঘরে গরু বাঁধা আছে, তার একজন মালিকও ৪০টি গরু নিয়ে চরাতে পারবে না। এখানে ১ থেকে ৪০ জন ছেলের পিছনে একটা করে শিক্ষক দিলে তাঁরা যে কি শিক্ষা দেবেন এবং সেই শিক্ষা নিয়ে যে দেশের কি সমাজ গড়া হবে তা আমাদের মাথায় ঢুকে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে অন্ততঃ কমপক্ষে প্রত্যেক শ্রেণীতে একটা করে শিক্ষক এবং ১ থেকে ৩০এর ছাত্রসংখ্যার মাধ্যমে এবং আরো একটা অতিরিক্ত শিক্ষক দেন এবং প্রথম শ্রেণীর জন্য অন্ততঃ গুরু মা অর্থাৎ মাদার টিচার দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। আর একটা কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যারা এই সমাজকে গড়ে তুলবে, যাদেরকে বলি আমরা সমাজের মেরুদণ্ড, ভবিষ্যতের নাগরিক তৈরী করবে, ছোট ছোট ছেলেদের বিবেকানন্দ, রামকৃষ্ণ পরমহংসদেব তৈরী করবে, এই যে প্রাথমিক শিক্ষক তাদের যে আর্থিক অবস্থা সেটা যদি আপনি চিন্তা করে দেখেন, আপনি যদি ঐ সরকারের পরিবার পরিকল্পনার কথাই ভাবেন যে একটা ফ্যামিলিতে ৫টি করে ইউনিট, তাহলে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাঁদের যে বেতন দেওয়া হয় তাতে তাঁদের একবেলা খাওয়া জোটে না। আজকে আমরা দেখছি কিছুদিন ধরে প্রাথমিক শিক্ষক কার্জন পার্কের কাছে তাদের পেটের জ্বালাতে অনশন ধর্মঘট করে বসে আছেন। আজকে যদি প্রাথমিক শিক্ষকদের রাস্তায় নামান হয় এবং তাঁরা যদি পেটের জন্য রাস্তায় নামে, যাঁদের আমরা সমাজের বড় হাতিয়ার বলে মনে করি, তাঁদের কথা যদি আমরা না ভাবি তাহলে সমাজ কি করে গড়ে উঠবে? আর আমি মাধ্যমিক শিক্ষকদের এবং প্রাথমিক শিক্ষকদের সম্বন্ধে তাদের মেডিক্যাল এ্যালাউন্স দেওয়া এবং দ্রব্যমূল্য বৃদ্ধিতে মহার্ঘভাতা দেওয়া সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। বর্তমান বৎসরে তাঁর ইচ্ছা রয়েছে, তিনি বলেছেন, আমার সাধ্য নেই সাধ আছে, আমরা ভাবতে পারিনি যে শিক্ষা বাজেটে এত কম টাকা ধার্য করা হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ডেফিসিট স্যালারির পিছনে কিন্তু কতকগুলি গলদ রয়েছে। যে সমস্ত মাধ্যমিক স্কুল ডেফিসিট স্যালারির মধ্যে আছে তাদের মাষ্টার মহাশয়রা যাতে মাসের প্রথম দিন মাইনে পান সেটার অন্ততঃ তিনি ব্যবস্থা করুন এই অনুরোধ করবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরূপ সিং মাঝি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের উপস্থাপিত ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি কয়েকটি প্রস্তাব রাখছি। পশ্চিমবঙ্গের লিটারেসি শতকরা ৩০এর

নীচে থেকে ৩০ এর উপরে উঠাবার জন্য আমাদের এই বাজেটবরাদ্দের মধ্যে কোথাও উল্লেখ নেই। যেটা আমাদের সিডিউল্ড কাষ্ট এবং ট্রাইবালদের মধ্যে অধিক সংখ্যক এডুকেশন ক্যাম্পেনের প্রয়োজন। এছাড়া পরে কয়েকটি আছে হাইয়ার সেকেণ্ডারি, জুনিয়ার স্কুল সেটা আমাদের গ্রান্টের মধ্যে আনা হয়নি। সেইগুলি যেন অবিলম্বে ডেফিসিট গ্রান্টের মধ্যে আনা হয়। আমরা বলেছিলাম ইলেকশন ক্যাম্পেনের সময় যে ক্লাস এইট পর্যন্ত অবৈতনিক স্কুল করে অবৈতনিক শিক্ষাদানের ব্যবস্থা করবো, সেখানে অন্ততঃ ক্লাস এইট পর্যন্ত যদি চালু করা না যায় তাহলে ক্লাস ফাইভ পর্যন্ত অবৈতনিক শিক্ষাদানের ব্যবস্থা যেন চালু করা হয়। প্রাইমারী স্কুল যেগুলি আছে, পল্লীগ্রামের বিভিন্ন অঞ্চলে, কিন্তু এই প্রাইমারী স্কুল যাতে প্রত্যেকটি গ্রামে চালু করা যায়, তার ব্যবস্থা করা হোক। যে সমস্ত গ্রাম অধিক সংখ্যক ট্রাইবাল ও সাঁওতাল অধ্যুষিত সেই সমস্ত গ্রামগুলিতে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা সাঁওতালী ভাষার মাধ্যমে যেন করা হয়। এছাড়া পুরুলিয়া জেলায় বিভিন্ন কলেজের পুরানো গভর্ণিং বডিকে ডিজলভ্ করে নূতন গভর্ণিং বডি করার প্রয়োজন আছে। সেইজন্য মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে তিনি যেন প্রাইমারী শিক্ষার জন্য প্রাইমারী স্কুলের শিক্ষকদের বেতনের মানের যে তারতম্য আছে তাতে যেন পৃথক না থাকে।

[5-35—5-45 p·m ]

জুনিয়ার প্রাইমারী বেসিক স্কুলের শিক্ষার ক্ষেত্রে শিক্ষকদের বেতনের মান যেন পৃথক না থাকে। জুনিয়ার হাইস্কুলের এবং সিনিয়ার বেসিক স্কুলের শিক্ষকদের বেতনের তফাৎ যেটা আছে, সেই তফাৎটা না থেকে সমান সুযোগ এবং সুবিধা যেন পান, পাইলেট হায়ার সেকেণ্ডারী এবং হাই স্কুলের শিক্ষকদের বেতন এবং জুনিয়ার হাইস্কুলের শিক্ষকদের বেতনের মধ্যে যথেষ্ট পার্থক্য আছে, সেখানে একই সুযোগ সুবিধা যেন উভয় ক্ষেত্রে শিক্ষকরা পান এবং একই হারে পান তার ব্যবস্থা করতে হবে। পুরুলিয়া জেলাতে যে সমস্ত মিডল স্কুল এবং প্রাথমিক স্কুল ১৯৫৬-এর নভেম্বর-এর পর বাংলাদেশের অন্তর্ভুক্ত হয়েছে, ১৯৫৮-এর মার্চ পর্যান্ত সেই সমস্ত শিক্ষকরা আজ পর্যান্ত বেতন পাননি। তাঁরা যাতে অবিলম্বে সেই সব বকেয়া বেতন পান তার ব্যবস্থা করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে সর্বশেষ অনুরোধ করব যে আজ পর্যান্ত পশ্চিমবঙ্গ সরকার, ট্রাইবাল বিশেষ অন্যান্য অনুন্নত সম্প্রদায়ের জন্য সাংস্কৃতিক উন্নয়নমূলক শিক্ষাক্ষেত্রে বিশেষ কোন সুবিধা দেন নাই, সেই সুবিধা যেন মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দেন, সেই অনুরোধই আমি জানাচ্ছি।

**শ্রীঅসমঞ্জ দে**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের সভায় অনারেবল্ এডুকেশন মিনিষ্টার শিক্ষাখাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি প্রথমেই তাকে সমর্থন জানাচ্ছি। আজকে পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে এক বিভীষিকা রাজ চলেছে। নৈরাজ্য, অরাজকতা, বিশৃঙ্খলা, অক্টোপাসের মত পশ্চিম বঙ্গের শিক্ষা কাঠামোকে আঁকড়ে ধরেছে। ১৯৫১ সালে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের শিক্ষার স্থান ছিল দ্বিতীয়। ১৯৬১ সালের আদমসুমারীর রিপোর্ট অনুযায়ী পিছু হঠতে হঠতে হল ৬ষ্ঠ। তারপর ১৯৬৭ সালে এল মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির শাসন। ১৯৬৭ সালে তদানীন্তন শিক্ষামন্ত্রী জ্যোতি ভট্টাচার্য্য পশ্চিম বাংলার শিক্ষাক্ষেত্রে জ্যোতি ছড়ানোর পরিবর্তে দেশকে একেবারে আঁধারে ডুবিয়ে দিলেন। তারপর এল ১৯৬৯ সাল, নূতন শিক্ষামন্ত্রী এলেন সত্যপ্রিয় রায়। তিনিও শিক্ষা সংস্কারের বড় বড় কথা সভায় জাহির করে, সত্যের প্রচণ্ড অপলাপ ঘটিয়ে, বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে একেবারে দফা রফা করে দিলেন। তারপর মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির জারজ সন্তান নকশালপন্থীরা

সংস্কৃতির, বিপ্লবের নাম করে, সমস্ত গ্রন্থাগার, লেবরেটরী তছনছ করে ফেলে। তখন আমরা হলাম ভীত। সন্ত্রস্ত শিক্ষক সম্প্রদায়, বাংলাদেশের মেহনতী মানুষ আমরা ভাবলাম পশ্চিমবঙ্গ ভারতের মধ্যে শিক্ষায় পিছু হঠতে হঠতে এমন অবস্থা বুঝি হবে যখন পশ্চিম বাংলার মানুষকে ষ্ট্যাণ্ড আপ অন দি বেঞ্চ করতে হবে। এই রকম একটা মুহূর্তে ১৯৭২ সালে আমাদের মাননীয় সরকারের কর্ণধার হয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় একটা ঐতিহাসিক এক যুগান্তকারী অন্ধকারের দুর্গ ভেদ করে আশার আলোকে প্রজ্জ্বলিত করে ফেলার মহতী দায়িত্ব নিয়ে, এই শিক্ষাবিভাগের ভার গ্রহণ করলেন। তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। একথা ঠিক যে তিনি এসেই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ রায়কে সঙ্গে নিয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা অবসানের বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করলেন। তারপর ধাপে ধাপে প্রাইমারী বিদ্যালয়ে অনুমোদন মঞ্জুর করলেন এবং গণতান্ত্রিক পদ্ধতিতে শিক্ষাব্যবস্থাকে পরিচালন করতে যেয়ে উপদেষ্টা পর্ষদ গঠন করলেন। তার জন্য আমি অভিনন্দন জানাই। আমার শুধু আপত্তি হচ্ছে আজও পশ্চিম বাংলায় ৭৪ পারসেন্ট নিরক্ষরতা রয়েছে। এদের বিরুদ্ধে কুঠারাঘাত হানতে হলে আজকে সার্বিক প্রাথমিক শিক্ষা প্রসার করাতে হবে। এডাল্ট এডুকেশন চালু করতে হবে। এবং ১৯৩০ সালের মান্ধাতা আমলের প্রাথমিক শিক্ষাকে ঢেলে সেজে যুগোপযোগী নূতন আইনের প্রবর্তন করতে হবে। যাই হোক তার মধ্যে আলোচনায় প্রবেশ না করে মাধ্যমিক শিক্ষার মধ্যে প্রবেশ করছি। মাধ্যমিক শিক্ষা প্রসঙ্গে একথা বলা যায় একাদশ বার্ষিক এবং ত্রৈবার্ষিক শিক্ষাক্রম শিক্ষার উৎকর্ষ সাধনে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। কালের কষ্টি-পাথরে পুরাণো সেই ইন্টারমিডিয়েট এবং ডিগ্রী কোর্স-এর শিক্ষাই নির্ভুল প্রমাণিত হয়েছে। তাই আপনার মাধ্যমে দাবী করছি সেই পুনর্মূষিক ভব—পুরানো দিনে ফিরে আসুন। শিক্ষাকে যদি প্রকৃতভাবে সংস্কার করতে হয়, তাহলে পাঠ্যপুস্তকের পরিবর্তন ঘটাতে হবে, শিক্ষার কাঠামোর কথা চিন্তা করলে চলবে না। বরং কায়িক শ্রমকে শিক্ষার মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে। আমার সবচেয়ে বড় অভিযোগ এই চূড়ান্ত পরীক্ষা ব্যবস্থার বিরুদ্ধেই, এই পদ্ধতি সম্পূর্ণ অবৈজ্ঞানিক। পাঠের অগ্রগতির সাথে সাথে প্রতি বছর তিন চার বার করে স্কুল ও কলেজের নেতৃত্বে শিক্ষার পরীক্ষা নিতে হবে। বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের উপর নির্ভর করলে চলবে না। এবং পরীক্ষা বাতিলের জন্য কেবল নেগেটিভ এ্যাপ্রোচ করলে চলবে না। এক্সামিনেশন রিফর্মস কমিটি করে তার পর্যালোচনাক্রমে পজিটিভ এ্যাপ্রোচ নিতে হবে। এই গণটোকাটুকির বিরুদ্ধে মাননীয় শিক্ষামন্ত্রীকে বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে যেতে হবে এবং বলিষ্ঠ ভূমিকা নিতে হবে। আর যদি সত্যই সমাজবাদ পশ্চিমবাংলায় আনতে চাই, শিক্ষার জাতীয়করণ আমি দাবী করছি। স্কুলের ম্যানেজিং কমিটি সব তুলে দিয়ে একজন করে প্রশাসক নিয়োগ করতে হবে। সত্যিই যদি আমরা জাতীয়করণ আনতে চাই, প্রশাসক হবে যে সরকারী কর্মচারী তার চাকুরী স্থানান্তরিত করতে হবে। স্কুলকে দুর্নীতিমুক্ত রাজনীতিমুক্ত করতে হলে বৈপ্লবিক অপারেশন দরকার।

শিক্ষা ব্যবস্থার পবিত্রতা বজায় রাখতে আমি আরও দাবী করছি অবিলম্বে ভুঁইফোঁড় tutorial home-গুলি নিষিদ্ধ করা। আমি ১৩ বৎসর শিক্ষকতা করছি। একটা কথা না বলে পারছি না, যে কলেজে শিক্ষকদের মাহিনার কথা। কেউ old U. G. C. অনুসারে পান, আবার কেউ new U. G C. তে, একবার College pay আর একবার Govt. D. A.। আমি অবিলম্বে দাবী করছি, যে সমস্ত ডিসক্রিমিনেসন আছে এই সমস্ত anomalies রহিত করে যেন এটা অবিলম্বে চালু করা হয়। এবং এই কলেজে এবং বিশ্ববিদ্যালয়ে যা রয়েছে এদের pay pocket এর ব্যবস্থা, এই সমস্ত রহিত করণের দাবী করছি। Gajendra Gadkar Committee যেটা সুপারিশ করেছেন student's participation in administration of Colleges and

Universities সেটা অবিলম্বে চালু করা হ'ক। আমি নদীয়া জেলার অধিবাসী, একটা কথা না বললে আমার বক্তব্য অসম্পূর্ণ থেকে যায়। নদীয়া জেলায় একটি মাত্র বিশ্ববিদ্যালয় আছে কল্যাণী বিশ্ববিদ্যালয়, সেই কল্যাণী বিশ্ববিদ্যালয়ে দু-দল ছেলেকে কেন্দ্র করে কৃষি বিদ্যালয়ে পরিণত করা হবে কি হবে না এই নিয়ে দারুণ অসন্তোষ। আমি আগে একবার বক্তব্য রেখেছিলাম, ওরা জুলাই থেকে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সমস্ত দরজা বন্ধ হয়ে গেছে—অচল হয়ে গেছে। সেখানে দারুণ বিভীষিকা রয়েছে। আমি অবিলম্বে এই সভার কাছে ও মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে সুস্পষ্ট নীতি ঘোষণার দাবী করছি। অবিলম্বে কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করুন। কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে এই কথা স্মরণ করিয়ে দেওয়া দরকার যে ১৯৬০ সালে এই বিধানসভায় দাঁড়িয়ে তদানিন্তন সরকারের শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্র নাথ চৌধুরী Kalyani University Act পাশ করেন। তখন মুখ্যমন্ত্রী ছিলেন Dr. B. C. Roy, তখন এটা উত্থাপন করে বলেছিলেন with definite emphasis on agriculture, but will never sacrifice liberal education. আজকে অনেকে বলেছেন যে কৃষিকে অবহেলিত করা হচ্ছে। আমি ষ্টাটিস্টিকস্ দিয়ে বলতে পারি যে Agiculture-এর জন্য যে টাকা খরচ করা হয় সেই টাকা Arts, Seience-এর চেয়ে বেশী পরিমাণ টাকা খরচ করা হয় ও Agriculture থেকে fund diversion হয় না এবং Agriculture Faculty-র সমস্ত প্রয়োজনে এ department খোলা হয়। আজকে বলা হচ্ছে যে Agricultural University না হলে টাকা পাওয়া যাবে না। খবর যদি রাখেন জানতে পারবেন, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি যে ওই যে থেকে ঐই যে I. C. R. visiting team তাঁরা বলেছেন যে If the research function is handed over to Kalyani University এবং যদি Animal Husbandry Faculty be opened হয় তাহলে গ্রান্ট দেবার কোন অসুবিধা নেই এবং অবিলম্বে তাঁরা ১৬ লক্ষ টাকা দিয়েছেন, তাঁরা আরও ২ কোটি টাকা মঞ্জুরের প্রস্তাব দিয়েছেন already। আমি এই কথা জানাই সভাকে যে, already reseerch functions handed over করা হয়েছে সুতরাং টাকা পেতে অসুবিধা নেই। Kalyani University কে Agricultural University তে পরিণত না করলে টাকা পাওয়ার কথা যা বলছেন এটা নিছক অমূলক। সেই জন্য আমি বলছি বরং অন্য দিক থেকে দাবী করতে পারি যে Kalyani University-কে Agriculture-এ পরিণত না করে টাকা পাওয়া যায় না একথা ঠিক নয়। সেই জন্য আমি দাবী করতে পারি যে Kalyani University-কে যদি Agrialture University তে রূপান্তরিত করা হয় তাহলে it will be unidirection of university এবং unidirection of university হলে U. G. C. থেকে টাকা পাওয়া যাবে না। বরং নদীয়া জেলার অধিবাসী হিসাবে এই কথা দাবী করছি বা এই কথা বলতে পারি যে এটা Commerce Faculty করা হ'ক, Medical Engineering Faculty করা হ'ক, Fulfledged University করা হ'ক এবং পশ্চিমবাংলায় কৃষির যে ভূমি আছে, আমি দাবী করছি সেখানে ১১শত একর জমিতে Farm আছে এছাড়া ২টা University building আছে হরিণঘাটায় বাড়ি আছে, বেলগেছিয়ায় কলেজে ক্যাম্পাস করে সেখানে একটা separate Agricultural University করা হক। I. C. I. এবং অন্যান্য প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় টাকা পাওয়া যাবে বলে আমার বিশ্বাস আছে। সেইজন্য সেখানে কোন Financial liabilities আসবে না। একটা ছোট কথা বলব যে আজকে পশ্চিমবাংলায় polytechinic-এর কথা বলা হয়েছে এটা ২৬টা আছে। এর ২৫টিতে সরকার ৯৬% টাকা দেয়, আমি আসানসোলের কথা বলছি এবং দাবী করছি যাতে সরকার সমস্ত State undertaking-এ আনেন। এই বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমল পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় পশ্চিমবাংলার

মানুষকে সভ্যতার পথে পরিচালিত করবেন এই আশা তিনি দিয়েছেন। আমি তাই তাঁর এই ব্যয় বরাদ্দকে সমর্থন করছি। কিন্তু সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা রাখতে চাই। আমি আজ ১৫ বছর ধরে একটা কলেজে অধ্যাপনা করছি। পরীক্ষার পূর্বে এক মাস কলেজ যেতে পারিনা যে কারণে তা হল এই যে, কলেজে পৌছুলেই ছেলেরা ধরে suggestion দিন। জানতে চাইলে তাদের কাছে বা বললে যে পাঠ্যপুস্তক আছে তা তারা বলে বিরাট পাঠ্যপুস্তকের বোঝা, তার ভেতরে ঢোকা মুস্কিল। প্রত্যেক পাঠ্যপুস্তকের যে syllabus আছে সেটা বিবেচনা করা দরকার। বেশীর ভাগ ছাত্রকে দেখেছি তারা object কাকে বলে জানে না, কিন্তু angry-র পরে কোন্ preposition বসবে তা জানে। কারণ হচ্ছে এই যে Cognate object বলতে পারলে ২ নম্বর পাবে এবং angry-র পরে কি preposition তা লিখতে পারলে ২ নম্বর পাবে। সুতরাং angry কি parts of speech তা জানাবার দরকার কি? এই হচ্ছে আমাদের শিক্ষার ধারা, এই হচ্ছে আমাদের syllabus, এই ভাবে সব চলেছে।

[5-45—5-55 p.m.]

এই হচ্ছে শিক্ষার ধারা, সিলেবাস এইভাবে চলেছে, যে ভারী সিলেবাসের জন্য আজও ছেলেরা বই-এর কাছে যেতে পারে না।

একটি গল্প মনে পড়ছে—একটি ছোট্ট ছেলে বইতে পড়ছে—দরিদ্রকে দয়া কর। ঠিক সেই সময় একজন ভিখারী এসে ভিক্ষা চাইছে—দুটি চাল দেও। ছেলেটি দেখে একটু তাকালো মাত্র। কিন্তু ভিখারী দ্বিতীয়বার ভিক্ষে চাইতে তাকে ভাগিয়ে দেওয়া হল। এই তো অবস্থা। কাজেই দরিদ্রকে দয়া কর—একথা পড়িয়ে শেখানোর কোন অর্থই হয় না।

অনেক বিষয় এখানে আলোচনা হয়ে গেছে, সে সব কথায় আমি যেতে চাই না। তবে শিক্ষামন্ত্রীর গোচরে একটা জিনিস আনতে চাচ্ছি। সেটা হল এই—আমি কাঁথি মহকুমায় বাস করি। সেই কাথি মহকুমায় ২১০টী স্কুল, তার মধ্যে অন্ততঃ একশোটি স্কুলে মোকদ্দমা চলছে। আমার কাছে বাকি আছে ৭০/৮০টি স্কুলের। যখন এই স্কুলে স্কুলে মোকদ্দমা চলে তখন ভাবি লক্ষ্মী বড় কৃপণ। ওঁর ভাণ্ডার খালি, উনি বোধহয় কাঙ্গাল। তারপর যখন দেখি রাতারাতি স্কুলের সেক্রেটারীর দোতলা বাড়ী উঠছে, আর হেড মাষ্টার মহাশয়ের মোটা ব্যাংক ব্যালান্স—তখন ভাবি লক্ষ্মীর ভাণ্ডার বড় পূর্ণ। আবার যখন দেখি গরিব শিক্ষকরা ৫/৭ মাস বেতন পান না, তখন ভাবি শিক্ষা মন্ত্রীর ভাণ্ডার শূন্য, কাঙ্গাল হয়ে গেছে। তাই মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করছি—কেন এই রকম হচ্ছে, কেন এই মামলা মোকদ্দমা চলছে—আপনি এই সম্পর্কে একটা ব্যবস্থা অবলম্বন করুন। যখন সেক্রেটারী ম্যানেজিং কমিটি একমত হয় না—তখন নানা গোলমাল, অসুবিধা দেখা দেয়। আর যখন সেক্রেটারী হেড মাষ্টার এক সঙ্গে আছেন, তখন বেশ চলেছে। আর সেখানে যখন টাকাকড়ির ভাগাভাগি নিয়ে গোলমাল হয়ে গেছে, অমনি সেখানে মোকদ্দমা চলছে। আমার এটা ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলছি।

যে শিক্ষককে আমরা বলি জাতির মেরুদণ্ড, তাঁদের আশা আকাঙ্খা আদর্শ আজ নির্মম অভিজ্ঞতায় ধূলিসাৎ, তাঁরা আজকে হতাশ হয়ে পড়েছেন এই শিক্ষার উপর। আপনি তাঁদের মনে একটা নতুন আশা আকাঙ্ক্ষা ও উদ্দীপনার সৃষ্টি করুন। একটা গভীর আশা নিয়ে আপনার

উত্থাপিত এই ব্যয় বরাদ্দের দাবীকে আন্তরিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য এইখানেই শেষ করছি।

**শ্রীগণেশ হাতুই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষাখাতে যে ব্যয় বরাদ্দ দাবী করেছেন, তা আমি পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। এবং এই সমর্থন জানাতে গিয়ে শিক্ষা সঙ্কট সম্পর্কে দু-একটি কথা বলতে চাই।

বৃটিশ আমলে এদেশে যে বাবু শিক্ষার প্রচলন হয়েছিল, সেই শিক্ষাকে আজও আমরা বহন করে চলেছি। এই শিক্ষার দাম কতটুকু আজ আমাদের তা বিচার করে দেখতে হবে। বর্তমানে শিক্ষা ছাত্রদের মনে ভবিষ্যৎ সম্পর্কে একটা হতাশার সৃষ্টি করছে। কারণ পড়াশুনা করার পর জীবনধারণের মত অন্নবস্ত্র তারা জোগাড় করতে পারে না। চাকরীর জন্য হন্যে হয়ে ঘুরে বেড়ায়। শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশোনার একটা সুস্থ পরিবেশ সৃষ্টি করতে হলে চাই শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন সাধন, চাই বেকার সমস্যার সমাধান। ছাত্রদের আজকাল এমন শিক্ষা দিতে হবে যাতে ভবিষ্যতে তাদের মনে কোন হতাশার সৃষ্টি না করে। হাজার হাজার ছাত্র-ছাত্রী স্কুল কলেজে এসে নাম লেখায় বটে, কিন্তু তার অধিকাংশ ছাত্র ছিটেফোঁটা ৫/১০ পাতা ইতিহাস, দর্শন, পদার্থবিজ্ঞা গণিত, রাজনীতির বই মুখস্থ করে যেন তেন প্রকারে পরীক্ষায় পাশ করে। তারপর বেকার হয়ে পশ্চিমবাংলার এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত ঘুরে বেড়াচ্ছে চাকরীর সন্ধানে। এই হচ্ছে বর্তমান শিক্ষার হাল!

আরো অবাক করে যখন আমরা ভাবি ইঞ্জিনিয়ারদের কথা। এরা চাকরি না পেলে নিজেদের জীবনকে ব্যর্থ বলে মনে করেন। স্যার, বর্তমান শিক্ষা চাকরীমুখী, উৎপাদন মুখী নয় তাই বর্তমান শিক্ষা ব্যবসাবাণিজ্য, ক্ষুদ্র শিল্প স্থাপন এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ আবাদ করবার কোন প্রেরণা দেয় না। তাই বর্তমান শিক্ষাকে এমনভাবে ঢেলে সাজাতে হবে যাতে এই শিক্ষা চাকরীমুখী না হয়ে উৎপাদনমুখী হয়ে ওঠে। তবে রাতারাতি এই শিক্ষা ব্যবস্থার পরিবর্তন করা সম্ভব নয়, এর জন্য নির্দিষ্ট কর্মসূচী প্রণয়ন করা দরকার। বর্তমানে যে শিক্ষা প্রচলিত আছে তাও আবার সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে না। লাম্প গ্রান্ট বিদ্যালয়গুলির দিকে তাকালে দেখতে পাবেন ঐ বিদ্যালয়গুলির শিক্ষক, অশিক্ষক কর্মচারীরা মাসের পর মাস বেতন পাচ্ছে না। এইসব ঋণে জর্জরিত শিক্ষকদের কাছ থেকে কতটুকুই বা আশা করা যায়? কাজেই শিক্ষা প্রতিষ্ঠানগুলির পড়াশুনাতে সুষ্ঠু পরিবেশ আনতে গেলে অবিলম্বে ল্যাম্প গ্রান্ট বিদ্যালয়গুলিকে ডেফিসিট গ্রান্টের আওতায় আনতে হবে। তাছাড়া গ্রামবাংলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষার মান উন্নত করতে হলে শিক্ষক এবং ছাত্রের অনুপাত কমাতে হবে। ৪০ জন ছাত্রের পিছনে একজন শিক্ষক। যে বিদ্যালয়ে মাত্র ৪০ জন ছাত্র আছে সেখানে একজন শিক্ষক কখনই ৪টি শ্রেণীতে পড়াতে পারেন না। স্যার, এর পরে আর যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে বেসরকারী কলেজগুলির শিক্ষকদের কথা একবার ভেবে দেখুন। তাঁরা পুরো বেতন একসঙ্গে পান না। বেতন যাতে একসঙ্গে হয় তার ব্যবস্থা করতে হবে। স্যার, সরকার যে টাকা দেয় শিক্ষার উন্নতির জন্য তাও সুষ্ঠুভাবে খরচ হয় না। আমি জানি নেতাজী মহাবিদ্যালয়কে লক্ষ লক্ষ টাকা দেওয়া হয়েছিল।

(সময় শেষ হওয়ার বক্তা বসিয়া পড়েন।)

**শ্রীবারিদবরণ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। এই সমর্থন জানাতে গিয়ে

একটা কথা বলতে হচ্ছে যে, আমরা বলে থাকি ক্যাম্পাস ফর ষ্টুডেন্টস—বিশ্ববিদ্যালয়, বিদ্যালয় বা কলেজগুলির মালিকানা ছাত্রদের। কিন্তু আজকে হতাশ হয়ে তাকিয়ে দেখছি বহুবার আওয়াজ তোলা সত্বেও আমরা এ্যাকাডেমিক কাউন্সিল, সিলেবাস কমিটি বা গভর্নিং বডিতে ছাত্র প্রতিনিধি পাঠাতে পারছি না। সরকারের এ সম্বন্ধে সুনির্দিষ্ট সিদ্ধান্ত আমি আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় জানাবেন। স্যার, স্বামী বিবেকানন্দ একটা কথা বলেছিলেন, সেটা হচ্ছে, The ideal of all education should be man-making. ফাইন্যাল ইয়ারের ছাত্র আমরা, খবর এল জুনিয়ার ছাত্ররা টেবিল চেয়ার ভেঙ্গে ফেলছে, পরীক্ষার হলে গণ্ডগোল করছে। শিক্ষকরা বললেন তোমরা যাও, গিয়ে থামাও'। আমরা তাদের বোঝালাম, কেউ কেউ হল থেকে বেরিয়ে গিয়েছিল তারা হলে ঢুকে গেল। টিচাররা একদিকে জটলা করছেন। একজন ইয়ং টিচারের সঙ্গে আর একজনের ঝগড়া হচ্ছে। একজন বলছেন, 'এটা অন্যায়', আর একজন বলছেন, কোনটা ন্যায় আর কোনটা অন্যায় বিচার করবার আগে তোমাকে জিজ্ঞাসা করি ডু ইউ লাইক ইয়ং ম্যান—তুমি কি যুবকদের ভালবাস" তিনি বললেন, 'কেন?' আর একজন বললেন, কেন যদি প্রশ্ন কর তাহলে বলছি, হোল টিচিং সিস্টেমের যদি আজকে পরিবর্তন না হয়—সবাই নতুন পরীক্ষা ব্যবস্থার পরিবর্তন করতে হবে, পরীক্ষা ব্যবস্থার পরিবর্তন পরিপূর্ণভাবে নির্ভরশীল শিক্ষা ব্যবস্থার উপরে'। স্যার, আমরা যখন স্কুলে পড়তাম তখন আমরা টেস্ট টিউব দেখিনি। ক্লাস নাইনে পড়ি, টিচার বুড়ো আঙ্গুল দেখিয়ে বললেন, দিস ইজ দি টেস্ট টিউব—এটাকে টেস্ট টিউব বলে মনে করো। আজকে অবস্থার পরিবর্তন হয়েছে, স্কুলে স্কুলে এ্যামেনিটিস গিয়েছে, কিন্তু আজকে পরীক্ষা ব্যবস্থায় পরিবর্তন আসবে যদি শিক্ষা ব্যবস্থার পরিবর্তন হয়। স্যার, এই প্রসঙ্গ বলছি, যে পরিমাণ ওয়ার্কলোড আমরা প্রথম হায়ার সেকেণ্ডারী পরীক্ষা দিতে গিয়ে পেলাম সেই পরিমাণ ওয়ার্কলোড নেবার মতন বয়স তখন আমাদের ছিল কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। বাজেট বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীতে নতুন নতুন চিন্তা নিয়ে যদি শিক্ষাব্যবস্থার পরিবর্তন না হয় তাহলে টেবিল চেয়ার ভাঙ্গবেই, গণটোকাটুকি চলবেই, কোন শক্তি তা রোধ করতে পারবে না। আজকে বিশ্বের সমস্ত দেশেই নতুন দৃষ্টিভঙ্গীতে শিক্ষা ব্যবস্থা আনবার, পরীক্ষা ব্যবস্থা আনবার, চেষ্টা হচ্ছে, কিন্তু আমাদের দেশে আজও সেই চিন্তা আসছে না। বড় বড় স্কুল, কলেজ হোক আপত্তি নেই—অনেক গভর্ণমেন্ট স্কুলের দিকে তাকালে মনে হয় যেন কোন সিনেমা হল, এত ওয়েল ডেকরেটেড, ওয়েল আরকিটেকচারাল বিল্ডিং।

[5-55—6-05 p.m.]

কিন্তু মূল যে সমস্যা সেই সমস্যার দিকে শিক্ষাবিদদের নজর আনতে হবে। মাননীয় শিক্ষামন্ত্রী একটি ঘটনার কথা তাঁর বক্তব্যের মধ্যে বলেছেন, আমি এতে ঘাবড়ে গেছি। আমি পরে পড়ে দেখলাম এই কথা তিনি বলেছেন, প্রকৃত যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের আকর্ষণ করার জন্য জলপাইগুড়ি সরকারী বাস্তু মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ও অধ্যাপক পদের বেতনের হার সংশোধন করা হয়েছে। শিক্ষকদের আকর্ষণ করবার জন্য আজ যদি এই রকম ইম্পর্ট্যান্ট পজিসনে যাবার জন্য তাদের অর্থের বিনিময়ে প্রলোভিত করতে হয় তাহলে এই ইম্পর্ট্যান্ট পজিসনে না যাওয়াই ভাল ছিল। আমার চেয়ে অনেক ভাল ভাল ছাত্র যারা রিসার্চ স্টাডি করতে গেছে ২৫০ টাকা মাইনে নিয়ে, তারা বসে রয়েছে। এতে না হয় তাদের রিসার্চ স্টাডি, না হয় তাদের পরবর্তী কর্মসূচী ভবিষ্যৎ জীবন গড়ে তোলা। তাদের দিকে আজ নজর আসছে না এটা অত্যন্ত আপশোসের কথা। শিক্ষামন্ত্রী তার বাজেট বক্তৃতার মধ্যে যা বলেছেন আমি সেটা বিস্তারিত ভাবে পড়ে দেখলাম, তার

মধ্যে অনেক কিছু নূতন জিনিস আছে এবং আরো নূতন কিছু কথা থাকলে ভাল হত। দেশের ভবিষ্যৎ গড়ার দায়িত্ব কলকাতা বিশ্ববিদ্যালয়ের। আজকে সেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের দিকে তাকিয়ে দেখুন তার কি অবস্থা হয়েছে। আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলাম না, আমার বাবা ছিলেন। আজ সেই বিশ্ববিদ্যালয় দুর্নীতি ও খেয়োখেয়িতে পঙ্গু হয়ে গেছে। সেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার উপর সারা ভারতবর্ষ নির্ভরশীল এবং বাংলাদেশের শিক্ষাও এর উপর বেঁচে আছে। তার ওয়ার্কলোড আজকে যে অবস্থায় এসেছে—আমি প্রস্তাব করছি আগামী সভায়, প্রয়োজন হলে এই কলকাতা বিশ্ববিদ্যালয়কে ৩টি ভাগে ভাগ করে ৩টি স্বয়ংশাসিত বিশ্ববিদ্যালয় গঠন করা হোক এবং বিভিন্ন জেলা ভিত্তিক যে কলেজগুলি রয়েছে সেই বিভিন্ন জেলায় ভাগ করে তিনটি বিশ্ববিদ্যালয় গঠন করে কলকাতা বিশ্ববিদ্যালয়কে রক্ষা করা উচিৎ। কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট খারাপ, উপাচার্য্য খারাপ তার বক্তব্যে আমি যাচ্ছি না। যে বিশ্ববিদ্যালয়ে ঘুন ধরেছে প্রতিটি রন্ধ্রে রন্ধ্রে তাকে বাঁচাতে গেলে তিনটি ভাগে একে ভাগ করতে হবে। মাননীয় শিক্ষামন্ত্রী নতুন দায়িত্ব নিয়েছেন। সত্যপ্রিয়বাবু সম্বন্ধে এখানে অনেকে অনেক কথা বলেছেন। আমি এখানে একটি কথা বলে রাখি আপনি বিভাগীয় সেক্রেটারির কাছ থেকে খোঁজ করবেন যে তার স্কুলে ১৯৬৯-৭০ সালে টেলিফোনিক ম্যাসেজে, টেলিফোনিক ইনস্ট্রাকশনে ৬ বার গ্রান্ট পেল কি করে—সেই যে গ্রান্ট নিয়েছে আপনি যদি চান, আমাকে ২৪ ঘন্টা সময় দিন, আমি ফাইল নাম্বার, ডিটেলস বলে দেব। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে প্রচেষ্টা চালিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি রিসার্চ ওয়ার্ক সম্বন্ধে বলছি। এতে উপযুক্ত লোকদের নেওয়া উচিত। এতে দেশের ভাল হবে, এতে দেশের হায়ার স্টাডির পক্ষে ভাল হবে। কিন্তু এই ২৫০ টাকায় রিসার্চ স্টাডি হয় না। হায়ার স্টাডির জন্য এম. কেক. ডক্টরেটদের যেন সাহায্য করেন, তার জন্য ভগবান আপনাকে আশীর্বাদ করবেন, আপনার আশ্রয়ের আশায় ছেলেরা বসে আছে, তাদের আপনি স্বীকৃতি দিন। আমি আর বেশী সময় নেব না, এই শিক্ষা বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসের সামনে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী অধ্যাপক শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় মহাশয় ৭৮ কোটি ৩৯ লক্ষ টাকা শিক্ষা খাতে ব্যয় বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন। এটা অত্যন্ত আনন্দের কথা, গর্বের কথা। দেশ স্বাধীন হবার পরে আমি প্রথম এই হাউসের সদস্য, আগে ছিলাম না, তবে যতগুলি বাজেট দেখেছি তার মধ্যে সব চেয়ে বেশী টাকা এই শিক্ষা খাতে ধরা হয়েছে এই বছর এবং এইবার ৭৮ কোটি টাকার দাবী রাখা হয়েছে। আমি যে ছাঁটাই প্রস্তাব দিয়েছি এবং এই ছাঁটাই প্রস্তাব সমর্থনে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি কিছু বক্তব্য রাখতে চাই। আমাদের শিক্ষামন্ত্রী অধ্যাপক ব্যানার্জী যে কারণের জন্য এই ব্যয় বরাদ্দ চেয়েছেন সেই উদ্দেশ্য তাঁর সিদ্ধ হবে কি?

আছে কি পশ্চিমবাংলায় কোন শিক্ষানীতি? দূর করতে পেরেছি কি আমরা শিক্ষা ক্ষেত্রের নৈরাজ্য? এই ব্যয় বরাদ্দ দিয়ে শিক্ষা জগতের যে নৈরাজ্য, শিক্ষা ব্যবস্থার যে নীতিহীনতা, শিক্ষা দপ্তরের পরিচালিত ত্রুটি তার দ্বারা কি এই ৭৮ কোটী ৩৯ লক্ষ টাকা সৎভাবে ব্যয় করা সম্ভব? আজকে দেখছি জনগণের মনে হতাশা, ছাত্রদের মধ্যে হতাশা, যারা অধ্যাপনার কাজে ব্যস্ত আছেন তাদের মধ্যে হতাশা, এই হতাশা কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যুক্তফ্রন্ট আমলে তৎকালীন শিক্ষামন্ত্রী শিক্ষা ব্যবস্থার মূলে কুঠারাঘাত করেছিলেন। তার শিক্ষা ব্যবস্থার দ্বারা, শিক্ষা

নীতির দ্বারা প্রত্যেকটি প্রতিষ্ঠানে এক কথায় বলা যায় যে শিক্ষা জগতে নৈরাশ্য এনেছেন, নৈরাজ্য এনেছেন। আজকে অধ্যাপক বন্দ্যোপাধ্যায়, শিক্ষামন্ত্রী যে ভাষণ রেখেছেন সেই ভাষণে অনেক কিছু আশা করেছিলাম, এই কারণ যে তিনি একজন শিক্ষা দরদী লোক, শিক্ষার সঙ্গে যুক্ত আছেন এবং আমাদের যে মুখ্যমন্ত্রী, তিনি কিছু দিন আগে সারা ভারতবর্ষের শিক্ষামন্ত্রী ছিলেন। অনেক কিছু আশা করেছিলাম, কিন্তু হতাশ হয়েছি তাঁর ভাষণের দ্বারা। আজকে আমি বলতে চাই প্রাথমিক স্তরই বলুন, মাধ্যমিক স্তরই বলুন, বিশ্ববিদ্যালয় স্তরই বলুন, প্রতিটি স্তরেই অব্যবস্থা, যার জন্য শিক্ষা-নীতি না থাকার জন্য, অব্যবস্থা থাকার জন্য—যত টাকাই বরাদ্দ করুন না কেন তার দ্বারা পশ্চিম-বাংলার স্বাধীন ভারতবর্ষের প্রকৃত নাগরিক গড়ে তোলা যাবে না। আজকে যে অব্যবস্থা চলছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৮৫৪ সালে Wood সাহেব যে এই লিখেছেন Wood Despatch নামে পরিচিত তার দ্বারা শিক্ষানীতি এবং শিক্ষা ব্যবস্থা পরিচালিত হয়েছিলো। ১৮৯২ সালে যে Hunter Commission হয়েছিল সেই Hunter Commission-এর report-এর দ্বারা প্রাথমিক শিক্ষা পরিচালিত হয়েছিল। ১৯৩০ সালে বঙ্গীয় প্রাথমিক আইন পরিচালিত হয়েছিল। তার দ্বারা অনেক জেলায় জেলায় school board তৈরী হয়েছিল। সেই school board ভেঙ্গে দিয়ে যুক্তফ্রন্ট সরকার administrator নিয়োগ করলেন। একজন আমলাতন্ত্র ব্যক্তি তখন District Inspector of Schools. আমরা দেখেছি ১৯৩০ সালের আইনে যে school board তৈরী হয়েছিল তা পূর্ণাঙ্গ board ছিল না। তা সত্ত্বেও পরিচালিত যে District Inspector, [illegible] যে board সেখানে অধিকতর দুর্নীতি দেখলাম ৩-৫ বছরের মধ্যে। আজকে আশা করেছিলাম অধ্যাপক বন্দ্যোপাধ্যায় তিনি শিক্ষাদরদী লোক তিনি আইন পরিবর্তনের কথা বলবেন কিন্তু তা না করে তিনি উপদেষ্টা মণ্ডলী তৈরী করেছেন। আমি মনে করি শিক্ষা জগতে প্রাধান্য পাবে শিক্ষাবিদদের মতামত, শিক্ষাবিদদের নির্দেশ, শিক্ষাবিদদের নির্দেশ। আমাদের যে Advisory Board তৈরী করা হয়েছে, গোবিন্দবাবু গতকাল এই হাউসে [illegible] সদস্য জানাই সরকার যে কথা বলেছেন, তার কথায় বলি একই জোটের মধ্যে আছেন একই দল থেকে Advisory Board এ নেওয়া হয়েছে এবং ঠিক সাজিয়ে একথা বলতে চাই না যাদের সদস্য নেওয়া হয়েছে তারা শিক্ষাবিদ নয়, অনেকে শিক্ষাবিদ আছে। কিন্তু এই যে selection বা যে nomination এবং nomination-এর basis হচ্ছে, তা political হওয়া উচিত নয়। যদি শিক্ষার মাধ্যমে স্বাধীন দেশের নাগরিকদের উপযুক্ত শিক্ষিত করে তুলতে চাই তাহলে শিক্ষাকে রাজনীতির আওতার বাইরে আনতে হবে। কয়েকদিন আগে কাগজে দেখেছিলাম অধ্যাপক বন্দ্যোপাধ্যায় বলেছিলেন যে শিক্ষা জগতে রাজনীতি প্রবেশ করার জন্য অনেক অসুবিধা হয়েছে।

কিন্তু সরকারের নীতি দ্বারা এই এ্যাডভাইসারী বোর্ড তৈরীর গঠন পদ্ধতির দ্বারা সরকার এই এ্যাডভাইসারী বোর্ডের ভেতর রাজনীতি ঢোকাবার চেষ্টা করেছেন। প্রাথমিক স্তরে কি দেখছি, একটি school এ চারটি ক্লাস, ছাত্র সংখ্যার অনুপাতে শিক্ষক দেওয়া হচ্ছে কোথাও একজন কোথাও দুজন, কাজেই প্রকৃত কোন শিক্ষা হচ্ছে না। শিক্ষক মহাশয়রা মাইনে ঠিক মত পান না, তাদের মধ্যে গভীর অসন্তোষ, তার প্রমাণ দেখতে পাচ্ছি, আজকে কার্জন পার্কে শিক্ষকরা আন্দোলন করছেন, অনশন করছেন, লজ্জা এবং দুঃখের কথা যে সরকার সমাজতন্ত্রের কথা বলেন, যে সরকার গরিবী হটাবার কথা বলেন, সেই সরকারের আমলে শিক্ষকমশায়রা পথে নেমেছেন। কিছুদিন পূর্বে প্রধান শিক্ষক সমিতি সত্যাগ্রহ করেছিলেন, তাঁদের কাছে তৎকালীন শিক্ষামন্ত্রী এবং এই পশ্চিমবঙ্গ সরকার কথা দিয়েছিলেন যে মাসে মাসে বেতন দেবার ব্যবস্থা করা হবে। আজকে তাঁর ভাষণের মধ্যে আশা করেছিলাম মুখ্যমন্ত্রীর সেই প্রতিশ্রুতি পালনের কথা থাকবে। সেই প্রতিশ্রুতি এই

ভাষণের মধ্যে আছে কি না জানি না। আজকে মাধ্যমিক স্তরে কি দেখছি, স্কুলগুলি চলছে বটে, সেইরকম কটা স্কুলে যে শিক্ষকরা কাজ করছেন তারা M. A. B. T., আর বেসরকারী স্কুলে যারা কাজ করছে তারাও M. A. B. T, এই তুটোর মধ্যে স্কেলের হারের বিরাট তফাৎ। এই জন্য বেসরকারী স্কুলে যে সমস্ত ভাল ভাল শিক্ষক আছেন তারা attracted হচ্ছে Government school-এ যাবার জন্য, অন্য জায়গায় যাবার জন্য। কারণ বেসরকারী স্কুলে সরকারী হারে মাইনে পাচ্ছেন না বলে, তাই আজকে তাদের মধ্যে গভীর অসন্তোষ দেখা দিয়েছে। যার ফলে পল্লীগ্রামের যে সমস্ত স্কুলে ছেলেমেয়েরা পড়ে তাদের ভবিষ্যৎ অন্ধকার হতে চলেছে এবং তারা সহর-পড়া স্কুলের ছেলেদের সঙ্গে কমপিট করতে পারছে না। সেই জন্য অসন্তোষ রয়েছে শিক্ষার মধ্যে। পরিদর্শনের কথা বলি, আমি পূর্বে আমার বক্তব্যে বলেছিলাম যে পরিদর্শন ব্যবস্থা নেই বললেই চলে। District Inspector of Schools যাকে রাখা হয়েছে তিনি বিল পাশ করতে ব্যস্ত, তিনি শিক্ষকদের চাকরির নিরাপত্তা নিয়ে ব্যস্ত, তিনি administration নিয়ে ব্যস্ত। প্রতি বছরে একবার কোন District Inspector of schools কোন মাধ্যমিক বিদ্যালয় দেখতে যান কিনা সন্দেহ। শিক্ষামন্ত্রী যদি খোঁজ নিয়ে দেখেন তাহলে দেখবেন বছরে একবারও তারা কোন school-এ visit করেন না, যদিও বা visit করেন তার রিপোর্ট কিন্তু বিদ্যালয়ের শিক্ষকরা জানতে পারবেন না। জানতে পারবেন না—কি তাদের গলদ, কি তাদের করতে হবে। অন্ততঃ আমি মেদিনীপুর জেলা সম্বন্ধে জানি—হেড মাষ্টার মহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম Inspector visit করেছিলেন কিনা, তিনি বললেন visit করেছিলেন কিন্তু তার রিপোর্ট দেননি। শিক্ষাক্ষেত্রে এইরকম একটা নৈরাজ্য চলছে। বিশ্ববিদ্যালয় স্তরের কথা বলি। বিশ্ববিদ্যালয়ে কি দেখছি, আমরা মফঃস্বলের লোক কলকাতায় আসি কম, কাগজ মারফৎ দেখছি সেখানে বিরাট অব্যবস্থা। কাগজে Vice Chancellor যে statement দিচ্ছেন Pro-Vice Chancellor তাকে প্রতিবাদ করছেন, Pro-Vice-Chancellor যে কাজ করছেন Vice-Chancellor অন্য রকম কথা বলছেন, এর ফলে কাগজওয়ালা এবং জনসাধারণের মনে এই আতঙ্ক প্রকাশ পেয়েছে বহু জায়গাতে যে Pro-Vice-Chancellor Vice-Chancellor হতে চাচ্ছেন কেন? Vice-Chancellor তার গদি বেশীদিন রাখবেন কি করে তার চেষ্টা করছেন না কেন? আজকে দেখছি সরকার একটা commission গঠনের কথা বলেছেন। যে কমিশন বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক স্তরে, বিভিন্ন জায়গায় কমিশন গঠন করে তার সেই সমস্ত শিক্ষাপদ্ধতি, পরীক্ষা পদ্ধতি, পরীক্ষা সংস্কার প্রভৃতি সম্বন্ধে সমস্ত আলোচনা করার জন্য, অনুসন্ধান করবার জন্য কমিটি করছেন। কিন্তু যে বিপদ বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যবস্থার মধ্যে, যে ঘুন সেখানে ধরেছে, যে গাফিলতি সেখানে চলছে, যে এ্যাপয়েন্টমেন্ট, ছাঁটাই বিভিন্ন ব্যাপারে যে অব্যবস্থা চলছে, যে চক্র সৃষ্টি হয়েছে তাকে ভাঙতে না পারলে কেবলমাত্র ছাত্রদের ঘাড়ে দোষ চাপিয়ে দিয়ে দায়িত্ব খালাস করলে চলবে না, ছাত্রদের কি দোষ, আপনারা জানেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্বর্গত স্যার আশুতোষ মুখার্জী মহাশয়, তিনি পোষ্ট গ্রাজুয়েট টিচিং এর ব্যবস্থা করেন।

আজকে পোষ্ট গ্রাজুয়েট-এ কোন পড়াশুনা হয় না। অধ্যাপকরা সেখানে কয়দিন ক্লাস করে যে ছাত্ররা টোকা-টুকি করবে না? পরীক্ষায় টোকাটুকি হচ্ছে এইটা নিন্দার কথা, লজ্জার কথা বাংলার দেশের পক্ষে। এর কারণ অনুসন্ধান করতে হবে, তাদের চেতনা দিতে হবে, কেবল ছাত্রদের দোষ না দিয়ে। তারা ঠিক মত পড়তে পারছে কিনা, শিক্ষকরা ঠিকমত ক্লাসে আসেন কিনা, পরীক্ষার কতগুলি কড়াকড়ি যদি না থাকত তাহলে এই সব হতো না। সবলমতি ছেলেরা তো তুর্নীতি করবেই। তাদের তুর্নীতি দূর করতে গেলে পরিচালন ব্যবস্থায় যে তুর্নীতি, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ এ্যাপয়েন্টমেন্ট ছাঁটাই এবং পড়াশুনার ব্যাপারে যে সমস্ত গলতি আছে তা দূর করতে হবে। সেখানে এই সব দূর করবার চেষ্টা করতে গিয়ে মন্ত্রী মহাশয় বলেছেন আমরা কয়েকটি কমিশন, এনকোয়ারী

কমিটি গঠন করব। কিন্তু কেবল মাত্র ঘোষণার দ্বারা কোন কাজ হবে না। আমি দেখেছি অতীতে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা পরিচালনার ব্যাপারে যে কমিটি তৈরী হয়েছিল আজ পর্যন্ত সেই কমিটির রিপোর্ট পাওয়া গিয়েছে কি? নর্থ বেঙ্গলে যে এনকোয়ারী কমিটি হয়েছিল মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রশ্ন করি মন্ত্রী মহাশয়কে যে, সেই নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির রিপোর্ট দেখেছেন কি? কি হবে কমিটি করে যদি রিপোর্ট না হয়, আর রিপোর্ট করে কি হবে যদি রিপোর্ট কোন কাজে না লাগে। কমিটি করে কি হবে যদি রিপোর্ট হারিয়ে যায়, যেমন স্বাস্থ্য দপ্তরের রিপোর্ট হারিয়ে গিয়েছিল ১৯৬৯ সালে। আজকে মন্ত্রীমহাশয়ের কাছে সবিশেষ অনুরোধ রেখে বলব যে, টাকা বরাদ্দ রাখলেই হবে না, এই যে গোড়ায় গলদ শিক্ষা। নীতির প্রাথমিক শিক্ষা স্তরে বেসিক এডুকেশন—ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনে নেবেন না সার্বজনীন পরিকল্পনায় বেসিক এডুকেশন নেবেন। আজকে স্বাধীন দেশে অনেক কমিশন হয়েছে, রাধাকৃষ্ণান কমিশনের কথা আমরা জানি, মুদালিয়র কমিশনের কথা আমরা জানি, কোঠারী কমিশনের কথা আমরা জানি, রায়চৌধুরী কমিশনের কথা আমরা জানি, বি. এন. রায় কমিশনের কথা আমরা জানি। এই সমস্ত কমিশনের রিপোর্ট মাননীয় সদস্যরা জানেন যদি পড়ে থাকেন, আমার মনে হয় আপনারা জানেন, কোন রিপোর্টই আমরা ঠিক মত নিইনি, সব হাফ হার্টেডলী নিয়েছি। মুদালিয়র কমিশন বলেছেন যে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ক্লাস করুন। আজকে সমস্ত বড় বড় বিল্ডিং আমেরিকান প্যাটার্নে করা হয়েছে, কিন্তু সেই সমস্ত বিল্ডিং মেরামত করবার জন্য যে টাকা দেওয়া হয় সেই টাকায় কিছুই হয় না। যে সব প্রাথমিক বিদ্যালয় করা হয়েছে, মাধ্যমিক বিদ্যালয় করা হয়েছে সেখানে টাকা নেই, অথচ বাড়ী ফেটে ভেঙ্গে পড়ে যাবে। আজকে অনুন্নত শ্রেণীভুক্ত এলাকার কথা, গান্ধীজির ভাষায় যারা হরিজন এই সব ব্যাকওয়ার্ড কমিউনিটির ক্ষেত্রে এডুকেশনের ব্যাপারে আমরা কি দেখছি—মন্ত্রী মহাশয় বলবেন যে, এইটা আমার বিভাগ নয় সিডুল কাষ্ট এবং সিডুল ট্রাইবসের ব্যাপার। আমি জানিনা কোন বিভাগের, তবে যেহেতু উনি শিক্ষামন্ত্রী তাই ওনার দৃষ্টি আকর্ষণ করছি। শিক্ষা ক্ষেত্রে যে সমস্ত সুযোগ সুবিধা দেওয়া হত তা থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমি জানি বহু বিদ্যালয় গড়ে উঠেছিল যেখানে তপসীলী ছেলেরা পড়াশুনা করত এবং তাদের সব খরচ সরকার থেকে দেওয়া হত। আজকে তা প্রায় বন্ধ। সেই সব স্কুলে আজ সরকারী গ্রান্ট যায় না। সেখানে যে সব বোর্ডিং আছে এবং যে সব ছেলেরা বোর্ডিং-এ থেকে পড়াশুনা করতে চায় সেখানে হেডমাষ্টার মহাশয় বলছেন যে, তোমাদের ভর্তি নেব না; আর যদি ভর্তি হতে হয় তাহলে খরচ দিয়ে থাকতে হবে, সরকার কতটুকু টাকা দিতে পারবেন জানি না, যদি সরকার থেকে টাকা আসে তখন সেই টাকা তোমাদের থেকে বাদ দিয়ে দেব। আজকে গ্রামের অনুন্নত এলাকার যে অবস্থা তাতে সরকারী সাহায্য না পেলে তাদের পড়াশুনা বন্ধ হয়ে যাচ্ছে। দুঃখের কথা আজকে কলকাতার উপর আমহার্ষ্ট স্ট্রিটের কাছে যে বাণীভবন হোষ্টেল আছে, ওয়েলিংটন স্কোয়ারে অনুন্নত সম্প্রদায়ের ছাত্রদের থাকবার যে ছাত্রাবাস আছে সেই ছাত্রাবাস আজকে ভেঙ্গে পড়ছে। আপনি যদি যান তাহলে দেখবেন সেই ছাত্রাবাসের সিঁড়ি দিয়ে উঠতে গেলে পা পিছলিয়ে পড়ে যাবেন। চারি দিকে অপরিষ্কার।

[6-15 – 6-25 p.m.]

আমহার্ষ্ট স্ট্রীটে যে ছাত্রাবাস আছে তারও সেই অবস্থা। বারে বারে সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্বেও তার সংস্কার হল না। আমি একটা ছাত্রকে জিজ্ঞাসা করেছিলাম। সে বললো, কোথায় যাবো গত পাঁচ বছর ধরে সরকারের কাছে গিয়েছি, এমনকি স্পীকার মহোদয়ের কাছেও গিয়েছি, কিন্তু সুরাহা করতে পারি নি। স্পীকার মহাশয়, সরকারের কাছে বলেছেন কিনা জানি না। কার কাছে যাবো? ডিপার্টমেন্টের কাছে গিয়েছি, মন্ত্রীর কাছে গিয়েছি, শেষ পর্য্যন্ত স্পীকারের কাছেও

গিয়েছি। এই দুটি ভবন যে দুটি অনুন্নত সম্প্রদায়ের জন্য আছে সে দুটো হলো না। এই সরকার গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষার সুব্যবস্থা করতে পারলেন না, শিক্ষানীতি কি হবে সেটা ঠিক করতে পারলেন না। সেই সরকারের হাতে ৭৮ কোটি টাকা তুলে দিয়ে কি উদ্দেশ্য সিদ্ধ হবে তা মনে করি না। তাই ছাঁটাই প্রস্তাব নিয়ে এসেছি। শিক্ষা নীতি এবং শিক্ষা ব্যবস্থার পরিচালনার বিরুদ্ধে আমার বক্তব্য রেখে আপনার কাছ থেকে বিদায় নিচ্ছি।

**শ্রীপঞ্চানন সিংহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দ এই সভায় বিবেচনার জন্য উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করি। সমর্থনের সংগে সংগে একথাও স্বীকার করি মাননীয় শিক্ষামন্ত্রীর যে বাজেট ভাষণ সেই বাজেট ভাষণে অনেক সদিচ্ছার কথা তিনি প্রকাশ করেছেন। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রেই, কি সব ক্ষেত্রেই সরকারী অর্থের অপ্রতুলতার দোহাই দিয়ে সমস্ত জিনিষ করা সম্ভবপর নয়, এই অসহায় মনোভাব প্রকাশ করেছেন। তাঁর প্রতি সহানুভূতি জাগে। কিন্তু সঙ্গে সঙ্গে প্রশ্ন মনে জাগে শিক্ষা দপ্তরের মধ্যে আমরা শিক্ষক হিসাবে যেটা লক্ষ্য করছি যে সর্বস্তরে দুর্নীতি আছে। সেগুলো তিনি দূর করুন এবং সেদিকে তাঁর সচেষ্ট দৃষ্টি নিক্ষেপ করুন। এটা যদি না করেন তাহলে যে ছিঁটে ফোঁটা বরাদ্দ হচ্ছে তাও সদ্ব্যয় হবে না। আমি যে নির্বাচন কেন্দ্র থেকে এসেছি সেই বাসন্তীতে একটা জুনিয়ার বেসিক স্কুল আছে, তবে সেটা শিক্ষা দপ্তরের খাতাতেই আছে। বাস্তবে তার অস্তিত্ব নেই। কিন্তু আপনি শুনলে আশ্চর্য্য হবেন ১৯৭০ সালের সেপ্টেম্বর মাসে যে ভীষণ বন্যা হয় সেই বন্যার পর সেই স্কুল বাড়ী পড়ে গিয়েছে— ছাত্র নাই। দুবৎসরেরও বেশী কাল ঐ স্কুলের অস্তিত্ব নেই, মাষ্টার মশাইরা কিন্তু আজও আছেন নিয়মিত বেতন নিয়ে যাচ্ছেন। আমি গত ২৬শে এপ্রিল মেনশন কেস হিসাবে এটা এই সভায় উত্থাপন করেছিলাম। আশা করেছিলাম অন্ততঃ একটা তদন্ত শিক্ষা বিভাগ থেকে হবে। কিন্তু দুঃখের কথা এই গুরুত্বপূর্ণ অভিযোগ সম্পর্কে শিক্ষা দপ্তরের থেকে অদ্যাবধি কোন তদন্ত হয়নি। স্কুলটির নাম দেউলী জুনিয়ার বেসিক স্কুল। সেটা ক্যানিং থানায় অবস্থিত। সেখানে পাঁচজন ষ্টাফ আছেন ইনক্লুডিং ওয়ান মাদার। সেই স্কুলটা ক্যানিং ডেপুটি এ্যাসিসটেন্ট ইনসপেক্টার অব স্কুলের অধীনে। তিনি জানেন যে দীর্ঘদিন হল সেখানে কোন ছাত্র নেই, স্কুল নেই। পাঁচজন মাষ্টার মশাই বসে বসে সলস সার্টিফিকেট দিয়ে এবং আমার সন্দেহ এবং সাধারণ মানুষের সন্দেহ ডেপুটি এ্যাসিসটেন্ট ইনস্পেক্টার অফ স্কুলসের যোগসাজসে বেতনের টাকা নিয়ে চলেছেন। অথচ পাশে যে স্কুল আছে সেখানে একজন শিক্ষক সাময়িকভাবে হয়ত সেখানে আছেন কিংবা কোন শিক্ষকই নেই। কাজেই এই শিক্ষা বিষয়ে প্রয়োজনের তুলনায় যে সামান্য টাকা বরাদ্দ হচ্ছে, তাও অনেকখানি অপব্যয় ও অপচয় হচ্ছে। এই বিষয়ে শিক্ষামন্ত্রী যদি কঠোর দৃষ্টি না রাখেন তাহলে আমরা নিশ্চয় গড্ডালিকা প্রবাহের মতো যেভাবে চলেছি সেইভাবে চলতে থাকব কিন্তু শিক্ষার অগ্রগতি সম্ভব হবে না।

এই দেউলী জুনিয়র বেসিক স্কুলের নিকটবর্তী আর একটি স্কুলের কথা বলছি। চণ্ডীবাড়ি এফ. পি স্কুল, এটা ক্যানিং থানার মধ্যে। সেখানে একজন শিক্ষক আছেন— নাম শ্রীপ্রবোধ কুমার মণ্ডল। তিনি তিন বৎসর সেই স্কুলে যাননা এবং part-time একজন যাঁকে রেখে দিয়েছেন তিনি সপ্তাহে ২।১ দিন যান এবং যিনি স্থায়ী শিক্ষক তিনি তাঁকে ৩০ টাকা করে দেন। এবিষয়ে আমি নিজে এবং সেখানকার জনসাধারণ বহুভাবে Dy. As. I. of Schoolsকে জানিয়েছি কিন্তু আজ পর্যন্ত সেখানে এ বিষয়ে কোন রকম তদন্ত হয়নি। এ বিষয়ে তদন্ত করলে আরও কিছু কিছু খবর পাওয়া যাবে। CARE নামধেয় বিদেশী প্রতিষ্ঠান থেকে শিশুদের খাওয়ানোর জন্য জিনিষপত্র পাওয়া যায়।

দের অধিকাংশই আমার এলাকায় অপচয় এবং হাটেবাজারে প্রকাশ্যে বিক্রি হয়। গ্রামের শিশুদের বঞ্চিত করে শিক্ষক ও শিক্ষা দপ্তরের আমলাদের সহযোগিতায় এ জিনিস করা হয়। এসব হাতেনাতে ধরা হয়েছে এবং Dy. A. I. of Schools কে দেওয়া হয়েছে, কিন্তু এ বিষয়ে একটা তদন্ত আজ পর্যন্ত হয়নি। এছাড়া আমাদের রাষ্ট্রপতির শাসনের আমলে সুন্দরবন অঞ্চলে একটা primary school-এর চাকরী যোগাড় করার জন্য ৩০০/৩৫০ টাকা ঘুষ দিয়ে বেকার যুবকদের চাকরী সংগ্রহ করতে হয়েছে। আমরা আশা করতে পারি না যারা ঘুষ দিয়ে শিক্ষক হিসাবে এসেছে তাদের দ্বারা ভাল শিক্ষা ছেলেরা পাবে। তাই শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, এই যে সমস্ত গলদ রয়েছে তার দিকে তিনি অন্ততঃ নজর দেবেন।

**শ্রীজগদীশ চন্দ্র দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে শিক্ষামন্ত্রী মহাশয়, শিক্ষা খাতে যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে ২।১ টি কথা না বলে পারছি না। ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের শিক্ষামন্ত্রী মাননীয় সত্যপ্রিয় রায়ের অত্যাচারে যখন বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছিল, যখন শিক্ষাক্ষেত্রে একটা নৈরাজ্য দেখা দিয়েছিল, যখন ৫ কোটি মানুষের আশা আকাঙ্খা ধূলিস্মাৎ হয়ে গিয়েছিল তখন এইরকম অবস্থায় ১৯৭২ সালে বাংলাদেশের মানুষ, শিক্ষক ও ছাত্র সমাজ একটা নূতন আশা আকাঙ্খা নিয়ে এই গণতান্ত্রিক প্রগতিশীল সরকার প্রতিষ্ঠিত করলেন। এই সরকারের শিক্ষামন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করলেন তাতে আমরা আশা করছিলাম একটা বৈপ্লবিক বাজেট তিনি পেশ করবেন যার মধ্য দিয়ে বাংলাদেশের এই অরাজক শিক্ষাব্যবস্থার মধ্যে একটা নূতন আশার আলো শিক্ষক ও ছাত্র সমাজ দেখতে পাবেন। এটা লজ্জার কথা যে সেসব জিনিষ এই বাজেটের মধ্যে থাকা উচিত ছিল। আজ আপনার সামনে সেটা নূতন জিনিষ তুলে ধরছি। নিরক্ষরতা কিভাবে বেড়ে চলেছে সেটা দেখাচ্ছি। আজ আমরা কোথায় নিরক্ষরতা দূরীকরণ করব, সেখানে দেখতে পাচ্ছি ১৯৬১ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এই গত ১০ বছরে ৫০ লক্ষ ৫০ হাজার নিরক্ষরের সংখ্যা বেড়েছে। বর্তমানে আমাদের নিরক্ষরতার সংখ্যা ২ কোটি ৯৭ লক্ষ। অর্থাৎ এবিষয়ে সংবিধানের যে প্রতিশ্রুতি সেটা আমরা অক্ষরে অক্ষরে পালন করছি না। ১৪ বছর পর্যন্ত অবৈতনিক শিক্ষাব্যবস্থার কথা বাজেটে আশা করেছিলাম যে অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা অবিলম্বে চালু হবে। প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত জাতীয় ইতিহাস পাঠ্য ব্যবস্থা না থাকলে জাতীর ভবিষ্যৎ অন্ধকার। আমরা আশা করেছিলাম মাধ্যমিক স্তর বিদ্যালয়ের ক্ষেত্রে সেটা দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণী হবে কিনা এ সম্বন্ধে একটা সুস্পষ্ট সিদ্ধান্ত সরকার ঘোষণা করবেন।

[6-25—6-35 p m]

এই বাজেটের মধ্যে আমরা আশা করেছিলাম যে সকল অনুমোদিত বিদ্যালয়ে ঘাটতি ভিত্তিক অনুদান প্রদান এবং মাস পয়লা বেতন দানের ব্যবস্থা থাকবে। সর্বস্তরের শিক্ষক ও শিক্ষাকর্মীকে অবিলম্বে চিকিৎসা ভাতা এবং বাড়ীভাড়া ভাতা অনুমোদন করবেন। প্রতি বিদ্যালয়ে ক্রীড়া শিক্ষক এবং শিল্প শিক্ষক নিয়োগ এবং তাদের বেতন হারের অসামঞ্জস্য দূরীকরণ ও বেতন হার নির্ধারণের ব্যবস্থা এই বাজেটের মধ্যে থাকবে এটা আমরা আশা করেছিলাম। দ্রব্যমূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে অবিলম্বে মহার্ঘভাতা বৃদ্ধির ব্যবস্থা এই বাজেটে থাকবে এটা আমরা আশা করেছিলাম। শিক্ষার গুণগত উৎকর্ষ ও ক্রমবর্ধমান বেকার সমস্যা স্থায়ী সমাধানের জন্য প্রতি ২৫ জন ছাত্রছাত্রীর জন্য একটি ক্লাস ইউনিট হিসাবে শিক্ষক নিয়োগের ব্যবস্থা এই বাজেটের মধ্যে আমরা আশা

করেছিলাম। এটা যদি করা হত তাহলে বেকার সমস্যা সমাধান হত। সর্বশেষে আমি আর একটা বিষয় আপনার কাছে উত্থাপন করতে চাই। আমি কলিং এ্যাটেনসান হিসাবে এনেছি সেটা হচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে একটা গুজব উঠেছে যে কল্যাণী বিশ্ববিদ্যালয় কৃষি বিশ্ববিদ্যালয় না হলে আমাদের কৃষি শিক্ষা এবং কৃষকের স্বার্থ নাকি সব অবহেলিত হবে। আমি একটা কথা বলতে চাই। কল্যাণী বিশ্ববিদ্যালয় মালটিপার্পস, ওখানে আর্টস অ্যাণ্ড সায়েন্স ফ্যাকালটি আছে। আমরা যেন সম্প্রসারণ নীতি অবলম্বন করতে গিয়ে শিক্ষা সংকোচন নীতি গ্রহণ না করি। আজকে যদি আর্টস, সায়েন্স ফ্যাকালটি বন্ধ হয়ে যায় তাহলে নদীয়া, মুর্শিদাবাদ জেলা এবং বীজপুর থানা যেটা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত সেখানকার ছেলেরা যে পোস্ট গ্রাজুয়েটের সুযোগ পাচ্ছে, রিসার্চ করার সুযোগ পাচ্ছে সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হবে। আমরা চাই আমাদের দেশে এগ্রিকালচার বিশ্ববিদ্যালয় হোক এই দাবি আমরা রাখছি, কিন্তু সাথে সাথে আমি এইকথা বলব আমারা যেন শিক্ষা সংকোচন নীতি গ্রহণ না করি। সেখানে আর্টস, সায়েন্স ফ্যাকালটির স্বার্থ রক্ষিত হোক। আর একটা আবেদন মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে রাখছি, সেটা হচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনে বীজপুর এবং চাকদাতে আর্টস, সায়েন্স ফ্যাকালটি নিয়ে একটি করে কলেজ করবার অনুমতি যেন দেওয়া হয়। বীজপুর এবং চাকদার ছাত্রছাত্রীরা যাতে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত না হয় সেই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিতাই পদ সরকার** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। বাজেট উত্থাপন করতে গিয়ে তিনি যে বিবৃতি রেখেছেন সেই বিবৃতি পাঠ করে আমার মনে হয়েছে এটা একটা হতাশার মহাভারত বিশেষ। কারণ আমরা আশা করেছিলাম এবারকার বাজেটে মাধ্যমিক শিক্ষকদের যে ন্যায্য দাবি অন্ততঃ ঘাটতি ভিত্তিক সাহায্য প্রদান সেটার ঘোষণা পাব। আমরা ভেবেছিলাম ১৯৭০ সালে এই বিধান সভায় যে প্রস্তাব পাশ করা হয়েছিল সমস্ত স্কুলবিহীন গ্রামে একটা করে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হবে এই বাজেটে তার একটা সুনির্দিষ্ট ঘোষণা পাব। আমরা ভেবেছিলাম এই বাজেটের মধ্যে সমস্ত বাংলাদেশের প্রায় ৩ কোটি নিরক্ষর মানুষকে নিরক্ষতার অন্ধকার থেকে আলোতে নিয়ে আসার একটা সুনির্দিষ্ট ঘোষণা পাব। আমরা ভেবেছিলাম যদি সবুজ বিপ্লব করতে হয়, আজকে দেশে কৃষিকে বৈজ্ঞানিক ভিত্তিক করতে হলে যে ধরনের শিক্ষা দরকার গ্রামের কৃষকদের যদি সেইভাবে শিক্ষিত করে তুলতে হয় তাহলে কোটি কোটি মানুষকে নিরক্ষর রেখে কোন বিপ্লব আনা যায় না। এই বাজেটে তার কোন উল্লেখ নাই বলে আমি বলেছি এটা একটা হতাশার মহাভারত বিশেষ।

স্যার, আমার মনে পড়ছে আমাদের শিক্ষা সম্পর্কে অনেক আগে নেহেরু বলেছিলেন, আজকে হয় চেঞ্জ অর পেরিস। অর্থাৎ হয় আমাদের পরিবর্তন করতে হবে এবং সেই পরিবর্তন যদি না করতে পারি তাহলে সব কিছু ধ্বংসের দিকে এগিয়ে যাবে। আমরা এতদিনের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে অনেক রকম কমিশন করেছি, অনেক রকম পরিবর্তন এবং পরীক্ষা করেছি। কিন্তু সেই পরীক্ষা নিরীক্ষার মধ্য দিয়ে আমরা দেখেছি কোন রকম চেঞ্জ আমরা করতে পারিনি। সেইজন্য আমাদের বাংলাদেশে দেখছি ধ্বংসের তাণ্ডব, শিক্ষিত ছেলেরা হতাশার মধ্যে ডুবে গিয়ে নানা রকম বিশৃঙ্খলার দিকে যাচ্ছে। আমরা দেখছি বাংলাদেশে ধ্বংসের তাণ্ডব চলেছে এবং আমরা নীতিগতভাবে আমূল পরিবর্তন করতে পারিনি। নীতিগতভাবে আমূল পরিবর্তনের কথা স্বীকার করলেও আমরা সেটা করতে পারিনি। আমরা সমাজতন্ত্রের কথা বলি এবং সমাজতন্ত্রের কথা আমরা মেনে নিয়েছি যে সমাজতন্ত্র আমাদের লক্ষ্য হবে। এই সমাজতন্ত্র

যদি করতে হয়, তাহলে এই যে শিক্ষা ব্যবস্থা এটা আমি মনে করছি জীবন বিচ্ছিন্ন শিক্ষা ব্যবস্থা, একে আমূল পরিবর্তন করতে না পারলে যে সমাজতন্ত্রের জন্য সারা দেশ ঐক্যবদ্ধ, তাকে কিন্তু এর সঙ্গে খাপ খাওয়াতে পারব না। আজকে সমগ্র দেশে এই যে উন্নয়ন হচ্ছে সেই উন্নয়নের কাজে, যাতে শিক্ষাকে অঙ্গাঙ্গীভাবে যুক্ত করা যায়, তার জন্য সুনির্দিষ্টভাবে আমাদের ভাবতে হবে। ...কার কথা বলেছেন, আমরা অনেক আগে থেকেই দাবী করছি যে কেন্দ্রীয় বাজেটের শতকরা দশ ভাগ শিক্ষা খাতে ব্যয় করতে হবে। এটা আমার কথা নয়, কোঠারী কমিশন, যাদের পেছনে আমরা লক্ষ লক্ষ টাকা ব্যয় করেছিলাম, সেই কোঠারী কমিশন একথা বলেছিলেন তাতে আমার ধারণা, তাঁরা ...বার কথা বিবেচনা করেন নি। তাঁরা দেশের উন্নয়নের জন্য শিক্ষাকে গুরুত্ব দেবার কথা বলেছিলেন। তাঁরা বলেছিলেন—The destiny of India is now being shaped in her class-rooms This, we believe, is no more rhetoric in a world bassed on science and technology It is the education that determines the level of prosperity, welfare and security of the people.

আমি মনে করি, এই এডুকেশন সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়। শিক্ষা যদি অবহেলিত থাকে, তাহলে দেশের জন্য উন্নয়ন পরিকল্পনা যতই আমরা করিনা কেন, সব কিছু শেষ পর্যন্ত গিয়ে ব্যর্থতায় পর্যবসিত হতে বাধ্য। এই যে টাকার কথা বলা হয়েছে, একে আমি সাদরে গ্রহণ করতে পারিনা। আমরা বারবার বলেছি, টাকা কোথায় আছে, সোর্স টা কি, এবং সেই টাকা কিভাবে পাওয়া যাবে। আমি মনে করি, আর অপেক্ষা করা যায় না। বারবার এই শিক্ষা নিয়ে আমরা অনেক পরীক্ষা করেছি। সাম্রাজ্যবাদীদের শিক্ষাব্যবস্থা দেখে, রবীন্দ্রনাথ "তোতা কাহিনী" লিখেছিলেন। আমরা মুদালিয়র কমিশনের সুপারিশ আংশিকভাবে কার্যকরী করেছি, এবং সেই কার্যকরী করতে গিয়ে, গিনিপিগ নিয়ে যেমন বৈজ্ঞানিক পরীক্ষা করেন, সেই রকম পরীক্ষা নিরীক্ষা করেছি ছোট ছোট ছেলেমেয়েদের নিয়ে। তাদের কথা আমরা ভাবিনি। ক্লাস এইট থেকে ...যাচ্ছে, ...বছরের যে ছেলে, সে কি করে বুঝবে কোন কোর্স নিলে, তার পক্ষে ...হবে? এটা তার পক্ষে বুঝা কঠিন হয়ে দাঁড়িয়েছে এবং সিলেবাসের বোঝা তার পক্ষে কঠিন হয়ে পড়েছে। এর ফলে যেটা আমরা করছি, সেটা সম্পূর্ণ ব্যর্থতা ছাড়া আর কিছু নজরে আসে না। আমরা মুদালিয়র কমিশনের ভিত্তিতে আংশিক পরিবর্তন করেছিলাম। অর্থাৎ আমরা ... ক্লাস করিনি, এগার ক্লাস করেছি। আজকে এটা বিবেচনা করা দরকার যে উড়িষ্যা কিন্তু আবার দশ ক্লাসে ফিরে এসেছে।

[6-35—6-45 p.m.]

আমাদের ক্যালকাটা ইউনিভার্সিটি, তাদের এ্যাকাডেমিক কাউন্সিল বলে দিয়েছে, আবার পুরানো পদ্ধতিতে চলে আসা উচিত। এই থ্রি ইয়ারসের মধ্যে যে অসামঞ্জস্য হচ্ছে সেটা তুলে দিয়ে পুরানো ব্যবস্থায় ১০ ক্লাশ মাধ্যমিক শিক্ষা, তারপরে ২ বছর কলেজের শিক্ষা, এবং তারপরে ২ বছর বি. এ. শিক্ষার প্রয়োজন এবং অনার্সের জন্য তিন বছরও করতে পারি। এইভাবে আমরা আবার ভাবতে পারি, এইভাবে আমরা পরিবর্তন করতে পারি কিনা সেটা ভাবা দরকার। স্যার, পরীক্ষা ব্যবস্থা সংস্কারের কথা ডঃ রাধাকৃষ্ণণ অনেক আগেই বলে গিয়েছেন। শুধু স্কুলে নয়, ইউনিভার্সিটিতে পর্যন্ত পরীক্ষা ব্যবস্থা সংস্কারের জন্য ১৯৪৯ সালে ডঃ রাধাকৃষ্ণণ সুপারিশ করে গিয়াছেন, কিন্তু আজ পর্যন্ত তা কার্যকরী হয় নি, যার জন্য আজকে পরীক্ষা বলে কিছুই নেই, ইউনিভার্সিটিতেও নেই, কলেজগুলিতেও নেই—স্কুলগুলিতেও নেই। স্যার, আমি নিজে শিক্ষক, আমি নিজে দেখতে

পাচ্ছি আজকে পড়ানোর কোন স্বার্থকতা খুঁজে পাচ্ছি না। শিক্ষকতাবৃত্তি বাঁচিয়ে রাখার কোন স্বার্থকতা খুঁজে পাচ্ছি না, কেন না যে ব্যবস্থা চলছে এ চোখের সামনে আর দেখা যায় না। সেইজন্য পরীক্ষা ব্যবস্থা সংস্কারের জন্য আশু ব্যবস্থা করতে হবে। মৌখিক পরীক্ষা, ওপেন বুক সিসটেম, অবজেকটিভ টাইপের মধ্য দিয়ে নানান ধরণের নতুন পদ্ধতির কথা ভাবতে পারি. পাঠ্যক্রম এবং পাঠ্যসূচী তৈরী সম্পর্কে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দেওয়া দরকার। পাঠ্যসূচীর কলেবর বৃদ্ধি না করে বৈজ্ঞানিক পদ্ধতিতে পাঠ্যসূচীর পরিবর্তন সাধন করা একান্ত দরকার। আমি একটা নতুন কথা বলতে চাই যে, আমাদের দেশ কৃষিনির্ভরশীল, ৭০ ভাগ মানুষ এই কৃষির উপর নির্ভরশীল। অতএব এই পড়াশুনার মধ্যে কৃষক ঘরের যেসমস্ত ছেলে মেয়েরা আসছে তারা যাতে কৃষি সম্বন্ধে কিছু জানতে পারে সেইজন্য ইলেকটিভ সাবজেক্ট হোক আর অপসন্যাল সাবজেক্ট হোক, কিছু পড়ানো যায় কিনা সেটা এর মধ্যে সামঞ্জস্য রেখে আমাদের ভাবা দরকার। আর একটা জিনিস বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় এবং সরকারী বিদ্যালয় শিক্ষকদের পার্থক্য তুলে দেওয়া দরকার। এটা অনেক আগেই কোঠারী কমিশন তারা সুপারিশ করেছিলেন। এটা রাখা ঠিক নয়। তারা এক ধরণের ব্যবস্থার মধ্যে থাকবে আর আমরা এক ধরণের ব্যবস্থার মধ্যে থাকবো, এটা ঠিক নয়। কোঠারী কমিশনের অভিমত ছিল "It has introduced an undesirable caste system among the teachers. It is time to eliminate this relics of the past." কোঠারী কমিশন কিভাবে এই সরকার এবং বেসরকারী বিদ্যালয়ে যে বৈষম্য এটা দূর করার কথা অনেক আগেই বলেছিলেন। আর একটা কথা গণতান্ত্রিক প্রাথমিক শিক্ষা আইন অবশ্য পাশ করতে হবে এবং প্রাথমিক শিক্ষা বোর্ডকে গণতান্ত্রিক করতে হবে। সেখানে হেড মাষ্টারদের এবং শিক্ষকদের প্রতিনিধি যাতে নেওয়া হয় তার ব্যবস্থা করতে হবে। আর একটা কথা স্যার, প্রশাসন সংস্কার করা দরকার। ঐ যে মহাকরণ আর নিউ সেক্রেটারীয়েট সেটা গোলকধাঁধা ছাড়া আর কিছু নয়। সাধারণ মানুষ ওর ভিতর গিয়ে কি করবে, আমরা নিজেরা গিয়েই পাত্তা পাই না। সাধারন মানুষের তাহলে কি হাল হবে। বিশেষ করে একবার সেক্রেটারী, একবার ফাইন্যান্স আর একবার সেক্রেটারিয়েট এই যে ধাঁধা এর লাল ফিতার ফাঁস এরা এমনই একটা অবস্থা দাঁড় করিয়েছে কোন কিছু ১০/১২বার ঘুরেও তার কিছু সুরাহা হয় না। আমি নিজে ব্যক্তিগতভাবে জানি বন্যা বিধ্বস্ত স্কুল বাড়ীর জন্য মহাকরণ আর নিউ সেক্রেটারিয়েট এবাড়ী ওবাড়ী চালান হতে হতে বন্যায় সব ভেসে গেল, স্কুল ঘর উঠল না। এই প্রশাসনিক ব্যবস্থাকে আমুল পরিবর্তন করতে হবে। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলতে চাই যে, আমাদের ষ্টেট ইনষ্টিটিউট অব এডুকেশন বাণীপুরে যেটা আছে সেখানে এ. এম. আই. ও ডেপুটি ইন্সপেক্টর অব স্কুলসদের ট্রেনিং দেওয়া হয়, যারা আমাদের শিক্ষা ব্যবস্থার উপর তদারক করবেন। সেই সমস্ত অফিসারদের ট্রেনিং দেবার জন্য আমাদের এই প্রতিষ্ঠান করা হয়েছে। লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে অথচ তিন চার বছর ধরে সেখানে কাজ হচ্ছে বলে আমার ধারণা নেই। আমার মনে হয় এটা ভাল হবে যদি চালানো না হয় একেবারে বন্ধ করে দিয়ে। সেখানে নাকি একজন বি. এ বি. টি-কে প্রিন্সিপ্যাল করা হয়েছে, যেখানে এম. এ বি. টি. কোয়ালিফিকেসনের লোকেরা আছে সেখানে বি. এ. বি. টি. প্রিন্সিপ্যাল নিযুক্ত করা হয়েছে, এইরকম অব্যবস্থা চলছে।

আর আমি এই প্রসঙ্গে কতকগুলি দাবী করতে চাই যে আমাদের গণতান্ত্রিক কোয়ালিশন অষ্টম সরকার শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষার কথা বলেছিলেন। এটা অন্যায় দাবী নয়, স্যার, কেননা আপনারা জানেন কেরালায়, মহীশূরে, মাদ্রাজে তারা ক্লাস টেন পর্য্যন্ত অর্থাৎ সেকেণ্ডারী এডুকেশন

তারা ফ্রি করে দিয়েছে। আর আমারও এখানে যখন কোয়ালিশন সরকার তারা এই পর্য্যন্ত ফ্রি করার এবং অগ্রাধিকারের কথা বলে গিয়েছেন সুনির্দিষ্টভাবে, কিন্তু আমরা জানিনা কেন এটা আমরা কার্যকরী করতে পারবোনা। এটা অবশ্যই এখনি করা দরকার। দ্বিতীয়তঃ শিক্ষামন্ত্রী মহোদয় বললেন যে সমস্ত বিদ্যালয়গুলিকে ফুল বেনিফিট দেওয়া হবে এই রকম একটা আশ্বাস কিছু কিছু লোকের কাছে দিয়েছিলেন হেড মাষ্টারদের এ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বাইরে পেপার দিয়েছিলেন। আমি শুনেছি যে কংগ্রেসের দলভুক্ত বিধান সভার সদস্যদের ডেকে তিনি বলেছেন যে, হ্যাঁ, এটা মেনে নেওয়া হচ্ছে, ডেফিসিট '৬৭, '৬৮, '৬৯ সাল পর্যন্ত যেসমস্ত মাধ্যমিক বিদ্যালয় অনুমোদন পেয়েছে তাদের ফুল ডেফিসিট দেওয়ার কথা সরকার বিবেচনা করছেন এবং এই বাজেটেই হয়ে যাবে এই কথা তিনি বলেছিলেন। আজকে এই বাজেট বক্তৃতার মধ্যে কোথাও আমি সেকথা খুঁজে পেলাম না, স্যার। এই ব্যবস্থা করে ডেফিসিটের আওতায় এনে মাসের ১লা তারিখে ট্রেজারী থেকে এনে বেতন দেবার ব্যবস্থা করতে হবে। এই ব্যবস্থা আছে, কেরালা করছে, মহীশূর করছে—দুটো রাজ্য করছে। ধাওয়ান সাহেব বলেছিলেন আমরাও করবো। আর একটা জিনিস আমি বলবো যে ইনক্রিমেণ্ট টু নন-বি, টি, টিচার্স। আপনি জানেন যে পৃথিবীতে এমন কোন সার্ভিস নেই যেখানে সেই সার্ভিসে কোন ইনক্রিমেণ্ট নেই, কিন্তু এই শিক্ষকদের বেলায় দেখুন যে, কোন ইনক্রিমেণ্ট নেই। যবে তারা বি, টি, পাশ করবে তারপর তাদের ইনক্রিমেণ্ট হবে। তা আমি, স্যার, এটা সনির্বন্ধ অনুরোধ করবো যে ধাওয়ান সাহেব সুনির্দিষ্টভাবে আমাদের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, হ্যাঁ, এটা করা উচিত। নীতিগতভাবে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু আজ পর্যান্ত, স্যার, সেটা হয়নি। আপনি আপাততঃ এটা বিবেচনা করে দেখুন যে শিক্ষকরা তাদের যদি শিক্ষার দিকে এক্সপেরিয়েন্স বাড়াতে হয় তাহলে ইনক্রিমেণ্টের ব্যবস্থা করুন। আর যাঁরা বি, টি,-র জন্য ট্রেনিং পাবেন তাঁদের জন্য আরো উচ্চ স্কেল বা ইনক্রিমেণ্টের কথা ভাবা যেতে পারে। সেক্ষেত্রে আমি এটা দাবী করছি যাঁরা বি, টি, পাশ করতে পারেননি সেই সমস্ত শিক্ষকদেরও ইনক্রিমেণ্ট দেওয়া হোক। এখানে একটা কথা, স্যার, সার্কুলার সিক্সটি এডুকেশন, ডেটেড ...... এবং সার্কুলার ১৯১ এডুকেশন, এই দুটি সার্কুলারে আমরা দেখছি—তিনি কালকে বলছিলেন যে আমাদের নীতি হচ্ছে সম্প্রসারণ নীতি, তা আমরা দেখছি যে আমাদের এই সম্প্রসারণ নীতিকে ব্যাহত করছে। স্যার, আমাদের গণতান্ত্রিক মোর্চার সরকার করেনি, এটা আপনারা যাদের মাথা থেকে এই শিক্ষা সংকোচন নীতি গ্রহণ করেছেন তাতে যদি কোন শিক্ষক কোয়ালিফিকেশন বাড়ান, সেখানে এমন বাঁধাধরা নিয়ম আছে যে তার বেশী তিনি স্কেল পাবেন না। আর একটা হল শতকরা ৫০ ভাগ অর্থাৎ আগে বি, টি, ট্রেনিং কলেজে ...... ভাগ শিক্ষকরা সেখানে ভর্তি হতেন, আজকে সেখানে ৫০ ভাগ করে দেওয়া হয়েছে। সেই ৫০ ভাগ করে দেওয়ার ফলে বহু শিক্ষকরা সেখানে ভর্তি হতে পারবেনা এবং তাতে যে অসুবিধা হচ্ছে তা আমরা মনে করি এটা সম্প্রসারণের বদলে সংকোচন নীতিকেই পোষণ করছে। আমি তাই শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ জানাবো এই যে শিক্ষা সংকোচন মূলক সার্কুলার এটা আপনারা প্রত্যাহার করে নিন। কারণ কোঠারী কমিশন সুনির্দিষ্টভাবে বলে গিয়েছেন যে শিক্ষকরা যদি তাদের কোয়ালিফিকেশন বাড়ান তাহলে তাঁদের সেই অনুযায়ী স্কেল দিতে হবে। এটা সেই সার্কুলারে আছে। আর একটা ১৭॥ টাকা করে ডি, এ, শিক্ষকদের দেওয়া হতো যারা আন-এডেড স্কুল এবং এডেড স্কুলে আছেন, কিন্তু সেটাও বন্ধ করে দেওয়া হয়েছে। সেটা চালু করা হোক এবং পেনসন ও অন্যান্য যেগুলি আবশ্যক তা দেওয়া হোক। আর একটা কথা, স্যার, প্রাইমারী স্কুলের ক্ষেত্রে আমি বলবো সমস্ত এলাকায় প্রাইমারী স্কুল করা হোক এবং

মিউনিসিপ্যালিটি এলাকায় যে সমস্ত প্রাইমারি স্কুল এখনও ফ্রি করা হয়নি তাদের ফ্রি করা হোক এবং তাদের ফ্রি করে সরকারী নিয়ন্ত্রণে আনা হোক। এই বিষয়ে মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি যে পুরুলিয়ায় চার জন শিক্ষককে ছাটাই করা হয়েছে, তাঁদের প্রভিডিয়েন্ট ফাণ্ডের টাকা খরচ করা হয়েছে, সেইজন্য সেখানে ব্যবস্থা অবলম্বন করা হোক।

[6·45—6-55 p.m ]

আর প্রাইমারী শিক্ষকদের অন্ততঃ সর্বনিম্ন ২৫০ টাকা বেতন করা হোক। যেখানে আমরা চটকল মজুরদের জন্য ২৩৫ টাকা দাবী করছি, সেখানে আমাদের ম্যাট্রিক পাশ ক্লার্ক ২৫০ টাকা বেতন/৩০০ টাকা বেতন পান, সেখানে এই প্রাইমারী শিক্ষকদের কথা একটু ভাবুন। আর একটা কথা হল যে শ্রেণীভিত্তিক শিক্ষক নেওয়া হোক। আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। সেটা হল নিরক্ষরতারূপ অভিশাপের কথা। আজকে পশ্চিমবঙ্গে প্রায় তিন কোটি লোক নিরক্ষর। এই নিরক্ষরতা উন্নয়নের হার পশ্চিমবঙ্গে কমে যাচ্ছে। শিক্ষা ক্ষেত্রে আমরা দ্বাদশ স্থানে এসে পৌঁছেছি। আগে আমাদের অবস্থা ছিল— হোয়াট বেঙ্গল থিঙ্ক টুডে, ইণ্ডিয়া থিঙ্ক টু মরো। সেসব দিন স্যার, চলে গিয়েছে। আমরা আস্তে আস্তে পিছিয়ে যাচ্ছি। তাই আজকে এ সম্বন্ধে একটু ভাবুন। আজকে আমরা দেখতে পাচ্ছি রাইটার্স বিল্ডিংসের গোলকধাঁধা লাল ফিতার ফাঁসে, শিক্ষা, শিক্ষার্থী এবং শিক্ষক, সকলের ভাগ্য আটকে আছে। আমি জানিনা আমাদের শিক্ষামন্ত্রী সেই ভগীরথ হতে পারবেন কিনা। তিনি শিক্ষা-জগতের আপামর—জনসাধারণের মধ্যে বিতরণের জন্য ভগীরথ হতে পারেন কিনা দেখুন। এটা আশা করে আমি আমাদের শিক্ষামন্ত্রীর ব্যয় বরাদ্দের দাবী সমর্থন করে, আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে দাবী উত্থাপন করেছেন, আমি তাতে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষা জগতের একজন সুযোগ্য, সুপণ্ডিত অধ্যাপক মৃত্যুঞ্জয়বাবু ২৩শে মার্চ তারিখে শিক্ষামন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করেছেন। সেদিন শিক্ষক সমাজের মধ্যে এবং শিক্ষানবীশদের মধ্যে একটা আশার আলো দেখা দিয়েছিল। তাঁরা সেদিন আশা করেছিলেন যে তাঁদের একজন বন্ধু এই যে দায়িত্ব নিলেন, তাতে পশ্চিমবাংলার মৃতপ্রায় শিক্ষা ব্যবস্থা এবং শিক্ষকসমাজ হয়ত মৃত্যুঞ্জয় বাবুর নেতৃত্বে মৃত্যুর হাত থেকে রক্ষা পাবে। তিনি তাঁর সীমিত অর্থের মধ্যে একটা আশাব্যঞ্জক বক্তব্য রেখেছেন, এই রকম একটা ধারণা আমার হয়েছিল। কিন্তু বাইরে গিয়ে দেখলাম যে শিক্ষক সমাজ সম্বন্ধে যেন হতাশাব্যঞ্জক ভাবই তিনি এনেছেন, এই বাজেটের মধ্যে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে শিক্ষা আপনাকে, আমাকে ঘরের মধ্যে বসিয়েও বিশ্বজগতের সঙ্গে পরিচিতি এনে দিয়েছে, যে শিক্ষক সমাজ আপনাকে আমাকে মাননীয় মন্ত্রী মহাশয়কে নিরক্ষরতার অন্ধকার থেকে ঠেলে আজকে আলোর রাজ্যে আসার সুযোগ করে দিয়েছে, সেই শিক্ষক সমাজকে কার্জন পার্কে বুভুক্ষু অবস্থায় ফেলে রেখে, এসেম্বলী গেটে দাঁড় করিয়ে রেখে, আমাদের আজকের এই বাজেট সাফল্য লাভ করতে পারেনা। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর নিকট অনুরোধ রাখছি এবং সঙ্গে সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এবং সমগ্র মন্ত্রী মণ্ডলীর কাছে অনুরোধ রাখছি যে তাঁরা এ সম্বন্ধে একটা সুব্যবস্থা করুন। মাননীয় মুখ্য মন্ত্রী যেদিন শপথ নেন সেদিন শিক্ষক সমাজের আশার সন্ধান পেয়েছিলেন, কারণ তিনি যখন

ন্দ্রীয় সরকারের যখন শিক্ষামন্ত্রী ছিলেন, সেই সময় তিনি শিক্ষক সমাজকে অনেক আশার কথা লছিলেন, কাজেই তাঁর নেতৃত্বে যখন পশ্চিম বঙ্গের মন্ত্রীমণ্ডলী দায়িত্ব নিলেন, তখন স্বভাবতঃ ক্ষক সমাজের উন্নতি হবে, এটা তাঁরা মনে করেছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষক াজ যে দাবী এনেছেন, সেটা অত্যন্ত সংগত দাবী, আমি তাই আশা করব, আবেদন করবো মন্ত্রী ণ্ডলীর কাছে, তাঁরা যেখান থেকেই হোক না কেন, আজকে শিক্ষা বাজেটে যে অর্থের অভাব দেখা গেছে, সেই অর্থের অভাব মোচন করতে হবে।

এইভাবে যদি প্রত্যেক গ্রামে ২।১টি করে বিদ্যালয় বা প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা যায় তাহলে াতে যে শিক্ষক নিয়োগ করা যাবে তাতে বেকার সমস্যার খানিকটা সমাধান হবে। শিক্ষকরা দাবী তুলেছেন তাদের স্কেল-এর কথা বলেছেন এবং শ্রেণী ভিত্তিক শিক্ষক নিয়োগ করতে হবে লছেন এটা দেখা দরকার। এছাড়া একজন শিক্ষক এবং ৩০ জন ছাত্র এইভাবে যদি নিয়োগ রা যায় তা হলে বেকার সমস্যার সমাধান হবে ও সঙ্গে সঙ্গে নিরক্ষরতা দূর হবে। অন্ততঃ পশ্চিম ংলার ক্ষেত্রে আমরা বলতে পারব যে আমরা সংবিধানের একটা অংশ পূরণ করতে পেরেছি। িতীয়তঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে একটা ডিপ টিউবওয়েল স্থাপন করে ১০০ জন চাষীর ধ্যমে যে উৎপাদন আশা করব আমি নিশ্চয়ই জোর গলায় বলবো একটা ডিপ টিউবওয়েল স্থাপন করে যদি একজন শিক্ষিত কৃষককে সেচ বিহীন এলাকাতে চাষ করতে দেওয়া যায় তাহলে তার ছ থেকে ঢের বেশী উৎপাদন আশা করবো। তাহলে এতে আমাদের উৎপাদন বৃদ্ধি হবে এবং রক্ষর মানুষের কাছ থেকে যা পাব তার চেয়ে একজন শিক্ষিত কৃষকের কাছে আরও বেশী শা করব। স্যার, আজকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বাজেট, রাত ১০টা অবধি আমরা বিধানসভা সেছি। আমি আর একটা মর্মান্তিক কথা বলব আজকে যে শিক্ষক সমাজ যা আমাদের অত্যন্ত দ্ধার পাত্র আজকে যারজন্য আমাদের বিধানসভায় আসার গর্ব সেই শিক্ষক সমাজ আমাদের ছ থেকে বেশী দাবী করেনি। স্যার, একজন চতুর্থ শ্রেণীর কর্মচারী, যে সবিনয়ে মন্ত্রীমহাশয়ের জা খুলে দাঁড়িয়ে থাকেন সেই ৪র্থ শ্রেণীর কর্মচারী, সে যা মাহিনা পায়, মাননীয় অধ্যক্ষ াশয়, একজন প্রাথমিক শিক্ষক তা পায়না। সেদিন মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, তাঁরা ১৭৫ কা পান, অথচ একজন চতুর্থ শ্রেণীর কর্মচারী পায় ২৩০।২৩৫ টাকা। এছাড়া তাদের আরও যোগ সুবিধা আছে, তারা মেডিকেল এ্যালাউন্স পায় অথচ শিক্ষকরা এই বেতনটুকু ছাড়া আর চু পায়না, তারা কোন মেডিকেল এ্যালাউন্স পায় না। আমি মন্ত্রী মণ্ডলীর কাছে আবেদন রব যে, অন্ততঃ চতুর্থ শ্রেণীর কর্মচারীরা যে সুযোগ সুবিধা পায়, তাঁদের তা দেওয়া হোক। াহলে শিক্ষিত সমাজকে অন্ততঃ কিছু দেওয়া হবে। মন্ত্রীমহাশয়ের ভাষণে কারিগরি বিদ্যা, যুক্তিবিদ্যার কথা বলেছেন, কিন্তু কৃষিপ্রধান বাংলাদেশে কৃষিবিদ্যা সম্প্রসারণ-এর কথা বলেননি। ন্ত্রীমহাশয় যেমন কারিগরি ও প্রযুক্তিবিদ্যার কথা চিন্তা করেছেন তেমনি কৃষির কথা চিন্তা রবেন এই আশা রাখি। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শষ করছি।

**Mr. Deputy Speaker** : Honourable Members, the time for discussion on his grant will expire at 6-55 p. m., but many of the Members have not yet poken and the Minister also is to reply. I, therefore, take the permission f the House to extend the time by one hour. If the House agree, then I can xtend it.

(Voices : Yes)

[6-55—7-05 p.m.]

**Shri Kinkar Mahato :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দে বাজেট এখানে পেশ করেছেন, তাকে আমি সমর্থন করছি। এই সমর্থন রেখে দু-চারটি কথা আ বলতে চাই।

তিনি বলেছেন প্রতি গ্রামে একটি করে প্রাথমিক বিদ্যালয় হবে। যেখানে—যে গ্রামে ২/ হাজার লোকের বাস সেখানে অন্ততঃ দু-তিনটি প্রাথমিক বিদ্যালয় হওয়া উচিত। কোন মৌজ যদি এক হাজার বা দু হাজার লোক বাস করে, সেখানেও দুটি প্রাথমিক বিদ্যালয় হওয়া উচিত চারশ্রেণীযুক্ত প্রাথমিক বিদ্যালয়ে ৪জন এবং পাঁচশ্রেণীযুক্ত প্রাথমিক বিদ্যালয়ে ৫জন শিক্ষক দেও উচিত—যেখানে ৪০ জন ছাত্রে বা ২৫ জন ছাত্রে একজন শিক্ষক দেবার ব্যবস্থা আছে, সেখানে যা ছাত্রসংখ্যা কমও থাকে, তথাপি ইউনিট হিসেবে যেন শিক্ষক দেবার ব্যবস্থা থাকে। অর্থাৎ চতুর্থ শ্রেণী বিদ্যালয়ের জন্য ৪জন শিক্ষক এবং পঞ্চম শ্রেণীর বিদ্যালয়ের ৫জন শিক্ষক থাকে।

জুনিয়র হাই স্কুল ও সিনিয়র বেসিক স্কুলের মধ্যে পার্থক্য আছে। সিনিয়র বেসিক স্কুলে হেডমাষ্টার হবে এম-এ, বি-টি—তাঁর কোয়ালিফিকেসন এবং তিনি সরকারী স্কেলে মাইনে ; করবেন। আর এইট্ ক্লাস জুনিয়র হাই স্কুলের হেডমাষ্টার হবেন বি-এ, বা বি-এ, বি-টি। তি স্কেল পাবেন না। সেকেণ্ডারী স্কুলের শিক্ষক বি-এ পাশ করার পর এম-এ, পাশ করলে বেত বেড়ে যায়। অন্য জায়গায় তা হয় না। সিনিয়র বেসিক স্কুলের হেড্মাষ্টার যে সব সুযোগ সুবিধা পান, অন্যান্য 10-Class বা 8-Class স্কুলের শিক্ষকরা তা থেকে বঞ্চিত হন। সকলের ক্ষেত্রেই যা একই নীতি অনুসৃত হয়, সকল শিক্ষকরা একই increment পান তার জন্য মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করছি। সঙ্গে সঙ্গে একথাও বলবো—হায়ার সেকেণ্ডারী স্কুল না রেখে আগের মত আবার 10-Class স্কুল হোক্—আগের সিষ্টেম চালু হোক—ইন্টারমিডিয়েট, বি-এ আগে যেমন দু বছরের কোর্স ছিল—তেমন সিষ্টেম করলে ভাল হয়। 11-Class স্কুলে অনেক অসুবিধা ও অব্যবস্থা হচ্ছে ফলে অনেক ছেলেমেয়ে শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

আমার পুরুলিয়া জেলা একেবারে অনুন্নত ব্যাকওয়ার্ড জেলা। এই জেলায় ১৬ লক্ষ লোক বাস করে। অনেক অভাব অভিযোগ আমাদের রয়েছে। অন্যান্য জেলায় ২ লক্ষ লোকের জন্য একটি করে কলেজ আছে। পুরুলিয়ায় মাত্র ৩টি কলেজ আছে। তাই আমি প্রস্তাব করছি—আমাদের পুরুলিয়া জেলায় যে জুনিয়র টেক্নিক্যাল স্কুল আছে, ঝালদার সেই টেক্নিক্যাল স্কুলকে টেক্নিক্যাল কলেজে রূপান্তরিত করবার ব্যবস্থা করা হোক্। ৪।৫ লক্ষ লোকের বাস সেখানে, কাজেই এই কলেজটি সেখানে হলে অনেক সুবিধা হবে। পুরুলিয়ার একমাত্র কলেজ—জে, কে, কলেজ। সেখানে সমস্ত বিষয়ে অনার্স পড়াবার ব্যবস্থা থাকা উচিত। অনার্স পড়বার সুযোগ না থাকার জন্য আমাদের ছেলেরা এম-এ পড়ার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। কারণ অনার্স পাস না হলে সে এম-এ পড়ার সুযোগ পায় না, Admission দেয় না। সুতরাং জে, কে, কলেজে সমস্ত বিষয়ে অনার্স পড়াবার ব্যবস্থা করা হোক্।

আর একটা জিনিষ—আমরা অনেক আশা ভরসা নিয়ে এসেছিলাম। স্কুলে পঞ্চম শ্রেণী পর্য্যন্ত ফ্রি আছে, আমার দাবী অষ্টম শ্রেণী পর্য্যন্ত ফ্রি পড়ার ব্যবস্থা করা হোক। তাহলে সকলের উপকার হতে পারে। আর আমাদের যে সমস্ত স্কুলে ডেফিসিট্ গ্রাণ্ট দেওয়া হয়নি, সেখানে তাড়াতাড়ি করে এই deficit grant দেবার জন্য ব্যবস্থা করুন।

এই কথা কয়টি বলে আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবলাইলাল শেঠ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন আমি সেটা সমর্থন করছি। স্যার, পশ্চিমবাংলায় শিক্ষার সংস্কার হবে এটা আমরা সকলেই আশা করেছিলাম, কিন্তু এই বাজেটে টাকার অঙ্ক যা স্থির হয়েছে তা সংখ্যার দিক থেকে বেশী হলেও শিক্ষকদের যে সুযোগ সুবিধা পাবার কথা তা কোন অংশেই আমরা দেখছি না, পূর্বে যে অবস্থা ছিল সেই অবস্থাই রয়ে গেল। দেখলাম শিক্ষার উন্নতির জন্য ৩২টি পরিদর্শকের পদ রাখছেন, কিন্তু তাঁরা কি পরিদর্শন করবেন? তার চেয়ে এগুলি না করে যদি কয়েকটি স্কুলকে ডেফিসিট গ্রাণ্ট দেওয়া যেত তাহলে ভাল হত। কাজেই এগুলির দিকে চিন্তা করা দরকার। তারপর স্যার, কতকগুলি বিদ্যালয় আছে যেখানে একই জায়গায় দুরকম বেতন হার। এর আগে আমার এক বন্ধু বলেছেন সিনিয়ার বেসিক, জুনিয়ার হাই ইত্যাদির কথা। আমি একটা নতুন কথা বলছি। একই বিদ্যালয়ে ক্লাস এইট পর্যন্ত সিনিয়ার বেসিক যেমন হাই হয়েছে—সিনিয়ার বেসিক, অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষকরা পুরো বেতন পান অথচ একই যোগ্যতা সম্পন্ন শিক্ষক যাঁরা নবম বা দশম শ্রেণীর জন্য নিযুক্ত হন তারা সঠিক বেতন পান না। তারপরে টেনিং কলেজ যেগুলি হয়েছে—বি. টি. কলেজ, সেখানে সরকারকে অনেক টাকা খরচ করতে হয়, কিন্তু সেই টেনিং কলেজে যা শিক্ষা দেওয়া হয় সেই শিক্ষাটা গ্রামের স্কুলে ফিরে এসে ইমপ্লিমেণ্ট করার সুযোগ নেই। তাই আমার মনে হয় এই টেনিং কলেজ যেগুলি আছে এগুলিতে এক বছরের জন্য শিক্ষার কোর্স না করে যে সময় ছুটি থাকে সেই সময় প্রবর্তন করলে অনেকটা ভাল হয়। তারপর স্যার, বর্তমানে এই বেকার সমস্যার সময়েও কলেজে কলেজে পার্ট টাইম প্রফেসার নিয়োগ করা হচ্ছে। অবশ্য কতকগুলি সাবজেক্ট আছে যাতে ৪।৫ জন ছাত্র, সেগুলির ক্ষেত্রে পার্ট-টাইম প্রফেসার নিয়োগ করা চলে, কিন্তু অনেক ক্ষেত্রে দেখেছি মেন সাবজেক্টেও পার্ট-টাইম প্রফেসার নিয়োগ করা হচ্ছে। আমরা যেমন ওভার টাইম বন্ধ করার পরিকল্পনা করছি তেমনি যদি শিক্ষা ক্ষেত্রেও এই পার্ট-টাইম বন্ধ করা হয় তাহলে আমার মনে হয় অনেক শিক্ষিত বেকার যুবক চাকরীর সুযোগ পাবে। এছাড়া ব্লক পর্যায়ে এবং জেলা পর্যায়ে আমরা দেখেছি স্যার, ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টার অব স্কুলস থাকছেন, ডিষ্ট্রিক্ট সোশ্যাল এডুকেশান অফিসার থাকছেন। ব্লক পর্যায়ে সাব-ইন্সপেক্টার থাকছেন, সোশ্যাল এডুকেশান অফিসার থাকছেন এঁদের যে কি ফাংসান তা আমরা বুঝতে পারি না। ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টার অব স্কুলস তাঁর ফাংসান হচ্ছে কেবল ফাইলে সই করা। তা ছাড়া আমরা দেখেছি ডিষ্ট্রিক্ট সোশ্যাল এডুকেশান অফিসার তিনি কি করেন। স্যার, সোশ্যাল এডুকেশান অফিসার ব্লকে যিনি আছেন তাঁর কাজ হচ্ছে নিরক্ষরতা দূরীকরণের জন্য বয়স্কদের শিক্ষার তত্ত্বাবধান করা। কিন্তু খোঁজ নিলে দেখতে পাবেন গ্রামে বয়স্কদের জন্য যে শিক্ষাকেন্দ্রগুলি খোলা হয়েছিল সেগুলি কবে উঠে গিয়েছে, কোথাও কিছু নেই। স্যার, গ্রামের শিক্ষকরা যেখানে ৬ ঘণ্টা খেটে বেতন পান না সেখানে এই সোশ্যাল এডুকেশান অফিসাররা কিছু না করেই টেবিলে বসে ঘুমিয়েই পুরো বেতন পান। কাজেই এই পোস্টগুলির জন্য আলাদা কাজ দেওয়া দরকার। তা না করে তাদের এই ভাবে টেবিলে বসে ঘুমোবার জন্য এইভাবে বরাদ্দ করা ঠিক হয়নি। স্যার, আজকের এই ব্যয়বরাদ্দ অত্যন্ত দুঃখের সঙ্গে সমর্থন করছি। কারণ আমরা আশা করেছিলাম শিক্ষা সম্পর্কিত অনেক দাবী পূরণ করা হবে, কিন্তু সে বিষয়ে খুব একটা আশান্বিত হতে পারছি না। যাই হোক, শিক্ষার অনেক সংস্কারের প্রয়োজন আছে। আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় ভবিষ্যতে সেগুলি সংস্কার করবেন। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করলাম।

[7-05—7-15 p.m.]

**শ্রীনৃসিংহ কুমার মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দের

দাবী পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে কয়েকটি কথা বলতে চাই। তাঁর ভাষণে তিনি অনেক আশা আকাঙ্খার কথা বলেছেন, অনেক নতুন নতুন কথা বলেছেন। তিনি এক জায়গায় স্কুল সম্বন্ধে বলেছেন যে ৮০টি স্কুল বাদে অন্য সমস্ত স্কুলকে ডেফিসিট গ্রান্টের আওতায় আনা হয়েছে। আমার মনে হয় এই স্কুলগুলিকেও বাদ দেওয়া ঠিক হয়নি। কারণ, যেসমস্ত স্কুল লাম্প গ্রান্ট পায় তাদের শিক্ষকদের যে কি দুরবস্থা তা যারা শিক্ষকতা করেন তারাই সেটা জানেন। এমন অনেক স্কুল আছে, আমি তার দু একটির কথা জানি যে তারা প্রায় ১৮ মাস পর্যন্ত বেতন পান নি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এক জায়গায় বলেছেন বিশেষ করে যথোপযুক্ত অধ্যাপনার দিকে এবং পাঠ্যসূচী যাতে সম্পূর্ণরূপে পড়ানো হয় তার দিকে লক্ষ্য রাখতে হবে। কিন্তু যেখানে শিক্ষক মহাশয়রা ঠিকমত বেতন পান না, তারা এই কথা কতটুকু ঠিকভাবে পালন করবেন তাতে আমার সন্দেহ আছে। কারণ, খাবে কম, দুধ দেবে বেশী এ হয় না। সুতরাং শিক্ষক মহাশয়রা যাতে নিয়মিতভাবে বেতন পেতে পারে তার দিকে দৃষ্টি রাখার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা আশা করেছিলাম যেখানে জম্মু ও কাশ্মীর বিশ্ববিদ্যালয় শিক্ষা ফ্রি করেছেন, অন্যান্য অনেক রাজ্য যেখানে মধ্যশিক্ষা ফ্রি করেছেন সেখানে অন্ততঃ আমাদের এখানে ক্লাশ ৮ পর্যন্ত ফ্রি এডুকেশনের ব্যবস্থা করা হোক, এই রকম কোন আভাষ তাঁর ভাষণের মধ্যে পেলাম না। তাছাড়া আমরা জানি ক্লাশ ৮ পর্যন্ত মেয়েদের ফ্রি এডুকেশন। কিন্তু উপাধ্যক্ষ মহাশয়, বর্তমানে আমি যে স্কুলে শিক্ষকতা করি সেই স্কুলে একটি সারকুলার গেছে মেয়েদের ক্লাশ ৮ পর্যন্ত ফ্রি এডুকেসন, ১২½% কমিয়ে দেওয়া হয়েছে। এই সারকুলার যাতে যথাসম্ভব শীঘ্র প্রত্যাহার করে নেওয়া হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। তারপরে যেসমস্ত এ্যাডাণ্ট স্কুলগুলি আছে তাতে যারা শিক্ষকতা করেন তাদের বেতন একটা অত্যন্ত হাস্যকর ব্যাপার—তারা মাত্র ১০ টাকা করে বেতন পান, তাছাড়া কন্টিনজেন্সি ১০। সুতরাং এই রকম একটা বেতনের কথা বর্তমান যুগে চিন্তা করা অসম্ভব ব্যাপার। সুতরাং সেদিকে একটু দৃষ্টি দেবার জন্য আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি। সব শেষে আমি আর একটি কথা বলতে চাই যেটা বর্তমান পরিস্থিতিতে খুব প্রয়োজন আছে বলে মনে হয়। সেটা হচ্ছে এই অন্যান্য শিক্ষার সঙ্গে প্রত্যেক স্কুলে কৃষি শিক্ষা ব্যবস্থা চালু করা হোক। লেখাপড়ার সঙ্গে সঙ্গে ছেলেরা কৃষি শিক্ষার দিকে আগ্রহশীল হতে পারে এবং একমাত্র চাকুরী ছাড়া তারা অন্যদিকে মনোযোগ দিতে পারে। এটা চালু করা দরকার আছে বলে আমি মনে করি। এই বলে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীনিরোদ কুমার সাহা ঃ** শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষাখাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। আর তাঁর এই ভাষণের মধ্য দিয়ে আমরা যে দরদের পরিচয় পেয়েছি তার জন্য আমি তাঁকে অভ্যর্থনা জানাই এবং জানিয়ে তাঁর কাছে কিছু দাবী আনছি। আজকে শিক্ষা ব্যবস্থার মধ্যে আমরা কি দেখতে পাচ্ছি? শিক্ষা একটি বিকারে পর্যবসিত হয়েছে এবং ছাত্ররা গণ-টোকাটুকির শিকার হয়েছে এবং শিক্ষকরা নীরব দর্শকের ভূমিকা গ্রহণ করেছে।

যে শিক্ষা ছাত্রদের সৎপথে চালিত না করে অসৎ পথে শিকার করতে বাধ্য করে, যে শিক্ষায় শিক্ষকদের প্রতিবাদ করবার শক্তি হারিয়ে ফেলে আমি সেই শিক্ষার আশু পরিবর্তন ও সংস্কার দাবী করি। আজকে সেই দাবী রেখে আমাদের শিক্ষামন্ত্রী, যিনি মৃত্যুঞ্জয় নাম ধারণ করেছেন, যে শিক্ষা

মরতে বসেছে সেই শিক্ষাকে তিনি বাঁচিয়ে তার নামের স্বার্থকতা বজায় রাখুন। আর একটি কথা সেটা হচ্ছে আজকে শিক্ষকদের মধ্যে যে নৈরাজ্য আছে, যে নৈরাশ্য আছে সেগুলি দূর করে তিনি নতুন পথ নিশ্চয়ই দেখাবেন। তিনি প্রমাণ করবেন এই শিক্ষা সমস্যা শুধু পশ্চিমবঙ্গের নয়, সারা ভারতবর্ষের। তার শিক্ষানীতি হবে ভারতের শিক্ষানীতি। তিনি প্রমাণ করবেন What Bengal think to day India think to-morrow. সেই দাবী রেখে তিনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে যে বরাদ্দ আছে সেগুলি যাতে সমান ভাবে বণ্টিত হয় সেদিকে লক্ষ্য রাখবেন। শিক্ষকদের আজ অনেক দুরবস্থার মধ্যে কাটাতে হয়। তাদের grant বা মাইনা তারা ঠিক সময়মত পাননা। তাদের জন্য যে পয়সা বরাদ্দ হয় ইচ্ছা করলে তাদের সুখসুবিধা দিতে পারা যায়। এটা আমি তার কাছে অনুযোগ করছি না, এটা department-এর defect, কাজেই এই দিকে যদি লক্ষ্য দেন তাহলে আমার মনে হয় শিক্ষকরা এই অহেতুক দুর্দশা থেকে রেহাই পায়। আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে আগে আমাদের যেমন বিদ্যালয় পরিদর্শন করা হত এখন সেই রকম পরিদর্শন করার ব্যবস্থা নেই। যার জন্য বিদ্যালয়ে খানিকটা ঢিলেমি আসে। সেগুলি তার আমলে দেখবো যে আবার প্রবর্তিত হয়েছে এবং স্কুল কলেজে শৃঙ্খলা ফিরে এসেছে, আজকে কলেজগুলি দেখলে মনে হয় এক একটি factories—কি জাতিয় factories—Factories that are producing some indisciplined elements. এটা জাতির জীবনে একটা সাংঘাতিক অবস্থা। আজকে জাতির আশা ভরসা হচ্ছে এই ছাত্ররা। যারা ভবিষ্যতে নাগরিক হয়ে আগামী দিনে এই বিধান সভায় আসবে, মন্ত্রী হবে, যারা administration-এর ক্ষমতা নেবে। তাদের যদি তৈরী করতে না পারি, সেই দায়িত্ব যদি আমরা পালন করতে না পারি, তার থেকে দূরে সরে যাই তাহলে ভবিষ্যতে সমাজ গঠন করা বাতুলতা মাত্র। আজকে যে ছাত্র আমরা তৈরী করব সেই ছাত্ররা ভবিষ্যতে ভারতের বাহক হবে। আজকে যে শিক্ষাবিল আমাদের এখানে এসেছে, আমি বলব আমাদের এখানে যেসব বন্ধুরা এসেছেন, তারা আসুন, সমস্বরে আমাদের শিক্ষামন্ত্রীর পিছনে দাঁড়িয়ে আওয়াজ তুলে ভবিষ্যতে এই বিধানসভা থেকে নূতন করে সংস্কার করে ভবিষ্যতে নূতন শিক্ষানীতি প্রবর্তন করুন। আদর্শ মানুষ করে সোনার বাংলা, আদর্শ বাংলা প্রতিষ্ঠিত করুন।

**শ্রীশিবশঙ্কর ব্যানার্জী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় যে শিক্ষা খাতে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন আমি তাকে আন্তরিক সমর্থন জানাচ্ছি। আমি প্রথমে বিরোধী দলের মাননীয় সদস্য নাসিরুদ্দিন খান সাহেব-এর দারুন গবেষণা লব্ধ যে জ্ঞানের কথা প্রকাশ করেছেন, সেই সম্পর্কে দু-একটি কথা না বলে পারছি না। উনি অনেক গবেষণা করার পর বলেছেন যে, অগ্নিবীণার কবি নজরুল, বিদ্রোহী কবি নজরুল নাকি মুসলমানের কবি এবং তিনি বলেছেন যে ইউনিভারসিটি থেকে শুরু করে প্রাথমিক স্তর পর্যান্ত কোন পাঠ্যক্রমে নাকি নজরুলের কবিতার স্থান নেই। কাজী নজরুল যখন বিকৃত মস্তিষ্ক হন তখন বঙ্গ ভারতীর একজন দীনতম সেবক হিসাবে ব্যাথা পেয়েছিলাম। এখন মনে হচ্ছে বিকৃত মস্তিষ্ক হয়ে তাঁর ভাল হয়েছিল। তা না হলে তিনি যদি শুনতেন যে, বাংলা দেশের Assembly-তে একজন মহাপাত্র তাকে এমনি করে মুসলমান-এর কবি বলে complement দিয়েছেন, তাহলে হয়ত তিনি বেদনায় নীল হয়ে যেতেন। গোলদিঘীর ঐ বেঞ্চিতে বসে ইউনিভারসিটির ঐ গোল গোল থামগুলির দিকে তাকিয়ে ইউনিভারসিটির সম্পর্কে যে বিশেষজ্ঞ হয় তার পক্ষে একথা বলা বিচিত্র নয়। বাংলাদেশের M. A. পরীক্ষায় কাজী নজরুলের কোন বিষয় পাঠক্রম আছে কি না একথা তিনি না জানতে পারেন, এর জন্য অবাক হবার কিছু নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলাতঙ্ক রুগী জলে কুকুরের ছবি দেখে আঁতকে ওঠে। আমাদের মাননীয় বন্ধুকে সাম্প্রদায়িক কুকুরে কামড়েছে, তাই তিনি সর্বত্র সাম্প্রদায়িক কুকুর

দেখে আঁতকে উঠেছেন। তিনি University থেকে আরম্ভ করে সর্ব ক্ষেত্রে সাম্প্রদায়িক খুঁজে বেড়াচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধুকে আপনি কোন Political Pasteur Institution-এর সঙ্গে যোগাযোগ করে দেবেন।

[7-15—7-25 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী নিরক্ষরতার বিরুদ্ধে, অশিক্ষার বিরুদ্ধে সর্বাত্মক সংগ্রাম শুরু করেছেন, আমরা তার অংশীদার হতে পারলে সত্যই খুশী হই। কিন্তু আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে স্মরণ করাতে চাই, উনি বলেছেন আর্থিক অপ্রতুলতার জন্য শিক্ষা ক্ষেত্রে ব্যাপক কিছু করা যাচ্ছে না। অনেক আগে অনেক কম অর্থ ব্যয় করে বাংলাদেশের সর্বভারতীয় ক্ষেত্রে যে স্থান ছিল. আজকে সবচেয়ে বেশি পরিমাণ অর্থ ব্যয় করে, ভারতবর্ষের সবচেয়ে অনগ্রসর দেশগুলির সামনে আমাদের স্থান হয়ে গেছে। কারণ, আমি প্রথমে প্রাথমিক শিক্ষার কথাই বলছি, শিক্ষামন্ত্রী মহাশয় দীর্ঘকাল উত্তরাধিকার সূত্রে পাওয়া এই বিভাগের কি হয়েছে, বন্যা এবং প্রাকৃতিক বিরূপতায় সমস্ত স্কুলগুলিতে শান্তিনিকেতনী ব্যবস্থা হয়ে গেছে। সব জায়গাতেই স্কুল একটা গাছের নীচে হয় এবং সারা বছরই সেখানে হয় সামার ভেকেশন নয় রেনি ডে। একটা স্কুলে ৮০টি ছেলে। বিধানমত ৪০টি স্কুলে ৮০টি মাস্টার মহাশয় থাকেন। ৮০টি ছাত্র নিয়ে চারটি ক্লাস হয়। দুটিতে ক্লাস হয় আর দুটি ক্লাসের ছাত্ররা, ঐ একটা ছাগলের চারটে বাচ্চা হলে যেমন দুটো দুধ খায় এবং আর দুটো বাচ্চা দেখে নেচেকুঁদে মানুষ হয়ে যায়, সেই রকম দুটি ক্লাসে মাষ্টার মহাশয় থাকেন না। এই রকম ভাবে একটা চরম অব্যবস্থা চলছে। এছাড়া শিক্ষকরা যে কবে আসেন আর কখন আসেন আব কখন যান জানা যায় না, এর জন্য একটা দারুন অসুবিধার সৃষ্টি হয়। সেইজন্য আমি বলতে চাই শিক্ষামন্ত্রীকে যে আপনি এমন একটা ব্যবস্থা করুন যে অবর পরিদর্শকের অধীনে ০০টি স্কুলের বদলে ১০টি স্কুল রাখা উচিত যাতে তিনি স্কুলগুলি দেখতে পারেন এবং স্কুলগুলির শিক্ষা ব্যবস্থা ঠিকমত হয়, টাকা দিয়ে কিছু হয় না, মননশীলতা আনুন। শিক্ষা সম্বন্ধে ছেলেরা প্রকৃত যে শ্রদ্ধা হারিয়েছে, সেই শ্রদ্ধা ফিরিয়ে আনার চেষ্টা করুন, এই আবেদন আপনাদের কাছে রাখতে চাই। আজকে কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্বন্ধে দু-একটি কথা আপনার মাধ্যমে রাখতে চাই। কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে বিভিন্ন বক্তারা বলেছেন, আমি বি, কে. গুহ কমিটির কথা বলছি, তাতে বলা হয়েছে যে "The Minister of Education speaking on the Third Reading of the Kalyani University Act, 1960, in the Legislative Assembly characterised the projected University as specialised University and agricultural University for the uplift of the agricultural economy of our State."

আমাদের কৃষি প্রধানদেশে কৃষির উপর গবেষণা করে সেই গবেষণা লব্ধ জ্ঞান আমরা গ্রামে গ্রামে ছড়িয়ে দিয়ে আরও বেশী ফসল তৈরী করতে পারি, সেই রকম ব্যবস্থার জন্য কল্যাণীতে একটা কৃষি ইউনিভার্সিটি তৈরী করা হোক এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে বিরাট পরিসর সেই বিরাট পরিসরকে ভেঙ্গে দিয়ে প্রয়োজন হলে কল্যাণী ইউনিভার্সিটিকে আধা ফ্যাকালটি দিয়ে আর একটা ইউনিভার্সিটি গঠন করা হোক এই আবেদন জানিয়ে, আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন জানাচ্ছি।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা বাজেটের শেষ পর্য্যায়ে এসে বলছি, আমার পূর্ববর্তী বক্তারা মোটামুটি সব বলে গেছেন, আমার নূতন কিছু বলার নেই, এটাকে

সাধারণভাবে সমর্থন করি ঠিকই, কিন্তু এই শিক্ষা বাজেটের দৃষ্টিভঙ্গীর নানা দিকে অসম্পূর্ণতা রয়েছে, সেই দিকে দৃষ্টি আকর্ষণ করা দরকার। আমরা প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সমর্থক হিসাবে যে অসংখ্য যুবক এবং ছাত্রদের সমর্থন পেয়েছি, ১৯৭২ সালের এই শিক্ষা বাজেট পশ্চিমবাংলার সেই সমর্থনের প্রত্যাশা পালন করতে পারে নি। আমরা সকলেই জানি গরিবী হঠাও এবং সমাজতন্ত্র কায়েম করা এই দুটো স্লোগান পশ্চিমবাংলার অসংখ্য মানুষকে উদ্বুদ্ধ করেছে, তারা এই শিক্ষা বাজেটের দিকে তাকিয়ে আছে, এবং এই শিক্ষা বাজেটে নূতন দৃষ্টিভঙ্গী কি আমরা দিলাম যে সেই প্রত্যাশা তাদের পূরণ হতে পারে? এক এক করে আমরা যদি আলোচনা শুরু করি তাহলে আমরা বুঝতে পারব, গরিবী হটাবো, সমাজতন্ত্র কায়েম করবো, এর প্রাথমিক পূর্বসর্ত হচ্ছে প্রাথমিক শিক্ষা এবং বয়স্কদের নিরক্ষরতা দূর করা। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি দৃষ্টিভঙ্গী এখানে আছে—পৃষ্ঠা দুইয়ে তিনি লিখছেন যে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্য্যন্ত শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতামূলক, গ্রামাঞ্চলে এই শিক্ষা কি বাধ্যতামূলক হয়েছে? যদি কোন ছেলে শিক্ষার ক্ষেত্রে না আসে তাহলে তাকে বাধ্যতামূলকভাবে আনা হয় না। বাধ্যতামূলক এইটা রাখা আছে বটে, কিন্তু কার্য্যক্ষেত্রে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হয়নি। আমরা জানি উনি এখানে রাখছেন যে ১৪ আর ৫ এই ১৯টি পৌরসভার ক্ষেত্রে শিক্ষা অবৈতনিক হচ্ছে, এই পশ্চিমবাংলার ৮৯টা পৌরসভা, তার ভিতর ১৯টি হয়েছে বাকি ৭০টা এখনও হয়নি। বাকি ৭০টা এমন কি শহর অঞ্চলের পৌরসভার প্রাথমিক শিক্ষা অবৈতনিক হলো, না বাধ্যতামূলক হলো, না সেখানে একটা প্রচণ্ড শিক্ষা বিপ্লব আমাদের পশ্চিমবাংলায় আসছে এই কথা উনি বলতে পারেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখনও ক্লাস ফোর পর্য্যন্ত প্রাথমিক শিক্ষা রাখা হচ্ছে, কিন্তু পঞ্চম শ্রেণীকে প্রাথমিক শিক্ষার সঙ্গে যুক্ত করা হয়নি। সেই ইংরাজ আমলের ব্যক্তিগত উদ্যোগে যা হয়েছিল সেই ফিলটারেশন থিয়রী। কেন সেই ফিলটারেশন থিয়রীর এখনও সেই লেসিজফেয়ার এই ব্যক্তিগত উদ্যোগের উপর ভরসা? এইটা তো ১৯৭২ সালের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার বিপ্লবী যুব ছাত্রদের দৃষ্টিভঙ্গী হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনও পর্য্যন্ত ইংলিশ মিডিয়াম স্কুলগুলি আছে। এই বর্দ্ধমান শহরে আমি জানি এখনও সেন্ট জেভিয়াস স্কুল আছে। এই রকম অলিতে গলিতে স্কুল হচ্ছে, ৫০ টাকা ৪০ টাকা বেতনের টাক্স, ফিরিঙ্গী স্কুল হচ্ছে আজও এইটা বন্ধ করা হলো না। এইটা সামাজিক শিক্ষা ব্যবস্থার লক্ষ্য নয়। এই যে অসংখ্য ছোট ছোট প্রাইমারী স্কুলগুলি হচ্ছে, কে তাদের রেজিষ্ট্রি করছে কে তাদের খোঁজ রাখছে? একটা ছোট দোকান করতে গেলে রেজিষ্ট্রীর দরকার, আর একটা স্কুল করতে গেলে ব্যক্তিগত মুনাফা করতে গেলে রেজিষ্ট্রির দরকার হয় না। এ কোন ধরণের শিক্ষা ব্যবস্থা পশ্চিমবাংলায় চলছে? বেতন পাননা—পাট কলের শ্রমিক বেতন পান ২০০ টাকা, শিক্ষক বেতন পান ১০০ টাকা এই কথা তো আমরা জানি, কিন্তু জানিনা বাড়বে না কেন? সমস্ত ইংলিশ মিডিয়াম স্কুলগুলিকে যদি বন্ধ না করতে পারেন তাহলে সামাজিক শিক্ষা ব্যবস্থা হবে না। যেখানে কাশ্মীর নাগাল্যাণ্ডে পোষ্ট গ্রাজুয়েট পর্য্যন্ত ফ্রী করে দিয়েছেন। মাদ্রাজ, পাঞ্জাব ১০ম শ্রেণী পর্য্যন্ত ফ্রী করে দিয়েছে সেখানে আমরা প্রাথমিক শিক্ষাকে ফ্রী করতে পারছি না। এইটা দুঃখজনক পরিস্থিতি এই কথা আপনি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বীকার করবেন। বয়স্কদের নিরক্ষরতা দূরীকরণ, এর সম্বন্ধে আমরা জানি পশ্চিমবাংলা ২য় স্থান থেকে ৮ম স্থানে নেমে এসেছে। ১০ বছরে নিরক্ষরতা দূর করা হবে বলা হয়েছিল। চিন্তা করতে পারেন এদের হিসাবেই প্রতি বছর ৪২টা স্কুল থেকে ১০০০টি করে যদি ছেলে পাশ করে তাহলে ৪০০ বছর লাগবে এই পশ্চিম বাংলার নিরক্ষরতা দূর করতে, এইটা তো অঙ্কের হিসাব। ১৯৭২ সালে এইটা আমাদের আশ্চর্য্য লাগছে এবং দুঃখও লাগছে। এই শিক্ষাব্যবস্থার সব চেয়ে বড় ক্রটি হচ্ছে এই ইলিটারেসি শিক্ষা কাঠামো, ব্রিটিশ আমলের যে শিক্ষাটা ছিল সেটা হলো কেরানি তৈরীর যন্ত্র, লিটিসটিক এডুকেশন।

পরিশ্রম বিমুখ, ইংরাজী ভাষা এবং ইংরাজী পণ্যদ্রব্যের উপর ঝোঁক এইটা আর কিছুই নয় প্যাক্স ব্রিটানিকার উপর ভরসা রাখা, এই রকম একটা ধারণা সৃষ্টি করা।

[7-25—7-35 p.m.]

স্বাধীনতার ২৫ বছর পরেও আমরা একই শিক্ষার কাঠামো বাড়িয়ে চলেছি। স্যাডলার কমিশনের রিপোর্ট অনুযায়ী, উডস কমিশনের রিপোর্ট অনুযায়ী আমরা বাড়িয়ে চলেছি একই ধরণের কাঠামো। কাঠামো পাল্টাতে হবে, কাঠামো না পাল্টালে বেকার সমস্যা দূর হবে না। এত সদস্য আমরা বলছি বেকার সমস্যা দূর করতে হবে। প্রতি বছর আমরা বহু অবাঞ্ছিত গ্রাজুয়েট তৈরী করছি, যারা উৎপাদনমুখী নয়। সেই গ্রাজুয়েট তৈরীর যন্ত্র ভেঙ্গে দিতে হবে। উনি যদি বলতেন প্রতিটি অঞ্চলে একটা করে জুনিয়ার কৃষি বিদ্যালয়, প্রতিটি ব্লকে ৩৩৫টা ব্লকে একটি করে সিনিয়ার কৃষি বিদ্যালয়, প্রতিটি জেলায় একটি করে কৃষি মহাবিদ্যালয় করবেন, উনি যদি বলতেন চারিটি জেলা ধরে চারটে কৃষি ইউনিভারসিটি করবেন তাহলে বলতাম উনি একটা শিক্ষার কাঠামো তৈরী করছেন। উনি সেই দশম ক্লাস না একাদশ ক্লাস এই নিয়ে পড়েছেন। সেটা করলেই আমাদের সমস্যা মিটবে না। অবাঞ্ছিত গ্রাজুয়েট তৈরীর যন্ত্র বদলে না দিলে এটা হবে না, নাকাল হতে হবে। বেকারী দূর হবে না। শিক্ষার কাঠামো শুধু নয়, এমন তৈরী করতে হবে যাতে শিল্পনিপুণতা সম্পন্ন উৎপাদনমুখী জনতা, উৎপাদনমুখী শ্রমিক, উৎপাদনমুখী মধ্যবিত্ত এমন তৈরী করবেন কিনা—এইটা না করে উনি যদি মনে করেন সম্পূর্ণভাবে বেকার সমস্যা দূর করতে পারবেন আমি বলবো উনি আরও একটু চিন্তা করে দেখলে ভাল করতেন। বৃটিশের তৈরী শিক্ষা কাঠামোতে এর কোন উপায় নেই। এই পথে না গিয়ে পশ্চিমবঙ্গের সমস্যার সমাধান হবে না। এই বছরই এটা বললে ভাল হতো, আরও এক বছর পেছিয়ে গেলো। আরও দেড় লক্ষ অবাঞ্ছিত গ্রাজুয়েট বেকার হয়ে গেলো। তারা কাজের পক্ষে অনুপযুক্ত। তারা শুধু আন-এম্পলয়েড নয়, আন-এম্পলয়েবল গ্রাজুয়েট। এই কাঠামো ভাঙ্গার কোন ইঙ্গিত আমরা এই বক্তৃতায় পেলাম না। আমি আর স্কুল আর কলেজ নিয়ে কিছু বলবো না। স্বাধীনতার পরে আমরা কতগুলো বিশ্ববিদ্যালয় তৈরী করেছি। আমরা জানি ১৯৬০ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল। এই বিধানসভায় ডাঃ রায় বলেছিলেন কৃষির উপর জোর দিয়ে কৃষি বিশ্ববিদ্যালয় হবে। এই বিধান সভায় তিনি বলেছিলেন বর্ধমান বিশ্ববিদ্যালয় টেকনোলজিক্যাল বায়াস নিয়ে হবে। উনি ভেবেছিলেন কল্যাণী বিশ্ববিদ্যালয় তৈরী করবে কৃষি বিজ্ঞানী আর বর্ধমান বিশ্ববিদ্যালয় তৈরী করবে যন্ত্রবিদ। কিন্তু বাস্তবে কি হয়েছে? কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনুকরণে প্রতিটি বিশ্ববিদ্যালয় হয়েছে যেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রোটোটাইপ। তারা একই ভাবে এম. এ., এম. এস. সি, ডিগ্রিধারী তৈরী করছে। মাননীয় শিক্ষা মন্ত্রীকে বলতে হবে যে উদ্দেশ্য নিয়ে এই আইনগুলো তৈরী হয়েছিল সেই উদ্দেশ্য নিয়ে এই বিশ্ববিদ্যালয়গুলো তৈরী হবে।

কল্যাণীর কয়েকজন কলা এবং বিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং কয়েকজন ছাত্রের জন্য পশ্চিমবাংলার কৃষি বিপ্লব আটকে থাকবে না। তবু শিক্ষা অসম্পূর্ণ থাকতে পারে না। কল্যাণী বিশ্ববিদ্যালয়কে কৃষি বিদ্যালয় হতেই হবে, বর্ধমানকে টেকনিক্যাল বিশ্ববিদ্যালয় হতেই হবে। বস্তুত যদি কল্যাণী বিশ্ববিদ্যালয়ের যদি রিকনসট্রাকশান চান বা করতে পারেন আমি এখনই কল্যাণী বিশ্ববিদ্যালয়ের রিকনসট্রাকশনের পরিকল্পনা ফেলে দিতে পারি। একজন ভাইস-চ্যান্সেলর থাকবেন, দু জন হবেন প্রো-ভাইসচ্যান্সেলর। একজন এগ্রিক্যালচারের এবং আর একজন আর্টস এ্যাণ্ড হিউম্যানিটিসের। ষ্টেট মিনিষ্টার অব এগ্রিক্যালচার আণ্ডারে থাকবেন এগ্রিক্যালচার এর প্রো-ভাইসচ্যান্সেলর,

তিনি হবেন এগ্রিক্যালচার ফ্যাকালটির প্রধান। আর আর্টস এ্যাণ্ড সায়েন্সের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের ডাইরেক্টারের অধীনে থাকবেন। দু জন রেজিষ্ট্রার থাকবেন, দু জন ফাইন্যানসিয়াল অফিসার থাকবেন। সোজা কথায় এইভাবে মিটিয়ে নিতে পারেন। কিন্তু কল্যাণী বিশ্ববিদ্যালয়কে অগ্রসর হবার প্রতিটি সুযোগ দিতে হবে। আমরা কি পাঞ্জাবের ইতিহাস জানি না? পাঞ্জাবের গমের বিপ্লবে পাঞ্জাব কৃষি বিশ্ববিদ্যালয়ের দান কতখানি তা আমরা কি জানি না? আজকে ভালো ভালো গবেষণা বা রিসার্চ সেখানে হচ্ছে, সেখানে সয়েল অবজারভেশান ব্যাপকভাবে হচ্ছে।

ফসফরাস চাই, না ম্যাঙ্গানীজ চাই তা সে কিছুই জানে না, যা দোকানে পাচ্ছে সে সবই ঢেলে দিচ্ছে। আমাদের আগামী কয়েক বছরের ভেতরে এই চাষের জমির মাটিগুলি যে খারাপ হবে না, কে তার গ্যারান্টি দিচ্ছে। শুধু soil test-এর ব্যবস্থা থাকবে এরকম বিশ্ববিদ্যালয় নিশ্চয় আমরা চাই। আমাদের কোন ধরণে পোকামাকড় আছে তা জানার জন্য একটা বিশ্ববিদ্যালয়ের দরকার। কত ধরণের variety ধানের বীজ হতে পারে সেটা জানতে হবে। নিশ্চয় কৃষি বিদ্যালয় হবে, নিশ্চয় কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ে একটা পড়াবার সুযোগ দিতে হবে। আশা করি নিশ্চয় এদিকে আপনি রাজী হবেন। আমলাতন্ত্রের ভীড় প্রত্যেকটা বিশ্ববিদ্যালয়ের উপর আছে। বর্তমান বিশ্ববিদ্যালয়ের পরিচালনার সঙ্গে আমি দীর্ঘদিন ধরে যুক্ত। আমাদের Senate-এর ২৪ জন সদস্য ১২ জন সরকারী। এই ১২ জন একদিনও meeting-এ আসেন না। ১॥ বছর আমরা প্রস্তাব পাশ করেছি college code সম্বন্ধে। সেই college code Writers' Buildings-এ আটকে আছে, সই করার সময় হয় না। আপনি চিন্তা করুন এই আমলাতন্ত্রের অবস্থা কি? বাগানপুকুর কলেজের ১১ জন অধ্যাপক ছাটাই হয়ে গেলেন। ১॥ বছর college code-এর কাগজে সই করান গেল না। বিশ্ববিদ্যালয়ের সমস্ত গবেষণা উৎপাদন বিমুখতা। এর জন্য এই সংখ্যক টাকার সম্পূর্ণ অপচয় হচ্ছে। এই হচ্ছে আমার আবেদন।

**শ্রীআফতাবুদ্দিন মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আজ শিক্ষাখাতে যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে গিয়ে একটা জিনিষ বারবার মনে হচ্ছে যে যখন আমরা গণতান্ত্রিক কাঠামোর মধ্য দিয়ে দেশের সর্বাঙ্গীণ উন্নতি কামনা করছি, বেকার সমস্যা সমাধানের কথা চিন্তা করছি সভায় আজ যে বাজেট তিনি উপস্থিত করেছেন তা আগামী দিনে যুব সমাজকে কোনদিকে দিয়ে যাবে তার কোন ইঙ্গিত নেই। আমার পুর্ববর্তী বক্তার সঙ্গে এক সুরে সুর মিলিয়ে আমি বলব যে আমাদের এতে কোন আশার ছবি নেই। যাহোক আমি বলব প্রাথমিক শিক্ষকরা আমাদের পাশে এসে ছাউনি বেঁধে বসে আছেন কয়েকটা দাবী দাওয়া নিয়ে। ১৯৬৭ সাল থেকে যুক্তফ্রণ্টের আমল থেকে তাঁরা তাদের বিভিন্ন দাবী দাওয়া নিয়ে রাজভবনের পাশে এসে উপস্থিত হন। আমরা জানি প্রাথমিক শিক্ষকদের কি দুরবস্থা। বাংলা-দেশের পল্লীগ্রামে যদি যান তাহলে দেখবেন সেখানে তাদের দুরবস্থার শেষ নেই। একজনও প্রাথমিক শিক্ষক খেতে পায় না। যাঁদের হাতে দেশ গড়ার দায়িত্ব আমরা তুলি দিয়েছি, যাঁরা আগামী দিনের নাগরিক তৈরী করবেন, তাঁরা যদি দৈনন্দিন জীবন যাত্রা এই রকম অভাব অনটনের মধ্য দিয়ে চালাতে হয় তাহলে তাঁরা কতখানি তাঁদের কর্তব্য সম্পাদন করবেন, সে বিষয়ে সন্দেহ আছে এবং আমরাও বা তাঁদের কাছ থেকে কতখানি আশা করতে পারি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয় একবার চিন্তা করে দেখবেন। আমি নিজে একটা স্কুলে ৫০ টাকা মাইনের চাকরী করতাম, তখন না দিতে পারতাম সংসারে কিছু টাকা, না কিনতে পারতাম নিজের জন্য জামাকাপড়। অবশ্য এখন M. L. A. হয়ে

[7-35—7-45 p.m.]

আমি জীবন দিয়ে যে জিনিস উপলব্ধি করেছি সেই জিনিসটা মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে তুলে ধরবার চেষ্টা করছি। গ্রামে যে সব গ্রাজুয়েট, শিক্ষিত যুবক তৈরী হচ্ছে তারা ঐ মাষ্টারী, ক্লার্ক, পিয়নী, এইসব জব ছাড়া আর কিছু করতে পারেন না। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, পুর্ব্ববর্তী বক্তার সঙ্গে আমি একমত যে প্রত্যেককে সাধারণভাবে শিক্ষিত করে তোলার পরিকল্পনা না করে যার যে দিকে টেষ্ট তাকে সেইভাবে শিক্ষিত করে তোলা দরকার। শিক্ষাটা যাতে প্রোডাক্টিভ হয় সেইদিকে নজর দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। গ্রামের প্রত্যেকটি শিক্ষিত যুবককে যদি আমরা চাষের দিকে উদ্বুদ্ধ করতে পারতাম তাহলে আজ হাজার হাজার বেকার যুবক আমাদের কাছে চাকরীর জন্য ধর্ণা দিত না। আমরা যদি যুবকদের টেকনিক্যালের দিকে উদ্বুদ্ধ করতে পারতাম তাহলে তারা ক্ল্যারিক্যাল জবের জন্য আমাদের কাছে ধর্ণা দিত না।

( নির্দিষ্ট সময় উত্তীর্ণ হওয়ায় বক্তা বাধ্য হইয়া তাঁর আসন গ্রহণ করিলেন। )

**শ্রীশিশির কুমার সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। তাঁর এই বাজেট পড়ে আমার যা মনে হয়েছে তাতে তাঁর সাধ আছে কিন্তু সাধ্য নাই। আজকে শিক্ষা ক্ষেত্রে বিভিন্ন সমস্যা আছে, সেই সমস্যার মোকাবেলার জন্য বিভিন্ন দিক থেকে তাঁর কাছে আবেদন-নিবেদন করার পরও আজকে যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তাতে তার কোন রকম আশাব্যঞ্জক সুরাহা দেখতে না পেয়ে আমরা হতাশ হয়েছি। আমি নিজে একজন প্রাথমিক শিক্ষক হিসাবে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখব যে প্রাথমিক শিক্ষক সমাজ আজকে অবহেলিত তাদের আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয়, তাঁদের আর্থিক দুরবস্থা দূর করতে না পারলে শিক্ষকদের সমস্যা আমরা করতে পারব না। শিক্ষকদের অনাহারে অর্দ্ধাহারে রেখে শিক্ষা সম্পর্কে নীতির কোন মূল্যায়ন হতে পারে বলে আমি বিশ্বাস করি না। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দেশের বিরাট বেকার সমস্যা সমাধানের জন্য হাজার হাজার ছেলেদের শিক্ষাক্ষেত্রে নিয়োজিত করার কথা চিন্তা করছেন তারই পরিপ্রেক্ষিতে আমি একটা সুনির্দিষ্ট সাজেশান রাখতে চাই। প্রাথমিক শিক্ষক হিসাবে আমি যেটা অনুভব করেছি, সেটা হচ্ছে প্রাথমিক শিক্ষকদের স্কুল বোর্ড থেকে মানি অর্ডার করে মাসিক বেতন দেওয়া হয়, সেই বেতন দেওয়ার ক্ষেত্রে কোন কোন শিক্ষক ২ মাস, ১ মাস পেরিয়ে যাবার পর বিগত মাসের বেতন পান। এমনও আমাদের কাছে নজীর আছে ২ মাস পেরিয়ে যাবার পরও স্কুল বোর্ডে বেতনের জন্য ধর্ণা দিতে হয়। আমি এই সম্পর্কে একটা সুনির্দিষ্ট সাজেশান রাখতে চাই। আমাদের ১ লক্ষ ১৫ হাজার প্রাথমিক শিক্ষক আছেন তাঁদের প্রতি মাসের যে মানি অর্ডার বিল হয় সেটা আমরা অঙ্ক কষে দেখেছি প্রায় ৫ লক্ষ টাকার মত। আমাদের ৩২৮টি সাব-ইন্সপেক্টর অফিস আছে, প্রত্যেকটি অফিসে এই বেতন দেওয়ার জন্য যদি আমরা ৩ জন করে কর্মচারী নিয়োগ করতে পারি তাহলে আজকে এই বিরাট বেকার সমস্যার দিনে আমরা ২ হাজার বেকার যুবকের কর্ম সংস্থান ঐ ৫ লক্ষ টাকাতে করতে পারি এবং গ্রামাঞ্চলে শিক্ষকদের যে পেমেন্ট মানি অর্ডারের মাধ্যমে করা হয় সেই পেমেন্ট নির্দিষ্ট দিনে হতে পারে। সুতরাং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে এই আবেদন রেখে তিনি যে ব্যয় বরাদ্দের দাবী এখানে করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রথমে বিতর্কে যোগদানকারী সদস্যদের অভিনন্দন জানাতে চাই কারণ তাঁরা এই জটিল শিক্ষা সমস্যার নানা

দিক থেকে বিস্তৃত আলোচনা রেখে আমাকে এই বিষয়ে আরও জ্ঞান এবং শিক্ষা দিয়েছেন। আজকে তাঁদের অধিকাংশের বক্তব্য ছিল গঠনমূলক, ভাষা ছিল সুষ্ঠু এবং মার্জিত। এই জন্যও আমি তাঁদের অধিকাংশকে ধন্যবাদ দিচ্ছি। কেউ কেউ ব্যক্তিগতভাবে আমার সম্বন্ধে ভাল প্রশংসাসূচক বক্তব্য রেখেছেন তাঁদের কাছে আমি বিশেষভাবে ঋণী। তাঁদের অনেকেই আমার অসহায় অবস্থার প্রতি সহানুভূতি জানিয়েছেন, এইজন্য আমি বিশেষভাবে বাধিত বোধ করছি। আমার এক বন্ধু বক্তা বলেছেন, বোধ হয় নরেশ চাকি, এই বাজেটটি এবং মন্ত্রী মহাশয়ের হাত এবং পা বাঁধা। বাস্তবিকই একা আমার হাত-পা বাঁধা নয়, সমগ্র মন্ত্রী সভারই হাত-পা বাঁধা এবং বোধ করি সমস্ত পশ্চিমবাংলার শান্তিকামী মানুষের এই সেদিন অবধি হাত-পা এবং সারা দেহ বাঁধা ছিল। এটা যখন কাটিয়ে উঠেছি তখন শিক্ষাক্ষেত্রে যেগুলি বাধা আছে সেগুলি ক্রমশ: অপসারিত করতে পারব। আমাদের আর একজন বক্তা পরেশ গোস্বামি মহাশয় বলেছেন মাঝি দাঁড় টেনে যাচ্ছে সারা রাত ধরে, কিন্তু নৌকো যেখানে ছিল সেখানেই রয়েছে। তিনি আর একটা ভাল ছবি আমাদের কাছে রেখেছেন। আমার মনে হয়, গত কয়েক বছরের কুশাসনে এবং অস্থির অচল অবস্থার দরুণ শিক্ষা যে অবস্থায় পড়েছে, সেখানে আমরা যে নৌকোটাকে জলে নামিয়েছিলাম, তাকে তীরে টানতে সক্ষম হয়েছি আমি এতদূর বলব না, আমি বলব ডাঙ্গা থেকে একটা ফুটো নৌকো কোন রকমে মেরামত করে অতি কষ্টে জলে নামিয়েছি এবং এখন বিস্তীর্ণ নদী আমাদের সামনে। এটা আমাদের অতিক্রম করতে হবে সকলের সহযোগিতায়। আজকে এখানে উদ্বোধনী বক্তব্য রেখেছেন আমার বন্ধু নাসিরুদ্দিন খান। তিনি মুসলিম লীগ দলের একমাত্র সদস্য – সংবাদন শিরোমণি বলা যায়। আমি ভেবেছিলাম আমাদের দেশের বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে, ভারতবর্ষের বর্তমান আন্তর্জাতিক পররাষ্ট্রনীতি, ভারতের প্রতিবেশী রাষ্ট্রসমূহের সাম্প্রতিক ঘটনার পরিপ্রেক্ষিতে তিনি সাম্প্রদায়িকতা ভুলে মাদ্রাসা শিক্ষা যেটা তার আটমোসনের প্রধান বিষয় তার যে অসুবিধা আছে, ডিফিকালটি আছে, সেগুলি তিনি সুস্পষ্টভাবে আমাদের সামনে তুলে ধরবেন। কিন্তু দুঃখের বিষয় তিনি ওই সমস্ত সাম্প্রদায়িকতার মনোভাব নিয়ে শিক্ষার সর্বস্তরের প্রতি এবং আমাদের জাতির অন্যান্য বিষয়ে রেখাপাত করেছেন। এটা অত্যন্ত দুঃখের বিষয়। তিনি এখানে যেসব বক্তব্য রেখেছেন তার সবগুলি যে ঠিক নয়, সত্য নয়, সে সম্বন্ধে আমি দু একটা কথা বলব। তিনি বলেছেন যে আমরা মাদ্রাসাগুলিতে ঠিকমত সাহায্য দেইনা। আমরা মাদ্রাসাগুলিতে যে থোক দান দেই তার পরিমাণ হচ্ছে ৭৫০ টাকা থেকে ৩ হাজার টাকার মত। অন্যান্য বিদ্যালয়ে সেখানে আমরা ৬ হাজার টাকা থোক দান দেই এবং তাদের ছাত্র সংখ্যা হচ্ছে ৮০০/১০০০ এবং ১২০০। মাদ্রাসা বর্তমানে ২৩০ টি এবং তার ছাত্র সংখ্যা ১১ হাজার। অর্থাৎ গড়ে প্রায় ৫০ টি ছেলের জন্য আমরা ৭৫০ টাকা থেকে ৩০০০ টাকা অনুদান দেই।

[7-45—7-55 p.m.]

গড়ে প্রায় ৫০টি ছাত্রের জন্য আমরা প্রায় ৩৫০ থেকে ৭৫০ এবং ৩ হাজারের মতো অনুদান দিয়েছি কিন্তু তাও আমি যথেষ্ট বলে মনে করি না। বাস্তবিকই আমরা চাই মাদ্রাসা শিক্ষা আরও সম্প্রসারিত হোক। সেটা আরও সুন্দর হোক। এবং তার যে সাংস্কৃতিক এবং শিক্ষা তা আরও সার্থক হোক। সেজন্য নাসিরুদ্দিন খান সাহেব যেগুলি বললেন তা বলার আগে আমরা কয়েকজন বিশেষজ্ঞ নিয়ে এবং মন্ত্রীসভার কয়েকজন সদস্যকে নিয়ে এবং যারা শিক্ষাবিদ আছেন মাদ্রাসা শিক্ষা বিষয়ে অভিজ্ঞ তাদের সংগে আলোচনা করে মাদ্রাসা বোর্ড যেভাবে চলছিল সেটা মোটেই সন্তোষজনক নয় তার কিছু কিছু পরিবর্তন করবার প্রয়াস নিয়েছি। এবং এ সম্বন্ধে অনেক অনুসন্ধান

করে আমি কিছু কিছু বক্তব্য এর আগে রেখেছিলাম এবং আমরা আশা করছি যে অল্প দিনের মধ্যেই এই মাদ্রাসা বোর্ডকে আরও কিছু স্বয়ংসম্পূর্ণতা আর কিছু স্বায়ত্ব শাসনের মত একটা রূপ এঁকে দিতে পারব। যদিও এটাকে পূর্ণ অটোনোমাস করা যাবেনা তবুও এটার কাজকর্ম চালাবার জন্য যে পেড স্টাফ আছে সেটা মোটেই যথেষ্ট নয়। আমরা মোটামুটিভাবে একটা স্টাফ স্ট্রাকচার একটা সেট আপ করেছি যার দ্বারা এই মাদ্রাসা বোর্ড শুধু স্বয়ংসম্পূর্ণ হবে না এ আরও ভালভাবে কাজ চালাতে সক্ষম হবে।

**শ্রীনাসিরুদ্দিন খাঁন**ঃ অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের এই পরিকল্পনা এই প্রকল্প যদি তিনি তাঁর বক্তব্যের মধ্যে রাখতেন তাহলে আমি তাঁকে স্বাগত জানাতাম।

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটো গুরুত্বপূর্ণ সমস্যার কথা এখানে মাননীয় অনেক সদস্য উল্লেখ করেছেন। আমি তার প্রত্যুত্তর না দিয়ে পারছি না। দাবী ভিত্তিক অনুদান—বাস্তবিকই এটা যে এখনও বাস্তবে রূপ দেওয়া সম্ভব হয়নি এজন্য আমি দুঃখিত এবং আমাদের মন্ত্রী সভার সকল সদস্যই এজন্য দুঃখিত। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বহু পূর্বে ঘোষণা করেছিলেন এবং এই বিধানসভায় তিনি তাঁর বক্তব্য রেখেছিলেন এবং সেজন্য প্রশাসনিক দিক থেকে যেটুকু চেষ্টা করার দরকার ছিল সেটা আমরা করে চলেছি এবং আশা করছি বাকী বিদ্যালয়গুলিকে ঘাটতিভিত্তিক অনুদান দেবার খুব বেশী বিলম্ব হবে না। আর একটি কথা অনেক মাননীয় সদস্য বলেছেন যে শিক্ষাক্ষেত্রে দুর্নীতি নিশ্চয়ই আছে। দুর্নীতির কথা আমি অস্বীকার করি না। শুধু শিক্ষার ক্ষেত্রে কেন সব ক্ষেত্রেই দুর্নীতি আছে। জাতীয় চরিত্রে একটা অবনমন হয়ে গেছে। সেই কারণে অনেক বিভিন্ন পর্য্যায়ে বেসরকারী কমিটি নিয়োগের কিছু কিছু চেষ্টা আমি করেছি এবং আরও করে যাব যাতে দুর্নীতিসম্পন্ন এইসব অফিসারদের, দুর্নীতি সম্পন্ন কর্মচারীদের, সম্বন্ধে আমাদের স্থানীয় ভিত্তিতে আমাদের যারা নির্বাচিত প্রতিনিধি আছেন, শিক্ষক মহাশয়দের যারা প্রতিনিধি আছেন, তারা তাদের উপর নজর রাখতে পারবেন এবং যখন কোন দুর্নীতির ঘটনার কথা আমার কাছে রিপোর্ট করা হবে আমি নিশ্চয়ই সে বিষয়ে যতদূর সম্ভব দ্রুত প্রতিকার করবো। এইটুকু আশ্বাস আমি দিতে পারি। পরিশেষে আমি বলবো যে শিক্ষা ব্যবস্থা এবং তার সমস্যা জটিল। একদিনে সমাধান হবে না বা একটা বাজেটে হবে না বা আমার একার দ্বারা হবেনা। এজন্য আমি চাই সকলের সহযোগিতা এবং সকলের সক্রিয় সমর্থন। বিশেষ করে শিক্ষক সম্প্রদায়, বিশেষ করে সচেতন ছাত্র সমাজ, বিশেষ করে অভিভাবক মণ্ডলী এবং আমাদের বিধান সভার মধ্যে যারা শিক্ষক সদস্য আছেন, তাঁদের সকলের সক্রিয় সহযোগিতা পেলে আমার ধারণা যে শিক্ষা ব্যবস্থা যে অবস্থায় আছে আমরা তা থেকে উন্নত করতে পারবো। নিশ্চয়ই শিক্ষাক্ষেত্রে বিপ্লব একদিনে আসবে না এবং আনাও সম্ভব নয়। রোগ যেখানে ক্যান্সার, রোগ যেখানে নিউমোনিয়া সেখানে নিশ্চয়ই অক্সিজেন দিয়ে ভাল করতে পারবে না। সহযোগিতা পেলে আমার ধারণা পশ্চিমবঙ্গ যেরকম দুরবস্থার মধ্যে পড়েছিল, আমরা যেরকম হতাশার মধ্যে পড়েছিলাম সেটা যখন কাটিয়ে উঠতে পেরেছি তাহলে নিশ্চয়ই শিক্ষা ব্যবস্থাকে আরও সুন্দর এবং সার্থক করতে পারবো। এই কয়েকটি কথা বলে আমি সকল সদস্যদের সহযোগিতা কামনা করে আমি অনুরোধ করবো এবং যে সমস্ত কাট মোশন এসেছিল তার বিরোধিতা করে আমি যে অনুদান রেখেছি তা সকলের সমর্থিত হবে।

The motion of Shri Prodyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nasiruddin Khan that the amount of the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following result :—

## AYES

Gurung, Shri Nandalall.
Khan Nasiruddin, Shri.
Mahanti, Shri Prodyot Kumar.

## NOES

Abedin, Dr. Zainal
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bera, Shri Rabindra Nath.
Bhattacharyya, Shri Harasankar.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Das, Shri Barid Baran.
Das Shri Sarat Chandra.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Ekramul Haque Biswas, Shri.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Paresh Chandra.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
M. Shaukat Ali, Shri
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas

Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Anil Krishna.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Sibdas.
Oraon, Shri Prem.
Phulmali, Shri Lalchand.
Pramanick, Shri Gangadhar,
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Santosh Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shrimati Amala.
Sarkar, Shri Netaipada
Sarker, Shri Jogesh Chandra.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.

## ABSTENTION

Sen, Shri Sisir Kumar.

The Ayes being 3, Noes 48 and Abstention 1 the motion was lost.

The motion of Shri Mrityunjoy Banerjee that a sum of Rs. 78,39,00,000 be granted for expenditure under Grant No. 19, Major Head : "28—Education" was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 7-55 p.m. till 1 p.m. on Friday, the 14th July, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 14th July, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 9 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 162 Members.

[1-00— 1-10 p.m.]

**Oath or Affirmation of Allegiance**

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

**Starred Questions**

(to which oral answers were given)

**পশ্চিমবঙ্গে বিদেশী গোয়েন্দা সংস্থা**

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৪) **শ্রীনিতাইপদ সরকার :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, একটি বিদেশী গোয়েন্দা সংস্থা পশ্চিমবঙ্গ সরকারের উপর প্রভাব বিস্তার করা এবং সরকারের প্রগতিশীল কাজকর্ম ভণ্ডুল করবার চক্রান্তজাল বিস্তার করেছে ; এবং

(খ) সত্য হইলে, এরূপ গোয়েন্দাগিরি বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**Dr. Md Fazle Haque :**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলছি।

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**Change of the name of this State**

*158. (Admitted question No. *58.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home ( Political ) Department be pleased to state—

(a) if the Government is considering any proposal to change the name of this State ; and

(b) if so, when the matter is likely to be finalised ?

**Shri Subrata Mukhopadhaya** :

(a) Yes.

(b) As early as possible.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গের নাম বদল করবার জন্য সরকার থেকে যে কমিটি গঠন করা হয়েছে, সেই কমিটিতে কারা কারা আছেন ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** এই রকম কোন কমিটি গঠিত হয়নি।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** পশ্চিমবঙ্গের নাম কি হবে, সে সম্বন্ধে কোন প্রপোজাল বা প্রস্তাব এসেছে কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** বিভিন্ন জায়গা থেকে এবং ব্যক্তি থেকে বিভিন্ন প্রপোজাল এসেছে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** কোন্ কোন্ প্রপোজাল এসেছে, মাননীয় মন্ত্রীমহাশয়, আমাদের সামনে রাখবেন কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** বিভিন্ন প্রখ্যাত সাহিত্যিক, সমাজনীতিবিদ, রাজনীতিবিদ বিভিন্ন যুক্তি দিয়ে নাম নিয়ে কেউ বলেছেন পশ্চিমবঙ্গ, কেউ যুক্তি দিয়ে বলেছেন শুধু বঙ্গ, কেউ বলেছেন যুক্তি দিয়ে বাংলা, কেউ বলেছেন বাংলাদেশ, কেউ বলেছেন বঙ্গভূমি কেউ বলতে চেয়েছেন বঙ্গ প্রদেশ।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যতদূর সম্ভব তাড়াতাড়ি এই ম্যাটারটা ফাইনালাইজ করবার চেষ্টা করছেন, কত সময় লাগবে এই ব্যাপারে তিনি দয়া করে জানাবেন কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** এ্যাজ সুন এ্যাজ পসিবল্ বিষয়টা করার জন্য চিন্তা করা হচ্ছে।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** কমিটি গঠন করা হয়নি ঠিক, কিন্তু কমিটি গঠন করে এ বিষয়ে বিবেচনা করবেন, এই রকম কোন চিন্তা আছে নাকি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** এই রকম কোন প্রপোজাল নেওয়া হয়নি।

## স্বাধীনতার রজত জয়ন্তী

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষ উৎসব পালনের জন্য পশ্চিমবঙ্গ সরকার কোন বিশেষ কর্মসূচি গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(খ) করিয়া থাকিলে তাহা কি কি ?

**Shri Subrata Mukhopadhyay :**

(ক) বিস্তারিত কর্মসূচী এখনও চূড়ান্তভাবে নির্ধারিত না হলেও এ বিষয়ে বিভাগীয় সচিব ও মন্ত্রী পর্যায়ে একাধিকবার আলোচনার ফলে মোটামুটি একটি পরিকল্পনা স্থির হয়েছে ও খুব শীঘ্র বিষয়টি মন্ত্রীসভায় উত্থাপিত হবার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

(খ) খসড়া প্রস্তাব অনুসারে নিম্নলিখিত কর্মসূচী আপাততঃ স্থির হয়েছে :

(১) স্বাধীনতা সংগ্রামের শহীদদের প্রতি যথাযোগ্য সম্মান প্রদর্শন ও জীবিত সংগ্রামীদের সম্মানসূচক তাম্রপত্র প্রদান।

(২) ১৪ই আগস্ট মধ্যরাত্রে স্পীকার মহোদয়ের অনুমতিক্রমে পশ্চিমবঙ্গ বিধানসভা ভবনে বিশেষ উৎসব পালনের ব্যবস্থা।

(৩) ১৫ই আগস্ট সকালে রাজ্যপালের সভাপতিত্বে ব্যারাকপুর গান্ধী ঘাটে সর্বধর্মীয় প্রার্থনা সভার অনুষ্ঠান।

(৪) ১৫ই আগস্ট অপরাহ্ণে শহীদ মিনারের পাদদেশে মুখ্যমন্ত্রী ও অন্যান্য বিশিষ্ট মাননীয় ব্যক্তির উপস্থিতিতে বিরাট জনসভা ও স্বাধীনতা সংগ্রামীদের সম্মানপত্র প্রদান।

(৫) কলিকাতার থিয়েটার রোডস্থিত শ্রীঅরবিন্দের পৈতৃক বাড়িটি অধিগ্রহণের পর সেখানে একটি যাদুঘর স্থাপন করে কৃষ্ণনগরের মৃৎশিল্পীদের দ্বারা নির্মিত মডেলের মাধ্যমে স্বাধীনতা সংগ্রামের আনুপূর্বক ঘটনাবলী প্রদর্শনের ব্যবস্থা।

(৬) প্রতিটি বিভাগ কর্তৃক প্রতি জেলায় অন্ততঃ একটি বড় 'প্ল্যান' পরিকল্পনার রূপায়ণ।

(৭) তথ্য ও জনসংযোগ বিভাগ কর্তৃক এক বিশেষজ্ঞ কমিটির তত্ত্বাবধানে 'স্বাধীনতার পঁচিশ বছর' এই মূল বিষয়ের উপর দুটি বাংলা ও একটি ইংরেজী স্মারক গ্রন্থ প্রকাশ। বাংলা বইয়ের একটি প্রাপ্তবয়স্ক পাঠকদের জন্য আর একটি কিশোর পাঠকদের জন্য। এই দুটি পুস্তকেই স্বাধীনতার পরবর্তী পঁচিশ বৎসরে বিভিন্ন ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অগ্রগতি ও ভাবীকালে এই রাজ্যের উজ্জ্বল ভবিষ্যতের সম্ভাবনার কথা বিভিন্ন প্রবন্ধে আলোচনা করবেন খ্যাতনামা লেখকবৃন্দ। ইংরেজী বইটিতে অনুরূপভাবে, পশ্চিমবঙ্গের এক সর্বাঙ্গীণ সমীক্ষা তুলে ধরা হবে প্রধানতঃ অবাঙালীদের কাছে। সবকটি বইয়ের প্রকাশনের কাজ বেশ কিছুদূর অগ্রসর হয়েছে। এ ছাড়া তথ্য ও জনসংযোগ বিভাগ কর্তৃক প্রকাশিত সাতটি সাময়িকপত্রের বিশেষ সংখ্যাও প্রকাশিত হবে।

(৮) কলিকাতার বিধানসভা ভবন, শহীদমিনার, মহাকরণ, হাইকোর্ট ও রাজভবন এবং মফঃস্বল অঞ্চলে কালেক্টরী ভবন, মহকুমা শাসকের ও বি. ডি. ও-দের অফিস ভবনে বিশেষ আলোকসজ্জার ব্যবস্থা।

(৯) নভেম্বর ডিসেম্বর মাসে দিল্লীতে আয়োজিত এশীয় বাণিজ্য মেলায় প্রদর্শিত দ্রব্যাদি কলিকাতায় এনে কোন বিশেষ প্রদর্শনীর মাধ্যমে স্বাধীনতা উৎসবের উপযোগী একটি প্রদর্শনীর ব্যবস্থা করা।

(১০) তথ্য ও জনসংযোগ বিভাগ কর্তৃক কলিকাতা, দুর্গাপুর ও জেলা সদরে স্বাধীনতা সংগ্রাম বিষয়ে প্রদর্শনীর ব্যবস্থা।

(১১) কলিকাতায় চৌরঙ্গী ও সুরেন ব্যানার্জি রোডের সংযোগস্থলের দক্ষিণ-পশ্চিম কোণে শিক্ষা বিভাগ কর্তৃক একটি গ্রন্থ বিপণি খোলার ব্যবস্থা।

(১২) সরকারী প্রচেষ্টায় বা বেসরকারী সংস্থার সহযোগিতায় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করা।

রজত জয়ন্তী উৎসব উপলক্ষে এছাড়া সারা বছর বিভিন্ন অনুষ্ঠান সূচীর পরিকল্পনাও আছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাধীনতা সংগ্রামের অন্যতম জীবিত যোদ্ধা কাজী নজরুল ইসলাম ও স্বাধীনতা সংগ্রামের প্রেরণাদাত্রী মহীয়সী নারী বাসন্তীদেবীকে সরকারের পক্ষ থেকে কোন বিশেষ সম্মান দেওয়ার ব্যবস্থা হবে কি?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** এরূপ বিশেষ ব্যক্তির কোন পরিকল্পনা নেওয়া হয়নি। তবে মাননীয় সদস্য যদি সাজেসান দেন তাহলে বিবেচনা করা হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পশ্চিমবঙ্গে যে সমস্ত মহাপুরুষ, যথা রামমোহন, স্বামী বিবেকানন্দ, বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, দেশবন্ধু চিত্তরঞ্জন, কাজী নজরুল ইসলাম ইত্যাদির রচনাবলী সুলভে জনসাধারণের মধ্যে দেবার কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** এরূপ কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** ২রা অক্টোবর মহাত্মা গান্ধীর জন্মদিন একপক্ষ কালের মধ্যে কোন গঠনমূলক পরিকল্পনা নেওয়া হবে কি না? পশ্চিমবঙ্গে ৩৬৫টা ব্লকে হরিজনদের মধ্যে সরকার কোন উন্নয়ন পরিকল্পনা নেবেন কিনা?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** এটা এর মধ্যে আসছে না। গান্ধী শতবার্ষিকী কমিটি আছে তাঁরা এটা গ্রহণ করতে পারেন। সরকার বিশেষ ব্যবস্থার কথা বিবেচনা করতে পারেন। কিন্তু রজত জয়ন্তী উপলক্ষে এরূপ কোন পরিকল্পনার কথা আসেনা।

[1-10—1-20 p.m.]

**Shri Sarat Chandra Das :** সরকার পক্ষ থেকে যে কর্মসূচী স্বাধীনতার জয়ন্তী উৎসবের সেটা তো আপনি এখানে রাখলেন। বে-সরকারী প্রতিষ্ঠান—যথা মিউনিসিপ্যালিটি, ক্লাব, লাইব্রেরী,

স্কুল এদের এই স্বাধীনতার জয়ন্তী উৎসব পালনে অনুপ্রাণিত করবার জন্য কোন পরিকল্পনা সরকার থেকে গ্রহণ করেছেন কিনা ?

**Shri Subrata Mukhopadhyay** : সরকার পক্ষ থেকে যে কার্যসূচী গৃহিত হয়েছে তা তো বলা হলো। বিভিন্নভাবে বে-সরকারী প্রতিষ্ঠানের কাছে এজন্য আবেদন করা যেতে পারে এবং সরকার তা করবেনও। কিন্তু তাঁরা কি করবেন না করবেন—তা তো আমরা জানিনা।

**Shri Ramkrishna Saraogi :** Sir, the starred question No. 160 may kindly be held over.

**Mr. Speaker** : So, the starred question No. 160 is held over.

## কান্দি মহকুমায় রাস্তাঘাট

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৭) **শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক** ঃ পঞ্চায়ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭১-৭২ আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলা পরিষদকে কান্দি মহকুমার বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট ও কালভার্ট মেরামতের জন্য কিছু টাকা মঞ্জুর করা হইয়াছিল, এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত মঞ্জুরিকৃত টাকার পরিমাণ কত, এবং

(২) এখন পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে এবং কি কি বাবত খরচ হইয়াছে ?

**Shri Prafulla Kanti Ghosh :**

(ক) হ্যাঁ। কান্দি মহকুমাসহ সমগ্র মুর্শিদাবাদ জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা, কালভার্ট ইত্যাদি মেরামত এবং পুনঃনির্মাণের জন্য জেলা পরিষদকে ঋণ মঞ্জুর করা হইয়াছিল।

(খ) (১) ঐ টাকার মধ্যে কান্দি মহকুমার জন্য মোট ২,২৯,৫০০ টাকা জিলা পরিষদ কর্তৃক বরাদ্দ করা হইয়াছিল।

(২) এখন পর্যন্ত কোন টাকা খরচ করা হয় নাই।

**Shri Sunil Mohan Ghosh Moulik** : কেন যে টাকা খরচ করা হয় নাই তা বলতে পারবেন কি ? এবং তা কবে খরচ হবে ?

**Shri Prafulla Kanti Ghosh :** যাতে এই কাজ এক্ষুনি আরম্ভ করা যায়, তার জন্য দপ্তর থেকে বার বার তাদের কাছে চিঠি পাঠান হয়েছে। কালভার্ট ইত্যাদি মেরামতের জন্য [illegible]

ওঁরা করেছেন। ঠিকাদার নিবাচন সমাপ্ত হলে প্রকল্পগুলির কাজে হাত দেওয়া হবে। এই আর্থিক বছরে এই কাজগুলি শেষ করবার জন্য জরুরী নির্দেশ দেওয়া হয়েছে।

**Shri Sunil Mohan Ghosh Moulik:** আপনি কত টাকা কোন্ সময় তাদের দিয়েছিলেন ?

**Shri Prafulla Kanti Ghosh**: আমরা কেন্দ্রের কাছে ১ কোটি ৭৮ লক্ষ ৫৮ হাজার টাকা আর্থিক সাহায্যের জন্য দাবী করেছিলাম। তার থেকে কান্দির জন্য ৮ লক্ষ টাকা ধার্য্য করেছিলাম। কিন্তু কেন্দ্রীয় সরকার ১৯৭০ সালে ৪৫ লক্ষ টাকা এবং বন্যার জন্য বকেয়া ৪৯ লক্ষ ৭৫ হাজার ১৯৭১-৭২ সালে আমাদের দিয়েছিলেন। তার মধ্যে ৮ লক্ষের জায়গায় ৬ লক্ষ ৮ হাজার টাকা ঋণ প্রদান করা হয়েছে।

**Shri Sunil Mohan Ghosh Moulik**. তিনি কবে জেলাপরিষদকে ঐ টাকা দিলেন ? ডেটটা বলবেন ?

**Shri Prafulla Kanti Ghosh:** আমায় ক্ষমা করবেন, এক্ষুনি date বলতে পারছি না তবে ১৯৭১ সালের আগষ্ট মাসে টাকাটা মঞ্জুর হয়েছিল।

**Shri Sunil Mohan Ghosh Moulik**: জেলা পরিষদকে টাকা দিলেন, তাঁরা আজ পর্যন্ত সে টাকা খরচ করতে পারলেন না। বন্যা নিবারণের জন্য তাদের কোন টাকা দেওয়া হয়েছিল কিনা বলতে পারবেন ?

**Shri Prafulla Kanti Ghosh**: এর আগে বোধহয় এখানে তারিখটা দিয়েছিলাম। জেলাপরিষদগুলির যেভাবে কাজ করা উচিত ছিল, সেভাবে তাঁরা কাজ করতে পারেননি। সরকারের তরফ থেকে তাদের কাছে বার বার চিঠিবান হানা হয়েছিল এবং আমার মনে হয় অদূর ভবিষ্যতে এই কাজ যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করা হবে।

**শ্রীসুনীল মোহন ঘোষ মৌলিক**ঃ আমাকে জেলা পরিষদের এ্যাডমিনিষ্ট্রেটার ১৬।৬।৭২ তারিখে আমি একটা কুইরি করেছিলাম তাতে তিনি লিখেছিলেন— With reference to your query over telephone, this is to inform you that tender has been invited and the Contractor has been selected for the Culvert of Haldi. কর্তৃপক্ষ টাকা দিলেন—অথচ ১২।৬ তারিখে টেণ্ডার কল করা হোল। এই দেরীর জন্য জনসাধারণ যে ক্ষতিগ্রস্ত হবে—বর্ষাকাল এসে গেল। এর জন্য কে দায়ী সে কথা কি বলতে পারেন মন্ত্রীমহাশয় ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ**ঃ এই সরকার ২০শে মার্চ তারিখে এসেছেন। তার আগে চিঠিপত্র লিখতে পারেন—সে সময় তাদের পরিপ্রেক্ষিতে কোন কিছু ব্যবস্থা নিয়েছিলেন কিনা—এটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ মাননীয় মন্ত্রীমহাশয় যে বক্তব্য রেখেছেন সেটা ঠিক বুঝতে পারছি না। সরকারকে বার বার চিঠি দেওয়া সত্বেও—তাগাদা দেওয়া সত্বেও হচ্ছে না। তাহলে

কি ঐ জেলা পরিষদে যাঁরা দায়িত্বশীল পদে আছেন এ্যাডমিনিষ্ট্রেটার ইত্যাদি আমরা কি মনে করতে পারি যে এই সমস্ত উন্নয়নের ব্যাপারে তারা সরকারের সঙ্গে সহযোগিতা করছেন না ?

**মিঃ স্পীকার ঃ** It is a matter of opinion.

## সীমান্তবর্তী আখেরীগঞ্জে স্থায়ী পুলিস ক্যাম্প

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০।) **শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ভগবান গোলা থানার সীমান্তবর্তী এলাকা আখেরীগঞ্জে একটি স্থায়ী পুলিস ক্যাম্প বসানোর ব্যাপারে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন,

(খ) সরকার কি অবগত আছেন যে ঐ সীমান্তবর্তী এলাকা দিয়ে অস্ত্রশস্ত্রের চোরাচালান বৃদ্ধি পাইয়াছে, এবং

(গ) অবগত থাকলে, এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা করিয়েছেন ?

**Dr. Md. Fazle Haque :**

(ক) সরকারের কাছে এরূপ কোন প্রস্তাব নাই।

(খ) এরূপ নজীর সরকারের গোচরীভূত হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

### Construction of roads under Bongaon-Bagdaha P. S.

*163 (Admitted question No. *304.) **Shri Rabindra Ghosh :** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that Government has not taken any action to implement the Government decision taken in the year 1967 in constructing the following roads ;—

(i) from Sripalli under Bongaon P.S. to Bajipur under Bagdaha P.S.—12 miles long road to be made metalled (pucca),

(ii) from Colombazar under Bongaon P.S. to Beara village up to the Hospital and High School under Bagdaha P.S.,

(iii) from Balida village under Bongaon P.S. to Tangra High School under Bagdaha P.S —2 miles long road,

(iv) from Baneswarpur village under Bagdaha P.S. to Border Outpost —3 miles long road , and

(b) if so, (i) the reasons thereof, and (ii) what action the Government propose to take in this regard ?

**Shri Ramkrishna Sarogi** : (a) & (b) No Government decision was taken in the year 1967 to construct roads.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই সমস্ত রাস্তাগুলি যে রয়েছে এগুলি নির্মাণের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা ?

**Shri Ramkrishna Sarogi** : We are considering the proposal. As the honourable Members know that we have great paucity of funds, so unless and until we get sufficient funds for the construction of roads, it will be rather difficult to say at this stage which road we shall be able to take in hand. For the information of the Members, I may also say that uptil now my department has got requisition for 3,328 miles of roads including 129 bridges. So, we are scrutinising all the proposals and we shall be in a position to say as soon as that scrutiny is over.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** এই যে বিভিন্ন প্রস্তাব পাঠানো হয়েছে—এই প্রস্তাব বাস্তবে রূপায়িত করবার জন্য কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সরকারের পক্ষ থেকে সেটা জানতে চাই ?

**শ্রীরামকৃষ্ণ সারোগীঃ** I may also tell the honourable Member about the Construction of roads in the mentioned list, no Government decision was taken in the year 1967. We are examining it and it will be difficult to say at this stage as to which road we will be able to take.

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে ১, ২, ৩, ৪—রাস্তাগুলি আছে—এই রাস্তাগুলির ব্যাপারে সরকারের কাছে ১৯৬৭ সালে পাঠানো হয়েছিল—যদি পাঠানো হয়ে থাকে তাহলে এগুলি কি ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানে নেবার সরকারের ইচ্ছা আছে ?

**শ্রীরামকৃষ্ণ সারোগীঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে একটা মিটিং হয়েছিল Then the Minister-in-charge of P. W. D., Late Hemanta Bose, ছিলেন সেই মিটিংয়ে প্রস্তাব গৃহীত হয়েছিল ।

[1-20—1-30 p,m.]

২৮টি রোড এবং একটি ব্রীজ তৈরী করা হয়। কিন্তু সেখানে মাত্র একটি রেকমেণ্ডেসনের মত ছিল, আর গভর্ণমেণ্ট-এর ডিসিসন এটার উপর হয়নি, এই আমার ফাইলে পাচ্ছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** যখন একটির রেকমেণ্ডেসন ছিল তখন এই রাস্তাটির গুরুত্ব একটু ছিল। বর্তমান আর্থিক বছরে নিশ্চয় অর্থের সংকুলান হয়নি, কিন্তু এটা কি ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানের সঙ্গে যুক্ত করার কথা কি মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করবেন ?

**শ্রীরামকৃষ্ণ সারোগী:** এই সম্পর্কে আমরা নিশ্চয় বিচার বিবেচনা করবো।

## দুর্গাপুরে শান্তিশৃঙ্খলা

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০১।) **শ্রীনিরঞ্জন ডিহিদার:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে দুর্গাপুরে শান্তি ও শৃঙ্খলার বিশেষ অবনতি হইয়াছে এবং ফলে সামগ্রিকভাবে বিভিন্ন শিল্পসংস্থায় উৎপাদন হ্রাস পাইয়াছে, এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) শান্তি ও শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন ?

**ডঃ মহম্মদ ফজলে হক:**

(ক) ইহা সত্য নহে।

(খ) (১) এবং (২) এ প্রশ্ন উঠে না।

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আমার হেল্ড ওভার ১৪ নং প্রশ্নের জবাবে বলেছেন দুর্গাপুরে ৬ জন খুন হয়েছে, সে জবাব আমি টেবিলে দেখেছি। যদি তাই হয়ে থাকে তাহলে নিশ্চয় ওখানকার মানুষ, শ্রমিকরা আতঙ্কিত হয়ে আছে। কাজেই ঐ পিরিয়ডের মধ্যে দুর্গাপুর শিল্পাঞ্চলে শ্রমিকদের কাজের হাজিরা কমেছে, না বেড়েছে, না একই আছে, এটা জানাবেন কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন তার থেকে শ্রমিকদের হাজিরা আছে কিনা, এই প্রশ্ন আসে না।

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে ২টি প্রশ্ন একই সময়ে আছে। এটা কন্ট্রাডিকটরি হচ্ছে, এর পরে হেল্ড ওভার ১৪ নং প্রশ্নটি আসবে। এই হেল্ড ওভার প্রশ্নে

দেখানো হয়েছে ৬ জন খুন হয়েছে, কতজন আহত হয়েছে তা কিছু বলা নেই, ৩৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে, বলা আছে। এই প্রশ্নের জবাবে মন্ত্রী মহাশয় বলেছেন ওখানে কোন আইন শৃঙ্খলার অবনতি ঘটে নি, সুতরাং সেখানকার উৎপাদন কোন ব্যাহত হয়নি। এই দুটি জবাবের মধ্যে কন্ট্রাডিক্টরি হচ্ছে বলে আমি বলছি—এই প্রশ্নের জবাবে বলেছেন সেখানে আইন শৃঙ্খলার অবনতি ঘটে নি, আবার অন্যত্র বলেছেন খুন হয়েছে। কাজেই খুন হলে সেখানকার শ্রমিকরা ভয়ে সন্ত্রস্ত হবে এবং তার ফলে এ্যাটেনডেন্স কমতে বাধ্য। তা যদি কমে তাহলে নিশ্চয় উৎপাদন কমবে। তাই আমি জিজ্ঞাসা করছি যে সেখানে শ্রমিকদের এ্যাটেনডেন্স কমেছে কিনা ?

**ডঃ মহম্মদ ফজলে হক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি যে গত ২৮/৫/৭২ তারিখ থেকে ১৬/৬/৭২ তারিখ পর্যন্ত দুর্গাপুর বেনাচিতি অঞ্চলে রাজনৈতিক উচ্ছৃঙ্খলতার জন্য ৬টি হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। যদিও এই হত্যাকাণ্ড সংঘটিত হয় তবুও সেখানে আইন শৃঙ্খলা পরিস্থিতির কোন অবনতি হয় নি, যার জন্য শিল্পোৎপাদন ব্যাহত হতে পারে। রাজনৈতিক হত্যাকাণ্ড হয়েছে সেটা অস্বীকার করছি না, তার জন্য যথাযথ আইনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, সেইজন্য শিল্পোৎপাদন কোনরকমে ব্যাহত হয়নি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার** : আমার প্রশ্নটি হচ্ছে ওখানে এ্যাটেনডেন্স কমেছে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা তো আনস্যাটিসফ্যাক্টরি এ্যানসার হচ্ছে। একদিকে বলছেন রাজনৈতিক সন্ত্রাস আছে, আবার বলছেন এ্যারেষ্ট করছি, এটা তো কিছুই বোঝা যাচ্ছে না।

**Mr. Speaker :** According to the Minister, it has not affected production.

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য** : কটা পর্যন্ত হত্যাকাণ্ড হলে আইন শৃঙ্খলার অবনতি হয়—অর্থাৎ সপ্তাহে ৪টি কিম্বা ৬টি হত্যাকাণ্ড ঘটলে আইন শৃঙ্খলার অবনতি হয় ?

**ডঃ মহম্মদ ফজলে হক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলেছি রাজনৈতিক উচ্ছৃঙ্খলতার জন্য ৬টি হত্যাকাণ্ড হয়েছে এবং সেখানে এ সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উনি প্রশ্ন করেছিলেন সেখানে শিল্পোৎপাদন ব্যাহত হয়েছিল কিনা—আমাদের যে রিপোর্ট আছে তাতে দেখছি শিল্পোৎপাদন ব্যাহত হয়নি। সেখানে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয় নি।

## পাকা রাস্তা তৈয়ারী করিতে শ্লাজের ব্যবহার

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৮।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়** : পূর্তবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার অন্তর্গত পাণ্ডুয়া থানা এলাকায় পাকা রাস্তা তৈয়ারির বা মেরামতির জন্য শ্লাজের (ইস্পাত কারখানার পরিত্যক্ত গাদের শক্ত জমাট পিণ্ড) টুকরা ব্যবহার করা হইতেছে,

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) মালিয়ারার পাথরের টুকরা (পাকুড়ের পাথরের পরিবর্তে) ব্যবহার না করার কারণ কি;

(গ) সরকার কি অবগত আছেন যে, স্ল্যাজের টুকরাগুলি খুবই নরম এবং অনেক ক্ষেত্রে ইহার জন্য অধিক মূল্য দিতে হয়; এবং

(ঘ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীরামকৃষ্ণ সারোগী** ঃ

(ক) হ্যাঁ, ইহা মেরামতির জন্য ব্যবহার করা হইতেছে।

(খ) (১) ওয়াগনের স্বল্পতার জন্য পাকুর হইতে পাথরকুচি আনা সম্ভব হইতেছে না। অথচ রাস্তাগুলি মেরামত করা বিশেষ দরকার। সেজন্য 'শ্লাগ মেটাল' ব্যবহার করা হইতেছে।

(২) মালিয়ারা হইতে পাথরকুচি আনিতে গেলে খরচ বেশী হইবে। ইহা ঠিক নহে।

(গ) রেলপথের তুলনায় সড়কপথে মাল আনার জন্য পরিবহণ খরচ হয়তো একটু বেশী পড়ে। কিন্তু পাকুর অথবা মালিয়ারা হইতে সড়ক পথে মাল আনিতে গেলে খরচ আরও বেশী পড়িত।

(ঘ) চাহিদা অনুযায়ী বেশী সংখ্যক ওয়াগন পাওয়ার জন্য চেষ্টা করা হইতেছে।

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়** ঃ মন্ত্রীমহাশয় কি জানাবেন যে সরকার রাস্তা তৈরী করার মশলা হিসাবে specification গুলি নিতে রাজী হয়েছেন। রাস্তা তৈরীর মশলা slag as material ব্যবহার করার অনুমতি দিয়েছেন?

**শ্রীরামকৃষ্ণ সারোগী** ঃ Slag metal অনেক বছর থেকে ব্যবহার করা হচ্ছে। কলকাতা এবং দুর্গাপুরে অনেক রাস্তা slag metal দিয়ে মেরামত করা হচ্ছে, আজ পর্যন্ত সেই রাস্তা সম্বন্ধে আমরা কোন complaint পাইনি। এই slag metal বিশেষভাবে মেরামতের কাজে ব্যবহার করা হচ্ছে।

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমি বলছি আপনার ডিপার্টমেন্টে slag as building material accept করছেন কি?

**শ্রীরামকৃষ্ণ সারোগী** ঃ যতক্ষণ পর্যন্ত আমার ডিপার্টমেন্ট আশ্বস্ত না হয় যে এই material দিয়ে রাস্তা ঠিকভাবে মেরামত হতে পারে, ততক্ষণ পর্যন্ত আমার department আজে-বাজে জিনিষ ব্যবহার করবে না।

## বিভিন্ন বিভাগের সচিব পদে নিযুক্ত আই. এ. এস. অফিসার

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জি** ঃ স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্বাস্থ্য, বাস্তু, কৃষি, গ্রাম ও নগর পরিকল্পনা, তথ্য ও জনসংযোগ,

পশুপালন ও পশুচিকিৎসা প্রভৃতি টেকনিক্যাল বিভাগ সহ প্রত্যেকটি বিভাগের সচিব পদে কেবলমাত্র আই. এ. এস. ক্যাডারভুক্ত অফিসারদের নিয়োগ করা হয়,

(খ) সত্য হইলে, ঐসকল সর্বোচ্চ পদে নিয়োগের পূর্বে বিভাগীয় অভিজ্ঞতার বিষয় বিবেচনা করা হয় কিনা; এবং

(গ) টেকনিক্যাল বিভাগের সচিব পদে নিয়োগের জন্য কোন মানদণ্ড আছে কিনা, এবং থাকিলে, তাহা কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ**

(ক) হ্যাঁ, কারণ উক্ত পদগুলি আই. এ. এস. ক্যাডারে অন্তর্ভুক্ত।

(খ) ও (গ) টেক্‌নিক্যাল বিভাগের সচিবের পদগুলিও নন-টেকনিক্যাল বিভাগের সচিবের পদের ন্যায় প্রশাসনিক পদ।

ঐগুলি টেক্‌নিক্যাল পদ নহে। প্রশাসনিক অভিজ্ঞতা ও যোগ্যতার ভিত্তিতে সচিবের পদে নিয়োগ করা হয়। বিভাগীয় অভিজ্ঞতা অত্যাবশ্যক নহে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় technical বিভাগে I A S Cadre নিয়োগ করা কোন convention আছে কি পশ্চিমবঙ্গ প্রশাসন যন্ত্রে।

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** আমি বলছি, এখানে সচিবের যে পদ আছে technical, non-technical সবগুলিই প্রশাসনিক পদ। Central Government Rule আছে I.A S. Cadre থেকে নিতে হবে।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই CMPOর যে সমস্ত প্রশাসনিক পদ আছে CMPOর Director এরা কি technical man নন ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** আগেই বলা হয়েছে সচিবের পদ technical, non-technical এই সমস্তই প্রশাসনিক পদ। যে সমস্ত technical department আছে তাদের আলাদা directorate আছে, সেখানে technical, non technical এর প্রশ্ন আসে। এই জিনিসটা হচ্ছে সচিবের পদ, প্রশাসনিক পদ। এখানে প্রশাসনিক যোগ্যতা থাকলে তাদের নেওয়া হয় এবং Central Government Rule অনুযায়ী I.A.S. Cadre ভুক্ত হতে হয় এখানে technical non-technical এর কোন প্রশ্ন আসে না।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন Health Department-এ এর আগে General Chakraborty ছিলেন, I A.S. Cadre অন্তর্ভুক্ত ছিলেন না। সেখানে technical লোক নিয়োগ করা হয়েছে। সেজন্য বলছি প্রশাসনিক convention আছে কি না ? আমরা আগে বহু দেখেছি technical পদ যা আছে সেখানে technical man নিয়োগ করা হয় বিভিন্ন ক্ষেত্রে ডঃ রায়ের সরকারের সময় থেকে এটা হয়েছে। সেজন্য এই প্রশ্ন তুলেছি, এটা কোন বিশেষ Cabinet decision or convention এর ভিত্তিতে এটা করা হয় কিনা, কারণ technical পদ যা আছে Engineering departments যা আছে সেক্ষেত্রে আমরা দেখছি যারা I.A.S. রয়েছেন, দুর্গাপুরে যিনি General Manager, Health এর Secretary হয়েছেন, Animal Husbandry, Agricul-

ture সব ব্যাপারে তাকে আনা হয়েছে, তার technical decision আমাদের মেনে নিতে হবে। এটা মন্ত্রী মহাশয়ের আলোকপাত চাই ?

**Mr. Speaker :** Mr. Mukherjee, it is too wide and too vague a question that has been put. You must be specific--a pointed question should be placed for a pointed answer.

[1-30--1-40 p.m.]

**Bridge on the River Subarnarekha near Kuthighat**

***167.** (Admitted question No. *585.) **Shri Birendra Bijoy Malladeb :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government of West Bengal have any plan to construct a bridge over the river Subarnarekha near Kuthighat for the communication between Gopiballavpur and Jhargram P.S. ; and

(b) if so, when the work of construction will begin ?

**Shri Ramkrishna Saraogi :** (a) and (b) Government is examining the proposal.

**শ্রীরজনীকান্ত দোলুই :** এই প্রোপোসাল গভর্ণমেন্টের কাছে কত দিন হল এসেছে এবং কত দিন ধরে গভর্ণমেন্ট একজামিন করছেন ?

**শ্রীরামকৃষ্ণ সারোগী :** অনেকদিন থাকেই কুটিঘাটের উপর একটা ব্রিজ করার প্রশ্ন উঠেছে। আমাদের ডিপার্টমেন্ট মনে করে যে কুটিঘাটের উপর একটি ব্রিজ শুধু কমিউনিকেশনের জন্যই দরকার নয়, ল-এ্যাণ্ড অর্ডার মেন্টেন করবার জন্য কুটিঘাটের উপর একটি ব্রিজ করার জন্য বিবেচনা করা হচ্ছে।

**শ্রীহরিশচন্দ্র মহাপাত্র :** এইটা সার্ভে করার কথা সরকার চিন্তা করছেন কি ?

**শ্রীরামকৃষ্ণ সারোগী :** হ্যাঁ।

**শ্রীহরিশচন্দ্র মহাপাত্র :** কবে সার্ভে হবে, সেটা বলতে পারবেন ?

**শ্রীরামকৃষ্ণ সারোগী :** স্যার, সার্ভে করার একটা প্রসেস আছে। সেই প্রসেস অনুযায়ী যেতে হবে। সুতরাং বিধান সভায় এই বিষয়ে একটা ডেড লাইন দেওয়া অসম্ভব, কেন না আমি জানিনা কিভাবে সার্ভে হবে এবং কত রকম সার্ভে হবে। কিন্তু আমি একটা জিনিষ বলতে পারি যে এই সম্পর্কে সিরিয়াসলি আমরা চেষ্টা করছি যাতে এই ব্রিজের কাজ তাড়াতাড়ি শুরু করতে পারি।

**শ্রীহরিশচন্দ্র মহাপাত্র :** এইটা নিশ্চয়ই জানেন যে গোপালপুরের সঙ্গে পশ্চিমবাংলার যোগাযোগের কোন ব্রিজ নাই, ওড়িষ্যা এবং বিহার হয়ে যোগাযোগ করতে হয়। তাই

আমি বলছিলাম যে এইটা সম্বন্ধে সরকার কি অবিলম্বে চেষ্টা করবেন, যাতে ফিফথ ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে কমপ্লিট হয় ?

**শ্রীরামকৃষ্ণ সারোগী** : এইটা সম্বন্ধে আমরা চেষ্টা করব।

## "মিসা" প্রয়োগ

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৪।) **শ্রীহরেন্দ্রনাথ হালদার** : স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সারা পশ্চিমবঙ্গে বিভিন্ন ধরনের সমাজবিরোধীদের কতজনের উপর এ পর্যন্ত "মিসা" (আইন) প্রয়োগ করা হয়েছে, এবং গ্রেপ্তার করা হয়েছে ;

(খ) ইহা কি সত্য যে, এই "মিসা" আইনে আটক করার পর কোন কোন ক্ষেত্রে আবার ছেড়ে দেওয়া হয়েছে ;

(গ) সত্য হ'লে—

(১) কতজনের ক্ষেত্রে পুনরায় "মিসা" তুলে (উইথড্র) নেওয়া হয়েছে, এবং

(২) ইহার কারণ কি ; এবং

(ঘ) মুর্শিদাবাদ জেলায় "মিসা" প্রয়োগের পর কোন কেস তুলে (উইথড্র) নেওয়া হয়েছে কিনা এবং হ'লে কয়টি ক্ষেত্রে ?

**ডঃ মহম্মদ ফজলে হক** :

(ক) গত ৫ই জুলাই, ১৯৭২, পর্যন্ত সারা পশ্চিমবঙ্গে ৫২৭১ জন বিভিন্ন ধরনের সমাজবিরোধীদের ক্ষেত্রে 'মিসা' আটকাদেশ দেওয়া হইয়াছে, এবং তন্মধ্যে ৪১২৪ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) (১) ১৪৫ জনের ক্ষেত্রে আটক আদেশ প্রত্যাহার করা হইয়াছে।

(২) যে সকল আটক বন্দী বিশেষতঃ অপরিণামদর্শী ও বিপথগামী তরুণতরুণী আটক থাকার পরিণামে পূর্বকৃত হিংসাত্মক বা অনুরূপ দুষ্কর্মের জন্য আন্তরিকভাবে অনুতপ্ত এবং বর্তমানে মুক্তি পাইলে সমাজবিরোধীতা বা হিংসাশ্রয়ী পথ ত্যাগ করিতে ও ভবিষ্যতে সদাচরণের মুচলেকা দিতে সম্মত আছেন বলিয়া অনুসন্ধানে প্রতীত হয় এবং যাঁহাদের পক্ষে পিতামাতা, অভিভাবক বা অন্য কোন নির্ভরযোগ্য ব্যক্তিও অনুরূপ মুচলেকা দিতে সম্মত আছেন, সতর্কতার সহিত বিবেচনার পর উপযুক্ত ক্ষেত্রে শর্তসাপেক্ষে তাহাদের সরকার আটক আদেশ প্রত্যাহার করেন। কোন কোন ক্ষেত্রে সরকার আটক আদেশটির যৌক্তিকতা বা যাথার্থ বিবেচনা করিয়া উহা আদৌ অনুমোদন করেন না।

(ঘ) হ্যাঁ, ১১ জনের ক্ষেত্রে আটক আদেশ প্রত্যাহার করা হইয়াছে।

**শ্রীসুকুমার ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে সমস্ত যুবক-যুবতি আভ্যন্তরীণ নিরাপত্তা আইনে আটক আছেন তাদের মুক্তি দেওয়ার প্রশ্ন সরকার, অভিভাবকদের আবেদন ইত্যাদি বিবেচনা করে তাদের কিছু ক্ষেত্রে মুক্তি দিয়েছেন। পশ্চিমবঙ্গে এইরকম কতগুলি আভ্যন্তরীণ মামলা প্রত্যাহার করা হয়েছে জানাবেন কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** পশ্চিমবঙ্গে ১৪৫ জনের ক্ষেত্রে মামলা প্রত্যাহার করা হয়েছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** সারা পশ্চিমবঙ্গে ১৪৫ জন, না আরও বেশী এই মোট সংখ্যাটা কত ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** এখানে সমগ্র পশ্চিমবঙ্গের প্রশ্ন আছে, সমগ্র পশ্চিমবঙ্গের কথাই বলছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** আজ পর্যন্ত অসাধু ব্যবসায়ী, শিল্পপতি বা খনি মালিককে মিসা আইনে গ্রেপ্তার করা হয়েছে কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** ক্যাটাগরিক্যালি বলা সম্ভব নয়। যদি নোটিশ দেন তাহলে বলতে পারি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** আভ্যন্তরীণ আটক আইন সম্পর্কে সরকার ইতিপূর্বে ঘোষণা করেছিলেন যে সমস্ত যুবক বিপথগামী হয়েছিল তারা যদি হিংসার মনোভাব পরিত্যাগ করে এবং তাদের অভিভাবক যদি সেই সম্পর্কে গ্যারান্টি দেন তাহলে সরকার তাদের ক্ষেত্রে আটক আইন প্রত্যাহার করবেন। আমি জানি বহু অভিভাবক এই রকম আনডারটেকিং দিতে রাজী ছিলেন এবং যে সমস্ত বিপথগামী যুবক এই রকম করেছিল তাদের মধ্যেও কেউ কেউ তা করতে রাজী ছিলেন, কিন্তু তা সত্ত্বেও তাদের মামলা প্রত্যাহার করা হচ্ছে না কেন ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** মাননীয় সদস্য সরকারের বক্তব্যের ভুল ব্যাখ্যা দিলেন। কেবল আনডারটেকিং দিলেই ছেড়ে দেওয়া হবে না। কতকগুলি নিয়ম আছে, যেমন কণ্ডাক্ট, এজ, কোয়ালিফিকেশান ইত্যাদি ব্যাপারে ডিটেনিং অথরিটি অর্থাৎ ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি স্যাটিসফায়েড হন তার মনের পরিবর্তন হয়েছে, এর পরে সৎ পথে যাবে, আর কুকর্ম করবে না, তবেই আনডার-টেকিং-এর প্রশ্ন আসবে এবং আমাদের কাছে ফরওয়ার্ড করবে। আমরা তখন মুচলেকা দিলে ছেড়ে দিতে বলবো। সেই কনডিসানগুলির মধ্যে আছে জেলে তার কনডাক্ট, এজ, সমস্ত কিছু বিচার বিবেচনা করে ডিটেনিং অথরিটি যখন স্যাটিসফায়েড হবে তখন ছাড়ার প্রশ্ন আসে।

**শ্রীহরিশচন্দ্র মহাপাত্র ঃ** এ পর্যন্ত মিসা উইথড্র করবার জন্য কতগুলো আবেদনপত্র জমা পড়েছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** এ প্রশ্ন এর থেকে আসে না।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** যে টোটাল সংখ্যা দিলেন সেটা কোন জেলায় কত, সংখ্যা দেবেন কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** এ প্রশ্ন আসে না।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী** ঃ মন্ত্রী মহাশয় কি জানেন, হাওড়ার বিখ কুখ্যাত সমাজবিরোধী প্রকাশ ভূশাকে মিশা আইনে ধরার পর স্নেহাংশু আচার্য্যের তত্ত্বাবধানে বেল দেওয়া হয় এবং এইভাবে বেল দেওয়ার ফলে মিশা আইনের কার্য্যকারিতা কি করে থাকে ?

**মিঃ স্পীকার** ঃ He requires notice, Mr. Mukherjee.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ পশ্চিমবঙ্গের কোন জেলায় কতজনকে এই আইনে আটক করা হয়েছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক** ঃ নোটিশ না দিলে জেলাওয়ারী হিসাব দিতে পারছি না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ জেলাওয়ারী হিসাব না করলে সমগ্র পশ্চিমবঙ্গের হিসাব পাবেন কি করে ?

**মিঃ স্পীকার** ঃ Mr. Biswas, he is not in possession of district-wise figures ; he has got the total figures only.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ মুর্শিদাবাদে মোট ১১ জনের ক্ষেত্রে মিসা আইন তুলে নেওয়ার কথা বলা হয়েছে। এর মধ্যে মোট কতজন আটক ছিলেন এবং তার মধ্যে কতজন ব্যবসায়ী ?

**ডঃ মহম্মদ ফজলে হক** ঃ এর মধ্যে কতজন আটক ছিলেন সেটা বলতে পারি, কিন্তু তার মধ্যে কতজন ব্যবসায়ী আটক ছিলেন সেটা এখন বলা সম্ভব নয়। আপনাদের মুর্শিদাবাদ জেলায় ২৫১ জনের বিরুদ্ধে এটা ছিল তার মধ্যে ধরা হয়েছে ১৮৮ জনকে এবং তার মধ্যে ১. জনকে ছেড়ে দেওয়া হয়েছে।

**শ্রীতৃপ্তিময় আইচ** ঃ সরকার ঘোষণা করেছিলেন যেসব কোলিয়ারীর মালিক বা অন্যান্য শিল্পপতি যাঁরা সরকারের royalty দেন না বা Provident Fund-এর টাকা দেন না তাঁদের Misa আইনে আটক করা হবে। আজ পর্য্যন্ত এরকম কতজনকে arrest করেছেন বলবেন কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক** ঃ আমরা Misa Act-এর amendment করেছি সেটার Assent President-এর কাছ থেকে এখনও পাওয়া যায়নি বলে আমরা তা প্রয়োগ করতে পারছিনা।

## আভ্যন্তরীণ নিরাপত্তা আইন প্রয়োগ

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬২।) **শ্রীমহম্মদ সফিউল্লা** ঃ স্বরাষ্ট্র (স্পেশাল) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী ২৭এ জুন পর্য্যন্ত "মিসা" (আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা) আইনে কতজনকে আটক করা হইয়াছে ; এবং

(খ) সংশোধিত "মিসা" আইনে ঐ আইন চালু হওয়ার পর হইতে ( আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা) ( পশ্চিমবঙ্গীয় সংশোধন, ১৯৭২ ), ২৭এ জুন পর্য্যন্ত কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে কিনা এবং হইলে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ**

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থিত করা হইয়াছে।

(খ) প্রশ্ন উঠে না, কারণ, আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা ( পশ্চিমবঙ্গীয় সংশোধন, ১৯৭২) আইন এখনও চালু হয় নাই।

*** ১৬৯ নং প্রশ্নের (ক) অংশের উত্তরে প্রদত্ত বিবরণী**

| জেলা | ২৭শে জুন পর্য্যন্ত আটকের সংখ্যা ( ২৭শে জুন '৭২ পর্য্যন্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে ) |
|---|---|
| ২৪-পরগণা | ৫৭২ |
| হাওড়া | ২৬৬ |
| নদীয়া | ১৫১ |
| মুর্শিদাবাদ | ১৭১ |
| বর্ধমান | ৬৬৩ |
| বীরভূম | ২২৭ |
| বাঁকুড়া | ৮৪ |
| মেদিনীপুর | ১০৭ |
| হুগলী | ৪৮৭ |
| পুরুলিয়া | ১৩ |
| জলপাইগুড়ি | ৯৪ |
| দার্জিলিং | ৭৪ |
| পঃ দিনাজপুর | ৬৮ |
| মালদা | ১০৩ |
| কুচবিহার | ৯৩ |
| কলিকাতা | ১০৫২ |
| | ৪২২৫ |

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আপনি বললেন Misa এখনও পর্যন্ত চালু হয়নি জোতদার, কারখানার মালিক যারা বোনাস দেয়না তাদের বিরুদ্ধে এটা প্রয়োগ করার কথা ছিল।

**Mr. Speaker :** Mr. Biswas, I would remind you that the question has already been answered on the floor of the House, that the Presinent's assent has not yet been received in respect of the amendment contained in the West Bengal Act.

[1- 0—1-50 p.m.]

**Metalling of Bharatpur Salar Road and construction of a bridge on the river Kuyan**

***170.** (Admitted question No. *630.) **Shri Kumar Dipti Sengupta :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government has any proposal to take up the work of covering the unpitched 2 feet portion in the middle of the two-tyre road or truck road running from Bharatpur to Salar by pitch or allied substances ;

(b) if so, when the work is expected to be started : and

(c) whether the Government has any proposal for including the construction of a bridge on river Kuyan at Sagarpur Ghat at Bharatpur in the Kandi subdivision in the Fifth Five-Year Plan ?

**Shri Ramkrishna Saraogi :** (a) No.

(b) Does not arise.

(c) Yes

**হত্যাকাণ্ডের সমীক্ষা**

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৩।) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার গঠিত হইবার পর (২০এ মার্চ, ১৯৭২) হইতে ২৬এ জুন, ১৯৭২, পর্যন্ত কোন জেলায় কয়টি হত্যাকাণ্ড ঘটিয়াছে ; এবং

(খ) উক্ত হত্যাকাণ্ডের মধ্যে রাজনৈতিক হত্যাকাণ্ড কোন জেলায় কয়টি ঘটিয়াছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** (ক) বাঁকুড়া ৬, বীরভূম ৮, বর্ধমান ২৬, হুগলী ১৮, মেদিনীপুর ৩০, পুরুলিয়া ৭, ২৪-পরগণা ৪৭, মুর্শিদাবাদ ১৩, নদীয়া ১৪, হাওড়া ৯, পশ্চিম দিনাজপুর ১২, মালদা ৭, জলপাইগুড়ি ১৮, দার্জিলিং ৬, কুচবিহার ৮, কোলকাতা ১৫।

(খ) বাঁকুড়া ১, বীরভূম ১, বর্ধমান ৭, ২৪-পরগণা ৮, নদীয়া ৪, পশ্চিম দিনাজপুর ১, জলপাইগুড়ি ৩, দার্জিলিং ১।

**শ্রীআবদুল বারি বিশ্বাস** রাজনৈতিক হত্যাকাণ্ডের মূল কারণ কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** মূলতঃ রাজনৈতিক।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** রাজনৈতিক হত্যাকাণ্ডে কোন্ রাজনৈতিক দলের কর্মীরা এই ঘটনায় বেশী রকম ভাবে হত্যা হয়েছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** নোটিশ চাই।

**শ্রীরথীন তালুকদার ঃ** এর total কত ?

**ডঃ মহম্মদ ফজলে হক :** District-wise, figure দিলাম, total করা নেই।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** ৩৫টি হত্যাকাণ্ড মেদিনীপুরে যা হয়েছে সে সব কিসের জন্য হয়েছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমরা দিয়েছি মোট ৩৫টা হত্যাকাণ্ড ঘটেছে মেদিনীপুর জেলায়। কোন রাজনৈতিক হত্যাকাণ্ড ডিটেলস বলা সম্ভব নয়, নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যে রাজনৈতিক হত্যাকাণ্ড ঘটেছে সেই হত্যাকাণ্ডে যারা হত্যা হয়েছে তাদের পরিবারবর্গকে কোন ক্ষতিপুরণ কিংবা সাহায্য দেওয়া হয়েছে কিনা ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** এই রকম কোন ক্ষতিপুরণ বা সাহায্য দেওয়া হয়নি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** যে সমস্ত হত্যাকাণ্ড হয়েছে সেই সমস্ত হত্যাকাণ্ডে জড়িত একজন অপরাধীকে কি এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** নোটিশ চাই।

## মানসাই নদীর উপর সেতু

*১৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪২।) **শ্রীমধুসূদন রায় ঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার মাথাভাঙ্গা শহরের নিকটে মানসাই নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে কত দিনে সম্ভব হইবে ?

**Shri Ramkrishna Saraogi :**

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া গেলে।

## বুলবুলচণ্ডী গ্রামের শিক্ষক খুন

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৫।) **শ্রীবিমল দাস** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রায় এক বৎসর পূর্বে মালদা জেলার হবিবপুর থানার অন্তর্গত বুলবুলচণ্ডী গ্রামের সমরেশ দে নামে জনৈক স্কুল শিক্ষককে নৃসংশভাবে খুন করা হয়েছিল ; এবং

(খ) অবগত থাকিলে, এ ব্যাপারে আজ পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়েছে কিনা এবং ঐ সম্পর্কে কেসটি বর্তমানে কি পর্যায়ে আছে ?

**Dr. Md. Fazle Haque :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর উত্তর আসেনি, এটাকে হেল্ড ওভার রাখা হোক।

**Mr. Speaker :** The question is held over.

## শ্যামপুর থানার "মৌলা নেতাজী বিদ্যালয়ে" অগ্নিকাণ্ড

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৮।) **শ্রীশিশিরকুমার সেন** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলার শ্যামপুর থানায় গত ১৩৯২ সালের ফেব্রুয়ারী মাসে "মৌলা নেতাজী বিদ্যালয়টি" অজ্ঞাত দুষ্কৃতকারীর দ্বারা সম্পূর্ণরূপে অগ্নিদগ্ধ হইয়াছিল,

(খ) অবগত থাকিলে এ বিষয়ে অদ্যাবধি কাহাকেও গ্রেপ্তার করা হইয়াছে কি, এবং

(গ) এ বিষয়ে কোন তদন্ত হইয়াছে কিনা এবং হইলে উহার রিপোর্ট সরকারের নিকট আসিয়াছে কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি পড়ছি।

(ক) ঘটনাটি জানুয়ারী মাসে ঘটিয়াছিল।

(খ) না।

(গ) তদন্ত চলিতেছে।

**শ্রীশিশিরকুমার সেন ঃ** আমি যতখানি জানি কোন প্রকার তদন্ত হয়নি। ওখানকার ও, সি, তদন্ত করছেন এই সম্পর্কে কোন রিপোর্ট আপনার কাছে আছে কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** উচ্চ পদস্থ অফিসার এই বিষয়ে নজর দিয়েছেন এবং তদন্ত চলছে।

**মিঃ স্পীকার ঃ** Starred question no. 175 is held over.

## কালীগঞ্জ থানায় আটক কালো অ্যাম্বাসাডার গাড়ি

*১৭৬ (অনুমোদিত প্রশ্ন নং*৬২৮।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার কালীগঞ্জ থানার কর্তৃপক্ষ একটী কালো অ্যাম্বাসাডার গাড়ি আটক করিয়াছেন, এবং

(খ) সত্য হইলে—

(১) গাড়ির মালিকের নাম, এবং

(২) এ বিষয়ে সরকার কোন অনুসন্ধান করিয়াছেন কিনা এবং করিলে, তাহার ফলাফল ?

**ডঃ মহম্মাদ ফজলে হক :** (ক) হঁ্যা।

(খ) (১) মালিকের নাম জানা যায়নি।

(২) অনুসন্ধান চলিতেছে।

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন ঐ গাড়ীতে চেপে তদানীন্তন কালীগঞ্জ থানার ও. সি. গাড়ী চালান শিখেছেন ?

**ডঃ মহম্মাদ ফজলে হক ঃ** না, আমার জানা নেই।

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন ঐ গাড়ীতে করে তৎকালীন সি, পি, এম ক্যানডিডেট ইলেকসান ক্যামপেন করেছেন ?

**ডঃ মহম্মাদ ফজলে হক ঃ** আমার জানা নেই।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ** কালো এ্যামব্যাসাডার গাড়ীর মালিকের নাম খুঁজে বের করা যায় নি এই কথা মন্ত্রী মহাশয় বলেছেন, ওটা কি পশ্চিমবঙ্গে রেজিষ্টার্ড নয় ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** গাড়ীর নাম্বার আমার কাছে আছে, নাম্বার হচ্ছে ডবলু বি জি ১৪৯৬ এ্যামব্যাসাডার। ১১/৪/৭২ তারিখে কালীগঞ্জ থানা কর্তৃপক্ষ একটা কালো এ্যামব্যাসাডার গাড়ী দাবীদার বিহীন অবস্থায় বুড়ো শিবতলায় আটক করেন।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে ঐ নাম্বারটা ভুল ছিল যার জন্য মালিককে এ্যাসার্টেন করা সম্ভব হয়নি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** যদি এই রকম তথ্য আপনার জানা থাকে তাহলে আমাকে দেবেন, নিশ্চয়ই তদন্ত করব।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ** রেজিষ্টার্ড নাম্বার যখন পাওয়া গেছে তখন মোটর ভেহিকল্‌স থেকে মালিকের নাম বের করা কেন সম্ভব হয়নি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** এই বিষয়ে অনুসন্ধান চলিতেছে।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ** এই অনুসন্ধান কতদিন চলবে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** যতটা তাড়াতাড়ি সম্ভব হয় তথ্য সংগ্রহ করা হচ্ছে।

[1-50—2-00 p.m.]

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** গাড়ীর রেজিষ্ট্রেসন নাম্বার যদি পাওয়া যায় তাহলে মালিকের নাম জানতে গভর্ণমেন্টের কতক্ষণ সময় লাগে ? এটা তো আমি মনে করি ১ মিনিটের ব্যাপার টেলিফোনেই জানা যায়।

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** আমি তো বলেছি এই ব্যাপারে অনুসন্ধান চলছে।

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঃ** মন্ত্রী মহাশয় কি জানেন যে, সমস্ত ব্যাপারটি চাপা দেবার জন্য এই গাড়ী অকসন সেল করবার চেষ্টা করা হচ্ছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** আমার এরকম খবর জানা নেই। আমি এইটুকু আশ্বাস দিতে পারি ব্যাপারটি চাপা দেওয়া হবে না এবং অচিরেই যাতে সুব্যবস্থা করা যায় সেই ব্যবস্থা করছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** এই ব্যাপারে যে সমস্ত অফিসারদের জন্য গাড়ীর মালিকের নাম জানা যাচ্ছে না সেটা জানবার জন্য চেষ্টা করছেন কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** এই ব্যাপারে আমি মাননীয় সদস্যদের উদ্বেগ উপলব্ধি করছি কাজেই এই বিষয়টি যাতে ধামাচাপা না পড়ে তার জন্য চেষ্টা করছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** একজন মালিককে আপনারা খুঁজে বার করতে পারেন না এটা কি রকম ব্যাপার ?

**Mr. Speaker** : A number has been mentioned purperted to be the registered number of the car. Bearing in mind the anxiety of the Members in this matter, I think, the Hon'ble Minister may please inform the House within a few days as to who is the actual registered owner of the car. If the Hon'ble Minister is not posted with all the facts now, he may have those facts from his office within a few minutes, and I draw his attention and request him to inform the Members of the House about the actual registered owner of the car and the number that was found on the number-plate of the car.

**ডঃ মহম্মদ ফজলে হক** : মাননীয় সদস্যেরা যা বললেন আমি তা শুনেছি এবং আমি চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি তথ্য দেওয়া যায়।

**মিঃ স্পীকার** : Honourable Members, the Minister-in-charge will let you know afterwards.

## কলিকাতা পুলিশের অধীন হোমগার্ড ও কনষ্টেবল

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭২১।) **শ্রীলক্ষ্মীকান্ত বোস** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গ এবং কলিকাতা পুলিশের অধীনে কর্মরত হোমগার্ডের সংখ্যা কত,

(খ) পুলিশ কনেস্টবল এবং হোমগার্ড-এ কাহার মাহিনা কত,

(গ) কর্তব্যরত অবস্থায় আহত অথবা নিহত হইলে হোমগার্ড বা তার পরিবারবর্গ কোন ক্ষতিপূরণ পায় কি,

(ঘ) পশ্চিমবঙ্গের স্বাস্থ্যবান, সাহসী ছেলেদের নিয়ে সি আর পি-র অনুরূপ কোন বাহিনী তৈরি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ;

(ঙ) ইহা কি সত্য যে, সম্প্রতি জনৈক পুলিশ সার্জেণ্টকে সাহসিকতার জন্য রাষ্ট্রপতি পুরস্কার দেওয়া হইয়াছে ; এবং

(চ) সত্য হইলে, সেই অফিসারের নাম কি এবং কোন্ ঘটনার জন্য ঐরূপ পুরস্কার দেওয়া হইয়াছে ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়** : (ক) ৬৩৭২।

(খ) পুলিশ কনষ্টেবলদের বেতন হার ১৬০-৩-২০৫-৫-২৫০। হোমগার্ডদের কোন মাহিনা দেওয়া হয়না। কেবলমাত্র পুলিশের সাহায্যার্থে নিযুক্ত হোমগার্ডদের দৈনিক মাথাপিছু ৩ টাকা ৫০ পয়সা দেওয়া হয়।

(গ) হ্যাঁ।

(ঘ) আপাততঃ নেই।

(ঙ) হ্যাঁ।

(চ) শ্রীসন্তোষকুমার বোস এবং শ্রীঅশোককুমার সাহা। যে ঘটনার জন্য তাঁহারা পুরস্কার প্রাপ্ত হন সে সম্পর্কে একটি বিবরণী যুক্ত করা হইল।

(১) ১৫/৮/৭০ তারিখে কালীঘাট রোডে প্রতিদ্বন্দ্বী দুই সমাজবিরোধী দলের মধ্যে প্রচণ্ড মারামারি হয়, রাস্তার আলো নিবাইয়া ফেলা হয় এবং উভয় দলই যথেচ্ছভাবে বোমা, এসিড বাল্‌ব ও পাইপগান ব্যবহার করে। সার্জেন্ট শ্রীসন্তোষকুমার বোস কয়েকজন পুলিশসহ ঘটনাস্থলে গিয়ে পৌঁছিবার সঙ্গে সঙ্গে দুষ্কৃতিকারীদের দ্বারা আক্রান্ত হন। তাহারা পুলিশ দলটিকে সঙ্গে সঙ্গে ঘিরিয়া ফেলে এবং ইহার ফলে পুলিশ দলের সকলের জীবনাশঙ্কা দেখা দেয়। শ্রীবোস অবিচলিত চিত্তে এবং অসীম সাহসিকতার সহিত আক্রমণকারীদের মোকাবিলা করেন এবং সমস্ত পুলিশ বাহিনীর প্রাণরক্ষা করেন ও সেইসঙ্গে তাহাদের (আক্রমণকারীদের) পিছু হটাইয়া দিতে সমর্থ হন। পুলিশ বাহিনীর প্রাণরক্ষার্থে তাঁহাকে গুলি চালাইতে হয় এবং ইহার ফলে একজন গুণ্ডা মারা যায়। এই ঘটনায় তিনি নিজেও আহত হন। ১৭/৯/৭০ তারিখে চরমপন্থীরা কালীঘাট পুলিশ ফাঁড়ি আক্রমণের পরিকল্পনা করে। এই সংবাদ পাইয়া তিনি পুলিশ বাহিনীর সাহায্যে চরমপন্থীদের পরিকল্পনা ব্যর্থ করিয়া দেন এবং ওই ফাঁড়ীতে কর্তব্যরত ও বসবাসকারী পুলিশবাহিনীর জীবন ও সরকারী সম্পত্তি বিনষ্টের হাত হইতে রক্ষা করেন। পুলিশের গুলিতে ২ জন দুষ্কৃতকারী আহত হয়।

(২) ২৪।১।৭১ তারিখে কলিকাতার বেলেঘাটা মেন রোডে সার্জেন্ট শ্রীঅশোককুমার সাহা টহল দিবার সময় নিকটবর্তী অঞ্চলে প্রচণ্ড বিস্ফোরণের শব্দ শুনিতে পান। অনুসন্ধানে কোন পথচারীর নিকট জানিতে পারেন যে বেলেঘাটার সুভাষ সরোবরের নিকটে প্রচণ্ড গণ্ডগোল চলিতেছে। শ্রীসাহা তৎক্ষণাৎ ঘটনাস্থলে গমন করেন এবং সেখানে পৌঁছিবার সঙ্গে সঙ্গে দুষ্কৃতকারীরা তাঁহাকে মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া ও বোমা দ্বারা আক্রমণ করে। তিনি এক ব্যক্তির নিকট একটি রিভলবার দেখিতে পান এবং তাহার নিকট হইতে সেই গুলিভর্তি রিভলবারটি কাড়িয়া লন এবং সঙ্গে সঙ্গে দুষ্কৃতকারীদের পশ্চাদ্ধাবন করেন। রিভলবারটি কাড়িয়া লইবার সময় তিনি দুষ্কৃতকারীদের দ্বারা আক্রান্ত হইয়াও তাঁহার কর্তব্যকর্মে অবিচল থাকিয়া অসীম সাহসিকতার পরিচয় দেন। এই কারণে উক্ত ২জন অফিসারকে পুরস্কৃত করা হয়।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই হোমগার্ডরা কি গভর্ণমেণ্ট সারভেণ্ট ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** হোমগার্ডরা গভর্ণমেণ্ট সার্ভেণ্ট, কিন্তু একটা বিশেষ নিয়মের মধ্যে গভর্ণমেণ্ট সার্ভেণ্ট।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এদের মধ্যে থেকে রেগুলার পুলিশ সার্ভিসে নেবার ব্যবস্থা আছে কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** আপাততঃ নেই।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন কি, এই সি, আর, পি-দের আস্তে আস্তে রিপ্লেস করে ভাল ভাল বাঙ্গালী স্বাস্থ্যবান ছেলেদের সেখানে নেবার পরিকল্পনা আছে কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** স্বাস্থ্যবান ছেলেদের নেবার পরিকল্পনা আছে এবং সেইমত নির্দেশ দেওয়া হয়েছে, কিন্তু সি, আর, পি-কে তুলে দিয়ে এদের নেওয়া হবে এমন কোন পরিকল্পনা নেই।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, বহু হোমগার্ড ছেলে মাঝে মাঝে ছাটাই হয় এবং ছাটাই হয়ে পড়ে আছে। এমন কি যারা ১০/১২ বৎসর কাজ করেছে এমন হোমগার্ড ছেলেরা ছাটাই হয়ে পড়ে আছে। তাদের আবার হোমগার্ডে ফিরিয়ে নেওয়ার ব্যবস্থা হচ্ছে কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** এদের বেলায় ছাটাই শব্দটা ব্যবহার করা যায় না কারণ এ্যাপয়েন্টমেন্টই দেওয়া হয় অত্যন্ত টেমপোরারি বেসিসে।

## রানাঘাট-গেদে এলাকায় সমাজবিরোধীদের তৎপরতা

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৩।) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** (স্বরাষ্ট্র পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাংলাদেশ-সীমান্তবর্তী রানাঘাট-গেদে রেললাইন এলাকায় সমাজবিরোধী, কালোবাজারী এবং স্মাগলারদের দৌরাত্মে ঐ এলাকায় আইন-শৃঙ্খলার অবনতি ঘটিয়াছে , এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে আশু কি ব্যবস্থা করিতেছেন ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সি, আর, পি নিযুক্ত করা হইয়াছিল এবং চোলাই চালান বিরোধী অভিযান চালান হয়। এ ছাড়াও সতর্কতামূলক দৃষ্টি রাখা হইতেছে এবং স্থানীয় সমাজবিরোধীদের আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা আইনে গ্রেপ্তার করা হইয়াছে।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এখানে সি, আর, পি পেট্রলের যখন ব্যবস্থা হয়েছে তখন ঐ সালে কতজন স্মাগলার ও কালোবাজারীকে গ্রেপ্তার করা হয়েছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** আজ পর্যন্ত ২৩ জন সমাজবিরোধীকে অভ্যান্তরীণ নিরাপত্তা আইনে গ্রেপ্তার করা হয়েছে।

**শ্রীঅসমঞ্জ দে** : এই গ্রেপ্তার করার ফলে স্মাগলস্ গুড্স-এর পরিমাণ কত সিজড বাই গভর্ণমেন্ট ?

**ডঃ মহম্মাদ ফজলে হক** : এই বাহিনী আসার পর ১৩।৫।৭২ হতে ২০।৬।৭২, এই সময়ের মধ্যে ১ লক্ষ ৩০ হাজার টাকা মূল্যের সুতা, কাপড, তামাক পাতা ইত্যাদি ধরা হয়।

**শ্রীঅসমঞ্জ দে** : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এই ১ লক্ষ ৩০ হাজার টাকার মূল্যের মাল, তামাক পাতা, সুতা ইত্যাদি যা ধরা হয়েছে তা কি গুদামজাত করে রাখা হয়েছে, না সরকার প্রয়োজনীয় তন্তুবায়ী শিল্পী যারা আছে তাদের মধ্যে বিলি বণ্টনের কোন ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**ডঃ মহম্মাদ ফজলে হক** : উদ্ধৃত মাল ল্যাণ্ড কাষ্টমসের বিচারে নিষ্পত্তির জন্য দেয়া হয়।

**Mr. Speaker** : Starred question No. 179 is held over.

**Film Industry in West Bengal**

***180** (Admitted questions No. *59.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) if there is any proposal for levying a cess for the development of film industry in West Bengal ,

(b) if the Government has any other proposal to help the film industry in West Bengal , and

(c) if the answers to (b) be in the affirmative, the details of such proposals ?

**Shri Subrata Mukhopadhya** :

(a) Yes.

(b) Yes.

(c) The following proposals are under consideration at present :—

(i) Formation of the Film Development Board for development of the Film Industry. The Board will help the film producers and technicians.

(ii) The Board will be provided with an initial capital of Rs. 25 lakhs.

(iii) Production of more newsreels and documents at Government level.

(iv) Taking necessary steps for the opening of a branch of the Film Finance Corporation of India at Calcutta to advance loans to the film producers of West Bengal.

(v) Liberal issue of cinema licences for screening of West Bengal made films.

(vi) Decentralisation of the Films Division, Government of India, and setting up of a production unit at Calcutta.

(vii) Use of film laboratories in Calcutta for making reprints of Eastern India Language versions of Government of India documentaries and newsreels.

(viii) Government are also considering the possibility of producing feature film in Hindi from Calcutta.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় স্পীকার স্যার, এর পরের কোশ্চেনটা একটা সুইমিং সোসিয়েশনের ব্যাপারে, এটা দয়া করে যদি হেল্ড ওভার করে রাখতেন, তাহলে বড় উপকার হ।

**Mr. Speaker :** Mr. Biswas, I requested you on some previous occassions not to press for so many supplementaries because I have got a long list of questions today.

## শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ ও বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়

*২০১। (শর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *৮১১।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ ও বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয় অর্থাভাবে অচল অবস্থায় পৌঁছিয়াছে, এবং

(খ) সত্য হইলে, সরকার ঐ হাসপাতাল দুইটি চালু রাখিবার জন্য কি কি ব্যবস্থা করিয়াছেন?

[2-00—2-10 p.m.]

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠেনা।

**শ্রীকাশী নাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি, এই দুটি মহাবিদ্যালয়ে কর্মচারীদের বর্তমানে পে-স্কেল কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** এ সম্বন্ধে নোটিশ দেবেন নিশ্চয়ই জানিয়ে দেব।

**শ্রীকাশী নাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এখানে যে নার্সিং ষ্টাফ, অফিস ষ্টাফ, ৪র্থ শ্রেণীর কর্মচারী এবং মেডিক্যাল ষ্টাফ আছে, তারা কি বেতন পাচ্ছে ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** ডিটেল্‌স জানতে গেলে নোটিশ দেবেন নিশ্চয়ই জানিয়ে দেব।

**শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** শ্যামাদাস বিদ্যাপীঠের ছাত্রদের জন্য পোষ্ট গ্রাজুয়েট খোলার কথা বিবেচনা করছেন কিনা ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** আজকে সকালে কেন্দ্রীয় সরকারের একজন এসেছিলেন এটাকে ফ্যাকাল্‌টি করবার জন্য, কেন্দ্রীয় সরকার থেকে ব্যবস্থা নেবার জন্য, আমরা একটা মিটিং করেছি, আমরা সেটা বিবেচনা করছি।

**শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** আপনি এখন বললেন, পে-স্কেল সম্বন্ধে বিছু বলতে পাচ্ছেন না। আপনি সংবাদ নিলে নিশ্চয়ই জানতে পারবেন তাদের পে-স্কেল অত্যন্ত কম ছিল, এটা সম্পর্কে বিবেচনা করবার কথা চিন্তা করবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** পে-স্কেল বলতে পাচ্ছিনা বলিনি, কার কথা সেটা বলতে গেলে নোটিশ দরকার, পে-স্কেল কম আছে সরকারী কর্মচারীদের থেকে, এটা সত্য।

**শ্রীসুধীর চন্দ্র দাস ঃ** কম যখন আছে, পে-স্কেল নূতন করে করবার কথা চিন্তা করবেন কি ?

**শ্রীঅজিত কুমার পাঁজা ঃ** হ্যাঁ, করা হচ্ছে।

## নর্থ-ইষ্ট সালানপুর কয়লাখনিতে পুলিস ক্যাম্প

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং * ১৯১।) **শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি নর্থ-ইষ্ট সালানপুর কয়লাখনিতে পুলিস ক্যাম্প বসানো হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি,

(২) উক্ত ক্যাম্প কবে উঠাইয়া লওয়া হয় ; এবং

(৩) এই পুলিস ক্যাম্প বসানোর ব্যাপারে শ্রমিকদের মধ্যে কোন প্রতিক্রিয়া দেখা দিয়াছিল কিনা ?

**ডঃ মহম্মদ ফজলে হক :** (ক) হ্যাঁ।

(খ) (১) শান্তিভঙ্গের আশঙ্কা।

(২) ১৫।৫।৭২ তারিখে।

(৩) একটি শ্রমিক সংস্থা পুলিসের উপস্থিতি বিরোধিতা করে এবং আর একটি শ্রমিক সংস্থা তাহার সমর্থন করে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** শ্রমিক সংস্থার নাম কি, এটা কেন্দ্রীয় কোন ট্রেড ইউনিয়নের সঙ্গে সংযুক্ত কিনা ?

**ডঃ মহম্মদ ফজলে হক :** আপনারা কার কথা বলছেন, যারা সমর্থন করে তার কথা, না কি যারা বিরোধিতা করে তার কথা ?

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** যে সংস্থা পুলিশকে ডেকেছিল সেই সংস্থার নাম কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কারা পুলিশ ডেকেছিল জানিনা, এখানে দুটি সংস্থা আছে—একটি আই. এন, টি, ইউ, সি, আর একটি এ, আই, টি, ইউ, সি, এই দুটি সংস্থার কথাই বলা হয়েছে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** একথা কি সত্য এই কয়লাখনির মালিকের গুণ্ডা এবং পুলিশ মিলে একদল পুরাণো শ্রমিককে পিটিয়ে তাড়িয়ে দিয়েছে এবং অনেককে কয়লাখনিতে কাজে যেতে দিচ্ছেনা ?

**ডঃ মহম্মদ ফজলে হক :** এটা আমার জানা নেই।

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** ওখানে শান্তিপুর্ণ শ্রমিক ও নারী শ্রমিকদের উপর পুলিশ থেকে লাঠি ও গুলি চালান হয়েছিল এ কেস আছে কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক :** এই তথ্য আমার জানা নেই, আমি দেখবো।

## দামোদা কয়লাখনিতে সি আর পি ক্যাম্প

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮।) **শ্রীনিরঞ্জন ডিহিদার :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দামোদা কয়লাখনিতে এখনও সি আর পি ক্যাম্প বসানো আছে ;

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এই সম্পর্কে স্থানীয় শ্রমিক সংস্থার তরফ হইতে সরকারের নিকট কোন রিপ্রেজেন্টেশন দেওয়া হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে, কবে দেওয়া হইয়াছে এবং

(গ) সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা করেছেন ?

**ডঃ মহম্মদ ফজলে হকঃ** (ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** এখানে পুলিস ক্যাম্প বসান হয়েছিল কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** শান্তিভঙ্গের আশঙ্কায় ওখানে সি আর পি ক্যাম্প বসান হয়েছিল।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** কার রিপোর্টে ওখানে বসান হয়েছিল ঐ দামোদর কলিয়ারিতে ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** আমরা এ্যাডমিনিষ্ট্রেসানের থাতিরে বসিয়েছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** ওখানে কয়লার খনিতে গুণ্ডারা এরূপ করেছিল এ তথ্য আপনার জানা আছে কি ?

**ডঃ মহম্মদ ফজলে হক ঃ** আমার এ সংবাদ জানা নেই।

### Bengal Battalian/Regiment

*72. (Admitted question No. *48.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in charge of the Home (Police) Department be pleased to state whether the Government of West Bengal has sent any proposal to the Government of India for the formation of a Bengal Battalion/Regiment in the Indian Army ?

**Dr. Md. Fazle Haque :** Yes, proposal for formation of a Bengali Regiment was sent to the Government of India twice before, but the proposal was turned down by the Union Government on both the occasions.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে বেঙ্গল ব্যাটেলিয়ান, গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া এই প্রোপোজালটা দুবার রিজেক্ট করে দিয়েছে। এর গ্রাউণ্ডটা কি জানাবেন ?

**ডঃ মহম্মদ ফজলে হক** : কোন রিজিওনাল নামে যেমন পাঞ্জাব রেজিমেন্ট, গোর্খা ব্যাটেলিয়ান এরূপ নামে কেন্দ্রীয় সরকার আর করতে চান না। স্বাধীনতার পরে সরকার কোন নামে এরূপ কোন ব্যাটেলিয়ান করতে চান না। তাঁরা চান না যে কোন রিজিওনাল নামে কোন রেজিমেন্ট হোক।

**শ্রীরজনীকান্ত দলুই** : সেন্ট্রাল গভর্ণমেন্ট যদি আমাদের এই প্রোপোজাল এ্যাকেপস্ট না করেন তা হলে এই হাউসের মাধ্যমে এরূপ প্রোপোজাল পাঠাবার কথা চিন্তা করছেন কি?

**ডঃ মহম্মদ ফজলে হক** : না এরূপ চিন্তা করছি না।

**শ্রীরজনীকান্ত দলুই** : আমাদের বেকার সংখ্যা সাংঘাতিক চিন্তা করে বেকার যুবকদের যাতে বেঙ্গল ব্যাটেলিয়ান করে নিয়োগ করা যায়, তাদের চাকরী দেওয়া যায়, প্রোভাইড করা যায়, সে চিন্তা করছেন কি?

**ডঃ মহম্মদ ফজলে হক** : আমাদের আর্মি, নেভি ও এয়ারফোর্সে অনেক লোক আছে এ সেখানে লোক নেওয়া হয়। কাজেই এরূপ আলদা কোর্স করে নেবার কথা সরকার চিন্তা করছেন না।

**শ্রীসুধীরচন্দ্র বেরা** : মন্ত্রীমহাশয় বললেন যে প্রভিনসিয়াল নাম করে রেজিমেন্ট করা হবে না। তাহলে মাদ্রাজী রেজিমেন্ট ও রাজপুত রেজিমেন্ট এ সব আছে কেন?

**ডঃ মহম্মদ ফজলে হক** : আমি আগেই বলেছি সরকার নূতন করে রেজিমেন্টের নাম এভাবে রাখছেন না।

[2-10—2-20 p.m.]

**Shri Sudhir Chandra Bera** : বৃটিশ আমলের তো অনেক কিছু আমরা বাদ দিয়েছি। আমার মনে হয় বাঙ্গালী রেজিমেন্ট নাম থাকলে যদি তা Provincialism হয়, তাহলে রাজপুত রেজিমেন্ট, মাদ্রাজ রেজিমেন্ট—এগুলির বেলায় কি তা হবে না?

**Dr. Md. Fazle Haque** : আমি তো বলেছি গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া চাচ্ছেন যে এই ধরণের নামগুলি আস্তে আস্তে তুলে দেওয়া হোক, রাতারাতি তো সেটা তুলে দেওয়া যাবে না। কাজেই রাজপুত রেজিমেন্ট, মাদ্রাজ রেজিমেন্ট বাঙ্গালী রেজিমেন্ট—এ সব কিছুই থাকবে না। সেখানে অন্য নাম দেওয়া হবে।

**Shri Krishna Kumar Sukla** : এই যে বাঙ্গালী রেজিমেন্ট করবার প্রস্তাব দুবার প্রত্যাখ্যান হলো তার কি একমাত্র কারণ যে কোন regional নাম হবে না?

**Dr. Md. Fazle Haque** : হ্যাঁ, regional নাম হবে না।

**Shri Krishna Kumar Sukla** : সেন্ট্রাল গভর্ণমেন্ট এইরকম কোন আশ্বাস দিয়েছেন কি যে regional নামকে তাঁরা অবিলম্বে তুলে দেবেন?

**Dr. Md. Fazle Haque :** অবিলম্বে নয়, তবে আস্তে আস্তে তুলে দেবার কথা বলেছেন।

**Shri Sudhir Chandra Bera :** বাঙ্গালী রেজিমেণ্ট—এই নাম যদি না হয়, তবে অন্য নামে যেমন 78th Regiment বাঙ্গালী ছেলেদের সেখানে নেওয়া যেতে পারে কি না ?

**Dr. Md. Fazle Haque :** শুধু বাঙ্গালী ছেলে কেন—অন্য ছেলেরাও chance পাবে—তাতে ঢুকতে পারবে।

## দুর্গাপুরে সংঘটিত খুনের হিসাব

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০০) **শ্রীনিরঞ্জন ডিহিদার :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ১লা এপ্রিল হইতে ২০শে জুন পর্যন্ত দুর্গাপুরে মোট কতজন ব্যক্তি খুন হইয়াছেন, এবং

(খ) এ ব্যাপারে দোষীদের কত জনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হইয়াছে ?

**ডঃ মহম্মদ ফজলে হক :**

(ক) উক্ত সময়ের মধ্যে মোট ছয়টি খুন হইয়াছে।

(খ) ৩৩ জন আসামীকে গ্রেপ্তার করা হইয়াছে।

**Shri Niranjan Dihidar :** এই খুনের সঙ্গে কোন রাজনৈতিক দল জড়িত ছিলেন কিনা এবং তা থেকে থাকলে তাদের কী নাম ?

**Dr. Md. Fazle Haque :** জুন মাসের মধ্যে চারটা খুনের ঘটনা ঘটেছে। তার মধ্যে ৩টা রাজনৈতিক, আর একটা অরাজনৈতিক। দুর্গাপুর থানায় সেসম্বন্ধে কেস দায়ের করা হয়েছে। আর এখানে রাজনৈতিক দল জড়িত হচ্ছে সি. পি. এম এবং তাদের যুবকেরা।

**Shri Niranjan Dihidar :** যাদের এই সম্পর্কে গ্রেপ্তার করা হয়েছে, তারা কোন্ কোন্ রাজনৈতিক দলভুক্ত ?

**Dr. Md. Fazle Haque :** নোটিশ চাই।

**Shri Niranjan Dihidar :** এই খুন হবার ফলে দুর্গাপুরের জনমানসে কোন প্রতিক্রিয়া হয়েছে কি না ?

**Dr. Md. Fazle Haque :** সে রকম কোন খবর আমার জানা নাই।

## Starred Questions

( to which written answers were laid on the table )

## মুর্শিদাবাদ সুইমিং অ্যাসোসিয়েশন

*১৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৪।) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ শিক্ষা (খেলা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় "মুর্শিদাবাদ সুইমিং অ্যাসোসিয়েশন" নামে কোন সংস্থা আছে কিনা ;

(খ) থাকিলে, ঐ অ্যাসোসিয়েশন-এর বর্তমান কর্মকর্তাদের নাম ও ঠিকানা কি কি ,

(গ) উক্ত অ্যাসোসিয়েশনকে ১৯৬৭-৬৮ সাল হইতে ১৯৭১-৭২ সালের কোন্ সালে কত টাকা অনুদান এবং কি কি বাবদ দেওয়া হইয়াছে ;

(ঘ) আর্থিক বৎসরগুলির আয় ও ব্যয়ের হিসাব সরকারের নিকট দাখিল করিয়াছে কি ;

(ঙ) উক্ত অ্যাসোসিয়েশন "সুইমিং পুল" তৈয়ারির কোন পরিকল্পনা সরকারের নিকট পেশ করিয়াছেন কি , এবং

(চ) "ঙ" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে উক্ত পরিকল্পনা কত টাকার এবং কোন্ সালে পেশ করা হইয়াছিল এবং সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Education (Sports) Department** :

(ক) হ্যাঁ।

(খ) সভাপতিঃ শ্রী কে, পি, ঘোষ, আই এ, এস, জেলা ম্যাজিষ্ট্রেট, মুর্শিদাবাদ জেলা,
সহ সভাপতিঃ শ্রী আর, এন, ভট্টাচার্য্য সুপারিনটেণ্ডেণ্ট অব পুলিশ, মুর্শিদাবাদ, বহরমপুর,

শ্রী পি, সি, ঘোষ, অধ্যক্ষ এম, আই, টি,
পোঃ—কাশিম বাজার রাজস্টেট

শ্রীঅমর নিয়োগী পৌরপতি, বহরমপুর পৌরসভা।

শ্রীশঙ্কর দাস পাল এম, এল, এ, বহরমপুর, মুর্শিদাবাদ,

সাধারণ সম্পাদকঃ—শ্রীঅজয় ঘোষ হাজরা, পোঃ অফিস—কান্দি, মুর্শিদাবাদ।

যুগ্ম সম্পাদকঃ—শ্রী ভি, সি, সাহা, আচার্য্যনারা, পোঃ অফিস—খাগড়া

শ্রীঅমূল্য রতন ভট্টাচার্য্য, সৈদাবাদ পোঃ অফিস—খাগড়া

কোষাধ্যক্ষ :—শ্রীশৈলেন অধিকারী রাধার ঘাট : পোঃ অফিস ঃ খাগড়া

সদস্য :—(১) শ্রীরসিকলাল চক্রবর্তী, জেলা, শরীরশিক্ষা আধিকারি, মুর্শিদাবাদ,

(২) শ্রীপ্রভাসচন্দ্র বোস, বহরমপুর, মুর্শিদাবাদ,

(৩) শ্রীসাবিত্রীপ্রসাদ গুপ্ত, গোড়াবাজার, বহরমপুর।

(৪) সুধীররঞ্জন সান্যাল, ঘাটবাজার, খাগড়া।

(৫) শ্রীকার্তিকচন্দ্র সাহা, খাগড়া।

(৬) শ্রী বি, মজুমদার, গৌড়দাস শাস্তারাম কেন্দ্র, খাগড়া।

(৭) শ্রীসনৎ সেন, লালদিঘী, বহরমপুর,

(৮) শ্রীসমীর রায়, খাগড়া, মুর্শিদাবাদ,

(৯) শ্রীঅশোক দত্ত, কান্দি, মুর্শিদাবাদ,

(গ) দীর্ঘ পথ সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য এই সংস্থাকে অনুদান মঞ্জুর করা হইয়াছে।

১৯৬৭-৬৮ সালে দেওয়া হইয়াছে, ২০০০ টাকা,

১৯৬৮-৬৯ সালে দেওয়া হইয়াছে, ১০০০ টাকা,

১৯৬৯-৭০ সালে দেওয়া হইয়াছে, ২০০০ টাকা,

১৯৭১-৭২ সালে দেওয়া হইয়াছে, ২০০০ টাকা।

(ঘ) ১৯৬৭ সাল পর্য্যন্ত রাজ্যক্রীড়া পর্ষদের সুপারিশক্রমে অনুদান মঞ্জুর করা হইয়াছে, কাজেই সরকার ঐ সময়কার হিসাবপত্র চাহেন নাই।

পরববর্তীকালে শরীর শিক্ষা বিষয়ক উপশিক্ষা অধিকর্তার সুপারিশ অনুযায়ী অনুদান মঞ্জুর করা হইতেছে; এবং তখন পূর্বেকার হিসাবপত্র যাচাই করা হইয়া থাকে।

(ঙ) হাঁ।

(চ) সংস্থার প্রস্তাব অনুযায়ী ও আনুমানিক ব্যয় হইবে ৪৩,০০০ টাকা। প্রস্তাবটি সরকারের নিকট ১৯৭১ সালের মে মাসে পেশ করা হইয়াছে, এবং ইহা এখনও সরকারের বিবেচনাধীন আছে। সম্প্রতি উক্ত সংস্থাকে, কিছু তথ্যাদি পেশ করিতে বলা হইয়াছে।

## নদিয়া জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা

*১৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬) শ্রীনিতাইপদ সরকার: পূর্তবিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিগত বন্যায় নদীয়া জেলার পাকা রাস্তাগুলির সমূহ ক্ষতিসাধন হইয়াছে, এবং

(খ) অবগত থাকিলে, ঐ রাস্তাগুলি মেরামতের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Public Works Department :**

(ক) হ্যাঁ।

(খ) বন্যার পরে রাস্তাগুলিকে সাময়িকভাবে যানবাহন চলাচলের উপযোগী করিয়া মেরামত করা হইয়াছে। স্থায়ী মেরামতের কাজ চলিতেছে।

## বিভিন্ন উন্নয়নমূলক বিভাগের কর্মকর্তাদের নাম ও শিক্ষাগত যোগ্যতা

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২) শ্রীমৃগেন্দ্র মুখার্জী: স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের (১) টাউন অ্যাণ্ড কাণ্ট্রি প্ল্যানিং কমিশনার, (২) ট্রান্সপোর্ট কমিশনার, (৩) কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্টের চেয়ারম্যান, (৪) অ্যাডিশনাল মেম্বার, বোর্ড অব রেভিনিউ, (৫) প্ল্যানিং অ্যাণ্ড ডেভেলপমেন্ট কমিশনার পদাধিকারী অফিসারদের প্রত্যেকের নাম ও শিক্ষাগত যোগ্যতা (ম্যাট্রিক, আই. এ, বি এ, এম, এ পরীক্ষায় প্রত্যেকটিতে প্রাপ্ত ডিভিসন, ক্লাস ও কোন বৃত্তি পাইয়া থাকিলে তাহার বিবরণ সহ), এবং

(খ) আই, এ, এস, ক্যাডার (উক্ত ব্যক্তিদের) নিয়োগের উৎস ও যোগদানের তারিখ?

**The Minister for Home General Administration Department :**

(ক) ও (খ) প্রয়োজনীয় তথ্যসম্বলিত একটি তালিকা নিম্নে দেওয়া হইল। ম্যাট্রিক, আই, এ, বি-এ, ইত্যাদি পরীক্ষায় প্রাপ্ত ডিভিসন ও বৃত্তি সম্বন্ধে তথ্য সরকারের নিকট নাই।

### * ১৮৩নং প্রশ্নের উত্তরে প্রদত্ত বিবরণী

| পদের নাম | পদাধিকারীর নাম | শিক্ষাগত যোগ্যতা | আই, এ, এস, ক্যাডারে যোগদানের তারিখ | নিয়োগের উৎস |
|---|---|---|---|---|
| (১) টাউন এ্যাণ্ড কাণ্ট্রি প্ল্যানিং কমিশনার | (১) শ্রী বি.সি. গাঙ্গুলী, আই. এ. এস. | বি. এ., | ১৭-৫-৪৮ | War Service Recruit |

| পদের নাম | পদাধিকারীর নাম | শিক্ষাগত যোগ্যতা | আই, এ, এস, ক্যাডারে যোগদানের তারিখ | নিয়োগের উৎস |
|---|---|---|---|---|
| (২) ট্রান্সপোর্ট কমিশনার | (২) শ্রী আর. ঘোষ, আই. এ. এস | বি. এস. সি. | ২-১২-৪৭ | War Service Recruit |
| (৩) কলিকাতা ইম্প্রুভ-মেণ্ট ট্রাষ্টের চেয়ারম্যান | (৩) শ্রী ভি.এস সি ব্যানার্জী আই.এ এস. | বি.এস.সি,বি.এ | ১৪-৬-৪৮ | War Service Recruit |
| (৪) এ্যডিশন্তাল মেম্বার, বোর্ড অব রেভিনিউ | (৪) শ্রী বি,বি. মণ্ডল আই.এ.এস. (বর্তমানে সাময়িক-ভাবে বরখাস্ত) | বি. কম | ১৪-৫-৪৯ | Emergency Recruit |
| (৫) ডেভেলপমেন্ট এ্যাণ্ড প্ল্যানিং কমিশনার | (৫) শ্রী জে. সি. তালুকদার আই. এ. এস. | বি.এ. | ২-২-৪৮ | War Service Recruit |

## জনাই-বাক্‌সা-কৃষ্ণরামপুর রাস্তা

*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪১) **শ্রীমহম্মদ সফিউল্লা** : পূর্তবিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) জনাই (সুবেদার মোড়)-বাক্‌সা-কৃষ্ণরামপুর ২ মাইল লম্বা রাস্তার কাজ এখনও শুরু না হওয়ার কারণ কি,

(খ) ইহা কি সত্য যে, ঐ রাস্তার জন্য চতুর্থ পরিকল্পনায় ৩ লক্ষ টাকা মঞ্জুর হওয়া সত্ত্বেও এখনও কোন টেণ্ডার ডাকা হয় নাই, এবং

(গ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) রাস্তাটির কাজ কবে নাগাত আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works Department** :

(ক) হইতে (গ) চতুর্থ পরিকল্পনার খসড়ায় ঐ রাস্তা নির্মাণের একটি প্রস্তাব আছে, কিন্তু তাহার জন্য কোন এস্টিমেট এখনও মঞ্জুর হয় নাই। সুতরাং টেণ্ডার ডাকার কিম্বা কাজ আরম্ভের প্রশ্ন উঠে না।

## মুর্শিদাবাদ জেলা পরিষদের অবসরপ্রাপ্ত ডিস্ট্রীক্ট ইঞ্জিনিয়ার

*১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪২) **শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলা পরিষদের ডিষ্ট্রিক ইঞ্জিনিয়ারের কার্যকাল দীর্ঘ দিন পূর্বে শেষ হওয়া সত্ত্বেও এখনও কাজে বহাল আছেন, এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**The Minister for Panchayats Department :**

(ক) মুর্শিদাবাদ জেলা পরিষদে বর্তমানে কোন ডিস্ট্রীক্ট ইঞ্জিনিয়ার নাই। শ্রীসঞ্জীবচন্দ্র রায় নামে জিলা পরিষদের একজন অবসরপ্রাপ্ত ওভারসীয়ার তাঁহার নিজ কাজের অতিরিক্ত হিসাবে ১৮-৮-৬৯ তারিখ হইতে ডিস্ট্রীক্ট ইঞ্জিনিয়ারের কাজ চালাইয়া যাইতেছেন।

(খ) (১) প্রশাসক নিয়োগের বিরুদ্ধে হাইকোর্টে মুর্শিদাবাদ জিলা পরিষদ যে মামলা দায়ের করিয়াছে সেই মামলার অন্তর্বর্তী আদেশে হাইকোর্ট এই নির্দেশ দিয়াছিলেন যে মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জিলা পরিষদের প্রশাসকের সম্মতি সাপেক্ষে ইহার চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও অন্যান্য সভ্যগণ যথারীতি কাজ চালাইয়া যাইবেন। কিন্তু যে সব ব্যাপারে মামলার বাদী পক্ষের সহিত প্রশাসক একমত হইতে পারিবেন না সেই সব ব্যাপারের নিষ্পত্তি মামলার চূড়ান্ত রায় না হওয়া পর্যন্ত স্থগিত থাকিবে। তবে প্রশাসক দৈনন্দিন কাজ চালাইয়া যাইবার জন্য কতগুলি নির্দিষ্ট ব্যাপারে সীমিত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন, কিন্তু নীতিগত ব্যাপারে চেয়ারম্যান-এর সম্মতি ব্যতীত প্রশাসক কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন না। জিলা পরিষদের চেয়ারম্যান এই আদেশের এইরূপ ব্যাখ্যা করেন যে মামলায় হাইকোর্টের চূড়ান্ত রায় না হওয়া পর্যন্ত নীতিগত ব্যাপারে জিলা পরিষদ কোন সিদ্ধান্ত নিতে পারেন না, সুতরাং ডিস্ট্রীক্ট ইঞ্জিনিয়ারের পদ পূরণ নীতিগত ব্যাপার বিবেচিত হওয়ায় উক্ত মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ঐ পদ পূরণ করা সম্ভব নহে। এই কারণে জিলা পরিষদের ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ারের পদ খালি রাখিয়া অবসর প্রাপ্ত ওভারসিয়ার শ্রীসঞ্জীব চন্দ্র রায়ের কার্য্যকালের মেয়াদ বৃদ্ধি করিয়া তাঁহাকে দিয়া ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ারের কাজ চালাইয়া যাওয়া হইতেছে। ৩০-১২-৭১ তারিখের এক মন্তব্যে চেয়ারম্যান ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার নিয়োগ করায় সম্মত হন। কিন্তু প্রশাসকের মতে নির্দেশের অস্পষ্টতার জন্য নিয়োগের কোন ব্যবস্থা করা সম্ভব হয় নাই।

(২) সরকার হইতে ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ারের পদটি যোগ্যতা সম্পন্ন নূতন লোক দিয়া পূরণ করার জন্য জিলা পরিষদকে নির্দেশ দেওয়া হইতেছে।

## শ্যামপুর থানায় ভিলেজ রোড

*১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫২) **শ্রীরবীন্দ্র ঘোষ ঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলায় শ্যামপুর থানার অন্তর্গত উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রে ঠানদানি-নবগ্রাম-ঘোষপুর-কোলিয়া নামে একটি ভিলেজ রোড (১) গত ১৯৬৫-৬৬ সা[illegible] মঞ্জুর হইয়াছিল, এবং (২) এই রাস্তাটির জন্য ২,২৮,৭০০ টাকা ম[illegible] হইয়াছিল ; এবং

(খ) সত্য হইলে, ঐ রাস্তার কাজ কবে নাগাত আরম্ভ ও শেষ হইবে বলিয়া আশা ক[illegible] যায় ?

**The Minister for Public Works Department :**

(ক) ১৯৬৪-৬৫ সালে ২,২৮,৭০০ টাকার মধ্যে রাস্তাটি নির্মাণের জন্য প্রয়োজনীয় মাল মশলা সংগ্রহের এষ্টিমেটটি মাত্র মঞ্জুর হইয়াছিল।

(খ) জমি দখলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। এই দখল পাওয়া[illegible] উপর কাজটি আরম্ভ এবং শেষ হওয়া নির্ভর করিতেছে।

## পুরুলিয়া জেলার পৌর এলাকায় ও সাঁওতালদি তাপবিদ্যুৎ কেন্দ্রে দমকলের ব্যবস্থা

*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৮) **শ্রীশরৎচন্দ্র দাস** : পৌর কার্যালয় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার তিনটি পৌর এলাকার এবং সাঁওতালদি তাপবিদ্যুৎ কেন্দ্র এলাকায় একটিও দমকল নাই, এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Municipal Services Department :**

(ক) হ্যাঁ।

(খ) পুরুলিয়া শহরে একটি তিন পাম্প শক্তিবিশিষ্ট দমকল কেন্দ্র খুলিবার জন্য সরকার ১৯৬৭ সালেই সিদ্ধান্ত করেন। ঐ কেন্দ্র ভাড়া বাড়ীতে স্থাপন করিবার সিদ্ধান্ত হইয়াছিল, কিন্তু এ যাবৎ কোনও উপযুক্ত ভাড়া বাড়ী না পাওয়া যাওয়ায় ঐ দমকল কেন্দ্রটি এখন পর্যন্ত খুলিতে পারা যায় নাই। প্রথমে কুলী ডিপোতে একটি বাড়ী দেখা হয়। বাড়ীটিতে কোনও রকম সুবন্দোবস্ত না থাকাতে তদানীন্তন যুগ্মসচিব উহা অপছন্দ করেন। পুরুলিয়ার ডেপুটি কমিশনার ইদানীং নর্থ লেক রোডে আর একটি বাড়ী দেখিয়াছেন। পশ্চিমবঙ্গ অগ্নি নির্বাপক সংস্থার অধিকর্তা মহাশয় ঐ বাড়ীটি পরিদর্শনে গিয়াছেন। বাড়ীটি দমকল কেন্দ্রের উপযুক্ত বিবেচিত হইলে উহাতে কেন্দ্রটি শীঘ্রই স্থাপিত হইবে।

ঝালদা ও রঘুনাথপুর পৌর এলাকায় দমকল কেন্দ্র খোলার কোনও সরকারী পরিকল্পনা বর্তমানে নাই, কারণ এখনও অনেক জেলা ও মহকুমা সদর শহরে কোনও দমকল কেন্দ্র খোলা

সম্ভব হয় নাই। একটি তিন পাম্প দমকল কেন্দ্রের খরচা আনুমানিক বাৎসরিক দেড় লক্ষ টাকা, সুতরাং আর্থিক কারণেই ঐ সকল জায়গায় দমকল কেন্দ্র স্থাপন করা সম্ভব হয় নাই।

সাঁওতালদি এলাকায় অসামরিক প্রতিরক্ষা এলাকা হিসাবে একটি দমকল কেন্দ্র খোলার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

**Schemes for construction of certain roads in Midnapore district**

*188. (Admitted question No. *592.) **Shri Birendra Bijoy Malladeb** : Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government of West Bengal have any scheme for the construction of the following roads in Midnapore district :—

(i) from Manikpara to Khalsiuli,

(ii) from Chichra to Parihati,

(iii) from Belpahari to Banspahari,

(iv) from Dohijuri to Ramgarh,

(v) from Netura to Keshiari, and

(vi) from Jhargram to Bandhgora ; and

(b) if so, the probable date or dates by which the works are expected to be taken up ?

**The Minister for Public Works Department** .

(a) No.

(b) Does not arise.

**শ্যামপুর থানায় জেলা বোর্ডের রাস্তা**

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫১) **শ্রীশিশিরকুমার সেন** : পঞ্চায়তবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, হাওড়া জেলার শ্যামপুর থানার জেলা বোর্ডের রাস্তাগুলির উপর যে-সকল পুল ( ব্রিজ ) আছে সেগুলির মেরামত বা নতুনভাবে তৈয়ারি না হওয়ায় জনসাধারণের বিশেষ অসুবিধা হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Panchayats Department :**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৭০ ও ১৯৭১ সালের বন্যায় যে সমস্ত পুল ও কালভার্ট ক্ষতিগ্রস্ত হয়েছিল তার জন্যে সরকার জিলাপরিষদকে আর্থিক সাহায্য প্রদান করেন এবং ঐ অর্থ থেকে শ্যামপুর থানায় ১৯৭০ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত ৭টি ব্রীজের মেরামত সম্পূর্ণ হয়েছে ও ৪টি কালভার্টের মেরামতির কাজ চলছে, ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত ৪টি ব্রীজ কালভার্টের কাজ শীঘ্রই আরম্ভ হবে।

## মিউনিসিপ্যালিটীর কর্মীদের প্রভিডেণ্ট ফাণ্ড

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৯) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ মিউনিসিপ্যাল সারভিসেস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যালিটিগুলির মধ্যে কতকগুলি মিউনিসিপ্যালিটি তাহাদের কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ডের জমা টাকা আংশিক অথবা সম্পূর্ণভাবে খরচ করিয়া ফেলিয়াছেন ;

(খ) সত্য হইলে, ঐ খরচের টাকার পরিমাণ মোট কত, এবং

(গ) সেসব ক্ষেত্রে কর্মীদের স্বার্থরক্ষার জন্য কি কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Municipal Services Department :**

(ক) হ্যাঁ। পৌরসভাগুলি হইতে তথ্য সংগ্রহ করা হইতেছে। এখন পর্যন্ত ৬০টি পৌরসভার রিপোর্ট পাওয়া গিয়াছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় যে ১০টি পৌরসভার প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা সম্পূর্ণ বা আংশিক খরচ হইয়া গিয়াছে।

(খ) খরচের মোট পরিমাণ ৩০,৯৮,০০৮·৪১ টাঃ।

(গ) কতকগুলি পৌরসভাকে বাতিল করা হইয়াছে, এবং কতকগুলির ক্ষেত্রেও সরকার সম্পূর্ণ সজাগ আছেন যাতে এ রকম আইনবিরুদ্ধ কাজ না হয় তার যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

## সীমান্তবর্তী এলাকায় দুষ্কৃতকারীদের তৎপরতা

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৬) শ্রীনরেশচন্দ্র চাকীঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাংলাদেশে এবং পশ্চিমবাংলার সীমান্তবর্তী এলাকাতে কিছু দুষ্কৃতকারী এবং দেশদ্রোহী সাম্প্রদায়িকতার উস্কানি দিতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, এ সম্বন্ধে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Home (Police) Department** :

(ক) পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী এলাকায় এরূপ কিছু নজরে পড়ে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## Financial assistance to the retired players

*192. (Admitted question No. *631.) **Shri Kumardipti Sen Gupta:** Will the Minister-in-charge of the Education (Sports) Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that many reputed criketers, footballers and athletes who have since retired are in dire financial distress at present ; and

(b) if so, whether the Government has any proposal to provide suitable financial assistance to such persons for their survival ?

**The Minister for Education (Sports) Department** : (a) Yes.

(b) Yes. Government have already created a fund for providing financial assistance to needy sportsmen. Assistance is being given to needy sportsmen out of this fund CAB and IFA have been requested for lump grant to create a fund for this purpose. They readily responded to our request.

## রঘুনাথপুর পৌর এলাকায় পানীয় জলের অভাব

*১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৯।) **শ্রীদুর্গাদাস বাউরী ঃ** পৌরকার্যবিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলায় রঘুনাথপুর পৌরসভার জনসাধারণকে মিউনিসিপ্যালিটি হইতে পানীয় জল সরবরাহ করা হয় না, এবং

(খ) অবগত থাকিলে, সরকার পানীয় জল সরবরাহের জন্য কোন পরিকল্পনা করিয়াছেন কি ?

**The Minister for Municipal Services Department :**

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুর পৌরসভার নলপরিবাহিত জল সরবরাহের কোন ব্যবস্থা নাই, তবে কতিপয় পাকা কুয়া ও একটি সংরক্ষিত পুকুরের মাধ্যমে জনসাধারণকে জল সরবরাহ করা হইয়া থাকে।

(খ) রঘুনাথপুর শহরে মিউনিসিপ্যালিটির মাধ্যমে জল সরবরাহের উদ্দেশ্যে স্বাস্থ্য দপ্তরের চীফ ইঞ্জিনীয়ার ১৪,৬৩,২০০ (চৌদ্দ লক্ষ তেষট্টি হাজার দুই শত) টাকার একটি পরিকল্পনা প্রস্তুত

করিয়া ৩১।৩।৭০ তারিখের চিঠিতে পৌরপ্রধানকে স্যানিটারী প্রজেক্ট আইন অনুসারে জিলা ও মহকুমা শাসকের মাধ্যমে সরকারের নিকট পেশ করিতে অনুরোধ করিয়াছিলেন। পরিকল্পনাটি এখনও পর্যন্ত সরকারের নিকট পৌছায় নাই।

## কলিকাতা কর্পোরেশনে ভূতুড়ে কর্মচারী

*১৯৫। ( অনুমোদিত প্রশ্ন নং *২৭০।) শ্রীনিতাইপদ সরকার: পৌরকার্যালয় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা কর্পোরেশনের কিছু সংখ্যক ভূতুড়ে কর্মীর ( ঘোষ্ট এমপ্লয়ী ) সন্ধান পাওয়া গিয়াছে ;

(খ) সত্য হইলে, এরূপ কত কর্মচারীর সন্ধান পাওয়া গিয়াছে ; এবং

(গ) ইহাদের বিরুদ্ধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণের বিষয় চিন্তা করিতেছেন ?

**The Minister for Municipal Services Department :**

(ক) এ পর্যান্ত কলিকাতা কর্পোরেশনে কোন ভূতুড়ে কর্মীর ( ঘোষ্ট এমপ্লয়ী ) সন্ধান পাওয়া যায় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

## আভ্যন্তরীণ নিরাপত্তা আইনে আটক সমাজবিরোধী

*১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২।) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্বরাষ্ট্র ( বিশেষ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মার্চ ১৯৭২ হইতে ২১এ জুন, ১৯৭২ পর্যন্ত কতজন—

(১) ওয়াগন-ভঙ্গকারী,

(২) চোরাই মালের রক্ষক, ও

(৩) বৈদ্যুতিক তার চোরকে আভ্যন্তরীণ নিরাপত্তা আইনে গ্রেপ্তার করা হইয়াছে ,

(খ) উহাদের কয়জনের বিরুদ্ধে এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**The Minister for Home Department :**

এ বিষয়ে এখনো পর্য্যন্ত সমস্ত জেলা হইতে প্রয়োজনীয় তথ্যাদি পাওয়া যায় নাই। সংগ্রহ করা হইতেছে। প্রাপ্তিমাত্র তাহা বিধানসভায় উপস্থাপিত করা হইবে।

## জিতপুর ফরেষ্ট-এর বিট্ হাউস

*১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৮।) শ্রীআবদুল বারি বিশ্বাস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার ডোমকল থানার অধীন জিতপুর ফরেষ্ট-এর বিট্ হাউস-এ গত ১৬ই সেপটেম্বর, ১৯৭১ তারিখে ডাকাতি হইয়াছিল,

(খ) সত্য হইলে—

(১) এ ব্যাপারে কতজনকে ধরা হইয়াছে, ও

(২) কি কি জিনিস ডাকাতেরা লইয়া গিয়াছিল, এবং

(গ) ঐ বিট্ হাউস-এর অফিসারের বিরুদ্ধে বর্তমানে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Home (Police) Department:**

(ক) ইহা সত্য নহে। তবে ঐ দিন উক্ত বিট্ হাউসে একটি চুরির ঘটনা ঘটে।

(খ) ঐ চুরির সম্পর্কে মোট ৮ ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। ঐ চুরিতে ১টি D.B.B.L. Gun, কিছু বাসনপত্র, কাপড়, ১টি রেডিও সেট, কিছু স্বর্ণালংকার ও নগদ ৫০ টাকা খোয়া যায়।

(গ) আরক্ষা দপ্তর এরূপ কোন সুপারিশ করেন নাই।

## পুরুলিয়া মিউনিসিপ্যালিটির পুষ্করিণী

*১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯০।) শ্রীশরৎচন্দ্র দাস: পৌরকার্য বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার পুরুলিয়া মিউনিসিপ্যালিটির পুষ্করিণী কয়েক বৎসরের মেয়াদে স্থানীয় মৎস্যজীবীদের বন্দোবস্ত দেওয়া হইয়া থাকে; এবং

(খ) সত্য হইলে, উক্ত মিউনিসিপালিটির পুষ্করিণীর জল সুরক্ষিত করার কি কি ব্যবস্থা আছে?

**The Minister for Municipal Services Department:**

(ক) পুরুলিয়া পৌরসভার নিজস্ব পুষ্করিণীগুলি পৌরসভার সিদ্ধান্তক্রমে বিজ্ঞাপনের মারফৎ জনসাধারণের গোচরীভূত করিয়া কেবলমাত্র মৎস্য চাষের জন্য নীলাম ডাক করিবার পরে উপযুক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে বন্দোবস্ত দেওয়া হইয়া থাকে। এইরূপ বন্দোবস্ত কেবলমাত্র মৎস্যজীবীদের দেওয়া হয় ইহা ঠিক নয়।

(খ) এইরূপ বন্দোবস্তের জন্ত প্রয়োজনীয় চুক্তি করা হয় যে, বন্দোবস্ত গ্রহীতা কোনও প্রকারে পুষ্করিণীর জল দূষিত করিতে পারিবেন না, কাহারও জল লওয়া বন্ধ করিতে পারিবেন না এবং জনসাধারণের জল ব্যবহার করিবার সময়ে মৎস্য ধরিয়া জল ঘোলা করিতে পারিবেন না। ইহা ছাড়াও যে সমস্ত পুষ্করিণীর জল সাময়িকভাবে পানীয় জল রূপে ব্যবহার করা হয় সেই সমস্ত পুষ্করিণী পাহারা দ্বারা উপযুক্তভাবে সংরক্ষণের সুবন্দোবস্ত করা হয়।

**Expenditnre on Vigilance Department**

***200.** (Admitted question No. *633.) **Shri Kumardipti Sen Gupta** : Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) the total cost incurred during the last financial year 1971-72 for maintaining the Vigilance Department ; and

(b) how many cases have been referred to by the Department to the Criminal Courts during that period ?

**The Minister for Home ( General Administration ) Department :**

(a) The total cost incurred during the last financial year 1971-72 (up to February, 1972) for maintaining the Vigilance Commission, West Bengal, is Rs. 10,38,278·37. The cost incurred during March, 1972 has not yet been entered in the records of the Accountant-General, West Bengal, and as such is not available at present.

(b) Four cases have been recommended by the Vigilance Commission for being referred to Criminal Courts by the Departments concerned, during that period.

**Unstarred Questions**

( to which written answers were laid on the table )

**Districtwise Irrigated and Non-Irrigated areas**

**48.** (Admitted question No. 103.) **Shri Rajanikanta Doloi :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state the **districtwise figures of—**

**(a) the total cultivable area ;**

**(b) the total irrigated area ;**

(c) the total non-irrigated area ; and

(d) the area under cultivation of—

(i) rice,

(ii) wheat,

(iii) mustard seed,

(iv) potato,

(v) sugarcane,

(vi) jute,

(vii) bamboos,

(viii) tobacco, and

(ix) tea ?

**The Minister for Agriculture** : A statement is laid on the Library Table.

## আসানসোল সরকারী হাসপাতাল

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহু শিল্প এবং গ্রামাঞ্চল অধ্যুষিত আসানসোল শহরের একমাত্র সরকারী হাসপাতালের শয্যাসংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা বর্তমানে সরকারের আছে কিনা ;

(খ) উক্ত হাসপাতালে একটি ব্লাড ব্যাঙ্ক এবং শীততাপ-নিয়ন্ত্রিত লাসকাটা ঘর স্থাপনের কোন পরিকল্পনা বর্তমানে সরকারের আছে কিনা ; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, উহা কবে নাগাত কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Health** :

(ক) আছে।

(খ) আছে।

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

## উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতাল ভবন

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২।) **শ্রীনিতাইপদ সরকার**ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজের হাসপাতাল ভবনটির নির্মাণকার্য অসম্পূর্ণ রহিয়াছে,

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) কত দিনের মধ্যে উক্ত হাসপাতাল ভবনটির নির্মাণকার্য সম্পন্ন হইতে পারে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health :**

(ক) তৈরির কাজ শুরু হয় নি।

(খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঠিকমত কেন্ট্রাক্টার পাচ্ছেন না চেষ্টা সত্ত্বেও।

(গ) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর গত শনিবার (৮ই জুলাই, ১৯৭২) লিখিতভাবে (৭ই জুলাই, ১৯৭২ তারিখের চিঠি) আরও সাতচল্লিশ লক্ষ উনআশি হাজার নয় শত টাকা বেশি লাগবে বলে জানিয়েছেন। বিষয়টি পরীক্ষা করা হচ্ছে। কাজেই এখন বলা সম্ভব নয়।

## বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল

৫১। (অনুমোদিত প্রশ্ন নং [illegible]।) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে রোগীদের উপযোগী খাবার বিশেষ করে দুধ ও ফল দেওয়া হয় না, এবং

(২) রোগীদের খাবার দেওয়ার পূর্বে খাবার পরীক্ষা করা হয় না, এবং

(খ) অবগত থাকিলে, ঐ সকল ব্যাপারে সরকার কি ব্যবস্থা করছেন?

**The Minister for Health :**

(ক) (১) না, তবুও খবর নেওয়া হচ্ছে।

(২) না

[illegible]

## বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে জেনারেটরের অভাব

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৯।) **শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে কোন জেনারেটর না থাকায় বিদ্যুৎ বিভ্রাটের সময় হাসপাতালের অপারেশন এমারজেন্সি ট্রিটমেন্টসহ বিভিন্ন কার্য পরিচালনার ক্ষেত্রে এক অনিশ্চয়তার সৃষ্টি করে, এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ, মাঝে মাঝে বিদ্যুৎ সরবরাহ বন্ধের জন্য হাসপাতালের কাজে ব্যাঘাত ঘটে।

(খ) একটি জেনারেটর বসাবার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড কেন্দুয়াডিহিতে অবস্থিত তাদের সাব-ষ্টেশনটিকে উন্নত করে হাসপাতালে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার উন্নতির আশা দিয়েছেন।

### Rural Electrification

53. (Admitted question No. 106.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state the districtwise break-up of—

(i) the number of villages electrified as on 30th May, 1972 ; and

(ii) the number of villages likely to be electrified within 1972 ?

**The Minister for Power** (i) A list is placed below—

*List referred to in reply to clause (i) of unstarred question No. 53*

| District | Number of Mauzas electrified as on 31 st May, 1972 |
|---|---|
| Bankura ... | ... 187 |
| Birbhum ... | ... 133 |
| Burdwan ... | ... 614 |
| Cooch Behar ... | ... 19 |
| Darjeeling | ... 158 |

| District | | Number of Mauzas electrified as on 31st May, 1972 |
|---|---|---|
| Hooghly ... | ... | 435 |
| Howrah ... | ... | 163 |
| Jalpaiguri ... | ... | 168 |
| Malda ... | ... | 103 |
| Midnapore ... | ... | 330 |
| Murshidabad ... | ... | 298 |
| Nadia ... | ... | 452 |
| 24-Parganas ... | ... | 552 |
| Purulia ... | ... | 77 |
| West Dinajpur... | ... | 19 |
| | Total— | 3,708 |

(ii) A list is plaecd below :

*List referred to in reply to clause (ii) of unstarred question No.* 53

| District | | Total number of Mauzas likely to be electrified within 1972 |
|---|---|---|
| Bankura ... | ... | 232 |
| Birbhum ... | ... | 164 |
| Burdwan ... | ... | 687 |
| Cooch Behar ... | ... | 38 |
| Darjeeling ... | ... | 163 |
| Hooghly ... | ... | 510 |
| Howrah ... | ... | 197 |
| Jalpaiguri ... | ... | 174 |
| Malda ... | ... | 154 |
| Midnapore ... | ... | 435 |
| Murshidabad ... | ... | 366 |

| District | | Total number of mauzas likely to be electrified within 1972 |
|---|---|---|
| Nadia | ... | ... 489 |
| 24-Parganas | ... | ... 627 |
| Purulia | ... | ... 111 |
| West Dinajpur | ... | ... 61 |
| | | Total— 4,403 |

There is likelihood of some more mauzas being included so as to enable the target of 10,000 villages reached by December, 1973, provided necessary fund is available in time.

### State Transport

54. (Admitted question No. 94) **Shri Rajanikanta Doloi**: Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the following figures pertaining to the State Transport Undertakings during the months of January, February, March, April and May, 1972—

(i) the total number of cars in the fleet,

(ii) the total number of cars outshedded,

(iii) the total number of cars effective and actually plying on the road, and

(iv) the total income from the Undertakings; and

(b) the figures pertaining to the above State Transport Undertakings during the corresponding months in the years 1967, 1968, 1969, 1970 and 1971?

**The Minister for Home (Transport)**: (a) and (b) Statements I, II and III are laid on the Library Table.

### মেদিনীপুর জেলায় টেষ্ট রিলিফ

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮।) **শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তি**ঃ ত্রাণ এবং সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে খরাপরিস্থিতি মোকাবিলার জন্য মেদিনীপুর জেলার কোন্ ব্লকে ক
টেষ্ট রিলিফ স্কীম ১৫ই জুন, ১৯৭২, পর্যন্ত মঞ্জুর করা হইয়াছে ;

(খ) তন্মধ্যে কোন্ ব্লকের কয়টি স্কীম ১৫ই জুনের মধ্যে চালু করা হইয়াছে , এবং

(গ) উক্ত জেলার কোন্ ব্লকে টেষ্ট রিলিফ বাবত ১৫ই জুন পর্যন্ত কত টাকা ও কি পরিম
গম খরচ হইয়াছে ?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) ও (খ) একটি বিবরণী (১ নং) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) একটি বিবরণী (২ নং) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**Employmant in Registered Factories**

56. (Admitted question No. 353.) **Shri Samsul Alam Khan** : Will th Minister-in-charge of the Labour Department be pleased to state th districtwise break-up of the total number of employment in registered factorie during the years 1968, 1969, 1970 and 1971 ?

**The Minister for Labour** : A statement is laid on the Library Table

**Assembly Proceedings**

57. (Admitted question No. 403 ) **Shri Rajanikanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Parliamentary Affairs) Department be pleased to state—

(a) whether it is a fact that the West Bengal Legislative Assembly is conspicuous amongst all the State Legislatures of India in the matter of delay and arrears in publication of the Assembly Proceedings ;

(b) why is this stigma allowed to continue and why the Government is sitting over the matter , and

(c) if the Government Press cannot print the Proceedings in time why can't the Government get the same printed from outside press ?

**The Minister for Home (Parliamentary Affairs)** : (a) The publication of the Assembly Proceedings is in arrear since February-March Session of 1964 The position in this respect of the other State Legislatures is not known

(b) The arrears is due to the failure of the West Bengal Government Press to print the proceedings of the Assembly in time. To tide over thi

crisis, a proposal to set up a printing press in the Assembly compound for the printing of papers relating to the Assembly is under consideration of Government.

(c) In view of what has been stated at (b) above, this is not necessary.

**Arrest of Members**

**Mr. Speaker :** Honourable Members, I have received communications about the arrest of Shri Santasri Chattopadhyay, MLA and Shri Jerat Ali, MLA, under rule 233 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. I am reading out the commuications that I have received.

Shri Santasri Chattopadhyay, MLA of Uttarpara has been arrested on 11-7-72 in connection with Uttarpara P. S. case No. 9, dated 11-7-72 u/ss 148, 149, 325, 301 IPC, Act, 25 and 27 of the Arms Act and No. 11, dated 11-7-72 u/ss 147, 188 IPC.

On 12-7-72 at about 12-30 hours there was a clash between supporters of two different workers' unions of Belel Bidi Factory, Dhulian, P.S. Shamserganj, over the collection of subscriptions from Bidi workers. At about 16-50 hrs. when both the parties were coming out of the factory after collecting subscriptions they picked up a clash but due to timely intervention no serious incident could take place Over this Shamserganj P. S. case No. 9, dated 12-7-72 under sections 147/323/379, IPC and 11, dated 12-7-72 u/ss 147/323, IPC, on the complaint of some workers and a case No. 10, dated 12-7-72 u/ss 147/323/379 IPC, and 12, dated 12-7-72 u/ss 147/323 IPC, on the complaint of another section of workers have been started.

Shri Jerat Ali, an elected Member has been arrested.

**Calling Attention to Matters of Urgent Public Importance.**

**Mr. Speaker :** The Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the subject of threatened clash between Bengali and No-Bengali railway workers at Kanchrapara Railway Workshop. Attention called by Shri Jagadish Chandra Das on the 9th July, 1972.

**Shri Subrata Mukhopadhyay :** Mr. Speaker, Sir, in response to the notice served by Shri Jagadish Chandra Das, honourable Member of this House, calling my attention to an urgent matter of public importance, viz., the activities of Hindi Parishad of Kanchrapara, I make the following statement :—

An association styled Hindi Sanskriti Parishad was formed in Kancharapara in May, 1972 with some local Non-Bengali leaders of Kancharapara as the main organisers. The main object of this Parishad is to safeguard the interests of the Non-Bengali people (Hindi speaking) in the matter of employ-

ment for Non-Bengali youths in the local industries, specially in Kancharapara Railway Workshop. The Parishad will also help the Non-Bengalis to set up stalls in different places and hawkers' corner. Some of the members of the Parishad have adverse police reports.

The activities of this Parishad in voicing the demands of the Non-Bengalis only, have created a great resentment amongst the local Bengali leaders, specially the Bengali youths who are aspiring for jobs in Kancharapara Railway Workshop.

It may be mentioned that the Non-Bengali workers earlier got preference in getting jobs in the Kancharapara Railway Workshop and the Parishad is determined to safeguard the interests of the Non-Bengali employees.

There is no information that Shri M. K. Singh, the Works Superintendent, himself created the said Hindi Parishad althogh he is a supporter of the same. The question of appointment of local youths and others to the vacant posts in the Workshop will be taken up with the Railway authorities.

**Mr. Speaker** : I have received three notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Non-supply of D. V. C. canal water in several districts—from Shri Aswini Roy, Shri Ajit Kumar Basu and Shri Hara Shankar Bhattacharyya.

(2) Remission of flood advance taken by the Secondary School teachers—from Shri Md. Dedar Baksh.

(3) Water-logging of Calcutta streets during the monsoon—from Shri Sukumar Bandyopadhyay.

I have selected the notice of Shri Aswini Roy, Shri Ajit Kumar Basu and Shri Hara Shankar Bhattacharyya on the subject of non-supply of D. V. C. canal water in several districts. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal :** On the 21st Sir.

## Mention Cases

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমার প্রিয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর কিছু দিনের মধ্যেই আমাদের স্বাধীনতার রজতজয়ন্তী উৎসব শুরু হবে। কিন্তু এই উৎসব শুরু হবার সংগে সংগে আমরা দেখতে পাচ্ছি যে এই কলকাতায়, হাওড়া ষ্টেশনে ও শিয়ালদা ষ্টেশনে, বেলুড় ষ্টেশনে ও বিভিন্ন জায়গায় হাজার হাজার মানুষ পড়ে রয়েছে। এরা সাধারণত তপশীলী জাতিভুক্ত। তাদের খাদ্যের কোন ব্যবস্থা নেই, তাদের আশ্রয়ের

কোন ব্যবস্থা নেই। এই সমস্ত লোক সুন্দরবন, বাসন্তি, ক্যানিং ও ২৪-পরগণা এবং অন্যান্য জায়গা থেকে এসেছে। এই সমস্ত লোকরা সবাই হাওড়া ষ্টেশনে, শিয়ালদা ষ্টেশনে, আরও অন্য সব ষ্টেশনে পড়ে রয়েছে। গতকাল আমি তাদের কাছে গিয়েছিলাম। তারা বললো তাদের কাজ করার কোন ব্যবস্থা করে দিতে পারলে বা তাদের সরকার থেকে সামান্য জমি দিলে তারা সবাই বাড়ী চলে যাবে। আজকে স্বাধীনতার রজত জয়ন্তী উৎসবের দিনে মানুষ যে এইভাবে পড়ে রয়েছে সেদিকে আমাদের দৃষ্টি দেওয়া দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সংবাদপত্রে দেখলাম যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পূর্তমন্ত্রী ভোলানাথ সেন মহাশয় বলেছেন, কলকাতা শহরে ১০ লক্ষ লোক ফুটপাতে বসবাস করেন। সেই ১০ লক্ষ ফুটপাতে বসবাসকারী মানুষ এবং শিয়ালদা ষ্টেশনে ও হাওড়া ষ্টেশনের হাজার হাজার মানুষ এবং অন্যান্য ষ্টেশনে যে হাজার হাজার মানুষ পড়ে রয়েছে এই প্রচণ্ড বর্ষায় রাত্রে নিরাশ্রয় হয়ে, তাদের বিষয়ে অবিলম্বে কোন ব্যবস্থা করার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-20—2-30 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে:** মাননীয় স্পীকার, স্যার, জলপাইগুড়ি জেলার প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির কাছ থেকে দুটি টেলিগ্রাম এবং পশ্চিমবংগ প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির সাধারণ সম্পাদকের কাছ থেকে একটি চিঠি পেয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকৃষ্ট করছি। মাননীয় শিক্ষা মন্ত্রী এই বিধানসভায় দাঁড়িয়ে কয়েকদিন আগে তাঁর বক্তৃতায় ঘোষণা করেছিলেন এবং সরকারী নির্দেশনামা তিনি জারি করেছিলেন যে জেলায় জেলায় ডিষ্ট্রিক্ট প্রাইমারি এডুকেশন এ্যাডভাইসরি কমিটি গঠন করা হবে এবং তাতে প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির প্রতিনিধিত্ব সমস্ত জায়গাতে থাকবে। কিন্তু দেখা গেল এই সারকুলার জারি হবার পরে এবং বিধান সভায় দাঁড়িয়ে শিক্ষামন্ত্রীর কাছ থেকে বক্তব্য শোনার পরে কয়েকজন লোকের কারচুপির ফলে এবং তাদের ব্যক্তিগত খেয়ালখুশী চরিতার্থ করবার জন্য কয়েকটি জেলা, যেমন মালদহ, পশ্চিম দিনাজপুর, কুচবিহার জলপাইগুড়ি প্রভৃতি জেলায় এই প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতিকে প্রতিনিধিত্বের সুযোগ থেকে বঞ্চিত করা হল। এটা আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর গোচরীভূত করা দরকার যে, বিগত বোর্ডে পশ্চিম দিনাজপুর জেলা এবং উত্তর বাংলার অনেকগুলি জেলার প্রতিনিধিত্বের সুযোগ ছিল। সবচেয়ে ক্ষোভের কথা হল এই, জলপাইগুড়ি জেলার প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির প্রতিনিধি দল যখন বিভিন্ন দাবীদাওয়ার ভিত্তিতে জলপাইগুড়ি জেলা স্কুল বোর্ডের কাছে ডেপুটেশনে গিয়েছিল তখন তাদের প্রতি চরম দুর্ব্যবহার করা হয়। তাদেরকে অপমানিত, লাঞ্ছিত, ধস্তা-ধস্তি করা হল। এই পরিসমাপ্তির এখানেই শুধু শেষ নয়, আমি দেখলাম পুলিশ ডেকে তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে গ্রেপ্তার করা হল। এটা অত্যন্ত দুঃখ, বেদনা, ক্ষোভ ও লজ্জার কথা যে, এই বিংশ-শতাব্দীর সভ্য জগতে কয়েকজন শিক্ষককল্যাণ সমিতির প্রতিনিধিকে, এই কয়েকদিন আগেও মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যিনি এই সভায় পশ্চিমবাংলার সভাপতি ছিলেন, এইভাবে চরম অপমান করা হল এবং তারা যখন গণতান্ত্রিক দাবী দাওয়ার ভিত্তিতে সোচ্চার হয়ে উঠেছিল ঠিক তখনই পুলিশ ডেকে গণতন্ত্রের কণ্ঠরোধ করা হল। আজ বিংশ শতাব্দীর সভ্য জগতে এই জিনিস নির্বিচারে ঘটে গেল।

আমরা মনে করি এই সরকারের এটা দুষ্ট ক্ষত, আমরা মনে করি এটা কলঙ্কজনক এবং আমি এই ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এই সরকারকে জনসমক্ষে হেয় প্রতিপন্ন করার যে প্রচেষ্টা চলছে—বর্তমান চক্রান্তকারীদের অবিলম্বে যথোপযুক্ত শাস্তি প্রদান এবং এই বন্দী শিক্ষকদের বিনাশর্তে অবিলম্বে মুক্তি প্রদান এবং জেলায় জেলায় যে প্রাথমিক শিক্ষক উপদেষ্টা পর্ষদ গঠন করা হয়েছে, সেই প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতিকে সর্বোপরি সম্মান ও মর্য্যাদা দিয়ে আমি মনে করি গণতন্ত্রের উপযুক্ত মর্য্যাদা, সম্মান, স্বীকৃতি এবং ব্যক্তিস্বাধীনতা রক্ষা করা করণীয় কর্তব্য হবে।

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী**: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅসমঞ্জ দে মহাশয় যে বিষয়টি অবতারণা করলেন অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। অবিলম্বে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা এসম্পর্কে একটি বিবৃতি চাই। আমরা জানতে চাই জেলায় জেলায় প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির প্রতিনিধিত্বের ব্যবস্থা করছেন কিনা এবং এই অপমানিত, লাঞ্ছিত শিক্ষকদের সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করছেন সে সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছ থেকে বিবৃতি চাই।

**শ্রীকাশীনাথ মিশ্র**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত ১২ তারিখে বাকুড়ায় গিয়েছিলাম এবং সেখানকার মেডিকেল কলেজ হসপিটালের যে দুরবস্থা দেখে এসেছি তা আমি আপনার মারফত বিভাগীয় মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার জন্য হাউসের সামনে তুলে ধরছি। আমি বেলা ১২টার সময় হসপিটালে যাই। হসপিটালের ডায়েট চার্টে দেখা আছে ১৯ কে. জি. ৯০০ গ্রাম মাছ, কিন্তু সেদিন গিয়ে দেখলাম কাঁচা মাছ যা আছে তার ওজন হচ্ছে ১৬ কেজির মত—ঐ ১৯ কেজির মত মাছ না দিয়ে এই পরিমাণ মাছ আছে দেখে এলাম। তখন আমি ওয়ার্ড মাষ্টারকে জিজ্ঞাসা করলাম। তিনি বললেন মাছের পরিমাণটা একটু শর্ট আছে। আমি বললাম খেতে কেন রেখেছেন? তারা এর উত্তর দিতে পারেনি। তারপরে খবর নিয়ে দেখলাম সেখানে নিতে বড় বড় পিস করে কাটা আছে খোসা সমেত। তারপর আমি চিলড্রেন ওয়ার্ডে গেলাম। সেখানে বাচ্চাদের দুধ দেবার কথা বেলা ৯টার সময়, অথচ ১২ টার সময়ও তাদের দেওয়া হয়নি। সেখানে এই রকম দুরবস্থা চলেছে। সরকার টাকা দিচ্ছেন অথচ সেখানে যারা দায়িত্বশীল কর্মচারী চার্জে আছেন, তারা সেটা ঠিকমত দেখছেন না, তাদের কর্তব্য পালন করছেন না। সেইজন্য আমি আপনার মারফত এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুধীর বেরা**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১২ই জানুয়ারী যুগান্তর কাগজে একটা খবর প্রকাশিত হয়েছে তাতে বলা হয়েছে সম্প্রতি জেলা মেজিষ্ট্রেটরা যে অধিকতর ক্ষমতার দাবী করেছেন তার বিরোধিতা করেছেন ইঞ্জিনিয়ার এবং technical officer রা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খবরটা শুনে অত্যন্ত কুন্ঠিত হয়েছি। আপনি জানেন সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে সহযোগিতার মনোভাবের অভাব এবং Co-ordination না থাকার জন্য যথেষ্ট ক্ষতি হয় এবং অচল অবস্থা হতে চলেছে। আপনি নিশ্চয়ই জানেন এই অচল অবস্থার কথা। যদি D M. আর Engineer এদের মধ্যে রেসারেসি চলে তাহলে দেশের বহু উন্নয়নমূলক কাজ ব্যাহত হবে সে বিষয়ের কোন সন্দেহ নাই। সেজন্য আপনার মাধ্যমে আমাদের মন্ত্রী সভার যারা গরিবী হটাবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। কাজেই সরকারী শাসনযন্ত্রকে নূতন করে ঢেলে

সাজিয়ে যুগপোযোগী এবং সমাজ বিপ্লব আনয়নের জন্য প্রস্তুত। সেজন্য এই ব্যাপারে তার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুসলিম লীগের সদস্য জনাব নাসিরুদ্দিন খান সাহেব সংবাদপত্র পাঠ করছেন এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমহম্মদ দেদার বক্সঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গ্রাম বাংলার গরীব জনসাধারণ প্রচুর পরিমাণে আটা চাইছে, তারা আটা পাচ্ছে না। তাদের ক্রয় ক্ষমতা কমে গেছে, তাদের রুজি রোজগার নেই। সেজন্য সেখানে রেশনে ময়দা, সুজি দেওয়া হচ্ছে। কিন্তু তাদের ক্রয় ক্ষমতা না থাকার দরুণ তারা সস্তায় কোন রকমে আটা কিনে রুটি করে খেয়ে জীবন ধারণ করছে। যদিও আমাদের সরকার থেকে যে পরিমাণ দেওয়ার কথা রেশনের মাধ্যমে তা তারা পাচ্ছে না। সেজন্য আমি মাননীয় বিধান সভার সদস্যদের এবং সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি গত পরশু মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থেকে গরীব জনসাধারণের সংগে যোগাযোগ করলে তারা বলেছেন। সেজন্য বলছি যাতে গ্রাম বাংলার মানুষ বাঁচে, যাতে গ্রাম বাংলার মানুষ প্রচুর পরিমাণ আটা পায় তার ব্যবস্থা করতে। তারা যা চায় সেটা যাতে সরবরাহ করা হয় সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এবং এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীএক্রামুলহক বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এবং মাননীয় সভ্যদের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এলাকায় তিনটি হসপিটাল আছে, তার অব্যবস্থার কথা বলছি। একটা এলাকায় সাবসিডায়রি হেলথ সেন্টার আছে। সেখানে বিগত ৮ বছর ধরে কোন ডাক্তার নেই, একটা হেলথ এ্যাসিসট্যান্ট রয়েছে, সামান্য কিছু ওষুধ বিতরণ করা হয়। আর একটি এলাকার হেলথ সেনটারে সেখানে কোন ডাক্তার নেই, নার্স নেই। ইতিমধ্যে ২ জন নার্সকে পোষ্টিং করা হয়েছে তাদের থাকার অসুবিধার জন্য তারা ফিরে এসেছে। ডোমকল থানায় এ জি হসপিটাল আছে। অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি সেই এ জি হসপিটালকে থানা হসপিটালে উন্নীত করা হয়নি। যদিও একটা হসপিটাল সেখানে হচ্ছে তবে কবে নাগাদ সেটা হবে তার কোন আশা নেই। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের এই দিকে দৃষ্টি আকর্ষণ করছি যাতে সুব্যবস্থা হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবতারণ চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুতর পারস্থিতির বিষয় আমি আপনার মাধ্যমে এই সভায় এবং মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষ্ণুপুর ইলেকট্রিক সাপ্লাই এণ্ড ইণ্ডাষ্ট্রিয়াল ডেভলেপমেণ্ট কোম্পানী, একটা প্রাইভেট কোম্পানী বিদ্যুৎ সরবরাহ করেন এবং তার ইউনিট চার্জ খুব বেশী এবং সেটা প্রায়ই যখন তখন বন্ধ হয়ে যায়, কারণ তার ভোল্টেজ খুব কম থাকে। মিউনিসিপ্যালিটির বা শহরবাসীদের একটা প্রতিরোধ কমিটি গঠিত হয়েছে। তারা ইউনিট চার্জ সম্পর্কে বাদ প্রতিবাদ করলে এবং সেই প্রতিবাদে হয়ত মিউনিসিপ্যালিটি একটা ফয়সালা না হওয়ায় টাকা বাকী রেখেছেন। জনবহুল সেই সমস্ত পল্লীতে বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা করেনি, সেজন্য তাদের খুব অসুবিধা হচ্ছে। তা ছাড়া তারা হুমকি দিয়েছেন যদি সত্বর এই টাকা মিটিয়ে না দেওয়া হয় তাহলে শহরে বিদ্যুৎ বন্ধ করে দেবে

এই পরিস্থিতিতে তারা জনসভা করে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছে এবং খবরের কাগজে পাঠিয়েছে। আমি অনুরোধ করছি মন্ত্রীমহাশয়কে, এই বেসরকারী কোম্পানীর হাত থেকে তাদের লাইসেন্সের দায়িত্বভার নিয়ে মিউনিসিপ্যালিটির হাতে দিয়ে দেওয়া হোক অথবা সরকারের হাতে নিয়ে নেওয়া হোক। এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30—2-40 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার নদীয়া জেলার মধ্যে যেটা পড়ে, রাণাঘাট-বার্ণপুর লাইন-এর যাত্রীদের দুঃখের কথা বলছি। সেটা হলো ঐ লাইন ষ্টিম ইঞ্জিনে চলে, ইলেকট্রিফিকেশন দাবী করা সত্ত্বেও ইলেকট্রিফিকেশন হয় নি, ফলে যদি ইঞ্জিন দিয়ে ঐ গাড়ী চলাচল করছে এবং দেখা যাচ্ছে ঐ ইঞ্জিন চলতে চলতে মাঝে মাঝে থেমে যায় এবং প্রত্যেক ষ্টেশনে কয়লা বিক্রি হয় এবং বগুলা পর্য্যন্ত গিয়ে গাড়ী আর ফিরে আসতে পারে না। এইভাবে সব লোকাল ট্রেন আজকে ২ ঘন্টা ৩ ঘন্টা করে লেট হয়। রাণাঘাট থেকে শিয়ালদা আসতে প্রায় ৪ ঘন্টা সময় লেগে যায়। ৩২৩ আপ শিয়ালদা থেকে ছাড়ে ৭-৪৫ মিনিটে—

**মিঃ স্পীকার ঃ** Mr. Sarkar, you are a senior Member of this House. You are speaking about a Central subject to which this House is not concerned at present. I think, the Hon'ble Minister has got nothing to say.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** Sir, I cannot understand what jurisdiction we have got in this particular matter.

**শ্রীমধুসুদন রায় ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা বিশেষ জরুরী ব্যাপারে বিভাগীয় মন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার মহাশয়, মেখলীগঞ্জ একটি মহকুমা শহর এবং সিভিল ডিফেন্স এরিয়া বলে ডিক্লেয়ার করা হয়েছে। আপনি জানেন যে সিভিল ডিফেন্সের কাজ ফায়ার ব্রিগেড ছাড়া চলতে পারে না। ফায়ার ব্রিগেড স্টেশনের জন্য একটা বাড়ী অনেকদিন আগে থেকে কেনা আছে এবং ফায়ার ব্রিগেডের স্টাফ পর্য্যন্ত রিক্রুট করা আছে এবং সে সব শিলিগুড়ির যে ফায়ার ব্রিগেড অফিস আছে সেখানে জমা আছে। সেখানে একটি সিনেমা হলের সঙ্গে সমস্ত কিছু সরকারের এগ্রিমেন্ট হয়ে গিয়েছে, কিন্তু এখনও পর্য্যন্ত সেই ফায়ার ব্রিগেড স্টেশন খোলা হলো না। সেই জন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীপ্রভাকর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের এলাকার একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। গত ৩০-৬-৭২ তারিখে কেতুগ্রাম ১নং ব্লকে একজন ড্রাইভার ২৫ লিটার পেট্রোল চুরি করে পাশের গ্রামের নারায়ণ দাস বৈরাগীর কাছে বিক্রয় করে এবং যুবকংগ্রেসের ছেলেরা সঙ্গে সঙ্গে ধরে সেই পেট্রল বি. ডি. ও অফিসে জমা দেয় এবং পুলিশকে ইনফর্মেশন দেয়। এই সব সত্বেও আজ পর্যান্ত কোন ব্যবস্থা না হওয়ায় ছেলেরা বিক্ষুব্ধ হয়ে পড়েছে। ঐ ড্রাইভার আজও বলছে, ঠিক আছে কি করতে পারি দেখব। যদি প্রশাসনিক কর্তৃপক্ষ এইভাবে কোন এ্যাকশন না নিতে পারে হাতে-নাতে ধরে দেওয়া

সত্বেও তাহলে এইটা খুব দুঃখের বিষয়। তাই আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন অবিলম্বে এই বিষয়ে যথাযথ ব্যবস্থা অবলম্বন করেন এবং এই দুর্নীতি-পরায়ণ ড্রাইভারের শাস্তির ব্যবস্থা করেন।

**শ্রীবাসুদেব হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে বক্তব্য রাখতে চাইছি খুবই মর্মান্তিক। গড়া গ্রামের অধিবাসী জামালউদ্দীনের স্ত্রী পিত্রালয় হইতে শ্বশুরবাড়ী আসার পথে কয়েকজন দুষ্কৃতকারী দ্বারা আক্রান্ত হন এবং গয়না-গাটি ছিনতাইয়ের চেষ্টা হয়। কিন্তু পাল্কিতে যে সমস্ত বেয়ারা ছিল তাদের সহযোগিতায় এবং স্থানীয় লোকদের সহযোগিতায় কোন রকম প্রাণে বাঁচেন। তারপর এই দুষ্কৃতকারীরা পুনরায় তার বাড়ী আক্রমণ করে এবং জনসাধারণ তাদের তাড়িয়ে দেন এবং পরে যখন জামালউদ্দীন খানাকুল থানার ও. সির কাছে তার এই বক্তব্য পেশ করেন তখন ও. সি. তা মিথ্যা বলে গণ্য করেন এবং আসতে অরাজী হন। পরে স্থানীয় এম. এল. এ. হিসাবে কিছু লোক সঙ্গে নিয়ে আমি তদন্ত করি এবং তদন্তে সত্য বলে প্রমাণিত হয়। পরে ও. সি আশ্বাস দেন এটা আমি উপরে ফরওয়ার্ড করে পাঠিয়ে দেবো। কিন্তু এক মাস হয়ে যাওয়ার পরেও কোন তদন্ত হয় নি। পরে সেই দুষ্কৃতকারীদের সংগে যোগাযোগে একটা মোটা টাকার অংশ পাবার আশায় তিনি দুষ্কৃতকারীদের আশ্বাস দেন তোমরা নিজেদের বাড়ীতে আগুন লাগিয়ে দাও এবং আমাকে একটা কেস দাও তাহলে আমি পুনরায় তোমাদের জামালউদ্দীনের ব্যাপারে রেহাই পাইয়ে দেবো। সেই আশ্বাসের ভিত্তিতে তারা চালাঘরে আগুন লাগায় এবং রাতারাতি ও. সি অনেক পুলিশ সঙ্গে নিয়ে জামালউদ্দীনকে গ্রেপ্তার করে আরামবাগে পাঠান হয়। সি, আই সাহেব আমার বক্তব্য শুনেছেন। এবং তিনি সরাসরি এস. ডি. ও সাহেবকে ঘটনার কথা জানান এবং সি আই. ও এস. ডি. ও সাহেব সঙ্গে সঙ্গে ছুটে আসেন এবং তদন্তে এটা মিথ্যা প্রমাণিত হয় এবং সঙ্গে সঙ্গে সমস্ত ব্যক্তিকে জেল থেকে খালাস দেওয়া হয়।

**শ্রীআব্দুলবারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেশ কিছু দিন আগে মুর্শিদাবাদ জেলায় পদ্মানদীর ভাঙ্গন সম্পর্কে এই বিধানসভায় আমি দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং বলেছিলাম যে মুর্শিদাবাদ জেলার ধুলিয়ান শহর এবং ফারাক্কার নিম্নাংশ প্রায় ভাঙ্গনের মুখে। সেই সময় সরকার অবশ্য এই ব্যাপারে কিছু দৃষ্টি দিয়েছিলেন এবং তাতে কিছুটা কাজও হয়। কিন্তু এখন বর্ষা প্রায় সুরু এবং বন্যা আসছে। এর মুখ দেখতে পাওয়া যাচ্ছে গোটা মুর্শিদাবাদ জেলা এবং ফারাক্কার নিম্নাংশের যে সমস্ত জায়গা আছে বিশেষ করে যেটা ধুলিয়ান সেটা অত্যন্ত বিপদাপন্ন এবং ভাঙ্গনের সম্মুখীন এবং খবরের কাগজেও অর্থাৎ আজকের আনন্দবাজারেও এই সম্বন্ধে একটা অংশ বেরিয়েছে যাতে বলা হয়েছে, মুর্শিদাবাদ জেলার ধুলিয়ান শহরের দক্ষিণ দিকের বাঁধটি ভাঙ্গনের সম্মুখীন হয়েছে এবং এই খবরের কাগজে আরও উল্লেখ করেছেন যে আমাদের সেচ মন্ত্রী টাকার অভাবে ওখানের কাজ করতে পারছেন না বা পারা যাচ্ছে না। কিন্তু টাকার অভাব হলেও স্যার একে তো ফারাক্কা ব্যারেজ তৈরী করবার জন্য ওখানকার হাজার হাজার লোককে ওখান থেকে উঠিয়ে অন্যত্র নিয়ে আসা হয়েছে এবং যে সমস্ত লোক আছে বেশ কিছুদিন ধরে ভাঙ্গনের জন্য তারা ক্ষতিগ্রস্ত পরিবার—তাদের পুনর্বাসন এখনও হয় নি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি দয়া করে এদিকে নজর দিয়ে বর্ষা বা বন্যায় বিশেষভাব ক্ষতিগ্রস্ত হওয়ার আগে মুর্শিদাবাদ জেলার এই উত্তরাঞ্চল ও পশ্চিম দিকের অংশ ফারাক্কার নিম্নাংশ রক্ষা করতে পারা যায় সে ব্যবস্থা গ্রহণ করুন।

[2-40—2-50 p.m.]

**Statement under rule 346**

**Shri Sankar Ghose** : Mr. Speaker, Sir, with your leave, I would like to make a statement on the travelling allowance of Ministers. There has been some confusion regarding the amounts paid in respect of travelling allowance of Ministers. The sums shown under the head "Travelling allowance" in the written answer to admitted question No. 260 of the 11th July, 1972, relates to actual expenses paid for plane or train journeys of Ministers in connection with their official work.

Such actual expenses are not the sums which are received by any Minister. They are sums which the Government pays to the travel authorities in connection with the Ministers' travels on official business. When the Ministers are out of station on official work, they, and not the Government pay for their stay and other expenses in Government hostels and the Ministers get a daily allowance of only between Rs. 12·50 and Rs. 15 per day except in case of Delhi where the rate is Rs. 25 per day.

In this connection it may be noted that two visits by plane from Calcutta to Delhi and back will entail travelling expense of Rs. 1,500. The expenditure shown in admitted question No. 260 under the head "Travelling Allowance" relates to expenditure by plane or train journeys on official visits which has actually been paid by the Government to the travel authorities. Only very small sums as per Government rules as indicated above have been spent in connection with daily allowance. The figures as given in that admitted question No. 260 relates to the travelling allowance of Rs. 2,056 of Shri Kashikanta Maitra. No part of that sum has been received by Shri Maitra. This is the sum which has been paid to the travel authorities in connection with his official work. Similarly, the sum of Rs. 2,135 has been shown against Shri Subrata Mukhopadhyay. No part of the sum has been received by Shri Mukhopadhyay. The entire sum has been paid to the travel authorities Similarly, regarding the sums of Rs. 2,138·55 and Rs. 1,524 of Shri Arunkumar Moitra and Shri Santoshkumar Roy respectively no parts of the sums have been received by any of these Ministers. These are the sums paid to the travel authorities in connection with the official work of the Ministers

**শ্রীসুব্রত মুখার্জী** : Mr. Speaker, Sir, with your permission একটা statement আমরা চেয়েছিলাম, যে আমাদের সম্বন্ধে paper-এ বেরিয়েছে regarding the monthly allowance of house rent, যেটা সংবাদপত্রে দেখলাম যে ১১৬ টাকা and something তিনি যদি উল্লেখ করেন আমাদের House allowance আমরা কত টাকা করে পাই এবং এক মন্ত্রীর সঙ্গে অন্য কোন মন্ত্রীর কোন difference নেই সেটাও যদি উল্লেখ করেন তাহলে আমি বাধিত হব।

**Shri Sankar Ghose** : Yes, I am indebted to Shri Mukhopadhyay. This point should also be clarified. The amount shown under the head 'House Allowance" in that admitted question No. 260 is not the house allowance per month. The amount is for the period from 20th March to May 1972. The house allowance is Rs. 350 or Rs. 300 per month as the case may be, that the Ministers receive. The Ministers who stay in Government quarters will not receive any house allowance and therefore their house allowance will

not be shown because the Government will pay for their houses. But the Ministers who do not stay in Government quarters will be entitled to house allowance of Rs. 350 or Rs. 300 per month. All these are under the Act and the entire payment has been made under the Act.

## VOTING ON DEMANDS FOR GRANTS

### DEMAND FOR GRANT No. 20
Major Head : 29-Medical
and
### DEMAND FOR GRANT No. 21
Major Heads : 30-Public Health and 30-A—Family Planning.

**Shri Ajit Kumar Panja** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 25,97,16,000 be granted for expenditure under Grant No. 20, Major Head : "29—Medical".

(This is inclusive of Rs. 8,65,72,000 already voted on account in March 1972.)

Sir, on the recommendation of the Governor, I also beg to move that a sum of Rs. 12,94,80,000 be granted for expenditure under Grant No. 21, Major Heads : "30—Public Health" and "30-A—Family Planning".

(This is inclusive of Rs. 4,31,60,000 already voted on account in March 1972.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি গ্রান্ট নং ২০, "২৯—মেডিক্যাল" খাতে ২৫ কোটি ৯৭ লক্ষ ১৬ হাজার টাকা ১৯৭২-৭৩ সালের জন্য ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করছি। (১৯৭২ সালের মার্চ মাসে ভোট অন্ অ্যাকাউন্টের মাধ্যমে মঞ্জুরীকৃত ৮ কোটি ৬৫ লক্ষ ৭২ হাজার টাকা এর মধ্যে ধরা আছে। )

রাজ্যপালের সুপারিশক্রমে আমি গ্রান্ট নং ২১, "৩০—পাবলিক হেলথ" এবং "৩০-এ—পরিবার পরিকল্পনা" খাতে ১২ কোটি ৯৪ লক্ষ ৮০ হাজার টাকা ১৯৭২-৭৩ সালের জন্য ব্যয় বরাদ্দের দাবীও উত্থাপন করছি। (ইতিপূর্বে ১৯৭২ সালের মার্চ মাসে ভোট অন্ অ্যাকাউন্টের মাধ্যমে মঞ্জুরীকৃত ৪ কোটি ৩১ লক্ষ ৬০ হাজার টাকা এর মধ্যে ধরা আছে। )

উক্ত খাতের ব্যয় বরাদ্দগুলি ছাড়াও স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ের জন্য "৫০—পাবলিক ওয়ার্কস", "১০৩—ক্যাপিট্যাল আউটলে অন্ পাবলিক ওয়ার্কস্", "১০৯—ক্যাপিট্যাল আউটলে অন্ আদার ওয়ার্কস্" এবং "লোনস্ এ্যাণ্ড অ্যাডভ্যান্সেস্" খাতে অর্থ বরাদ্দ আছে। এই সকল খাতের সকল অর্থ বরাদ্দ সমেত স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ের জন্য ১৯৭২-৭৩ সালে মোট বরাদ্দ অর্থের পরিমাণ হল ৪১ কোটি ৩৫ লক্ষ ৩২ হাজার টাকা। এটা ১৯৭১-৭২ সালের বরাদ্দ ৩৮ কোটি ৬৩ লক্ষ ৩১ হাজার টাকার থেকে ২ কোটি ৭২ লক্ষ ১ হাজার টাকা বেশী।

মহাশয়, সর্বপ্রথম আমি জানাচ্ছি যে, আমাদের স্বাস্থ্য পরিকল্পনার একটি সুসমঞ্জস ধাঁচ রয়েছে। ইহা আরোগ্যকর (Curative) এবং প্রতিষেধক (Preventive) এই দুইটি সুসংবদ্ধ নীতির উপর প্রতিষ্ঠীত। দুয়ের উপরই রয়েছে সমান গুরুত্ব। ক্রমবর্ধমান পরিমাণে প্রতিষ্ঠানগত সুযোগ-সুবিধা দেওয়াও আমার উদ্দেশ্য যাতে রুগ্ন ব্যক্তি উপযুক্ত চিকিৎসা এবং যত্ন পেতে পারেন।

আমি এখন আমাদের ভবিষ্যৎ প্রচেষ্টার প্রধান প্রধান বিবরণগুলি বিধান সভার সম্মুখে পেশ করছি।

## আরোগ্যকর (Curative) কার্য্যাবলী

### (ক) কলিকাতা এবং শিল্পাঞ্চলের হাসপাতালসমূহ ঃ

কলিকাতার হাসপাতালগুলির অবস্থা আমাদের গভীর উদ্বেগের কারণ এবং তার নিরসনের উপায় আমরা গভীরভাবে চিন্তা করছি। তদনুযায়ী আমরা কলিকাতার কয়েকটি হাসপাতাল সম্প্রসারণের এবং কলিকাতার শিল্পাঞ্চলে নতুন কয়েকটি হাসপাতাল স্থাপনের প্রকল্প গ্রহণ করেছি। কলিকাতা মেডিক্যাল কলেজ হাসপাতাল, নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতাল, আর. জি. কর হাসপাতাল, চিত্তরঞ্জন হাসপাতাল ( গোবরা ) এবং হাওড়া জেনারেল হাসপাতালে নতুন ব্লকের নির্ম্মাণকার্য মঞ্জুর করা হয়েছে, আর বেহালা, বারাসত এবং ভাটপাড়ায় সি. এম. ডি এ.-র কর্ম্মসূচী অনুযায়ী উক্ত সংস্থার টাকায় নতুন হাসপাতাল নির্মাণের কার্য মঞ্জুর করা হয়েছে। এই কর্মসূচী অনুসারে আরও কয়েকটি নতুন হাসপাতাল স্থাপনের প্রস্তাব আছে। কল্যাণীর জহরলাল নেহরু মেমোরিয়াল হাসপাতালে ৫০০ শয্যা আছে। বক্ষ রোগের চিকিৎসার বিশেষ হাসপাতালটিতে ( গান্ধী মেমোরিয়াল ) আরও ২০০ শয্যা সংযোজিত হবে।

চিকিৎসার সুযোগের জন্য আমরা নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করেছি ঃ

### বহির্বিভাগ এবং জরুরী কার্যাবলী ঃ

কলিকাতার বড় বড় হাসপাতালগুলির Emergency বিভাগে বিশেষজ্ঞ চিকিৎসক নিযুক্ত করা হয়েছে, যাতে জরুরী ক্ষেত্রে চব্বিশ ঘন্টা রোগীরা তাঁদের দ্বারা চিকিৎসা করাবার সুযোগ পান। X-ray এবং Pathology এর সুযোগও যাতে রোগীরা পেতে পারেন তারজন্য প্রয়োজনীয় অতিরিক্ত সাজ সরঞ্জাম এবং কর্মীর ব্যবস্থা করা হয়েছে। বহির্বিভাগের সুযোগ সুবিধা বাড়াবার ব্যবস্থাও করা হয়েছে।

### পে-ক্লিনিক এবং পলি ক্লিনিক ঃ

নামমাত্র ব্যয়ে যাতে জনসাধারণ বিশেষজ্ঞের দ্বারা চিকিৎসার সুযোগ পান তজ্জন্য কলিকাতায় বিকেলের Pay Clinic এবং পলি ক্লিনিক স্থাপন করা হয়েছিল। বর্তমানে কলিকাতায় একটি বিকেলের Pay Clinic এবং দু'টি Poly Clinic চলছে। C. M. D. A. অঞ্চলে যতদূর সম্ভব যাতে চিকিৎসার সুযোগ করে দেওয়া যায় তজ্জন্য C. M. D. A-এর অর্থানুকূল্যে ভাড়া বাড়ীতে কতকগুলি Outdoor Clinic এবং Poly Clinic প্রতিষ্ঠা করার পরিকল্পনা আছে। এই পরিকল্পনায় কয়েকটি Mobile Clinicও আছে। এইসব Poly Clinic-এ বর্তমানের জন্য বিনা ব্যয়ে রোগীরা বিশেষজ্ঞের দ্বারা চিকিৎসার সুযোগ পাবেন।

সরকারের নীতি হল জেলা এবং মহকুমা হাসপাতালগুলিকে উন্নীত করা এবং সেগুলিতে বিশেষজ্ঞ চিকিৎসক নিযুক্ত করা। আঞ্চলিক ভিত্তিতে উপযুক্ত এবং যথেষ্ট চিকিৎসার সুযোগ হলে জেলাগুলি থেকে কলিকাতায় রোগীদের ভিড় কমতে থাকবে, এবং আমাদের আশা, যথা-সময়ে উহা একেবারে বন্ধ হয়ে যাবে। জেলা এবং মহকুমা সদর দপ্তরে বিশেষজ্ঞের দ্বারা চিকিৎসার সুযোগ জনসাধারণের মধ্যে উৎসাহের সঞ্চার করেছে।

এতদিন পর্যন্ত আমাদের লক্ষ্য ছিল প্রতি জেলা হাসপাতালে অন্তত ১৩১ শয্যা এবং প্রতি মহকুমা হাসপাতালে অন্তত ৫৮ শয্যা থাকবে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে প্রায় প্রতিক্ষেত্রেই এই লক্ষ্যে পৌঁছানো গেছে এবং এখন আমরা এইসব হাসপাতালের বর্তমান স্থানের মধ্যে অতিরিক্ত শয্যার ব্যবস্থা করে অথবা নতুন নির্মাণ কার্যের মাধ্যমে প্রতি জেলা হাসপাতালে ৫৫০ শয্যা এবং প্রতি মহকুমা হাসপাতালে ২৫০ শয্যার ব্যবস্থা করছি। জলপাইগুড়ি, বর্ধমান, মেদিনীপুর, পুরুলিয়া এবং হাওড়া জেলা হাসপাতালে এবং বারাসত, বনগাঁ, তমলুক, শ্রীরামপুর এবং আরামবাগ মহকুমা হাসপাতালসমূহে নতুন নির্মাণকার্য চলছে। নবদ্বীপে ১২৫ শয্যা বিশিষ্ট একটি সাধারণ হাসপাতাল ইতিমধ্যেই চালু করবার নির্দেশ দেওয়া হয়েছে। রাণাঘাট, কালনা, ঘাটাল, লালবাগ এবং ব্যারাকপুরে নতুন মহকুমা হাসপাতালের নির্মাণ কার্য চলছে। C.M.D.A. এর কর্মসূচী অনুসারে ভাটপাড়ায় ৬৮ শয্যা বিশিষ্ট একটি এবং কামারহাটি ও দক্ষিণ হাওড়াতে ১৩১টি শয্যা বিশিষ্ট দু'টি হাসপাতাল স্থাপন করবার প্রকল্প মঞ্জুর করা হয়েছে। চতুর্থ পরিকল্পনায় C. M. D. A,-এর অর্থে Calcutta Metropolitan Development অঞ্চলে আরও কয়েকটি হাসপাতাল নির্মাণের পরিকল্পনা আছে।

চতুর্থ পরিকল্পনায় এ পর্যন্ত আমাদের হাসপাতালগুলিতে মোট ৩২৮০টি অতিরিক্ত শয্যার ব্যবস্থা করা হয়েছে। বর্তমান বৎসরে আরও ১৪০০টি এবং ১৯৭৩-৭৪ সালে ১০০০টি শয্যা সংযোজিত হবে।

(খ) স্বাস্থ্যকেন্দ্র ঃ

গ্রামাঞ্চলে রোগ আরোগ্যকর এবং প্রতিষেধক ব্যবস্থার সংহত বন্দোবস্ত স্বরূপ এ পর্যন্ত ২৮৬টি প্রাথমিক এবং ৫২১টি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়েছে। এর মধ্যে কয়েকটি প্রতিষ্ঠান অস্থায়ীরূপে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কাজ করছে। গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের পরিকল্পনানুসারে প্রতি ব্লকে একটি প্রাথমিক এবং ৭৩টী উপস্বাস্থ্যকেন্দ্রের নিমাণ কার্যের অনুমোদন দেওয়া হয়েছে। ইহা ছাড়া অতিরিক্ত ১৩টি প্রাথমিক এবং ৫৯টি উপস্বাস্থ্যকেন্দ্রের নিম্মাণকার্যও অনুমোদিত হয়েছে। অর্থাৎ এ পর্যন্ত মোট ১৮০টি স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্যের অনুমোদন দেওয়া আছে।

এ বছর এবং আগামী বছরের লক্ষ্যমাত্রা হচ্ছে আরও ১৪টি প্রাথমিক এবং ৫৮টি উপস্বাস্থ্য কেন্দ্রের নির্মাণ। এতে মাত্র ১০০টি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কাজ বাকী থাকবে।

গ্রাম বাংলার লোকেদের চিকিৎসার আরও সুযোগ হিসেবে যে সব স্বাস্থ্যকেন্দ্রে উপযুক্ত জায়গা পাওয়া যাবে সেখানকার শয্যা সংখ্যা বৃদ্ধি করা হবে। স্বাস্থ্যকেন্দ্রগুলির বৈদ্যুতীকরণের সরকারী অনুমোদনও ইতিমধ্যেই দেওয়া হয়েছে। পূর্ব্বের ব্যবস্থা অনুযায়ী স্বাস্থ্যকেন্দ্র ও কেবল ডাক্তার ও নার্সদের কোয়ার্টারে Electric আলোর ব্যবস্থা ছিল—এখন স্বাস্থ্যকেন্দ্রের সকল শ্রেণীর কর্মীদের কোয়ার্টারে Electric আলোর ব্যবস্থা করা হয়েছে। ( এতে খরচ পড়বে আনুমানিক ২ কোটি ৩৬ লক্ষ ৫০ হাজার টাকা। )

স্বাস্থ্যকেন্দ্রের উন্নতির জন্য চাই ভাল রাস্তা—Electric Supply-এর উপযুক্ত ব্যবস্থা।

(গ) বিশেষ ক্লিনিকসমূহ ঃ

মফঃস্বলের জনসাধারণের দন্ত চিকিৎসার সুযোগের জন্য গত দু বছরে মহকুমা হাসপাতালগুলিতে ২১টি দন্ত চিকিৎসার ক্লিনিক চালু করা হয়েছে। এ বছর আরও ৬টি ক্লিনিক মঞ্জুর করা হবে।

দুর্গাপুরের নতুন মহকুমা হাসপাতালে যৌনব্যাধি চিকিৎসার ক্লিনিক মঞ্জুর করা হয়েছে।

(ঘ) হাসপাতাল কার্যাবলীর মান উন্নয়নের ব্যবস্থা ঃ

হাসপাতালসমূহে চিকিৎসার সুযোগ সুবিধার মান উন্নয়নের জন্য দৃঢ় ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। সকল হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের রোগীদিগকে উন্নত মানের আহার্য দেওয়ার ব্যবস্থা হিসেবে দৈনিক বরাদ্দ অধিকৃত শয্যাপ্রতি ২ টাকা থেকে বাড়িয়ে ২ টাকা ৫০ পয়সা করা হয়েছে। এতে প্রতি বছর ৪৫ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয়িত হবে। হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রসমূহে যাতে নিয়মিত এবং পর্যাপ্ত পরিমাণে ওষুধ সরবরাহ করা হয় তার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

[2-50—3-00 p.m.]

(ঙ) ব্লাড ব্যাংক ঃ

ব্লাড ব্যাঙ্কসমূহের রক্ত সরবরাহ ব্যবস্থার যথেষ্ট সম্প্রসারণ করা হয়েছে। এ পর্যন্ত ১৪টি জেলা ব্লাড ব্যাঙ্ক খোলা হয়েছে। কলিকাতায় মেডিক্যাল কলেজ হাসপাতালের কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্ক ছাড়াও এস. এস. কে. এম., এন. আর. এস., আর. জি. কর, যাদবপুর টি. বি. এবং ন্যাশান্যাল কলেজ ( চিত্তরঞ্জন ) হাসপাতাল সমূহে ব্লাড ব্যাঙ্ক চালু আছে। এ বছর কল্যাণীর জে. এন. এম. হাসপাতালে একটি ব্লাড ব্যাঙ্ক স্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে।

(চ) অনুদান (Grants-in-aid) ঃ

উপযুক্ত ক্ষেত্রে বেসরকারী হাসপাতাল এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সংরক্ষণের এবং উন্নতির জন্য আমরা অনুদান দিয়ে আসছি। আমরা বেসরকারী হাসপাতাল এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহে অনুদান দেওয়ার উদ্দেশ্যে বর্তমান বছরের বাজেটে ২ কোটি ৪২ লক্ষ ৩ হাজার টাকার বরাদ্দ রেখেছি। এই বরাদ্দের মধ্যে আছে উত্তরবঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের বরাদ্দ ৪৪ লক্ষ টাকা এবং স্থানীয় পৌরসভাগুলির জলসরবরাহের বরাদ্দ ৪০ লক্ষ টাকা।

(ছ) মোট শয্যা ঃ

আমাদের হাসপাতালসমূহে শয্যা পাওয়া যাবে কিনা এটা আমাদের বেশ ভাবিয়ে তোলে। পশ্চিমবঙ্গে হাসপাতালসমূহে বর্তমানে ( রাঁচির মানসিক হাসপাতালে এবং টি. বি. হাসপাতালে সংরক্ষিত ১১৫৮টি শয্যাসহ ) ৪০ হাজার ২শ' ৮০টি শয্যা আছে। মুদালিয়ার কমিটির সুপারিশ হচ্ছে চতুর্থ বা পঞ্চম বার্ষিক পরিকল্পনার শেষে প্রতি হাজার ব্যক্তির জন্য একটী হাসপাতাল-শয্যার ব্যবস্থা করা হবে। এই লক্ষ্যমাত্রার জায়গায় বর্তমানে আমরা প্রতি হাজার ব্যক্তির জন্য ·৯০ শয্যার ব্যবস্থা করতে পেরেছি। আমার আশা, এই সভা আমার সঙ্গে একমত হবেন যে, আমাদের চেষ্টা বেশ ভালভাবেই এগিয়ে চলেছে।

প্রতিষেধক কার্যাবলী :

আমি এখন স্বাস্থ্য বিভাগের অন্য দিকে যাচ্ছি। এটি হচ্ছে রোগ প্রতিষেধক দিক। এদিকে আমাদের প্রচেষ্টা হচ্ছে সংক্রামক রোগের নিয়ন্ত্রণ এবং পারিপার্শ্বিক স্বাস্থ্যবিধান এবং অন্যান্য স্বাস্থ্য বিষয়ক ( জনস্বাস্থ্য ) ব্যবস্থার উন্নতি সাধন।

**সংক্রামক রোগের নিয়ন্ত্রণ ঃ**

ম্যালেরিয়া, বসন্ত, কলেরা, যক্ষ্মা, প্রভৃতি সংক্রামক রোগের নিয়ন্ত্রণ এবং উৎসাদনের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা আগেও হয়েছে, এখনও হচ্ছে। এর ফল বেশ সন্তোষজনক হয়েছে।

**জনস্বাস্থ্য ঃ**

রাজ্যের দুই-তৃতীয়াংশ অঞ্চলের বেশী জায়গা থেকে ম্যালেরিয়া নির্মূল করা হয়েছে। বাকী জায়গায় ম্যালেরিয়া উৎসাদন সূচী চলতে থাকবে।

ফাইলেরিয়া উৎসাদনের জন্য একটি হেডকোয়ার্টার ব্যুরো স্থাপন করা হয়েছে। মেদিনীপুর, বাঁকুড়া ও সিউড়িতে তিনটি আরবান্ ফাইলেরিয়া কন্ট্রোল ইউনিটও স্থাপিত হয়েছে। যে সকল স্থানে এই রোগের প্রাদুর্ভাব বেশী সেসব অঞ্চলে আরও কয়েকটি ইউনিট স্থাপিত হবে।

যক্ষ্মা রোগের প্রতিকারের জন্য আরও কয়েকটি নতুন জেলা টি. বি. সেণ্টার খোলার এবং কয়েকটি বর্তমান সেণ্টারকে উন্নীত করবার ব্যবস্থা করা হয়েছে।

কুষ্ঠরোগের নিয়ন্ত্রণের ব্যবস্থার জন্য চারটি নতুন লেপ্রসি কণ্ট্রোল ইউনিট খোলা হবে এবং তিনটি চালু ইউনিটকে উন্নীত করা হবে। একটি শিক্ষণ কেন্দ্রও খোলা হবে।

পঞ্চম পরিকল্পনায় বসন্ত রোগকে সম্পূর্ণ নির্মূল করবার উদ্দেশ্যে একটি পূর্ণাঙ্গ বসন্ত উৎসাদন প্রকল্প অনুমোদন করা হয়েছে।

কলেরা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে একটি ভ্রাম্যমান ইউনিট স্থাপিত হয়েছে এবং কলেরার প্রাদুর্ভাব হয় রাজ্যের এমন ৮০টি ব্লকে কলেরা কর্মী নিযুক্ত করা হয়েছে।

**জল-সরবরাহ এবং সাধারণ স্বাস্থ্য বিধান ঃ**

যে ১৭টি পৌর প্রতিষ্ঠানের জল সরবরাহ প্রকল্পের কাজ চলছে তাদের অনুদান এবং ঋণ দেওয়া হবে। এগুলি ছাড়া আরও চারটি নতুন প্রকল্প গ্রহণ করবার প্রস্তাব করা হয়েছে।

চৌদ্দটি গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের কাজ চলছে এবং এ বছর আরও ১৩টি ঐরূপ নতুন প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে।

রাণীগঞ্জে কয়লাখনি অঞ্চলের জল সরবরাহ প্রকল্পের প্রথমাংশ শীঘ্রই চালু করা হবে।

**আনুষঙ্গিক কার্যাবলী ঃ**

আমি এখন আমাদের চিকিৎসা এবং স্বাস্থ্য বিষয়ের দুদিকের—রোগ আরোগ্যকর (Curative) এবং প্রতিষেধক (Preventive)—আনুষঙ্গিক কার্যাবলীর বিবরণ সভার সম্মুখে উত্থাপন করছি।

## শিক্ষা এবং শিক্ষণ

### (ক) স্নাতক-পূর্ব এবং স্নাতকোত্তর মেডিক্যাল শিক্ষা ঃ

স্নাতক-পূর্ব্ব এবং স্নাতকোত্তর মেডিক্যাল শিক্ষার সুযোগ ক্রমশঃ সম্প্রসারিত করা হচ্ছে। পশ্চিমবঙ্গের পাঁচটি সরকারী মেডিক্যাল কলেজে এম. বি. বি. এস. কোর্সের জন্য মোট ৬৫৫টি সিট রয়েছে। উত্তরবঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীন দুটি মেডিক্যাল কলেজ স্থাপিত হয়েছে। এই দুটির প্রত্যেকটিতে ৫০টি করে সিট আছে। উপরোক্ত দুটি বিশ্ববিদ্যালয়কে তাদের মেডিক্যাল কলেজগুলির Recurring এবং Non-recurring এই দুই প্রকার ব্যয় বহনের জন্য প্রচুর পরিমাণে আর্থিক সাহায্য করা হয়েছে। ১৯৭১-৭২ সালের শেষ পর্যন্ত বর্ধমান এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কে যথাক্রমে ২৯ লক্ষ ৮ হাজার টাকা এবং ১ কোটি ৮ লক্ষ ৯৯ হাজার টাকা ঐ উদ্দেশ্যে অনুদান দেওয়া হয়েছে। একজন এম. বি. বি. এস চিকিৎসক তৈরী করতে সরকারের তরফ থেকে প্রায় ৮০ হাজার টাকা খরচ করতে হয়।

উন্নততর স্বাস্থ্য বিষয়ক শিক্ষা এবং গবেষণার স্বার্থে কলিকাতার স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনকে উহার সংলগ্ন হাসপাতালসহ সরকারের প্রত্যক্ষ পরিচালনায় আনা হয়েছে।

উন্নততর গবেষণার সুযোগসহ বাঙ্গুর ইনষ্টিটিউট অফ নিউরোলজিকে সম্প্রসারিত এবং ইনষ্টিটিউট অফ অপথালমোলজির উন্নতি সাধন করা হচ্ছে।

মেডিক্যাল শিক্ষার খাতে আমরা এ বছর ২ কোটি ১২ লক্ষ ৫৮ হাজার টাকার বরাদ্দ রেখেছি।

### (খ) দন্ত বিষয়ক শিক্ষা ঃ

বি. ডি. এস. পাঠ্যসূচীর বাৎসরিক ছাত্রের সংখ্যা ৫০। ডাঃ আর. আহমেদ ডেন্টাল কলেজে এম. ডি. এস. কোর্সের ব্যবস্থা করার বিষয়টি বিবেচনাধীন।

এ বছর দন্ত বিষয়ক শিক্ষার জন্য আমরা ১৩ লক্ষ ৯০ হাজার টাকার বরাদ্দ করেছি।

## শিক্ষণ সূচী

### (গ) চিকিৎসকদের শিক্ষণ ঃ

বর্তমান যুগে চিকিৎসা বিজ্ঞানের অন্যতম প্রধান প্রয়োজন বিশেষজ্ঞের দ্বারা চিকিৎসার সুযোগ। এই উদ্দেশ্যে রাজ্য সরকার স্থায়ী ডিউটি পদের ১০% শিক্ষণ সংরক্ষণ হিসেবে গণ্য করবার এক প্রকল্প গ্রহণ করেছেন। বর্তমানে ৫০ জন চিকিৎসক শিক্ষা গ্রহণ করছেন—২০ জন ভারতে এবং ৩০ জন বিদেশে।

### (ঘ) নার্সদিগের শিক্ষণ ঃ

নার্সদিগের শিক্ষণের সুযোগ ক্রমশ সম্প্রসারিত করা হচ্ছে। সরকার পরিচালিত ১৯টি শিক্ষণ কেন্দ্রে ১৭০০ নার্স শিক্ষা লাভ করছেন।

স্নাতক নার্সদিগের প্রয়োজন মেটাবার উদ্দেশ্যে একটি কলেজ অব নার্সিং স্থাপনের প্রস্তাব বিবেচনা করা হচ্ছে।

(ঙ) সহায়ক স্বাস্থ্যকর্মীর শিক্ষণঃ

স্যানিটারী ইনস্পেকটর, হেলথ অ্যাসিট্যান্ট, ফার্মাসিস্ট, ল্যাবরেটরী অ্যাসিট্যান্ট প্রভৃতি সহায়ক স্বাস্থ্যকর্মীর শিক্ষণের সুযোগ নিয়মিতভাবে চলে আসছে। এই সকল সুযোগও বৃদ্ধি করা হবে।

প্রতি বছর ৫০ জন ছাত্রের শিক্ষার সুযোগসহ কল্যাণীতে একটি ফার্মেসী ট্রেনিং সেণ্টার এ বছর খোলার নির্দ্দেশ দেওয়া হয়েছে।

অন্যান্য কার্য্যবলীঃ

(ক) প্রসূতি-শিশু কল্যাণ কেন্দ্রঃ

সমগ্র রাজ্যে বর্ত্তমানে ৩৫৩টি প্রসূতি ও শিশু কল্যাণ কেন্দ্র আছে। ইহা ছাড়া স্বাস্থ্যকেন্দ্রসমূহেও প্রসূতি ও শিশু কল্যাণ ব্যবস্থার সুযোগ রয়েছে। রাজ্যে বর্ত্তমানে প্রসূতি ও শিশুদের জন্য যথাক্রমে ৬৮০০ এবং ১৪০০ শয্যা রয়েছে।

পরিবার পরিকল্পনাঃ

সরকার পরিবার পরিকল্পনা বিষয়ে গভীর গুরুত্ব আরোপ করছেন।

শহর এবং গ্রামাঞ্চলে পরিবার পরিকল্পনা কর্মসূচীকে সম্প্রসারিত করা হয়েছে এবং এর কর্মতৎপরতা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। চব্বিশ-পরগণা, বর্দ্ধমান, মেদিনীপুর, মুর্শিদাবাদ জেলায় নির্বীজীকরণ ক্যাম্প করা হয়েছিল। স্থানীয় জনসাধারণের মধ্যে এতে যথেষ্ট উৎসাহের সাড়া পড়েছিল।

(খ) খাদ্যে ভেজাল নিরোধক আইনের পরিচালনাঃ

খাদ্যে ভেজাল দমন করার জন্য জোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। প্রতি মহকুমায় একজন করে খাদ্য পরিদর্শক নিয়োগ করা হচ্ছে। জেলার Public Health Laboratory গুলি সম্প্রসারণ এই বৎসরের মধ্যেই হবে। সরকার এ বিষয়ে গভীর গুরুত্ব আরোপ করে থাকেন।

(গ) ভেষজ নিয়ন্ত্রণ আইন পরিচালনাঃ

ভেষজ নিয়ন্ত্রণ অধিকার ঔষধ এবং প্রধান সামগ্রীর উৎপাদনের মান বজায় রাখার এবং নিম্নমানের অথবা জাল ঔষধের উৎপাদন বা বিক্রয় বন্ধ করবার সকল প্রকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এই অধিকারের নির্দেশে রাজ্যের ঔষধ প্রস্তুতকারী সংস্থাগুলি যথেষ্ট উন্নতি লাভ করেছে এবং কতকগুলি অতি প্রয়োজনীয় ঔষধের চাহিদা মেটাতে পেরেছেন। কতকগুলি ঔষধ স্থানীয় কাঁচামাল থেকে উৎপাদন করা হয়েছে।

(ঘ) আয়ুর্বেদীয় এবং হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতিঃ

আয়ুর্বেদীয় চিকিৎসা পদ্ধতির উন্নতির শিক্ষা, চিকিৎসা এবং গবেষণার সুযোগের জন্য

সরকার ইতিমধ্যেই শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠ এবং বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয় সরকারী পরিচালনায় এনেছেন। এগুলি এখন সরকারী প্রতিষ্ঠানরূপে চালু আছে। সরকার শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠে আয়ুর্বেদীয় শিক্ষার একটি স্নাতকোত্তর কেন্দ্র এবং বিশ্বনাথ আয়ুর্বেদীয় মহাবিদ্যালয়ে একটি আয়ুর্বেদীয় ফার্মাসিষ্টদের শিক্ষণকেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনা করছেন। সরকারের সাহায্য পাবে এমন আয়ুর্বেদীয় চিকিৎসালয়ের একটি প্রকল্প অনুযায়ী ১৯টি আয়ুর্বেদীয় চিকিৎসালয়ে ইতিমধ্যেই অর্থ সাহায্য করা হয়েছে এবং আরও ৫০টি অনুরূপ চিকিৎসালয়ের জন্য অর্থ সাহায্য করার প্রস্তাব আছে। সরকারী পরিচালনায় ১৮টি আয়ুর্বেদীয় চিকিৎসালয় (প্রতি জেলায় ১টি করে এবং কলকাতায় একটি) স্থাপন করার একটি প্রকল্পও আছে।

### হোমিওপ্যাথিক ঃ

১৯৬৩ সালের ওয়েষ্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিষ্টেম অব মেডিসিন আইন অনুসারে গঠিত হোমিওপ্যাথিক কাউন্সিল হোমিওপ্যাথিক চিকিৎসার শিক্ষা এবং পদ্ধতির মান নিয়ন্ত্রণ করে আসছেন। বেসরকারী হোমিওপ্যাথিক হাসপাতাল এবং চিকিৎসালয়গুলিকে যথেষ্ট অর্থ সাহায্য করা হচ্ছে।

আয়ুর্বেদীয় শিক্ষা এবং গবেষণার জন্য আমারা ২২ লক্ষ ৬০ হাজার এবং হোমিওপ্যাথিক প্রতিষ্ঠানসমূহের জন্য ২ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ করেছি। দেশের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আয়ুর্বেদ ও হোমিওপ্যাথিক ব্যবস্থা করার জন্য বিশেষ চিন্তা করা হচ্ছে।

### স্বাস্থ্য বিষয়ক অর্থ ঃ

১৯৬৯-৭০ সালে সরকারের মাথাপিছু স্বাস্থ্য খাতে ব্যয় ছিল ৭ টাকা ৫৭ পয়সা। ১৯৭২-৭৩ সালে এই পরিমাণ দাঁড়াচ্ছে ৯ টাকা ৮ পয়সা, অর্থাৎ মাথা পিছু ১ টাকা ৫১ পয়সা বৃদ্ধি হয়েছে।

আমাদের লক্ষ্য পূর্ণ সবুজ বিপ্লব। একদিকে যেমন লড়াই চলেছে বেকারী দূর করবার—রাস্তাঘাট তৈরী করার, অন্যদিকে জোরদার করা হচ্ছে জনস্বাস্থ্য। দেশ থেকে ব্যাধি দূর করতে চাই পরিবেশের উন্নতি—সুষম খাবার। আশা রাখি আমাদের দেশের জনসাধারণের কাছে আমরা তুলে ধরতে পারবো সুন্দর সতেজ স্বাস্থ্য। আমাদের দেশের ছেলে মেয়েরা ফুলের মত সুন্দর হবে—ক্ষেতে খামারে কাজ করা ভাইরা সতেজ হয়ে উঠবে।

মহাশয়, এই কথা বলে, আমি "২৯—মেডিক্যাল", '৩০—পাবলিক হেল্‌থ" এবং "৩০-এ—পরিবার পরিকল্পনা" খাতের ব্যয় বরাদ্দ সভার অনুমোদনের জন্য পেশ করছি।

[3-00—3-30 p.m. including adjournment.]

**Mr. Speaker**: There are two cut motions on Grant No. 20 and also two cut motions on Grant No. 21. All these cut motions are in order and taken as moved.

**Grant No. 20**

The motion of Shri Prodyut Kumar Mahanti that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion Shri Nasiruddin Khan that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and lost.

**Grant No. 21**

The motion of Shri Prodyot Kumar Mahanti that the amount of the Demand be reduced by Rs. 100 was then put and lost.

( At this stage the House was adjourned for 20 minutes. )

(After adjournment)

[3-30—3-40 p.m ]

**Shri Prodyut Kumar Mahanti** : Sir, on a point of privilege, আজকে Minister, Home Affairs, একটা কোশ্চেনের answer দিয়েছেন—কোশ্চনটা tabled হয়েছে by Abdul Bari Biswas. তার উত্তরটা—আমি টেবিলে পাচ্ছি না। স্পীকার মহাশয়, আপনি সেটা পেয়েছেন কিনা জানিনা। এটা যাতে টেবিলের উপর আসে আপনি সে সম্বন্ধে খোঁজ নিয়ে ব্যবস্থা করবেন বলে আশা করি।

**Mr. Speaker** : আমি এ সম্বন্ধে খোঁজ নিয়ে দেখছি। Now you please just start your speech.

**Shri Prodyut Kumar Mahanti** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের স্বাস্থ্যমন্ত্রী আগামী ১৯৭২-৭৩ সনের স্বাস্থ্য দপ্তরের ব্যয় বরাদ্দের দাবী উপ্থাপন করেছেন। যেহেতু স্বাস্থ্য ব্যবস্থা বা স্বাস্থ্য বিভাগের পরিচালনের ব্যবস্থার মধ্যে গুরুতর ত্রুটি-বিচ্যুতি আছে, সেকথা আমি মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে এই হাউসের সামনে এবং মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার জন্য—একটা ছাটাই প্রস্তাব দিয়েছি এবং সেই ছাটাই প্রস্তাবের সমর্থনে আপনার মাধ্যমে আমার বক্তব্য রাখতে চাইছি। সর্বপ্রথমে আমি রাখি—মাননীয় স্পীকার মহোদয়, আজকে যিনি আমাদের স্বাস্থ্যমন্ত্রী, তিনি তিন মাস হলো এই স্বাস্থ্যবিভাগের দায়িত্ব নিয়েছেন। আমি ব্যক্তিগতভাবে এই স্বাস্থ্যবিভাগের কাজকর্ম নিয়ে তাঁর যে চিন্তা, তাঁর যে ভাবনা এবং তারজন্য যে সময় তিনি দিচ্ছেন এবং যে পরিশ্রম করছেন, তারজন্য সত্যিই তিনি প্রশংসা পাবার যোগ্য। কিন্তু এও আমি বিশ্বাস করি স্বাস্থ্য বিভাগের গলদ সম্বন্ধে তিনি নিশ্চয়ই ইতিমধ্যে ওয়াকিবহাল হয়েছেন। সঙ্গে সঙ্গে তাঁর পরিশ্রম, তাঁর চেষ্টা, তাঁর বুদ্ধির প্রয়োগ আমি দেখতে পাচ্ছি—সবই ব্যর্থ হতে চলেছে।

তিন তিন মাসের মধ্যে কোন উল্লেখযোগ্য পরিবর্তন বা উন্নতি আশা করা যায় না এটা ঠিকই--কিন্তু উন্নতির যে প্রয়াস মন্ত্রী মহাশয়ের কার্যের মধ্যে দেখেছি তাঁর পরিশ্রমের মধ্যে দেখেছি জানি না কি কারণে, এবং কি চক্র সেখানে কাজ করছে যার ফলে তাঁর সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হতে চলেছে, এই ডিপার্টমেন্টকে দুর্নীতিমুক্ত করা যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ১৯৪৩ সালে ভারত সরকার ভারতবর্ষের স্বাস্থ্য দপ্তর কিভাবে পরিচালিত হওয়া উচিত তার জন্য একটি কমিটি নিয়োগ করেছিলেন—সেই কমিটির নাম হচ্ছে ভোর কমিটি। শুধু বাংলা দেশের নয়, সারা ভারতবর্ষের স্বাস্থ্য দপ্তরের কাছে সেই ভোর কমিটির রিপোর্ট বেদস্বরূপ হয়ে আছে।

তার মুখবন্ধে কতকগুলি ফাণ্ডামেণ্টাল কথা বলা আছে যে কি করলে একটা দেশের সুস্থ নাগরিক গড়ে তোলা যায়, কি করলে একটা দেশের সমাজকে ভালভাবে গড়ে তোলা যায়, কি করলে ভবিষ্যৎ নাগরিক সুস্থ সবল হয়ে গড়ে উঠতে পারে। তাতে আছে যে, এমন একটি পরিকল্পনা গ্রহণ করতে হবে, যে পরিকল্পনা রূপায়নের জন্য প্রতিটি গ্রামে সেখানকার জনসাধারণের মধ্যে থেকে ৫ থেকে ৭ জন লোক নিয়ে একটি স্বাস্থ্য কমিটি গঠন করতে হবে। ভারতবর্ষ আজ ২৫ বছর স্বাধীন হয়েছে—তার রজত জয়ন্তী পালিত হতে চলেছে আগামী ১৫ই আগষ্ট—কিন্তু কোন একটি গ্রামে সেই কমিটি হোল না, যা ১৯৪৩ সালে ভোর কমিটি সুপারিশ করেছিল। গ্রামাঞ্চলে দেখছি সরকার অনেকগুলি স্বাস্থ্য কেন্দ্র, সে প্রাথমিকই বলুন আর সহায়ক স্বাস্থ্য কেন্দ্রই বলুন, তৈরী করেছেন ঠিকই অর্থ ব্যয় করে বাড়ী তৈরী করে। এবং সেখানে অর্থ ব্যয় করে কর্মচারী নিয়োগ করেছেন এবং যতটা সম্ভব ঔষধপত্র দেবারও চেষ্টা করছেন। কিন্তু প্রকৃত যাদের জন্য হাসপাতাল তৈরী করলেন সেই গ্রামে নিরক্ষর জনসাধারণ, তাদের কোন উপকার হচ্ছে না। কারণ এই যে সমস্ত লোক এই দপ্তর পরিচালনা করছেন তাদের অব্যবস্থার জন্যই এটা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতার লোক আমি নই—কলকাতার হাসপাতালের খবরাখবর পাওয়া আমার পক্ষে কঠিন। তা সত্ত্বেও গ্রামাঞ্চল থেকে এমন সমস্ত ব্যাধিতে গ্রামবাসীরা পড়ে যার ফলে তাদের কলকাতা হাসপাতালের আশ্রয় গ্রহণ করতে হয়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথা জানাতে চাই যে, এই কয়েক দিন আগে খবরের কাগজে দেখলাম যে সহরে যেখানে শতকরা ২০ জন লোক বাস করে তাদের জন্য ২৬ হাজার বেডের ব্যবস্থা আছে—আর গ্রামাঞ্চলে যেখানে ৮০ জন লোক বাস করে সেখানকার জন্য ১৩ হাজার বেডের ব্যবস্থা আছে। অর্থাৎ যেখানে বেশী লোক বাস করে তাদের জন্য কম বেড আর যেখানে কম লোক বাস করে তাদের জন্য বেশী বেডের ব্যবস্থা আছে। তা সত্ত্বে গ্রামাঞ্চলের লোক যে চিকিৎসার জন্য মফঃস্বলে সুযোগ নাই তার জন্য তাদের সহরে আসতে হয় স্পেশ্যালিষ্টের সুযোগ নেবার জন্য।

[3-40 – 3-50 p.m.]

তারা এসে সেই হাসপাতালে রোগী দেখাবার কোন সুযোগ সুবিধা গ্রহণ করতে পারছে না। কেন না, এখানে যে বেড আছে সেই বেড প্রয়োজনের তুলনায় অপ্রতুল। আমি জানি মফঃস্বলের লোকেরা এখানে এসে এম, এল, এ-কে ধরলেন, মন্ত্রী বা রাষ্ট্রমন্ত্রীকে ধরলেন, তাদের সুপারিশ নিলেন, কিন্তু তা সত্ত্বেও গ্রামাঞ্চলের লোকদের কলকাতার হাসপাতালে ভর্তি করার ব্যবস্থা করা যাচ্ছে না, সেখান থেকে বলে দিচ্ছে যে হাসপাতালে কোন সীট নেই। আমার কথা হচ্ছে শতকরা ৮০ জন লোক আমরা মফঃস্বলে বাস করি, অতএব সেখানে সরকারের বেশী দৃষ্টি দেওয়া উচিত। সেখানে দৃষ্টি না দিয়ে আজকে সহরের বেডের সংখ্যা বাড়ানো হয়েছে বটে, তার ফলে বহু লোক কিছু সুযোগ সুবিধা পাচ্ছে বটে, কিন্তু গ্রামাঞ্চলের সেই সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে তারা বিশেষজ্ঞদের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। মফঃস্বলে বিশেষজ্ঞদের পাঠাবার ব্যবস্থা সরকার এখন পর্যন্ত করে উঠতে পারেন নি। বিভিন্ন মাননীয় সদস্যদের প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয়ের করুণ ভাব ফুটে ওঠে এবং তখন আমরা জানতে পারি যে মফঃস্বলে ডাক্তার পাওয়া যাচ্ছে না, অথবা যদিও ডাক্তার পেলাম তাকে আমরা মফঃস্বলে পাঠাতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন মফঃস্বলের ছেলেরা সহরের মেডিকেল কলেজে পড়বার সুযোগ পায় না। পূর্ব্বে জেলা ভিত্তিক ভাগ ছিল আইনে, কিন্তু এখন মহামান্য সুপ্রীম কোর্টের আদেশ অনুযায়ী সেই জেলা ভিত্তিক আসন বণ্টন তুলে দিতে হয়েছে। কিন্তু এই কথা ঠিক, মফঃস্বলের ছেলেরাও আসন

বণ্টনের দ্বারা চিকিৎসা বিদ্যায় শিক্ষিত হতে পারে যদি তাদের সে সুযোগ দেওয়া হয়, সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমি গতকাল বাজেটে এই কথা বলেছি যে মফঃস্বলের স্কুল কলেজ এবং সহরের স্কুল কলেজের মধ্যে অনেক গুণগত তফাৎ আছে, যার ফলে এই জেলা ভিত্তিক আসন বণ্টন বন্ধ হয়ে যাওয়ায় এক সঙ্গে কম্পিটেটিভ একজামিনেসন গুণগত শিক্ষা বিভাগ থাকার জন্য চিকিৎসা বিদ্যা গ্রহণ করবার সুযোগ খুব কমই গ্রামাঞ্চলের ছেলেরা পাচ্ছে। কলকাতার আবহাওয়ায় মানুষ, কলকাতায় যাদের জন্ম, তারা যেভাবে স্কুল কলেজে শিক্ষা লাভ করেছেন তাতে করে কম্পিটেটিভ একজামিনেসন, এনট্রান্স একজামিনেসন, এ্যাডমিশন একজামিনেসনে কৃতকার্য্য হয়ে যাচ্ছে। কলকাতা বা সহরের মেডিকেল কলেজে যারা পড়ছে তারা গাঁ কাকে বলে জানে না, গ্রামের অবস্থা কি সেটা তাদের জানা নেই, গ্রামে থাকবার মত আবহাওয়া তারা গড়ে তুলতে পারেন নি, ফলে তাদেরকে গ্রামে পাঠানো খুব কঠিন ব্যাপার। পাড়াগাঁয়ের ছেলেরা যদি এইভাবে শিক্ষার সুযোগ পেত, তাহলে গ্রামে আজকে ডাক্তারের অভাব হত না। কাজেই কিভাবে ছেলেদের শিক্ষিত করে তোলা যাবে, গ্রামের মানুষদের জীবন বাঁচানো যাবে সেটা আজকে সরকারের ভেবে দেখা উচিত। সেই জন্য আমি আপনার মাধ্যমে এই ব্যয় বরাদ্দ মঞ্জুরী আলোচনার মধ্যে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়ে।

যে কয়েকটি চিকিৎসা বিদ্যায় শিক্ষিত যুবক medical college থেকে বেরোল তারা যাতে সরকারী চিকিৎসা বিভাগে যোগদান করতে বাধ্য হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রস্তাব করি যখন তাদের ভর্তি করা হবে তখন তাদের অভিভাবকদের দিয়ে হোক বা তাকে দিয়ে হোক, এমন কোন বাধ্যতামূলক ব্যবস্থা করতে যার ফলে তারা চিকিৎসা বিদ্যায় পারদর্শী হবার পরে, পরীক্ষায় উত্তীর্ণ হবার পরে, তাকে ৫ বছর হোক বা ৩ বছর হোক যেটা সরকার ভাল মনে করবেন, আবশ্যিকভাবে সরকারী চিকিৎসা বিভাগে যোগদান করে মফঃস্বলের কোন হাসপাতালে service দেন তার পরে অর্থাৎ service করার পরে চিকিৎসা বিদ্যার শেষ হলে certificate or licence or registration, যাই বলুন না কেন, তা দেবার ব্যবস্থা করতে হবে। শতকরা ৮০ জন লোক যেখানে পল্লীগ্রামে বাস করে সেই লোকদের চিকিৎসা দেবার জন্য, শিক্ষা দেবার জন্য সরকার যখন বদ্ধপরিকর, তখন তাকে বাধ্যতামূলকভাবে এই ব্যবস্থা করতে হবে যাতে পাড়াগাঁয়ের লোকদের চিকিৎসা করার জন্য specialist লোকেরা যেতে পারে। আর শুধু বাধ্য করলেই হবে না, আজকে মফঃস্বলের হাসপাতালগুলিতে আমরা কি দেখছি? আমরা দেখছি যে ডাক্তারগুলিকে পাঠাবার ব্যবস্থা হল, কিন্তু তাদের থাকবার মত ব্যবস্থা নেই। P.W. Dept. যে বাড়ী করে দিলো সেই বাড়ী এত ত্রুটিপূর্ণ যে এক বছর যেতে না যেতে ফেটে চৌচির হয়ে গেল। ডাক্তার ছেলেমেয়ে নিয়ে সেখানে থাকতে পারলো না এক পশলা বৃষ্টি হলে। আর দেখা যাচ্ছে যে সেখানে জলের ব্যবস্থা নেই। আর হাসপাতাল যদি সুদূর পল্লীগ্রামের মধ্যে হয় বাস থেকে নেমে বা ট্রেন থেকে সেখানে যাতায়াতের কোন ব্যবস্থা নেই, তার family অন্য জায়গায় থাকে সেখানে কারো অসুক বিসুক করলে তার তাড়াতাড়ি যাবার কোন ব্যবস্থা নেই। অতএব যদি পাড়াগাঁয়ে হাসপাতাল ঠিকভাবে চালাতে হয়, যদি গ্রামের লোককে সুযোগ সুবিধা দিতে হয়, তাহলে বাড়ী করার সঙ্গে সঙ্গে সেই বাড়ী ঠিকমত হল কিনা, রাস্তাঘাট ঠিকমত হল কি না, হাসপাতালে ডাক্তার ভালভাবে থাকতে পারলো কিনা, সেটা দেখতে হবে। গ্রামাঞ্চলে দেখেছি হাসপাতালে যে ঔষধ দেওয়া হয় তার মধ্যে যা common drug তা সেখানে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকাল ডাক্তারখানায় গেলেই তারা দেখেন যে Blood pressure ঠিক আছে কিনা। কিন্তু অধিকাংশ মফঃস্বলের হাসপাতালে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সেই blood pressure

দেখার যন্ত্র নেই। ডাক্তারবাবুর কাছে গেলে তিনি বলেন, যে রোগে তুমি ভুগছো সেটা ক্রিমির জন্য ভুগছো, warms এর জন্য ভুগছো। সেই ক্রিমির জন্য যে সাধারণ drug sodibicarb, এগুলি common drug এগুলি পাওয়া যায় না। এগুলি supply করার কোন ব্যবস্থা নেই। ঔষধ সরবরাহ ব্যবস্থা সেটা ত্রুটিপূর্ন। যেসমস্ত ঔষধ হাসপাতালে দেওয়া হয় সাধারণতঃ দেখা গেছে সেগুলি হচ্ছে ফরেন কোম্পানীর drug। সরকার টাকা বরাদ্দ করছেন ঔষধ কেনার জন্য কিন্তু ঘুরে ঘুরে দেখা যাচ্ছে সেই সমস্ত অর্থ ব্যয় হচ্ছে স্বাস্থ্য দপ্তরের মারফত ঔষধ কেনার জন্য সবগুলি বিদেশী কোম্পানীর হাতে গিয়ে পড়ছে। অর্থাৎ আমাদের দেশের penicilin or teramycin or streptomycine এই সমস্ত জিনিষ তৈরী করবার ব্যবস্থা আজ পর্য্যন্ত করে উঠতে পারলেন না। এবং যার ফলে আমাদের বরাদ্দ টাকা সমস্ত গিয়ে পড়ছে বিদেশী কোম্পানীর হাতে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কলকাতা medical college-গুলিতে দেখছি যে বিশৃঙ্খলা। কয়েকদিন আগে মাননীয় মন্ত্রী বললেন যে ১৯৬৭ সালে National Medical College-কে সরকার নিয়েছেন। নেওয়া উচিত। medical college গুলি কোন ব্যক্তিগত ব্যবস্থাপনায় থেকে কোন কাজ করতে পারে না এটা আমরা বিশ্বাস করি। এটা সরকার নিয়েছেন ভাল কথা। কিন্তু সরকার নেওয়ার সঙ্গে সঙ্গে যে report তৈরী হয়েছিলো, যে report অনুসন্ধান committee করেছিলেন সেই enquiry report আজকে এমনই সরকারী অব্যবস্থা, সরকারের এমনই ব্যর্থতা যে, সেই report-টি Writers' Buildings থেকে হারিয়ে গেল। তার কিছু কিছু copy cyclostyle হয়ে এই বিধান সভা ভবনে আমরা পেলাম। তার মধ্যে দেখছি, সত্য-মিথ্যা জানিনা, মন্ত্রী মহাশয় সেই report-এ দেখবেন, এই হাসপাতাল হাতে নেবার পরে যেখানে ৩০ লক্ষ টাকা খরচ হত বছরে সেই খরচ বেড়ে ১১০ লক্ষ হল। অর্থাৎ ৮০ লক্ষ টাকা খরচ বেড়ে গেলো। কিন্তু গুণগত কোন উন্নতি হলনা, ঔষধ বেশী পেল না, ছাত্র বেশী ভর্ত্তি হতে পারলো না, কর্মচারী বেশী নিয়োগ হ'ল না, যে দু'একজন কর্মচারী নিয়োগ হল সেগুলি সমস্তই irregular ভাবে নিয়োগ হল। এটাই committee report-এ দেখা গেল। এটা সত্যি কি মিথ্যা মাননীয় মন্ত্রী মহাশয় জানতে পারবেন। একথা আপনার কাছে বলি সরকার নিলো, খরচ বাড়লো অথচ গুণগত কোন উন্নতি হল না।

[3-50—4-00 p.m.]

কিন্তু সেখানে কোন উন্নতি হলোনা, ঔষধ বেশী পেল না, ছাত্র বেশী ভর্ত্তি হতে পারলনা, বেশী কর্মচারী নিয়োগ হলো না। যে সমস্ত কর্মচারীরা নিয়োগ হলো তারা সম্পূর্ণ ইরেগুলার পদ্ধতিতে হলো এই রিপোর্টের মধ্যেই আছে এইটা সত্য কি মিথ্যা মন্ত্রী মহাশয় বলতে পারবেন। সরকার নিলেন অথচ কোন কিছুই হলো না, এমন কি কমিটির যে রিপোর্ট কেবল সেই রিপোর্ট রাইটার্স বিল্ডিংস থেকে হারিয়ে গেল। যে কর্মচারী এর জন্য দায়ী সেই কর্মচারীকে আজ পর্য্যন্ত শাস্তি দেওয়া হলো না। তাই বর্দ্ধমান মেডিকেল কলেজ-এর খবর আজকে সেখানকার ভাইস চান্সেলর ছুটে আসছে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে। সেখানকার কিছু কর্মচারী এবং যুব কংগ্রেস বলে কিছু ছেলে তারা বিক্ষোভ করছে ঘেরাও করে রেখেছে, কি না তাদের কথা মত এ্যাপয়েন্টমেন্ট দিতে হবে, আর অধ্যক্ষ মেডিকেল কলেজের তিনি রাজি হচ্ছেন না বলে তিনি ভাইস চান্সেলরের শরণাপন্ন হয়েছিলেন, আর ভাইস চান্সেলর কোন কিছু করতে না পেরে স্বাস্থ্য মন্ত্রীর কাছে ছুটে এসেছিলেন এই তো অবস্থা। এই অবস্থা দূর করতে না পারলে শীঘ্রই বিশৃঙ্খলা দেখা দেবে। টাকা বরাদ্দ করলেই সেই টাকা ঠিক মত ব্যয় হয় না। মহামান্য

স্পীকার মহাশয়, আপনি জানেন ভোর কমিটির রিপোর্টের মধ্যে ছিল টি, বি, রোগী ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে পশ্চিম বাংলায়। হিসাব নিলে আপনি দেখতে পাবেন, আমাদের মেদিনীপুর জেলায় দিনের পর দিন টি, বি, রোগীর সংখ্যা বেড়ে চলেছে। তার কারণ কেবলমাত্র রোগের আক্রমণ নয়, তার কারণ মেলনিউট্রেশন, ইলনিউট্রেশন এবং বিভিন্ন কারণ আছে। যে সমস্ত টি, বি, রোগের হাসপাতালগুলি করেছেন—আমি জানিনা মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় এর কিছু দিন আগে ডিগ্রী টি, বি, হাসপাতাল পরিদর্শনে যাওয়ার কথা ছিল, গিয়েছিলেন কিনা জানিনা, তাঁর পরিদর্শন করবার ৩ দিন আগে আমি ডিগ্রী হাসপাতালে গিয়েছিলাম, সেখানে দেখলাম রোগীর কাছে কুকুর শুয়ে আছে, গরু শুয়ে আছে এবং সেখানে ঐ সব টি, বি, রোগীদের ফেলে দেওয়া পাতা কাগজ, ইত্যাদি খাচ্ছে। একজন ডাক্তারবাবুকে দেখলাম রাস্তায় ঘুরছে উন্মত্ত অবস্থায়, আফিন বা মদ খেয়েছেন কিনা জানিনা, তিনি নাকি প্যাথেলজি বিভাগের লোক কিন্তু সেখানে কোন ব্যবস্থা নাই। কিছু দিন আগে পর্যন্ত সেই হাসপাতালে ফল দেওয়া হতো টি, বি, রোগীদের। আজকে সেখানে ফল দেওয়ার ব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়েছে, ফল দেওয়া হচ্ছে না। তার সাবসটিচুট কি দেওয়া হচ্ছে আমি জানিনা, মন্ত্রী মহাশয় বলতে পারবেন। আমরা দেখতে পাচ্ছি এইভাবে প্রতি যায়গায় মন্ত্রী মহাশয়ের সদিচ্ছা থাকলেও, মন্ত্রী মহাশয় পরিশ্রম করলে অনেক চেষ্টা করলেও যে গলদ যে আমলাতন্ত্র এর উপর চেপে বসেছে সেই চক্রকে ভাঙ্গার সামর্থ্য হচ্ছে না আমাদের সরকারের, আমাদের মন্ত্রী মহাশয়ের। তাই আমি এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা জিনিস হচ্ছে আমি বলব জন্মনিয়ন্ত্রণ সম্বন্ধে। আমাদের বাজেটে দেখেছি, আপনি জানেন এই জন্মনিয়ন্ত্রণ করবার জন্য কিছু দিন আগে পর্যন্ত সরকার যাদের অপারেশন হবে তাদের ১৮ টাকা দিতেন, আর যে ডাক্তার অপারেশন করবেন তাকে ৫ টাকা দিতেন, তার ফলে অনেক উৎসাহিত হয়ে ফ্যামেলি প্ল্যানিংএর জন্য আসত ডাক্তার খানায় বা ডাক্তারের কাছে। কিন্তু এর মধ্যে গুরুতর ত্রুটি ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন এবং এই হাউসে যাঁরা ডাক্তার সদস্য আছেন তাঁরা জানেন যে ৪০ বছর ৪৬ বছর-এর মেয়েদের বয়স হবার পর আর অপারেশন করবার কোন প্রয়োজন হয় না। কিন্তু এই টাকার লোভে ১৮ টাকা পাবেন এবং ডাক্তার পাবেন ৫ টাকা আর যে ধরে নিয়ে যাবেন সে পাবেন ৩ টাকা, এই সমস্ত লোকদের ধরে নিয়ে গিয়ে অপারেশন করান হতো, দিনে ৩টি অপারেশন করলেই ডাক্তারের ৫৪ টাকা পাওয়া যেত। এও দেখা গিয়েছিল। সেই রকম দোষ ত্রুটির কথা কিছু কিছু জানি। রিসেন্টলী জুলাই মাসে বোধ হয় একটা সারকুলার দিয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সেই ব্যবস্থা বন্ধ করে দিয়েছেন। বন্ধ করা ঠিক নয় বলে আমি মনে করি। কিন্তু এই ত্রুটি যা আছে, যে ত্রুটির দ্বারা ফ্যামিলি প্লানিং বিভাগে অর্থের অপচয় হতো সেটা বন্ধ করা যেমন দরকার তেমনি জন্ম নিয়ন্ত্রণে যাতে উৎসাহ পায় সেটার জন্য কি ব্যবস্থা করা যায় সেটা তাঁর ভাষণে উল্লেখ থাকা উচিত ছিল। ফ্যামিলি প্ল্যানিং-এর জন্য যে কর্মচারী নিয়োগের ব্যবস্থা আছে সেটা একটা বিরাট ব্যাপার। অঞ্চলে অঞ্চলে কখনও কখনও দু-তিনটি অঞ্চলে অনেক লোক নিয়োগ করা হয়। কিন্তু সেই কর্মচারী নিয়োগ করা হয় যাদের তারা এমন অশিক্ষিত, এমন অজ্ঞ যে ফ্যামিলি প্ল্যানিং-এর বিষয়ে তারা কোন রকমে উৎসাহিত করতে পারে না। যে সমস্ত কন্ট্রাসেপ্টিভ বেরিয়েছে সেগুলো ঠিক কাজে ব্যবহার করা উচিত। আজকে এই সমস্ত কনট্রাসেপটিভ সমাজের অবনতির কারণ হয়েছে। অতএব মন্ত্রী মহাশয়কে স্পীকার মহাশয় আপনার মাধ্যমে বলছি আজকে তিনি যে টাকা চেয়েছেন সেগুলো যাতে ঠিকমতো ব্যয় হয় এবং যে সমস্ত অব্যবস্থা দুর করার জন্য যে দৃঢ় ব্যবস্থা নিয়েছেন এবং যে পরিশ্রম করছেন সেই পরিশ্রম যাতে সার্থক হয় সেজন্য তাঁর এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগৌতম চক্রবর্তী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী আজকে যে বাজেট বিল এনেছেন সেই বাজেট বিলকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। সমর্থন জানাতে ভালো লাগছে এই কারণে যে আমরা দেখছি ১৯৬৭, ১৯৬৯ সালে জনদরদী নাকি মেহনতী মানুষের যে সরকার অর্থাৎ যুক্তফ্রন্ট সরকার যে গঠিত হয়েছিল সে যুক্তফ্রন্ট গরীবের কথা বলেছে অথচ গরীব মানুষের জন্য সত্যিকার কোন কাজ করে যেতে পারেননি। ১৯৭২ সালে প্রগতিশীল সরকার প্রতিষ্ঠিত হলে আমাদের ভাবতে ভাল লাগছে, বাজেট দেখে আনন্দ লাগছে। সমাজের সবচেয়ে নীচু স্তরে যারা ১০০ টাকার নীচে এবং ক্লাস থ্রি স্টাফ ও ক্লাস ফোর স্টাফদের জন্য আলোর ব্যবস্থা করা হয়েছে। তাই বাজেট আলোচনা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও কতকগুলো ব্যাপারে দৃষ্টি দিতে অনুরোধ করছি। ক্লাস ফোর স্টাফদের লাইটের ব্যবস্থা হয়েছে, ইলেকট্রিসিটির ব্যবস্থা হয়েছে। এখানে আজকে যে সমস্ত মাননীয় সদস্য আছেন হসপিটালে যে সমস্ত বন্ধু এবং কর্মচারী কাজ করেন তাদের জন্য জায়গার বা সমস্ত কর্মচারীর সাথে এক করে দেখলে ঠিক হবে না। যে সমস্ত ষ্টাফ হাসপাতালে কাজ করেন তাদের অন্য দৃষ্টিভঙ্গীতে দেখতে হবে। এই সমস্ত স্টাফ হাসপাতালের ষ্টাফদের সঙ্গে মানবিকতার একটা প্রশ্ন আছে। কারণ যে সমস্ত রোগী ভর্তি হচ্ছে শুধু তাদের জীবন নির্ভর করছে না তার সাথে তার পরিবারের চার পাঁচ জনের জীবনও নির্ভর করছে। যে সমস্ত কর্মচারীরা সেবার কাজ করছেন তাদের মিনিমাম সুযোগ সুবিধা দেওয়া দরকার। আমি বিভিন্ন হাসপাতালের কর্মচারীদের সঙ্গে যুক্ত হয়েছি। তাদের সম্বন্ধে কিছু কিছু কথা বলতে চাই। ক্লাস ফোর কর্মচারীদের শতকরা ৯০ জন কর্মচারীর কোয়ার্টারস নেই, বহু জায়গায় শুনেছি ডাক্তারের কোয়ার্টারস নেই।

[4-00 to 4-10 p m.]

তাই আপনার কাছে অনুরোধ করছি যে আপনার বাজেটে এটা উল্লেখ থাকা উচিত ছিল যে আগামী দিনে প্রত্যেকটি হাসপাতালে প্রত্যেকটি staff-এর জন্য quarter থাকবে। আমি যুব প্রতিনিধি, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, বাংলাদেশে যারা অরাজকতা মুছে দিল সেই সমস্ত যুবক ও ছাত্রবন্ধুদের সম্বন্ধে বিশেষ কথা নেই। কোলকাতায় Students Health Home আছে। সেসব কি ভাবে চলে জানি না। সেখানে college বা অন্য কোন students গিয়ে চিকিৎসা ব্যবস্থা করাতে পারেন কি না জানি না। সেখানকার অব্যবস্থা সম্বন্ধে তিনি কোন কথা বলেননি। সঙ্গে সঙ্গে এই দাবী করছি যে বাংলা দেশের প্রত্যেকটি জেলা, সদর, মহকুমায় Students Health Home খোলা দরকার। Youth-দের স্বাস্থ্যের দিকে দৃষ্টি না দিয়ে শুধু যদি বলা হয় যে ভারতবর্ষ, বাংলাদেশের ছাত্র সমাজকে এগিয়ে আসতে হবে তাহলে কিছুই হবে না। সে সমস্ত যুবক ও ছাত্র যদি তারা স্বাস্থ্য বাঁচিয়ে না রাখতে পারে তাহলে কোনদিনই ভারতবর্ষে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে না। এই প্রসঙ্গে বলতে চাই গ্রামাঞ্চলে এমন বহু স্কুল আছে যে স্কুলের ছাত্ররা ৩।৪ মাইল হেঁটে গিয়েও চিকিৎসা ব্যবস্থা করাতে পারে না। তাই আপনার মাধ্যমে অনুরোধ করছি প্রত্যেকটি জেলায় এমন কতকগুলি ভ্রাম্যমান চিকিৎসা কেন্দ্র থাকা দরকার যাতে ২।৩ মাস অন্তর college ও school students-দের স্বাস্থ্য examine করতে পারে। এরপর nursing staff-দের কাছে যখন যাচ্ছি তারা বলছে আমাদের থাকার কোন সুব্যবস্থা নেই। কিন্তু সরকার সেদিকে দৃষ্টি দিচ্ছেন না। আমাদের বহু staff কম। বাংলাদেশের বহু মা-বোন আছেন যারা সেবা করতে রাজী আছেন। তাই বলছি শুধুমাত্র nursing centre খুললে হবে না nursing course-

এর জন্য শিক্ষাকেন্দ্র খোলা দরকার। সুতরাং বাংলা দেশে আরও ৫টা nursing শিক্ষাকেন্দ্র খোলা হবে একথা তাঁর বক্তৃতায় থাকা উচিত ছিল। আপনার মাধ্যমে আরো কতকগুলি ব্যবস্থার Health Minister-কে দৃষ্টি দিতে বলছি। শহরাঞ্চলে বিভিন্ন জায়গার হাসপাতালে bed-এর সংখ্যা তিনি বাড়াবেন। এই বিরাট পদক্ষেপের জন্য তাঁকে স্বাগত জানাচ্ছি। কিন্তু দুঃখের সঙ্গে বলছি বাংলা দেশের বিভিন্ন গ্রামাঞ্চলে যে সমস্ত subsidiary hospital, primary hospital আছে তাদের হাত পা বাঁধা হয়ে গেছে। তিনি বলছেন subsidiary hospital-এ ১০টার বেশী বেড বাড়াতে পারব না। কিন্তু ডাক্তাররা বলছেন রুগীদের service দিতে প্রস্তুত আছি ও সরকার থেকে যদি অনুমোদন করেন তাহলে ১০ থেকে ১৫ট বেড করতে পারি এবং তাহলে গ্রামাঞ্চলের মানুষেরা সুন্দরভাবে চিকিৎসা ব্যবস্থা পাবে। এটা করলে সদর হাসপাতালে রুগীর ভিড় দিনের পর দিন কমে যাবে। আপনার মাধ্যমে আরও কতকগুলি বিষয়ে Health Minister-এর দৃষ্টি আকর্ষণ করছি। শুধু হাসপাতালে বেড বাড়ালেই চলবে না অন্য ব্যবস্থা করাও প্রয়োজন আছে। আমরা বিভিন্ন হাসপাতালে দেখেছি ঠিক মতন চিকিৎসা হচ্ছে না। বিভিন্ন হাসপাতালে prescription দিয়ে ডাক্তাররা বলেন যে বাহির থেকে এ ওষুধ কেনো—এ ওষুধ বাংলা দেশে, ভারতবর্ষে পাওয়া যায় না, হাসপাতালেও নেই। কিন্তু দুঃখের সঙ্গে বলছি আমাদের Health Minister একথা বলেননি যে হাসপাতালে যে সমস্ত corruption আছে, bureaucrats-রা রুগীদের দিনের পর দিন যেভাবে নির্যাতন করছে তাতে সে সমস্ত রুগীদের বাঁচাবার জন্য corrupted officer-দের বিরুদ্ধে শাস্তি বিধানের ব্যবস্থা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বাস্থ্য বাজেটকে সমর্থন জানিয়েছি কিন্তু সেই সমর্থন জানানর সাথে সাথে আরো কতকগুলি ব্যাপারে আপনার দৃষ্টি নিবদ্ধ করতে চাই। এখানে বহু সদস্য আছেন যাঁরা হেলথ মিনিষ্টারের কাছে গিয়ে বলেছেন আমাদের সাবসিডিয়ারী হাসপাতালে ডাক্তার পাওয়া যাচ্ছে না, প্রাইমারী হেলথ সেণ্টারে ডাক্তার পাওয়া যাচ্ছে, অত্যন্ত আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে তিনি উত্তরবঙ্গ এবং বর্ধমানে দুটো মেডিক্যাল কলেজের ব্যবস্থা করেছেন। যখন বাংলাদেশের বহু যুবক, ছাত্র দেশকে সার্ভিস দিতে প্রস্তুত, যখন হাজার হাজার এ্যাপ্লিকেশান পড়ছে, হাজার হাজার ছেলে ফার্স্ট ডিভিসানে পাশ করে বলছে যে আমরা মেডিক্যাল পড়তে চাই, আমরা দেশকে সার্ভিস দিতে চাই, তখন স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের তরফ থেকে দুটো মেডিক্যাল কলেজের কথা বলা হল, কেন একথা বলা হল না যে দরকার হলে প্রত্যেকটি জেলায় একটা করে মেডিক্যাল কলেজের ব্যবস্থা করা হবে? আগামী দিনে এমন দিন আসতে পারে যেদিন আমাদের হেলথ মিনিষ্টার শতকরা ০·৮০ পার্সেন্টের জন্য একটা করে বেড দিতে পারবেন। আমরা যদি বেশী সংখ্যায় মেডিক্যাল ষ্টুডেন্ট বাড়াতে পারি, বেশী সংখ্যায় ডাক্তার বাড়াতে পারি তাহলে ট্রিটমেন্টের সুযোগ সুবিধা আরো বেশী করে দিতে পারব। সব শেষে হেলথ মিনিষ্টার যে বাজেট এনেছেন সেই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ এ, এম, ও, গনি:** মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ হাউসের সামনে পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। তিনি তাঁর আশাপূর্ণ ভাষণে গত বছরের বাজেটের সঙ্গে এবছরের বাজেটের তুলনা করেছেন, আমি ৪ বছরের সঙ্গে তুলনা করে বলতে চাই এবারে উনি সেই বাজেট থেকে ৩৩ পার্সেন্ট বেশী টাকা দাবি করেছেন। কিন্তু তাতেও কি কুলাবে? মন্ত্রী মহাশয় ভাল করে জানেন যে আমাদের রাষ্ট্রে স্বাস্থ্য এবং চিকিৎসা সমস্যা কত জটিল এবং কত কঠিন। সেই সমস্ত দিক থেকে ঐ টাকায় কুলাতে পারবেন কিনা জানি না, পারবেন যদি আপনি ধার্য টাকা সুষ্ঠুভাবে ব্যয় করতে

পারেন, সমস্ত লিকেজ, ওয়েষ্টেজ বন্ধ করতে পারেন। আমাদের রাষ্ট্রে বিশেষ বিশেষ ব্যাপার আছে। সকলেই জানেন যে আমাদের এই দেশ কৃষি প্রধান দেশ। কিন্তু কেউ বলে না যে আমাদের এই দেশটা নদী প্রধান দেশ। এই দেশের মত এত নদী ভারতবর্ষের আর কোন রাষ্ট্রে নেই। আর একদিকে আমরা দেখছি আমাদের এই রাষ্ট্র একটা শরণার্থী প্রধান দেশ হয়ে গেছে। যখন তখন শরণার্থীরা আসে। এজন্য চিকিৎসা সমস্যা আরো জটিল হয়ে উঠে। সেইসব দিকে নজর রেখে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই নদীতে কি হয়—নদীর জলের স্রোতে যে রোগ আছে সেগুলি নদীর দুইধারে যতগুলি গ্রাম ও শহর আছে সেগুলিতে ছড়িয়ে পড়ে, যেমন কলেরা, ডিসেন্ট্রি, টায়ফয়েড ইত্যাদি। যেগুলি জঙ্গল এলাকা রয়েছে, পাহাড়তলী এলাকা, ডোবা রয়েছে সেখানে মশা বিড করে। আপনাদের মশা কণ্ট্রোলের ব্যবস্থা আছে, যদিও ম্যালেরিয়া সমস্যা শেষ হয়ে এসেছে, কিন্তু এই সমস্ত অঞ্চলে এখনও আছে, ফাইলেরিয়াও আছে। সেদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে যান-বাহন এবং যাতায়াত অত্যন্ত কঠিন, সেজন্য আমাদের রুর‍্যাল হেল্‌থ সার্ভিস ফেস করতে হচ্ছে অনেক অসুবিধার মধ্যে। রুরাল হেল্‌থ সার্ভিস সম্বন্ধে বলতে গিয়ে আমি এটুকু বলতে চাই মন্ত্রী মহাশয় জানেন এবং বলেছেন গ্রামাঞ্চলে হেল্‌থ সেণ্টারে এবং সাব-ডিভিসনাল হাসপাতালে ডাক্তার, নার্সকে পাঠান এখনও সমস্যা আছে। উনি অনেক চেষ্টা করেছেন কিন্তু সেই সমস্যা এখনও আছে। একটা প্রস্তাব আছে নূতন নূতন পাশ করা ডাক্তারকে ওখানে পাঠাতেই হবে। আমি সেটাকে খুব সমীচীন মনে করি না। হয়ত এম, বি পাশ করলে ডাক্তার হওয়া যায় কিন্তু একা গ্রামে বসে জীবনমরণের দায়িত্ব সম্পূর্ণভাবে নেওয়া ঐ যুবকের পক্ষে কঠিন। তাঁরা শহরের বড় হাসপাতালে যদি প্র্যাকটিস, চাকরি করেন তাহলে তাঁরা অনেক সুবিধা পান, তাঁদের চেয়ে অনেক সিনিয়ার ডাক্তারদের সুপারভিসান পান, পরামর্শ পান, ডাইরেকসান পান, এবং ইনভেসটিগেসানের সুবিধা হয় যেগুলি গ্রামের ভেতর বসে পাওয়া যায় না।

[4-10 – 4-20 p.m.]

এই সব ডিফিকালটি আছে। ওখানে যে থাকার অসুবিধা আছে তা নয়, কারণ বহু ডাক্তার নূতন নূতন পাশ করেছেন তাঁরা গ্রামের লোক, তাঁরা গ্রাম জীবনে অভ্যস্ত। কিন্তু এছাড়া আরও কতকগুলি কারণ আছে, সেইজন্য আমি বেশী সমীচীন মনে করছিনা এবং সে সম্বন্ধে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি গত রাজ্যপালের ভাষণের আলোচনার সময় বলেছিলাম যে ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েসন সব রকম সাহায্য করতে প্রস্তুত আছে। তাঁদের সঙ্গে কোন দিন পরামর্শ করেছেন কি ? অন্যান্য ষ্টেটে এই ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েসনের যে স্টেট ব্রাঞ্চ আছে তারা সব সময় কনষ্ট্রাকটিভ সাজেসন সেখানকার হেল্‌থ মিনিস্ট্রীকে দিয়েছে এবং অনেক জায়গায় সেগুলি গৃহীত হয়েছে। জুন মাসের ১৬ তারিখে ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েসনের যে জার্নাল বার হয়েছে তার একটা শিরোনামা হচ্ছে রিভিউ অব রুরাল হেল্‌থ প্রোবলেম ইন ওয়েষ্ট বেঙ্গল। তাতে কয়েকটি কথা তিনি লিখেছেন যেটা আমি আপনার পার্মিসন নিয়ে তার কয়েকটি লাইন পড়ে শোনাচ্ছি। এতে উনি বলেছেন—

Up till now neither the State Governments nor the Central Government have cared to sit with the Indian Medical Association in all seriousness to come out of the impasse nor have they put forward any concrete programme except the Bill which seeks to give recognition to the quacks and the unqualified practitioners as a solution to rural health problem the biggest hox, a civilised Government has ever given to its people.

তারপর উনি সাজেসন দিচ্ছেন—

(i) Local registered medical practitioners practising in rural areas may be absorbed or appointed in Rural Health Centres on part-time basis.

(ii) Medical practitioners willing to settle in rural areas for practice may be given sudsidy for a period of five or 7 years or loan through nationalised banks on very easy terms as has been proposed by the Rajasthan, Kerala and some other States.

(iii) Young doctors entering Government service should be given assurance of early promotion, extra increments, additional incentives for their services in rural areas as it was introduced by late Dr. B. C. Roy.

স্যার, এটা ডাঃ বিধান চন্দ্র রায়ের পরিকল্পনা ছিল। কিন্তু দুঃখের বিষয় তাঁর সময়ে যাঁরা আমলা ছিলেন তাঁরা এই জিনিস কার্যকরী হতে দেননি। আমি মন্ত্রীমহাশয়কে সাবধান করছি আপনারও আমলা রয়েছেন যাঁরা ওখান থেকে আমাদের দিকে তাকাচ্ছেন, তাঁরা কি এইসব সুন্দর সুন্দর কথা যা আপনি আপনার ভাষণে বলেছেন সেগুলি করতে দেবেন? কাজেই আপনি এই বিষয়ে কড়া নজর রাখবেন। তারপর ফোর্থ সাজেসন উনি দিচ্ছেন—

(iv) It should be made a precondition for medical service in the State Medical Service cadre that each entrant shall have to serve in rural areas for at least 3 years.

(v) Reservation of 10 per cent of seats in medical colleges should be stipendiary and earmarked for the boys executing bonds for serving in rural areas for at least 5 years.

এগুলি হল ওঁর সাজেশন। কিন্তু আর একটা অসুবিধা আছে যেটা আপনার হাতে। ওই সব জায়গায়, যন্ত্রপাতি ছেড়ে দিন, এমন কি সাধারণ ঔষধ পর্যন্ত পৌছান যায় না যে কথা এখনই আমার পূর্ববর্তী বক্তা বলেছেন। হেলথ সেণ্টার সম্বন্ধে আমরা জানি প্রাইমারী হেল্‌থ সেণ্টার ২৮৬টি, সাবসিডিয়ারি ৫২১টি রয়েছে। আপনারা আর ৩৫টি প্রাইমারী এবং ৭৩টি সাবসিডিয়ারী করছেন—অর্থাৎ টোটাল হবে ৯১৫টি। কিন্তু আমাদের রাষ্ট্রে গ্রাম আছে ৩৮ হাজার ৪৫৪টি। এর মানে কি দাড়ায়? প্রত্যেক সেণ্টারকে ৪২টি গ্রামের জন্য কাজ করতে হবে। আমাদের গ্রামের যানবাহনের যে অবস্থা তাতে এটা অসম্ভব যদি না আপনি প্রত্যেক ব্লকের সঙ্গে একটি করে ফুললি ইকুইপ্‌ড মোবাইল ইউনিট না দেন। এই জিনিস যদি না করেন তাহলে গ্রামের ভেতরে যে সিরিয়াসলি অসুস্থ রোগী রয়েছে সে হেল্‌থ সেণ্টারে যেতে পারছে না বলে বিনা চিকিৎসায় মারা যাবে। আর্বান হেল্‌থ সেণ্টার সম্বন্ধে আমি এখন বেশী কিছু বলছি না। তবে কোলকাতায় এটা আমরা ভোগ করছি, এতে ত্রুটি আছে, কাজেই এগুলির উন্নতি করতে হবে। আর একটা জিনিস দেখছি বহু হাসপাতালের কম্পাউণ্ড-এ আনসোস্যাল এলিমেণ্টরা আড্ডা গড়ে তুলেছে এবং যার জন্য হাসপাতালের আবহাওয়া ভাল নয়।

আর একটা জিনিস বহু দিন থেকে বলে আসছি যে আমাদের হাসপাতালের রোগীদের জন্য

একটা সেন্ট্রাল কণ্ট্রোল রুম থাকা দরকার। পুলিশের আছে হেড কোয়াটার্সে কন্ট্রোল রুম। এতে হঠাৎ কোন সিরিয়াস অসুখ কিম্বা এ্যাক্সিডেন্ট হলে ঐ কন্ট্রোল রুমের মাধ্যমে তাড়াতাড়ি তাদের কাছে যদি মেডিক্যাল এড পৌঁছান যায় এবং তাকে কোন হাসপাতালে ভর্তি করা যাবে সেই ব্যবস্থা যদি ঐ কন্ট্রোল রুম থেকে হয় তাহলে কি হবে? ঐ সব সিরিয়াস রোগীদের নিয়ে এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে টানা হ্যাঁচড়া করতে হয় না। নাম্বার অব বেডস্-এর কথা আপনি বলেছেন। আমাদের রাষ্ট্রে আছে ৪০২৮০, তার মানে হাজার প্রতি '৯। মুদালিয়ার কমিটির রিপোর্টে টারগেট ছিল হাজার প্রতি ১. আমরা তার প্রায় কাছে এসে গিয়েছি। আপনি আরো বেডের ব্যবস্থা করছেন। ভারতবর্ষের মধ্যে সব চেয়ে বেড পপুলেশনের প্রোপোরসনে আমাদের রাষ্ট্রেই আছে। তবে এটা সত্যি কথা যে ইউরোপে এবং আমেরিকায় ও অন্যান্য দেশগুলিতে আরো বেটার, বিশেষ করে সমাজতান্ত্রিক দেশে অনেক ভাল অবস্থা, সেখানে ৫০০ প্রতি একটি শয্যা। কোন কোন জায়গায় ৪০০ প্রতি একটা শয্যা আছে, কিন্তু এই জিনিসটায় আমরা কাছাকাছি যাওয়ার চেষ্টা করছি এবং এতে আপনি সফল হবেন আমরা আশা করছি। তারপর আমাদের রাষ্ট্রের যে আর্থিক অবস্থা তার কথা চিন্তা করে আমি একটা সাজেশন হিসাবে দিচ্ছি আপনি ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্ট আরো ব্যাপকভাবে করার কথা চিন্তা করছেন না কেন। এতে ঐ ইট পাথর লোহায় টাকা খরচ না করে অন্যভাবে অনেক কম খরচে বেশী হেল্থ সার্ভিস দিতে পারবেন, বিশেষ করে গ্রামে যদি ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্ট আরো ব্যাপকভাবে করা যায়। হাসপাতালগুলিকে ষ্ট্যাণ্ডারাইজ করার কথা আপনি নিজেই স্বীকার করেছেন এবং এটা সকলেই জানেন যে এটা হলে ঐ যে বাইরে থেকে রোগীগুলি—শুধু কলকাতাতেই আসে না, কলকাতার বিশেষ বিশেষ হাসপাতালে বাস করে সেটা কিছুটা চেক করা যাবে। আর এটা আমাদের রাষ্ট্রের জন্য সম্ভব। আমাদের রাষ্ট্রে নূতন পাশ করা হাইলি কোয়ালিফায়েড ডাক্তার, স্পেশালিষ্টের অভাব নেই, এদের সকলকেই যদি ব্যবহার করা যায় তাহলে এই হাসপাতালগুলিকে একটা ষ্ট্যাণ্ডারে নিয়ে আসতে পারবেন। নিউট্রিশন একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, বিশেষ করে যারা গ্রোয়িং এজের রয়েছে। আপনি জানেন, অধ্যক্ষ মহাশয়, সেদিন ঐ হাইজিনিক ইনিষ্টিটিউটে নিউট্রিশনের উপর একটা সেমিনার হয়েছিল। সেখানে রেজোলিউশন নিয়েছে যে তারা প্রত্যেক বাচ্চাকে নিউট্রিসাস সাবসিডাইজড রেটে র‍্যাশন সপের মাধ্যমে প্রত্যেকের কাছে পৌঁছান উচিত বলে মনে করে। এবং এর কি ফলাফল হয় তা ঐ চাইল্ড স্পেশালিষ্ট এবং নিউট্রিশন এক্সপার্ট যাঁরা আছেন তাঁদের দিয়ে পরীক্ষা করালেই বোঝা যাবে কত উন্নতি হয়। এর জন্য আমি অভিনন্দন জানাচ্ছি, যিনি এই পরিকল্পনা নিয়েছেন। বালগারবিড যেটা এক টাকা করে কেজি পাওয়া যাবে। খাদ্যমন্ত্রী এখানে নেই, তাঁর কাছে শুনেছি, পেপারেও দেখেছি যে ডেয়ারী ডেভেলাপমেণ্টের যে কম্প্রিহেনসিভ প্রোগ্রাম আছে অপারেশনাল ফুড-এর মাধ্যমে যা তার দুগ্ধ সরবরাহ ১৪০ হাজার লিটার সেটা বাড়িয়ে ৭ লক্ষ লিটার করা হবে ক্যালকাটা মেট্রোপলিটান এরিযার ভিতরে। এর জন্য আমি খাদ্যমন্ত্রী মহাশয় কাশীকান্ত মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু অভাবটা শুধু ঐদিকে নয়, আমাদের দেশে সবচেয়ে অভাব আছে প্রোটিন এবং ভিটামিনের। এর জন্য কিছু স্পেশালিষ্ট তৈরী করে কিরকম খাদ্য পরিচালনা করা যায় যাতে এইগুলি পুরণ হতে পারে। ক্যালোরির অভাবও আছেই, বিশেষ করে গরীবদের ভিতরে। এটাতে জেনারেলি আর্থিক অবস্থার উপরে নির্ভর করে। আর্থিক অবস্থা ভাল হলে ক্যালোরির অভাবটা কম হয়ে যাবে। রিসার্চ এর প্রভিশনটা আপনার বাজেটে বিশেষ পাচ্ছি না, এটা আমাদের রাষ্ট্রে করা উচিত। কারণ যোগ্য মানুষের অভাব নেই যাঁরা বিশেষ করতে পারবেন। আর এটা সকলেই জানেন ড্রাগ এ্যাডালটারেশন হচ্ছে, আপনি সজাগ আছেন এবং তৎপর আছেন। এর জন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু তা সত্বেও, শুধু তাই নয় বিভিন্ন হাসপাতাল থেকে সার্জিক্যাল ইনিষ্ট্রুমেণ্ট ও ওষুধ চুরি যাচ্ছে। ভবিষ্যতে এইজন্য আরো একটু কড়া নজর রাখতে হবে। তারপর এ্যাম্বুলেন্স—একটা বড় অদ্ভুত ব্যাপার

আমাদের দেশে রুডিমেন্টারী ষ্টেজে পড়ে আছে। আপনি বিশ্বাস করবেন না কলকাতা সহরে যে এ্যাম্বুলেন্স আছে তার শতকরা ১০ ভাগও আপনি কাজে পাবেন না। এইগুলি কারখানায় পড়ে আছে, রট করছে, মেরামত হচ্ছে না। লেস দ্যান টেন পার্সেন্ট আমরা পাচ্ছি এ্যাম্বুলেন্স-এর কাজের জন্য। আর একটা সিরিয়াস ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[4-20—4-30 p.m.]

আমি আর একটা সিরিয়াস ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি আপনার মাধ্যমে। ব্লাড ব্যাঙ্কের কথা আপনি আপনার ভাষণে উল্লেখ করেছেন। কিন্তু এটা কি আপনি জানেন যে রক্ত নিয়ে কি রকম ব্ল্যাক মার্কেটিং চলেছে? ডোনারদের কাছ থেকে ১০ থেকে ২৫ টাকায় কিনে নিয়ে, সেই রক্ত ২০০ থেকে ৩০০ টাকায় লোকের কাছে বিক্রি করে, গরীব লোকের কাছ থেকে আদায় করে, যে রক্ত দিয়ে মানুষ বাঁচে, সেই রক্ত নিয়ে এই রকম কারবার চলছে। আর একটা জিনিস। আমি খবর পেয়েছি ছোট ছোট শিশুদের চাকর বাকরদের মাধ্যমে নিয়ে গিয়ে, তাদের রক্ত শুষে নেয়। এই রকম একটা অমানুষিক ক্রিমিন্যাল ব্যাপারের প্রতি শুধু আপনার দপ্তর থেকেই নয়, স্বরাষ্ট্র দপ্তর থেকেও নজর রাখা দরকার আছে।

কলকাতা ভারতবর্ষের মধ্যে সব চেয়ে একটা বড় সহর। পৃথিবীর মধ্যে যার স্থান হচ্ছে পঞ্চম। এখানকার স্বাস্থ্য এবং চিকিৎসার দায়িত্ব রয়েছে আপনার উপর। হেল্‌থ সার্ভিসকে সব হসপাতালে ষ্ট্যাণ্ডার্ডাইজ করে সব রকম ডাক্তার, নার্স-এর যাতে ব্যবস্থা করতে পারেন, তার চেষ্টা করুন। আমার বিশ্বাস হচ্ছে আইডিয়াল উপায় হচ্ছে সমস্ত হেল্‌থসার্ভিসকে ন্যাশনালাইজ করে দেওয়া। কিন্তু এটাও আমাদের জানা আছে যে, বর্তমান আর্থিক অবস্থার মধ্যে হোল মেডিক্যাল প্রফেশানকে এবং হেল্‌থ সার্ভিসকে গড়ে তোলা সম্ভব নয়। সেজন্য আরও বেশী লোককে যদি কম্প্রিহেন্সিভ ন্যাশনাল হেল্‌থ স্কীমে আনতে পারেন, তাহলে লাভ হবে। এখন শতকরা ২৫ জনেরও কম ডাক্তার অর্গানাইজ্‌ড হেলথ সার্ভিসে আছে, প্রাইভেট প্রাকৃটিস নিয়ে কাড়াকাড়ি পড়ে যায় এবং তার জন্য প্রাকৃটিসের মান নীচে নেমে যায়, প্রফেশানটা কর্মাশিয়েলাইজড হয়ে যাচ্ছে। ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে গরীব মানুষেরা যারা ফিজ দিতে পারে না, চিকিৎসা করাতে পারে না। প্রিভেন্টিভ মেডিসিনের কথা আপনি বলেছেন। কিন্তু এখন দেখতে পাচ্ছি ভ্যাক্‌সিনেশন, ইনঅকুলেশন, কলেরা টাইফয়েড, স্মল পক্স ইত্যাদির ব্যাপারে বি সি জি, পোলিও, ডিপথিরিয়া, ইত্যাদির প্রটেক্‌শন দেওয়া সম্ভব হয় নি। চেষ্টা করছেন যাতে সমস্ত জাতীয় রোগ থেকে প্রটেক্‌শন দেওয়া যেতে পারে। যক্ষ্মা রোগ আমাদের এখানে একটা আশঙ্কাজনক অবস্থায় রয়েছে। আমি মনে করি সমস্ত নেশনকে যদি পিরিয়ডিক্যালী স্ক্রীন করা যায় বিশেষ করে যুবকদের যদি ফ্রী এক্সরে করা যায় এবং ফ্রী ডিস্ট্রিবিউশন অব এ্যান্টি টিউবারকুলার ড্রাগস আরও ব্যাপকভাবে করা যায় তাহলে কাজ হতে পারে। সঙ্গে সঙ্গে আবার আমাদের দেখতে হবে যাতে এই ঔষধগুলির অপব্যবহার না ঘটে। আমরা জানি রোগীদের জন্য যে ঔষধগুলি ফ্রী ডিস্ট্রিবিউট করা হয়, তা অনেক সময় বাজারে চলে যায়। এটা বন্ধ করতে হবে। হেল্‌থ এডুকেশন প্রোগ্রামকে আরও ব্যাপক করতে হবে যাতে মানুষ আরও ভালভাবে এবং বেশী করে রোগ প্রিভেন্ট করতে পারে। হাউসিং এণ্ড নিউট্রিশন আছে, কিছু কিছু বেসরকারী প্রতিষ্ঠান আছে, সে সব ব্যাপারেও সরকার সাহায্য করছেন, সমস্ত রকম কাজ করছেন অনারারী হিসাবে, বেঙ্গল টিউবার কুলোসিস্ এ্যাসোসিয়েশন, টিউবারকুলোসিস্ রিলিফ এ্যাসোসিয়েশন, নিরাময় আছে। যক্ষ্মারোগ সম্বন্ধে তিনি বলেছেন। নিরাময়ের মধ্যে যে টি বি রিলিফ এসোসিয়েশন আছে, আমি তার সহ-সভাপতি। মাননীয় মন্ত্রী ডিপার্টমেন্টের যিনি সেক্রেটারী, তিনি আমাকে যে চিঠি দিয়েছেন, আমি সেটা এখানে পড়ে দিই।

Dear Dr. Ghani, this to apprise you of our immediate reaction to a pleasant surprise in receiving a Government order, dated 7-7-72 sanctioning us a grant of Rs. 10,000 practically within a week of our request. It is a wonder of wonders that a file could be disposed of in the Writers' Buildings so promptly, We do not khow where and how to register our appreciation not for the amount but for the promptness.

উনি জানতেন না যে আমি এই অর্গেনাইজেশনের সহ-সভাপতি। আমি ডিরেক্টরেটের কাছে এটা বলতে চাই হেলথ নিডস যা কিছু রয়েছে যে সমস্ত জিনিষের অভাব রয়েছে, অন্য যে কোন ব্যাপারেই হোক আমরা সবরকমে সহযোগিতা এবং সাহায্য নিতে পারি, যাতে কাজ করতে পারেন। পলিক্লিনিক ব্যাপারে যা বলেছেন, আমি অভিনন্দন জানাচ্ছি। তিনি সেদিন ঘোষণা করেছেন যে বৃহত্তর কলকাতায় চারটি ফুললি ইকুইপড পলিক্লিনিক হবে এবং তাতে ৩০০ ডাক্তার এমপ্লয় হবে। আমি তাঁর কাছে সবিনয়ে নিবেদন করতে চাই যে, বস্তী যে সমস্ত রয়েছে, সেখানে হাসপাতাল নাই, সেখানে যেন পলিক্লিনিক হয়, সেখানে দরকার আছে।

আমি সবিনয় নিবেদন করতে চাই, আরও ঘন বসতি এলাকায়, অনুন্নত এলাকার আশেপাশে যেখানে হাসপাতাল নেই, সেখানে ঐ ধরণের polyclinics হওয়ার দরকার আছে। মেটিয়াবুরুজ, খিদিরপুর, তপশীয়া, তিলজলা ইত্যাদি এলাকায় এই সমস্ত clinic করে যাতে নিকটতম হাসপাতালের সঙ্গে যাতে জড়িত থাকে, যাতে নাকি সহজেই তারা রোগী ভর্তি করতে পারে সেদিকে দেখা দরকার। বস্তি অঞ্চলে অনেক জায়গা আছে যেখানে polyclinics উপযুক্ত নেই এ বিষয়ে অনুসন্ধান করে ব্যবস্থা করতে হবে। Dr Ajit Basu Enqury Committee যে Report দিয়েছেন আমি তার সঙ্গে সম্পূর্ণ একমত। আমাদের এই রাষ্ট্রে ডাক্তারদের শিক্ষা উন্নত অবস্থায়ই রয়েছে বিশেষ করে সেখানে একটা মেডিকেল কলেজ—Medical University হওয়ার প্রয়োজন আছে। পশ্চিম বাংলায় একটা Medical University যদি হয় যেমন অন্যান্য রাষ্ট্রে আছে যা নাকি আমাদের দরকার আছে, তা করতে হবে। বিশেষ করে যাতে Medical Education কে আরও concentrate করা যায় ও স্বাস্থ্য এবং চিকিৎসার যে সমস্ত problem concentrate করা যায় সেদিকে আরও গুরুত্ব দিতে হবে। এই সম্বন্ধে আমি একটি কথা উল্লেখ করতে চাই, জানি না এটা কত দূর সত্য অথবা মিথ্যা—বর্দ্ধমান Medical College এ সেখানে একটা অদ্ভুত অবস্থা রয়েছে। ওখানে একটা union রয়েছে তারা Vice-Chanceller এবং Principal-এর উপর চাপ দিচ্ছে, ঘেরাও করছে যে, আমাদের মনোনীত লোককে কলেজে নিতে হবে। স্যার, একটা Technical Institution-এ এটা খুবই খারাপ, তারা নাকি সব pressure দিচ্ছে। এটা উচিত নয়, একটা democratic arrangement সেখানে রয়েছে। এই জিনিষটা হচ্ছে এটা দেখা দরকার। আমি আজকে এবং গত কালকের কাগজে মন্ত্রী মহাশয়ের যে ঘোষণা তা শুনেছি। তাতে অত্যন্ত আনন্দিত হয়েছি যে Rural Health Center-এর প্রত্যেক Block-এ উনি ৫০টা করে ডাক্তার নিয়োগ করতে চাচ্ছেন। কিন্তু আমি shocked হয়েছি এই দেখে যে, এই ৫০ জন ডাক্তারের মধ্যে ২৫ জন হবে Scientific Medical সিস্টেমে-এ এবং ১৫ জন হবে Homoeopathy এবং ১০ জন হবেন Ayurved। স্যার, আপনি জানেন যে এই Homoeopath এর জন্মস্থান থেকে সে বিতাড়িত হয়েছে। জার্মানীতে তার স্থান নেই। Ayurved এটা আমাদের ভাল জিনিষ, আমাদের একটা পুরান সিস্টেম। কিন্তু আজকালকার বিদ্যুৎবাহী যুগে সেখানে যদি আমরা ঘোড়াযান থেকে

উন্নত করতে না পারি বা উন্নত করবার চেষ্টা না করি তাহলে আমরা কোথায় যাবো জানি না ; কেননা ভবিষ্যৎ পশ্চিম বাংলার মানুষ আরও উন্নতির দিকে যেতে চায়। তা না করে যদি আমরা Medical Science কে আরও পিছনে ফেলে যাই তাহলে চিকিৎসা ব্যবস্থা আরও খারাপ হয়ে যাবে। আর একটা ব্যাপারে মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে tube well গুলির ব্যাপারে বিশেষ করে কলিকাতার Corporation-এর যেগুলি—সেগুলি খানিকটা কাজ করছে, কিন্তু Health Deptt. থেকে যেগুলি চালানো হয় সেগুলির অবস্থা খুব খারাপ। তার কোনটাই কাজে আসছে না। ঐ Tube well গুলিতে জল পড়ে না। বেশী নাড়াচাড়া করতে গেলে আবার একেবারে পড়ে যায়। এখানে কারা contractors তা দেখা দরকার। Heath Center গুলির যে সমস্ত বাড়ি তা থাকছে না— সব ফেটে ফেটে পড়ে যাচ্ছে, বর্ষায় চারিদিক লিক করছে। Health Deptt -র এই সব Health Center এগুলি দেখা দরকার। আমি আশা করি মন্ত্রী মহাশয় এসবগুলি দেখবেন ও তিনি যে ব্যয় বরাদ্দ এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, I do not take much time of the House. I want to draw the attention of the House as well as of the Government to a very few points amongst many which, I feel, are important. I take, first, the question of admission to Pre-Medical course. You know, Sir, there are students belonging to Scheduled Castes and Scheduled Tribes. They are eligible for admission as soon as they secure 45 per cent. marks and also there are seats reserved for them. Sir, I do not want to be misunderstood that I grudge them but my point is to let you know that the Nepali-speaking community is also as backward as the Scheduled Castes and Scheduled Tribes brothers and sisters.

[4-30 to 4-40 p.m.]

The Nepali-speaking community is not only a minority community but they are backward in educationally and economically also. Students belonging to general class are required to obtain 60 per cent. marks for admission into Pre-Medical course. Nepali students also are required to obtain about 60 per-cent. marks for admission into the Pre-Medical course. As I have already said that they are educationally and economically backward, the percentage of marks in their case should be lowered down to 45 per cent. and as in the case of Scheduled Castes and Scheduled Tribes students, seats should be reserved in the same ratio for the Nepali-speaking students also who will seek admission into the Pre-Medical courses. In this respect I may mention here that till 1962 the Nepali-speaking students used to get same educational facilities as enjoyed by the students belonging to Scheduled Castes and Scheduled Tribes. But since 1962 they had been deprived of these facilities.

As regards posting of nurses, every year young girls pass out their training. Some nurses hailing from the plain are posted at Darjeeling. I do not mean to say that they should not be posted there. I am talking about the young girls. I am not speaking for the Nepali-speaking girls alone. Nurses hailing from the plains are posted into the interior areas—in the health centres of the hills. Similarly, nurses hailing from the hills are posted into

the interior areas of the plains. Apart from the personal problems, the language spoken in different health centres of the plains is Bengali. Majority of the patients in the plains are Bengali and majority of the patients in the hill areas are Nepali. So I do not think it is difficult for the Government to remove this difficulty.

Now, Sir, regarding rural water supply, Government has recently formed a blockwise committee. They have brought out a notification in the month of May which says that the function of the block level committee is to select some pin-pointed sites for sinking of tubewell. This is a general notification. I do not think the Health Minister will go to Darjeeling and ask the people there to sink the tubewells. When you bring out a notification you should chalk out a scheme. You cannot ask the people of Darjeeling to sink tubewell and if you cannot sink tubewell you are depriving the rights of these people to have tubewells under the budget provision. So far as the districts of Jalpaiguri and Darjeeling are concerned, you cannot take pride in spending money on account of medical facilities for the people of these two districts becauae the bulk of the people of these districts live in tea gardens and they are treated by the garden authorities for which expenditure is borne by the companies themselves.

You are not to bear the expenditure. If there is any tea garden case, serious case, the patient is taken to the district Govt. hospital and the expenditure is not borne by you, the expenditure is borne by the tea gardens. Therefore, so far as your medical expenditure is concerned you cannot boast as regards these two districts because majority of the people of these two districts live in tea gardens.

Sir, in conclusion I appeal to the Health Minister through you that the few points which I have mentioned will certainly be looked into.

Thank you very much.

**ডাঃ শ্রীকানাইলাল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্য মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন গ্রান্ট নং ৩০-এ আমি সর্বান্তঃকরণে সমর্থন জানিয়ে আমি দু' একটা বক্তব্য রাখবো। উনি যে বক্তব্য রাখলেন আমি দেখেছি তাতে অনেক নূতন চিন্তা নূতন ব্যবস্থার কথা বলেছেন। বাজেটে যে অঙ্ক আছে তাতে দেখছি আগের তুলনায় ৩০% বেশী ধরা হয়েছে। এই যে ৩০% বেশী ধরা হয়েছে জিনিসপত্রের যে রকম দাম বেড়েছে আমার মনে হয় টাকাটা সেই দিকেই চলে যাবে। আর যে এতগুলি পরিকল্পনা তিনি কি বরে করবেন সেটা চিন্তার কথা। অবশ্য তিনি যেসব পরিকল্পনা নিয়ে এসেছেন আমি তাঁকে তার জন্য সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। এবং এ সম্বন্ধে আমি দু' একটি বক্তব্য রাখতে চাই। আপনি আপনার টাকা দিয়ে যেসব কাজ করার কথা বলেছেন, সাধারণ মানুষের চিকিৎসার বন্দোবস্ত করেছেন সেখানে আপনাকে জানাই যে আপনার যে টপ হেভি এ্যাডমিনিষ্টেশন সেটাকে কি করে নামিয়ে আনা যায় তার চেষ্টা করবেন। যে টাকাটা আপনার খাতে আছে তার প্রায় সবটাই এ্যাডমিনিষ্ট্রেসনের উপর চলে যায়—সামান্য টাকা রোগীর সেবা ও চিকিৎসার জন্য থাকে। সেইজন্য আমি অনুরোধ জানাবো যাতে এ্যাডমিনিষ্ট্রেশনের খরচ আরও কমানো যায় সেই দিকে আপনি লক্ষ্য দেবেন। আমি জানি গোটা বাংলার জন্য তখন দুটি ডিরেক্টার

অব হেল্‌থ ছিলেন। একজন ডিরেক্টার অব হেল্‌থ এবং একজন সারজেন জেনারেল—একজন হলেন প্রিভেন্টিভ সাইডের আর এক জন হলেন পাবলিক হেল্‌থ, ডিরেক্টার অব হেল্‌থ সার্ভিস। আমি জানি তখন এ সি চ্যাটার্জি ছিলেন সারজেন জেনারেল। এনারা সারা বাংলা দেশের চিকিৎসা কেন্দ্র দেখতেন। কিন্তু স্বাধীনতা হবার পর অনেক পোষ্ট হয়ে গেছে। প্রত্যেক খাতে একটি করে ডেপুটি ডিরেক্টার হয়ে গেল এবং হয়ে যাবার ফলে সুপার সিলেক্সন গ্রেডের লোক বসে গেলেন। এই যে এ্যাডমিনিষ্ট্রেশনের লিকেজ, এই যে টপ হেভি এ্যাডমিনিষ্ট্রেসন তাতে আপনি যতই বাজেট বাড়ান কিছু করতে পারবেন বলে মনে হয় না। হেল্‌থ ডিপার্টমেন্টের এই যে মস্ত বড় লিকেজ ডাঃ গনি যা বলেছেন আমি আর তা পুনরুক্তি করতে চাই না শুধু একটা কথা বলি—স্যার, আপনি জানেন স্মল ডায়েমিটার টিউবওয়েল-এর কথা। এই যে জলকষ্ট হয়েছে তাতে ঠিক মত টিউবওয়েল বসা হয়নি। পাবলিক হেল্‌থের যে টিউবওয়েল সে সম্বন্ধে বলছি স্যার, আপনি জানেন কিনা জানি না, এই করপোরেসনের একটা টিউবওয়েল বসাতে ২৫০০ টাকা খরচ হয়। আর আপনার ডিপার্টমেন্টের সেখানে খরচ হয় ৩০০০ টাকা। একই কনট্রাক্টার পাইপ সাপ্লাই করে, একই কনট্রাক্টার সেই কাজ করে—কিন্তু করপোরেশনের বেলায় খরচ হয় ২৫০০ টাকা আর আমাদের পাবলিক হেলথের বেলায় খরচ হয় ৩০০০ টাকা। এটা কেন হচ্ছে?

[4-40— 4 50 p.m.]

একই লোক টিউবয়েল বসাচ্ছে, একজন ২৫০০ টাকায়, আর একজন ৩ হাজার টাকায়—এর কারণ কি? এইবারে আমরা দেখতে পাচ্ছি লিকেজগুলি আছে। তাছাড়া আমরা দেখছি যে টিউবয়েল তারা বসাচ্ছে জল-কষ্টের সময় অনেক লোকের কাছে ঠাট্টা তামাসার মত করেছে। সেখানে টিউবয়েলগুলির শতকরা ৬০ ভাগের মত জল এখন উঠছে, এটা আপনি অনুসন্ধান করে দেখবেন। আপনার ডিপার্টমেন্টের কোন সুপারভিসনের ব্যবস্থা নেই। টিউবয়েল সিঙ্ক করার পরে দুবার ওয়াসিং দরকার হয়, সেটা করা হয়নি। এই ওয়াসিং করা হচ্ছে কিনা তার সুপারভিশনও হয়নি। আপনি যে বরাদ্দ এনেছেন আমরা সেটাকে সমর্থন করবো কিন্তু এই টাকাগুলি যাতে সুষ্ঠভাবে খরচ হয় সেদিকে একটু দৃষ্টি দেবেন। আপনার স্বাস্থ্য দপ্তরের যে প্রশাসন আছে যদি তাকে আপনি সুষ্ঠ না করতে পারেন তাহলে যেসব উন্নয়নমূলক পরিকল্পনা নিয়েছেন তার কোনটাই সফল হবে না। আর, জি, কর, মেডিকেল কলেজ, ন্যাশন্যাল মেডিকেল কলেজ, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ এই সব কলেজগুলি সরকার নিজের হাতে নিয়েছেন। সরকার নিজের হাতে নেবার পরে সকলেই মনে করেছিলেন যে রোগী যারা আছে তাদের এবার হয়ত কিছু উপকার হবে, ডাক্তার যারা আছেন তাদেরও কিছু মাইনে বাড়বে, তাছাড়া চিকিৎসারও একটা সুবন্দোবস্ত হবে। কিন্তু আমরা কি দেখলাম? আমরা দেখলাম হাসপাতালগুলিকে সরকার নেবার ফলে সুচিকিৎসার বন্দোবস্ত হয়নি। কারো কোন উপকার হয়নি, হয়েছে স্বাস্থ্য দপ্তরের। কি উপকার হয়েছে? তাদের নিজেদের লোকেদের ঢোকানোর চেষ্টা হচ্ছে, তাদের নিজেদের লোকদের যেভাবেই হোক চাকুরীতে ঢোকানোর চেষ্টা করা হয়েছে। আমরা জানি আগে যারা এক্স ম্যানেজমেন্ট, আর. জি. কর. মেডিকেল কলেজের শিক্ষক ছিলেন, গভর্ণমেন্ট যখন নেন তখন ঠিক করেন একটি প্র্যাকটিসিং আর একটি নন প্র্যাকটিসিং হবে। তখন গভর্ণমেন্ট আশ্বাস দিয়েছিলেন যে নন-প্র্যাকটিসিং যারা হবেন তাদের কোনরকম অসুবিধা হবে না। আমরা বারে বারে দেখে আসছি যারা সিনিয়র ছাত্র, ট্রেণ্ড ছাত্র বা যাদের শিক্ষার মান উচ্চ আছে তারা সব সময় প্রোমোশান পাবেন। কিন্তু আমরা আর. জি. কর. মেডিকেল কলেজে কি দেখলাম? এখানে সেটাকে মানা

হল না। আমরা দেখেছি যে হাসপাতালের প্রফেসর অব মেডিসিন ছিলেন স্বর্গত: ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়, যে হাসপাতালের প্রফেসর অব মেডিসিন ছিলেন স্বর্গত ডাঃ অমলকুমার রায়চৌধুরী মহাশয়, তারপরে আমাদের শিব ভট্টাচার্য্য মহাশয়, তারপরে আমাদের চারু সাহা হয়েছিলেন এবং চারু সাহা যখন রিটায়ার করলেন তখন আমরা আশা করেছিলাম আমাদের ডক্টর অব মেডিসিন ডাঃ সুনিল দত্ত, প্রফেসর অব মেডিসিন বি. এম. এস হবেন, তা হয়নি। আমরা আশ্চর্য্য হয়ে গেছি। আমাদের ছাত্র ছিল সুনীল দত্ত। আমার ছাত্র প্রফেসর অব মেডিকেল কলেজ, হিমাংশু শেঠ, এফ. আর. সি. এস (লণ্ডন), এডিনবরা, তাকে সুপারসিড করে আমারই ছাত্র বি. এম. এস. ডাঃ শিব হাজরাকে বসানো হল। আমি দেখছি চিরকাল হিমাংশু শেঠ কলেজ কাজ করে আসছে, তাকে সুপারসিড করে একজন জুনিয়ারকে নিয়ে আসা হল। আবার আমি দেখলাম শিব হাজরাকে সুপারসিড করে জুনিয়র ছাত্রদের নিয়ে আসা হল। এইভাবে একটা নেপোটিজম, করাপসন চলেছে এবং এদেরই খেয়ালখুসিমত চলছে আর. জি. কর মেডিকেল কলেজ। যখন ওঁরা নেন তখন তাঁরা একটি এ্যাডভাইসারি কমিটি গঠন করবেন বলেছিলেন, কিন্তু আজ পর্যন্ত সেই এ্যাডভাইসরি কমিটি চালু হয়নি। তার কারণ কি? এর এ্যাডভাইসারি কমিটিতে থাকার কথা প্রিন্সিপ্যাল, আর. জি. কর. মেডিকেল কলেজ, প্রিন্সিপ্যাল, মেডিকেল কলেজ, ডাইরেক্টর অব এস এস কে. এম. হসপিটাল, এদের সবাইকে নিয়ে একটা এ্যাডভাইসরি কমিটি গঠন করার কথা ছিল। কিন্তু করলেন না কেন? এই সব নেপোটিজম করবেন বলে বোধহয় করলেন না। এ্যাডভাইসারি কমিটি করলে তো নেপোটিজম চলবে না, তাই করেন নি। আমরা জানি ১৯৫৮ সালে এই আর. জি. কর মেডিকেল কলেজ নেওয়া হয়েছিল এবং ১৯৬৮ সালে ন্যাশন্যাল মেডিকেল কলেজ নেওয়া হয়েছিল। ১৯৫৮ সালে গভর্ণমেন্ট যখন আর. জি. কর কে নিয়েছিলেন তখন ঐ কলেজের শিক্ষক যিনি ছিলেন তাঁর হায়ার কোয়ালিফিকেসন থাকা সত্বেও তাঁকে আপগ্রেডিং করা হয় নি। ডাঃ অম্বিকা গাঙ্গুলী, এম. এস. সি, ফার্স্ট ক্লাশ ফার্স্ট, বোধহয় ডিমনেষ্ট্রেটর হয়ে আছেন, ডাঃ অজিত অধিকারী, এম. এস. সি, ফার্স্ট ক্লাশ ফার্স্ট, ডাঃ পরমেশ কর এম. এস. সি, এম. বি., পি. এইচ. ডি. তাকেও ডিমনেষ্ট্রেটর করে ফেলে রাখা হয়েছে। অথচ ন্যাশন্যাল মেডিকেল কলেজ-এ দেখা গেল সকলকে আপগ্রেডিং করা হয়েছে। এই ডিফারেন্স বিটুইন কলেজেস থাকবে কেন? আমি আপনাকে নিবেদন করবো আপনি এটা দেখবেন। এছাড়া আমি চিকিৎসা বিষয়ে দু একটি কথা বলতে চাই। আপনি ইম্প্রুভমেন্ট অব দি হসপিটালস বেড়েছে, বেড বাড়াবেন বলেছেন। আমি একটি জিনিস দেখাতে চাই যে কোন কোন হাসপাতালে কি কি খাতে কত খরচ হয়। ট্রপিক্যাল স্কুল-এ পার হেড রোগী প্রতি ২২ টাকা করে খরচ হয়, এস এস কে. এম. এ ২১ টাকা, মেডিকেল কলেজে ১৭ টাকা, নীলরতনে ১৭ টাকা আর. জি. করে ১০ টাকা, ন্যাশন্যাল, বাঙ্গুর, শম্ভুনাথে ৫/৬ টাকা করে খরচ হয়। এক এক জায়গায় এক এক রকম খরচ হচ্ছে, সব জায়গাতেই একই রকম ফেসিলিটিজ পাবে না কেন সেটা আমি বুঝতে পারছি না। তাছাড়া শিক্ষা খাতে যা খরচ হয় তার একটা হিসাব দিচ্ছি। তাতে দেখবেন যে 29B Head যেটা আছে Medical College-এ ২৪ লক্ষ টাকা খরচ হয়। আর নীলরতনে ১৯ লক্ষ আর আমাদের R. G. Kar এবং Nilratan-এ ১০ লক্ষ টাকা খরচ হয়। একই ছেলে ওখানে ১৫০ জনকে পড়ান হয় আর আমাদের এখানে ১৩৫ extra ১৫, এই ১৫০ জন। সেখানে আমাদের বেলায় হল ৮ লক্ষ টাকা খরচ আর ওদের বেলায় খরচ হল ২৪ লক্ষ টাকা। এই যে তারতম্য different medical college-এ আছে আমি আশা করবো স্বাস্থ্য মন্ত্রী এদিকে নজর দেবেন যাতে সমস্ত medical college এর মধ্যে একটা সমতা আসে সে বিষয়ে ব্যবস্থা করবেন। একটা report আমাদের One man Commission ডঃ অজিত বিশ্বাস দিয়েছেন। সেই One man Commission-এর report-এ সমস্ত Medical University এক সঙ্গে করেছেন University

for keeping the equity of education in Medical College. আপনি এটা ভালভাবে দেখবেন, যাতে এটা ভালভাবে চালু হতে পারে। তাছাড়া তিনি আর একটা recomendation করেছেন, আমরা দেখেছি Director, Health Serviceএ যিনি থাকতেন তিনি Secretary থাকতেন। ডঃ B. C. Das যখন ছিলেন আমরা দেখেছি তিনি Secretary ছিলেন। Lt. Col. D. N. Chakraborty যখন ছিলেন তখন তিনিও Secretary ছিলেন। মনে হয়, এই Medical College Hospital-এর administration-এ যিনি থাকবেন এটা must be a medical man হিসাবে থাকা উচিত। সেজন্য আমরা আশা করি Directorই Secretary হন, কিম্বা কোন medical man এই Secretary হন, তবেই সুষ্ঠুভাবে এটা পরিচালনা করা যাবে। তাছাড়া আরো দু একটা কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রাম বাংলা'র rural health centre যেগুলি আছে সেখানে চিকিৎসা পদ্ধতি নিশ্চয়ই উন্নততর করতে হবে। খালি কতকগুলি বাড়ী তৈরী করে দিলে বা তার দরজা জানালা করে দিলে চিকিৎসা হবে না। সুচিকিৎসক সেখানে রাখতে হবে। ডাঃ গনি যেকথা বলেছেন সেটা যুক্তিযুক্ত কথাই বলেছেন। আপনারা নূতন ছেলেদের নিয়ে গিয়ে সেখানে দেবেন আর তারা সেখানে গিয়ে লোক মেরে হাত পাকাবেন আর লোকে গিয়ে ডাক্তারদের মারধোর করবে এটা যেন না হয়। সেজন্য আমি বলি যে কিছু subsidy allowance বেশী দিয়ে শিক্ষিত ডাক্তার বা সুচিকিৎসক যারা আছেন তাদের কিছু বেশী মাইনে দিয়ে গ্রামে পাঠাবেন যাতে গ্রামের লোকের চিকিৎসা ভালভাবে হয়, সেই ব্যবস্থার দিকে লক্ষ্য রাখবেন। তাছাড়া আর একটা কথা, সেটা হচ্ছে গ্রামে গিয়ে আমরা যা দেখেছি যে গ্রামে কোন emergency হলে ৬০/৭০ মাইল দূর থেকে কলকাতায় আসতে হয়। সেজন্য গ্রামে যে সমস্ত health center আছে প্রত্যেক health centre-এ অন্ততঃ emergency tackle করার মত ব্যবস্থা রাখতে হবে। একটা লোকের চোখে যদি ছানি পড়ে তাকে কলকাতায় এসে সেই ছানি operation করতে গেলে তার সেই চোখ নষ্ট হয়ে যাবে, সে অন্ধ হয়ে যাবে। কারণ এখানে এসে nobeds vacant, nobeds vacant একথা শুনতে হবে। তাছাড়া আরো ১ একটি কথা বলে শেষ করতে চাই, বেশী বাড়াতে চাই না।

[4-50—5-00 p.m.]

আমাদের আসল জিনিস হচ্ছে প্রিভেনসন ইস বেটার দেন কিয়োর, প্রাথমিক ব্যবস্থাকে আমাদের আরও জোরদার করতে হবে। উনি জোরদার করতে চাইছেন, আরও জোরদার করতে হবে। আমাদের দেশে আজ কেউ যদি স্মল পক্স-এ মারা যায় বা স্মল পক্সে অন্ধ হয়ে যায় তাহলে এইটা আমাদের দেশের পক্ষে লজ্জার ব্যাপার। কারণ ২০/২৫ বছর বাদেও আজ স্মল পক্স আছে। এইটাকে ইরেডিকেশন করতে হবে। বার্থ রেজিষ্ট্রেশনের সময় প্রাইমারী ভেক্সীন দিয়ে এই ব্যবস্থা করতে হবে। তাছাড়া ট্রিপিল এ্যানটিজেন যেটা আছে সেটা প্রতি ছেলেকে দিতে হবে, পোলিও ভেক্সিন এইটা আমাদের কর্তব্য। যদি আজ কোন ছেলে বিকলাঙ্গ হয়ে থাকে তাহলে সে শুধু তার সংসারের বোঝা হয়ে থাকে না আমাদের দেশেরও বোঝা হয়ে থাকবে। আর ফ্যামেলি প্ল্যানিং যেটা আছে এটা আমাদের ভারতবর্ষে প্রথম উদ্ভব হয়েছিল। এইটা ১৯১৬ সাল থেকে আরম্ভ হয়েছে। আজ ১৯৭২ সালে পৌছিয়েও যদি আমরা ফ্যামিলি প্ল্যানিং ঠিক মত করতে না পারি, আমাদের টারগেট আছে ২৪০০০ এইটা যদি না করতে পারি তাহলে আমাদের দেশের বর্তমান ন্যাশান্যাল ইকোনমি যা আছে সেগুলিকে বিশেষ কাজে লাগাতে পারব না। আমাদের এইগুলি করতে হলে মোটিভেটেড কেম্পেন যেটা ফ্যামিলি প্ল্যানিং এর বিষয় সেটাকে বেশী [illegible]

তাই আমি আর একবার স্বাস্থ্যমন্ত্রী যে বরাদ্দ এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহরিশ্চন্দ্র মহাপাত্র ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বিধান সভায় মাননীয় স্বাস্থ্য মন্ত্রী স্বাস্থ্য খাতে যে ব্যয় বরাদ্দ রেখেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এই প্রসঙ্গে এই বছর পশ্চিম বাংলার আর্থিক দুরবস্থার মধ্যেও তিনি যে স্বাস্থ্য খাতে ব্যয় বরাদ্দ বৃদ্ধি করতে পেরেছেন এইটা খুবই আশার কথা এবং তিনি যে আশাব্যঞ্জক বক্তৃতা আমাদের শুনিয়েছেন তার জন্য আমি তাঁকে আমার ধন্যবাদ জানাচ্ছি। এই প্রসঙ্গে কয়েকটা কথা না বলে পারছি না, যেহেতু ওয়েল ফেয়ার স্টেটের প্রাথমিক কর্তব্য হলো স্বাস্থ্য বা চিকিৎসার সুযোগ সুবিধা এবং এইটা একটি মহান কর্তব্য বলে স্বীকৃত, সেই ক্ষেত্রে এই চিকিৎসার সুযোগ সুবিধা দরিদ্রতম মানুষ পর্য্যন্ত যাতে পায় তার জন্য সচেষ্ট হওয়া উচিত। আজকে দুঃখের কথা, ক্ষোভের কথা, যদিও সরকার সাধ্যমত চেষ্টা করছে এবং আমাদের মাননীয় স্বাস্থ্য মন্ত্রী অত্যন্ত পরিশ্রম করছেন আমরা সেটা জানি, তবুও আমরা জানি আজ দেশের দরিদ্রতম মানুষ অর্থনৈতিক কারণে চিকিৎসার সুযোগ-সুবিধা পাচ্ছে না এইটা খুবই দুঃখের বিষয়। আজ তাদের ক্ষেত্রে অর্ডিনারি মেডিসিন ছাড়া ইমপ্রুভড মেডিসিন যে সব আছে সেইগুলির সুযোগ সুবিধা যাতে তারা পান তার ব্যবস্থা করা দরকার, যারা সমাজের নীচুস্তরের মানুষ বলে পরিচিত তারা। সাধারণ মানুষ যাতে অধিক চিকিৎসার সুযোগ সুবিধা পান তার জন্য সচেষ্ট হতে হবে। মফঃস্বলের চিকিৎসা ব্যবস্থা সম্বন্ধে আমি কিছু বলব, যে গুলি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, উপ-স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করে এই-গুলির একটা সুষ্ঠু পরিচালনা ব্যবস্থা করতে হবে। আজকে আমরা কি দেখছি না ডাক্তার গ্রামে যেতে চায় না, চায়না এই কারণে সাজসরঞ্জামের অভাব যার ফলে তারা তাদের বিদ্যা প্রয়োগ করতে পারেন না, সরকারকে সেই ব্যবস্থা করতে হবে যাতে বেশীরভাগ ডাক্তার মফঃস্বলে যেতে চান। আমি একটা কথা বলব যে ১০০০০ জনসংখ্যার উপর একটা করে উপ-স্বাস্থ্য কেন্দ্র থাকা অত্যন্ত প্রয়োজন, তা নাহলে গ্রামের মানুষ সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হবে। গ্রাম বাংলার মানুষের যে আর্থিক দুরবস্থা আছে তার জন্য শুধু এ্যালোপাথিক চিকিৎসা নয় আয়ুর্বেদীক এবং হোমিওপ্যাথিক চিকিৎসা যাতে করা যায় তার দিকে স্বাস্থ্যমন্ত্রী একটু নজর দেবেন। এই সম্বন্ধে আমি দু-একটি কথা বলছি। কলকাতার ব্লাড ব্যাংকে যে সারভিস আছে অর্থাৎ সেণ্ট্রাল ব্লাড ব্যাংক ছাড়া অন্য জায়গায় ২৪ ঘণ্টা সার্ভিস সব জায়গায় পাওয়া যায় না। সেইজন্য অন্য জায়গায় যেসব জোনাল ব্লাড ব্যাংক আছে তার সার্ভিস যাতে সব সময় পাওয়া যায় তারজন্য আশা করি স্বাস্থ্যমন্ত্রী সেদিকে দৃষ্টি রাখবেন। আর একটি কথা রেকটোলজি ও বায়ো-কেমিষ্ট্রী সার্ভিস সেটা এস. এস. কে. এম হাসপাতালে শুধু ২৪ ঘণ্টা পাওয়া যায়। সেটার সুযোগ সুবিধা যাতে সব কটি হাসপাতালে অন্ততঃ ১০টা থেকে ৫টার মধ্যে পাওয়া যায় সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ করি। এই কথা বলে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর উত্থাপিত বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই স্বাস্থ্য খাতে ব্যয় বরাদ্দ মঞ্জুর করার প্রশ্নে আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বরাদ্দ চেয়েছেন নিশ্চয়ই তা আমি আন্তরিকভাবে সমর্থন করি এবং অন্যান্য বারের তুলনায় এই বারের যে বাজেট সেই বাজেট অন্ততঃ পক্ষে কিছুটা আশার আলো জাগিয়েছে এবং সেটা বুঝতে পারা গিয়েছে। কিন্তু তবুও আমরা কিছু কিছু খবর

না দিয়ে পারি না যে খবরগুলো একটা সহায়ক পরিবেশ সৃষ্টি করতে পারে এবং মন্ত্রী মহোদয়ও ভালভাবে নজর দিতে পারেন। কিন্তু এই সমস্ত কথা বলার আগে আমি মুখ্য দু-একটি কথা বলবো। আমি বলতে চাই বাংলাদেশের প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রের সঙ্গে লিংক রোড অবিলম্বে করে ফেলতে হবে। সাবসিডিয়ারি হেলথ সেণ্টার এবং প্রাইমারী হেলথ সেণ্টার থেকে রোড করে ফেলতে হবে এবং টেলিফোনের যোগাযোগের ব্যবস্থা করতে হবে এবং প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে যাতে অন্তত একটা করে এম্বুলেন্স থাকে তার ব্যবস্থা করতে হবে। সময় পাবোনা বলে আমি আমার বক্তব্যের লিষ্ট করে দিচ্ছি। কিছু কিছু হেলথ সেণ্টার নিয়ে জোনাল বেসিসে একটা বড় হাসপাতাল করতে হবে যেখানে এক্সপার্টরা থাকবেন এবং টেষ্টের জন্য এক্সরে ক্লিনিক থাকবে এবং স্পেশালিষ্টরা থাকবেন এবং এই সমস্ত স্পেশালিষ্টরা যাতে মাঝে মাঝে সাবসিডিয়ারী হেলথ সেণ্টার এবং প্রাইমারী হেলথ সেণ্টারে কাজ করতে পারেন তার একটা ব্যবস্থা করতে পারেন। নর্থবেঙ্গলের কথা এখানে উঠে, সাউথ বেঙ্গলের কথা এখানে উঠে, কিন্তু আমাদের জেলা মুর্শিদাবাদের জেলা কোন বেঙ্গলে সেটা আমি বুঝে উঠতে পারি না। মুর্শিদাবাদের একটা স্টেটাস হওয়া দরকার। মুর্শিদাবাদ, মালদহ প্রভৃতি জেলাগুলো নিয়ে একটা এলাকা করা উচিত। এখানে কোন উন্নয়নমূলক কাজ নেই। উত্তরবঙ্গের জন্য আছে নর্থ বেঙ্গল ডেভলপমেণ্ট বোর্ড, দুর্গাপুর এবং তার সন্নিহিত অঞ্চলের জন্য আছে দুর্গাপুর ডেভলপমেণ্ট বোর্ড এবং কলকাতা ও তার পার্শ্ববর্তী এলাকার জন্য আছে সি, এম, ডি, এ। কিন্তু মুর্শিদাবাদ জেলার জন্য উন্নয়নমূলক কাজের বিশেষ কোন ব্যবস্থা হয় নি। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি যাতে উল্লিখিত জেলাগুলোর হাসপাতালের উন্নয়নের ব্যবস্থা করেন। মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে মেডিকেল কলেজ প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেওয়া হক এবং এটা আমরা চাই-ই। আমি সঙ্গে সঙ্গে আর একটা বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সেসব এল, এম, এফ ডাক্তার স্পেশালিষ্ট হিসাবে কাজ করেন কিন্তু এদের যে স্পেশালিস্ট হিসাবে ভাতা দেওয়ার কথা ছিল তা এতদিন দেন নি। তারা ২০।২২ বছর ধরে স্পেশালিষ্ট হিসাবে কাজ করছেন। কিন্তু তাঁরা ভাতা থেকে বঞ্চিত হয়েছেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি আপনাকে বারবার এরা রিপ্রেজেনটেশন দিয়েছেন, ওই সব এল, এম, এফ ডাক্তার যাঁরা গ্রাম বাংলায় কাজ করে চলেছেন তাঁরা যাতে ন্যায্য ভাতাটা পান উইথ রেট্রসপেকটিভ এ্যাফেক্ট সেদিকে নজর দেবেন।

আর একটা কথা নিবেদন করতে চাই যে স্বাস্থ্য মন্ত্রী ও উপস্বাস্থ্য মন্ত্রী বিভিন্ন সময় তাঁর দপ্তরের ভার পাবার পর বিভিন্ন হাসপাতালে গিয়ে তদন্ত করে দেখেছেন এবং তাঁদের মুখ থেকে বেরিয়েছে যে হাসপাতালে ত্রুটিবিচ্যুতি রয়েছে। কাজেই যেখানে এই সমস্ত জিনিষ রয়েছে সেখানে এর মূল কারণগুলি কি সেগুলি সম্বন্ধে বলার সময় না থাকলেও এটুকু বলব যে সমস্ত ডাক্তাররা professor হতে চান তাঁদের ব্যাপার নিয়ে একটা clique conspiracy চলে। যাঁরা এই ব্যবস্থায় আছেন তাঁদের মধ্যে একটা স্বজনপোষণ চলে এবং এর মূলে স্বাস্থ্য দপ্তরের বড় বড় কর্তা বিশেষভাবে বড় কর্তাই দায়ী। রাজ্যপালের আমল থেকে আরম্ভ করে এই স্বাস্থ্যদপ্তর আমার আগে তিনি সেই বিভাগে ছিলেন। সেই বিভাগ থেকে যখন আসেন তখন বলা হয়েছিল যখন ইচ্ছা তাঁকে বদলী করা হবে। স্বাস্থ্য দপ্তরে যিনি রয়েছেন তার বিরুদ্ধে ভূরি ভূরি অভিযোগ সংবাদপত্রে বের হয়েছে। আমার কাছেও তথ্য আছে, কিন্তু সেসব বলার সময় নেই। আপনি বললে নিশ্চয় সেসমস্ত তথ্য দেব। কিন্তু এই প্রশাসনের আমূল পরিবর্তন করা দরকার এবং তা করে দুর্নীতি দূর করা দরকার। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমার একটি দৃষ্টি আকর্ষনী notice-এর উত্তরে বলেছেন যে family planning-এ কিভাবে অপচয় হচ্ছে। এই সমস্ত অপচয়ের হাত থেকে যদি দেশকে রক্ষা করতে হয় তাহলে সুক্ষ্মভাবে বিচার বিবেচনা করে আমাদের অগ্রসর হতে হবে। জয় হিন্দ্।

**শ্রীসত্য ঘোষাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই বিষয় নিয়ে বলতে উঠে মানসিক অবস্থার জন্য আমার বলবার মত অবস্থা নেই। তাছাড়া স্বাস্থ্য দপ্তরের কথা মহাভারতের মত অমৃত সমান—শুধু কাশীরাম দাস নেই বলে যার পুণ্যবানরা শুনবেন। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যেসমস্ত কথা বলেছেন তাঁর কতকগুলি সম্পর্কে আমি একমত। তিনি যেসমস্ত সংখ্যা দিয়েছেন সেই সংখ্যাতত্ত্বের মধ্যে কোন কারচুপি নেই একথা আমি জানি। কিন্তু সংখ্যার ব্যাপারে আমার একটা গল্প মনে পড়ল। একজন লোক আর একজন লোককে নেমতন্ন করে বলেছে যে তোমাকে এমন একটা মেশান মাংস খাওয়াব যা তুমি ধরতে পারবে না। লোকটা বলল কি রকম? একদিকে ঘোড়ার মাংস অন্য দিকে ছাগলের মাংস দুই মিশিয়ে এমন ভাবে রান্না করব যা তুমি কোনদিন খাওনি। কিন্তু খাবার সময় যে লোকটা বলছে যে ঘোড়ার মাংসটা কি রকম ছিবড়ে ছিবড়ে লাগছে। সে লোকটা জিজ্ঞাসা করল proportion-টা কি রকম? না, 50/50 অর্থাৎ একটা ঘোড়া দিয়েছি, আর একটা ছাগল দিয়েছি। তথ্যের দিক থেকেও ঠিক সেই 50/50। কিন্তু আয়তনটা ভীষণ বড়। তাই স্বাস্থ্যমন্ত্রী মহাশয় হিসাব দিলেন বেডের তার মধ্যে বোধহয় Ranchi Mental Asylum যোগ করে দিয়ে দেখিয়েছেন। ধরে নিচ্ছি যে প্রায় Bhore Committee-র সুপারিশ মতন হল। মুদালিয়র কমিশন ও ভোর কমিটি যখন সুপারিশ করেছিলেন তখন লোকেরা hospital minded ছিল না। কিন্তু মুদালিয়র কমিশন ও ভোর কমিটি যা সুপারিশ করেছিলেন তা যদি মেনে নিই তাহলেও দেখা যাবে যে আমাদের এখনও ঘাটতি আছে। শয্যা প্রায় ৮ হাজারের মত এটা স্বাস্থ্যমন্ত্রীর statistics থেকে পাওয়া যায়। সুতরাং এখনও যখন ৮ হাজারের মত ঘাটতি আছে তখন শয্যা সংখ্যা বেশী একথা বলে কোন লাভ নেই। কেননা আমরা সকলেই জানি বেশী নয়। উনি অবশ্য আত্মতুষ্টির মনোভাব দেখাননি, উনি বলতে চেয়েছেন আরো বাড়ান দরকার। আমি বাড়ানোর ব্যাপারটা অন্যভাবে দেখাতে চাইছি। আমরা গ্রামে থাকি, কলকাতায় থেকে সকলে হয়ত বুঝতে পারেন না। আমরা সেসব জায়গায় থাকি সেইসব জায়গায় যেসব হেলথ সেন্টার আছে সেখানে ভর্তি হবার সময় আমরা দেখেছি লোকেরা কিভাবে আমাদের কাছে ছুটে আসে সুপারিশ তদ্বির করবার জন্য এবং সেই যে ছুটে আসা তার ভেতর কি অপরিসীম মিনতি, কি নিদারুন কাকুতি থাকে তা বলার কথা নয়। সেই হাসপাতালগুলি দেখলে দেখা যাবে শয্যা নেই, মাটিতে পড়ে আছে, মাদুর সতরঞ্চি বিছিয়ে। তারা যে মাটিতে পড়ে আছে সেটা কিন্তু আমাদের প্রতি দারুন ধিক্কার, দারুণ লজ্জার বিষয় যেন হাসপাতালগুলি তাদের দিকে আঙুল দেখিয়ে দেখিয়ে বলছে দিনরাত দেখ রাষ্ট্র তোমাদের প্রতি দয়া করেছে, তোমরা গরীব, তোমরা বঞ্চিত, দুস্থ, তোমরা হাসপাতালে এসেছ, সরকারী করুণা তোমাদের উপর ঝরে ঝরে পড়ছে, তোমরা এখানে পড়ে থাক মাটিতে, তোমরা এখানে পড়ে থাক ভূমি শয্যায়। এটা তাদের প্রতি নিদারুন ব্যঙ্গ এবং বিদ্রূপের মত। সুতরাং কোন রকম আলোচনা করবার পূর্বে আমি একটা কথার উপর জোর দিচ্ছি সেটা হচ্ছে যা কিছু না হয়ে থাক শয্যা সংখ্যা দ্বিগুণ হওয়া উচিত। কারণ কোন যুগে ভোর কমিটি বা মুদালিয়ার কমিটি কি বলে গেছেন, আজকের যুগে একটা উন্নয়নশীল দেশ বিশেষতঃ স্বাস্থ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন যে আমাদের প্রাথমিক প্রয়োজন হচ্ছে খাওয়া এবং তারপরে হচ্ছে বেঁচে থাকার জন্য স্বাস্থ্য, এই দুটি থাকলে তবে শিল্প কলকারখানা ইত্যাদির অগ্রগতি। সুতরাং প্রাথমিক প্রয়োজনের জন্য এখনই শয্যা সংখ্যা দ্বিগুণ করা দরকার। তারজন্য কিভাবে কি করা যায় সেটা স্বাস্থ্য মন্ত্রীকে ভেবে দেখতে অনুরোধ করি। তারপর হাসপাতালগুলির চেহারা কিরকম আমি যদি আপনাকে বলি তাহলে আপনি বলবেন গল্প করছেন। গল্প নয়, আমি নাম করে বলতে পারি এমন স্বাস্থ্য কেন্দ্র আছে যেখানে ডি. এল. রায়ের নাটকের অবস্থা—দিনে প্রচণ্ড সূর্য্য বিছানাগুলোকে পুড়িয়ে দিয়ে যায় আর রাত্রিকালে শুভ্র চন্দ্রমা এসে স্নিগ্ধ জ্যোৎসনায় স্নান করিয়ে দিয়ে যায় এবং প্রকৃতির ঘন কৃষ্ণ মেঘরাশির মুসলধারা তার উপর ছড়িয়ে দিয়ে যায়।

আমি গল্প করছি না, আমাদের এখানে ভূতপূর্ব মুখ্যমন্ত্রী বসে আছেন, ওঁর মহকুমায় নন্দীগ্রামের এ, জি, হাসপাতালের কথা বলছি। এই এ, জি, হাসপাতাল ১৯৪৬ সালে দুর্ভিক্ষের সময় হয়েছিল এবং সেই এ, জি, হাসপাতালের জন্য তাঁরা সত্যাগ্রহ করেছিলেন যাতে সেই হাসপাতাল সেখানে থাকে এবং সেখানে ঠিক এই অবস্থা আছে, খড়ের চাল দিয়ে জল ঝরে ঝরে পড়ে। থিরপাই-এ একটা হেলথ সেণ্টার আছে, ২০ বেডের হেলথ সেণ্টার, তার ভেতর না আছে এমন জিনিস নেই যেন কোন ভাঙ্গা ইতিহাসের অর্থহীন অবশেষ। চন্দ্রকোনা হাসপাতাল আছে, তার কোন লিংক রোড নেই, সেখানে সিলিং নেই, এ্যাজবেসটাসের তলায় রোগীরা এমনি সিদ্ধ হয়ে পুড়ে যায়। সেখানে বাড়ীর অবস্থা ভয়াবহ, তার উপর যদি বা ঢুকলেন ঢোকার অবস্থা অত্যন্ত মারাত্মক। প্রথমে ডাক্তার বাবুকে বলতে হবে দয়া করে রোগীকে ভর্তি করে নিন। তিনি বলবেন জায়গাও নেই। জায়গা যদিও বা থাকে তাহলেও অনেক অসুবিধা আছে, সুপারিশ তদ্বির লাগবে, আমাদের মত অনেক লোকের সই লাগবে, আমরা রোগীকে ভর্তি করলে বাধিত হব বলে ডাক্তারবাবুকে চিঠি লিখব, চিঠি লিখবার পর রোগী ভর্তি হবে। ভর্তি হবার পর রোগী মাটিতে মাদুর বা শতরঞ্চি বিছিয়ে থাকবে, কারণ তার তো আর জায়গা নেই। হয়ত ৫০ বেডের হাসপাতাল, সেখানে নর্ম্যালি ৯০ জন রোগী থাকে। তারপর কোন রকমে রোগীকে ভর্তি করে বাড়ীর অভিভাবকরা ব্যস্ত হয়ে বেরিয়ে আসার সময় নার্সকে ডেকে বললেন ভাই, একটু দেখবেন আমার রোগীটাকে রেখে গেলাম, নার্স হাসলেন একেবারে মোনালিসার হাসি, সেই হাসিতে সহানুভূতি আছে, উদ্বেগ আছে, কি যে নেই তা বলা মুস্কিল, এমন কি বিরক্তিও আছে। নার্সদের কোন দোষ নেই। শুনতে খুব ভাল লাগে ৫ জন করে রোগী পিছু একজন করে নার্স, তাহলে ৫০ বেডের হাসপাতালে ১০ জন নার্স আছে। কিন্তু মুস্কিল হচ্ছে এই ১০ জন নার্স থাকলে তো হয় না, সেই নার্সদের অন্য ব্যাপার আছে। ধরুন, কোন নার্সকে আপনি ৮ ঘণ্টার বেশী কাজ করাতে পারবেন না, সপ্তাহে ১৷৷০ দিন তাকে ছুটি দিতে হবে, ফলে তাদের ৩ সিফটে ডিউটি করাতে হবে এবং ৩ সিফটে ডিউটি যদি করান তাহলে সঙ্গে সঙ্গে দেখবেন এক একজন নার্সের ভাগ্যে আর ৫ জন করে রোগী পড়ে না, পড়ে যায় ১৮ জন রোগী। তার উপর আছে অপারেশান থিয়েটারের ডিউটি, তার উপর আছে ক্লিটিক্স-এর ডিউটি, তার উপর আছে মেল ফিমেল ওয়ার্ডের ডিউটি, তার উপর রকমারি কাজ আছে, সেইসব কাজের সঙ্গে তাদের ডাক্তারদের কিছু কাজ করতে হয়। কারণ ডাক্তাররা শুধু ডাক্তার নয়, ডাক্তারদের অনেক পেপার ওয়ার্কস করতে হয়, অনেক দরখাস্ত লিখতে হয়, অনেক ফাইল ওয়ার্ক করতে হয়। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় হয়ত জানেন ডাক্তারদের ডিউটি থাকে স্যালাইন দেওয়া, ইন্‌ট্রাভেনাস ইনজেকশান দেওয়ার এবং একটু খোঁজ করলে জানতে পারবেন এই কাজ ডাক্তাররা করেন না, ঐ স্যালাইন, ইন্‌ট্রাভেনাস ইনজেকসান, পেপার ওয়ার্কস নার্সরা করেন, নার্সের কাজ করে স্বাভাবিকভাবে জি, ডি, এ, আবার জি, ডি এর কাজ করে সুইপার, আর সুইপারের কাজ করে স্বয়ং প্রকৃতি, কারণ, তার কাজ আর কেউ করেন না। এই অবস্থা চলছে হাসপাতালে। এখনই আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলছিলেন ফুড ২ টাকা ছিল এখন ২৷৷০ টাকা হয়েছে জুন মাস থেকে এটা খুব সুখের বিষ, কিন্তু একটা ৫০ বেডের হাসপাতালে থাকে ৮০।৯০ জন, ২৷ টাকা করে মাথাপিছু ৫০ বেডের জন্য ব্যয় বরাদ্দ তা যদি ৯০ জন রোগী খায় তাহলে কি মারাত্মক টানাটানি পড়ে সেটা একটু ভেবে দেখুন।

[5-10—5-20 p.m.]

এবং সেই টানাটানি মারাত্মক টানাটানি। খাদ্যের বরাদ্দে লেখা থাকে সপোল্লা, আপেল, আঙ্গুর, কিন্তু সেইসব হাসপাতালের রোগীরা কোনদিন আপেল, আঙ্গুর চোখেও দেখেনি এবং

সগোল্লা কি জিনিস তা তারা জানেনা। তারপর এই খাওয়া নিয়ে যে কি কারবার ঘটে সেটা স্বাস্থ্য মন্ত্রীমহাশয় একটু খোঁজ নিলেই জানতে পারবেন এবং ঔষধপত্রের অবস্থাও জানতে পারবেন। আমি যখন ১৯৪৮ সালে জেলে ছিলাম তখন জেল ডাক্তারকে ব্যংগ করে আমরা এই গানটা গাইতাম—

"সিংকোনা, কুইনাইন, হজমী, স্যালাইন, অ্যালবার আয়োডিন
আমাদের রোগী ভাল করিবারে ইহারাই সমীচীন।
জ্বর যদি হয় দেয় কুইনাইন, পেটের অসুখেও তাই
মাথা যদি ধরে আওডিনে সারে জেল ডাক্তারীতে পাই।

এটা শুধু জেল ডাক্তারীতে নয়, হসপিটাল ডাক্তারীতেও তাই। ওখানে তিন প্রকার স্টক মিকচার আছে—মিস্ট এ্যালকালী, কার্বোহাইড্রেট, এক্সপেক্টোরেট। একটু ঠাট্টা করে বলা যায় এতে সোডিবাই কার্ব কিছু থাকবেনা, এতে এ্যাকোয়া ডোবা কিছু থাকে—এ্যাকোয়া ডিস্টিল্ড নয়, এ্যাকোয়া ডোবা—হয়ত পুকুর বা কুয়োর জল দিয়ে মিস্ট এ্যালকালি তৈরী করা হয়। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় হয়ত নিশ্চয়ই জানেন রোগীর ঘরের লোকেরা রোগীর জন্য কাকুতি করে ৫টি ইনজেকসন কিনে দিল, কিন্তু সেই ৫টা ইনজেকসনের মধ্যে ২টি রোগীর দেহে যায় এবং বাকী ৩টি ইনজেকসনের পরিবর্তে নির্ভেজাল এ্যাকোয়া ডিস্টিল রোগীর দেহে প্রবেশ করে। হাসপাতালে রোগীরা এই অবস্থায় থাকে, ভর্তির এই অবস্থা এবং ভর্তি হলে শয্যার এই অবস্থা এবং তারপর এই দুর্দশা। আর একটা কথা যা মাননীয় সদস্যেরা বলেননি সেই কথাটা আমি বলতে চাই। রোগীদের দুর্দশার আর একটা কারণ হচ্ছে রিজার্ভ ষ্টোরের অব্যবস্থা। সেন্ট্রাল মেডিকেল ষ্টোর যেটা আছে সেখান থেকে যে সমস্ত ঔষধ যায় তাতে আমাদের ডিষ্ট্রিক্ট রিজার্ভ ষ্টোর থেকে কি ঠিকমত ইণ্ডেণ্ট আসে? আমি যতদুর জানি ডিষ্ট্রিক্ট রিজার্ভ ষ্টোর থেকে যে সমস্ত ইণ্ডেণ্ট পাঠান হয় তার ওয়ান-থার্ড জেনারেলি সাপ্লাইড হয়, তার বেশী কখনও নয়। এই ওয়ান-থার্ড যেটা যায় তাতেও অনেক ব্যাপার আছে। আমাদের মেদিনীপুর ডিষ্ট্রিক্ট রিজার্ভ ষ্টোরে যিনি আছেন গ্রেড ওয়ান ষ্টোর কিপার তাঁর যদি দয়া না হয় তাহলে ফিফ্‌টি বেড-এ যে ঔষধ যাবে টেন বেড হাসপাতালে তার চেয়ে অনেক বেশী পাবে এবং টু বেড হাসপাতালে তার চেয়েও বেশী ঔষধ পাবে। এই রিজার্ভ ষ্টোরে যিনি আছেন গ্রেড ওয়ান ষ্টোরকিপার তাকে সন্তুষ্ট করার উপর অনেক কিছু নির্ভর করে। একে যদি সন্তুষ্ট করতে না পারা যায় তাহলে ঔষধ যাবেনা। তারপর ঔষধ কিভাবে আসবে সেখানে আবার ভেহিকেলের ব্যাপার আছে অর্থাৎ ঔষধ আনার জন্য ট্রাক্ লাগে। আমাদের মেদিনীপুর ডিষ্ট্রিক্ট রিজার্ভ ষ্টোরে যে ২টি ট্রাক্ আছে সেটা অনেক সময় খারাপ হয়ে যায় এবং সেগুলি খারাপ হলে আর ঔষধ আসতে পারেনা। আরও একটা ব্যাপার আছে এবং সেটা হচ্ছে ট্রাক মেরামত করা হয়, তারজন্য ইণ্ডেণ্ট দেওয়া হয়, রিপেয়ারিংও হয় কিন্তু যথাকালে ট্রাক পাওয়া যায়না। আবার ট্রাক যদি চলে তাহলে অনেক সময় আবার ঔষধ আসেনা এবং ঔষধ না এলে রোগীরা তা পায়না এবং এর ফলে অনেক সময় দেখা যায় সোডিবাইকার্ব থাকেনা, এ্যান্টীজেন ট্যাবলেট দুর্লভ হয়, সাল্‌ফাডায়োজিন মাঝে মাঝে মেলেনা এবং এই অবস্থায় রোগীদের কপালের উপর নির্ভর করে চলতে হয়। মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস মহাশয় যেকথা বলেছেন তার চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় আর কি বলা যেতে পারে যে হাসপাতালে একটাও এ্যাম্বুলেন্স নেই। কিন্তু এর চেয়েও মারাত্মক জিনিস হচ্ছে ইউনিসেফের একটা করে গাড়ী আছে প্রাইমারী হেলথ সেন্টারে কিন্তু সেগুলি সেখানে পড়ে থাকে, টায়ারে উইপোকা ধরে, টায়ার নষ্ট হয় তবুও সেগুলি রোগী বইতে পারেনা। এই হল আমাদের ট্রাডিসন, এই হল আমাদের সমস্ত ফর্ম। এই

ফর্মগুলো এক এক সময় থেটার হয়ে দাঁড়িয়েছে। টায়ার আছে, গাড়ী আছে অথচ রোগী বইতে পারেনা। আমি জানি এঁরা যদি কখনও রোগী বয় তাহলে অনেক সময় কৈফিয়ৎ চাওয়া হয়। আমি চন্দ্রকোনা প্রাইমারী হেলথ সেণ্টারে একজন ডাক্তারের কথা জানি তাঁর মাথায় একটা খেয়াল আছে যদি কোন লোকের অসুখ হয় তাহলে সেটা সহ্য করা যায়না, ইউনিসেফের গাড়ী আছে অতএব সেই গাড়ীতে রোগীকে পাঠাতে হবে। তিনি যদি ইউনিসেফের গাড়ীতে করে রোগী পাঠাতে চান তখন তাঁর উপরওয়ালারা তাঁর কাছে কৈফিয়ত চান, তোমার এতবড় আস্পর্ধা তুমি ইউনিসেফের গাড়ী চাচ্ছ রোগী বইবার জন্য? তাহলে সেই গাড়ী কি বইবে আমি জানিনা। আমাদের মেদিনীপুরের সি. এম. ও-র জন্য ৪টি গাড়ী আছে। একটি গাড়ীতে তিনি হাত রাখেন, একটি গাড়ীতে তিনি পা রাখেন, একটি গাড়ীতে তিনি দেহ রাখেন এবং একটি গাড়ীতে তিনি মাথা রাখেন। এগুলি কি বাইরে আসতে পারেনা? এগুলি যদি রোগী বয় তাহলে কি ক্ষতি হয়? এরকম গাড়ী পড়ে আছে অথচ রোগী বইবেনা। লিংক রোডের কথা বলেছেন আবদুল বারি বিশ্বাস মহাশয়। এর আগে যখন যুক্তফ্রণ্ট মন্ত্রীসভা ছিল তখন আমি তদানিন্তন স্বাস্থ্যমন্ত্রীকে বলেছিলাম হেলথ সেণ্টারে যাবার সময় এরকম ঘটনাও ঘটেছে যে গর্ভবতী মা রিক্সার ভেতর সন্তান প্রসব করেছেন। কিন্তু তবুও সেই লিংক রোড করাতে পারিনি। লিংক রোডের অসুবিধার জন্যই ওইসব ঘটনা ঘটে। আমি আশা করি এখনকার স্বাস্থ্যমন্ত্রী লিংক রোডের প্রতি নজর দেবেন। আমাদের প্রোবলেম ঠিক বোঝান যায়না। এক একটা হেলথ সেণ্টারে ২০/২৫ মাইল দূর থেকে লোকদের আসতে হয় এবং এই যে ২০/২৫ মাইল দূর থেকে রোগীরা আসে সেখানে কোন রাস্তা নেই।

যেমন শালবণী হেলথ সেণ্টারের কথা বললাম, বললাম চন্দ্রকোণা হেলথ সেণ্টারের কথা। যদি কাউকে আসতে হয় ৬' মাইল দূর থেকে, কাউকে আসতে হয় মনোহরপুর থেকে, কাউকে যদি আসতে হয় মাগুর থেকে, সেসব জায়গায় কোন রাস্তা নেই এবং কোন রাস্তা করান যায়নি। বিশেষ করে বর্ষাকালে জল ছাড়া আর কিছুই থাকেনা, সেসব জায়গায় কোন রকম চিকিৎসার জন্য এসে পৌছাতে পারেনা এবং আসা সম্ভবও নয়। সুতরাং এই জিনিসের যদি প্রতিকার না হয়, এই ডিষ্ট্রিক্ট রিজার্ভ ষ্টোরস্ এবং সেন্ট্রাল মেডিক্যাল ষ্টোরস-এ যে সমস্ত অব্যবস্থা আছে তার যদি পরিবর্তন না হয় এবং যদি আমরা এই সব ভেহিকিল না দিতে পারি, এইরকম যদি সব ট্রাক পড়ে থাকে, ব্যবহার না হয় এবং যদি আমরা এই সব জিনিস দূর করতে না পারি তাহলে সমস্ত সদিচ্ছা ব্যর্থ হয়ে যেতে বাধ্য এবং আমরা কিছুই করতে পারবোনা। এই সূত্রে আমি আরো ৬' একটি কথা বলতে চাই। যেমন ধরুন এখানে যা অনেকেই বলেছেন ডাক্তারের কথা, আমি অবশ্য অন্য কথা বলতে চাই, যেমন এদের নামও এত মনে থাকেনা, যাই হোক আমি নামটা দেখে বলতে চাই আপনার অনুমতি নিয়ে, যেমন ধরুন এই যে এ্যাড্মিনিষ্ট্রেশন, শাসন বিভাগে রয়েছে হেলথ ডিপার্টমেণ্টের সেখানে দেখুন এতগুলি পোস্ট রয়েছে তারা নাকি সকলেই ডাক্তার। কি দরকার এত ডাক্তারের সেখানে। যেমন ধরুন ডাইরেক্টার আছেন এখানে, এ্যাডিসন্যাল ডাইরেক্টার আছেন, জয়েণ্ট ডাইরেক্টার আছেন, ডেপুটি ডাইরেক্টার আছেন, এ্যাসিষ্ট্যাণ্ট ডাইরেক্টার আছেন, ডেপুটি এ্যাসিষ্ট্যাণ্ট ডাইরেক্টার আছেন। তা বাদে আরো আছে স্পেশাল অফিসার। যখন কিছুতেই কুলালোনা তখন বসিয়ে দেওয়া হল ডেপুটি এ্যাসিষ্ট্যাণ্ট ডাইরেক্টার, অর্থাৎ তস্য তস্য সহকারী এবং তাতেও যখন কুলালো না শেষ পর্যন্ত স্পেশাল অফিসার। ওরা সকলেই ডাক্তার। এত ডাক্তার এখানে অথচ স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই কেন। এদের কিছু লোককে ওখানে পাঠান যায় না? এ্যাডমিনিষ্ট্রেটিভ সার্ভিসের কিছু লোক যদি

ডাইরেক্টরেটে বসে থাকে তাহলে ক্ষতি কি আছে। এখানে কি এত স্পেশলোইজড ডাক্তার লাগে এই দরকারী কাগজ এবং ফাইল দেখবার জন্য। যেমন ধরুন মেদিনীপুরে এবং আরো সব জেলাতে একজন করে সি, এম, ও, আছেন, একজন আবার এ, সি, এম, ও, আছেন, তারপর আছেন ডি, এম, ও, তা বাদে আছে ডিস্ট্রীক্ট হেল্থ মেডিক্যাল অফিসার, তারপর এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসার। এরা সকলে মিলে এত কাজ কি করে। আমি ত জানি অনেক হেল্থ সেন্টারে ডি গ্রুপ ফার্মাসিস্ট আছে যারা চিকিৎসা করছে। ডি গ্রুপের ফার্মাসিস্ট মানে যারা কম্পাউণ্ডারিও পাশ করেনি। কোন ডাক্তারের কাছে ৩ বছর ছিল বলে একটা সার্টিফিকেট লিখে দিয়েছেন। তিনি টিনচার কার্বো লিখতে পারেন না টিং কং লিখে দেন, তাঁরা মেডিক্যাল অফিসারের কাজ চালাচ্ছেন সেখানে এত অফিসার এখানে রাখতে হচ্ছে এবং এরা সব কোয়ালিফায়েড ডাক্তার, এদের বাইরে পাঠিয়ে দেওয়া যায়না? এবং এটা যদি আমরা না করতে পারি তাহলে কি করে এই দেশের উন্নতি হবে এবং এর ফল কি হবে? তারপর এদের কাজের ঢিলেমি কিভাবে বাড়ে। আমরা দেখেছি এদের তিনটি স্তরে ভাগ করা হয়েছে। ডাইরেক্টরেট, সেক্রেটারিয়েট আর মেডিসিন ডিপার্টমেন্ট তার সেক্রেটারি। তারপর দেখুন এই রিজিয়োনাল অফিস থাকার ফলে কাজ কি করে সাফার করে তা বলেই আমার বক্তব্য শেষ করবো। ধরুন ঐ স্বাস্থ্যকেন্দ্রের একজন কর্মচারী শেখ ফকির, যে রিটায়ার করে যাবে আর এক বছরের মধ্যে তার ১৫২ ৩৫ পয়সা বাকী পড়ে আছে, তিনি চন্দ্রকোনা প্রাইমারি হেল্থ সেন্টারে কাজ করে। রিটায়ারের সময় হয়ে গেল কিন্তু আজ ৬ বৎসর ধরে সে লেখালেখি করছে সেই পয়সা আজো সে পায়নি। কারণ কাজের এমন ঢিলেমি চলছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তিনি লিখে দেন, সেখানকার একজন ধোপার কথা বলছি, সেই ধোপা মারা গিয়েছে ১৯৬১ সালে, চার বৎসরের মধ্যে সে ফ্যামিলি পেনশন বা গ্রাটিউটি পাচ্ছেনা। এই রকম দ্রুত গতিতে দপ্তরের কাজ করছে। সেইজন্য স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে, আমার অনেক কথা বলবার ছিল কিন্তু সময় নেই, আমি তাঁকে অনুরোধ করবো এই সব বিবেচনা ক'রে একটা নূতন দৃষ্টিভঙ্গী ও গতি তিনি সঞ্চারিত করবার চেষ্টা করবেন। শুধু নিছক তথ্য এবং নিছক কতকগুলি সংখ্যাতথ্য সেটা যথেষ্ট নয়, তাঁর সদিচ্ছা আছে আমি বিশ্বাস করি এবং তার পরিচয় উনি দিয়েছেন, আমি আশা করবো যে কালি আছে স্বাস্থ্য দপ্তরের গায়ে তার নিশ্চয় সবটা ওঁর অঙ্গে ফুটে বের হয়নি, অনেক আগে থাকতে সেই কালি ঢেলে দেওয়া হয়েছে অতএব তাকে মুছে ফেলার জন্য আমাদের সকলের সহযোগিতা নিয়ে তিনি আমাদের এই কথাগুলি মনে রেখে দ্রুতগতিতে কাজ করবার চেষ্টা করবেন এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m ]

**শ্রীজগদীশচন্দ্র দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বৈপ্লবিক বাজেট পেশ করেছেন, আমি তাকে অভিনন্দন জানাই। এটা আমার দৃঢ় বিশ্বাস বাংলাদেশের পাঁচ কোটি খেটে-খাওয়া মানুষ, মেহনতি মানুষ-এর আশা আকাঙ্খা পূরণ হবে এই বাজেটের মাধ্যমে। আমি অভিনন্দন জানাই স্বাস্থ্যমন্ত্রীকে এজন্য যে আমাদের জরাজীর্ণ স্বাস্থ্য বিভাগ যা আছে, শক্ত হাতে তার হাল ধরেছেন। এর দ্বারা বাংলা দেশের স্বাস্থ্য-বিভাগে একটা বৈপ্লবিক পরিবর্তন নিশ্চয়ই আসবে। কিন্তু সমর্থন জানাতে গিয়ে সাথে সাথে একটি বিষয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের নজরে যদি না আনি তাহলে ভুল করা হবে। সেজন্য একটি জিনিষ আমি স্বাস্থ্যমন্ত্রীর নজরে আনছি। সেটা হচ্ছে, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, মানবদেহে যে রোগ আছে সেই রোগ নিবারণের জন্য স্বাস্থ্য বিভাগের মাধ্যমে সুন্দর পরিকল্পনা রচনা করেছেন। অনেক ব্যবস্থাই আছে, এই বাজেটের মধ্যে। কিন্তু একটা কথা। তাঁর দপ্তর রাইটার্স

বিল্ডিংস থেকে আরম্ভ করে দূর গ্রামাঞ্চলের প্রাইমারী হেল্‌থ সেন্টার পর্যন্ত যে দুর্নীতির আখরা হয়ে আছে, বা পাখা হয়ে আছে, সেই মহারোগ দূর করবার জন্য, উনি যে কি চিন্তা করছেন, তা জানিনা। তবু একটা কথা জানিয়ে দিতে চাই, আপনি যদি শক্ত হাতে এই মহারোগ না ধরতে পারেন, তাহলে যতই বৈপ্লবিক বাজেট আনুন না কেন, সেই বাজেট ফেল হয়ে যাবে। ব্যর্থ হয়ে যাবে। পশ্চিমবঙ্গের পাঁচ কোটি মানুষের আশা আকাঙ্খা এই প্রগতিশীল সরকারের উপর পূরণ হবেনা। একটা কথা। ১৯৫১ সালে এই হাউসে একটা রিজোলিউশন পাশ হয়েছিল, আর, জি, কর হাসপাতালে একটা ক্যাজুয়াল্‌টি ব্লক হবে। আমাদের মাননীয় মহান নেতা পণ্ডিত নেহেরু তার ফাউণ্ডেশন করে গেছলেন। আজকে ১৯৭২ সাল। প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার স্বাস্থ্যমন্ত্রী তিন মাসের মধ্যে তাঁর দপ্তরের ফাইলের খুঁটিনাটি দেখে তা স্যাংশন করে দিলেন। এই হচ্ছে নমুনা। গ্রামাঞ্চলে অনেক স্বাস্থ্য কেন্দ্র আছে। আপনি স্যার, অবাক হবেন, সেখানে চিকিৎসক নাই, কম্পাউণ্ডার নাই, এবং ঔষধপত্র কিছুই নাই। আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি, কোন একটা হেল্‌থ সেন্টারে গিয়েছিলাম, সেখানে দেখলাম বুখারকা দাওয়াই, আর পেটকা দাওয়াই দিচ্ছে, আর কোন ব্যবস্থা নাই। বিভিন্ন ধরণের ঔষধ সেখানে যায়, সেই ঔষধ যায় কোথায় সেটা বুঝতে পারি না।

কাঁচড়াপাড়া টি, বি, হাসপাতালের কাহিনী আপনারা সকলেই জানেন। এই বাজেটে দেখলাম বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। গ্রামাঞ্চলের পরিকল্পনা যাতে তিনি শক্ত হাতে নিতে পারেন, তারজন্য আমি আবেদন জানাই। আর কাঁচড়াপাড়ায় হাসপাতাল নাই, সেখানে একটা হাসপাতাল করার জন্য প্রস্তাব রাখছি।

**শ্রীগঙ্গাধর প্রামানিক**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন, আমি তা সমর্থন করতে গিয়ে গোটা কতক কথা তাঁকে মনে করিয়ে দিতে চাই। আজকে শতকরা ৮০ ভাগ লোক রুরাল এরিয়াতে বাস করে। রুরাল এরিয়ার চিকিৎসার জন্য প্রপার্লি ম্যানিং-এর দরকার। সেটা নিশ্চয়ই সরকার বিবেচনা করছেন। কিন্তু তার জন্য সরকার কি ব্যবস্থা করছেন, সেটা এখনও বুঝে উঠতে পাচ্ছি না। সেই কারণে এই যে বাজেট বরাদ্দ করা হয়েছে, এই বরাদ্দের ভিতর থেকে তিনি যা চিন্তা করছেন, তার কতটা করতে পারবেন, সে বিষয়ে আমার খুব সন্দেহ আছে। তবু আমার মনে হয় তিনি যখন সচেষ্ট আছেন, অন্য দিক থেকে কিছু কিছু ব্যবস্থা যদি করতে পারেন, তাহলে আমার মনে হয়, বাজেটের ভিতর থেকে কিছু কিছু উদ্বৃত্ত হতে পারে এবং তা দ্বারা প্রপার্লি ম্যানিং করতে পারবেন। যেসমস্ত ইয়ং ডাক্তারদের পাঠান হয়, তাদের সেখানে সে রকম ট্রেনিং এবং জেনারেল প্রাকটিসের এক্সপেরিয়েন্স না থাকাতে, রোগ নির্ণয় করতে এবং ঔষধ নির্বাচন করতে অসুবিধায় পড়ে। কারণ তাদের যে রকম অভ্যাস আছে, ক্লিনিক্যাল এবং ল্যাবরেটরী টেষ্টের জন্য, সেখানে সেই রকম ব্যবস্থা এবং সরঞ্জাম না থাকাতে, জেনারেল প্রাকটিসের অভিজ্ঞতা না থাকাতে, কাজ করতে পারেননা। এই কারণে রিটায়ার্ড মেডিক্যাল প্রাকটিশনারদের কাছে যদি এক বছরের ট্রেনিং ইন টার্ণ ডাক্তাররা নেন, তাহলে আমার মনে হয় তাদের অভিজ্ঞতা বাড়ে, আস্থা বাড়ে, এবং রুরাল এরিয়াতেও চিকিৎসা ভালভাবে হতে পারে।

স্যার, আমরা কলকাতার হাসপাতালে দেখেছি যেসমস্ত ডাক্তাররা in turn করেন দেখা যায় সেই সমস্ত ডাক্তাররা হাসপাতালে attached থাকেন, সেখানে মাহিনা draw করেন এবং অন্যান্য ছোট ছোট হাসপাতাল যা আছে সেখানে private duty করেন এবং কোন রকম

হিসাবের মধ্যে না থেকে বাঁধা ধরার মধ্যে না থেকে মাসহারা পান কিছু কিছু। তারজন্য তাদের trainning সম্পূর্ণ হয় না এবং তারপর যখন তাদের rural এলাকায় পাঠান হয় তখন মানুষকে গলা টিপে মারা ছাড়া আর কিছু হয় না। Supply of drug যা rural areaতে তা অতি খারাপ। সেখানে বলে দেওয়া আছে এত রুগী তার ভেতর এত ঔষধ পাবে তাতে রোগ সারুক আর না সারুক। এটার যদি কোন উৎকৃষ্ট ব্যবস্থা করা যায় তাহলে আমার মনে হয় সেখানে আরও সুষ্ঠুভাবে কাজ হ'তে পারে। কলকাতা শহরে গ্রামের লোকের যে ভীড় সেটা কমবে। স্বাস্থ্য মন্ত্রী মহাশয় এদিকে যদি নজর দেন, কলকাতার হাসপাতালের rush কমাবার জন্য জেলার হাসপাতালগুলি যদি ভালভাবে করা হয় এবং উৎকৃষ্ট সাজসরঞ্জাম দেবার ব্যবস্থা করা হয় তাহলে গ্রামের যে সমস্ত রুগী আছে তারা জেলা হাসপাতালে গিয়ে চিকিৎসা করাতে পারে এবং কলকাতায় এসে অতিকষ্টে তাদের থাকতে হয় না, কারণ কলকাতায় থাকার কোন জায়গা নেই, অপরপক্ষে জেলায় আত্মীয় স্বজনের বাড়ী থেকে তারা চিকিৎসা করাতে পারে। তিনি যদি জেলার হাসপাতাল improved করেন তাহলে কলকাতায় যে rush হয় তা কম হয়। জেলা হাসপাতালগুলিতে যদি X-Ray ও অন্যান্য যে সমস্ত অব্যবস্থা আছে তা যদি দূর করা যায় তাহলে আর কলকাতা হাসপাতালে ভীড় হয় না। আর কলকাতা হাসপাতালের শয্যা সংখ্যা না বাড়িয়ে যদি out turn of patient system যদি করা যায়, যেমন মাদ্রাজ ইত্যাদি হাসপাতালে আছে সেখানে গেলে দেখা যাবে round the clock operation system আছে এবং যদি কোনরকম clinical patient যায় সেখানে, সাথে সাথে blood, urine, sputam ইত্যাদি ২ ঘণ্টার ভেতর চিকিৎসা করে সম্পূর্ণভাবে investigation complete করে তারা ছেড়ে দেয়। তারা কোন Bed আটকে রেখে দেয় না। সমস্ত শহর এবং জেলায় এইভাবে রুগী আটকে থাকে না। মানুষ খেটে খায়, তাকে যদি আটকে রাখা হয় তাহলে তারও রোজগার বন্ধ হয়—আর bedও আটকে থাকে। এই জিনিষটা যদি expedite করবার ব্যবস্থা করা হয় তাহলে খরচা কম হয় এবং number of beds এর বেশী সংখ্যক রুগী চিকিৎসা হতে পারে। তারপর zonal board system করে যদি হাসপাতাল চালান যায় তাহলে আমার মনে হয় ভাল হবে। আমরা দেখেছি যে সরকার হাসপাতাল পরিচালনার ভার নিয়ে যে অবস্থা হয় হাসপাতালের এবং সেভাবে টাকা খরচ হয়, এটা আমরা যদি zonal system এ হাসপাতাল ভাগ করে দিই এবং তাদের হাতে টাকা খরচের ভার ছেড়ে দিই তাহলে আমার মনে হয় তাতে কম খরচ হবে এবং হাসপাতালও ভালভাবে চলবে। কেননা সেখানের হাসপাতালের যে কর্তৃপক্ষ থাকেন তাঁর ২৫ টাকার বেশী খরচ করবার উপায় থাকে না, সেই কারণে যদি ডিসেনট্রালাইজ করে দেওয়া হয় তাহলে ভাল হয়। আমি সরকারী হাসপাতাল সম্বন্ধে একটা কথা বলব। National Medical College সরকারের হাতে গিয়ে ৫টা E. C G. Machine সেগুলি মারা হয়ে গেছে। সেগুলি আউট অফ অর্ডার ১৯৬৮ সাল থেকে হয়ে আছে—সেসব E. C. G. Machine চলছে না এবং তার ভারপ্রাপ্ত যিনি অফিসার আছেন তিনি কেবল একটা rubber stump মেরে দেন—বলে দেন E.C.G. অন্য হাসপাতালে করে নিন। অথচ তাঁরা পুরা মাহিনা পাচ্ছেন। ঐ E. C. G. Machine এর মধ্যে ৪টা খারাপ হয়ে আছে সরকারী পরিচালনায় এসে। এই হচ্ছে সরকারী পরিচালনার অবস্থা। আমি এই বলেই এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 – 5-40 p.m.]

**শ্রীঅক্ষয়কুমার কোলে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তাকে স্বাগত ও সমর্থন জানাচ্ছি। সেই সঙ্গে আপনার মাধ্যমে কতকগুলি

suggestions মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি এবং অনুরোধ করছি সে সম্বন্ধে তিনি যেন একটু বিবেচনা করেন।

প্রথমতঃ স্বাস্থ্য কেন্দ্রগুলির মেরামতি কাজটা P. W. D. করে থাকে। কিন্তু সেখানকার যিনি ডাক্তার থাকেন, তিনি সে সম্বন্ধে চীফ মেডিক্যাল অফিসারকে বলবেন, complaint করবেন। আর C. M. O. পরে সে সম্বন্ধে P. W. D.-র কাছে খবর জানাবেন। তারপর সেখান থেকে টেণ্ডার কল করা হবে। এইভাবে বহু সময় লেগে যায় সেই মেরামতের কাজটা সম্পন্ন হতে। সেইজন্য আমার অনুরোধ মন্ত্রী মহাশয় যদি ৫ শো টাকার মধ্যে যে সমস্ত মেরামতের কাজ হবে— তা বি-ডি ও-র মাধ্যমে করান, তাহলে কাজ খুব ত্বরান্বিত হবে। সেই কেন্দ্রের ডাক্তার যদি সার্টিফাই করেন এবং তাঁর সার্টিফিকেটের উপর বি-ডি-ও এবং ওভারসিয়র দুজনে চেক আপ করে যাতে পাস করেন তার জন্য আমি এই suggestion রাখছি। আর বড় কাজ যা হবে হেলথ সেণ্টারের সেটা পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট করবেন, তার তদারকি করবার জন্য বি. ডি. ও থাকবেন। অবশ্য সেই হেলথ সেণ্টারের ডাক্তার যিনি থাকবেন, তিনি সেটা approval করবেন ও signature দেবেন। এই পরিপ্রেক্ষিতে আমি বলছি—আমার কেন্দ্রে স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তার বাবু আমার কাছে complaint করলেন যে ছাদ দিয়ে জল পড়ছে। কয়েকমাস বাদে দেখলাম Public Works Department থেকে লোক এসে সেখানকার গুটিকয়েক জানালা পাল্টে দিয়ে চলে গেছেন। আমি ডাক্তার বাবুকে বললাম আপনি কেন এ সম্বন্ধে complaint করলেন না? তিনি বললেন— হ্যাঁ, আমি করেছি। তবে আজও কোন উত্তর সে সম্পর্কে পাইনি। অথচ সে বিল পাস হয়ে গেছে। পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের বিল পাস হয়ে গেছে। হেলথ সেণ্টারের যখন কাজ হবে, তখন সেখানকার বি-ডি ও এবং সেখানকার হেলথ সেণ্টারের ডাক্তারের যেন সই নিয়ে নেওয়া হয়।

আমি দেখেছি কয়েকটা জায়গায় ডাক্তার পাওয়া যাচ্ছে না বলে শুনেছি। তার জন্য suggestion হচ্ছে —খবরের কাগজের মাধ্যমে আপনি যদি retired ডাক্তারদের কাছ থেকে application আহ্বান করেন এবং সেই ডাক্তারদের নামের প্যানেল তৈরী করে রাখেন, তাহলে temporary হেলথ সেণ্টারের জন্য যেখানে ডাক্তার পাওয়া যাবে না, সেখানে এদের পোষ্টিং করতে পারেন।

আর কয়েকজন হেলথ সেণ্টারের ডাক্তার আমাকে বলেছিলেন, সেন্ট্রাল স্টোর থেকে মাল পাওয়া যাচ্ছে না। সেই জন্য অনুরোধ করছি regular হেল্‌থ সেণ্টারের মাল ওষুধপত্র সাপ্লাই যেন হয়।

আর একটা suggestion হলো এই যে ভেজাল মাল কলকাতায় বিক্রয় হয়, সেটা check up করবার জন্য গভর্ণমেণ্টের কাছে অনুরোধ রাখছি আপনার মাধ্যমে যে, কলকাতা কর্পোরেশনে থাকবে প্রাইভেট মার্কেটে ও আইন করে প্রত্যেকটা জায়গায় মার্কেট ল্যাবরেটারি এবং analytical chemists দুজন করে compulsory ভাবে রাখবার ব্যবস্থা করা হয়। সেই সব মার্কেটে খাদ্য দ্রব্য যা বিক্রী হবে তার analytical laboratory থেকে test করে তার রিপোর্ট রাখবার ব্যবস্থা করতে হবে। কলকাতা কর্পোরেশনের হেলথ অফিসার ও ডাক্তার regular সেই কাগজগুলি examine করবেন এবং দেখে পরে বিক্রীর ব্যবস্থা করতে পারেন।

আর একটা suggestion—সহরে এটা সম্ভব হয়, ডিষ্ট্রিক্ট ও পাড়াগায় এটা অসম্ভব হতে পারে। তাই suggestion হচ্ছে district town-এ ও সাবডিভিসনে বহু কলেজ আছে। সেখানে

laboratory আছে, কেমিষ্ট্রীর Head of the Department, Principal আছে। সেখানে যে গভর্ণমেন্ট ডাক্তার আছেন, তিনি যদি সেখানে যে খাদ্যদ্রব্য বিক্রী হয় তার sample দোকানদারদের কাছ থেকে নিয়ে টেষ্ট করে দেখেন তাহলে আমার মনে হয় ভেজাল মাল বিক্রী কমে যাবে। যে কলেজে এই সব টেষ্টিং হবে তার জন্য কলেজকে একটা ফি দিতে হবে। এতে করে কলেজের কিছু income হবে। এই কাজে সেখানকার ছাত্র ও যুবকদের কাছ থেকে সহযোগিতা পাবে বলে আমার বিশ্বাস।

এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি দুএকটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গ্রাম বাংলার যে সমস্ত অঞ্চল বা ব্লক আছে সেখানে মোটামুটি এক লক্ষ লোকের উপর ভিত্তি করে এক একটি প্রাইমারী হেলথ সেন্টার, দুটি সাবসিডিয়ারী হেলথ সেণ্টারের ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থা প্রয়োজনের তুলনায় অতি নগণ্য। কারণ একটি প্রাইমারী হেলথ সেন্টারে ও দুটি সাবসিডিয়ারী হেলথ সেণ্টারে এতো লোকের চিকিৎসা করা আদৌ সম্ভব নয়। সেইজন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি দিকে। আমাদের ভারতবর্ষের যে ঐতিহ্য সে দিকে তিনি যেন লক্ষ্য দেন। এক সময় ভারতবর্ষের আয়ুর্বেদ চিকিৎসা শীর্ষ স্থানে উন্নীত হয়েছিল। ভারতবর্ষে ২টি বিশ্ববিদ্যালয়ে, নালন্দা ও তক্ষশীলায়, আয়ুর্বেদ সম্বন্ধে গবেষণা হত। সেই গবেষণায় যে সমস্ত আয়ুর্বেদীয় পণ্ডিত ছিলেন তারা হলেন শশ্রু, জীবক, চড়ক ইত্যাদি এবং তাদের গবেষণা লব্ধ জিনিস নিয়ে বহু রকম চিকিৎসা করা হোত। সেই সমস্ত চিকিৎসা অপারেসন, সারজারী এই আয়ুর্বেদ চিকিৎসায় হোত। এই আয়ুর্বেদ চিকিৎসায় অতি কম খরচে ভালভাবে চিকিৎসা করা যায়। এই দিকে নজর দেবার জন্য, যাতে ভালভাবে আয়ুর্বেদ চিকিৎসা সুযোগ পেতে পারে এবং যাতে আমাদের দেশের ঐতিহ্য বজায় থাকে যাতে এই চিকিৎসায় ভাল লোক তৈরী হয় তার সুযোগের ব্যবস্থা করার জন্য আমি ওনাকে অনুরোধ করছি। মোটামুটি যদি দেখা যায় তাহলে দেখবেন যে আজকে যে সমস্ত বড় বড় হাসপাতাল রয়েছে সেখানে মানুষকে রোগ থেকে নিরাময়ের চেয়ে মানুষকে রোগযুক্ত করে ফেলে। দেখা যায় অনেক সাবসিডিয়ারী হেলথ সেণ্টারে বেশির ভাগ লোক আর বাড়ী ফিরে যায় না, মারা যায়। এই বিদেশী আবহাওয়ায় তৈরী যে সমস্ত ঔষধ যা বিদেশের গবেষণার ফল, আমার মনে হয় সেটা ভারতবর্ষের আবহাওয়ায় সুট করে না। তাই আমি মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে বলবো যে তিনি এই আয়ুর্বেদ চিকিৎসার প্রতি নজর দেন। আমাদের ভারতবর্ষের বেশীর ভাগ মানুষই গরীব। যাতে অল্প পয়সায় বেশী লোকের চিকিৎসা করা যায় তার ব্যবস্থা করুন। আর একটি কথা মোটামুটি অন্যান্য চিকিৎসার তুলনায় হোমিওপ্যাথি চিকিৎসাও খুব ফলপ্রসূ। এবং এই চিকিৎসায় কিছু ভুল হয়ে গেলে এ্যালোপ্যাথির মত তত মারাত্মক হয় না। তাই আমি অনুরোধ করবো যে সমস্ত হোমিওপ্যাথি চিকিৎসক আছে যারা লাইসেন্সড্ ডাক্তার নন তাদের সর্ট কোর্স টেনিং দেবার জন্য যদি সেণ্টার খোলা হয় এবং তাদের লাইসেন্স দেবার ব্যবস্থা করা হয়, তাহলে অল্প পয়সায় বহু লোকের চিকিৎসার ব্যবস্থা করা যায়। এই বলে স্বাস্থ্য মন্ত্রী মহাশয় যে দাবী এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমদনমোহন মিদ্দা**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্য মন্ত্রী আজকে যে বাজেট বিবৃতি রেখেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। কিন্তু সমর্থন করতে গিয়ে আমি দু একটি কথা না বলে পারছি না। আমি গ্রাম বাংলা থেকে এসেছি, গ্রামের স্বাস্থ্য রক্ষা করা

জন্য যে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে বা আজ পর্যন্ত যে জায়গায় আছে তা সত্যি বেদনাদায়ক। তিনি বলেছেন যে আমাদের আরামবাগ মহকুমার স্বাস্থ্য কেন্দ্রে শয্যা সংখ্যা বাড়িয়ে দিচ্ছেন এবং আরামবাগ মহকুমার স্বাস্থ্য কেন্দ্রের উন্নতি করার চেষ্টা করে চলেছেন। আমি আরামবাগ মহকুমার অধিবাসী, আমি অত্যন্ত দুঃখের সংগে বলতে পারি যে এই আরামবাগ মহকুমার একদিকে হোল মেদিনীপুর আর এক দিকে হোল বর্দ্ধমান আর এক দিকে হোল বাঁকুড়া তারই মাঝখানে হোল এই সাব-ডিভিসন্যাল হাসপাতালটি।

[5-40—5-50 p.m.]

দেখা যায় যে সেখানে মাত্র ১০০টি শয্যা রয়েছে এবং কম করে সেখানে ৩০০ থেকে ৩৫০টি রোগী আছে। এর জন্য খুবই তাদের কষ্ট পেতে হয়। সেখানে কোন বাউণ্ডারী নেই। দেখা গেছে রোগীরা যা খাচ্ছে কুকুর, ছাগলেরা সেই খাবার খেয়ে নিয়ে যাচ্ছে, কোন বাঁচিয়ে রাখার সুযোগ্য ব্যবস্থা আজ পর্যন্ত করা হয়নি। আর একটি জিনিস আমাকে বলতে হবে। কোয়ালিশন সরকারের সময় আমাদের স্বাস্থ্য মন্ত্রী যিনি ছিলেন ডাঃ জয়নাল আবেদীন সাহেব, তাঁকে আরামবাগে ডাক্তার পাঠানোর জন্য বলেছিলাম। তিনি বলেছিলেন গ্রামে নাকি আমাদের বহু ডাক্তার যেতে চান না। আজকে আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন তাতে দেখছি গ্রামের ছেলেদের মেডিকেল পড়ার কোন সুযোগ দেওয়া হয়েছে বলে মনে হচ্ছে না। আমি তাই দাবী রাখছি গ্রামের দিকের ছেলেরা যাতে বেশী করে মেডিকেল পড়ার সুযোগ পায় এবং গ্রামের মানুষদের যাতে তারা স্বাস্থ্য রক্ষার চেষ্টা করতে পারে তার জন্য ব্যবস্থা করা দরকার। আমরা দেখছি সেন্ট্রাল মেডিকেল স্টোরস থেকে হাসপাতালের ওষুধপত্র বা অন্যান্য জিনিসপত্র দেওয়া হয়। অত্যন্ত দুঃখের কথা ওটা যেন একটা আড্ডাখানা হয়ে গেছে। হাসপাতালে ঠিকমত সাপ্লাই যায় না। সেই জন্য প্রত্যেকটি জেলায় যদি এই মেডিকেল স্টোরের ব্যবস্থা না করা যায়, জেলা ভিত্তিক ইনডিভিজুয়ালি ওষুধপত্র, এ্যাম্বুলেন্সের ব্যবস্থা যদি করতে না পারি তাহলে কখনই গ্রামের স্বাস্থ্য রক্ষা করা যাবে না বলেই আমার ধারণা। কারণ আমরা জানি আমাদের গ্রামে যে সমস্ত হাসপাতাল আছে তাতে যে এ্যাম্বুলেন্স আছে সেগুলি প্রায়ই খারাপ হয়ে যায়, সেগুলি সারানোর জন্য যেখানে পাঠিয়ে দেওয়া হয় সেখানে মাসের পর মাস বছরের পর বছর পড়ে থাকে, তার ফলে রোগী আনার কোন ব্যবস্থা থাকে না। সাবডিভিশন্যাল হসপিটালগুলিতে খুবই অব্যবস্থা আছে। তাছাড়া প্রত্যেকটি থানায় একটি করে প্রাইমারি হেলথ সেন্টার করে দেওয়া হয়েছে। সেখানে চিকিৎসার জন্য ব্যবস্থা করা হয়নি, রোগী মারার ব্যবস্থা কেবল করা হয়েছে। সেখানে নিয়ে গেলে ডাক্তাররা শুধু বলেন আমাদের ঔষধ নেই, কোন ব্যবস্থা করার কিছু নেই, এখানে কোন স্পেশাল ব্যবস্থা হবে না। অনেক সদস্য বললেন নতুন যারা ডাক্তারী পাশ করে এলেন তাদেরই খালি গ্রামে ঠেলে দেওয়া হচ্ছে। আমরা জানি পশ্চিমবাংলার অধিকাংশ মানুষই খালি গ্রামে বাস করেন। কাজেই তাদের স্বাস্থ্য রক্ষা করবার জন্য নতুন অনভিজ্ঞ ডাক্তারদের যদি পাঠানো হয় তাহলে তাদের মেরে ফেলা ছাড়া আর কিছু হবে না। এতে করে আমার মনে হচ্ছে তাদের তাড়াতাড়ি যমের বাড়ী পাঠিয়ে দেওয়া হবে। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন এই প্রাইমারী হেলথ সেন্টার, সাবসিডিয়ারী হেলথ সেন্টারগুলির দিকে নজর রাখেন। তা না হলে আজকের দিনে তিনি যে সমস্ত বক্তৃতা দিয়েছেন তা কখনই সফল করা যাবে না এবং তা কার্য্যে পরিণত হবে বলে মনে হয় না।

**Shri George Albert Wilson-Deroze :** Mr. Deputy Speaker, Sir, I heartily support the demand made by the Hon'ble Minister for Health. In the great

concern that the Hon'ble Minister has shown on behalf of the sick and the suffering, he himself has become an example to all the doctors in the State. Although he is not a doctor himself, it appears that he has taken the Hippocratic oath and is sparing no effort to help the ill and the infirm.

Sir, the medical administration of the State has long been in need of complete reorganisation. It has been, Sir, a hot bed for many years of nepotism, favouritism and, I am sorry to say, communalism. It is my sad duty to speak here of the 'chhagoler goast'.

Sir, I am speaking from personal experience Twenty years ago my younger sister wanted to become a nurse She had done her Senior Cambridge and had taken Bengali as a subject in the Senior Cambridge and done very well in it This was 20 years ago Things have changed since then but when she went for her selection test, something was applied of which the entire civilised world has become ashamed. The infamous Australian dictation test was applied—she was given a dictation test in Bengali which she naturally failed. Sir, in this way, about 20 years ago, the members of my community, who had played an outstanding part in the nursing services of the State and made a great contribution towards the nursing services were slowly driven out of the nursing service. And today you will not find many of them, Sir, in the nursing services. I know that many things have changed today and we are in a different age. There is no question of any communal discrimination today. I am only asking this of the Hon'ble Minister that he will make every effort to see that boys and girls of my community are given some part to have their due share in the medical services, the nursing services and other allied services in the State. There will be no difficulty at all with regard to them having any language difficulty. Every child in our schools who passes the School Final Examination has to be literate in Bengali. Seventeen years ago the State Board for Anglo-Indian Education of which I am a member today, made a rule that no child would be promoted from one class to another unless he passes a test in the Bengali language So. today any child who comes out of the 61 Anglo-Indian schools in the State must pass in Bengali. Otherwise he would not come out of that school. I would just say that if there was a course of training in the junior services in English that would be a great help.

I would also invite the Hon'ble Minister's attention to the administrative chaos in the Medical Department. Doctors in the State have got two separate scales—one is practising scale and the other is a non-practising scale. Those who are in the non-practising scale got a separate allowance, but the practical thing is that doctors in both cases, practising and non-practising, are allowed to practise. Thus, it is very difficult for any person to get into a hospital, to get a bed or a room in any hospital but it is well known that the private patients of the State doctors easily get into the Sate hospitals. Sir, the private nursing homes have became a source of great scandal. Some are very good and they are expensive. Others are mere meney-making institutions and, I am sorry to say—very reputed doctors are running these nursing homes but the services of poor people are exploited by the doctors with their private nursing homes.

Regarding training of nurses, I would suggest that the Hon'ble Minister should look into this question that when the nurses are trained, they are trained in any type of job, right from nursing up to cleaning of floors,

so as to be able to do all the jobs, so that there will be no held up of medical services due to any kind of strike amongst lower staff. Sir, in all the advanced countries the nurses are trained to do the most menial type of work and to keep the hospital clean and hygienic. I would suggest that the training should include every possible work that a nurse could do.

[5-50—6-00 p.m ]

**শ্রীমতী নুরেন্নেসা সাত্তারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের এই বাজেটকে সমর্থন করছি। অনেক বক্তা এখানে বক্তব্য রেখেছেন, অনেক সাজেশন দিয়েছেন, আমার সাজেশন দেবার কিছু নাই। আমি গ্রামবাংলা থেকে সদস্য নির্বাচিত হয়ে এসেছি, বর্তমানের পূর্বস্থলি কেন্দ্রে, সেখানে স্বাস্থ্য, শিক্ষা, রাস্তাঘাট, কৃষির উন্নতি হওয়া দরকার এবং সেই জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলব যে, যে সব যায়গায় বর্ষাকালে বিশেষ করে হাঁটা-চলা করা যায় না, ছেলেমেয়েরা স্কুল কলেজে যেতে পারে না, যেখানে ডাক্তার ডাকতে গেলে রোগী মারা যায় সেই সব যায়গার প্রতি আরও বেশী করে দৃষ্টি দিতে বলছি। স্বাস্থ্য হচ্ছে সকল উন্নতির মূলে, সেখানে শহরের স্বাস্থ্যের সঙ্গে গ্রামের স্বাস্থ্যের পার্থক্য করলে চলবে না। সেখানে আরও বেশী করে হেল্‌থ সেণ্টার করতে হবে, আরও রাস্তাঘাট বাড়াতে হবে। প্রতি ব্লকে ব্লকে, প্রতি অঞ্চলে অঞ্চলে আরও বেশী যাতে হেল্‌থ সেণ্টার তৈরী হয় এবং সেখানে যাতে অভিজ্ঞ ডাক্তার থাকে এবং রোগী ভালভাবে সেবা শুশ্রূষা পায়, ভাল ভাল ঔষধ-পত্র যাতে সেখানে থাকে সেজন্য আমি স্বাস্থ্য মন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করছি তিনি এই দিকে লক্ষ্য রাখবেন। আর একটা কথা, যখন বর্ষাকালে রাস্তাঘাট ডুবে যায় তখন রাস্তায় যান-বাহন চলাচল বন্ধ হয়ে যায়, যার ফলে তখন রোগীকে হেল্‌থ সেণ্টারে আনা মুশকিল হয়ে যায়। সেই জন্য রাস্তাঘাটের কথা বিশেষ করে বলছি। বর্ষায় মোষের গাড়ী গরুর গাড়ী চলাচল করতে পারে না যে রাস্তা দিয়ে সে রাস্তা দিয়ে মানুষ চলাচল করবে কি করে? সেই জন্য ঐ সব স্বাস্থ্য কেন্দ্রে ঔষধের স্টক রাখা দরকার। আর একটা কথা ব্লক অনুযায়ী একটা করে এ্যাম্বুলেন্স রাখা অত্যন্ত প্রয়োজনীয় এবং সেই দিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজ বাজেটে যে টাকা ধরা হয়েছে সেটা বড় কথা নয়, সেটা সুষ্ঠভাবে খরচ হচ্ছে কিনা সেই দিকে দৃষ্টি রাখা সব চেয়ে বেশী প্রয়োজন, কারণ আমরা অনেক কিছু জানতে পেরেছি খবরের কাগজের মাধ্যমে এবং এখানে আলোচনার মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যে দুর্নীতি চলছে ঔষধপত্র নিয়ে, রোগীর খাবার নিয়ে, এই সব সমস্যার সমাধান করবার জন্য আমি মন্ত্রীমহাশয়কে একটা তদন্ত কমিটি গঠন করতে বলছি যার মাধ্যমে যে রিপোর্ট পাওয়া যাবে সেই রিপোর্ট দেখে কাজ করা যাবে। তারা প্রতিটি হেল্‌থ সেণ্টারে খোঁজ নিয়ে যে রিপোর্ট দেবেন সেই রিপোর্টের ভিত্তিতে সুযোগ সুবিধার ব্যবস্থা করতে পারবেন। আমি আপনার মাধ্যমে উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়কে এইটুকু অনুরোধ করব।

আরও অনুরোধ করছি গ্রামাঞ্চলে যে সমস্ত হেল্‌থ সেণ্টার আছে সেই সমস্ত হেলথ সেণ্টারের অনেক জায়গায় ডাক্তার আছে তো নার্স নেই, নার্স আছে তো ঔষধ নেই সেইসব অভিযোগগুলো সম্বন্ধে অনুসন্ধান করা দরকার। সেই অভিযোগগুলো কেন হয়েছে, কিভাবে হয়েছে সেটার অনুসন্ধান বি, ডি, ওর মাধ্যমে করতে পারেন বা একটা কমিটি করে তার মাধ্যমে করতে পারেন। এমনভাবে করুন যাতে গ্রামাঞ্চলের সাধারণ মানুষের কাজে লাগে এবং লোকে স্বাস্থ্য যাতে পায়

তার ব্যবস্থা করুন। বিশেষভাবে বলছি বর্ষাকালে যেখানে রাস্তাঘাট ডুবে যায় সেখানে ঔষধপত্রের স্টক করে রাখতে হবে এবং এ্যাম্বুলেন্সের ব্যবস্থা করতে হবে রুগীদের নিয়ে যাবার জন্য। শহরের হাসপাতালের মধ্যে অনেক দুর্নীতি চলছে। এস, আর, এস হাসপাতালের প্যাথেলজি ডিপার্টমেন্টে অনেক দুর্নীতি চলছে। সেটা অল্প সময়ের মধ্যে বিস্তারিতভাবে বলা যাবে না। তবে যদি অনুমতি করেন পরে স্বাস্থ্যমন্ত্রীর কাছে দিতে পারি। স্বাস্থ্য আর শিক্ষা নাহলে সমাজ জীবন অচল হয়ে যায়। স্বাস্থ্যমন্ত্রী বলেছেন আমাদের দেশের ছেলেমেয়েরা ফুলের মতো ফুটে উঠবে। তারা স্বাস্থ্যবান হবে এবং মাঠে-ঘাটে এবং কল-কারখানায় কাজ করবে। কে না চায় ফুলের মতো ছেলে হবে? কিন্তু আমাদের দেশে যে দুর্নীতি বেড়ে গিয়েছে তাতে আমরা একটা বিষাক্ত আবহাওয়ার মধ্যে বাস করছি যেখানে সব কিছুতেই ভেজাল। সেটা ছাড়াবার মতো কোন ব্যবস্থা নেই। করপোরেশনের এই রকম অবহেলা চলছে। তাতে আমাদের সব কিভাবে ভালো হবে জানি না। যদি মন্ত্রী মহাশয় ব্যবস্থা করেন তাহলে আমাদের ছেলেমেয়েরা ভালো স্বাস্থ্যের অধিকারী হতে পারে। খাদ্যে ভেজাল আছে, পথ্যে ভেজাল, ঔষধে ভেজাল—সব জায়গায় ভেজাল। কোথায় হাসপাতালের রোগীদের একটা ভালো পথ্য দেওয়া হবে, সেখানেও খারাপ পথ্য দেওয়া হয় এবং ঔষধপত্র সব উধাও হয়ে যাচ্ছে। রোগীদের ঠিকমতো চিকিৎসা হচ্ছে না। সেদিকে লক্ষ্য রাখতে অনুরোধ করছি। কিন্তু আমাদের প্রত্যেকের ফুলের মতো ছেলেমেয়ে তৈরী করতে হবে, নাগরিক তৈয়ারী করতে হবে সেটা প্রত্যেককে উপলব্ধি করতে হবে। আমরা নিজেদের দেশ তৈয়ারী করছি। শুধু সরকারকে দোষ দিলে হবে না। শুধু চেষ্টা করতে হবে আমাদের সন্তানদের সুস্থভাবে গড়ে তুলতে। দুর্নীতি যদি হয় তাহলে আমরা নিজেরা ধরবো এবং তাকে শাস্তি দিতে হবে। সে কর্মচারী হক বা জনসাধারণ হক। আর আমার বিশেষ কিছু বলার নেই। লালবাতি জ্বলে গিয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীগিরীজাভূষণ মুখোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। তিনি যে টাকা চেয়েছেন নিশ্চয় তা চাইবেন। আরও বেশি টাকা চাইলে আমরা আরও বেশি খুশী হতাম। তিনি যে টাকা চেয়েছেন তাতে কোন রকমে হয়তো কাজ চলতে পারে আরও বেশি টাকা চাইলে ভালো হতো। তাঁকে সমর্থন করেও এটা নিশ্চয় বলতে হবে এই ডিপার্টমেন্ট হচ্ছে প্ল্যানলেস ডিপার্টমেন্ট। আমি নিজে ডাক্তার নই, কিন্তু দৈনন্দিন চলাফেরার মধ্য দিয়ে শহর ও গ্রামে বাস করার মধ্য দিয়ে যে অভিজ্ঞতা পেয়েছি সেইজন্য আপনার কাছে এটা প্ল্যানলেস বলছি। হুগলী জেলার বর্ধমান ডিভিশনে এ, জি, হসপিটাল বলে একটা হসপিটাল আছে সেখানে ১৫ বছর পরেও কেরোসিনের তেলের আলো জ্বলে। শুনেছি সেটা ভাড়া বাড়ী সেইজন্য ইলেকট্রিক করা সম্ভব নয়। আজকাল ভাড়া বাড়ীতেও জোর করে ইলেকট্রিক নিয়ে যাওয়া যায়। কিন্তু কারো কোন চেষ্টা নেই। সেইজন্য বলছি প্ল্যানলেস।

6-00—6-10 p.m.]

আরও planless বলছি এই কারণে যে সেখানকার poly clinic-এর O. T. তে যান তাহলে ঘর্মাক্ত করে ঘামবেন। Operation-এর সময় একজন ডাক্তার যাকে swab-এর মধ্যে থাকতে হয় তার ঘাম মুছবার জন্য একজন nurse-ও থাকতে হয়। কারণ এর একপাশে gas chamber আর একদিক দিয়ে খাড়া রোদ আসে। সেখানে যে air cooler আছে সেটাকে ৮০ হাজার টাকা

খরচ করে re-wiring করা হল, কিন্তু কিছুই হলনা। সেই O. T. কে নূতন ভাবে সংস্কার করা হল না। অতএব কিভাবে বুঝব যে সেখানে একটা plan আছে এবং plan মাফিক seriously কাজ হচ্ছে। আপনি নিশ্চয় ভাঙড় হাসপাতালে ঢুকেছেন। সেখানে যে outdoor আছে সেই out-door-এর পাশেই আস্তাকুঁড় এবং সেখানে বসেই ডাক্তাররা চিকিৎসা করছেন ও prescription লিখছেন। এটাই actual ঘটনা। অর্থাৎ প্রচেষ্টার সত্যিকারের অভাব। স্বাস্থ্যমন্ত্রী তিন মাস মাত্র এসেছেন, আশা করি এগুলি তিনি দূর করার নিশ্চয় চেষ্টা করবেন। তিনি যে চেষ্টা করছেন সে সম্বন্ধে কিছু কিছু report পেয়েছি। কিন্তু তাঁর যে Department সেই Department-এ maximum number of gazetted officers থাকার ফলে maximum chaos আছে। এটা আমরা সর্বত্রই দেখছি। সকলেই বললেন Health Centre-এ ডাক্তার থাকেন না। কিন্তু কেন থাকেন না? What is your assessment? ডাক্তারদের কোন incentive নেই থাকার। সুতরাং ডাক্তার থাকছে না। নতুন ডাক্তার আপনারা পাঠাচ্ছেন। কিন্তু তারা বিভিন্ন কারণে চলে আসছেন। তারকেশ্বর Health Centre-এ গরু, ছাগল থাকে। চুঁচুড়া হাসপাতাল থেকে তারকেশ্বর Health Centre-এ ওষুধ pass হচ্ছে। সেখানে ডাক্তার, compounder, নার্স কেউ নেই। কিন্তু ওষুধ ঠিক চলে যাচ্ছে। এটা একটা charming জিনিষ। সে দিক থেকে বলছি Health Centre-কে যদি improve করতে হয় তাহলে এসব চিন্তা করা দরকার। আমি একথা বলছি না যে আমার কথা মেনে নিন। কিন্তু আমি চিন্তা করার জন্য এ সব বলছি। District Hospital-এ ডাক্তার practising, Sub-divisional Hospital-এ ডাক্তার practising, teaching institution P.S. tropical-এ ডাক্তাররা practising। কিন্তু ওসব জায়গায় non-practising এটা কি কোন plan? শুধু Health Centre-এর ডাক্তাররা non-practising কেন? Health Centre-এ যদি practising করা যায় তাহলে এটা money incentive হতে পারে। আমি বলছি না যে money incentive দিয়ে Health Centre রাখতে হবে। এটা আমার plan-এর মধ্যে নয়। কিন্তু আমি বলছি যে এটা চিন্তা করুন যে গ্রামের অন্যান্য ডাক্তারদের একটা সামান্য hono-rarium দিয়ে Hony. ডাক্তার হিসাবে রাখা যায় কি না? They may be kept in a group in each centre। এখানে Hony. ডাক্তার আছেন। S. S. K. M. Medical-এ সব জায়গায় আছে। কেউ qualification-এর জোরে আছে, কেউ ঘুষের জোরে আছে। গ্রামে দুটো ডাক্তার থাকলো। We do not lose anything, মেদিনীপুর Health Centre-এর ডাক্তারের অসুখ হল compounder তার চিকিৎসা করলেন। তাকে Contai Hospital-এ আনার জন্য ambu-lance এল, কিন্তু ৩ মাইল দূরে Health Centre-এ stretcher-এ করে আনতেই সেই ডাক্তার মারা গেলেন। তাহলে সেখানে ডাক্তার যাবে কেন? সে জন্য সেখানে গ্রামে যারা ডাক্তার আছেন তাঁদের যদি সামান্য honorary allowance দিয়ে রাখেন তাহলে তাঁকে দায়িত্ব দিয়ে চলে আসতে পারেন। এগুলি seriously চিন্তা করতে হবে যে Health Centre গুলিকে কিভাবে improve করা যায়। শুধু চুরি nepotism-এর কথা অনেকে বলেছেন। আমি ওসব কথা বলছি না। মেদিনীপুরের Health Centre-এর family planing unit-এ আমি গিয়েছিলাম। এগরাতে গিয়েছি, অপারেশান করতে হবে, সেজন্য হ্যাচাক ভাড়া করে নিয়ে এল, হ্যাচাক পাশে রেখে অপারেশন করতে গেল হল না উঁচু করে ধরল, নিচে অন্ধকার হওয়ায় অপারেশন হল না। শেষে একজনকে উঁচু করে কাত করে ধরতে হল তারপর অপারেশন হল। অথচ ৫ শো গজ দূরে মেন রোডে ইলেকট্রিসিটি আছে। কিন্তু হাসপাতালে ইলেট্রিসিটির কানেকসান নেই। দাঁতনে সামনে দিয়ে গ্রিড গেছে, টেমপোর্যারি কানেকসান করে ফ্যামেলি প্ল্যানিং করে। মধ্যমগ্রামে ৬ বছর ইলেকট্রিক লাইট জ্বলছে, পাশে হাসপাতালে ইলেকট্রিক লাইট আসেনি। ডাক্তারদের কি ফেসিলিটি দেবেন ইফ দে আর ন

নেগলেক্টেড। তাদের প্রাইভেট প্রাকটিস নেই, কেরোসিন তেল বেচে যদি কিছু উসুল হয়। এটা প্ল্যানিংএর মধ্যে আছে কিনা জানিনা। ইলেকট্রিসিটি না থাকার কোন কারণ নেই। আপনারা ফতোয়া দিয়েই খালাস যে ইলেকট্রিফাই কর, কিন্তু সেটা কার্যে পরিণত হচ্ছে কিনা সেদিকে লক্ষ্য নেই। আমাদের এই যদি এ্যাটিচিউড হয় তাহলে ডাক্তারদের এ্যাটিচিউড কি হবে, তারা শহর থেকে পাশ করে গ্রামে কেন যাবে? এস এস কে এম বলল বার্ন ইউনিট এয়ার কণ্ডিসানড চাই পৃথিবীর সব দেশে আছে, এ্যাডমিনিষ্ট্রেসান সেটা ক্যানসেল করে দিল। কি এমন নিধিরাম সর্দার ক্যানসেল করে দেওয়ার? পৃথিবীর সব দেশে বার্ন ইউনিট এয়ার কণ্ডিসাণ্ড, কিন্তু আমাদের এখানে এ্যাডমিনিষ্ট্রেসান সেটা ক্যানসেল করে দিল। এইজন্য ডাক্তারদের বিক্ষোভ। প্ল্যানিং-এর কথা বলছেন, আপনারা বহু লোক নেন, বহু লোককে স্পেশালাইজ করার জন্য টাকা পয়সা খরচ করেন, সার্জেন ফিজিসিয়ান স্পেশালাইজ করেছেন কিন্তু সাব-ডিভিসনাল হাসপাতালে এ্যানেস্থেটিস্ট নেই। সেখানে ভাগ্যবান সার্জেন হলে তাঁর স্ত্রী এ্যানেস্থেটিস্টের কাজ করেন। যেখানে সার্জেন ভাগ্যবান নন সেখানে ওয়ার্ড বয় কিংবা কম্পাউণ্ডার করেন, এঁরা দু'জন অস্বীকার করলে সুইপার এ্যানেস্থেটিস্টের কাজ করে। সেজন্য আমি বলছি এ্যানেস্থেটিস্ট ডেভলপ করার জন্য আপনাদের কি কোন প্ল্যানিং আছে? হাসপাতালে বায়োকেমিষ্ট সর্টেজ, রেডিওলজিস্ট সর্টেজ, প্যাথোলজিস্ট সর্টেজ, এগুলির জন্য কোন প্ল্যানিং না থাকায় হাসপাতাল সাফার করছে। সেদিক থেকে তাদের স্পেশালাইজ করার জন্য কাউকে ফরেনে পাঠাবার কোন প্রচেষ্টা নেই, শুধু সার্জেন এবং ফিজিসিয়ান আছে। এই যদি হয় তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বুঝতে হবে যে আমাদের মেডিক্যাল ডিপার্টমেন্টে কোন নিড বেসড পিপল ওরিয়েণ্টেড প্রোগ্রাম নেই। যার মাথায় যখন যা আসে সেইভাবে প্রত্যেকে ফাংকসান করছেন এ্যাকর্ডিং টু ব্রেন ওয়েভ মাথায় যা আসছে সেটাই হচ্ছে। এই ব্রেন ওয়েভ বন্ধ করতে হবে, করে সত্যিকারে পিপল ওরিয়েণ্টেড প্রোগ্রাম করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই চেষ্টা করছেন। কিছুদিন আগে এস এস কে এম হাসপাতালে পচা ফল দেওয়ার জন্য চেঁচামেচি হয়েছিল, উনি তার প্রতিকার করবার জন্য চেষ্টা করেছিলেন। কিন্তু আপনি জানেন ফলের জন্য কত দেওয়া হয়। এস এস কে এম যেটা একটা প্রিমিয়ার হাসপাতাল সেখানে ফলের জন্য ৮ নয়া পয়সা দেওয়া হয়। এতে দুটো কুল কিংবা জামরুল হতে পারে, এতে আপেল বা আঙুর কিছু হবে না। সেজন্য বলছি যে সদিচ্ছা থাকলেও যদি সত্যিকারের একটা প্ল্যানিং না করতে পারা যায় তাহলে এই সম্বন্ধে বিশেষ কিছু এগোনো যাবে না, সোর্স অব গুড উইসেস হয়ে থাকতে হবে সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে স্বাগত জানিয়ে বলব যে আপনাকে প্রাণপণ চেষ্টা করতে হবে, এই যে ম্যাক্সিমাম নাম্বার অব গেজেটেড অফিসার্স ডিপার্টমেন্ট এটাকে সংশোধন করতে হবে।

[6-10— 6-20 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই যে, নন-প্রাক্টিসিং ডাক্তার আছেন, প্রাকটিসিং ডাক্তার আছেন। একজন বললেন ২ জনের প্রাকটিস্ করেন। আমরা মানুষকে কখনও, জোচ্চোর ভাবিনা, অনেস্ট ভাবি। মনে করুন একজন টিচিং স্টাফ আছেন যিনি রিসার্চ করেন কিন্তু যখন সিলেকসন বা প্রোমোসন হবে তখন তাঁর রিসার্চ ওয়ার্ক বা টিচিং ক্যাপাসিটি বিচার করা হবে, না সিনিওরিটি বিচার করা হবে? যিনি নন-প্রাকটিসিং ভাল কোয়ালিফাইড ডাক্তার তাঁর কি ইনসেনটিভ আছে—অনাচারালি তিনি ওখানে চলে যাবেন এবং লুকিয়ে প্রাকটিস করবেন। অর্থাৎ যেখানে তাঁর যাওয়া উচিত নয় সেখানে তিনি যাবেন। সুতরাং এই নন-প্রাকটিসিং ডাক্তারদের

সম্বন্ধে আমাদের চিন্তা করতে হবে, তাঁদের ইনসেনটিভ দিতে হবে এবং যখন কোন প্রমোসন বা সিলেকসন হবে তখন তাঁর রিসার্চ ওয়ার্ক টু বি টেকেন ইনটু এ্যাকাউন্ট। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এখানে ভাল ভাল ডাক্তার আছেন, ভারতবর্ষে ভাল ভাল ডাক্তার আছেন, কিন্তু কয়টা বই আছে বলতে পারেন? কোন ভাল ডাক্তার যদি বই লেখেন তাহলে তাঁর নিজের পয়সায় সেটা ছাপতে হবে এবং গভর্ণমেণ্টের পার্মিসন নিতে হবে। আর রাইটার্স বিল্ডিংস্ যদি দেখেন তাঁদের জ্ঞানের পরিধি ছাপিয়ে গেছে তাহলে পার্মিসন পাওয়াও দুষ্কর। যেখানে গভর্ণমেণ্টের পয়সার ছাপান উচিত এবং ভাল বই হলে পুরস্কার দেওয়া উচিত সেখানে দেখছি রাইটার্স বিল্ডিংস্‌এর পার্মিসন প্রয়োজন। হোয়াই—এগুলি কেন হবে? নন-প্রাকটিসিং ডাক্তার যদি কোন বই লেখেন তাহলে নিশ্চয়ই সেটা ছাপাবেন এই দায়িত্ব নেওয়া উচিত। দিজ আর ইনসেনটিভস্। আমি সেইজন্য বলছি এগুলি নিশ্চয়ই আমাদের মাথায় রাখতে হবে, চিন্তা করতে হবে। মন্ত্রীমহাশয় বলেছেন প্রিভেনটিভ এবং কিউরেটিভ দুটোতেই ইকোয়াল চেষ্টা করছেন। কিন্তু তাঁর বক্তব্যের মধ্যে প্রিভেনটিভের ২/১ টি লাইন আছে বটে, কিন্তু কিউরেটিভের কি আছে? এরজন্য আমাদের পাবলিক হাইজিনকে ইমপ্রুভ করতে হবে। পাবলিক হাইজিন আজকে কোথায় স্ট্যাটাস্ পায়? আজকে কমার্সের যুগ তাই দেখছি ক্যাপিটালিস্টরা ঔষধ বেচে পয়সা করছে। এটা আমাদের মনকে সার-চার্জ করে রেখেছে। এরই ফলে প্রিভেনটিভকে আমরা ইমপরটেনস দিতে পারিনি। সেইজন্য আমি বলছি আমাদের রিঅরিএণ্টেড করতে হবে, পাবলিক মাইণ্ড নূতন করে চেঞ্জ করতে হবে এবং প্রিভেনটিভের উপর ম্যাকসিমাম জোর দিতে হবে। ফ্যামিলি প্ল্যানিং এর কথা বলেছেন। ফ্যামিলি প্ল্যানিং হয়েছে এবং ইমপ্রুভ করেছে। কিন্তু যদি একে পপুলেসন বেসিসে দেখেন তাহলে দেখবেন কলোজাল ব্যাপার। আগের চেয়ে ইমপ্রুভ হয়েছে, কিন্তু এখনও অনেক বাকী আছে। আমি সেইজন্য বলছি প্রত্যেক ব্লকে একটি করে ম্যাটারনিটি কাম ফ্যামিলি প্ল্যানিং ইউনিট করতে হবে। খুব অল্প পয়সায় করুন, কিন্তু প্রত্যেক ব্লকে এটা আপনারা করুন। তারপর আমার বক্তব্য হচ্ছে চুচুড়া এ জি হাসপাতালকে ইমপ্রুভ করুন এবং মেণ্টাল হসপিটাল, মেণ্টাল এ্যাসাইলাম সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে মানকুণ্ডুর মেণ্টাল হসপিটালকে আপনারা ইমপ্রুভ করুন।

**ডাঃ মোতাহার হোসেন**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের মঞ্জুরীর জন্য প্রস্তাব আনয়ন করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আশা করেছিলাম এই খাতে টাকার পরিমাণ হয়ত আরো অনেক বেশী হবে, কারণ হেল্‌থ ইজ ওয়েল্‌থ, স্বাস্থ্যই সম্পদ। তাছাড়া এই স্বাস্থ্য কেন্দ্রকে কেন্দ্র করে বহু অস্বাস্থ্যকর পরিবেশের সৃষ্টি হয়েছে। বহু শোচনীয় অবস্থার মধ্যে দিয়ে স্বাস্থ্য বিভাগ চলছে। এই বিভাগকে কেন্দ্র করে নানা অভিযোগ, নানা দাবী চারদিকে দেখা যায়। যেখানে অনেক জায়গা আছে সেখানে কোন হাসপাতাল নেই বা হাসপাতাল এখনও গড়ে ওঠেনি। যেখানে হাসপাতাল আছে, সেখানে ডাক্তার নেই, যেখানে হাসপাতাল আছে, ডাক্তার আছে, সেখানে ওষুধ নেই, কোথাও বা এ্যাম্বুলেন্স নেই, কোথাও বা নার্স নেই, কোথাও বা জি, ডি, এ, নেই, নানা সমস্যা নানা দিকে আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকারের কাছে ন্যূনতম দাবী জনসাধারণের ছিল প্রতি ব্লকে অন্ততঃ একটি প্রাইমারী এবং দুটি সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার স্থাপন করা হবে। কিন্তু উপাধ্যক্ষ মহাশয়, আজ পর্যন্ত সেই মিনিমাম প্রতিশ্রুতি পালন করা হয়নি। যদিও কয়েকদিন আগে মন্ত্রী মহাশয়ের একটা পরিকল্পনা দেখলাম ৫ হাজার জনসংখ্যায় একটি করে হাসপাতাল তৈরী হবে। কালকের কাগজে দেখলাম আমাদের পশ্চিমবাংলার মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছেন প্রতি ব্লকে যাতে একটি প্রাইমারী এবং একটা সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার প্রতিষ্ঠা করা যায় সেইজন্য পরিকল্পনা তৈরী করে তিনি কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন। একথা সুখের কথা, খুব ভাল কথা। কিন্তু এই বিভাগের কাজ খুবই মন্থর গতিতে চলছে। আমার সন্দেহ

হচ্ছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা বাস্তবে কোনদিন রূপায়িত হবে কিনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি বলছিলাম সরকারের যে মিনিমাম প্রতিশ্রুতি আছে যে প্রতি ব্লকে প্রাইমারি হেল্‌থ সেন্টার একা বা দুটি সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার, সেটা ইমিডিয়েটলি স্থাপন করা হোক। পাঁচ বৎসর ত্রুটিপূ প্ল্যানিংএর জন্য প্রতি ব্লকে সাবসিডিয়ারি হেলথ সেন্টার থাকা সত্বেও সেখানে লোক চিকিৎসার সুযোগ নিতে পারছে না। সেখানে অন্ততঃ আর একটা করে অবিলম্বে প্রাইমারি হেলথ সেণ্টার এব সাবসিডিয়ারি হেলথ সেণ্টার প্রতিষ্ঠা করা হোক এই দাবী আমি করছি। মাননীয় মন্ত্রী মহাশয়ে বাজেট বক্তৃতায় দেখলাম যে কয়েকটি হাসপাতাল, কিছু বেডের সংখ্যা বাড়ান হচ্ছে। কিন্তু মাননীয় উপাধাক্ষ মহাশয়, বীরভূম জেলা তা থেকে বঞ্চিত হয়েছে। আমাদের ভাগে তা জোটেনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বীরভূম সদর হাসপাতালে শয্যা সংখ্যা হচ্ছে ২১৬, সেখানে মিনিমাম চারশো রোগী নিয়ে থাকে। রামপুরহাট সদর মহকুমা হাসপাতালে যেখানে ১৫৮ টি বেড আছে সেখানে ২৫০ থেকে ৩০০র কম রোগী হয়না। তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার দাবী অবিলম্বে এই সব সদর হাসপাতালে, শিউড়ী হাসপাতালে, সেখানে দু'শটি বেড করা হোক এবং রামপুরহাট হাসপাতালে আরো ১০০ বেড বাড়ান হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বিধানসভায় বললেন এখন ৭৭ টি হেল্‌থ সেন্টারে কোন ডাক্তার নেই। এটা খুবই দুঃখের কথা। এছাড়া বহু হাসপাতালে ও স্বাস্থ্য কেন্দ্রে প্রয়োজনীয় ডাক্তারের যে সংখ্যা দরকার তার চেয়ে অনেক কম আছে। তাই এই সমস্যা সমাধানের জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি প্রস্তাব রাখছি। গ্রাম বাংলায় যে স্বাস্থ্যকেন্দ্রগুলি তৈরী হয়েছে সেই গ্রামবাংলার চাহিদা মিটাতে গেলে প্রথম কথা ভাবতে হবে, তাই আমাদের প্রথম সাজেশন হচ্ছে (১) গ্রাম বাংলার বেশী ছেলেকে ডাক্তারি পড়বার সুযোগ দিতে হবে. (২) গ্রাম বাংলার যে সব স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে যেসব ডাক্তার পোষ্টিং হবে কেবলমাত্র তারাই প্রাইভেট প্রাকটিস করতে পারবে। তাছাড়া কলকাতা বা জেলা সদর হাসপাতালে যারা পোষ্টিং আছে তারা প্রাইভেট প্রাকটিস করতে পারবেনা। (৩) যারা গ্রামবাংলায় পোষ্টিং হবে সেই সব তাদের ছেলেদের শিক্ষার ব্যবস্থা করতে হবে। (৪) সেখানে যাতে ভালভাবে ওষুধপত্র সরবরাহ হয় বা যন্ত্রপাতি পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেখানে অন্ততঃ ব্যবস্থা করতে হবে যোগাযোগের যাতে সহজে তারা আসতে পারে, অন্ততঃ একটা করে লিঙ্ক রোড করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে আমি মহকুমা হাসপাতাল ও সদর হাসপাতালের কথা বলছি। সেখানে ডাক্তারের ক্রাইসিস মিটাতে গেলে শুধু স্পেশালিষ্ট দিয়েই চলবে না, আউটডোর ইনডোর হলেই চলবে না, তাতে অসুবিধা আছে আউটডোরের চাহিদা মিটাবার জন্য সেখানে সিম্পল এম, বি, বি, এস, ডাক্তার দিয়ে কাজ করান তাতেই কাজ চলবে। তারা বুঝতে পারবে কোনটা ইমার্জেন্সি, কোনটা মেডিক্যাল, কোনটা সার্জারি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর ওষুধের কথা বলি। কলকাতা সহরে হয়ত ওষুধ খুঁজে পাওয়া যায়, কিন্তু গ্রাম বাংলায় সামান্য সালফা গোয়ানিডাইন পর্যন্ত পাওয়া যায় না। ওষুধ যাতে পাওয়া যায় সেদিকে দৃষ্টি রাখতে হবে। আর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলছি যে জেলা পরিষদে যে সমস্ত চ্যারিটেবল ডিসপেনসারি আছে সেগুলির যে কি অবস্থা—বৎসরে মাত্র সেখানে ৪/৫ শত টাকার ওষুধ পাওয়া যায়। ওষুধের বিনিময়ে কোন রোগীর কাছ থেকে ৬ পয়সা বা ঐরকম পয়সা নেওয়া হয়। সেগুলি বন্ধ করে দিয়ে সরকারী স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করুন এই দাবী জানাচ্ছি।

6-20—6-30 p.m.]

**শ্রীএক্রামুল হক বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালের ব্যয় বরাদ্দের দাবী

যা মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন, আমি আন্তরিকভাবে সমর্থন করছি। আজ স্বাধীনতার রজতজয়ন্তীর প্রবাহে, তিনি সারা বাংলার মানুষের জন্য বাজেটের ৩৩ ভাগ বরাদ্দ করেছেন, তার জন্য নিশ্চয়ই সকলের কাছে তিনি অভিনন্দনযোগ্য। বাজেট বক্তৃতায় মন্ত্রী মহাশয় যে আশা এবং উৎসাহের কথা আমাদের শুনিয়েছেন, তাতে আমাদের আশায় এবং উৎসাহে বুক ভরে যাচ্ছে। কিন্তু সেই সঙ্গে একটা করুণ স্বরও প্রতিধ্বনিত হয়েছে, তা হল, মন্ত্রী মহাশয়ের সাধ আছে, সাধ্য নাই, যেহেতু সীমিত অর্থের ব্যয় বরাদ্দের মধ্যে তিনি এই বাজেটের ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন।

যাই হোক, পূর্ববর্তী বক্তাগণ সমস্ত হাসপাতালের অবস্থার কথা বলে গিয়েছেন। আমি তাঁদের সঙ্গে সুর মিলিয়ে একই কথা বলতে চাই। গ্রামাঞ্চলের হাসপাতালগুলিতে যে সমস্ত অব্যবস্থা আছে, তা অত্যন্ত বেদনাদায়ক। তিনি তাঁর বাজেট বক্তৃতায় বললেন গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে ৫০ পয়সা করে বৃদ্ধি করেছেন। জানিনা সেই বৃদ্ধি নিরীহ রোগীদের কতটা উপকারে লাগবে। তাই তাঁর কাছে দাবী রাখছি, উনি যেটা বৃদ্ধি করলেন সেটা যেন সদব্যয়ে ব্যয়িত হয়, তার জন্য তিনি যেন দৃষ্টি রাখেন। গ্রামাঞ্চলে দেখতে পাচ্ছি অসুখের খুব প্রসার লাভ ঘটছে, তার মধ্যে আছে টি. বি. রোগ, শিশুর পুষ্টিহীনতা, ক্যান্সারের প্রাদুর্ভাব, কলেরা, টিটেনাস, রক্তশূন্যতা ইত্যাদি। রক্তশূন্যতা রোগ বিশেষ করে গ্রামাঞ্চলে ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের নিকট অনুরোধ রাখছি যে একটা কথা আছে প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর, তিনিও যেন কিওরের চাইতে প্রিভেনটিভ মেজার বেশী নেন। তাহলেই আমাদের এই ব্যয় বরাদ্দের যে লক্ষ্য সেই লক্ষ্যে উপস্থিত হতে পারব। আমরা জানি ইতিপূর্বে ম্যালেরিয়া আমাদের দেশ থেকে প্রায় নির্মূল হতে চলেছে এই মেজারের ফলে। সুতরাং প্রিভেনটিভ মেজার, আমরা যদি নিতে পারি তাহলে নিশ্চয়ই উপকার হবে। সেই সঙ্গে আমি ফ্যামিলি প্ল্যানিং যে প্রথা আমাদের দেশে প্রচলিত আছে, তাতে দেখছি অনেক অব্যবস্থা, অনেক অভিযোগ। এই ফ্যামিলি প্ল্যানিং ডিপার্টমেন্টের কাজকে সুষ্ঠু এবং সাবলীল করতে হবে, যাতে দেশের নিরক্ষর ছেলেমেয়েরা এর উপকারিতা বুঝতে পারে, উপলব্ধি করতে পারে এবং সেই জিনিষ মেনে নিতে পারে। এখানে প্রতিধ্বনিত হয়েছে যে গ্রাম বাংলায় ডাক্তারদের অভাব। আমাদের সারা বাংলায় ডাক্তারদের অভাব আছে প্রকৃতপক্ষে কিন্তু তার জন্য কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। আমি গ্রামাঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি। আমার মনে হয় সামনে যে সমস্ত ছাত্র মেডিক্যাল কলেজে ভর্তি হবে মেধানুযায়ী সেটা যদি জেলওয়ারী করে দেন, তাহলে গ্রামাঞ্চলের ছেলেরা মেডিক্যাল কলেজে ভর্তি, পড়ার সুযোগ পাবে এবং সেই সমস্ত ছেলেমেয়ে গ্রামাঞ্চলের হেলথসেন্টারে যাবে, দেশের এবং দেশবাসীর সেবা করবে বলে আমার বিশ্বাস। গ্রামাঞ্চলে স্কুল কলেজ অত্যন্ত অবহেলিত হয়ে আছে, তাই রুরাল হেলথ ইউনিট বৃদ্ধি করতে হবে যাতে এই সমস্ত স্কুল এবং কলেজের ছাত্রদের ভাল স্বাস্থ্যের ব্যবস্থা করা যায়। আপনি স্বাস্থ্যমন্ত্রী মহাশয় জানেন যে বহরমপুরে একটা বিরাট নূতন হাসপাতাল হয়েছে। সেখানে আমার মনে হয় একটা মেডিক্যাল কলেজ যদি স্থাপন করা যায়, তাহলে পার্শ্ববর্তী জেলাগুলি থেকে—নদীয়া, বীরভুম, মুর্শিদাবাদ এবং বর্ধমান জেলার গ্রামের ছেলেরা এখানে লেখাপড়া করে, মেডিক্যাল শিক্ষায় শিক্ষিত হয়ে দেশের সেবা করতে পারে।

আপনার মাধ্যমে আমি তাই জানাব যে নদীয়া, বীরভুম, ইত্যাদি যায়গায় গ্রামের ছেলেদের এইসব ব্যবস্থা করলে পড়া শিখিতে পারে। আপনার মাধ্যমে ইতিপূর্বে যে licentiate medical college এর কথা বলেছিলাম আশা করি আপনি নজর দেবেন। ডাক্তার এর যে অভাব আছে তা

পূরণের ব্যবস্থা করলে খুসী হতাম। এবং আয়ুর্বেদের কথা বলেছেন যদি ঐ সব rural healt centre-এ বৈজ্ঞানিক সম্মত উপায়ে ঔষধপত্র দেওয়া হয় তাহলে ভাল হয়। এবং ঔষধপ ভেজাল ধরার যদি ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। এই বলে আমি বাজেটকে সমর্থন করছি।

**শ্রীললিতকুমার গায়েন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এনেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই স্বাস্থ্য দপ্তরের একদিকে যেমন উন্নতি হয়েছে অপরদিকে এর ব্যর্থতা সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই স্যার, যে পরিবার পরিকল্পনা দপ্তর খোলা হয়েছে সে সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আনন্দবাজার পত্রিকার সিনিয়ার জার্নালিষ্ট শ্রীসুখদেব রায়চৌধুরী এই পরিবার পরিকল্পনা দপ্তর সম্বন্ধে কয়েকটি বক্তব্য রেখেছিলেন সেদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, এই পরিবার পরিকল্পনা দপ্তরকে ঢেলে সাজাতে হবে। স্যার, আমি দেখেছি এই দপ্তরের সুন্দরী মেয়েদের রাসেল ষ্ট্রীটে বসিয়ে দিয়ে পরিবার পরিকল্পনা দপ্তর খোলা হয়েছে। এটাকে সম্পূর্ণ ঢেলে সাজাতে হবে এবং এই সমস্ত মেয়েদের অন্য দপ্তরে দিয়ে অন্য কোন যায়গার পরিবার পরিকল্পনা দপ্তরের মেয়ে আনা যায় কিনা সেটা দেখতে হবে। এই সব পরিবর্তন করে পরিবার পরিকল্পনা দপ্তরকে আরও সুন্দর করতে হবে। ভ্যাসেকটমি এবং Tubectomy করে দরিদ্র গরীব অশিক্ষিত গ্রামবাসীদের টাকা নিয়ে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করছে। এই দপ্তরকে সম্পূর্ন ঢেলে তছনছ করে দিয়ে নূতন করে করতে হবে। আমি বিশেষ করে বলব আমাদের স্বাস্থ্যমন্ত্রী যিনি আছেন তিনি এ ব্যাপারে লক্ষ্য রাখবেন। আমাদের পশ্চিম বঙ্গ সরকারের নিয়ম মত যাতে প্রত্যেক ব্লকে প্রাইমারী হেলথ সেণ্টার এবং সাবসিডিয়ারী হেলথ সেণ্টার করবার কথা আছে কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের এখনও পর্য্যন্ত ৩৩টি ব্লকে কোন রকম স্বাস্থ্যকেন্দ্র বা সাবসিডিয়ারি স্বাস্থ্য কেন্দ্র নেই। সেইজন্য আমি বলব জেলার ১০ হাজার লোক পিছু ৩টি প্রাইমারী এবং সাবসিডিয়ারী হেলথ সেণ্টার খোলা হোক। আমরা দেখেছি যে সাবসিডিয়ারি হেলথ সেণ্টারগুলিতে কোন কিছু থাকে না। আমাদের স্বাস্থ্যমন্ত্রীর বক্তব্যে সমাজবাদ প্রতিষ্ঠা করার কথা আছে। আমি বলব যে প্রত্যেক ব্লক পিছু যদি এইভাবে সাবসিডিয়ারি হেলথ সেণ্টার করা হয় তাহলে এর যথেষ্ট উন্নতি হবে। আমি আশা করব আমাদের সরকার প্রগতিশীল সরকার তাঁরা আরও সাবসিডিয়ারি হেলথ সেণ্টার করে দেবেন এই আশা রাখি। স্যার, গ্রামের মানুষ আজ উপেক্ষিত সেখানে শতকরা ৮০ ভাগ লোক বাস করে। কিন্তু সেখানে আমরা দেখতে পাই মোট শয্যা সংখ্যা মাত্র ১৩ হাজার। অথচ শহরে যেখানে শতকরা ২০ ভাগ লোকের বাস সেখানে শয্যা সংখ্যা ২৬,৫০০। এই যে বৈষম্য এই বৈষম্য দূর করতে হবে। আমরা স্বাধীন দেশে বাস করি এরকম বৈষম্য থাকা উচিত বলে মনে করিনা। তাই কলকাতা থেকে গ্রামবাংলার দিকে আমাদের আরও লক্ষ্য রাখতে হবে এবং কলকাতা থেকে এইসব বাইরে নিয়ে যেতে হবে। পশ্চিমবাংলার বেশ কিছু স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার সরঞ্জাম নেই। সেইসব স্বাস্থ্যকেন্দ্রে কিভাবে চিকিৎসা হচ্ছে তা যদি দেখেন তাহলে ভাল হয়। সেখানে যে সমস্ত জি, ডি, এ, আছে বা যারা ফারমাসিস্ট আছেন তারাই সমস্ত রোগীদের চিকিৎসা করেন। এই সমস্ত চিকিৎসা যে কতদূর রুগীদের সারাবার পক্ষে উপযুক্ত সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। যুগান্তর পত্রিকায় ১৪।১১।৭১ তারিখে একটি সংবাদ দেখেছিলাম কিন্তু সে বিষয়ে কি হল আমরা জানিনা। পরপর ৩ জন রাজ্যপাল আমাদের স্বাস্থ্য দপ্তরের সচিব এ, কে, মজুমদারের বিরুদ্ধে অভিযোগ করা সত্বেও, ৩ জন রাজ্যপাল বলা সত্বেও তাঁর বিরুদ্ধে এখনও কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এই সমস্ত অভিযোগ ঐ ফাইলেই ধামাচাপা পড়ে আছে। আমি এবিষয়ে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন এবিষয়ে ব্যবস্থা অবলম্বন করেন।

[6-30--6-40 p.m.]

**Shri Ramendra Nath Dutt :** माननीय উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এখানে রেখেছেন, তা আমি সম্পূর্ণ সমর্থন করছি ও এই প্রসঙ্গে দু-একটি কথা বলছি।

পশ্চিমবাংলায় লেপ্রসী বা কুষ্ঠ রোগীর চিকিৎসার উপর যতটা গুরুত্ব দেওয়া উচিত ছিল, তা দেওয়া হয় নাই। অনেক সেন্টারে ডাক্তার নাই। পশ্চিম দিনাজপুরে ১৯৭১-৭২ দু-হাজারের উপর রোগীর চিকিৎসা হলো—কিন্তু সেখানে কোন ডাক্তার ছিলনা। এটা একটা special department (leprosy), সেখানে specialist ডাক্তার ছাড়া রোগীরা চিকিৎসিত হলে রোগ আরো বেড়ে যায়। কর্মী যারা থাকে, তারা আক্রান্ত হতে পারে। আমার মনে হয় ডাক্তার না থাকলে লেপ্রসী সেন্টার বন্ধ করে দেওয়া উচিত। এই সম্পর্কে ১৯১৫ সালে একটা test survey পশ্চিম দিনাজপুরে করা হয়। তাতে দেখা গেছে ·25 থেকে ·5 per cent. leprosy রোগী গড়ে আছে। আমি মনে করি এসম্বন্ধে আর একটা survey করা উচিত কারণ অন্যান্য জায়গার রিপোর্ট থেকে দেখা যায় leprosy case কুষ্ঠরোগ দিন দিন বেড়েই চলেছে।

ডেন্টাল কলেজের একটা ঘটনার উল্লেখ করি। এটা কি সত্য—একজন non-Matric LDS Dr. G. C. Das, Matric L M P Dr. L. P. Dutt, Dr. A. N. Sen এদের দিয়ে শিক্ষকতার কাজ চালান হচ্ছে। LDS-কে BDS পড়াতে দেওয়া হয় নাই। এখন LDS-ই BDS-দের পড়াচ্ছেন এবং পরীক্ষা পর্যন্ত করছেন। এই রকম underqualified ডাক্তার দিয়ে BDS পড়ান হচ্ছে। আরো শুনতে পেলাম false registration ও কার্ড কাউকে দেওয়া হয়েছে। আমি বলবো মন্ত্রী মহাশয় এবিষয়ে অবিলম্বে অনুসন্ধান করুন এবং দোষী ব্যক্তিদের শাস্তি দেবার ব্যবস্থা করুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু ডাক্তারদের পেটালেই মেডিকেল ডিপার্টমেণ্ট থেকে দুর্নীতি বন্ধ হবে না। মেডিকেল কলেজে ঘুষ না দিলে অর্থাৎ পয়সা না দিলে খাবার জল পর্যন্ত দেয় না, বেডপ্যান দেয় না। False টিকিট করে Subordinate ষ্টাফরা হাসপাতাল থেকে ওষুধ বের করে নিয়ে গিয়ে বাইরে বিক্রী করে। এটা বাঁকুড়া মেডিকেল কলেজে দেখেছি, অন্যান্য কলেজেও দেখছি। একটা GDA ৮1১০ খানা false টিকিট করে ডাক্তারদের force করে সই করতে। আর ডাক্তারদেরও তাতে সই না করে উপায় থাকে না। এটা অবিলম্বে বন্ধ করতে হবে। ডাক্তারদের full control দিতে হবে ষ্টাফদের উপর। বর্তমানে তারা ডাক্তারের সামনে চুরি করে অথচ ডাক্তারদের তাদের control করবার কোন উপায় নাই। কারণ তাদের ইউনিয়ন রয়েছে। ইউনিয়ন থেকে pressure দেবে, ডাক্তারদের harass করবে। ডাক্তাররা নীরবে তাদের অত্যাচার সহ্য করে যায়। SDMO, D.M.O. কে subordinate staff এর উপর full control যাতে থাকে তার ব্যবস্থা করুন। তা নাহলে দুর্নীতি বন্ধ হবে না। আপনি তা বন্ধও করতে পারবেন না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারে আমি ফেমিলি প্ল্যানিং সম্বন্ধে কিছু বলতে চাই। ফেমিলি প্ল্যানিং সম্বন্ধে এর আগে কাগজে দেখলাম যে Abortion লিগেলাইজ করেছেন এবং এর জন্য প্রত্যেক ডিষ্ট্রিক্ট হাসপাতালে কিছু বেড রিজার্ভ রাখার কথা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত বেড রিজার্ভ নাই। পশ্চিম দিনাজপুরের কথা আমি জানি—এখানে আমি একটা কেস পাঠিয়েছিলাম মেডিক্যাল এ্যাবরসনের জন্য। তাঁরা বলেছিলেন যে এই রকম কোন অর্ডার তাঁরা পান নি—

অতএব এই রকম রিজারভেসনের প্রশ্ন নাই। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে তিনি যেন এই বিষয়ে দেখেন যাতে প্রত্যেক হাসপাতালে এই রকম রিজার্ভ সিটের ব্যবস্থা করা যায়। এরপর আমি পশ্চিম দিনাজপুরের কথা বলতে চাই। সেখানে একটি ডিষ্ট্রিক্ট টি. বি সেণ্টার আছে। সেই ডিষ্ট্রীক্ট টি. বি. সেণ্টারে কোন এক্স-রে মেসিন নাই, ল্যাবরেটারী ব টেকনিসিয়ান কিছুই নাই অর্থাৎ সেখানে থুথু, গয়েরের কোন পরীক্ষা হয় না, বা ফটো তোলাও হয় না। অথচ ডিষ্ট্রিক্ট টি. বি. সেণ্টার বলা হয়। সেই পশ্চিম দিনাজপুরের ডিষ্ট্রীক্ট টি. বি. হাসপাতালের এই অবস্থার ফলে হচ্ছে কি সেখানে আন্দাজে চিকিৎসা হচ্ছে। সমস্ত পশ্চিম দিনাজপুরের জন্য মাত্র ১০টি টি. বি. বেড আছে। এই পশ্চিম দিনাজপুরে প্রায় সাড়ে আঠার লক্ষ লোকের বাস। সেখানে দুটি মাত্র এক্স-রে মেসিন—একটি বালুরঘাটে, আর একটি রায়গঞ্জে বালুরঘাটে যে মেসিন আছে সেটি বিদ্যুতের অভাবে চলে না, আর রায়গঞ্জে যে মেসিন আছে সেটি প্লেটের অভাবে কাজ করতে পারে না। যার ফলে রোগীরা ফটো তুলতে গেলে প্রাইভেটে টাকা দিয়ে তুলতে হয় নাহলে বিনা ফটোতে চিকিৎসা করতে হয়। এই রায়গঞ্জের আর একটি আশ্চর্যের কথা যে সেখানে যে X-ray plate দেওয়া হয়েছে সেগুলি ডিসকারডেড প্লেট—কনডেমড প্লেট, যেগুলি সেখানে পাঠানো হয়েছে তাতে ফটো উঠে না কিছু কাজ হয় না। এসম্বন্ধে বিশেষ নজর দেওয়ার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। আর একটি কথা বলতে চাই যে, শুনা যায় এমন অনেক হেল্‌থ সেণ্টার আছে যেখানে কোন ডাক্তার নাই। অথচ চিকিৎসা হচ্ছে— ঔষধ নাই তবুও চিকিৎসা হচ্ছে। তাহলে কি করে চিকিৎসা হচ্ছে? মন্ত্র দিয়ে হচ্ছে—না, কি করে চিকিৎসা হচ্ছে? আমার সাজেসান হোল যে যদি কোন হেল্‌থ সেণ্টারে ডাক্তার না থাকে তাহলে অন্ততঃ উইকে দুদিন যাতে নেবারিং সেণ্টার থেকে ডাক্তার এ্যাটেণ্ড করেন তার ব্যবস্থা করুন। তাতে আর যাই হোক না কেন অন্ততঃ মেডিক্যাল এ্যাডভাইসটা তারা পেতে পারবে ঔষধ পাক আর না পাক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি পয়েণ্ট বলে আমার বক্তব্য শেষ করবো। আমরা দেখতে পাচ্ছি কোয়াকেরা চিৎকার করছে যে তাদের রেজিষ্ট্রেশন দেওয়া হোক। আমি বলব যে একটা সর্ট কোর্স—এল. এম. এফ কোর্স পুনরায় চালু করে দুতিনটি সেণ্টার ওপন করে ডাক্তারদের চাহিদা মেটাবার যদি ব্যবস্থা করেন তাহলে খুবই ভাল হবে। এই কয়েকটি সাজেসন রেখে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[6-40—6-50 p.m ]

**Shri Iswar Chandra Tirkey** :

डिप्टी स्पीकर सर, माननीय स्वास्थ्य मंत्री ने जो बजट पेश किया है, मैं उसका समर्थन करता हूं। स्वास्थ्य विभाग की ओर से जो विवरण आपके सामने बंगला भाषा में और अंग्रेजी भाषा में पेश किया गया है, वहतो ठीक है, किन्तु मैं चाहता हूं कि इस हाउस में हिन्दी में भी एक विवरण रखना उचित है। मैं अपनी कुछ बातें स्वास्थ्य मंत्री के सामने रखना चाहता हूं। उन से मैं कुछ बाते कहन चाहता हुं। पर असल स्वास्थ्य-मंत्री का दृष्टिकोण बहुतही सीधा और उचित दिशा की ओर जा रहा है। फिरभी मैं एक समस्या की ओर उनकी दृष्टि आकृष्ट करना चाहता

। आप जानते हैं कि हमारे पश्चिम बंगाल में सात मेडिकल कालेज हैं। न्हीं मेडिकल कालेजों के बारे मे मैं आपके सामने कुछ बोलना चाहता हूं।

नार्थ बंगाल में एक मेडिकल कालेज है। आप जानते हैं, नार्थ बंगाल नेग्लेक्टेड एरिया है। इसी लिए बड़े दुख के साथ कहना पड़ता है कि वहाँ र एक मेडिकेल कालेज होते हुए भी वहाँ पर कोई अस्पताल नहीं है। जिसके कारण वहाँ के लोगों के बढ़ी तकलीफ उठानी पड़ती है। आप जानते हैं—नार्थ बंगाल में ५ डिस्ट्रिक्ट हैं। दार्जिलिंग, जलपाइगुड़ी, कुचबिहार, मालदा और वेस्ट दिनाजपुर। इन सब जिलो के मरीजों को अस्पताल की अव्यवस्था होने के कारण बड़ी तकलीफ उठानी पड़ती है। अगर अस्पताल की व्यवस्था ठीक ढंग से हो तो मरीजों को सुविधा हो सकती है और वह निग्लेक्टेड इलाका उन्नति कर सकता है।

अस्पताल न होने के कारण वहाँ जो स्टुडेण्ट हैं उनको पी. जी. हास्पिटल आना पड़ता है। पी. जी. हास्पिटल तो कुछ स्टुडेण्ट आते हैं, क्यों कि पोस्ट ग्रेजूएट इस्टिटयुट है मगर जो स्टुडेण्ट अण्डर ग्रेजूएट हैं, उन बेचारो को बड़ी तकलीफ उठानी पड़ती है। १६६६ में वहाँ पर हास्पिटल के लिए एक रकम हमारी मिनिस्टरी ने पास की थी। किन्तु आज तक काम चालू नहीं हुआ। मैं अनुरोध करता हूं कि जल्द से जल्द उस हास्पिटल का कंस्ट्राकशन आरम्भ करानें। १६७२ में उस हास्पिटल का काम पूरा हो जाना चाहिए। आज तक कार्य आरम्भ न होने के कारण मुझे बोलना पड़ता हैं।

डिप्टी स्पीकर सर, आप जानते हैं कि हमारी एरिया नेग्लेक्टेड एरिया है। फाँसी देवा कांस्टिटयुएन्सी सिडयुल्ड ट्राइब्स कांस्टिटयुएन्सी है। हमारे यहा तीन तरह की कांस्टिटयुएन्सीज है। एकतो फास्ट क्लास, दुसरी सेकण्ड क्लास और तीसरी थर्ड क्लास। फस्ट क्लास आप जानते हैं, जनरल सीट है, सेकण्ड क्लास सिडयुल्ड कास्ट सीट है और थर्ड सिडयुल्ड ट्राइब्स सीट है। इसलिए मैं स्वास्थ्य मंत्री से अनुरोध करूंगा कि वे हमारी एरिया के लोगों का दुख दूर करने की कोशिश करें उनकी ओर बिशेष नजरदें ताकि वहां पर हास्पिटल का काम जल्द से जल्द चालू हो सके और जो वहां के बिद्यार्थी हैं और वहां के वाना हैं; उनको सुविधाये प्राप्त हो सके। मरीजों को उचित समय दवा उपलब्ध हो सके।

एक बात की ओर और ध्यान आकृष्ट करना चाहूंगा, वह यह है कि बहु से ऐसे हास्पिटल आज भी हैं, जहां पर डाक्टर ही नहीं हैं। एक हास्पिटल बारे में मैं कहूंगा, वह है रंगोली हास्पिटल वहाँ पर काफी औस से कोई डाक्ट नहीं है। शायद आदि बासियों ने इसके लिए बिशेष रूपसे लिखाभी है कि हास्पिट तो है किन्तु डाक्टर नहीं हैं। हास्पिटल बनाने के लिए गवर्नमेण्ट ने काफी रुपए खर्च किया है किन्तु इससे लाभ क्या हुआ है, जब कि वहाँ पर कोई डाक्ट ही नहीं हैं? जब डाक्टर नहीं हैं, तो मरीजों को दवा कैसे मिलेगी?

हमारे बहुत से माननीय सदस्यों ने लिपरोसी सेण्टर के बारे मे बहु कुछ कहा है मैं मंत्री महोदय से अनुरोध करूँगा कि वे इधर नजर दें। समझता हूं अगर जगह-जगह लिपरोसी क्लिनिक सेण्टर खोल दिया जाय तो मरीजों क इलाज जल्दी तरह से हो सकते है।

इतनाही बोलकर, स्वास्थ्य मंत्री ने जो बजट सदन के रखा हैं मैं उसका हार्दि स्वागता करता हूं और उसका पूर्ण रुप समर्थन करता हूं।

**ডাঃ ভূপেন বিজোলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব বরাদ্দের দাবী সভায় উপস্থাপিত করেছেন তাহাকে আন্তরিক সমর্থন জানাই। এই সভ আমাদের সদস্য বন্ধু অনেকেই নানা বক্তব্য রেখেছেন। সময় অল্প, সেজন্য বিস্তারিত আলোচন অবকাশ নেই। একটি কথা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই। সেটি হচ্ছে আমি গ্রামবাংলার মানুষ কাজেই গ্রামবাংলা আমি দেখেছি। সেখানে দেখেছি অধিকাংশ গ্রামবাংলার শি malnutrition-এ ভুগছে। আমরা চিকিৎসা করতে চাই, হাসপাতাল করতে চাচ্ছি এবং নানারক সুস্থ বৈজ্ঞানিক পদ্ধতি অবতারণা করতে চাই। আমরা স্বীকার করি এসব করার প্রয়োজন আছে যেজন্য মানুষের অসুখ হয়, যেজন্য মানুষ malnutriation-এ ভোগে তার কারণ হচ সুষম খাদ্যের অভাব। সেই সুষম খাদ্যের ব্যবস্থা নেই। মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে একা অনুরোধ রাখবো যে সুষম খাদ্যের ব্যবস্থা করতে হবে। আজকে যারা school going boys, যার প্রাইমারী স্কুলে পড়তে আসে গ্রাম বাংলার মানুষ তারা ফ্যান খেয়ে, শুকনো মুড়ি চিবি পড়তে আসে। তাদের একটা রুটি তারও ব্যবস্থা নেই। আমি মনে করি স্বাস্থ্য বিভাগের সবচে বেশী দরকার তাদের ভিতরে এমন একটা protein খাদ্যের ব্যবস্থা করা যাতে তারা খেয়ে বাঁচতে পারে। কি হবে চিকিৎসার ব্যবস্থা করে যদি তারা খেতে না পায়? যারা খেতে পায় না সাধার মানুষ এদের সুষম খাদ্যের একান্ত অভাব। তাই আমার একান্ত আবেদন এই যে বাজেট এখানে পেশ করা হয়েছে, যে টাকা বরাদ্দের দাবী করা হয়েছে সেটা আরো বেশী করা উচিত ছিল বলে মনে করি। আজকে যদি মানুষ না বাঁচে কি হবে নূতন নূতন কাজে নানানভাবে টাকা বরাদ্দ করে সেজন্য আজকে তাদের বাঁচান দরকার। সেজন্য আমি মনে করি যে টাকা বরাদ্দের দাবী কর হয়েছে সেটা অপ্রতুল, আরো বেশী করলে ভাল হত। আমাদের মাননীয় ডাঃ গনি হোমিওপ্যাথি প্রতি বিরোধিতা করেছেন। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাই, হোমিওপ্যাথি আজ পর্যন্

সরকারের কোন রকম অনুকম্পা কোনরকম সহযোগিতা ছাড়াই টিকে আছে। আমি হাউসে বলতে চাই হোমিওপ্যাথি কলকাতা তথা ভারতবর্ষের বহু হোমিওপ্যাথরা তাদের নিজেদের স্বকীয় প্রচেষ্টায়, নিজেদের স্বকীয় জ্ঞানের দরুণ সরকারের কোন রকম অনুকম্পা, সাহায্য ব্যাতিরেকে তারা কাজ চালিয়ে যাচ্ছেন এবং তাতে প্রমাণিত হয় হোমিওপ্যাথের গুরুত্ব। কাজেই আমি সবিনয়ে হাউসের সামনে বলতে চাই এবং আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে একথা বলি যে প্রতিটি health centre-এ যে সমস্ত health centre-এ ডাক্তারের অভাব সেখানে সে সমস্ত হোমিওপ্যাথি কোয়ালিফায়েড ডাক্তারকে নিযুক্ত করুন। এবং সঙ্গে সঙ্গে এটাও দুঃখের সঙ্গে জানাচ্ছি যে হোমিওপ্যাথি ও আয়ুর্বেদের জন্য মাত্র ২লক্ষ টাকা পরিবল্পনায় ধরা হয়েছে। এইরকম মনোভাব পোষণ করার জন্য আমি সকাই দুঃখিত হয়েছি। হোমিওপ্যাথির যে শ্রেষ্ঠতা আছে সেটা দাথে কমিশন এবং ভারত সরকারের অন্যান্য যেসব কমিশন আছে তাদের মতামতে এটা দেখা গেছে যে হোমিওপ্যাথির শ্রেষ্ঠত্ব আছে। হোমিওপ্যাথির যে শ্রেষ্ঠত্ব আছে এটা ভারত সরকার বিভিন্ন রকম কমিশনের মাধ্যমে স্বীকার করেছেন যে হোমিওপ্যাথির curative capacity অভাবনীয়। মাননীয় গণি সাহেব বলেছেন যেহেতু German-এ নেই, উধাও হয়ে যাচ্ছে অতএব ভারতবর্ষে থাকা উচিত নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হোমিওপ্যাথি সম্পর্কে বহু গুণী মহিনী এমন কি বিদ্যাসাগর মহাশয়ও এর শ্রেষ্ঠত্ব মনে করে এর গুণগান বিচার করে এই হোমিওপ্যাথি চর্চা করে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে এই নিবেদন রাখবো যে হোমিওপ্যাথিকে ছোট মনে করলে হবেনা। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার একান্ত আবেদন হোমিওপ্যাথির যে শ্রেষ্ঠত্ব আছে এবং সেটা সরকারের অনুকম্পা ছাড়াই যে টিকে আছে, সেদিকে আপনারা সদয় হন এবং অত্যন্ত সহযোগিতার মানচিত্র নিয়ে এই হোমিওপ্যাথি চিকিৎসা শাস্ত্রকে এই বিজ্ঞানকে উন্নতি করার জন্য মনোনিবেশ করুন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। বন্দেমাতরম্, জয়হিন্দ্।

**শ্রীকার্তিক বিশ্বাস**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় স্বাস্থ্যখাতে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। তিনি যে ব্যয় বরাদ্দের দাবী এবারে পেশ করেছেন সেটা আগের তুলনায় অনেক বেশী টাকা বরাদ্দ করেছেন সেজন্যও তাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। তিনি বলেছেন যে গ্রামে যেখানে জায়গা পাওয়া যাবে সেখানে health centre-এর বেড বাড়ান হবে। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, অনেক জায়গায় লক্ষ্য করেছি যে জায়গা থাক সত্ত্বেও এবং স্বাস্থ্য দপ্তরকে জানান সত্ত্বেও সেখানে বেড বাড়ান হয়নি। তাছাড়া স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় বলেছেন যে সমস্ত হাসপাতালে বৈদ্যুতিকরণ ব্যবস্থা আছে। আমাদের নদীয়া জেলার অন্তর্গত তেহট্ট health centre-এ বহুদিন থেকে বৈদ্যুতিকরণ হয়নি এবং সেই হাসপাতালে আগে বৈদ্যুতিকরণের জন্য আবেদন করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা করা হয়নি।

[6-50—7-00 p.m.]

তাছাড়া গ্রামে যে সাবসিডিয়ারি হেলথ সেন্টার বা প্রাইমারি হেলথ সেন্টার আছে সেখানে ঔষধ থাকে না, ডাক্তার ঠিকমত থাকে না। ঔষধের বেলায় দেখা যায় যে কয়েকটা বোতল আছে পেটের অসুখ হলে জ্বর হলে সেইগুলিই বার বার দেওয়া হয়। সেখানে কোন সুব্যবস্থা নেই। তাছাড়া হাসপাতালগুলিতে বেডের ব্যবস্থা নাই, বেড আছে তো বেড কভার নাই, বালিশ নাই, সব সময় নোংড়া, সুইপার নাই, বেড কভার ইত্যাদি পরিষ্কার করবার জন্য ধোপার অভাব। গ্রামবাংলার

সাবসিডারি হেলথ সেণ্টারগুলি এবং প্রাইমারী হেলথ সেণ্টারগুলিতে যাবার কোন ভাল রাস্তাঘাট নাই এবং রাস্তাঘাটের ব্যবস্থা না থাকার ফলে যান-বাহনের ব্যবস্থা নাই। অনেক সময় দেখা যায় গুরুতর রোগীকে স্থানীয় হাসপাতাল থেকে জেলা হাসপাতালে স্থানান্তরিত করার সময় রাস্তাতেই রোগী মারা যায়। তার জন্য আমি আবেদন করছি অন্ততঃপক্ষে প্রতিটি ব্লক বা থানায় একটি করে এ্যাম্বুলেন্সের ব্যবস্থা করুন এবং হেলথসেণ্টারগুলির রাস্তাঘাটের ব্যবস্থা করুন। এই ছাড়া আর একটা কথা আমাদের মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে রাখছি। আমাদের নদীয়া জেলার কৃষ্ণনগর সদর হাসপাতালে যে পরিমাণে বেড আছে তার চেয়ে ৩গুণ ৪গুণ বেশী রোগী ভর্তি হয়। সেখানে কুকুর এবং রোগী এক সঙ্গে শুয়ে থাকতে দেখা গিয়েছে। সেখানে ঠিক মত চিকিৎসা হয় না এবং যে খাওয়া দাওয়ার ব্যবস্থা আছে সেই খাবার ঠিকমত পাওয়া যায় না। তাছাড়া ডাক্তাররা প্রাইভেট প্র্যাকটিস আরম্ভ করেছে যার ফলে তারা হাসপাতালের কাজ ঠিকমত করতে পারে না। নদীয়া জেলায় একটা যক্ষ্মা হাসপাতাল আছে, কিন্তু সেখানে নদীয়ার লোকেরা সুযোগ সুবিধা পায় না। গ্রামবাংলার লোকে যক্ষ্মা রোগে আক্রান্ত হলে রাইটার্স বিল্ডিংস-এ দরখাস্ত করে—এবং অনেক সময় দেখা যায় তাদের বেড নম্বর যেতে যেতে তারা মারা যায়। যাতে এই সিসটেমের পরিবর্তন হয় এবং যক্ষ্মারোগীরা মারা যাবার আগে চিকিৎসার ব্যবস্থা হয় এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Statement under rule 346**

**Mr. Speaker** : I call upon Hon'ble Chief Minister to make a statement in the House under Rule 346.

**Shri Siddhartha Sankar Ray** : Sir, I want to announce through you to the House of a thing which has just happened. The Central Government has passed an Ordinance which has been promulgated by the President to provide for the taking over by the Goverment for a period of two years, without compensation, of the management of the Indian Iron & Steel Company Ltd., in order to secure the proper management of the undertaking Government have been viewing with concern the progressive decline in the production of steel plant of the Indian Iron & Steel Company Ltd. and the deterioration in the condition of the plant resulting from lack of adequate attention to maintenance. There has been a steady deterioration in the production of steel from 1965 as the figures will show :

| | | | |
|---|---|---|---|
| 1965-66 | ... | ... | 970,000 tons |
| 1966-67 | ... | ... | 897,000 tons |
| 1967-68 | ... | ... | 791,000 tons |
| 1968-69 | ... | ... | 777,000 tons |
| 1969-70 | ... | ... | 700,000 tons |
| 1970-71 | ... | ... | 627,000 tons |
| and 1971-72 | ... | ... | only 617,000 tons. |

The present indications are that the performance during 1972-73 will be substantially worse than that of 1971-72. The management of ISCO have not of late been able to improve the production of prospect. There has also been no sign of any great desire or urgency to implement the scheme for modernisation of the company and its expansion. Steel production is an area which is crucial to development and Government cannot overlook the deteriorating state of affairs of ISCO. It was because of this that the Government of West Bengal had placed certain facts before the Central Government for its consideration and the Central Government also on its own had certain facts which no doubt it took into consideration. Government have accordingly decided to take over the management of the undertaking to eliminate the hurdles of increased production and to secure the proper management of the Company to serve the public good in the context of the steel requirement of the country. The Ordinance provides for the relinquishment by Government of the management any time before the expiry of two years, if the Government is satisfied that the purpose of the take over had been achieved. The Government hoped that this step which has been taken in the increased production of steel will be welcomed by the industry, workers and others and that full co-operation and assistance will be forthcoming from everyone connected with the plant of ISCO to ensure the objective of higher production. At this very moment the officers of the Steel Ministry are taking possession of the company.

Sir, with the consent of the House a resolution is being drafted, and if time is fixed at 7·30 p.m. a resolution can be moved. I would like to move that resolution provided everybody in the House agrees to congratulate the Prime Minister, Shrimati Indira Gandhi and her Government for having taken this bold measure and at a very appropriate time. It only shows that in so far as the Government in the Centre are concerned and the Government here are concerned, we are all interested in production and also in the proper running of vital industries in our country. I want also to add that this is not being done to gain cheap popularity or for the purpose of satisfying any grudge whatsoever. Government has taken this measure for the good of the country, for the good of the people and for the good of our steel production. If you, Sir, therefore, permit me I would, with your consent, like to move the resolution at 7·30 p.m and in this respect I would request you Sir, to waive the rule of prior notice. Provided, however, Members agree and I can move the resolution at 7-30 p.m. so that honorouble Members who wish to speak on the matter can take part in the discussion, congratulate our Prime Minister and her Government.

**Shri Nasiruddin Khan** : আমি এই প্রস্তাবকে স্বাগত জানাচ্ছি। আপনি সময় দিতে পারেন।

**Mr. Speaker :** Honourable Members, in view of the fact, the opposition and the Members of the Government side are unanimous over this issue, I think the House can take up the resolution. When the consensus has already been expressed by the House, the resolution may be moved at 7-30 p.m.

I would also like to mention that the discussion for the grant is due to expire at 15 minutes past 7.

It is, however may not possible to conclude the discussion within that time, as the Honourable Minister must has to be given some time and some Honourable Members are yet to take part in the discussion or to participate in the debate. If the House agrees, I would like to extend the time under rule 219 by one hour. I take it that the House agrees to the proposal.

(Voices .—Yes )

The House agrees to the extension of the time and so with the consent of the House the debate is extended by one hour.

**Demand for Grant Nos. 20 and 21**

[7-00—7-10 p.m.]

**শ্রীমানিক বেসরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী মহাশয় জনস্বাস্থ্যের উপরে যে ব্যয় বরাদ্দ প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি। জনস্বাস্থ্য একটা গুরুত্বপূর্ণ বিষয়। প্রাচীন কালে রুগ্ন ও বিকলাঙ্গ শিশুদের বাঁচতে দেওয়া হোত না। কারণ পরিণত বয়সে তারা ভারস্বরূপ জীবন কাটাবেন, সেজন্য তাঁদের পর্বতের চূড়ায় রাখা হোত, যেখানে তারা আপনা আপনিই মরতেন। বর্তমানে সব দেশের লোক কর্মক্ষম মানুষ চায় যাতে দেশের উৎপাদন বৃদ্ধি পাবে, মাথাপিছু আয় বৃদ্ধি পাবে, সব দিক থেকে উন্নতি হবে। সরকারী প্রচার বিভাগ থেকে ঘোষণা করা হয় বর্তমান ভারতের পরমায়ুর গড় ৫২ বছর। ইংরাজের সময় এটা ছিল ২৯ বছর। এই পরমাণ বেড়েছে। কারণ মৃত্যুর হার কমেছে। কিন্তু এতে জনস্বাস্থ্যের উন্নতি হয়নি। কারণ আমরা দেখছি খুব অল্প বয়সে মাথার চুল পাকছে, দাঁত পড়ে যাচ্ছে, ছেলেমেয়েদের চশমা পরতে হচ্ছে। এই সমস্ত কারণ অনুসন্ধান করতে গেলে আমরা দেখতে পাই পুষ্টিকর খাদ্যের অভাব, উপরন্তু খাদ্যে প্রচুর ভেজাল আছে। খাঁটি দুধ এখন কেউ বিক্রি করে না। এই সমস্ত খাদ্যে ভেজাল কমানোর চেষ্টা সরকারের যে আছে তা দেখে মনে হয় না। কারণ আসলে ওখানে ব্যবসায়ীরা পোস্তোর মধ্যে ঘাসের ভেজাল দেওয়ায় ধরা হল। কিন্তু তার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন হল না। পল্লী অঞ্চলে চিকিৎসা ব্যবস্থার জন্য নানারকম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, প্রতি ব্লকে একটি করে প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্র এবং ২টি করে উপস্বাস্থ্য কেন্দ্র আছে। কিন্তু আমি বলব এ পর্যাপ্ত নয়। কারণ আমার blockএ ১৬টা অঞ্চল আছে সেখানে একটি মাত্র প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বা দুটি সহ-স্বাস্থ্য কেন্দ্র কোন কাজেই আসে না। তাছাড়া সব জায়গায় নানারকম অব্যবস্থা আছে। আমার স্থায়ী বাসস্থান মেদিনীপুর জেলায় একটা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে—সেখানে একদিন ডাক্তারের চেম্বারে গিয়ে তিনি বললেন ওখানে প্রতিদিন ২০০/২৫০ রুগী আসে। কিন্তু তাদের দেবার মত পর্যাপ্ত ওষুধ

নেই। তিনি আমাকে হাসপাতালের নলকূপও দেখালেন। একবছর সেটা sink করা হয়েছে, তার চাতাল হয়নি। ডাক্তার নিজের হাতে ৫/৬ বার pump করার পর সামান্য জল বের হল। এর কারণ তিনি বললেন, যাঁকে এই কাজের ভার দেওয়া হয়েছিল তিনি তা অসম্পূর্ণ রেখেই চলে গেছেন। তার পাশে একটা কুয়ো অসম্পূর্ণ অবস্থায় আছে—তার এখনও ১০/১২টা রিংয়ের প্রয়োজন। সেখানে ২ জন nurse আছেন, তার মধ্যে একজন অভিযোগ করলেন যে তাঁর কোন quarter নেই। তাঁকে হাসপাতালের কোথায় থাকতে হয়। সে বলল তাঁর নিজের কোন bathroom, lavatory, kitchen নেই, তবে আমাকে ডাক্তারবাবুর বা বন্ধুর lavatory ব্যবহার করতে হয়। তিনি আমায় বললেন আপনি উপরে বলে এর একটা ব্যবস্থা করবেন।

এই প্রসঙ্গে আমি বলছি ঝাড়গ্রাম মহকুমায় যেসব হাসপাতাল আছে তার মধ্যে অনেক রকম দুর্নীতি আছে বলে অভিযোগ এসেছে। সেখানকার ডাক্তার এবং নার্স তাঁরা নিজেদের কেবল চাকুরীজীবী বলে মনে করেন, রোগীর সেবার দিকে তাঁরা নজর দেন না। আমাদের হাউসের একজন মাননীয় সদস্য তাঁর ছেলেকে ১০ মাইল দূর থেকে একটা হাসপাতালে নিয়ে এসেছিলেন, হাসপাতালে এসে দেখা গেল যে প্রয়োজনীয় ওষুধ সেখানে নেই। সেই ওষুধ বাজার থেকে কিনে এনে ফিরে এসে দেখলেন যে তাঁর শিশুটি মারা গেছে। এই যে অব্যবস্থা হাসপাতালে দেখা যাচ্ছে এগুলির প্রতিকার সরকারের দিক থেকে করা উচিত।

( নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করলেন। )

**শ্রীমধুসূদন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তা আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আজকে সব সদস্য বললেন যে ডাক্তারের অত্যন্ত অভাব, উত্তর বাংলায় কিন্তু ডাক্তারের অভাব নেই। সেটা কিরকম, একটা উদাহরণ দিলেই মাননীয় অধ্যক্ষ মহাশয় সেটা আপনার কাছে পরিষ্কার হয়ে যাবে। একটা ছেলে ক্লাস সিক্স পর্যন্ত পড়েছিল, তারপর সে পড়াশুনা বাদ দিয়ে দেয়। কিছুদিন পরে আমি তাকে জিজ্ঞাসা করি, এখন তুমি কি করছ। সে বললে, আমি ডাক্তারী শিখছি। আমি জিজ্ঞাসা করলাম কোথায় শিখছ। সে বলল, বাবার কাছে শিখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি ঐ ছেলেটির বাবা একজন ডাক্তার। তাঁর বিদ্যে হল প্রাইমারী স্কুল পর্যন্ত পড়েছেন, একটা চামড়ার ব্যাগে হোমিওপ্যাথি, এ্যালোপ্যাথি, এমন কি আয়ুর্বেদিক ওষুধ নিয়ে গলায় ষ্টেথিসকোপ ঝুলিয়ে তিনি ডাক্তারী করেন। তাঁর ছেলে তাঁর কাছে ডাক্তারী শিখছে। এই রকম ডাক্তারের অভাব উত্তর বাংলায় নেই। হাটে বাজারে, গঞ্জে, বন্দরে সব জায়গায় এইসব ডাক্তার আছে। এই সমস্ত ডাক্তারের চিকিৎসাধীনে উত্তর বাংলার লোক বাস করছে। তাছাড়া তাদের কোন উপায় নেই। কারণ, সেখানে কোন পাশ করা ডাক্তার নেই যার জন্য উত্তর বাংলার সমস্ত লোককে অসুখ বিসুখ হলে উত্তর বাংলার ভাষায় বলি শিবের পূজা দিতে হয়, কালী বাড়ীতে, মদনমোহনের বাড়ী বা যে কোন দেবতার স্থানে দেবতার আশীর্বাদ চাইতে হয়। ভগবানের আশীর্বাদ নিয়ে উত্তর বংলার লোক বেঁচে আছে। আজকে স্বাধীনতার ২৫ বছর পরে উত্তর বাংলার গ্রামের মানুষ অসুখের সময় ওষুধপত্র পায় না, এটা অত্যন্ত লজ্জার ব্যাপার। আজকে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী এনেছেন তাতে অনেক সমস্যার কথা আছে। উত্তর বাংলার গ্রামে যে ডাক্তার পাওয়া যায় না তার বিশেষ কারণ হল উত্তর বাংলায় মেডিকেল কলেজ নেই। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় বলেছেন উত্তরবঙ্গে মেডিকেল কলেজ আছে এবং সেখানে ৫০টি বেড আছে। অথচ আজকে বিধান সভায় শ্রীনিতাইপদ সরকারের একটা অনুমোদিত প্রশ্ন

নং ২৬২ এর উত্তরে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় জানিয়েছেন উত্তর বাংলায় মেডিকেল কলেজ তৈরীর কাজ সুরু হয়নি। এই তো উত্তর বাংলায় মেডিকেল কলেজ। স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ যাতে এই মেডিকেল কলেজ তাড়াতাড়ি চালু হয় তার ব্যবস্থা তিনি যেন করেন। এটা করলে উত্তর বাংলায় ডাক্তারের অভাব মিটবে। তারপর গ্রামে যে সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার আছে এতে ২টি করে বেড আছে, এ তুটি বেড হচ্ছে প্রসূতিদের জন্য। সেই বেডের জন্য ফুডের কোন ব্যবস্থা নেই। গ্রাম বাংলার অধিকাংশ লোক দরিদ্র, সেই দরিদ্র লোক যদি সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টারে ভর্তি হয়, তা হলে তাদের খাবারের কোন ব্যবস্থা নেই। তাদের খাবারের যাতে ব্যবস্থা হয় তার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি স্বাস্থ্য খাতের ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-10—7-20 p.m.]

**শ্রীমহাদেব মুখোপাধ্যায়:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে যে বক্তব্য রেখেছেন আমি তাকে সমর্থন করছি। আমাদের আরামবাগ মহকুমায় যে হাসপাতাল আছে সেখানে কোন বাউণ্ডারী না থাকায় খুবই অসুবিধা হচ্ছে। এই বাউণ্ডারীর ব্যবস্থা করা খুবই এসেনসিয়াল। কোয়ালিসন গর্ভনমেণ্টের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং স্বাস্থ্যমন্ত্রী ৬ লক্ষ ৫০ হাজার টাকা বিল্ডিং নির্মাণের জন্য মঞ্জুর করেছিলেন। কিন্তু আমলাতন্ত্রের দীর্ঘসূত্রতার জন্য দেখছি সত্যিকারের টাকা মঞ্জুর করা সত্বেও কাজের গতি অত্যন্ত মন্থর। এই কাজ যাতে তাড়াতাড়ি করা হয় তার ব্যবস্থা আপনারা করুন। সেখানে দেখা যায় কুকুর ঘুরে বেড়ায়। যেখানে মেয়েদের ডেলিভারি হয় সেখানে দেখা যায় কুকুরও ঘুরে বেড়াচ্ছে। ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এক্ষেত্রে আরও ২০টি বেড থাকা দরকার। এই বেড না থাকায় আমাদের আরামবাগ মহকুমায় খুবই অসুবিধা হচ্ছে। এখানে জেলার অর্থাৎ বাঁকুড়া, হুগলী, বর্ধমান এবং মেদিনীপুরের রোগীরা আসে। কাজেই স্টেরিলাইজেসনের জন্য আলাদা বেড আরও ২০টি যাতে মঞ্জুর হয় তার প্রস্তাব আমি করছি। তারপর, পোলিও ক্লিনিক, ভি. ডি, ক্লিনিক যাতে মহকুমা হাসপাতালে হয় তার ব্যবস্থা করুন। চোখের জন্য ব্যবস্থা আছে, কিন্তু ওইগুলির জন্য যাতে আলাদা ক্লিনিক মঞ্জুর করা হয় তার প্রতি আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কনসটিটিউএন্সী শ্রীরামপুরে যে হাসপাতাল আছে সেখানে ইলেকট্রিফিকেসন হয়নি। অথচ সেই হাসপাতালের ২০০ গজ দূরে ইলেকট্রিক লাইন আছে। সেখানে হ্যারিকেন জেলে রোগীদের চিকিৎসা করা হয় এবং যেসব মায়েরা প্রসব করছেন সেক্ষেত্রেও দেখছি ওই হ্যারিকেন জেলে ডেলিভারি করান হচ্ছে। কাজেই এই ইলেট্রিফিকেশন যাতে আমাদের ওখানকার হাসপাতালে হয় তার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। সাবসিডিয়ারী হাসপাতাল কম আছে এবং সব সাবসিডিয়ারী হাসপাতালে যাতে আরও বেড বাড়ান হয় তার প্রতি আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর, ইউনিয়ন বোর্ডের আমলে অঞ্চল পঞ্চায়েতের অধীনে যে সমস্ত দাতব্য চিকিৎসালয় রয়েছে তাদের অবস্থা খুবই খারাপ। এই সমস্ত দাতব্য চিকিৎসালয়ে প্রায়ই লোকেরা ঔষধ নিতে যায়। কাজেই এগুলির যাতে উন্নতি হয় এবং এখানে যাতে ঔষধ সরবরাহ করা হয় তার জন্য আমি মন্ত্রীমহাশয়ের কাছে প্রস্তাব রাখছি। এই কথা বলে বাজেটের প্রতি আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅজিতকুমার পাঁজা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত সদস্য আজকে বাজেটের উপর বক্তব্য রাখলেন তাঁদের সকলকে আমি ধন্যবাদ দিচ্ছি। আমি প্রায় প্রত্যেক বক্তার বক্তৃতাই

শুনেছি এবং তাঁরা যে সমস্ত বিষয় বলেছেন সেদিকে আমি বিশেষভাবে নিশ্চয়ই নজর রাখবো। অনেকে ডিপার্টমেন্টের করাপসনের কথা বলেছেন। আপনারা জানেন যে দিন থেকে এই সরকার কার্য করতে সুরু করেছেন সেইদিন থেকে যেখানে করাপসন প্রমাণিত হয়েছে বা যেখানে করাপসন সম্বন্ধে অন্তত প্রাইমা ফেসি কেসও পাওয়া গেছে সেখানে সরকার দৃঢ় পদক্ষেপে তার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন। স্বাস্থ্য দপ্তরের সকল অফিসারকে দোষ দিলে ঠিক হবে না। এমন অনেক অফিসার আছেন যাঁরা সত্যিকারের কাজ করতে চান এবং তাঁরা এমন কাজ জানেন ঠিকমত সাহস পেলে অনেক নূতন নূতন জিনিস আমাদের সামনে তুলে ধরছেন বা আপনাদের বক্তব্য যখন তাঁদের সামনে গিয়ে রাখছি তখন সেই সমস্ত অফিসাররা তাঁদের নিজেদের জ্ঞান লাগিয়ে আমাকে অনেক কাজে সহায়তা করছেন।

যেখানে করাপশন আছে তার বিরুদ্ধে সরকার যাবে। এবং আপনারা জানেন যেখানে যেখানে করাপশন দেখা গিয়েছে তার বিরুদ্ধে আমরা ব্যবস্থা নিয়েছি। আমার দুঃখ লেগেছে একটা জিনিসের জন্য যে, অনেক সদস্য ডাক্তাররা যাতে গ্রামে যায় তার জন্য ইনসেনটিভের কথা বলেছেন। আপনারা নিশ্চয়ই জানেন যে একজন ডাক্তারকে ৫ বছর ধরে তৈরী করে আনতে আমাদের দেশের জনসাধারণের ৮০ হাজার টাকা প্রায় সম্ভব হয়। তাদের উপর ট্যাক্স বসান হচ্ছে, গ্রাম বাংলার লোকেরা সেই ট্যাক্স দিচ্ছে, ছোট ছোট যে জিনিস কিনতে যাবেন তার উপর ট্যাক্স, এই টাকা থেকে দিয়ে একটা ডাক্তার তৈরী করে আনতে প্রায় ৮০ হাজার টাকা খরচ হয়। জনসাধারণের পয়সা তখন ইনটেনসিভের প্রশ্ন কোথায় উঠে। তুলনা করে দেখলে দেখা যাবে একজন ইঞ্জিনিয়ার তৈরী হচ্ছে তার জন্য খরচ হচ্ছে ১৫ হাজার টাকা সরকারের। কিন্তু সেই ইঞ্জিনিয়ার প্রথম যখন পাশ করে বেরিয়ে আসে, তিনি ঐ গ্রামে নদীর ধারে, ঐ সেখানে বিস্তীর্ণ বালির মধ্যে, প্রান্তরের মধ্যে টেন্ট খাটিয়ে কাজ করছেন। মাইনে পাচ্ছেন ৫১০ টাকা মাত্র। আর গ্রামে যিনি যাচ্ছেন তিনি পাচ্ছেন প্রায় ৫৫১ টাকার মত, আর পি. এস. সি. সিলেকসন হয়ে গেলে পর ৬৫০ টাকা পাবেন। ইনসেভটিভের প্রশ্ন—গ্রামে রোগগ্রস্ত লোকেরা রয়েছে, রাস্তাঘাট নেই সত্যি, কিন্তু রোগীত টিকিয়ে রাখতে পারছি না, গ্রামে ডাক্তারদের যেতেই হবে। ইঞ্জিনিয়াররা যাচ্ছে, সেখানে গ্রামে কোন কিছু নেই, কাজ করছে। আমি নিজে উকীল ছিলাম, যখন প্রথম আমরা কাজ সুরু করেছিলাম আমরা ঘুরে বেড়াতাম হাইকোর্টে, যেখানে যেখানে আমাদের লোকে নিয়ে যেতো কাজ করবার জন্য। প্রথম ১, ২, ৩, ৪, ৫ বৎসর কত কিসের মধ্যে আমাদের কাজ করতে হয়েছে। তার জন্য কি আমরা সরকারের কাছে ইনসেনটিভ চেয়েছিলাম? তার জন্য কি আমরা বলেছিলাম যে গ্রামে যাবো সেই জন্য আমাদের প্রথমে লিঙ্ক রোড চাই, প্রথমে ইলেকট্রিসিটি যাক এবং আমাদের ছেলেদের, মেয়েদের এডুকেশনের জন্য ব্যবস্থা চাই তবে গ্রামে যাবো? সরকার বদ্ধপরিকর গ্রামে ডাক্তারদের যেতে হবে। এটা ঠিক নয় আজকে ডাক্তার বাবুরা যেতে চাচ্ছেন না। কিন্তু এটা ঠিক যেটা আমরা বলেছিলাম যে কিছু কিছু করাপশন যেটা ছিল এবং আমরা আপনাদের সহায়তায় সেগুলি সরাতে বাধ্য হয়েছি। যার ফলে দেখা গিয়েছে এই ডাক্তারদের না যাওয়াটা একটা চক্রের মধ্যে পড়েছে। আপনারা শুনে আনন্দ পাবেন অনেক যুবক ডাক্তার কিছুদিন আগে দেখেছি সি, এম, ডি, এ,র কাজের জন্য এবং আমাদের যখন এ্যাড হক এ্যাপয়েন্টমেন্ট হচ্ছে তখন প্রতিদিন যাদের কাজের জন্য আমাদের বসতে হচ্ছে, প্রায় সকলেই তারা গ্রামে যেতে চাচ্ছে। এটা ঠিক ডাক্তার বাবুদের যখন নিয়ে যেতে হবে নিশ্চিতভাবে দেখতে হবে যে তাদের জন্য যতটা সম্ভব আমাদের ব্যবস্থা করতে হবে। আমার মনে আছে কাগজে একটা চিঠি দেখেছিলাম এক ডাক্তার বাবুর, তিনি বললেন ঐ ইনসেনটিভের কথা। কলকাতা শহরে তারা পড়েছেন, কলকাতা মেডিকেল

কলেজে পড়েছেন, নানা কলেজে পড়েছেন, সুতরাং পাঁচ বৎসরে তাঁদের অনেক অভ্যাস হয়েছে যেমন সিনেমা দেখা। গ্রামে সিনেমা কোথায়? তিনি বলেছেন এমন জিনিস যে কলকাতা সহরে যে কাজ সহজে পাবো গ্রামে তা পাবো না, তাই আমরা গ্রামে যেতে চাই না। যদিও অন্য ডাক্তার বাবুরা অন্য কথা বলেছেন তার মধ্যে কতকগুলির উপর বিশেষ গুরুত্ব দেওয়া উচিত। কাগজে একজন ডাক্তার বাবু লিখে জানিয়েছেন আমি গ্রামে ছিলাম, কোন ঔষধের অভাবে আমার চোখের সামনে, যে ইনজেক্সন দিলে বাচ্চাকে বাঁচাতে পারতাম, বাঁচাতে পারলাম না। আমরা যখন নুতন ডাক্তার হয়ে যাচ্ছি, আমরা ফ্রাস্ট্রেটেড হয়ে পড়েছি। আর একজন ডাক্তার বাবু বলেছেন যে হাসপাতালেতে বা হেল্থ সেণ্টারে ইলেকট্রিসিটি এসে গিয়েছে তার ২৫ ফুট দূরে আমার কোয়ার্টার্স সেখানে কিছুতেই ইলেকট্রিসিটি আসতে দেওয়া হচ্ছে না। একথার মানে কি? এবং তিনি ১০০/২০০ চিঠি লিখেছেন তবুও ইলেকট্রিসিটি দেওয়া হয়নি। এইগুলি আমাদের দেখতে হবে। কিন্তু ইনসেনটিভের জন্য টাকা আমরা দেবো না, বা কোন কিছু বিশেষ সুবিধা করে দেবো তাঁদের ফ্যামিলির জন্য তবে তাঁরা গ্রামে যাবেন, সেটা সরকার কিছুতেই রাজী নয়। কারণ আমাদের যা যা হয়েছে জানেন আপনারা কিন্তু যদি ইনসেনটিভ দেওয়া হয় তাহলে এরপর অন্য সমস্ত যুবক ইঞ্জিনিয়ার, অন্য সমস্ত প্রফেশনে যারা রয়েছেন তাঁদের দিকে তাকিয়ে ইনসেনটিভ দিতে হবে। সুতরাং সে প্রশ্ন আসে না। তবে কি আমাদের একদিন আসবে যখন গ্রামেতে আমাদের যে কৃষক ভাইরা চাষ করছেন তাঁরাও ইনসেনটিভের কথা তুলবে যে চাষ করতে গেলে আমাদের ইনসেনটিভ দিতে হবে? গ্রাম বাংলাকে বাঁচাবার জন্য আমাদের সরকারের দিক থেকে যতটা সম্ভব, যতটা দেশ পারবে, পশ্চিম বাংলা পারবে, ততটা সম্ভব দেওয়া হবে। আমি নিশ্চিত যে যুবক ডাক্তাররা এগিয়ে আসছে। আমি নিজে তাদের দেখেছি, আমি তাঁদের চার ঘণ্টা সময় দিয়েছি যে কোন গ্রাম বাংলার একটা জায়গায় যেতে, সঙ্গে সঙ্গে ৬ জন ৭ জন দৌড়ে এসেছেন। গাড়ী করে গিয়েছেন, গ্রাম বাংলায় ৪/৫ দিন থেকে, ভিতরে ভিতরে ঢুকে কাজ করেছেন।

[7-20—7-30 p.m.]

ডাক্তারদের দোষ দিলে তো চলবে না, এমন জিনিস হয়েছে সেখানে কিন্তু সরকারও বাদ যায়নি। বিশেষ করে যুক্তফ্রন্টের সময়, তখন এমন জিনিস হয়েছে, আর. জি. কর থেকে এম এস কে এম-এ নেওয়া হয়েছে এবং এইসব নিয়ে তখন বায়না করা হয়েছে। এমন হয়েছে ছুটির ডিউটি এমন জায়গায় ডাক্তারকে রাখা হয়েছে যা কাউকে ধরে করে নিয়েছে। এই সরকার দৃঢপ্রতিজ্ঞ যে সমস্ত অন্যায় হয়েছে, তা দূর করার জন্য। অনেক ডাক্তার বাবু আমার কাছে এসেছেন, তাঁরা বলেছেন, তাঁরা রাজী আছেন, রিজোলিউশন তাঁরা পাশ করেছেন এবং চিঠিও পাঠিয়েছেন, তাঁরা গ্রামে গিয়ে কাজ করতে চান।

অন্য যে কথা বললেন জেলা ভিত্তিক এ্যাড্‌মিশন সম্বন্ধে, আপনারা হয়ত জানেন যে এটা আগে ছিল। এই জেলা ভিত্তিক এ্যাড্‌মিশনের সময় আগে ছিল প্লেস অব বার্থ অর্থাৎ জন্ম যেখানে হয়েছে তার উপর হত, বর্দ্ধমানে জন্ম হয়েছে কি অন্য কোন জেলায় জন্ম হয়েছে, সেই জন্মস্থান হিসাবে সেটা ঠিক করা হত। কিন্তু মহামান্য সুপ্রীম কোর্ট যে রায় দিয়েছেন সে অনুযায়ী এখন প্লেস অব বার্থ দিয়ে কোন ডিশটিংশন করা যায় না। তাই সেই রুলস নাকচ হয়ে গিয়েছে। আমি এই জিনিষটা নিশ্চিতভাবে দেখছি, মুখ্য মন্ত্রীর সংগে এবং আইন মন্ত্রীর সংগে এ নিয়ে কথা এক সংগে কথা বলেছি, এই যে রায় বেরিয়েছে, এই অবস্থায় কি উপায়ে ডিষ্ট্রিক্টের জন্য কোটা

করা যায় এবং গ্রামের ছেলেরা কলকাতায় থেকে লেখাপড়া করতে পারে। এ সম্বন্ধে নিশ্চিতভাবে দেখা হচ্ছে। কিন্তু একটা কথা বলা যায়, এটা কিন্তু ঠিক নয় যে, ডিষ্ট্রিক্ট থেকে নিলেই কোন ছেলে পাশ করে গিয়ে সেই ডিষ্ট্রিক্টে কাজ করবে, ডাক্তারী করবে। এটা দেখা গিয়েছে, অত্যন্ত দুঃখের কথা, district-এ নাম লিখিয়েছে, ধরুন বীরভূম, বর্ধমান কি মেদিনীপুরের বলে নাম লিখিয়েছে, কিন্তু দেখা গেছে সেই, বছরের পর বছর কলকাতায় থেকে গেছে, কিছুতেই তাকে district-এ পাঠানো যায়নি। যারা হাইকোর্টে গিয়েছেন, সে সম্বন্ধে আমার কিছু বলার নাই, কিন্তু যারা রাইটার্স বিল্ডিংসের আনাচে কানাচে ঘুরাঘুরি করে নিজেদের ব্যবস্থা করে নিয়েছে, তাদের প্রতি আমি এই সতর্কবাণী দিচ্ছি, এ জিনিষ করতে দেবনা। আমি নিজের চোখে দেখে এসেছি, গ্রামাঞ্চলে পথ-ঘাট নাই, ডাক্তারবাবু সেখানে রয়েছেন, তিনি বলেছেন যে তিনি সেখানে নির্বাসিত বোধ করছেন নানা অসুবিধার জন্য। এই অবস্থার মধ্যে তাঁকে ১১ বছর আটকে রাখা হয়েছে, অথচ আর একজন ডাক্তার যিনি এক সংগেই পাশ করেছিলেন, তিনি মেডিক্যাল কলেজেও থেকে আর জি করে, তারপর সেখান থেকে এস এস কে এম কলেজে পাঠিয়ে এবং এইভাবে তাকে কলকাতায়ই রেখে দেওয়া হয়েছে। কলকাতায় তিনি নার্সিং হোম গড়ে তুলেছেন আর সেই বন্ধু ডাক্তার, গভর্ণমেণ্ট আইন অনুযায়ী গ্রাম বাংলায়ই পড়ে রইলেন। এই যে অন্যায় এটা নিশ্চয়ই দূর করতে হবে। অন্য দিকে আর যে সমস্ত কথা আপনারা তুলেছেন, বিশেষ করে আমাদের এ্যাংলো ইণ্ডিয়ান সদস্য মহাশয়, সে বিষয়ে আমি এটা বলতে পারি নার্সিং ক্যাডারে যে সমস্ত এ্যাংলো ইণ্ডিয়ান মেয়েরা আসবেন, তাদের প্রতি যাতে সুবিচার হয় সে বিষয়ে আমি নিশ্চিতভাবে দেখবো। এবং এটা আমি জানাই, যারা এই কমিউনিটি ভুক্ত নার্সিং ক্যাডারে রয়েছেন, তাদের প্রতি যদি কোন রকম ঔদাসীন্য দেখান হয়, সেটা সরকার বরদাস্ত করবেন না। দার্জিলিং-এর সদস্য বলেছেন, তিনি গুর্খা লীগের সদস্য ছিলেন, তিনি বলেছেন নেপালী ভাষা সম্বন্ধে। কিন্তু একটা জিনিষ, তিন বছর অন্তর অন্তর যে কোন ক্যাডারের হোন না কেন, এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যেতে চাই। নেপালী ভাষা জানা সত্ত্বেও তাঁকে চেষ্টা করতে হবে বাংলা ভাষা শেখার জন্য। কারণ অনেক সময় দেখা গিয়েছে দার্জিলিং-এর নেপালী ভাষাভাষী যে নার্স, তিনি কাজে খুব পারদর্শী তাকে যদি আমরা গ্রাম বাংলায় যে সমস্ত সদর হাসপাতাল আছে, জেলা হাসপাতাল আছে সেখানে নিয়ে যাই তাহলে সেখানে যে সমস্ত নার্স মেয়েরা আমাদের আছেন, তারা তাঁদের দেখে শিখতে পারবে। সেজন্য নেপালী ভাষী বলে তাকে পার্বত্য অঞ্চলে রেখে দেওয়াটা ঠিক হবে না। তাদের বাংলা ভাষা শিখতে হবে, তেমনি আবার অন্যান্য ছেলেমেয়ে যারা নার্সিং-এ আছেন, তাদেরও নেপালী ভাষা শিখতে হবে।

অন্য যে সমস্ত বক্তব্য রেখেছেন, যেমন বহরমপুরে হাসপাতাল সম্বন্ধে সেখানে মেডিকেল কলেজ করবার জন্য। আমি সে সম্বন্ধে বলতে চাই যে ডাঃ এ, কে বাসু তিনি যে রিপোর্ট দিয়েছেন তাতে তিনি বহরমপুরের কাছে মেডিকেল কলেজ হওয়া দরকার এই কথা বলেছেন। সরকার এটা বিবেচনা করে দেখছেন। অন্য সমস্ত district থেকে যেমন দাবী উঠেছে, মেদিনীপুর থেকে দাবী উঠেছে বড় district বলে। অন্য অনেক district বলছে তাদের দাবীর কথা। আমাদের বিচার বিবেচনা করে দেখতে হবে। আমি জানি আমাদের মাননীয় সদস্য যারা আছেন তারা আমাকে এ বিষয়ে সম্পূর্ণ সহযোগিতা করবেন। আমাদের মাননীয় সদস্য ললিত গায়েন তিনি রাসেল স্ট্রীটের সুন্দরী মেয়েদের দেখে আকৃষ্ট হয়েছেন। তিনি আমাদের রাসেল ষ্ট্রীটে যে ফ্যামিলি প্ল্যানিং সেণ্টার আছে সেখানে গিয়েছিলেন তারজন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তিনি যে বক্তব্য রেখেছেন নিশ্চয়ই আমি তা বিবেচনা করবো। তবে এটা

ঠিক নয় যে সব সুন্দরী মেয়েদের রাসেল ষ্ট্রীটের সেণ্টারে রাখা হয়েছে। সমস্ত জায়গা প্রয়োজনীয় কাজ করবার জন্য যারা ধরুন ফ্যামিলি প্ল্যানিং এর যে সমস্ত কাগজপত্র ঠিক রাখতে পারে তাদের ক্লারিক্যাল ওয়ার্কে রাখা হয়েছে, এ ভাবে ক্লারিক্যাল কাজের জন্য ডিসট্রিবিউসান কাজের জন্য ইত্যাদি সব ভাল করে রাখার জন্য এই সব দেখে রাখা হয়েছে এ কথা ঠিক নয় যে সুন্দরী মেয়েদের দেখে রাসেল স্ট্রীট রাখা হয়েছে। আনন্দবাজার কাগজে এটা বেরিয়েছিল বটে, তবে মাননীয় সদস্যদের বলবো কাগজে যা বের হয় তাই যদি সত্য হয় তাহলে মাননীয় সদস্যদের সম্বন্ধে অনেক কিছু বেরুচ্ছে সেগুলি নিশ্চয়ই সত্য নয়। সুতরাং কাগজে বেরলেই সত্য নয়। নকশাল বাড়ী এলাকা সম্বন্ধে মাননীয় সদস্য যে কথা বলেছেন আমি এ বিষয়ে নিশ্চয়ই খোঁজ করে দেখবো। আমি নকশাল বাড়ী এলাকা ঘুরে এসেছি। সেখানে জনসাধারণের হাসপাতালের বিষয় জনস্বাস্থ্য এর বিষয় অনেক কিছু করবার আছে। তবে সিডিউল কাস্ট ও সিডিউল ট্রাইবস-এর জন্য সংবিধানে নানান রকম আসন করা আছে এবং কিছু সুবিধাও দেওয়া আছে। উনি যেটা বলেছেন বিশেষ সুবিধার কথা হাসপাতালের কথা সেটা মনে রাখবো। আমাদের প্রথম বক্তব্য যিনি কাট মোসান এনেছিলেন সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে আমি বলবো সেটি অবিলম্বে ছাঁটাই করে দিন। তিনি এক রাউণ্ডে অনেক কথা বলেছেন। তিনি স্বাস্থ্য দপ্তরের নানা গাফিলতির কথা বলেছেন, নানান কিছু উল্লেখ করেছেন। কিন্তু স্যার, তিন মাসের ভেতর তিনি এক দিনও আমার কাছে এসে বা এক জনের বিরুদ্ধে, কোন হাসপাতাল সম্বন্ধে বা গাফলতির কথা উল্লেখ করেননি। তিনি বলেছিলেন যে ডিগ্রি হাসপাতালে ফল দেওয়া হয় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওর বক্তব্যের সঙ্গে সঙ্গে খবর নিয়েছি টেলিফোনে কিন্তু এক দিনও ফল না দেবার ঘটনা আমার কাছে আসেনি বা এরূপ ঘটনা ঘটেছে বলে রেকর্ডে নেই ও অফিসার বলেছে যে এরূপ ঘটনা ঘটেনি। দুপুর দুটার সময় মত্ত অবস্থায় ডাক্তারকে দেখেছেন। সে সম্বন্ধে যদি জানাতেন তা হলে দেখতাম। তিনি অনেক কিছু বলেছেন যে এই ঘটেছে, এই হয়নি, তাই হয়নি, এই এই হয়নি ইত্যাদি বলেছেন। তাঁকে এই কথা মনে রাখতে হবে ১৯৬৭ সালের আগে কারা ছিল। ১৯৬৭ সালের পর কারা এসেছিল ও চলে গেছে ও ১৯৭২ সালের মার্চের পর কারা এসেছেন। তাদের মান্য নেতাদের কাছে এই অবস্থার কথা জিজ্ঞাসা করলে নিশ্চয়ই জানতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় আর মাত্র আধ মিনিট। আমি আশা করবো জনসাধারণের উপকারের জন্য আজকে যে সমস্ত সদস্য সুন্দর সুন্দর বক্তৃতা রেখেছেন আমি তা সব লিখে নিয়েছি আমি চেষ্টা করবো যাতে বক্তব্য কাজে লাগাতে পারি যেখানে সম্ভব হবে। আমি দাবী করছি আমি স্বাস্থ্য দপ্তরের যে বাজেট রেখেছি সেটা পাশ করে দেবেন। সমস্ত মাননীয় সদস্য টাকার আরও দরকার বলেছেন। আমি মনে করি তাই। কিন্তু এখন যা টাকা আছে তাই দিয়ে যদি ঠিক চালাতে পারি। কারণ টাকা যা চলে যাচ্ছিল যুক্ত ফ্রন্ট-এর আমলে ও যুক্ত ফ্রণ্টের আগে সে সব পথ বন্ধ করার জন্য আমরা বদ্ধপরিকর। আমি আশা করি প্রত্যেক মাননীয় সদস্য আমার হাত শক্ত করবেন কারণ সমাজবাদ যে আমাদের আনতেই হবে। বন্দেমাতরম্।

**Grant No 20**

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nasiruddin Khan that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shrt Ajit Kumar Panja that a sum of Rs. 25,97,16,000 be granted for expenditure under Grant No. 20, Major Head : "29—Medical", was then put and agreed to.

**Grant No. 21**

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Ajit Kumar Panja that a sum of Rs. 12,94,80,000 be granted for expenditure under Grant No. 21, Major Heads : "30—Public Health" and "30-A—Family Planning", was then put and agreed to.

[7-30—7-40 p.m.]

**Government Resolution**

**Mr. Speaker :** In view of the fact that the Hon'ble Chief Minister, the Leader of the House is willing to move a resolution and which has been supported from all corners—from all sides and from all the parties and groups in the House and taking the sense of the House that Members of all groups and parties inside the House are very eager to have a resolution supporting the steps that has been taken by the Central Government and they want to congratulate for the steps taken, I call upon the Leader of the House, Hon'ble Chief Minister, Shri Siddhartha Shankar Ray to move the resolution.

**Shri Siddhartha Sankar Ray ;** Sir, I beg to move : "This House congratulate the Prime Minister and her Government for having passed an Ordinance taking over the management of the Indian Iron and Steel Co. Ltd. for a period of 2 years for the present without paying any compensation in order to secure the proper management of the undertaking. The State of West Bengal was viewing with grave concern the deteriorating situation in this undertaking where production had gone down from 970,000 tons in 1965-66 to only 617,000 tons in 1971-72.

"This House is cofident that the Government of India will be able to manage the undertaking efficiently and properly, and it has no doubt that our entire people will support this measure which has been passed not only to secure the proper management of the undertaking but to subserve the public good in the context of the the steel requirements of the country.

"This House realises the great responsibility which has been undertaken by the Government. This measure was absolutely necessary for the purpose of

saving the undertaking from disaster and to ensure increased production of steel in the country. The measure, therefore, is the more laudable for the great challenge which has been taken by the Government for the good of the people and of the country. This House is cofident that the workers and the officers of the undertaking will fully co-operate with the Government and assist it in every possible manner to meet this challenge and to considerably increase the production of steel in the uudertaking which is so vital for the economic growth of our country. This House is also confident that the workers and officers of the undertaking will realise the distressing economic condition in which this undertaking is at present, and, as such, will render their fullest co-operation and assistance to save the undertaking from its present plight. This House, therefore, calls upon the workers and officers of the undertaking to do everything in their power to prove that the undertaking can be carried on in a proper manner and that it is able to produce steel in much larger quantities The ISCO is very vital from various points of view, and this House is confident that its interest will be safe in the hands of the Government of India and the workers and officers of the undertaking.''

Sir, I do not want to say very much in support of this resolution. Nothing really is necessary to be said any further. The Resolutson points out our points of views as well as our sentiments. The Company was in extremely bad shape, its financial position was in a hopeless condition and its present production if it had gone at this rate would have gone down to only roughly 400,000 tons. So it is proper and right that the Government of India has passed a measure. Before I sit down, may I, Sir, congratulate our Prime Minister and her Government for taking this measure. I think our Government has proved that it will never fail whenever it is necessary to do something to ensure economic growth with social justice.

**শ্রীগোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, যে প্রস্তাব রেখেছেন আমি সেই প্রস্তাবকে সর্বান্তঃকরণে সমর্থন জানাতে গিয়ে এই সভাকে আমি জানাতে চাই যে ইণ্ডিয়ান আয়রন এণ্ড ষ্টিল কোম্পানী লিমিটেড বার্ণপুরে যে কারখানাটি ভারতবর্ষের যতগুলি জায়েণ্ট ষ্টিল প্ল্যাণ্ট আছে তার মধ্যে অন্যতম। দুর্গাপুর ষ্টিল প্ল্যাণ্টের প্রডাক্সন ইনষ্টল্ড ক্যাপাসিটি ও ইণ্ডিয়ান আয়রন এণ্ড ষ্টিল কোং-এল. টি. ডি.-এর তত। প্রায় ২৬ হাজার লোক সেখানে কাজ করেন। এই প্ল্যাণ্টের প্ল্যান পুনর্গঠন করবার জন্য যে প্রচুর বিদেশী সাহায্য এসেছে তার সমস্ত সাহায্যই ভারত সরকার গ্যারান্টি দাঁড়াবার পর এসেছে। প্রায় ১০০ কোটি টাকা গত কয়েক বছরে এই ইস্পাত কারখানা পুনর্গঠন করবার জন্য, এর প্রডাক্সন ক্যাপাসিটি বাড়াবার জন্য খরচ করা হয়েছে। এবং এই সমস্ত টাকাই ভারত সরকার গ্যারান্টি দাঁড়াবার পর তারা পেয়েছিল। গত কয়েক বছর ধরে এই জয়েণ্ট ষ্টীল প্ল্যাণ্টের প্রডাক্সন হার কমে যাচ্ছে। এবং তার প্রতিক্রিয়াস্বরূপ পশ্চিমবাংলায় যতগুলি ইঞ্জিনীয়ারিং শিল্প আছে সেই শিল্পগুলিতে যে এসেনসিয়াল র মেটিরিয়াল— বিভিন্ন প্রকার ইস্পাত সরবরাহ করতো সেটা যথেষ্ট হারে পাওয়া যাচ্ছে না। তার ফলে ইঞ্জিনীয়ারিং

কারখানাগুলি ভাল প্রডাক্সন ক্যাপাসিটি থাকা সত্ত্বেও, ভাল কারীগরী জ্ঞান সম্পন্ন মানুষ থাকা সত্ত্বেও ৫০% টু ৬০% ইন্সটল্ড ক্যাপাসিটি দিয়েছিল।

[7-40—7-51 p.m ]

তার ফলে সেখানে যত মানুষ নিযুক্ত হতে পারে তার শতকরা ৪০ থেকে ৬০ ভাগ মানুষ এই ইঞ্জিনীয়ারিং ইণ্ডাষ্ট্রীগুলিতে নিযুক্ত হতে পারছে না। আমরা বরাবর চেয়েছিলাম যে ইস্পাত কারখানাটির উৎপাদন হার বৃদ্ধি হোক। এর অধিকাংশ ইস্পাত জে. কে. উইলিয়ামস প্রভৃতি কারখানায় ব্যবহৃত হয়। বারে বারে আমাদের বোঝানোর চেষ্টা হচ্ছিল যে শ্রমিকরাই দায়ী এই ইস্পাত কারখানার উৎপাদন হার ধীরে ধীরে কমে যাবার জন্য— আমরা বারে বারে ত্রিপাক্ষিক আলোচনা শ্রমিক এবং মালিক পক্ষের প্রতিনিধিদের সঙ্গে করেছি। শ্রমিক প্রতিনিধিদের সঙ্গে আলাদাভাবে আলোচনা করেছি, চুক্তি করিয়ে দিয়েছি এবং মালিক পক্ষের প্রতিনিধিদের সঙ্গে আলাদা আলোচনা করেছি এবং ভারত সরকারের প্রতিনিধি হিসাবে এখানে যিনি আছেন তাঁর সঙ্গে আলাদা আলোচনা করেছি। প্রতি বারই আমাদের মনে হয়েছে যে এখানে একমাত্র কারণ হচ্ছে ম্যানেজারিয়েল ফেলিওর, যার জন্য এই কারখানা বিপুল সম্ভাবনা থাকা সত্ত্বেও, শক্তি থাকা সত্ত্বেও ধীরে ধীরে ক্ষয়ের দিকে চলে যাচ্ছে। আমরা বারে বারে ভারত সরকারের কাছে বলেছি গত ৩ মাস ধরে এবং এই কারখানার রোগ অন্য কোথাও নেই রোগ আছে ম্যানেজারিয়েল ফেলিওরে। ভারত সরকারের ঐ কারখানার প্রায় ৬৮ ভাগ সেয়ার আছে। আমরা ভারত সরকারের সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করেছিলাম যে আপনারা এই কারখানাটির দায়িত্ব গ্রহণ করুন ভারত সরকারের পক্ষ থেকে। তখন আমরা বলেছিলাম শ্রমিকরা যেভাবে এগিয়ে আসছেন সহযোগিতা করতে তাতে মনে হয় ফল ভালই হবে। আজ অত্যন্ত আনন্দের কথা যে আনুষঙ্গিক যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করে এটা টেক ওভার করা উচিত ভারত সরকারের সেইভাবে ব্যবস্থা করে আজকে আনুষ্ঠানিক ভাবে কিছুক্ষণ আগে এই কারখানাটির পরিচালনার সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করেছেন। এর থেকে যেমন এই কারখানার কর্মচারী, সঙ্গে সঙ্গে এই কারখানায় যে ইস্পাত তৈরী হবে সেই ইস্পাত আমাদের পশ্চিমবাংলায় অবস্থিত ইঞ্জিনিয়ারিং শিল্পে যে অতিরিক্ত চাহিদা আছে ইস্পাতের, যা থেকে শতকরা ১০০ ভাগ তারা তাদের ইনস্টল্ড ক্যাপাসিটি অনুযায়ী প্রডাক্সন করতে পারবে সেই প্রডাক্সান সম্ভব হবে। আর এই প্রডাক্সন সম্ভব হওয়ার মানে হচ্ছে ইঞ্জিনিয়ারিং ইনডাস্ট্রীগুলিতে আরো শতকরা ৩০ থেকে ৪০ ভাগ কর্মচারীর নতুন কর্মসংস্থানের সুযোগ হবে। এই ইস্পাত কারখানাটি পশ্চিমবাংলার অর্থনৈতিক দিক দিয়ে অত্যন্ত প্রয়োজনীয় ইস্পাত কারখানা ছিল। শুধু কেবলমাত্র সেখানকার ২৬ হাজার মানুষই নয়, বার্নপুরে যে নগরী গড়ে উঠেছে বা উপনগরী গড়ে উঠেছে এই কারখানাকে কেন্দ্র করে, সেই নগরী উপনগরীর কথা নয়, সারা পশ্চিমবাংলার ইঞ্জিনিয়ারিং শিল্প এই বার্নপুর ইস্পাত কারখানার সঙ্গে জড়িত ছিল। স্থানীয় এম. এল. এরা বার বার বলেছিলেন এই কারখানাটির প্রতি সরকারের নজর দেওয়া উচিত। আজ তারা সকলেই আনন্দিত হয়েছেন ভারত সরকার কর্তৃক এই কারখানাটি পরিচালনার দায়িত্ব গ্রহণ করায় এবং আমার দৃঢ় বিশ্বাস শ্রমিকদের যে সংগঠনগুলি আছে তারা ভারত সরকারের এই সিদ্ধান্তকে সর্বান্তঃকরণে অভিনন্দন জানাবেন এবং সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসবেন এই কারখানাটির উৎপাদন হার দ্রুত বাড়িয়ে তোলার জন্য এবং এই কারখানাটির পুনর্গঠিত হলে পশ্চিমবাংলায় অর্থনীতিকে শক্ত বনিয়াদের উপর সুপ্রতিষ্ঠিত করতে সাহায্য করবে। এইটুকু বলে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি এবং ভারত সরকার এবং আমাদের মাননীয়া প্রধান মন্ত্রী মহোদয়াকে আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইণ্ডিয়ান আয়রন এণ্ড ষ্টিল কোং লিমেটেড-এর ম্যানেজমেণ্ট টেক ওভার করে ভারত সরকার যে অর্ডিন্যান্স এনেছেন এবং ভারত সরকারকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব হাউসের পক্ষে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এনেছেন, সেই বলিষ্ঠ পদক্ষেপকে আমি অভিনন্দন জানাচ্ছি এবং এই হাউসের তরফ থেকে আমাদের মুখ্যমন্ত্রী এই প্রস্তাব আনার জন্য প্রস্তাবক হিসাবে তাঁকে আমি আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

**Dr. A. M. O. Ghani :** Mr. Speaker, Sir, I wholeheartedly support this resolution brought here to the House by the Hon'ble Chief Minister. You know, Sir, our basic policy and our basic demand have always been to nationalise the basic industries.

Sir, Indian Iron and Steel is a basic industry which we very much need. Irrespective of the fact that it has been mismanaged or the production of the concern has been falling we welcome this measure. It is the first step that it has been taken over for two years without compensation. We are happy that our Prime Minister, Mrs. Indira Gandhi, has taken a bold step as she has taken other bold steps during the last few years. We support this resolution with words of congratulation which we want to be sent to the Government of India and the Prime Minister.

**শ্রীনাসিরুদ্দিন খান ঃ** মিঃ স্পীকার স্যার, ভারত সরকারের এই সিদ্ধান্ত এবং আমাদের মুখ্যমন্ত্রীর এই যে গৃহীত প্রস্তাব একে আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি।

**Shri George Albert Wilson-Deroze :** Mr. Speaker, Sir, I support this resolution wholeheartedly and congratulate our Chief Minister, Mr. S. Ray and his Government, and the Prime Minister, Mrs. Gandhi, for this bold step. Sir, my community is in some considerable strength in the Asansol area and suffered greatly by the mismanagement of this company. Many of them have been unemployed for long years. I am very happy that this company has been taken over, and sudport the resolution sincerely.

**শ্রীতৃপ্তিময় আইচ ঃ** মিঃ স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তাকে স্বাগত জানাই এবং স্বাগত জানাতে গিয়ে কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত নিয়েছেন তাকেও স্বাগত জানাচ্ছি। এই ইণ্ডিয়ান আয়রণ এণ্ড ষ্টীল কোম্পানী হীরাপুর কেন্দ্রে অবস্থিত, যেখান থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি। আমি দীর্ঘদিন ধরে লক্ষ্য করেছিলাম যে এই ইণ্ডিয়ান আয়রণ এণ্ড ষ্টীল কোম্পানী এশিয়ার একটা গুরুত্বপূর্ণ ষ্টিল ফ্যাক্টরী হওয়া সত্ত্বেও এখানে উৎপাদন অত্যন্ত কম হচ্ছিল, অর্থাৎ ৩০% পারসেণ্ট হচ্ছিল। এখানে ১৮ হাজার লোক পারমানেণ্টলি কাজ করেন। আর ৪ হাজার লোক টেম্পোরারী কাজ করেন। ম্যানেজমেণ্ট নিজেদের মধ্যে লড়াই করে এই কোম্পানীর উন্নতির কথা চিন্তা করেননি। দিনের পর দিন এখানে প্রপার মেনিং না থাকায় নতুন মেসিনারী ইণ্ট্রোডিউস না করে ক্ষমতার লড়াই চলার ফলে এই কোম্পানী ডুবে যাচ্ছিল। তাই আজকে আমরা নির্বাচিত হবার পরেও বারে বারে কেন্দ্রীয় সরকারের কাছে এই

দাবী জানিয়েছিলাম যে দেশের ও দশের স্বার্থে ইণ্ডিয়ান আয়রণ এণ্ড স্টিল কোম্পানীকে জাতীয়করণ করুন। আমি অত্যন্ত আনন্দিত হচ্ছি এবং সমগ্র হীরাপুরবাসীর পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছি। সঙ্গে সঙ্গে রাজ্যমন্ত্রীসভাকেও স্বাগত জানাচ্ছি। আজকে হীরাপুরে যে ২৪ হাজার লোক ইণ্ডিয়ান আয়রণ এণ্ড ষ্টীল কোম্পানীতে কাজ করছেন, শুধু তাদের ভাগ্যই নয়, বলতে গেলে তাদের পরিবারে প্রায় ১ লক্ষ লোকের ভাগ্য কিছুটা নির্দ্ধারিত করছে। আজকে এই ইণ্ডিয়ান আয়রণ এণ্ড ষ্টীল কোম্পানীতে যারা চাকুরী করতেন তাদের চাকুরীর স্থায়িত্বের কোন নিশ্চয়তা ছিল না। আমরা আশা করি এই ইণ্ডিয়ান আয়রণ এণ্ড ষ্টীল কোম্পানীর দায়িত্ব ভার সরকার গ্রহণ করার পরে সেখানকার শ্রমিকদের চাকুরীর স্থায়িত্বের নিশ্চয়তা এল এবং অদূর ভবিষ্যতে এই কোম্পানী দেশের একটি সম্পদ হিসাবে পরিগণিত হবে।

**Mr. Speaker :** The motion of Shri Siddhartha Sankar Ray that "This House congratulates the Prime Minister and her Government for having passed an Ordinance taking over the management of the Indian Iron & Steel Co. Ltd. for a period of 2 years for the present without paying any compensation in order to secure the proper management of the undertaking. The State of West Bengal was viewing with grave concern the deteriorating situation in this undertaking where production had gone down from 970,000 tons in 1965-66 to only 617,000 tons in 1971-72.

"This House is confident that the Government of India will be able to manage the undertaking efficiently and properly, and it has no doubt that our entire people will support this measure which has been passed not only to secure the proper management of the undertaking but to subserve the public good in the context of the steel requirements of the country.

"This House realises the great responsibility which has been undertaken by the Government. This measure was absolutely necessary for the purpose of saving the undertaking from disaster and to ensure increased production of steel in the country. The measure, therefore, is the more laudable for the great challenge which has been taken by the Government for the good of the people and of the country. This House is confident that the workers and the officers of the undertaking will fully co-operate with the Government and assist it in every possible manner to meet this challenge and to considerably increase the production of steel in the undertaking which is so vital for the economic growth of our country. This House is also confident that the workers and the officers of the undertaking will realise the distressing economic condition in which this undertaking is at present, and, as such, will render their fullest co-operation and assistance to save the undertaking from its present plight. This House, therefore calls upon the workers and officers of the undertaking to do everything in their power to prove that the undertaking can

be carried on in a proper manner and that it is able to produce steel in much large quantities. The ISCO is very vital from various points of view, and this House is confident that its interest will be safe in the hands of the Government of India and the workers and officers of the undertaking," was then put and agreed to unanimously.

**Adjournment**

The House was then adjourned at 7·51 p.m. till 9 a.m. on Saturday, the 15th July, 1972, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 15th July, 1972, at 9 a. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 9 Ministers, 8 Ministers of State, 1 Deputy Minister and 148 Members.

### Oath or Affirmation of Allegiance

[9-00—9-10 a.m.]

**Mr. Sperker :** Honourable Members, if any of you have not made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

**শ্রীশংকর দাস পাল ঃ** মাননীয় স্পীকার মহাশয়, স্পোর্টস মিনিষ্টার হাউসের সামনে বলেছিলেন হুটো করে টিকিট দেবেন। অনেক এম, এল, এ হুটো টিকিট পাননি। কিছু টিকিট পেয়েছেন আর পাবেন না। অনেক এম, এল, এ যারা পায়নি তাদের জন্য কি করছেন ?

**শ্রীকানাই ভৌমিক ঃ** আমরা চাই সবাই আমরা যাতে পাই। আজকে খেলা, এখনও টিকিট পাওয়া যায় নি। এই রকম মিস ম্যানেজমেন্টের কারণ কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে এই পবিত্র বিধান সভার সদস্যদের কাছে ছোট একটা নিবেদন রাখতে চাই। কয়েকদিন আগে এইখানে দাঁড়িয়ে আমি সভ্যদের কাছে আপনার অনুমতি নিয়ে বলেছিলাম আগামী চ্যারিটি ম্যাচে প্রতিটি সভ্য হুটো করে টিকিট পাবেন। আমি বোধ হয় সেদিন অন্যায় কথা বলেছিলাম, আমি বোধ হয় ভুল কথা বলেছিলাম। কলকাতা ময়দানের ক্রীড়ামোদীরা যে নির্যাতন ভোগ করেছেন তা জানার পর আমার বার বার মনে হচ্ছে দু রাত্রি ধরে দাঁড়িয়ে যারা টিকিটের প্রত্যাশায় এবং টিকিট না পেয়ে হতাশায় চলে গেলো ঝড় জল উপেক্ষা করে থেকেও আমরা তাদের প্রতিনিধি আজকে আমাদের এই বিধানসভায় তাদেরই মঙ্গল অমঙ্গলের কথা ভেবে সিদ্ধান্ত নিই। আমাদের উচিত নয় তাদের বঞ্চিত করে এই টিকিট নেওয়া। আমি ক্রীড়ামন্ত্রী হিসাবে এই কথা জানাতে চাই যতদিন না এই ক্রীড়ামোদীদের উপযুক্ত জায়গা করে দিতে পারবো এবং যতদিন ক্রীড়ামন্ত্রী থাকবো আমি নিজে খেলা দেখবো না। আমি এই সভার ভাই বোনেদের কাছে এই অনুরোধ রাখবো যে আমাদের আই, এফ, এ চার শো টিকিট দিয়েছিল। আমাদের ২৫১ জন এবং ২ জন নির্দলিয় হিসাবে আরও দুজন মোট ২৫৩ জন সদস্য রোজ এখানে

আসি। সুতরাং দুটো টিকিটের কথা বলেছিলাম কমপক্ষে তাতে ৫০৬টা টিকিটের প্রয়োজন। দুটো করে প্রত্যেক সভ্যকে দেওয়ার কথা আমি এখানে বলেছিলাম।

আমরা সেই জায়গায় মাত্র ৪০০টা টিকিট পেয়েছি। আমরা জানি যে অনেক সভ্য টিকিট পান নি। আজ আমি নির্লজ্জের মত সকালবেলা মোহনবাগান ও ইষ্টবেঙ্গল কর্তৃপক্ষের কাছে গিয়েছিলাম। ইষ্টবেঙ্গলের কর্তৃপক্ষ বললেন কোন টিকিট নেই, কিন্তু মোহনবাগানের কর্তৃপক্ষ আমাকে ৫০ খানা টিকিট দিয়েছেন। আমি খুব লজ্জার সঙ্গে এই টিকিট গ্রহণ করতে বাধ্য হচ্ছি। কারণ আমি এই বিধানসভায় বলেছিলাম ২টা করে টিকিট দেব। আমি chief-whip-এর কাছে ৫০ খানা টিকিট পৌঁছে দিচ্ছি। কিন্তু আমি আবার সভ্যদের অনুরোধ করব যতদিন না আমরা একটা stadium করতে পারি আমরা যাঁরা বিধানসভায় এসেছি জনসাধারণের যেটা করার জন্য, তাঁরা কেউ যাব না।

**Mr. Speaker** : I appreciate the statement that has been made by you. I think it will be better in view of the sentiment expressed on the floor of the House, if no Member of the House including the Ministers, goes there and attends the function until there is a stadium for the sport-loving people of our State. But if some of the Members who have got tickets including the Members of the Treasury Bench go there, witness and enjoy the game then it will not be fair according to the sentiments expressed in this House as many of the sport-lovers are being deprived of the opportunity. The Members of the House including the Members of the Treasury Bench may not go there untill a special or practical provision is made for a stadium for the people of the State for which a number of persons have already died.

**শ্রীসুব্রত মুখার্জী** : স্যার, যুক্তফ্রন্টের মত রাজনীতি হয়ে যাবে বলে আমার ধারণা। কারণ আমরা অনেকে আছি যারা রাজনীতি বহির্ভূত অনেক club-এর সঙ্গে যুক্ত আছি। আমাদের মত যুবক M. L. A. যারা আছেন তাঁদের প্রতি injustice করা হচ্ছে। আপনি যদি এরকম ধরণের কথা বলেন যেটা আমাদের সকলকে carry করতে হবে। আপনি জানেন এই সভায় ৫০% youth আমরা এসেছি বিভিন্ন দল থেকে। যাদের চুল পেকে গেছে তাঁদের কথা আলাদা। আমার কাছে ২টা টিকিট আছে আপনাকে দিতে পারি। কিন্তু যুবক প্রতিনিধিদের পক্ষ থেকে এটা আমার আবেদন।

**Mr. Speaker :** This is not my own opinion, but I have referred to the sentiments already expressed. I have been reported that some outsiders entered inside the precincts of the Assembly and were agitating for tickets. They entered inside the lobby and went to the Press Gallery by force and asked for tickets. Now, considering all the points that have been raised by the Members, I think it is the sentiment of the House, the consensus of the House, and it is not my personal opinion. If any Member of the House who happens to be a member of a particular club goes and witnesses the game as a member of that club and not as a Member of the House then I have got nothing to say in the matter.

**শ্রীসুব্রত মুখার্জী** ঃ আমি নিজে মোহনবাগানের life member.

**শ্রীগীতা মুখার্জী** ঃ আপনি যে মনোভাব পোষণ করছেন তার প্রতি আমি শ্রদ্ধা পোষণ করি এবং যুবক মন্ত্রী যে কথা বললেন সে কথাও বুঝছি। স্বভাবতই তরুণরা খেলা দেখতে যাবেন এর উপর কেউ stricture দিতে পারবেন না। কিন্তু তাঁরা তো অপরাপর তরুণদের মত দাঁড়িয়ে খেলা দেখতে পারেন এটাই আশা করা যায়। আমাদের মত পাকা চুলওয়ালা লোকেদের খেলার সঙ্গে সম্পর্ক আছে।

সুতরাং সেই দিক থেকে আমি এই কথাই বলতে চাই যেসব সদস্য সত্যি সত্যি খেলা দেখতে যাবেন তারা যাতে লড়াই করে টিকিট আনতে পারেন তার জন্য ব্যবস্থা যেন ব্যবস্থা করেন। আর ক্রীড়া মন্ত্রীমহাশয় এখানে যে অভিমত প্রকাশ করেছেন তার জন্য সব টিকিটগুলি যাতে ফেরত দেওয়া হয় তার সুব্যবস্থা করা উচিত।

[9-10—9-20 a.m.]

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেকথা বললাম তার পিছনে একটা ইতিহাস আছে বলে বললাম। আমি কাগজের বাড়ির লোক, সেখানে বিভিন্ন লোকেরা বিভিন্ন মত প্রকাশ করে যায়। যা শোনার সুযোগ এবং সৌভাগ্য আমার হয়। যারা কলকাতা শহরে টিকিট পেলেন না তাদের মুখে একটা কথা শোনা যাচ্ছে যে এম, এল, এ-রা সব টিকিট নিয়ে নিয়েছে। আমি সেজন্য বলছি আমরা মাত্র চার শো টিকিট পেয়েছি। অথচ আমাদের দেবার কথা ছিল ৫৬০টি টিকিট। কিন্তু তা তাঁরা দেননি। সমস্ত টিকিট আমরা নিয়ে নিয়েছি এরকম অপবাদ আমরা শুনতে পাচ্ছি সেজন্য আমি আপনার কাছে এই প্রস্তাব রেখেছিলাম। আমি সস্তায় হাততালি পাবার জন্য একথা বলিনি। আমি চিরকালই খেলা নিয়ে থেকেছি—খেলার জগতের সঙ্গে আমার সংযোগ রাজনৈতিক জীবনের চেয়ে অনেক বেশী। আমি কলকাতার বিভিন্ন ক্লাবের কোন জায়গায় সভাপতি কোন জায়গায় সাধারণ সম্পাদক। আমার সৌভাগ্য হয়েছিল পশ্চিমবাংলাকে ভারতবর্ষের মধ্যে রিপ্রেজেণ্ট করা। সুতরাং খেলা বোধ হয় জেনেছি, খেলা বোধ হয় আমি ভালবাসি। তাই যখন, ক্রীড়ামোদীরা এই কথা বলছেন তাতে আমি সহজাতভাবে একটু দুঃখ বোধ করেছি। আজকে এখানে মাননীয় সদস্যরা যেভাবে অনুভব করছেন আমি ভেবেছিলাম যে তারা আমার পাশে দাঁড়িয়ে একই কথা বলবেন।

**শ্রীনাসিরুদ্দিন খান** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের শেষ বক্তব্যের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বললেন যে সাংঘাতিকভাবে খেলাধুলাতে জড়িত এবং বহু খেলা দেখেছেন এবং এখন বোধহয় শেষ জীবনে খেলাতে তাঁর আর সেরকম নেশা নেই। কিন্তু আমরা পাড়াগাঁয়ের মানুষ, শহরে খেলা দেখবার সৌভাগ্য আমাদের বড একটা হয় না। কিউ দিয়ে খেলা দেখা সাংঘাতিক কষ্টকর। আমি একটা জিনিস বলতে চাই আপনারা একটু খোঁজ করলেই দেখতে পাবেন কিউ যারা দেয় তারা বেশীর ভাগ নিজেরা খেলা দেখে না। বোধ হয় নাইন্টি পারসেণ্ট লোক খেলা দেখেন না তারা টিকিট ব্ল্যাক করে। মাঠে কিউ দিয়ে আমাদের টিকিট সংগ্রহ করতে হবে আমাদের খেলা দেখতে হবে এটা সম্ভব নয়। আবার বলা হচ্ছে আমরা নাকি সব টিকিট নিয়ে নিচ্ছি। আবার হয়তো পরে শুনবো যে আমরা সব মাইনেগুলো নিয়ে নিচ্ছি। সুতরাং

এই ধরনের কথাবার্তায় কি আমাদের সব অপরাধ হয়ে যাবে। এই কথার মধ্যে কোন যুক্তি আছে বলে আমি মনে করিনা।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ক্রীড়ামন্ত্রীর কথা শুনলাম। এখানে আমি একটা প্রস্তাব রাখতে চাচ্ছি। মাননীয় ক্রীড়ামন্ত্রী বলেছেন যে প্রত্যেক সদস্যকে দুখানি করে টিকিট দেওয়া হয়েছে। আমি বলতে পারি যে আবার এমন অনেক সদস্য আছেন যে দু তিন বার তাঁরা ঘোরাঘুরি করেও একটি টিকিটও পাননি। সেজন্য আমার প্রস্তাব হচ্ছে যে যাঁরা দুখানি টিকিট পেয়েছেন তাঁরা একখানি করে রেখে আর একখানি টিকিট পার্লামেন্টারী এফেয়ার্সের মিনিষ্টারকে একখানি করে ফিরত দিয়ে দিন যারা টিকিট পাননি তাদের তিনি একখানি করে টিকিট দিতে পারবেন।

**Shri Gyan Singh Sohonpal** : Mr. Speaker, Sir, you will kindly recall that on Friday the Minister of State for Sports made an announcement in this House that each M. L. A. would be given two tickets for the charity match of course, on payment of usual charges.

In pursuance of that assurance, we have distributed 400 tickets to 200 M. L. A.s at the rate of two tickets to each M. L. A. It is really unfortunate that due to certain difficulties beyond our control it has not been possible to give two tickets to each M. L. A. all the M. L. A.s, I mean. We have in our possession, about 50 tickets and there are very few M. L. As. left out who have not been given tickets. So far as their case is concerned, they can always have a ticket from me at any time. There is no question of surrendering any ticket by anybody.

**শ্রীলক্ষ্মীকান্ত বোস ঃ** স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয় সকলেই এড়িয়ে যাচ্ছেন বলে আমাকে বলতে হল। সেটা হল যাঁরা খেলার টিকিট পেয়েছেন তাঁরা আনন্দিত, যাঁরা পাননি তারা ক্রুদ্ধ। কিন্তু যে কয়েকটি প্রাণ মাঠে নিঃশেষ হয়ে গেল কালকে এবং পুলিশের অপরাধে, আমরা জানতে পেরেছি পুলিশ যদি তাদের ব্যবহার সংযত রাখতো তাহলে এত বড় ঘটনা ঘটতে পারতো না। সেইজন্য আমি দাবী করবো—এর আগেও একবার মাঠে অনুরূপ ঘটনায় কয়েকজন তরুণ প্রাণ দিয়েছে ছুরিকাঘাতে, মাঠে টিকিট কিনতে গিয়েছে তাতে। আমরা জানতে চাই এই সম্পর্কে একটা তদন্তের নির্দেশ দেওয়া হোক এবং ভবিষ্যতে এইরূপ ঘটনা আর ঘটবেনা আমরা এইটুকু জানতে চাই।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় :** এটা গুরুত্বপূর্ণ ব্যাপার কিন্তু তদন্তের নির্দেশ এত সহজে দেওয়া যায় না এবং আমরা সঠিকভাবে এখনো কোন সন্ধান পাইনি বিস্তারিতভাবে। কারণ যেটুকু পাওয়া গিয়েছে সেটা হল এই যে পুলিশের উপায় ছিল না, ৬ হাজার টিকিট বিক্রয় হয়েছিল কিন্তু পুলিশের অনুমান ৫৫ হাজার লোক সেখানে গিয়ে হাজির হয়েছিল। কাজেই ৬ হাজার টিকিট, ৫৫ হাজার লোক এবং খোলা মাঠে কিউ, পুলিশের অন্য কোন পদ্ধতি অনুসরণ করার ছিল না। পুলিশকে আক্রমণ করা হয়েছিল। যারা টিকিট পাননি তারা গিয়ে র‍্যামপার্টের দিক থেকে ইট, বোমা, সোডার বোতল ছুড়তে থাকে। পুলিশ আমাদের ৪ জন আহত হয়েছে। বিস্তারিত তথ্য

জানবার পর মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, হোম মিনিষ্টার, তিনি উপযুক্ত নির্দেশ দেবেন। আমি শুধু একটি কথা আপনাদের কাছে জানাই যে যেটা টিকিটের ব্যাপার হচ্ছে সেটাত অন্য কিছু সিদ্ধান্ত নয়। একটা সিষ্টেম খাড়া হয়েছে, আসলে ডিষ্ট্রিবিউশনটা রং হয়েছে এইটাই হল বাস্তব কথা। তার কারণ ধরুন আমি চারটি টিকিট পেয়েছি, আমি আবেদন না করেই পেয়েছি। পার্লামেণ্টারী সেক্রেটারী আমাকে বললেন যে মিনিষ্টাররা চারটা করে পাবে। আমি টাকা দিলাম চারটি করে পেলাম। কিন্তু ধরুন মিনিষ্টারকে টিকিট না দিলেও চলে কারণ তিনি আমন্ত্রণলিপি পান—চারটার একটাও না দিলে চলতো। আমার কাছে দুটি উদ্বৃত্ত হয়ে বসে আছে ৪টির মধ্যে। স্বাচারলি ডিষ্ট্রিবিউশন রং হয়েছে। খুব স্বাভাবিকভাবে যে টিকিট আমরা পেয়েছি তাতে ডিষ্ট্রিবিউশন যদি প্রপার হয় তাহলে কোন অসুবিধা হয় না। কারণ কোন মিনিষ্টারের টিকিটের প্রয়োজন নেই। মিনিষ্টার, ষ্টেট মিনিষ্টার, ডেপুটি মিনিষ্টার, পার্লামেণ্টারি সেক্রেটারি, তাঁরা আই, এফ, এ, র কাছ থেকে খুব সম্মানজনক চিঠি পান—আমন্ত্রপত্র। তাঁদের চারটি করে এ্যালট করে দেওয়া হয়েছে, যেখানে একটাও এ্যালট করার দরকার নেই। সুতরাং সেখান থেকে যদি এম, এল, এ'দের একটা করে টিকিট দেওয়া হয় তাহলে কোন অসুবিধা থাকেনা, লাইন দেওয়া বা টিকিট বর্জন করা—এই সবের দরকার হয় না।

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** মাননীয় স্পীকার সাহেব, আমাদের সামনে যে প্রস্তাবটা রেখেছেন তা অতি যুক্তিপূর্ণ ও প্রসংশনীয়। তবে আমরা আসল কথাটা উপেক্ষা করছি। সেটা হল এই কলকাতা সহরে যত তাড়াতাড়ি ষ্টেডিয়াম করা দরকার তার উপর যেন আমরা গুরুত্ব দিই। আমার মনে হয় বর্তমান মন্ত্রীসভা এই বিষয় সতর্ক আছে এবং আমাদের ক্রীড়ামন্ত্রী যিনি আছেন তিনি এই বিষয় বিশেষ দৃষ্টি দেবেন যাতে আমরা অদূর ভবিষ্যতে কলকাতায় একটা ষ্টেডিয়াম তৈরী করতে পারি এবং যাতে আরো বেশী সংখ্যক লোককে খেলা দেখবার সুযোগ দিতে পারি। পরিশেষে স্পীকার মহাশয়ের অনুমতি নিয়ে আমি একটা প্রস্তাব রাখবো যে আমরা যখন খেলা দেখবার খুব সুযোগ পাচ্ছি না, স্পীকার মহাশয় যেন একটু ইনিসিয়েটিভ নিয়ে এমন একটা ব্যবস্থা করেন যাতে এম, এল, এ'দের মধ্যে একটা ম্যাচ হয়, একদিকে বুড়োরা থাকবে, একদিকে যুবকরা থাকবে, সেই খেলা দেখবার সুযোগ আমরা যেন সকলকে ফ্রি দিতে পারি।

**শ্রীজগদীশচন্দ্র দাস ঃ** মাননীয় সদস্য লক্ষীকান্ত বোস মহাশয় যে সংবাদ আমাদের হাউসে রাখলেন, আমরা স্বভাবতঃই সকলে উদ্বিগ্ন। আমি একটা জিনিস বিশেষভাবে লক্ষ্য করছি যে খেলার টিকিট নিয়ে আমরা মাতামাতি করছি, কেউ পেয়েছেন, কেউ পাননি কিন্তু আজকে যে মূল্যবান প্রাণ কয়েকটি ওখানে গেল, যে কথা মাননীয় সদস্য লক্ষীকান্ত বাবু বললেন, বা যে সংবাদ দিলেন তাতে আমরা সকলে উদ্বিগ্ন।

আমার কথা হচ্ছে স্বরাষ্ট্রবিভাগের মাননীয় রাষ্ট্র মন্ত্রী মহাশয় সুব্রত মুখার্জী এখানে আছেন, তিনি এখনি সংবাদ দিন কজন মারা গেছেন এবং কিভাবে মারা গেছেন।

[9-20—9-30 a.m.]

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** আমার কাছে কেউ মারা গেছেন বলে এমন কোন সংবাদ নাই। আমি কাল রাত্রি ১০টা পর্য্যন্ত ঘনিষ্টভাবে যোগাযোগ রেখেছি ব্যক্তিগতভাবে, আমার কাছে এমন

কোন সংবাদ নাই যে কেউ মারা গেছেন। মারা যাওয়াতো দূরের কথা সিরিয়াসলী ইন্‌জিওর্ড হয়েছে এমন সংবাদও পাইনি, বরঞ্চ পুলিশের কয়েকজন ইন্‌জিওর্ড হয়েছে। এটা এমন কিছু নয়, খেলার মাঠে স্বাভাবিকভাবে চিরাচরিত এই রকম হয়, যাই হোক যদি সেই রকম সঠিক তথ্য বা সংবাদ আসে আমি তাঁদের অনুরোধ রাখবো, বক্তব্য রাখবো।

**শ্রীলক্ষ্মীকান্ত বসু ঃ** আমার কাছে এমন সংবাদ আছে যে বন্দেমাতরম বলতে বলতে যাচ্ছে, তাকে গুরুতরভাবে লাঠি মারা হয়েছে, আহত হয়েছে. আজকের দৈনিক সংবাদপত্রেও সংবাদ প্রকাশিত হয়েছে।

**শ্রীকানাই ভৌমিক ঃ** স্পীকার মহাশয়, আমি এই ব্যাপারে বলতাম না, যদি না মাননীয় মন্ত্রী মহাশয় বলতেন যে তিনি পুলিশের রিপোর্ট পেয়েছেন, তিনি খালি পুলিশ ইন্‌জিওর্ড হয়েছে খবর পেয়েছেন পাবলিক ইন্‌জুরি বা আর কোন সংবাদ এ পর্যন্ত যোগাড় করতে পারেননি। তিনি বলেছেন যে তিনি ঘনিষ্টভাবে যোগাযোগ রেখেছেন। কাল রাত্রি থেকে যে পুলিশের রিপোর্ট তা থেকে বুঝতে পারবেন, লোকে নাকি অনেক রকম জিনিস, বোমা, ইট এই সমস্ত জিনিস নিয়ে গেছিল, আমার কথা হচ্ছে মানুষদের কি হল ? তারা কি মরল, মাথা ভাঙল, কার পা ভাঙল, সেই রিপোর্ট তিনি নিতে পারেননি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে তিনি এটা অবিলম্বে খোঁজ নিন তারা কি অবস্থায় আছে।

দ্বিতীয় পয়েণ্ট তিনি বলেছেন, যতক্ষণ না তিনি রিপোর্ট পান, ততক্ষণ তদন্ত করতে পারেননা। আমরা এম, এল, এ-রা রেস্পনসিবল প্রতিনিধিরা যে পয়েণ্ট আইন সভায় উত্থাপন করি, রেইজ করি, সে বিষয়ে তদন্ত করতে কি পুলিশের রেফারেন্স দরকার হবে, এম, এল, এ-রা যেসমস্ত রেফারেন্সের ভিত্তিতে তদন্ত দাবী করে তাঁদের দায়িত্ব বুঝেই সেটা করেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে তিনি তদন্তের একটা নির্দ্দেশ দিন, কি হয়েছে না হয়েছে, মানুষেরা যারা আহত হয়েছে, তারা কি অবস্থায় আছে, সেটা জানান এবং আইনসভা চলাকালীনই তিনি আমাদের এই ইন্‌ফরমেশন দেবার চেষ্টা করুন।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** মাননীয় সদস্যরা যা বললেন তা সমস্তই আমরা নোটিশে নিয়েছি, অবিলম্বে দেখছি কি ব্যাপার হয়েছে, এখানে সমস্ত তথ্য দেবার চেষ্টা করা হবে।

**Mr. Speaker :** Honourable Members, I have been informed that there are some tickets till left with the Parliamentary Minister. If any one is interested, he may approach him to take delivery of ticket on usual payment.

### Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker** : The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of sending of grants to the flood-affected educational institutions.

(Attention called by Shri Md. Dedar Baksh on the 11th July, 1972.)

**Shri Mrityunjoy Banerjee** : As a result of heavy down pour in the year 1970, a large number of educational institutions, specially primary school buildings and secondary school buildings were badly damaged or destroyed. Fury of floods rendered considerable number of teachers and students homeless and destitute in the flood affected areas of the districts of Hooghly, Howrah, 24-Parganas, Midnapore, Bankura, Birbhum, Burdwan, Nadia and Murshidabad.

**Flood Advance**

As a measure of emergency relief to the flood affected teachers and non-teaching staff of non-Government educational institutions Government sanctioned an interest-free flood advance equivalent to one month's pay to those affected personnel. A sum of Rs. 29·75 lakhs was sanctioned for this purpose in 1970-71.

**Remission of tuition fees for 4 months in 1970**

The State Government adopted the scheme of granting remission of tuition fees for four months as grant-in-aid to the educational institutions of flood affected areas in the above-noted districts. A sum of Rs. 17·50 lakhs was sanctioned by Government during the year 1970-71 and the said amount was allotted to the respective District Inspectors and District Inspectresses of schools of the flood affected districts. The entire amount was spent in 1970-71.

The amount of Rs. 17·50 lakhs was found quite inadequate to meet the requirement. On receipt of further allotment from the Government of India the State Government sanctioned in the following year, that is, in the year 1971-72, a further sum of Rs. 20 lakhs for disbursement as grant-in-aid to the eligible educational institutions towards remission of tuition fees of the distressed students severely affected by the floods of 1970. Thus a total amount of Rs. 37·50 lakhs was spent for the purpose.

**Restoration of buildings affected by the floods of 1970**

No grant was released towards the restoration of the damaged buildings of the educational institutions affected by the floods of 1970 in the aforesaid districts in 1970-71. A sum of Rs. 14 lakhs was sanctioned for the restoration of buildings of primary schools affected by the floods of 1970 under the control of the District School Boards towards the end of 1971-72. The amount was duly credited to the District Primary Education Fund in the aforesaid districts including the district of Jalpaiguri. For the secondary schools affected by the

floods of 1970, a sum of Rs. 15,56,520 was sanctioned and the amount was duly spent as grant-in-aid to the eligible secondary schools including a few colleges. The number of beneficiary schools (including colleges) is 449. As there was considerable delay in obtaining the reports from the Chief Engineer, Construction Board, the amount could not be sanctioned earlier towards the restoration of damaged buildings. Sanction of a further sum of Rs. 3·48 lakhs towards the restoration of damaged secondary schools affected by the floods of 1970 is under issue.

Then another part relates to the flood of 1971. Due to heavy and incessant rains in the year 1970 the districts of Howrah. Hooghly, Midnapore, Burdwan, Malda, Nadia and Murshidabad were very severely affected. The districts of Bankura and Birbhum were also partly affected by the flood of 1971.

**Grant of flood advance**

A sum of Rs. 79 lakhs was sanctioned as flood advance to teachers and non-teaching staff of aided educational institutions in flood affected areas.

**Remission of tuition fees** :

A sum of Rs. 25·70 lakhs was sanctioned to the educational institutions as grant-in-aid towards the remission of tuition fees of the flood-affected students for three months. Out of this, a sum of Rs. 23·70 lakhs was allotted to the District Inspectors of Schools (Secondary Education) who actually spent Rs. 21,37,400. A sum of Rs 30,000 was allotted to the then Inspector of Technical Education, West Bengal, who, it is understood, utilised the amount. Another sum of Rs. 1 lakh out of the aforesaid Rs. 25 lakhs was placed at the disposal of the Deputy Director of Public Instruction (Administration) for sanction of the same towards the remission of tuition fees of students of Universities and colleges situated in Calcutta and Howrah. It is learnt that the amount of Rs. 1 lakh could not be utilised for the purpose in 1971-72.

9-30—9-40 a.m.]

**Restoration of damaged buildings of educational institutions.**

A sum of Rs. 50 00 lakhs was sanctioned towards restoration of damaged buildings of Primary and Secondary schools and Colleges. Out of this amount, Rs. 32·00 lakhs was allotted to the following districts as under :—

Howrah—Rs. 3·80 lakhs

Hooghly—Rs. 5·10 lakhs

Midnapore—Rs. 4·80 lakhs

Burdwan—Rs. 1·90 lakhs

Malda—Rs. 5·60 lakhs

Nadia—Rs. 4·70 lakhs

Murshidabad—Rs. 6·10 lakhs

For restoration of damaged buildings of primary schools the above amounts were duly credited to the District Primary Education Fund but the progress of actual expenditure in 1971-72 was very slow owing to the inaction of the then District Advisory Committees. It is learnt that the progress of actual expenditure by the District School Boards concerned has been speeded up with the formation of new Advisory Committees.

A sum of Rs. 18·00 lakhs was allotted for secondary schools to the following districts, as under :—

Howrah—allotted Rs. 1·40 lakhs, spent Rs. 1·40 lakhs

Hooghly—allotted Rs. 3·20 lakhs, spent Rs. 3·18 lakhs

Midnapore—allotted Rs. 2·20 lakhs, spent Rs. 2·20 lakhs

Burdwan—allotted Rs. 0·90 lakh, spent Rs. 0·90 lakh

Malda—allotted Rs. 4·50 lakhs, spent Rs. 4·33 lakhs

Nadia—allotted Rs. 3·50 lakhs, spent Rs. 1·72 lakhs

Murshidabad—allotted Rs. 2·30 lakhs, spent Rs. 1·85 lakhs.

It is estimated that a further sum of Rs. 31·86 lakhs would be required to meet the demand of all the secondary schools affeceted by the floods of 1971.

## DEMANDS FOR GRANT No. 43

Major Head : 71—Miscellaneous—Contributions

**Shri Prafulla Kanti Ghosh** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,22,54,000 be granted for expenditure under

Grant No. 43 : Major Head, "71—Miscellaneous—Contributions." (This is inclusive of Rs. 5,07,52,000 already voted on account in March, 1972.)

Of the total grant ( voted ) under the above Major Head, the Department of Municipal Services are concerned with a sum amounting to Rs. 9,56,73,200.

The balance of the total grant amounting to Rs. 5,65,80,000 concerns certain other departments.

The main provisions under this Head are as follows

Rs. 5,27,51,000 for payment of subvention to the municipalities including Calcutta Corporation at the rate of 80 per cent. of the actual cost incurred by them in paying dearness allowance to their employees at the same rates as admissible to State Government employees in the same pay group as well as finncial assistance for improvement of the salaries of their staff and winter allowances to Municipal staff in hill municipalities.

Rs. 4,29,00,000 for payment to Calcutta Corporation and municipalities within C. M. Area, and, Rs. 3,00,00,000 for payment to C. M. D. Authorities on account of collection of Octroi under the Taxes on Entry of Goods into Calcutta Metropolitan Area Act, 1972, introduced from the financial year 1970-71.

Rs. 2,58,57,000 for payment to the Central Government from levies of surcharges on State Taxes for the relief of refugees from Bangladesh.

In addition, there is also a provision of about Rs. 7,50,000 for payment to the municipalities and other institutions according to the requirements of certain Acts or in accordance with the existing decision of Government.

Now, Sir, I beg to submit a brief note on grants and contributions provided by the Municipal Services Department under the head "71—Miscellaneous —Contributions" for the year 1972-73, amounting to Rs. 9 crores 56 lakhs 73 thousand two hundred. The break-down runs thus :

Grant to Mohammedan Burial Board—Rs. 10 thousand 3 hundred. The grant is made for the maintenance of the Mohammedan Burial Board.

Grant to local bodies in lieu of fines, etc. under the Bengal Vaccination Act, previously paid direct to those bodies : (a) for municipal area—Rs. 100.

Under the Adaptation Orders of the Government of India fees and fines realised under this and several other Acts are credited to Government and then reimbursed to the local bodies concerned in the shape of grants. The provision is for such grant.

Grant to Khristiya Samaj at Champahati, 24-Paraganas, for acquisition of a piece of land for burial purposes—Rs. 2 thousand. The provision represents the cost of acquisition of land for Khristiya Samaj at Champahati proposed to be paid for burial purposes.

Grant to local bodies excepting Zilla Parishads in lieu of fines and penalties under the Births and Deaths Registration Act previously paid direct to those bodies—Same as noted against the item "Grant to local bodies in lieu of fines, etc." indicated above. The amount is Rs. 100. The provision is for payment of grants to municipalities

Grant to local bodies for dearness concession to their employees—Rs. 2 crore 35 lakhs. The grant is paid to Municipalities, Notified Area Authorities and Town Committees excepting Calcutta Corporation under the administrative control of the Municipal Services Department as subvention in order to financially assist those bodies to pay dearness allowance to their employees which is being continued since 1944. The current provision is made on the basis of 80 per cent. of the actual cost on account of payment of dearness allowance to the State employees at the same rate as enjoyed by the State Government employees of similar pay groups prior to revision of the latter's pay scale in 1970.

Miscellaneous contribution in Coch Behar—Rs. 9 thousand 7 hundred. Before merger of Cooch Behar five Town Committees of Cooch Behar used to receive certain fixed grants of the old Cooch Behar Durbar. After the merger it was decided to cotinue payment of those grants till municipalities were established in the Town Committee areas. The provision is made for payment of those grants to the Town Committees.

Grant to Calcutta Corporation for dearness concession to their employees—Rs. 1 crore 60 lakhs. The Calcutta Corporation received from the Government grants equivalent to 80 per cent. of the cost for payment of dearness allowance to its employees. The provision is made for the purpose.

Grant to Calcutta Corporation to meet increased cost of pay of their employees—Rs. 87 lakhs 61 thousand. Due to merger of dearness allowance with the basic pay of the employees of the Calcutta Corporation the Corporation is being paid from the financial year 1964-65 grants at the rate of Rs. 21

lakhs 90 thousand 2 hundred sixty per quater to meet their increased cost of pay in lieu of grants for dearness allowance. The quarterly grants on account of the increased cost of pay are being paid on "on acconnt" basis subject to final adjustment on the basis of audited account.

Grant to local bodies for Winter Allowance—Rs. 90 thousand. With effect from 1966-67 the grant is being paid to the municipalities in the hill areas of Darjeeling district at the rate of 80 per cent. of the actual cost of payment of winter allowance to the staff at the same rate as enjoyed by the State Govt. employees posted in the hill stations of the Darjeeling district. The provision is made for the said purpose.

Grant to municipalities out of the receipts from expected new taxes Rs. 2,15,00,000.

Grant to Calcutta Corporation out of receipt from expected new taxes—Rs. 2,14,00,000.

[9-40—9-50 a.m.]

The Calcutta Corporation and 34 municipalities within the C.M.D.A area being paid grant out of the receipts from the "Taxes on Entry of goods into the Calcutta Metropolitan Area" from the financial year 1970-71. According to the principle adopted for distribution of the grant, 50% of the net receipt as collection charges is paid to the C. M. D. A. The balance 50% is paid to the Calcutta Corporation and 34 municipalities under the C. M. D. A. to supplement their fund roughly half : half on population basis as per last census. The current year's provision is made for the purpose.

Lump provision for revision of pay scales, etc.—Rs. 7,00,000 and Grants to municipalities, etc. towards improvement of salary of their employees—Rs. 13,00,000.

The provisions have been made for payment of grants to municipalities, etc. to enable them to improve the scales of pay of their employees.

Lump provision for dearness allowance—Rs. 24,00,000.

Provision is made for payment of subvention for additional dearness allowance to the employees of the municipalities, etc. at 80% of the actual cost incurred by them in paying dearness allowance to their staff at the same rate as sanctioned to the State Govt. employees with effect from 1st October, 1971.

Now, Sir, as to the Grants and Contributions payable by the other departments under the head "71—Miscellaneous—Contributions" during 1972-73 amounting to Rs. 5,65,80,800, I beg to submit as follows :—

Contribution for maintenance of telegraph lines and post offices—Rs. 15,400. The expenditure in connection with the maintenance of telegraph lines and post offices opened for the State is initially incurred by the Post and Telegraph Department and the debit is raised therefor by them against the State Govt. through the Accountant-General, West Bengal, once a year. The amount of debit to be raised by that Department depends directly on the amounts of loss in respect of those offices opened for the State from time to time on non-refundable contribution basis The provision is to meet the charge on account of such debits.

Grants to Victoria Memorial—Rs. 25,000. This is a fixed Grant paid annually by the State Government for the maintenance of the Victoria Memorial and its adjacent ground.

Grant to Rifle Clubs—Rs. 5,000. This grant is paid by the State Government to the Riflle Clubs to give impetus to the young people.

Contribution to the Post and Telegraph Department for Foreign State Telegrams—Rs. 100.

This expenditure in connection with Foreign State Telegrams is at the first instance incurred by the Post & Telegraph Department and thereafter they raised debit against the State Govt. on account of such telegrams. The provision is made to meet the charge on account of such debit.

Grant to Territorial Army—Rs. 3,200. This represents contributions of the State Gavernment towards the Territorial Army Day Function which is held every year.

Grant to local bodies in lieu of fines, etc. under the Police Act previously paid direct to those bodies- under the Adaptation Orders of the Government of India, fees and fines realised under this and certain other Acts are credited to Government and then re-imbursed to the local bodies in the shape of grants. This provision is for payment of such grants to local bodies.

Grant to local bodies in lieu of fines realised under the Cruelty to Animal Act previously paid direct to those bodies—Rs. 1000—Same as above.

Contribution to the services of Post-War Reconstruction Trust Fund Committee, West Bengal—Rs. 5,000—There is a Rest House at Darjeeling

town for ex-servicemen who come from remote parts of Darjeeling district and are to stay there very often for a day or two for drawing their pensions. For Sanitary and Water Supply arrangement in the Rest House, 50% of the cost is paid by Government and the rest by the Services Post-War Reconstruction Trust Fund Committee. The provision adopted represents Government share of contribution for the work during 1972-73.

Payment of fees under the Petroleum Act in Calcutta and Districts to municipalities—Rs. 300—Vide remarks against as above.

Contribution to the West Bengal Branch of Commonwealth Parliamentary Association—Rs. 6,000—The West Bengal Legislature is associated with the Commonwealth Parliamentary Association, London, and forms the West Bengal Branch of that Association. The provision is to meet the annual membership fees about Rs. 5,400 and certain expenditure about Rs. 600 of the West Bengal Branch of the said Association.

Contribution to Safety First Association—Rs. 5,000—This relates to the payment of annual grant to the Safety First Association of India, West Bengal Branch, for educating the public on road senses.

Grant to the Trustees in Cooch Behar for worship of State idols and observance of religious ceremonies and festivals - Rs. 2,70,000 - Under the Agreement made between the Government of India and Maharaja of Cooch Behar, the temples and the Debuttar properties under the former State of Cooch Behar are being managed by a Trust consisting of the Maharaja as President, nominees of the Maharaja and 2 nominees of Government. The provision is for payment of grant to the Trust for maintenance of temples and Dev Seva, etc.

Grant to Ramkrishna Mission, Kamarpukur, Hooghly—Rs. 500—This provision is for payment of grant to the Mission to meet the cost of maintenance of a tank for Senior Basic School.

Grant to State Haj Committee—Rs. 2,000—As annual grant of Rs. 2000 is paid to the State Haj Committee to enable it to meet its expenses.

Grant to Board of Trustees, Mahajati Sadan—Rs. 25,000—This is a fixed annual grant paid for general purposes of the Sadan under section 10 of the Mahajati Sadan Act, 1949.

Contribution to Shyampukur Pally Mangal Samity—Rs. 300.

[9-50—10-00 a.m.]

The Shyampukur Pally Mangal Samity is given old newspapers as contribution for the purpose of making bags for supply of tiffins to students, etc. The cost of old newspapers supplied to the Samity as subsidy is adjusted by per contra-credit. The provision is for such adjustments.

Grant to clubs of Government employees for the promotion of cultural and recreational activities—Rs. 1,00,000.

This provision is for payment of grant to clubs of Government employees in Calcutta and mofussil areas in accordance with the Revision of Pay Rules.

Grant in lieu of remission of Sales Tax—Rs. 1,00,000.

This provision is made by the Finance (Tax) Department to pay grants in lieu of remission of Sales Tax in cases where purchases are made by Government of West Bengal and such other dignitaries for the purpose of donations to military personnel and other organisations.

Contribution to Kashi Viswanath Seva Samity—Rs. 3,000.

This provision is made by the Home (Police) Department for an ad hoc grant to the Samity to meet its cost for supplying drinking water to the Calcutta Police in its different barracks and quarters.

Grant to the West Bengal Bhudan Yagna Board—Rs. 17,000.

This provision is made for payment of grant to West Bengal Bhudan Yagna Board constituted by the West Bengal Bhudan Act for the purpose of meeting the Board's expenditure mainly on account of its establishment.

Grant to the family of poet Kaji Nazrul Islam for construction of residential building—Rs. 10,000.

The total of Rs. 40,000 was approved by the Government for payment to the poet's sons towards construction of residential house for the poet in the Salt Lake area. Out of that a sum of Rs. 30,000 in three instalments have already been paid and the last instalment of Rs. 10,000 is provided for payment during the current year.

Grant to the C. M. D. A—Rs. 3,00,00,000.

This provision is for payment of grant to the C.M.D.A. out of the receipts from Entry Tax (Octroi). This grant is paid at the rate of 50 per cent.

of the net receipts less collection charges. The other 50 per cent is paid to the Calcutta Corporation and municipalities within the C.M.D.A. area.

Contribution to the Central Government from levies of surcharges on State Tax for the relief of refugees from Bangladesh—Rs. 2, 58,57,000.

At the instance of the Government of India surcharge on certain taxes such as Entertainment Tax, Totalisator, Betting Tax, Motor Vehicles Tax, Sales Tax and Stamp Duty, was levied by the State Government for raising certain additional resources to meet the expenditure for relief of the refugees from Bangladesh. It has been decided that the proceeds from these levies will be contributed to the Government of India after deducting 10 per cent on account of the cost of collections towards the relief of the refugees from Bangladesh. The provision is for the purpose on the basis of expected receipts from such levies.

Contribution to Central Government from the sale of the State Lottery tickets for the refugee from Bangladesh—Rs. 1,00,000.

Sir, as per decision taken in consultation with the Government of India, two special draws of the State Lottery would be held in 1972-73 and the net proceeds from these two special draws would be contributed to the Government of India for meeting the expenditure on account of relief of Bangladesh refugees. The provision is made for the purpose

Contribution to the Border Security Forces Benevolent Fund—Rs. 25,000.

Sir, it was decided last year that State Government would pay Rs. 25,000 per annum in the next three years from 1971-72 to the Border Security Force Benevolent Fund for the welfare schemes of the Border Security Force personnel. This provision has been made accordingly.

Sir, with these words I again move that a sum of Rs. 15,22,54,000 be granted for expenditure under Grant No. 52 Major Head : "71—Miscellaneous—Contributions".

**Mr. Speaker** : I now call upon Shrimati Ila Mitra to open the discussion, and I would request her to take only five minutes' time in the matter. Though the Hon'ble Minister has taken half-an-hour to move the Grant, I would request her to finish her speech within five minutes.

**শ্রীমতী ইলা মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাতে কিছু কাগজপত্র না পেলে এই সম্পর্কে বলা কঠিন। বিশেষ করে কোন খাতে কত কনট্রিবিউশন দিয়েছেন এবং এই সম্পর্কে কি ইউটিলাই-

জেশন পাব। তবে একটা বিষয় এখানে উল্লেখ করতে চাই সেটা হচ্ছে কলকাতা করপোরেশন সম্পর্কে। কর্পোরেশনের যে সব দেয় ট্যাক্স বাকি আছে, আদায় সম্পর্কে যা যা করবার সেগুলি কলকাতা করপোরেশন থেকে করতে পারে তার আয় বাড়াবার জন্য এবং এর অনেক কিছুই করা উচিত সে বিষয়ে আমাদের কোন দ্বিমত নাই। কিন্তু একটা কথা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে, যেমন বোম্বাই, তামিলনাড়ু, সেখানে গভর্ণমেণ্ট যে ধরণের কনট্রিবিউশন কর্পোরেশনকে দেন তার চেয়ে অনেক অনেক কম আমাদের গভর্ণমেণ্ট কলিকাতা করপোরেশনকে দেন। এবং সম্প্রতি একটি ঘটনার কথা আমি এখানে উল্লেখ করতে চাই যে, এখানে কলকাতা করপোরেশনের শ্রমিক কর্মচারী বৃন্দের সঙ্গে গভর্ণমেণ্ট করপোরেশন হাতে নেওয়ার পর থেকে একটা ডিসপুট চলছে, শ্রমিকদের মাইনা ইত্যাদির ব্যাপার নিয়ে। মন্ত্রী মহাশয় সেদিন হাউসে এই কথা বলেছেন যে এই ডিসপুট মেটাতে গেলে গভর্ণমেণ্টের ১ কোটি টাকা খরচ হবে এবং সেটা সংবাদের মধ্যে দেওয়া সম্ভব নয়। এখানে আমি উল্লেখ করতে চাই এই কথা যে, কলকাতা করপোরেশনের ইউনিয়নের যিনি সম্পাদক তিনি এই কথা পরিষ্কারভাবে ঘোষণা করেছেন এবং আজকের স্টেটসম্যানে এই কথা আছে যে ১ কোটি টাকার যে কথা উল্লেখ করেছেন মন্ত্রী মহাশয় সেই ১ কোটি টাকা ডিসপুট মিটাতে লাগবে না, ৪৫ লক্ষ টাকা হলেই এই ডিসপুট মিটে যাবে।

তার মধ্যে ১৮ লক্ষ টাকা অলরেডি করপোরেশনের বাজেটে স্যাংসন (sanction) আছে। কাজেই এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই, ওয়েল ফেয়ার ষ্টেটের দৃষ্টি নিশ্চয় কলকাতা করপোরেশনের শ্রমিক কর্মচারীদের দিকে থাকা উচিত এবং সেই দিক থেকে শ্রমিক কর্মচারীদের সঙ্গে অনবরত বিবাদ যদি লেগে থাকে তাহলে আমাদের শহরের কখনও উন্নতি হতে পারে না। কারণ তারা যদি inspired না হয়, তারা যদি খুসী না হয়, তাহলে কলকাতা শহরের উন্নতি হতে পারে না। বর্তমানে যে dispute চলছে আমাদের গভর্ণমেণ্টের কর্তব্য সেটা যাতে শীঘ্র মিটে যায় এবং তার জন্য ৪৫ লক্ষ টাকা খরচ করলেই এই dispute মিটবে। সংগ্রাম পরিষদের সম্পাদক যে টাকার কথা ঘোষণা করেছেন সেই টাকা যেন দেওয়া হয়। বোম্বাই এবং তামিলনাড়ুর মতো বা অন্যান্য রাজ্যের মতো Corporation-কে নিশ্চয় দেখা উচিত। বর্তমানে যা আছে আরও বেশি টাকা বরাদ্দ করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[10-00—10-10 a. m.]

**শ্রীমতী ইলা রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আজকে আপনার মাধ্যমে কলকাতা করপোরেশনের যে দুর্নীতি তার কথা বলবো এবং সেজন্যই আজকে আমি এই সভায় উপস্থিত হয়েছি। কলকাতা করপোরেশান জনসাধারণের সেবা প্রতিষ্ঠান। কলকাতা করপোরেশনে আমাদের দেশের নেতা নেতাজী সুভাষচন্দ্র বহুদিন ছিলেন। কলকাতা করপোরেশনে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস ছিলেন। সেই সব মহান নেতাদের প্রতিষ্ঠান কলকাতা করপোরেশান। কিন্তু কলকাতা করপোরেশান আজকে আবর্জনার শহর, এই শহর আবর্জনায় ভর্তি হয়ে গিয়েছে। আপনি তো কলকাতা শহর দিয়ে যান। কলকাতা করপোরেশানে কি কাজ হচ্ছে। নর্দমা বন্ধ হয়ে গিয়েছে। সারা কলকাতা শহরে নর্দমার জলের প্লাবন বয়ে যায়, আবর্জনার স্তুপে কলকাতা স্তুপীকৃত হয়ে আছে। কলকাতায় যে বিরাট বিরাট প্রাসাদ আছে, তার পাশেই আছে বস্তী। সেই বস্তী আজ ১০ দিন ধরে কলকাতা করপো-রেশনের চীফ ইঞ্জিনীয়ারকে বলেও পরিষ্কার করাতে পারি নি। তাই আপনার মাধ্যমে বলতে চাইছি এইভাবে কলকাতা করপোরেশান যদি দিনের পর দিন আবর্জনায় ভর্তি হয়ে থাকে তাহলে কলকাতা

শহরবাসী কি করে বাঁচতে পারে? তাদের স্বাস্থ্যের উন্নতি হবে? কলকাতা করপোরেশানকে জাগ্রত করতে হবে। যেটা ঘুমন্ত অবস্থায় পড়ে আছে। সেটা দুর্নীতিতে ভর্তি হয়ে আছে। আমি জানি কলকাতা করপোরেশানের যিনি মন্ত্রী এসেছেন তিনি আমাদের সরকারের একজন মন্ত্রী। তাই তাঁকে আমি বলছি, কলকাতা করপোরেশানকে জাগ্রত করতে হবে, তাকে পরিষ্কার করতে হবে। তাকে নিজেকে পরিষ্কার করে তবে কলকাতা শহরকে পরিষ্কার করতে হবে। আমরা কাজ করতে এসেছি। আমরা যদি কাজ করতে না পারি, আমাদের উপর এই সরকার কিছু কিছু দায়িত্ব দিয়েছেন, কলকাতা করপোরেশানকে যদি এইভাবে পরিষ্কার করতে না পারি তাহলে আমার মনে হয় বৃহত্তর কলকাতায় কিছুদিনের মধ্যে দুর্গন্ধে পতিত হবে। আমি নিজে বস্তীতে বস্তীতে ঘুরে বেড়াই, বস্তীর মধ্যে যেতে পারি না। তাহলে সেখানে যারা বাস করে দিনের পর দিন তারা কিভাবে থাকতে পারে? তাই কলকাতা করপোরেশনকে আজকে জাগ্রত করে দিতে চাই আমাদের মহান মন্ত্রীর মধ্য দিয়ে। তিনি যেন একটু জাগ্রত হয়ে ওই ডিপার্টমেন্টের কুম্ভকর্ণের ঘুম ভাঙ্গান।

বন্দেমাতরম।

**Mr. Speaker** : Shri Ganapati Sur, I will request you to take not more than five minutes.

**Shri Ganapati Sur** : Mr. Speaker, Sir, I am bound to obey your order.

Sir, I will confine my speech to certain matters of the Calcutta Corporation where I was a Councillor for 26 years. I served the Corporation with the Municipal Act of 1923 and the Act of 1951 with its amendment up to the year 1964-65. Sir, I know the defects and the dificulties of the Corporation. I tell you, Sir, that Calcutta Corporation happens to be the most unforturate Corporation in the whole of the world. This Corporation has got to be dependent on only two sources of revenue—one is from the rates and taxes of the ratepayers of Calcutta, and the other is from trades, professions and callings, and there is no other source of income. Sir, you will not find any other municipal corporation like this in the whole world. Sir, after independence we thought as the subjects of the Indian Union that this region of Calcutta will get seven sources of benefit as have been allowed to be enjoyed by other Corporations of India.

Sir, so far as the present situation of the Corporation of Calcutta is concerned, the employees of the Corporation have been clamouring over their charter of demands which has been placed before the authorities, I think, Sir, that their grievances are legitimate and they must be met. The question, Sir, is wherefrom the money would be available. Sir, if we talk about democratic socialism, I think, Sir, primary education is the fundamental duty of the Government of the day. If primary education be taken out of the Corporation, Rs. 1·14 lakhs could be saved and Corporation would be able to meet the charter of demands of its employees.

Sir, I am pointing out another thing regarding the Calcutta Improvement Trust. The Calcutta Improvement Trust was formed in the year 1911 on the ground that the city of Calcutta had grown up in an unplanned way, and that is why the Board of Trustees of the Calcutta Improvement Trust was formed in 1911 to open up wide and big roads and construct parks and squares That is why the C.I.T. was drawing since 1911 from the citizens of Calcuta about 2 per cent for every transfer of property and 1¼ per cent for the valuation of assets from the ratepayers of Calcutta. Sir, I can tell you that the C.I.T. is doing nothing, no work, for the improvement of the city of Calcutta. The Corporation must be relieved of this burden. We now find that it has been turned into a house-building agency of the Government. They are doing no improvement work for rhe Corporation and so the Corporation should be relieved of this burden and thereby the Corporation could be saved of 1½ crores of rupees so that it could meet the demands of its employees.

Sir, the Corporation has been superseded and other municipalities are also being superseded. I do not know the reasons for that. Sir, we have been returned to this Assembly on the basis of adult franchise. Similarly the Councillors of the Calcutta Corporation and the Commissioners of the different municipalities are returned to their respective institutions on the basis of adult franchise. If these municipalities and the Corporation are to be superseded, I think there is no place for keeping the post of the Minister-in-charge of Local Self-Government—local self-government should be abolished if Government supersede the local self-government institutions one after another. That is my humble opinion, Sir. Besides that, after taking over the Calcutta Corporation, what improvement work the Government can do ? I have seen, Sir, in the year 1948 while I was in the Corporation, the then Chief Minister late Dr. B. C, Roy had superseded the Corporation and managed its affairs with one of the ablest I.C.S. Officers and an Administrator of the Government for four years. But no improvement could be done. Similarly, this Government will also be a failure for effecting any improvement for the city of Calcutta. Sir, if the employees of the Corporation are semi-fed or half-fed, I am sure, they will not do any work—they are not doing anything—and that is why, Sir, we are finding huge garbage everywhere, the drains are all being chocked up. I may tell you one thing, Sir. Do not put the blame on the Calcutta Corporation for the water-logging in the city of Calcutta. Sir, after independence the Irrigation Department of the Government of West Bengal did not care to desilt the canals and outlets of the city of Calcutta.

Sir, if water logging of the city of Calcutta is to be removed Government should ask the Irrigation Department to desilt all the channels and canals. I should say, Bidyadhari Canal, Bagjola Canal, Kulti River and Kulti Canal,

and Tollygunje-Panchannagram Canal should be properly cleaned if you want to stop water logging of Calcutta.

[10-10—10-20 a.m.]

Sir, before the Flood Commission I delivered a speech in the Calcutta Corpration and, I am sure, everybody did agree with me that until and unless desilting of all the channels and canals were done it would be difficult to do anything in this respect. So, Government must, first, apply their mind to take up this work.

In 1953-54, we, from the Corporation asked the Government to grant us pormission to bring in mechanical apparatus from U K. That permission was not granted. The underground drainage system was started in the early part of British rule. Now, it requires mechanical operation. So, you should not blame the Calcutta Corporation.

You have got organisations like CMPO and CMDA and, I suggest that the C.I.T. should no more be there. The Calcutta Corporation should be relieved of its contribution of Rs. 1½ crores to that body. Government should also take over primary education from the charge of Calcutta Corporation because education is the sole charge of Government, so that Corporation may be relieved of an expenditure amounting to Rs. 1·14 lakhs on this account.

Finally, I must say, the employees of the Calcutta Corpotation will surely do their work properly if they get their demand.

### Statement under Rule 346

**শ্রীসুব্রত মুখার্জী** : মিঃ স্পীকার, স্যার, কিছুক্ষণ আগে কয়েকজন মাননীয় সদস্য একটা উদ্বেগজনক ঘটনার কথা উল্লেখ করেছেন। আমি তৎক্ষণাৎ বলেছিলাম যে আমি সংবাদটা পুরোপুরি জানছি কি হয়েছে। আমাদের পুলিশ ডিপার্টমেন্টের পুলিশ কমিশনার, ক্যালকাটা, এ্যাডিসনাল পুলিশ কমিশনারকে ডেকে পাঠিয়ে ছিলাম, তাঁরা এসেছেন স্টেটমেণ্ট দিয়েছেন, আমি তারই পরিপ্রেক্ষিতে আপনাদের কাছে নিবেদন করছি সংবাদটা কি কি হয়েছিল। গতকাল মহমেডান টেণ্ট থেকে আই এফ এ ৬ হাজার টিকিট ডিসট্রিবিউট করবার কথা সংবাদপত্রে ঘোষণা করে এবং ৬ হাজার টিকিটের জন্য ঠিক সকাল ৮টার মধ্যে প্রায় ৩০ হাজার পরে সেটা আরো বেড়ে ৫০ হাজারের মত বিভিন্ন যুবক এবং ক্রীড়ামোদী ভীড় করে দাড়ায়। ফাঁকা মাঠে লাইন দেওয়ার জন্য বিভিন্ন যুবকদের ভীড় হতে থাকে, তার একটা চিত্র প্রমাণ স্বরূপ অমৃতবাজার পত্রিকায় আছে, লাইন দিয়ে দাঁড়াবার জন্য আমাদের যে মাউনটেড পুলিশ আছে তারা তাদের সহযোগিতা করে। তারপর কিছু যুবক টিকিট না পেয়ে র‍্যামপার্টের দিকে চলে যায় এবং সেখান থেকে পুলিশের উপর ইঁট এবং সোডার বোতল ছুঁড়তে থাকে। ইঁট এবং সোডার বোতল ক্রমাগত আসতে থাকায় পুলিশ তাদের তাড়া করে, তাতে একজন পুলিশ সাব-ইনসপেক্টার, দুজন পুলিশ সামান্য আহত হয়, তাছাড়া ইঁট এবং

সোডার বোতলের আঘাতে ১২/১৪টি ঘোড়াও জখম হয়। এছাড়া সংবাদে জানা গেছে পাবলিকের মধ্যে কারা সামান্য ইনজিওর্ড হয়েছে তার সঠিক তথ্য নেই, একমাত্র একটা সংবাদ আছে বিমল মল্লিক, ১৭/১৮ বছর বয়স, নাকতলায় বাড়ী, বেলা ১১ টার সময় শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে ভর্তি হয়। পুলিশ এনকোয়ারী করে জানতে পারে যে সে স্টেটমেণ্ট দিয়েছে পুলিশের তাড়া এবং ধস্তাধস্তি, ঐ যুবকদের মধ্যে বিচ্ছিন্ন মারামারির ফলে সে যখন রেড রোড পার হতে যায় তখন মোটর গাড়ীর ধাক্কা লেগে সে আহত হয় এবং সন্ধ্যাবেলায় মেডিক্যাল অফিসার তাকে ছেড়ে দেন স্টেটমেণ্ট নিয়ে। এপর্যন্ত যা সংবাদ আছে তাতে গুরুতর আহত পুলিশ এবং জনসাধারণের মধ্যে কেউ নেই। সমস্ত ব্যাপারটা একটা অসত্য এবং একটা রিউমার। সুতরাং আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো তারা যে সঠিক খবর সঠিক ঘটনা এখন জানতে পারলেন এর পরিপ্রেক্ষিতে কোন গুজবে কান দেবেন না।

## Voting on Demands for Grants

### Demand for Grant No. 43

### Major Head : 71 Miscellaneous-Contributions

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের সামনে একটি স্পেশ্যাল গ্র্যাণ্ট উত্থাপন করেছি সেখানে বিভিন্ন মাননীয় সদস্য এবং সদস্যরা তারা তাঁদের বক্তব্য রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গত চার বছর পশ্চিমবাংলা কি পরিস্থিতির ভিতর দিয়ে কাটিয়েছে। বিভিন্ন জেলায় যে সব মিউনিসিপ্যালিটি আছে সে সম্বন্ধে তারা কোন কথা বলবারই সাহস পাননি। এই চার বছর ধরে তারা বোবা হয়ে ছিলেন। আজকে পশ্চিমবঙ্গে স্থায়ী সরকার এসেছে, শান্তি ফিরে এসেছে, তাই সমস্ত মিউনিসিপ্যালিটি থেকে নানান রকম অনুরোধ সরকারের কাছে এসে পৌঁছুচ্ছে। রাস্তা করার দাবী, সামান্যতম দাবী, যে কোন সভ্যদেশের মানুষ করতে পারে পানীয় জলের দাবী এবং মিউনিসিপ্যালিটির উন্নতিকল্পে নানান রকম পরিকল্পনার কথা। সেই আজ মাননীয় সদস্যর সামনে আমি মিউনিসিপ্যালিটির তরফ থেকে একটা বাজেট উত্থাপন করলাম। এই প্রসঙ্গে কলকাতা কর্পোরেশনের কথাই বিশেষভাবে আলোচিত হয়। আমি মাননীয়া সদস্যা শ্রীমতি ইলা মিত্রের কথার উত্তরে বলবো যে কোন সময় আপনাদের সরকার চুপ করে নাই। আমরা সংগ্রাম সমিতির সঙ্গে কথাবার্তা চালিয়ে যাচ্ছি যাতে একটা মীমাংসায় আসতে পারি। কালকে নানান কাজে ব্যস্ত থাকা সত্ত্বেও মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় ফাইন্যান্স মিনিস্টার, এবং মাননীয় লেবার মিনিস্টার আমরা আলোচনায় বসেছিলাম যে কিভাবে একটা মীমাংসায় আসতে পারা যায়। আজ আবার সন্ধ্যা সাড়ে ছ'টার সময় মাননীয় মুখ্যমন্ত্রী এবং আমরা সংগ্রাম সমিতির পরিচালক এবং ধারক বাহক যারা তাদের সঙ্গে আলোচনায় বসবো। একটি কথাই এখানে বলতে চাই সাধারণ সম্পাদক সংগ্রাম সমিতি যদি বলে থাকেন যে ৪৫ লক্ষ টাকা দিলেই এই মীমাংসার সমাধান হতে পারে আমি কোন রকম ইঙ্গিত না করে বলবো কথাটা সত্য নয়। আপনি যদি আমাকে অনুমতি দেন তাহলে আমি কলকাতা কর্পোরেশনের ব্যাকগ্রাউণ্ড সম্বন্ধে কিছু জানানো দরকার বলে মনে করি। কলকাতা কর্পোরেশন এর ফাইন্যান্সিয়াল সাইড যদি দেখেন তাহলে আপনি বিস্মিত হবেন এবং আপনি দুঃখ পাবেন যে এই কলকাতা কর্পোরেশনের প্রভিডেণ্ট ফাণ্ডের হাতে ৮৩ লক্ষ টাকা সরিয়ে নিয়ে আজকে তাদের স্টাফদের মাইনে দেওয়া হয়েছে। আপনি শুনে আরও দুঃখিত হবেন যে ৪ কোটি ৩০ লক্ষ টাকা সি. এম. ডি.এ উন্নয়নের পরিকল্পনা খাতের টাকা মাইনে বাবদ খরচা হয়েছে। সে টাকা পরিকল্পনার খাতে খরচ হয়নি মাইনে বাবদ খরচ হয়েছে।

আপনারা জানেন যে ২২শে মার্চ কর্পোরেশন সুপারসিডেড হয়েছিল। ২১শে মার্চ মীমাংসা হল আজকে সংগ্রাম কমিটি যে কথা বলছে, ২১শে মার্চ কলকাতা কর্পোরেশন কমিশনার একটা সার্কুলার ইস্যু করেছিলেন, যে আলোচনা হয়েছিল সুদীর্ঘ ৩ বছর ধরে, তার মীমাংসা হয়ে গেছে, অচিরে সেই এগ্রিমেন্ট-এর ইমপ্লিমেন্টেশন দেওয়া হোক। আপনারা অনেকে জানেন যে কর্পোরেশন আইন অনুযায়ী, এক হাজার টাকার উপর যারা মাইনে পায়, তার যদি কোন পরিবর্তন করতে হয়, তাহলে সরকারের অনুমোদন দরকার। তাই সেই সার্কুলারে একথা লেখা হল যে অচিরে এগ্রিমেন্ট-এর সমস্ত কথা ইমপ্লিমেন্ট করা হোক কিন্তু হাজার টাকার উপরে যারা মাইনে পায়, তার জন্য সরকারের অনুমোদন নিয়ে তবে যেন সেটা ইমপ্লিমেন্ট করা হয়। সেটা এক দিকের কথা, আর একটা দিকের কথা যেটা, সেটা আমরা সবাই ভাবি, সেটা হচ্ছে কর্মীদের কথা। সেই কর্মীদের মনে একটা আশার সঞ্চার হয়েছে, তাই আপনার সরকার বার বার চিন্তা করছে। আজকে আপনাদের সামনে যে বাজেট পেশ করেছি, তাতে ১০ কোটি টাকার ঘাটতি দেখানো হয়েছে। কর্পোরেশনের মাইনের যে ইমপ্লিমেন্টেশন হচ্ছে তার জন্য একটি পয়সাও আলাদা ধার্য্য করা হয়নি। তবে মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের ফাইন্যান্স মিনিষ্টার এবং লেবার মিনিষ্টার বার বার বসে আলোচনা করছেন কিভাবে আলোচনার মাধ্যমে, একটা সংস্থার সমাধান করা যায়। আমার সময় আর নাই, একজন সদস্য এবং একজন সদস্যা যে কথা বলেছিলেন, তার জবাবে কিছু বলবার জন্য মাননীয় স্পীকার মহাশয়, আমাকে আর সময় দেননি, তা নাহলে তাদের কথার উত্তরে দুই একটি কথা বলার কর্ত্তব্য মনে করেছিলাম। কর্পোরেশন আপনারা সুপারসিডেড করেছেন ২২শে মার্চ আজকে ১৫ই জুলাই, রাতারাতি এতদিনের সমস্যা সমাধান করা যায় না। একটা কথা আমি নিশ্চয়ই বলব, এই দুমাসে কর্পোরেশনের কর্মীরা এগিয়ে এসেছে, জঞ্জাল আছে এটা যেমন সত্য, তেমনি একথাও সত্য যে আজকে কর্পোরেশনের কর্মীরা আপ্রাণ চেষ্টা করছে কিভাবে যে কাজের ভার তাদের দেওয়া হয়েছে, তা নিষ্ঠার সঙ্গে সুষ্ঠভাবে পরিচালন করতে পারে। আজকের ইতিহাসের সঙ্গে, আগেকার ইতিহাসের এখানেই বড় পার্থক্য। কর্পোরেশনের ২০৮টি লরী আছে, চারটি বিভিন্ন ডিষ্ট্রিক্টে দেওয়া আছে তার মধ্যে মাত্র ১০৭টি কার্য্যকরী অবস্থায় আছে। এখানে গ্যারেজের কর্মীরা বলছে— আমাদের পার্টস দিন, আমাদের মেশিন টুলস দিন, আমরা কাজ করব। সুতরাং আমরা নিশ্চয়ই আশা করি একটা সমস্যার সমাধান হবে, কর্পোরেশন যে দায়িত্ব দিয়েছে, কর্পোরেশনের সহকর্মীরা সে দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করবে বলে আমার বিশ্বাস আছে। একথা বলে আমি আপনাদের কাছে অনুরোধ করব যে গ্র্যান্ট বিল আপনাদের সামনে উত্থাপন করেছি, তার অনুমোদন আপনারা দয়া করে করুন।

10-20—10-30 a m.]

আপনারা যদি দেখেন তাহলে দেখবেন ৮ কোটি ৪০ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার একসময় লোন বাবদ দিয়েছিলেন কিছু উন্নতি করবার জন্য। সেটা হয়নি. সবটাই মাইনেতে খরচ হয়েছে। আজ কলকাতা কর্পোরেশনের—আমি সঠিক ফিগার বলতে পারছি না, বোধ হয় ১১'৫০ কোটি টাকা ট্যাক্স বাবদ আমরা পাই, এই ১১'৫০ কোটি টাকারও বেশী খরচ হয় মাইনে বাবদ। আজকে রেট পেয়ার্সরা যে টাকা দেন তার কোন জিনিসই তাঁদের কাজে, উপকারে আসতো না যদি না অকট্রোয় থেকে ৪ কোটি টাকা সরকার না দিতেন। তাই বলে একথা আপনার সরকার বলেনা যে আজকে যে কথা সংগ্রাম সমিতি বলছে সেকথা অগ্রাহ্য কর। সেকথা এখানে অগ্রাহ্য করা হবেনা বলেই বারবার তাদের সঙ্গে আমরা আলোচনায় মিলিত হচ্ছি। আমরা এখন পর্য্যন্ত স্থির বিশ্বাসী যে

আমরা একটা মীমাংসায় আসতে পারবো। আজ আপনাদের সরকার জনসাধারণের সেবা করবে এই স্বীকৃতি দিয়ে সরকারে এসেছে। আমরা নিশ্চয়ই বিশ্বাস করি যে আমরা যদি কর্পোরেশনের ভাইদের সঙ্গে একটা মীমাংসায় আসতে পারি তাহলে যে দায়িত্ব আমরা কর্পোরেশনের পরিপ্রেক্ষিতে নিয়েছি সেই দায়িত্ব পালন করা আমাদের পক্ষে অনেক বেশী আশাপ্রদ হবে। তাই আমরা বলছি যে এখন পর্য্যন্ত কোন রকম ষ্ট্রাইক হবার কথা আপনাদের সরকার ভাবছেন না, আপনাদের সরকার নিশ্চয়ই ভাবছেন যে আলোচনার মাধ্যমে আমরা নিশ্চয়ই একটা মীমাংসায় আসতে পারবো। কিন্তু আবারো বলবো ৪৫ লক্ষ টাকার কথাটা বোধহয় ঠিক নয়। ওরা যা চেয়েছে সেটা যদি সামনে রাখা হয় তাহলে দেখা যাবে ৩২ থেকে ৩৪ লক্ষ টাকা ১৯৭২-৭৩এর জন্য দরকার। ওরা বলেছে ১লা এপ্রিল ১৯৭০ সাল থেকে কার্য্যকরী করতে হবে, তার জন্য আশু দরকার ৬০ লক্ষ টাকা। ওরা বলেছে যে আগে যা যা সুবিধা ছিল সেই সুবিধাগুলি সব চাই। কর্পোরেশনের জীবন আজকের নয়, শ্রীমতী রায় বললেন এখানে একসময় দেশপূজ্য, দেশবরেণ্য নেতাজী সুভাষচন্দ্র মেয়র ছিলেন, ছিলেন পরম পরম শ্রদ্ধেয় সি. আর. দাশ মহাশয়। সুতরাং কলকাতা কর্পোরেশনের ইতিহাস কালকের ইতিহাস নয়। কলকাতা কর্পোরেশনের দিকে যদি আমরা দেখি তাহলে আমরা দেখতে পাবো প্রতি বৎসর পূজার সময় কলকাতা কর্পোরেশন তাদের কর্মচারীদের জন্য একটা পূজা এ্যাডভান্স দেন। ১৯৬৯ সাল,'৭০ সালে প্রশান্ত সুর মহাশয় সেই সময় ছিলেন। কলকাতা কর্পোরেশনের কর্মচারীদের পূজা বাবদ একটা অগ্রিম টাকা দেওয়া হয়েছিল, ১১ লক্ষ ২২ হাজার টাকার মত। আমি ফিগারগুলি আনিনি, সঠিকভাবে বলতে পারছি না। পরবর্তীকালে তিনি জানিয়েছিলেন যে এই টাকা ফেরত দিতে হবেনা, এক্স গ্রাসিয়া বাবদ দেওয়া হয়েছে। পরের বৎসরও তিনি মেয়র ছিলেন, এই ১১ লক্ষ টাকা ২৮ লক্ষে গিয়ে পৌঁছালো। তার পরের বৎসর দেখা গেল সেই ২৮ লক্ষ টাকা ৪৬ লক্ষ ৩৭ হাজার টাকায় গিয়ে দাঁড়িয়েছে। সুতরাং যদি বলা হয় ৪৫ লক্ষ টাকা তাহলে মনে হয় সব কথাটা জানান হচ্ছে না। এটার সবটা দিতে গেলে আজকে সরকারকে কমপক্ষে দেড় থেকে পৌনে দু'কোটি টাকার দায়িত্ব নিতে হবে। নিশ্চয়ই এই সঙ্গে সঙ্গে বলবো কর্পোরেশনের কর্মীরা কোন অপরাধ করেনি, তাদের মনে একটা আশার সঞ্চার হয়েছে, তারা সুদীর্ঘ ৩ বৎসর আলোচনার মাধ্যমে কর্পোরেশনের সঙ্গে একটা মীমাংসায় এসেছে, সেখানকার সম্বন্ধে আপনাদের সামনে আমার বোধহয় কিছু বক্তব্য রাখা উচিত।

**Mr. Speaker** : Mr. Ghosh, I know that you require some time more to complete your reply but only one hour was allotted for discussion of this Grant. Out of one hour you have taken about 45 minutes and all the other Members have taken 15 minutes only.

**Shri Profulla Kanti Ghosh** : I am sorry, Sir.

The motion of Shri Prafulla Kanti Ghosh that a sum of Rs. 15,22,54,000 be granted for expenditure under Grant No. 43, Major Head : "71—Miscellaneous—Contributions", was then put and agreed to.

[10-30—10-40 a.m.]

**Demand for Grant No. 44**

Major Head : 71—Miscellaneous—Panchayats

**Shri Prafulla Kanti Ghosh :** Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,43,51,000 be granted for

expenditure under Grant No. 44, Major Head: "71—Miscellaneous—Panchayats".

(This is inclusive of Rs. 1,14,50,000 already voted on account in March, 1972.)

Sir, at present 19,662 Gram Panchayats, 2,926 Anchal Panchayats, 325 Anchalik Parishads and 15 Zilla Parishads are functioning in the State. The Gram Panchayats and Anchal Panchayats were constituted under West Bengal Panchayats Act, 1957, during the period from 1958 to 1964.

**শ্রীনাসিরুদ্দিন খান**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় হাউসে যে বাজেট রেখেছেন সেই বাজেটের কপি আমাদের দেওয়া হয়নি। এতে আমাদের অসুবিধা হচ্ছে।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ**ঃ স্যার, কাল রাত নটার সময় আমি এই বাজেটের কপি পাই ও জানি যে আজ সকাল নটায় বাজেট পেশ করতে হবে এ্যাসেম্বলীতে। আমি শত চেষ্টা করেও সাইক্লোষ্টাইল করাতে পারিনি।

**শ্রীকানাই ভৌমিক**: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, উনি কাল রাতে জানেন কেন? এই গ্রান্টের কপি কি উনি কাল নটায় পেয়েছেন। ১৫ তারিখে এই বাজেট হবে এতো আগে ডেট ঠিক ছিল।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ**ঃ বাজেট পেপার তৈরী করতে দেরী হয়ে গেছে। আমি এরজন্য অপরাধ স্বীকার করছি।

**শ্রীনাসিরুদ্দিন খান**ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, নিশ্চয়ই নিজে তৈরী করেন না, তবে কালকে হল কেন, এত দেরী হল কেন।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ**: না, ডিপার্টমেন্ট ও আমি বসে উভয়ে করে থাকি ডিপার্টমেন্ট দেবার পর আমি দেখি।

**শ্রীনাসিরুদ্দিন খান**ঃ ডিপার্টমেন্ট থেকে তো আপনার টেবিলে দেবে, আপনি সময় পাননি বোধহয় দেখবার।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ**ঃ প্রস্তুত করবার পর আমার কাছে আসে। আমিও ডিপার্টমেন্ট দুজনেই এর জন্য অপরাধী।

**Mr. Speaker**: Mr. Nasiruddin, the Minister has admitted that it is his fault and the fault of his Department. I think, you should not press the point any more.

**শ্রীনাসিরুদ্দিন খান**: শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আমি এজন্য বলছি যেরূপ একটা প্রভিসান এবারে হাউসে যদি না করা হতো তাহলে আমি বলতাম না। আমি সেই কারণে পয়েন্ট আউট

করেছি। এটা একটা সিষ্টেম আমাদের এবারে চালু হয়েছে, না হলেই আমি বলতাম না। এটা আগে পেলে আমাদের প্রিপারেসানের সুবিধা হয়।

**Mr. Speaker :** The Minister has regretted that he could not circulate the matter to the Hon'ble Members. The matter ends there and I request Shri Nasiruddin Khan not to press the point any more.

**শ্রীকাশীকান্ত মৈত্র :** স্যার, আমি ১৯৬২ সাল থেকে হাউসের মেম্বার আছি, আমি এমন কোন রুল আছে দেখিনি।

মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় সদস্যকে বলতে চাই যে এটা কোন Convention বা tradition ছিল না যে প্রত্যেক demand for grant এখানে পেশ করবার সময় মিনিষ্টার written speech তৈরী করে দেবেন। আমি বলতে চাই এটা convention নয়। এখানে বিভিন্ন মন্ত্রী মহাশয় সদস্যদের সুবিধার জন্য লিখিত বিবৃতি রেখেছেন। এক্ষেত্রে ইনি সেটা রাখতে পারেন নি তার জন্য যদি সদস্য মহাশয় মনে করেন the Minister is on the dock তার অন্যায় হয়ে গেছে, তাহলে তিনি ভুল করবেন। এটা হাউসের কোন প্রিভিলেজ ও রাইটের প্রশ্ন নয়। মিনিষ্টাররা এটা অতিরিক্ত করে থাকেন মাত্র। আমরা একটা convention develop করবার চেষ্টা করছি মাত্র।

**শ্রীনাসিরুদ্দিন খান :** মাননীয় মন্ত্রী মহাশয় বোধ হয় একটু ভুল করছেন। আমি এটা তার অন্যায় হয়ে গেছে—বলছি না। আমি বলেছি এবার এই নিয়ম দেখছি বলে বলছি।

( A voice : এটা কোন নিয়ম নয়। )

**Shri Prafulla Kanti Ghosh :** Anchalik Parishads and Zilla Parishads were constituted under the West Bengal Zilla Parishads Act, 1963, in late 1964 and early 1965. The purpose of setting up Anchalik Parishads at Block level and Zilla Parishads at the District level was, to quote the preamble of the Act, "to provide for remodelling of local Government with a view to associating the local authorities with development activities and bringing about democratic decentralisation and peoples participation in planning and development".

For the purpose of exercising control and supervision over the Panchayati Raj Bodies, there is a Directorate with the Director of Panchayats at its head who is assisted by other Gazetted Officers and staff. At each District Headquarters, there is a District Panchayat Officer with one clerk and one peon to assist him. At the Block level, there is one Extension Officer for Panchayats assisted by one clerk and one peon. Besides, there is one Regional Asstt. Director of Panchayats in each Division to supervise the activities of Panchayati Raj bodies within its jurisdiction. The pay, etc. for Extension Officer for Panchayats and his peon at the Block is met from the Major Head of Account

"37—Community Development Projects", while the charges for others are met from the Major Head '71—Miscellaneous, Panchayats". The expenditure for the Extension Officer for Panchayats and its peon is included in Grant No. 29 and will, therefore, be moved by the Minister-in-charge, Agriculture & C. D. (C.D.) Department. Under Grant No. 44 which is now being moved there is a provision for the staff cost which amounts to Rs. 3 lakhs 52 thousand for Headquaters and Rs 24·82 lakhs for District establishment. There is also a provision for making annual contribution to 2926 Anchal Panchayats for the following purpose :—

(1) Lump grant for development work at Rs. 1000 per Anchal Panchayat as normal expenditure. Besides, a grant at Rs. 300 is paid to each Anchal Panchayat under the Head "Annual Plan Scheme and Committed Expenditure".

(2) Entire pay and allowances of 2926 Anchal Panchayat Secretaries and about 87 Assistant Secretaries in the terretories transferred from Bihar.

(3) Rs. 32·50 per month for each Dafadar and Rs. 27·50 per month for each Chowkidar.

[10-40—10-50 a.m.]

The total provision made in the budget on account of the above amounts to Rs. 186 laekhs.

At present there are three Panchayati Raj Training Centres, one in each Divisiion—at Mahisadal, Midnapore, Kalyani and Cooch Behar—for the training of Anchal Panchayat Secretaries and non-official functionaries of the Panchayati Raj Bodies. This expenditure amounting to Rs. 2·21 lakhs is treated as normal expenditure.

Besides, Extension Officers for Panchayats are also given short course training at the Orientation and Study Centre, Kalyani, the charge being met from the plan budget of the Department. There is a proposal for setting up two more Panchayati Raj Centres and one Training College at Kalyani for the training of Government officers connected with the inspection and supervision of Panchayati Raj bodies. The scheme has not yet been finalised. Necessary provision has, however, been made in the budget.

Zilla Parishads are paid grant in lieu of Road cess and Public Work cess on land and on mines and minerals. This amount is spent by Zilla Parishads for meeting their staff cost. A sum of Rs. 45 lakhs has been provided in the budget for 1972-73.

Government also pay to the Zilla Parishrds and Anchalik Parishads a grant equivalent to 5% of the average of the last three years collection on current land revenue demand. This grant was intended for development works to be executed by the Zilla Parishads and Anchalik Parishads. But due to financial stringency, the Zilla Parishads in some cases and Anchalik Parishads in most cases have to spend the money to meet their staff cost. The provision in the current years budget is Rs. 15 lakhs for Zilla Parishads and 15 lakhs for Anchalik Parishads. In this connection it may be added that for the last three years, it has not been possible for the Government to spend the entire budget provision of Rs. 15 lakhs owing to the grant being tied to the collection of revenue which has been falling from year to year. The following figures will clarify the position :—

| Year | | | Land revenue grant actually sanctioned Rs. |
|---|---|---|---|
| 1969-70 | ... | ... | 13,06,344 |
| 1970-71 | ... | ... | 12,05,762 |
| 1971-72 | ... | ... | 8,93,283 |

A fixed grant of Rs. 3,88,000 is also paid to the Zilla Parishads (except Cooch Behar) for the purpose of village sanitation and public health, out of which Zilla Parishads were required to pay 75% to the Anchalik Parishads in the districts in equal shares. From this year 75% of the grant is being paid to the Anchalik Parishads direct by Government and 25% to the Zilla Parishads. The provision made in the budget for making this grant is (i) for Zilla Parishads—Rs. 92,000, (ii) for Anchalik Parishads—Rs. 2,96,000.

Government also pay a subvention to the Zilla Parishads at the rate of 80% of the actual cost of dearness allowance of the Zilla Parishads employees. As most of the Zilla Parishads have revised the pay scales for employees by merging dearness allowance with pay, Government has pegged this grant to the amount actually paid during the year 1970-71 when the dearness allowance used to be paid separately to the Zilla Parishad staff.

The provision on this account made in the budget is Rs. 16 lakhs. Another provision of Rs. 6 lakhs has also been made to meet 80 per cent. of the additional dearness allowance sanctioned with effect from 1-10-71. After revision of pay scales with effect from 1-4-70 Government have also decided to pay to the Zilla Parishads at the rate of Rs. 7·50 per month per employee.

Government also pay to the Anchalik Parishads staff towards the increase of their emoluments owing to the revision of pay scales. The total provision of the budget on this account is Rs. 1,80,000 for the Zilla Parishads and Rs. 1,33,000 for the Anchalik Parishads. The Panchayet Department administers a scheme for the improvement and maintenance of village communication by local enterprise popularly known as Contributory Village Road (C.V.R) Scheme Under the scheme Government pay two-thirds of the cost of the scheme, subject to a maximum of Rs. 10,0.0. A provision of Rs. 5 lakhs has been made in the budget under the scheme.

**Schemes under the Fourth Five-Year Plan**

The schemes included in the annual plan for 1972-73 and the proposed outlay for each scheme are as below :—

| | | Rs. |
|---|---|---|
| (1) | Incentive grant to Panchayeti Raj bodies ... | 7 lakhs |
| (2) | Expansion of Panchayeti Raj training centeres and establishment of Panchayeti Raj Training College for the training of Government Officers of the Panchayet Department and other functionaries of the Panchayeti Raj bodies ... | 2 lakhs |
| (3) | Loan assistance to Panchayeti Raj bodies for creation of remunerative assets ... | 2 lakhs |
| | Total... | Rs. 11 lakhs |

(1) Incentive grant to Panchayeti Raj bodies—The scheme provides for making incentive grant to Panchayeti Raj bodies in consideration of increase of collection of taxes over and above the base year 1968-69. It is hoped that this will help the Panchayeti Raj bodies in increasing their assessment and also collection of taxes. Since the increased taxes as also the grants paid under the scheme will be utilised for the development works within the Panchayets, the assessees may not resist the increase in taxes. Apart from augmenting resources of the Panchayeti Raj bodies, the scheme is also designed to mop up surplus money in the hands of well-to-do agriculturists for implementing development schemes in which local people are vitally interested. A provision of Rs. 7 lakhs has been made in the annual plan for 1972-73.

(2) Expansion of Panchayeti Raj training centres and establishment of a training centre at Kalyani—The scheme of expansion of Panchayety Raj training centres provides for starting two more centres in addition to the existing three and also construction of building for training of Government personnel and the employees of the Panchayeti Raj bodies. For the annual

plan for 1972-73 a provision of Rs 2 lakhs has also been made for construction of administrative building and hostel building for Panchayeti Raj training centres at Kalyani. The scheme has not, however, been finalised.

(3) Loan assistance to Panchayeti Raj bodies for creation of remunerative assets—The scheme provides for advancing loans to the Panchayeti Raj bodies for creation of assets which may bring some income in future to such bodies. The details of the schemes have been finalised and a budget provision of Rs. 2 lakhs has been made in the annual plan for 1972-73. This being a loan item, it has not been included in the grant now being moved. The Minister-in-charge, Finance Department, will move this item along with others under Grant No. 54.

Sir, it may be admitted that Panchayats in West Bengal are not functioning to the satisfaction of the people. The main reasons are :—

[10-50—11-00 a.m.]

(i) The provisions in the existing laws are not democratic enough as, though there are four tiers in the Panchayati Raj organisations, direct election is held only at the lowest tier, the members in other bodies being elected in indirect manner.

(ii) Attempts to associate the Panchayati Raj bodies with development activities and bringing about democratic decentralisation and people's participation in planning and development have been half-hearted.

(iii) Sufficient resources have not been made available to these bodies to enable them to do justice to the wide field of activities entrusted to them. Moreover, for the last five years Panchayats have been kept inactive on the plea that they would be replaced by new bodies to be elected under the provisions of a new legislation. In the result, the same bodies elected between 1958 and 1964 have been functioning till now and have become stagnant for want of fresh blood. People as well as the members of Panchayats have practically lost all interest in the affairs of these Panchayati Raj bodies.

Since the assumption of office of the present Ministry the provisions of the West Bengal Panchayat Act, 1957, and the West Bengall Zilla Parishads Act, 1963, have been carefully considered in consultation with the representatives of the people and others interested in the future set up of Panchayats in West Bengal. It has been decided that the Panchayati Raj bodies should not be reconstituted under the provisions of the existing law which should

undergo extensive amendments with a view to making the Panchayati Raj institutions truely representative in character. The amendments should also make sure that decentralisation of administration is carried much further than at present and that the Panchayati Raj institutions become effective instruments of action. To that end in view, the Department of Panchayats have already submitted its proposals to the Cabinet for replacing the existing two Acts by a single Act. If things move as we anticipate it should be possible for me to move the West Bengal Panchayat Bill, 1972, in the current session of the Assembly.

I would now request the House to grant a sum of Rs 3,43,51,000 which has been moved by me for expenditure under Grant No. 4 , Major Head "71—Miscellaneous—Panchayats" during the current year.

**শ্রীললিতকুমার গায়েন ঃ** অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্লানেশন, স্যার, গতকাল স্বাস্থ্য খাতে যে বাজেট বরাদ্দ করা হয়েছিল, তার পরিপ্রেক্ষিতে বলতে গিয়ে, আমি বলেছিলাম যে রাসেল ষ্ট্রীটে যে পরিবার পরিকল্পনা দপ্তরটি খোলা আছে, সেখানে সুন্দর সুন্দর মেয়েদের বসিয়ে এই পরিবার পরিকল্পনা দপ্তরটি নষ্ট করে দেওয়া হচ্ছে বা অধঃপতন করা হচ্ছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আমার এই বক্তব্য শুনে তিনি উত্তর দিয়েছিলেন এবং আমি তখন এখানে উপস্থিত ছিলাম না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছেন যে আমি হয়ত এসব মেয়েদের দেখে আকৃষ্ট হয়েছি। এটা সম্পূর্ণ বাজে কথা এবং আমার মনে হয় এতে আমাদের প্রতি কটাক্ষপাত করা হয়েছে। কাজেই আমি এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅশ্বিনী রায় ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, গত ১৩-৭-৭২ তারিখে রিটেন লিষ্ট নাম্বার ৬, কোশ্চেন এ্যানসারে যে টেবিলগুলি দেওয়া হয়েছে সেই টেবিলে এ নাম্বার অব ওয়ার্ক টু হুম ওভার টাইম ইজ গিভেন—১৯৭১-৭২ সাল ছাড়াও ১৯৬৯-৭০ সালের এই তালিকা লাইব্রেরী টেবিলে নেই। সে জন্য আপনার কাছে আবেদন এই প্রশ্নগুলি অন্ততঃ রিএডমিট করে ওরাল এনসার হিসাবে গ্রহণ করা হোক অথবা ঐ দুটো লাইব্রেরী টেবিলে স্থাপিত করা হোক।

Demand for Grant No. 44

Major Head : Miscellaneous—Panchayets

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বরাদ্দ দাবী করেছেন আমাদের সেই বরাদ্দ মঞ্জুর করতে হবে। কিন্তু এই মঞ্জুর করার সময় এই কথা বলতে চাই যে এই কয়েক বছর ধরে আমরা লক্ষ্য করছি এই পঞ্চায়েত সম্পর্কে বলার সময় পঞ্চায়েত রাজে জনগণের পারটিসিপেশন সম্বন্ধে নানা ধরণের মধুর মধুর কথা বলা হয়, কিন্তু আসলে এইটা একটা আমলাতন্ত্রের রাজত্ব হয়ে পড়ে আছে এবং নানা ধরণের যে অসুবিধা হচ্ছে সে সম্বন্ধে বারে বারে জানান সত্ত্বেও এই পর্য্যন্ত কোন আইন আনা হলো না। আমি জানি না কেন আইন আনা অসম্ভব। এইবারে মন্ত্রীমহাশয় বলেছিলেন যে কিভাবে বিভিন্ন জায়গায় পঞ্চায়েৎ রাজ সংস্থার

রে দেখবেন বলেছিলেন এবং আমরাও প্রস্তুত হয়ে বসেছিলাম, কিন্তু সময় কালে শুনলাম ফাইনান্স ডিপার্টমেন্টের সেংশন পাননি। আমি একটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই যে, কি বাধা আছে আইন আনতে, এই আইনসভা চলাকালীন সেই আইন সম্বন্ধে সভায় একটা বিল আনতে পারি। আমাদের সেখিলি পেপারসে বলা হয়েছে কোন বিলের সম্ভাবনা নাই। কাগজে কাগজে দেখছি বিল আসছে, যাচ্ছে। এই জিনিষ যা চলছে এইটা বন্ধ করা দরকার। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে একটা বিল তিনি অবিলম্বে নিয়ে আসুন, কারণ আপনি জানেন গ্রামাঞ্চলের এ্যাডমিনিষ্ট্রেসনের সংগে সব চেয়ে ড যোগসূত্র হচ্ছে এই পঞ্চায়েত। রাইটার্স বিল্ডিংস বলুন, district অথরিটি বলুন, আর ডি, এম,এর তে আপনি যত ক্ষমতা দিন না কেন সেই বুরোক্রেসিকে ছেঁদেনই করা হচ্ছে, ডিসেনট্রালাইজেশনের দলে সেনট্রালাইজেশন অফ পাওয়ার হচ্ছে। জনসাধারণের যারা সব চেয়ে কাছাকাছি, যারা জনসাধারণের দুঃখ-দুর্দশা সম্বন্ধে অবগত আছেন তাদের হাতে কোন ক্ষমতা নাই, তাদের হাতে কোন টাকা নাই। সেই জন্য এই বিষয়ে পঞ্চায়েত আইন আনতে হবে, যে আইন দ্বারা জনসাধারণের হাতে, পঞ্চায়েতের হাতে ক্ষমতা দিতে হবে এবং ক্ষমতা দিলেই হবে না, তাদের টাকা দিতে হবে। আজকে পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা বলা হচ্ছে, টিউবওয়েল সারাবার কথা বলা হয়েছে, নানা রকম গ্রামের উন্নতির কথা বলা হয়েছে। রুরাল ইলেকট্রিফিকেশন প্লান আমরা নিচ্ছি, কিন্তু এই সমস্ত কে তদারকি করবে? টিউবওয়েল সারান সেটা পঞ্চায়েতের হাতে নয় সেটা আছে কোন কোন ডিপার্টমেন্টের হাতে। রাস্তা হচ্ছে কি হচ্ছে না,—স্টেট রিলিফে সেটা দেখা পঞ্চায়েতের দায়িত্ব নয়, সেটা দেখবে কোন একটা ডিপার্টমেন্ট। খাল কাটা হচ্ছে কি হচ্ছে না সেটা দেখা পঞ্চায়েতের দায়িত্ব নয় সেটা দেখবার জন্য আর একটা ডিপার্টমেন্ট আছে। যে সমস্ত রাস্তা এনক্রোচমেন্ট করে বসে আছে ঘর বাড়ী হয়ে যাচ্ছে তা দেখবার দায়িত্ব পঞ্চায়েতের, নয় তা দেখবার ডিপার্টমেন্ট আছে এবং সেই সমস্ত ডিপার্টমেন্ট কিছুই দেখছে না। পঞ্চায়েতের উপর এই সব গ্রামাঞ্চলের শাসন ব্যবস্থা দেখাশুনা করার দায়িত্ব দিয়ে দেওয়া হোক। সেই দায়িত্ব দেওয়ার ব্যাপারে অনেকের অনেক হেজিটেশন আছে। ব্রিটিশ আমলে আমরা জানি যেমন লোকাল সেল্‌ফ গভর্ণমেন্ট করে দিয়েছিলেন, তারা শুধু কেন্দ্রের পরিপোসক হিসাবে কাজ করবে, কেন্দ্রের তদারকি মত কাজ করে। কংগ্রেস আমলে যখন পঞ্চায়েত আইন হয় তখন আমরা এই কথা বলেছিলাম যে রাজ্যের সঙ্গে কেন্দ্রের একটা যোগসূত্র স্থাপন করতে গেলে পঞ্চায়েতগুলির উপর বেশি দায়িত্ব দিতে হবে, সেখানে দেখা গেল সেনট্রালাইজেশন অফ পাওয়ার করে ঠুঁটো জগন্নাথ করে রাখা হলো। যেমন কি তারা যদি রিলিফ করতে যায় সেখানেও রিলিফ লিস্ট যেটা হবে সেটা আলটিমেটলি সেংশান হয়ে আসবে বি, ডি, ও, অফিস থেকে এবং ঐ করার দায়িত্বও তাদের পরামর্শ মত। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পঞ্চায়েতের হাতে ক্ষমতা দিতে গেলে আগে সদস্যদের বলতে হবে যে এ রাইটার্স বিল্ডিংস-এ district অফিসের ক্ষমতা হাতে রাখবেন না, একটা পরিপুর্ণ নিজ দায়িত্বের উপর দেবেন। তবে নিজ দায়িত্বে ভাল আছে আবার বিপদও আছে অনেক। আমি মনে করি উপর তলার আমলাতন্ত্রের যে সমস্ত ক্ষমতা আছে সেগুলি কমে যাবে। আমি যখন সিলেক্ট কমিটির মেম্বার ছিলাম তখনও দেখেছি কি ভাবে বাধা আছে।

[11-00—11-10 a.m.]

নানাভাবে বাধা আসে যাতে আসল ক্ষমতা পঞ্চায়েতে না আসে, উপরের হাতে থাকে। তারা যেন শুধু এ্যাপভাইসরী বোর্ডের মতো থাকেন। আসল ক্ষমতা যাতে উপরে উপরে অফিসার লেভেলে থাকে।

চাই কিনা এবং দিতে গেলে আমার মনে হয় সত্যি করে আজকে নূতনভাবে দেশ যদি চালাতে হয় আসল ক্ষমতা দিতে হবে এবং তার সঙ্গে সঙ্গে টাকার ব্যবস্থা করতে হবে। শুধু ক্ষমতা দিলেই হবে না তার সঙ্গে সঙ্গে টাকা পঞ্চায়েতের হাতে দিতে হবে। তারা চৌকিদারী ট্যাক্স আদায় করে এবং চৌকদারদের মাইনে মিটিয়ে দেয়। মন্ত্রী মহাশয় বলেছেন তাদের বছরে কি সাহায্য করেছেন। এক হাজার টাকা তারা অঞ্চলে অঞ্চলে লাম্প গ্রাণ্ট দেন। এক হাজার টাকা মানে কি? আজকার একটা কাঠের পুল তৈরী করতে গেলে এক হাজার টাকায় হয় না। এক হাজার টাকা তিনি দিচ্ছেন লাম্প গ্রান্ট হিসাবে। তাঁর বাজেটের অন্যান্য সব টাকাই তাঁর দপ্তরের অফিসারদের এবং অন্যান্য পুষতে চল যাচ্ছে এবং এদিক থেকে দেখলে পঞ্চায়েতের কোন আয় বাড়ান যাবে না। উনি বলেছেন পাঁচ পারসেণ্ট ল্যাণ্ড রেভিনিউ পঞ্চায়েতের হাতে দেওয়ার কথা। তা তো দেন নি, দিতে পারেন। আর যেটুকু দিয়েছেন তা পঞ্চায়েতের অফিসার বা কর্মচারীদের মাইনের জন্য খরচ করেছেন, ডেভেলাপমেণ্ট পারপাসে লাগাতে পারেননি। আজকে যজি পঞ্চায়েতের হাতে টাকা দেওয়া না যায় তা' হলে ডেভালাপমেণ্টের যত টাকা যেগুলোর স্কীম বড নয়, যেগুলো খুব টেকনিক্যালি হাইলি স্কীম নয় সেগুলো পঞ্চায়েতের মাধ্যমে করা যাবে না। পঞ্চায়েতের মাধ্যমে সেই সমস্ত স্কীম কেন করানো যাবে না? ইরিগেশানের ব্যাপার বলুন, ফরেষ্টের ব্যাপার বলুন, রাস্তাঘাটের ব্যাপার বলুন আর টিউবওয়েলের ব্যাপার বলুন বা কৃষিখাতের ব্যাপার বলুন কোন ছোটখাট স্কীম অঞ্চল পঞ্চায়েত, আঞ্চলিক পরিষদ বা জেলা পরিষদের মাধ্যমে করা যাবে না। কেন সেই টাকা ওদের সুপারভিসানে খরচ করা যাবে না? বিশেষ করে কেন ল্যাণ্ড রেভিনিউএর টাকার একটা বড অংশ অঞ্চল পঞ্চায়েতের হাতে দেওয়া যাবে না? কাজেই বিভিন্ন ডিপার্টমেণ্ট থেকে যদি টাকা পাওয়া যায় তাহলে এর মাধ্যমে খরচ করা যায়। তাহলে লোক্যাল পিপলদের ইনিসিয়েটিভ বাড়ে এবং দুর্নীতি দূর হতে পারে এবং সবচেয়ে বড় কথা তলায় ক্ষমতা দিলেই বুরোক্রেসী কমবে। বুরোক্রেসী যদি কমাতে চান, উপরের এই রকম যদি টপ-হেভী এ্যাডমিনিস্ট্রেশন কমাতে চান, উপরের যে দুর্নীতি এবং লালফিতার বাঁধা বন্দোবস্ত আছে সেটা যদি ভাংগতে চান তাহলে তলায় ক্ষমতা দিতে হবে। তলায় ক্ষমতা দিলে তবেই গিয়ে উপরে ক্ষমতা সংকোচন হবে এবং উপরের বুরোক্রেসী ভাঙ্গবে এবং দুর্নীতি, পক্ষপাতিত্ব, ঘুস—যে সমস্ত স্তর আছে তারজন্য যে রকম সিঁড়ি বাঁধা আছে সেই সমস্ত সিঁড়ি ভাঙ্গতে পারে। সেই জন্য পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়ার সময় আমাদের বিচার করতে হবে এবং দেখতে হবে যে সত্যিকার ক্ষমতা তারা যেন পায়। আপনি জানেন পঞ্চায়েত আইন ১৯৫৭ সালের মধ্যে খুব ক্ষমতার কথা লেখা আছে, দু পৃষ্ঠা ধরে লেখা আছে যে, অঞ্চল পঞ্চায়েতের ক্ষমতা কি, গ্রাম পরিষদের ক্ষমতা কি, আঞ্চলিক পরিষদের ক্ষমতা কি, জেলা পরিষদের ক্ষমতা কি। তারপর দেখবেন যে পাঁজীর ২০ আঁড়া জলের মতো নিংড়লে এক ফোঁটাও পড়ছে না। কারণ, ক্ষমতা দেওয়ার পর তাদের হাতে টাকা দেওয়া নেই। তাদের হাতে শুধু সেই টাকাটুকুই আছে যাতে চৌকিদার-দফাদারদের মাইনে মেটাতে পারবে। সেই টুকু ছাড়া তাদের হাতে টাকা নাই। কাজেই এই ক্ষমতার মানে কি? ক্ষমতা দেওয়া হলো এই করবেন, কিন্তু টাকা বরাদ্দের সময় টাকা বরাদ্দ করবেন বি, ডি, ও, টাকা বরাদ্দ করবেন ডিস্টিক্ট ম্যাজিসট্রেট, টাকা বরাদ্দ করবেন সেক্রেটারী, রাইটার্স বিল্ডিংস এবং তারপর ছিটে ফোটা যাবে এই বরাদ্দ থেকে। সেজন্য ক্ষমতা দিতে গেলে পরে মনঃস্থির করে নিতে হবে, টাকার ক্ষমতাও দিতে হবে, তাদের ট্যাক্সের অঙ্ক পাওয়ার ক্ষমতাও দিতে হবে, এবং সেই টাকা ঠিক মতো খরচ হচ্ছে কিনা সেই সুপারভিসানের ক্ষমতাও দিতে হবে এবং ইমপিলিমেন্টেসানের ক্ষমতাও দিতে হবে। একটা অঞ্চল পরিষদের আওতায় একটা স্কীম হচ্ছে অঞ্চল প্রধান বা আঞ্চলিক পরিষদের কেউ জানেন না যে সেই স্কীমে কত টাকা বরাদ্দ হয়েছে, কি তার রেট এবং

সেখানে যে দুর্নীতি হচ্ছে, ঘুস চলছে কিভাবে প্রতিকারের জন্য সাজেসানস তারা দিতে পারে তারা তা জানে না। ফলে এই সমস্ত কাজ ঠিকমতো হচ্ছে না।

সেজন্য আমি সর্বশেষে একটি কথা বলব যে পঞ্চায়েতের ব্যাপারে যে শুধু মায়া কান্না করলে হবে না। অনেক মায়া কান্না আমরা শুনেছি। আমি শুধু বলব কিছু করুন। এই session-এ একটা আইন করুন—সর্বস্তরের লোক দিয়ে করুন। সেখানে আপনি indirect election বাদ দিন, direct election করুন। সেখানে nomination-এর পদ্ধতি বাদ দিন। যেখানে খুব প্রয়োজন সেখানে ছাড়া uomination-এর পদ্ধতি রাখবেন না। এবং পঞ্চায়েতের হাতে সত্যিকারের টাকা ও supervision-এর দায়িত্ব দিন।

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পঞ্চায়েত মন্ত্রী তাঁর পঞ্চায়েত বিভাগের উপর যে বক্তৃতা রেখেছেন তার উপর আমি কিছু বক্তব্য রাখব। এই পঞ্চায়েতের স্বপ্ন দেখেছিলেন জাতির জনক মহাত্মা গান্ধী। Decentralisation of power তাঁর জীবনের একটা চরম আশা ছিল। তাই তিনি পঞ্চায়েত রাজ সৃষ্টি করতে চেয়েছিলেন সারা ভারতবর্ষে। মনুষ্য জন্মের পর থেকে, পৃথিবী সৃষ্টির পর থেকে পঞ্চায়েতের মূলতঃ জন্ম। যদিও সরকারের আইনগত নয়, তবুও গ্রাম পঞ্চায়েত করার system রয়েছে এই আইনে। মনুষ্য সমাজের শক্তি ও ক্ষমতার ভেতর দিয়ে, তার সুবিধা অসুবিধা দূরীকরণের জন্য একেবারে নিম্ন পর্য্যায়ে পঞ্চায়েতের হাতে ক্ষমতা দিতে তিনি চেয়েছিলেন। মহাত্মা গান্ধী একটি মাত্র কথার উপরে জীবনে বারবার importance দিয়েছেন যে ভারতে কোন একটি নিম্নতম কর্মচারীর বেতনের সঙ্গে উচ্চতম কর্মচারীর বেতনের পার্থক্য ১০ গুণের বেশী হতে পারবে না। কিন্তু আজ পঞ্চায়েতের দফাদার ৩২·৫০ টাকা ও চৌকীদার ২৭·৫০ টাকা বেতন পায়। এদের কাজের কোন সীমা নাই। কবর থেকে dead body তুলতে হলে পুলিশ তাদের দিয়ে সেই পচা dead body তোলাচ্ছে। যাদের এই রকম কাজ করতে হয় তাদের বেতন করলেন ৩২·৫০ টাকা। সুতরাং ২৫ বছরেও মহাত্মা গান্ধীর স্বপ্নকে কিঞ্চিৎ বাস্তবে রূপদান করা সম্ভবপর হয়নি।

[11-10—11-20 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্সটেনসান অফিসার অব পঞ্চায়েত যাদের রাখা হয় মূলত তাদের শুধু টাকার অঙ্কের হিসাব-নিকাশ করার জন্য রাখা হয়, বাস্তবে তাঁরা কোন কাজ করেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পঞ্চায়েতে লাইট পোস্টের ব্যবস্থা করা হয়েছিল সেই লাইট পোস্টের পোস্টগুলি ৩ মাস পরে তেলের যোগান হল না বলে শেষকালে জ্বালানী কাঠ হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় একটা দায়িত্বশীল দপ্তরের ব্যয়বরাদ্দ রেখেছেন, কিন্তু সেই দপ্তরের দফাদার নকসালী আক্রমণে মারা গেলে, বহু মারা গেছে, তার দুর্গত ফ্যামিলিকে সাহায্য করার ব্যবস্থা সরকার থেকে নেই। এই রকম অনেক ফ্যামিলি চৌকিদার, দফাদার মারা যাওয়ার পর দুরবস্থার মধ্যে পড়েছে, তাদের সংসার পরিচালনার ব্যবস্থা সরকার আজ পর্যন্ত গ্রহণ করতে পারেন নি। এজন্য গান্ধীজীর যে স্বপ্ন সেটা ব্যর্থ হয়েছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের এইদিকে দৃষ্টি আকর্ষণ করছি। এই দপ্তরটা প্রকৃতপক্ষে পুলিশের অধীনে দপ্তর হওয়াটাই ঠিক ছিল। চৌকিদার, দফাদার পঞ্চায়েত দপ্তরের হলেও প্রায়ই দেখা যায় এদের কর্ম হচ্ছে পুলিশের অধীনে। পুলিশ যদি মনে করে যে এদের কিছু ফাইন করব তো করবে, এদের চাকরি নট করব তো করবে। সেজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব আপনি

একটা বিল আনুন যাতে থাকবে এরা কাদের অধীনে থাকবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অনেক কিছু বলার ছিল, কিন্তু আপনি বার বার লাল বাতি জ্বালাচ্ছেন, সেজন্য আমি আমার বক্তৃতা এখানেই শেষ করছি।

**শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি মাননীয় মন্ত্রী মহাশয় কর্তৃক উপস্থাপিত ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করছি। আজকে খুব আনন্দের কথা যে হাউসে মাননীয় সদস্য নাসিরুদ্দিন খাঁন সাহেব তাঁর বক্তব্যে গান্ধীজীকে স্মরণ করেছেন, গান্ধীজীর কথা ভেবেছেন। কারা যেন কানাকানি করছেন মাননীয় সদস্যের কথায় যে গান্ধীজীর সেই ঐতিহাসিক টুপি খাদি বোর্ডের দিয়ে এই সভায় তাঁকে সম্বর্ধনা করা উচিত। একথা ঠিক নাসিরুদ্দিন সাহেব যেকথা বলেছেন সেই সব কথার মধ্যে কিছু কিছু যুক্তি আছে। তিনি বলেছেন চৌকিদার, দফাদার ২৭/২৮ টাকা বেতন পান, চৌকিদার, দফাদাররা ২৭/২৮ টাকা বেতন পান না, তার চেয়ে বেশী পান। এই প্রসংগে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কয়েকটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

আমি একটা কথা বলতে চাই স্যার, আপনি জানেন যে আমাদের গ্রামে পার ক্যাপিটা ইন্‌কাম ২৭ থেকে ৫৬ পয়সার মধ্যে। ২০ টাকা থেকে ২৫ টাকা আয়। এই আয়ে সেখানে চাষ করে গ্রামে অনেকে রিসোর্স খুব বেশী পরিমাণে বাড়াতে পারেনা, এতে গ্রামের কল্যাণও হতে পারেনা। কিছুক্ষণ আগে মাননীয় মন্ত্রীমহাশয়, আর একটি বাজেট বরাদ্দ পাঠ করলেন। সেখানে যে টাকার অঙ্ক ১ কোটি ৯ লক্ষ টাকার বরাদ্দ রেখেছিলেন ৩ কোটি ৩৫ লক্ষ লোকের জন্য। আর এখানে বরাদ্দ রাখা হয়েছে অন্ততঃ প্রায় তার ৩ গুণ কম। আমি এ বিষয়ে সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং এর আগেও আমি বার বার বলেছি যে অঞ্চল পঞ্চায়েত গড়ে ১০ হাজার জনসংখ্যা পিছু এখানে টাকা দিচ্ছেন মাত্র ৩০০ টাকা। এখানে মাথা পিছু ১৩ পয়সাও ব্যয় করা হচ্ছে না। অন্যদিকে মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন এবং সি. এম. ডি-এর মধ্যে ১২ কোটি টাকা খরচা করছেন। এ ছাড়াও বিভিন্ন খাতে আরও কেন্দ্রীয় সরকারের টাকা আছে। আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই যে সেটা হচ্ছে যেহেতু কমিটির রেকমেণ্ডেশন ১৯৫৭ সালে সেখানে নির্দিষ্ট করা হয়েছে। সেই নির্দিষ্ট নীতি অনুযায়ী মহারাষ্ট্রের কৃষকরা যদি উন্নতি লাভ করতে পারেন পঞ্চায়েতের মাধ্যমে, তাহলে পশ্চিমবঙ্গে কেন হবেনা এটা আমি বুঝতে পারিনা। সেজন্য আমি দাবী করছি যে যেহেতো কমিটির রেকমেণ্ডেশান অনুযায়ী এখানেও ব্যবস্থা গ্রহণ করা হোক্। এবং রিসোর্স বাড়ানোর চেষ্টা করা হোক্, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি

**শ্রীগিয়াসুদ্দিন আহমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের অধিবেশনে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। গ্রাম বাংলার হৃতশ্রী এবং লুপ্ত গৌরব ফিরিয়ে আনবার কথা মাননীয় মন্ত্রীমহাশয়ের বক্তৃতার উপসংহারে যে সহানুভূতির কথা ফুটে উঠেছে তার জন্য আমি তাকে আন্তরিক অভিনন্দন জানাই। গ্রামে শতকরা ৮০ জন লোক বাস করে। সমাজতন্ত্রের প্রতিশ্রুতিকে কল্পনায় রাখলে তাতে কোন কাজ হতে পারেনা। গ্রামের পঞ্চায়েত রাজকে গুরুত্ব না দিলে দেশের কোন উন্নয়ন পরিকল্পনা বাস্তবে রূপায়িত হতে পারে না। আমি বিশ্বাস করি পুলিশি শাসন অপেক্ষা পঞ্চায়েত শাসন গ্রামের পক্ষে উপযোগী। কারণ গ্রামের লোকের সঙ্গে পঞ্চায়েতের নিবিড় যোগ আছে। পঞ্চায়েতকে পর্য্যাপ্ত ক্ষমতা না দিলে

সমাজতন্ত্র গঠনের স্বপ্নকে বাস্তবে রূপায়িত করা যাবেনা। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

( রেড লাইট )

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** স্যার, শতকরা যেখানে গ্রামে ৮০ জন লোক বাস করে সে সম্বন্ধে কিছু বলতে গেলেই আপনি লাল বাতি জ্বেলে বসিয়ে দিচ্ছেন। এটা কি বাংলাদেশের মানুষের প্রতি সহানুভূতি দেখানো হচ্ছে ?

**Mr. Speaker :** Mr. Biswas, you know I am the custodian of the House. The Business Advisory Committee has alloted one hour's time for discussion and I am to conduct the proceedings according to the time schedule. There are only ten minutes left and the Hon'ble Minister will have to reply within these ten minutes. There are still 7 or 8 speakers in my list, what can I do ? There are another matter, it is Grant No. 35 and that will also take two hours, that is, the discussion will continue up to 1-30 p. m.

[11-20—11-30 a m.]

**শ্রীপরেশচন্দ্র গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে পঞ্চায়েত বাজেট এখানে পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি। সঙ্গে সঙ্গে আমি একথা বলতে চাই যে আজকে তিনি কি করতে চান ? পঞ্চায়েত করতে গেলে কোন খাতে নিয়ে যেতে চান ? পঞ্চায়েতকে শুধু সিভিল ডিউটির মধ্যে রাখতে চান, না পঞ্চায়েতকে ডেভালপমেন্ট ফাংসন দিতে চান ? যদি পঞ্চায়েতকে ডেভালপমেন্ট ফাংশনের মধ্যে নিতে চান তাহলে পর যে প্রশাসনিক ব্যবস্থা এখন আছে তা সম্পূর্ণ পরিবর্তন করে এই সিসটেমটাকে অন্তরকমভাবে পরিবর্তন করা দরকার। গান্ধীজীর আদর্শমত যদি পঞ্চায়েতকে আমরা বিকেন্দ্রীকরণের মাধ্যমে গড়তে চাই তাহলে পর পঞ্চায়েতের জন্য আলাদা সার্ভিস তৈরী করার দরকার আছে এবং পঞ্চায়েতের প্রশাসনিক ব্যবস্থা সেইভাবে করার দরকার আছে। আমরা জানি ১৯৫৭ সালের পর, ১৯৪৭ সালের পর থেকে যে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার কথা বলা হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে তা সম্পূর্ণ করা সম্ভব। এখন এই মন্ত্রীসভা গণতান্ত্রিক সমাজবাদের কথা বলছেন। আমি মনে করি পঞ্চায়েত রাজের বাস্তবতার মধ্যে দিয়ে তার সার্থক রূপায়ণ সম্ভব হবে বিকেন্দ্রীকরণের মাধ্যমে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে যদি একটু সময় দেন তাহলে আমি গান্ধীজীর দু' একটি কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন জানাবো। স্বাধীন হওয়ার গোড়া থেকে প্রত্যেকটি গ্রাম হবে স্বয়ং সম্পূর্ণ ক্ষমতা সম্পন্ন স্বায়ত্ব শাসন সংস্থা। অর্থাৎ প্রত্যেকটি গ্রাম আত্মনির্ভরশীল হবে, নিজেদের ব্যাপার তারা নিজেরাই করবে, এমন কি সমস্ত অন্যায়ের বিরুদ্ধে নিজেদের রক্ষা করতে সমর্থ হবে। আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বলতে চাই এই যখন উদ্দেশ্য, এই যেখানে লক্ষ্য, সেখানে আমরা সম্পূর্ণ নূতন দৃষ্টিভঙ্গিতে যদি পঞ্চায়েতকে ঢেলে সাজাতে না পারি তাহলে পঞ্চায়েতের জন্য যা ব্যয় করবেন তা সবই জলে যাবে। যদিও এটা আজকে আমি সমর্থন করতে পারছিনা যে এত বড় একটা সমস্যার জন্য মাত্র এক ঘণ্টা সময় দেওয়া হয়েছে, যার উপর এত বড় একটা সামাজিক কাঠামো নির্ভর করছে, দুর্ভাগ্যের বিষয় এর জন্য আজকে আমরা সময় দিতে পারছি না। আজকে সহরের কথা বলছেন, আমি মনে করি যদি ডিসেন্ট্রালাইজেশন অব

পাওয়ার এবং ডিসেন্ট্রালাইজেশন অব ওয়েল্থএর কথা বলতে হয় তাহলে আমি মনে করি সহরকে পঞ্চায়েতের চিন্তাধারার মধ্যে আনা দরকার। যদি সহর পঞ্চায়েত নগর পঞ্চায়েত হয়, যদি সত্যি সত্যি ছোট ছোট গোষ্ঠির মাধ্যমে স্বায়ত্ব শাসন ব্যবস্থা পরিবর্তন করতে চান, বিকেন্দ্রীকরণ করতে চান, তাহলে এই চিন্তাধারার পরিবর্তন করুন।

**Mr. Speaker** : I find that honourable Members are very much eager to continue the discussion on this particular grant. If the House agrees with me then I can extend the time by half an hour.

(Voices : Yes)

So, I extend the time for discussion by half an hour more.

**শ্রীঅজিতকুমার বসু** : মিঃ স্পীকার, স্যার, আমিও এক সময়, প্রথম যখন পঞ্চায়েত বিল সিলেক্ট কমিটিতে যায়, তখন আমি সিলেক্ট কমিটিতে ছিলাম এবং সুধীর বাবুও ছিলেন। সেই সময় আমরা যা যা আশংকা করেছিলাম সবগুলিই আজকে ফুলে ফলে পরিণত হয়েছে। সেদিনও আমরা প্রফুল্লকান্তি বাবুর মত পঞ্চায়েত মন্ত্রী ঈশ্বরদাস জালান মহাশয়কেও বলতে শুনেছিলাম—পঞ্চায়েত রাজ হবে, তার হাতে সমস্ত ক্ষমতা থাকবে, ইত্যাদি ইত্যাদি এই সব কথা বলেছিলেন। কিন্তু পঞ্চায়েত রাজ হয়নি বরং একটা বুরোক্রাট রাজ হয়েছে। এটার যদি কিছু করতে পারেন, কমপ্রিহেনসিভ বিল আসছে সেই বিলে যদি সত্যি পঞ্চায়েত রাজ—যে কথাটা বারবার আপনারা উচ্চারণ করেন, তাহলে সেদিনত পঞ্চায়েত বলে বলে ঝড় বইয়ে দেবেন। সতি সত্যিই যদি পাওয়ার, তলায় ক্ষমতা দিতে চান, ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা যা আপনারা মাঝে মাঝে বলেন অথচ কাজে একটা বুরোক্রাটিক রাজত্ব হতে যাচ্ছে, এর পরিবর্তন করে আপনাদের নূতন বিল আনার পরামর্শ আমরা দিচ্ছি। সেদিন আমরা আশংকা করেছিলাম যে আপনারা করছেনটা কি? এই যে চৌকিদাররা পঞ্চায়েতের কাজ করছে কিন্তু আসলে তারা পুলিশের কাজ করে, পঞ্চায়েতের কাজ করেনা। সব অঞ্চল প্রধান যাঁরা এখানে আছেন তাঁরা এই কথাই বলেছেন। সেদিন আমরাও বলেছিলাম আজো সেই অবস্থা বজায় রয়েছে। এবং আপনাদের ঐ একটি কথা যে টাকা দিচ্ছি। ঠিকই, টাকা না দিলে পঞ্চায়েত রাজ করবেন কি করে, ক্ষমতা, পাওয়ার দিতে হবে তা নাহলে পঞ্চায়েতরাজ করবেন কি করে। কিন্তু একটা জিনিস আপনারা বুঝে দেখুন পঞ্চায়েতগুলিতে আমাদের দেশে কোন উৎসাহ নেই, তলার মানুষের মধ্যে নেই। গ্রামে এমন কিছু সুবিধাবাদী মানুষের মধ্যে কিছু উৎসাহ আছে কারণ তারা নিজেদের হাতে ক্ষমতা রাখতে চায়, এর মারফত নিজেরা প্রভুত্ব করবে এবং উপরে উপরে যা কিছু পাওয়া যায় সেটা নিজেদের শ্রেণীর মধ্যে রেখে দেবে। এই রকম কিছু উৎসাহ আছে। তলার মানুষ, উইকার সেকটার, উইকেস্ট সেকটার ইন দি ভিলেজ, তারা এগুলিকে নিজেদের প্রতিষ্ঠান বলে মানতে পারছেনা। কাজেই পঞ্চায়েতরাজ যদি করতে হয় তাহলে এই উইকার সেকটার এ্যাণ্ড উইকেস্ট সেকটার অব দি ভিলেজ যাতে এইগুলির সঙ্গে যুক্ত হতে পারে তার ব্যবস্থা করা দরকার। ধরুন আজকে বি, ডি, ও, প্রায় এস, ডি, ও,-র পোষ্ট বক্সে পরিণত হয়েছে এবং উপরতলার কিছু লোক যাঁরা পঞ্চায়েত আলো করে বসে আছেন।

মোট কথা হল যা কিছু করা হচ্ছে, তলার দিকের মানুষের, উইকার সেক্টারের উপর, কোন প্রতিফলন পড়ছেনা। কাজেই যে পঞ্চায়েত আইন আনার কথা হচ্ছে, সামগ্রিকভাবে পঞ্চায়েত আইনে যে ত্রুটিগুলি রয়েছে, সেটা দূর করতে হলে, এমনভাবে আইনটা করা দরকার, অর্থাৎ পঞ্চায়েত নীতিতে প্ল্যানিং করবেন। উপর থেকে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট কি অন্য কোথাও প্ল্যানিং হচ্ছে, এবং সেটা

বি, ডি, ও, মারফৎ আসছে, সেটাই ইমপ্লিমেন্টেড হচ্ছে, এই রকম ধরণের না করে, আজকে তলার দিকে প্ল্যানিং করতে দিতে হবে। গ্রামের লোক, গ্রাম পঞ্চায়েতই হোক্ বা পঞ্চায়েত সমিতিই হোক এলেকার সমস্ত মানুষের সঙ্গে পরামর্শ করে, এলেকার জন্য মোটামুটি প্ল্যানিং করবেন এবং বিভিন্ন ধরণের প্ল্যান জড করে করে এই পঞ্চায়েতের কাজ কর্ম চলবে। আজকে এটাই আমি মোটামুটি বলতে চাই।

দ্বিতীয় কথা হচ্ছে শুধু উপর ওয়ালা, বুরোক্রেসীর পোষ্ট বক্স হিসাবে যদি নীচের লোক কাজকর্ম করে তাহলে নূতন করে আইন আনার দরকার কি? উইকার সেক্টার লোকদের যদি তাদের কাজের সঙ্গে পার্টিসিপেশন না থাকে, তাহলে পঞ্চায়েত সম্বন্ধে মানুষের যে উৎসাহহীনতা গ্রামে রয়েছে, সেটা দূর হবেনা। আর সেটা দূর না হলে পঞ্চায়েতই হবেনা। কাজেই উইকার সেক্টারের যারা তারা যাতে পার্টিসিপেট করতে পারে তার এলেকায়, সেইভাবে কাজ করতে হবে। অনেক জায়গায় দেখা যায় কয়েক হাজার টাকা দিচ্ছেন, কোন জায়গায় এক হাজার, আবার কোন জায়গায় ১০০ শত কি দু শত টাকা দিচ্ছেন এক একটা গ্রাম পঞ্চায়েতকে। সেই টাকা দিয়ে গ্রামে যে রাস্তা আছে তাতে হয়ত কিছু মাটি পড়বে। কিন্তু পাড়ার মধ্যে যে উইকেষ্ট সেকশন রয়েছে, তাদের অবস্থা কি হবে? তাদের জন্য তো এক পয়সাও খরচ হচ্ছেনা। তারা হয়ত অল্প পয়সাই দিতে পারে, তাদের জন্য কিছু হচ্ছেনা। ফলে পঞ্চায়েতে পুরানো সেই ইউনিয়ন বোর্ডের দৃষ্টিভঙ্গীই গ্রাস করে বসে আছে। আজকে পঞ্চায়েত আইনকে বদলাতে হবে। গ্রামের উইকার সেক্টারের লোকদের জন্য পঞ্চায়েত মারফৎ কিছু করতে হবে। তার জন্য উপর থেকে সেই ডিরেকশন, সেই অনুযায়ী যাওয়া দরকার। দুই একটি কাজ সামান্য যা হয়, রাস্তায় হয়ত রিক্সা চলতে পারে, তার জন্য মাটি পড়বে, বর্ষাকালে সেই রাস্তার অবস্থা এমন হয়, যে সেখানে কোথাও হাটু পর্যন্ত জল দাঁড়ায়, সেখান দিয়ে ছেলেমেয়েরা এবং পুরুষেরা যাতায়াত করতে হচ্ছে। এমন ব্যবস্থা হওয়া দরকার যাতে এই ব্যবস্থার উন্নতি হতে পারে। উইকেস্ট সেক্টারের লোকদের জন্য যাতে আগামী দিনে কিছুটা উন্নতি হয়, পঞ্চায়েত আইন মারফৎ সেই চেষ্টা এবং দৃষ্টিভঙ্গীই যেন আগামী দিনে যে কম্প্রিহেন্সিভ বিল আনবেন তার মারফৎ হয়।

[11-30—11-40 a.m.]

শেষ কালে আমি এটুকু জানাতে চাই যে চৌকিদারদের দিয়ে সত্যিই কোন কাজ হচ্ছে না, পুলিশ যতটুকু কাজ করিয়ে নিচ্ছে ততটুকুই হচ্ছে। এই যে ডুয়েল কনট্রোল হচ্ছে সত্যই এটা ঠিক নয়, অথচ এই ডুয়েল কনট্রোল কেন থাকবে সেটা আমরা বুঝতে পারছি না। শুনেছি আপনি বোধ হয় চৌকিদারদের মাহিনা সরকারী তহবিল থেকে দেবার কথা ভাবছেন, সেটা করুন খুব ভাল জিনিস হবে। কিন্তু তাদের মাইনে কিছু বাড়াতে হবে, তা নাহলে তারা কাজ কি করে করবে সেটা একটু ভেবে দেখুন। আমি আগেই বলেছি ঐ পুলিশ যেটুকু ঘাড় ধরিয়ে কাজ করিয়ে নেয়, সেটুকুই শুধু করবে, এটা ঠিক নয়। এই প্রসঙ্গে আমি টপ হেভি এ্যাডমিনিষ্ট্রেশন ইত্যাদি বিষয় নিয়ে কিছু আলোচনা করছি। জেলায় যে পঞ্চায়েত অফিস রয়েছে তারা কাজ চালিয়ে দিচ্ছে, কিন্তু আজও আমরা জানলাম না আজকের দিনে ডিষ্ট্রীক্ট বোর্ডের কি কাজ, লোকেও কেউ জানে না। গ্রামাঞ্চলের জন্য জেলাপরিষদ, অথচ গ্রামাঞ্চলে কোন কাজ হচ্ছে না। সেখানে অনেক অফিসার আছেন। কিন্তু যারা পঞ্চায়েত সেক্রেটারি ৮০/৯০ টাকা মাইনে দিয়ে তাদের যদি আপনি কাজ করাতে যান তাহলে কি কাজ তারা করবে সেটা আমি বুঝতে পারছি না। কাজেই এ বিষয়টি আপনি দেখবেন,

চৌকিদার, নীচের তলার লোক, নীচের তলার কর্মচারীদের একটু দেখবেন। কিন্তু এই সঙ্গে সঙ্গে আপনাকে আর একটা জিনিস একটু ভাবতে হবে। সেটা হচ্ছে যে এই পঞ্চায়েতগুলি কি সত্য সত্যই পঞ্চায়েতের হাতে গেছে—নিশ্চয় রাতারাতি খুব বেশী কিছু করা যাবে না, এই রকম একটা ক্ষেত্রে মোটামুটি আপনাকে এই জিনিস করতেই হবে যে আপনার সি. এম. পি. ওর কথা যেটা বলছেন—আমরা সবুজ বিপ্লব করে গ্রামাঞ্চলে বেকারী দূর করবো ইত্যাদি ইত্যাদি। কিন্তু একটা হিসাব যারা নিচ্ছেন তারা বোধ হয় জানেন না যে সমস্ত প্রদেশে সবুজ বিপ্লব হচ্ছে, যেমন হরিয়ানা, পাঞ্জাব প্রভৃতি প্রদেশে সেখানেও ক্ল্যাশ, টেনসান কিন্তু খুব বেড়ে যাচ্ছে। কাজেই আজেকের দিনে গ্রামাঞ্চলের অবস্থা হচ্ছে যে ক্ল্যাশ, টেনসন মোটামুটি রীতিমত গ্রো করছে। পঞ্চায়েত আইন করতে গিয়ে এটুকু আপনাকে একবার ভাবতে বলি যে আগেকার দিনের অবস্থা এখন আর গ্রামাঞ্চলে নেই। গ্রামাঞ্চলে উপর তলার লোকেরা যদিও কিছুটা করে নিতে পেরেছেন, নীচের তলার লোকেদের আজকালকার দিনে চাষাবাদ করা খুব শক্ত ব্যাপার। চাষবাস আজকাল টাকা পয়সার উপর নির্ভর করে। যাদের টাকা নেই তারা চাষ করবে কি করে? কারণ, চাষবাসে আজকালকার দিনে খানিকটা বিজ্ঞানের প্রয়োজন আছে, এটুকু বুঝতে হবে। বুদ্ধি ও পয়সা যারা খরচ করতে পারবে তারাই আজকাল চাষবাস করতে পারবে। যারা গরীব চাষী তারা চাষবাস করতেই পারছে না। গ্রামাঞ্চলে দুদিন বাদে জমি জলের দরে বিক্রি হয়ে যাবে, পাঞ্জাব ও হরিয়ানায় এই জিনিস হচ্ছে। পঞ্চায়েত আইনে আপনি সকলের মাইনে করে দেবেন ভাবছেন এটা কিভাবে আপনারা নেবেন আমি ঠিক বুঝতে পারছি না। আমি গ্রামের উইকার সেক্টরের কথা আগেই বলেছি—আগামী দিনে এই সি এম পি ও মূর্তি মারফৎ গ্রামাঞ্চলে আমরা বেকারী দূর করবো ইত্যাদি ইত্যাদি যে সমস্ত কথা বলছি সেগুলিতে আমাদের ধারণা পুরোপুরি হবে না। আমি যে কথা জানাতে চাচ্ছি সেটা হচ্ছে পঞ্চায়েত থেকে মোটামুটি গ্রামাঞ্চলের বেকার সমস্যা দূর করার জন্য কিছু সাজেসানস আপনার আইন মারফৎ আসুক। কিছু একটা স্কীম করে দিন সেই আইনকে কার্যকরী করার জন্য এবং তাদের জন্য কিছু ব্যবস্থা করুন। ইউনিয়ন বোর্ডের আমলে তবুও কিছু কিছু কাজ কর্ম, যেমন রাস্তাঘাট ইত্যাদি হত। কিন্তু এই ট্র্যানজিসন পিরিয়ডে গ্রামাঞ্চলের মানুষদের বেকার সমস্যার কথা ভাবতে হচ্ছে সবুজ বিপ্লবের মাধ্যমে ইত্যাদি ইত্যাদি। কিন্তু সবুজ বিপ্লবের মাধ্যমে আমরা কি দেখছি, গ্রামাঞ্চলে বেকারী বেড়ে যাচ্ছে, বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। গ্রামে সি. এম. পি. ও র মত কোন সংস্থা নেই। আপনার এই পঞ্চায়েত স্কীমের ভিতর দিয়ে, আইনের ভিতর দিয়ে অন্ততঃ পক্ষে এমন কিছু একটা বেরিয়ে আসুক যাতে করে গ্রামাঞ্চলে বেকারী দূর হতে পারে এবং এই সমস্যা দূর করার জন্য আপনার পঞ্চায়েত বিভাগ একটা প্ল্যান তৈরী করুক এবং সেই প্ল্যান অনুসারী কিছু কিছু উপর থেকে কার্যকরী করা হোক, এই দাবী আমি রেখে আপনার গ্রান্ট অনুমোদন করে বক্তব্য শেষ করছি।

**Shri Jyotirmoy Majumdar** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রীমহাশয় আজকে যে বাজেটের ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন আমি তার সমর্থনে এবং পরিপ্রেক্ষিতে আমার বক্তব্য রাখতে উঠে প্রথমে একটা জিনিস স্মরণ করতে চাই। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে সমগ্র বিশ্ব যখন দুটো চিন্তাধারায় বিশেষভাবে আলোড়িত হচ্ছে, সমগ্র বিশ্বের বেশ কিছু রাজনৈতিক ব্যক্তি রক্তাক্ত বিপ্লবের পথে কমুনিজম্ প্রতিষ্ঠার স্বপ্ন দেখছেন, যখন প্রোলেটারিয়ান ডিক্টেটরশিপের একটা অদম্য স্পৃহা সমগ্র বিশ্বে পরিলক্ষিত হচ্ছে, সেই সময়ে মহাত্মা গান্ধীকে জিজ্ঞাসা করা হয়েছিল সে সম্বন্ধে তাঁর মতামত কি। জাতির জনক তাঁর এক প্রার্থনান্তিক ভাষণে সমস্ত বিশ্ব যে এক রক্তাক্ত বিপ্লবের স্বপ্ন দেখছে সে সম্বন্ধে বলেছিলেন, আমি পূর্ণ স্বরাজ চাই। এই পূর্ণ স্বরাজ ব্যতীত কোন উন্নয়নই সম্ভব নয়। তাই তিনি পূর্ণ স্বরাজ প্রতিষ্ঠার দাবী করেছিলেন। তারই

পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার একটি আইন প্রণয়ন করেছিলেন। ১৯৫৯ সালে যখন এই পঞ্চায়েতের নির্বাচন হলো, তখন আমরা সেখানে কী দেখলাম? সর্ব প্রথমেই আমরা দেখলাম গ্রামের জোতদার ক্ষয়িষ্ণু জমিদার ও অন্যান্য vested interest-এর লোকেরা গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত, জেলা পঞ্চায়েত ইত্যাদির নেতৃত্বে এগিয়ে এলেন, গ্রাম অধ্যক্ষ হিসেবে, অঞ্চল প্রধান হিসেবে ও জেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে। সেই ক্ষয়িষ্ণু জমিদার ও জোতদার শ্রেণী নিজেদের সম্পত্তি দিনের পর দিন কমে যাওয়া সত্ত্বেও তাঁদের রক্তের মধ্যে যে শোষণের বীজ ছিল, সেটা তাঁরা ফেলতে পারলেন না। গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে, অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে আমরা যে পূর্ণ স্বরাজের স্বপ্ন দেখেছিলাম, তার পরিবর্তে আমরা শোষিত জনগণকে পুনরায় সেই জোতদার শ্রেণী ও vested interestদের অধীনে ফেলে দিলাম! তাই আশা করবো গ্রামবাংলাকে নতুন করে সাজানোর যে স্বপ্ন পঞ্চায়েতের ভারপ্রাপ্ত মন্ত্রী আজ দেখছেন, তাঁকে একটু সজাগ করে দিতে চাই আগামী দিনে who will be powerful? B. D. O., কিম্বা অঞ্চল প্রধান?

এখানে আর একটি বিষয় লক্ষণীয় বিষয় অঞ্চল প্রধান নিয়োগ করবার যে Reconstituted Bill আসছে তার মধ্যে একটা জিনিস সংযোজিত হওয়া প্রয়োজন, ৫ একরের উর্দ্ধে যার জায়গা জমি আছে তিনি অঞ্চল পঞ্চায়েতের নির্বাচনে যেন প্রতিদ্বন্দ্বিতা না করতে পারেন। এটা যদি না হয়, তাহলে আপনারা যে স্বপ্ন দেখছেন তা বাস্তবে কোনদিন রূপায়িত হবে না—একটা সোনার পাথর বাটি হয়ে থাকবে। এদিকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর চৌকিদার দফাদার যারা রয়েছে, তারাও মানুষ, তাদের মানুষের মর্য্যাদা দেওয়া হয় না। তারা রাত্রে রাস্তায় রাস্তায় ঘুরে জাগতে রহো, জাগতে রহো বলে চীৎকার করে ফেরে। সমাজ বিরোধী মানুষের সঙ্গে দ্বন্দ্ব করবার দায়িত্ব যাদের, চোর ডাকাতদের সঙ্গে দ্বন্দ্ব করবার দায়িত্ব যাদের, সেই সমস্ত মানুষকে মনুষ্যত্বের মর্য্যাদা দীর্ঘদিন ধরে সরকার দেন নাই। আজ জনপ্রিয় সরকার এই চৌকিদার ও দফাদারদের সেই মনুষ্যত্বের মর্য্যাদা দেবেন বলে আশা করি। এরা পুলিশের গালিগালাজ খেতে অভ্যস্ত, পুলিশের লাঠি জুতো ও চৌদ্দপুরুষ ধরে গালিগালাজ খাওয়া এদের অভ্যাস। এখন সেই ব্যক্তিগুলিকে সরকারী কর্মচারী হিসেবে গণ্য করুন। এই চৌকিদার ও দফাদারদের পূর্ণ মনুষ্যত্বের মর্য্যাদা দেওয়া হোক এটা আমি চাই। আর সমগ্র গ্রামের মানুষকে যদি আপনি পূর্ণ মর্য্যাদায় প্রতিষ্ঠিত করতে চান সেটাই যদি আপনার অভিপ্রায় হয়, তাহলে গ্রামের উন্নয়নমূলক সমস্ত কাজ তাদের অধিকারে, তাদের হাতে ছেড়ে দিন। এই পঞ্চায়েতের জন্য ট্রেনিং সেণ্টার যেটা খুলছেন তা কলকাতা ও কল্যাণীতে সহরের মধ্যে টেনে নিয়ে আসার সার্থকতা কি?

[11-40—11-50 a.m]

নূতন করে ট্রেনিং সেণ্টার খোলার দুটি প্রস্তাব মন্ত্রীমহাশয় রেখেছেন। আমি তাঁর কাছে দাবী রাখছি যেহেতু এটা গ্রামের ব্যাপার সেই হেতু এটা গ্রামে করা হোক। আপনি বর্ধমানে আমার কনষ্টিটিউয়েন্সিতে আসুন, আমি জমি ছেড়ে দিতে রাজী আছি নূতন ট্রেনিং সেণ্টার তৈরী করার জন্য। কারণ গ্রামের মধ্যে এটা তৈরী হোক এবং গ্রামের মানুষ সেখানে শিক্ষণপ্রাপ্ত হয়ে গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েতকে নূতন করে সঞ্জীবিত করুক। বন্দেমাতরম্—জয়হিন্দ।

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী পঞ্চায়েত খাতে যে ব্যয় বরাদ্দ চেয়েছেন সেটা আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে কিছু বক্তব্য রেখে

মাননীয় মন্ত্রী মহাশয়ের সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। শ্রদ্ধেয় স্বর্গত জাতির জনক মহাত্মা গান্ধী স্বপ্ন ছিল যে এই পঞ্চায়েত রাজের মাধ্যমে গ্রাম বাংলার উন্নতি সাধন করা। এই গ্রাম বাংলা শতকরা ৭০ থেকে ৮০ ভাগ লোক বাস করেন এবং এদের মধ্যে অধিকাংশই অশিক্ষিত। একটি নির্বাচিত প্রতিনিধি মণ্ডলীর দ্বারা প্রশাসন যন্ত্র চালিয়ে যাতে এই গ্রামের উন্নতি সাধন করা যায়, কি শিক্ষার দিকে, কি অর্থনৈতিক দিকে, কি সামাজিক দিকে সব দিকে যাতে উন্নতি লাভ করতে পারে যাতে প্রকৃত স্বরাজের স্বাদ তারা পেতে পারে তার জন্য তিনি এই পঞ্চায়েত রাজের স্বপ্ন দেখেছিলেন কিন্তু তাঁর এই আশা আকাঙ্খাকে আমরা বাস্তবে রূপায়িত করতে সক্ষম হই নি। তার অবশ্য বিভিন্ন কারণের মধ্যে দুটি কারণ প্রধান। একটি হচ্ছে এই অঞ্চল পঞ্চায়েতের আয় অত্যন্ত সীমিত। গ্রাম বাংলার জনসাধারণের মধ্যে অধিকাংশই গরীব, তাদের উপর কর ধার্য করে যে আয় হয় তা'র দ্বারা চৌকিদার ও দফাদার যাদের মাইনে যথাক্রমে ৫৫ টাকা ৬৫ টাকা তা দিতেই ফুরিয়ে যায়—অবশ্য অঞ্চল পঞ্চায়েত দেয় অর্দ্ধেক টাকা আর অর্দ্ধেক দেয় সরকার। তবে তাদের উপর যে দায় দায়িত্ব দেওয়া হয়েছে তা পালনের ব্যাপারে এই বেতনকে একটা বেতন বলে গণ্য করা যাবে না। এবং এই সীমিত অর্থের সাহায্যে অঞ্চল পঞ্চায়েতের চৌকিদার ও দফাদারদের মাইনে দিয়ে যা থাকে তাতে তারা অন্য কোন কাজই করতে পারে না। মন্ত্রী মহাশয় বলেছেন যে মাত্র ১৩০০ টাকা দেওয়া হয় লাম্প গ্রাণ্ট হিসাবে, গ্রাম পঞ্চায়েতের মধ্যে ভাগ করলে বুঝতেই পারছেন যে এই বিরাট বিকেন্দ্রীকরণ ব্যবস্থায় আমরা গ্রামের যে উন্নতি আশা করেছিলাম এই সীমিত অর্থে সেই কাজ করা কি সম্ভব হবে? তাই আজকে গ্রামের উন্নয়নমূলক কাজ সম্পন্ন হচ্ছে না। অপর দিকে এই যে প্রশাসন যন্ত্র—ব্লক লেভেলে যেসব সরকারী কর্মচারী রয়েছেন—আমরা ভাবছি হয়তো তারা গ্রামের লোকদের সঙ্গে মিলে মিশে কাজ করবেন, কিন্তু আসলে দেখছি সেই বৃটিশ আমলে যে রকম ছিল—একজন লাল পাগড়ীওয়ালা পুলিশ দেখলে যেমন ভয় পেতো সেই রকমই প্রভু ভৃত্য সম্পর্কই রয়ে গেছে। আমার ব্যক্তিগত অভিজ্ঞতায় আমি বলতে পারি যে ব্লক লেভেলে যে সব কর্মচারী আছেন তারা জনসাধারণের সঙ্গে প্রভু-দাস সম্পর্কই স্থাপন করেছেন। ব্লক ডেভেলপমেন্ট অফিসারদের একটি করে জীপ দেওয়া হয়েছে। কিন্তু গ্রাম বাংলায় কোন পাকা রাস্তা নাই—আসলে সেই জীপে করে বি. ডি. ও তার বৌকে নিয়ে সিনেমা দেখে, তারা সব তাস খেলে। গ্রামসেবিকা এবং মুখ্য গ্রামসেবিকার যে সব কাজ রয়েছে তা তারা মোটেই করে না। এবং গ্রামসেবক যেসব রয়েছেন তারা তাদের কোন কর্তব্যই পালন করেন না। এই সমস্ত কর্মচারীরা দুর্নীতিযুক্ত, সেখানে গ্রামের লোকরা গিয়ে তাদের খুঁজেই পায় না। অনেক সময় প্রধানরা গিয়েও তাদের সময় মত দেখতে পায় না। সোস্যাল এডুকেশন অফিসাররা শিক্ষার ব্যাপারে তাদের যেসব কর্তব্য করা দরকার তা তারা কোন দিনই করেন না। একজিকিউটিভ অফিসাররা অফিসকে কণ্ট্রোল করে না। এই যে সব দুর্নীতি রয়েছে তাকে মুক্ত করতে গেলে বর্তমানে যে নূতন আইন আসছে তাতে আমি প্রস্তাব রাখছি যে এই সমস্ত অঞ্চল প্রধানরা যাতে সরাসরী নির্বাচনের মাধ্যমে আসতে পারেন বা প্রত্যেকটি অংশে যাতে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে প্রতিনিধি এই সমস্ত প্রতিষ্ঠানে আসতে পারে তার ব্যবস্থা যেন করা হয়।

**শ্রীসুধীরচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় খুব কম। তাই আমি সামান্য কয়েকটি কথা বলতে চাই। পঞ্চায়েতগুলি আজ নিষ্ক্রিয় ও দুর্নীতিগ্রস্ত হয়ে কয়েক বছর ধরে পড়ে আছে, সেখানে একেবারে অচল অবস্থা হয়ে পড়েছে। তার জন্য জনসাধারণের যে গণতান্ত্রিক অধিকার সেই অধিকার থেকে বঞ্চিত হয়ে গ্রাম বাংলা আজ ছটফট করছে। আমরা চাই পঞ্চায়েত নির্বাচন আগামী ২৫শে ফেব্রুয়ারীর মধ্যে করতে হবে। এটা গ্রাম বাংলার দাবী। আমরা যেখানেই গেছি সকলেই এই কথা

বলেছেন যে পঞ্চায়েতের নির্বাচন যেন তাড়াতাড়ি করে করা হয় এবং আমি দাবী রাখছি আগামী ফেব্রুয়ারীর মধ্যেই যেন নির্বাচন হয় সেটা দেখবেন। বিলটি আনবেন বলে আশা দিচ্ছেন, বিলটি আসুক এবং আমরা সেটা দেখতে চাই। এই বিলটির কতটা কি পরিবর্তন করবেন সেটা তিনি চিন্তা করছেন, তাতে আমরা একমত হব এই আশা রাখছি। দীর্ঘদিন পঞ্চায়েত সম্পর্কে আমরা আলোচনা করে যেসব ত্রুটিবিচ্যুতি ছিল তা তুলে ধরেছি, মন্ত্রী মহাশয়ও সে সম্বন্ধে কিছু অবহিত আছেন। আমরা সকলেই প্রায় একমত হয়েছি, বিলটি সম্পর্কে বিশেষ কিছু অসুবিধা হবে না বলে মনে করি এবং আগামী বিধানসভায় তাড়াতাড়ি করে বিলটি এনে নির্বাচনের প্রস্তুতি দাবী করছি। ১২/১৪ বছর পর্যন্ত নির্বাচন হয়নি এই রকম পঞ্চায়েতও অনেক জায়গায় আছে, এই কথা আমি আজ উল্লেখ করলাম। আর একটি বিষয় তুলে ধরতে চাইছি, যেটা অনেকেই তুলে ধরেছেন। আমি বারে বারে বিধানসভায় খুব দৃঢ়তার সঙ্গে বলেছিলাম পুলিশ বাজেটের মধ্যে এটাকেও ধরা হোক—পুলিশের সঙ্গে চৌকিদার, দফাদাররা চলে যাক, পঞ্চায়েতের মধ্যে দ্বৈত শাসন রেখে এই রকম একটা গোলমাল আনা উচিত নয়। আইনে নিশ্চয় সেরকম ব্যবস্থা রাখবেন এবং সেরকম মতও হয়েছে শুনে আমি খুব আনন্দিত হয়েছি। কিন্তু তবুও আমি বলব এটা পুলিশ বিভাগে চলে যাক এবং তাহলে পঞ্চায়েত ২১৩.৪ হাজার টাকা উন্নয়নের জন্য খরচ করতে পারবে এবং সেখানে টাকা বাঁচবে, আর দ্বৈত শাসনও রদ হবে। খাজনার টাকার অংশও আমরা দাবী করছি। উড়িষ্যা, বিহার, পাঞ্জাব প্রভৃতি রাজ্য তারাও খাজনার টাকার অংশ দিয়ে দিয়েছে অনেক আগে থেকে এবং আমরাও সেটা এখন দাবী করছি। গ্রামপঞ্চায়েত গুলিকে টাকা না দিয়ে ঠুঁটো জগন্নাথ করে রাখা হয়েছে। টাকার অভাবে একেবারেই কিছু করতে পারছে না, অথচ দেখতে পাচ্ছি সহরগুলির জন্য টাকার বরাদ্দ অনেক বেশী করা হয়েছে। তাদের রাস্তা-ঘাট, জল ও বিদ্যুৎ ইত্যাদি সব কিছু ভাল হয়েছে, এখানে আমাদের মাননীয় সদস্যরা সেকথা তুলে ধরেছেন। আমরাও দেখতে পাচ্ছি সহরাঞ্চলের উন্নয়নের সঙ্গে গ্রামাঞ্চলের একেবারে আসমান জমিন তফাৎ হয়ে গেছে। তাই আমরা মনে করি খাজনার টাকার অংশ আলাদা করে দিতে হবে। পঞ্চায়েতকে বেশী টাকা দিলে অর্ধমৃত গ্রামগুলি আবার সঞ্জীবীত হয়ে উঠতে পাবে সেজন্য তাদের বেশী টাকা বরাদ্দ করে দেওয়া দরকার। আর একটি কথা হচ্ছে আগেকার আইনে সেক্রেটারীদের হাতে সরকারী কর্মচারী হিসাবে অনেক খানি ক্ষমতা রেখে দেওয়া হয়েছিল, বি ডি, ওর হাতে বাজেট পাশ করবার ক্ষমতা ছিল। আমরা বারে বারে বলেছিলাম গণতান্ত্রিক অধিকার দিতে হলে নিশ্চয় জনতার হাতে নির্বাচন ছেড়ে দিয়ে যারা নিয়ে যারা নির্বাচিত হবেন তাহাদের হাতে পূর্ণ দায়িত্ব দিতে হবে। এই কথা আজকে জোর করে বলে যাচ্ছি যে সেখানে কোনরকম ক্ষমতা সরকারী কর্মচারীদের হাতে থাকবে না। আমি জেলা বোর্ডে যখন ছিলাম তখন দেখেছি সরকারী কর্মচারীদের হাতে কোন ক্ষমতা ছিল না, নির্বাচিত সদস্যরা সেটা ভাল করেই জানতে পেরেছিলেন। সেক্রেটারীদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করে রাখার কথা—আশা করি সরকার আমাদের এই দাবী মেনে নেবেন। আমি মনোনয়ন সম্পর্কে একটি কথা বলছি। মনোনয়ন যেন না থাকে—নির্বাচনের মাধ্যমে যে গণতান্ত্রিক অধিকার রক্ষা করবার চেষ্টা আমরা করছি এবং যে গণতান্ত্রিক অধিকারকে আমরা মেনে নিয়েছি এবং যাকে নিয়ে আমরা কাজ করবো ঠিক করেছি, সেখানে মনোনয়ন আসবে কেন? সেখানে মনোনয়ন গণতন্ত্রে কখনই থাকতে পারে না। যদি কোন ক্ষেত্রে আপত্তি করবার খুব বিশেষ প্রয়োজন হয় সেই ক্ষেত্রেও আমরা এই কথা বলবো যে মনোনয়ন থাকবে না। এইটা আমরা বারে বারে দাবী রাখবো যে মনোনয়ন বাদ দিয়ে গণতান্ত্রিক পথে পঞ্চায়েত প্রতিষ্ঠিত হোক। সিলেক্ট কমিটির কাছে যত তাড়াতাড়ি পঞ্চায়েত আইন আনতে পারেন সেই ব্যবস্থা করুন এবং তারা যদি তাড়াতাড়ি করে বিবেচনা করে খুঁটিনাটি দেখেশুনে কিছু করতে পারেন তাহলে হয়ত কিছুটা ফল ভাল হয়ে যেতে পারে। সেই জন্য আমি সিলেক্ট কমিটির কাছে পাঠানোর দাবী রাখছি।

[11-50—12-00 noon]

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিষ্ঠার সঙ্গে মাননীয় সদস্যরা যে নির্দেশ দিয়েছেন, যে বিশ্লেষণ রেখেছেন তা শুনেছি। আমি শহরের মানুষ, আমি কলকাতা থেকে নির্বাচিত হয়েছি, তাই আমার উপর যখন পঞ্চায়েতের দায়িত্ব দেওয়া হল সহজাতভাবেই আমি কিছুটা ভীত হয়েছিলাম। তাই সুদীর্ঘ দেড় মাস ধরে বিভিন্ন district-এ যারা পঞ্চায়েতে অভিজ্ঞ তাদের সাহায্য প্রার্থনা করেছিলাম এবং তাদের সাহায্য পেয়েছিলাম। আমরা পরপর শ্রদ্ধেয় M.L.A.দের সঙ্গে মিলেছি, আলোচনা করেছি, বুঝবার চেষ্টা করেছি পঞ্চায়েত রাজ। কেননা এই পঞ্চায়েত রাজ কথাটা সত্যিকারের মনের মধ্যে একটা উত্তেজনা সৃষ্টি করত। কারণ পঞ্চায়েত-এর সঙ্গে জাতির জনকের একটা ইঙ্গিত জড়িত ছিল। তাই পঞ্চায়েত রাজের কথা পড়তাম দেখতাম তখন ভাবতাম পঞ্চায়েত আমার বুঝতে হবে। আমরা ৪০ জন M.L.A. মিলে আলোচনা করার জন্য ২।৩ দিন বসেছি, আমার সৌভাগ্য যে এই আলোচনায় ৪।৫ জন Cabinet মন্ত্রী আমাদের সহযোগিতা করেছেন। তারা আলোচনায় যোগদান করে আমার পাশে দাঁড়িয়েছিলেন। এদের সাহায্যে এই পঞ্চায়েত বিলটি draft করেছি। আমি একথা বলবো, যে বিলটি আনতে চলেছি, যেভাবে চেয়েছিলাম সব হয়ত করা সম্ভব হবে না। একটা কারণে হবেনা, সেটা হচ্ছে অর্থ। মাননীয় সদস্যরা, আপনারা যখন যে খাতে আলোচনা করেছেন, বারবার বলেছেন এই খাতে এত কম অর্থ হলে চলবে না। আপনারা জানেন যে কত limited finance আপনাদের হাতে আছে। আপনারা দেখেছেন প্রায় ১০ কোটি টাকা ঘাটতি হচ্ছে। তবুও আমি আপনাদের কাছে বলবো, যে বিল আমরা Cabinet-এর সামনে তুলে ধরেছি, সেখানে যে সদস্যরা এই বিলটাকে আনার জন্য সাহায্য করেছিলেন তাদের কথা স্মরণ করে এটা করেছি। এখানে আলোচনা প্রসঙ্গে মাননীয় সদস্যরা অনেকগুলি গুরুত্বপূর্ণ কথা বলেছেন তার জবাব দেওয়ার প্রয়োজন বোধ হয় আছে। প্রথম কথা হচ্ছে, এই যে দফাদার এবং চৌকিদার সম্বন্ধে বলা হয়েছে যে ৩২·৫০ টাকা, আর ২৭·৫০ টাকা। এটা কিন্তু ঠিক কথা নয়। সরকার এই টাকা দেয় আর বাকী টাকা তারা পঞ্চায়েতের কাছ থেকে সমানভাবে পায়। ৩২·৫০ টাকা সরকার দেয় সেই দফাদার আশা করে আর একটি ৩২·৫০ টাকা সে পঞ্চায়েতের কাছ থেকে পাবে। যে চৌকিদাররা ২৭·৫০ টাকা সরকারের কাছ থেকে পায়, একটা matching grant এবং equal amount আর ২৭·৫০ টাকা তারা পঞ্চায়েতের কাছ থেকে পাবে। আপনারা যে বিলটি আনবার কথা ভেবেছেন নিশ্চয়ই আজকে দফাদার চৌকিদার এদের কথা আলোচনা হয়েছে। সেখানে আমি একথা বলবো যে আমরা ভিতরে ভিতরে উত্তেজিত হই, একটা জিনিষ চাই, একটা জিনিষ দেখলে আমরা খুশী হই। কিন্তু সব সময় সেটা করা সম্ভব হয়না। প্রতিবন্ধক হয়ে দাঁড়ায় অর্থ। আজকে মাননীয় সদস্য কানাই ভৌমিক মহাশয়, নাসিরুদ্দিন খাঁন সাহেব আমার অন্যতম সদস্য ভবানী প্রসাদ সিংহ রায় মহাশয় যে কথা বলেছেন এবং আমাদের বাকী ভাইয়েরা, এবং মাননীয় সদস্যরা যে কথা বলেছেন সেসব কথার কিছু কিছু উত্তর দেবার প্রয়োজন আছে।

মাননীয় সদস্য জ্যোতির্ময় মজুমদার মহাশয় বলেছেন যে আগামী নির্বাচনে আমাদের এমন আইনের প্রবর্তন করা দরকার যেখানে ৫ একর এর বেশী যার জমি থাকবে সে এই নির্বাচনে প্রার্থী হতে পারবেন না। আমি শ্রদ্ধেয় জ্যোতির্ময় মজুমদার মহাশয়কে এই কথা বলব যে সংবিধান-এ এই রকম কোন নির্দেশ নাই, আপনার সংবিধান বলে না যে অর্থের উপর নির্ভর করছে একজন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে কি পারবে না। সংবিধানের আপনারা পরিবর্তন করিলে নিশ্চয়ই এই বিষয়ে আলোচনা হতে পারে। নাসিরুদ্দীন ভাই বললেন যে গন্ধীজি এক সময় নির্দেশ দিয়েছিলেন যে কোন লোক সব চেয়ে নিম্ন যে বেতন তার ১০ গুনের বেশী বেতন পাবে না। আমি নাসিরুদ্দীন

ভাইকে বলব জাতির জনককে এই ছোট্ট জিনিসের ভিতর আনবেন না। তিনি আমাদের কাছে অনেক অনেক বড় নির্দেশ দিয়ে গিয়েছেন, আসুন আমরা সবাই মিলে সেই নির্দেশকে সামনে রেখে দেশের সেবা করি। যে কথা আপনি জানিয়েছেন সেকথা নিশ্চয়ই তার মধ্যে আসবে। যেদিন আমরা জাতির জনককে অন্তর থেকে গ্রহণ করতে পারব সেদিন আর এই জিনিস উল্লেখ করতে হবে না। আজ শ্রদ্ধেয় সদস্য অজিত বসু মহাশয়, যে কথা জানিয়েছেন নিশ্চয়ই সে কথা আমরা মনে রাখব। তিনি যে উপদেশ দিয়েছেন সে উপদেশ গ্রহণযোগ্য, কারণ আমরা যেভাবে চাই সব সময় হয়ত তা করা সম্ভব হয় না। লাল আলোর ইঙ্গিত পেয়েছি, আমি মাননীয় অধ্যক্ষকে মনে প্রাণে মানতে চাই, তাই আপনাদের আবার অনুরোধ করবো এই ৩,৪৩,৫১,০০০ টাকার গ্রান্ট নম্বর নং ৪৪ যেটা আপনার সামনে আমি উত্থাপন করেছি দয়া করে এইটা অনুমোদন করবেন। আর একটা কথা যে কথা আমার একজন সদস্য ভাই জানিয়েছেন সেটা বলব যে এই কমিটিগুলির কোনটাই কলকাতা শহরের কমিটি নয়, একটা কমিটি আছে মুর্শিদাবাদে, একটা কমিটি আছে কল্যাণীতে আর একটা কমিটি আছে কুচবিহারে। আগামী যে দুটি কমিটি হবে সেই দুটিও কলকাতা বা কোন বড় শহরে হবে না এই কথা আমি নিশ্চিত করে বলতে পারি।

The motion of Shri Prafulla Kanti Ghosh that a sum of Rs. 3,43,51,000 be granted for expenditure under Grant No. 44, Major Head : "71 –Miscellaneous – Panchayats", was then put and agreed to.

[12-00—12-10 p m.]

DEMAND FOR GRANT NO. 35

Major Heads : 51-A—Greater Calcutta Development Scheme and 106-A—Capital Outlay on Greater Calcutta Development Scheme.

**Shri Sankar Ghosh** . Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,78,80,000 be granted for expenditure under Grant No. 35, Major Heads : "51-A—Greater Calcutta Development Scheme "and" 106-A—Capital Outlay on Greater Calcutta Deveolpment Scheme".

( This is inclusive of Rs. 2,26,27,000 already Voted on account in March, 1972. )

মাননীয় স্পীকার মহাশয়, সি, এম, ডি, এ এলাকায় যে কাজ হচ্ছে সেই কাজটি বিশেষ গুরুত্বপূর্ণ। সি, এম, ডি, এ এলাকায় ৮৫ লক্ষ লোক বাস করে। সি, এম, ডি, এ এলাকাটা কেবল কলকাতা নয়, এটা কলকাতা, হাওড়া, হুগলী এবং ২৪-পরগণার অংশ নিয়ে যে বৃহত্তর কলকাতা সেই এলাকা। এই সমস্ত অঞ্চলে উন্নতির কাজ হয়নি বহু বছর, স্বাধীনতার পরে ২৫ বছর এই সমস্ত জায়গার উন্নয়নের জন্য কোন কাজ হয়নি। এই সমস্যা দেখা দিয়েছিল ন্যাশন্যাল ডেভোলাপমেন্ট কাউন্সিলের মিটিংএ। সেভেনটিনথ ন্যাশন্যাল ডেভোলাপমেন্ট কাউন্সিলের মিটিংএ পণ্ডিত জওহরলাল নেহেরু এই বিষয়ে বলেছিলেন যে এই এলাকার উন্নয়ন করতেই হবে। তিনি সেভেনটিনথ ন্যাশন্যাল ডেভোলাপমেন্ট কাউন্সিলের মিটিংএ বলেছিলেন, **Calcutta is the biggest city in the country.**

Its problems are national problems. But quite apart from the problem of West Bengal it is necessary that something special should be done.

ডাঃ বিধান চন্দ্র রায়ের স্বপ্ন ছিল যে এই এলাকার উন্নয়ন করবেন, অবশ্য এরজন্য যে একটা বিশেষ পরিকল্পনা সেটা তাঁর জীবদ্দশায় তিনি দেখে যেতে পারেন নি। তবে পণ্ডিত নেহরু যেকথা বলেছিলেন তারপর থার্ড প্ল্যানের মধ্যে ন্যাশন্যাল প্ল্যানিং কমিশন ১০ কোটি টাকা বরাদ্দ করেন। এর পরে এই কলকাতার উন্নয়নের কাজ আরম্ভ হয়। কিন্তু এই সি. এম, ডি, এ-র যে কাজ হচ্ছে এই কাজের বেশিরভাগ টাকা আমাদের ষ্টেট প্ল্যান থেকে আসছে না। এই টাকার অনেকটাই কেন্দ্র থেকে আসছে। আমাদের সি, এম, ডি, এ এলাকায় ৮৫ লক্ষ লোক রয়েছে। পশ্চিমবাংলার জনসংখ্যার প্রায় ১৬ শতাংশ লোক। আমাদের যে ষ্টেট প্লান রয়েছে সেই প্ল্যান হচ্ছে ৩২২ কোটি টাকার প্ল্যান। এই ৩২২ কোটি টাকার ভিতরে ৭৩ কোটি টাকা সি. এম. ডি. এ-র জন্য বরাদ্দ করা হয়েছে। আর এই বছর এই ষ্টেট প্ল্যান-এর ৭৬ কোটি টাকা খরচ হচ্ছে। তার ভিতর থেকে সি,এম,ডি, এর জন্য সাড়ে ৮ কোটি টাকা বরাদ্দ হয়েছে। বেশিরভাগ টাকাই স্টেট প্ল্যানের বাইরে থেকে আসছে। কেন্দ্র থেকে বেশ কিছু টাকা আসছে। পাঁচ কোটি টাকা কেন্দ্র দিচ্ছে বস্তী উন্নয়নের জন্য। আরও পাঁচ কোটি টাকা কেন্দ্র দিচ্ছে ধার হিসাবে। আমরা ১২ কোটি টাকা সি, এম, ডি, এ-র জন্য বাজার থেকে তুলে নিচ্ছি। আরও পাঁচ কোটি টাকা আমরা আশা করি অবট্রয় থেকে আসবে। সুতরাং মোট প্রয়োজনীয় টাকার প্রায় ৩৫ কোটি টাকার মতন একটা বন্দোবস্ত হয়েছে। কিন্তু এই বছর সি,এম,ডি, এ-র পরিকল্পনা প্রায় ৫০ কোটি টাকার মত। বেশি টাকাটা আমাদের জোগাড় করতে হবে। তারজন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। তবে সি, এম, ডি, এ-র যে উন্নয়ন প্রচেষ্টা সেটা শুধু কলকাতার উন্নয়ন নয় সেটা কেবল একটা রাজ্যের উন্নয়ন প্রচেষ্টা নয়। কলকাতা একটা মহানগরী এবং তাতে যে ব্যবসা বাণিজ্য রয়েছে সেটা কেবল কলকাতার জন্য নয় সেটা সমগ্র পূর্বাঞ্চলের এবং এই উন্নয়ন প্রয়াসও সমগ্র পূর্বাঞ্চলের উন্নয়নের জন্য। কলকাতার উন্নয়ন বিশেষ দরকার। এখানে বিহার, উড়িষ্যা, আসাম, উত্তরপ্রদেশের কিছু অংশ এই বিরাট এলাকার লোকেরা কলকাতার ভিতর দিয়ে সমস্ত ব্যবসা বাণিজ্য চালাচ্ছেন। সুতরাং এই নগরীর উন্নয়ন এই সমস্ত এলাকার সুবিধায় লাগবে। সেইজন্য সি, এম, ডি, এ-র যে কাজ হচ্ছে সেটাকে ডেভেলাপমেন্ট প্রোগ্রামও বলা যায় আবার সেটাকে রেসকিউ প্রোগ্রামও বলা যায়। কারণ কোন কাজই হয়নি। শহরটা প্রায় ধ্বংসের মুখে এসে গিয়েছিল। তবে সেই উন্নয়ন ও উদ্ধারের কাজ আরম্ভ হয়েছে এবং তারজন্য আমাদের যাবতীয় ব্যবস্থা নিতে হবে। এই কয়েকটি কথা বলে আমি যে লিখিত বক্তব্য এনেছি সেটা অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে পড়ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুদীর্ঘ ৫৩২.৮৭ বর্গমাইল বিস্তৃত ও ৮৫ লক্ষ জনগণ অধ্যুষিত বিশাল কলকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট নগর জীবনের প্রতিটি ক্ষেত্রে গুরুতর সমস্যার সম্মুখীন। জল সরবরাহ, ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী, বাসগৃহ, যানবাহন ও পথ চলাচল, শিক্ষা ও স্বাস্থ্য ইত্যাদি সমস্ত ক্ষেত্রেই। এই সহরের ন্যূনতম প্রয়োজন মেটাবার ব্যবস্থা ও সেগুলির উন্নতি ও পুনরুজ্জীবনের প্রতি বছরের পর বছর নিদারুণ অবহেলার ফলে মহানগরের সমস্যা খুব গুরুতর হয়ে দাঁড়ায় এবং মহানগরের বিরাট ক্ষতি হয়।

এই ক্ষতি ও ধ্বংসের হাত থেকে সহরের জন-জীবনকে বাঁচাবার উদ্দেশ্যে কলিকাতা মহানগর উন্নয়ন পরিকল্পনা সংস্থা (সি.এম.পি.ও.) ১৯৬৯-৭০ সালে কতকগুলি প্রয়োজনীয় পরিকল্পনা রচনা করে। সেই সঙ্গে উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু ও দ্রুত রূপায়ণের জন্য একটি যোগ্য প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তাও

অনুভূত হয়েছিল। এই প্রয়োজন মেটাতে ১৯৭০ সালে রাষ্ট্রপতির আদেশানুযায়ী কলিকাতা মহানগর উন্নয়ন পর্ষৎ ( সি. এম. ডি. এ ) আইন বলবৎ হয় এবং একটি স্বতন্ত্র সংস্থা গঠিত হয়।

উক্ত আইনানুসারে এই সংস্থা কলিকাতা মহানগর উন্নয়ন তহবিলের সুষ্ঠু বিনিয়োগের ব্যবস্থা করবে, বাজারে ঋণপত্র ছাড়বে, চুংগী-কর-প্রাপ্ত অর্থের কিছু অংশ গ্রহণ ও অন্যান্য সূত্রের সাহায্যে এই তহবিলের জন্য অর্থ সংগ্রহ করবে। উন্নয়নের জন্য প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করা ছাড়াও পরিকল্পনা রূপায়ণের জন্য উপযুক্ত প্রতিষ্ঠান স্থির করে তাঁদের মধ্যে কাজ ভাগ করে দেওয়া এবং সেই প্রতিষ্ঠানগুলির সংযোগসূত্র স্থাপনের ভারও কর্তৃপক্ষের উপর ন্যস্ত। এই কর্তৃপক্ষ কলিকাতা মহানগর উন্নয়ন পরিকল্পনা সংস্থার সঙ্গে ঘনিষ্ঠ সংযোগ রক্ষা করে চলেছে।

বৃহত্তর কলিকাতা মহানগরী ( কলিকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট ) সম্পর্কিত প্রারম্ভিক উন্নয়ন পরিকল্পনায় ( দি বেসিক ডেভেলপমেণ্ট প্ল্যান ) কলিকাতা সহরে এবং হাওড়া ও বালী পৌর এলাকার বস্তীগুলোর উন্নয়নের কথা বলা হয়েছিল। বস্তী উন্নয়নের কর্মসূচীর কারণগুলির বিস্তৃত বর্ণনার প্রয়োজন নাই। জন-স্বাস্থ্য, জন-কল্যাণ এবং বস্তুতঃ মানবতার খাতিরে বস্তীবাসীদের জীবনযাত্রার মান উন্নত করার প্রয়োজন আছে। পরীক্ষামূলকভাবে ১৯৬৮-৬৯ সালে পীলখানা বস্তীতে একটি বস্তী-উন্নয়ন প্রকল্প আরম্ভ করা হয়েছিল এবং সি এম ডি. এ. প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে সেই আরব্ধ কর্ম হাওড়া উন্নয়ন সংস্থার ( এইচ. আই. টি. ) হাতে অর্পণ করা হয়েছিল। বিশাল বস্তী উন্নয়ন প্রকল্প কর্মসূচী যাতে কার্যকরী করা সুরু হয় তা কেন্দ্রীয় সরকার চেয়েছিলেন। ১৯৭০ সালের অক্টোবরে কেন্দ্রীয় সরকার চতুর্থ যোজনার বাকী সময়ে এই প্রকল্প কার্যকরী করার জন্য সাহায্য দেবার কথা ঘোষণা করেন।

এই কর্মসূচীর প্রথম কাজ ছিল বিভিন্ন বস্তী-পুঞ্জের আকৃতি এবং স্বরূপ নির্ণয়ের জন্য সমীক্ষা চালানো এবং সেবামূলক কাজের অভাব ও তার উন্নতির উপায় উদ্ভাবন করে প্রকল্প রচনা করা। প্রতি বস্তী-পুঞ্জের জন্য একটি স্বতন্ত্র সমীক্ষা ও প্রকল্প বিবরণী তৈরী করা হয়েছিল। এই সমস্ত প্রকল্প কিছু কিছু রূপায়িত হয়েছে। অনেক বস্তীতে রাস্তা তৈয়ারী করা হয়েছে এবং পায়খানা নির্মাণ করা হয়েছে।

বস্তীর শিশুদের মঙ্গলের জন্য নানাবিধ ব্যবস্থা নেওয়া হয়েছে। কলিকাতা সহরে ৯৪টি বিতরণ কেন্দ্র থেকে প্রায় ২২ হাজার শিশুকে রুটি বিতরণ করা হয়, আর ১৬টি কেন্দ্র থেকে ২'০০ শিশুকে দুগ্ধ বিতরণ করা হয়। সি এম. ডি. এ. বস্তী প্রকল্প অনুযায়ী হাওড়া, হুগলী ও ২৪-পরগণার ৬৩টি বিতরণ কেন্দ্র থেকে ১৯,০০০ শিশুকে রুটি বিতরণ করা হয়।

সি. এম. ডি. এ.-এর বিভিন্ন পরিকল্পনা অনুযায়ী ৩৪টি প্রাথমিক বিদ্যালয় এখন নির্মিত হচ্ছে। ২৩টি তৈরী করেছেন কলিকাতা পৌর নিগম। নির্মাণ পর্ষৎ ( কনষ্ট্রাকশন বোর্ড ) ৯টি তৈরী করেছেন। তার মধ্যে একটি হবে হাওড়ায়, একটি হুগলীতে আর বাকি গুলি কলিকাতায়। সি. এম. ডি. এ. তৈরী করছেন দুটি—একটি হাওড়ায় অন্যটি বেহালায়।

[12-10—12-20 p m ]

হাসপাতালের ক্ষেত্রে শয্যা বৃদ্ধি ও গৃহ নির্মাণের জন্য বিভিন্ন প্রকল্প মঞ্জুর করা হয়েছে। কল্যাণীর জহরলাল নেহেরু স্মৃতি হাসপাতালে ১৯০টি শয্যা সংযুক্ত হয়েছে ও হাওড়ার টি. এল. ডি. জি. হাসপাতালে ২৬০টি শয্যা সংযোগের কাজ শীঘ্র সমাপ্ত হবে।

সি. এম. ডি. এ.-র কার্যক্রম অনুসারে ১২৮টি প্রকল্প ৫২টি সংস্থার দ্বারা রূপায়িত হচ্ছে। তার মধ্যে ১০টি সরকারী সংস্থা, ৮টি বিধিবদ্ধ সরকারী সংস্থা যার মধ্যে আছে সি. আই. টি, এইচ. আই. টি, সি. এম. ডব্লিউ. এস. এ. প্রভৃতি এবং অবশিষ্টগুলির মধ্যে আছে কলিকাতা পৌরসংস্থা, হাওড়া পৌরসংস্থা এবং কলিকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্ট অন্তর্ভুক্ত অন্যান্য সহর ও সহরতলী পৌরসংস্থা ও জেলা পরিষদ সমূহ।

এখনকার চলতি প্রকল্পগুলি হলো :— ২৪টি প্রকল্প যার মধ্যে রয়েছে গার্ডেন রীচে, হাওড়ায়, বরাহনগরে, কামারহাটিতে নূতন জল সরবরাহ প্রকল্প। এই প্রকল্পগুলো রূপায়িত হলে দৈনিক মাথাপিছু ৬০ গ্যালন জল কলকাতায় এবং ৪০ গ্যালন জল অন্যত্র সরবরাহ করা হবে। এই সমস্তই কলিকাতা মহানগর উন্নয়ন পরিকল্পনা সংস্থার জলসরবরাহের "মাষ্টার প্ল্যান-এ" পরিকল্পিত।

—৫৫টি প্রকল্প আছে যাদের উদ্দেশ্য হলো অবরুদ্ধ নিষ্কাশন পথগুলির পুনর্গতি সঞ্চার—যেমন বাগজোলা টালীগঞ্জের নালা, কেষ্টপুরের খাল ইত্যাদি এবং পয়ঃপ্রণালীর বিস্তৃতি সাধন করা।

—৯টি প্রকল্পের মাধ্যমে উন্নততর আবর্জনা দূরীকরণ এবং ময়লা নিষ্কাশনের ব্যবস্থা করা হচ্ছে।

—২৫টি প্রকল্পের মাধ্যমে রাজা সুবোধ মল্লিক রোড এবং প্রিন্স আনোয়ার শাহ রোড ইত্যাদি সম্প্রসারিত হয়ে যানবাহন চলাচলের সুযোগ বাড়ানো হচ্ছে।

—সহরের ৩০০টি বস্তীর পারিপার্শিক অবস্থার উন্নতির মাধ্যমে বস্তীবাসীদের অবস্থা উন্নয়ন প্রকল্প রয়েছে।

১৯৪৪ সালে দৈনিক জল সরবরাহ সহরে সহরে ছিল ৭১০ লক্ষ গ্যালন। তারপর থেকে ১৯৭১-এর সেপ্টেম্বরে প্রধানমন্ত্রী কর্তৃক দৈনিক ৬০০ লক্ষ গ্যালন জল সরবরাহ প্রকল্পটি উদ্বোধনের পূর্ব পর্যন্ত অবস্থার কোনই পরিবর্তন হয় নি। পরিপূরক কেন্দ্র স্থাপিত হচ্ছে রাজা সুবোধ মল্লিক স্কোয়ার ও অকল্যাণ্ড স্কোয়ারে যাতে অতিরিক্ত জল সরবরাহের সুসম বন্টন সম্ভব হয়। বর্তমান বন্টনের কাঠামোরও পুনর্বিন্যাস করা হচ্ছে। টালিগঞ্জে অনুমোদিত ৪৫টি গভীর নলকূপের মধ্যে ২৫টি খনন সমাপ্ত। মহানগরী ছাড়া অন্যত্র, যেমন বাঁশবেরিয়া, কোন্নগর, চাঁপদানি, বালি প্রভৃতি পৌর এলাকায়ও জল সরবরাহ বৃদ্ধির কাজ হাতে নেওয়া হয়েছে। শহরগুলির প্রান্তসীমায় অবস্থিত কতকগুলি এলাকায় কাজ সুরু হয়ে গেছে।

পয়ঃপ্রণালী সম্পর্কিত কর্মসূচী হচ্ছে এক চতুর্মুখী প্রচেষ্টা। নর্দ্দমা সম্প্রসারিত করা, পাম্পিং কেন্দ্রগুলির ক্ষমতা বাড়ানো, ভূমি নিম্নস্থ ও উপরিস্থ বৃষ্টির জল সংগ্রহের বর্তমান কাঠামোরও সম্প্রসারণ এবং এই জলের অন্ততঃ একটি অংশ হুগলী নদীতে বইয়ে দেওয়া। নর্দ্দমা ও ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী সম্পর্কিত মোট ৫৫টি প্রকল্পের মধ্যে ১২টি হচ্ছে নর্দ্দমার সম্প্রসারণ ও নিষ্কাশনের উন্নয়ন, ৫টি হচ্ছে পাম্পিং কেন্দ্রের ক্ষমতা পরিবর্দ্ধন, ১০টি হচ্ছে বর্তমানে কাঠামোর প্রসার এবং ৪টি হচ্ছে নর্দ্দমার জল হুগলী নদীতে বইয়ে দেওয়ার। অন্যান্য প্রকল্পগুলি মহানগরীর অন্যত্র পয়ঃপ্রণালীর সংরক্ষণ ও সম্প্রসারণ সম্পর্কিত।

কলকাতা এবং হাওড়াতেই শুধু নর্দমা প্রকল্পগুলি সীমাবদ্ধ নেই। নিষ্কাশনের উন্নয়নের জন্য 'মাষ্টার প্ল্যান' সমগ্র মহানগরীকে কয়েকটি অঞ্চলে বিভক্ত করে জমা ময়লা নদীতে ফেলার প্রকল্প রচনা করেছে। হুগলী নদীর পশ্চিম পাড়ে কোন্নগর, উত্তরপাড়া প্রভৃতি আর পূর্ব পাড়ে কল্যাণী বাগজোলা ইছাপুর, মানিখালি প্রভৃতিতে বৃষ্টির জল নদী পথে প্রবাহিত করার কাজ চলছে। জল নিকাশী নর্দমার উন্নয়ন যাতে সম্ভব হয় তার জন্য অন্যত্রও সহায়তা করা হচ্ছে। ১৯৭২ সালে সর্বাধিক ক্ষতিগ্রস্ত এলাকাগুলির অন্ততঃ কয়েকটিতে পরস্পর সম্পর্কযুক্ত কার্যক্রমের সুষ্ঠু রূপায়ণের জন্য উপরোক্ত কর্মসূচীর সমন্বয় সাধন করা হচ্ছে।

এই কলকাতা শহরের মাত্র অর্ধাংশে ময়লা জল নিষ্কাশনের ব্যবস্থা আছে। পাতিপুকুর আর কাশীপুরে ময়লা জল নিষ্কাশনের কর্মসূচী আজ রূপায়ণের পথে। টালিগঞ্জের জন্যও একটি অখণ্ড পয়ঃপ্রণালীর প্রকল্প রচিত হয়েছে। হাওড়াতেও এই প্রথম এমনি ব্যাপক জল নিষ্কাশনের প্রকল্প সার্থকতার পথে। হাওড়ায় দৈনিক এক কোটি গ্যালন ময়লা পরিশোধনের ক্ষমতা বিশিষ্ট একটি যন্ত্র স্থাপনের প্রথম পর্ব আজ সমাপ্তির মুখে। অন্যত্রও এই সম্পর্কে আঞ্চলিক উন্নয়ন কর্মসূচী গৃহীত হয়েছে, যেমন শ্রীরামপুর, চন্দননগর ও হুগলী-চুঁচুড়ায়। এমনি একটি আঞ্চলিক প্রকল্প দমদম এলাকাতেও গৃহীত হয়েছে।

আবর্জনা অপসারণের জন্য অর্থ সাহায্য এখন দেওয়া হচ্ছে কলকাতা ও হাওড়া পৌর নিগম ছাড়া সি. এম. ডি. এলাকার জন্য ৩৪টি পৌর সংস্থাকেও।

এটি অবশ্যই আনন্দদায়ক যে এই শহরের যানবাহন ও পথঘাট সংক্রান্ত ভয়ঙ্কর সমস্যার মোকাবিলায় কতগুলি সার্থক পদক্ষেপ নেওয়া হয়েছে। দ্বিতীয় হুগলী নদী সেতু আজ জন্ম নিচ্ছে। ঠিক সময়মতই চেতলার সেতু আজ নির্মীয়মান। বালীগঞ্জ-কসবা ওভারব্রীজের কাজ সুরু হয়েছে। এই ওভারব্রীজ প্রত্যক্ষ সংযোগ রচনা করবে প্রকল্পিত মহানগরীর পূর্বপ্রান্তীয় বাইপাসের সঙ্গে। হাওড়ায় বাস ষ্ট্যাণ্ড পথ সংক্রান্ত উন্নয়নের পথে আর একটি পদক্ষেপ। খুব অল্পদিনের মধ্যেই কলকাতা হতে বর্তমান হাওড়া ব্রীজের প্রবেশ পথ পুনর্বিন্যস্ত হচ্ছে এবং বাকলাণ্ড ব্রীজ পুনঃনির্মাণ সুরু হচ্ছে।

বস্তি উন্নয়নের কাজ চলছে। কলকাতা শহর ও হাওড়া, রিষড়া চাঁপদানি, বরাহনগর ও কামারহাটিতে যেখানে বস্তিগুলি ঘনবদ্ধ সেই সমস্ত এলাকার বসিন্দারা এর দ্বারা উপকৃত হবে।

কলকাতা ও সমস্ত সি. এম. ডি. এলাকার প্রয়োজনের শেষ নেই। একথা সত্য যে কলকাতার অসংখ্য জটিল সমস্যা সমাধানের কোনো সহজ পথ নেই। তবু আমরা বলতে পারি যে একটা পরিবর্তনের উদ্যোগ গৃহীত হয়েছে এবং যদি আমরা এই বেগের মাত্রা বজায় রাখতে পারি তাহলে সি. এম. ডি. এলাকায় প্রভূত উন্নতি হবে। এটাও আশা করা যায় যে এই রাজ্যের শিল্পের বনিয়াদ এই বিশাল উন্নয়নের কর্মসূচীর দ্বারা দৃঢ় হবে।

**Shri George Albert Wilson-Deroze :** On a point of order, Sir. With reference to the master plan, the Hon'ble Minister has mentioned in course of his speech...... ...

**Mr. Speaker :** Mr. Deroze, you please sit down. There is **no point of order.**

**Shri George Albert Wilson-Deroze** : The Minister has mentioned many isolated fragments of development projects ........

**Mr. Speaker** : Mr. Deroze, I again request you to please sit down.

**Shri George Albert Wilson-Deroze** : Sir, the House is to take part in the framing ........

**Mr. Speaker** : Mr. Deroze, please sit down, you sit down.

[12-20 to 12-30 p.m.]

**Shri George Albert Wilson-Deroze** : Sir, I only wish to say that the House should be provided with details of the plan so that there can be rational discussion. Without that we cannot rationally discuss the plan, Sir.

**Statement under rule 346.**

**Dr. Md. Fazle Haque** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল হাউসে প্রশ্নোত্তরকালে একটা কালো এ্যামবাসাডার গাড়ীর মালিকের নাম পাওয়া যাচ্ছিল না বলে যে কথা উঠেছিল তার উপর গতকাল আমি আপনাকে কথা দিয়েছিলাম যে আমি এই বিষয়ে হাউসে একটা বিবৃতি দেবো এবং সেই বিবৃতি দিচ্ছি।

On enquiry it transpires that M/S Hindusthan Auto Distributors sold the car in 1967 to one Shri Joylal Panja, son of Shri Radhashyam Panja of 173 Mahatma Gandhi Road, under hire-purchase agreement with Shri Nandalal of the same address. The vehicle was registered accordingly.

Attempt was made to contact Shri Joylal Panja, the registered owner of the vehicle and also Shri Nandalal, but they could not be traced out.

Further steps are being taken in the matter.

**Demand for Grant No. 35**

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় সি, এম, ডি, এ-র কার্যকলাপ সম্পর্কে এখানে যে বিবরণ উপস্থিত করেছেন সে বিষয় কিছু বলার দরকার বোধ করছি। তার আগে একটা কথা বলে নেওয়া দরকার যে সি, এম, ডি, এ-র গঠন সম্পর্কে আইন সভার বিগত অধিবেশনে বিল আসার সময় আমরা আপত্তি তুলেছিলাম যে এই আমলাতান্ত্রিক কাঠামো জনকল্যাণমূলক কাজের ভিত্তিতে বাধাস্বরূপ না হয়। সেই যে ধারণা সেই ধারণা অভিজ্ঞতার দ্বারা পরিবর্তন করতে পারলে হয়ত সুখী হতাম, কিন্তু অভিজ্ঞতার দ্বারা পরিবর্তন করা শক্ত হয়ে দাঁড়াচ্ছে বলে কয়েকটি বিষয় মন্ত্রী মহাশয়ের গোচরে আনবার জন্য আমি তুলছি। অবশ্য তাঁর বক্তৃতাতে মন্ত্রী

মহাশয় যে সমস্ত কাজকর্মের কথা বলেছেন সি, এম, ডি, এ-র সেই কাজকর্মের নেতিবাচক দিকের কথা বলছি। ব্যাপারটা এই রকম নয় যে সেই নেতিবাচক দিকের কোনটার সঙ্গে আমার মতের মিল নেই, যেমন হাওড়া ব্রীজের ট্রাফিক জ্যাম একটু কমেছে এ বিষয় কোন সন্দেহ নেই। এই রকম আরো দু-একটি নেতিবাচক কথা নিশ্চয়ই থাকতে পারে। কিন্তু আমি সুস্পষ্ট করে একথা বলছি যে আজকে যে বক্তব্য উপস্থিত করছি তা হচ্ছে ইতিবাচক। তারিফের জন্য নয়, কতকগুলি সমালোচনামূলক কথা তাঁর বিবেচনার জন্য আমি উপস্থিত করছি। আশা করি তিনি সেই দাবীগুলি নিতে পারবেন। বক্তব্যের মধ্যে আরো অন্যান্য প্রকার নেতিবাচক কথা আছে তা যদি আমি উল্লেখ না করি তাহলে আশা করি তিনি কিছু মনে করবেন না। এখন আগেই যে কথা বলেছিলাম আমরা যে এই রকম একটা আমলাতান্ত্রিক কাঠামো হওয়ার দরুন কাজের অসুবিধা হবে এবং প্ল্যানিং-এর দিক থেকেও অন্যান্য সুপারফিসিয়াল ধরনের প্ল্যানিং চলছে, তাঁর যে সেই বক্তব্য যা পরবর্তীকালে কতকগুলি গুরুতর ঘটনার মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি, কনফার্মড হয়েছি, তা উদাহরণ দিয়ে আমি প্রথমে আপনাদের কাছে এবং মন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফত। ধরুন এখন জল পড়ছে কলকাতায়, এখন সকলে ভয়ানক ব্যস্ত যে এই জলের কি হবে। অবশ্য মন্ত্রী মহাশয় যদি দুঃখিত না হন আমি বলছি, আর হলেই বা কি করবো আমি যা শুনেছি তাই বলছি, একদিন ভীষণ জল পড়ছে, রাস্তায় বেরিয়েছি, আমি কাউকে প্রশ্ন করিনি, একজন বলছেন এই দেখ সি, এম, ডি, এ-র একটা নূতন নাম। নূতন নাম কি ? কলিকাতা মহানগরী ডুবাও অ্যাসোসিয়েশন। তা আমি বললাম কেন ? একথা বলছেন কেন ? ভেবেই দেখুন বলছি কেন। এই যে অবস্থা দেখুন কি দাঁড়িয়েছে, এই ড্রেন পাইপের এখন কি অবস্থা। আমি এই অবস্থাটার খোঁজ করলাম সি, এম, ডি, এ সত্যিই কাজটা করলো কিনা। আজ ডুবাও ব্যাপারটা গুরুতর সেটা কি কেউ অস্বীকার করবেন ? এমন কি রাষ্ট্রমন্ত্রী স্বয়ং যিনি আছেন তাঁর এলাকা ডুবানটা বোধকরি সবচেয়ে গুরুতর হবে।

এখন রেইন পাইপ সি, এম, ডি, এ কতকগুলি এলেকায় কনষ্ট্রাকশনের ভার নিলেন। এখন এই রকম যদি হত, একটা এলেকা ঠিক করে নিয়ে, রেইন পাইপের সঙ্গে সিউয়ারেশের সম্পর্ক ঠিক করে নিয়ে কাজ হত ওয়েলপ্ল্যাণ্ড এবং টাইম বাউণ্ড করে, তাহলে এই ব্যাপারটা ক্লীয়ার করতে পারতেন, তাহলে এক রকম হত। কিন্তু এক দিকে একটা পাম্পিং ষ্টেশন করে দিলেন, অন্য দিকে কিছু করলেন না, তাহলে জিনিসটা দাঁড়াচ্ছে কি ? বালীগঞ্জ পাম্পিং ষ্টেশন কর্পোরেশন করার কথা। তারা তা করতে পারলেন না, মোমিনপুর আবার সি, এম, ডবলিউ এস করার কথা, এখন এগুলি যদি একটা টোটাল কো-অর্ডিনেটেড এ্যাকটিভিটি হত, তাহলে এক রকম হত। কিন্তু সেটা না হওয়ার ফলে সমস্ত জিনিসটা অসম্ভব হয়ে দাঁড়াচ্ছে। সি, এম, ডি, এ, ডাইরেক্টলি পাম্পিং ষ্টেশন করলে এবং তাতে গোলযোগ দেখা দিলে বেচারা নাগরিকরা যাবে কোথায়, তাই কলকাতা মহানগরী সম্বন্ধে যে কথাবার্ত্তা সেদিন শুনেছিলাম তাতে কোন কথা না বলে সরকারের সমর্থনকারী সভ্য হিসাবে চলে আসতে বাধ্য হলাম, এ ছাড়া কোন উপায় থাকল না। এই রকম অনেক জিনিস দেখাতে পারি যেখানে টোটাল প্ল্যানিং আগে থেকে না করে নিয়ে এবং সেই ভাবে একটা সেক্টার ধরে না নিয়ে, থাপছা থাপছা কাজ করার জন্য যে টাকা খরচ হচ্ছে, তা উঠে আসা সম্ভপর হচ্ছে না। এটা সত্য কথা যে প্রচুর টাকা খরচ হচ্ছে এবং তার বিনিময়ে যে কাজ করা হচ্ছে, সে বিষয়ে কোন উন্নতি আমরা অনুভব করতে পাচ্ছি না। কলকাতার বস্তী উন্নয়ন সি, এম, ডি, এ নিজে করছে। বিরাট একটা প্রজেক্ট। মাননীয় মন্ত্রী মহাশয় সে বিষয়ে অনেক কথা বললেন। নিঃসন্দেহে বস্তী এলেকায় রাস্তাঘাট হচ্ছে। কিন্তু রাস্তাঘাট তো হল, পরবর্তীকালে পায়খানা পাকা

করা হল, এখন এই পায়খানা পাকা করার জন্য তারা যে কোথা দিয়ে যাবেন সেটা পাকা না হবার জন্য, অনেক গোলযোগ হচ্ছে। অনেক জায়গায় দেখা গেছে, সিউয়ারেজ যথাযথভাবে হয়নি এবং সেটা না হওয়ার ফলে উল্টো বুঝলি রামের মত অবস্থা হয়েছে। এর চাইতে খাটা ব্যবস্থাও বোধ হয় ছিল ভাল। এখন এই গোলমেলে পরিস্থিতিতে, তারা কোথা দিয়ে যাবে সেটা বুঝতে না পেরে নাগরিকদেরই আক্রমণ করে বসেছে। সুতরাং আগে থেকে সমস্ত জিনিসটা বুঝে কর্পোরেশন সিউয়ারেজ লাইনের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা করে যথাযথভাবে ফিজিক্যাল প্ল্যানিং না করতে পারলে, এই রকম অবস্থাই হবে।

মাননীয় মন্ত্রী মহাশয়ের একটা কথা হয়ত মনে থাকতে পারে, আগেও বলেছিলাম, সি, এম, ডি, এর এত মাল্টিপ্লিসিটি অব অর্গানাইজেসন ওভারল্যাপিং হয়ে যাবে, একটার আর একটার ঘাড়ে পড়বে। কি অসুবিধা দেখুন। একটা স্কীম সি, আই, টি, এক্জিকিউট করবে। তারা স্কীম করে গভর্ণমেণ্টে এ্যাপ্রুভ্যাল নেবে। সি, আই, টি-এর রাফ প্ল্যান, তারা সেটা পাঠাল সি, এম, পি, ও-এর কাছে, সি, এম পি, ও সেই জেনারেল প্ল্যান এ্যাপ্রুভ করবে। এই প্ল্যান এ্যাপ্রুভ করার পর সেটা ফেরত যাবে সি, আই, টির কাছে, এ পর্যন্ত জেনারেল প্ল্যান, তারপর কমপ্লিট প্ল্যান, স্পেসিফিক প্ল্যান হবে তারপর সেটা আবার সমস্ত সার্কিট ঘুরবে। একচুয়াল প্ল্যানিং হতে এত ফাইল যেতে যেতে কত সময় যাবে, কত এনার্জি খরচ হবে, এই যে ডুপলিকেশন, এই অবস্থার কোন পরিবর্তন হয়েছে বলে শুনিনি। যা শুনেছি এখনও পর্যন্ত এই অবস্থাই চলেছে। তারপর সি, এম, ডি এর এক একটা কাজের ব্যাপারে দেখা যায় বড় ইণ্ডিসিশন, কে করবে, একবার বলে এ করবে, আবার বলে না, ও করবে। কলকাতার এক্জিস্টিং পার্কগুলিকে রেনোভেট করার কথা হল, সেগুলিকে বড় করে নতুন করে করা হবে ঠিক হল। ঠিক হল যে এক্জিস্টিং পার্কগুলি রেনোভেট করবে কর্পোরেশন, এই হল প্রথম সিদ্ধান্ত। কর্পোরেশন করবে, সি, এম, ডি, এ টাকা দেবে। তারপর হঠাৎ সেই সিদ্ধান্ত বদলে গেল, সি, এম, ডি, এ নিজেই করবে। তারপর সেই সিদ্ধান্ত আবার বদলে গেল, বড়গুলি করবে ফরেষ্ট ডিপার্টমেণ্ট এবং ছোটগুলি করবে কর্পোরেশন, মাঝারীগুলি সি, এম, ডি, এ। তিন প্রকার সিদ্ধান্ত হল, এবং এতে করে দেড় বছর কেটে গেল। যে যে অফিসার ফাইল দেখার সময় ছিলেন, তাঁরা বদলী হয়ে গেলেন, আমাদের টাকা গেল, সময় গেল, পার্ক যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেল। তার মানে এই নয় যে ভবিষ্যতে কিছু হবে না, বিভিন্ন এজেন্সী নিয়ে, তারা কিছু করতে পারে, কিন্তু পূর্বাহ্ণে যদি এই রকম ইণ্ডিসিশন চলতে থাকে, তাহলে যে কি অসুবিধা হয়, সেটাই উদাহরণ দিয়ে আপনার নজরে আনবার চেষ্টা করছি।

[12-30—12-40 p.m.]

তারপর আরও ২টি কথা আমি বলতে চাই এই Finance-এর ব্যাপারে টাকা পাওয়ার ব্যাপারে। C. M. D. A execution ব্যাপারে যা financing করেছেন অনেক জায়গায় এখন আমরা যা দেখছি finance-এর ব্যাপারে C. M. D. A-র একটা উড়ো খবর শুনেছি যে আগে যে পরিমাণ টাকা কেন্দ্রীয় সরকার দেবেন বলে আশা করা গিয়েছিল সম্প্রতিকালে সে রকম নাকি আশা করা যায় না। আমি জানিনা, জানতে চাই এখন C. M. D. A বাজার থেকে Loan তুলছেন এবং ৮ কোটি টাকা loan float করেছিলেন এবং loan flloat করে এবং L. I. C. ও অন্যান্য public প্রতিষ্ঠান তাদের কাছ থেকে নিয়েছে C. M. D. A, সেই loan অপর executive agencyকে দিচ্ছেন কি ভাবে, loan হিসাবে দিচ্ছেন, C. I. T. ও অন্যান্যকে loan দিচ্ছেন। এখন এখানে

এরা productive organisation নয়, ব্যবসায়ী নয় C. M. D. A একটা development organisation। কাজেই development organisation development করবেন কিন্তু তারা যদি loan নেন এবং সেই loan এর উপর দাঁড়িয়ে যদি তারা এই ভাবে করেন তাহলে পরবর্তী কালে তারা কি ভাবে এই loan এর উপর দাঁড়িয়ে থাকবেন তা আমি বুঝতে পারছি না। ফলে অনেক agent খুব hesitate করছে। C. M. D. A একটা development organisation, তার যদি প্রধান ব্যাপার হয় loan এবং সেই loan-এর উপর যদি দাঁড়িয়ে থাকে তাহলে তার কাজকর্ম কিভাবে হবে তা আমি বুঝে উঠতে পারছি না। Loan-এর উপর প্রধানতঃ নির্ভরশীল অন্যান্য agencyগুলি এর ফলে অসুবিধায় পড়েছে বলে আমি শুনেছি। সেদিক থেকে পরিস্কার এটা বুঝতে পারলে সুবিধা হতো পরবর্তীকালে কি ব্যাপার হচ্ছে এবং loan-এর উপরই নির্ভরশীল হতে হবে কি হবে না। তাছাড়া C. M. D.A নিজে যে সমস্ত project কার্যকরী করবেন বলেছেন, সেটার কথা আমি আগেই বলেছি তারাই যদি loan-এর উপর নির্ভরশীল হন তাহলে একটা ব্যবসায়িক প্রতিষ্ঠান হয়ে যাবে। সেটা দাড়াবে কিনা? কিন্তু সম্প্রতি কালে একটা advertisement দেখে আমার এই ধারণা দাড়িয়েছে C. M D. A Housing তৈয়ারী করবেন তার জন্য তাঁরা পরিকল্পনা করেছেন। এখন এই যে Housing সেটা মোটামুটি ঠিক করেছেন two-roomed flat তারা তৈরী করবেন এবং এই two-roomed flat তৈরীর জন্য আমি উদাহরণ স্বরূপ বলছি ৩০ হাজার টাকা তারা ঠিক করেছেন। এই ৩০ হাজার টাকা তারা ঐ Housing Construction-এর জন্য খরচ হবে, আর যিনি ঐ two-roomed flat নিতে চান বা application করবেন তাঁকে 50 per cent. টাকা জমা দিয়ে তবে apply করতে হবে এই ১৫ হাজার টাকা জমা দিয়ে যদি apply করতে হয় যে আমার চাই তাহলে বুঝুন ১৫ হাজার টাকা হাতে হাতে জমা দিয়ে ক'জন two-roomed flat কিনতে পারবেন। Application-এই যদি এত টাকা চাই তাহলে পরবর্তীকালে দরিদ্রদের Housing-এর ব্যাপারে কি সাহায্য করতে পারবো সেটা আমি বুঝে উঠতে পারছি না। আমি বলছি না যে বাড়ী করে বিলিয়ে দিন। সেরূপ পাগলামী প্রস্তাব আমার নেই কিন্তু কোন বাড়ী বিক্রীর নামে যদি উল্টো হয়ে দাড়ায় যে একেবারে 50 per cent. টাকা জমা দিয়ে apply করতে হবে তাহলে খুব অসুবিধা হবে। সেইজন্য আমি আগে যে কথা বলেছিলাম যে financing agency এটা প্রধানতঃ যদি loan-এর উপর নির্ভরশীল হয়ে দাড়ায় এবং অন্যদের উপর সেইরূপ ব্যবহার যদি করে তাহলে কি হবে যদি পরবর্তীকালে এই জিনিসটা মূলতঃ buisness proposition হয়ে দাড়ায়, সেটা development-এর কোন কিছু পরিণত হতে পারে না। Development করবার দায়িত্ব Government-এর এবং তাদের সেরূপ করতে হবে। Development Project-এর যা কিছু ফিরত আসে অন্য ভাবে সেটা normally economic activity-র উপর থাকবে তার উপরই সরকারের টাকা পয়সা। সেদিক থেকে নিশ্চয়ই Development-এর কাজকর্ম সরকারের উপর বর্তাবে। গোটা development project self নির্ভরশীল হয়ে গেলে অসুবিধা হবে বলে আমি মনে করি। আমি একটু বলতে চাই যে আমি শুনেছি যে C. M. D. A নাকি ১৮ হাজার লোককে চাকরী দেবেন। আমি বুঝতে পারছি না কিভাবে এই ১৮ হাজার লোককে employment দেবেন।

কিন্তু এই দেশে আমরা আগে বলেছি বুরোক্রাটীক সেট আপের মধ্যে হলেই টপ-হেভী হতে হবে তাকে, উপর দিকে ভারী হতে হবে। সম্প্রতিকালে এটা কি হয়েছে না হয়েছে সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় বলবেন। এখন বিভিন্ন এজেন্সি তারা কি ভাবে কাজ করেছে না করেছে তার evaluation বা মূল্যায়ণ করবার জন্য তিনজন রিটায়ার্ড চীফ ইঞ্জিনিয়ারকে মোটা মাইনের উপর দিকে evaluation officer নিয়োগ করা হয়েছে। এখন তলার দিকে কাজ কী হচ্ছে? এটা সম্বন্ধে

আমার অভিজ্ঞতা সাংঘাতিক। তাঁরা এই যে শিবির কর্মচারীদের কাজ দেবেন বলে বলেছেন—একজন শিবির কর্মী মানিকতলা থেকে সি এম. ডি. এ র গোডাউন না কি পাহারা দিতে হবে। কী রকম কাজ? না ২৪ ঘণ্টা round the clock তোমাকে ডিউটিতে থাকতে হবে। কোন সময় তুমি বাইরে যেতে পারবে না। তাই যে দিন সে কাজ করবে অর্থাৎ কিনা ২৪ ঘণ্টা যতদিন তুমি কাজ করবে সেই কয়দিনের মাইনে তুমি পাবে। তবে আমার মনে হয় ২৪ ঘণ্টা তোমাকে দিয়ে ডিউটি দেওয়াবো না যেদিন, সেদিনের তুমি মাইনে পাবে না। এই রকম যদি employment এর ব্যাপারে হয়, তাহলে আমি তো বুঝতে পারছি না কি করে সেটা একটা permanent উপকারের দিকে দাড়াবে। যদি ও temporary employment এ কিছু কিছু লাভ হবে। তবে সেই employment যদি ২৪ ঘণ্টার round the clock এর মত অবস্থা দাঁড়ায়, আমি তো বুঝতে পারছি না, C. M. D. A.কে কি এই রকমের কোন condition করে দেওয়া হয়েছে? আমার নিজের কাছে এই রকম একটা কেস এসেছিল বলে আমি এটা মন্ত্রীমহাশয়ের নজরে আনলাম। এই রকমের কেস হয়ত আরো হবে। আমি জানি না কেন আমার মনে হচ্ছে। এই employment potential খোলবার ছুটো দিক আমাদের তলার দিকে কি করে guaranteed employment এর যেতে পারবো বোধহয় এই ব্যাপারে সি. এম ডি. এ যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেন নাই। আমি যা ছু-একটা ব্যাপার দেখছি তাতে এ সম্বন্ধে খুব একটা ভরসা বোধ হয় এখন পর্যান্ত করতে পারছি না। কিন্তু nothing is beyond the repair. কাজেই ভবিষ্যতে সব কিছু পরিবর্তিত হতে পারে। কিন্তু গেলবারের বিধান সভায় শিক্ষতা রোধ করতে যে কথা আমি বলেছিলাম সি এম ডি. এ সম্পর্কে, আজও সেই কথা বলতে চাই যদি এই রকম ধরণের বুরোক্রাটিক সেট আপ আমাদের উপরে থাকে, তাহলে এই সি. এম. ডি. এ প্রতিষ্ঠানে এতবড় বুরোক্রেটিক সেট-আপ এতবড় ডেভেলাপমেন্টের কাজের পক্ষে একটা উপযুক্ত সংগঠন নয়। আমি আশা করি তাকে একটা যথোপযুক্ত সংগঠনে পরিণত করা হবে এবং সেই উদ্দেশ্যে এই যে সমস্ত ব্যাপার তুললাম, সেই সমস্তকে যথাযথ set up করবার ব্যবস্থা মন্ত্রীমহাশয় করবেন।

আপনার মাধ্যমে এই কথা কয়টি বলে এই গ্রান্টকে আমি সমর্থন করছি।

**Mr Deputy Speaker :** Honourable Members, one very costly Dot Pen has been found underneath the table If any of the Members has left it, kindly take it from me.

**Dr. Kanailal Sarkar :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী Major Head—35-এর যে গ্রান্ট Calcutta Metropolition Development Authority-র জন্য যে অর্থ চেয়েছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে ছু-একটা বক্তব্য এখানে রাখছি।

আমি জানি এই C. M. D. A.-র মত এইরকম যদি কোন সংস্থা না থাকতো বা না আসতো, আজ কলকাতার পার্শ্ববর্তী ৩৪টি মিউনিসিপ্যালিটির সাহায্যের জন্য যদি থাকতো তাহলে আমার মনে হয় কলকাতা ও তার পার্শ্ববর্তী শিল্পাঞ্চলে বসবাস করবার উপায় থাকতো না। তার কারণ সোজা, আমরা জানি কলকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চল আজকেও জনবসতির অযোগ্য হয়ে উঠতো, এই জনবসতির ছুটো কারণ আছে, একটা কারণ—আমাদের স্বাধীনতার পর বহুছিন্নমূল উদ্বাস্তু ভাইবোনেরা পশ্চিমবঙ্গে এসেছে। তাছাড়া গ্রামীন অর্থনৈতিক সংকট দেখা দেবার ফলে এই সব অঞ্চলের পৌরসভাগুলি অতিশয় ভারাক্রান্ত হয়ে উঠেছে যার ফলে এই সব অঞ্চল মানুষের বসবাসের অযোগ্য হয়ে উঠেছে। যারা কলকাতার আশেপাশে বসবাস করবার জন্য ঘরদোর তৈরী

করেছে, কিন্তু সেখানে কোন জলের ব্যবস্থা নাই, কোন জল নিকাশের ব্যবস্থা নাই, কোন স্যানিটেশনের ব্যবস্থা নাই, কোন স্বাস্থ্য কেন্দ্র নাই, কোন হাসপাতালেরও ব্যবস্থা নাই। এমতাবস্থায় মানুষ কখন তার মানবিক অধিকার ও মর্য্যাদা নিয়ে বসবাস করিতে পারে না। কিন্তু বর্ত্তমানে সি. এম. ডি. এর কার্যাক্রম উপরোক্ত অসুবিধাগুলি দূর করার কাজে ব্রতী এবং জনগণ এই প্রতিষ্ঠানের উপর বিশেষভাবে আস্থাশীল।

[12-40 -- 12-50 p.m.]

হাসপাতালে চিকিৎসার কোন ব্যবস্থা নাই, কোন রকম ব্যবস্থাই নাই। কেবল তারা কোন রকমে মাথা গুজবার ব্যবস্থা করেছে। আজকে কোন পৌরসভার আর্থিক অবস্থা এমন নয় যে সেই সব মানুষের কোন রকম সুখ সুবিধা করে দিতে পারে। তাই আজকে সি. এম. ডি. এ-র যে সাহায্যকারী হিসাবে এসেছে কলকাতার বস্তী অঞ্চলের লোকদের আমি মনে করি সেই সব অঞ্চলের ৮৫ লক্ষ লোকের আশীর্বাদ স্বরূপ হয়ে এসেছে। আমরা জানি এই কলকাতা সহরে জল সরবরাহ ব্যবস্থা একটা সংকটজনক অবস্থায় এসে দাঁড়িয়েছে। এবং কলকাতার আশেপাশে শিল্পাঞ্চলে জল ব্যবস্থা একেবারে নাই বললেই চলে। আমি জানি আমাদের একমাত্র পলতা পাম্পিং ষ্টেশন তৈরী হয়েছিল বহু দিন আগে সেই বৃটিশ আমলে। তখন কলকাতা সহরের জনসংখ্যা খুবই কম ছিল। জলের চাহিদা ২০০ মিলিয়ন গ্যালন যেখানে, সেখানে পলতা পাম্পিং ষ্টেশন সাপ্লাই দিচ্ছে ৮০ মিলিয়ন গ্যালন। আজকে যে বিভিন্ন পৌরসভা রয়েছে তাদের আর্থিক অবস্থা এমন নয় যে তারা সেই জলকষ্ট দূর করতে পারে। তাই নিশ্চয় অন্য কোন সংস্থার দরকার আছে। এবং এই সি. এম. পি ও যে কলকাতার জল সরবরাহের ব্যবস্থার জন্য পরিকল্পনা নিয়েছে এবং তার জন্য আমাদের অর্থ মন্ত্রী মহাশয় যে গ্র্যান্ট মঞ্জুরী চাইছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি জানি কলকাতার জলকষ্ট দূর করার জন্য একটি পরিকল্পনা নেওয়া হয়েছে এবং সেই পরিকল্পনায় মেটিয়াবুরুজে একটি পাম্পিং ষ্টেশন-এর কাজ সুরু হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে সেই কাজ যে আরম্ভ হয়েছে তা যতশীঘ্র সম্পাদন হয় তার জন্য তিনি চেষ্টা করবেন। আমি আশা করি তাতে কলকাতার লোকের জলকষ্ট রহিত হবে। আমি জানি যে কলকাতা সহরের আশে পাশে যে শিল্পাঞ্চল রয়েছে সেখানে জায়েন্ট টিউবওয়েল বসিয়ে জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। অনেক জায়গায় তার জন্য কাজ চলছে—আমি দেখেছি খড়দা টালিগঞ্জ ইত্যাদি ৩৪টি পৌরসভায় লোকদের মনে আশার সঞ্চার হয়েছে, তাদের মুখে হাসি ফুটেছে, তারা ভাবছে আমাদের বাড়ীর পাশ দিয়ে পাইপ লাইন যাবে—বস্তীর এলাকার লোকদের মনে আজকে আশার সঞ্চার হয়েছে যে তারা জল পাবে। তাই এই সি. এম ডি. এ-র ব্যাপারে যে অর্থ চাওয়া হয়েছে তাকে আমি সমর্থন জানাই। স্যার, আপনি জানেন যে জল নিষ্কাসণ ব্যবস্থা দুরূহ হয়ে উঠেছে। আগে কলকাতা সহরে আমরা দেখেছি যে বর্ষার সময়ে দুটি জায়গায় জল জমতো—একটা হচ্ছে ঠনঠনে কালিবাড়ী কাছে আর একটা জায়গায় সেটা হচ্ছে আর. জি. কর মেডিক্যাল কলেজের সামনে। কিন্তু এখন দেখা যায় বর্ষার সময় প্রায় সমস্ত রাস্তাঘাটই বন্ধ হয়ে যায়। এই সেদিন আমার বন্ধু পঙ্কজের সঙ্গে এই এসেম্বলী থেকে গোলপার্ক যেতে ৫টার সময় বেরিয়ে ৬-৩০ মিঃ লেগে গেল। আমি জানি যে আমাদের খিদিরপুর মোমিনপুর, পাম্পিং ষ্টেশন, বালিগঞ্জ পাম্পিং ষ্টেশন যদি খুলে যায় এবং এই সব পরিকল্পনাগুলি যদি সার্থকভাবে ভালভাবে কাজ হয়ে যায় তাহলে কলকাতা সহরের এবং কলকাতা সহরের আশেপাশের লোক নিশ্চয় ধন্যবাদ জানাবে। এছাড়া আর একটা জিনিস—বস্তী উন্নয়নের কথা আমি এখানে বলতে চাই।

স্যার, আপনি জানেন ১৯৪৭ সালে দেশ স্বাধীন হবার পর থেকে ১৯৭২ সাল পর্যন্ত আমরা দেখছি যে মানুষ এখনও মাথায় করে বিষ্ঠা নিয়ে রাস্তার উপর দিয়ে চলেছে। সামনে গাড়ী রয়েছে, তাতে গিয়ে ঢালছে। গাড়ী যখন ভর্তি হয়ে যাচ্ছে তখন দেখছি হাইড্রেন্ট যেখানে আছে তার মুখ খুলে ঢালছে। স্বাধীনতার ২৫ বছর পরেও আমরা এই জিনিস দেখছি এবং এ জিনিস চোখে দেখা যায় না। তাছাড়া আপনারা জানেন সারভিস প্রিভি যেগুলি আছে সেগুলি ঠিকমত পরিষ্কার করা হয় না এবং কোন কোন জায়গায় ৬/৭ দিন অন্তর অন্তর হয়। তার ফলে সমস্ত জায়গাটি একটি নরককুণ্ড হয়ে থাকে। অনেক জায়গায় আবার দেখছি পায়খানার মল-মূত্র পুকুরে গিয়ে পড়ছে এবং সেই জল মানুষ ব্যবহার করছে। বস্তী অঞ্চলে কোথাও কোথাও প্রোটেকটেড প্রিভি হচ্ছে। বস্তী অঞ্চল তথা সমগ্র কলকাতার উন্নয়নের জন্য যে সি এম. ডি. এ. বিলটি এনেছেন সেটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনন্তকুমার ভারতী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয় ৩৫ নং গ্রান্টের জন্য যে বাজেট পেশ করেছেন আমি তাকে অভিনন্দন জানাচ্ছি এবং সমর্থন করছি। আজকে আমার বক্তব্য তাঁর কাছে এটুকু যে কেন্দ্রীয় সরকার যে অর্থ সাহায্য করছেন তা দিয়ে এই সি. এম. ডি. এ. কাজ পরিচালনা করা হচ্ছে এবং বিভিন্ন এজেন্সীর মাধ্যমে এই কাজগুলি করা হচ্ছে। কেউ প্ল্যান করছেন, কেউ স্কীম করছেন, এই ভাবে অর্থ এনে বিভিন্ন সংস্থা কাজ করছেন। কিন্তু একটি জিনিস দেখতে পাচ্ছি যে কাজগুলি এইভাবে হতে যাচ্ছে তাদের মধ্যে ভীষণ কো-অপারেশনের অভাব আছে। কিছুদিন আগে কাগজে দেখলাম যে করপোরেশনে একটি সি. এম ডি. এ. সেল হয়েছে। সেই সি এম. ডি এ. সেল তদারক করবার জন্য যে ইঞ্জিনিয়ারস আছেন তাদের সাথে খুব সহযোগিতা নেই। এই সি. এম. ডি এ. আমাদের দেশে যে জনকল্যাণমূলক কাজ করে যাচ্ছে আমরা যদি তাদের সাথে সহযোগিতা না করি তাহলে এই অর্থ আমরা বেশীদিন পাব বলে বিশ্বাস হয় না। কারণ আমরা দেখছি মিউনিসিপ্যালিটিগুলিতে মিউনিসিপ্যাল করপোরেশন, সি. আই টি. সি এম পি ও সি. এম. এস. ডবলিউ. ইত্যাদি বহু রকম উন্নয়ন সংস্থা আমাদের উন্নতি করবার জন্য গঠিত হয়েছে। শেষ পর্যান্ত আমরা সি. এম. ডি. এ -কে পেয়েছি। সেই সি এম. ডি এ -কে কেন্দ্রীয় সরকার অর্থ দিচ্ছে এবং সেই অর্থ দিয়ে তারা মানুষের সার্বিক উন্নয়নের দিকে লক্ষ্য রেখে কাজ করছে। করপোরেশন সম্বন্ধে আগেই এখানে অনেক কথা হয়ে গেছে এবং এটা বাংলা দেশে শুধু নয়, ভারতবর্ষের মধ্যে বিগেস্ট কর্পোরেশন হচ্ছে এই ক্যালকাটা কর্পোরেশন এবং অত্যন্ত দুঃখ ও অনুতাপের বিষয় হচ্ছে এই যে সরকারী সাহায্য এবং তার নিজস্ব আয় হচ্ছে মাত্র ১১ কোটি টাকা। বম্বের আয় ৫৬ কোটি টাকা, দিল্লীর আয় ২৫ কোটি টাকা। কাজেই এই সামান্য অর্থ নিয়ে যদি আমরা কাজ না করতে পারি জনসাধারণ নিশ্চয় আমাদের তার জন্য সমালোচনা করবেন, কিন্তু অর্থের প্রয়োজন আছে। আজকে কলকাতা সহরের বস্তীতে যে কাজ আরম্ভ হয়েছে সে সম্পর্কে আমি একটু আপনার মাধ্যমে হাউসের কাছে নিবেদন করবো। এর প্রথম পর্য্যায়ের কাজ আরম্ভ করেছে সি এম. ডি এ. এবং কর্পোরেশনকে দিয়ে ১৫৩টি বস্তীর কাজ তারা আরম্ভ করিয়েছে। কিন্তু আজ আমরা কি দেখতে পাচ্ছি ? দ্বিতীয় পর্য্যায়ে ৯৯টি বস্তীর জন্য কাজ আরম্ভ হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা প্রথম পর্য্যায়ের কাজ এখন শেষ হয়নি এবং এইভাবে স্কীমগুলি সেখানে তৈরী করে পাঠিয়েছেন। একটু আগে আমাদের মাননীয় ডাঃ কানাইলাল সরকার মহাশয় বললেন সার্ভিস প্রিভির কথা। আমি এমন একটি অঞ্চল থেকে এখানে প্রতিনিধিত্ব করতে এসেছি যেখানকার শতকরা ৯০টি সার্ভিস প্রিভির বিষ্ঠা মানুষ মাথায় করে নিয়ে গিয়ে ড্রেনে ফেলে দেয়। প্রথমে গাড়ীতে ভর্তি করে

এবং তারপরে সেই গাড়ী যখন রাস্তা দিয়ে যায় তখন রাস্তায় পড়তে থাকে। আজকে এই২০শ সেন-চুরিতেও আমাদের এই জিনিস দেখতে হবে এটা ভাবা যায় না। আমাদের দেশ ২৫ বছর স্বাধীন হয়েছে, এবার আমরা রজত-জয়ন্তী উৎসব পালন করতে যাচ্ছি, অথচ আজও মানুষ মাথায় করে ময়লা বয়ে নিয়ে যাচ্ছে। বস্তী অঞ্চলে এমনভাবে সার্ভিস প্রিভিগুলিকে কনভার্ট করা হয়েছে সেটাকে আমি অন্ততঃ মনে করবো সেফটি প্রিভি—যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছে সেই উদ্দেশ্য পালিত হবে কিনা সন্দেহ আছে। যেগুলির সঙ্গে এটা লিঙ্ক করা হয়েছে, সেই সুয়্যার, ইত্যাদি আছে কিনা সেটা তারা একবার ভেবে দেখেননি। আমরা যখন বাইরে যাই তখন কলকাতা বলে খুব গর্ব করি, কিন্তু বেলেঘাটা ও মানিকতলা এলাকার যা অবস্থা তাতে দেখে মনে হয় মফঃস্বলের চেয়েও জঘন্যতম হয়ে আছে। সি. আই. টির জন্য পাবলিক কিছু জমি দিয়েছে, সরকারী বা আধাসরকারীভাবে সেখানে কিছু অট্টালিকা তৈরী হয়েছে, কিন্তু ৮০/৮৫% এখন বস্তী এলাকা রয়েছে। কিন্তু ওখানে যে রেটে বস্তী এলাকা আছে তার তুলনায় পার্টিকুলারলি কোন প্রোগ্রাম নেওয়া হয়নি। ওখানে এখন খাটা পায়খানা আছে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ এ. এম. ও. গনি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে গ্রান্ট আজকে হাউসের কাছে পেশ করেছেন ব্যয় বরাদ্দের জন্য সেটাকে আমি সমর্থন নিশ্চয় করছি। কারণ এটা বৃহত্তর কলকাতার ইমপ্রুভমেন্টের জন্য হয়েছে এবং এটাকে সমর্থন না করে কোন উপায় নেই, সমর্থন করতেই হবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার স্মরণে আছে অনেক বছর আগেই কলকাতা উন্নয়ন বিল এসেছে।

[12-50—1-00 p m ]

সেই সময় স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় ছিলেন তখন তাড়াহুড়া করে বস্তির slum clearance বিল আনা হয়েছিলো তাতে বাধা পেয়ে Selection Committee করে আস্তে আস্তে ঐ বিলটির পরিবর্তন করে বস্তি উন্নয়ন Act, পূর্ণ হয়। পূর্ণ হবার সময় দেখা গেল যে টাকা লাগবে সেটা State finance-এ কুলোতে পারবে না। সেন্টার থেকে কিছু কিছু আশা পাওয়া গেল, ওখান থেকে কিছু টাকা যোগাড় করে দেওয়া হবে। তারপর দেখা গেল বৃহত্তর কলকাতার শুধু slum সমস্যা নয়, এই slum এ হাত দেবার সঙ্গে সঙ্গে দেখা গেল যে water supply-র বৃহৎ সমস্যা দিন দিন বাড়ছে। সঙ্গে সঙ্গে drainage আছে drainage-এর problem যা দাঁড়িয়েছে বস্তিগুলি ভেঙ্গে দিয়ে পাকা দালান করে দিলেই চলবে না। ওখানে জল সরবরাহের ব্যবস্থা করতে হবে। সেসব ভেবে চিন্তে নানা দিক থেকে ডাঃ বিধানচন্দ্র রায় বললেন যে এটা মস্তবড় planning-এর ব্যাপার আছে। এটা শুধু State Government পারবে না, কলকাতা কর্পোরেশন বা municipality করতে পারবে না এবং Central Government-ও করতে পারবে না। একটা বড় planning body করে সমস্ত দিক থেকে study করে ভাল ভাবে ভেবে চিন্তে একটা scheme দেবে। তখনই CMPO, Calcutta Metropoliton Organization হয়েছিল। আমরা আশা করেছিলাম এই ভাবে যদি একটা planning হয় এবং সেটা যদি কার্য্যকরী হয় তাহলে কিছুটা কলকাতার অবস্থার পরিবর্তন হবে, বিশেষ করে শিল্পাঞ্চলের। কিন্তু দেখা গেল নদীতে হাত দেবার সংগে সংগে দেখা গেল গঙ্গা নদীকে উদ্ধার করি তাহলে সেটা থেকে ফারাক্কা ব্যারেজের প্রশ্ন এসে পড়লো। সেটাও কার্য্যকরী হয়েছে। কিন্তু এখনও সমস্ত জল পাচ্ছে না। আরো বলা হয়েছিলো যেটা পাওয়া যাবে এখন দেখা যাচ্ছে তার অর্দ্ধেক পাওয়া যাবে। এই রকম আশংকা করা হচ্ছে। যাই হোক,

সেটার উন্নয়নে যখন হাত দেওয়া হয়েছে planning organization এর বহু টাকা শুধু planning এর জন্য খরচ হয়েছে কোটি কোটি টাকা। অনেকবার criticise করছে। শুধু planning-এর জ এত টাকা খরচ করে দেন তাহলে কাজ করবেন কোথা থেকে। তারা বললেন, হয়ে গেছে, বেরি গেছে এবং কাজ হচ্ছে, complementation-এর সময় এসেছে। CMDA সেই authority হ implementation-এ নেমেছে। যারা নিজেরা কিছু করছে না, নিজেদের Agency দিয়ে কা করাচ্ছেন। কিছুটা কর্পোরেশনের মারফত করছে, কিছুটা CIT-র হাত দিয়ে, কিছুটা গভর্ণমেণ্টে হাত দিয়ে হচ্ছে, এটা ঠিক আছে আমরা শুনেছি। কিন্তু আগে বলা হয়েছিলো CMDA-র যে সম authority আছে তাতে প্রাধান্য আছে উপরের তলার। সেটা একটা bureacrats বসে ord করছে, কি implenent হচ্ছে, কিভাবে কাজ হচ্ছে তার খোঁজ খবর তারা রাখেন না। আমি নিজে চোখে দেখেছি কিন্তু কলকাতা শহরে যে কাজ হচ্ছে salt lake area যে কাজ হচ্ছে তাতে নানা ত্র আছে। বহু জায়গায় দেখা গেছে যে concrete দিয়ে কাজ হয়েছে সেই concrete সেটা শু নামকাওয়াস্তে, খালি বালি। salt lake-এ একটা পরিকল্পনা নেওয়া হয়েছে তার পাশে একটা পাথরে স্তূপ হয়ে আছে।

সেটা খোঁজ করে দেখা গেল উপর উপর শুধু পাথর সাজান রয়েছে, ভিতরে সব বালি আছে সেটা গভর্ণমেণ্টের এ্যাটেনশনে আনা হলো, একটা ভিজিলেন্স কমিটি তারা অনুসন্ধান করলে অনুসন্ধান করে দেখা গেল হ্যাঁ, সত্যই তাই। কিন্তু যে কালপ্রিট তাকে কিছু করা হয়নি এ যে এজেন্সি, যাদের দ্বারা এইটা করা হয়েছিল, স্টোন মেটাল সাপ্লাই, তাদের তাড়াতাড়ি করে পে হয়ে গেল। পেমেন্টের সময় কোন বিবেচনা করা হলো না তদারকি করা হলো না, প্রেসিপিটে পেমেণ্ট হয়ে গেল। এই সি, এম, ডি,এ প্ল্যানে রয়েছে হেলথ সেণ্টার করার দায়িত্ব অনেকে নিয়েছে গভর্ণমেণ্ট হেলথ সেণ্টার করছে, হেলথ ডিপার্টমেণ্ট কিছু হেলথ সেণ্টার করছে, সি. এম ডি এরিয়ার মধ্যে যে হেলথ সেণ্টারস হবে, সমস্ত সি. এম ডি এ করবে। কিন্তু এ সবের মধ্যে ত আছে, বহু যায়গায় আমরা রিপোর্ট পাচ্ছি যে বাড়ী হচ্ছে, হাসপাতাল হচ্ছে কিন্তু কিছুদিন পরে সেখানে লিক হচ্ছে, জল পড়ছে, এমন কি ভেঙ্গে পর্যান্ত পড়ছে। সেই জন্য বলছি উপর তলার ঠিক আছে, বড় বড় অফিসারস সব বসে আছে, মোটা মাইনে পাচ্ছে, প্ল্যান করছে অর্ডার দিচ্ছে কি কাজ কিছু হচ্ছে কি না, অর্ডার কেরিআউট হচ্ছে কিনা, কে করছে, কিভাবে করছে, কে তদারা করছে এই সব দেখা হচ্ছে না। একটা মজা হচ্ছে কলকাতার বহু জায়গায় দেখেছি ভেঙ্গে চুরে গ করে দেওয়া হয়েছে রাস্তাঘাটের ইমপ্রুভমেণ্টের জন্য ড্রেনেজ ইত্যাদি করার জন্য, কিন্তু সেটা রিপিয়ার করতে হবে, এইটা কার দায়িত্ব? করপোরেশনের দায়িত্ব না গভর্ণমেণ্টের রে ডিপার্টমেণ্টের দায়িত্ব, না সি, এম, ডি, এ, এর দায়িত্ব সেটা বোঝা যাচ্ছে না। আমরা খু কনফিউসড যে একচ্ছত্রী সি, এম, ডি,এ এই অথরিটিকে কোথায় কোথায় কিভাবে প্রয়োগ ক হচ্ছে, কিভাবে ইমপিলিমেণ্ট করা হচ্ছে এবং তার উপর কোন ভিজিলেনস আছে কি না, কে ইনভেষ্টিগেশন হয় কিনা, ইনসপেকসন হয় কিনা, কোথায় কাজ হচ্ছে, কিভাবে হচ্ছে, কতদূর এগো স্থগিত আছে কিনা, কেন আছে? এণ্টালি মার্কেটের উপর একটা দোতলা বাড়ী হয়েছিল, একদি সামান্য ঝড়ে ৪।১০ কিঃ মিঃ পার আওয়ার ফর এ ফিউ মিনিটস হয়েছিল, তাতে এইটা ধ্ব পড়ে। আমরা তখনই খবর পেয়ে গেলাম, গিয়ে দেখলাম কনক্রিটে হাত দেবার সাথে সাথে ঝুরঝুর করে পড়ে গেল। সেখানে নীচের তলায় যে দোকান আছে সে দোকানের চাল লিক করা এবং দোকানের বহু দামি কাপড় চোপড় জিনিস পত্র নষ্ট হচ্ছে। সেখানে কমপেনসে দোকানদারকে কে দেবে? দোকানদার যখন দাবী করলেন তখন করপোরেশন থেকে একটা নোটি

এলো যে সব মালপত্র যাদের নষ্ট হচ্ছে তারা তাদের মালপত্র নিজে নিজে সেফগার্ড করুক, এর জন্ম করপোরেশন দায়ী নয়। আপনাদের ভিন্ন ভিন্ন অর্গানাইজেসনের মাধ্যমে যে কাজ হচ্ছে সেটা ভালো হলো, না খারাপ হলো সেটাকে তদারকি করবে কে, সেটার ব্যাপারে কোন হদিশ পাওয়া যাচ্ছে না। সি, এম, ডি, এর কাজ হচ্ছে বহু জায়গায় আমরা দেখছি এবং তার ক্রটিও আমরা দেখছি এইগুলি ঠিক করে দেবে কে? তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে তিনি একটু এসিওরেনস দিন যে হ্যাঁ, সি, এম, ডি,এ কর্তৃপক্ষের কাজের পরিমানের একটা তদারকি হবে। টাকার প্রশ্ন উঠেছে, যদি এই টাকা শুধু ধার করে করা হয় তাহলে ধার শোধ হবে কোথা থেকে? মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন কলকাতা শহরের বহু প্রাইভেট এজেন্সি আছে— সি, এম, ডি, এর যে প্ল্যানিং হচ্ছে তাতে যে প্রাইভেট হাউস বিল্ডিং এজেন্সি আছে, যারা বাড়ী করছে তাদের মধ্যে আমি এমন খবর পেয়েছি—সেন্ট্রাল ক্যালকাটার একটা ঘটনার কথা বলছি, এখানে একজন স্পেকুলেটর শুধু জমি কিনেছে, ছোট জমি ৩। কাঠা থেকে ৪ কাঠা জমি কিনতে যা কিছু ইনভেস্ট করেছে, তারপর তাকে আর টাকা পয়সা খরচ করতে হয়নি, বাড়ীর প্ল্যান পাশ করিয়ে নিয়েছে, এর পর হু-হু করে বাজার থেকে টাকা আসছে আর বাড়ী উঠছে, এই করে করে ৬ তলা ৭ তলা বাড়ী হয়ে গিয়েছে। এইভাবে স্পেকুলেটররা বাড়ী করছে। আর গভর্ণমেন্ট দপ্তর থেকে শুধু যদি এইভাবে হয়, হাউস বিল্ডিং এর জন্য ২০% এ্যাপিলেন্ট কে আগেই দিতে হয় তাহলে খুব কম লোকই এই স্মবিধাটা নিতে পারবেন।

[1-00—1-10 p.m.]

সেইজন্য আরও বেটার অর্গানাইজডভাবে করা যাবে কিনা সেটা বিবেচনা করবেন। আমি জানিনা গভর্ণমেণ্ট এইসব সাজেসান্স সি, এম, ডি, একে দিতে পারেন কিনা। সি, এম, ডি, এ বলছেন আমাদের সব পদ্ধতি ঠিক হয়ে গিয়েছে। এরপরে নূতন করে পরিবর্তন করার উপায় নেই। নানা অস্মবিধা আছে জানি। সেইজন্য আজকে শুধু এইটুকু বলবো এই যে ব্যয়-বরাদ্দ চাচ্ছেন সেটা নিশ্চয় খরচ করবেন। এটা করতেই হবে। তা না হলে ইম্প্রুভমেণ্ট আসবে কোথা থেকে। কিন্তু একটু নজর রাখবেন সি, এম, ডি, এ হক, কি সি, এম, পি, ও হক, যেই হক যে এজেন্সীকে কাজ করান হচ্ছে তার উপর সি, এম, ডি, এর অথরিটির। তাদের যে বড় বড় অফিসার রয়েছেন তারা শুধু উপরে বসে কাজ করবেন না তলায় নেমে গিয়ে দেখবেন ওয়ার্কাসরা কিভাবে কাজ করছে, তার স্যাটিসফায়েড আছে কিনা এবং তাদের যে সাপ্লাই আসছে, মাল আসছে সেগুলো ভালো আছে কিনা, ষ্ট্যাণ্ডার্ড ভালো কিনা, দেখবেন চুরি চামারি হচ্ছে কিনা। এই কটি কথা বলে আমি আলটিমেটলি আপনার ব্যয় বরাদ্দ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীতপন চ্যাটার্জী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় সি, এম, ডি, এর ব্যয় বরাদ্দের জন্য যে বিল এনেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। বৃহত্তর কলকাতার অধিবাসীদের কাছে সি, এম, ডি, এ একটা আশীর্বাদস্বরূপ। সি, এম, ডি, এ ছিল পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়ের স্বপ্ন। কিছুক্ষণ আগে মাননীয় সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী সি, এম, ডি, একে ক্যালকাটা মেট্রোপলিটান ডোবা এসোসিয়েসান আখ্যা দিয়েছেন। সি, এম, ডি, এর যে গঠনতন্ত্র তাকে যদি বিচার করে দেখা যায় পুংখানুপুংখরূপে তাহলে দেখা যাবে সি, এম, ডি, এর গঠনতন্ত্রের মধ্যে কিছু ক্রটি আছে যার ফলে এই রকম ধরণের ভুল ধারণার সৃষ্টি হচ্ছে। সি, এম, ডি, এ শুধুমাত্র অর্থ বিনিয়োগ করেন, সি, এম, পি, ও করে পরিকল্পনা এবং ৫২ সংস্থার মাধ্যমে এই কাজ হয়। কাজের ভালো বা মন্দ কোন কিছু বলার অধিকার সি, এম, ডি, এর নেই। সুতরাং আজ

সবচেয়ে বড় প্রশ্ন, সি, এম, ডি, এর গঠনতন্ত্রে এমনভাবে পরিবর্তন করতে হবে যেখানে সি, এম, ডি, এ অর্থ বিনিয়োগ করবে সেখানে সি, এম, ডি, এর তদারকের দায়ীত্ব থাকবে। অর্থনৈতিক দিবে আমি প্রথমে আসছি। সি, এম, ডি, এ মূলত কেন্দ্রীয় সরকারের অর্থে চলছে। একশো কোটি টাকা নিয়ে ১৯৭০ সালে জন্ম হয়েছিল। কেন্দ্রীয় সরকার-এর ৪২ কোটি টাকা, বাজারের ঋণ ৩০ কোটি টাকা, অক্টোরয় ১৫ কোটি টাকা, বস্তী উন্নয়ন ৮ কোটি টাকা এবং প্রতি বছর কেন্দ্রীয় সরকার ৫ কোটি টাকা বরাদ্দ করেছেন। এছাড়া, ৫০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দেবার আশ্বাস দিয়েছেন মোট এই যে ১৫০ কোটি টাকা যখন বাংলাদেশের মানুষ অন্ধকারের মধ্যে হাবুডুবু খাচ্ছিল তখন একটা আশার বাণী নিয়ে সি, এম, ডি, এর জন্ম হল। এক বছর কাজ করেছে সি, এম, ডি, এ এক-তৃতীয়াংশ কাজও হয় নি। মাত্র ৪০ কোটী টাকার কাজ করেছে। সি, এম, ডি, এর অর্থনৈতিক ব্যবস্থার উন্নতি করার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাই। কলোনী উন্নয়ন বাবদ প্রতি বছর কেন্দ্রীয় সরকার কোটী কোটী টাকা দেন। কিন্তু আমাদের রাইটার্স বিল্ডিংসের লাল ফিতার বাঁধনে প্রত্যেক বছর কেন্দ্রীয় সরকারের কাছে কলোনী উন্নয়নের টাকা ফেরত যায়। আমি আবেদন করছি যাতে কেন্দ্রীয় সরকারের এই অর্থ সি, এম, ডি, একে দান করা হয় এবং তাহলে সি, এম, ডি, এর মাধ্যমে প্রচুর কলোনীর উন্নতি হতে পারে এবং অনেক টাকা কেন্দ্রীয় সরকারের কাছে ফেরত যাবে না। কিছুদিন আগে বিশ্ব ব্যাঙ্কের প্রতিনিধিরা এসেছিলেন। তাঁদের সঙ্গে মুখ্যমন্ত্রীর আলোচনা হয়েছে। সি, এম, ডি, এর বরাদ্দ যাতে বাড়ান তারজন্য আমি আবেদন জানাচ্ছি।

C. M. D. A -এর গঠনতন্ত্রে যে ত্রুটী রয়েছে তার প্রধান হচ্ছে ৩৪টি পৌরসভা, ৩৩টি non municipal area, ১৪৫টি urban unit নিয়ে C. M. D. A -কে কাজ করতে হয়। C.M.D.A এইসব কাজ করল এবং C.M.D.A. এর কাজের উপর তদারকী করার জন্য ছোট ছোট বো তৈরী হয়েছে। তারপর C.M D.A. এর কাজে আরও অন্তরায় সৃষ্টি হচ্ছে। এরপর কর্মচারীদের উপর C.M.D.A. কোন খবরদারী করতে পারে না। কারণ তাদের এখানে deputation ভিত্তিক কাজ করতে হয়। দিল্লীতে C.P.W.D. এর মাধ্যমে সমস্ত কাজ হয়েছিল। Delhi Development authority এইরকম মনোনয়ন বন্ধ করে দিয়ে তারা নিজেরাই কাজ করেছেন এবং তার ফলে সেখানে যথেষ্ট উন্নতি হয়েছে। আমার মনে হয় C. M. P. O. State Planning Board, C M D.A. এই রকম সংস্থা থাকা উচিৎ নয়। এখন C M. P. O. থাকার কোন যৌক্তিকতা নেই। এই State Planning Board—C.M.P O. C M.D.A. এর under-এ থাকা উচিত। এছাড়া আমাদের এখন যে পৌর আইন সেগুলি অকেজো। এই পৌর আইনকে বাতিল করে দিয়ে অবিলম্বে একটা সংস্থা করা উচিত। সেজন্য ২০/২৫ municipality নিয়ে পৌর Council বা Metropolitan Council গঠন করার জন্য আবেদন করছি। C.M.D.A. তে যেসব অর্থ বিনিয়োগ করছেন C.M.D.A. কি তার কোন return দিয়েছেন? অতএব এরকম ভাবে আর কতদিন অর্থ বিনিয়োগ করে যাবেন। সেজন্য C M D.A -এর এমন কতকগুলি জায়গায় বিনিয়োগ করা দরকার যা থেকে অর্থকরী সাহায্য হতে পারে। পৌরসভাগুলিকে C M.D.A. ৭ লক্ষ টাকা দিয়ে থাকে। কিন্তু পৌরসভায় এত টাকা খরচ করার কোন ব্যবস্থা নেই। সেজন্য আমি অনুরোধ করব C.M.D.A. যেন জনসংখ্যার ভিত্তিতে অর্থ বরাদ্দ করেন। বম্বেতে মাথা পিছু ৫৩ টাকা, কোলকাতায় ৩৫ টাকা, হাওড়ায় ২০ টাকা এবং অন্যা municipality থেকে ৫ থেকে ১০ টাকা কর ধার্য করা হয়। কিন্তু এদিকে C.M.D.A. অর্থের অভাবে কিছু করতে পারছেনা। সেজন্য আমরা যদি আয় ভিত্তিক কর ধার্য্য করি তাহলে আরও অর্থ বাড়বে এবং C.M.D.A. উন্নতি করতে পারবে।

**শ্রীকৃষ্ণপদ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মাননীয় মন্ত্রী মহাশয় C.M.D.A. এর জন্য যে grant রেখেছেন আমি তাকে সমর্থন করছি। অবশ্য সমস্যা ভারে জর্জরিত পশ্চিমবাংলার সাধারণ মানুষ হিসাবে স্বীকার করতে হবে যে কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে সাধারণ মানুষের কাছে দৈনন্দিন জীবনের সমস্ত ক্ষেত্রে C.M.D.A. এমন একটা নাম যার পেছনে অনেক আশা আকাঙ্খা আছে। C.M.D.A. এর কাজ এবং পরিকল্পনা যা আমরা C.M.D A. এর মুদ্রিত পুস্তিকায় দেখেছি যে কোন কোন এলাকায় এসব অন্তর্ভুক্ত হবে। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত সেই কেন্দ্রও C M.D.A. এর পরিকল্পনাধীন। আমি ব্যাক্তিগতভাবে এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের সঙ্গে আলাপ আলোচনায় জেনেছি যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আমার এলাকায় কখনও কখনও C.M.D.A. এর Officer ও কর্মচারীরা গিয়ে মাপজোক করে আসেন। কিন্তু তাঁরা যে কিছু করবেন তার কোন প্রমাণ পাচ্ছিনা। একমাত্র হাওড়া Stn. অঞ্চলে যখন পৌছাই, মানতে হয় যে C.M.D.A. কিছু করেছেন বা করছেন। যদি শুধু কোলকাতাকে বাঁচানোর জন্য C.M.D.A. এর সমস্ত কর্মসূচী কেন্দ্রীভুত করেন তাহলে কোলকাতার কাছাকাছি পার্শ্ববর্তী এলাকার মানুষের কাছে যে পরিকল্পনা কাগজে কলমে পৌছে দিচ্ছেন তাতে কোলকাতাকে বাঁচানোর পরিকল্পনা কতখানি সার্থকতা লাভ করবে সে বিষয়ে সন্দেহ আছে।

[1-10—1-20 p.m.]

আমরা পরিস্কারভাবে আজকে বিবৃতিতে দেখেছি যে সি এম ডি এ কাজের মাধ্যম হিসাবে অনেকগুলি সংস্থাকে ব্যবহার করছেন। আমাদের হাওড়া পৌরসভাকে এর একটা মাধ্যম হিসাবে দেখলাম। একটা জিনিস আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টিগোচরে আনতে চাই সেটা হচ্ছে সি এম ডি এ হাওড়া পৌরসভাকে আর্থিক সাহায্য দেন পরিকল্পনা রূপায়নের জন্য, কিন্তু সেই পরিকল্পনা বাস্তবে রূপায়িত হচ্ছে কিনা এটা দেখার দায়িত্ব কে পালন করছেন আমরা জানি না। কারণ, হাওড়া পৌর-সভার অবস্থা এমন চরম পর্যায়ে পৌছেছে যে সি এম ডি এ-র আর্থিক সাহায্য নিয়ে তাঁরা কাজ করছেন কিনা জানি না কিন্তু নিজেদের খরচ চালিয়ে যাচ্ছেন এটা আমরা জানি। আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত যদিও তার একটা বিরাট অঞ্চল সি এম ডি এ-র মধ্যে আছে তবুও মাধ্যম হিসাবে জেলা পরিষদকে ব্যবহার করা কতটা বাস্তব ক্ষেত্রে ঠিক হচ্ছে সেটা বিবেচনা করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। জলের কথা বলেছেন। জলের জন্য হাওড়ায় দু'একটা জায়গায় পাইপ লাইন তৈরী হয়ে গেছে সি এম ডি এ-র উদ্যোগে কিন্তু সেই পাইপ লাইনে জল কোথা থেকে আসবে তার সন্ধান আমরা এখনও পাইনি। দুটো স্কুলের কথা বলেছেন, তার মধ্যে একটা স্কুল হাওড়ার বালিটিকুরি হাউসিং এস্টেটের জন্য সি এম ডি এ টেণ্ডার দিয়েছেন, কিন্তু আজ পর্যন্ত সেই স্কুলের অনুমোদন জেলা স্কুল বোর্ড দেন নি। এই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় যদি খবর নেন তাহলে ভাল হয়।

(নির্দিষ্ট সময় উত্তীর্ণ হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করলেন)।

**Shri Abdur Rauf Ansari:** Mr. Deputy Speaker, Sir, I rise to support the Demand No. 35 which has been placed by the Hon'ble Minister for Finance. While supporting the Grant No. 35 regarding the C.M.D.A. I like to mention that the formation of C.M.D.A. is a blessing to the people

residing within the C.M.D.A. area. The C.M.D.A. area is covered by about 33 Municipalities and 2 Corporations. You, we, and all enlightened people know that these Municipalities including the Calcutta Corporation are in perpetual headache about finance. Sir, the Corporation of Calcutta is to spend about 89 per cent of the revenue for their establishment. You can just imagine what amount of expenditure is incurred for the maintenance of the establishment : So, how will they plan their development works ? Similar is the position with regard to other Municipalities. Not only these 35 Municipalities but even the 89 Municipalities of West Bengal are all suffering from four factors, viz., annual assessment of the holdings, poor collections, lacking in fresh source of revenue, and lastly the demands of the employees-from time to time they are to meet the demands of the employees. Due to all these four reasons they have to face financial difficulties Now, with the growing population of the country, and in these days of science and technology, we cannot make any plan for a particular Municipality. While the population of Calcutta is increasing by leaps and bounds, I think, it is a great wisdom on the part of those who had the idea of C.M.D.A com prising of 35 Municipalities. This C.M.D.A. is working as a planning body. It formulates the plans and also supervises the work which is going on.

Sir, I think this is the third year of the C.M D.A. after it came into existence. I will say, Sir, the achievement made by the C.M.D.A.—these people had no previous knowledge and information of the planning of these municipalities but still their achievement—is appreciable. Even after the birth of the C.M D.A., the people of Calcutta, where one-third of the population are residing in bustees, and the people of Howrah, where more than one-third are residing in bustees, never imagined that one day they would have the lanes and by-lanes in their bustees converted into pucca surface, that their drains would be changed, their latrines would have new shape—I mean, connected privies in place of service privies ; they had no idea that they would have drinking water taps inside the bustees, they never thought that their pavements wons be pucca pavements because they know that the municipalities where they reside have no money to meet their day to day requirements,—even the contractors' bills and the demands of their employees--what to speak of their improvement and development. But thanks to those who brought into existence the C.M D.A. and thanks to those who gave us finance—the Central Government have come forward with a bold step and with a good amount of money. Sir, I find that in Calcutta, the work is, of course, big and gigantic and not so small that they will cover it within two or three years, because, Sir, as I told you, one-third of the people of Calcutta live in bustees, and the major portion of the population of Howrah also reside in bustees. And similar is the situation in other 33 municipalities. For these works they must take time. But I say,

Sir, that a new life has begun here. Sir, you go to the Chowringhee area—there people are living in nice palacial and air-conditioned buildings but a few yards behind those buildings in that area, you will find people living in a most inhuman condition. In that area, Sir, the C.M.D.A. has taken up a few bustees for improvement, and if those who visited that area two years back, go there today and just enquire of the people there about the work of the C.M.D.A. that has been completed there, they would tell you that in this rainy season mud did not allow them to go inside the bustees- the poor people there usually sleep outside in the open and during the rainy season they had no place to live—but now some improvement has been brought about in their bustees although the work has not yet been completed. But that is not enough, we have got to do more work. Sir, there are a few other machineries also and one such is the Calcutta Corporation. The Calcutta Corporation took up certain work in 1970 and at the end of 1971, I am surprised and sorry to tell you that they could not complete any single work for which they can be given a certificate. Sir, I request the minister-in-charge-we have heard that there are difficulties for those who are executing the work so far as materials are concerned, so far as chips and stones are concerned—they are to bring those materals from Pakur, they are lacking in wagons—that Government should move forward and take up the case of the people living in the C.M.D.A. area because they are also contributing more than 50 per cent for the sales tax that goes to the treaaury of West Bengal So far as the excise duty of 18 crores is concerned, 15 crores are contributed by the people residing in the area, and so far as income tax is concerned, major portion of it is contributed by the people of the C M D.A. area. So, I hope Government will look into their case. I see that sanitary latrines have been done and in Howrah they have done the septic tanks but I think there must be some arrangement for water also. I know, the C.M.D.A. has taken up schemes for improvement of roads, water supply, sanitation, parks, etc,- they have taken up a big task.

( At this stage the red light was lit )

I see the red light is on and the red signal is an alarming signal and so I must obey your order, Sir, and resume my seat, but before doing so, I would support the budget demand and request the Minister-in-charge to be vigilant and to meet the growing demands and requirements of the people residing in the C.M.D.A. area.

[1-20—1-30 p.m.]

**শ্রীনাসিরুদ্দিন খান** ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অর্থমন্ত্রী মহাশয় যে গ্রাণ্ট এনেছেন সেই গ্রাণ্টের আলোচনায় আমি দু'একটি কথা বলবো। কথার ভিতরে এই যে আমার

বক্তব্যতো বটেই উপরোক্ত অন্যান্য বক্তাদের যে বক্তৃতা শুনলাম তাতে সি. এম. ডি এ. এই সংস্থাটি হচ্ছে একটা আমলাদের সংস্থা, পুরো আমলাদের সংস্থা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সি. এম. ডি. এ. র যা সীমানা, যা আয়তন, এই আয়তনের ভিতরে আপনার কিছু মিউনিসিপ্যালিটি পড়েছে এবং কিছু কিছু—বোধ হয় ৫২/৫৩টি ইউনিয়ন, মানে পঞ্চায়েত এর অধীনে পড়েছে। এই সি. এম. ডি. এ যে টাকাটা মিউনিসিপ্যালিটি পর্যন্ত দেয় মিউনিসিপ্যালিটির হাতে কিন্তু ইউনিয়ন বা পঞ্চায়েত কে যে টাকা দিচ্ছেন তার খুবই সামান্য খরচ করা হয়—দুই লক্ষ টাকার মত। এবং সেটা তাঁরা নিজের হাতে খুসীমত যেখানে যেরকম প্রয়োজন সেখানে খরচ করেন। এই পক্ষপাতিত্বটা অন্ততঃ পঞ্চায়েতের ক্ষেত্রে হওয়াটা খুবই অন্যায় এবং অযৌক্তিক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই চুংগীকর বলে যে কর ধার্য হয়েছে সেই করটা প্রকৃতপক্ষে কিন্তু এই গ্রামীন বাংলা থেকে যেসব জিনিস আসে তার উপর কর বসেছে এবং সেই কর মূলত তাদের বেলায় কিন্তু খরচের সময় তারা এর আর কিছু পায় না। এই চুংগীকর যাতে গ্রামাঞ্চলে এর কিছু অংশ পায় এর জন্য আমি মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি এম ডি. এ. র আণ্ডারে কতকগুলি কন্ট্রাক্টার—এর আগে বারি সাহেব এই হাউসে উত্থাপন করেছেন, তবুও আমি আবার বলছি, যে কন্ট্রাক্টার ষ্টোনচিফস্ সাপ্লাই দেবে কিন্তু সেখানে দেখা গেল অনেক পরিমাণ বালি দেওয়া হল এবং সেই জুয়োচুরিতে কিছু কিছু সি. এম. ডি এ র কর্তৃপক্ষ পর্যান্ত জড়িয়ে পড়েছে। তাদের ব্যাপার ভিজিলেন্সে গিয়েছে কিন্তু আজ পর্যান্ত তার কোন কিছু পরিষ্কারভাবে জানা গেল না। এবং আমাদের সভাই সি পি আই এর মাননীয় সদস্যরা বললেন যে এর কিছু তদন্ত হবার পূর্বেই কন্ট্রাক্টারদের বিলগুলি সঙ্গে সঙ্গে পেমেন্ট হয়ে গেল। এ একেবারে আমলাতন্ত্রের রাজত্ব, আমলা পোষার একটা কারবার। কোটি কোটি টাকা নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। আমি শুনছিলাম যে, ঘর হয়েছে কিন্তু দেখা গেল সেই ঘর দিয়ে ঝরঝর করে পানী পড়ছে। মানে একেবারে ডাহা পুকুর চুরি। যদি কর্তৃপক্ষরা একটু অনেষ্ট হতেন তাহলে হয়ত এতটা পুকুর চুরি হতো না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরষের মধ্যে যদি ভূত ঢুকে থাকে তাহলে সেই সরষে দিয়ে আর ভূত ছাড়াবেন কি করে। আপনি জানেন এখানে এমন একটা কমিটি রাখা হয়েছে যাতে প্রপার রিপ্রেজেনটেটিভ নেই, থাকার কথা কিন্তু আজ পর্য্যন্ত প্রপার রিপ্রেজেনটেটিভ রাখা হয় নি। এই জন্য আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি যেন প্রপার পিপিলস্ রিপ্রেজেনটেটিভ সি. এম. ডি এ. তে থাকে। আমি এর বেশী বক্তব্য রাখতে চাইনা। আমি তাঁর আনীত গ্রান্টের উপর আমার বক্তব্যের প্রতি দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**Shri George Albert Wilson Deroze**: Mr. Deputy Speaker, Sir, I heartily support the demand which has been made by the Hon'ble Minister but as I mentioned the point before this grant was taken up, this House ought to be provided with an idea as to what exactly is the plan and what is the shape of Calcutta going to be when the C.M.D.A. is finished so that we can know exactly what is before the House. I am saying this, Sir, for this reason and in a particular connection With regard to the bustees of Calcutta, my friend Mr. Abdur Rauf Ansari has very rightly said that behind every building in Calcutta there is a bustee. Now, Sir, there was a study made some time in 1966 or 1967 by the C.M.P.O. It was a study of about 300 pages on the bustees and that learned study ended with the conclusion that the bustees

could not or should not be removed. This was the study made for official use only. But in that study the final conclusion was that the bustees should remain where they are. Then, Sir, the second U.F. Government went even farther. Sir, everyone is aware that in the greater Calcutta area these bustees are covered by the Thika Tenancy Act. The land belongs to somebody who is a zemindar. The huts and other structures on the land belong to what are called thika tenants and the others are small tenants. Sir, the first category of people, i.e. the zemindars, who own the land number about two thousand in the whole of greater Calcutta. The second category of people, i.e. the *thika* tenants who own the huts—who are an exploiting class of people, exploiting about six lakhs of poor people living in these huts, giving them no water supply, no sanitary arrangement whatsoever—are only twenty thousand strong. Sir, the second U.F. Government gave these twenty thousand exploiters almost occupancy rights. If they had built pucca structures, they could not be removed from there, and the net effect of this has been that the bustees of Calcutta have been made permanent and nobody can remove them except the Government. Sir, I would like to know what is the plan of the Government in regard to the bustees. Are they going to allow these six lakhs of people to remain in this kind of poverty, are they going to allow these bustees to remain where they are ? Can't there be any plan for the development of Calcutta—when behind every building in Calcutta there is a bustee—when the bustees are growing on in large numbers and the demands of the people residing in those bustees cannot possibly be met by the Government ? Sir, I feel that these and other questions and the total plan of the Government should be placed before the House so that these matters can be rationally discussed by us.

**ডঃ ভূপেন বিজলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার তথা সি. এম. ডি. এ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় সি এম. ডি. এ-এর যে কাজ কর্ম হচ্ছে এখানে আমার হাতে এই যে মাল মশলা আছে, এ দিয়েই হচ্ছে, আমি সিমেন্টের নমুনা নিয়ে এসেছি এবং একজন সাব এ্যাসিষ্ট্যান্ট ইঞ্জিনিয়ার সার্টিফাই করেছে যে এই জিনিষ নিয়েই হচ্ছে। দেখুন এতে আছে আমা ইট, পাথর ইত্যাদি। এই নমুনা আমি আপনার কাছে দিচ্ছি এবং দয়া করে এবিষয়ে তদন্ত করবার জন্য, সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে, সবচেয়ে আগে, এই সভায় যাঁরা বক্তব্য রাখলেন, তাঁদের অভিনন্দন জানাই। সরকারী এই বিভাগের সাথে দায়িত্বের অংশীদার হিসাবে নয়, সাধারণ সদস্য অথবা জনসাধারণের একজন হলেও, আমি যে কথা বলতাম, সেকথা বহু মাননীয় সদস্য বলেছেন। আমি তাঁদের কথার পুনরাবৃত্তি করেই শুরু করছি। এবং এটা শুধু তাঁদের কথা নয়, এটা শুধু কলকাতা মহানগরীর মানুষের কথা নয়, এটা সারা বাংলাদেশেরই মানুষের কথা, তাঁরা বলেছেন। শুধু মাত্র বিল সমর্থন করা বা না করার

মধ্যেই সীমাবদ্ধ রাখেন নি। বরং অনেকে বলেছেন, সি. এম. ডি. এ. কলকাতা মহানগরী তথা সারা বাংলাদেশের মানুষের কাছে আশীর্বাদ স্বরূপ।

[1-30—1-40 p.m.]

স্বর্গীয় নেতা ডাঃ বিধানচন্দ্র রায়ের এই পরিকল্পনা যদি আমরা সার্থক করতে পারি আমি নিশ্চিত বলতে পারি যে এটা আশীর্বাদ স্বরূপ হবে এবং আমাদের গঠনমূলক কাজের মধ্যে প্রয়োজনীয় অংশ বলে এটা স্বীকৃতি লাভ করবে। বাংলা দেশে গত কয়েক বৎসরের মধ্যে যতগুলি সরকার এলেন ও রাজ্যপালের সময় যে সমস্ত গঠনমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে আমরা যদি C M.D.A-র কাজের সার্থক রূপায়ণ করতে পারি তাহলে এটি সমস্ত কাজের মধ্যে অন্যতম এবং আমার মনে হয় প্রধান বলিলেও অত্যুক্তি হয় না। শুধুমাত্র কলকাতা মহানগরীর ভাল মন্দ C.M.D.A, এর চিন্তার মধ্যে সীমাবদ্ধ করে রাখা হয় নি। বাংলা দেশের অনেকখানি অঞ্চল এর সাথে যুক্ত করে দেওয়া হয়েছে। শুধু তাই নয় একটু দূরদর্শিতা নিয়ে বিচার করলে আমরা দেখতে পাব যে মহানগরীর ভালমন্দ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ছাড়াও সারা বাংলাদেশের স্বার্থ এবং বৃহত্তর স্বার্থ এর সাথে জড়িত আছে। অতি বৈজ্ঞানিক বাস্তব দৃষ্টি ভঙ্গীর উপর ভিত্তি করে C.M.D.A. পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং সেই পরিকল্পনা অনুসারে কাজ চলেছে। আমি জানি কিছু কিছু সদস্য আমাদের সামনে তাঁদের গঠনমূলক সাজেশান উপস্থাপিত করেছেন এবং ত্রুটি বিচ্যুতির কথা বলেছেন। আমি অস্বীকার করি না যে বিচ্ছিন্নভাবে কোথাও কোথাও হয়তো রূপায়ণ হ'তে ত্রুটি বিচ্যুতি হচ্ছে না কিন্তু এই ত্রুটি বিচ্যুতি এবং গঠনমূলক সাজেশান সরকারের পক্ষ থেকে আমরা গভীরভাবে এবং মনোযোগ সহকারে শুনেছি এবং তা মেটাবার জন্য আমরা নিশ্চিত সরকারের পক্ষ থেকে সচেষ্ট হবো। কিছু কিছু সদস্য দুর্নীতির কথা উল্লেখ করেছেন। তার মধ্যে ২টা বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। একটা সল্টলেকের কথা। মাননীয় সদস্যকে for information জানাতে চাই যে salt lake এটা C.M.D.A-র কাজ নয় এটা Irrigation and waterways Department এর ব্যাপার। এবং Entally Market House building এটা Corporation এর নিজস্ব কাজ এটাও C.M.D.A. এর নয়। কাজেই C.M.D A এর পরিপ্রেক্ষিতে যে বক্তব্য ওটার সাথে এটা যুক্ত নয়। সুতরাং এর সত্যাসত্য তারা বিচার করবেন, আমরা তার দায়িত্ব বহন করছি না সরাসরি। মহানগরী নিয়ে আর একটা কথা উঠেছে। একজন মাননীয় সদস্য বলেছেন চুঙ্গি কর প্রসঙ্গে। চুঙ্গি কর এর টাকা মোটামুটি ৩-ভাবে আসে। কিন্তু অত্যন্ত চিন্তার কথা যে টাকা আসার source অত্যন্ত কম নগন্য। এইরূপ একটা জনকল্যাণমূলক কাজে স্বভাবতই সেখানে কেবলমাত্র টাকা invest করা হয়, বিনিময়ে কিছু পাওয়া যায় না। চুঙ্গি কর সেখানে সামান্য একটা source ; সেখানে যদি মাননীয় সদস্য বলেন যে এটা গ্রাম বাংলার মানুষ দিচ্ছে সুতরাং গ্রাম বাংলার বৃহত্তর স্বার্থে ব্যয়িত হোক—আমি বলব গ্রাম বাংলার মানুষই সবটা দেয় না, কলকাতার মানুষ ও দেয়। কারণ গ্রাম থেকে যখন জিনিষ শহরে প্রবেশ করে তখন উদ্বৃত্ত জিনিষ বিক্রয় করের সাথে যুক্ত হয়ে যায়। স্বভাবতই এটা বর্তায় মহানগরীর মানুষের উপর। মহানগরীর মানুষকে এটা বহন করতে হয়। আমাদের সরকার এটা নির্দিষ্ট করে দিয়েছেন যেহেতু মহানগরীর মানুষ এই অর্থ দিচ্ছে সুতরাং মহানগরীর জনকল্যানমূলক কাজে এই সমুদয় অর্থ ব্যয়িত হোক। তবুও বলতে চাই যে মহানগরীর চিন্তার মধ্যে এটা সীমাবদ্ধ নেই। আগেই বলেছি যে একটু দূরদর্শিতা দিয়ে দেখলে বুঝতে পারবো যে এটায় আমরা অনেক দূর চলে গেছি। কলকাতার যদি আজকে উন্নতি হয় তাহলে তাকি শুধুমাত্র

কলকাতার মানুষেরই স্বার্থ রক্ষা করবে না পরন্তু সারা বাংলাদেশের সর্বশ্রেণীর মানুষের স্বার্থ বজায় রাখবে ?

আমি এই প্রসঙ্গে আপনাদের কাছে নিবেদন করছি যে আজকে বিধান সভায় আমরা যারা এসেছি সরকার পক্ষের, আমি খুব গর্বের সাথে বলতে পারি, এটা আমি অস্বীকার করতে পারবো না যে আমাদের অনেকখানি জন সমর্থন আদায় করে দিয়েছে এই সি. এম. ডি. এ। আমি নিজে দেখেছি, আমি যে অঞ্চলের প্রতিনিধিত্ব করছি, তার শতকরা ৯০ ভাগ মানুষ বস্তিবাসী, এই সি. এম. ডি. এ যদি আজ না থাকতো, তাহলে সেখানকার মানুষ—কংগ্রেস, কম্যুনিষ্ট অন্য কোন রাজনৈতিক তত্ত্ব নয়—, তাদের আমরা কোন প্রতিশ্রুতি দিতে পারতাম না, তাদের মনে কোন আশার সঞ্চার করতে পারতাম না এবং সেখান থেকে জয়যুক্ত হবার কোন সম্ভাবনা আমার থাকতো না। আমি নিজে দেখেছি—এই সি এম. ডি. এ কলোনীতে কলোনীতে নতুন করে একটা আশার সঞ্চার করে দিয়েছে। তা না হলে আর আজ সেই বস্তিতে ঢোকা যেত না। আজ সেই বস্তিতে বসে খাওয়াদাওয়া পর্যন্ত করা যায়, কোন অসুবিধা হয় না। তবে এর কার্য্যাদি রূপায়ণের ব্যাপারে কিছু কিছু ত্রুটি বিচ্যুতির কথা আমরা জানি। এই সি এম. ডি এ.-র একটা সময় খুব খারাপ গিয়েছে—যখন জনপ্রতিনিধিত্বের ভিত্তিতে গঠিত কোন সরকার এখানে ছিল না। সেই সময়ে প্রশাসনে কিছু ত্রুটি বিচ্যুতি হয়ে গেছে। আমরা এর সঙ্গে যুক্ত হবার পর সে সব শোধরাবার জন্য চেষ্টা করছি। আমি বিশ্বাস করি আপনারা ও এই ব্যাপারে সক্রিয় সহযোগিতার মনোভাব নিয়ে আমার সঙ্গে এগিয়ে আসবেন—শুধু সমালোচনার দৃষ্টিভঙ্গী নিয়ে নয়। এই সি. এম. ডি. এ-র সঙ্গে যুক্ত আছে আমাদের আশা ও প্রতিশ্রুতি, এর মধ্যে জড়িত আছে আমাদের সারা পশ্চিমবঙ্গের ভালমন্দ। সি. এম ডি. এ যে নতুন আশা ভরসার সৃষ্টি করেছে, কলোনীতে কলোনীতে, বস্তিতে বস্তিতে তা রূপায়িত করতে হবে। আমি বরাবরই আশাবাদী ছিলাম, আজকে মাননীয় সদস্যদের কাছ থেকে যে ধরণের কথা শুনছি, তাতে আমি আরো বেশী আশাবাদী হয়ে উঠছি। মাননীয় সদস্যদের কাছ থেকে যে বক্তৃতা শুনলাম তাতে আমি মনে করি—সি. এম. ডি. এ যে পরিকল্পনা গ্রহণ করেছে আমরা তা পুরাপুরি ষোল আনাই রূপায়িত করবো এ বিষয়ে আমার মনে কোন সন্দেহের অবকাশ নাই। এই সম্পর্কে আমি সংবাদপত্রের প্রকাশিত একটা রচনা থেকে, একটা রিপোর্ট থেকে একটা বক্তব্য এখানে রাখছি। একটা সাধারণ কলোনীর একজন সাধারণ মানুষের কাছ থেকে তাঁরা যা শুনেছেন, সেই কথা তাঁরা সেখানে লিপিবদ্ধ করেছেন। তার পুনরুদ্ধৃতি দিলে বোঝা যাবে এই সি. এম. ডি. এ তাদের মনে কতখানি আশার সঞ্চার করেতে পেরেছে। এই সি. এম. ডি. এ যদি ব্যর্থ হয়, তাহলে আমাদের সরকারের আশাও অনেকখানি ব্যর্থ হয়ে যাবে। এই সি. এম. ডি. এ-র পরিকল্পনা ও প্রতিশ্রুতি যদি আমরা রূপায়িত করতে না পারি, তাহলে প্রতিশ্রুতি দিয়ে ও আমরা জনগণের মধ্যে ঢুকতে পারবো না। এই সি. এম. ডি. এ-র মধ্যে মহানগরীর রাস্তাঘাট থেকে আরম্ভ করে বস্তির পায়খানা, এমন কি তার বাড়ীঘরের পরিকল্পনা পর্য্যন্ত ব্যবস্থা করা হয়েছে। বাড়ী তৈরীর ব্যাপারে এই সি. এম. ডি. এ সমাজতান্ত্রিক চিন্তাধারায় উদ্বুদ্ধ হয়ে—সেইভাবে তাঁরা পরিকল্পনা রূপায়িত করতে চলেছেন। বাড়ী তৈরী করে বাড়ী ভাড়া দেওয়া হবে—এবং তার ভাড়া কাটতে কাটতে শেষ পর্য্যন্ত তাকে বাড়ীর স্বত্বটা ও দিয়ে দেওয়া হবে। এই সমাজতান্ত্রিক চিন্তা ধারা থেকে দেখতে পাচ্ছি—আপনারা যে মনোভাব আজ এখানে প্রকাশ করেছেন, তা আরো সক্রিয় হয়ে উঠতে পারবে। সংবাদপত্র থেকে একটা লাইন আমি আপনাদের পড়ে শোনাচ্ছি

Although most C.M.D.A- projects in Calcutta are yet to make appreciable progress, the colonies give more idea about its vast possibilities. Life in these colonies has undergone a welcome change in recent months. We never thought we would live to see all these, a local resident says.

[1-40 —1-54 p m.]

একটা কলোনীর সাধারণ মানুষের কথা বলছি। তাই আমি বলছি যে আমরা সকল দিক থেকে সহযোগিতা পাচ্ছি। কেন্দ্র আমাদের যথেষ্ট সহযোগিতা করছেন এই ব্যাপারে এবং এটাও ঠিক যে কেন্দ্রের উপর আমাদের অনেকখানি নির্ভর করে থাকতে হচ্ছে সবটা না হলেও। সুতরাং আপনাদের সমর্থন পেলে এই যে সি. এম. ডি. এ জন্ম লাভ করেছে এবং যে ব্যাপারে আমি বক্তব্য রাখছি তা সার্থক হবে—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশঙ্কর ঘোষ**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সদস্যরা যে গঠনমূলক বক্তব্য রেখেছেন তাতে আমি খুব আশান্বিত হয়েছি ও আনন্দিতও হয়েছি। এই সি এম ডি. এ-র কাজ সারা পশ্চিমবাংলার কাজ। এই কাজ আমরা করতে পারি নি স্বাধীনতা পাবার ২৫ বছর অতিবাহিত হয়ে যাবার পরেও। এটা আমাদের লজ্জার কথা ছিল। ডাঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্ন ছিল এই কলকাতা মহানগরীর উন্নতি সাধন। সেই স্বপ্নকে পরবর্তীকালে পণ্ডিত নেহেরুও সমর্থন জানিয়েছিলেন। এই সি. এম. ডি. এ-র কাজ সুরু হতে পারছিল না—কারন আমাদের কলকাতা করপোরেশনের যে অর্থ সেই অর্থ নিয়ে কলকাতার উন্নতি হতে পারে না—বিশেষ করে বস্তী অঞ্চলের বস্তীর মানুষের আশাই ছিল না যে তাদের জলের বন্দোবস্ত হবে, রাস্তাঘাট হবে, পাকা পায়খানা হবে বা অন্যান্য কিছু পরিবর্ত্তন হবে। আজকে সেই পরিবর্ত্তন আমরা আনতে চলেছি। এই বস্তীর ব্যাপারে অনেক মাননীয় সদস্য বলেছেন যে কলকাতার একদিকে বস্তী রয়েছে আবার প্রাসাদও রয়েছে এবং এটা প্রায় সমস্ত কনষ্টিটিউয়েন্সিতেই রয়েছে। এটা লজ্জার কথা ছিল, কলঙ্কের কথা ছিল যে আমরা এর আগে বস্তীর কিছু করতে পারি নি। আমাদের পশ্চিমবাংলার যে সীমিত সম্পদ ছিল সেই সম্পদ দিয়ে এই কাজ আমরা করতে পারিনি। কারন ৩.২ কোটি টাকা প্ল্যানের ভিতর কেবল ৪৩ কোটি টাকা সি.এম ডি. এ-র জন্য দিয়েছি। এ বছর যে ৭৩ কোটি টাকা খরচ হবে তার মধ্যে পশ্চিমবঙ্গ কেবল ৮ কোটি টাকা সি.এম.ডি এ-কে দিয়েছে। বাকী টাকাটা কেন্দ্রের কাছ থেকে এবং অন্যান্য জায়গা থেকে আনতে হবে। যা হোক এই কাজের আমরা সুত্রপাত করতে পেরেছি—একটা পরিবর্ত্তন আনতে পেরেছি—একটা আশার আলো জেগেছে। যে সমস্ত জায়গায় কোন উন্নতি কখনও হবার কথা ছিল না সেই সমস্ত জায়গায় আজকে উন্নতি হয়েছে। এই সি. এম. ডি. এ. যে কাজ করছে সেটা একটা মাষ্টার প্ল্যান অনুযায়ী কাজ করছে যা ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের আমলে পরিকল্পিত হয়েছিল। জল জমার ব্যাপারে শ্রীমতী গীতা মুখার্জি বলেছেন। এই কাজ একটা মাষ্টার প্ল্যান অনুযায়ী চলছে এবং বিভিন্ন জায়গায় এ কাজ আরম্ভ হয়েছে। এখন ষ্ট্রাণ্ড রোড, ব্রেবোর্ণ রোড, হাজরা রোড, ট্যাংরা, ভি, আই, পি রোড ইত্যাদি কিছুটা আগের চেয়ে বেশ উন্নত হয়েছে। অন্যান্য জায়গায় আরও কাজ করা বাকী রয়েছে—এই কাজ আমাদের নিশ্চয়ই করতে হবে। জল সরবরাহ সম্পর্কে ডঃ কানাইলাল সরকার মহাশয় বলেছেন। গার্ডেনরীচে যাতে আমরা জল সরবরাহ বাড়াতে পারি তার কাজ আমরা আরম্ভ করেছি এবং বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে জল সরবরাহের জন্য যে কাজ এ যাবত করা হয়েছে তাতে অনেক উন্নতি হয়েছে। সেই সব মিউনিসিপ্যালিটির মধ্যে আছে কাঁচড়াপাড়া, নৈহাটি, টিটাগড়, বারাসত, বৈদ্যবাটি এবং হাওড়া। শ্রীমতী

গীতা মুখার্জি বলেছেন পার্ক সম্বন্ধে। যাতে খোলা জায়গায় পার্ক হয়—যাতে ছেলেমেয়েরা খেলাধুলা করতে পারে তার ব্যবস্থা করার কথা। এ ব্যাপারে আমি বলতে পারি যে এই বিষয়ে আমাদের ৭টি স্কীম রয়েছে—বিশেষ করে যাতে বস্তী অঞ্চলের ছেলেমেয়েরা খেলাধুলা করতে পারে তার জন্য। ডাঃ গণি বলেছেন যেন বার বার প্ল্যান করে টাকা অপচয় না হয়। নিশ্চয়ই এই প্ল্যান বাবদ টাকা অপচয় যাতে না হয় সেটা আমাদের দেখতে হবে। তবে এই সমস্ত কাজ একটা মাষ্টার প্ল্যান অনুযায়ী করা হয়। আমরা যদি কিছু প্ল্যান না করে কাজ আরম্ভ করি, তাহলে সেটা ঠিক হবে না—আগে অবশ্য এই কলকাতা সহরের যে সমস্ত উন্নতিমূলক কাজ হয়েছিল তা প্ল্যান ছাড়াই হয়েছিল। তাই সেখানে অনেক অসুবিধা হয়েছিল।

ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে একথা যখন উঠেছিল এবং তখন দেখা গিয়েছিল বস্তী সমস্যা রয়েছে তার সঙ্গে জড়িয়ে রয়েছে জলের সমস্যাও, তার সঙ্গে জড়িয়ে রয়েছে পায়খানা ঠিক করার ব্যাপার, রাস্তার ব্যাপার এবং সেই জন্যই মাষ্টার প্ল্যান নিতে হয়েছিল। সেই মাষ্টার প্ল্যানের জন্য বিরাট খরচের দায়িত্ব আছে এবং তার জন্য যে টাকা খরচ হবে সেটা হচ্ছে ৫০ কোটিরও বেশী টাকা। সেই টাকা আমাদের নেই। আমরা যে টাকা আজ পর্যন্ত পেয়েছি তার পরিমাণ হচ্ছে ৩৫ কোটি টাকার মত। সেই টাকার মধ্যে ৫ কোটি টাকা কেন্দ্রীয় সরকার-এর কাছ থেকে সাহায্য বাবদ বস্তী উন্নয়নের জন্য, আর ৫ কোটি টাকা আমরা কেন্দ্র থেকে ঋণ বাবদ পাব। আরও ১২ কোটি টাকা বাজার থেকে লোন করে পাব এবং অকট্রয় থেকে ৫ কোটি টাকা পাব। আর একটি কথা বলছি সি. এম, ডি, এর যে কাজ চলছে সেগুলির মেনটিনেন্সের বন্দোবস্ত কি হবে, ঋণ পরিশোধের বন্দোবস্ত কি হবে, এটা একটা বিরাট সমস্যা দেখা দিচ্ছে। এই সমস্যা নিয়েও আমরা চিন্তা করছি। আমাদের যে অকট্রয় রয়েছে সেই অকট্রয় থেকে আমরা বেশ সম্পদ পেয়েছি। যদি লোন সার্ভিস করতে হয় তাহলে অকট্রয় থেকে আমাদের দিতে হবে। এখন যে কাজ চলছে সেই কাজকে আমরা বলেছি কেবল ডেভেলাপমেন্ট ওয়ার্ক নয়, এটা রেসকিউ ওয়ার্ক, সার্ভিস ওয়ার্ক, কারণ ২৫ বছর ধরে কলিকাতা মহানগরীর কোন কাজ হয়নি। রাস্তার কাজ, পায়খানার কাজ, জল সরবরাহের কাজ, জল নিষ্কাশনের কাজ, ইত্যাদি যে কাজগুলি দরকার সেই সমস্ত কাজের জন্য এখনই কোন নগদ রিটার্ণ পাব না আমরা, যেটা রিটার্ণ পাব সেটা সাধারণভাবে রিটার্ণ—আমাদের এখানকার মানুষেরা যাতে ঠিকমত সভ্য মানুষ হিসাবে বাস করতে পারে, রাষ্ট্রে যাতে তাদের দায়িত্ব সঠিক ভাবে পালন করতে পারে সেই রিটার্ণ। এই ভাবে যদি মহানগরীর উন্নতি হয় তাহলে সেই উন্নয়নের কাজের সংগে ব্যবসা বাণিজ্য শিল্পেরও উন্নতি হবে এবং তা থেকে আমরা বেশ কিছু রিটার্ণ পাব। এই কাজ চালিয়ে যাবার পর এটা সম্পূর্ণ হলে যখন আমাদের লোন পরিশোধ করবার কথা আসবে তখন সেটা আমাদের অকট্রয় থেকে যে টাকা আসছে সেই টাকা দিয়ে তা পরিশোধ করার জন্য চিন্তা করতে হবে। আর মাননীয় সদস্যরা কিছু কিছু প্রশ্ন তুলেছেন বুরোক্রাটিক সেট আপের সম্বন্ধে। এখন জনপ্রতিনিধিত্ব মূলক সরকার এসেছেন তাঁরাই সেটা ভালভাবে দেখবেন। মাননীয় সদস্যদের যদি কোন বিশেষ অভিযোগ থাকে সেটা আমাদের কাছে পাঠালে আমরা নিশ্চয় দেখবো এবং গভীরভাবে বিবেচনা করবো। যদি পরিবর্তন আনতে হয়, আনবো। আমরা দেখেছি সি, এম, ডি, এর কাজে আমাদের এম, এল, এ রা যাঁরা সাধারণ রাজনীতি করেন যুবক, ছাত্র ইত্যাদি সকলেই এতে সহযোগিতা দিয়েছেন। এঁদের সহযোগিতা ছাড়া সরকার এ কাজ একা করতে পারতেন না এবং আমলাতন্ত্র একা করতে পারতেন না। আমরা আজকে এই কাজের জন্য সমর্থন পাচ্ছি। সি, এম, ডি, এর নানা কাজ রূপায়িত হচ্ছে বিভিন্ন এলাকায়, তার মধ্যে রয়েছে যুবক, ছাত্র সকলের সহযোগিতা। এই সহযোগিতা চেয়েছি এবং পেয়েছি বলেই আশা করছি সি, এম, ডি এর কাজ আরো বড় করে করতে পারবো। আর

একটা কথা মাননীয় সদস্যরা আশঙ্কা করেছেন যে কেন্দ্র থেকে যে সাহায্য পাচ্ছি সেটা কমে কিনা—সে বিষয়ে প্রকৃত অবস্থা হচ্ছে এই, যখন এখানে সি, এম, ডি,এর কাজ আরম্ভ হয়েছিল তখন কলকাতা ছাড়া সেই জাতীয় কাজ আর কোথাও হচ্ছিল না। এই সি, এম, ডি, এর কাজের মতো কাজ সুরু করার জন্য ডাঃ রায় পণ্ডিত নেহেরুকে বলেছিলেন। এ বিষয়ে আপত্তি ছিল, কিন্তু সমস্ত আপত্তি অগ্রাহ্য করে পণ্ডিত নেহেরু বললেন কলকাতার যে সমস্যা সেটা একটা জাতীয় সমস্যা, ন্যাশন্যাল প্রবলেম, সুতরাং এর জন্য টাকা দিতে হবে। এর ফলেই প্রথম অর্থ বরাদ্দ করলেন প্ল্যানিং কমিশন। এখন বোম্বাই, মাদ্রাজেও এই সি, এম, ডি, এ, জাতীয় কাজ কিছু কিছু আরম্ভ হয়েছে। কেন্দ্র থেকে যে সাহায্য দেওয়া হয় এই জাতীয় সাহায্য আগে কেবল পশ্চিমবঙ্গই এতদিন পাচ্ছিল, এখন বম্বে, মাদ্রাজ থেকেও এই জাতীয় দাবী এসেছে। কিন্তু তাসত্ত্বেও আমাদের প্রধানমন্ত্রী বারে বারে বলেছেন সি, এম, ডি, এর কাজকে অগ্রাধিকার দিতে হবে। সেই জন্য আশা করছি কেন্দ্র থেকে যে সাহায্য আসছে সেটা অব্যাহত থাকবে। আজকে হাউসের সমস্ত সদস্য সি, এম, ডি, এর যে কাজ সেই কাজকে সমর্থন জানিয়েছেন।

এটা আমাদের একটা পাথেয় হবে। এটাতে আমাদের জোর হবে এবং কেন্দ্র থেকে CMDAর কাজের জন্য অর্থ সাহায্যের জন্য আমরা বলতে পারবো। এটাতে দলমত নির্বিশেষে যে দাবী সেই দাবী হিসাবে কেন্দ্রের কাছে রাখতে পারবো। আমরা দেখেছি প্রধান মন্ত্রী এই বিষয়ে বিশেষ একটা সহানুভূতি-সূচক দৃষ্টি দিয়েছেন। কারণ এটা কলকাতা শহরের উন্নতির কথা নয় এটা সারা পশ্চিমবাংলার, সারা পূর্ব্বাঞ্চলের সমস্যা উন্নতির চেষ্টা। আসাম, বিহারের কিছুটা, উত্তর প্রদেশের অংশ এদের যে শিল্প বিন্যাস সেটা কলকাতারই মাধ্যমে হয়েছে। কাজেই কলকাতাকে যদি শান্তিপুর্ণ নগরী করা না যায় তাহলে এই সমস্ত অঞ্চলের উন্নতি হতে পারেনা। অনেকটা নির্ভর করছে CMDAর কাজের ওপর, কারণ মানুষের আশা আকাঙ্খা এসেছে, সরকারের কাছে অনেক কিছু তারা প্রত্যাশা করছে, তারা আশা করছে যে যে অবস্থায় তারা বাস করছে সেই অবস্থার পরিবর্ত্তন হবে। এবং আমরা সেখানে তাদের জলের ব্যবস্থা করতে পারবো, জলনিকাসের ব্যবস্থা করতে পারবো, পাকা পায়খানার ব্যবস্থা করতে পারবো, শিশুদের খাদ্য দিতে পারবো, শিশুদের স্কুল দিতে পারবো। এই সমস্ত নানা রকম কাজ করছে CMDA। শ্রীমতী গীতা মুখার্জী বলেছেন যে ইতি বাচক কাজ অনেক চলছে এবং অনেক সদস্যরা বলেছেন যে নানা রকম গঠনমূলক কাজ হচ্ছে এবং এই কাজের জন্য আপনারা গঠনমূলক সমর্থন জানিয়েছেন। সেজন্য আপনাদের অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sankar Ghose that a sum of Rs, 6,78,80,000 be granted for expenditure under Grant No 35, Major Heads: "51A Greater Calcutta Development Scheme and 1?6A-Capital Outlay on Greater Calcutta Development Scheme," was then put and agreed to

**Statement under Rule 346**

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে আমাদের কয়েকজন প্রাথমিক শিক্ষক গত কয়েকদিন ধরে কার্জন পার্কে অনশন ধর্ম্মঘট করে এসেছেন। আমাদের হাউসের কয়েকজন সদস্য আমারই সহকর্মী তাদের সংগে কথাবার্ত্তা বা আলোচনা চালিয়েছেন এবং এখন তাদের সঙ্গে একটা মোটামুটি agreementএ reach করেছে যাতে

তাদের কতকগুলি দাবী আমরা মেনে নিয়েছি। কতকগুলি নীতিগত ভাবে মেনে নিযেছি, কতকগুলি কার্য্যকরী হবে, বাকীগুলি মানা যায়নি। এই ভিত্তিতে তাদের যে মূল দাবী সেই সম্পর্কে একটা statement রেখে আপনার মাধ্যমে জানাচ্ছি, তারা সেখানে ধর্মঘট তুলে নেবে ঠিক করেছেন।

In continuation of my statement made on the floor of the Assembly on the 10th July, 1972, I am to inform the House that since then, the matter has been further considered by the Government. In view of the hardship experienced by the Primary Teachers in the context of their inadeqate salary, I have the pleasure to inform the House that teachers of all recognised and aided primary schools including Junior Basic Schools, primary schools under the District School Boards, Government Sponsored Free Primary Schools and schools under the Free and Compulsory Primary Education Scheme in Municipalities will be given an ad-hoc increase of Rs 7/- per month in their pay with effect from the 1st July, 1972

**Adjournment**

The House was then adjourned at 1-54 p m. till 1 p m on Friday, the 21st July, 1972, at the Assembly House, Calcutta

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 21st July, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 12 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 155 Members.

### Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m ]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

Now, we shall take up the questions.

**Shri Abdul Bari Biswas :** Sir, on a point of order মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের দৈনিক খবরের কাগজে দেখেছি।

**Mr. Speaker :** Mr. Biswas, not at this stage please. After the question hour I will allow you .......

**Shri Abdul Bari Biswas :** আমাদের এই হাউসের একজন সদস্য পুলিশ দ্বারা ধৃত হয়েছেন।

**Mr. Speaker :** Mr. Biswas, you are a senior member of this House. You should know that the first hour is specially allotted for questions. After the question hour, you can rise on point of order or point of privilege but not within the question hour. You are only loosing your right and valuable time for questions.

**Shri Abdul Bari Biswas :** স্যার, আমি বলছি যে এতে হাউসের প্রিভিলেজ নষ্ট হয়ে যাচ্ছে।

**Shri Kumar Dipti Sen Gupta :** Sir, this matter concerns the privilege not only of particular honourable Member who has been arrested but also of the entire House.

**Mr Speaker :** I know that an honourable Member was arrested and he has been released on bail. Some honourable members approached me, sometime ago, to raise this point and I was told that they are going to table a privilege motion, but I have not received any privilege motion. My Secretary tells me now that he has received one notice of privilege motion. I will look into the privilege motion that has been tabled. Before that, I request you to go through Rule 34 which says, "Unless the Speaker otherwise directs, the first hour of every sitting shall be available for the asking and answering of questions." This is the general rule and this is being practised everywhere in all the Assemblies. So, if honourable Members want to raise questions of privilege or breach of any privilege or any point of order, definitely they are entitled to do so after the question hour.

**Shri Abdul Bari Biswas :** This is a privilege motion and it should have priority.

**Mr. Speaker :** That should be raised after question hour.

## Starred Questions

( To which oral answers were given )

**Mr. Speaker :** The reply of starred question No. 202 has not been received. It is now held over and will be taken on the next rotational day.

### আসানসোল পৌর এলাকায় পানীয় জল সরবরাহ

*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৫) **শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** পৌরকার্যবিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল পৌর এলাকার অধিকাংশ এলাকায় পানীয় জল সরবরাহের কোন ব্যবস্থা নাই , এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**Shri Prafulla Kanti Ghosh :**

(ক) আসানসোল পৌর এলাকায় ১৯৬৫ সালে নূতন সংযোজিত ৩·৩৮ বর্গমাইল এলাকায় বর্তমানে নলবাহী পানীয় জল সরবরাহের ব্যবস্থা নাই।

(খ) পৌরকর্তৃপক্ষ ঐ অঞ্চলে এবং পৌরসভার অন্যান্য এলাকাতেও লরীর সাহায্যে পানীয় জল সরবরাহের ব্যবস্থা খরার সময় হইতে এখনও পর্য্যন্ত চালু রাখিয়াছেন এবং এই বাবদ সরকারী অর্থ সাহায্যও দেওয়া হইয়াছে। ইহা ব্যতীত Interim Water Supply Augmentation Scheme এর আওতায় ঢাকেশ্বরী হইতে আসানসোল পর্য্যন্ত পাইপ লাইনটি সরকারী উদ্যোগে সত্বর চালু করার

জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। উক্ত Scheme হইতে দৈনিক ৬·৮০ লক্ষ গ্যালন অতিরিক্ত জল সরবরাহ করা যাইবে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মন্ত্রীমহাশয় কি জানেন এই জলের কল না থাকার ফলে প্রতিবছর ট্রাকবাহী জলের জন্য কত খরচ হয়?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** ঠিক টোট্যাল এমাউণ্ট বলা এখনই আমার পক্ষে সম্ভব নয়। মাননীয় সদস্য যদি জানতে চান লিখিতভাবে আমি নিশ্চয় এর উত্তর দেব।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** আপনি কি জানেন শহরের মাত্র এক-তৃতীয়াংশেই জলের কল আছে বর্তমানে?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** আসানসোল পৌরসভার পুরাতন এলাকার আয়তন ৪·২৫ বর্গ মাইল এবং লোকসংখ্যা ১·৫ লক্ষ। এই এলাকায় সমগ্র অংশে নলবাহী পানীয় জল সরবরাহের বন্দোবস্ত আছে এবং বর্তমান ওয়াটার ওয়ার্কাস হতে দৈনিক ১২ লক্ষ গ্যালন জল সরবরাহ করা হয়।

পৌর এলাকার ১৯৬৫ সালে সংযোজিত অংশের আয়তন প্রায় সাড়ে তিন লক্ষ বর্গমাইল এবং এই এলাকার জনসংখ্যা ৭৫,০০০। এই এলাকায় বর্তমানে পাইপড ওয়াটার সরবরাহের বন্দোবস্ত নাই।

লোকসংখ্যার অনুপাতে জনপ্রতি দৈনিক ২০ গ্যালন হিসাবে আসানসোল পৌর এলাকায় আনুমানিক মোট ৪০ লক্ষ গ্যালন জলের প্রয়োজন। অতএব মোট ঘাটতির পরিমাণ দৈনিক ২৮ লক্ষ গ্যালন। এই ঘাটতির আনুমানিক ১০ লক্ষ গ্যালন জল খরা ব্যতীত অন্যান্য সময়ে কূপ, পুষ্করিনী ইত্যাদির জল দ্বারা পূরণ হয়। পৌর কর্তৃপক্ষ এই বৎসর খরার সময় হইতে এখনও পর্য্যন্ত ৩ লক্ষ টাকা ব্যয়ে ২৫টি ট্রাক মারফৎ দৈনিক প্রায় দুই লক্ষ গ্যালন অতিরিক্ত জল সরবরাহের বন্দোবস্ত করেন এবং এই বাবদ প্রাথমিক পর্যায়ে তাঁহারা ৫০,০০০ টাকা সরকারী ঋণ গ্রহণ করেন।

ইহা ব্যতীত ইনটেরিম ওয়াটার সাপ্লাই অগমেনটেশান স্কীম এর অধীনে ঢাকেশ্বরী হইতে আসানসোল পর্য্যন্ত পুরাতন পাইপ লাইনের প্রয়োজনীয় সংস্কার সাধন করিয়া চালু করিবার প্রকল্প পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং ডাইরেকটরেট গ্রহণ করিয়াছেন। এই প্রকল্পের কাজ শেষ হইলে আসানসোল পৌর এলাকায় দৈনিক ৬৮০ লক্ষ গ্যালন অতিরিক্ত জল সরবরাহের ব্যবস্থা হইবে। এবং ইহার জন্য আনুমানিক ব্যয় হইবে ১০·৪৮ লক্ষ টাকা।

উক্ত প্রকল্প ছাড়াও আরো দুইটি স্কীম, যথা, রানীগঞ্জ কোল ফিল্ড ওয়াটার সাপ্লাই স্কীম এবং আসানসোল আরবান ওয়াটার সাপ্লাই স্কীম সরকারের বিবেচনাধীন আছে। এই স্কীম দুটি চালু হইলে আসানসোল পৌর এলাকায় জলের চাহিদা পূরণ করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** এই স্কীম আসানসোলের স্যাটেলাইট টাউন স্কীমে কত পরিমাণ জল সরবরাহ করা হয়েছে আসানসোল পৌর এলাকায়?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ :** আমি তো বললাম ট্রাকের সাহায্যে প্রায় ২ লক্ষ গ্যালন অতিরিক্ত জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** সবটাই কি স্যাটেলাইট ওয়াটার সাপ্লাই স্কীম থেকে হয়েছিল ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** তার সঠিক উত্তর আমি আপনাকে এখন দিতে পারছি না। কিন্তু আসানসোল এলাকাকে ফীড করার জন্য এই অতিরিক্ত ২ লক্ষ গ্যালন জল সরবরাহ করা হয়েছিল।

**ডাঃ হরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** মন্ত্রী মহাশয়, শিল্প শ্রমিকরা যদি আরও বেশি জল পায় তাহলে আরও বেশী উৎপাদন ওই অঞ্চলে সম্ভবপর হবে কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** এটা matter of opinion, তবে আপাত দৃষ্টিতে দেখলে মনে হয় হওয়া উচিৎ।

[1-10—1-20 p.m.]

**Mr. Speaker :** Reply to question No. *201 has not been received. It is held over.

## জেলা পরিষদের রাস্তা

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৭) **ডঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, জেলা পরিষদের অধীনে রাস্তা বা সেতুর নূতন অথবা মেরামতির কাজ সিমেন্ট ও পাথরকুচির অভাবে অধিকাংশ ক্ষেত্রে ব্যাহত হইতেছে এবং

(খ) অবগত থাকিলে, আসন্ন বর্ষার কথা বিবেচনা করিয়া সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিয়াছেন ?

**Shri Prafulla Kanti Ghosh :**

(ক) সিমেন্টের অভাবে এগারোটি জিলা পরিষদের এবং পাথরকুচির অভাবে চারটি জেলা পরিষদের কাজ ব্যাহত হইতেছে।

(খ) বিভিন্ন জিলাপরিষদের আবেদন অনুযায়ী, District Magistrate, Sub-divisional Controller of Supplies, Director of Consumer Goods and Director of Movements সিমেন্ট সরবরাহ ত্বরান্বিত করার চেষ্টা করিতেছেন।

পাথরকুচির পরিবহনের জন্য জিলা পরিষদগুলি রেলকর্তৃপক্ষকে অগ্রাধিকারের ভিত্তিতে মালগাড়ির ব্যবস্থা করার জন্য অনুরোধ করিয়াছেন।

ডঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ এই শোচনীয় অবস্থা সম্পর্কে তাঁর বিভাগ তাঁকে ইতিপূর্বে অভিহিত করেছিলেন কিনা ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ যেমন যেমন প্রয়োজন হয়েছিল নিশ্চয় করেছিলেন এবং এবিষয়ে আপনার জানার জন্য আমি একটা ছোট report পড়ে শোনাচ্ছি।

From the reports received from different Zilla Parishads three statements have been attached herewith. First—the Zilla Parishad in which execution schemes are being hampered due to the non-availability of cement and stone-chips. Secondly—Number of schemes which are being hampered and steps taken by the different Zilla Parishads to procure these materials. It may be stated that steps for securing cement and stone chips were taken by the Zilla Parishads themselves and not by Government except in the case of Malda Zilla Parishad. The Malda Zilla Parishad reported scarcity of cement to Government and the Government accordingly moved the Directorate of Consumer Goods in the matter. The other Zilla Parishads did not report scarcity of cement and stone chips to the Government.

ডঃ শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ঃ আসন্ন বর্ষায় রাস্তার চলাচল ব্যাহত হওয়ার জন্য অন্তর্বর্তীকালীন কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ সরকারের গোচরে যখন এসেছে তখন Department. থেকে যথাযথভাবে যোগাযোগ করছে এবং এই materials Supply যাতে ত্বরান্বিত হতে পারে তারজন্য সম্পূর্ণ সজাগ আছে।

## বিধানসভা সদস্যদের আবাসগৃহ

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৭) শ্রীঅশ্বিনী রায়ঃ পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় গত ৫ই মে, ১৯৭২ তারিখে প্রদত্ত অ-তারকিত ২৯০ নং (অনুমোদিত প্রশ্ন নং ৫২৭) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত প্ল্যান ও এষ্টিমেট তৈয়ারি হইয়াছে কিনা ; এবং

(খ) হইলে—

(১) মোট কত টাকা ব্যয় হইবে, এবং

(২) উহার কাজ কবে নাগাত আরম্ভ হইবে ?

**Shri Bholanath Sen :**

(ক) হ্যাঁ।

(খ) আপাততঃ ২নং কীড ষ্ট্রিট,

(১) কলিকাতায় অবস্থিত এম. এল. এ, হোস্টেলের তিন তলার উপর চতুর্থ, পঞ্চম ষষ্ঠ এবং সপ্তম তলা নির্মিত হইবে। এই প্রকল্পের আনুমানিক ব্যয় ২২,৬৩,০০০, টাকা।

(২) প্রকল্পটির জন্য যে 'টেণ্ডার' ডাকা হইয়াছিল উহার ফলাফল সন্তোষজনক না হওয়ায় আবার 'টেণ্ডার' ডাকা হইয়াছে। টেণ্ডার গৃহীত হইলে যথাশীঘ্র সম্ভব কাজ আরম্ভ করা হইবে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই যে ২২ লক্ষ ৬৩ হাজার টাকা খরচ করে নতুন স্কীম হচ্ছে এতে কি সমস্ত এম. এল. এ. দের সংকুলান হবে ?

**শ্রীভোলানাথ সেনঃ** সমস্ত এম. এল. এ. দের সংকুলান হবে না এটা ঠিক কথা তবে প্রভূত পরিমাণে হবে। আপনাকে কারেক্ট ফিগার দিচ্ছি সেটা হচ্ছে ৩৬টি দুই কক্ষ বিশিষ্ট বাসগৃহ হবে ফ্ল্যাটের মত, আর ৩টি অতিথিদের জন্য বিশেষ বাসগৃহ হবে। আমাদের এখানে বাইরে থেকে যখন বিশেষ অতিথি আসেন তখন তাঁদের থাকবার কোন জায়গা দিতে পারি না, অথচ অন্যান্য স্টেট দেয়। সেজন্য ৩টি অতিথিদের জন্য এবং ৩৬টি দুই কক্ষ বিশিষ্ট গৃহ এম. এল. এ. দের জন্য। এ্যাসেম্বলী চলার সময় লং সেসানে অনেকে ফ্যামিলি নিয়ে থাকতে চান। তবে এম এল. এ রা যদি নিজেরা ব্যবস্থা করেন তাহলে ৭২ জন থাকতে পারেন।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই যে টেণ্ডারের কথা বললেন এই টেণ্ডার এ্যাকসেপটেড হবার কতদিনের মধ্যে কাজ আরম্ভ হবে এবং কখন শেষ হবে ?

**শ্রীভোলানাথ সেনঃ** এটা যাতে দ্রুত গতিতে সম্পন্ন হয় তারজন্য যা যা প্রয়োজন আ'র। সেই ব্যবস্থা করছি। তবে ইস্পাত, সিমেন্ট, ইট প্রভৃতি মাল-মসলা যা প্রয়োজন তা যদি না পাওয়া যায় তাহলে আটকে যাবে। সেটা হচ্ছে মেটিরিয়ালসের ব্যাপার, তাছাড়া যা যা করবার সমস্ত ব্যবস্থা করেছি।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মেটিরিয়াল সাপ্লাই এর ব্যাপারে কোন প্রায়োরিটির ব্যবস্থা করা হয়েছে ?

**শ্রীভোলানাথ সেনঃ** মেটিরিয়াল সাপ্লাই এর ব্যাপারে প্রায়োরিটি আমাদের দিক থেকে যতটা সম্ভব ততটা করেছি। তবে মেটিরিয়াল যেমন সিমেন্ট বাইরে থেকে আনতে হবে, ওয়াগনের ব্যাপার আছে, সেই সব গোলমালের কথা আমরা ভাবছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** ইণ্ডিয়ান এম. এল. এ. দের জন্য ওয়েস্টার্ন মেথডে বাথরুম বানান প্ল্যানিং এর ভেতর থাকবার কারণ কি ?

**শ্রীভোলানাথ সেনঃ** ইণ্ডিয়ান এম. এল. এ. দের জন্য ওয়েস্টার্ন স্টাইল প্ল্যানিং এর মধ্যে আছে। মাননীয় সদস্য জানেন না আমরা ইণ্ডিয়ান বাথরুম যেটাকে বলি স্কোয়াটিংএ বসা সেটা কিন্তু ফ্রান্সে আছে। উনি বলতে চেয়েছেন কোমোড। কোমোড যদি কেউ পছন্দ না করেন তাহলে ব্যবহার করবেন না, যদি পছন্দ করেন তাহলে ব্যবহার করবেন। আমি দেখব যাতে দেশী সিসটেম থাকে। কোমোডও কিছু থাকবে, কারণ হার্টের রোগী যাঁরা তাঁরা কোমোড প্রেফার করেন।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** উনি বললেন ফ্রান্সে আছে, ফ্রান্স কি ওয়েস্টার্ণ নয় ?

**শ্রীভোলানাথ সেন ঃ** আমাদের দেশী বাথরুম যেটা বললেন সেই জাতীয় ফ্রান্সেও পাওয়া যায়। সুতরাং দেশী বাথরুম বিলাতী বাথরুম বলবেন না, বলবেন কোমোড, না হয় বসা।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** আমাদের এই এম. এল. এ. হোস্টেল মেনটেন করবার জন্য এ্যানুয়ালি কত ব্যয় করেন ?

**শ্রীভোলানাথ সেন ঃ** এটা ঠিক এখন বলতে পারব না। এটা যদিও এ্যারাইজ করে না তবুও মাননীয় সদস্য যদি আমার ঘরে আসেন আমি বলতে পারব।

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** এম এল. এ. হোস্টেল অত্যন্ত ময়লা হয়ে থাকে, সেটার দিকে মন্ত্রীমহাশয় একটু লক্ষ্য রাখবেন কি ?

**শ্রীভোলানাথ সেন ঃ** আমি চেষ্টা করব। তবে যাঁরা ব্যবহার করেন তাঁরা যদি সহযোগিতা করেন তাহলে আমি খুশী হব।

**Mr. Speaker :** Starred question Nos. 207 and 208 may be taken up together.

[1-20—2-10 p.m. including adjournment]

## কলিকাতায় স্টেডিয়াম

*২০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৬) **শ্রীনিতাইপদ সরকার ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, সরকার কলিকাতায় স্টেডিয়াম নির্মাণের কর্মসূচি গ্রহণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে, কি পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন , এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত পরিকল্পনা সম্পন্ন হইবে ?

## লবণ হ্রদে স্টেডিয়াম

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৫) **শ্রীঅশ্বিনী রায় ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কলিকাতার সন্নিকটস্থ লবণ হ্রদে স্টেডিয়াম তৈয়ারীর পরিকল্পনা করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) প্রকল্পের বিবরণ,

(২) মোট নির্মাণ ব্যয়, এবং

(৩) উহার কাজ কবে নাগাত শুরু হইবে ?

**Shri Prafulla Kanti Ghosh** :

(ক) হ্যাঁ, লবণ হ্রদ এলাকায় এই আধুনিক স্টেডিয়াম নির্মিত হইবে। ক্রীকেট ব্যাতিরেকে।

(খ) ও (গ) প্রকল্পটি প্রস্তুত করা হইতেছে।

প্রকল্প প্রস্তুত না হওয়া পর্য্যন্ত উহা কতদিনে সম্পন্ন হইবে বলা সম্ভব নহে।

**Shri Prafulla Kanti Ghosh :**

(ক) হ্যাঁ।

(খ) প্রকল্পটি প্রস্তুত করা হইতেছে। ইহা প্রস্তুত ও চূড়ান্তভাবে অনুমোদিত না হওয়া পর্য্যন্ত এ সম্বন্ধে আর কোন তথ্য দেওয়া বর্ত্তমানে সম্ভব নহে।

**শ্রীঅশ্বিনী রায়** ঃ আচ্ছা তাহলে এই যে এতদিন পর্যন্ত কথা ছিল যে ষ্টেডিয়াম নির্মাণ হবে কলকাতার ফোর্ট উইলিয়ামের পাশে কোন একটা জায়গায়— এখন লবণ হ্রদে নিয়ে যাবার কারণটা কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ** ঃ কোন একটা জায়গা কোন সময়ে স্থিরীকৃত হয় নি, নানাভাবে ভাবা হচ্ছিল যে কোথায় ষ্টেডিয়াম করলে ক্রীড়ামোদিদের আমরা সম্পূর্ণভাবে সাহায্য করতে পারি এবং একটা উপযুক্ত ষ্টেডিয়াম কোথায় গড়ে তুলতে পারি সেটা আমরা ভেবে দেখছিলাম। আপনি জানেন স্যার, এই সল্ট লেক এলাকায় অনেকখানি জমি আছে এবং যে জমিতে এই ধরণের ষ্টেডিয়ামের কথা আমরা ভাবছি সেখানে করলে দর্শকদের খুব সুবিধা হবে এবং সেজন্য আমরা সল্ট লেকে ষ্টেডিয়াম নির্মাণ করার পরিকল্পনা নিয়েছি এবং আশা করছি এটা আমাদের সার্থক হবে।

**শ্রীঅশ্বিনী রায়** ঃ সল্ট লেকে সমস্ত রকমের খেলা হবে কি, না কোন বিশেষ ধরণের খেলাধূলা হবে ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ** ঃ এটা একটা বৃহত্তর পরিকল্পনা, এখানে দাঁড়িয়ে সবটা বলা সম্ভব হবে না, তবে আমি বলতে পারি সল্ট লেকে যে ষ্টেডিয়াম হবে তাতে ফুটবল খেলা হবে, ক্রিকেট খেলা হবে না। ক্রিকেটের জন্য কলকাতায় আর একটা স্টেডিয়াম ভালভাবে করবার কথা চিন্তা করছি। ইডেন গার্ডেনে ষ্টেডিয়াম আছে, সল্ট লেকে যে ষ্টেডিয়াম হবে সেখানে ফুটবল, দৌড়াবার ট্র্যাক থাকবে, ইনডোর ষ্টেডিয়াম এবং ন্যাশানাল থিয়েটারের যাতে ব্যবস্থা করা যায় তার জন্য আমরা ভাবছি। এখানে একটা বড় জিনিসের কথা আমরা ভাবছি, আমরা এই বিষয়ে এক্সপার্টদের নিয়ে ভাবছি। আলোচনা করছি এবং তাদের সঙ্গে আলোচনা করে যদি এমন হয় যে এই বিধানসভা চলাকালীন সব ঠিক হয়ে যায় তাহলে সেই প্রকল্পটি আপনাদের সামনে হাজির করব এবং তখন সব কিছু জানতে পারব।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** তাহলে সল্ট লেকে ক্রিকেট খেলা হবে না, কিন্তু ক্রিকেট খেলা দেখবার জন্য বহু ধরণের দুর্ঘটনা ঘটে এবং বহুদিন ধরে যে চাহিদা ছিল লোকের যে আমাদের ক্রিকেট খেলার মাঠের দরকার তাহলে কি ইডেন গার্ডেনে ঐ ছোট মাঠে কি ক্রিকেট খেলা আবদ্ধ রাখছেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** মাননীয় সদস্যকে বলতে পারি যে ইডেন গার্ডেনটা ছোট মাঠ নয়, ইডেন গার্ডেন পৃথিবীর মধ্যে অন্যতম শ্রেষ্ঠ ক্রিকেট খেলার মাঠ। ইডেন গার্ডেনের এই ষ্টেডিয়ামে ফুটবল এবং ক্রিকেট খেলা একসঙ্গে হওয়া সম্ভব কিনা এক্সপার্টরা আলোচনা করে বলেছেন এবং এটা স্থিরীকৃত হয়েছে যে একসঙ্গে ফুটবল এবং ক্রিকেট খেলা সম্ভব নয়। কারণ বিভিন্ন মাঠে বিভিন্ন রকম পীচ করতে হয়। ক্রিকেট মাঠ করতে মাঠের আউট পীচ করতে হয় আর ফুটবলের জন্য আর একরকম পীচ করতে হয়। সেজন্য এক সময় যেটা ভাবা হয়েছিল যে একটা কম্পোজিট ষ্টেডিয়াম করা হবে, সেটা হচ্ছে না। ইডেন গার্ডেনে আমাদের ক্রিকেট ষ্টেডিয়াম থাকছে এবং এখন যেখানে ৫০/৫৫ হাজার দর্শকের খেলা দেখবার ব্যবস্থা আছে সেটাকে বাড়িয়ে সামনের ক্রিকেট ম্যাচে আরো ১০ হাজার সীট বাড়াবার জন্য আমরা চেষ্টা করছি, আর ভবিষ্যতে ৮০ হাজার লোকের সীটের ব্যবস্থা করতে পারব বলে পরিকল্পনার কথা ভাবা হচ্ছে।

**শ্রীঅনন্তকুমার ভারতীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ষ্টেডিয়াম এখানে করা ঠিক করেছেন, এখানে রাস্তাঘাট নেই, যাতায়াতের অসুবিধা আছে তা জেনেও এখানে ষ্টেডিয়াম করা হচ্ছে কেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** আমি মাননীয় সদস্যকে আবার আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সঙ্গে সঙ্গে একথা জানাচ্ছি যে এই পরিকল্পনায় যে স্টেডিয়াম হচ্ছে তার সঙ্গে সঙ্গে আসা যাওয়া, খেলা ভেঙ্গে যাওয়ার পর দর্শকরা যাতে তাড়াতাড়ি বাড়ী ফিরতে পারে, সব কিছু ভেবে নিয়েই এই পরিকল্পনা করা হচ্ছে।

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন না যে এই ষ্টেডিয়াম একটা সেন্ট্রালি প্লেসড জায়গায় হওয়া উচিত ছিল ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** মাননীয় সদস্যদের কাছে এই আবেদন করবো যে একটা খেলা ভাঙ্গার পর যাতায়াতের যে বাধা সৃষ্টি হয় তিনি যদি সেটা দয়া করে বিবেচনা করেন এবং এই বিবেচনাকে সামনে রেখে আমরা একটা বড় জায়গায় যাতে দর্শকদের কোন অসুবিধা না হয়, আসা যাওয়ার অসুবিধা না হয়, খেলা ভাঙ্গার পর যাতে সাধারণ মানুষের বাড়ী ফেরার অসুবিধা না হয় এবং একটা খেলার যাতে সত্যিকারের পরিবেশ সৃষ্টি করা যায়, এই সব কথা ভেবে আজকে সল্ট লেকে এই পরিকল্পনা নেওয়া হয়েছে।

**শ্রীসুধীরচন্দ্র বেরাঃ** এই সল্ট লেকে ষ্টেডিয়াম করার আগে বিশেষ বিশেষ ক্রীড়ামোদীদের মতামত নেওয়ার প্রয়োজন মনে করেননি কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** বিশেষ বিশেষ ক্রীড়ামোদীদের সঙ্গে নিশ্চয়ই আলোচনা হয়েছে।

## জঙ্গিপুর মহকুমায় চুরি-ডাকাতি

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫০) শ্রীহবিবুর রহমান: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমায় চুরি ও ডাকাতির সংখ্যা অত্যধিক বৃদ্ধি পাইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, ইহার প্রতিরোধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**Dr. Md. Fazle Haque :**

(ক) চুরি ও ডাকাতির সংখ্যা অত্যধিক বৃদ্ধি পাওয়ার ঘটনা সত্য নহে।

(খ) ডাকাতির ঘটনায় জড়িত ৬৯ জনকে আটক করা হইয়াছে এবং উহারা বর্ত্তমানে সরকারী হেপাজতে রহিয়াছে। ৩জন ডাকাতকে মিসাতে (Misa) আটক রাখা হইয়াছে। জঙ্গীপুর মহকুমার সাগরদিঘি ও রঘুনাথগঞ্জ থানা দুইটিতেই সমস্যাটি বিদ্যমান। ঐ এলাকায় মোট ৫টি পুলিশ ক্যাম্প বসান হইয়াছে।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত:** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে কয়েকদিন আগে জঙ্গীপুর শহরে ষ্টেন গান নিয়ে ডাকাতি হয়ে গিয়েছে এবং কয়েকটি লোক নিহতও হয়েছে?

**ডঃ মহম্মদ ফজলে হক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের উত্তরের জন্য নোটিশ চাই।

(At this stage the House was adjourned for half an hour)

( After adjournment. )

### Starred Questions

(to which written answers were laid on the table)

## পশ্চিম দিনাজপুর জেলায় টোল কর

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *১০২) শ্রীবীরেশ্বর রায়: পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার আত্রেয়ী নদীর উপরে পতিরাম ব্রিজ, পুনর্ভবা নদীর উপরে গঙ্গারামপুর ব্রিজ এবং টাঙ্গন নদীর উপরে বংশীহারী ব্রিজ তিনটির জন্য টোল কর বাবত যে পয়সা আদায় করা হয় তাহা কোনটির কত বৎসর ধরিয়া করা হইতেছে,

(খ) এ পর্যন্ত তিনটি ব্রিজে কোনটিতে কত টাকা আদায় হইয়াছে;

(গ) উক্ত ব্রিজগুলি নির্মাণে পৃথক-পৃথকভাবে কত টাকা খরচ হইয়াছিল;

(ঘ) টোল গেটে পয়সা আদায় বাবত এক একটি গেটে বৎসরে কি কি দফায় কত টাকা খরচ হয়; এবং

(ঙ) উক্ত টোল আদায় বন্ধ করার কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কবে নাগাত তাহা কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works Department :**

(ক) আত্রেয়ী—২০ বৎসর

পুনর্ভবা—২০ বৎসর ৩ মাস

ট্যাঙ্গন—২০ বৎসর ৩ মাস।

(খ) আত্রেয়ী—১০,১২,৮২৯ টাকা

পুনর্ভবা—১০,৭০,৫৯০ টাকা

ট্যাঙ্গন—১০,৫৩,৬৯৪ টাকা।

(গ) আত্রেয়ী—১৫,৩৮,০০৯ টাকা

পুনর্ভবা—৪,৭৩,৫৬৩ টাকা

ট্যাঙ্গন—৩,২৬,১৫৪ টাকা।

(ঘ) কর্মচারীদের মাহিনা, মহার্ঘভাতা ও অন্যান্য ভাতা বাবদ সর্ব্বসাকুল্যে প্রতি গেটে ১৫,৪০৮ টাকা প্রতি বছরে ব্যয় হয়।

(ঙ) না।

## Devastating fire in Darjeeling

***211** (Admitted question No. *853.) **Shri Deo Prakash Rai :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government has enquired into the cause or causes of the devastating fire in the town of Darjeeling in November, 1971; and

(b) if so, the report of such enquiry?

**The Minister for Home (Police) Department :**

The Commissioner, Jalpaiguri Division, held an enquiry into the incident when he visited Darjeeling on 19th, 23rd and 24th November, 1971. During his visit he met a large number of citizens and officials of Darjeeling.

According to the report of the Divisional Commissioner it was suspected that the fire broke out due to a short circuit or embers left undistinguished by a jeweller at his small jeweller's shop below the Baman Basti on the M. P. Road The fire was aggravated by suspected stocks of illicit liquor kept in another room over the jeweller's shop.

## শিববাজার ( বেঁউদিয়ার ) নিকট খালের উপর সেতু

*২১২। ( অনুমোদিত প্রশ্ন নং *৭৭৭ ) **শ্রীঅমলেশ জানা** : পূর্তবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত এগরা-বাজকুল পাকা রাস্তায় শিববাজার ( বেঁউদিয়া) সন্নিকটস্থ খালের উপর সেতু নির্মাণের জন্য টেণ্ডারের কাজ সম্পন্ন হইয়াছে কিনা ;

(খ) হইয়া থাকিলে, উক্ত সেতু নির্মাণের কাজ কবে নাগাত শুরু হইবে , এবং

(গ) কতদিনে উহার কাজ শেষ হইবে ?

**The Minister for Public Works Department :**

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) আশা করা যায় আগামী বর্ষার পর কাজ শুরু হইবে এবং এক বৎসরের মধ্যে কাজ শেষ হইবে।

## অঞ্চল পঞ্চায়েত সচিব

*২১৩। ( অনুমোদিত প্রশ্ন নং *৯১৩ ) **শ্রীনরেশচন্দ্র চাকী** : পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে কতজন অঞ্চল পঞ্চায়েত সচিব আছেন ,

(খ) ইহাদিগকে কে নিয়োগ করেন ,

(গ) ইহাদের মধ্যে মহিলা কতজন , এবং

(ঘ) ইহারা সরকারী কর্মচারী কিনা ?

**The Minister for Panchayats Department :**

(ক) পশ্চিম বাংলায় বর্তমানে মোট ২৯১০ জন অঞ্চল পঞ্চায়েত সচিব আছেন।

(খ) অঞ্চল পঞ্চায়েত সচিবগণের নিয়োগ কর্তা পঞ্চায়েত অধিকর্তা ,

(গ) দুইজন ,

(ঘ) না।

## পঞ্চায়েত নির্বাচনী এলাকা নির্ধারণ

*২১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪২) **শ্রীকৃষ্ণপ্রসাদ দুলেঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চায়েত ব্যবস্থায় পল্লীগ্রাম এলাকার নির্বাচনী এলাকাগুলি কিভাবে নির্ধারিত হইবে ;

(খ) নির্বাচিত সদস্যদের কি কি ক্ষমতা দেওয়া হইবে , এবং

(গ) নির্বাচিত সদস্যদের কোন বেতন দেওয়া হইবে কিনা ?

**The Minister for Panchayat Department :**

(ক), (খ) এবং (গ) নূতন আইন পাশ না হওয়া পর্যন্ত এবিষয়গুলি সম্পর্কে সরকারের সিদ্ধান্ত জানানো সম্ভব নহে।

প্রস্তাবিত পঞ্চায়েত বিলটি এখন বিবেচনাধীন আছে। মন্ত্রীসভা এখনও এই সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন নাই। বিলটি মন্ত্রীসভার অনুমোদন লাভ করিলে উহা কলিকাতা গেজেটের বিশেষ সংখ্যায় প্রকাশ করা হইবে। অতঃপর উহা বিধানসভায় পেশ করা হইবে।

## চলচ্চিত্র শিল্প

*২১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৬) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের চলচ্চিত্র শিল্পের উন্নতির জন্য সরকার কি কি কর্মপন্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Information and Public Relations Department :**

(১) চলচ্চিত্র শিল্পের উন্নতির জন্য এবং চিত্র প্রযোজক ও টেকনিশিয়ানদের আর্থিক ও অন্যান্য সাহায্য দিবার জন্য একটি চলচ্চিত্র উন্নয়ন বোর্ড ( Film Development Board ) গঠন করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। আনুমানিক পঁচিশ লক্ষ টাকা সরকারী অনুদান লইয়া এই বোর্ড চালু হইবার কথা আছে।

(২) পশ্চিমবঙ্গের চলচ্চিত্র শিল্পের উন্নতিকল্পে ফিল্ম সেস্ ( cess ) বসাইবার প্রস্তাবও রহিয়াছে।

(৩) সরকারী স্তরে আরও অধিক সংখ্যক সংবাদচিত্র ও তথ্যচিত্র প্রস্তুত করার ব্যবস্থা হইবে।

(৪) পশ্চিমবঙ্গের চলচ্চিত্র প্রদর্শনীর জন্য সিনেমা লাইসেন্স দানের শর্তাবলী অপেক্ষাকৃত শিথিল করা হইবে।

(৫) ভারত সরকারের ফিল্মস্ ডিভিশনের বিকেন্দ্রীকরণ এবং কলিকাতায় চলচ্চিত্র প্রস্তুত করিবার একটি সংস্থা স্থাপন।

(৬) ভারত সরকারের সংবাদচিত্র ও তথ্যচিত্রের যে কপিগুলি পূর্ব্বাঞ্চলে সিনেমা গৃহে প্রদর্শনের জন্য ব্যবহৃত হয় সেই কপিগুলি কলিকাতায় ফিল্ম লেবরেটারীতে প্রস্তুত করিবার ব্যবস্থা করা।

(৭) পশ্চিমবঙ্গের চলচ্চিত্র প্রযোজকদের সাহায্যের জন্য কলিকাতায় Film Finance Corporation-এর একটি শাখা স্থাপনের ব্যবস্থা করা।

(৮) কলিকাতা হইতে হিন্দী ছায়াছবি উৎপাদনের ব্যবস্থা করা এবং সরকার এই শিল্পের জন্য কেন্দ্রীয় সরকারের সাথে আরও আলোচনা ও চিন্তা করছেন।

## চলচ্চিত্র উন্নয়ন সংস্থা

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৪) **শ্রীঅশ্বিনী রায়ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ রাজ্যে চলচ্চিত্র উন্নয়ন সংস্থা গঠিত হইয়াছে, এবং

(খ) সত্য হইলে—

(১) যাহাদের লইয়া উক্ত সংস্থা গঠিত হইয়াছে তাহাদের নাম ও যোগ্যতা, এবং

(২) উক্ত সংস্থার কাজের বিবরণ?

**The Minister for Information and Public Relations Department** :

(ক) না, এখনও হয় নাই।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

## রাজগ্রাম-বিষপুরিয়া রাস্তা

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৯) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার রাজগ্রাম-বিষপুরিয়া রাস্তার কাজ কবে নাগাত শুরু হইবে;

(খ) উক্ত রাস্তা বাবত কোন বৎসর কত টাকা মঞ্জুর করা হইয়াছে, এবং

(গ) উক্ত রাস্তা বাবত এ পর্যন্ত কত টাকার পাথর খরিদ করা হইয়াছে?

**The Minister for Public Works Department :**

(ক) ১৯৬৩-৬৪ সনে আরম্ভ হইয়াছে।

| (খ) বৎসর | মঞ্জুরীকৃত টাকা |
|---|---|
| ১৯৬৩-৬৪ | ৯,০০০ |
| ১৯৬৪-৬৫ | ১,০০,০০০ |
| ১৯৬৫-৬৬ | ২,৭৫,০০০ |
| ১৯৬৬-৬৭ | ১,৫০,০০০ |
| ১৯৬৭-৬৮ | ২২,০০০ |
| ১৯৬৮-৬৯ | ২৮,২০০ |
| ১৯৬৯-৭০ | ৬,৮০০ |
| ১৯৭০-৭১ | ১৫,০০০ |
| ১৯৭১-৭২ | ৩০,০০০ |

(গ) ৫,২১,৯১০ টাকার পাথর এ পর্য্যন্ত খরিদ করা হইয়াছে।

## চব্বিশপরগণা জেলার বিভক্তিকরণ

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬০) **শ্রীরামকৃষ্ণ বর ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রশাসনকার্যের সুবিধার্থে চব্বিশপরগণা জেলাকে দুই ভাগে বিভক্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা,

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা কার্যকরী হইবে ; এবং

(গ) কোন্ কোন্ মহকুমা কোন্ কোন্ দিকে থাকিবে ?

**The Minister for Home (G. A.) Department ;**

(ক) হ্যাঁ, আছে।

(খ) পরিকল্পনা পর্য্যায়ক্রমে কার্য্যকরী হইতেছে।

(গ) ব্যারাকপুর, বারাসাত, বসিরহাট, ও বনগাঁ মহকুমা লইয়া উত্তর ২৪-পরগণা জিলা গঠিত হইবে এবং আলিপুর, ডায়মণ্ডহারবার, কাকদ্বীপ ও জয়নগর মহকুমা লইয়া দক্ষিণ ২৪-পরগণা জেলা গঠিত হইবে।

## কাউরচণ্ডী গ্রামে জনৈক বিশিষ্ট ব্যক্তি লাঞ্ছিত

*২২১। (অনুমোদিত প্রশ্ন নং *১০২০) **শ্রীসুধীরচন্দ্র দাস**ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পাঁশকুড়া থানার কাউরচণ্ডী গ্রামে অবস্থিত গুরুকুল বিদ্যালয়, আর্যকন্যা বিদ্যালয়, এবং গুরুকুল ব্রহ্মচর্য আশ্রমের অন্যতম প্রতিষ্ঠাতা ও প্রধান পরিচালক এবং আর্য সমাজের প্রাদেশিক সভার সাধারণ সম্পাদক শ্রীবটকৃষ্ণ বর্মণ ও আশ্রমের কয়েকজন ছাত্র ১৬ই এপ্রিল, ১৯৭২ তারিখে একদল লোকের দ্বারা আক্রান্ত হইয়া প্রহৃত ও লাঞ্ছিত হন,

(খ) সত্য হইলে, এই সম্পর্কে পুলিশ কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছে কিনা, এবং

(গ) না করিলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ?

**The Minister for Home (Police) Department** :

(ক) শ্রীবটকৃষ্ণ বর্মণ গত ১৫.৪.৭২ তারিখে একদল লোকের দ্বারা আক্রান্ত হইয়া প্রহৃত ও লাঞ্ছিত হন বলিয়া অভিযোগ করেন এবং তমলুকের সাবডিভিসনাল ম্যাজিষ্ট্রেটের কোর্টে ঐ মর্মে একটি মামলা দায়ের করেন।

(খ) এই সম্পর্কে পুলিশী তদন্ত চলিতেছে।

(গ) প্রশ্ন উঠে না।

## রায়গঞ্জ ব্লকে পাকা রাস্তা

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১০) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত**ঃ পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ যোজনাকালে পশ্চিমদিনাজপুর জেলায় রায়গঞ্জ ব্লকে কতগুলি পাকা রাস্তা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) উক্ত মঞ্জুরীকৃত রাস্তাগুলির মধ্যে কতগুলির কাজ সম্পূর্ণ হইয়াছে ; এবং

(গ) যেগুলির কাজ এখনও শেষ হয় নাই সেগুলির কাজ কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works Department** :

(ক)—(গ) চতুর্থ যোজনায় সড়ক উন্নয়নের যে খসড়া রচিত হইয়াছে তাহাতে রায়গঞ্জ ব্লকের

১) বিন্দোল হইতে মহারাজঘাট হেল্‌থ সেণ্টার ও হাইস্কুল পর্যন্ত এবং (২) বিন্দোল রোড হইতে গাটোল বাজার পর্যন্ত দুইটি রাস্তা অন্তর্ভুক্ত আছে। রাস্তা দুইটির উপর মাটির কাজ শেষ হইয়াছে। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সম্ভব হইলে পাকা করার কাজ চতুর্থ যোজনাকালে সম্পন্ন করা যাইবে বলিয়া আশা করা যায়।

## বাঁকুড়া-ঝাড়গ্রাম রাস্তা

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৩) **শ্রীফণিভূষণ সিংহবাবুঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া হইতে ঝাড়গ্রাম পর্যন্ত রাস্তাটি ১৯৭২-৭৩ সালের পরিকল্পনার অন্তর্ভুক্ত আছে কিনা, এবং

(খ) থাকিলে, উহার কাজ কবে নাগাত আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works Department :**

(ক) ঐ নামে কোন রাস্তা পরিকল্পনার অন্তর্ভুক্ত নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## গড়বেতা থানার অন্তর্গত বিভিন্ন গ্রামের রাস্তা

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৮) **শ্রীসরোজ রায়ঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার অন্যতম পিছিয়ে-পড়া এলাকা গড়বেতা থানার যেসব গ্রামাঞ্চলে কৃষিজাত দ্রব্য হয়, প্রধানত সেই সব কৃষিজাত দ্রব্য শহর, গঞ্জ, বাজার প্রভৃতি বিক্রয়কেন্দ্রে আনার জন্য ঐ এলাকায় পাকা ও পীচ রাস্তা না থাকায় স্থানীয় অধিবাসীদের বিশেষ অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, গড়বেতা থানার নিম্নোক্ত রাস্তাগুলিকে পাকা রাস্তায় পরিণত করার জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কি :—

(১) হুমগড় হইতে আমলাগুলি পর্যন্ত,

(২) গড়বেতা ১নং ব্লকের বীদিকা গ্রাম হইতে কাদড়া (১নং ব্লক) পর্যন্ত, এবং

(৩) আর এম রোড হইতে রসকুণ্ডু গ্রাম হইয়া (ভায়া রসকুণ্ডু) চন্দ্রকোণা শহর পর্যন্ত?

**The Minister for Public Works Department :**

(ক) ও (খ) পশ্চিমবঙ্গের অন্যান্য থানার ন্যায় গড়বেতা থানাতেও যাবতীয় রাস্তা নি' করা সম্ভব হয় নাই, ফলে অসুবিধা হওয়া স্বাভাবিক। তবে এই থানায় গড়বেতা-হুমগড় এবং চন্দ্রকো গোয়ালতোড়-সারেঙ্গা-সিমলাঘাট, এই দুইটি রাস্তা নির্মাণ করা হইয়াছে। ইহা ব্যতীত গোয়া তোড়-হুমগড় এবং পীরকাটা-গোয়ালতোড় রাস্তা দুইটি মার্কেট লিংক হিসাবে নির্মাণ করা হইতেছে আর কোন রাস্তা নির্মাণের পরিকল্পনা আপাততঃ নাই।

### Minority Community Commission

*225. (Admitted question No. *626.) **Shri Rajani Kanta Doloi** : W the Minister-in-charge of the Home (Political) Department be pleased state—

(a) whether the Government is considering any proposal to set up a commission to enquire into the genuine grievances of the membe of the minority community and to suggest remedial measures the Government ;

(b) if so, the likely composition of the commission ;

(c) whether the Government is contemplating to take any other measu to remove the feeling of discrimination in the minds of tl members of the minority community ; and

(d) if so, what are the details of the proposals ?

**The Minister for Home (Political) Department** ;

(a) No.

(b) Does not arise.

(c) & (d) In no matter discrimination is made affecting the interest the minority community. State Govt. are not aware of any such feeling discrimination in the minds of the members of the minority community.

### আসানসোল সেটিলাইট টাউনশিপ ওয়াটার ওয়ার্কস

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯০) **শ্রীনিরঞ্জন ডিহিদার** : গৃহনির্মাণ বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'আসানসোল সেটিলাইট টাউনশিপ ওয়াটার ওয়ার্কসের মাধ্যমে দৈনিক কত গ্যালন জ সরবরাহের পরিকল্পনা ছিল ; এবং

(খ) এই ওয়ার্কসের মাধ্যমে এবারের গ্রীষ্মে আসানসোল পৌর এলাকায় দৈনিক কত গ্যালন জল সরবরাহ করা হয়েছে ?

**The Minister for Housing Department :**

(ক) দৈনিক ২০,০০,০০০ ( কুড়ি লক্ষ ) গ্যালন।

(খ) দৈনিক ২,৭০,০০০ ( দুই লক্ষ সত্তর হাজার ) গ্যালন।

ইহা ছাড়া সমষ্টি উন্নয়ন অফিসারদের মাধ্যমে লরি করিয়া নিকটবর্তী গ্রামাঞ্চলে প্রায় ৪ লক্ষ গ্যালন জল সরবরাহ করা হইয়াছে।

## বালুরঘাট শহরে আত্রেয়ী নদীর উপর সেতু

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৩) **শ্রীবীরেশ্বর রায়ঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলায় বালুরঘাট শহরে আত্রেয়ী নদীর উপর একটি ব্রিজ নির্মাণের জন্য চতুর্থ পরিকল্পনায় সিদ্ধান্ত লওয়া হইয়াছিল ,

(খ) সত্য হইলে, ঐ ব্রিজ নির্মাণের জন্য এ পর্যন্ত কি কি কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ; এবং

(গ) কত দিনের মধ্যে ঐ ব্রিজের নির্মাণকার্য শুরু ও সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Public Works Department :**

(ক)—(গ) না, তবে তৃতীয় পরিকল্পনাকাল হইতেই আত্রেই নদীর উপর ব্রীজ নির্মাণের একটি প্রস্তাব বিবেচনা করা হইতেছে। কিন্তু প্রয়োজনীয় অর্থ না পাওয়ার জন্য এই পর্যন্ত ব্রীজটি নির্মাণের প্রকল্প গ্রহণ করা সম্ভব হয় নাই।

## পশ্চিমবঙ্গে "হিপি"

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৮) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট "হিপির" সংখ্যা কত ;

(খ) এই সমস্ত "হিপির" জীবিকা অর্জনের প্রধান উপায় কি ; এবং

(গ) তাহারা প্রধানত কোন্ কোন্ দেশের অধিবাসী ?

**The Minister for Home (Political) Department :**

(ক) আনুমানিক ১৩ জন।

(খ) Travellers' Cheque অথবা Draft মারফত প্রাপ্ত নিজেদের অর্থে। (গ) প্রধানত আমেরিকা এবং কমনওয়েলথভূক্ত দেশগুলি, যথা—ব্রিটেন, কানাডা, অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ডে অধিবাসী।

## পি ডাবলিউ ডি (বাঁকুড়া) ক্রীত পিচ

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৪) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার পি ডাবলিউ ডি (রোডস কনষ্ট্রাকশন ডিভিশন) ১৯৭২ সালে মার্চ মাসে কত মূল্যের ও কত পরিমাণ পিচ (ড্রামে) খরিদ করিয়াছেন;

(খ) উক্ত মাল কোন্ কোম্পানি হইতে খরিদ করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে, প্রায় ২৫০টি ড্রামের পিচ শূন্য ও মুখ-খোলা অবস্থায় পাওয়া গিয়াছে; এবং

(ঘ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Public Works Department :**

(ক) ১৩৩২টি পিচ ভর্তি ড্রাম খরিদ করা হইয়াছিল। উহার মূল্য প্রায় ১ (এক) লক্ষ টাকা।

(খ) ভারত সরকারের একটি সংস্থা ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন হইতে খরিদ করা হইয়াছে

(গ) ৭০টি ড্রাম মুখ খোলা অবস্থায় পাওয়া গিয়াছিল তবে প্রত্যেক ড্রামেই পিচ ভর্তি ছিল।

(ঘ) (১) মালগাড়ী হইতে সরকারী গুদামে আনার সময়ে পীচের ড্রামগুলি অনেকবার উঠাইতে নামাইতে হয়। ফলে কিছু কিছু ড্রামের ঢাকনা খুলিয়া যায়। (২) মালগাড়ী হইতে খালাস করিবার সময় যে কয়টি পীচের ড্রাম ঢাকনা বিহীন অবস্থায় পাওয়া গিয়াছিল সেই কয়টির প্রতি সংশ্লিষ্ট ষ্টেশন মাষ্টারের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছিল, কিন্তু কোন ড্রামেই মাল কম না থাকায় উক্ত ষ্টেশন মাষ্টার শর্ট সার্টিফিকেট দেন নাই।

## পশ্চিমবঙ্গ পুলিসের মোটরযান

*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গের অধিকাংশ থানায় কোন মোটরযান না থাকার ফলে গ্রাম বাংলার অপরাধ দমনে পুলিশকে বিব্রত হইতে হয়,

(খ) অবগত থাকিলে, পশ্চিমবঙ্গের প্রতিটি থানায় একটি করিয়া মোটরযান দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(গ) পশ্চিমবঙ্গে পুলিসের কয়টি মোটরযান আছে ও কোন্ কোন্ থানায় কয়টি করিয়া ?

**The Minster for Home (Police) Department :**

(ক) পশ্চিমবঙ্গের অধিকাংশ থানায় মোটরযান নাই একথা সম্পূর্ণ সত্য নহে। মোটরযানগুলি জেলা আরক্ষাধীক্ষকের অধীনে থাকে। তিনি বিভিন্ন থানার মোটরযানের প্রয়োজনীয়তা বিবেচনা করিয়া মোটরযানগুলিকে থানাতে বণ্টন করিয়া থাকেন।

(খ) আছে। পরিকল্পনার রূপায়ণের জন্য আর্থিক সংগতির কথা বিবেচনা করিতে হয় এবং প্রতিটি ক্ষেত্রে গুণাগুণ বিচার করিয়া মোটরযান মঞ্জুর করা হয়।

(গ) ১১১৪ মোটরযান (১৪৭টি মোটর সাইকেল সহ)। পশ্চিমবঙ্গ পুলিশের অধীন এলাকায় মোটরযানগুলিকে থানাভিত্তিক বিতরণ করা হয় না থানার প্রয়োজনীয়তা বিচার করিয়া থানাতে পাঠানো হয়। কোন জেলায় কতগুলি মোটরযান আছে তাহার হিসাব ক্রোড়পত্রে প্রদত্ত হইল। ইহা ছাড়া কলিকাতা পুলিশের কোন থানায় কয়টি মোটরযান আছে তাহার হিসাবও ক্রোড়পত্রে প্রদত্ত হইল।

ক্রোড়পত্র

**মোটরযানের হিসাব**

পশ্চিমবঙ্গ পুলিশ—

| জেলা | মোটরযানের সংখ্যা |
|---|---|
| ২৪-পরগণা | ১৫০ |
| নদীয়া | ৪৬ |
| মুর্শিদাবাদ | ৩৩ |
| হুগলী | ৪৭ |
| বীরভূম | ২১ |
| বর্ধমান | ৭৭ |
| পুরুলিয়া | ২৩ |
| বাঁকুড়া | ২২ |
| হাওড়া | ৫৯ |

| জেলা | মোটরযানের সংখ্যা |
| --- | --- |
| মেদিনীপুর | ৫১ |
| মালদহ | ১৯ |
| কুচবিহার | ২০ |
| পশ্চিম দিনাজপুর | ৩৮ |
| জলপাইগুড়ি | ৩৪ |
| দার্জিলিং | ২৯ |
| মোট— | ৬৬৯ |

**কলিকাতা পুলিশ**

| থানা | মোটরযানের সংখ্যা |
| --- | --- |
| শ্যামপুকুর | ৩ |
| জোড়াবাগান | ৩ |
| বড়তলা | ২ |
| বড়বাজার | ২ |
| জোড়াসাঁকো | ৩ |
| আমহার্ষ্ট ষ্ট্রীট | ৩ |
| হেয়ার ষ্ট্রীট | ২ |
| বহুবাজার | ৩ |
| মুচিপাড়া | ৩ |
| তালতলা | ৩ |
| পার্ক ষ্ট্রীট | ২ |

| থানা | মোটরযানের সংখ্যা |
|---|---|
| হেষ্টিংস | ২ |
| কাশীপুর | ৪ |
| চিৎপুর | ৩ |
| মানিকতলা | ৩ |
| উল্টাডাঙ্গা | ৩ |
| বেলেঘাটা | ৪ |
| ফুলবাগান | ২ |
| নারকেলডাঙ্গা | ২ |
| এন্টালি | ৩ |
| বেনেপুকুর | ৩ |
| বালীগঞ্জ | ৩ |
| ভবানীপুর | ৪ |
| টালীগঞ্জ | ৩ |
| আলিপুর | ৩ |
| নিউ আলিপুর | ২ |
| ওয়াটগঞ্জ | ২ |
| গার্ডেনরীচ | ৪ |
| একবালপুর | ২ |
| কড়েয়া | ৩ |
| পোর্ট পুলিশ ( নর্থ ডিভিসন ) | ২ |
| পোর্ট পুলিশ ( সাউথ ডিভিসন ) | ৪ |
| | মোট—৯০ |

## রায়গঞ্জ ও বালুরঘাট মিউনিসিপ্যালিটি

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১১) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত** ঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ এবং বালুরঘাট মিউনিসিপ্যালিটিকে ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে কোন টাকা সরকার হইতে দেওয়া হইয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হঁ্যা" হয়, তবে কোন্ মিউনিসিপ্যালিটিকে কোন্ সালে কত টাকা অনুদান এবং লোন হিসাবে দেওয়া হইয়াছে, এবং

(গ) কোন্ সাল পর্য্যন্ত উক্ত মিউনিসিপ্যালিটিগুলির আয়ব্যয়ের হিসাব অডিট করা হইয়াছে ?

**The Minister for Municipal Services Department** :

(ক) হঁ্যা।

(খ) অনুদানের পরিমাণ

| | ১৯৭০-৭১ | ১৯৭১-৭২ |
|---|---|---|
| রায়গঞ্জ— | ১,৯২,২৪৯·০০টা: | ২,৩২,৬৯২·০০ টা: |
| বালুরঘাট— | ২,৮৮,৩১৮·৩০ টা: | ৩,২৮,৬৩৮·৭০ টা: |

ঋণের পরিমাণ

| | | |
|---|---|---|
| রায়গঞ্জ— | ৪,২২১·০০ টা: | ৪,২২১·০০ টাঃ |
| বালুরঘাট— | ১,১৭,৬২৩·৩৫ টা: | ৫২,৮৫৫·৭৪ টা: |

(গ) রায়গঞ্জ এবং বালুরঘাট মিউনিসিপ্যালিটির আয়ব্যয়ের হিসাব যথাক্রমে ১৯৬৫-৬৬ এবং ১৯৬৭-৬৮ সাল পর্য্যন্ত অডিট করা হইয়াছে।

## পুরুলিয়া পৌর কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক শিক্ষক বরখাস্ত

*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৪) **শ্রীনিতাইপদ সরকার** ঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া পৌর কর্তৃপক্ষ চার (৪) জন প্রাথমিক শিক্ষককে সাময়িক বরখাস্ত করিয়াছেন, এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Municipal Services Department :**

(ক) হ্যাঁ।

(খ) (১) পৌর কর্তৃপক্ষ নিম্নলিখিত তিন দফা অভিযোগের ভিত্তিতে এই চারজন প্রাথমিক শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করিয়াছেন:—(১) বিগত ২৪-৬-৭২ তারিখে অপরাহ্নে পৌর সদস্যগণের একটি সাধারণ সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত ছিল। কিন্তু এই শিক্ষকগণ পূর্ব্বে কোনও সংবাদ না দিয়া বা উপযুক্ত কারণ প্রদর্শন না করিয়া ঐ সভা অনুষ্ঠানে বাধা প্রদান করেন।

(২) ঐ শিক্ষকদের বাধা প্রদানের ফলে পৌর সদস্যগণ যখন উক্ত সাধারণ সভা মুলতুবী রাখিতে বাধ্য হন ত'হার অব্যবহিত পরেই এই চারজন শিক্ষক অন্যান্য পৌর শিক্ষকগণ সহ শ্রীতোলারাম লাহা নামে জনৈক পৌর সদস্যকে পৌর অফিস প্রাঙ্গণে 'ঘেরাও' করেন এবং তাহাকে গালাগালি করেন ও পৌর সভার উদ্দেশ্যে নোংরা ভাষা ব্যবহার করেন।

(৩) ঐদিনই পরে যখন শ্রীতোলারাম লাহা কতিপয় পৌর সদস্য, পৌর সভাপতি এবং সহসভাপতি সহ শহরের 'রেড ক্রশ' (Red Cross) রোড দিয়া যাইতেছিলেন তখন এই শিক্ষকগণ এবং কিছু বহিরাগত লোক শ্রীলাহাকে নোংরা ভাষায় গালাগালি করেন এবং তাহারা শ্রীলাহাকে দৈহিক নির্যাতন করিতে প্ররোচিত করেন। ইহার ফলে বহিরাগতদের একজন পৌর সভাপতি, সহসভাপতি এবং কয়েকজন পৌর সদস্যদের সম্মুখে শ্রীলাহাকে দৈহিক পীড়ন করেন।

(খ) (২) এবিষয়টি পৌর সভা এবং উহার কর্মচারীদের আভ্যন্তরীণ ব্যাপার। সুতরাং সরকার এই বিষয়ে হস্তক্ষেপ করা যুক্তিযুক্ত মনে করেন নাই।

## বাঁকুড়া জেলা পরিষদের কর্ম্মচারী

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০০২) শ্রীকাশীনাথ মিশ্র: পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলা পরিষদে বর্ত্তমানে বিভিন্ন বিভাগে কর্মচারীর সংখ্যা কত ;

(খ) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলা পরিষদের অধীনে ডাক্তার, কম্পাউণ্ডার, ওভারসিয়র, করণিক, পিয়ন, লেপ্রসি অ্যাসিসটাণ্ট, বাংলো চৌকিদার প্রভৃতি বিভিন্ন পদের বহু পদ বর্ত্তমানে খালি অবস্থায় পড়িয়া আছে, এবং

(গ) সত্য হইলে, মোট কতগুলি পদ শূন্য আছে এবং ঐগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Panchayats Department :**

(ক) ৮০ (আশি) জন।

(খ) হ্যাঁ।

(গ) মোট ১৩ (তের) জন। ইহার মধ্যে যথাক্রমে :

| | | |
|---|---|---|
| দাতব্য চিকিৎসালয়ের ডাক্তার | — | ৩ |
| করণিক | — | ৫ |
| লেপ্রসী এ্যাসিস্টাণ্ট | — | ২ |
| লেপ্রসী মেডিক্যাল অফিসার | — | ৩ |
| | মোট— | ১৩ |

জেলা পরিষদের আর্থিক সংগতির অভাবে উপরোক্ত শূন্য পদগুলি পূরণ করা সম্ভব হয় নি বর্তমানে জেলা পরিষদের বিভিন্ন বিভাগে যে সকল কর্মচারী আছেন তাঁহাদের দ্বারাই শূন্য পদে কাজ চালান হইতেছে।

**( Held-over starred questions )**

( to which written answers were laid on the table )

## ঝালদা-বাঘমুণ্ডি রোড

*১৬০। ( অনুমোদিত প্রশ্ন নং * ২২৫ ) **শ্রীশরৎচন্দ্র দাস** : পূর্তবিভাগের মন্ত্রিমহোদ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নয় বৎসর পূর্বে পুরুলিয়া জেলার ঝালদা-বাঘমুণ্ডি রোড মঞ্জু হইয়াছে ;

(খ) সত্য হইলে—

(১) ঐ রাস্তার কাজ এখনও সম্পূর্ণ না হওয়ার কারণ কি, এবং

(২) উক্ত রাস্তার কাজ বর্তমানে কি পর্যায়ে রহিয়াছে এবং কয়জন ঠিকাদারকে উক্ত কাজে ভার দেওয়া হইয়াছে ;

(গ) সরকার কি অবগত আছেন যে, উক্ত রাস্তার কাজের ঠিকাদারদের মধ্যে বর্তমানে একজ নিখোঁজ আছেন ; এবং

(ঘ) অবগত থাকিলে, উক্ত নিখোঁজ ঠিকাদারকে যে কাজের ভার দেওয়া হইয়াছে তাহ কিভাবে সম্পন্ন করা হইবে ?

**The Minister for Public Works Department :**

(ক) না, প্রকল্পটি মঞ্জুর হইয়াছে ১৯৬৯ সালে ;

(খ) পথরেখার পরিবর্তন, পরিবর্তিত Land Acquisition Plan অনুসারে জমি দখলে বিলম্ব।

(২) পাথর সরবরাহ প্রায় সম্পূর্ণ হইয়াছে ; মাটির কাজের জন্য ৪ জন ঠিকাদারকে এবং ছোট ছোট ব্রীজ ও কালভার্ট নির্মাণের জন্য ১জন ঠিকাদারকে ভার দেওয়া হইয়াছে। অনেকস্থানে মাটির কাজ শেষ হইয়াছে, কিন্তু জমি দখল না হওয়ায় সকলস্থানে সম্পূর্ণ মাটির কাজ সম্ভব হয় নাই। সিমেন্ট অভাবে কালভার্ট এবং ব্রীজ নির্মাণের কাজ বন্ধ রাখিতে হইয়াছে।

(গ) না ;

(ঘ) প্রশ্ন উঠে না।

## বুলবুলচণ্ডী গ্রামের শিক্ষক খুন

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৫) **শ্রীবিমল দাস**ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রায় এক বৎসর পূর্বে মালদা জেলার হবিবপুর থানার অন্তর্গত বুলবুলচণ্ডী গ্রামের সমরেশ দে নামে জনৈক স্কুল শিক্ষককে নৃশংসভাবে খুন করা হয়েছিল ; এবং

(খ) অবগত থাকিলে, এ ব্যাপারে আজ পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়েছে কিনা এবং ঐ সম্পর্কে কেসটি বর্তমানে কি পর্যায়ে আছে ?

**The Minister for Ho me (Jail) Department :**

(ক) হ্যাঁ।

(খ) ২০ (কুড়ি) জনকে গ্রেপ্তার করা হয়েছে। প্রাথমিক তদন্ত স্থানীয় পুলিশ করলেও ৯-১১-৭১ থেকে পশ্চিমবঙ্গ সি. আই. ডি. এই ব্যাপারে তদন্ত করছে। এই তদন্ত শেষ পর্যায়ে রয়েছে।

## রঘুনাথপুরকে মহকুমায় রূপান্তরিতকরণ

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৮) **শ্রীদুর্গাদাস বাউরী**ঃ স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুরকে মহকুমায় রূপান্তরিত করার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Home (G.A.) Deptt.**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## দোমহানী-লালগঞ্জ রাস্তা

*১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০১) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পূর্তবিভা মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার বারাবনী উন্নয়ন ব্লকের অন্তর্গত দোমহানী-লালগঞ্জ ভ রঘুনাথচক রাস্তার নির্মাণকার্য বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) উক্ত পরিকল্পিত রাস্তাটি নির্মাণের কার্য কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা ক যাইতে পারে ?

**The Minister for Public Works Department** :

(ক) ও (খ) কেন্দ্রীয় সরকারের নির্দেশে গৃহীত 'কয়লাখনি অঞ্চলের সড়ক উন্নয়ন পরিকল্পন' এই রাস্তাটি অন্তর্ভুক্ত হইয়াছিল। রাস্তাটির উন্নয়নের জন্য প্রয়োজনীয় মাল মশলা সংগ্রহ করা সত্ত্বে ১৯৬৫ সালে কেন্দ্রীয় সরকার সমগ্র কয়লাখনি অঞ্চলের সড়ক উন্নয়ন পরিকল্পনার কাজ স্থগিত রাখ যে নির্দেশ দেন সেই নির্দেশের পরিপ্রেক্ষিতে বর্তমানে রাস্তাটির কাজ বন্ধ আছে।

যাহাতে কর্মসূচী অনুযায়ী কয়লাখনি অঞ্চলের রাস্তার উন্নয়নের কাজ পুনরায় আরম্ভ করা য সেই জন্য কেন্দ্রীয় সরকারকে বারংবার অনুরোধ করা হইতেছে।

প্রয়োজনীয় অনুমতি এবং অর্থ পাওয়া গেলে যথাশীঘ্র সম্ভব রাস্তাটির নির্মাণ কার্য্য শেষ কর হইবে।

## Disqualification for employment in Government service on grounds of political association.

*194. (Admitted question No. *68.) **Shri Rajani Kanta Doloi** : Wil the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) the number of emloyees who were either disqualified from or considered unsuitable for employment in Government services, on receipt of complaint or report regarding their political association, and

(b) if so, what steps have been or are proposed to be taken against such employees ?

**The Minister for Home (G. A.) Department** :

(a) Nil.

(b) Does not arise.

## Unstarred Questions

( to which written answers were laid on the table )

### Different Categories of Officers in the West Bengal Police Srivces

58. ( Admitted question No. 92.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Home (G.A.) Department be pleased to state—

(a) the total number of officers in the West Bengal Police Services at present holding the following ranks .—

(i) Deputy Inspector-General of Police ,

(ii) Assistant Inspector-General of Police ;

(iii) Deputy Commissioners of Police ,

(iv) Assistant Commissioner of Police ,

(v) Superintendent of Police ;

(vi) Deputy Superintendent of Police ,

(vii) Assistant Superintendent of Police ,

(viii) Subdivisional Police officers ;

(ix) Town Inspectors ;

(x) Officers-in-charge of Police Stations ,

(b) out of the total number how many are Muslims ; and

(c) if the Government has any proposal to increase the number of Muslim officers ?

**The Minister for Home (General Administration) :** (a) 665.

(b) Eight.

(c) Does not arise.

### Crime figures

59. (Admitted question No. 107.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state the districtwise break up of—

(a) the total numbers of the incidence of crimes in West Bengal duri the years 1967, 1968, 1969, 1970, 1971, 1972 (up to Ma 1972); and

(b) total number of murders, dacoity, robbery, burglary, the rioting during the said period ?

**The Minister for Home (Police)** : (a) A statement I is placed on t Library Table.

(b) A Statement II is placed on the Library Table.

## ইন্দপুর থানা এলাকাধীন গ্রামসমূহে বৈদ্যুতীকরণ

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১) **শ্রীফণিভূষণ সিংহবাবু** : বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহা অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার তালডাংরা, সিমলাপাল, রাইপুর এবং ইন্দপুর থানা এলাকাধী গ্রামসমূহে বৈদ্যুতীকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকিলে, কোন্ থানার কোন্ কোন্ গ্রামে বর্তমান বৎসরে কাজ আরম্ভ হওয়ার আ আছে ?

**The Minister for Power :**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৭২-৭৩ সালে নিম্নলিখিত গ্রামগুলিতে (থানা অনুযায়ী) বৈদ্যুতীকরণের পরিকল্প আছে :—

| থানা | মৌজা | | | জে এল নং |
|---|---|---|---|---|
| তালডাংরা | তিলাঘাঘড়ি | ... | ... | ৭৮ |
| | চেঁচুরিয়া | ... | ... | ৭০ |
| | তালডাংরা | ... | ... | ৮১ |
| | হরকোনা | ... | ... | ৬৩ |
| | ফুলমতি | ... | ... | ৮৫ |
| | তুলডেরিয়া | ... | ... | ৭৫ |
| | খাটবান্দা | ... | ... | ৬২ |

| থানা | মৌজা | | | জে এল নং |
|---|---|---|---|---|
| সিমলাপাল | কারাকানালি | ... | ... | ১১৯ |
| | সিমলাপাল | ... | ... | ১৪১ |
| রাইপুর | ছোট সারেঙ্গা | ... | ... | ২২৪ |
| | সারেঙ্গা | ... | ... | ২২৩ |
| | খয়েরপাহাড়ি | ... | ... | ২২০ |
| | বড়গরা | ... | ... | ২৮৯ |

## গ্রামীণ বৈদ্যুতীকরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩২) **শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে, গ্রামীণ বৈদ্যুতীকরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান সর্বনিম্নে ,

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ;

(গ) এই রাজ্যের ৩৮,৪৫৪টি গ্রামের মধ্যে এ পর্যন্ত কতগুলি গ্রামে সম্পূর্ণভাবে এবং কতগুলি গ্রামে আংশিকভাবে বিদ্যুৎ ব্যবস্থা চালু হয়েছে তা তালিকা সহ জানাবেন কি ; এবং

(ঘ) যে গ্রামগুলিতে আংশিক বিদ্যুৎ ব্যবস্থা চালু হযেছে সেগুলিতে অবিলম্বে সম্পূর্ণভাবে বৈদ্যুতীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**The Minister for Power :**

(ক) গ্রামীণ বৈদ্যুতীকরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান সর্বনিম্নে নয়, তবে নিম্নের দিকে।

(খ) ইতিপূর্বে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির প্রতি এবং শিল্পাঞ্চলে যথেষ্ট পরিমাণ বিদ্যুৎ সরবরাহের প্রতি অধিকতর দৃষ্টি দেওয়া হইত। সে কারণে গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পগুলি যথাযথ স্থান পায় নাই।

(গ) ও (ঘ) এ সম্বন্ধে প্রয়োজনীয় তথ্যাদি আহরণ করা হইতেছে এবং যথাসময়ে তাহা টেবিলে রাখা হইবে

## কেরানীদের প্রমোশন

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৭) **শ্রীশরৎচন্দ্র দাস ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, তথ্য ও জনসংযোগ বিভাগে ১৯৭২ সালে জানুয়ারী : অভিজ্ঞতাসম্পন্ন (সিনিয়র) কেরানীদের প্রমোশনের জন্য একটি লিখিত ও মৌ পরীক্ষা গ্রহণ করা হইয়াছিল ;

(খ) সত্য হইলে, অভিজ্ঞতার (সিনিয়রিটি) ভিত্তিতে বিবেচনা না করার কারণ কি ; এ:

(গ) এই বিভাগের পূর্বে পদোন্নতির ক্ষেত্রে অভিজ্ঞতাকে অগ্রাধিকার দিবার যে নী অনুসরণ করা হইত তাহা পরিবর্তন করিবার কারণ কি ?

**The Minister for Information and Public Relations :**

(ক) হ্যাঁ, ইহা সত্য। মহকুমা তথ্য ও জনসংযোগ আধিকারিকের পদে পদোন্নতির ড পল্লী তথ্য সংস্থার অভিজ্ঞ করণিকদের ১৯৭২ সালে জানুয়ারি মাসে একটি লিখিত ও মৌখি পরীক্ষা গ্রহণ করা হইয়াছিল।

(খ) পদোন্নতির ভিত্তি প্রথমে মেধা ও পরে জ্যেষ্ঠতা। মেধা বিচারের জন্য লিখিত মৌখিক পরীক্ষা গ্রহণও একটা পদ্ধতি। মেধা বিচারের পরে জ্যেষ্ঠতাও বিবেচনা করা হয়।

(গ) নীতির কোন পরিবর্তন করা হয় নাই। পদোন্নতির ক্ষেত্রে পূর্বেও মেধাকে অগ্রাধিকা দিবার নীতি অনুসরণ করা হইত।

## পুরুলিয়ার রিটায়ার্ড ডিস্ট্রীক্ট ইঞ্জিনিয়ার

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৯) **শ্রীশরৎচন্দ্র দাস :** পঞ্চায়ত বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলা পরিষদের ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ারের সরকারী নিয়মানুযায়ী চাকরিকাল শেষ হওয়া সত্ত্বেও গত চার বৎসর যাবৎ তাঁহাকে ক্রমান্বয়ে এক্সটেনশন দেওয়া হইতেছে, এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি ?

**The Minister of State-in-charge of the Panchayats :**

(ক) ও (খ) পুরুলিয়া জিলা পরিষদে বর্তমানে ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ার নাই এবং উক্ত জিলা পরিষদের আর্থিক অসচ্ছলতার জন্য ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ার নিয়োগ সম্ভব হয় নাই এবং বর্তমানে সিনিয়র-মোষ্ট মেকানিক্যাল অফিসারকে দিয়া ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ারের কাজ চালানো হইতেছে। এই ব্যক্তি ১লা জানুয়ারি ১৯৭০ তারিখে অবসর গ্রহণের বয়স প্রাপ্ত হন এবং তাঁহাকে ৯ই জানুয়ারী ১৯৭৩ তারিখ পর্যন্ত এক্সটেনশন দেওয়া হইয়াছে।

## Vacancies in the Information and Public Relations Department

64. (Admitted question No. 367.) **Shri Ajit Kumar Basu :** Will he Minister-in charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) the total number of vacancies under the Information and Public Relations Department ;

(b) the districtwise break-up of the above vacancies ;

(c) the details of the vacancies and the scales of pay ; and

(d) when and how these vacancies are likely to be filled up ?

**The Minister for Information and Public Relations** : (a) 80.

(b) Calcutta—47

Darjeeling—3

Nadia—6

24-Parganas—1

Howrah—1

Hooghly—2

Burdwan—4

Murshidabad—4

Jalpaiguri—2

Birbhum—3

Purulia—1

Midnapore—3

New Delhi—3

(c) A statement showing the delails of vacancies in the different posts and the scales of pay attached to them has been placed on the Library Table.

(d) Details in this regard have been shown in the "remarks" column of the statement which has been placed on the Library Table.

### I.A.S. and I.P.S. Officers

65. (Admitted question No. 375.) **Shri Rajani Kanta Doloi :** Will Minister-in-charge of the Home (General Administration) Department pleased to state—

(a) whether the State Government has made any correspondence \ the Central Government to bring the Officers of I. A. S. and I.l cadres in West Bengal, under the direct control of the S Government ;

(b) if so, the result of such correspondences ,

(c) whether there is any proposal to curtail the powers and privileges I. A. S. and I. P. S. Officers in this State ;

(d) the number of I.A.S. and I.P.S. Officers against whom allegations arbitrary use or misuse of power have so far been received by Government ; and

(e) what action has so far been taken by the Government against th Officers ?

**The Minister for Home (General Administration) :** (a) No.

(b) Does not arise.

(c) No.

(d) Allegations of diverse nature, including allegations of arbitra use or misuse of power, have so far been received against 13 I. A. S. and I.P Officers.

(e) Disciplinary proceedings have been instituted or other suitable acti has been taken according to the rules against the officers concerned. T disciplinary proceedings against some of these officers have been conclud and suitable punishments have been imposed. The proceedings against t others are still in progress.

### বারাবনী থানার কার্যালয়

৬৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৩৯০ ) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র ( পুলিশ বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার বারাবনী থানার কার্য্যালয়ের জন্য সরকারকে প্রচু ভাড়া দিতে হয় ;

(খ) সত্য হইলে, উক্ত থানার নিজস্ব বাড়ির জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ;

(গ) সরকার কি অবগত আছেন যে, উক্ত থানায় বর্তমানে পুলিশ ব্যারাক, জল, পায়খানা গাড়ি ও উপযুক্ত সংখ্যক পুলিসের অভাবে কাজের বিশেষ অসুবিধা হইতেছে ; এবং

(ঘ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Home (Police)** :

(ক) ইহা সত্য নহে। সরকারকে মাসিক ৫০ টাকা ভাড়া দিতে হয়।

(খ) থানার নিজস্ব বাড়ি তৈয়ারির জন্য জমি দখলের প্রস্তাব বর্তমানে জেলাশাসকের বিবেচনাধীন আছে।

(গ) হ্যাঁ, সরকার অবগত আছেন।

(ঘ) বাড়ির জন্য জমি দখলের প্রস্তাব জেলাশাসকের বিবেচনাধীন। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব সরকারের নিকট আসিলে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**Government employees for polling duties**

67. (Admitted question No. 393) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Constitution and Elections) Department be pleased to state—

(a) if any of the Government servants refused/failed to turn up for Polling duties in the last General Elections, 1972 , and

(b) if so, what action has been taken or proposed to be taken by the Government in this regard ?

**The Minister for Home (Constitution and Elections)** : (a) Two refused and two hundred and five failed to turn up for Polling duties.

(b) All persons who refused or failed to turn up for Polling duties have been asked by the District Election Officer concerned to show cause why they should not be prosecuted. Five such persons who failed to turn up have been let off with warning by the District Election Officer concerned after considering their explanations. Action will be taken regarding the others after considering their explanations.

**Foreign Mission Cultural Centres**

68. ( Admitted question No. 394. ) **Shri Rajani Kanta Doloi :** W the Minister-in-charge of the Home ( Political ) Department be pleas to state—

(a) whether the State Government is aware of any proposal of any forei Mission to establish cultural centres in West Bengal ;

(b) whether there is any uniform frame work for the regulation ar review of the foreign cultural centres and Missions in We Bengal ;

(c) whether the State Government has any control over the forei Missions who project their culture through the media of Librarie reading rooms, Seminars, films, etc., in this State ; and

(d) whether the State Government has any control or say in the matt of funds used by the foreign Missions for promotion of their cultur through the above media in this State ?

**The Minister for Home (Political) :**

(a) No.

(b) Does not concern the State Government.

(c) No.

(d) No.

**Government Control over recruitments in Private Sectors**

69. (Admitted question No. 396.) **Shri Rajani Kanta Doloi :** Will th Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) Whether the Government is contemplating to take any step to mak it obligatory on the big industrial houses in the State to increas their recruitments ;

(b) whether the Government has collected any data of the recruitment and retirements of employees in the private sectors, and

(c) whether the Government has any proposal to control the recruit ments in the private sector ?

**The Minister for Labour :** (a) and (b) No.

(c) An appeal has, however, been made by the State Government to all

Chambers of Commerce and other employers' organisations to recruit local people to the farthest extent possible. They have also been requested to refer all vacancies to the Employment Exchanges and to make their selections from the list of candidates received from the Employment Exchanges.

**Strikes and Lockouts in the Factories**

70. (Admitted question No. 399.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(i) the number of Strikes and Lockouts in the Factories in West Bengal ;

(ii) the number of workers involved in the above Strikes and Lockouts , and

(iii) Man-days lost due to the above Strikes and Lockouts during the years 1967, 1968, 1969, 1970, 1971 and up to June of 1972 ?

**The Minister for Labour :** (i) The numbers are as follows :—

| Year | Strikes | Lockouts | Total |
|---|---|---|---|
| 1967 | 232 | 206 | 438 |
| 1968 | 268 | 149 | 417 |
| 1969 | 766 | 128 | 894 |
| 1970 | 678 | 128 | 806 |
| *1971 | 247 | 93 | 340 |
| *1972 | 92 | 74 | 166 |

(January to June)

*The figures are provisional.

(ii) The number of workers involved are as follows :—

| Year | Strikes | Lockouts | Total |
|---|---|---|---|
| 1967 | 92,839 | 72,263 | 1,65,102 |
| 1968 | 1,69,351 | 94,099 | 2,63,450 |
| 1969 | 5,99,963 | 70,314 | 6,70,277 |

| Year | Strikes | Loboujs | Total |
|---|---|---|---|
| 1970 | 3,71,268 | 82,826 | 4,54,094 |
| *1971 | 1,30,382 | 61,163 | 1,91,545 |
| *1972 | 56,574 | 48,559 | 1,05,133 |
| (January to June) | | | |

*The figures are provisional.

(iii) Man-days lost are as follows—

| Year | Strikes | Lockouts | Total |
|---|---|---|---|
| 1967 | 15,32,334 | 34.83,518 | 50,15,852 |
| 1968 | 31,56,708 | 35,65,840 | 67,22,548 |
| 1969 | 76,33,127 | 17,47,959 | 93,81,086 |
| 1970 | 57,77,083 | 36,48,217 | 94,25,300 |
| *1971 | 18,50,478 | 36,19,590 | 54,70,068 |
| *1972 | 6,19,234 | 10,52,371 | 16,71,605 |
| (January to 31st May) | | | |

*The figures are povisional.

### Conference of Chief Secretaries of Eastern States

71. (Admitted question No. 401.) **Shri Rajani Kanta Doloi :** Will th Minister-in-charge of the Home (General Administration) Department b pleased to state—

(a) whether the State Government has received any specific suggestioı or recommendation from the recently concluded conference of the Chief Secretaries of the four Eastern States, in Calcutta, foı dealing with the problems of communalism ;

(b) if so, what are the measures/steps recommended for preventing the occurrence of communal violence and for dealing with it effectively ;

(c) whether the Government has drawn up any specific Plan/Programme for removal of the grievances of the minority community , and

(d) if so, what are the details of the Plan/Programmes ?

**The Minister for Home (General Administration) :** (a) Not yet.

(b) Does not arise.

(c) No.

(d) Does not arise.

**Appointment of ex-Census and Camp Employees**

72. (Admitted question No. 4`4.) **Shri Rajanikanta Doloi :** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) if it is a fact that the Government has decided to give priority to the ex-Census employees and Camp staff for appointment in the vacancies in Government departments ;

(b) if so' whether the Government has conveyed its decision to all the departments including the District Authority ; and

(c) if so, when and under what G O. No. ?

**The Minister for Home (General Administration) :** (a) and (b) Yes.

(c) Under Finance Department Circular No. 5705-F, dated the 23rd November, 1971., and Refugee Relief and Rehabilitation Department Circular No. 637 (20)-Estt., dated the 8th February, 1972.

**ভারত সরকারের কতিপয় অফিসের স্থানান্তরকরণ**

৭৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৬৭ ) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার (১) জিওলজিক্যাল সার্ভে অফ ইণ্ডিয়া অফিস, (২) সাউথ ইস্টার্ণ রেলওয়ে হেড অফিস, (৩) জাতীয় গ্রন্থাগার ও (৪) ইস্টার্ণ রেলওয়ে হেড অফিসের একটি অংশ পশ্চিমবঙ্গ থেকে স্থানান্তরিত করতে চাইছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে রাজ্যসরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**The Minister for Home (Political) :**

(ক) এই সংক্রান্ত সংবাদ রাজ্যসরকারের জানা নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

## রাণীগঞ্জ পৌরসভা

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬০২) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণীগঞ্জ পৌরসভার দায়িত্বভার গ্রহণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত গ্রহণ করিবেন ?

**The Minister of State in-charge of the Municipal Services :**

(ক) বিষয়টি হাইকোর্টের বিচারাধীন, রায় না বাহির হওয়া পর্যন্ত কিছু বলা সম্ভব নয়।

(খ) প্রশ্ন উঠে না।

## হরিণঘাটা দুগ্ধ প্রকল্প

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৯) **শ্রীশক্তিকুমার ভট্টাচার্য্য :** পশুপালন ও পশু-চিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত আর্থিক বৎসরে হরিণঘাটা দুগ্ধ প্রকল্পে লোকসান হইয়াছে ;

(খ) সত্য হইলে—

(১) কত টাকা, এবং

(২) ইহার কারণ কি ; এবং

(গ) ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services (Dairy Development) :**

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) (১) ক্ষতির পরিমাণ ১৯৭১-৭২ সালে প্রায় ১ কোটি ২ লক্ষ ৮১ হাজার টাকা।

(২) দুগ্ধের ক্রয়মূল্য উৎপাদন খরচ লইয়া সরকারের যে দাম পড়ে তাহা হইতে বিক্রয়মূল্য কম রাখিতে হয়, কারণ এই দুগ্ধ সরবরাহ প্রকল্প একটি জনহিতকর সংস্থা।

ইহা ছাড়া চুরি, বোতল ভাঙ্গা, খাঁচা ভাঙ্গা এবং অন্যান্য বিভিন্ন অপচয়ের ফলে বেশী ক্ষয়ক্ষতি হইত। গত প্রায় ৪-৫ বৎসর প্রদেশে আইন শৃঙ্খলার বিশেষ অবনতি এবং সামান্য কারণে সাময়িক এবং দীর্ঘমেয়াদী কর্মবিরতি ইত্যাদি ক্ষয়ক্ষতির অন্যতম কারণ হইয়া দাঁড়াইয়াছিল। ইহার উপরেও বিদ্যুৎ সরবরাহে অব্যবস্থা ও বন্ধ রাখায় বহু দুগ্ধ-শীতলীকরণ কেন্দ্রে এবং হরিণঘাটা দুগ্ধ উৎপাদন কেন্দ্রে প্রায়শই বহুল পরিমাণে দুগ্ধ নষ্ট হওয়ার ঘটনা ঘটিয়াছে।

উপরোক্ত ক্ষয়ক্ষতির কারণ ছাড়াও হরিণঘাটা দুগ্ধ উৎপাদন কেন্দ্রে শীতলীকরণ যন্ত্রাদি প্রায় তিন বৎসর ধরিয়া গোলযোগ ও বিকল থাকায় প্রচুর পরিমাণ দুগ্ধ নষ্ট হওয়ায় লোকসানের পরিমাণ স্বভাবতই বৃদ্ধি পাইয়াছিল। হরিণঘাটা দুগ্ধ কলোনিকে যেখানে ব্যক্তিগত মালিকানায় মহিষ রাখা হয় ( মহিষের সংখ্যা এক সময়ে আট হাজারের উপর উঠিয়াছিল ) সেখানে প্রধানত তাদের দ্বারা নিযুক্ত শ্রমিক বিক্ষোভের ফলে মহিষের সংখ্যা কমিয়ে কিছুদিন আগে মাত্র ১ হাজার ৩ শত ৫০-এ নামিয়াছিল। বর্তমান সরকার ক্ষমতাসীন হওয়ার পর সেই সংখ্যা বাড়িয়া ১ হাজার ৫ শত ৯৭-তে দাঁড়াইয়াছে। এবং ইহার জন্য যে প্রচুর পরিমাণ ভাড়া কম আদায় হইতেছে ইহাও লোকসানের অন্যতম কারণ।

সর্বোপরি ১৯৬৫ সালের পূর্বে দোহ-উন্নয়ন এবং গো-মহিষাদি পালন একই অধিকার ছিল। ১৯৬৫ সালে দোহ-উন্নয়ন এবং গো-মহিষাদি পালন অধিকারকে পরস্পর হইতে পৃথক করা হইল। এই পৃথকীকরণের ফলে যে সমস্ত সম্পত্তি ও যন্ত্রাদি গো-মহিষ পালন অধিকারের ভাগে পড়িল তাহাদের উপর ধার্য সুদ ও ক্ষয়জনিত লোকসান দোহ-উন্নয়ন অধিকারের উপর চাপাইয়া দেওয়া হইল। ইহার জন্য লোকসানের একটি বিরাট অংশ দোহ-উন্নয়ন অধিকারকে বহন করিতে হইয়াছিল এবং হইতেছে।

(গ) উপরে বর্ণিত ক্ষয়ক্ষতির কারণগুলির যাহাতে পুনরাবৃত্তি না ঘটে এবং লোকসানের অঙ্ক ক্রমশ কমিয়া আসে তাহার নিমিত্ত সরকার ব্যাপক অনুসন্ধান ও উপায় অবলম্বন করিবার নিমিত্ত প্রথমে তালুকদার কমিটি ও পরে এস বি রায় কমিটি নিযুক্ত করেন। ইহার পরে রাষ্ট্রপতি শাসনে পুলিসের এনফোর্সমেন্ট বিভাগের উপরও দায়িত্ব দেন।

তালুকদার কমিটি এবং এস বি রায় কমিটি ইহাদের রিপোর্টে অপচয়ের নানাবিধ পথের সন্ধান দিয়া সরকারকে যথেষ্ট সাহায্য করে। এনফোর্সমেন্ট বিভাগও বহুধা চুরির ঘটনা উদ্ঘাটিত করিয়া সরকারকে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিতে সাহায্য করেন। বর্তমান সরকার ক্ষমতাসীন হওয়ার স্বল্পকালের মধ্যে সামগ্রীকভাবে অপচয় রোধের ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। অপচয় রোধের ব্যবস্থা স্বরূপ বর্তমান সরকার সরাসরি কেন্দ্রে কর্মীদের উপস্থিতিতে বিক্রয় কেন্দ্রে সরবরাহের ব্যবস্থা করিতেছেন। সর্বপ্রকার মালপত্রেরও পুঙ্খানুপুঙ্খরূপে হিসাব লইতে আরম্ভ করিয়াছেন। বাস্তবিকপক্ষে এই সরাসরি সরবরাহের পরীক্ষামূলক ব্যবস্থা আশানুরূপ ফল প্রদর্শন করিতেছে। এই ব্যবস্থার সামগ্রিক প্রচলন লোকসানের একটি বৃহৎ অংশ রোধ করিতে সক্ষম হইবে। দুগ্ধের বোতল

ভাঙ্গার অন্যতম কারণ— যন্ত্রাদির গোলযোগ। বিশেষজ্ঞদিগের মতামত অনুযায়ী পুরাতন গোলে বিশিষ্ট যন্ত্রাদির পরিবর্তন করা হইতেছে। অনতিবিলম্বে এই ব্যবস্থা সম্পূর্ণ হইবে। এই প্র উল্লেখ করা যাইতেছে যে, দুইটি প্রভূত-ক্ষমতাসম্পন্ন বোতলীকরণ যন্ত্র বিদেশ হইতে আমদানি হইয়াছে এবং তাহার স্থাপনকার্য চলিতেছে। ইহা সম্পূর্ণ হইলে দুগ্ধের বোতল ভাঙ্গার বহুলাংশে কমিয়া লোকসানের হারও কমাইয়া দিবে আশা করা যায়। অপরিহার্য হিসাবে বিভা অনুসন্ধানকারী দল গঠন করা হইয়াছে। ইহাদের প্রচেষ্টায় দুগ্ধ চুরি, খাঁচা ভাঙ্গা এবং বো ভাঙ্গা অনেক অংশে কমিয়া আসিতেছে। ১৯৭১-৭২ সালে সম্ভাব্য লোকসান ১ কোটি ২ ৮১ হাজার হইতে ১৯৭২-৭৩ সালে সম্ভাব্য লোকসানের হিসাব কমিয়া ৮৯ লক্ষ ১৮ হাজার দাঁড়া বলিয়া অনুমান করা হইতেছে।

সর্বোপরি বেলগাছিয়া কেন্দ্রে বর্তমান সংরক্ষণ-ব্যবস্থাও নানাভাবে অপচয় রোধ করিতে স হইয়াছে। এই অপচয় রোধ ব্যবস্থায় লোকসানের আর একটি বৃহৎ অংশ কমিয়া গিয়াছে। উল্লে যোগ্য যে, সরকার অনতিবিলম্বে ভ্রাম্যমাণ অনুসন্ধানকারী দল গঠন করিবার নিমিত্ত নির্দিষ্ট বিভ আবেদন করিয়াছেন। এই ব্যবস্থা কার্যকরী হইলে লোকসানের অঙ্ক ন্যূনতমে আসিয়া দাঁড়া বলিয়া আশা করা যায়। উৎপাদন খরচ ও বিক্রয়মূল্যের সামঞ্জস্যপূর্ণ সমাধানও লোকসানের অ কমাইতে প্রভূত সাহায্য করিবে।

## দুর্গাপুর দুগ্ধ প্রকল্প

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৩) **শ্রীশক্তিকুমার ভট্টাচার্য ঃ** পশুপালন ও পশুচিকিৎ (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর দুগ্ধ পরিকল্পনার অন্তর্ভুক্ত বাড়ি ও কারখানা নির্মাণের সময় যে সমস্ত কর্ম কণ্ট্রাক্টরের অধীনে কাজ করিয়াছিল ঐ সমস্ত কর্মীকে ঐ দুগ্ধ প্রকল্পে নিয়োগ করা কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services** (Dairy **Development) :**

(ক) দুর্গাপুর দুগ্ধ প্রকল্পে কনট্রাক্টরের অধীনে নিযুক্ত কর্মীদের নিয়োগের বিশেষ কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।

(খ) তবে সরকার একটি মনোনয়ন কমিটি গঠন করিয়াছেন, তাঁহাদের নির্দেশে নিয়োগ-সম্বন্ধীয় কাজ যথারীতি অগ্রসর হইতেছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতেছে যে, ইতিমধ্যেই হরিণঘাটা, সেনট্রাল ডেয়ারি এবং দুর্গাপুর প্রকল্পে বিজ্ঞপ্তি মারফত কর্মপ্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা হইয়াছিল। দরখাস্ত গ্রহণও সম্পূর্ণ হইয়াছিল। এই কমিটি দরখাস্তকারীদের দরখাস্ত বিবেচনা করিবেন।

## রেড রোডে "মার্কারি" বাতি

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭) ডাঃ **শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** পূর্তবিভাগের মন্ত্রী
াহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার রেড রোড ও তৎসংলগ্ন রাস্তায় যে "ফ্লুরোসেণ্ট বাতি" দেওয়া হইয়াছিল সেগুলি বর্তমানে সরাইয়া দিয়া "মার্কারী" বাতি লাগানো হইয়াছে, এবং

(খ) সত্য হইলে—

(১) ইহাতে সরকারের কত টাকা খরচ হইয়াছে, এবং

(২) এরূপ বাতি লাগানোর কারণ কি ?

**The Minister for Public Works :**

(ক) কলিকাতা ময়দানে রেড রোড ও তৎসংলগ্ন রাস্তাগুলির কেবলমাত্র গুরুত্বপূর্ণ সংযোগ-স্থলসমূহে নূতন "মার্কারি" বাতি লাগানো হইয়াছে।

(খ) (১) এ পর্যন্ত ৫,২৭,৫৭৫ টাকা খরচ হইয়াছে।

(২) দুর্ঘটনা এড়ানোর জন্যই এই সকল স্থলে "মার্কারি" বাতির সাহায্যে বিশেষভাবে ালোকিত করার ব্যবস্থা করা হইয়াছে।

## জাতীয় সড়ক

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৮১) **শ্রীনিতাইপদ সরকারঃ** পূর্তবিভাগের মন্ত্রীমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে জাতীয় সড়কের সংখ্যা কত এবং কত মাইল বিস্তৃত,

(খ) উহাদের রক্ষণাবেক্ষণের জন্য নিয়মিত কোন ব্যবস্থা আছে কিনা ; এবং

(গ) থাকিলে, ইহার জন্য বাৎসরিক কত ব্যয় হইয়া থাকে ?

**The Minister for Public Works :**

(ক) জাতীয় সড়কের সংখ্যা ৮ (আট) এবং উহার মোট দৈর্ঘ্য ৯৪১ মাইল।

(খ) হ্যাঁ।

(গ) বাৎসরিক ব্যয় প্রায় এক কোটি তিরিশ লক্ষ টাকা।

## পশ্চিমবঙ্গে বেআইনী অস্ত্র পাচার

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৭) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) াগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বাংলাদেশ থেকে প্রচুর পরিমাণে বেআইনী অস্ত্র পশ্চিমবঙ্গে পাচার করা হচ্ছে ; এবং

(খ) সত্য হইলে, এ পর্যন্ত সরকার (১) কি পরিমাণ অস্ত্র আটক করেছেন, এবং (২) কয়জন চোরাই-চালানদার এবং তাদের ক্রেতাকে গ্রেপ্তার করেছেন ?

**The Minister for Home (Police) :**

(ক) হ্যাঁ।

(খ) (১) এ বিষয়ে একটি তালিকা সংযুক্ত করা হইল।

(২) এ যাবৎ ৮৮ জন ব্যক্তিকে এই ব্যাপারে গ্রেপ্তার করা হইয়াছে।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 79

**১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর হইতে ১৯৭২ সালের ৩০ জুন পর্যন্ত যে-সমস্ত অস্ত্রশস্ত্র উদ্ধার করা হইয়াছে তাহার তালিকা**

| | | |
|---|---|---|
| (১) | রাইফেল ... ... ... | ৭৫টি |
| (২) | এম এম জি ... ... ... | ২টি |
| (৩) | টি এম জি ... ... ... | ১টি |
| (৪) | রিভলভার ... ... ... | ৬টি |
| (৫) | পিস্তল ... ... ... | ৮টি |
| (৬) | স্টেনগান ... ... ... | ১২টি |
| (৭) | ডি বি বি এল ... ... ... | ৫টি |
| (৮) | এস বি বি এল ... ... ... | ৯টি |
| (৯) | এস এল আর ... ... ... | ৮টি |
| (১০) | এল এম জি ... ... ... | ২টি |
| (১১) | এস এম জি ... ... ... | ২টি |
| (১২) | অটোমেটিক গান ... ... ... | ১০টি |
| (১৩) | পাইপগান ... ... ... | ১৪টি |
| (১৪) | এক্সপ্লোসিভ ... ... ... | ১০৪টি |
| (১৫) | ডিটোনেটর ... ... ... | ২৭টি |
| (১৬) | চার্জার ... ... ... | ১১টি |
| (১৭) | অ্যামুনিশন ... ... ... | ১২,৯৭৫ রাউণ্ড |

## আসানসোল দমকল বিভাগের কার্যালয় ভবন

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৩১০) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল শহরের দমকল বিভাগের কার্যালয়ের ভবনটি বিপজ্জনক অবস্থায় রহিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister of State in charge of the Municipal Services :**

(ক) ও (খ) হ্যাঁ, প্রায় সত্য। বাড়িটির নানান জায়গায় ফাটল ধরিয়াছে এবং আদৌ বাসোপযোগী নয়। বাড়িটি মেরামতের জন্য টেণ্ডার ডাকা হয়েছিল এবং অনুমানিক ৪২,৮৩৭ টাকার একটি প্রস্তাব সরকারের নিকট আসিয়াছিল। কিন্তু জানা গেল যে, ঐ টাকা খরচ করিলে বাড়িটি বেশিদিন থাকার উপযোগী থাকিবে না। তখন আনুমানিক ৩,৭০,০০০ টাকা ব্যয়ে একটি নতুন বাড়ি নির্মাণ করার প্রস্তাব আসিয়াছিল। বিষয়টি এখনও বিবেচনাধীন আছে।

## বরাকর শহরে মিউনিসিপ্যালিটি গঠন

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৫) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পৌর কার্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার বরাকর শহরে চল্লিশ হাজার লোক বসবাস করা সত্ত্বেও সেখানে কোন মিউনিসিপ্যালিটি নেই, এবং

(খ) অবগত থাকলে, উক্ত শহরবাসীদের সুবিধার্থে উক্ত শহরকে মিউনিসিপ্যালিটির অধীনে আনার সরকারের কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কবে নাগাত আনা হবে ?

**The Minister of State in charge of the Municipal Services :**

(ক) হ্যাঁ।

(খ) ইণ্ডিয়ান আয়রন ও স্টীল কোম্পানির কুলটি কারখানা ও উপনগর সহ এবং কুলটি ও বরাকর ইউনিয়ন বোর্ডভুক্ত অঞ্চল সমেত প্রায় ১০ বর্গমাইল এলাকা লইয়া কুলটি-বরাকর নামে একটি নোটিফায়েড এরিয়া অথরিটি গঠন করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। এতদ্‌সংক্রান্ত খুঁটিনাটি বিষয় এবং প্রস্তাবিত অথরিটির আর্থিক দায়দায়িত্ব সম্পর্কে বিশদ বিবরণ বর্ধমান বিভাগীয় কমিশনার মহাশয়ের নিকট চাহিয়া পাঠানো হইয়াছে। তাহার উত্তর এখনও পাওয়া যায় নাই।

কবে নাগাত উক্ত অথরিটি গঠন হইবে, তাহা এই মুহূর্তে বলা যাইতেছে না।

**Forged Transport permits**

**82.** (Admitted question No. 372.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if the Government is aware of plying of transport vehicles on forged permits in a menacing scale ; and

(b) if so, what the Government contemplates to deal with it ?

**The Minister for Home (Transport)**: (a) A few cases of forgery of permits have been detected at the time of surprise roadside checking of vehicles. But there is nothing to indicate that this practice is going on at a menacing scale.

(b) It is proposed to continue surprise roadside checking of vehicles and to prosecute the offenders in courts of law.

**Taxes on Motor Vehicles**

**83.** (Admitted question No. 374.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government has any proposal to simplify the procedure for levy and collection of various taxes on Motor Vehicles ; and

(b) if so, the details of such proposal ?

**The Minister for Home (Transport)**: (a) Yes.

(b) The system of realising fees and taxes on Motor Vehicles through the Treasury/Sub-Treasury and the State Bank of India is intended to be replaced by spot collection through departmental cashiers. A cash counter has already been opened at Burdwan and it is expected that such counters will start functioning in the district headquarters of 24-Parganas, Howrah, Hooghly and Midnapore in the near future. The system is already in vogue in Calcutta. Cases of other districts are also being examined.

**বাড়ির পৌর কর বাবত কেন্দ্রীয় ও রাজ্যসরকারের নিকট কর্পোরেশনের পাওনা টাকা**

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫০০) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ পৌর কার্য্যালয় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাড়িভাড়া বাবত কেন্দ্রীয় ও রাজ্যসরকারের নিকট কলিকাতা করপোরেশনের বহু টাকা পাওনা আছে ;

(খ) সত্য হইলে, কোন্ সরকারের নিকট কত টাকা পাওনা আছে ; এবং

(গ) ঐ টাকা আদায়ের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister of State in charge of the Municipal Services :**

(ক) বাড়িভাড়া নয়, বাড়ির পৌর কর বাবত দাবী আছে।

(খ) রাজ্যসরকারের নিকট কলিকাতা করপোরেশনের বাড়ির কর বাবত প্রায় ৪৭ লক্ষ টাকা দাবি আছে। তন্মধ্যে প্রায় ৩২ লক্ষ ২২ হাজার টাকা অমীমাংসিত। বাকি প্রায় ১৪ লক্ষ ৭৮ হাজার টাকা রাজ্যসরকারের অনুমোদনসাপেক্ষ।

কেন্দ্রীয় সরকারের নিকট কলিকাতা করপোরেশনের বাড়ির কর বাবত প্রায় ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা দাবি আছে। তন্মধ্যে প্রায় ৮৯ লক্ষ ৮০ হাজার টাকা অমীমাংসিত। বাকি প্রায় ২২ লক্ষ ৭০ হাজার টাকা কেন্দ্রীয় সরকারের অনুমোদনসাপেক্ষ।

(গ) করপোরেশনের যে দাবি বিতর্কিত নয় তাহা সত্বর দিয়া দেওয়ার জন্য রাজ্যসরকার ব্যবস্থা গ্রহণ করিবেন। অনুরূপ ব্যবস্থা অবলম্বনের জন্য কেন্দ্রীয় সরকারকেও অনুরোধ করিবেন।

## উচ্চতম সরকারী কর্মচারী বরখাস্ত

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৩) **শ্রীনিতাইপদ সরকার** ঃ স্বরাষ্ট্র ( সাধারণ প্রশাসন ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে একাধিক উচ্চতম সরকারী কর্মচারীকে সাময়িক বরখাস্ত করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, সাময়িক বরখাস্ত হওয়া অফিসারদের নাম কি ?

**The Minister for Home (General Administration) :**

(ক) উচ্চতম সরকারী কর্মচারী বলিতে কোন্ শ্রেণীর কর্মচারীকে বুঝাইবে তাহা ঠিক পরিষ্কার নহে।

স্বরাষ্ট্র ( সাধারণ প্রশাসন ) বিভাগের নিয়ন্ত্রণাধীন একজন উচ্চতম সরকারী কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা হইয়াছে। অন্যান্য বিভাগের নিয়ন্ত্রণাধীন কোন উচ্চতম সরকারী কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা হইয়াছে কিনা তৎসম্বন্ধে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। তথ্যাদি সংগৃহীত হইলে বিধানসভার টেবিলে স্থাপন করা হইবে।

(খ) স্বরাষ্ট্র ( সাধারণ প্রশাসন ) বিভাগের নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট কর্মচারীর নাম শ্রী বি, বি মণ্ডল, আই এ এস।

## সরকারী কাজে বাংলা ভাষা

৮৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৬০৭ ) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কাজে বাংলা ভাষা চালুর ব্যাপারে সরকার ৩১শে মার্চ, ১৯৭২ পর্য্যন্ত কি পরিমাণ অর্থ ব্যয় করিয়াছেন ;

(খ) বাংলা ভাষা সরকারী কাজে ব্যবহার করা হইতেছে কি না ; এবং

(গ) না হইলে, কবে নাগাত সমস্ত সরকারী কাজে বাংলা ভাষা চালু করা সম্ভবপর হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Information and Public Relations :**

(ক) পৃথক কোন হিসাব না থাকায় সঠিক তথ্য সরবরাহ করা সম্ভব নয়।

(খ) সরকারী কাজের সর্বস্তরে বাংলা ভাষা চালু না হইলেও, কিছু কিছু কাজ বাংলা ভাষাতেই হইতেছে। তথ্য ও জনসংযোগ বিভাগে যতদূর সম্ভব বাংলা ভাষা চালু করিবার চেষ্টা চলিতেছে।

(গ) সরকারী কার্যে বাংলা ভাষা অধিকতর ব্যবহারের দিকে দৃষ্টি দেওয়া হইতেছে। নির্দিষ্ট কোনও সময় ধার্য করা এখনই সম্ভব নয়।

## Amount sanctioned for sinking and resinking of tubewells

87. (Admitted question No. 632.) **Shri Kumar Dipti Sen Gupta :** Will the Minister-in-charge of Health (Rural Water Supply) Department be pleased to state the total amount of money sanctioned for repair and resinking of tube-wells in West Bengal for the year 1972-73 ?

**The Minister for Health (Rural Water Supply) :** A sum of Rs. *2,28,75,000 ( Rupees two crore twenty-eight lakhs and seventy-five thousand) has been sanctioned for sinking, resinking and repair of tubewells and wells for the year 1972-73.

No separate sanction has been made for resinking and repair of tubewells.

## বাতিল মিউনিসিপ্যালিটি

৮৮। ( অনুমোদিত প্রশ্ন নং ৬১২ ) **শ্রীনিতাইপদ সরকার ঃ** মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে বাতিল মিউনিসিপ্যালিটির সংখ্যা কত ;

(খ) উক্ত মিউনিসিপ্যালিটিগুলি বাতিল করার কারণ কি , এবং

(গ) উক্ত মিউনিসিপ্যালিটিগুলিতে নির্বাচনের কোন ব্যবস্থা হইয়াছে কিনা ?

**The Minister of State in charge of the Municipal Services ঃ**

(ক) মোট নয়টি—দার্জিলিং, শিলিগুড়ি, রামপুরহাট, উত্তরপাড়া-কোতরং, বালী, বোলপুর, ইংলিশবাজার, চন্দ্রকোণা ও চন্দননগর।

(খ) পৌরসভা বাতিলের কারণ সম্বন্ধে বলতে গেলে আপাতত বলতে হয়—

(১) কতকগুলি পৌরসভার সাধারণ নির্বাচনের বিরুদ্ধে মামলা দায়ের হয়, অন্তর্বর্তী আদেশনামায় নির্বাচিত সদস্যগণকে পৌরকার্য সমাধানে বিরত করা হয়, পুরাতন সদস্যগণ কোন কোন স্থানে পদত্যাগ করেন, পৌরসভার কার্য অচল হয়, সরকার বাধ্য হইয়া পৌরসভা বাতিল করেন।

(২) কতকগুলি পৌরসভায় পরিচালন ব্যাপারে সরকারের নিকট অভিযোগ আসে। সরকার সেই অভিযোগগুলি স্থানীয় অফিসারের দ্বারা অনুসন্ধান করান। অভিযোগগুলির মধ্যে বেশ কিছু সত্য থাকায় সরকার বাধ্য হইয়া ঐগুলিকে বাতিল করেন।

প্রথমোক্ত দফায় পড়ে দার্জিলিং, শিলিগুড়ি, রামপুরহাট এবং দ্বিতীয় দফায় পড়ে উত্তরপাড়া-কোতরং, বালী, বোলপুর, ইংলিশবাজার, চন্দ্রকোণা ও চন্দননগর।

(গ) সরকার চিন্তা করিতেছেন। আপাতত নির্বাচনের কোন দিন স্থির হয় নাই।

## আততায়ীর আঘাতে জনৈক ছাত্রের মৃত্যু

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৮) **শ্রীআব্দুল বারি বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চব্বিশপরগনা জেলায় নিমতা থানার অধীন বিরাটিতে দিলীপ সরকার নামে একটি বি এস-সি পাঠরত ছাত্র গত ১৬ই জুন আততায়ীর হাতে ছুরিকাহত হয়ে মারা যায় ;

(খ) সত্য হইলে উক্ত ঘটনা সম্বন্ধে কি কি কার্যকরী ব্যবস্থা গৃহীত হইয়াছে ; এবং

(গ) উক্ত নিহত ছাত্র দিলীপ সরকারের পরিবারকে কোন আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে কিনা এবং দেওয়া না হইলে উহার কারণ কি ?

**The Minister for Home (Police) :**

(ক) ইহা সত্য।

(খ) মৃতের দাদা শ্রীনরেশচন্দ্র সরকারের অভিযোগক্রমে দমদম থানায় ভারতীয় দণ্ডবি ১৪৮/১৪৯/৩২৬ ও ৩০৪ ধারায় একটি মামলা রুজু করা হইয়াছে এবং চার ব্যক্তিকে গ্রে করা হইয়াছে।

(গ) কোন আর্থিক সাহায্য দেওয়া হয় নাই, কারণ এইরূপ কোন প্রস্তাব সরকারের নি আসে নাই।

### "মনুষ্যত্ব সংস্থা"

২০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩) শ্রীকৃষ্ণপদ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ম মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৬ই জুন, ১৯৭২ তারিখে হাওড়ার "মনুষ্যত্ব সংস্থা" ন একটি সেবা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে মূল্যবান ঔষধ ও সাহায্যদ্রব্য আত্মসা অভিযোগে পুলিস গ্রেপ্তার করিয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) এ সম্পর্কে কোন তদন্ত হইয়া থাকিলে তাহার ফলাফল, এবং

(২) কি কি দ্রব্য উদ্ধার করা হইয়াছে,

(গ) সরকার এইরূপ ঘটনা বন্ধ করার জন্য কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Home (Police) :**

(ক) না। তবে উক্ত সংস্থার একজন কর্মচারীকে ১৬ই জুন, ১৯৭২ তারিখে পুলিস গ্রেপ্ত করে।

(খ) (১) ও (২) ১৭ই জুন, ১৯৭২ তারিখে জেলা এনফোর্সমেন্ট শাখার কর্মীরা উ সংস্থার অধিকর্তা ডাঃ বি সি মল্লিকের বাড়ি হইতে প্রচুর পরিমাণ ঔষধ উদ্ধার করে ডাঃ মল্লিকের নির্দেশে চার্চ রোডের এক জায়গা হইতে আরও কিছু ঔষধ ও বস্ত্রাদি উদ্ধ করে।

(গ) বিষয়টি এখনও তদন্তাধীন আছে। তদন্তের ফলাফলের উপর এই বিষয়ে যথা ব্যবস্থা লওয়া হইবে।

### পশ্চিমবঙ্গে নিযুক্ত সি আর পি

২১। (অনুমোদিত প্রশ্ন নং ১২১) শ্রীনিতাইপদ সরকারঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত কয়েক বৎসর যাবৎ কেন্দ্রীয় রিজার্ভ পুলিস বাহিনীর বহু-সংখ্যক পুলিস পশ্চিমবঙ্গে শান্তিরক্ষার কাজে নিযুক্ত আছেন ;

(খ) সত্য হইলে, বর্তমানে পশ্চিমবঙ্গে কত সি আর পি নিযুক্ত আছেন ; এবং

(গ) গত ১৯৭১-৭২ সালে উক্ত সি আর পি খাতে মোট কত টাকা ব্যয়িত হইয়াছে ?

**The Minister for Home (Police) :**

(ক) ইহা সত্য।

(খ) ৫৯ কোম্পানি সি আর পি এখন পশ্চিমবঙ্গে নিযুক্ত আছেন।

(গ) ১৯৭১-৭২ সালে ব্যয়ের পরিমাণ ২০,৭৬,৩৫৯ টাকা ৬১ পয়সা।

## মুর্শিদাবাদ জেলায় বন্যায় নিহত গবাদি পশু

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৭) **শ্রীমহম্মদ দেদার বক্স :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বন্যায় মুর্শিদাবাদ জেলায় কতসংখ্যক গরু ও মহিষ মারা গেছে ,

(খ) তন্মধ্যে ভগবানগোলা থানার ১নং এবং ২নং ব্লকের কোন্ ব্লকে কত ;

(গ) কি কি রোগে ঐ গরু-মহিষ মারা গেছে সে বিষয়ে অনুসন্ধান করেছেন কিনা , এবং

(ঘ) অনুসন্ধান করে থাকলে, ঐরূপ রোগ যাতে ভবিষ্যতে না হয় তার জন্য কোন ব্যবস্থা করেছেন কিনা এবং করলে তা কি ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services :**

(ক) গত ১৯৭১ সালের বন্যায় মুর্শিদাবাদ জেলায় মোট ২৮২টি গরু ও মহিষ মারা গিয়াছে।

(খ) ভগবানগোলা ১নং ব্লকে মোট ৯১টি ও ভগবানগোলা ২নং ব্লকে ৫৮টি গরু ও মহিষ মারা গিয়াছে।

(গ) হ্যাঁ, অনুসন্ধান করা হইয়াছে। এই অনুসন্ধানে জানা গিয়াছে যে, ঐ সময়ে গবাদি পশুর মধ্যে বাদলা (ব্ল্যাক কোয়ার্টার), তড়কা (অ্যানথ্রাক্স), গলা ফোলা (হেমারেজিক সেপ্টিসিমিয়া) প্রভৃতি সংক্রামক ব্যাধি ও পশুখাদ্যের স্বল্পতাজনিত অপুষ্টি ও রক্তাল্পতা হেতু ক্রিমিরোগের প্রকোপ দেখা দেয় এবং তজ্জনিত গবাদি পশুর মৃত্যু হয়।

(ঘ) ঐ সমুদয় রোগের পুনরাবির্ভাব যাহাতে না হয় তাহার জন্য পূর্ব হইতেই প্রয়োজনীয় প্রতিষেধমূলক ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। রোগ আবির্ভাবের পূর্বেই ঐ রোগদুষ্ট জায়গাগুলির গবাদি পশুদিগকে রোগপ্রতিষেধক টিকা দেওয়ার কাজ শুরু করা হইয়াছে। জেলার বিভিন্ন জায়গায়

গবাদি পশুগুলিকে রোগমুক্ত করার উদ্দেশ্যে ক্রিমিনাশক ও অন্যান্য ঔষধ দ্বারা সময়মত চিকিৎ ব্যবস্থা করা হইয়াছে। তাহা ছাড়া প্রয়োজনীয় ঔষধপত্র যাহাতে সময়মত পাওয়া যায় তাহার ও দৃষ্টি রাখা হইয়াছে।

**Figures of Unemployed as recorded in Employment Exchanges.**

93. (Admitted question No. 112.) **Shri Rajani Kanta Doloi** : W the Minister-in-charge of the Labour Department be pleased to state t district-wise break-up of the figures of registered unemployed in the lo Employment Exchanges as on 31st May, 1972—

(i) below Matriculate/School Final ;

(ii) Matriculate but below Graduate , and

(iii) Graduates and above ?

**The Minister for Labour** : A statement is placed on the Library Table.

Education-wise break-up of applicants waiting on the Live Register prepared on half-yearly basis in June and December each year. As such t education-wise break-up of Live Register as on 31-12-71 has been furnished.

**মেদিনীপুর জেলায় বিভিন্ন আদালতে ফৌজদারী কেস**

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪) **শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তি ঃ** স্বরাষ্ট্র (সাধা প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৭ সালের ১লা এপ্রিল হই ১৯৭২ সালের ৩১এ মার্চ পর্যন্ত মেদিনীপুর জেলার বিভিন্ন ফৌজদারী আদালতে কোন্ বছরে কেস ফাইল হয়েছে এবং কেস ডিস্‌পোজ্‌ড অফ হয়েছে (আদালতওয়ারী হিসাবে)?

**The Minister for Home ( General Administration ) :**

উক্ত সময়ে মেদিনীপুর জেলার বিভিন্ন ফৌজদারী আদালতে ফাইল কেসের সংখ্যা এ ডিসপোজড অফ কেসের সংখ্যার (আদালতওয়ারী) একটি বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপি করা হইল।

**পশ্চিম দিনাজপুর জেলার ওয়াক্‌ফ এস্টেট**

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০১) **শ্রীবীরেশ্বর রায় ঃ** বিচার (ওয়াক্‌ফ) বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় মোট কতগুলি ওয়াক্‌ফ এষ্টেট আছে ;

(খ) প্রত্যেকটি এষ্টেটের পৃথক পৃথকভাবে সম্পত্তির বর্তমান আয় কত ;

(গ) ঐগুলির কতগুলিতে ওয়াক্‌ফ বোর্ড কর্তৃক মতওয়াল্লী নিয়োগ করা আছে এবং কতগুলিতে আওলাদ ( উত্তরাধিকার ) মতওয়াল্লী আছে, এবং

(ঘ) বালুরঘাটে মসজিদের ওয়াকফের কোন সম্পত্তি বেদখল হইয়াছে কি এবং হইয়া থাকিলে কিভাবে এবং কেন বেদখল হইল ?

**The Minister for Judicial (Waqf) :**

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় ১০৯ টি ওয়াক্‌ফ এষ্টেট আছে।

(খ) প্রত্যেকটি এষ্টেটের পৃথক পৃথকভাবে সম্পত্তির বর্তমান আয় এতদ্‌সংলগ্ন তালিকায় লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ঐগুলির ৩০টিতে ওয়াক্‌ফ বোর্ড কর্তৃক মতওয়াল্লী নিয়োগ করা হইয়াছে এবং ৭৯টিতে আওলাদ ( উত্তরাধিকার ) মতওয়াল্লী আছে।

(ঘ) হ্যাঁ, বেদখল হইয়াছে। ১৯৬৫ সালের পূর্বে কয়েক ব্যক্তি বালুরঘাট মসজিদ ওয়াক্‌ফ এষ্টেট প্রাঙ্গণে দুইটি কাঁচাবাড়ি বলপূর্বক এবং বে-আইনীভাবে নির্মাণ করিয়া "অভিযাত্রী বিদ্যানিকেতন" নামে একটি বিদ্যালয় স্থাপন করেন। এই ওয়াক্‌ফ এষ্টেট ( ই, সি, নং ১৩৮৮৬ ) ১৯৩৪ সালের বেঙ্গল ওয়াক্‌ফ অ্যাক্টের বিধি অনুসারে "পাবলিক ওয়াক্‌ফ" নামে তালিকাভুক্ত হইয়াছে। অভিযাত্রী বিদ্যানিকেতনের সম্পাদক শ্রীদিলীপ ধর নামে এক ব্যক্তি ঐ জবরদখল জমির হস্তান্তর মঞ্জুরের জন্য ওয়াক্‌ফ কমিশনারের অফিসে আসিয়াছিলেন। কিন্তু তাঁহার প্রার্থনা মঞ্জুর করা হয় নাই। ওয়াক্‌ফ সম্পত্তিতে বে আইনী অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বনের জন্য মতওয়াল্লীকে নির্দেশ দেওয়া হইয়াছে।

### Vacancies in the Cottage and Small-Scale Industrie Department

96. (Admitted question No. 360) **Shri Ajitkumar Basu** : Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) the total number of vacancies under the Cottage and Small-Scale Industries Department at present ;

(b) the Office/District-wise break-up of the vacancies ;

(c) the details of the vacant posts and the scales of pay ;

(d) how and when these vacancies are proposed to be filled up ?

**The Minister for Cottage and Small-Scale Industries** : (a) 204 posts.

(b) and (c) A statement is laid on the Library Table.

(d) The posts will be filled up in accordance with the Recruitment Rules prescribed for each post and in the light of orders issued by the

Government from time to time. The question of filling up the posts has been receiving attention.

### Vacancies in the Power Department

97. (Admitted question No. 356) **Shri Ajit Kumar Basu** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the total number of vacancies at present in the Power Department ;

(b) the Office/Districtwise break-up of the vacancies ;

(c) the details of the vacant posts and the scales of pay ; and

(d) how and when these vacancies are likely to be filled up ?

**The Minister for Power** : (a) There is no vacancy in the Department proper. However, in the Directorate of Electricity under the administrative control of Power Department there are 6 (six) vacancies.

(b) Directorate of Electricity—6 (six).

(c) (1) Electrical Inspector—3.

Scale of pay—Rs. 475—30—685—35—1,000—50—1,150.

(2) Inspector of Lifts—3.

Scale of pay—Rs. 475—30—685—35—1,000—50—1,150.

(d) The vacancies are to be filled up on the recommendation of the Public Service Commission. For want of suitable candidates the posts are lying vacant. However, the matter is under active consideration of this Government.

### Transport facilities for celebration of the 25th Anniversary of Independence

98. (Admitted question No. 373.) **Shri Rajanikanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether there is any proposal to organise Road Transport Services for carrying groups of students, youths, industrial workers and farmers to places of historical, religious and tourist importance in connection with the celebration of the 25th Anniversary of India's Independence ; and

(b) if so, what are the details of the proposal ?

**The Minister for Home (Transport)** : (a) and (b) The matter is under consideration of Government

**Electrification of villages under Kharagpur Local P.S.**

99. (Admitted question No. 370) **Shri Ajitkumar Basu :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state the names of villages under Kharagpur Local P. S. in the district of Midnapore which are likely to be electrified within the year 1972, under the State Government's Village Electrification Programme ?

**The Minister for Power** : A statement is placed below :

| Sl. No. | Name of Mouzas. | | J. L. No. |
|---|---|---|---|
| 1. | Ela-Si-Rangadighi | ... | 331 |
| 2. | Haripurkismat | ... | 332 |
| 3. | Sankarchak | ... | 333 |
| 4. | Tatichatti | ... | 144 |
| 5. | Mathurakhatikeshjangla | ... | 143 |
| 6. | Rajpura | ... | 130 |
| 7. | Chandrapur | ... | 132 |
| 8. | Dakshin Simla | ... | 355 |
| 9. | Fate Nahansuard | ... | 357 |
| 10. | Chak Kashi | ... | 397 |
| 11. | Bar Fakir | ... | 424 |
| 12. | Jangi Chak | ... | 408 |
| 13. | Tentul Muri | ... | 423 |
| 14. | Jamjhatia | ... | 422 |

| Sl. No. | Name of Mouza | | J. L. No. |
|---|---|---|---|
| 15. | Ashrafpur | ... | 421 |
| 16. | Lakichak | ... | 409 |
| 17. | Amalpur | ... | 4,9 |
| 18. | Muksudpur | ... | 478 |
| 19. | Mahespur | ... | 477 |
| 20. | Mominpur | ... | 476 |
| 21. | Ramnagar | ... | 475 |
| 22. | Mendipur | ... | 474 |
| 23. | Manikkhela | ... | 495 |
| 24. | Maigeria | . | 486 |
| 25. | Durbraji | ... | 491 |
| 26. | Baguria | ... | 500 |
| 27. | Jharia | ... | 510 |
| 28. | Sanjharia | ... | 518 |
| 29. | Sankati | ... | 5050 |
| 30. | Balarampur | ... | 384 |
| 31. | Gobindagar | ... | 371 |
| 32 | Lachhmapur | ... | 372 |
| 33. | Bar Janardanpur | ... | 377 |
| 34. | Samudrapur | ... | 373 |
| 35. | Kanchdiha | ... | 221 |
| 36. | Manibpur | ... | 222 |

## বোলপুরে মহকুমা গঠন

১০০। ( অনুমোদিত প্রশ্ন নং ৪৯৪ ) **শ্রীহরশংকর ভট্টাচার্য :** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার জেলা ম্যাজিষ্ট্রেট বোলপুরে একটি মহকুমা গঠনের জন্য সরকারের নিকট প্রস্তাব পেশ করেছেন , এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি সিদ্ধান্ত লইয়াছেন ?

**The Minister for Home (General Administration) :**

(ক) হঁ্যা, সত্য।

(খ) প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## বিষ্ণুপুর থানায় বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ

১০১। ( অনুমোদিত প্রশ্ন নং ৬৭৪ ) **শ্রীরামকৃষ্ণ বর :** বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ চব্বিশপরগনার বিষ্ণুপুর থানায় কোন্ কোন্ গ্রাম বৈদ্যুতীকরণ করা হইয়াছে , এবং

(খ) ১৯৭২-৭৩ সালে ঐ থানার কোন্ কোন্ গ্রাম বৈদ্যুতীকরণ করা হইবে ?

**The Minister for Power :**

(ক) একখানি তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) ১৯৭২-৭৩ সালে কুষ্টিকা নামক মাত্র একখানি গ্রামে ( জে এল নং ৪৮ ) বৈদ্যুতীকরণের পরিকল্পনা আছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 101

তালিকা

| ক্রমিক সংখ্যা। | মৌজার নাম। | জে এল নং। |
|---|---|---|
| ১। | মীরপুর | ১০০ |
| ২। | চণ্ডী | ১০১ |
| ৩। | কৃপারামপুর | ৭২ |
| ৪। | গঙ্গারামপুর | ৭১ |

| ক্রমিক সংখ্যা। | মৌজার নাম। | জে এল নং। |
|---|---|---|
| ৫। | আমতলা | ৭৩ |
| ৬। | উদয়রামপুর | ৭৪ |
| ৭। | বিষ্ণুপুর | ৩০ |
| ৮। | খড়িবেরিয়া | ২৯ |
| ৯। | চক্‌রাজুমোল্লা | ১৮ |
| ১০। | কল্যানগর | ৩২ |
| ১১। | চক্‌বাগি | ৭৬ |
| ১২। | ভাসা | ২০ |
| ১৩। | এনায়েৎগর | ৯৯ |
| ১৪। | নাদাডাঙ্গা | ৪২ |
| ১৫। | চন্দনদহ | ৩৭ |
| ১৬। | মাথালিয়া | ৪৪ |
| ১৭। | বাথরাহাট | ৪৬ |
| ১৮। | কীর্তনখোলা | ৪৭ |
| ১৯। | খন্তিকা | ৪৮ |
| ২০। | জয়চণ্ডীপুর | ৫০ |
| ২১। | রামকৃষ্ণপুর | ৭০ |
| ২২। | শরমাস্তের চক | ৬৭ |
| ২৩। | মামুদপুর | ৩৩ |
| ২৪। | খনগণ বারিয়া | ৪১ |

| ক্রমিক সংখ্যা। | মৌজার নাম। | জে এল নং। |
|---|---|---|
| ২৫। | বনগ্রাম | ১৬ |
| ২৬। | কাশীবাটি | ৩৮ |
| ২৭। | বড় গগন গোহালিয়া | ৪০ |

## কোচবিহার জেলায় থানাভিত্তিক গ্রামে বৈদ্যুতীকরণ

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫০) **শ্রীমধুসূদন রায়ঃ** বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে কোচবিহার জেলায় ১৯৭২-৭৩ সালে থানাভিত্তিক কতগুলি গ্রামে বৈদ্যুতীকরণের প্রস্তাব সরকার গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) ঐ গ্রামগুলির নাম কি ?

**The Minister for Power** :

(ক) নিম্নলিখিত সংখ্যক গ্রামে বৈদ্যুতীকরণের প্রকল্প গ্রহণ করা হইয়াছে :—

| থানা। | গ্রামের সংখ্যা। |
|---|---|
| (১) কোচবিহার | ৭ |
| (২) তুফানগঞ্জ | ৩ |
| (৩) দিনহাটা | ১২ |
| (৪) মেখলিগঞ্জ | ৮ |
| (৫) হলদিবাড়ি | ৫ |
| (৬) মাথাভাঙ্গা | ১০ |
| (৭) শিতলকুচি | ৫ |
| মোট— | ৫০ |

(খ) গ্রামগুলির নামের একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 102.*

## তালিকা

কোচবিহার থানা

| মৌজার নাম। | জে এল নং। | জনসংখ্যা। |
|---|---|---|
| ১। হরিণচোরা | ৯১১ | ৭১২ |
| ২। খড়িমালা-খাপরাবাড়ি | ৯৫৪ | ২,০৫৬ |
| ৩। চাকচাকা | ৯৯৭ | ৩,১৮৩ |
| ৪। বাণেশ্বর | ১০১৪ | ১,৭৫৫ |
| ৫। ঘোড়ামারি | ৯১০ | ৩,১১০ |
| ৬। গড়িয়াঘাটি চটি | ৯১৩ | ৭২৫ |

তুফানগঞ্জ থানা

| | | |
|---|---|---|
| ৭। ভানুকুমারি | ১১৭৫ | ৪,৬৫৫ |
| ৮। ছাতালাকুটি | ১১৭১ | ৭৮৮ |
| ৯। চিলাখানা | ১০৭৯ | ২,২৫৩ |

কোচবিহার থানা

| | | |
|---|---|---|
| ১০। গড়িয়াহাটি | ৯৫৩ | ৭,২৫০ |

দিনহাটা থানা

| | | |
|---|---|---|
| ১১। থালিসা কোহানিমারি | ৫৪২ | ১,৬৫৫ |
| ১২। ভিতরকামতা | ৫৪৫ | ২,৩৮৬ |
| ১৩। আলোকঘড়ি | ৫৪৬ | ১,৪৫০ |
| ১৪। ব্রাহ্মণীর চৌকি | ৫৮৯ | ৩,৫৬২ |
| ১৫। পুটিমারি | ৭১১ | ১,৫৮৬ |
| ১৬। বরণাচিনা | ৫৯৮ | ৫,০০৩ |

| মৌজার নাম। | জে এল নং। | জনসংখ্যা। |
|---|---|---|
| ১৭। সাহেবগঞ্জ | ৭৮২ | ২,৬৯৬ |
| ১৮। বড়ডাঙ্গা | ৫৬৪ | ১,০৯৮ |
| ১৯। পেলতা | ৫৬৩ | ১,৯৬৮ |
| ২০। দ্বিতীয় খণ্ডা বড় শোলমারি | ৬০৪ | ১,৮১১ |
| ২১। দ্বিতীয় খণ্ডা ভাঙ্গনি | ৭২০ | ৩,৩১৭ |
| ২২। খড়ুভঞ্জ | ৭৮১ | ১,০৭০ |

মেখলিগঞ্জ থানা

| | | |
|---|---|---|
| ২৩। নিগতরফ | ৭৫ | ১,৯৭০ |
| ২৪। ভোটবাড়ি | ১৪৭ | ২,৭৫২ |
| ২৫। কমল-চাংরাবন্ধ | ১৪১ | ১,৬৪৬ |
| ২৬। উছলপুখারি | ১৬৫ | ৫,১০৯ |
| ২৭। শৌলমারি | ১৮৩ | ১,৭৩৪ |
| ২৮। দ্বারিকামারি-খাসবাস | ২০২ | ১,৩৬৪ |
| ২৯। সরাহাটি | ১৮২ | ১,২০০ |
| ৩০। ধুলিয়া-বলদিয়াহাটি | ১৬৮ | ২,৫১৩ |

হলদিবাড়ি থানা

| | | |
|---|---|---|
| ৩১। ছোট হলদিবাড়ি | ২৮ | ৯৩১ |
| ৩২। হাড়ুনডাঙ্গা | ১৩ | ২,১৬১ |
| ৩৩। ফতেমামুদ | ৪৭ | ১,০১৪ |
| ৩৪। জননদাস | ১৮ | ১,০৮৮ |
| ৩৫। হেমকুমারি | ৫৫ | ৭,২৬২ |

| মৌজার নাম। | জে এল নং। | জনসংখ্যা |
|---|---|---|
| | মাথাভাঙ্গা থানা | |
| ৩৬। মহিষচারু | ২৫৫ | ১,৩৮৯ |
| ৩৭। খলিসামারি | ২৫৭ | ১,০৭৭ |
| ৩৮। কাওয়ারদারি | ২৬৪ | ১,৫০০ |
| ৩৯। বায়াসগুড়ি | ২৬৩ | ১,৪৮০ |
| ৪০। জোড়পাঙ্কি | ৪০৭ | ১,৯৯৫ |
| ৪১। শিবপুর | ৪৩২ | ২,৩০৩ |
| ৪২। নলাংগিবাড়ি | ২৭২ | ১,৩৪০ |
| ৪৩। বড়ঘড়ি | ২৭১ | ১,৮০০ |
| ৪৪। শিকারপুর | ২৭০ | ৬৪১ |
| ৪৫। খাটোরবাড়ি | ২৮৫ | ১,৩০৬ |
| | শীতলকুঁচি থানা | |
| ৪৬। মহিষমারি | ৪১২ | ২,১৯৭ |
| ৪৭। সোনারচাস্নুন | ৪১৪ | ১,০০৬ |
| ৪৮। চাংগেরকুঠি-খালাসমারি | ৪১৫ | ১,১৫৬ |
| ৪৯। বড়কইমারি | ৪২৭ | ১,০৭০ |
| ৫০। রাংগমাটি | ৪২৮ | ১,৫৬৯ |

## Small-Scale Industrial Units

**103.** (Admitted question No. 398.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state the number of Small-Scale Industrial Units registered with the Directorate of Cottage and Small-Scale Industries with corresponding employ-

ment figures in the districts of West Bengal during the years 1967-68, 1968-69, 1969-70, 1970-71 and 1971-72 ?

**The Minister for Cottage and Small-Scale Industries** : A statement is placed on the Library Table.

[2-10—2-27 p.m.]

**Mr. Speaker :** Honourable Members, the question hour is over. Now I pass over to the next item of business, i.e Calling Attention.

**Calling Attention to matters of urgent public importance**

**Mr. Speaker :** The Minister-in-charge of the Irrigation and Waterways Department will please make a statement on the subject of non-supply of D.V.C, canal water in several districts—attention called by Shri Aswini Roy, Shri Ajit Basu and Shri Hara Shankar Bhattacharyya on the 14th July, 1972.

**Shri Siddhartha Shankar Ray :** Mr. Speaker, Sir, unfortunately this morning father of the Irrigation Minister suddenly died and the Hon'ble Minister had gone to Malda. So if you permit, Sir, he or any other Minister may make a statement on the next day.

**Mr. Speaker** : I allow to make the statement on the next day. i.e. on Monday.

I have received six notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Broad day light dacoity on 14-7-72 at Nalini Sarkar Street—from Shri Sukumar Bandyopadhyay ;

(2) Damage to jute cultivation due to drought in West Bengal—from Shri Md. Dedar Baksh ;

(3) Non-payment of salaries to the Chowkidars and Dafadars at Bhagirathpur Union Board No. 6 in Murshidabad District—from Dr. Md. Ekramul Haque ;

(4) Strike call by the students of the Calcutta University on 22-7-72—from Shri Aswini Roy ;

(5) Murder of two police personnel on 19th and 20th July, 1972—from Shri Sukumar Bandyopadhyay ; and

(6) Parochialism in employment in Behar—from Shri Shroj Karar.

I have selected the notice of Shri Aswini Roy on the subject of strike called by the students of the Calcutta University on 22-7-72 The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

**Shri Gyan Singh Sohanpal** : On Monday Sir.

**Mr. Speaker** : I would request the honourable Members not to press on the Chair for any mention case today because of the abnormal situation.

## Privilege Motion

**Mr. Speaker** : I have been served with a notice by Shri Triptimay Aich regarding a privilege motion. But the notice is not clear and it is not possible for me to give a decision without going through the actual matter. It is not clear whether there is any prima facie case in it So, without making any comment, I just allow him to raise the point because I want to know what he wants to raise—what is the point I like to hear from him. I cannot say anything without going into the merits of the case. I have also received notices from Shri Kumar Dipti Sen Gupta and Shri Abdul Bari Biswas in this regard. But without going into the merits of the case whether there is any prima facie case in it or not I cannot make any comment over it. So I call upon Shri Triptimay Aich to raise the point so that I can come to a decision whether there is really any case in it, or there is any prima facie case in it.

**Shri Siddhartha Shankar Ray** : Mr. Speaker, Sir, before any honourable Member makes any statement I would like to tell the Members of the House through you, Sir, that the Government has taken a very serious view in this matter, and in point of fact, I have, only 15 minutes ago, ordered an enquiry by the Special Inspector General of Police into the whole matter. While M. L. As are certainly subject to ordinary laws of the land—even if one is held, be he the Chief Minister or anybody else he himself should go with a prayer before the appropriate authorities and pray for a bail—while the M.L.As cannot possibly have any special privilege—if it is a case against the Chief Minister or even against the Ministers, they will have to go to the appropriate authorities and pray for bail, but there is a manner of doing things. Sir, Shri Triptimay Aich, I regret, was arrested at 11-30 p m. and he was kept in the Hajat for the whole night. That an M.L.A. and a young lawyer be treated in this fashion is absolutely shameful. I hope due notice will be taken by all concerned when the enquiry is held. The Policemen have been given powers. It is necessary for them to have powers and I do not like to interfere with

them. It is their duty to exercise that power to maintain law and order and I am also not going to interfere with it either. But the Government has a duty to see that the power is not misused, and in this case the police must have powers on the one hand and the Government on the other hand will have to see that these powers are utilised in a reasonable manner and not utilised in a dictatorial manner or utilised for the purpose of satisfying the personal grudge of any particular person. If the policemen start behaving in this manner, confidence in the Administration will deminish and the Government, therefore, is absolutely firm in this matter and for this reason I want a full enquiry and have the full facts before any decision is taken. I am sure that after I receive the report of the enquiry if I find anything against any officer, that officer will be suitably dealt with.

**Mr. Speaker** : After the statement of the Hon'ble Chief Minister I think the Members will not press or raise anything regarding the points about which I referred to just now.

**Shri Kumar Dipti Sen Gupta** : Sir, in view of the Hon'ble Chief Minister's statement I withdraw the privilege motion that has been tabled by me.

**Mr. Speaker** : No question of withdrawing. I think, after the Hon'ble Chief Minister's statement, the honourable Members are satisfied and I am going to drop the matter. No further discussion is necessary.

## Voting On Demands For Grants.

### Demand for Grant No. 52

### Major Head : 124—Capital Outlay on Schemes of Government Trading.

**Shri Kashi Kanta Maitra** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,00,96,000 be granted for expenditure under Grant No. 52, Major Head : "124—Capital Outlay on Schemes of Government Trading".

(This is inclusive of Rs. 2,00,32,000 already voted on account in March, 1972.)

ব্যাপক বন্যা ও ঘূর্ণিঝড়ে. সেই সঙ্গে সঙ্গে বাংলা দেশ থেকে লক্ষ লক্ষ শরণার্থী আসা সত্ত্বেও ১৯৭১ সালে পশ্চিমবঙ্গে খাদ্য ব্যবস্থার বিশেষ অবনতি ঘটে নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার লিখিত ভাষণটি হাউসে মাননীয় সদস্যগণের কাছে বিলি করবার জন্য দেওয়া হয়েছে। বর্তমান পরিস্থিতিতে এটা ধরে নেওয়া হোক যে আমার ভাষণটি হাউসে পাঠ করা হলো।

মহাশয়, রাজ্যপালের অনুমোদনক্রমে আমি সবিনয়ে প্রস্তাব করছি যে, ৫২নং অনুদানের অন্তর্গত "১২৪—সরকারী ব্যবসায়ে মূলধন বিনিয়োগ" খাতে ৬ কোটি ২৬ হাজার টাকা মঞ্জুর করা হোক। গত ১৯৭২ সালের মার্চ মাসে অন্ এ্যাকাউন্ট মঞ্জুরীকৃত ২ কোটি ৩২ হাজার টাকা এর অন্তর্গত।

মহাশয়, রাজ্যপালের অনুমোদনক্রমে আমি সবিনয়ে আরও প্রস্তাব করছি যে, ১৭নং অনুদানের অন্তর্গত "২৬—দমকলবাহিনী বাদে বিবিধ বিভাগ" খাতে ৬ কোটি ৬৭ লক্ষ ৩৯ হাজার টাকা মঞ্জুর করা হোক। গত ১৯৭২ সালের মার্চ মাসে অন্ এ্যাকাউন্ট মঞ্জুরীকৃত ২ কোটি ২২ লক্ষ ৪৭ হাজার টাকা এর অন্তর্গত।

এই মঞ্জুরীগুলির প্রস্তাব উত্থাপনের সময় আমি এই সভার কাছে গত বৎসরের খাদ্যাবস্থা ও বর্তমান বৎসরে এ পর্যন্ত যা ঘটেছে এবং এই মন্ত্রীসভা যা করতে সক্ষম হয়েছেন সে সম্বন্ধে জানাতে চাই।

ব্যাপক বন্যা ও ঘূর্ণিঝড়, সেই সঙ্গে বাংলাদেশ থেকে লক্ষ লক্ষ শরণার্থী আসা সত্ত্বেও ১৯৭১ সালে পশ্চিমবঙ্গে খাদ্যাবস্থার বিশেষ অবনতি ঘটে নি। বাজারে চাল আসার পরিমাণ যুক্তিযুক্তভাবে সন্তোষজনকই ছিল এবং খোলা বাজারে চালের খুচরা গড় দর তার পূর্ব বৎসরের চেয়ে নামমাত্র বেশী ছিল। ১৯৭০ সালে যেখানে দর ছিল কে. জি. প্রতি ১ টাকা ৪১ পয়সা, ১৯৭১ সালে সে দর কে. জি. প্রতি দাঁড়িয়েছিল ১ টাকা ৪২ পয়সায়। ১৯৭১ সালে লক্ষ লক্ষ শরণার্থীদের জন্য ১·৭৫ লক্ষ টন চাল সরবরাহ করা হয়। এই বাড়তি প্রয়োজনের সবটাই কেন্দ্রীয় সরবরাহ দ্বারা পূরণ হয়েছিল।

১৯৭১ সালে রাজ্যের অভ্যন্তরে মোট সংগৃহীত চালের পরিমাণ ছিল ২·৩৬ লক্ষ টন, অথচ ১৯৭০ সালে রাজ্যের ভিতরে মোট চাল সংগ্রহের পরিমাণ ছিল ৩·৭৩ লক্ষ টন। ১৯৭১ সালে রাজ্যের ভিতরে চাল সংগ্রহের এই অসন্তোষজনক অবস্থার মূল কারণ আইন-শৃঙ্খলা ব্যবস্থার গুরুতর অবনতি, যার ফলে বৎসরের প্রথম কয়েক মাসে, সংগ্রহের আসল মরশুমের সময় খাদ্য-সংক্রান্ত আইনগুলি বিশেষভাবে ব্যাহত হয়। তবে আভ্যন্তরীণ সংগ্রহের এই ঘাটতি বর্দ্ধিত কেন্দ্রীয় সাহায্যের দ্বারা পূরণ হয়েছিল। ১৯৭১ সালে কেন্দ্রীয় সরবরাহের মোট পরিমাণ ছিল ৭·৪১ লক্ষ টন চালসহ ২০·৮১ লক্ষ টন খাদ্যশস্য, ১৯৭০ সালে কেন্দ্রীয় সরবরাহের মোট পরিমাণ ছিল ১৫·৩৯ লক্ষ টন খাদ্যশস্য, যার মধ্যে চালের পরিমাণ ছিল ৩·৪০ লক্ষ টন।

সরকারী বণ্টন ব্যবস্থার মাধ্যমে ১৯৭১ সালে ৯·৫ লক্ষ টন চাল বণ্টন করা হয়, এই বণ্টনের পরিমাণ ১৯৭০ সালের মোট চাল বণ্টনের পরিমাণের চেয়ে ১·৮ লক্ষ টন বেশী। এবং ১৯৭১ সালে গম বণ্টন করা হয় ১৩·৪ লক্ষ টন, যা ১৯৭০ সালের মোট গম বণ্টনের পরিমাণের চেয়ে ১·৪ লক্ষ টন বেশী। বিধিবদ্ধ রেশনিংয়ের আওতায় বৃহত্তর কলকাতা ও আসানসোল অঞ্চলের সহরগুলিতে জনসংখ্যা হল ৮৫ লক্ষ আর সংশোধিত রেশনিংয়ে দেশের বাকী জনসংখ্যা অন্তর্ভুক্ত। সংশোধিত রেশনিংয়ের আওতায় আগত জনসংখ্যা উচ্চতম সীমায় পৌঁছেছিল ১৯৭১ সালের সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে, জনসংখ্যার পরিমাণ ২৯৯ লক্ষ। ১৯৭০ সালের সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহে, এই সংখ্যা সর্বোচ্চ হয়, তখন জনসংখ্যার পরিমাণ ছিল ২৯০ লক্ষ।

বিধিবদ্ধ রেশনিংয়ে ১৯৭১ সালের ৭ই জুন থেকে সপ্তাহে বয়স্ক মাথাপিছু চালের বরাদ্দ ৯৫০ গ্রাম থেকে বাড়ানো হয় ১০০০ গ্রামে, এবং গমের বরাদ্দ ২৩শে আগস্ট, ১৯৭১ তারিখ থেকে বয়স্ক

মাথাপিছু সপ্তাহে ১৬৫০ গ্রাম থেকে বাড়িয়ে করা হয় ২৫০০ গ্রাম। সংশোধিত রেশনিংয়েও ওই ২৩শে আগস্ট ১৯৭১ থেকে গমের বরাদ্দ সপ্তাহে বয়স্ক মাথাপিছু ১২৫০ গ্রাম থেকে বাড়িয়ে করা হয় ২০০০ গ্রাম।

চলতি বৎসরে এপ্রিলের মাঝামাঝি পর্যন্ত রাজ্যে চালের মূল্যসীমা ১৯৭১ সালের চেয়ে বেশীই ছিল। পশ্চিমবঙ্গের নূতন মন্ত্রীসভা খাদ্য নিয়ন্ত্রণের ইতিহাসে এই সর্বপ্রথম সংশোধিত রেশনিংয়ে মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগণা, হাওড়া, হুগলী ও মেদিনীপুর জেলার বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চলের সমস্ত শ্রেণীর কার্ডের মালিকদের বয়স্ক মাথাপিছু সপ্তাহে ৬০০ গ্রাম করে এবং শিশুর জন্য তার অর্ধেক হারে চাল বণ্টনের ব্যবস্থা করেছেন। এছাড়া ২৪-পরগণা জেলার স্বরূপনগর, হাঁসখালি বাসন্তী ও সুন্দরবন অঞ্চলে এবং পশ্চিম দিনাজপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার খরা-পীড়িত অঞ্চলে সব শ্রেণীর কার্ডে প্রয়োজনমত চাল দেবার নির্দেশ জেলা-কর্তৃপক্ষদের দেওয়া হয়েছে। এটা বিশেষ ভাবে উল্লেখযোগ্য যে পশ্চিমবঙ্গের খাদ্য নিয়ন্ত্রণের ইতিহাসে এই প্রথম সব শ্রেণীর কার্ডে এত ব্যাপক-ভাবে চাল সরবরাহের ব্যবস্থা করা হয়েছে। নূতন সরকার ১৫ই মে, ১৯৭২ থেকে বিধিবদ্ধ রেশনিংয়ে চালের বরাদ্দ বয়স্ক মাথাপিছু সপ্তাহে ১০০০ গ্রাম থেকে বাড়িয়ে ১১০০ গ্রাম করেছেন, এবং সংশোধিত রেশনিংয়ে ওই একই তারিখ থেকে "ক" ও "খ" শ্রেণীর কার্ডে অর্থাৎ যাদের কৃষিজমি নেই বা স্বল্প আছে তাদের কার্ডে চালের বরাদ্দ বয়স্ক মাথাপিছু সপ্তাহে ৬০০ গ্রাম থেকে বাড়িয়ে করেছেন ৭০০ গ্রাম। দার্জিলিং জেলার পার্বত্য মহকুমাগুলিতে এবং বৃহত্তর কলকাতার সন্নিহিত অঞ্চলে বয়স্ক মাথাপিছু সপ্তাহে যে ৭৫০ গ্রাম চালের বরাদ্দ ছিল তা অব্যাহত আছে। এছাড়া বিধিবদ্ধ রেশনিংয়ে বয়স্ক মাথাপিছু গমের বরাদ্দ সপ্তাহে ২৫০০ গ্রাম ও সংশোধিত রেশনিংয়ে বয়স্ক মাথাপিছু সপ্তাহে ২০০০ গ্রাম যেমন ছিল তেমনই আছে। রাজ্যের সমস্ত জনসংখ্যার সকলেই শ্রেণী নির্বিশেষে সরকারী বণ্টন ব্যবস্থার মাধ্যমে গম পেতে পারেন।

বর্তমান সরকার সংশোধিত রেশনের মাধ্যমে পূর্ব পূর্ব বৎসরের তুলনায় অনেক বেশী লোককে চাল সরবরাহ করার ব্যবস্থা করেছেন। এপ্রিল থেকে জুন এই তিন মাসে গড়ে চাল সরবরাহ করা হয়েছিল ১৯৬৯ সালে প্রায় ১২৮ লক্ষ লোককে, ১৯৭০ সালে ১৬৭ লক্ষকে, ১৯৭১ সালে ১৪৮ লক্ষকে, আর এই বৎসর ১৯৭২ সালে ১৭৬ লক্ষ লোককে। এ বছর শুধু যে সর্বাধিক লোককেই চাল সরবরাহ করা হচ্ছে তাই নয়, মাথাপিছু সরবরাহের হারও অন্যান্য বছরের তুলনায় এবার বেশী।

সংশোধিত রেশনিং এবং সন্নিহিত এলাকা রেশনিংয়ে যাঁরা স্বল্পবিত্ত, যাঁদের একবারে সপ্তাহের রেশন সংগ্রহ করার পয়সা থাকে না তাঁদের নির্দিষ্ট সাপ্তাহিক বরাদ্দ তাঁদের সুবিধামত দুই কি তিন দফায় সংগ্রহ করবার অনুমতি সম্প্রতি দেওয়া হয়েছে।

রাজ্যের জেলাগুলিতে অপেক্ষাকৃত স্বল্পবিত্তদের সুবিধার জন্য প্রায় ১৯,০০০ টন রাশিয়া থেকে আনা ভাঙা (পেষা) চাল, খুচরা ৯০ পয়সা কে. জি. দরে সংশোধিত রেশন দোকান মারফৎ বণ্টনের জন্য দেওয়া হয়েছে। বাংলা কি বাংলার বাইরের সবরকম চালের চেয়ে এ চাল অনেক সস্তা।

সম্প্রতি কয়েক মাসের বৃষ্টির অভাবে যে খরা-অবস্থার উদ্ভব হয়, তার মোকাবিলা করার জন্য, বিশেষ করে খরা-পীড়িত জেলাগুলিতে, এই সস্তা দরের রাশিয়া থেকে আনা ভাঙা চাল বণ্টনের

ব্যবস্থা করা হয়েছে। ২৪-পরগণা, নদীয়া প্রভৃতি জেলায় এই ভাঙা চাল প্রচুর পরিমাণে বণ্টন করা হয়েছে। তাতে ওই সব অঞ্চলের নিম্নবিত্তেরা প্রভূত পরিমাণে উপকৃত হয়েছেন।

খরা পীড়িত পুরুলিয়া জেলার ক্লেশ নিবারণের জন্য ফুড কর্পোরেশনকে অনুরোধ করে তাঁদের মজুত ভুট্টা সস্তা দরে বণ্টন করার ব্যবস্থা করা হয়েছে। এর খুচরা দর কে. জি. প্রতি ৬৬/৬৭ পয়সার বেশী হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয় ও বিধানসভার সদস্যবৃন্দ অবগত আছেন যে, এই রাজ্যে রেশনিংয়ের মাধ্যমে যে চাল সরবরাহ করা হয় তার সম্পর্কে জনসাধারণের যথেষ্ট অভিযোগ আছে। এইসব অভিযোগ অনেকাংশে সত্য। বাংলার বাইরের চাল, বিশেষ করে আতপ চালের মান সম্পর্কে এই অভিযোগ সর্বাধিক তীব্র। এই সম্পর্কে ক্রমাগত অভিযোগ পাওয়া যাচ্ছিল বলে বর্তমান সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে এক নূতন ব্যবস্থা গ্রহণ করেছেন। গত ২৭শে মার্চ, ১৯৭২ থেকে রেশন দোকানে যে খাদ্যশস্য সরবরাহ করা হচ্ছে, গুদাম থেকে 'ডেলিভারি' দেবার আগে তার প্রতিটি বস্তাই ফুড কর্পোরেশন ও খাদ্য বিভাগের কর্মচারীরা যুগ্মভাবে পরীক্ষা করে দেখছেন ও পরীক্ষার পর মান সম্পর্কে নিশ্চিত হয়ে বণ্টনের জন্য ছাড়ছেন। এই রাজ্যে রেশনিংয়ের ইতিহাসে এই ধরনের ব্যবস্থা এই প্রথম চালু করা হয়। এ পর্যন্ত নিম্ন মানের খাদ্যশস্যের তেত্রিশ হাজারেরও বেশী বস্তা আটক করে রাখা হয়েছে। এগুলিকে পরিষ্কার করে উপযুক্ত মানে উন্নীত করার পর বণ্টনের জন্য ছাড়া হবে। এছাড়া রেশন দোকানের মালিকদেরও তাঁদের নিজেদের দায়িত্ব সম্বন্ধে সচেতন করে দেওয়া হয়েছে, তাঁরা যেন 'ডেলিভারি' নেবার আগে খাদ্যশস্যের মান সম্পর্কে নিশ্চিত হয়ে নেন।

নিম্নমানের যে খাদ্যশস্য আটক করা হয়েছে ও হচ্ছে, তা ঝাড়াই-বাছাই করে উপযুক্ত মানে উন্নীত করার কাজ দ্রুততর করার জন্য রাজ্য সরকার ফুড কর্পোরেশনকে নূতন ধরনের শক্তি-চালিত যন্ত্র নিয়ে আসবার জন্য অনুরোধ জানিয়েছেন। এই ধরনের ছ'টি যন্ত্র ইতিমধ্যেই এসে পৌঁচেছে এবং বিভিন্ন গুদামে সেগুলি চালু করা হয়েছে। এই ধরণের আরও অনেকগুলি যন্ত্র শীঘ্রই পাওয়া যাবে আশা করা যায়। সমগ্র পশ্চিমবঙ্গের বিভিন্ন গুদামে এই ধরনের একশোটি যন্ত্র বসাবার জন্য রাজ্য সরকার ফুড কর্পোরেশনকে নির্দেশ দিয়েছেন। কোন সংস্থা পশ্চিমবঙ্গেই এই রকম যন্ত্র তৈরী করতে পারেন কিনা তা জানাবার জন্য বিভিন্ন সংবাদপত্রে ইতিমধ্যেই বিজ্ঞাপন প্রচার করেছেন।

সরকারী বণ্টন ব্যবস্থার মাধ্যমে সরবরাহের জন্য সংগৃহীত এবং গুদামে মজুত খাদ্যশস্যের মান সম্পর্কিত সমগ্র বিষয়টি পরীক্ষা করে দেখার জন্য তিনজন সরকারী কর্মচারী ও চারজন বেসরকারী ব্যক্তিকে নিয়ে রাজ্য সরকার একটি কমিটি নিয়োগ করেছেন। এই কমিটির সভাপতি শ্রী এন. সি রায় এবং বাকি তিনজন বেসরকারী সভ্যের মধ্যে একজন কেন্দ্রীয় সংসদের ও দু'জন বিধানসভার সদস্য।

এই প্রসঙ্গে আমি একটি বিষয়ের প্রতি বিধানসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বাংলার বাইরে চাল সংগ্রহের জন্য ভারত সরকার যে মান নির্ধারণ করেছেন তাতে ৩৫ থেকে ৪৫ শতাংশ পর্যন্ত ভাঙা চাল, খুদ ও অন্যান্য পদার্থের মিশ্রণ থাকা অনুমোদিত। ফলে স্বভাবতই বাংলার বাইরের চালের মান নিকৃষ্ট ধরণের হয়। রাজ্য সরকার এই চালের মান সম্পর্কে বার বার কেন্দ্রীয় সরকার ও ফুড কর্পোরেশনের কেন্দ্রীয় সংস্থার দৃষ্টি আকর্ষণ করেছেন। চাল সংগ্রহের আগামী মরশুম থেকে বাংলার বাইরের চাল সংগ্রহের চলিত মানকে আরও উন্নত করার জন্য আমরা

কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানিয়েছি। পশ্চিমবঙ্গ সরকার সেইখানেই ক্ষান্ত হন নি। আমি নিজে পাঞ্জাব ও হরিয়ানা সরকারকে যতটা সম্ভব সিদ্ধ চাল উৎপাদন করার জন্য পত্র লিখে অনুরোধ জানিয়েছি। এবং রাজ্য সরকারের অনুরোধে কেন্দ্রীয় সরকার বিষয়টি হরিয়ানা ও পাঞ্জাব সরকারের সঙ্গে আলোচনার জন্য গ্রহণ করেছেন।

আমি এখানে বিধানসভার সদস্যবৃন্দকে এবং তাঁদের মাধ্যমে পশ্চিমবঙ্গের জনসাধারণকে দ্ব্যর্থহীনভাবে জানাতে চাই যে, ভারত সরকার যদি পশ্চিমবঙ্গকে উপযুক্ত মানের সিদ্ধ চাল না দেন তাহলে বিধিবদ্ধ ও সংশোধিত রেশনিংয়ে পশ্চিমবঙ্গের জনসাধারণকে সারা বৎসর তাঁদের পছন্দমত সিদ্ধ চাল সরবরাহ করা প্রায় অসম্ভব। এবিষয়ে রাজ্য সরকারের প্রচেষ্টার সাফল্য প্রায় সবটাই নির্ভর করছে ভারত সরকার ও ফুড কর্পোরেশনের উপর। ভারত সরকারের কাছে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এ বিষয়ে আমাদের দাবী বারবার পেশ করা হয়েছে। এ দাবী পশ্চিমবঙ্গের জনগণের। আমি বিধান সভার কক্ষ থেকে পশ্চিমবঙ্গের এই দাবী কেন্দ্রীয় সরকারের কাছে পুনরায় প্রেরণ করছি।

ইতিমধ্যে রাজ্যসরকার একেবারে নিশ্চেষ্ট হয়ে বসে নেই। সরকারী বণ্টন ব্যবস্থায় সিদ্ধ চালের সরবরাহ বজায় রাখার জন্য বিহার থেকে ৪০,০০০ টন সিদ্ধ চাল আমদানীর ব্যবস্থা করা হয়েছে। পশ্চিমবঙ্গে যে কেন্দ্রীয় সরবরাহ আসে এ আমদানী তার বাইরে এবং বাড়তি।

আমরা অন্ধ্র প্রদেশ থেকে ১৫,০০০ মেট্রিক টন ভাল মানের সিদ্ধ চাল পাবারও ব্যবস্থা করেছি।

যাতে সারা বৎসর রাজ্যের সমস্ত হাসপাতালগুলি উপযুক্তমানের সিদ্ধ চাল পেতে পারে নূতন মন্ত্রীসভা গঠিত হবার পর সে সম্পর্কে আমরা আদেশ দিয়েছি।

সংশোধিত রেশনিং মারফত যে খাদ্যশস্য বণ্টন করা হয় তার মান পরীক্ষা করার জন্য এবং অঞ্চল প্রধানদের অফিস থেকে যাতে সঙ্গে সঙ্গে সংশোধিত রেশনের নূতন কার্ড দেওয়া হয় সে সম্পর্কেও কড়া আদেশ দিয়েছি। সংশোধিত রেশনিং এলাকায় চালের মানোন্নয়নের জন্য প্রত্যেক চালের নমুনা বি. ডি. ও.-কে পাঠাবার জন্য আদেশ দেওয়া হয়েছে।

১৯৭১ সালের বিধ্বংসী বন্যায় মালদহ, মুর্শিদাবাদ, ২৪-পরগণা, হাওড়া, নদীয়া, মেদিনীপুর ও বর্ধমান জেলার অনেকগুলি ব্লকে আমন ফসলের উৎপাদন স্বাভাবিক উৎপাদনের শতকরা ৬০ ভাগেরও বেশী ক্ষতিগ্রস্ত হয়। এইসব ব্লকে যে সকল উৎপাদক চলিত লেভি আদেশের আওতায় পড়েন, তাঁদের সবাইকে এবার দেয় লেভির দায় থেকে রেহাই দেওয়া হয়েছে। নূতন সরকার গঠিত হবার পর রাজ্যসরকারের এটি আর একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

এই রাজ্যে চালের গড় খুচরা দর গত বৎসরের তুলনায় এপ্রিলের তৃতীয় সপ্তাহে ১ পয়সা এবং মে মাসের তৃতীয় সপ্তাহে ৫ পয়সা কম ছিল। এ বছর ২৪শে মে গড় খুচরা কেজি প্রতি দর যেখানে হয়েছে ১ টাকা ৪৪ পয়সা, সেই দর আগের বছর ওই সময়ে ছিল ১ টাকা ৪৯ পঃ। এই অনুকুল গতি কিন্তু জুন মাসের দ্বিতীয় সপ্তাহে উল্‌টে গেল। কারণ সারারাজ্যে দীর্ঘ খরার ফলে গ্রীষ্মের যে ফসল মাঠে ছিল তা নষ্ট হয়ে গেল, সঙ্গে সঙ্গে আউশ ও আমনের সম্ভাবনাও

ক্ষতিগ্রস্ত হল। জুনের প্রথম সপ্তাহ থেকে জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহের মধ্যে এ বছর রাজ্যে চালের কেজি প্রতি গড় খুচরা দর ১ টাকা ৪৫ পয়সা থেকে উঠে গেল ১ টাকা ৫৮ পয়সা। অথচ গত বৎসরের গ্রীষ্মকালীন ফসলের ভাল উৎপাদনের ফলে, এই একই সময়ে, ওই গড় খুচরা দর ১ টাকা ৪৬ পয়সা থেকে নেমে দাঁড়িয়েছিল ১ টাকা ৪৪ পয়সায়।

এ বৎসর আভ্যন্তরীণ চাল সংগ্রহ ও সরকারী বণ্টন ব্যবস্থার মাধ্যমে সংগ্রহ ও বণ্টন দুই-ই গত বৎসরের চেয়ে বেশী হওয়া সত্ত্বেও এই মূল্যবৃদ্ধি ঘটেছে।

চলতি খরিফ বৎসরে জুন মাস পর্যন্ত ২.২৬ লক্ষ টন চাল রাজ্যের অভ্যন্তরে সংগৃহীত হয়েছে, গত খরিফ বৎসরে ওই একই সময়ে ২.১৩ লক্ষ টন চাল সংগৃহীত হয়েছিল। এ বছর ১লা জানুয়ারী থেকে জুনের মধ্যভাগ পর্যন্ত কেন্দ্রীয় সরবরাহের পরিমাণ ৭.৮২ লক্ষ টন। এই সাহায্যের পরিমাণ গত বৎসরের ওই একই সময়ে প্রাপ্ত সরবরাহ ৭.১০ লক্ষ টনের চেয়ে অনেকটা বেশী। সরকারী বণ্টন ব্যবস্থার মাধ্যমে ১৯৭২ সালের প্রথম পাঁচ মাসে যেখানে ৮.৬ লক্ষ টন খাদ্য-শস্য বণ্টন করা হয়েছে ১৯৭১ সালে ওই একই সময়ে সে বণ্টনের পরিমাণ ছিল ৭.৫ লক্ষ টন।

মাননীয় সদস্যবৃন্দ নিশ্চয়ই অবগত আছেন যে, খাদ্যশস্যের এই সাম্প্রতিক মূল্যবৃদ্ধি শুধু মাত্র পশ্চিমবঙ্গেই সীমাবদ্ধ নয়, এটি একটি সর্বভারতীয় ঘটনা। দেশের সমগ্র পটভূমিতে যা দেখা যাচ্ছে তাতে গত বছরের তুলনায় খাদ্যশস্যসহ সমস্ত অত্যাবশ্যকীয় জিনিষের দাম উল্লেখযোগ্য ভাবে বেড়ে গিয়েছে। দেশে ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি, বহুরাজ্যে দীর্ঘস্থায়ী খরাজনিত অবস্থা ও কেন্দ্রীয় শুল্কবৃদ্ধি প্রভৃতি বিবিধ কারণে এই মূল্যবৃদ্ধি ঘটে চলেছে। এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে তুলনামূলকভাবে পশ্চিমবঙ্গে খাদ্যশস্যের মূল্যবৃদ্ধির হার সর্বভারতীয় হারের চেয়ে কম। সম্প্রতি কৃষিমন্ত্রণালয়ের রাষ্ট্রমন্ত্রীও একথার উল্লেখ করেছেন।

এ সব সত্ত্বেও স্বীকার করতে হবে যে, মূল্যবৃদ্ধি ঘটেছে এবং দেশের জনসাধারণ তার ফলে কষ্ট ভোগ করছেন। জনসাধারণের এই কষ্ট সম্পর্কে আমরা সম্পূর্ণ সচেতন ও আন্তরিক দুঃখিত এবং সমব্যথায় ব্যথিত।

গত কয়েক সপ্তাহে খাদ্যশস্য ছাড়াও অন্যান্য অনেকগুলি অত্যাবশ্যকীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি ঘটেছে। আমার সামনে কলকাতায় ৪২টি অত্যাবশ্যকীয় সামগ্রীর ১৯৭২ সালের জুলাই মাসের প্রথম সপ্তাহের, তার তিন মাস আগের, এবং ১৯৭১ সালের জুলাই মাসের দামের তুলনামূলক এক বিবরণী রয়েছে। আমি দেখতে পাচ্ছি, গত তিন মাসে ১১টি সামগ্রীর দাম কমেছে, কিন্তু ১৯টির দাম বেড়েছে। এই দর বৃদ্ধির কারণ খানিকটা সাময়িক, বৎসরের এই সময়ে অনেকগুলি দ্রব্যের দাম বেড়ে যায়। তবে গত এক বছর আগের দামের সঙ্গে তুলনা করলে দেখা যাচ্ছে, ৩১টি দ্রব্যের মূল্য বৃদ্ধি ঘটেছে, আর ৬টি দ্রব্যের দাম দেখা যাচ্ছে কমের দিকে। অত্যাবশ্যক খাদ্য সংক্রান্ত সামগ্রীর সরবরাহের জন্য পশ্চিমবঙ্গ অন্য রাজ্যের উপর সবিশেষ নির্ভরশীল; তাছাড়া মুদ্রা-স্ফীতিজনিত অবস্থা এখনও সমগ্রভাবে দেশে ক্রিয়াশীল রয়েছে। সে দিক দিয়ে বিচার করলে, এক বছর আগের মূল্যের সঙ্গে তুলনা করেও, অবস্থা খুব একটা অসন্তোষজনক বলা চলে না। যে ৩১টি সামগ্রীর দর বাড়তে দেখা গিয়েছে তারমধ্যে ডাল ৯ দফা ছাড়া চিনি, গুড়, পাঁচ রকম মশলা, নুন, সরিষার তেল, ঘি, তিন রকমের সবজী, ডিম, মাংস, মাছ, কয়লা, কেরোসিন, মার্কিন কাপড়, আমূল বেবীফুড, টর্চের ব্যাটারী ও ব্লেড রয়েছে। কেরোসিনের মূল্যবৃদ্ধির কারণ হল

কেরোসিনের উপর আবগারী শুল্কের হার বৃদ্ধি। গতবারের বন্যা ও ঘূর্ণিঝড় ও তারপরে এবারকার খরার জন্য স্থানীয় সবজীর ফলন ক্ষতিগ্রস্ত হওয়ায় সবজীর দাম বেড়েছে।

১৯৭১ সালের মে মাসে কেন্দ্রীয় সরকার কর্তৃক বিনিয়ন্ত্রণের পর থেকেই চিনির অবস্থা খারাপ হতে আরম্ভ করে। এর সঙ্গে মধ্যে মধ্যে চিনির উপর কেন্দ্রীয় আবগারী শুল্ক বৃদ্ধি ঘটায় দুইয়ে মিলে চিনির দামের চড়তি ভাবকে সাহায্যই করেছে। ১৯৭২ সালের জানুয়ারী মাসের দ্বিতীয় সপ্তাহে নির্দিষ্ট দামে চিনি বণ্টন আরম্ভ করলেন রাজ্যসরকার। বিধিবদ্ধ রেশন এলাকায় বরাদ্দের পরিমাণ হল সপ্তাহে মাথাপিছু ১৫০ গ্রাম, অন্য এলাকায় তারচেয়ে কিছু কম মাত্রায় বরাদ্দের ব্যবস্থা হল। অতিরিক্ত কিছু বাড়তি নির্দিষ্ট মূল্যের চিনি পাওয়ায় নূতন মন্ত্রীসভা কার্যভার গ্রহণ করার পর ১০ই এপ্রিল, ১৯৭২ থেকে বিধিবদ্ধ রেশন এলাকায় সাপ্তাহিক মাথাপিছু চিনির বরাদ্দ বাড়িয়ে ২০০ গ্রাম করলেন এবং জেলাতেও যাতে সরবরাহ অনুসারে চিনির বরাদ্দের হার বাড়ানো যায় তার ব্যবস্থা নেওয়া হয়েছে এবং জেলাশাসকদের প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্য সরকার নির্দিষ্ট মূল্যের চিনির মাসিক বরাদ্দ ২০,০০০ টন থেকে ৩০,০০০ টন করবার জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিচ্ছেন। যদি এ ব্যবস্থা সম্ভব হয় তাহলে সরকারী বণ্টন ব্যবস্থায় চিনির বরাদ্দ যথেষ্ট বাড়ানো যাবে।

সরিষার তেলের দরের ঊর্দ্ধমুখী গতি রোধ করবার জন্য সরকার কানাডা থেকে আমদানী 'রেপসীড' থেকে তেল তৈরী করিয়ে কলকাতা এলাকায় রেশন দোকানের মাধ্যমে ৪ টাকা ৪০ পয়সা কেজি দরে মাসে মাথাপিছু ১ কেজি হারে বণ্টন করে যাচ্ছেন।

মালগাড়ীর ঘাটতির ফলে চলাচলে বিঘ্ন মূল্যবৃদ্ধির অন্যতম প্রধান কারণ। যত তাড়াতাড়ি সম্ভব অবস্থার উন্নতি হয় সেজন্য বিষয়টি নিয়ে রাজ্য সরকার রেল কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে চলেছেন। মালগাড়ির ঘাটতি পুরণ হলে কয়লাখনি থেকে অধিকতর পরিমাণ কয়লা আসবে এবং সেই সঙ্গে উদ্বৃত্ত রাজ্যগুলি থেকে অত্যাবশ্যক সামগ্রীগুলিও অধিকতর পরিমাণে আসতে পারবে।

আমি এখন রাজ্যে সিমেন্টের যে তীব্র অভাব দেখা দিয়েছে সে সম্পর্কে বিশেষভাবে কিছু বলতে চাই। সিমেন্টের গুরুতর অভাবের ফলে সি. এম. ডি. এ.-য়ের কাজকর্ম, ব্যাপক গৃহ নির্মাণের কাজ সমেত সমস্ত উন্নয়নমূলক কাজকর্ম বিশেষভাবে ব্যাহত হয়েছে। অন্যদিকে পশ্চিমবঙ্গে সিমেন্টের সরবরাহ বৎসরে বৎসরে কমে আসছে। ১৯৬৯ সালে ১১,২৬,০০০ মেট্রিক টন, ১৯৭০ সালে ৯,৭৫,০০০মেট্রিক টন, ১৯৭১ সালে ৮,৪৩,০০০ মেট্রিক টন এবং ১৯৭২ সালের প্রথম পাঁচ মাসে ৩,৮৪,০০০ মেট্রিক টন সিমেন্ট এসেছে পশ্চিমবঙ্গে। এর মাসিক গড় হিসাব করলে দেখা যাবে ১৯৬৯ সালে যেখানে মাসিক গড় ছিল ৯৩,০০০ মেট্রিক টন, সেখানে বর্তমানে ১৯৭২ সালে সেই মাসিক গড় দাঁড়িয়েছে ৭৭,০০০ টনে। এই তথ্য থেকে বুঝতে পারা যাবে যে গত দু বছরে রাজ্যে গুরুতর বিশৃংখলা চলতে থাকার জন্য সিমেন্টের চাহিদা যথেষ্ট কমে গিয়েছিল। ১৯৭২ সালের প্রথম থেকেই আইন ও শৃঙ্খলা পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হওয়ায় সিমেন্টের চাহিদা অকস্মাৎ খুব বেড়ে গিয়েছে। রাজ্য সরকার ব্যাপকভাবে উন্নয়নমূলক কাজে হাত দিয়েছেন; বিশেষ করে সি. এম. ডি. এ কাজ আরম্ভ করেছেন, ব্যাপকভাবে গৃহ নির্মাণ শুরু হয়েছে। উন্নয়নমূলক কাজকর্ম, গৃহ নির্ম্মাণ, সি. এম. ডি. এ'র বিভিন্ন পরিকল্পনা, টিউব রেল নির্মাণ, হুগলী সেতু নির্মাণ; পি. ডব্লু. ডি'র এবং সড়ক সংক্রান্ত সরকারী কাজকর্ম বাবদ সব মিলিয়ে ১৯৭২-৭৩ সালে খুব কম

প্রয়োজন হলেও আমাদের সিমেন্ট লাগবে ১৫,২৭,০০০ মেট্রিক টন, অর্থাৎ মাসিক গড় প্রয়োজন কম পক্ষে ১,২৭,০০০ মেট্রিক টন।

এই যেখানে আমাদের প্রয়োজন সেখানে কেন্দ্রীয় শিল্পোন্নয়ন মন্ত্রক ১৯৭২ সালের প্রথম ছয় মাসে সমগ্র পূর্বাঞ্চলকে যে পরিমাণ সিমেন্ট বরাদ্দ করেছেন তা আমাদের প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। রাজ্য সরকার তাঁদের এই সিমেন্টের তীব্র অভাবের কথা বারবার কেন্দ্রীয় শিল্পোন্নয়ন মন্ত্রকের দৃষ্টিগোচর করেছেন। আমি নিজে ব্যক্তিগতভাবে কেন্দ্রীয় শিল্পোন্নয়ন মন্ত্রকের মন্ত্রীর নিকট কয়েকবার পত্রে লিখেছি। বর্ষা কেটে গেলেই এই রাজ্যে সিমেন্টের অভাব আরও তীব্রভাবে অনুভূত হবে। যদি এ রাজ্যে উপযুক্ত পরিমাণ সিমেন্ট সরবরাহের জন্য ব্যবস্থা গ্রহণ করা না হয় তা হলে সি. এম. ডি. এ., দ্বিতীয় হাওড়া ব্রীজ ও টিউব রেলের মত অতি প্রয়োজনীয় পরিকল্পনাগুলির কাজ অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে যাবে। এ বিষয়ে রাজ্যসরকার সবিশেষ শঙ্কিত।

তাই রাজ্য সরকার দুইটি বিষয়ে কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে ব্যবস্থা নিতে অনুরোধ করেছেন :

(১) ভারতের পূর্বাঞ্চলের জন্য যে সিমেন্টের বরাদ্দ রয়েছে তা এমনভাবে বাড়াতে হবে যাতে পশ্চিমবঙ্গ চলতি বছরে ১৫ লক্ষ ৩০ হাজার টন সিমেন্ট পায়। আমাদের কাছ থেকে ক্রমাগত প্রতিবেদনের ফলে কেন্দ্রীয় শিল্পোন্নয়ন মন্ত্রক সম্প্রতি ১৯৭২ সালের জুলাই-সেপ্টেম্বর মাসের জন্য পূর্বাঞ্চলের বরাদ্দ ২·৬ লক্ষ টন থেকে বাড়িয়ে ৩·৬ লক্ষ টন করেছেন। বর্ষা কেটে গেলে বৎসরের বাকী মাসগুলির জন্য এ বরাদ্দ আরও বাড়াবার প্রয়োজন হবে।

(২) ভারতের দক্ষিণাঞ্চলই বাড়তি সিমেন্ট উৎপাদন করে বলে পশ্চিমবঙ্গ দক্ষিণাঞ্চলের সিমেন্ট কারখানাগুলি থেকেই তার সিমেন্টের মোটা অংশ পেয়ে থাকে। চলাচলের নানান রকমের অসুবিধার জন্য যথেষ্ট পরিমাণ মালগাড়ী না পাওয়ায় দক্ষিণ ভারত থেকে পশ্চিমবঙ্গে বরাদ্দ সিমেন্ট নিয়ে আসা সম্ভব হয়নি। সেই কারণেই রেলের বদলে জাহাজে করে সিমেন্ট আনার প্রস্তাব বিবেচনা করা প্রয়োজন হয়ে পড়েছে। কিন্তু এর ফলে আনার ভাড়াই শুধু বাড়বে না, রেলে আনার চেয়ে জাহাজে আনার জন্য আনুষঙ্গিক খরচাও বেড়ে যাবে। এই বাড়তি খরচা বহন করতে হবে ভারত সরকারের সিমেন্ট মূল্য সমীকরণ ভাণ্ডারকে (Cement Equalisation Fund)। কেন্দ্রীয় শিল্পোন্নয়ন মন্ত্রকের এ বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ প্রসঙ্গে উল্লেখ করি, ৯ হাজার টন সিমেন্ট নিয়ে একখানি জাহাজ ইতিমধ্যে এসেছে।

পরিশেষে আমি রাজ্য সরকারের আরও কয়েকটি উন্নয়নমূলক ও জনকল্যাণকর প্রচেষ্টার উল্লেখ করছি। আধুনিক ও বিজ্ঞানসম্মত পদ্ধতিতে পাঁউরুটি তৈরীর জন্য কলকাতা মডার্ণ বেকারী নামে ভারত সরকারের একটি সংস্থা আছে। রাজ্য সরকার ভারত সরকারকে এই ধরণের আরও দুটি—একটি মাঝারী ও অন্যটি ছোট আয়তনের—কারখানা পশ্চিমবঙ্গে স্থাপনের জন্য অনুরোধ জানিয়েছেন। প্রয়োজনীয় জমি, জল ও বিদ্যুৎ সরবরাহের এবং উৎপন্ন সমস্ত রুটির বিক্রয়ের আশ্বাসও রাজ্য সরকার দিয়েছেন।

ধানকে সিদ্ধ করে চাল তৈরী করার অনুরূপ পদ্ধতিতে গমকে সিদ্ধ করে ও ভেঙে 'বুলগার-গম' নামে এক ধরণের তণ্ডুল-জাতীয় খাদ্য তৈরীর একটি প্রকল্পে রাজ্য সরকার বিশেষ উৎসাহ

দিচ্ছেন। এর দুটি প্রধান উপযোগিতা আছে। প্রথম, চালকলগুলি বছরের যে সময় ধানের অভাবে নিষ্ক্রিয় হয়ে বসে থাকে সেই সময় তারাও 'বুলগার-গম' উৎপাদন করে নিজেদের উৎপাদন ক্ষমতা কাজে লাগাতে পারবে। দ্বিতীয়ত, দেশে এখন গমের ফলন প্রচুর; সেই কারণে বিকল্প খাদ্য হিসেবেও গমকে সহজে ব্যবহারযোগ্য করার প্রয়োজনীতা আছে। 'বুলগার-গম', সেদিক দিয়ে চালের ঘাটতি আমাদের এই রাজ্যে চালের বিকল্প হিসেবে সহজেই ব্যবহারযোগ্য হয়ে উঠতে পারে। আর 'বুলগার-গম' পুষ্টিকরও বটে।

দেশে গমের ফলন প্রচুর বেড়ে যাওয়ায়, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে দৈনিক ৩০ টন পর্যন্ত উৎপাদন-ক্ষমতাসম্পন্ন কিছু ছোট ময়দাকল স্থাপনের অনুমতি দিয়েছেন। এই প্রকল্প কার্যকরী করার জন্য রাজ্য সরকার একটি কমিটি গঠন করেছেন। কমিটিই ঠিক করবেন, কোথায় কতগুলি এই ধরণের ময়দা কল স্থাপিত হবে। এ বিষয়ে রাজ্যসরকারের মূল নীতি হল, প্রথম অগ্রাধিকার পাবে উত্তর বঙ্গ, যেখানে ময়দা কল মাত্র দুটি। তারপর পাবে দক্ষিণ বঙ্গের শিল্পে ও অর্থনৈতিক ক্ষেত্রে অনগ্রসর সেই সব অঞ্চল যেখানে বেশ কিছুটা গমের উৎপাদন হয়।

এখানে যে সব চালকল রয়েছে সেগুলির উৎপাদন-পদ্ধতি অপচয়মূলক বলে ভারত সরকারের নীতি অনুযায়ী এই রাজ্যের চালকলগুলির আধুনিকীকরণের একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সেই সঙ্গে ফুড করপোরেশনকেও সম্পূর্ণভাবে আধুনিক পদ্ধতিতে কয়েকটি চালকল স্থাপন করবার জন্য রাজ্য সরকার উৎসাহ ও সাহায্য দিচ্ছেন।

পশ্চিমবঙ্গে ডালের বেশ ঘাটতি এবং দামও বর্তমানে ক্রমশ ঊর্দ্ধমুখী। ডালের দামের এই ঊদ্গতি রোধ করবার জন্য রাজ্য সরকার ফুড করপোরেশনকে দিয়ে ডাল আমদানি করিয়ে এখানে বিক্রয় করার জন্য একটি বিপণন কেন্দ্র খুলিয়েছেন, এবং অনুরূপ আরও কয়েকটি কেন্দ্র বিভিন্ন জেলায় খোলাবার চেষ্টা করছেন।

ফুড করপোরেশনকে ৫০,০০০ টন সরিষার বীজ ও ১০,০০০ টন বিভিন্ন প্রকার ডাল আমদানী করে এই রাজ্যে বিক্রয়ের জন্য অনুরোধ করা হয়েছে।

খাদ্য ও সরবরাহ সম্পর্কিত ব্যাপারে দুর্নীতির বিরুদ্ধে একটি সামগ্রিক অভিযান সুরু করা হয়েছে। ব্যাপকভাবে ভুয়ো কার্ড ধরে বাতিল করা, অবৈধভাবে কালোবাজারে রেশনদ্রব্য পাচার করার অপরাধে রেশন দোকান বাতিল করা, নিম্ন মানের চাল সরবরাহ করার অপরাধে চালকলের লাইসেন্স বাতিল করা, দুর্নীতিপরায়ণ স্টোরিং এজেন্টদের স্টোরিং এজেন্সী বাতিল করা, দুর্নীতি-পরায়ণ কর্মচারীদের শাস্তিবিধান ইত্যাদি ব্যবস্থা জোরদার করা হয়েছে। এই ব্যাপক বেকারীর দিনে ফুড করপোরেশনের অফিসসমূহে প্রচলিত 'ওভারটাইম' ব্যবস্থা বাতিল করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্য সরকারের খাদ্য দপ্তর জেলা, মহকুমা ও ব্লক প্রশাসনের সহযোগিতায় খাদ্য ও সরবরাহ ব্যবস্থার সামগ্রিক উন্নতির জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

খাদ্য ও সরবরাহ বর্তমান অবস্থা সম্পর্কে আমার বক্তব্য শেষ হয়েছে। এখন আমি এই অনুদান দুটির পূর্ণ মঞ্জুরী প্রার্থনা করছি।

**Mr. Speaker** : Honourable Members, the mike is not operating, so it will be useless to allow the Minister-in-charge to go on reading. At any rate, by this time the statement has been circulated among all the Members and I think

no Member will press for reading it. The statement, as circulated, is taken as read. I, now, place the entire demand for your acceptance.

(**Voices ; Yes.**)

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs. 6,00,96,000 be granted for expenditure under Grant No. 52, Major Head : "124—Capital Outlay on Schemes of Government Trading", was then put and agreed to.

**Demand for Grant No. 17**

**Major Head : 26-Miscellaneous Departments—Excluding Fire Services.**

**Shri Kashi Kanta Maitra :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,67, 39,000 be granted for expenditure under Grant No. 17, Major Head : "26—Miscellaneous Departments—Excluding Fire Services".

(This is inclusive of Rs. 2,22,47,000 already voted on account in March, 1972.)

The motion of Shri Kashi Kanta Maitra that a sum of Rs. 6,67,39,00 be granted for expenditure under Grant No. 17, Major Head : "26-Miscellaneous Departments—Excluding Fire Services", was then put and agreed to.

**Demand For Grant No. 24**

Major Heads : 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme.

**Shri Sitaram Mahato :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,19,06,000 be granted for expenditure under Grant No. 24, Major Heads : "33—Animal Husbandry" and "124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme".

(This is inclusive of Rs. 5,73,02,000 already voted on account in March, 1972.)

**Mr. Speaker :** The statement of the Minister-in-charge of the Department is taken as read.

The motion of Shri Sitaram Mahato that a sum of Rs. 17, 19, 06,000 be granted for expenditure under Grant No. 24, Major Heads : "33—Animal Husbandry" and "124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme", was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 2-27 p.m. till 2-00 p.m. on Monday, the 24th July, 1972, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 24th July, 1972, at 2 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 13 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 166 Members.

[2-00—2-10 p m.]

**Oath or affirmation of allegiance**

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

**Starred Questions**

(to which oral answers were given)

### হাসপাতালে রোগী ভর্তির সমস্যা

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩০) **শ্রীনিতাইপদ সরকারঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গ্রাম বাংলার দূর দুরান্ত হইতে আগত শত শত রোগী কলিকাতার হাসপাতালগুলিতে ভর্তি হইতে না পারিয়া ফেরত যাইতেছেন,

(খ) অবগত থাকিলে, উক্ত গ্রামাঞ্চল হইতে আগত রোগীদের ভর্তির বিষয়ে সরকার কি ব্যবস্থার কথা বিবেচনা করিতেছেন ;

(গ) কলিকাতার হাসপাতালগুলিতে এবং বিভিন্ন জেলার হাসপাতালগুলিতে মোট শয্যাসংখ্যা কত ; এবং

(ঘ) উক্ত শয্যাগুলিতে ক্ষেতমজুর, গরিব কৃষক ও শ্রমিকদের ভর্তির বিশেষ কোন সুযোগ সুবিধা আছে কিনা ?

**Shri Gobinda Chandra Naskar :**

(ক) হ্যাঁ, সকল রোগীকে ভর্তি করা সম্ভব হচ্ছে না।

(খ) হাসপাতালগুলির শয্যা সংখ্যা ক্রমশঃ বাড়ানো হচ্ছে।

(গ) ১৯৭০ সালের হিসাব অনুযায়ী কলকাতার শয্যা সংখ্যা ১২,২৩৩ ও জেলাগুলিতে শ সংখ্যা ২৫,৪৪১।

(ঘ) নেই। রোগের গুরুত্ব অনুযায়ী, শয্যা সংকুলান হইলে, শ্রেণী নির্বিশেষে সকলে স সুযোগ পেয়ে থাকেন।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আমি প্রশ্ন করেছিলাম গ্রামাঞ্চল থেকে আগত রোগীরা ফি যাচ্ছে কিনা—মন্ত্রী মহাশয় তার উত্তরে বললেন, "হ্যাঁ"। এখন ভর্তি সম্বন্ধে তাড়াতাড়ি কি ব্যব গ্রহণ করতে পারবেন ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** আপনি প্রশ্ন করেছিলেন গ্রামাঞ্চলে সুচিকিৎসা ব্যবস্থা না থাক গ্রামাঞ্চলের রোগীরা কলকাতার হাসপাতালে এসে ফিরে যায়, বেড পায় না। সেইজন্য আ গ্রামাঞ্চলে যে সমস্ত হাসপাতাল আছে তার শয্যা সংখ্যা বাড়াবার পরিকল্পনা আমরা গ্র করেছি যাতে অতিরিক্ত শয্যা দেওয়া যায় তার জন্য যতদূর সম্ভব আমরা চেষ্টা করছি।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** ক্ষেতমজুর ভাগচাষী এই ধরণের গরীব লোকদের প্রায়রিটি দেও যেতে পারে এই রকম ব্যবস্থা করছেন ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** বিশেষ শ্রেণীর জন্য কোন বিশেষ ব্যবস্থা নাই। রোগের গুর অনুযায়ী রোগীদের ভর্তির ব্যবস্থা আছে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আমি জানি যারা গরীব মানুষ, ময়লা জামাকাপড় প তারা বেশী ভর্তির সুযোগ পায় না। তাদের সাথে খারাপ ব্যবহার করা হয়। শ্রমি এবং গরীব কৃষক, ক্ষেতমজুর—তাদের স্পেশ্যালি ভর্তি করার ব্যবস্থার কথা আপ ভাবছেন কিনা ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** উত্তরে আমি আগেই বলেছি যে, কোন বিশেষ শ্রেণীর জ বিশেষ কোন ব্যবস্থা নাই। গরীব লোক বলে ফেরত যায় একথা ঠিক নয়।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** আপনি (গ) প্রশ্নের উত্তরে বলেছেন যে, গ্রামাঞ্চলে যে প্রাথমি হেল্‌থ সেণ্টার আছে, সাবসিডিয়ারী হাসপাতাল আছে, বা অকজিলিয়ারী হেল্‌থ সেণ্টার আছে ত বর্তমান শয্যা সংখ্যার কথা বলেছেন। আমার প্রশ্ন হচ্ছে সেখানে যে সিট রয়েছে আপনি তার থে কতটা বাড়াবার চেষ্টা করছেন ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** শয্যা সংখ্যা বৃদ্ধিকল্পে সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। প বার্ষিকী পরিকল্পনা এবং সি, এম, ডি, এ প্রকল্প মারফৎ সারা রাজ্যে হাসপাতাল ও শয্যা সংখ বাড়ান হচ্ছে। প্রতি বছর অন্যূন ১০০০ নূতন শয্যা খোলা হচ্ছে। গ্রামাঞ্চলের বিস্তীর্ণ এলাকা ব্লকভিত্তিক বহু স্বাস্থ্য কেন্দ্র খোলা হয়েছে। ১৯৭০ সাল পর্যন্ত এই স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ছি ৭৯৮, বর্তমানে এর সংখ্যা হচ্ছে ৮০৭। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রথম তিন বছরে মো ৩২৮০টি নূতন শয্যা খোলা হয়েছে। এ বছরে ১৪০০ শয্যা খোলা হবে এবং আগামী বছরে

আরও ১০০০টি শয্যা খোলা হবে। ১৯৭০ সালের হিসাব অনুযায়ী রাজ্যের আরও ১০০০টি শয্যা খোলা হবে। ১৯৭০ সালের হিসাব অনুযায়ী রাজ্যের ২২৩৭টি সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে মোট শয্যা সংখ্যা ৩৭,৬৭৪—এর মধ্যে কলকাতা সহরে ১২,২৩৩টি শয্যা এবং বাইরের জেলা গুলিতে ২৫,৪৪১টি শয্যা। শয্যাগুলির অবস্থান হচ্ছে শহরাঞ্চলে ২৩,৬৫৫টি এবং গ্রামাঞ্চলে ১৪,০১৯টি। মোট ৩৭,৬৭৪। এছাড়া রাঁচীতে অবস্থিত দুইটি মানসিক রোগীদের হাসপাতাল এবং দুইটি টি. বি. হাসপাতালে মোট ১,১৫৮টি শয্যা পশ্চিমবঙ্গের জন্য সংরক্ষিত আছে। এখন মোট শয্যা সংখ্যা ৩৮ হাজার ৬০৫।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** কোলকাতায় যে রোগীরা আসেন জেলা সদর থেকে সেখানে কোন স্পেশালিষ্ট ডাক্তার নেই, সেইজন্য আসেন। মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি জেলা হাসপাতালগুলিতে প্রত্যেক বিষয়ে স্পেশালিষ্ট ডাক্তার পাঠাবার ব্যবস্থা করছেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** কোলকাতার হাসপাতালে সাধারণত ২৪-পরগণা, হাওড়া বা নদীয়া ইত্যাদি আশেপাশের জেলা থেকেই রোগীরা আসেন, দূরদূরান্তরের জেলা থেকে আসেন না। আমরা জেলা হাসপাতালগুলিতে মোটামুটিভাবে বৈজ্ঞানিক পদ্ধতিতে চিকিৎসার ব্যবস্থা করেছি। বিশেষ বিশেষ যেমন কারডিওলজিষ্ট, নিউরোলজিষ্ট এই সমস্ত ব্যাপারে স্পেশালিষ্ট ফিজিসিয়ান জেলা হাসপাতালে দেবার জন্য সরকার এখনও পর্য্যন্ত আলোচনা চালাচ্ছেন।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি যে প্রশ্নটা জিজ্ঞাসা করেছিলাম সেটার উত্তর পেলেই মোটামুটি সবটা পরিষ্কার হয়ে যায়। প্রাথমিক, সাবসিডিয়ারী এবং অকসিলিয়ারী হেল্‌থ সেণ্টারে বর্তমানে যে শয্যা সংখ্যা আছে আপনারা প্রত্যেক হাসপাতালে সেটা বাড়াবার চেষ্টা করছেন। আমার প্রশ্ন আপনারা সেটা বেছে বেছে করছেন যে যেখানে ৬টি আছে ১০টি সেখানে বা ২০টির জায়গায় ৩০টি।

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** আমি সে হিসাবটা আগেই দিয়েছি। প্রাইমারী এবং সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার মিলে ৫ হাজার ৯৩১টি বেড আছে। এ বছর আমরা ১১০টি দিচ্ছি। প্রাইমারী হেল্‌থ সেণ্টারের নতুন নিয়ম অনুযায়ী ১০ বেড স্যাংসান করেছি। যেখান থেকে প্রোপজাল আসছে প্রাইমারী হেল্‌থ সেণ্টার ৫০টি বেডের সেখানে আমরা দেবার ব্যবস্থা করতে পারি।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** বিশেষজ্ঞ ডাক্তার বা স্পেশালিষ্ট যারা সদর হাসপাতালে আছেন ভাল ভাল যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে যাতে সেই বিশেষজ্ঞরা যেতে পারেন এবং সেখানে গিয়ে রোগীদের বিশেষভাবে চিকিৎসা করতে পারেন সেই রকম কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** আপাতত যেখানে টেন বেডেড বা টোয়েন্টি বেডেড সেখানে কোন স্পেশালিষ্ট নেই। যেখানে ৫০টি বেড আছে সেখানে আই স্পেশালিষ্ট বা অন্যান্য দু একজন স্পেশালিষ্ট আমরা পাঠিয়ে থাকি।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** গ্রামাঞ্চল বা দূরদূরান্তর থেকে যেসমস্ত রোগীরা আসেন তারা

সংশ্লিষ্ট ডাক্তারকে তাঁর বাড়ীতে গিয়ে তাঁর প্রাপ্য ভিজিট না দিলে তার ভর্তির ব্যবস্থা হয়না, এট মন্ত্রীমহাশয় জানেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** এসম্পর্কে লিখিত অভিযোগ আসেনি, অভিযোগ এলে তদন্ত করে ব্যবস্থা করা হবে।

**শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ** 'ঘ' প্রশ্নে ক্ষেতমজুর বা গরীব কৃষক ইত্যাদির কথা জিজ্ঞাস করা হয়েছিল। আমার প্রশ্ন, শ্রমিকদের জন্য এমপ্লয়িস ষ্টেট ইন্সিওরেন্স-এর অন্তর্ভুক্ত হাসপাতালে যেমন ভর্তির ব্যবস্থা আছে, সেই রকম ক্ষেতমজুর বা গরিব কৃষকদের জন্য ব্যবস্থা করবেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** ই. এস. আই হসপিট্যাল লেবার ডিপার্টমেণ্টের। সেখানে যে সমস্ত রেজিস্টার্ড ফার্মস বা ফ্যাক্টরিস আছে এবং তাতে যে সমস্ত কর্মচারী আছেন তাদের ই. এস. আই হসপিট্যালে ব্যবস্থা আছে। হেল্‌থ ডিপার্টমেণ্ট হসপিট্যালে শ্রেণী বিভাগ করেনি। তবে কৃষক, মজুরদের প্রশ্নে আমরা সব সময় ইন্সট্রাকশান দিয়ে রেখেছি যে গ্রাম বা দূর দূরান্তর থেকে যারা যাবেন তারা যেন বঞ্চিত হয়ে ফিরে না যান।

[2-10—2-20 p.m ]

## বাঁকুড়া জেলায় গভীর নলকূপ

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৭) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে কতগুলি গভীর নলকূপ আছে,

(খ) তাহার মধ্যে কতগুলি (১) চালু আছে এবং (২) অকেজো অবস্থায় আছে ;

(গ) গত এপ্রিল ও মে মাসে কতগুলি নূতন গভীর নলকূপ খনন আরম্ভ ও সম্পূর্ণ হইয়াছে ;

(ঘ) উক্ত জেলায় গভীর নলকূপ খননের জন্য কয়টি রিগ ও ড্রিলিং যন্ত্র গিয়াছে ; এবং

(ঙ) বর্তমান বৎসরে গভীর নলকূপ খননের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে ?

**Shri Abdus Sattar** :

(ক) ৫৯টি।

(খ) (১) চালু ৪৯টি।

(২) অকেজো ১০টি।

(গ) একটিও না।

(ঘ) একটিও না।

(ঙ) কোন বরাদ্দ হয় নাই।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** যে নলকূপগুলি অকেজো হয়ে পড়ে আছে সেগুলি সেপ্টেম্বর মাসের ভিতর সারানোর ব্যবস্থা করা হবে কিনা, সেটা বলতে পারবেন ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** নিশ্চয় হবে।

## বাঁকুড়া ও পুরুলিয়া জেলার পাথরকুচি

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৩) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সি এম ডি এ প্রকল্পের কাজের জন্য কোটি কোটি টাকার পাথরকুচি বিহার হইতে আমদানি করা হইতেছে ;

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) বাঁকুড়া ও পুরুলিয়া জেলার উৎকৃষ্ট পাথর ব্যবহার না করার কারণ কি ,

(গ) বাঁকুড়া ও পুরুলিয়া জেলার পাথর ব্যবহার করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা , এবং

(ঘ) উক্ত দুটি জেলাতে পাথরকুচি নির্মাণের শিল্প স্থাপনে সরকারী সহযোগিতা ও উৎসাহ দেওয়ার কোন পরিকল্পনা আছে কি ?

**Shri Subrata Mukhopadhyay** :

(ক) কয়েক কোটি নহে—কয়েক লক্ষ টাকার পাথরকুচি আমদানি করা হইয়াছে।

(খ) (১) পাকুড় ও তৎসন্নিহিত অঞ্চলেই 'আগ্নেয় শিলাবিশেষ' 'ট্রাপ' পাথরের সঞ্চয়ের পরিমাণ বেশী। তাছাড়া ঐ অঞ্চলে পাথর খনন ও ভাঙ্গাই-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রাদির ব্যবহারের এবং রেলপথে পাথরকুচি পরিবহণের যথেষ্ট সুযোগ সুবিধা আছে।

(২) পাকুড়ের পাথরকুচির তুলনায় গুণগত উৎকর্ষ ততটা সম্ভবতঃ না থাকিলেও গঠনমূলক কাজে ব্যবহার করা যায় এমন পাথরের স্তর বাঁকুড়ার মালিয়ারায় এবং পুরুলিয়ার ইন্দ্রবিল অঞ্চলে রহিয়াছে। কিন্তু বাঁকুড়া ও পুরুলিয়ার ঐ সব অঞ্চলে রেলওয়ে সাইডিং-এর সুবিধা এবং আধুনিক যন্ত্রপাতির সাহায্যে ভাঙ্গাইয়ের ব্যবস্থা না থাকায় সেখানকার মোট উৎপাদন সি. এম. ডি. এ. প্রকল্পভুক্ত সমস্ত কাজের চাহিদা পুরণ করিতে সক্ষম নহে।

(গ) হ্যাঁ। বর্ত্তমানে কেন্দ্রীয় সড়ক পরিবহণ কর্পোরেশনের সহায়তায় বাঁকুড়ার মালিয়ারা পাথর স্তর হইতে সড়ক পথে পাথরকুচি আনয়ন করিবার ব্যবস্থা করা হইয়াছে, যদিও এই ব্যবস্থায় প্রতি ১০০ ঘন ফুটে ৫০ টাকা করিয়া অতিরিক্ত খরচ লাগিবে।

(ঘ) হ্যাঁ। বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় অবস্থিত পাথরখনিগুলি হইতে নিষ্কাশিত পাথর যাহাতে পশ্চিমবঙ্গের উন্নয়নমূলক কাজে ব্যবহার করা যায় সেই উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থাদি করিবার জন্য উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ কর্তৃক একটি কমিটি গঠিত হইয়াছে। উক্ত কমিটি শী সরকারের নিকট রিপোর্ট পেশ করিবেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, কয়েক লক্ষ টা পাথর আমদানি করা হয়েছে। এই কয়েক লক্ষ টাকা বলতে কত টাকা বোঝাচ্ছে বলবেন কি?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** ৩৫ লক্ষ টাকা।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিহারের পাকুড় থেকে পাথর আমদানি করার পশ্চিমবঙ্গ সরকার সেখানে কয়েকটি পাথরখনি লিজ নিয়েছেন, এটা কি সত্য?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** না, এমন সংবাদ জানা নেই।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বাঁকুড়া এবং পুরুলিয়ার মালিয়ারা, শালতোড়া, ইন্দ্রি অঞ্চলে ডিজেল মেশিনের সাহায্যে পাথরকুচি ভেঙে সেই পাথরকুচিকে যাতে আনা যায় তার ডিজেল মেকানিজম চালু করতে পশ্চিমবঙ্গ সরকার কোন অনুমতি দেবেন কিনা—এটা মন্ত্রীমহা জানাবেন কি?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** একটি কমিটি হয়েছে এর জন্য এবং আমরা আশা করা আগষ্ট মাসের মধ্যেই সেই কমিটির রিপোর্ট এসে যাবে এবং তারই পরিপ্রেক্ষিতে পরবর্তী কার্যক্র আরম্ভ হবে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন পুরুলিয়া এ বাঁকুড়ার পাথরকুচি যদি ব্যবহার করা হয় তাহলে ঐ এলাকার বহু বেকারের সংস্থা হতে পারে?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** এই ডিটেলস জানবার জন্য এবং পরিকল্পনা গ্রহণ করবা জন্য, তাছাড়া অন্যান্য যেসমস্ত পসিবিলিটিজ আছে সেগুলি অনুসন্ধান করবার জন্য এই কমিটি এ্যাপয়ে করা হয়েছে এবং তার পূর্ণ রিপোর্ট যতদিন না আসছে ততদিন পর্যন্ত এই সমস্ত কিছু ক যাচ্ছে না।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্যঃ** বীরভূম জেলায় এত ভাল ব্ল্যাক ষ্টোন রিজার্ভ আছে যে সেখানে ১৪ হাজার শিক্ষিত বেকারের চাকুরী হতে পারে ৫০ বছর ধরে এবং সি, এম, ডি, এর এ সমস্ত পাথর বীরভূম জেলার রিজার্ভ ব্ল্যাক ষ্টোন থেকে আসতে পারে এটা কি মন্ত্রী মহাশ জানেন এবং বীরভূম জেলার ডি, এম, এই রকম একটা প্রোপোজাল পাঠিয়েছেন, সেট নিয়ে আপনার দপ্তরে কোন রকম আলোচনা হচ্ছে কিনা, মন্ত্রী মহাশয় কি এটা জানেন?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** বীরভূম সম্পর্কে এই রকম কোন তথ্য আমার জানা নেই।

**শ্রীসরোজ রায়ঃ** সি, এম, ডি, এ-র যারা ইঞ্জিনিয়ারস আছেন তাদের কাছে যখন পাথরের নমুনা আনা হয় তখন প্রধানতঃ কালো পাথরগুলিই তারা গ্রহণ করেন, অথচ সাদা পাথরে কাজ সবচেয়ে ভাল হয় এবং যেটা নাকি বাঁকুড়া জেলায় পাওয়া যায়, অথচ কলকাতার খুব কাছেই আছে—যেটাকে আনতে গেলে কোন ওয়াগনের প্রয়োজন নেই অন্য রাস্তায় আনা যেতে পারে সেগুলি কেন গ্রহণ করা হচ্ছে না এবং আর একটি কথা হচ্ছে এই সাদা পাথর দিয়েই কংসাবতী ড্যাম হয়েছিল এবং সেই কাজটি খুব সাকসেসফুল ভাবেই হয়েছিল, কিন্তু সি, এম, ডি, এ, তাদের কাজে সেই সাদা পাথরকে কেন গ্রহণ করছে না, এটা মন্ত্রী মহাশয় বলতে পারবেন কি ?

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** কেন করছেনা এটা জানা নেই। গুণগত পার্থক্য কথাটা আছে, সেটা আমরা জানি। তাছাড়া up to date machine ওখানে নেই। তাছাড়া আরো একটি কারণ আছে যা প্রয়োজন সেই প্রয়োজনের তুলনায় নেই। সেজন্য এখন গ্রহণ করা হয়নি। তবে সাদা পাথরের গুণগত পার্থক্য বিচার করে আমরা দেখবো।

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি বললেন যে বোধ হয় কোন গুণগত পার্থক্য আছে। আমরা ঐসব engineer এবং specialists-এর কাছে নিয়ে গিয়ে দেখেছি, ঐ C.M.D.A. এর যে কাজ হচ্ছে তাতে কালো পাথরকুচিতে যে কাজ হয় সাদা পাথরকুচিতে যদি সেই কাজ করা যায়—কারণ সাদা পাথরকুচির যে গুণগত পার্থক্য আছে তাতে খারাপ কাজ হবেনা। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য যে, তিনি কি এটা নেবেন, এই সাদা পাথরকুচি use করা যায় কিনা, specialists-দের কাছে পাঠিয়ে দেখুন যদি করা যায় তাহলে বাঁকুড়ায় বহু লোকের কাজ হতে পারে এবং এটা utilise হতে পারে।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ** পাঠিয়ে দেখবো।

## বসন্ত রোগ

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪১১) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত দুই বৎসরে কেন্দ্রীয় সরকার বসন্ত রোগ নির্মূলের জন্য ৩০ লক্ষ টাকা বরাদ্দ করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে, উক্ত টাকা সম্পূর্ণ খরচ হইয়াছে কিনা এবং না হইলে, কারণ কি ; এবং

(গ) সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Shri Gobinda Chandra Naskar** :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) জাতীয় বসন্ত রোগ নির্মূল প্রকল্পটি গত ১৫ই মার্চ ১৯৭২-এ অনুমোদিত হয়েছে এবং উহা এখন সম্পূর্ণরূপে চালু হওয়ার মুখে।

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, কিছুদিন অ পশ্চিমবাংলার একটা প্রধান সংবাদপত্র, আনন্দবাজার পত্রিকা, একটি গুরুতর অভিযোগ ব হয়েছিল যে বসন্ত রোগ নির্মূলের জন্য কেন্দ্রের অনুদান ৩৩ লক্ষ টাকার এক পয়সাও খরচ না হ ফেরত গেছে ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর :** এ অভিযোগ ভিত্তিহীন। তবে এটা বলা যেতে পারে ১৬/১০/ তারিখে Central Government, National Small Pox Eradication Programme, এর প্রকল্প করে পশ্চিমবঙ্গ সরকারের কাছে পাঠান। আমরা সেটা দেখি এবং সরকার সেই patte অনুযায়ী একটা প্রকল্প চালু করার সুপারিশ করেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের যে staff এ contingent ইত্যাদি বাবদ যে pattern দিয়েছিলেন আমরা এটাকে Health Department approval-এর জন্ম পাঠিয়েছিলাম তাতে দেখা যায় recurring এবং Non-recurring খর বাবদে ৪০ লক্ষ ৬৭ হাজার টাকা এই প্রকল্পের জন্ম চাওয়া হয়েছিল। ১৯৭০-৭১ সালে কেন্দ্রী সরকার আমাদের মাত্র ১৪ লক্ষ টাকা এই খাতে মঞ্জুর করেছিলেন। তখন স্বাস্থ্যদপ্তর কেন্দ্রী সরকারের কাছে অনুমতি চান যে এই প্রকল্প এখন মঞ্জুর করা হবে কিনা।

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, সরকার যাতে বিভিন্ন সংবাদপ অযথা গুরুতর অভিযোগ লাগালে এবং তাতে যাতে জনসাধারণের মনে বিরূপ প্রতিক্রিয়া না হয় সেজ প্রতিকারের ব্যবস্থা রাখবেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর :** এটা ১৯৭০-৭১ সালের ঘটনা। ১৯৭২-৭৩ সালে যেমন কি ঘটলে ব্যবস্থা নেওয়া হবে।

## পানীয় জলের টিউবওয়েল

*২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৭) **শ্রীআবদুল বারি বিশ্বাস :** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে ১৯৭২ সালের এপ্রিল হইতে ২৬এ জুন পর্যন্ত কোন্ জেলায় কয়টি টিউবওয়েল সিংকিং এবং কয়টীর রি-সিংকিং-এর কাজ হইয়াছে ,

(খ) এই সমস্ত টিউবওয়েল রি-সিংকিং ও সিংকিং-এর কাজের জন্য কোন্ কোন্ কোম্পানির নিকট কি কি মেটিরিয়ালস্ ক্রয় করা হইয়াছে ; এবং

(গ) ঐ পানীয় জলের নলকূপসমূহের মধ্যে সর্বনিম্ন কত ফুট ও সর্বোচ্চ কত ফুট বসানো হইয়াছে ?

**Shri Abdus Satter :**

(ক) ২৬শে জুন পর্য্যন্ত পৃথকভাবে কোন হিসাব নাই। ১১ই জুলাই পর্য্যন্ত মোট ৪৯৩৬টি নলকূপ খনন করা হয়েছে। এবং ৩৬৬৮টি নলকূপ পুনর্খনন করা হয়েছে। জিলাভিত্তিক হিসাব এতদ্সংলগ্ন বিবরণীতে দ্রষ্টব্য। এছাড়া আরও একটু বলছি ২২/৭/৭২ তারিখ পর্য্যন্ত আমার কাছে যে হিসাব আছে তাতে নলকূপ নতুন হয়েছে ৫ হাজার ৪৮১টি আর resink হয়েছে ৪ হাজার ১০১টি।

(খ) এ সম্বন্ধে একটি তালিকা টেবিলে উপস্থাপিত হল।

(গ) সবচেয়ে কম ৫০ ফুট এবং সবচেয়ে বেশী গভীর ১২০০ ফুট।

*২৩৯নং বিধান সভা প্রশ্নের
(ক) অংশের উত্তরে উল্লিখিত বিবরণী

| No. Sl. | | Tubewells newly sunk | Tubewells Re-sunk |
|---|---|---|---|
| 1. | Murshidabad | 46 | 1,121 |
| 2. | Nadia | 943 | 62 |
| 3. | Bankura | 50 | 59 |
| 4. | Purulia | 4 | ... |
| 5. | Burdwan | 491 | 487 |
| 6. | Cooch-Behar | 373 | ... |
| 7. | Malda | 362 | 78 |
| 8. | West Dinajpur | 1,022 | 127 |
| 9. | Birbhum | 263 | 370 |
| 10. | Jalpaiguri | 299 | ... |
| 11. | 24-Parganas | 520 | 266 |
| 12. | Hooghly | 132 | 620 |
| 13. | Howrah | 134 | 187 |
| 14. | Darjeeling | 27 | 2 |
| 15. | Midnapore | 270 | 289 |
| | Total | 4,936 | 3,668 |
| | Calcutta | 340 | |

*২৩৯নং বিধান সভা প্রশ্নের
(খ) অংশের উত্তরে উল্লিখিত বিবরণী

| No. (1) | Description of Materials. (2) | Name of Firm. (3) |
|---|---|---|
| 1. | 40 mm dia. G. I. Pipe. | (1) M/s. The Indian Tube Co. Ltd. |
| | | (2) ,, Jain Tube Co. Ltd. |
| | | (3) ,, Gujrat Steel Tubes Ltd. |
| | | (4) ,, Kalinga Tubes Ltd. |
| | | (5) ,, Eastern Tube Stores. |
| | | (6) ,, Indian Wire Netting Products. |
| | | (7) ,, Jain Brothers. |
| | | (8) ,, Shivmoni & Co. |
| | | (9) ,, Calcutta Import Agency. |
| 2. | 100 mm dia. G. I. Pipe. | (1) M/s. Kalinga Tubes Ltd. |
| | | (2) ,, Jain Tube Co. Ltd. |
| | | (3) ,, Gujrat Steel Tubes Ltd. |
| 3. | Hand Pump No. 6 | (1) M/s. B. C. Roy & Co. |
| | | (2) ,, Bharat Engineering Works. |
| | | (3) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |
| | | (4) ,, The B. E. Corporation. |
| | | (5) ,, General Trading Corporation. |
| | | (6) ,, Indian Wire Netting Products. |
| | | (7) ,, D. G. Traders. |

| No. (1) | Description of Matertals. (2) | Name of Firm. (3) |
|---|---|---|
| | | (8) M/s. Calcutta Import Agency. |
| | | (9) ,, Esses Engineers. |
| | | (10) ,, Corporate Engineers. |
| | | (11) ,, Eastern Trading Corporation. |
| | | (12) ,, Popular Tubewell Industries. |
| | | (13) ,, Blue Star Enterprises. |
| | | (14) ,, Jagadamba Iron Foundry Pvt. Ltd. |
| 4. | 1½" dia. Strainer | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, B. C. Roy & Co. |
| | | (3) ,, Bharat Engineering Works. |
| | | (4) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |
| | | (5) ,, The B. E. Corporation. |
| | | (6) ,, General Trading Corporation. |
| | | (7) ,, Indian Wire Netting Products. |
| | | (8) ,, New Engineers Synidicate. |
| | | (9) ,, Sree Gopal Mechanical Works. |
| | | (10) ,, Paul Tubewell Works. |
| | | (11) ,, Jai Bharat Commercial Corpn. |
| | | (12) ,, D. G. Traders. |
| | | (13) ,, Calcutta Import Agency. |
| | | (14) ,, Popular Tubewell Industries. |
| | | (15) ,, Eastern Trading Corporation. |

| No. (1) | Description of Materials. (2) | Name of Firm. (3) |
|---|---|---|
| | | (16) M/s. Blue Star Enterprises. |
| | | (17) ,, Chatterjee Filters Industries. |
| | | (18) ,, Plastrain. |
| 5. | G. I. Socket (1½″ dia.) | (1) M/s. Bharat Engineering Works. |
| | | (2) ,, The B. E. Corporation. |
| | | (3) ,, Corporate Engineers. |
| | | (4) ,, General Trading Corporation. |
| 6. | Head No. 6 | (1) M/s. Bharat Engineering Works. |
| | | (2) ,, The B. E. Corporation. |
| | | (3) ,, Jai Bharat Commercial Corporation. |
| | | (4) ,, Allied Casting Corporation. |
| 7. | Handle No. 6 | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, B. C. Roy & Co. |
| | | (3) ,, Bharat Engineering Works. |
| | | (4) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd, |
| | | (5) ,, The B. E. Corporation. |
| | | (6) ,, General Trading Corporation. |
| | | (7) ,, Calcutta Import Agency. |
| | | (8) ,, Allied Casting Corporation. |
| | | (9) ,, Esses Engineers. |

| No. (1) | Description of Materials. (2) | Name of Firm. (3) |
|---|---|---|
| 8. | Head Stock | (1) M/s. The B. E. Corporation. |
| | | (2) „ Joy Bharat Commercial Corporation. |
| | | (3) „ Allied Casting Corporation. |
| | | (4) „ General Trading Corporation. |
| 9. | Head for Head Stock | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) „ Bharat Engineering Works. |
| | | (3) „ The Indian Wire Netting Products. |
| | | (4) „ D. G. Traders. |
| 10. | Barrel No 6 | (1) M/s. Bharat Engineering Works. |
| | | (2) „ Indian Wire Netting Product. |
| | | (3) „ D. G. Traders. |
| | | (4) „ Calcutta Import Agency. |
| | | (5) „ Allied Casting Corporation. |
| | | (6) „ The B. E. Corporation. |
| 11. | G. M. Bush | (1) M/s. Bharat Engineering Works. |
| | | (2) „ The B. E. Corporation. |
| | | (3) „ D. G. Traders. |
| 12. | $3\frac{1}{2}''$ dia. Leather Bucket No. 6 | (1) M/s. Chatterjee & Sons. |
| | | (2) „ S. P. Mullick & Co. |

| No. (1) | Description of Materials. (2) | Name of Firm. (3) |
|---|---|---|
| | | (3) M/s. B. C Roy & Co. |
| | | (4) ,, Bharat Engineering Works. |
| | | (5) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |
| | | (6) ,, The B. E. Corporation. |
| | | (7) ,, General Trading Corporation. |
| | | (8) ,, The Indian Wire Netting Products. |
| | | (9) ,, Esses Engineers. |
| 13. | 2½″ dia. Leather Bucket | (1) M/s. Chatterjee & Sons. |
| | | (2) ,, S. P. Mullick & Co. |
| | | (3) ,, B. C. Roy & Co. |
| | | (4) ,, Bharat Engineering Works. |
| 14. | Piston Rod No. 6 | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, B. C. Roy & Co. |
| | | (3) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |
| | | (4) ,, The B. E. Corporation. |
| | | (5) ,, General Trading Corporation. |
| | | (6) ,, Indian Wire Netting Product. |
| | | (7) ,, D. G. Traders. |
| | | (8) ,, Allied Casting Corporation. |
| | | (9) ,, Esses Engineers. |
| | | (10) ,, Bharat Engineering Works. |

| No. | Description of Materials. | Name of Firm. |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 15. | ½" dia. Jum Nut. | (1) M/s. Bharat Engineering Works. |
| | | (2) ,, The B. E. Corporation. |
| | | (3) ,, Joy Bharat Commercial Corporation. |
| | | (4) ,, Calcutta Import Agency. |
| 16. | Leather Seat Valve No. 6 | (1) M/s. Chatterjee & Sons. |
| | | (2) ,, S. P. Mullick & Co. |
| | | (3) ,, B. C. Roy & Co. |
| | | (4) ,, Bharat Engineering Works. |
| | | (5) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |
| | | (6) ,, The B. E. Corporation. |
| | | (7) ,, General Trading Corporation. |
| | | (8) ,, The Indian Wire Netting Products. |
| | | (9) ,, Joy Bharat Commercial Corporation. |
| | | (10) ,, D. G. Traders. |
| | | (11) ,, Esses Engineers. |
| 17. | Plunger No. 6. | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, B. C. Roy & Co. |
| | | (3) ,, Bharat Engineering Works. |
| | | (4) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |

| No. (1) | Description of Materials. (2) | Name of Firm. (3) |
|---|---|---|
| | | (5) M/s The B. E. Corporation. |
| | | (6) ,, General Trading Corporation. |
| | | (7) ,, The Indian Wire Netting Products. |
| | | (8) ,, New Engineers Syndicate. |
| | | (9) ,, D. G. Traders. |
| | | (10) ,, Esses Engineers. |
| 18. | 1½" dia. C. I. Cutter with Steel Pluge. | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, B. C. Roy & Co. |
| | | (3) ,, Bharat Engineering Works. |
| | | (4) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |
| | | (5) ,, The B. E. Corporation. |
| | | (6) ,, General Trading Corporation. |
| | | (7) ,, The Indian Wire Nettings Products |
| | | (8) ,, New Engineers Syndicates. |
| | | (9) ,, Joy Bharat Commercial Corporation. |
| | | (10) ,, D. G. Traders. |
| | | (11) ,, Calcutta Import Agency. |
| | | (12) ,, Allied Casting Corporation. |
| 19. | 1½" Dia. Steel Cutter | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, B. C. Roy & Co. |
| | | (3) ,, Bharat Engineering Works. |
| | | (4) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |

| No. (1) | Description of Materials. (2) | Name of Firm. (3) |
|---|---|---|
| | | (5) M/s The B. E. Corporation. |
| | | (6) ,, General Trading Corporation. |
| | | (7) ,, Indian Wire Netting Products. |
| | | (8) ,, D. G. Traders. |
| | | (9) ,, Esses Engineers. |
| 20. | ½″ x 10′ long connecting Rod with Socket. | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, B. C. Roy & Co. |
| | | (3) ,, Bharat Engineering Works. |
| | | (4) ,, Progressive Pumps & Filters Pvt. Ltd. |
| | | (5) ,, The B. E. Corporation. |
| | | (6) ,, General Trading Corporation. |
| | | (7) ,, The Indian Wire Netting Products. |
| | | (8) ,, New Engineers Syndicate. |
| | | (9) ,, Paul Tubewell Works. |
| | | (10) ,, Joy Bharat Commercial Corporation. |
| | | (11) ,, Calcutta Import Agency. |
| | | (12) ,, Eastern Trading Corporation. |
| | | (13) ,, Allied Casting Corporation. |
| | | (14) ,, Esses Engineers. |
| 21. | 2½″ dia. All Brass Cylinder. | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, B. C. Roy & Co. |
| | | (3) ,, Bharat Engineering Works. |

| No. (1) | Deseription of Materials. (2) | Name of Firm. (3) |
|---|---|---|
| | | (4) M/s Progressive Pumps & Filters Pvt. Ltd. |
| | | (5) ,, B. E. Corporation. |
| | | (6) ,, Indian Wire Netting Products. |
| | | (7) ,, Joy Bharat Commercial Corporation. |
| | | (8) ,, D. G. Traders. |
| | | (9) ,, Calcutta Import Agency. |
| | | (10) ,, Allied Casting Corporation. |
| 22. | ½" dia. Rod Socket | (1) M/s. S. P. Mullick & Co. |
| | | (2) ,, Bharat Engineering Works. |
| | | (3) ,, The B. E. Corporation. |
| | | (4) ,, General Trading Corporation. |
| | | (5) ,, New Engineers Syndicate. |
| 23. | Valve Weight with Screw. | (1) M/s. The B. E. Corporation. |
| | | (2) ,, New Engineers Syndicate. |
| | | (3) ,, Joy Bharat Commercial Corporation. |
| 24. | G. I. Screw with square Nut. | (1) M/s. Joy Bharat Commercial Corporation. |

N. B. :— Item 3 to 24—Total value of tubewells parts orders on emergency basis for sinking and resinking of tubewells (beyond that ordered against competition tenders) is approx. 20% of the orders placed.

[2-20—2-30 p.m ]

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** 'খ' প্রশ্নের উত্তরে মন্ত্রীমহাশয় বললেন এই বিষয়ে একটা তথ্য table-এ রাখা রয়েছে। আমরা সেটা পড়ে নেবো। আমার জিজ্ঞাস্য হচ্ছে Kalinga Tube Co.-র কাছ থেকে কোন tubewell এর pipe কেনার ব্যবস্থা করা হয়েছিল কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** Table যা রেখেছি তাতে দেখতে পাবেন—এক নং-এ দেখতে পাবেন নয়টি, তাতে Kalinga Tube Co. Ltd. নেই সেখানে G. I. pipe. তার নিচে দুনম্বরে আছে Kalinga, সেখানে তিনটি কোম্পানী আছে বাকী নয়টি কোম্পানীর মধ্যে Kalinga আছে একটিতে। এটা মোটামুটি table এ দেখতে পাবেন। এই report সেখানে আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি এই Kalinga Co.-র যে pipe কেনা হয়েছিল সেই সমস্ত pipe পানীয় জলের tubewell বসানোর ব্যাপারে একেবারে অযোগ্য বলে স্থানীয় B.D.O. এবং জেলা কর্তৃপক্ষ ফেরৎ পাঠিয়ে দিয়েছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এই রকম কোন Report নেই, যদি মাননীয় সদস্য এই রকম report দেন তাহলে খোঁজ নিয়ে ব্যবস্থা করা হবে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মন্ত্রীমহাশয় ঘোষণা করেছিলেন এই পানীয় জলের নলকূপগুলো re-sinking এর ব্যবস্থা করা হবে, এখন গ্রাম বাংলার সমস্ত অকেজো নলকূপগুলির re-sinking-এর ব্যবস্থা হয়েছে কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এই বছর মোটামুটি যে ব্যবস্থা নিয়েছি, আমি আগে বলেছি প্রত্যেকটি ব্লকে ৩৫টি করে tubewell কিংবা wells sinking, re-sinking হবে, সেই জন্য গোটা পশ্চিমবাংলায় ১১ হাজার ৪৪৫টি tubewell কিংবা wells হবার কথা। তারমধ্যে আমি বলেছি এই পর্যন্ত tubewell যেটা নূতন হয়েছে সেটা হচ্ছে ৫ হাজার ৪৮১টি আর যেটা re-sinking হচ্ছে সেটা ৪ হাজার ১০১টি। Tubewell sinking in progress ৩৭৯টি, এবং re-sinking in progress ৯৪৫টি, আর tubewell এর petty repair ১৬ হাজার ৭০টি। এছাড়া masonry wells constructed যেটা নিয়মিতভাবে হয়েছে সেটা হচ্ছে ৮৯৫টি, আর masonry wells in progress সেটা হচ্ছে ১ হাজার ৯৫৩টি, আর যেটা wells repaired মাঠকুয়া, ৬ হাজার ৪৯০টি। Wells repair in progress ৩১৯টি আর Shallow wells constructed ৬৩৫টি, Shallow wells sinking in progress ৩৫টি। কিন্তু দেখা গেছে within financial limit আমরা double করেছি, কোন জায়গায় তিন গুনও হয়েছে, সেই হিসাবে বেশী হয়েছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যে সমস্ত জেলায় খরার সময় tubewell বসানোর কাজ বিলম্ব ঘটেছে, সেই সমস্ত hard soil-এ tubewell বসাবার জন্য—আমার যা information আছে—যে রিগ মেসিনের দরকার হয়, সরকারের বর্ত্তমানে রিগ মেসিনের সংখ্যা কত ? এই রিগ মেসিন সময়মত বাড়ানো যায় না বলে এই রকম হয়েছে, কাজেই রিগ মেসিন আরও বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আ[illegible] কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় সদস্য যে কথা বললেন সেটা ব্যবস্থা করা দরকার আমি মনে করছি।

## আয়কর বাবত কেন্দ্রীয় সরকারের আয় ও ব্যয়

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৫) **শ্রীনরেশচন্দ্র চাকী ঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলা হইতে কোন্ কোন্ থাতে কত টাকা আয় করেন ; এবং

(খ) কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলার জন্য কোন্ কোন্ থাতে কত টাকা ব্যয় করিয়াছেন ?

**Shri Sankar Ghosh** :

(ক) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে বিভিন্ন খাতে কি কি পরিমাণ কর, শুল্ক ইত্যাদি আদায় করে থাকেন তার সঠিক হিসাব কেন্দ্রীয় সরকারই দিতে পারেন। ১৯৭১-৭২ সালে কেন্দ্রীয় সরকার এই সমস্ত খাতে কত টাকা আদায় করেছেন তার হিসাব আমাদের নাই তবে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই সমস্ত কর শুল্ক ইত্যাদি বাবদ ১৯৭১-৭২ সালে কত টাকা পাই তার হিসাব আমাদের আছে। এই হিসাব নিম্নে দেওয়া হচ্ছে।

| | কোটী টাকার হিসাব |
|---|---|
| আয়কর | ৪৩·৫৩ |
| ইউনিয়ন এক্সাইজ ডিউটিজ | ৩৪·০৫ |
| এষ্টেট ডিউটি | ০·৫০ |
| রেলওয়ে প্যাসেঞ্জার ফেয়ারের পরিবর্ত্ত অনুদান | ০·৯০ |
| সংবিধানের ২৭৫ ধারা অনুযায়ী গ্রান্টস-ইন-এড | ১৪·৫২ |
| | ৯৩·৫০ |

(খ) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য কোন্ কোন্ খাতে কত ব্যয় করেন তারও সঠিক ও সম্পূর্ণ হিসাব এক কেন্দ্রীয় সরকারই দিতে পারেন। তবে, রাজ্য সরকারের হাতে যে তথ্যাদি রয়েছে

তার ভিত্তিতে ১৯৭১-৭২ সালে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার জন্য বিভিন্ন খাতে কত খরচ করেছেন তার একটা হিসাব দেয়া হল।

| | কোটী টাকার হিসাব |
|---|---|
| কেন্দ্রীয় করের অংশ বাবদ অনুদান | ৯৩·৫০ |
| রাজ্য পরিকল্পনা বাবদ অনুদান | ১৩·২৬ |
| ঋণ | ৩০·৯৪ |
| কেন্দ্রীয় সাহায্য পুষ্ট | |
| প্রকল্প বাবদ অনুদান | ৬·৫৪ |
| ঋণ | ২·৩৪ |
| অন্যান্য প্রকল্প বাবদ অনুদান | ২৩·৩০ |
| ঋণ | ৮৯·৯৩ |
| মোট | ২৫৯·৮১ |
| অনুদান | ১৩৬·৬০ |
| ঋণ | ১২৩·০১ |

ইহা ছাড়াও কেন্দ্রীয় সরকারের থেকে ১৯৭১-৭২ সালে বাংলাদেশ শরনার্থী ত্রাণ বাবদ ব্যয়ের জন্য অনুদান বাবদ বরাদ্দ ছিল ১২২·৭৮ লক্ষ টাকা তবে কেন্দ্রীয় সরকার থেকে যে ঋণ পাওয়া যায় তা সুদ সমেত সর্ত অনুযায়ী বিভিন্ন মেয়াদে শোধ দিতে হয়। ১৯৭১-৭২ সালে এজন্য পশ্চিমবঙ্গ সরকারের কেন্দ্রীয় সরকারকে দেয় ছিল—

| | কোটি টাকা |
|---|---|
| ঋণ শোধ বাবদ | ৫৭·১৩ |
| সুদ বাবদ | ৩৪·৮৬ |
| | ৯১·৯৯ |

কিন্তু ঐ বৎসরের মধ্যে প্রায় ৮·৭১ কোটি টাকা দিতে পারা যায়নি। ঐ বকেয়া টাকার মধ্যে ৫·৪২ কোটি টাকা এ বৎসর ইতিমধ্যেই শোধ হয়ে গিয়েছে।

এ ছাড়া পশ্চিমবঙ্গে অবস্থিত কতকগুলি সংস্থা ও প্রকল্পের সম্পূর্ণ ব্যয় কেন্দ্রীয় সরকার সরাসরি নির্বাহ করেন, এগুলির মধ্যে উল্লেখযোগ্য হ'ল হলদিয়া তৈল শোধনাগার, হলদিয়া সার প্রকল্প, হলদিয়া ডক, ফারাক্কা প্রকল্প, দুর্গাপুর ষ্টিল প্ল্যান্ট, দুর্গাপুর এলয় প্ল্যান্ট, ন্যাশানাল ইন্‌ষ্ট্রুমেন্টস প্রজেক্ট-এর অধীনে অপথ্যালমিক গ্লাস প্রজেক্ট, দুর্গাপুর, হিন্দুস্থান কেবলস্‌, এম, এ, এম, সি, দুর্গাপুর সার প্রকল্প ইত্যাদি। কিন্তু ঐগুলির কোন নির্ভরযোগ্য হিসাব রাজ্য সরকারের হাতে নাই, সেজন্য এ সম্পর্কে কোন বিবরণ দেওয়া গেল না।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, জানাবেন কি, এই যে টাকাটা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা পেয়ে থাকি সেটার আনুমানিক ভাবে পশ্চিমবঙ্গ থেকে যেটা পাওয়া যায় তার কত অংশ আমরা পেয়ে থাকি?

**শ্রীশঙ্কর ঘোষঃ** সেটা আমি আগেই বলেছি, কেন্দ্রীয় সরকারের যে টাকা আদায় হয় সেটার হিসাব আমাদের নেই, পুরানো হিসাব পাওয়া যেতে পারে, ১৯৭১-৭২ সালের হিসাব পাওয়া যায়নি।

**শ্রীপুরঞ্জয় প্রামানিকঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলা থেকে কোন কোন্‌ খাতে কত টাকা সংগ্রহ করেন তার তথ্য সংগ্রহ করবেন কি?

**শ্রীশঙ্কর ঘোষঃ** আমি আগেই বলেছি যে পুরানো হিসাব আছে, ১৯৭২ সালের বা তার আগের বছরের হিসাব কম্পাইল করা নাই, তার আগের হিসাব আছে।

**শ্রীঅশ্বিনী রায়:** গত বছর ১৯৭২ সালে যে টাকা ১২২ কোটি টাকা বাংলাদেশের জন্যে যেটা ব্যয় করা হয়েছে সেটা পশ্চিমবাংলার নয় সারা ভারতের জাতীয় দায়িত্ব, কিন্তু পশ্চিমবাংলা খরচ করেছে এইটা কি হবে?

**শ্রীশঙ্কর ঘোষঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, এবং সেই জন্য আমি আলাদা করে দেখিয়েছি। আমরা কেন্দ্রীয় সরকার থেকে যে টাকা পেয়েছি সেটাও আমরা আলাদা করে দেখিয়েছি।

[2-30—2-40 p.m.]

## কমলপুর ও আমড়দহ স্বাস্থ্যকেন্দ্র

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৫) **শ্রীশিশিরকুমার সেনঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলায় শ্যামপুর থানার 'কমলপুর' ও 'আমড়দহ' স্বাস্থ্যকেন্দ্র দুইটিতে ঘরের মধ্যে বৃষ্টির জল পড়ার ফলে রোগীদের বিশেষ অসুবিধা হয় এবং

(খ) অবগত থাকিলে, গৃহগুলি মেরামতের জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি ?

**Shri Gobinda Chandra Naskar :**

(ক) হঁ্যা।

(খ) হঁ্যা।

## Agriculture Extension Officer

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭২) শ্রীপ্রদ্যোৎকুমার মোহান্তি ঃ কৃষিবিভাগের মন্ত্রি-হাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবাংলা সরকারের অধীনে এগ্রিকালচার এক্সটেনসন অফিসার ার কয়টি পদ বর্তমানে শূন্য আছে ?

**Shri Abdus Sattar :** বিরানব্বইটি (৯২)।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মন্ত্রীমহাশয় দয়া করে বলবেন কি যে এই ৯২টী পদ কতদিন ার খালি আছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনাকে একজ্যাক্ট ডেট বলতে পারবো না। তবে অনেক দিন রই আছে।

**শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মন্ত্রীমহাশয় বলবেন কি এই পদগুলো দীর্ঘদিন ধরে খালি ড়ে থাকার কারণ কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমরা এই ব্যাপারে পাবলিক সারভিস কমিশনকে জানিয়েছি। হাইকোর্টে একটা কেস হচ্ছিল। এস, এ, এস, ওয়ান এবং এস. এ, এস. টু-দের নিয়ে। ফলে রা একটা রুল পেয়েছিল। সেটা সম্প্রতি ডিসপোজ হয়েছে এবং আমরা পি, এস, সি-কে জানিয়েছি।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** কতদিনে এটা হবে বলতে পারেন ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** মোটামুটি এটা পি, এস, সি-র ব্যাপার। তারা যখন দেবেন তখন হবে।

## প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৭) ডাঃ মহঃ এক্রামুল হক বিশ্বাস ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৩ সালে প্রাথমিক বা সহায়ক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কোন্ জেলায় কয়টি করিয়া স্থাপন করা হইবে ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** (ক) আছে।

(খ) জেলাগুলিতে নতুন ৩৫টি প্রাথমিক এবং ৭৩টি উপস্বাস্থ্য কেন্দ্রের নির্মাণ কার্যে অনুমোদন দেওয়া হয়েছে। এগুলির জেলাভিত্তিক সংখ্যা নিম্নে দেওয়া হল। যে কটির নির্মাণকা এ বছর সম্পন্ন হবে সেগুলি এবছরই চালু করা হবে।

স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা

| জেলা | প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | উপস্বাস্থ্যকেন্দ্র |
|---|---|---|
| বাঁকুড়া | ২ | ৭ |
| বীরভূম | ১ | ৩ |
| বর্ধমান | ১ | ৬ |
| কুচবিহার | — | ২ |
| হুগলী | — | ৩ |
| হাওড়া | ২ | ৩ |
| জলপাইগুড়ি | ৩ | — |
| মালদহ | ৩ | ৪ |
| মেদিনীপুর | ১০ | ১৬ |
| মুর্শিদাবাদ | ৩ | ৩ |
| নদীয়া | — | ২ |
| পুরুলিয়া | ২ | ৮ |
| ২৪-পরগণা | ৬ | ১১ |
| পশ্চিম দিনাজপুর | ২ | ৫ |
| | ৩৫ | ৭৩ |

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রীমহাশয় বললেন যে বর্ধমান জেলায় একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ৬টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রগুলি বর্ধমান জেলার কোন্ কোন্ জায়গায় হবে জানাবেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** বর্ধমান জেলার একটি প্রাইমারী হেলথ সেন্টার এবং ৬টি সাবসিডিয়ারী হেলথ সেন্টার নির্মাণ কার্যের জন্য আমরা স্যাংসন দিয়েছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মুর্শিদাবাদ জেলায় যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং সাবসিডিয়ারী হেলথ সেন্টার হবে সেগুলো কোন্ কোন্ ব্লকে এবং কোন্ কোন্ জায়গায় হবে জানাবেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** মুর্শিদাবাদের তিনটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নাম হল অনুপনগর সামসেরগঞ্জ ব্লকে, মহাশৈল স্মৃতি দু নম্বর ব্লকে, গোধনপাড়া রানীনগর দু নম্বর ব্লকে। আর উপস্বাস্থ্যকেন্দ্রগুলির জায়গা হচ্ছে কেন্দুয়া ফরাক্কা ব্লকে, ওপাড়-ওড়াহর (সুন্দরপুর) ভগবানগোলা এক নম্বর ব্লকে, ফুলপুর ভগবানগোলা দু নম্বর ব্লকে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** আমি যে প্রশ্ন করেছিলাম তার জবাবে মন্ত্রীমহাশয় বললেন যে বর্ধমানে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ৬টি উপস্বাস্থ্যকেন্দ্র তৈরী হবে। কিন্তু সেগুলো কোন্ কোন্ জায়গায় হবে দয়া করে জানাবেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** নোটিশ দিলে জানিয়ে দেবো।

**শ্রীসরোজ রায়ঃ** এতদিন পর্যন্ত আমাদের এই পশ্চিমবাংলায় কোন কোন ব্লকে ৬টি হাসপাতাল আছে এবং কোন কোন ব্লকে একটাও হয়নি অর্থাৎ কোন নীতি ছিল না। কিভাবে হবে কোথায় হবে। যেখানে প্রেসার এসেছে, তদ্বির হয়েছে, সেই রকম জায়গায় ব্যবস্থা হয়েছে। মন্ত্রী মহাশয় তো অনেক সংখ্যা দিলেন। বহু ব্যাক ওয়ার্ড জায়গা রয়েছে। কিছু ক্রাইটেরিয়া করেছেন না কি কোটা করেছেন না কোন প্রিন্সিপিল করেছেন ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** ১৯৭০-৭১ সালের আগে যখন coalition ministry হয়েছিল তখন দেখলাম যে এই রকম ভাবে হাসপাতাল হয়েছিল কোন block-এ ৪।৫টা subsidiary বা ২টা করে primary হয়ে গেছে। ১৯৭০-৭১ সালে নূতন আইন তৈরী করে ঠিক করলাম যে এবার থেকে প্রত্যেকটা block-এ একটা করে primary এবং ২টা করে subsidiary হবে। সেই অনুপাতে কাজ আরম্ভ হয়েছে এবং যাঁরা scheme proposal নিয়ে আসছেন তাঁদের সেইভাবে sanction দেওয়া হচ্ছে। আমি জেলাগুলোর যে তথ্য দিলাম তাতে ১৯৭২-৭৩ সালে যে যে জায়গার buildings এর কাজ হয়ে আছে সেইভাবে বললাম।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** স্বাস্থ্যকেন্দ্র বলতে আপনি কি বোঝেন ? যেমন আমার ওখানে block-এ একটিমাত্র আছে। সেখানে ৩,৪ বছর ধরে দেখছি বাড়ীঘর আছে, কিন্তু তাতে ডাক্তার নেই, ওষুধপত্র নেই। ৩ বছর ধরে কিছুই হয়নি। স্বাস্থ্যকেন্দ্র মানে শুধু বাড়ী হওয়া নয়, দারোয়ান নয়, সেখানে ডাক্তার চাই, nurse চাই, ওষুধপত্র চাই।

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** স্বাস্থ্যকেন্দ্র বলতে চিকিৎসা ব্যবস্থা বোঝায়—indoor ও outdoor, স্বাস্থ্যকেন্দ্রে শুধু outdoor-এ চিকিৎসা ব্যবস্থা করা হয়। indoor-এর ব্যবস্থা থাকে ; তিনি যে অভিযোগ করলেন তাতে তিনি যদি এই রকম কোন block-এর নাম দেন যে সেখানে health centre-এর এই রকম অবস্থা তাহলে আমি সঙ্গে সঙ্গে action নিয়ে সেখানে staff পাঠি কাজের ব্যবস্থা করব।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** আপনার যিনি স্বাস্থ্যমন্ত্রী তাঁকে ৩ মাস ধরে বলছি। তিনি আম সামনে director, secretary সকলকে বলেছে। কিন্তু আমার প্রশ্ন হল আপনারা যে figure শু দেন এতগুলি health centre-এর যেন দয়া করে check.up করবেন কোনটা কোন স্তরে আছে কারণ otherwise it is misleading যে কোনটায় বাড়ী উঠেছে, কোনটাতে শুধু হয়ত দারোয়া বসে আছেন সুতরাং একটা check-up-এর ব্যবস্থা করবেন।

( উত্তর নাই )

**শ্রীকানাই ভৌমিক ঃ** কোন্ department-কে দিয়ে তৈরী করবার ব্যবস্থা করবেন কারণ P.W.D. কে তৈরীর ভার দিলে ১/১½ বছর তারা কিছুই করে না।

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** যে proposal-টা আছে তার আমরা administrative approval দিয়ে scheme sanction করে দিই। তারপর P.W.D. buildings construction এর কাজ করে এবং কিছু কিছু ক্ষেত্রে contractor-এর কাজের গাফিলতির জন্য এবং tender cal ঠিক সময় না হওয়ায় কিছু কিছু ক্ষেত্রে গাফিলতি হচ্ছে।

## রাসায়নিক সার বিতরণ-পদ্ধতি

*২৪৪। ( অনুমোদিত প্রশ্ন নং *৬১৫ ) **শ্রীঅশ্বিনী রায় ঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপুর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ ও ব্লক স্তরে রাসায়নিক সার বিতরণ-পদ্ধতি পরিবর্তনের কোনও সরকারী প্রকল্প আছে কিনা, এবং

(খ) থাকিলে, প্রকল্পের বিবরণ ও কার্যকরী করার সম্ভাব্য সময় ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** (ক) বর্তমানে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রীঅশ্বিনী রায় :** এবছর রবি মরশুমে সারের ব্যাপার নিয়ে বহু আলোচনা হয়েছিল এবং তখন আপনি ঘোষণা করেছিলেন যে এর বিতরণ পদ্ধতিটা পাল্টান হবে। কিছুদিন আগে যে ঘটনা হয়ে গেল তাতে চোরাকারবারী চলল। কিন্তু এরকম কি চলবে ?

[2-40—2-50 p.m.]

**শ্রীআবদুস সাত্তার ঃ** আপনি যেটা বলছেন সে সম্বন্ধে আমি চিন্তা করছি, এখনও নেওয়া হয়নি বলে আপনাদের সাজেসান নেওয়া হয়নি। বর্তমানে যে সিসটেম চালু আছে তাতে কৃষ

ফার্টিলাইজার যেটা সেটার একটা এ্যালটমেণ্ট আমাদের কাছে আসে, সেটা আমরা আমাদের কতকগুলি ডিলারের মাধ্যমে এবং এ্যাগ্রো ইণ্ডাষ্ট্রীজ কর্পোরেশন, এ্যাপেক্সের মাধ্যমে বিলি করি। তাছাড়া ইণ্ডিজেনাস যেটা সেটা কোম্পানি ম্যানুফ্যাকচার করে, তারা তাদের নিজেদের ডিলারের মাধ্যমে ডিষ্ট্রিবিউট করে। তাহলে ওভার অল এটার কিছু করা দরকার। সেটা এখনও আমরা টেক-আপ করিনি সেজন্য আপনাদের সাজেশান নেওয়া হয়নি, টেক-আপ করলে আপনাদের সাজেশান নেওয়া হবে।

### "Sal" seeds as food

***245.** (Admitted question No. *277.) **Shri Birendra Bijoy Malladeb** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that a large number of people of Jhargram subdivision live on the seeds of "Sal" trees of the forest, and

(b) if the reply to (a) be in the affirmative, what steps have been taken by the Government of West Bengal for departmental research and investigations over the nutritive value of the same and the result thereof ?

**Shri Gobinda Chandra Naskar** . (a) Yes, not by a large number of people but by some poor people belonging to Scheduled Tribes during scarcity period.

(b) No research or investigation has been made by the State Government. Analysis of seeds of 'Sal' tree was done in the Research Institute, Bangalore. The result of this research shows that it contains protein and is not easily digestible.

**শ্রীবীরেন্দ্র বিজয় মল্লদেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আমাদের পশ্চিমবঙ্গের যে সাল সিড সেটা বাইরে চলে যাচ্ছে, তারজন্য তেলের কল তৈরি করার কোন পরিকল্পনা আছে কিনা ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** সে রকম কোন রিপোর্ট আমার কাছে নেই, এটা আমার বিভাগ সম্পর্কিত বিষয় নয়।

### Cost of sinking and resinking of tubewells

***246.** (Admitted question No. *635.) **Shri Kumar Dipti Sen Gupta** : Will the Minister-in-charge of the Health (Rural Water Supply Department) be pleased to state—

(a) the minimum cost for sinking of tubewells in the districts of Murshidabad and Nadia as per the new scheme as recently introduced by the Government ;

(b) the minimum costs for resinking of tubewells in the districts as undertaken by the Rural Water Supply Department through their departmental machinery or contractors appointed by them ; and

(c) the number of derelict tubewells in West Bengal as on 30th April 1972 ?

**Shri Abdus Sattar** : (a) Iuformation is being awaited.

(b) Rs. 1,045 per tubewell for Murshidabad and Rs. 880 per tubewell for Nadia when sunk through Departmental machinery and Rs. 1,275/- and Rs. 1,035/- respectively for Murshidabad and Nadia when sunk through contractors.

(c) 17, 655 on the 30th April, 1972.

### Commission for Medical College

***247.** (Admitted question No. *627.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is considering any proposal to appoint any commission to enquire into the workings of the Medical College in this State ; and

(b) if so, when the commission is likely to be appointed ?

**Shri Gobinda Chandra Naskar** : (a) No.

(b) Does not arise.

**শ্রীরজনীকান্ত দোলুই** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যেসমস্ত মেডিকেল কলেজ এনকোয়ারী কমিশান করা হয়েছিল তার রিপোর্টগুলি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য কোন কমিটির কথা চিন্তা করেছেন কিনা যে কমিটি কয়েকজন এম. এল. এ. নিয়ে গঠিত হবে এবং যার চেয়ারম্যান থাকবেন মন্ত্রী মহাশয় ?

**শ্রীগোবিন্দ চন্দ্র নস্কর** ঃ গত কোয়ালিশান মন্ত্রী সভার এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ জয়নাল আবেদীন সাহেব এনকোয়ারী কমিটি, কমিশান গঠনের কথা বলেছিলেন, সেই অনুযায়ী In Government Order No. HD-2887/36/71 dated the 14th December, 1971, a Committee consisting of the following personnel was appointed by the

Department to go into the existing level of medical education and services in the State and to suggest improvement thereof :

Dr. A. K. Basu, Emeritus Professor of Surgery, Institute of Post-Graduate Medical Education and Research Training in Calcutta.

Dr. R. N. Chatterjee, Member.

Dr. K. K. Ghosh, Secretary.

এই কমিটিকে তদন্ত করে রিপোর্ট দাখিল করতে বলা হয়েছিল। কমিটি আমাদের কাছে রিপোর্ট দাখিল করেছেন এবং আপাততঃ সেই রিপোর্ট দেখে তার ভিত্তিতে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** কয়েকদিন আগে মন্ত্রী মহাশয় এখানে বলেছিলেন যে ন্যাশনাল মেডিকেল কলেজের এনকোয়ারী রিপোর্ট এসেছে কিন্তু সেটা এত ভল্যুমিনাস রিপোর্ট যে সেটা এখানে পেশ করা সম্ভব নয়। আমার প্রশ্ন হচ্ছে সেটা পরীক্ষা নিরীক্ষা করবার জন্য কোন কমিটি করবার কথা চিন্তা করছেন কিনা ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** এটা আমাদের কাছে এসেছে এবং এটা এনকোয়ারী করবার জন্য ডিরেকটোরেট থেকে একজন বিশেষ অফিসারকে নিযুক্ত করা হয়েছে। যেহেতু এটা তদন্ত সাপেক্ষ সেইজন্য এ সম্বন্ধে ডিটেলস্ কিছু বলা যাবে না। প্রশ্নকর্তা যদি আমার সঙ্গে সাক্ষাত করেন তাহলে ডিটেলস আলোচনা করতে পারি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** এই হাসপাতালে এখন যে অবস্থায় রোগীদের ট্রিটমেণ্ট করা হয় তাতে দেখছি খাদ্য নেই, ডাক্তার নেই, কোন ব্যবস্থা নেই। আমার প্রশ্ন হচ্ছে এর ওভার অল ইম্প্রুভমেণ্ট-এর জন্য কোন কমিশন এ্যাপয়েণ্ট করবেন কিনা ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** বাসু কমিটি একটা রিপোর্ট দিয়েছেন সেটা সবে আমাদের কাছে এসেছে এবং আমরা সেটা পরীক্ষা নিরীক্ষা করছি। এই জন্য একজন স্পেশাল অফিসার ডাঃ ইউ. এন. সাহাকে আমরা এ্যাপয়েন্টমেন্ট দিয়েছি যাতে এই কাজ ত্বরান্বিত করা যায়।

তারকা চিহ্নিত প্রশ্ন ২৪৮।

**মিঃ স্পীকার ঃ** দি কোশ্চেন ইজ হেল্ড ওভার।

## বনহুগলি হাসপাতাল

*২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৫) **শ্রীশিবপদ ভট্টাচার্য ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বরানগর বনহুগলী হাসপাতাল জাতীয়করণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকরী হইবে ?

**শ্রীগোবিন্দ চন্দ্র নস্কর ঃ** (ক) বিষয়টি বর্তমানে বিবেচনাধীন আছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নয়।

**শ্রীশিবপদ ভট্টাচার্য ঃ** বনহুগলী হাসপাতালে যে ক্রিপল বিভাগ রয়েছে ভারত সরকার তাকে জাতীয়করণ করে সেখানে ভারতবর্ষের মধ্যে সর্ববৃহৎ ক্রিপল হাসপাতাল স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন এবং একটি বিশেষজ্ঞ দল এই হাসপাতাল পরিদর্শন করবার জন্য আসছেন এই বিষয়ে মন্ত্রীমহাশয় আমাদের কিছু জানাবেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** বনহুগলী হাসপাতালে অর্থপেডিক্যালি হ্যাণ্ডিক্যাপড্ লোকদের জন্য একটি রিহ্যাবিলিটেসন সেণ্টার খোলার আগ্রহ জানিয়ে সম্প্রতি কেন্দ্রীয় সরকারের সোস্যাল ওয়েলফেয়ার মিনিষ্ট্রী থেকে একটা চিঠি এসেছে। এ সম্পর্কে বিচার বিবেচনা করে দেখার জন্য কেন্দ্রীয় সরকারকে একটি বিশেষজ্ঞ দল পাঠাবার জন্য অনুরোধ করা হয়েছে। এই হাসপাতালটি সরকারী তত্বাবধানে আনবার সিদ্ধান্ত নেবার আগে কেন্দ্রীয় সরকারের এই প্রস্তাব পরীক্ষা করে দেখা হবে।

**শ্রীশিবপদ ভট্টাচার্য ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, যদি ক্রিপল বিভাগ কেন্দ্রীয় সরকার নিয়ে যান তাহলে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ওই হাসপাতালের কোন্ কোন্ বিভাগ জাতীয়করণ করার কথা চিন্তা করছেন ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** এখানে ৩টি ওয়ার্ড আছে। জাতীয়করণ হলে কেবলমাত্র ক্রিপল বিভাগ নয়, সবটাই হবে।

**শ্রীশিবপদ ভট্টাচার্য ঃ** এ কথা কি সত্যি যে এই হাসপাতালে বহু সোভিয়েত এক্স রে মেসিন, অপারেসন মেসিন অকেজো হয়ে পড়ে রয়েছে, জং ধরে পড়ে রয়েছে এবং একথা যদি সত্য হয় তাহলে সরকার এ সম্পর্কে কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** এই হাসপাতাল সরকারের পরিচালনাধীন নয়। এটা দি সোসাইটি অব এক্সপেরিমেণ্টাল মেডিকেল সায়েন্স নামক একটি সোসাইটি এবং সোসাইটিস রেজিষ্ট্রেসন এ্যাক্ট অনুযায়ী রেজিষ্ট্রিকৃত। এই সোসাইটির সাধারণ ব্যবস্থা পরিচালনার ভার ৪জন সরকারী প্রতিনিধিসহ মোট ২৯ জন সদস্যের একটি গভর্ণিং বডির উপর অর্পিত। আমাদের হেলথ ডিপার্টমেন্ট থেকে একটা কমিটি গঠন করা হয়েছিল এবং সেখানে একজন এ্যাডমিনিস্ট্রেটর দেওয়া হয়েছিল। কিন্তু বিভিন্ন গোলযোগ এবং আপত্তি থাকবার জন্য নূতন একটা ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে। আজকের যিনি প্রশ্নকর্তা তিনি ম্যানেজিং কমিটির সদস্য হিসেবে রয়েছেন। কাজেই ব্যাড মেণ্টেনেন্স-এর দায় দায়িত্ব তাঁরও রয়েছে। আমরা প্রত্যেক বেড পিছু ৪ হাজার ২০০ টাকা দেই, অন্যান্য ব্যবস্থাপনা গভর্ণিং বডির।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** হাসপাতালের এতবড় বাড়ী পড়ে রয়েছে অথচ কাজ করছেনা কেন, এসম্বন্ধে কিছু জানাবেন কি ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** আমি আগেই বলেছি এটা সোসাইটিস্ রেজিষ্ট্রেসন এ্যাক্ট অনুযায়ী পূর্বে কুমার পি. এন. রায় গ্রুপ অব হসপিটালস্ এণ্ড রিহ্যাবিলিটেসন সেণ্টার নামে কয়েকটি

হাসপাতাল পরিচালনা করত। তখন এখানে স্বাস্থ্য দপ্তরের ১০০টি বেড ছিল, সমাজ উন্নয়ন দপ্তরের ৫০টি বেড ছিল, শ্রম দপ্তরের ১৫০টি বেড ছিল এবং সোসাইটি পরিচালিত পেয়িং বেড ৫০টি ছিল। ১৯৬৮ সালের জুলাই মাস থেকে লেবার ডিপার্টমেণ্ট বেড উইথড্র করেছে এবং ১৯৬৯ সালের এপ্রিল মাস থেকে সমাজ উন্নয়ন দপ্তর তাদের ৫০টি বেড তুলে নেন। তখন আমরা স্বাস্থ্য দপ্তর থেকে ৫০টি বেড দেই। বর্তমানে এখানকার ৩০০টি শয্যার মধ্যে স্বাস্থ্য দপ্তর ২৭৫টি বেড নিজেদের জন্য রিজার্ভ করে রেখেছেন এবং তারজন্য শয্যা পিছু বার্ষিক ৪ হাজার ২০০ টাকা হাসপাতালকে অনুদান হিসেবে দেওয়া হয়।

আমাদের স্বাস্থ্য বিভাগ এবং মেডিক্যাল বিভাগ পড়াশুনা এবং চিকিৎসা বিষয়ে তাঁদের যে ডিসিসান সেই অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করবেন।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** ন্যাশান্যাল মেডিকেল কলেজের যে এনকোয়ারী রিপোর্ট এসেছে সেই রিপোর্ট কি এই কমিটি পরীক্ষা-নিরীক্ষা করেছেন ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** এই কমিটি এমন ধরণের কোন অভিযোগ দেননি, হেল্‌থ ডিপার্টমেণ্ট থেকে ডেভেলপমেণ্ট, আপলিফ্‌টমেণ্ট এই সমস্ত নিয়ে তাঁরা যে রিপোর্ট দিয়েছেন তা নিয়ে পরীক্ষা এবং তদন্ত করা হচ্ছে।

[2-50—3-00 p.m ]

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, যে মাঝখানে এই হাসপাতালে রোগীর বদলে এনটীসোসাল এলিমেণ্টসদের আড্ডাখানা ছিল ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** ১৯৬৭ সাল থেকে ১৯৭১ সাল পর্যান্ত শুধু হাসপাতাল নয় বহু জায়গা এানটি সোসাল এলিমেণ্টসদের আড্ডাখানায় ভরে গিয়েছিল, আপাততঃ ওখানে কোন আড্ডাখানা আছে বলে আমি মনে করি না।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** আপনি কি নিজে কখনও হাসপাতালে গিয়ে দেখে এসেছেন ?

**শ্রীগোবিন্দচন্দ্র নস্কর ঃ** ১৯৭১ সালে যখন আমি এই দপ্তরের রাষ্ট্র মন্ত্রী ছিলাম তখন একবার ইনেসপেকশনে গিয়েছিলাম।

**শ্রীসুধীরচন্দ্র বেরা :** এটাকে কি হাসপাতাল বলে গণ্য করা যায়, এই হাসপাতালের এই শোচনীয় অবস্থা কেন মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** This is a matter of opinion. It is disallowed.

## বাঁকুড়া জেলায় পানীয় জলের নলকূপ

*২৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে বিভিন্ন ব্লকে পানীয় জলের জন্য কতগুলি নলকূপ আছে ;

(খ) তার মধ্যে কতগুলি (১) অকেজো ও (২) চালু আছে ;

(গ) বর্তমান বৎসরে প্রতি ব্লকে কয়টি করিয়া নতুন নলকূপ মঞ্জুর হইয়াছে ;

(ঘ) তার মধ্যে কতগুলির কাজ সমাপ্ত হইয়াছে ; এবং

(ঙ) নলকূপ খননের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে ও এপর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** (ক) ও (খ) নলকূপের পুরো সংখ্যা দেওয়া সম্ভব হচ্ছে না। তবে বিভিন্ন ব্লকে চালু নলকূপের মোট সংখ্যা ১০৫৬।

(গ) প্রতি ব্লকে অন্তত ৩৫টি করে নলকূপ বা কূপ খনন বা পুনর্খননের কাজ মঞ্জুর করা হইয়াছে।

(ঘ) নলকূপ ও কূপ সহ ২৭৭টির কাজ সমাপ্ত হয়েছে।

(ঙ) সমগ্র জেলার জন্য মোট ১৫,৫০,০০০ টাকা নগদে স্থানীয় জেলা শাসকের হাতে দেওয়া হয়েছে। এ ছাড়া পাইপ ও অন্যান্য material ইত্যাদি আলাদা ভাবে পাঠানো হয়েছে। এরমধ্যে কত ব্যয় হয়েছে তার হিসাব স্থানীয় কর্তৃপক্ষের নিকট থেকে এখনও পাওয়া যায় নি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এই অকেজো নলকূপগুলি কত দিনের মধ্যে সারানো হবে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** মোটামুটি অকেজো নলকূপগুলি যতগুলি আমাদের টারগেট ছিল প্রত্যেক ব্লকে, ৩৫টি করে বলা হয়েছিল—সেগুলি সারানো হয়ে গিয়েছে এবং তার ডেট ওভার হয়ে গিয়েছে, তবে বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রামে যেখানে মাটি শক্ত কিম্বা পাথুরে মাটি থাকার দরুণ সবগুলির কাজ আশানুরূপ হয়নি, তার ফলে কাজ পিছিয়ে যাচ্ছে এবং সেখানে আমরা তাগিদ দিচ্ছি এবং বর্তমানে আমি বলতে চাই ২৭৭টা হয়েছে নলকূপ এবং কূপ নিয়ে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** গত ১৯৭১ সালে প্রত্যেক ব্লকে ১০টি করে আর ডাবলু, এস, ও নলকূপ এবং কূপ সেংশান করার কথা ছিল, তার মধ্যে কতগুলির কাজ শেষ হয়েছে তা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** আমার জানা নাই, নোটিশ দিলে বলতে পারি।

## অর্থ কমিশনের সুপারিশ তথা কেন্দ্রীয় অর্থ-বণ্টন নীতি

*২৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১) **শ্রীনিতাইপদ সরকার ঃ** অর্থবিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ অর্থ কমিশন কি নীতির ভিত্তিতে পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় সরকারের অনুদান সাহায্য ও ঋণের বিলি-বণ্টনের ব্যবস্থা করিয়াছিলেন ;

(খ) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ হইতে কর্পোরেশন ট্যাক্স, আয়কর, এক্সাইজ ডিউটি প্রভৃতি বিভিন্ন খাতে কত পরিমাণ অর্থ বাৎসরিক সংগ্রহ করিয়া থাকেন ; এবং

(গ) উক্ত বিভিন্ন খাতে সংগৃহীত অর্থের কত পরিমাণ অর্থ পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ করা হইয়াছে ?

**শ্রীশংকর ঘোষ ঃ—**

(ক) প্রশ্নটি নিশ্চয়ই পঞ্চম অর্থ কমিশনের সম্বন্ধে উপস্থাপিত করা হয়েছে এবং সেই ভিত্তিতে উত্তর দেওয়া হচ্ছে। কারণ ১৯৬৯-৭০ হইতে ১৯৭৩-৭৪ পর্যন্ত অর্থাৎ চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা সময়কালের জন্য ঐ পঞ্চম অর্থ কমিশনই কেন্দ্রীয় অর্থ বটন নীতি নির্ধারণ করিয়াছেন।

পঞ্চম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী নিম্নে প্রদত্ত হারে অর্থ বন্টন হয়।

আয়কর—সমগ্র দেশের মোট আদায়ীকৃত টাকার ২·৬% ইউনিয়ন টেরিটরির জন্য স্বতন্ত্র রাখিয়া অবশিষ্ট ৯৭·৪% এর ৭৫% রাজ্যগুলির মধ্যে বন্টন করা হয়। ইহার ৯·৯১% অর্থ পশ্চিমবঙ্গের বরাদ্দ।

কর্পোরেশন ট্যাক্সের—কোন অংশই রাজ্যগুলি পায় না।

ইউনিয়ন একসাইজ ডিউটি—সমগ্র দেশের মোট আদায়ীকৃত অর্থের শতকরা ২০ ভাগ রাজ্যগুলির মধ্যে বন্টন করা হয় এবং ইহার ৬·৮৪% পশ্চিমবঙ্গের বরাদ্দ।

এডিশন্যাল ডিউটি অফ একসাইজ—টেক্সটাইল, চিনি ও তামাকের উপর ন্যস্ত যে অতিরিক্ত কর আদায় হয় সমগ্র দেশে তাহা হইতে ইউনিয়ন টেরিটরি, জম্মু ও কাশ্মীর ও নাগাল্যাণ্ডের জন্য ২·৯৭% কাটিয়া রাখিয়া অবশিষ্ট ৯৭·০৩% অন্যান্য রাজ্যগুলির মধ্যে বন্টন করা হয় নিম্ন ভাবে—

প্রথমে সকল রাজ্যের গ্যারান্টি সাম guaranteed sum ( অর্থাৎ ১৯৫৬-৫৭ সালে রাজ্য বিচালনাধীনে যে পরিমাণ আদায় হইত ) বাবদ প্রায় ৩২.৪০ কোটি টাকা বাদ রাখিয়া অবশিষ্ট অংশের ৮·৭৫% পশ্চিমবঙ্গের প্রাপ্য। উহার সহিত উল্লিখিত গ্যারান্টিড সাম ( guaranteed sum ) বাবদ পশ্চিমবঙ্গের অংশ ২৮০·৪১ লক্ষ টাকা যোগ করিয়া এই এডিশন্যাল ডিউটি অফ একসাইজ হইতে পশ্চিমবঙ্গের মোট প্রাপ্য নির্ধারিত হয়।

এষ্টেট ডিউটির—নীট আয়ের ৩% ইউনিয়ান টেরিটরির জন্য রাখিয়া অবশিষ্ট অংশ স্থাবর ও অস্থাবর সম্পত্তির মধ্যে ঐগুলির মূল্যানুপাতিক হিসাবে বন্টন করা হয়। উহার মধ্যে স্থাবর সম্পত্তির দরুন যে সম্পত্তি কর তাহা প্রতি রাজ্যে অবস্থিত করযোগ্য স্থাবর সম্পত্তির মূল্যানুপাতে ঐ রাজ্যের প্রাপ্য। আর অস্থাবর সম্পত্তির দরুন যে সম্পত্তি করের অংশ তাহার ৮·১২% পশ্চিমবঙ্গের প্রাপ্য। অস্থাবর সম্পত্তি করের এই বন্টন হার বিভিন্ন রাজ্যের জনসংখ্যার অনুপাতে স্থিরীকৃত।

**রেলওয়ে প্যাসেঞ্জার ফেয়ারের উপর ট্যাকসের পরিবর্তে অনুদান**—ইহা ইহা মোটামুটি ভাবে ১৬·২১ কোটি টাকার একটি ফিক্সড গ্রান্ট। উহা হইতে পশ্চিমবঙ্গ বার্ষিক ৫·৫১% অংশ পাইয়া থাকে, যাহার পরিমাণ বার্ষিক প্রায় ৯০ লক্ষ টাকা।

## কনষ্টিটিউশনের ২৭৫ ধারা অনুযায়ী অনুদান

পঞ্চম অর্থ কমিশন বিভিন্ন রাজ্যের অর্থ সাহায্যের প্রয়োজন পরীক্ষা করিয়া ১০টি রাজ্যকে মোট ৬৩৭·৮৫ কোটি টাকা ৫ বৎসরে অনুদান বরাদ্দ করিয়াছেন, তন্মধ্যে পশ্চিমবঙ্গ পাইবে ৭২·৬২ কোটি টাকা, এই টাকা ৫ বৎসরে নিম্নভাবে পশ্চিমবঙ্গকে দেওয়া হইবে—

| | |
|---|---|
| ১৯৬৯-৭০ | ২২·২৯ কোটি টাকা |
| ১৯৭০-৭১ | ১৮·৪১ ,, |
| ১৯৭১-৭২ | ১৪·৫২ ,, |
| ১৯৭২-৭৩ | ১০·৬৪ ,, |
| ১৯৭৩-৭৪ | ৬·৭৬ ,, |
| | ৭২·৬২ ,, |

(খ) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ হইতে আয়কর ও কর্পোরেশন ট্যাক্স বাবদ নিম্নে প্রদত্ত কর আদায় করিয়াছেন—

( কোটি টাকার হিসাবে )

| | ১৯৬৯-৭০ | ১৯৭০-৭১ |
|---|---|---|
| আয়কর | ৫৪·৬০ | ৫৬·২১ |
| কর্পোরেশন ট্যাক্স | ১০১·৯৮ | ১০৫·৭৭ |

ইউনিয়ন একসাইজ ডিউটি বা এডিশনাল এক্সাইজ ডিউটি খাতে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ হইতে কি পরিমাণ অর্থ সংগ্রহ করিয়াছিল তাহার সঠিক হিসাব আমাদের জানা নাই। কেন্দ্রীয় দপ্তর হইতে ঐ তথ্যাদি সংগ্রহ করিতে সময় লাগিবে।

(গ) উপরে (ক) প্রশ্নের উত্তরে প্রদত্ত করগুলির যে অংশ কেন্দ্রীয় সরকার আমাদের দিয়াছেন বা দিবার প্রতিশ্রুতি দিয়াছেন তাহা নিম্নে দেওয়া হইল।

( কোটি টাকার হিসাবে )

সংশোধিত হিসাব বাজেট

| ১৯৬৯-৭০ | ১৯৭০-৭১ | ১৯৭১-৭২ | ১৯৭২-৭৩ |
|---|---|---|---|
| ২৭.৩৭ | ৩৩.৮৮ | ৪৩'৫৩ | ৪৩.২০ |
| ১৮.২২ | ২১'৬৬ | ২৪.৯৯ | ২৮.৫১ |
| ৪.৪৫ | ৬.৪৯ | ৯.০৬ | ৯.৬৩ |
| ০.৫২ | ০.৬৪ | ০.৫০ | ০.৫২ |
| ০ ৯০ | ০.৯০ | ০.৯০ | ০.৯০ |
| ২২.২৯ | ১৮.৪১ | ১৪.৫২ | ১০'৬৪ |
| ৭৩.৭৫ | ৮১.৯৮ | ৯৩.৫০ | ৯৩.৪০ |

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আমি (ক) প্রশ্নে জানতে চেয়েছিলাম অর্থ কমিশন কি নীতির ভিত্তিতে, প্রভিন্সগুলির ভিতর, কি প্রিন্সিপেলে অর্থ বণ্টন করেন ?

**মিঃ স্পীকার ঃ** That is available in the report itself. You consult the eport and you will have it.

**শ্রীনিতাইপদ সরকার ঃ** আমার উত্তরে জানতে পারলাম কর্পোরেশন ট্যাক্স যেটা সেটা াজ্যগুলির মধ্যে বণ্টিত হয় না। এখন রেডডী কমিশনের কাছে যাতে আমরা এই কর্পোরেশন াক্সের অংশ পাই সেই দাবী করবেন কিনা ?

**শ্রীশংকর ঘোষ ঃ** আমাদের এই যে সিক্সথ ফিনান্স কমিশন হয়েছে তার কাছে আমরা াবী রাখবো, সব কিছু বিবেচনা করে দেখবো, দেখে মেমোরাণ্ডাম দেবো।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** অর্থমন্ত্রী মহাশয় কি মনে করেন এই অর্থ কমিশন রাজ্যগুলির ধ্যে যেভাবে বণ্টনের ব্যবস্থা করেছে তাতে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কিছু বৈষম্য রয়েছে ?

**শ্রীশংকর ঘোষ ঃ** আমরা যাতে এই নূতন অর্থ কমিশনের কাছে পশ্চিমবঙ্গ আরো টাকা পেতে পারে সেইভাবে বক্তব্য রাখবো এই সবের ভিত্তিতে।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** আমরা জনসংখ্যার ভিত্তিতে এবং কালেকশনের ভিত্তিতে টাকাটা াতে বণ্টিত হয় অর্থাৎ যেভাবে টাকা এ্যালট হয় তা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ঠিক মত যুক্তিযুক্ত নয়, মন্ত্রী

মহাশয় কি এইগুলির উপর ভিত্তি করে যাতে যাতে সেনট্রাল গভর্ণমেণ্টের টাকা বর্ন্টিত হয় তার দাবী জানাবেন ?

**শ্রীশংকর ঘোষ ঃ** আমরা সিক্সথ ফিনান্স কমিশনের কাছে পশ্চিমবঙ্গের দাবী আরো বড় করে রাখবো তারজন্য তথ্য সংগ্রহ করছি। মাননীয় সদস্যদের যদি আরো কিছু আইডিয়াস থাকে তাহলে দিতে পারেন আমরা নিশ্চয়ই তা বিবেচনা করে দেখবো।

## আসানসোলে অতিরিক্ত জেলা জজ আদালতে ফৌজদারী মামলার আপীল

*২৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৬) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) আসানসোলের অতিরিক্ত জেলা জজ আদালতে আসানসোল ও দুর্গাপুর মহকুমার ফৌজদারী মামলার আপীল দায়ের করিবার ব্যবস্থা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি, এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** (ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

## বিভিন্ন প্রকল্পের জন্য বরাদ্দকৃত কেন্দ্রীয় অর্থ

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত আর্থিক বৎসরে কেন্দ্রীয় সরকার কর্তৃক পশ্চিমবঙ্গ সরকারের জন্য বরাদ্দকৃত কোন কোন প্রকল্পের টাকা সময়মত খরচ করিতে না পারার জন্য ফেরত গিয়েছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ কোন্ প্রকল্পের কত টাকা ফেরত গিয়াছে, এবং

(২) ইহার কারণ কি ?

**শ্রীশংকর ঘোষ ঃ**

(ক) গত বৎসরের আয়ব্যয়ের প্রকৃত হিসাব একাউন্ট্যান্ট জেনারেলের অফিস হইতে এখনও পাওয়া যায়নি, সে কারণ এ প্রশ্নের সঠিক উত্তর দেওয়া এখনই সম্ভব নয়। তবে, বিভিন্ন বিভাগের সঙ্গে যোগাযোগ করে জানা গিয়েছে যে কেন্দ্রীয় সাহায্য পাওয়া যায় এমন কোন কোন প্রকল্পের জন্য নির্দিষ্ট ব্যয়বরাদ্দ সম্পূর্ণ বা আংশিক ব্যয় করা ঐ বৎসরের মধ্যে কোন কোন দপ্তরের পক্ষে বিভিন্ন

ারণে সম্ভব হয়নি। বিভিন্ন দপ্তর থেকে এযাবৎ প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রস্তুত এইরূপ প্রকল্পের, াব বরাদ্দ টাকা পুরা ব্যয় করা যায়নি, একটি তালিকা এতৎসঙ্গে দেওয়া হল।

তবে এক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে যে গত বৎসর পশ্চিমবঙ্গের মোট বাজেট ব্যয় বরাদ্দ ছিল ৫৫২.৭৬ কোটি টাকা এবং সংশোধিত বাজেটে নীট আয়ের পরিমাণ ছিল ৭৬৫.৭৯ কোটি টাকা।

প্রসঙ্গত: উল্লেখ করতে পারি যে রাজ্য পরিকল্পনা ব্যয় বাবদ ১৯৭১-৭২ সালে কেন্দ্রীয় সরকারের দেয় টাকার পরিমাণ ছিল ৪৪.২০ কোটি টাকা এবং তার মধ্যে তারা পশ্চিমবঙ্গকে ৪.১৮ কোটি টাকা দিয়েছেন এবং এর কোন অংশই ফেরৎ যায়নি।

আর কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পের ( সেনট্রালি স্পনসরড স্কীম ) জন্য গত বৎসর কেন্দ্র সাহায্য মঞ্জুর করেছেন ৪.৬৮ কোটি টাকা। এর মধ্যে কিছু ফেরত দেয়া হয়নি।

এ ছাড়া, রাজ্য পরিকল্পনা বহির্ভূত ও সেনট্রালি স্পনসরড স্কীম বহির্ভূত কয়েকটি বিশেষ ক্ষেত্রে কেন্দ্রীয় সাহায্যের বরাদ্দ ছিল।বাংলাদেশ রিফিউজীদের জন্য ব্যয় বাবদ কেন্দ্রের কাছে পাওয়া গিয়েছিল ..৫৭ কোটি টাকা এবং এর কোন অংশই ফেরৎ দেয়া হয়নি।

(খ) এ সম্বন্ধে উপরে প্রদত্ত উত্তরে ও সংশ্লিষ্ট তালিকায় বিষয়টি বলা হয়েছে।

## যে সব প্রকল্পের জন্য দেয় কেন্দ্রীয় সাহায্যের বরাদ্দ পুরাপুরি কার্যকরী করা যায়নি তাহার তালিকা

| বিভাগের নাম | প্রকল্পের নাম | কেন্দ্রীয় সাহায্য ( ঋণ অনুদান ) যা কার্য্যকরী করা যায়নি বা ফেরৎ দেওয়া হয়েছে এবং তাহার কারণ। |
|---|---|---|
| ন | কংসাবতী নদীর মৃত্তিকা সংরক্ষণ | এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার ২১ লক্ষ টাকার অনুমোদন দেন ও ঐ টাকা বিভিন্ন দফায় কেন্দ্রীয় সরকারের নিকট থেকে পাওয়া যায়, সর্বশেষ দফায় ৩ লক্ষ টাকা পাওয়া যায় ১৯৭২ সালের জানুয়ারী মাসে। এই মঞ্জুরীকৃত বরাদ্দের মধ্যে ১৬.২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে ও মাত্র ৪.৮০ লক্ষ টাকা ঐ বৎসরের মধ্যে খরচ করা সম্ভব হয়নি। এইভাবে দফায় দফায় ও বিলম্বে টাকা পাওয়া ও কেন্দ্রীয় সরকারের কয়েকটা নির্দেশ এই প্রকল্পের দ্রুত রূপায়ণে কিছু অসুবিধার সৃষ্টি করেছিল। এইসব কারণে ২১ লক্ষ টাকার মধ্যে ১৬.২০ লক্ষ টাকা খরচ হয়ে মাত্র ৪.৮০ লক্ষ টাকা শেষ পর্যন্ত এ বৎসরের মধ্যে ব্যয় করা সম্ভব হয়নি। |
| াউসিং | সাবসিডাইজড হাউসিং স্কীম ফর প্ল্যানটেশন ওয়ার্কার্স | এই স্কীমে চা বাগিচা শ্রমিকদের জন্য গৃহ নির্মাণ করার জন্য কোম্পানীগুলিকে ঋণ ও অনুদান দেওয়া হয়। নিম্নলিখিত কারণে কোম্পানীগুলি রাজ্য সরকারের নিকট |

| বিভাগের নাম | প্রকল্পের নাম | কেন্দ্রীয় সাহায্য ( ঋণ অনুদান ) যা কার্য্যকরী করা যায়নি বা ফেরৎ দেওয়া হয়েছে এবং তাহার কারণ। |
|---|---|---|
| | | হইতে উক্ত স্কীমে বরাদ্দকৃত ৫ লক্ষ ৮০ হাজার টাকা অর্থ সাহায্য নিতে পারেন নি।<br><br>(১) কোম্পানিগুলি এষ্টেটস এ্যাকুইজিসান এ্যাক্ট অনুসারে বর্ধিত হারে খাজনা জমা দিয়ে চা বাগানের লিজ গ্রহন করেন নি, সেজন্য চা বাগানের উপর আইনতঃ তাদের মালিকানা স্বত্ব না থাকায় গৃহনির্মাণের জন্য অর্থ সাহায্য মঞ্জুর করা সম্ভব হয়নি ;<br><br>(২) সিমেন্টের অভাবে কয়েকটি কোম্পানী তাঁদের প্রকল্পের কাজ সময়মত শেষ করতে পারেন নি। |
| তপশিলী ও আদিবাসী মঙ্গল, আদিবাসী মঙ্গল | তপশিলী মঙ্গল ও অন্যান্য অনুন্নত জাতির মঙ্গল প্রকল্প | এই আদিবাসী মঙ্গল, তপশীলি মঙ্গল ও অন্যান্য অনুন্নত জাতির মঙ্গল প্রকল্পে মোট ১১০·৬৬ লক্ষ টাকার বরাদ্দের মধ্যে ১০৬.৩৭ লক্ষ টাকা ব্যয় করে মাত্র ৪ ২৯ লক্ষ টাকা শেষ পর্যন্ত ঐ বৎসরের মধ্যে ব্যয় করা যায়নি। এর প্রধান কারণ হল ছাত্রাবাস নির্মাণ, শস্যগোলা নির্ম্মাণ ও গবেষণা কেন্দ্রের গৃহ নির্মাণ সম্পর্কিত কিছু কিছু প্ল্যান ও এষ্টিমেট ঐ সময়ের মধ্যে চূড়ান্ত করা যায় নি, এবং প্রাক-পরীক্ষা শিক্ষন কেন্দ্রের যথেষ্ট পরিমাণ শিক্ষার্থীর অভাব। |
| মৎস্য | উপকূলবর্তী অঞ্চলে মাছ ধরার জন্য নামখানায় জেটি নির্মাণ | যন্ত্রচালিত নৌকার সাহায্যে উপকূলবর্তী অঞ্চলে মাছ ধরার সুবিধার জন্য ২৪-পরগণা জেলার নামখানায় একটি জেটি নির্মাণ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার ১৯৭১-৭২ সালে যে টাকা অনুদান মঞ্জুর করেছিলেন, ঐ টাকার মধ্যে ১৮৬ লক্ষ টাকা ঐ বৎসর ব্যয় করা যায়নি। প্রয়োজনীয় মাইল্ড ষ্টীল ও ডিফেক্টিভ ষ্টীল রেল না পাওয়ায় এই টাকা ব্যয় করা হয়নি। |
| রিলিফ ও ওয়েলফেয়ার (ওয়েলফেয়ার) | বিশেষ পুষ্টি প্রকল্প | কেন্দ্রীয় সরকার এই প্রকল্পে ব্যয়ের জন্য মোট ৭৬ ০৬ লক্ষ টাকা ১৯৭১-৭২ সালে মঞ্জুর করেছিলেন। তার মধ্যে মোট ৫৮.০৪ লক্ষ টাকা ব্যয় হয়েছিল, তবে তার মধ্যে ৪ ৩৪ লক্ষ টাকা ঐ বৎসরের এ্যাকাউন্টসে এ্যাডজাষ্ট (adjust) করা যায়নি। এই শেষোক্ত টাকাটি ধরলে ঐ বৎসর অব্যায়িত অর্থের প্রকৃত পরিমাণ ২২.৩৬ লক্ষর স্থলে হবে ১৮.০২ লক্ষ। |

| বিভাগের নাম | প্রকল্পের নাম | কেন্দ্রীয় সাহায্য ( ঋণ অনুদান ) যা কার্য্যকরী করা যায়নি বা ফেরৎ দেওয়া হয়েছে এবং তাহার কারণ। |
|---|---|---|
| | | রাজনৈতিক ও আইন শৃঙ্খলার অনিশ্চয়তার জন্য বস্তি অঞ্চলে কাজ করা খুবই কঠিন ছিল, তাছাড়া, গত বৎসরের শেষ দিকে নির্বাচন সংক্রান্ত কাজে ব্যস্ত থাকায় অফিসাররা এদিকে যথেষ্ট সময় দিতে পারেন নি। কেন্দ্রীয় সরকার কর্তৃক এই প্রকল্পের জন্য অর্থ সাহায্য অনুমোদন করতে ও নিয়মাবলী নির্ধারণেও যথেষ্ট বিলম্ব হয়েছিল। অন্যদিকে যে সব বে-সরকারী সংস্থার মাধ্যমে এই প্রকল্পের কেন্দ্রগুলি চালু হয়ে থাকে, তাদের মধ্যেও বছরের শেষের দিকে নানা রকম অনিশ্চয়তার জন্য নূতন খাদ্য বিতরণ কেন্দ্র খোলার উৎসাহের অভাব দেখা দেয়। |
| ‥টির ও ‥দ্র শিল্প | লাক্ষা শিল্প | প্রকল্পের খুঁটিনাটি পরীক্ষা নিরীক্ষা করে চালু করতে কিছু বিলম্ব হয়। এই প্রকল্পের মোট বরাদ্দ ছিল ১৯ হাজার টাকা, তার মধ্যে ১৩ হাজার টাকা ব্যয় হয়ে ৬ হাজার টাকার মত প্রকল্পের কাজ সম্পূর্ণ করা যায়নি। |
| ‥ন্নয়ন ও ‥রিকল্পনা | গ্রামীন কর্ম্মসংস্থান জরুরী পরিকল্প | এই প্রকল্পের বরাদ্দ টাকা সম্পূর্ণ ব্যয় না হবার জন্য মুখ্যত পশ্চিমবঙ্গে বাংলা দেশের শরণার্থী আগমন ও ব্যাপক বন্যা ইত্যাদিই দায়ী।<br><br>কেন্দ্রীয় সরকার ১৯৭১-৭২ সালে ব্যয়ের জন্য শেষ পর্য্যন্ত এই প্রকল্পে মোট ২৯৯ লক্ষ টাকা অনুমোদন করে-ছিলেন। কিন্তু ঐ বৎসর এই প্রকল্পে আমাদের ব্যয় করার সম্ভাবনা অনুযায়ী আমাদের সংশোধিত বরাদ্দে এই প্রকল্পের জন্য বরাদ্দ রাখা ছিল ১৮৭'৫০ লক্ষ টাকা। দপ্তরের আনুমানিক হিসাব অনুযায়ী প্রায় ১৫৩ লক্ষ টাকা খরচ হয়েছে, এদিক থেকে দেখলে আমাদের সংশোধিত বাজেটের থেকে অব্যয়িত ছিল মাত্র ৩৪.৫০ লক্ষ টাকা। আর মোট টাকা ২৯৯ লক্ষ টাকা ধরলে অব্যয়িত ছিল ১৪৬ লক্ষ টাকা। প্রকল্পটি চালু স্কীম এবং এর জন্য বর্তমান বৎসরের বাজেটেও বরাদ্দ রাখা আছে। তদুপরি, গত বৎসরের অব্যয়িত অংশ এ বৎসর ব্যয় করবার অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। |

## এফ সি আই কর্তৃক সরবরাহকৃত চাউল ও গম

*২৫৯এ। (শর্ট নোটিশ) ( অনুমোদিত প্রশ্ন নং *৪৫২ ) শ্রীনিতাইপদ সরকার ঃ খাদ্য সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, "ফুড কর্পোরেশন অব ইণ্ডিয়া" পশ্চিমবঙ্গে বহু ক্ষেত্রে

মনুষ্যখাদ্যের অনুপযুক্ত চাল ও গম সরবরাহ করিতেছেন ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

[3-00—3-10 p.m.]

**Shri Kashi Kanta Maitra :** (ক) পশ্চিমবঙ্গে সরকারী বণ্টন ব্যবস্থার মাধ্যমে ফুড কর্পোরেশন দ্বারা মনুষ্যখাদ্যের অনুপযুক্ত চাল ও গম সরবরাহের কোন সংবাদ সরকার অবগত নহে। তবে নিকৃষ্ট মানের চাল ও গম সরবরাহের বিরুদ্ধে অভিযোগ সম্বন্ধে সরকার অবহিত আছেন।

পশ্চিমবঙ্গ চালের ক্ষেত্রে আংশিক এবং গমের ক্ষেত্রে সম্পূর্ণভাবে কেন্দ্রীয় বরাদ্দের উপর নির্ভরশীল। সরকারী বণ্টন ব্যবস্থা পরিচালনার জন্য যে পরিমাণ চাল প্রয়োজন, তাহার অধিকাংশ কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত বাংলার বাহিরের আতপ চাল দ্বারা মিটাইতে হয়। বিশেষতঃ বাংলার বাহিরে আতপ চালের মান সম্পর্কেই অভিযোগ বেশী। গমের মান সম্বন্ধেও কখনও কখনও সরকার অভিযোগ পাইয়া থাকেন।

(খ) যাহাতে উন্নততর মানের চাল ও গম সরবরাহ করা সম্ভব হয়, তাহার জন্য সরকার যে সব ব্যবস্থা গ্রহণ করিতেছেন, তাহা হইল :—

(১) সরবরাহের পূর্বে চাল ও গমের মান পরীক্ষার উদ্দেশ্যে ফুড কর্পোরেশন এবং তাহার ষ্টোরিং এজেন্টদের যে সব গুদাম হইতে রেশন এবং ন্যায্য মূল্যের দোকানগুলিতে চাল ও গম সরবরাহ করা হয়, সেইসব গুদামে সরকারী পরিদর্শক নিযুক্ত করা হইয়াছে। পরন্তু রেশন ও ন্যায্য মূল্যের দোকানের মালিকদিগকেও সরবরাহ লইবার পূর্বে চাল ও গমের মান পরীক্ষা করিয়া লইবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(২) ফুড কর্পোরেশনকেও নির্দেশ দেওয়া আছে যে যদি কোন চাল ও গমের মান মোটামুটি ভাল মান অপেক্ষা নিকৃষ্ট হয় তাহা হইলে ঐ চাল ও গম যেন উত্তমরূপে ঝাড়াই, বাছাই ও পরিষ্কার করিয়া উপযুক্ত মানে উন্নীত করিবার পর সরবরাহ করা হয়।

(৩) ফুড কর্পোরেশনের মাধ্যমে যাহাতে উন্নত মানের খাদ্যশস্য পশ্চিমবাংলায় আসে, তাহার ব্যবস্থা করিবার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইয়াছে।

(৪) ফুড কর্পোরেশন কর্তৃক নিকৃষ্ট মানের খাদ্যশস্য সরবরাহ সম্পর্কে বিস্তারিত তদন্ত করার জন্য সরকার একটি কমিটি গঠন করিয়াছেন।

(৫) সরকারী বণ্টন ব্যবস্থার মাধ্যমে যাহাতে অধিকতর সময়ের জন্য ভাল চাল সরবরাহ করা করা যায় তদুদ্দেশ্যে সরকার বিহার হইতে কিছু সিদ্ধ চাল আমদানী করিবার ব্যবস্থা করিতেছেন।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, অবগত আছেন কি যে, কিছু দিন পূর্বে ফুড কর্পোরেশনের সঙ্গে আমাদের সরকারের আলোচনা হয়েছিল ও ফুড কর্পোরেসান ভাল চাল সরবরাহ করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমরা ফুড কর্পোরেসানের সঙ্গে আলোচনা করেছি ও কেন্দ্রীয় সরকারের খাদ্য মন্ত্রকের সঙ্গেও আমারা আলোচনা করেছি। কেন্দ্রীয় সরকার আমাদের পশ্চিম বাংলার প্রতি সহানুভূতিশীল। তাঁরা আমাদের খাদ্য দপ্তরকে ভাল চাল সরবরাহ করতে চান। কেন্দ্রীয় সরকারেরও তাহার উপর সম্পূর্ণ কর্তৃত্ব নাই। এমন কি আমি মন্ত্রী হিসাবেও সন্তুষ্ট নই।

## তুলা ও চীনাবাদাম চাষ

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রীঅশ্বিনী রায় ঃ** কৃষিবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত তিন বৎসরে জেলাভিত্তিতে তুলা ও চীনাবাদাম চাষের পৃথকভাবে জমির পরিমাণ (একরে) উৎপাদন (টনে) কত ?

**Shri Abdus Sattar :** এ সম্বন্ধে যথাযথ পরিসংখ্যান উপস্থাপিত করা হইল।

২৪-পরগণায় জমির পরিমাণ ৪০ একর। ১৯৬৯-৭০ সালে তুলা উৎপাদন হয়েছে ৪৬ মেট্রিক টন।

১৯৭০-৭১ সালে জমির পরিমাণ ৬৮১৫ একর, উৎপাদনের পরিমাণ এখন দেওয়া সম্ভব নয়। কারণ ফসল এখনো তোলা হচ্ছে।

মেদিনীপুরে তুলা চাষ ১৯৬৯-৭০ সালে কিছু ছিল না। ১৯৭০-৭১ সালে এই জমির পরিমাণ ছিল ৬৩৮ একর, উৎপাদন ছিল ৯৫ মেট্রিক টন। ১৯৭১-৭২ সালে জমির পরিমাণ হচ্ছে ৩৩৩২ একর। উৎপাদনের ফলাফল এখনো পাওয়া যায়নি। ফসল তোলা হচ্ছে।

হাওড়া ১৯৬৯-৭০ সালে কিছু ছিল না। ১৯৭০-৭১ সালে জমির পরিমাণ ছিল ১৯০ একর উৎপাদন ছিল ১৯ মেট্রিক টন। ১৯৭১-৭২ সালে জমির পরিমাণ ছিল ৩০৬৬ একর ; উৎপাদনের পরিমাণ এখনো জানা যায় নাই। ফসল তোলা হচ্ছে। এ সবই হচ্ছে তুলা।

আর বাদাম চাষ হয়েছে ২৪-পরগণায় ১৯৬৮-৬৯ সালে কিছু নয়। ১৯৬৯-৭০ সালে জমির পরিমাণ ১৫ একর, উৎপাদনের পরিমাণ ছিল ৪·২ মেট্রিক টন। ১৯৭০-৭১ সালে জমির পরিমান ৪৫৮ একর, উৎপাদন ১৫৩ মেট্রিক টন। ১৯৭১-৭২ সালে জমির পরিমাণ ছিল ৩৩৫৭ একর ; উৎপাদনের পরিমাণ এখনো জানা নাই। এখনো সেখানে ফসল তোলা হচ্ছে।

মেদিনীপুরে ১৯৬৯-৭০ সালে কিছু ছিল না। ১৯৭০-৭১ সালে বাদাম চাষের জমির পরিমাণ ছিল ২৫ একর। উৎপাদনের পরিমাণ ছিল ৭·৫ মেট্রিক টন। ১৯৭১-৭২ সালে বাদাম চাষের জমির পরিমাণ ছিল ৮০৬ একর, উৎপাদন এখনও পাওয়া যায়নি।

হাওড়ায় ১৯৬৯-৭০ সালে বাদাম চাষ কিছু হয় নাই। ১৯৭০-৭১ সালে বাদাম চাষের জমির পরিমাণ ছিল ১৬ একর ; উৎপাদন ছিল ৬·৪ মেট্রিক টন। ১৯৭১-৭২ সালে জমির পরিমাণ ছিল ৬৩ একর, উৎপাদন এখনো পাওয়া যায়নি।

**Shri Aswini Roy :** কেবল তিনটি জেলায় তুলা ও বাদাম চাষ আরম্ভ হয়েছে তাহলে বাকি জেলাগুলির কী অবস্থা, তা কি বাদাম ও তুলা চাষের উপযোগী নয় ?

**Shri Abdus Sattar :** যে জমি নেওয়া হয়েছে তা mono crop ছিল না, ধান ভাল হত না, পড়ে থাকতো। ১৯৬৯-৭০ সালে cotton cultivation এর experiment এবং demonstration এর জন্য plots of 10 acres each প্রত্যেক জেলা থেকে নেওয়া হয়। সেখানে চাষ করেছি। মোটামুটি উৎপাদন হচ্ছে, অন্য জায়গায় তা হবে না তা আমি বলছি না। কোষ্টাল বেল্টে মেদিনীপুর, ২৪-পরগণা ও হাওড়া নিয়েছি। সেখানে কটন হচ্ছে, groundnut হচ্ছে, সূর্য্যমুখী ফুলে তেল হয়—তা হচ্ছে।

**Shri Aswini Roy :** অন্য জেলায় অনুরূপ soil আছে কিনা এটা সম্পর্কে কোন একটা পরীক্ষা করা হবে কি যা এই এলাকার মধ্যে পড়ে ?

**Shri Abdus Sattar :** কোষ্টাল বেল্ট এই তিনটি জেলার ভেতরে আছে। অন্য কোথাও আছে কিনা আমার জানা নাই। আপনার জানা থাকলে আমাকে দেবেন—সেখানে আমরা experiment করে দেখবো।

## আসানসোল মহকুমায় পানীয় জলের সমস্যা

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২২) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে প্রতি গ্রীষ্মে আসানসোল মহকুমার অধিকাংশ কূপ এবং পুষ্করিণীতে জল থাকে না এবং আসানসোল মহকুমার গ্রামে বসবাসকারী পাঁচ লক্ষ মানুষ প্রতি গ্রীষ্মে পানীয় জলের অভাবে নিদারুণ দুর্গতি ভোগ করেন এবং

(খ) আসানসোল মহকুমার গ্রামাঞ্চলের মানুষদের পানীয় জল সমস্যার স্থায়ী সমাধানের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**Shri Abdus Sattar :** (ক) ইহা সত্য যে আসানসোল মহকুমায় গ্রীষ্মকালে কূপ ও পুষ্করিণীর জল শুকিয়ে যায় এবং গ্রামবাসীরা কষ্ট পায়।

(খ) ঐ এলাকায় পানীয় জলের স্থায়ী সমাধানের জন্য কয়েকটা ব্যবস্থা করা হয়েছে।

(গ) গ্রামীণ জল সরবরাহ পরিকল্পনা প্রতি চারশো জন লোকের জন্য একটি করে ইঁদারা।

রানীগঞ্জ কয়লা খনি অঞ্চলের জন্য জল সরবরাহ প্রকল্প রূপায়িত হলে মোট ৩৯০টি গ্রাম ও ২১২টি কয়লা খনি ও ১৭টি সহরে জল সরবরাহ করা যাবে।

[3-10—3-20 p.m.]

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, ৪০০ লোকের জন্য একটি করে ইন্দারার যে কথা বললেন তাতে আসানসোল মহকুমায় এই রকম কয়টি আছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এটা জল সরবরাহের নীতির কথা বললাম—যদি হয়ে যেতো তাহলে তো মিটেই যেতো—এখনও অনেক বাকী আছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে রানীগঞ্জ কোল ফিল্ড ওয়াটার সাপ্লাই স্কীমে ট্রান্সফরমার পুড়ে যাবার জন্য তিনজন ইঞ্জিনীয়ারের মৃত্যু হয় এবং ঐ ট্রান্সফরমার পুড়ে যাবার জন্য ঐ স্কীম এ্যাবানডন হয়ে যায়। তারপর এটা চালু করবার জন্য রাজ্য সরকার একটি তদন্ত কমিটি নিয়োগ করেছিলেন—সেই কমিটির রিপোর্ট কি সেটা জানাবেন কি ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এটা নোটিশ না দিলে বলতে পারবো না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** পশ্চিমবঙ্গে খরা অধ্যুষিত অঞ্চলে প্রতি ব্লকে ৩৫টি নলকূপ বা কূয়া নির্মাণের নগদ টাকা দেবার কথা ঘোষণা করেছিলেন এবং বিভিন্ন জেলায় বিভিন্ন ব্লকে টাকাও দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে আসানসোল মহকুমায় যে ব্লকগুলি রয়েছে সেই সব ব্লকে ৩৫টি নলকূপ তৈরীর নীতি অনুসারে নগদ কত টাকা বা কূয়া তৈরীর জন্য কত টাকা দেওয়া হয়েছে ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় সদস্যকে আমি বলতে পারি যে আসানসোলকে আলাদাভাবে কিছু করা হয় নি। আমি বর্ধমান জেলার কথা বলতে পারি যে বর্ধমানে যত ব্লক আছে তাতে ১১৫৫টি টিউবওয়েল হবে। সেখানে নগদ টাকা দেওয়া হয়েছে ১১ লক্ষ—এটা হোল লেবার কষ্ট বাকী মেটিরিয়াল দেওয়া হয়েছে। আবার সহরের জন্য ১২৫টি আলাদা টিউবওয়েল দেওয়া হয়েছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন যে আসানসোল মহকুমায় প্রতি গ্রীষ্মে নিদারুণ জলাভাব দেখা দেয়। সেখানে পানীয় জলের সমস্যার সমাধান করা দরকার। এখানে বর্ধমানের যে হিসাব দিয়েছেন বিশেষ করে আসানসোল মহকুমায় কত পরিমাণ টাকা দেওয়া হয়েছে এই তথ্য আছে কিনা ?

**শ্রীআবদুস সাত্তার ঃ** এটা একটা স্কীম নেওয়া হয়েছে যে ড্রট অঞ্চলে ৩৫টি করে করা হবে। কিন্তু রানীগঞ্জ কোল ফিল্ড এরিয়া ওয়াটার সাপ্লাই স্কীম সম্বন্ধে যে পরিকল্পনা আছে সেই অনুসারে তাকে তিন ভাগে ভাগ করা আছে। তিনটি ফেজে সেটাকে ভাগ করে নেওয়া হয়েছে।

প্রথমটি হচ্ছে Mython Reservoir as source। তাতে পপুলেসন কভার করছে ২.৯৯ হাজার—এরিয়া কভার করেছে ১৪৩ স্কোয়ার মাইল এবং ৪৮টি কোল মাইন্স ও ২১৭টী গ্রাম এবং ১২টি আরব্যান এরিয়া। এতে খরচ হচ্ছে মোট হচ্ছে ৭ কোটি ৬৩ লক্ষ টাকা। দ্বিতীয় হচ্ছে পার্ট টু। সেটা হচ্ছে Damodar is the source of water সেখান থেকে নেওয়া হয়েছে—তাতে কষ্ট পড়ছে ৩ কোটি ২৮ লক্ষ। পপুলেসন কভার করছে ২.৮০ লক্ষ—এরিয়া কভারড ১৪৪.৩০ স্কোয়ার মাইলস, ১৪৩ কোলিয়ারীজ, ১১৩টি গ্রাম, ৫টি আরব্যান এরিয়া। আর তিন নং পরিকল্পনা হচ্ছে Ajoy river is the source of water supply। তাতে পপুলেসন কভার হচ্ছে .৬৬ লক্ষ—এরিয়া কভারড হচ্ছে ৮৮.১৪ স্কোয়ার মাইলস, এবং ২১টি কোলিয়ারী এবং ৬০টি গ্রাম। এতে খরচ হচ্ছে ৯১ লক্ষ টাকা। মোট খরচ হচ্ছে ৭ কোটি ৬৩ লক্ষ টাকা।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় Ranigunj Coal Field Water Supply Scheme-এর বিস্তৃত রূপরেখা দিলেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে প্রতিটি ব্লকে যে ৩৫টি টিউবওয়েল দেবার জন্য যে টাকা মঞ্জুর করা হয়েছে সেই টাকা আসানসোল মহকুমায় এখনও পৌঁছায় নাই। সেই টাকা যাতে সেখানে পৌঁছায় তার ব্যবস্থা তিনি করবেন কি ?

**শ্রীআবদুস সাত্তারঃ** সেটা আমাকে বলবেন, আমি নিশ্চয় অনুসন্ধান করবো যে আসানসোলে গিয়েছে কিনা।

## হাওড়া জেলায় কৃষি ঋণ

*২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৬) **শ্রীশিশিরকুমার সেনঃ** কৃষিবিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপুর্ব্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় এই বৎসর সরকার কৃষি ঋণ এবং গরু কেনার জন্য ঋণ বাবদ কত টাকা মঞ্জুর করিয়াছেন এবং

(খ) হাওড়া জেলায় আসন্ন আমন চাষের জন্য বীজ-ধান সরবরাহের কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ?

**Minister for Agriculture Department** :

(ক) বলদ ক্রয় ঋণ বাবদ ৫০,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।
কৃষি ঋণ বাবদ ১,৬৫,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(খ) হ্যাঁ। নিম্নলিখিত আমন ধান্যের বীজ ১৯৭২-৭৩ সালে হাওড়া জেলায় বিতরণ করা হইয়াছে।

| | |
|---|---|
| আই আর ৮ | ৫৩৬ কেজি |
| এন সি ৬৭৮ | ৮০০০ ,, |
| পঙ্কজ | ৫৪২৬ ,, |
| জগন্নাথ | ৪৫ ,, |
| জে. ই. টি ১১৩৬ | ২২ ,, |
| জয়া | ২৫৩৭ ,, |
| এন. সি. ১২৮১ | ১৩৬৩৫ ,, |
| পদ্মা | ৩০০ ,, |
| এস. আর, ২৬বি | ৭৩১৬ ,, |
| পাটনাই | ২০৯৫ ,, |

সরকারী প্রচেষ্টায় সরকারী খামার এবং বেসরকারী বীজ বিক্রেতার মাধ্যমে যাহা বন্টন ইয়াছে শুধুমাত্র তাহার হিসাব দেওয়া হইল। ইহা ছাড়া কৃষকেরা সরাসরি যে বীজ ক্রয় করিয়াছেন তাহার হিসাব ইহাতে নাই।

## প্রাথমিক ও উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলির বৈদ্যুতীকরণ

*২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪) শ্রীনিতাইপদ সরকার ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে বহু গ্রামীণ প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রে এখনও বিদ্যুৎ পৌছায় নাই,

(খ) সত্য হইলে, বিদ্যুৎ সরবরাহ করা হয় নাই এরূপ স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালের সংখ্যা কত, এবং

(গ) কত দিনের মধ্যে উক্ত হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হইবে বলিয়া আশা করা যায়?

**Minister for Health Department :**

(ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ২১৫

উপস্বাস্থ্যকেন্দ্র ৪২৫

এ জি. ও এফ আর. হাসপাতাল ২৮

(গ) এখন সঠিক বলা সম্ভব নয়।

## বীজ বণ্টন

*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৭) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সরকারের নিয়ন্ত্রণাধীনে বীজ কিভাবে এবং কাহাদের মাধ্যমে চাষীদের নিকট বিক্রয়ের ব্যবস্থা আছে,

(খ) সরকার ঐ বীজ বণ্টন প্রথায় দুর্নীতির কোন অভিযোগ পাইয়াছেন কিনা,

(গ) পাইয়া থাকিলে—

(১) কি কি অভিযোগ, ও

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, এবং

(ঘ) বর্তমান বৎসরে "রেঙ্গুন আলুর বীজ" সরবরাহের জন্য সরকার চিন্তা করিতেছেন কি ?

**Minister for Agriculture Department :**

(ক) সরকারী খামারে উৎপাদিত বীজ নিম্নলিখিত ভাবে বিলি করার ব্যবস্থা আছে।

(১) বীজ খামার হইতে চাষীদের নিকট সরাসরি বিক্রি করা হয়,

(২) ব্লকের দূরবর্তী এলাকায় যেখানে কো-অপারেটিভ সোসাইটি আছে সেখানে তাহাদের মাধ্যমে বিলি হয়,

(৩) যেখানে কোন কো-অপারেটিভ সোসাইটি নেই সেখানে বি. ডি. ওর অনুমোদিত স্থানীয় বীজ বিক্রেতাদের মাধ্যমে বিলির ব্যবস্থা আছে,

(৪) সরকারী খামারে উৎপাদিত বীজ ছাড়া, কিছু সংগৃহিত বীজ, যেগুলি পশ্চিমবঙ্গে প্রথম প্রবর্তন করা হচ্ছে ( যেমন চিনাবাদাম, তুলা, প্রভৃতি ) তাহা বি. ডি. ওর মাধ্যমে বিলি হয়।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) হ্যাঁ।

## আসানসোল মহকুমা হাসপাতালের অ্যাম্বুলেন্স

*২৫৭। অনুমোদিত প্রশ্ন নং *৩৮৭) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল মহকুমার একমাত্র সরকারী হাসপাতালে মাত্র দুটি অ্যাম্বুলেন্স আছে এবং বর্তমানে তাহা অকেজো হয়ে পড়ে আছে, এবং

(খ) সত্য হলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করছেন ?

**Minister for Health Department :**

(ক) একটি এম্বুলেন্স চালু আছে। অপরটি মেরামত করা হচ্ছে।

(খ) যতশীঘ্র সম্ভব আসানসোলে একটি নুতন এম্বুলেন্স দেওয়া হবে।

## লিফ্‌ট ইরিগেশন

*২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৩) শ্রীনরেশচন্দ্র চাকি ঃ কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় জেলাওয়ারি মোট কয়টি রিভার পাম্প-এর মাধ্যমে লিফট ইরিগেশন-এর ব্যবস্থা আছে,

(খ) এক-একটির দ্বারা কত একর জমিতে জলসেচ সম্ভব,

(গ) এইগুলির মাধ্যমে মোট কত একর জমিতে পশ্চিম বাংলায় জলসেচ করা হইতেছে ; এবং

(ঘ) আরও অধিক সংখ্যায় রিভার পাম্প স্থাপন করার কোন পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Agriculture Department :**

(ক) মোট ৯৪৩টি রিভার লিফ্‌ট ইরিগেশন কেন্দ্র স্থাপিত হইয়াছে। জেলাওয়ারী হিসাব এইরকম—মুর্শিদাবাদ ১০৪, নদীয়া ৬৭, ২৪-পরগণা ৫৭, হুগলী ১৫২, বর্ধমান ১০১, হাওড়া ৩০, বীরভূম ৩৫, বাঁকুড়া ৪৮, কুচবিহার ১৭, জলপাইগুড়ি ৭, পুরুলিয়া ৯, পশ্চিমদিনাজপুর ৬০, মালদহ ১২৫, মেদিনীপুর ১৩০, এবং দার্জিলিং ১।

(খ) জল বিতরণ পাইপলাইন স্থাপনের পূর্ব পর্যন্ত ২০০ একরে এবং স্থাপনের পরে ৩৫০ একরে জল দেওয়া সম্ভব।

(গ) ১,০০,৯৫০ একর জমিতে।

(ঘ) আছে।

## গৌরীপুরে লেপ্রসি কলোনি

*২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৫) শ্রীকাশীনাথ মিশ্র ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গৌরীপুর লেপ্রসি কলোনিতে বর্তমানে কতজন দরজী আছেন ; এবং

(খ) গত দুই বৎসরের কোন্ বৎসর উহারা কি কি কাজ করিয়াছেন ?

**The Minister for Health Department :**

(ক) তিন জন।

(খ) গত বৎসর তাঁরা ৩৬টি পায়জামা ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য কিছু উর্দি তৈরী করেছেন। তার আগের বছরে কি কি করেছেন তার বিবরণ সংগ্রহ করা হচ্ছে।

**Unstarred Questions**

(to which written answers were laid on the table)

## বিভিন্ন শিবিরে উদ্বাস্তু পরিবার

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৮) শ্রীনিতাইপদ সরকার ঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কত উদ্বাস্তু পরিবার বিভিন্ন শিবিরে রহিয়াছেন :

(খ) উক্ত পরিবারগুলির মধ্যে কত—

(১) পি এল, ও

(২) পুনর্বাসনযোগ্য পরিবার, এবং

(গ) পুনর্বাসনযোগ্য পরিবারগুলির পুনর্বাসনের ব্যবস্থা কি নাগাত সম্পূর্ণ হইতে পারে?

**The Mnister for Refugee Relief and Rehabilitation :**

(ক) পশ্চিমবঙ্গে এখন কোনো উদ্বাস্তু শিবির নাই, তবে আবাসে ও অথর্ব সদনে আছেন ৮,৮৭৭ উদ্বাস্তু পরিবার।

(খ) (১) স্থায়ী ৬,১৭৭।

(২) বর্তমানে ২,৪৮৩, পরে হইবে ২১৭।

(গ) আগামী দুই থেকে তিন বৎসরে।

## কুপার্স, রূপশ্রী পল্লী শিবিরের ঘর

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯) **শ্রীনিতাইপদ সরকার :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কুপার্স, রূপশ্রী পল্লী প্রভৃতি মহিলা শিবিরের ঘরগুলির অবস্থা বাসোপযোগী নহে, এবং

(খ) সত্য হইলে, এই ঘরগুলি মেরামতের কি ব্যবস্থা সরকার করিয়াছেন?

**The Minister for Refugee Relief and Rehabilitation ;**

(ক) হ্যাঁ।

(খ) ইতিমধ্যে কুপার্সের জন্য ১৬ হাজার ২ শত ৬০ টাকা এবং রূপশ্রী পল্লী ১নং ও ২ নম্বরের জন্য যথাক্রমে ৯ হাজার ৯ শত ২৮ টাকা ও ৫ হাজার ১ শত ৯৬ টাকা মেরামতি ব্যয় মঞ্জুর করা হইয়াছে। অপর আবাস ও অথর্ব সদনগুলি মেরামত করিবার ব্যবস্থা হইতেছে।

## Calcutta Tramways Co. Ltd.

**106.** (Admitted question No. 380.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has any proposal of taking over the Calcutta Tramways Company;

(b) if not, the reasons thereof ; and

(c) what is the price demanded by the Board of Directors of the Calcutta Tramways Company and what is the price offered by the Government for taking over the said company ?

**The Minister for Home (Transport) :** (a) With a view to purchasing the Calcutta Tramways Co, Ltd. the State Government have set up a Negotiation Committee which is negotiating with the said company in this regard.

(b) Does not arise.

(c) Since the negotiation for the purchase is in progress, it will not be in the public interest to furnish the information at present.

**Berhampore Special Jail**

**107.** (Admitted question No. 381.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state —

(a) if the Berhampore Special Jail has been put into commission ,

(b) if so, what is the present capacity of the Special Jail , and

(c) how many more special jails are proposed to be constructed by the Government in the near future ?

**The Minister for Home (Jails) :** (a) Yes.

(b) 1,000.

(c) One.

**Disturbances in different Jails**

**108.** (Admitted question No. 382.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to refer to the reply to question No. 299 (Admitted question No. 760), dated the 5th May, 1972, and state to what extent the recommendations have already been implemented by the Government so far ?

**The Minister for Home (Jails)** : A statement is placed below :—

Statement referred to in reply to unstarred question No. 108

In the reply to question No. 760 it was mentioned that overcrowding in jails, non-segregation of different types of prisoners, inadequacy of warders on ward-duty and coming out of prisoners from the cells and thus giving provocation to the Jail authorities to use force for preventing the escape were the main causes of the incidents of clashes in jails.

The present position in regard to the implementation of the recommendations is given below :

(1) With a view to relieving over-crowding in jails, two special jails—one at Berhampore and the other at Chhatna—have already been set up. The Berhampore Special Jail has already started functioning, and the other at Chhatna will also start functioning shortly. Besides, the capacity in certain other jails is also being increased. Steps are being taken to set up a Special Jail at Durgapur.

(2) Steps have been taken to maintain proper segregation of prisoners in the jails, for deploying warders on ward-duty in batches of 2/3 and for imparting sufficient training to the guarding staff in the jails.

(3) A number of security-biased construtional schemes, e,g., raising the height of perimeter walls, construction of watch towers, improvement of lighting arrangements, etc., have already been executed and certain others are under consideration.

(4) The guarding staff in the jails is being augmented. It has been decided to post security officers in all important jails. In order to exercise better and effective supervision over the security aspect of the jails, the post of the D.I.G., Prisons (Security) so long manned by an officer of the rank of S. P. is proposed to be upgraded to the rank of D.I.G., Police.

(5) An intensive training programme for warders is under consideration of the Government.

**Escape of Prisoners from Burdwan District Jail**

109. (Admitted question No. 383.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) the number of prisoners who escaped from the Burdwan District . Jail on 28th May, 1972,

(b) the number of prisoners re-arrested so far , and

(c) the number of prisoners killed in the incident ?

**The Minister for Home (Jails)**: (a) Twenty-six.

(b) Two prisoners captured by the Jail Warders and three prisoners e-arrested by the police.

(c) Two.

## চিত্তরঞ্জনে দেশবন্ধু মহাবিদ্যালয়

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৯) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** শিক্ষাবিভাগের মাননীয় ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, চিত্তরঞ্জনে দেশবন্ধু মহাবিদ্যালয় সংস্থাপনের জন্য—

(১) রেলকর্তৃপক্ষ সরকারের নিকট আবেদন করিয়াছেন এবং মহাবিদ্যালয় স্থাপনের জন্য প্রয়োজনীয় সংস্থান ও অর্থ দিতে স্বীকৃত হইয়াছেন,

(২) উক্ত মহাবিদ্যালয়ের ক্লাস চালুর জন্য চিত্তরঞ্জনে প্রয়োজনীয় বাড়ি পাওয়ার কোন অসুবিধা নাই , এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Education :**

(ক) (১) রেলকর্তৃপক্ষ চিত্তরঞ্জনে একটি ডিগ্রি কলেজ স্থাপনের প্রস্তাব করিয়াছেন তবে সে স্থানে কলেজের কোন নামকরণ করা হয় নাই। রেলকর্তৃপক্ষ কিছু অর্থ সংস্থানের ব্যবস্থা রিয়াছেন এবং সরকারকে উক্ত প্রস্তাবিত কলেজটিকে স্পনসর্ড কলেজ হিসাবে গ্রহণ করিতে লিয়াছেন।

(২) রেলকর্তৃপক্ষ বর্তমানে স্থানীয় উচ্চ মাধ্যমিক স্কুলে সন্ধ্যাবেলায় কলেজটি চালানোর স্থান দিয়াছেন। কলেজের জায়গা বা বাড়ি সম্বন্ধে কোন প্রস্তাব দেন নাই।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

### Incident in Burdwan District Jail

111. (Admitted question No. 392.) **Shri Rajani Kanta Doloi** : 'ill the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to ate—

(a) whether there has been any enquiry into the incident that occurred in the Burdwan District Jail on the 28th May, 1972 ,

(b) *if so—*

(i) the nature of enquiry,

(ii) whether any report of the enquiry has been snbmitted to the Government,

(iii) the salient findings thereof, and

(iv) the action taken or proposed to be taken by the Government on the report of the said enquiry ?

**The Minister for Home (Jails) :** (a) Yes,

(b) (i) An executive enquiry by the Commissioner, Burdwan Division, under orders of Government

(ii) Yes.

(iii) A statement is placed below.

(iv) (a) Various steps have been and are being taken to tone up the Jail administration. Security officers are going to be posted in all important jails who will look after the security aspect of the Jails.

(b) Disciplinary proceedings are being drawn up against the Superintendent, the Jailor and other staff responsible for the incident.

(c) Steps have been taken to improve the structural constructions including lighting of various jails.

(d) The Jail Code will be suitably revised in order to suit the changing requirements of Jail administration.

*Statement referred to in reply to clause [ (b) iii] of unstarred question No.* 111

The main findings of the Divisional Commissioner, Burdwan Division, who enquired into the incidents of Burdwan District Jail are as follows :

(1) The lack of intelligence and particularly that a co-ordinated action could be taken in jail-breaking was a special feature of the incident.

(2) Slackness in jail administration and probable collusion between the concerned inmates and some of the guarding staff were the causes of the incident.

(3) There was some inaction and negligence on the part of the jail authorities.

(4) The Burdwan District Jail is not a satisfactory structure for keeping extremist prisoners.

(5) The fact that two of the escapees had died as a result of grievous injuries caused on their persons shows that excessive force had been used. But the identity of the persons who had used such excessive force could not be established.

**Lift Irrigation Schemes**

**112.** (Admitted question No. 407.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the Government has examined the impact of the River Lift Irrigation Schemes of the Agricultural Department on the cultivators and noted their reactions ,

(b) if so, what are the salient points of the findings , and

(c) what are the recommendations of the study team ?

**The Minister for Development and Planning**: (a) Yes.

(b) The salient points of the findings are as follows :

River Lift Irrigation led to (i) Higher yield rates by means of improved agricultural practices including introduction of high yielding varieties, (ii) higher crop intensity, that is, increasing the gross cropped area through multiple cropping, and (iii) consequential increase in the value of crops raised in real terms.

(c) The recommendations are inter alia as follows:

(i) Pipelines should be completed to prevent under utilisation and maintenance work should be streamlined

(ii) Immediate steps should be taken to collect both arrear and current water tax.

(iii) Shifting of River Lift Irrigation unit is necessary wherever there is over-lapping of sources.

(iv) Steps should be taken to ensure more regular presence of operators, whenever necessary.

## লাম্প গ্রান্ট প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৩) **শ্রীনিতাইপদ সরকার ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহা কি সত্য যে, সরকার সাহায্যবিহীন ও লাম্প গ্রান্ট প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ঘাটতির ভিত্তিতে সাহায্যদানের কথা বিবেচনা করিতেছেন , এবং

(২) সত্য হইলে, কোন্ সময় হইতে উহা কার্যকরী হইবে ?

**The Minister for Education :**

(১) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(২) এই সম্পর্কে কোন সময় সীমা ধার্য করা সম্ভব নহে।

## ওয়াগনের অভাবে উন্নয়ন কাজ ব্যাহত

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৬) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে ওয়াগনের অভাবে বহুবিধ উন্নয়নমূলক কাজ ব্যাহত হইতেছে , এবং

(খ) সত্য হইলে, সরকার এই সংকট মোচনের জন্য কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Home (Transport) :**

(ক) হাঁা।

(খ) অসুবিধাগুলি কি ধরনের তা নির্ণয় করার উদ্দেশ্যে রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে ঘনি যোগাযোগ রাখা হইয়াছে। কার্যসূচি অনুযায়ী সরকারী মালপত্র বহনের জন্য ওয়াগন সরবরা নিশ্চিত করার উদ্দেশ্যে রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে বিভিন্ন স্তরে আলোচনাক্রমে উক্ত বিষয় সর্বদাই পর্যালোচনা করা হইতেছে। শিল্পসমূহকে সহায়তা করার উদ্দেশ্যে, সরকারী কর্মচারি ও রেলওয়ে কর্তৃপক্ষের প্রতিনিধি, কয়লা নিয়ামক (কোল কন্ট্রোলার) এবং বিভিন্ন বণিকসভা প্রতিনিধিদের নিয়ে সরকার ওয়াগনের জন্য একটা উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করিয়াছেন রেলওয়ে কর্তৃপক্ষের মতে মূলতঃ মাল বোঝাই ওয়াগনগুলি থেকে তাড়াতাড়ি মাল খালাস ন হওয়াই ওয়াগন সরবরাহের স্বল্পতার কারণ। এ সম্পর্কে কলকাতা এলাকায় বড় বড় গ্রাহকদের (কনসাইনি) অবহিত করা হইয়াছে এবং রেলওয়ে বিভাগের সহযোগিতায় শিল্পের ক্ষেত্রে অবস্থা উন্নতি দেখা যাইতেছে।

এ বিষয়ে আরও উন্নতিবিধানের উদ্দেশ্যে ৩-৭-৭২ তারিখে রোটাণ্ডায় মাননীয় কেন্দ্রীয়

রেলমন্ত্রীর সভাপতিত্বে এক সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে মুখ্যমন্ত্রী ও অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রিগণ এবং কেন্দ্রীয় ও রাজ্যের আধিকারিবৃন্দ উপস্থিত ছিলেন।

## কল্যাণী বিশ্ববিদ্যালয়কে কৃষি-বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিতকরণ

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৩) **শ্রীনিতাইপদ সরকার** ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কল্যাণী বিশ্ববিদ্যালয়কে কৃষি-বিশ্ববিদ্যালয় হিসাবে গড়িয়া তুলিবার বিষয়টি সরকার বিবেচনা করিয়াছিলেন, এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ?

**The Minister for Education:**

(ক) ও (খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

## বেকার কৃষি-স্নাতক

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৯) **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী বর্তমানে কতজন কৃষি-স্নাতক বেকার আছেন, এবং

(খ) তাঁহাদের চাকরি দেওয়ার জন্য সরকারের কোন প্রস্তাব আছে কিনা এবং থাকিলে, তাহা কি ?

**The Minister for Agriculture:**

(ক) বেকার কৃষি স্নাতকদের কোন তালিকা কৃষি অধিকারে রাখা হয় না।

(খ) প্রয়োজনানুসারে অনুমোদিত প্রকল্পে কৃষি-স্নাতকদিগকে নিয়োগ করা হইয়া থাকে।

## কল্যাণী কৃষি কলেজ

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩০) **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ কৃষিবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কৃষি কলেজের আসন সংখ্যা বর্তমানে কত,

(খ) ইহা কি সত্য যে, গত তিন বৎসর ধরিয়া ঐ কলেজে আসন সংখ্যা কখনও হ্রাস এবং কখনও বৃদ্ধি করা হইয়াছে ; এবং

(গ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকারের অনুমতি লওয়া হইয়াছিল কিনা ?

**The Minister for Agriculture :**

(ক) ১৯৭১-৭২ বি. এস. সি. অনার্সে আসন সংখ্যা—১৪০ এবং এম. এস. সি-তে আসন সংখ্যা—৬৫ ।

(খ) সত্য। ১৯৬৯-৭০এ বি. এস. সি. অনার্স ও এম. এস. সি তে আসন সংখ্যা ১৬০ ও ৮৮; ১৯৭০-৭১-এ উহা যথাক্রমে ১২০ ও ৮৫, এবং ১৯৭১-৭২-এ যথাক্রমে ১৪০ ও ৬৫ ।

(গ) (১) কৃষি-স্নাতকোত্তর পর্যায়ে চাকুরিগত সুযোগ-সুবিধার সম্ভাবনা অনুযায়ী ছাত্র ভর্তির পরিসংখ্যানে হ্রাসবৃদ্ধি হয়; এবং ইহাই আসনসংখ্যা হ্রাসবৃদ্ধির কারণ।

(২) সরকারের অনুমতির প্রয়োজন পড়ে না।

## কল্যাণী বিশ্ববিদ্যালয়

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪২) **শ্রীকাশীনাথ মিশ্র** ঃ কৃষিবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কল্যাণী বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় বলিয়া ঘোষণা না করার জন্য এই বিশ্ববিদ্যালয়ের কৃষি ফ্যাকাল্টি (ইণ্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ) এবং ফোর্ড ফাউণ্ডেশন-এর নিকট প্রাপ্য গ্র্যান্ট-এর টাকা পাইতেছে না, এবং

(খ) সত্য হইলে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা লইয়াছেন ?

**The Minister for Agriculture :**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) সম্প্রতি সরকার সাতটি কৃষিক্ষেত্র এবং চারিটি গবেষণা সংস্থা কল্যাণী বিশ্ববিদ্যালয়কে হস্তান্তরিত করিয়াছেন। পূর্ণাঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রশ্নটি সর্বোচ্চ পর্যায়ে বিবেচনাধীন আছে।

## রানাঘাট ব্লকে স্যালো টিউবওয়েল

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৯) **শ্রীনরেশচন্দ্র চাকী** ঃ কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার রানাঘাট ১নং ব্লকে বর্তমানে মোট কয়টি স্যালো টিউবওয়েল আছে;

(খ) ইহাদের মধ্যে কতটিতে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে, এবং

(গ) নতুন স্যালো টিউবওয়েল এবং বিদ্যুৎ সরবরাহের জন্য জেলাস্তরে কাহার নিকট আবেদন করিতে হয় ?

**The Minister for Agriculture :**

(ক) ১৪৮টি।

(খ) ৭টিতে।

(গ) ডিভিশনাল ইঞ্জিনিয়ার, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের নিকট।

### Taxi permits

**120.** (Admitted question No. 628.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Home (Transport) Department be pleased to state—

(a) total number of taxi permits issued by Regional Transport Authority, Calcutta, during the period from January, 1972 to June, 1972 ,

(b) total number of permits actually utilised by the the permit-holders up to June 1972 , and

(c) what action the Government is considering to take against those who failed to bring their vehicles on the road ?

**The Minister for Home (Transport) :** (a) Five thousand offer letters for taxi permits were issued during the period under review.

(b) Thousand and one taxi permits have been issued up to June 1972.

(c) Time for production of the vehicle has been extended up to 30th November, 1972 and after that, in respect of the offerees who will fail to produce vehicle, the offer letter may be revoked.

### Blackmarketing of Truck and Bus Chassis

**121.** (Admitted question No. 629.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the State Government has sought the intervention/help of the Government of India in checking the blackmarketing of truck and bus chassis in this State ; and

(b) if so, has the State Government been assured of any help in the matter by the Gevernment of India ?

**The Minister for Home (Transport) :** (a) and (b) Yes.

## আমদাবিল সংস্কার

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৫) **শ্রীনরেশচন্দ্র চাকী** ঃ মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার রানাঘাট থানার আমদাবিল সংস্কারের জন্য এ পর্যন্ত কত টাকা খরচ করা হইয়াছে ; এর জন্য আর কত টাকা প্রয়োজন হইবে ;

(খ) এই বিলের জল ব্যবহারের জন্য কি কি পরিকল্পনা করা হইয়াছে ; এবং

(গ) এই পরিকল্পনা পুরোপুরি চালু হইলে মাসিক মোট কত পরিমাণ মৎস্য উৎপন্ন হইবে এবং কি পরিমাণ লোক কর্মে নিযুক্ত হইবে।

**The Ministei for Fisheries :**

(ক) (১) আমদাবিল সংস্কারের জন্য এ পর্যন্ত ৬৩,৬৫১·৪১ টাকা খরচ করা হইয়াছে।

(২) জলাশয় সংস্কার এবং ৮০০০ ফুট লম্বা এবং ১০ ফুট উঁচু একটি বাঁধ তৈয়ারির কাজ শেষ করিতে আরও প্রায় ১,০৫,০০০·০০ টাকার প্রয়োজন হইবে।

(খ) সংস্কারের শেষে এই বিলের জল মৎস্য চাষের জন্য ব্যবহৃত হইবে।

(গ) (১) এই পরিকল্পনা পুরোপুরি চালু হইলে আশা করা যাইতেছে যে, উহা হইতে মাসিক প্রায় ৩৩ কুইন্টাল মৎস্য উৎপন্ন হইবে যাহার মূল্য প্রায় ১৩,২০০ টাকা।

(২) বর্তমানে ৭ জন লোক নিযুক্ত আছেন। পরে ফার্ম ম্যানেজার, ফার্ম অ্যাসিস্ট্যান্ট, ফিশারম্যান-অ্যাটেণ্ডান্ট, গার্ড এবং পিওন মিলিয়া আরও মোট ১৪ জন লোককে নিযুক্ত করা হইবে বলিয়া আশা করা যাইতেছে। ইহা ছাড়া অন্ততপক্ষে ৫০ জন মৎস্যজীবী এই বিল হইতে মাছ ধরা, বিল পরিষ্কার করা ইত্যাদি কাজ করিয়া পারিশ্রমিক লাভ করিবেন।

## অবৈতনিক শিক্ষাব্যবস্থা

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬২) **শ্রীনিতাইপদ সরকার** ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভারতের সংবিধানে ১৪ বৎসর পর্যন্ত বালক-বালিকাদের শিক্ষা অবৈতনিক করিবার সুস্পষ্ট নির্দেশ ছিল ;

(খ) সত্য হইলে, ইহা কার্যকরী করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(গ) অষ্টম শ্রেণী পর্যন্ত বালকদের অবৈতনিক করার বিষয়টি বর্তমানে সরকার বিবেচনা করিতেছেন কি ?

**The Minister for Education :**

(ক) হ্যাঁ।

(খ) গ্রামাঞ্চলে এবং কয়েকটি পৌর এলাকায় চতুর্থ শ্রেণী পর্যন্ত ( নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী পর্যন্ত ) অবৈতনিক শিক্ষা দেওয়া হয়। পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে ও শহরাঞ্চলে কয়েকটি শর্তসাপেক্ষে বালিকাদের জন্য অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করা হইয়াছে।

(গ) আপাতত করছেন না।

## বিভিন্ন জেলায় ষ্টেডিয়াম

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫১) **শ্রীআব্দুল বারি বিশ্বাস** ঃ শিক্ষা (খেলা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কোন্ কোন্ জেলায় কোন্ কোন্ স্থানে স্টেডিয়াম তৈয়ারি হইয়াছে ;

(খ) কোন কোন স্থানে বর্তমান আর্থিক বৎসরে স্টেডিয়াম করার পরিকল্পনা আছে,

(গ) প্রতিটি জেলায় ন্যূনপক্ষে একটি স্টেডিয়াম করার কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(ঘ) থাকিলে, কবে নাগাত এই স্টেডিয়ামগুলির কাজ আরম্ভ ও সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Education (Sports) :**

(ক) (১) কোচবিহার জেলা—কোচবিহার, (২) জলপাইগুড়ি জেলা—জলপাইগুড়ি, (৩) দার্জিলিং জেলা- দার্জিলিং, (৪) মালদহ জেলা—মালদহ, (৫) বাঁকুড়া জেলা--বাঁকুড়া, (৬) বর্ধমান জেলা—বর্ধমান, (৭) হুগলি জেলা,--শ্রীরামপুর, (৮) চব্বিশপরগণা জেলা—বেলঘরিয়া, (৯) নদিয়া জেলা—কৃষ্ণনগর, এবং (১০) হাওড়া জেলা—হাওড়া।

(খ) অর্থের সংস্থান হইলে বর্তমান আর্থিক বর্ষে মেদিনীপুরে একটি স্টেডিয়াম স্থাপন করার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(গ) ও (ঘ) এ ধরনের কোন পরিকল্পনা নাই। তবে অর্থের সংস্থান হইলে এই ধরনের প্রস্তাব অবশ্যই বিবেচনা করা হইবে।

## মৎস্যজীবী

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৫) **শ্রীনিতাইপদ সরকার** ঃ মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মৎস্যজীবীদের সংখ্যা কত,

(খ) কত একর জলাভূমিতে এবং জলকরে উক্ত মৎস্যজীবীরা মৎস্য শিকার করিয়া থাকে, এবং

(গ) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ সম্প্রদায়ের লোক (সাব কাস্ট) মৎস্যজীবী ?

**The Minister for Fisheries :**

(ক) ১৯৭১ সালের আদমসুমারির তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গে মৎস্যজীবীদের সংখ্যা হইল ২৯৮,১০০।

(খ) যে বিভিন্ন প্রকার জলাভূমি ও জলকরে উক্ত মৎস্যজীবীরা মৎস্য চাষ ও শিকার করিয়া থাকে তাহার আয়তন নিম্নে দেওয়া হইল—

(১) পুষ্করিণী—৬ লক্ষ একর।

(২) বিল ও বাঁওড়—২ লক্ষ একর।

৩) নদী, খাল প্রভৃতি—৫ লক্ষ একর।

(৪) সংরক্ষিত জলাধার—১০ হাজার একর।

(৫) ময়লা জলের ( সিউয়েজ ) ঘেরি—২২ হাজার একর।

(৬) মোহানা অঞ্চলস্থিত মিঠা ও লবণমিশ্রিত জলাশয়—৪ লক্ষ ৩০ হাজার একর।

(৭) ভাসাবাদা অঞ্চলস্থিত মিঠা ও লবণমিশ্রিত জলাশয়—২০ হাজার একর।
মোট ১৮ লক্ষ ৪২ হাজার একর।

(গ) সরকারী তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গে নিম্নলিখিত সম্প্রদায়ভুক্ত লোকেদের মৎস্যজীবী বলিয়া গণ্য করা হয় :—

(১) কৈবর্ত, (২) ধীবর, (৩) মালো, (৪) রাজবংশী, (৫) তিয়র, (৬) কিয়ট, (৭) গোস্বামী, (৮) বিন্দ, (৯) বাগ্‌দী, (১০) নমদাস, (১১) কদমা, (১২) পোদ, (১৩) হাড়ি, (১৪) দুলে, (১৫) ঝালো, (১৬) কেওড়া, (১৭) কোলে, (১৮) সরাইয়া, (১৯) শুঁড়ি, (২০) মাট, (২১) লেত, (২২) বাহতি, (২৩) জেলিয়া, (২৪) মেটা, (২৫) বেজ, (২৬) কোটাল ও (২৭) তেলাইয়া।

## মৎস্য আমদানি

১২৬। ( অনুমোদিত প্রশ্ন নং ৭৮৪ ) **শ্রীঅশ্বিনী রায়ঃ** মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারতের অন্যান্য রাজ্য হতে এ রাজ্যে মৎস্য আমদানির কোন তথ্য আছে কি ;

(খ) থাকিলে, ১৯৭০-৭১, ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালের জুন পর্যন্ত কোন্ রাজ্য হইতে কত মাছ আমদানি করা হইয়াছে ; এবং

(গ) উক্ত সময়ে পশ্চিমবঙ্গ রাজ্যে মৎস্যের উৎপাদন ও সংগ্রহের পরিমাণ ?

**The Minister for Fisheries :**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে বিভিন্ন প্রদেশ হইতে পশ্চিমবঙ্গে মাছ আমদানির হিসাব সংলগ্ন বিবরণী নিম্নে দেওয়া হইল। ১৯৭২-৭৩ সালের জুন মাস পর্যন্ত হিসাব বিভিন্ন কেন্দ্র হইতে এখন পর্যন্ত পাওয়া না যাওয়ায় দেওয়া সম্ভব হইল না।

(গ) ১৯৭০ সালের উৎপাদন ও সংগ্রহের পরিমাণ যথাক্রমে ২২০,০০০ ও ২৪৭,০০০ মেট্রিক টন। ১৯৭১ সালের উৎপাদন ও সংগ্রহের পরিমাণ যথাক্রমে ২২৪,০০০ ও ২৫৪,০০০ মেট্রিক টন বলিয়া অনুমান করা যায়।

১৯৭২ সালের জুন মাস পর্যন্ত সময়ের জন্য তথ্য এখনও পাওয়া যায় নাই।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 126

**Statement showing the import of Fish to West Bengal from different States in 1970-71, 1971-72 (figures are in metric tons)**

| Name of the States | Import Figures (in metric tons) 1970-71 | 1971-72 |
|---|---|---|
| 1. Uttar Pradesh | 11,835 | 11,252 |
| 2 Bihar | 4,225 | 4.214 |
| 3. Orissa | 4,991 | 4.648 |
| 4. Andhra Pradesh | 3,871 | 3.605 |
| 5. Delhi | 2,848 | 2.653 |
| 6. East Punjab | 1,266 | 1,179 |
| 7. Madhya Pradesh | 828 | 771 |
| 8. Rajasthan | 779 | 726 |
| 9. Maharastra | 633 | 589 |
| 10. Tamilnadu | 438 | 408 |
| Total (in metric tons) | 31,717 | 30,045 |

N.B.—Figures do not include import figures of Kharagpur, Asansol Burdwan, Durgapur.

## ফিসারি এক্সটেনশন অফিসার

১২৭। ( অনুমোদিত প্রশ্ন নং ৫২৬ ) **শ্রীকাশীনাথ মিশ্র**ঃ মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতি জেলায় বর্তমানে ফিসারি এক্সটেনশন অফিসার কতজন আছেন।

(খ) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বর্তমানে ফিসারি এক্সটেনশন অফিসারের কয়েকটি পদ শূন্য আছে ;

(গ) সত্য হইলে, প্রতি জেলার কোন্ ব্লকে বর্তমানে ঐরূপ কয়টি পদ শূন্য আছে ,

(ঘ) বর্তমানে এই পদগুলি পূরণ করা হইবে কিনা :

(ঙ) এই পদের জন্য কোন প্যানেল আছে কিনা এবং থাকিলে, তার সংখ্যা কত , এবং

(চ) উক্ত পদ পূরণের জন্য বিভাগীয় দপ্তর হইতে কাগজে বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল কিনা এবং হইলে, কোন্ কাগজে এবং কোন্ তারিখে ?

**The Minister for Education :**

(ক) ও (গ) এতদ্‌সম্পর্কিত বিবরণী নিম্নে উপস্থাপিত করা হইল।

(খ) হ্যাঁ।

(ঘ) পূরণ করা হইবে।

(ঙ) গত ফেব্রুয়ারি মাসে প্যানেল প্রস্তুত করা হইয়াছিল। প্যানেলভুক্ত প্রার্থীসংখ্যা ৫৩।

(চ) নিম্নলিখিত খবরের কাগজে পার্শ্বে বর্ণিত তারিখে বিজ্ঞাপন প্রকাশিত হইয়াছিল—

(১) অমৃতবাজার পত্রিকা—২০-৬-১৯৭১

(২) আনন্দবাজার পত্রিকা—২০-৬-১৯৭১

(৩) যুগান্তর পত্রিকা—২০-৬-১৯৭১

(৪) স্টেটসম্যান পত্রিকা—২২-৬-১৯৭১

*Statemeni referred to in reyly to clauses (ka) and (ga) of unstarred questton No. 127.*

বিবরণী

| ক্রমিক নং | জেলার নাম | | ফিসারি এক্সটেনসন অফিসার কতজন আছেন | কয়টি পদ শূন্য আছে | ব্লকের নাম ( যেখানে পদ শূন্য আছে) |
|---|---|---|---|---|---|
| ১ | বর্ধমান | ... | ১৯ | ১ | কাটোয়া ১ নং |
| ২ | নদীয়া | ... | ১৫ | ১ | কৃষ্ণগঞ্জ |
| ৩ | ২৪-পরগণা | ... | ২১ | ... | ... |
| ৪ | মুর্শিদাবাদ | ... | ৫ | ... | ... |
| ৫ | হুগলী | ... | ৯ | ... | ... |
| ৬ | হাওড়া | ... | ১ | ... | ... |
| ৭ | মেদিনীপুর | ... | ১৫ | ২ | (১) এগরা ১ নং |
| | | | | | (২) রামনগর ১ নং |
| ৮ | বীরভুম | ... | ১০ | ২ | (১) রাজনগর |
| | | | | | (২) খয়রাসোল |
| ৯ | পশ্চিম দিনাজপুর | | ৪ | ১ | তপন |
| ১০ | কুচবিহার | | ৩ | ... | ... |
| ১১ | পুরুলিয়া | ... | ১৫ | ৫ | (১) পুরুলিয়া ১নং |
| | | | | | (২) মানবাজার ১নং |
| | | | | | (৩) রঘুনাথপুর ১নং |
| | | | | | (৪) পারা |
| | | | | | (৫) কাশীপুর |

| ক্রমিক নং | জেলার নাম | ফিসারি এক্সটেনসন অফিসার কতজন আছেন | কয়টি পদ শূন্য আছে | ব্লকের নাম (যেখানে পদ শূন্য আছে |
|---|---|---|---|---|
| ১২ | বাঁকুড়া ... | ১০ | ৬ | (১) বাঁকুড়া ২নং |
| | | | | (২) রায়পুর ১নং |
| | | | | (৩) মালিয়া ২নং |
| | | | | (৪) ইঁদপুর |
| | | | | (৫) সিমলাপোল |
| | | | | (৬) গঙ্গাজলঘাটী |
| ১৩ | মালদা ... | ৮ | ৭ | (১) রাতুয়া ২নং |
| | | | | (২) কালিয়াচক ১নং |
| | | | | (৩) কালিয়াচক ৩নং |
| | | | | (৪) মাণিকচক |
| | | | | (৫) হরিশ্চন্দ্রপুর ২নং |
| | | | | (৬) থবর্মা |
| | | | | (৭) গাজোল |
| | মোট ... | ১৩৫ | ২৫ | |

## মৎস্যজীবীদের সরকারী সাহায্য

১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯২) **শ্রীনিতাইপদ সরকার**ঃ মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৎস্যজীবীদের জন্য গত ১৯৬৯-৭০, ১৯৭০-৭১ ও ১৯৭১-৭২ সালে মোট কত টাকা সাহায্য এবং ঋণ বাবত প্রদান করা হইয়াছে ; এবং

(খ) মৎস্য সমবায় সমিতিগুলিকে কোন টাকা সাহায্য বা ঋণ হিসাবে দেওয়া হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে, উক্ত তিন বৎসরে কোন্ কোন্ সমিতিকে পৃথক পৃথকভাবে কত টাকা দেওয়া হইয়াছে ?

**The Minister for Fisheries :**

| (ক) বৎসর | প্রদত্ত | |
|---|---|---|
| | ঋণ | অনুদান |
| | ( লক্ষ টাকায় ) | |
| ১৯৬৯-৭০ | ৪·৬৯ | ·২৫ |
| ১৯৭০-৭১ | ৯·০০ | ২·৩৯ |
| ১৯৭১-৭২ | ৩·৮৯ | ৮·২৭ |

(খ) হ্যাঁ, দেওয়া হইয়াছে। প্রয়োজনীয় বিশদ তথ্যাদি সম্বলিত বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

## তুলা চাষ

১২৯। ( অনুমোদিত প্রশ্ন নং ৪২৭ ) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** কৃষিবিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ১৯৭১-৭২ আর্থিক বৎসরে এই রাজ্যে কোন্ জেলায় তুলা চাষের জন্য কত টাকা ব্যয় করা হইয়াছে,

২) যেসমস্ত জেলায় তুলা চাষ বাবত অর্থ খরচ করা হইয়াছে সেইসব জেলায় তুলা চাষের বর্তমান অবস্থা কি রকম, এবং

(৩) জেলাওয়ারীভাবে প্রতি ব্লকে তুলা চাষের পরিমাণ কত ?

**The Minister for Agriculture :**

(১) জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ দেওয়া হইল। প্রকৃত খরচের পরিমাণ এখনও জানা যায় নাই।

(ক) ২৪-পরগণা —৯,১০,৫৬৭ টাকা।

(খ) মেদিনীপুর—৩,৬৮,৪৬৭ টাকা।

(গ) হাওড়া—১,৫৪,২৮৩ টাকা।

(২) সমগ্র তুলা চাষ মরসুমে অভূতপূর্ব খরাজনিত প্রতিকূল আবহাওয়া তুলাগাছের বৃদ্ধি ও কার্পাস উৎপাদন ব্যাহত করিয়াছে। বর্তমানে কার্পাস সংগ্রহের কাজ চলিতেছে।

(৩) এই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

## *Calling Attention To Matters Of Urgent Public Importance*

**Mr. Speaker :** The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of strike-call by the students of the Calcutta University on 22nd July, 1972.

(Attention called by Shri Aswini Roy on the 21st July, 1972.)

**Shri Mrityunjoy Banerjee** : Government has noted with concern the strike-call and the actual strike thereafter by the students of the Calcutta University of their demands, viz, resignation of the Vice-Chancellor. Such resignation is a personal affair of the Vice-Chancellor. Government has very little to do with it. To improve the College and University education including re-organisation of the University is under active consideration of the Government. It will take some time before a decision can be taken. Further, a committee consisting of representatives of the University Grants Commission, Government and other bodies is also currently investigating into the question of re-organisation of the Calcutta University.

**Mr. Speaker :** The Minister-in-charge of the Irrigation and Waterways Department will please make a statement on the subject of non-supply of D.V.C. canal water in several districts.

(Attention called by Shri Aswini Roy, Shri Ajit Basu and Shri Hara Sankar Bhattachacharya on the 14th July, 1972.)

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury** : The C. W. & P. C. operates the D.V C. dams and regulates release of water through the D.V.C. canal system.

In order to facilitate pre-monsoon irrigation, usually a khariff reserve of 50,000 acre ft. is kept in the dams. This enables release of water for puddling operations for preparation of khariff fields and seeds. This could not be done for the following reasons.

Unfortunately however, Rabi and Boro acreage was tremendously increased this year—it rose to more than 2 lakh acres against the irrigation capacity of 50,000 acres of Rabi—not Rabi and Boro combined. Not only that irrigation had to be continued because of insistance on supply of Boro till the 10th of May a large portion of the area, where such irrigation facility was extended was affected by floods of 1971.

This was possible only by depleting the khariff reserve completely and also drawing upon the hydel reserves to a certain extent.

The depletion of the reserves coincided with extreme drought conditions and late monsoon and the reservoirs could not be re-charged.

The supply position is indicated below.

| Date | Quantity indented | Quantity released from the dams. |
|---|---|---|
| 2-7-72 | 3000 acre feet. | 510 acre ft. |
| 3-7-72 | do | 400 ,, |
| 4-7-72 | do | 578 ,, |

The live storage as on 13-7-72 of all the reservoirs was reported to be of the order of 1,64,653 acre feet againts the figure of records 10 lakh acre feet on the corresponding date last year.

Naturally enough no release for puddling operations has been possible inspite of a very acute demand for irrigation for puddling operations because of the drought this year.

[3-20—3-30 p.m.]

Naturally late sowing cannot be helped. Sowing operations will be delayed but the extent of damage to crop can only be indicated by Agriculture Department. According to the Director of Agriculture the drought has been unprecedented, not witnessed perhaps during the last fifty years or so.

Mr. Speaker, Sir, things have become better now and I am giving you the recent figures. Full requirement of water in D.V.C. is being supplied from the 15th. It takes about four days for the water to reach the areas—17,500 acre feet per day. Water from Mayurakshi is being released at the rate of 9,000 ac.ft per day from 20-7-72. Water from Kangsabati is being released at the rate of 6,000 ac.ft per day from 15-7-72.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মিঃ স্পিকার স্যার, কয়েকদিন আগে পশ্চিমবঙ্গের বিভিন্ন সংবাদপত্রে একটি সংবাদ বেরিয়েছে এব সেই সংবাদপত্রে বলা হয়েছে যে পশ্চিম দিনাজপুরে ৫০ জন মানুষ অনাহারে মারা গেছে এবং এই ব্যাপার নিয়ে আমরা বিধানসভার মাননীয় সভ্যরা খুবই উদ্বিগ্ন হয়ে আছি। কেননা, ৫০ জন মানুষ মারা গেছে, খবর বেরিয়েছে, আর মানুষের দ্বারা নির্বাচিত আমরা যারা বিধানসভার সদস্যরা রয়েছি তারা সাধারণভাবেই এই ব্যাপারে খুবই উদ্বিগ্ন বোধ করছি। এ বিষয়ে মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন,

এর একটা বক্তব্য বেরিয়েছে এবং মাননীয় মন্ত্রী সন্তোষ রায় মহাশয়েরও একটি বক্তব্য বেরিয়েছে। মাননীয় জয়নাল আবেদিন সাহেবের যে বক্তব্য কাগজে বেরিয়েছে তাতে বলা হয়েছে পশ্চিম দিনাজপুরে ৫০ জন মানুষ অনাহারে মারা গেছে। আর মাননীয় সন্তোষ রায় মহাশয় বলেছেন ঐ সংবাদ সত্য নয়। মাননীয় স্পীকার, স্যার, সংবাদপত্রে ৫০ জনের অনাহারে মৃত্যু হয়েছে এই একটা সংবাদ যে বেরিয়েছে সেটা অত্যন্ত গুরুতর ব্যাপার এবং ব্যাপারটি এতই জরুরী যে এই বিষয়ে একটি সঠিক তথ্য বিধানসভার মাননীয় সদস্যদের জানা দরকার। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী যারা আছেন কিম্বা মাননীয় মুখ্যমন্ত্রী যেন এই সম্পর্কে বিধানসভার সদস্যদের অবগত করেন যে প্রকৃত ঘটনা কি।

**Mr. Speaker** : There is no point of privilege involved, because that does not concern about the proceedings of the House.

I have received four notices of calling attention on the following subjects, namely :—

(1) Police firing on peaceful hunger strikers at Kenda Colliery in Burdwan district—from Shri Aswini Roy.

(2) Acute power crisis in Asansol-Durgapur sub-district—from Shri Sukumar Bandyopadhyay.

(3) Reported closing down of several 'Biri' factories in Murshidabad district—from Shri Abdul Bari Biswas.

(4) Inadequate power supply and erratic power cuts affecting different industries and coal mines of Asansol subdivision—from Shri Niranjan Dihidar.

I have selected the notice of Shri Aswini Roy on the subject of police firing on peaceful hunger strikers at Kenda Colliery in Burdwan district. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Dr. Md. Fazle Haque** : On Friday next, Sir.

## Mention Cases

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র আমি একটি কলিং এ্যাটেনসন দিয়েছিলাম আপনি সেটা গ্রহণ করতে পারেন নি। যাই হোক, আপনি আমাকে যে একটু বলবার জন্য সময় দিয়েছেন সেই জন্য আমি আপনার কাছে কৃতজ্ঞ। আমাদের মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় প্রায় ৭০ হাজারের মত বিড়ি শ্রমিক আছে এবং এই বিড়ি শ্রমিকদের পরিবার পরিজনদের নিয়ে প্রায় ৩/৪ লক্ষের মত লোক এই শিল্পের উপর নির্ভরশীল। কিন্তু

আজকে আমি জঙ্গীপুর মহকুমা বিড়ি শ্রমিক ইউনিয়নের কাছ থেকে একটি চিঠি পেয়েছি এবং সেই চিঠিতে বলা হয়েছে সেখানকার এম. বি. এম. কোম্পানী প্রাইভেট লিমিটেড, মণ্ট, বিড়ি ফ্যাক্টরি প্রাইভেট লিমিটেড, মুর্শিদাবাদ বিড়ি ফ্যাক্টরি, বিনা নোটিশ, বিনা কারণে কারখানা বন্ধ করে দিয়েছে এবং অন্যান্য যে সমস্ত কারখানা আছে যেমন বান্ধব বিড়ি ফ্যাক্টরি প্রাইভেট লিমিটেড, রাধেশ্যাম তীর্থবাসী পাল, আসাম বিড়ি ওয়ার্কস এবং সি জে. প্যাটেল কোম্পানী এরা মাত্র ৩ দিন করে কাজ দিচ্ছে ৭ দিনের জায়গায়।

এই অবস্থা চলার দরুন একদিকে যেমন কারখানা বন্ধ হয়েছে অপর দিকে সাত দিনের মধ্যে তিন দিন কাজ দেওয়ায় দু একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হচ্ছে। ওখানে যে সমস্ত বিড়ি শ্রমিক আছে তারা আজকে তাদের শ্রম হারিয়েছেন। তারা এবং তাদের পরিবার পরিজন অত্যন্ত অসহায় অবস্থার সম্মুখীন হয়েছেন। এই বিষয় নিয়ে এর পূর্বেও এই হাউসে নোটিশ দেওয়া হয়েছিল এবং আমি আমার বক্তব্য রেখেছি। এ ব্যাপারে minimum wages-এর যে board হয়েছে, সেই বোর্ডের আজ পর্য্যন্ত function করান হল না। এবং সেই board-এর কার্যক্রম কি সে বিষয় নিয়ে বেশী পুঙ্খানুপুঙ্খ আলোচনা করলেন না। আজকে শ্রমিকদের পাশে দাঁড়িয়ে, তাদের স্বার্থের পক্ষে কথা বলার যে অবস্থা সেটা আস্তে আস্তে দেখা যাচ্ছে ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন যে drought চলে গেল, flood চলে গেল। মুর্শিদাবাদ জেলায় flood-এ affected হল, drought-এ affected হয়েছে, কিন্তু এই প্রাকৃতিক দুর্যোগ হবার পরে সেখানকার বিড়ি শ্রমিকরা আজ যে শ্রম হারিয়েছে, আজকে প্রতিটি মানুষের অন্ন সংস্থানের কোন ব্যবস্থা নেই। আজকে তারা আমার কাছে report পাঠিয়েছে চিঠিসহ আপনার মাধ্যমে এটা সংশ্লিষ্ট দপ্তরের কাছে পাঠিয়ে দিতে অনুরোধ করি এবং সংগে সংগে সরকারের আশু হস্তক্ষেপের জন্য অনুরোধ জানাচ্ছি। এবং অবিলম্বে যতদিন না এই কারখানাগুলো খোলে, যতদিন পর্যন্ত না শ্রমিকদের স্বার্থ আদায় হয়, ততদিন পর্য্যন্ত অন্ততঃ ব্যাপকভাবে খয়রাতি সাহায্য দিয়ে তাদের এবং তাদের পরিবার পরিজনকে বাঁচিয়ে রাখার ব্যবস্থা করা হোক। এবং এই কারখানাগুলির মালিক যারা তারা যাতে কারখানাগুলি খোলে তার জন্য সমস্ত রকম প্রচেষ্টা সরকারের পক্ষ থেকে করা হোক।

**ডঃ এ এম ও গনি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন স্যার, আজকে ১২ দিন থেকে পশ্চিম বাংলায়, বিশেষ করে কলকাতা এবং তার আশেপাশে শিল্পাঞ্চলে উর্দু খবরের কাগজগুলি বন্ধ হয়ে আছে, তাদের কর্মচারীরা ধর্মঘট করেছে। কারণ হচ্ছে, তাদের মালিকরা Second Wage Board-এর যে সিদ্ধান্ত, যে সুপারিশ সেটা মানছে না, অস্বীকার করছে। তাদের অমানুষিক পরিশ্রম করতে হয়। তাদের মধ্যে একটা ছোট Group আছে যাকে Katib বলা হয় সেটা অন্যান্য press-এ নেই। তাদের সমস্ত press-এর matter হাতে লিখে তৈরী করে দিতে হয় এবং সেটাকে litho করে ছাপান হয়। এই অমানুষিক পরিশ্রমের জন্য তাদের যে বেতন দেওয়া হয় সেটা অতি সামান্য। সেজন্য তারা চেয়েছিলেন অন্ততঃ Wage Board-এর সুপারিশ অনুযায়ী যাতে মেনে নেওয়া হয়, কিন্তু মালিকরা অস্বীকার করছে। শুধু অস্বীকার করছে না, তারা threaten দিচ্ছে যে তাদের ছাটাই করে অন্য প্রদেশ থেকে Katib নিয়ে আসবে। এই অত্যাচার থেকে তাদের বাঁচাবার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি। এই মালিকরা অত্যন্ত বড়লোক ব্যবসায়ী; তারা অনেকদিক থেকে কংগ্রেসের patronised হয়ে এসেছেন। সে জন্য আমি আশা করি এখানে যদি তারা একটু চাপ দেন তাহলে তারা রাজী হবেন, তাদের দম্ভ চূর্ণ করুন। সামান্য workers মাত্র ২৬ জন Katib আছেন, কিন্তু প্রায় ২ শত কর্মচারী এখানে উর্দু paper মাত্র ৬টি আছে। ২টি

evening আছে, বাকী daily। এর মধ্যে শুধু একটা paper হচ্ছে Razana Hind, যেটায় তারা workers দের সংগে মিটমাট করে নিয়েছে। তারা ad-hoc করে ১ শত টাকা দিয়েছেন per head এবং বলেছেন যে Wage Board-এর সুপারিশ যদি Court মেনে নেয় তাহলে যা হবে সেটা adjust করে নেবে। যদি আরো বেশী দিতে হয় তারা দেবে এবং যদি কমাতে হয় তাহলে কেটে নেবে। সেজন্য আমি সরকারের কাছে অনুরোধ করছি ওদের পক্ষে হস্তক্ষেপ করতে, কারণ এদের পিছনে কোন মানুষ নাই এবং অন্যান্য paper-এ যে সব কর্মচারী আছেন তাদের কাছে আহ্বান জানাচ্ছি যে, এই খবরের কাগজের কর্মচারীদের পিছনে আপনারা এসে দাঁড়ান, সাহায্য করুন যাতে তাদের সংগ্রাম সফল হয়। এ কথা বলে আমার বক্তব্য শেষ করছি। কিন্তু mention-এর বিশেষ কি মূল্য আছে জানি না। আমি আপনার মাধ্যমে লিখিতভাবে এই জিনিষ মন্ত্রীমণ্ডলীর কাছে দিতে চাই। ধন্যবাদ।

**শ্রীসুধীরচন্দ্র বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষারাজ্যে তুঘলকি কাণ্ড চলছে সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আনন্দবাজার পত্রিকায় একটা খবর বেরিয়েছে। কলেজের অধ্যক্ষ পরিষদের এক meeting-এ তারা এই সিদ্ধান্তে এসেছেন যে ৩ বছরের degree course ব্যর্থ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ইতিহাসে তুঘলকের কথা পড়েছি। তিনি দিল্লী থেকে দেবগিরী আবার দেবগিরী থেকে দিল্লী টানাটানি করেছেন। এখন শিক্ষাক্ষেত্রে প্রায় সেই রকম অবস্থা চলছে। ২ বছরের degree course-কে বাদ দিয়ে ৩ বছর করা হল। আবার কিছুদিন পরে হঠাৎ বললেন ৩ বছর খারাপ। এইভাবে ছাত্রদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলা, এই যে তুঘলকি কার্য এগুলি যাতে বন্ধ হয় সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা স্পষ্টভাবে বলতে চাই, এই যে ছেলেমেয়েদের যে ভবিষ্যৎ এবং তাদের শিক্ষা নিয়ে এইভাবে ছিনিমিনি খেলা চলবে না। যে সমস্ত শিক্ষাবিদ্‌রা আজকে বলছেন যে ৩ বছরের ডিগ্রি course ব্যর্থ হয়েছে, তারা কি এত দিন বসে ঘুমাচ্ছিলেন বা তারা যখন ৩ বছরের degree course সমর্থন করেছিলেন তার পিছনে কি যুক্তি ছিল। আসল কথা তারা চিন্তা করেননি, দেশের ভালমন্দ কি হবে একটা দূরদৃষ্টির পটভূমিকায় সেটা দেখেননি। সেজন্য আমাদের শিক্ষা জগতে নৈরাজ্য এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২ বছর ব্যর্থ হয়েছে, ৩ বছর ব্যর্থ হয়েছে, অর্থাৎ আমাদের পুরো শিক্ষা-ব্যবস্থাই ব্যর্থ হয়েছে, মানুষের জীবনে তাদের জীবিকার প্রয়োজন মেটাতে। কাজেই এই সমস্ত শিক্ষাবিদ্‌দের বলে দিন যে তারা যেন ভবিষ্যতের দিকে তাকিয়ে একটা দূরদৃষ্টির পরিচয় দিয়ে ছেলেমেয়েদের ভবিষ্যতের কথা ভেবে শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করার চেষ্টা করেন।

[3-30 to 3-40 p.m.]

**শ্রীঅসমঞ্জ দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের সম্প্রতি কালে নকশালী তৎপরতা বৃদ্ধি ও তার পরিপ্রেক্ষিতে নদীয়া জেলার নকশালীদের অন্যতম ঘাঁটি শান্তিপুরে police-এর ভূমিকার প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। comrade চারু মজুমদারের গ্রেপ্তারের পর পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় নকশালদের তৎপরতা বৃদ্ধি পেয়েছে, আমরা দেখেছি কলকাতায় দুটি police খুন হয়েছে। পুরুলিয়ায় যুব কংগ্রেসের উপর আক্রমণ হয়েছে, শিলিগুড়িতে poster পড়েতে শুরু করেছে, শিলিগুড়ির কোন একটা school-এ ভিয়েতনাম দিবসে লাল পতাকা উত্তোলন করতে গিয়ে police এবং নকশালীদের মধ্যে সংঘর্ষ বেঁধেছে, পানিহাটিতে মনিষীর মূর্তি কলঙ্কিত করে সেখানে poster লেপন করা হয়েছে, মগরাহাটে সেলিমপুরে police-

র সঙ্গে নকশালীদের সংঘর্ষ ঘটেছে এবং সবচেয়ে বড় কথা নদীয়া জেলার নকশালদের সবচেয়ে বড় টি আমার কেন্দ্র শান্তিপুর, সেখানে নকশালী তৎপরতা শুরু হয়েছে। আমরা দেখেছি নকশালী আন্দোলনের সময় নকশালরা ছাত্র পরিষদ এবং যুব কংগ্রেসের কর্মীদের এই শান্তিপুরের বুকে টি বলি দিতে হয়েছে, police সেই সময় নিষ্ক্রীয় ভূমিকা পালন করে। প্রকারান্তরে তারা তাদের দ যুগিয়েছে। এবং ছাত্র পরিষদ ও যুব কংগ্রেসের কর্মীরা জনসাধারণের দ্বারা পুষ্ট হয়ে এটি নকশাল পার্টি গঠন করে তারা সর্বশক্তি নিয়োগ করে এই নকশালদের উৎপাটন করেছিল। কিন্তু এই ঘটনার পরে আমরা দেখেছি police-এর আবার সেই জঘন্য ভূমিকা শুরু হয়েছে। এটি নকশাল পার্টিকে মদত দেওয়া তো দূরের কথা, সেই এ্যান্টি নকশাল পার্টির একজন নেতৃস্থানীয় কর্মীকে নন্ বেলেব্‌ল সেকশনে গ্রেপ্তার করে রাখা হয়েছে। এই সপ্তাহে দুজন শান্তিপুরের যুব-কংগ্রেস কর্মীকে মিশায় গ্রেপ্তার করা হয়েছে, এবং C.P.M. নকশালের সঙ্গে যোগসাজস করে কয়েকজন কংগ্রেস কর্মীর উপর তারা আক্রমণ চালিয়েছে, তাদের বাড়িতে সশস্ত্র অবস্থায়। police কে জানানো সত্ত্বেও তার কোন ব্যবস্থা হয়নি। আমি সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে দাবী জানাচ্ছি শান্তিপুরে অবিলম্বে এই C.P.M., নকশালদের চক্র এবং তার পরিপ্রেক্ষিতে police-এর ঘৃণ্য ভূমিকা সম্পর্কে অনুসন্ধান করে যেন শান্তিশৃঙ্খলা পুনরুদ্ধার করেন, এই আবেদন জানাচ্ছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আসানসোল কয়লা খনি অঞ্চলে সেখানকার police-এর একাংশ এবং মালিকদের সঙ্গে এবং সমাজ বিরোধীদের নিয়ে একটা ষড়যন্ত্র হচ্ছে। ষড়যন্ত্রের উদ্দেশ্য হচ্ছে, এই সরকার সম্পর্কে যাতে জনমনে এবং শ্রমিকদের মধ্যে বিরূপ ধারণার সৃষ্টি হয়। কিছুদিন আগে আমরা সালানপুরে দেখলাম নারী শ্রমিকদের মালিকদহ এই অঞ্চলে মিলে সেখানে লাঠি চার্জ করে পুরুষ শ্রমিকদের তাড়িয়ে দেবার ঘটনা—গত ১১শে জুলাই, রাত ৯।। টার সময় সেখানে BRW 107 এই গাড়িতে করে কিছু সমাজ বিরোধী, তারা অণ্ডাল থানার অন্তর্গত সোড়া কোলিয়ারীর মধ্য দিয়ে যাচ্ছিলেন, তখন সেখানকার শ্রমিকরা সেই গাড়ি সন্দেহ করে আটকাতে যায়। কিন্তু তখন গাড়ির মধ্য থেকে গুলিচালনা করা হয় এবং আই, এন, টি, ইউ, সি, নেতা ভোলা শীল সেখানে আহত হয়। এই ঘটনার সঙ্গে সঙ্গে তার পাশে যে কোলিয়ারী আছে, সেখান থেকে O. C. জামুরিয়া, যে, অণ্ডাল থানার অন্তর্গত থাকা সত্ত্বেও, সোনার কাস্তা কোলিয়ারীর এজেন্ট সহ পানোন্মত্ত অবস্থায় এসে ইতস্ততঃ গুলি চালাতে আরম্ভ করেন, এবং যার এলে আরও কয়েকজন আহত হন। তার নিজের বক্তব্যে তিনি স্বীকার করেছেন যে তিন রাউণ্ড গুলি চালানো হয়েছে এবং নির্বিচারে লাঠি চার্জ করা হয়, C R P আনা হয় এবং দশ বারো জন শ্রমিককে আহত করে এবং সেখানকার সুধীর ঘোষ যে এ.আই.টি.ইউ,সি,'র নেতা, তাকে গ্রেপ্তার করে এবং তাকে ধমকানো হয় এই বলে যে তুমি এ. আই, টি, ইউ, সি, ছাড়, না হলে তোমাকে গুলি করে হত্যা করা হবে।

তারপর সেই ঘটনার প্রতিবাদে কয়লা খনিতে ২২ তারিখে হরতাল পালন করা হয় এ. আই টি. ইউ. সি এবং আই. এন. টি. ইউ. সি মিলিতভাবে। আমরা এখানে অত্যন্ত সুস্পষ্টভাবে দাবী করছি যে ঐ ও. সি. কে ইমিডিয়েটলি সাসপেণ্ড করা হোক এবং ওখানে জুডিসিয়াল এনকোয়ারী করা হোক। যে শ্রমিকদের গ্রেপ্তার করা হয়েছে তাদের অবিলম্বে মুক্তি দেওয়া হোক এই কথা আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন আগে মফঃস্বলের একজন সাংবাদিক বন্ধু তার স্ত্রীকে নিয়ে আসছিলেন এমন সময় তার স্ত্রী অসুস্থ হয়ে পড়লেন

শ্যামবাজারে, তখন তিনি পর পর ৯খানা ট্যাক্সিকে হাত দেখালেন কিন্তু একটিও ট্যাক্সি দাঁড়াল না আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি হাওড়া ষ্টেশনে একটা ট্যাক্সিকে দেখলাম তার নম্বর ডাবলু. বি. টি. ৬৪৫৫, সেই ট্যাক্সিটা আমাকে নামিয়ে দিয়ে এক বিপুল দেহি রজস্বামী নন্দনকে নিয়ে আমার চোখের সামনে দিয়ে চলে গেল। আমি ভারতবর্ষের অনেক বড় বড় শহরে ঘুরেছি কিন্তু ট্যাক্সি নিয়ে এইরকম জোর জুলুম কোথাও নাই। আমরা জানি ট্যাক্সি বিপদে আপদে প্রয়োজন হয়, পশ্চিমবাংলার বাঙ্গালীদের ট্যাক্সি নিয়ে বিলাসিতা করবার পয়সা নাই। সাধারণ লোকে রোগীকে হাসপাতালে নিয়ে যেতে, পরীক্ষা কেন্দ্রে যেতে ট্যাক্সি দরকার হয়। ট্যাক্সির মালিক বা ট্যাক্সি ড্রাইভাররা সব জায়গায় যেতে চায় না, আপনি শ্যামবাজারে যেতে চান তো যাবে, কিন্তু ডায়মণ্ডহারবারে যেতে চান নিয়ে যাবে না। আজকে আমি সেই ট্যাক্সি ড্রাইভারকে বললাম যে আমি এম. এল. এ, তাতে সে হিন্দীতে বলল এম. এল. এ তো কেয়া হায়, এই রকম একটা কিছু। তাই আজকে আমি এই বিষয়ে অবিলম্বে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ট্যাক্সির পারমিট মঞ্জুর করা হয় রাজ্যের জনগণের স্বার্থে, সেইজন্য ট্যাক্সি যাতে সত্যিকারের জনগণের সেবা করে তার ব্যবস্থা করা যেন হয় এবং যে সকল ট্যাক্সি ড্রাইভার সেই মত কাজ করবে না তাদের ট্যাক্সি পারমিট যেন বাতিল করে দেওয়া হয়। এই বিষয়ে আমি সুস্পষ্টভাবে মন্ত্রী মহাশয়ের আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীগিয়াসুদ্দিন আহমেদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের এবং বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। নদীয়া জেলায় চাপড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্ভুক্ত স্থানীয় গ্রামে একটা ১০টি বেড যুক্ত সাবসিডারি হাসপাতাল আছে এবং এই ছাড়া চাপড়ায় আর একটি প্রাইমারী হেলথ সেন্টার আছে। এই সাবসিডিয়ারী হসপিটালটি ১৯৫১ সালে স্থাপিত। এখানকার জনগণ অত্যন্ত দরিদ্র এবং বিনা পয়সায় চিকিৎসা ছাড়া পয়সা দিয়ে চিকিৎসা করাবার সঙ্গতি তাদের কারও নাই। এই অঞ্চল থেকে কৃষ্ণনগর শহর এবং চাপড়া প্রাইমারী হেলথ সেন্টার প্রায় ১০ থেকে ১২ মাইল দূরে অবস্থিত। সেখানে এই হাসপাতালটিতে গত ২ বছর যাবত ডাক্তার নাই। হাসপাতালের কম্পাউণ্ডার মহাশয় আউটডোরে কিছু কিছু ঔষধ বিতরণ করে থাকেন। এখানে ১০টি বেড আছে এবং ১০ জন কর্মী আছেন, তাদের বিশেষ কোন কাজকর্ম নাই। আমরা ডিস্ট্রিক্ট সি. এম. ও, এইচ কে অনেকবার অনুরোধ করেছি কিন্তু এখানে কোন ডাক্তার আসেনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি তিনি যেন সেই সাবসিডিয়ারি হসপিটালে অবিলম্বে একজন ডাক্তার পাঠিয়ে সেখানকার এই চিকিৎসা বিভ্রাট থেকে জনগণকে মুক্তি দেন।

[3-40—3-50 p.m.]

## সম্ভাব্য বাস্তুহীনতার প্রতি দৃষ্টি আকর্ষণ

**শ্রীবিজয় সিংহ নাহারঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গতকাল কলকাতার তালতলা অঞ্চলে ১৩।১, উমাদাস লেনে একটা বাড়ী পড়ে যায় এবং সেই বাড়ী পড়ে যাওয়াতে একজন গর্ভবতী মহিলা এবং একজন বালক মৃত হয়। আজকে সেই বাড়ী করপোরেশান থেকে ভাঙ্গতে এসেছে। সেই বাড়ীতে প্রায় ৫০০ লোক থাকেন। তারা কোথায় যাবেন, কি করবেন? তারা দিনমজুরীতে

রোজগার. করেন। ওখানে অনেক মুচি থাকেন। তাদের অনেকের কাজের অসুবিধা হয়েছে, রোজগারের অসুবিধা হয়েছে। আমি সরকারকে অনুরোধ করছি যে তাদের রিলিফের ব্যবস্থা যেন এখনই গ্রহণ করা হয় এবং তারা যদি সেখানে না থাকতে পারে তাহলে তাদের বাসস্থানের ব্যবস্থা করা হক। কলকাতা শহরে যাতে এই রকম পাঁচশো লোক বিনা গৃহে বিনা রোজগারে না থাকে সেইদিকে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসামসুল আলম খান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খড়্গপুর ওয়ার্কস শপে অনেক পোষ্টগুলো খালি আছে। সেখানকার এমপ্লয়মেন্টের এখনও পর্যন্ত ব্যবস্থা হচ্ছে না। সেই জন্য আমি আজকের হাউসে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ ব্যাপারের উপর আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে। বিশেষ ব্যাপারটা হচ্ছে এই আমরা কয়েকদিন যাবত খবরের কাগজে দেখতে পাচ্ছি এম. এল. এ দের সুপারিশের ভিত্তিতে প্রতিটি কনসটিটুয়েন্সীতে সরকারী যে সমস্ত কাজকর্ম খালি আছে, সরকারী সংস্থায় কাজের জন্য প্রতি এম. এল. এ ৩০ জন সুপারিশ করে তাদের চাকরী দিতে পারবে। এর আগে দেখা গিয়েছিল একশো জন করে দিতে পারবে। তারপর দেখা যাচ্ছে তিরিশ জন করে দিতে পারছে। এই ব্যাপারে আমরা এম এল.এ-রা প্রচণ্ড মুশকিলের মধ্যে আছি, ঘেরাওয়ের মতো প্রায় অবস্থা। সেইজন্য দৃষ্টি আকর্ষণ করছি সরকারী সংস্থায় চাকুরীতে নিয়োগের ব্যাপারে এই রকম ভিত্তি কখনই হতে পারে না, সরকার একে সমর্থন করতে পারে না। খবরের কাগজের মধ্য দিয়ে বিভ্রান্তিকর কথাবার্তা প্রচার করা হচ্ছে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে সরকার তার সুনির্দিষ্ট পলিসি ব্যক্ত করুন। কারণ পশ্চিমবঙ্গে বেকার সমস্যা অত্যন্ত তীব্র এবং সেখানে রিক্রুটমেণ্ট সম্পর্কে যদি এই ধরণের প্রচার হয় যেটা কেউ সমর্থন করে না এবং সরকারও নিশ্চয় সমর্থন করেন না তাহলে সেটা নিশ্চয় ভাল নয়। অথচ এটা দিনের পর দিন এই রকম চলছে। আমাদের পরিষ্কারভাবে সরকারের রিক্রুটমেণ্ট পলিসি বলা উচিত। সরকারের রিক্রুটমেণ্ট পলিসি হওয়া উচিত পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে। আশা করি সরকার সেই ঘোষণা করবেন। আমরা জানি পশ্চিমবঙ্গে যতখানি বেকার সমস্যা তীব্র, কেরালায় তার চেয়ে কম নয়। কিন্তু কেরালায় কৃষিমন্ত্রী গোবিন্দ নায়ার তাঁর বিভাগে পি. এস. সির মাধ্যমে নিয়োগের ব্যবস্থা করেন। তারপর কেরালা গভর্ণমেণ্টের প্রতিটি ডিপার্টমেণ্টে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে চাকরী হচ্ছে। আমাদের পরিষ্কারভাবে ঘোষণা করা উচিত যতই সমস্যা তীব্র হক না কেন আমাদের সরকারের তরফ থেকে ঘোষণা করা উচিত পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সরকারী সংস্থায় প্রতিটি চাকরী হবে এবং আশা করি তা অতি শীঘ্র সরকারের তরফ থেকে ঘোষণা করা হবে এবং কাগজে যেসব বিভ্রান্তিমূলক প্রচার চালান হচ্ছে তার অবসান হবে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুশান্ত ভট্টাচার্য ঃ** স্যার, আমি Irrigation মন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে জানাচ্ছি। আমাদের এই সরকার গঠন হবার পর Irrigation Department বিভিন্ন জায়গায় খুব সুন্দরভাবে কাজ করেছে। কিন্তু আজ একটা খুব বিপর্য্যয়কর অবস্থা সৃষ্টি হয়েছে। সেটা হল যেসমস্ত কাজ সুরু হয়েছিল তা সারা হয়নি। সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় sluice গেটগুলি অকেজো হয়ে আছে। এক একটা sluice করতে লক্ষ লক্ষ টাকা খরচ হয়। কিন্তু এগুলোর অনেক জায়গায় অর্দ্ধসমাপ্ত হয়ে আছে। এর জন্য কোথাও বলা হয়েছে সিমেণ্ট নেই, কোথাও পাইপ নেই।

এই সমস্ত কারণে sluice-গুলো অসম্পূর্ণ অবস্থায় পড়ে আছে। বর্ষাকালে এরজন্য যে কি ক্ষতি হয়ে গ্রামে যারা থাকেন তারা সকলেই জানেন। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে অবিলম্বে এই সমস্ত sluice-গুলো যাতে সমাপ্ত করা হয় তার দিকে যেন মন্ত্রী মহাশয় দৃষ্টি দেন।

**শ্রীপঙ্কজ ব্যানার্জি:** স্যার, আমি একটি বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুৎ সঙ্কট আমাদের দৈনন্দিন জীবনে একটা অপরিহার্য্য হয়েছে। আমাদের দক্ষিণ কলকাতা সর্বকালের record ম্লান করেছে। June—July মাসে এখানে ৪৬ বার বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায় এবং ১২৮ ঘন্টা বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকে। এখানকার বিভিন্ন কলকারখানায় ৩০ হাজার শ্রমিক কাজ করে, ১২৮ ঘন্টার হিসাব যদি একত্রে ধরা যায় তাহলে ঘণ্টা হিসাবে ৩৮ লক্ষ ৪০ হাজার ঘণ্ট working hours তাদের ঘাটতি হয়েছে। এর ফলে এখানকার ৭১৮ টা কারখানা ক্লোজার notice দিয়েছে এবং অন্যান্য গুলি বন্ধ করার আশঙ্কা দেখা দিয়েছে। তাই আপনার মাধ্যমে সেচ ও বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে জানতে চাই যে আর কতদিন এই রকম তাঁরা বিদ্যুৎ সরবরাহের ব্যাঘাত ঘটাবেন এবং সরকারের টনক যে এদিকে নড়ছে না সেবিষয়ে আমরা সুনিশ্চিত। তাই আপনার মাধ্যমে অবিলম্বে এর একটা সুরাহার জন্য সরকারের কাছে আবেদন করছি।

**শ্রীনিতাইপদ সরকার:** স্যার, এই ছুটিতে আমি কয়েকটা গ্রামে ঘুরে দেখেছি যে কৃষক, ক্ষেতমজুর ভাগচাষীরা অর্দ্ধাহারে, অনাহারে রয়েছে। বন্যায় ও খরায় ক্ষতিগ্রস্ত কৃষকরা অনেক দাবী করেছেন। এত দাবী করা সত্ত্বেও দেখলাম গ্রামের কৃষকরা কৃষিঋণ পায়নি, সামান্য সারের ঋণ পেয়েছে। এছাড়া অন্যান্য যেসমস্ত ঋণ এই সময়ে তারা পায় সেসমস্ত তাদের কাছে যায়নি, U. B. I, S B I. থেকে যে ঋণ দেবার কথা মাঝে মাঝে শুনি, কিন্তু এব্যাপারে ব্যাঙ্কগুলি নানাভাবে তাদের হয়রানি করছে। গ্রামবাংলায় যারা থাকেন এবিষয়ে তাঁরা সকলেই একমত হবেন যে গ্রামে কৃষকদের অবস্থা ভয়াবহ হয়েছে। সেজন্য তাদের কাছে অবিলম্বে কৃষিঋণ, গো-ক্রয় ঋণ এবং অন্যান্য ঋণ পৌঁছে দেবার দাবি জানিয়ে মন্ত্রীমণ্ডলীর কাছে আবেদন করছি।

[3-50—4-10 p.m. including adjournment.]

**Mr. Deputy Speaker:** Honourable Members, under rule 233, I am reading out a message that I have received form the Assistant Secretary to the Government of West Bengal, Home (Political) Department, which runs as follows:

"Shri Jerat Ali was released on bail from Court on the 13th July, 1972".

(At this stage the House was adjourned for 20 minutes).

(After adjurnment)

[4-10—4-20 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। কিছুক্ষণ আগে হাউসে মেনশান কেস চলছিল এবং সেই সময়ে আমাদের কিছু কিছু সদস্য এই বিধান সভায় কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছেন। সেই সঙ্গে সঙ্গে মাননীয় সদস্য সুকুমার

বন্দ্যোপাধ্যায় মহাশয় কলকাতা শহরে ট্যাক্সি চলাচলে অস্বাভাবিক পরিস্থিতি, শুধু যাত্রীসাধারণ নয়, এম. এল. এ. পর্যন্ত যেভাবে লাঞ্ছিত হন ট্যাক্সি ড্রাইভার কর্তৃক এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে একটা প্রস্তাব এনেছিলেন। সেই সঙ্গে সঙ্গে আরো কতকগুলি গুরুত্বপুণ বিষয় এই হাউসে বিবেচনার জন্য রাখা হয়েছে। স্যার, আপনি জানেন এই ট্যাক্সির ব্যাপার নিয়ে উনি একটা দিক বলেছেন, প্রকাশ্য দিবালোকে রাইটার্স বিল্ডিংসের সামনে, ডালহৌসি স্কোয়ারে কতকগুলি ট্যাক্সি দাঁড করান থাকে। এম. এল. এ.রা যদি ট্যাক্সি ড্রাইভারকে বলেন কীড স্ট্রীট যাবেন, ড্রাইভার বলে, যাব না। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় এখানে আছেন, আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি এখানে যে সমস্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় সেই বিষয়ের প্রতি গুরুত্ব দিয়ে তাঁরা যেন কিছু কথা বলেন।

**Mr. Speaker :** Mr. Biswas, you are a senior Member of this House. I request you to please take your seat.

## LAYING OF PAPERS

### Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1972-73.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury** : Sir, I beg to lay the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1972 73

### Statements of the Estimated Capital and Revenue Receipts and Expenditure (Budget Estimates) of the West Bengal State Electricty Board for the year 1972-73.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury :** Sir, I beg to lay the Statements of the Estimated Capital and Revenue Receipts and Expenditure (Budget Estimates) of the West Bengal State Electricity Board for the year 1972-73.

### Annual Accounts of the West Bengal Electricity Board for the year 1970-71.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury :** Sir, I beg to lay the Annual Accounts of the West Bengal State Electricity Board for the year 1970-71 along with Audit Report thereon.

### Annual Administration Report of the West Bengal State Electricity Board for the year 1970-71.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury** . Sir, I beg to lay the Annual Administration Report of the West Bengal State Electricity Board for the year 1970-71.

## *VOTING ON DEMANDS FOR GRANTS*

### Demand For Grant No. 33

Major Heads : 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

and

### Demand For Grant No 50

Major Head : 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Projects.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 31,21,18,000 be granted for expenditure under Grant No. 33, Major Heads : "42—Multipurpose River Schemes", "43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)", "44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", "98—Capital Outlayon Multipurpose "River Schemes," "99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)", and "100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)".

(This is inclusive of Rs, 8,76,72,000 already voted on account in March, 1972.)

Sir, on the recommendation of the Governor, I also beg to move that a sum of Rs. 4,95,37,000 be granted for expenditure under Grant No. 50, Major Head : "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project".

(This is inclusive of Rs, 1,65,12,000 already voted on account in March, 1972.)

মাননীয় স্পীকার মহোদয়, সেচ ও জলপথ বিভাগের গুরু দায়িত্ব ৪টি—

(১) নলকূপ ও রিভার পাম্প ছাড়া অন্যান্য সেচ ব্যবস্থার সম্প্রসারণ, উন্নতিবিধান ও রক্ষণাবেক্ষণ,

(২) গ্রামাঞ্চলে জল নিষ্কাশন পরিকল্পনা রূপায়ণ ও জলপথ সংরক্ষণ,

(৩) বন্যা নিয়ন্ত্রণ ও প্রতিরোধ, এবং

(৪) চালু সেচ প্রকল্পগুলির জল বণ্টন।

প্রথম তিনটিই ব্যয়সাপেক্ষ, সুষ্ঠুভাবে ঐ দায়িত্ব পালনের মত পর্য্যাপ্ত আর্থিক সংগতি আমাদের নেই।

তবুও সরকার ঘোষিত কর্মসূচীকে সাধ্যমত সফল করে তোলার জন্য সীমিত আর্থিক সংগতির সদ্ব্যবহার করে যত বেশী সম্ভব জমিতে সেচ ও জলনিকাশী ব্যবস্থা ও যতটা সম্ভব বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা করা যায় তার জন্য সর্ব্বপ্রকার প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে।

চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় সেচ ও জলপথ বিভাগের জন্য নির্দিষ্ট বরাদ্দ প্রয়োজনের তুলনায় নিতান্তই সামান্য। বরাদ্দ অর্থের পরিমাণ চালু কাজগুলি সম্পূর্ণ ব্যয় সঙ্কুলানের জন্যও পর্য্যাপ্ত নয়। তবুও প্রয়োজনের তাগিদে এই বিভাগ অনেকগুলি নুতন বৃহৎ পরিকল্পনা রূপায়ণে অগ্রসর হয়েছে।

[4-20—4-30 p.m.]

আলোচ্য ইংরাজী ১৯৭২-৭৩ সালে অর্থাৎ চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার চতুর্থ বৎসরে সেচ ও জলপথ বিভাগের ৩৩নং গ্রাণ্টের ছয়টি হেডের যথা ৪২, ৪৩, ৪৪, ৯৮, ৯৯ এবং ১০০ নং হেডের অন্তর্ভুক্ত Charged expenditure সহ মোট ব্যয় বরাদ্দের পরিমাণ ৩১, ২১, ৩৮, ০০০ টাকা। এই টাকার মধ্যে মাত্র ৮ কোটি ৮০ লক্ষ ৬৫ হাজার টাকা ধরা হয়েছে উন্নয়ন অর্থাৎ প্ল্যান প্রকল্পগুলির জন্য ( ৪৪, ৯৮, ৯৯ এবং ১০০ নং হেডের অধীনে ) এবং তার মধ্যে ৪ কোটি ৫০ লক্ষ টাকা ধরা হয়েছে, জলনিষ্কাশন ও বন্যানিয়ন্ত্রণ জাতীয় কাজের জন্য। এছাড়া কয়েকটি জরুরী বন্যা নিয়ন্ত্রণ স্কীমের জন্য এবছর কেন্দ্র হতে প্ল্যান বহির্ভূত খাতে বেশ কিছুটা সাহায্য পাওয়া যাবে এবং এ ব্যাপারে সেচ মন্ত্রকের সঙ্গে লেখালেখি চলছে। বৃহৎ ও মাঝারি সেচ পরিকল্পনার জন্য মাত্র ৩ কোটি ৭৮ লক্ষ টাকা বরাদ্দ করা গেছে। এই সামান্য ব্যয় বরাদ্দের মধ্যে নতুন কোন বৃহৎ বা মাঝারি প্রকল্প সম্পূর্ণ রূপায়িত করা সম্ভব হবে না।

রাজ্যের বিভিন্ন জেলায় প্রায় ১৩৮টি ছোট সেচ ও জল নিকাশী প্রকল্প রূপায়ণের জন্য ব্যয় বরাদ্দ আছে ৫০ লক্ষ টাকা এই টাকায় একটি বিশেষ কর্মসূচী অনুসারে কাজ করা হচ্ছে। সীমিত ব্যয়-বরাদ্দের মধ্যেও এসব প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। আশা করা যায় যে চালু বৃহৎ ও মাঝারি কাজগুলিকে এই সীমিত বরাদ্দের মধ্যে কার্য্যকরী করা গেলে এবং ছোট ছোট সেচ কাজগুলিকে রূপায়িত করতে পারলে ১৯৭২-৭৩ সালের শেষে একমাত্র সেচ ও জলপথ বিভাগের অধীন সেচ এলাকা গত বছরের ১৯ লক্ষ একর থেকে বেড়ে ১৯ লক্ষ ৫২ হাজার একরে দাঁড়াবে। ১৯৭২-৭৩ সালের শেষে বিভিন্ন প্রকল্পের অন্তর্গত (Gross) সেচ এলাকার পরিমাণ দাঁড়াবে নিম্নরূপ :—

| | | | |
|---|---|---|---|
| ১। | ময়ূরাক্ষী প্রকল্প | ... | ৫ লক্ষ ৯০ হাজার একর। |
| ২। | কংসাবতী প্রকল্প | ... | ৩ লক্ষ ২৫ হাজার একর। |
| ৩। | দামোদর উপত্যকা সেচ প্রকল্প | ... | ৮ লক্ষ ৭০ হাজার একর। |
| ৪। | মেদিনীপুর ক্যানেল প্রকল্প | ... | ১ লক্ষ একর। |

| | | | |
|---|---|---|---|
| ৫। | সাহারাজোর প্রকল্প | ... | ৬ হাজার একর। |
| ৬। | করতোয়া প্রকল্প | ... | ১২ হাজার একর। |
| ৭। | শুভঙ্কর দানরা প্রকল্প | ... | ৪ হাজার একর। |
| ৮। | ছোট ছোট সেচ প্রকল্প | ... | ৬৫ হাজার একর। |
| | | | মোট—১৯ লক্ষ ৫২ হাজার একর। |

সেচ ব্যবস্থার জন্য এই রাজ্যের তিনটি বৃহৎ ও প্রধান সেচ প্রকল্প হল ময়ূরাক্ষী, দামোদর উপত্যকা এবং কংসাবতী সেচ প্রকল্প। এর মধ্যে কংসাবতী প্রকল্পের কাজ শেষ হতে এখনও বেশ খানিকটা বাকি আছে। তারাফেনী ব্যারাজ শেষ হয়েছে। ভৈরববাঁকির কাজও পুরাদমে চলেছে। ১৯৭৩ সালের জুন নাগাদ এর কাজ শেষ হবে বলে আশা করা যায়। কিন্তু ল্যাণ্ড একুইজিশনের দেরির জন্য কুমারী জলাধারের জমি পাওয়া যায় নি এখনও এবং ড্যামটিও সম্পূর্ণ করা হয় নি। আশা আছে ১৯৭৩ সালের মার্চ-এপ্রিল এর মধ্যে কুমারীর জমি পাওয়া যাবে এবং জলাধার চালু করা যাবে।

কংসাবতী প্রকল্পের কাজ আর্থিক সংগতি অভাবেও বেশ খানিকটা পেছিয়ে পড়েছে। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের দরকার ছিল ২০/২২ কোটি টাকা। বরাদ্দ হয়েছে মাত্র ১৬ কোটি। এ দিক দিয়েও কাজ অনেকটা পেছিয়ে পড়েছে। কেন্দ্রের কাছ থেকে প্রয়োজনীয় টাকা পেলে Project-এর কাজ চতুর্থ পরিকল্পনায় শেষ করা যেত। তবে বর্তমান অবস্থায় আশা করা যায় ১৯৭৪-৭৫ সালের শেষে কাজটি মোটামুটি শেষ হয়ে যাবে।

এ বছরের বরাদ্দ ৩ কোটি ৩০ লক্ষ টাকা। আরও ২ কোটি পাওয়া গেলে কাজ অনেকটা এগিয়ে যেত।

যাই হোক, আর্থিক সংগতির অভাবে প্রকল্প রূপায়ণে দেরী হলেও এ পর্যন্ত ৩ লক্ষ ২৫ হাজার একর খারিফ চাষের ব্যবস্থা করা গেছে। কুমারী জলাধার চালু করতে পারলে সামনের বছর ৬ লক্ষ ৫০ হাজার একর জমিতে খারিফ চাষের জন্য সেচের জল দেওয়া যাবে।

ময়ূরাক্ষী Project এর কাজ শেষ হয়ে গিয়ে এখন কেবল খালগুলির সম্প্রসারণ ও উন্নয়নের কাজ চলছে। Water Course এবং Field Channel কাটার কাজ এখনও অনেক বাকি আছে। ১৯৭১ সালে এই প্রকল্প থেকে খারিফ চাষের জন্য ৫ লক্ষ ২৪ হাজার একর জমিতে এবং ১৯৭১-৭২ সালে রবি চাষের জন্য প্রায় ৫৪ হাজার একর জমিতে জল সরবরাহ সম্ভব হয়েছিল। এ ছাড়া মূল প্রকল্পে ব্যবস্থা না থাকলেও বোরো চাষের জন্য এ বছর প্রায় ৩০ হাজার একর জমিতে জল সরবরাহ করা হয়েছে। এখানে একথা মনে রাখা প্রয়োজন যে ময়ূরাক্ষী প্রকল্পে বোরো চাষের চাহিদা মেটাবার কোন ব্যবস্থা নেই। এ বছর খারিফ চাষের জন্য রাখা জল থেকে বোরো চাষ করতে দেওয়া হয়েছে। আর তাতে বর্ষার দেরী হলে খারিফ চাষ ব্যাহত হতে পারে। বছর বছর এইভাবে বোরো চাষের জন্য সেচের ব্যবস্থা করতে হলে বহুবিধ সমস্যার সম্মুখীন হতে হবে। এই

কল্পের অধীন ময়ুরাক্ষী-দ্বারকা শাখা খালের ৭এ নং ডিষ্ট্রীবিউটারীর সম্প্রসারণের কাজটি ক্যানেলের তিপথ সম্বন্ধে স্থানীয় জনগণের আপত্তি থাকায় এতদিন বন্ধ ছিল। সম্প্রতি একটি পরিবর্তিত তিপথ আপোষে নির্দ্ধারিত হওয়ায় এই ডিষ্ট্রীবিউটারির কাজ আবার চালু করা সম্ভব হয়েছে। এর লে প্রায় ১৯,০০০ একর জমি উপকৃত হবে। বক্রেশ্বর খালটির উন্নয়ন ও সম্প্রসারণ ত্বরান্বিত য়েছে। এই কাজ সমাপ্ত হলে ৪ হাজার একর জমি উপকৃত হবে। যাই হোক, এই প্রকল্পের চালু াত্মাস্থ কাজগুলি সম্পন্ন করার ফলে আলোচ্য বর্ষের খরিফ মরশুমে প্রধানতঃ বীরভূম এবং কিছুটা র্মান ও মুর্শিদাবাদ জেলায় ৫ লক্ষ ৩৪ হাজার একর জমিতে জলসেচ দেওয়ার ব্যবস্থা হবে। আর ৯৭২-৭৩ সালে রবি চাষের জল দেওয়া সম্ভব হবে প্রায় ৫৬ হাজার একর জমিতে। এই প্রকল্পের ল কাজ শেষ হয়ে গেলে ৬ লক্ষ ১০ হাজর (গ্রস) একর জমিতে চাষের জল সরবরাহ করা াবে।

ময়ূরাক্ষীতে এ পর্যন্ত পৃথক water-rate না নিয়েই রবি চাষের জল দেওয়া হয়েছে। ামোদর উপত্যকায় ও মেদিনীপুর ক্যানেল অঞ্চলে রবির water-rate থাকলেও তার পরিমাণ ৎসামান্য। দামোদর উপত্যকায় একর পিছু ১৫ টাকা আর মেদিনীপুর ক্যানেলে ২·৫০ টাকা। ারোর জন্য কোন water-rate-এর বিধান হয় নি। অথচ এ পরিকল্পনাগুলি দেখাশুনা করে ঠিকমত ালু রাখতে অনেক খরচ হয়। দামোদরের জলের জন্য ডি. ভি. সিকে জলের দাম দেবার কথা। ব দিক বিবেচনা করে দেখলে দেখা যায় সেচ ব্যবস্থা চালু রাখতে ও ক্রমে ক্রমে তার উন্নতি রতে হলে একটি economic water-rate চালু করা প্রয়োজন। তাই সেচ বিভাগ ভূমি রাজস্ব অর্থ বিভাগের সঙ্গে পরামর্শ করে এই economic water-rate চালু করার জন্যে একটি নতুন আইন রার কথা ভাবছেন।

দামোদর উপত্যকা Project সম্বন্ধে পৃথক বাজেট পেশ করা হচ্ছে। কাজেই এ Project ম্বন্ধে এখানে কিছু আলোচনা করছি না।

এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে পরিকল্পনা ব্যয় বরাদ্দের বাইরে কেন্দ্রীয় সরকারের র্থ সাহায্যে Drought Prone area Programme-এর মাধ্যমে ১৯৭০-৭১ সাল থেকে কলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের খরা অঞ্চলে ছোট মাঝারি ৭ টি ছোট সেচ প্রকল্পের াজ আরম্ভ হয়েছে। ঐ সেচ প্রকল্পগুলির কাজ শেষ হলে প্রায় ৩৬ হাজার একর জমি পকৃত হবে।

4-30 – 4-40 p.m.]

এছাড়া জরুরী ভিত্তিক গ্রামীণ কর্মসংস্থান পরিকল্পনায় আমরা এ পর্যন্ত প্রায় ১ কোটি ৭ লক্ষ টাকার ছোট ছোট জলনিকাশী বাঁধ নির্মাণ পরিকল্পনা ইত্যাদি গ্রহণ করেছি। এর ধ্যে প্রায় ৪৬ লক্ষ টাকার প্রকল্প সেচ বিভাগের তত্ত্বাবধানে রূপায়িত হচ্ছে। অবশিষ্ট প্রায় ২১ লক্ষ টাকার প্রকল্প জিলা কর্তৃপক্ষের মাধ্যমে রূপায়িত হচ্ছে। এই টাকাটা সম্পূর্ণই কেন্দ্রীয় রকারের কাছ থেকে অনুদান (Grant) হিসাবে পাওয়া গিয়েছে।

তিস্তা ব্যারেজ Project-এর মাধ্যমে উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায় চাষের জল রবরাহের ব্যাপারে প্রচুর সম্ভাবনা থাকা সত্ত্বেও মূলতঃ অর্থাভাবের জন্য রাজ্য সরকার এ প্রকল্পটি

রূপায়ণে বেশীদূর এগোতে পারেন নি। এখনও পর্য্যন্ত Projectটির technical aspects (কারিগরি খুঁটিনাটি) কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন রয়েছে। কেন্দ্রীয় অনুমোদন ও অর্থ সাহায্য পেলে এখনই Projectটির কাজ আরম্ভ করা সম্ভব। পুরুলিয়া জেলায় একটি নতুন বৃহৎ Project (আপার কংসাবতী Project) প্রস্তুত করা হয়েছে। কেন্দ্রীয় অর্থ সাহায্য পেলে এ Projectটিরও কাজ আরম্ভ করা যেতে পারে।

মাঝারি সেচ প্রকল্পগুলির মধ্যে জলপাইগুড়ি জেলার করতোয়া প্রকল্পের কাজ শেষ হয়ে গেছে। আলোচ্যবর্ষে এই প্রকল্পের জন্য প্ল্যান বাজেটে কোন ব্যয় বরাদ্দ ধরা হয়নি।

পুরুলিয়া জেলার সাহারাজোর প্রকল্পটির কাজ কতকগুলি টেকনিক্যাল কারণে আটকে ছিল। সে সমস্যার সমাধান হয়েছে এবং এবার সাহারাজোর শেষ করার চেষ্টা করা যাবে। এ প্রকল্প হতে প্রায় এ পর্য্যন্ত ৪ হাজার একর জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব হয়েছে। আলোচ্যবর্ষের খারিফ মরশুমে প্রায় ৬ হাজার একর জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব হবে।

প্রায় একশত বৎসরের পুরান মেদিনীপুর ক্যানেলটির রক্ষণাবেক্ষণ সুষ্ঠুভাবে করা হয়। তার ফলে এ প্রকল্প থেকে ১ লক্ষাধিক একর জমিতে খারিফ চাষের প্রয়োজনীয় জল সরবরাহ করা যাচ্ছে।

নতুন প্রকল্পের মধ্যে উল্লেখযোগ্য বীরভূম জেলার হিংলো পরিকল্পনার কাজ ১৯৭১-৭২ সালে আরম্ভ হয়েছে। আলোচ্যবর্ষে ২২ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। এই প্রকল্পের জন্য খরচ হবে ১ কোটি সাড়ে ২২ লক্ষ টাকার মত। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় ইহার জন্য ৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা আছে।

বন্যা প্রতিরোধ, বন্যা নিয়ন্ত্রণ ও জল নিষ্কাশনের সমস্যা এ বিভাগের সবচেয়ে কঠিন সমস্যা। কিছুকাল আগে হিসাব করা হয়েছিল গোটা পশ্চিমবাংলায় এ সমস্যার সার্থক মোকাবিলা করতে ৩৫০ কোটির বেশী টাকা প্রয়োজন। কিন্তু এই পরিকল্পনায় আমরা বরাদ্দ করেছি মাত্র ১০ কোটি ৫৫ লক্ষ টাকা। এ সমস্যার মোকাবেলার দিকে এটি একটি নিশ্চিত পদক্ষেপ হলেও, বলাবাহুল্য, কেন্দ্রীয় সাহায্য ছাড়া এত টাকা জোগাড় করা এ রাজ্যের পক্ষে অসম্ভব।

যাই হোক যে টাকার জোগাড় করা গেছে সেই টাকা এবং কেন্দ্রীয় সাহায্যের আশায় সেচ দপ্তর কতকগুলি অতিপ্রয়োজনীয় এবং বহু আলোচিত বৃহৎ জলনিকাশী ও বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা রূপায়ণে অগ্রসর হয়েছে। তারমধ্যে নিম্নলিখিত প্রকল্পগুলি বিশেষ উল্লেখযোগ্য :—

(ক) নিম্ন দামোদর এলাকা উন্নয়ন Projectটির (প্রথম স্টেজ) আনুমানিক ব্যয় ৬ কোটি ৮২ লক্ষ টাকা। ১৯৭০-৭১ সালে এই Projectটির কাজ আরম্ভ হয়েছে। আলোচ্য বৎসরে এই Proejctটির জন্য ৮০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে এবং পুরাদমে কাজ চলছে।

(খ) মেদিনীপুর জেলার দুবদা বেসিন জল নিকাশী প্রকল্পটির (আনুমানিক ব্যয় ২ কোটি ৬৮ লক্ষ টাকা) কাজ ১৯৭১-৭২ সালে আরম্ভ হয়েছে। আলোচ্য বৎসরে ৩০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে এবং এর কাজ চলছে।

(গ) সুবর্ণরেখা বাঁধ প্রকল্প আনুমানিক ১ কোটি ৩২ লক্ষ ৬৪ হাজার টাকায় প্রস্তুত করা হয়েছে। চতুর্থ পরিকল্পনায় এই প্রকল্পের জন্য ৬১ লক্ষ ১৬ হাজার টাকা ব্যয় বরাদ্দ ধরা আছে।

১৯৭১-৭২ সালে এই প্রকল্পের কাজ আরম্ভ হলেও, উড়িষ্যা সরকারের আপত্তির জন্য কাজ বন্ধ হয়ে গেছে। এ সম্বন্ধে আলোচনা চলছে। আলোচ্য বৎসরে কোন ব্যয় বরাদ্দ ধরা হয়নি।

(ঘ) আনুমানিক ৪ কোটি ৫ লক্ষ টাকা ব্যয়ে প্রস্তুত মালদহের মহানন্দা বাঁধ প্রকল্পের কাজ এ বৎসর আরম্ভ হয়েছে। আলোচ্য বৎসরে এই প্রকল্পের জন্য ২০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা আছে, পুরোদমে কাজ চলছে।

(ঙ) ২৪-পরগণা জেলার পূর্ব মগরাহাট বেসিন জলনিকাশী পরিকল্পনাটির আনুমানিক ব্যয় ১ কোটি ২৬ লক্ষ ৫০ হাজার টাকা। ১৯৭১-৭২ সালে এই প্রকল্পের কাজ আরম্ভ হয়েছে। আলোচ্য বৎসরে এই প্রকল্পের জন্য ২৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে এবং এর কাজ চলছে।

(চ) ২৪-পরগণা জেলার বিলপল্লী (Beel Balli) জলনিকাশী প্রকল্পের আনুমানিক ব্যয় ৫৩ লক্ষ ২৮ হাজার টাকা। ১৯৭১-৭২ সালে এই প্রকল্পটির কাজ আরম্ভ হয়েছে। আলোচ্য বৎসরে ৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা আছে। এই Project-এর কাজ চলছে।

(ছ) আনুমানিক ৫ কোটি ২৫ লক্ষ টাকা ব্যয়ের কালিঘাই নদী সংস্কারের কাজটি পুরোদমে চলছে। আলোচ্য বৎসরে ইহার জন্য ৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা আছে।

(জ) সুন্দরবন অঞ্চলে ১০০টি জলনিকাশী স্লুইস নির্মাণ প্রকল্পটির আনুমানিক ব্যয় ৬০ লক্ষ টাকা। ১৯৭১-৭২ সালে এই প্রকল্পটির কাজ আরম্ভ হয়েছে। ৩০টি স্লুইসের কাজ ১৯৭২ সালের জুন মাস নাগাদ শেষ হয়ে যাবে বলে আশা করা যায়। আলোচ্য বৎসরে ১৫ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা আছে এবং কাজ পুরোদমে চলছে।

(ঝ) ইহা ছাড়া মেদিনীপুর জেলার ঘাটাল অঞ্চলে জলনিকাশী সমস্যার সমাধানের জন্য একটি পরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে এবং ১৯৭১-৭২ সালে ইহার একটি অংশের কাজ আরম্ভ হয়েছে। আলোচ্য বৎসরে ইহার জন্য ১০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে এবং Projectটির কাজ চলছে।

আলোচ্য বর্ষে কেবলমাত্র জলনিকাশী কাজের জন্য ২ কোটি ২৪ লক্ষ ১০ হাজার টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। যে সব চালু জলনিকাশী কাজগুলির জন্য ব্যয় বরাদ্দ ধরা হয়েছে, তারমধ্যে উল্লেখযোগ্য হলো ৪টি—

(ক) নোয়াবেসিন জলনিকাশী প্রকল্প। ২ কোটি ৪৭ লক্ষ ৪৯ হাজার টাকা আনুমানিক ব্যয়ের এই প্রকল্পটির কাজ বহুলাংশে শেষ হয়ে গেছে এবং এ পর্য্যন্ত প্রায় ১ কোটি ৩৯ লক্ষ টাকা খরচ হয়েছে। এই প্রকল্পের অধীনে কয়েকটি স্লুইস তৈরীর কাজ এখনও চলেছে।

(খ) ২৪-পরগণার শেয়ালদাগং জলনিকাশী প্রকল্পের জন্য মোট খরচ হবে ১১৪·৬৫ লক্ষ টাকা। এ পর্য্যন্ত খরচ হয়েছে প্রায় ৩৮ লক্ষ টাকা এবং ৩৪ শতাংশ কাজ শেষ হয়ে গেছে। মূল খালটির গতিপথ সম্বন্ধে স্থানীয় জনগণের আপত্তি থাকায় খালটির কাজ কিছুদিন বন্ধ ছিল। একটি সর্বসম্মত গতিপথ স্থির হওয়ায় খালটির কাজ আবার চালু হয়েছে।

(গ) বর্ধমান জেলার ভূরি শ্যামসুন্দরপুর বিল জলনিকাশী প্রকল্পের কাজ প্রা শেষ হয়ে গেছে। এই প্রকল্প রূপায়ণের ফলে প্রায় ৮ হাজার একর জলবদ্ধ জমি ইতিমধ্যে উপকৃত হয়েছে।

(ঘ) হাওড়া জেলার উলুবেড়িয়া জলনিকাশী প্রকল্পের কাজ প্রায় সমাপ্তির পথে।

উত্তরবঙ্গে বন্যানিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় সেচ মন্ত্রীর সভাপতিত্বে একটি উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ Board গঠন করেছেন। উক্ত Board-এর অধীনে পরিকল্পনা তৈরী ও রূপায়িত করার জন্য একটি বন্যা নিয়ন্ত্রণ কমিশনও গঠন করা হয়েছে। অথচ দুঃখের বিষয় আর্থিক অসংগতিহেতু কমিশনের জন্য (মহানন্দা প্রকল্প বাঁধে) মাত্র ১ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে—যদিও চালু স্কীমগুলির জন্যই উত্তরের তিনটী জেলার জন্য দরকার অন্তত: ১ কোটী ৭৮ লক্ষ টাকা। উত্তরবঙ্গের তিনটী জেলার সমস্যার ভালভাবে মোকাবিলা করতে গেলে প্রত্যেক বৎসরে অন্তত: ২ কোটী টাকার প্রয়োজন।

[4-40—4-50 p.m.]

আনন্দের বিষয় ৫টি জরুরী বন্যানিয়ন্ত্রণ প্রকল্প (নিম্ন দামোদর সংস্কার, মগরাহাট বেসিন জলনিকাশী, চুবদা বেসিন জলনিকাশী, মহানন্দা বাঁধ ও করলা নদীর গতিপথ পরিবর্তন প্রকল্প) রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকার পরিকল্পনার শেষ দুই বৎসর অর্থাৎ আলোচ্য ও আগামী বর্ষে প্ল্যান বহির্ভূত খাতে ১১ কোটি টাকা ঋণ দানের প্রতিশ্রুতি দিয়েছেন। ইতিমধ্যে ১ কোটি টাকা ঋণের মঞ্জুরীও পাওয়া গেছে। এ টাকায় আমাদের কাজের খানিকটা সুরাহা হবে, নিশ্চয়ই। কিন্তু আমরা আশা করি কেন্দ্র থেকে বন্যা প্রতিরোধের জন্য আরও টাকা পাওয়া যাবে, যাতে বন্যার সম্ভাবনার মোকাবিলা সম্ভব হয়।

১৯৭১ সালের উত্তর ও দক্ষিণ পশ্চিমবঙ্গের বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধ ইত্যাদি মেরামত কাজের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে গত আর্থিক বৎসরে সাড়ে ৪ কোটি টাকা পাওয়া গিয়েছিল। আলোচ্যবর্ষে ২ কোটি টাকা এই বাবদ পাওয়া যাবে। এই অর্থ প্রয়োজনের তুলনায় অকিঞ্চিৎকর বিবেচনা করে ৩·১১ কোটি টাকা সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হয়েছে। এই অতিরিক্ত অর্থ পাওয়া না গেলে ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামতের কাজ সম্পূর্ণ করা যাবে না। আর এর ফলে বন্যায় ক্ষতির সম্ভাবনা বাড়বে।

প্রায় ২২০০ মাইল দীর্ঘ সুন্দরবনের মাটির বাঁধ এবং ৮০০ স্লুইস রক্ষণাবেক্ষণের দায়িত্ব ১৯৬০ সাল থেকে সেচ ও জলপথ বিভাগের উপর ন্যস্ত হয়েছে। এই দীর্ঘ মাটির বাঁধকে ক্রমশঃ মজবুত করা হচ্ছে। এ কাজ ইহ ব্যয় সাপেক্ষ। সেচ বিভাগের জন্য নির্দিষ্ট বরাদ্দ হতে যত দূর সম্ভব এই সব কাজ করা হচ্ছে। কিছু কিছু জলনিকাশী স্লুইসের পরিবর্তন ও পরিবর্ধন করা হচ্ছে। পশ্চিমবঙ্গে প্রায় ১০ হাজার ২ শত মাইল (সুন্দরবনের ২২০০ মাইল সমেত) বন্যানিরোধের বাঁধ আছে। মন্ত্রী পর্যায়ের সর্বভারতীয় কমিটির মতে মাইল পিছু ৫০০০ টাকা রক্ষণাবেক্ষণের খরচ হওয়া উচিত। কিন্তু সংগতির অভাবে আমরা মাত্র ২০০০ টাকা খরচা করি মাইল পিছু। কাজেই মেরামতির কাজ খুব ভাল হওয়া সম্ভব নয়।

আলোচ্যবর্ষে সেচ ও জলপথ বিভাগের কার্য্যের বিস্তৃত বিবরণ বাজেটের লাল বইয়ের ২য় খণ্ডের ১৪০ হইতে ১৪৭ পৃষ্ঠা ও ২০১ হইতে ২০৭ পৃষ্ঠায় পাওয়া যাবে।

বৃহত্তর কলিকাতায় জলনিকাশী ব্যবস্থা উন্নয়নের জন্য কলিকাতা নগর উন্নয়ন সংস্থার হয়ে সেচ ও জলপথ বিভাগ বহু জলনিকাশী প্রকল্প কার্য্যকরী করছে। এরজন্য আলোচ্যবর্ষে প্রায় ৬ কোটি টাকা খরচ হবে। এই প্রকল্পগুলির মধ্যে Remodelling of Calcutta Drainage Outfall স্কীম, Tolly's Nullah স্কীম, Krishnapur-Bhangore Kata Khal স্কীম ও Howrah Drainage Improvement স্কীম বিশেষ উল্লেখযোগ্য।

কলিকাতা শহর সম্প্রসারণ উদ্দেশ্যে এই শহরের উত্তর-পূর্ব দিকে উত্তর লবণ হ্রদ এলাকার প্রায় ৫·৭৫ বর্গমাইল পরিমিত জমি ভরাট করা হয়েছে। এই প্রকল্প বাবদ প্রায় ২৫ কোটি ৭৫ লক্ষ টাকা খরচ হয়ে গেছে। অবশ্য জমি বিলির সেলামি বাবদ ৩১/৫/৭২ পর্য্যন্ত ৯ কোটি ২৮ লক্ষ টাকা জমা পড়েছে। আরও ৫৫ লক্ষ ৬০ হাজার টাকার জমি পুলিশ বিভাগ ও গৃহনির্মাণ বিভাগকে বিক্রয় করা হয়েছে। কিন্তু এই টাকা এখনও আমাদের হিসাবে জমা পড়েনি। এই ব্যাপারে ঐ সব বিভাগের সঙ্গে পত্রালাপ চলছে। প্রথম সেক্টরে উন্নয়নের কাজ সমাপ্তপ্রায়। দুই-তৃতীয়াংশের উপর প্লট বিলি হয়ে গেছে এবং বেশ কিছু সংখ্যক প্লটের মালিক নতুন বাড়ী তৈরী করে বসবাস আরম্ভ করেছেন। দ্বিতীয় সেক্টরের উন্নয়ন কাজ আরম্ভ হয়েছে। ৪৭নং গ্রান্টের ১০৯নং হেডে লবণ হ্রদ প্রকল্পের জন্য আলোচ্যবর্ষে ২ কোটি ১ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে।

হরিণঘাটায় আমাদের নদী গবেষণাগারে বিভিন্ন গবেষণার কাজ চলছে। কোন কোন গবেষণা কাজের জন্য ব্যয় কেন্দ্রীয় সরকার বহন করে থাকেন। দীঘায় সমুদ্রের ভাঙ্গন রোধ, ফরাক্কায় বাঁধ তৈরী, রূপনারায়ণ নদীর নাব্যতার উন্নতি ইত্যাদি, সংক্রান্ত নানা পরীক্ষা নিরীক্ষার কাজ এই গবেষণাগারেই হয়েছে। তাছাড়া যে সকল বৃহৎ প্রকল্প গ্রহণ করা হয় তার সম্বন্ধে Studiesও এই গবেষণাগারেই হয়ে থাকে।

সবশেষে ফারাক্কা ব্যারেজের কথা। এ প্রকল্প রূপায়ণের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কিন্তু কলিকাতা বন্দরের Navigability এবং সেই সঙ্গে উত্তরবঙ্গের সহিত যোগাযোগ রক্ষার দিক থেকে আমাদের কাছে এ প্রকল্পের গুরুত্ব অপরিসীম। তাই পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারকে যথাসম্ভব সাহায্য দিচ্ছেন। খালকাটা কাজ সম্পূর্ণ হতে এখনও বেশ কিছুটা বাকি আছে। এখানে উল্লেখযোগ্য যে কলিকাতা বন্দর রক্ষার জন্য এই প্রকল্প থেকে হুগলী নদীতে experts-দের মতে কমপক্ষে ৪০ হাজার কিউসেক্স জল পাওয়া দরকার। যতখানি জল সরবরাহ করা দরকার আছে তাহা পাওয়া যায় তাহার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্ত্তা চালান হচ্ছে।

আলোচ্যবর্ষে সেচ ও জলপথ বিভাগ কি কি করবে তার মোটামুটি হিসাব দেওয়া হলো এবং সেচ বরাদ্দ সম্বন্ধে আমাদের বক্তব্য উপস্থাপিত করা হলো। আশা করি মাননীয় সদস্যগণ ওই বরাদ্দ মঞ্জুর করবেন।

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে ৫০নং গ্রান্টের "৭৪—ক্যাপিটাল আউটলে অন মালটিপারপাস রিভার স্কীম—দামোদর ভ্যালি প্রজেক্ট" খাতে ১৯৭২-৭৩ সালের জন্য দামোদর ভ্যালি কর্পোরেশনের ৪ কোটি ৯৫ লক্ষ ৩৭ হাজার টাকার ব্যয় বরাদ্দের বাজেট পেশ করছি। এই টাকার মধ্যে ১৯৭২ সালের মার্চ মাসে ভোট অন এ্যাকাউন্টে গৃহীত ১ কোটি ৬৫ লক্ষ ১২ হাজার টাকা ধরা আছে। দামোদর ভ্যালি কর্পোরেশনের আয় ও ব্যয় এবং তাহাতে পশ্চিমবঙ্গের অংশ সম্বন্ধে কর্পোরেশনের তৈরী করা একটা হিসাব উপস্থিত করছি। বিদ্যুৎ উৎপাদন খাতে আয় ব্যয়ে তিন অংশীদার অর্থাৎ ভারত সরকার, বিহার রাজ্য সরকার ও পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের অংশ সমান। সেচ খাতে কেন্দ্রীয় সরকারের কোন অংশ নাই। বিহার সরকারের অংশও নাম মাত্র খরচার প্রায় সবটাই পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব। আর বন্যা নিয়ন্ত্রণ মূলধনী খাতে কেন্দ্রীয় সরকারের দায় মোট ৭ কোটি টাকা পর্যন্ত। বাকি সবটাই পশ্চিমবঙ্গ সরকারের দায়। বন্যা নিয়ন্ত্রণের রাজস্ব খাতে ঘাটতি সমস্তটাই পশ্চিমবঙ্গ সরকারের দেয়। বিগত ২৪ বৎসর ধরে কর্পোরেশন যে কাজ করেছে তার মধ্যে উল্লেখযোগ্য হল তিলাইয়া, কোনার, মাইথন ও পানচেতে ৪টি বহুমুখী জলাধার নির্মাণ। দুর্গাপুরে একটি ব্যারেজ ও সেচের জল সরবরাহ করার উদ্দেশ্যে শাখাপ্রশাখা সহ প্রায় ১৫৫০ মাইল দীর্ঘ খাল খনন, দুর্গাপুর থেকে ত্রিবেণী গঙ্গা পর্যন্ত প্রায় ৮৫ মাইল দীর্ঘ একটি নাব্য খাল খনন, বোকারো, দুর্গাপুর এবং চন্দ্রপুরায় তিনটি তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন ও বিদ্যুৎ পরিবহণের ব্যবস্থা ইত্যাদি। কর্পোরেশনের বিদ্যুৎ উৎপাদনের শক্তি এখন দাঁড়িয়েছে সর্বমোট ১০৬১ মেগাওয়াট। এ ছাড়া ভূমিক্ষয় নিবারণের জন্য কর্পোরেশন ঐ চারটি জলাধারের অববাহিকা অঞ্চলে এ পর্যন্ত প্রায় ১ লক্ষ ৮৭ হাজার একর জমিতে বন সৃজন করেছে। দামোদর ভ্যালি কর্পোরেশন-এর আইনের ৩৯ নং ধারা অনুযায়ী ১৯৬৩-৬৪ সাল থেকে কর্পোরেশনের সমস্ত ব্যয়বরাদ্দ মূলধন এবং রাজস্ব এই দুই প্রধান খাতে ভাগ করে দেখানো হচ্ছে। যদিও এই ব্যবস্থা গ্রহণ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার যথেষ্ট আপত্তি জানিয়েছেন। আলোচ্যবর্ষে ১৯৭২-৭৩ সালে মূলধন খাতে কর্পোরেশনের ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে ১১ কোটি ৮৬ লক্ষ ৩৩ হাজার টাকা এবং রাজস্ব খাতে ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে ৩১ কোটি ১২ লক্ষ ৭৫ হাজার টাকা। আলোচ্য বছরে কর্পোরেশনের বিদ্যুৎ শক্তি থেকে আয়ের পরিমাণ ধরা হয়েছে ২৮ কোটি ৩৫ লক্ষ ১৮ হাজার টাকা এবং অন্যান্য বাবদ অনুমিত আয় ১ কোটি ২৬ লক্ষ ৭১ হাজার টাকা।

[4-50—5-00 p.m.]

অর্থাৎ মোট আয়ের পরিমাণ ২৯ কোটি ৬১ লক্ষ ৮৯ হাজার টাকা। এই আয়ের হিসাবের মধ্যে দামোদর ভ্যালি খাল থেকে পশ্চিমবঙ্গে সেচের জল সরবরাহ বাবদ পশ্চিমবঙ্গ সরকার থেকে প্রাপ্য বলে ৭৬ লক্ষ টাকা উল্লেখ করা হয়েছে। এই টাকার দাবী পশ্চিমবঙ্গ সরকার স্বীকার করেন নাই—ডি. ভি. সি. আইনের ১৪(১) ধারামতে কি হারে জলকর ধার্য হবে সে সম্বন্ধে এই সরকার ও ডি. ভি সির মধ্যে কোন চুক্তি আজও হয়নি। তাছাড়া ওয়েষ্ট বেঙ্গল ইরিগেশন (ইমপোজিসন অব ওয়াটার রেট ফর দামোদর ভ্যালি কর্পোরেশন, ওয়াটার) এ্যাক্ট ১৯৫৮, আইনের ১২নং ধারায় জলকর আদায় কি হারে কর্পোরেশন ও সরকারের মধ্যে ভাগ হবে সে সম্বন্ধেও কোন সিদ্ধান্তে পৌছান সম্ভব হয়নি। রাজস্ব খাতে মোট ব্যয় ৩১ কোটি ১২ লক্ষ ৭৫ হাজার টাকা থেকে মোট আয় ২৯ কোটি ৬১ লক্ষ ৭৯ হাজার টাকা বাদ দিলে মোট ঘাটতি দাড়ায় ১ কোটি ৫০ লক্ষ ৮৬ হাজার টাকা। কিন্তু বিদ্যুৎ উৎপাদনের আলোচ্য বছরে মোট ১ কোটি ৪৯ লক্ষ ৯২ হাজার টাকা উদ্বৃত্ত দেখানো হয়েছে। এছাড়া সিংকিং ফাণ্ড এবং রিজার্ভ ফাণ্ড বাবদ ১ কোটি ৩৩ লক্ষ ৯২ হাজার টাকা আলাদাভাবে

রাখার দরুন বিদ্যুৎ উৎপাদনে নীট মোট ১৫ লক্ষ ৯৭ হাজার টাকা উদ্‌বৃত্ত দেখানো আছে। সেচ ও বন্যানিয়ন্ত্রণ খাতে আলোচ্য বছরে যথাক্রমে ১ কোটি ৮৫ লক্ষ ৭১ হাজার টাকা ও ১ কোটি ১৫ লক্ষ ৭ হাজার টাকা ঘাটতি দেখানো হয়েছে। মোট ঘাটতি হচ্ছে ২ কোটি ৮৪ লক্ষ ৮১ হাজার টাকা। ডি. ভি. সি আইনের ৩২ নং এবং ৩৩ নং ধারা অনুযায়ী তিন অংশীদারের মধ্যে এই ব্যয় বরাদ্দের হারাহারি হল এই—কেন্দ্রীয় সরকার ৩ কোটি ৭৩ লক্ষ ৫৪ হাজার টাকা, পশ্চিমবঙ্গ সরকার ৪ কোটি ৩৯ লক্ষ ২৫ হাজার টাকা, বিহার সরকার ৩ কোটি ৭৩ লক্ষ ৫৪ হাজার টাকা রাজস্ব খাতে ৫ লক্ষ ৩২ হাজার টাকা উদ্‌বৃত্ত, ২ কোটি ৯৪ লক্ষ ৩৮ হাজার টাকা ঘাটতি—আর ৪ লক্ষ ২৫ হাজার টাকা উদ্‌বৃত্ত এই মোট ২ কোটি ৮৪ লক্ষ ৮১ হাজার টাকা। এই ৪ কোটি ৩৯ লক্ষ ২৫ হাজার টাকা ছাড়াও এই সরকারকে একসটেনসান ইনপ্রুভমেন্ট ও ওয়াটার কোর্সের জন্য মূলধনী খাতে এই বছরে ব্যয় বরাদ্দ দেখানো হয়েছে ৫৬ লক্ষ ১২ হাজার টাকা। সুতরাং মোট মূলধনী ব্যয় দাঁড়াচ্ছে ৪ কোটি ৯৫ লক্ষ ৩৭ হাজার টাকা। এটাই মোট ব্যয় বরাদ্দের দাবী হিসাবে পেশ করা হয়েছে। তিন অংশীদারের মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক ব্যয় সবচেয়ে বেশী এবং পশ্চিমবঙ্গকে মোটা টাকার ঘাটতিও বহন করতে হচ্ছে। এখানে উল্লেখ করা যেতে পারে যে, ১৯৬৩-৬৪ হইতে ১৯৭০-৭১ পর্যন্ত সেচ ও বন্যা নিয়ন্ত্রণ খাতে ঘাটতির পরিমাণ মোট প্রায় ২৪ কোটি ২০ লক্ষ টাকা। এই টাকার সমস্তই ডি. ভি.সি আইন অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকারের দেয়। এর মধ্যে কেন্দ্রীয় সরকারকে সুদ বাবদ দেয় ১৪ কোটি ৪৮ লক্ষ টাকা ধরা আছে। এই সুদের টাকা বাদ দিলে মোট ঘাটতির পরিমাণ দাঁড়ায় প্রায় ৯ কোটি ৭২ লক্ষ টাকা। অবশ্য এর সবটাই এই সরকার মেনে নিতে রাজী নয়। এই বিরাট ঘাটতি পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব বাজেট থেকে পূরণ করা অসম্ভব এবং সেজন্য বিভিন্ন ফিনান্স কমিশন ও কেন্দ্রীয় সরকারের নিকট এই সরকার প্ল্যান বহির্ভূত সাহায্য চেয়েছিল। কিন্তু তা পাওয়া যায়নি। ১৯৬৪ সালের ১লা এপ্রিল থেকে দুর্গাপুর ব্যারেজ ও সেচ ব্যবস্থার পশ্চিমবঙ্গ সরকার ডি. ভি. সির এজেন্ট হিসাবে নিয়েছে, আর তখন থেকে পশ্চিমবঙ্গ ব্যারেজ ও খালগুলির রক্ষণাবেক্ষণ ও মেরামতি করার যাবতীয় ব্যয় বহন করে আসছে। ১৯৭০-৭১ সাল পর্যন্ত এই ব্যয়ের (মেনটিনেন্স) পরিমাণ প্রায় ৪ কোটি ৬৪ লক্ষ টাকা। এই ব্যয়ের যাবতীয় অর্থ ডি. ভি. সির দেবার কথা, কিন্তু ডি. ভি. সি ঐ টাকার কিছুই দেন না। ফলে এই সরকারকে এই ব্যয়ভার এই রাজ্যের বাজেট হতে বহন করতে হচ্ছে। অবশ্য এই খরচটা ধরে নিয়েই ডি ভি সি. পশ্চিমবঙ্গের দেয় ঘাটতি হিসাব করে। দামোদর পরিকল্পনা শুরু থেকে ১৯৭২-৭৩ সালের শেষ পর্যন্ত মূলধন খাতে ব্যয়ের পরিমাণ দাঁড়াবে ২৬৫ কোটি ২ লক্ষ টাকা। এই টাকার ভাগ এই রকম—কেন্দ্রীয় সরকার ৫৬ কোটি ৯ লক্ষ টাকা, পশ্চিমবংগ সরকার ১০৯ কোটি ২৬ লক্ষ, বিহার সরকার ৪৯ কোটি ৩৭ লক্ষ, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বিশেষ ঋণ বাবদ ৪ কোটি ২৫ লক্ষ, ডি ভি. সির আভ্যন্তরিক সম্পদ এবং খোলা বাজার হতে ঋণ বাবদ ৪৬ কোটি ৫ লক্ষ—মোট ২৬৫ কোটি ২ লক্ষ টাকা।

কেন্দ্রীয় সরকার হইতে গৃহীত ঋণের উপর সুদ দিতে হয়। ডি. ভি. সি আইনের ৩৮ ধারায় এই ব্যবস্থা আছে যে কর্পোরেশন গৃহীত ঋণের সুদ অংশীদার সরকারকে দিবেন। অংশীদার সরকার অনুরূপ ভাবে কেন্দ্রীয় সরকারকে সুদ দিবেন। কিন্তু ডি. ভি. সি সেচ ও বন্যা নিয়ন্ত্রণ ঘাটতির দরুন এই সরকারকে কোন সুদ দেয় না। কাজেই বাধ্য হয়ে এই সরকার তাহার নিজস্ব বাজেট থেকে এ পর্যন্ত মোট ১৪ কোটি ৪৮ লক্ষ টাকা সুদ হিসাবে কেন্দ্রীয় সরকারকে দিয়েছেন। বিদ্যুৎ খাতে ডি.ভি.সি. উদ্বৃত্ত হতে কেন্দ্রীয় সরকারকে ঋণ পরিশোধ করতেন। কিন্তু গত ১৯৬৯-৭০ হইতে ডি. ভি. সি কেন্দ্রীয় সরকারের সুদের টাকা দেননি। এই সরকার বিদ্যুৎ খাতে সুদ বাবদ কেন্দ্রীয় সরকারকে ১৯৭০-৭১ পর্যন্ত মোট ৪ কোটি ৩৪ লক্ষ দিতে বাধ্য হয়েছেন।

ডি. ভি. সি আইনের ৩৬ নং ধারা অনুসারে বন্যা নিয়ন্ত্রণের মূলধন খাতে ব্যয় ১৪ কোটি টাকার মধ্যে কেন্দ্রীয় সরকারের দায় ৭ কোটি টাকার উপরে উঠবে না। বাকিটা সবই পশ্চিমবংগের দায়। বন্যা নিয়ন্ত্রণ বাবদ মূলধন খাতে, অনুমিত ব্যয় আলোচ্য বর্ষ ধরে ১৯ কোটি ২৯ লক্ষ ৩৭ হাজার টাকা দাঁড়িয়েছে। এর মধ্যে কেন্দ্রীয় সরকারের দায় ৭ কোটি টাকা বাদ দিলে পশ্চিমবংগ সরকারের মোট দায় ১৯৭২-৭৩ সাল অবধি দাঁড়িয়েছে ১২ কোটি ২৯ লক্ষ ৩৭ হাজার টাকার উপর। বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থার কথা প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে মাইথন ও পাঞ্চেত জলাধারের পাশে প্রায় ২৮ বর্গ মাইল এলাকা বার বার অনুরোধ করা সত্ত্বেও দখল করা হয়নি। ফলে বাঁধ দুটির বন্যা নিয়ন্ত্রণ ক্ষমতা প্রায় ৩৫ শতাংশ কাজে লাগানো যাচ্ছে না। সেচ বিভাগ এই জমি দখলের জন্য ডি. ভি. সি ও ভারত সরকারের সঙ্গে পত্রালাপ করছেন। সেচ মন্ত্রক একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করেছিলেন এ ব্যাপারে। তারাও এই জমি দখলের প্রয়োজনীয়তা উল্লেখ করেছেন। ব্যারেজ চালু করা ও শিল্প প্রকল্পগুলিকে জল সরবরাহ শুরু হওয়ার পর এখানকার পলি বালি প্রভৃতি তোলার কোন বন্দোবস্ত আজও সম্ভব হয়নি। ডি. ভি. সি-র কথা মত পোর্ট কমিশনাস বালি সরাবার একটি স্কীম করে দিয়েছেন যার খরচা লাগবে প্রায় ১ কোটি টাকা। ডি. ভি. সি এখনও পর্যন্ত এ টাকা দিতে অপারগ। পারলেও সেচ ব্যবস্থার অংশ হিসাবে এ খরচের অনেকখানিই পশ্চিমবঙ্গের উপর বর্তাবে। চতুর্থ প্ল্যানে এ কাজের জন্য টাকার সংস্থান করার চেষ্টা করা হয়। আপাততঃ কংসাবতী ড্রেজার দিয়ে কিছুটা বালি সরানোর কথা চিন্তা করা হচ্ছে।

১৯৭১ সালের খরিফ মরশুমে ডি. ভি. সির খাল থেকে (পুরাতন দামোদর ও ইডেন খালের ২ লক্ষ ২০ হাজার একরসহ) মোট প্রায় ৭ লক্ষ ৫০ হাজার ১৩১ একর জমিতে সেচের জল সরবরাহ করা হয়েছিল। এই বৎসর প্রায় ২ লক্ষ ৭ হাজার একর জমিতে রবিচাষের জল দেওয়া হয়েছে। আলোচ্য বছরে এক্সটেনশান, ইমপ্রুভমেন্ট ও ওয়াটার কোর্সের কাজ পরিকল্পনা অনুযায়ী চললে আগামী খরিফ মরশুমে আরও প্রায় ২০ হাজার একর জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করা যায়।

ডি, ভি, সি. প্রকল্পে বোরো চাষের জন্য জল রাখার কোন ব্যবস্থা নেই। তাছাড়া বোরো চাষের জন্য জল দিতে গেলে খাল ও খালের গেট প্রভৃতি সারাই করার সময়ও মেলে না। তা সত্ত্বেও গতবছর এবং এবছরও বন্যা পীড়িত এলাকার সুবিধার জন্য ঝুঁকি নিয়ে বন্যাকালীন জল কিছু ধরে রাখা হয়েছিল। গত বছর বোরোর জল দেওয়া হয়েছে ৬৩ হাজার চারশত একরে। এ বছরেও প্রায় ১ লক্ষ ৬০ হাজার একরে জল দেওয়া হয়েছে। শেষ পর্য্যন্ত খরা আরম্ভ হওয়ায় খরিফ চাষের রাখা জলও বোরোয় দেওয়া হয়েছে এবং বর্ষা না হলে খরিফের জল দেওয়ার বিশেষ অসুবিধা হবে। ভারত সরকার এবং ডি. ভি. সি. উভয়েই আমাদের পীড়াপীড়িতে বোরো চাষের জল এবার দিলেও জানিয়ে দিয়েছেন প্রত্যেক বছর এভাবে বোরোয় জল দেওয়া সম্ভব হবে না। বোরোর জন্য অন্য বন্দোবস্তের কথা চিন্তা করতে হবে। দুর্গাপুর হইতে ত্রিবেণী গঙ্গা পর্য্যন্ত প্রায় ৮৫ মাইল দীর্ঘ নাব্য খালটি পরিচালনার দায়িত্ব এখনও D.V.C-র উপর ন্যস্ত রয়েছে। এই নাব্য খালটি বহুদিন পূর্বে খনন করা হয়েছিল। D.V.C এই খালটির নাব্যতা বিভিন্ন সময় বিভিন্ন সংস্থা দ্বারা পরীক্ষা করেছেন। ১৯৭০ সালে Central Inland Transport Corpn. Ltd.-কে এই খালটি ব্যবহার করার ভার দেওয়া হয়েছে, এবং উক্ত সংস্থা দুর্গাপুর থেকে কিছু পরিবহণের কাজ করেছেন। কিন্তু সবশেষে বিশেষ সফলতা লক্ষ করতে পারেনি। উল্লেখ করা যায় যে এই খাল নির্মাণের ১৯৭০-৭১ সাল পর্য্যন্ত মূলধন খাতে ব্যয় প্রায় ৫ কোটি ৩৩ লক্ষ টাকা এবং বাৎসরিক রাজস্ব খাতে গড়ে ব্যয়

প্রায় ১৪ লক্ষ ৩০ হাজার এর বেশীর ভাগই পশ্চিমবঙ্গ সরকারের উপর বর্তাইয়াছে। মনে হয় এই প্রকল্পটি সম্পূর্ণ লাভজনক হয়ে উঠতে পারবে না। বেশ কয়েক বছর আগে বোকারোর ইস্পাত কারখানা ও সাঁওতালদিহি বিদ্যুৎ প্রকল্পের জন্য বিহার সরকারকে একটা ৬ শত কিউসেক বাঁধ তেনুঘাটে তৈরী করতে অনুমতি দেওয়া হয়। তারপর ভারতসরকারের কথাতে আরও ৩০০ কিউসেক জল তেনুঘাটে রাখবার কথা ওঠে এবং অল্পপরিমাণ জল অজয় বা সুবর্ণরেখা অববাহিকা অঞ্চল থেকে এনে দেওয়া হবে। ভারত সরকারের এই স্থির আশ্বাসে বাঁধটি ৯০০ কিউসেক পর্যন্ত করবার ব্যাপারে পশ্চিমবঙ্গ সম্মতি দেয়। বর্তমানে বিহার সরকার ৩০০ কিউসেক জল দিতে পারবেন না বলেছেন। তবু সাঁওতালদিহির জন্য রাখা ১৫০ কিউসেকও চেয়েছে বাকিয়া অঞ্চলের জন্য। তার উপর সম্প্রতি নানা কোনার, তিলাইয়া, বাঁধ সম্পূর্ণ বিহারের সেচের জন্য ব্যবস্থা করবার প্রস্তাব এনেছেন। পশ্চিমবঙ্গের আশঙ্কা এইভাবে জল বিহারে নেওয়া হলে দুর্গাপুর, আসানসোল শিল্পাঞ্চলে জল সঙ্কট দেখা দেবে। বহু প্রচেষ্টায় সেচের উপর নির্ভরশীল যে কৃষিব্যবস্থা গড়ে তোলা হয়েছে তারও সম্পূর্ণ সঙ্কট দেখা দেবে। যা হোক, এই সব ব্যাপার নিয়ে যথারীতি ভারত সরকারের সঙ্গে লেখালেখি চলছে। দামোদর ভ্যালি কর্পোরেসন কার্যাক্রম পশ্চিমবঙ্গ সংক্রান্ত ১৯৭২-৭৩ সালের ৫০ নং গ্রান্টের ৪ কোটি ৯৫ লক্ষ ৩৭ হাজার টাকা ব্যয়বরাদ্দ সাধারণভাবে এই বিধান সভায় অনুমোদন লাভের জন্য পেশ করলাম। আশা করি উক্ত ব্যয়বরাদ্দ এই সভায় অনুমোদন লাভ করবে।

**শ্রীগণেশচন্দ্র হাতুই**ঃ অন এ পয়েন্ট অফ ইনফরমেশন স্যার, গ্রামবাংলার তহশিলদাররা তাদের দাবী নিয়ে বিধানসভার বাহিরে অবস্থান করছেন। এই তহশীলদাররা অত্যন্ত কম বেতন পান, মাসিক ৫৭৷৷ টাকা, তাদের সামনে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় একটা বিবৃতি রাখুন এই দাবী জানি করছি।

**Mr. Deputy Speaker**: Mr Hatui, please take your seat. There is no point of information in it.

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ মন্ত্রী যে এই ব্যয় বরাদ্দের প্রস্তাব এনেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। সোয়া ১০ বছর সেচ মন্ত্রী হিসাবে আমার যে অভিজ্ঞতা তাতে আমি তাঁর প্রতি অত্যন্ত সহানুভূতিশীল যে এই বিভাগের ঠিকমত কাজ চালাতে হলে যে টাকা পাওয়া দরকার তার ১০ ভাগের এক ভাগও টাকা কোন বছর তাঁরা পান না। কাজেই এই বিভাগের সুষ্ঠুভাবে ও সন্তোষজনক ভাবে কাজ করা অসম্ভব। এই টাকা কোথা থেকে আসবে, দেবে কিনা কেউ, না হলে এই সমস্যাগুলি থেকে যাবে এবং বরাবর এর খরচ বাড়তে থাকবে। এই হলো আমার অভিজ্ঞতা। আমি আজ অন্য কথা বলব না, আমি শুধু ফারাক্কা নিয়ে একটু আলোচনা করব। কলকাতা বন্দর ভারতের সর্ব বৃহৎ আন্তর্জাতিক বন্দর ছিল। এমন একদিন ছিল যে দিন ভারতের আর সব কয়টি বন্দরে যে মাল যাতায়াত করত একলা কলকাতা বন্দরে তাই করত। আজ সেখানে নামতে নামতে ৫ম স্থানে চলে এসেছে, তার কারণ কলকাতা বন্দরের নদীর নাব্যতা— জাহাজ চলাচলের অসুবিধা হচ্ছে। কলকাতার যে হুগলী নদীর মোহনা সমুদ্রের মুখে, সেখানে কোটি কোটি মণ পলি থাকে, জোয়ারে সেই পলি টেনে নিয়ে আসে, আর ভাঁটায় কতটা টেনে নিয়ে যায় সবটা পারে না, কেন না জোয়ারের সময় ৫ ঘন্টা আর ভাঁটার সময় ৭ ঘণ্টা। ৫ ঘণ্টায় জল যা আসে ৭ ঘন্টায় তা যায় তাই তার গতি বেগ অনেক কমে যায়, ফলে পলি বাহির করার ক্ষমতাও কমে যায়। এইভাবে বছরের পর বছর শতাব্দী

ধরে এই পলি বেড়ে চলেছে এবং তাতে আজ কলকাতার গঙ্গা বা ভাগীরথী—হুগলীর এই অবস্থা হয়েছে। এই নিয়ে বহুবার আলোচনা হয়েছে, বহু তদন্ত হয়েছে, বহু রিপোর্ট হয়েছে। সময় কালে স্থির করা হয়েছিল যে কলকাতায় যদি উপর থেকে বেশী করে পরিস্কার জল আনা যায় তাহলেই হবে, না হলে কলকাতা বন্দর বাঁচবে না। কেন না পরিস্কার জলের পলি বহন করার ক্ষমতা অনেক বেশী সেই করতে গেলে গঙ্গার উপর ফারাক্কায় একটা ব্যারেজ করা—একটা বাঁধ দেওয়া দরকার। এবং সেখান থেকে খাল কেটে ভাগীরথীর সঙ্গে যোগ করা দরকার। প্রথম যখন এই প্রজেক্ট তৈরী হয় তখন কতটা জল দরকার এই নিয়ে গবেষণা হয়েছে, অনেক বৈদেশিক বিশেষজ্ঞ এসেছেন, শেষ পর্য্যন্ত স্থির হয়েছিল যে কম পক্ষে ৪০,০০০ কিউসেক জল যদি পাওয়া যায় তবে এই পলি কাটতে পারবে, তবে গঙ্গা নদী এখনকার কলকাতার নদী ক্রমশ গভীর হবে জলস্রোতে। এই ছাড়া কতগুলি স্যাণ্ড বার হয়। এই নিয়ে এখন পর্য্যন্ত কলকাতা বন্দর শুধু ড্রেজিং করে করে একটা সরু সিপ চ্যানেল বা জাহাজ যাতায়াত করতে পারে এই রকম একটা চ্যানেল বাঁচিয়ে রাখা হয়েছে আর দুধার মজে যাচ্ছে। এইটা বাঁচাবার জন্য যে ড্রেজিলিং হয় তাতে যে পলিটা ওঠে সেটা পাড়ে তোলা হয় না, শুধু গুলে গুলে নদীতেই ফেলে দেওয়া হয় যার ফলে সেগুলি আবার গিয়ে আর এক জায়গায় বসে, এই করে করে নদী ক্রমশ খারাপ হয়ে যাচ্ছে।

[5-10--5-20 p.m.]

ফলে বড় জাহাজ আর আসতে পারছে না। এছাড়া অবশ্য আরও একটা অসুবিধা আছে। হুগলী নদীতে কতকগুলো বাঁক আছে। আজকের যুগে যে সব লম্বা লম্বা জাহাজ তৈরী হচ্ছে সেগুলো ওই বাঁকে আসতে পারে না। সুতরাং কলকাতা বন্দর পরিত্যক্ত হবে কিনা প্রশ্ন উঠেছিল। কিন্তু ঠিক হয়েছে যে কলকাতা বন্দর পরিত্যাগ করা যেতে পারে না। হলদিয়া পোর্ট যেটা হচ্ছে সেটা কলকাতা বন্দরের সমস্ত কাজ করতে পারবে না। সেখানে বড় বড় জাহাজগুলো আসতে পারবে এবং বড় বড় ও ভারী ভারী মালগুলো আসবে, এই কলকাতা বন্দরে যতদিক নিয়ে রেল লাইন আছে এতো রেল লাইন সেখানে নিয়ে ফেলা অসম্ভব এবং সেই সব নানা কারণে কলকাতা বন্দর অপরিহার্য্য। সেজন্য গংগায় জল আনতেই হবে। হুগলী নদীতে জল কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল আসা চাই। সেই মতো পরিকল্পনা করে গংগা ব্যারেজ তৈরী হয়েছে। সেই ব্যারেজে গেট আছে। সেই গেট বন্ধ করে দিলে গঙ্গার উপর দিক থেকে জল ফুলে উঠবে, তখন তাকে ক্যানেলে করে এদিকে নিয়ে আসা যাবে। এই রকম ক্যানেল কাটার কাজও সুরু হয়েছে। স্বর্গের সিঁড়ি করতে যতদিন লাগে মোটের উপর ক্যানেল কাটতে এতদিন লাগবে এ ধারণা আমার ছিল না। যাই হক, চলছে। কতদিন চলবে জানি না। তবে কতকগুলো নূতন প্রশ্ন এসেছে। এখন ওঁরা বলছেন, সবই হবে বটে, তবে এত জল পাওয়া যাবে না। বৈজ্ঞানিকরা বলছেন কমপক্ষে ৪০ হাজার কিউসেক দরকার এবং এ নিয়ে বহু গবেষণা হয়েছে। একটা নদী বিজ্ঞান কেন্দ্র আছে খড়গ-ভোসলায় খাঁড়াগোলায় কেন্দ্রীয় সরকারের। তাঁরাও বলেছেন কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল দরকার। একজন ডাচ এক্সপার্ট এসেছিলেন মিঃ জে, জে, ডনকার্স। তিনিও একথা বলে গিয়েছেন। কিন্তু আমি দেখছি দিল্লীতে আমাদের কেন্দ্রীয় সেচমন্ত্রী সম্প্রতি বলেছেন যে হুগলী নদীর জন্য গঙ্গা থেকে এতো জল পাওয়া যাবে না। তাঁর বক্তৃতায় আছে যে জুন থেকে ডিসেম্বর পর্য্যন্ত ৪০ হাজার কিউসেক জল পাওয়া যেতে পারে বর্ষায়, তারপর মার্চের মাঝিমাঝি পর্য্যন্ত ৪০ হাজার কমতে কমতে হবে ২০ হাজার কিউসেক। অর্থাৎ যে সময় ওপর থেকে বেশী জল দরকার সেখানে তিনি গ্রীষ্মকালে সেই জল দেবার ব্যবস্থা করবেন না। সেই সময় পলি কমে গিয়ে গঙ্গার জলটা পরিস্কার থাকে এবং

নীচে জোয়ারের জলও কম থাকে। মার্চ থেকে মে মাসের মাঝামাঝি ২০ হাজার পর্য্যন্ত আর তারপর ১০শে জুন পর্য্যন্ত ২০ হাজার থেকে বেড়ে বেড়ে ৪০ হাজার কিউসেক জল হবে। যখন বর্ষাকাল এলো তখন আবার গঙ্গার জল আগের পরিমাণ বাড়লো। এরকম হলে কিছুতেই কলকাতা বন্দরকে বাঁচাতে পারা যাবে না এবং যে উদ্দেশ্যে এত টাকা খরচ করা হলো সেই উদ্দেশ্য সফল হবে বলে আমি মনে করি না। আর একটা ভয়াবহ খবর আছে। দিল্লীতে নাকি সম্প্রতি একটা হাই-লেভেল কনফারেন্স হয়েছিল তাতে বলা হয়েছে কোন কোন সময় এমন অবস্থাও আসবে যখন ২০ হাজার কিউসেকও জল পাবে না। একেবারে শূন্য হয়ে যাবে। It may be reduced to nil. এই যদি হয় তাহলে বলতে হবে যে ফারাক্কা ব্যারেজের পরিকল্পনা সম্পূর্ণ ব্যর্থ হয়ে গেলো। তখন কলকাতা বন্দরের কি অবস্থা হবে আপনারা সহজেই বুঝতে পারছেন।

কলকাতা বন্দরটা শুধু পশ্চিমবাংলার নয়, উত্তর প্রদেশ, বিহার থেকে সুরু করে সারা পূর্বভারতের বহির্বাণিজ্য এই কলকাতা বন্দর দিয়ে হয় এবং ২টা বড় জিনিষ, পাট ১৬ আনাই এবং চায়ের বেশীর ভাগই এই কলকাতা বন্দর থেকে রপ্তানী হয়। ভারত সরকার তার সমস্ত আয়ের মধ্যে সবচেয়ে বেশী foregin exchange পায় এই দুটো জিনিষ থেকে। এটা যদি বন্ধ হয়ে যায় তাহলে সারা ভারতের ক্ষতি হবে। একটা আন্তর্জাতিক বোঝাপড়া আছে যে যদি একাধিক স্বাধীন দেশের ভেতর দিয়ে নদী যায় river system তার শাখা প্রশাখা সহ, তাহলে উপরের রাজ্যের অগ্রাধিকার আসে। আবার এটাও আছে নীচের কোন রাজ্য আগে থেকেই উপর রাজ্যের জ্ঞাতসারে যদি নীচে কোন project সুরু করে দেয় তাহলে উপরের রাজ্যের অগ্রাধিকার আর থাকে না। সে হিসেবে ফরাক্কা ব্যারেজের অগ্রাধিকার হওয়া উচিত। কিন্তু এটা যাবজ্জন্য করা হল সেটা যদি না হয় তাহলে সমস্ত টাকা বরবাদ হয়ে যাবে। এই সমস্ত রাজ্য থেকে সমুদ্রপথে মাল চালাতে হলে ভাইজাগ পোর্ট-এ যেতে হবে। যদিও পারাদ্বীপে একটা port হয়েছে। তবে সেটা বেশী মাল বহন করতে পারবে না। ভাইজাক পোর্ট-এ যেতে হলে অনেক বেশী খরচ পড়বে এবং Rly. line এতবড় নয় যে ভাইজাকে সমস্ত মাল নিয়ে যেতে পারবে এটা ভারত সরকার এবং অন্যান্য রাজ্যের বিচার করে দেখা উচিত। অবশ্য এটা ঠিক যে নদীর উপর যেসব রাজ্য আছে সেগুলি স্বাধীন রাজ্য নয়। ফরাক্কা ব্যারেজ ভারত সরকারই তৈরী করেছেন। সকলের স্বার্থ ভারত সরকারের দেখা উচিত। জলের প্রয়োজন কৃষির জন্য, শিল্পের জন্য, এবং নৌ চলাচলের জন্য। এটা সকলের প্রয়োজন, সকলের উপকার এতে হবে এটা আমরা চাই। আমরা চাইনা শুধু পশ্চিম বাংলার এলাকার জন্য Calcutta port-এর উন্নতি হোক। এটা পশ্চিমবাংলার এলাকার স্বার্থ নয়। এছাড়া, লক্ষ লক্ষ লোক উত্তর প্রদেশ থেকে আরম্ভ করে পূর্ব ভারতের সারা রাজ্যের লোক এই পশ্চিমবাংলায় এসে কোলকাতা বন্দরের উপর নির্ভর করে রুজি রোজগার করে। এই বন্দর উঠে গেলে তারা বেকার হবে এবং তাদের নিজের দেশে ফিরে গেলে সেখানে একটা বেকার সমস্যা দেখা দেবে। সেজন্য Calcutta port-এর উপর যতটা গুরুত্ব দেওয়া দরকার এখানকার কেন্দ্রীয় সেচমন্ত্রীর কথাবার্তায় মনে হচ্ছে ঠিক ততটা গুরুত্ব দেওয়া হচ্ছে না। আমি আশা করব আমাদের মুখ্যমন্ত্রী ও সেচমন্ত্রী সকলে মিলে এটার উপর বিশেষভাবে জোর দেবেন যাতে ফরাক্কা ব্যারেজের কোন ক্ষতি, কোন রকমভাবে যেন না করা হয়। আর একটা কথা হচ্ছে যে যখন পূর্ববঙ্গ পাকিস্থানে ছিল তখন তাদের সঙ্গে গঙ্গার জল নিয়ে অনেক ঝগড়া, কথাবার্ত্তা হয়েছিল। কিন্তু আজ পূর্ববঙ্গ বা বাংলাদেশ হল আমাদের বন্ধুদেশ। কাজেই বাংলাদেশের প্রয়োজনে গঙ্গার জল যতখানি দরকার সেটাও আমাদের বিবেচনা করতে হবে। সুতরাং পূর্বভারতের সমস্ত প্রদেশের প্রয়োজন দেখে আবশ্যক জল যদি গঙ্গা থেকে না পাওয়া যায় তাহলে তার বিকল্প ব্যবস্থা করতে হবে। সেরকম কোন ব্যবস্থা সম্ভব কিনা?

সম্ভব আছে, যদিও কঠিন। এটা নিয়ে পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের সঙ্গে আলোচ করেছিলেন যে একটা খাল কেটে গঙ্গার সঙ্গে ব্রহ্মপুত্রের যোগাযোগ করা হোক।

[5-20—5-30 p.m.]

ব্রহ্মপুত্রের প্রতি বছর বাড়তি জল পাওয়া যায় এবং ব্রহ্মপুত্রের জলে প্রতি বছর বন্যা হচ্ছে আমরা যদি কিছু জল সেখান থেকে এনে গঙ্গার উপর ঠিক যেখানে ব্যারেজ হয়েছে তার কি উপরে ফেলতে পারি উত্তরবঙ্গের ৫টি জেলার ভেতর দিয়ে হোক বা আমাদের বন্ধু দেশ বাংলাদেশে খানিকটা ভেতর দিয়ে হোক, এই রকমভাবে যদি আনা যায় তাহলে সকলের সমস্যা সমাধান করা যা এবং বাংলাদেশকে গঙ্গার যত জল দেওয়া প্রয়োজন তাও দেওয়া যায় এবং কলকাতা বন্দরের য প্রয়োজন তাও পাওয়া যায়। আমি আমাদের সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তাঁরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই নিয়ে আলোচনা করুন। আরো একটা কথা বলা হচ্ছে যে, আমাদের হলদিয়া বন্দর হচ্ছে। আমি বলছি এটা পরিপূরক, এটা অলটারনেটিভ নয়, এটা সাবসিডিয়ারী। সেই হিসাবে এই হলদিয়া বন্দরও বাঁচবে না গঙ্গা ব্যারেজ না হলে। হলদিয়ায় জল যখন দরকার হবে, বড় বড় শিল্প যখন গড়ে উঠবে, শহর গড়ে উঠবে, তখন ওখানে যে জলের দরকার হবে সেই জল গঙ্গা থেকে আনতে হবে। এই পরিকল্পনা তৈরি হয়েছে যে উলুবেড়িয়া থেকে জল যাবে। সেই জল যদি যায়, সেই জল যদি মিঠে জল না হয়, সেই জল যদি লোনা জল হয় তাহলে সেই জলে হলদিয়া বাঁচবে না। গঙ্গা থেকে ভাগীরথী হুগলীতে কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল সারাবছর এলে উলুবেড়ে থেকে বারমাস হলদিয়ায় মিঠাজল পাঠান সম্ভব হবে না, এটাও আমাদের বিবেচনা করে দেখতে হবে। আমার আরো অনেক বলার ছিল, বেশী বলব না, আমার কাজ আছে শেষ হবে। আমি শেষে বলছি যে ভারতবর্ষের স্বার্থে, পূর্ব ভারতের সমস্ত রাজ্যগুলির স্বার্থে কলকাতা বন্দরকে বাঁচাতে হবে, এটা পশ্চিমবাংলার সমস্যা নয় এবং তারজন্য যা কিছু করার তাকে অগ্রাধিকার দিতে হবে এটা যেন আমরা ভাল করে কেন্দ্রীয় সরকারকে বুঝিয়ে দিই এবং তারজন্য আমাদের সর্ব রকম চেষ্টা করতে হবে যাতে আবার কলকাতা তার পূর্ব গৌরব যতটা পারে ফিরে পায়, তার মাল চলাচল বাড়ে। এই কলকাতা বন্দরে জাহাজ আসার জন্য নাব্যতা রক্ষা করতে অনবরত ড্রেজিং করে চলতে হয়েছে। এই ড্রেজিং একটা দুঃসাধ্য এবং অত্যন্ত ব্যয়বহুল ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এখন পলিকে সরাতে না পেরে জলের মধ্যে এধারে ওধারে ঠেলে দিয়ে সরু একটা নাব্য খাল রাখার চেষ্টা হচ্ছে, তাতেই বহু কোটি টাকা খরচ হচ্ছে। তার কিছুটা ভারত সরকার দিচ্ছেন, কিছুটা বন্দর দিচ্ছে। বন্দর যেটা দিচ্ছে সেটা বন্দরে যেসব জাহাজ আসে তার উপর চার্জ করে আদায় করে নিচ্ছে, ফলে যে সব মাল কলকাতা বন্দরে আসছে সেইসব মালের মূল্য বেড়ে যাচ্ছে। কেননা তারা ওটা আবার মালের উপর চাপিয়ে দিচ্ছে এবং সেই মাল সমস্ত পূর্ব ভারতের লোক কিনছে বেশী দাম দিয়ে এই বন্দরের অবনতির জন্য। এটাও আমাদের ভেবে দেখতে হবে। তাই সর্ব দিক থেকে দেখলে দেখা যায় কলকাতা বন্দরকে বাঁচান দরকার, একে অগ্রাধিকার দেওয়া দরকার এবং আমি বিশ্বাস করি আমাদের সরকার এই নিয়ে সাধ্যমত চেষ্টা করবেন এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে সেচ বিভাগের মন্ত্রী মহাশয় এই হাউসের কাছে ১৯৭২-৭৩ সালের জন্য ৩১ কোটি ২১ লক্ষ ১৮ হাজার টাকার ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন। এই গ্রান্টে যে টাকার বরাদ্দ মন্ত্রী মহাশয় দাবী করেছেন তার

সবটাই প্রায় প্রোডাক্টিভ স্কীমের মধ্যে পড়ে। অতএব এই ব্যয় বরাদ্দে কোন পক্ষেরই বিরোধিতা থাকা উচিত নয়। তবুও নীতিগতভাবে এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি এই জন্য যে, এই ব্যয় বরাদ্দ নিয়ে যে কাজ করবার জন্য মন্ত্রী মহাশয় এবং তাঁর সরকার অভিপ্রায় প্রকাশ করেছেন তাতে বিভাগের কার্যাবলী দেখলে অত্যন্ত নিরুৎসাহ হতে হয়। যে কয়টি বড় বড় পরিকল্পনা পশ্চিমবাংলায় হয়েছে এই ব্যয় বরাদ্দের মধ্যে তাতে আমরা দামোদর পরিকল্পনার কথা জানি, ময়ূরাক্ষীর কথা জানি, এবং এটাও জানি যে কংসাবতীর কাজ চলেছে। যেভাবে এই পরিকল্পনাগুলি করা হয়েছে তাতে আমরা দেখছি পরিকল্পনা সম্বন্ধে দূরদৃষ্টির অভাবের জন্য, কাজের মধ্যে বিলম্ব থাকার জন্য, কাজে ক্ষিপ্রতা না থাকার জন্য এবং দপ্তরের মধ্যে যে দুর্নীতির চক্র রয়েছে সেই দুর্নীতির চক্রকে দূর করতে না পারার জন্য যে ব্যয় বরাদ্দই দেওয়া হোক না কেন তার সবটাই ব্যর্থ হয়ে যাবে। ১৯৫৬ সালে ডি ভি. সি প্রথম জল দিতে আরম্ভ করে। আমি তৎকালীন সেচমন্ত্রী অজয়কুমার মুখার্জীর ১৯৬৩ সালের বাজেট বক্তৃতা দেখেছি। ১৯৫৬ সাল থেকে আরম্ভ করে ১৯৬৩ সাল এই ৭ বছর পর দেখা গেল ডি ভি সি থেকে যে জল দিচ্ছে সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় তাঁর সেই বক্তৃতায় বললেন যে সাড়ে সাত লক্ষ একরে জল দিতে পেরেছি ১৯৬৩ সালে। আমরা জানি পশ্চিমবাংলায় যে চাষযোগ্য জমি আছে তার পরিমাণ প্রায় ২৩ মিলিয়ন একর। মন্ত্রীমহাশয় যে বক্তব্য আজকে এখানে রাখলেন তার কপি আমরা পাইনি, পেলে সঠিক কথা বলতে পারতাম। তবে যতটা আমি শুনেছি তাতে দেখছি তিনি বলেছেন যে, কংসাবতী পরিকল্পনার কাজ সুষ্ঠু হলে সব মিলিয়ে প্রায় দেখা যাবে ৩ কি ৪ মিলিয়ন জায়গায় জল দিতে পারছেন ৮ মিলিয়ন আবাদযোগ্য জমির মধ্যে। আজকে পশ্চিমবাংলার চাষের প্রধান সমস্যা হচ্ছে সেচের সমস্যা। আপনারা সকলেই জানেন দামোদর পরিকল্পনা বলুন, ময়ূরাক্ষী পরিকল্পনা বলুন আর কংসাবতী পরিকল্পনা বলুন তার প্রধান উদ্দেশ্য ছিল এই স্কীমগুলির মাধ্যমে নৌ-চলাচল বাড়বে, এই স্কীমগুলির মাধ্যমে অনাবৃষ্টি হলে জল পাবে শস্য উৎপাদনের জন্য, শিল্প গড়ে উঠবে এবং বহু রকম ব্যবসা বাণিজ্যের প্রসার হবে। কিন্তু ২৩ মিলিয়ন চাষযোগ্য জমির মধ্যে আজ পর্যন্ত টাকা বরাদ্দ করেও কাজের মধ্যে ক্ষিপ্রতা না থাকার জন্য যে সমস্ত আশা নিয়ে এই পরিকল্পনা করা হয়েছিল তাতে আমরা দেখছি মাত্র ৩/৪ মিলিয়ন একর আবাদযোগ্য জমিতে জল দিতে পারছেন। আমি এই বাজেটের উপর মেদিনীপুর জেলা সম্বন্ধে কয়েকটি কথা বলব। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৫৯ সালে পশ্চিমবাংলায় যে বন্যা হল তারজন্য সর্দার মান সিং-কে নিয়ে একটি ফ্লাড এ্যানকোয়ারী কমিটি গঠন করা হয়েছিল।

[5-30 -5-40 p m ]

সেই কমিটির রিপোর্ট যদি দেখেন তাহলে স্যার, দেখবেন তার মধ্যে মেদিনীপুর জেলার প্রধান কথা বলা হয়েছে ঘাটাল মহকুমার কথা। আজকে পর পর তিন বছর আমরা কি দেখছি ? ঘাটাল মহকুমা তিন চার মাস ধরে জলের মধ্যে থাকছে। ইদানীং চন্দ্রেশ্বর খাল কাটা হচ্ছে—এটা বহুদিনের দাবী, এটা কাটা দরকার, কিন্তু যে উদ্দেশ্যে কাটা হচ্ছে সেই উদ্দেশ্য সাধন হবে না কেন না ঘাটালের সমস্যা, মেদিনীপুর জেলার সমস্যা, তমলুকের সমস্যা, হুগলী জেলার সমস্যা, হাওড়া জেলার সমস্যা এই সমস্ত সমস্যা ড্রেনেজের সমস্যার উপর নির্ভর করছে। রূপনারায়ণ নদীর উপর কংসাবতী নদীর উপর, শীলাবতী নদীর উপর যে সমস্ত ক্যানেল তার মধ্যে একটা চন্দ্রেশ্বর খাল কাটার ব্যবস্থা হচ্ছে। লক্ষ লক্ষ টাকা খরচ করে সেই খাল কেটে দিলে কিছু বেশী জল তার মধ্যে থাকবে বটে, কিন্তু জল নিষ্কাশন ব্যবস্থা তার দ্বারা হবে না যতক্ষণ না কংসাবতী, শীলাবতী, রূপনারায়ণের সিল্ট ক্লিয়ারেন্সের ব্যবস্থা করতে পারা যায়। কিন্তু কংসাবতীর সিল্ট ক্লিয়ারেন্স

ব্যবস্থা করতে পারলাম না ওখানে একটা চন্দ্রেশ্বর খাল কেটে দিলাম এত টাকা খরচ করে তাতে ঘাটাল মহকুমার সামান্য উন্নতির সম্ভাবনা থাকবে। যে ঘাটাল মহকুমার দাসপুর থানা, তমলুক মহকুমার কেশপুর থানা বা সদর মহকুমার মধ্যে যারা এই রকম জলের মধ্যে তিন মাস থাকে তাতে কেবলমাত্র ছোট ছোট ক্যানেল কেটে দিলে জল নিষ্কাশন সমস্যার সমাধান হবে না। মাননীয় স্পীকার মহাশয়, আপনি দেখলে দেখতে পাবেন যে এই রিপোর্টে সুবর্ণরেখা নদীর জলের দ্বারা খুব সামান্য অংশ প্লাবিত হয়। আমার ব্যক্তিগত অভিজ্ঞতার দ্বারা আমি জানি এই বন্যায় যে সমস্ত এলাকা প্লাবিত হয় তার ক্ষতির থেকে উপকারই বেশী হয়। মান সিং কমিটির রিপোর্টের মধ্যে সিলট ক্লিয়ারেন্সের কথা বলা হল, আর কংসাবতী, রূপনারায়ণ-এর যে কাজ বাকী পড়ে থাকল তা আর হল না। আর সেখানে মান সিং রিপোর্ট-এর মধ্যে সুবর্ণরেখার সামান্য মাত্র উল্লেখ থাকল তার জন্য একটা পরিকল্পনা করা হল, লক্ষ লক্ষ টাকা ব্যয় করবার জন্য। এর সঙ্গে শর্ত থাকল যে সেই পরিকল্পনা সার্থক হতে পারে বা করা সম্ভব যদি উড়িষ্যা সরকার সঙ্গে সঙ্গে কাজটা চালান। কিন্তু উড়িষ্যা সরকারের মতামত গ্রহণ করা হল না, উড়িষ্যা সরকার কাজ আরম্ভ করতে চান কি না চান সেটা ঠিক করা হল না, কিছু কনট্রাকটর পাঠিয়ে কাজ করবার জন্য কিছু টাকা বরাদ্দ করে তড়িঘড়ি করে করা হল। সুবর্ণরেখা পরিকল্পনা করবার জন্য সেখানকার জনসাধারণ চাপ দিল, মন্ত্রীর কাছে এল, চীফ ইঞ্জিনীয়ারের কাছে এল, শেষ পর্যন্ত যখন তাদের বোঝাতে সক্ষম হল যে উড়িষ্যা সরকার তারা কিছুতেই বাধ করবে না, তখন কিছু টাকা ক্ষতি করে সেটাকে বন্ধ করা হল। অতএব এইভাবে দেখা যায় যে সমস্ত কমিটির রিপোর্ট হয় সেই সমস্ত কমিটির রিপোর্টগুলিকে ভাল করে দেখা হয় না বা দেখা হলেও সেগুলিকে ঠিকমত কার্যকরী করা হয় না। কমিটি যেগুলি কার্যকরী করার কথা বলেছেন সেগুলি কার্যকরী করা হয় না, যেগুলি কার্যকরী করবার কথা নেই সেগুলিকে তড়িঘড়ি করে করবার চেষ্টা হয় এবং এইভাবে অর্থের অপচয় হয় যার ফলে যে রেজাল্ট পাবার কথা সেটা আমরা পাচ্ছি না। আর একটা বিরাট পরিকল্পনার কথা বলা হচ্ছে ইলেকট্রিসিটির কথা, আজকে ইলেকট্রিসিটির কি অবস্থা? আজকে পশ্চিমবঙ্গে পাওয়ারের কেমন হয়েছে বলা যায়, যেটুকু ইলেকট্রিসিটির ব্যবস্থা করা হচ্ছে তাও আবার সুষ্ঠুভাবে বন্টনের অভাবে জনসাধারণের কোন কাজে লাগে না। এই ডিপার্টমেন্টের ত্রুটির জন্য এটা হচ্ছে। সরকার এই ত্রুটি বিচ্যুতি দূর করতে সক্ষম হন নি। অতএব আজকে সরকার যে হাইড্রো ইলেকট্রিক পাওয়ারের জন্য পরিকল্পনা করেছিলেন সেদিক থেকে নজর সরিয়ে এনে আজকে থারমাল পাওয়ারের দিকে ঝুঁকছেন। তখন প্লানের ত্রুটি ছিল, কেন না এই পশ্চিমবাংলায় এমন কোন নদী নালা নাই এবং জল চাইলেই আমরা জল পাবনা, তা সত্ত্বেও যে পরিমাণ হাইড্রো ইলেকট্রিক পাওয়ার পাব বলে আশা করেছিলাম ব্যুরোক্রাসীর জন্য আমরা তা পাচ্ছি না। থারমাল পাওয়ারের দিকে সেজন্য সরকার এখন ঝুঁকছেন।

তখন এই প্ল্যানে ত্রুটি ছিল যাতে আমরা জল পেতে পারিনা। পশ্চিমবাংলায় এমন কোন নদী নালা নেই যার পেরিনিয়াল সোর্স আছে। অতএব জল চাইলেই আমরা জল পাবোনা বা আমরা ১২ মাস জল পাবোনা। তা সত্ত্বেও যে পরিমাণ হাইড্রো ইলেকট্রিক পাওয়ার পাবো বলে আশা করেছিলাম, দূরদৃষ্টির অভাবের জন্য আজকে আমরা তা পাচ্ছিনা। এবং তার জন্য থারমাল পাওয়ারের দিকে এগিয়ে যেতে হচ্ছে। ফারাক্কার কথা আমার পূর্ববর্তী বক্তা, এই হাউসের মাননীয় সদস্য অজয় মুখোপাধ্যায় মহাশয় বলেছেন, আমি কিছু বলছিনা, বলা নিষ্প্রয়োজন, তা সত্ত্বেও একটা কথা বলি ফারাক্কা ব্যারেজের কাজ হয়ত কমপ্লিট হল কিন্তু যে ক্যানেলটি ছিল সেই ক্যানেলের কাজ সামান্যমাত্র এগিয়ে যায়নি। যার ফলে দেখতে পাচ্ছি যে সেই ক্যানেল না হওয়াতে এবং বিরাট ঢাকঢোল বাজিয়ে যে মহানন্দা মাষ্টার প্ল্যান করা হল সেই মহানন্দা মাষ্টার প্ল্যানের কাজ আজ কিছুমাত্র আরম্ভ হয়নি। এমন কি যেটুকু জমি জাগয়া এ্যাকয়ার করা দরকার সে এ্যাকয়ারের সামান্য ব্যবস্থাও করা

হয়নি এই সরকারের দ্বারা। তার ফলে দেখতে পাচ্ছি কি, সেই ক্যানেলটা হলনা মহানন্দা মাস্টার প্ল্যানের মধ্যে যা রয়েছে। বিহার সরকার তার ১৮ মাইল গঙ্গার বাঁধ করে নিলেন আর আমার সরকার এই সামান্যতম কাজ না করতে পারার জন্য আপনারা জানেন যে গতবারে যে বন্যা হয়েছিল ৪০০ বছরের মধ্যে সেই রকম বন্যা হয়নি। আবার এই অবস্থার ফলে, এই বাঁধ না হওয়ার ফলে এই মহানন্দা মাষ্টার প্ল্যানের কাজ না হওয়ার ফলে বিহার সরকার ১৮ মাইল বাঁধ বেঁধে ফেললেন পশ্চিম বাংলার এপারে যার ফলে মালদা জেলায় এবারে সামান্যতম বৃষ্টির ফলে বন্যা রোধ করা যাবে না। অতএব বন্যার ক্ষয়ক্ষতি হিসাব না করে, বন্যায় আমরা যে রিলিফ দেবো তার কথা না ভেবে, বন্যা কি করে রোধ করা যায় তা চিন্তা করা দরকার। সেই চিন্তা সরকার করতে পারেননি, অক্ষম হয়েছেন। আমরা দেখেছি সেচ বিভাগে যে সমস্ত বাঁধ বাঁধা হয় সেই বাঁধগুলি বাঁধা হয় ঠিক বৃষ্টির আগে আগে, যার ফলে মাটি বসতে পারে না, এক পসলা জোর বৃষ্টি হলে সেই বাঁধ ভেঙ্গে যায়। কেন এই ভাবে বাঁধ বাঁধা হয়? কারণ এই অফিসের মধ্যে এবং অফিসার চক্রের মধ্যে দুর্নীতি। এই টাকাগুলিকে কোন রকম করে খরচ করে দেবো, আবার সেই বাঁধ ভেঙ্গে যাবে এবং আবার কিছু অর্থ সেখানে লাগাবো। কিন্তু ঠিক বৃষ্টি হওয়ার পরে পরে যদি বাঁধগুলিকে মেরামত করা হতো, ৪/৫ মাস সময় পেতো সেই বাঁধগুলি বসে যেতো তাহলে আবার ঠিক বৃষ্টির ঠিক পূর্বে সারাবার দরকার হতো না। সেখানে বাঁধ ভাঙ্গবার কোন সম্ভাবনা থাকতো না, মাটি বসে যেতো। কিন্তু তা না করে এমন ব্যবস্থা যে ওখান থেকে কনট্রাক্ট বিলি করে টাকা বরাদ্দ নিয়ে বাঁধটা বাঁধছেন ঠিক বৃষ্টির পূর্বে। এইভাবে বাঁধগুলি বাঁধা হচ্ছে, এমব্যাঙ্কমেন্টগুলি বাঁধা হচ্ছে যার ফলে প্রতি বৎসর কিছু টাকা খরচ করলেও যে কারণের জন্য বাঁধ তৈরী করছেন সেটা কাজে লাগছে না কতকগুলি কনট্রাকটারদের পেটে এবং সরকারী দপ্তরের কর্মচারীদের দ্বারা কিছু অর্থের অপচয় হচ্ছে আমরা দেখতে পাচ্ছি। আরো আমরা দেখতে পাচ্ছি কি, না সেচ বিভাগের মধ্যে এমন দুর্নীতি যে রাস্তা ঘাটে যার কাছে যান না কেন সেচ বিভাগের দুর্নীতির কথা আমরা সকলেই শুনতে পাই। এই বিভাগের মধ্যে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন যে একেবারে নীচ থেকে আরম্ভ করে উপরতলা পর্যন্ত প্রত্যেক অফিসার হয় জড়িত, আর না হয় সেই জিনিসকে সমর্থন করে যাচ্ছে। সেই দুর্নীতির চক্রকে ভাঙ্গতে অসমর্থ হচ্ছেন। দেখবেন বড় বড় সমস্ত মেশিন আছে এই ইরিগেশন ডিপার্টমেন্টে, সেই মেশিন কবে আনা হয়, কবে খারাপ হয়, কবে মেরামত হয়, তার কোন হিসাব নেই। সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার নয়, নীচের দিকে একজিকিউটিভ ইঞ্জিনীয়ার-এর উপর দায়িত্ব থাকে, তিনি সারাবার পর - নতুন ইঞ্জিন সারাবার পর, দু-তিন মাস ইঞ্জিন পড়ে থাকলো, তারপর একটা বিল চলে এলো কয়েক হাজার টাকার, যেমনি মেশিন তেমনি আবার বাড়িতে ফিরে এলো, আবার ফিরে এলো সেই দোকানে সারাতে, যেমনি গেল তেমনি আবার ফিরে এলো, কয়েক হাজার টাকার বিল এলো, ও সেই বিল পাশ হয়ে গেল। এই রকমভাবে দেখা যাচ্ছে মেশিন সারান, জিপ সারান, বহু পার্টস কেনা, এই রকম দুর্নীতি এই ইরিগেশন ডিপার্টমেন্টে আছে যার জন্য লক্ষ লক্ষ টাকা অপচয় হচ্ছে তা বন্ধ করবার কোন ক্ষমতা নেই। আমরা জানি দু-এক জন ইঞ্জিনীয়ার আছে, একজিকিউটিভ ইঞ্জিনীয়ারের স্তরের লোক যাদের এগেনেষ্টে ভিজিলেন্স রিপোর্ট আছে। যখন ভিজিলেন্সের কথা উঠে সেই অফিসার মহাশয় বলে বেড়ান আমি চাকরী ছেড়ে চলে যাচ্ছি আর আমার ভিজিলেন্স কমিশন কি করবে। কিছুদিন পরে দেখা গেল সেই ভিজিলেন্স কমিশন রিপোর্ট চাপাচাপি হয়ে গেল। কেন হয় জানিনা, কিভাবে হয় জানিনা, তিনি ঠিক বাহাল তবিয়তে কাজ করে যাচ্ছেন।

[5-40—5-50 p.m.]

অতএব এই ব্যয় বরাদ্দ ঠিক ভাবে খরচ করতে হবে। আমি আরো বলতে চাই যে একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, চিফ ইঞ্জিনীয়ার সুপারেনটেনডেন্টিং ইঞ্জিনীয়ার ইত্যাদি স্তরে যে সমস্ত

দুর্নীতি বাসা বেঁধে রয়েছে আমি মন্ত্রীমহাশয়কে বলতে চাই আশা করি তিনি সে বিষয়ে দৃষ্টি দেবেন আমি একটা কথা বলি, মালদহ জেলার কথা। আমাদের সেচ মন্ত্রী মহাশয় মালদহ জেলা থেকে নির্বাচিত হয়েছেন। সেই মালদহ জেলায় দেখেছি যে সরকারী নিয়ম লংঘন করা হচ্ছে, এ্যাপয়েন্টমেন্ট দিয়ে। গত কাল ডাকে দরখাস্ত আমি একটা পেয়েছি। সেই দরখাস্তে উল্লেখ করা হয়েছে ৬ জন লোকের চাকরীর কথা। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে ইরিগেসান ডিপার্টমেন্টে কিছু Seasonal ওয়ারকার নেওয়া হয়। এরূপ একটা ষ্টানডিং অর্ডার আছে এই সেসানাল ওয়ারকাররা প্রায়রিটি পাবে, এরূপ বলা আছে। তিনি তদন্ত করলে দেখতে পাবেন যে দশ-বার বছর ধরে কাজ করে আসছে কিন্তু আশ্চর্য্যের বিষয় ৬ জন লোককে যারা একবারে নূতন তাদের চাকরী দেওয়া হয়েছে মহানন্দ মাষ্টার প্ল্যানের কাজে। যারা কাজ পেলোনা তারা Executive Engineer-এর কাছে খোঁজ নিয়ে জানলো মন্ত্রীমহাশয়ের আদেশে এই appointment হোয়েছে S. E-এর চিঠির মূলে। আমি S. E-এর ঐ চিঠি পড়ে দিচ্ছি।

The appointment orders are being issued as a special case, in relaxation of the existing rules as per instruction of the Hon'ble Minister, Irrigation and Power Department, Govt. of West Bengal, vide his No. Camp/MLD/40/I P 19 I.P., dated 15-5.72 and No. Camp/MLD/66, dt. 16-5-72.

আমরা জানি যে মন্ত্রী মহাশয়কে অনেক সময় অর্ডার দিতে হয়। মানুষ মরে যাচ্ছে এই রকম জরুরী অবস্থায় অর্ডার দিতে হয় মন্ত্রীকে camp-এ থাকার সময়। কিন্তু তাঁর কি প্রয়োজন পড়ল যে একজিসটিং রুলস যা আছে তা রদ করে তিনি camp থেকে এই রকম অর্ডার দিয়ে গেলেন, এক-জিসটিং রুলস রদ করে ৬ জন নুতন লোক ঢুকে গেল। সত্য কি মিথ্যা মন্ত্রী মহাশয় আমাদের জানাবেন। এই ব্যয়বরাদ্দ অনুমোদনের সঙ্গে সঙ্গে এই কথা বলবো যে মন্ত্রী মহাশয়ের চোখের উপর এই সমস্ত অফিসাররা, তারা যে কারণেই হোক, একজিসটিং রুলস বাতিল করছেন এই সমস্ত দুর্নীতি রোধ করা এখনও যায়নি। তাই এই যে ব্যয় বরাদ্দ এনেছেন তাকে অনুমোদন করা যায় না। মালদহ জেলার কনট্রাকটার রাধা আগরওয়ালা তিনি বেনামীতে অনেকগুলি কনট্রাকটারী করেন। কমপিটিসানে কনট্রাকটারী না পেলে কিছু বলবার নেই। কিন্তু দশ বার বছর ধরে কনট্রাকটারী করছেন সেই কনট্রাকটারকে টেণ্ডার ফর্ম অবধি বিলি করা হচ্ছে না। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে দশ বার বছর ধরে ইরিগেসান ডিপার্টমেন্ট-এর যে কনট্রাকটার তাকে টেণ্ডার ফর্ম পর্য্যন্ত দেওয়া হচ্ছে না। এই যে দুর্নীতি, এই দুর্নীতির প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যে ব্যয় বরাদ্দ তিনি এনেছেন তা ঠিক মত খরচ করা যাবে বলে আমার মনে হয় না। সেই জন্য আমি এই বরাদ্দের বিরোধিতা করছি।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ রাজ্যে সেচের সমস্যা তার বন্যা নিয়ন্ত্রণ এবং জল নিকাশের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। তার সমাধানের যে রূপরেখা মন্ত্রী মহাশয়ের বক্তৃতায় প্রকাশিত হলো, সেই রূপরেখাকে রূপরেখা বলা উচিত কি অরূপরেখা বলা উচিত সে বিষয়ে আমার সন্দেহ হচ্ছে।

উত্তরে নগাধিরাজ হিমালয়ের বরফগলা জলের অজস্র ধারা, সেই জলধারা অভিশাপরূপে প্রলয়ংকরী বন্যার আকারে নীচে নেমে এসে বার বার ভাসিয়ে নিয়ে যায় উত্তর বঙ্গকে। আর নদী-রূপী সেই প্রধান জলনিকাশী ধারাগুলি বুকভরা পলি নিয়ে দাঁড়িয়ে থাকে। পশ্চিমবংগ রাজ্যের সেচ বিভাগকে এই দুটো সমস্যার মোকাবেলা করতে হবে যদি এই [illegible]

উত্তরবংগ বন্যানিয়ন্ত্রণ কমিশনের টাকার যে বিস্তৃত বিবরণ শুনলাম, তা শোনবার পর এখন পর্য্যন্ত তিস্তা মহানন্দা প্রকল্পের ৮০ কোটী টাকা দিল্লীর দরবারে মুক্তির আশায় দিন গুনছে। পশ্চিমবংগে ঐ প্রকল্প কার্যকরী করতে পারলে সাড়ে তের লক্ষ একর নতুন জমিতে সেচ হতে পারতো, বন্যা নিয়ন্ত্রণ হতে পারতো এবং তিনটি ফসল তুলতে পারলে ৩০ লক্ষ লোক ঐ প্রকল্পের দ্বারা উপকৃত হতে পারতো। এই অবস্থায় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করি এই বিধানসভায় সকলে একবাক্যে চাই এই প্রকল্প কার্যকরী হোক। আরো মন্ত্রীমহাশয়কে বলতে হবে, দিল্লী থেকে এই প্রকল্প ছিনিয়ে আনবার জন্য উঠেপড়ে এমনভাবে লাগলেন—যাতে করে নিশ্চয়ই ঐ জিনিসটা পাওয়া যায়। এছাড়া উপায় নাই।

এর পরে দক্ষিণবঙ্গের ফরাক্কা, এ সম্বন্ধে শ্রীমুখার্জি অনেক কথা বলেছেন। আমার পরে শ্রী বিশ্বনাথ মুখোপাধ্যায়ও এবিষয়ে বলবেন। আমি শুধু একটা কথা এবিষয়ে বলতে চাই। সেটা হলো এই, শুনছি নাকি ফরাক্কার ব্যাপারে স্বয়ং ভারতের প্রধানমন্ত্রী হস্তক্ষেপ করবেন। খুব ভাল কথা। এখন ফরাক্কার ব্যাপারে আর বিশেষ জ্ঞানের প্রয়োজন নাই। একটিমাত্র দরকার আছে, সেটা হচ্ছে জোরালো দাবী। আমি আশা করবো পশ্চিমবঙ্গের সহানুভূতির ক্ষেত্রে, এই পরীক্ষার ক্ষেত্রে ফরাক্কা সম্পর্কে প্রধানমন্ত্রী যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন, তাই আমরা দাবী করবো বিধানসভা থেকে একটা প্রস্তাব আসুক আমরা সর্বসম্মতিক্রমে তা গ্রহণ করবো। ধুবড়ি-ব্রহ্মপুত্র খাল কেটে হোক, উপরের প্রজেক্টের কিছু পরিমাণ জল বন্ধ করে হোক, ৪০ হাজার কিউসেক জল লীনমানাথে ফরাক্কা দিয়ে আমাদের চাই-ই। আসুন এই প্রস্তাব আমরা কেন্দ্রীয় মন্ত্রীসভাকে অনুরোধ হিসেবে এই বিধানসভা থেকে জানাই।

দক্ষিণবঙ্গে আর একটা প্রধান নদী রূপনারায়ণ। সেও আজ পলি ভরা মৃত প্রায়। শ্রীযুক্ত বিশ্বনাথ মুখোপাধ্যায়কে কেন্দ্রীয় সেচমন্ত্রী এক চিঠি লিখে জানিয়েছেন, পুনা রিভার রিসার্চ ইনষ্টিটিউটে এবিষয়ে গবেষণা হচ্ছে এবং তোমার সরকার এবিষয়ে প্রকল্প তৈরী করছেন। আমরা ভাবলাম ইতিহাসে লেখা হবে রূপনারায়ণ নামে বিশাল নদ সেই সময় এলে কি বেরুবে, না, তার আগে বেকবে জলহ রূপনারায়ণের উপর নির্ভর করছে একটা বিশাল এলাকার জলনিকাশ। যেমন হলদিয়ার উপর নির্ভর করছে ঐ এলাকার বাঁচামরা! বাজেটই এই পরিকল্পনা ছিনিয়ে আনতে হবে আপনাকে যে প্রকারেই হোক না কেন। এছাড়া অন্য কোন উপায় নাই।

গঙ্গা ব্রহ্মপুত্র ইত্যাদি নদ-নদীগুলি পশ্চিমবঙ্গের মধ্য দিয়ে বয়ে যায়নি। কিন্তু ফরাক্কার ব্যাপারে আমাদের এই পশ্চিমবঙ্গ সরকারের সবিশেষ সতর্ক হওয়া দরকার। কারণ এই সকল নদীর আশেপাশে যে সকল রাজ্য সরকারের সঙ্গে কারবার আছে, তাদের স্বার্থ ও আমাদের ন্যায় স্বার্থ রক্ষার ভিত্তিতে আগে থেকে যাতে যথাযথ co-ordination হয়, সেই co-ordination যাতে জোরালো ভাবে পশ্চিমবঙ্গের পক্ষ থেকে রাখা যায়, সেই রকম সরকারী ব্যবস্থা আশা করি।

5-50—6-00 p.m.]

এই সূত্রে আমি দু-একটা কথা না বলে পারছি না। আমাদের জল সম্পদ এমনিতে খুব কম। সেখানে অজয় নদের জল সম্পদকে একটা উৎস হিসাবে ব্যবহার করার জন্য আমাদের ইঞ্জিনীয়াররা যখন ভাবছে তখন শুনা যাচ্ছে বিহার সরকার মাইথন থেকে ৯ মাইল দূরে অজয় নদের সমস্ত জলধারাকে বিহারে ব্যবহার করার জন্য একটী প্রকল্প করেছেন। অজয়ের জলধারা থেকে পশ্চিমবঙ্গ যাতে

না বঞ্চিত হয় তার জন্য এখনই এ বিষয়ে বিহার সরকার ও কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা ক দরকার। এবং এ ব্যাপারে আমাদের উঠে পড়ে লাগা দরকার। এই সূত্রে বিহারের তেনু প্রকল্পের কথাও উল্লেখ করা দরকার। তেনুঘাট দামোদরের উপর – অথচ একে ডি, ভি, অন্তর্ভুক্ত করা হয় নি। আমরা যখন টাকা চেয়েছিলাম তখন কেন্দ্রীয় সরকার বলেছিল অত ট নেই। কিন্তু সেই তেনুঘাট প্রকল্পকে কেন্দ্রীয় সরকার পুরো অর্থও অনুমোদন দিয়েছেন এবং বি সরকার এখন পৃথক প্রকল্প হিসাবে একে করতে যাচ্ছেন। এখন বিহার সরকার বলছেন যে তেনুঘাট প্রকল্প থেকে প্রতি ১ হাজার গ্যালন করে জলের জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে পয়সা করে চাইবেন। অথচ এটা যদি ডি ভি. সির অন্তর্ভুক্ত হোত তাহলে আমরা প্রতি হাজ গ্যালন জল ১০ পয়সায় পেতে পারতাম। এটা কি ন্যায্য বিচার হয়েছে? এই সমস্ত বি জোরালো ভাবে যুক্ত করবার জন্য আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রী মহাশয়কে তথা সমগ্র মন্ত্রীসভ দৃষ্টি আকর্ষণ করছি। এতক্ষণ আমি যে কথাগুলি বললাম তা বাইরের রাজ্যের সঙ্গে সম্পর্কি এগুলি বললাম এই কারণে নয় যে, এই রাজ্য সরকারের অর্থে সেগুলি যে হচ্ছে বা হতে পারে সম্পর্কে আর কিছু বলার নেই। কিন্তু খুবই সত্য কথা যে সেচের পরিকল্পনাগুলি এত বড় ধরনের এগুলির জন্য যথাযথ অর্থ সংস্থান যদি করতে হয় তাহলে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের সামর্থ্যে কুলায় না, একথা মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন। সেজন্য কেন্দ্রীয় সরকারের নজর আকর্ষণ করবার জ আমাদের গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে হবে। এখানে জল নিকাশী সম্পর্কে আমি দু একটি কথা বল চাই। আমি যে এলাকা থেকে এই বিধানসভায় এসেছি সেই এলাকা অনবরত জলের চাপে ব্যথি হয়ে থাকে। স্বভাবত অন্যান্য যে সমস্ত জায়গা এই রকম জলের চাপে ব্যথিত হয়ে থাকে তাদ প্রতি আমার সুগভীর সহানুভূতি থাকা স্বাভাবিক। পশ্চিমবঙ্গের মধ্যে দক্ষিণ মেদিনীপুর, দক্ষি ২৪-পরগণা, নদীয়া হাওড়া, হুগলী প্রভৃতির অনেক এলাকা হচ্ছে ওয়াটার লগিং-এর এরিয়া। এ রকম অবস্থা থেকে এই সমস্ত জায়গাকে উদ্ধার করার জন্য অনেকগুলি পরিকল্পনা রয়েছে—যথা মাস্টার প্ল্যান—তাছাড়াও আরও অসংখ্য পরিকল্পনা রয়েছে। আজকে পশ্চিমবঙ্গের সেচের জন্য রিসোরসেস রয়েছে, যে পরিমাণ বরাদ্দ দরকার তা নাই। আমি অবশ্যই সেচ মন্ত্রী মহাশয়ের যে বরাদ তা সমর্থন করবো। তার সঙ্গে সঙ্গে এই বরাদ্দ যাতে আরও বাড়ানো যায় তার জন্য জোরালে ভাবে চেষ্টা করতে হবে এবং সেখানে আমাদের পূর্ণ সমর্থন থাকবে যাতে ঐ সমস্ত পরিকল্পনাগু বিশেষভাবে কার্যকরী করে তোলা যায়। এই সূত্রে আমি একটি স্কীমের কথা বলবো। সেটা হচ্ছে বিলবল্লী স্কীম। এই স্কীম সম্বন্ধে আমি যতটুকু শুনেছি যে এই বিলবল্লী স্কীম সম্বন্ধে সেখানকার স্থানীয় মানুষের কিছু অভিযোগ আছে। এই পরিকল্পনা সম্পর্কে তারা মনে করছেন যে এই পরিকল্পন যদি রূপায়িত হয় এবং যদি ঐভাবে থাকে তাহলে যথাযথ ফল লাভ হবে না।

সেইজন্য বসিরহাট, স্বরূপনগর এই সমস্ত এলাকার লোকেরা আমাদের একথা বলেছেন এব এর আগে যিনি মন্ত্রী ছিলেন আবদুল রেজ্জাক খান সাহেব তিনি আমাকে বিশেষ ভাবে বল বলেছেন যে এই ব্যাপারে নতুন করে সার্ভে করে পরিকল্পনার কিছু পরিবর্তন করা উচিত বলে তিনি মনে করেন। আশা করি আপনি এ ব্যাপারে বিবেচনা করে দেখবেন। তারপর চলতি সেচ প্রকল্প যে দ্রুতবেগে এগুচ্ছে না তা বলে আমি আর সময় নষ্ট করতে চাই না। একবার খালি হিসাব করু কবে কংসাবতী আরম্ভ হয়েছিল আর কবে শেষ হবে বলে আপনি বলেছেন—এক যুগ বোধহয়। সুতরাং এই অবস্থাটা আপনি একটু ভাল করে দেখছেন এই অভিযোগটা দায়ের করে রাখলাম। আর এই সূত্রে আমি সেচ ব্যবস্থা সম্পর্কে দু-একটি কথা বলতে চাচ্ছি। আমাদের পশ্চিমবাংলার জল সম্পদের কিছুটা অভাবের দরুন—এবিষয়ে কোন সন্দেহ নেই বড় বড় সেচ প্রকল্পে টাকাপয়সার সমস্যা, সেই কারণে ক্ষুদ্র এবং মাঝারি সেচ এখানে অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে বাধ্য। পুকুর, নদী বা মাটির তলা

থেকে জলসম্পদ আহরণ এই ব্যাপারে সেচ ব্যবস্থায় কো-অর্ডিনেশান দরকার। কিন্তু আপনারা যে ব্যবস্থা করেছেন তাতে অর্ধেক সেচ গিয়েছে সাত্তার সাহেবের কাছে আর অর্ধেক গিয়েছে বরকত সাহেবের কাছে। এই দুটি সেচের একটা বিজ্ঞানসম্মত কো-অর্ডিনেশান দরকার। আমার মনে হয় এটা একসঙ্গে থাকলেই ভাল হত। তবে তা যদি না পারেন তাহলে এটাতে আরো অনেক বিজ্ঞানসম্মত কো-অর্ডিনেশান কি ভাবে করা যায় সেটা আপনাদের ভেবে দেখা দরকার। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যেটা ডিরেক্টলি সেচ নয়, তবে সেচও বটে। আমি আপনার কাছে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কথা বলব। পশ্চিমবঙ্গে সেচ সেবিত এলাকা সম্প্রসারণের জন্য মাটির তলায় জলসম্পদ ব্যবহার করা একান্ত দরকার। আপনি জানেন, মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া ইত্যাদি খরাপীড়িত এলাকা। এই ভূ-গর্ভস্থ জলসম্পদের উদ্ধারের জন্য টাকা চাই। কিন্তু টাকা ছাড়াও চাই বিদ্যুৎ। এখানেও মুশকিল, কারণ আগেই বলেছি টিউবওয়েল সাত্তার সাহেবের কাছে আর বিদ্যুৎ বরকত সাহেবের কাছে। সাত্তার সাহেব বলেছেন এ বিষয়ে তিনি বরকত সাহেবের পেছনে পেছনে চলবেন। ফলে ক্ষুদ্র সেচ নির্ভর করছে আপনাদের উপর, কারণ বিদ্যুৎ দপ্তর আপনার। অর্থাৎ এটা নির্ভর করবে বিদ্যুৎ দপ্তর কি ভাবে চলছে তার উপর। যদিও এটা সেচের বরাদ্দ তবুও বিদ্যুৎ শক্তির কথা বলছি। যেহেতু ৬টির মন্ত্রীই একজন সেই জন্য এটাকে প্রাসঙ্গিক করে আমি বিদ্যুৎ শক্তির ব্যাপারে কিছু আলোচনা করলে আপনি নিশ্চয় আমাকে মাফ করবেন। বিদ্যুৎ শক্তির ব্যাপারে পিস মিল ভাবে আলোচনা করা যায় না। রুরাল ইলেট্রিফিকেসান সম্পর্কে কয়েকটি কথা বলেছিলাম হয়ে গেল তা হয়নি। তাই এই বিদ্যুৎশক্তি সম্পর্কে কয়েকটি মন্তব্য করছি মন্ত্রী মহাশয় আশা করি একটু নজর দেবেন। কিছুদিন ধরে দেখছি বিদ্যুতের উপর আপনারা খুব জোর দিচ্ছেন। আমরা তাতে আনন্দিত, নিশ্চয় এটা অভিনন্দনযোগ্য। তবে এ বিষয়ে ঘটনাবলী যা দেখছি তাতে আশংকার কারণ ঘটছে এই ভেবে যে এখানে আপনাদের নজর ভাসা ভাসা। তাছাড়া আরও একটু মুশকিল হচ্ছে বোধ হয় অফিসাররা মন্ত্রীদের খুশি করবার জন্য ষ্টাটিসটিকসের তোলায় ব্যস্ত। এ মাসে এতগুলি গ্রামে হচ্ছে, এর আগের মাসে এতগুলি গ্রামে হয়েছে বা এর পরের মাসে এতগুলি গ্রামে হবে ইত্যাদি মাঠে যেখানে তার ছিল না সেখানে তার গেল নিশ্চয় সেটা অগ্রগতি, কিন্তু মন্ত্রী মহাশয়কে বলছি যে গ্রামের মাঠের মাঝখানে একটা পোষ্টের মাথায় দপ দপ করে একটা বাতি জলা আর সত্যিকারের গ্রামের বিদ্যুৎ দেওয়ার মধ্যে যে আকাশ-পাতাল তফাৎ এই ষ্টাটিসটিকসের আড়ালে তা বড্ড গোলমাল হচ্ছে। বাস্তবিক গ্রামের বিদ্যুতের অবস্থাটা কি।

[6-00 --6-10 p.m.]

সরকারী ঘোষণা অনুযায়ী কি দেখা যাচ্ছে চতুর্থ পরিকল্পনার শেষ পর্যন্ত অর্থাৎ ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরের শেষের দিকে ১০ হাজার গ্রাম ও ৩৫ হাজার স্যালো টিউবওয়েল-এ বৈদ্যুতিকরণের কথা—সরকারী তথ্যে জানা যাচ্ছে। চতুর্থ পরিকল্পনার প্রথম ৩ বছরে যেখানে ৮৮৫টি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছিল সেখানে ১৯৭২ সালের এপ্রিল, মে, জুনে ৬৮৪টি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে, স্বভাবতঃই সরকার আনন্দিত এবং আমরাও আনন্দিত। কিন্তু আনন্দে একেবারে আত্মহারা না হয়ে ব্যাপারটা আরো একটু খুঁটিয়ে দেখলে কি দেখা যাবে—১০ হাজার গ্রাম ও ৩৫ হাজার স্যালো টিউবওয়েলের মধ্যে রাজ্যের অর্ধেক অর্থাৎ ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড সহ বৈদ্যুতিকরণ হবার কথা চতুর্থ পরিকল্পনাকালের মধ্যে ৩ হাজার ১০০টা গ্রাম ও ১০ হাজার স্যালো টিউবওয়েলে, তার মোট আনুমানিক খরচ ১০ কোটী ৫০ লক্ষ টাকা এবং এর মধ্যে ১৯৭২ সালের মার্চ পর্যন্ত খরচ করা হয়েছিল ২ কোটী ৫০ লক্ষ টাকা। এপ্রিল, মে, জুন আরো যদি আনুমানিক ৭৫ লক্ষ টাকা খরচ

হয়ে থাকে তবুও এখন সামনে দু বছরে আরো ৭ কোটী টাকা রাজ্য ভাণ্ডারে সম্পদ দরকার। জোগাড় কোথায় ? এদিকে আর. ই. সি, বা রুরাল ইলেকট্রিফিকেসন করপোরেশন-এর কাছ থে টাকা পাওয়া যাবে ধরে নেওয়া হয়েছিল এবং সেই টাকায় ৬ হাজার ২০০ গ্রাম এবং আরো হাজার স্যালো টিউবওয়েলে বৈদ্যুতিকরণ করা হবে। ১৯৭২ সালের মে পর্যন্ত দেখা যাচ্ছে যে আ ই. সির কাছ থেকে ১৬টি স্কীমের অনুমোদন পাওয়া গেছে। তাতে ৫ বছরে ৩ হাজার ৭৪৯টি গ্র বৈদ্যুতিকরণ হতে পারবে, কিন্তু বাকিগুলির স্কীম এখন দেওয়া হয়নি, অনুমোদন তো পরের কথ কিন্তু যেগুলির অনুমোদন হয়েছে সেগুলিকে আর. ই, সি এক সঙ্গে টাকা দিচ্ছেন না। তারা দফ দফায় দেবেন এবং তাদের কাছে ষ্টিপুলেসন আছে, সেই ষ্টিপুলেসনের পরে দেখা যাচ্ছে যে এক পা দাঁড়িয়ে আছে একটা বাতিও জলা নেই—এই হচ্ছে ব্যাপার। সেখানে ষ্টিপুলেসন হচ্ছে এ যে, গ্রামে বৈদ্যুতিকরণ হলে, স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল এবং বাড়ী বাড়ী কানেকসান দি হবে, তবেই তারা মনে করবেন যে এই স্কীম শেষ হল, তবেই তো তারা পরে টাকা দেবেন। সুতর সেই অনুযায়ী যদি যাওয়া যায় তাহলে আর. ই. সি. দেয় যে স্কীমগুলি অনুমোদিত হয়েছে সেগুলি পুরো টাকা পাওয়ার যে ষ্টিপুলেসন তা পরিপূর্ণ করবার মত পরিস্থিতি সৃষ্টি হয়েছে বলে আম অন্ততঃ অনুভব করতে পারছি না। কাজেই এই অবস্থার মধ্যে বাড়ী বাড়ী বাংস্যালো টিউবওয়েল- কানেকসান দিতে হলে যে অর্থ, জিনিসপত্রের প্রয়োজন তার যথাযথ যোগানের ব্যবস্থা এবং সেই সঙ্গে সাংগঠনিক তৎপরতা ও দূরদর্শীতা দেখানো দরকার, তা না হলে কিছু গ্রামে তার যাবে, কিন্তু সেখানে আলো জ্বলবে না। যে গ্রামে তার যাবে তার আর্থিক দিক এবং কি উদ্দেশ্য, সেটা যথাযথ ভা প্রতিফলিত হবে না, আর স্যালো টিউবওয়েলে বৈদ্যুতিকরণ অনেক দূরে পড়ে থাকবে এবং তারপরে তার যাবার পরেও এই সমস্ত গ্রাম বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে পরিস্থিতি যে কত জটিল হবে ত জীবনের প্রাত্যহিক অভিজ্ঞতা থেকে দেখা যাচ্ছে। ইংরাজী টেবল, চেয়ারের মত, লোড সেডিং এ এখন পরিণত হয়েছে, এই রকম হচ্ছে ঘটনা। প্রয়োজনের তুলনায় এখন বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি বেড়েছে, অথচ এই ঘাটতি সম্বন্ধে সরকারী মহল থেকে যথাযথ গুরুত্ব দেওয়া হচ্ছে বলে মনে কর যাচ্ছে না। তা না হলে কেন শোনা যায় যে ৭ দিনের মধ্যে ম্যানেজ করে দিচ্ছি, ২৫ দিনের মধ্যে ম্যানেজ করে দিচ্ছি, এই বিধানসভায় বসে আমাদের শুনতে হচ্ছে। ম্যানেজমেন্টের কোন স্থিরতা নেই, ভাল রকম একটা অনুমোদন করলে তবে ম্যানেজমেন্ট-এর রাস্তা পাওয়া যেতে পারে। সেদিক থেকে যে ৪টি সংস্থা বিদ্যুৎ উৎপাদন করে যেমন ডি. ভি. সি, ষ্টেট ইলেট্রিসিটি বোর্ড, ডি পি. এল. ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশন ইত্যাদির পুরো বিল্ডিং ক্যাপাসিটি ব্যবহার করা হচ্ছে না। ডি. ভি. সির ব্যাপারে আমার বক্তব্য আমি কিছু বলব না, আমার অন্যান্য সহকর্মীরা বলবেন। এটা কেন ব্যবহার করা যাচ্ছে না এর একটা সহজ অজুহাত হল শ্রমিকরা কাজ করছে না। শ্রমিকদের কাজের ব্যাপারে যথেষ্ট উন্নতির অবকাশ আছে এই কথা সত্যি, কিন্তু সেটাই কি একমাত্র কারণ ? ব্যাণ্ডেলের ৪টি উৎপাদক ইউনিটের প্রত্যেকটী ৮২·৩ মেগাওয়াট করে উৎপন্ন করবে, এই হিসাব করে সেগুলির তালিকা দেওয়া হয়েছিল। এই সেদিন আমরা ব্যাণ্ডেলে গিয়েছিলাম। শুনলাম যে এত বেশী উৎপাদন করলে যন্ত্রপাতির ক্ষতি হয়ে যাবে। কাজেই সেখানে ৩টী ইউনিটে ৭৫ মেগাওয়াট করে উৎপন্ন হচ্ছে এবং একটিকে ষ্ট্যাণ্ড বাই করে রেখে দেওয়া হচ্ছে।

তাই যদি হবে তবে ৮২·৩ হিসাবে দাম কেন দেওয়া হল, তখন কি এসব হিসাব করা হয়নি যে ওটা খুব বেশী খরচ হয়ে যাবে ? অথবা সত্যিকথা খুব বেশী খরচ হয়ে যাওয়া, খুব বেশী wear and tear হয়ে যাওয়া, ব্যাপারটা তা নয়, তার জন্য ৭৫ megawatt এ নামিয়ে আনা হয়েছিল, ব্যাপারটা তা নয়, হয়ত দেখা যাবে যা কয়লা দেওয়া উচিত সেই কয়লা দেওয়া যাচ্ছে

না, কয়লা ইত্যাদি maintenanceএর জন্য যে time করা দরকার, সেই time একটু বেশী লেগে যাচ্ছে, আরো অনেক কিছু থাকতে পারে। এবিষয়ে পরিপূর্ণভাবে তদন্ত করে, খোঁজখবর করে এই built-in-capacityকে পূর্ণ ব্যবহার করবার যে প্রচেষ্টা, আমি Bendel সম্পর্কে একটা উদাহরণ দিলাম। এই রকম সমস্ত জায়গায় এটা প্রযোজ্য। এই সূত্রে আর একটি সংস্থার কথা নিতান্ত বলা প্রয়োজন বলে মনে করি। সেটা হচ্ছে Calcutta Electric Supply Corporation অথবা CESC। এই CESC তারা ১৯৬৭ সালে ৩৭০ megawatt উৎপাদন করতেন। ১৯৭০ সালে সেটা নামিয়ে দিলেন ২৮০ megawatt এ। কেন আনলেন? তাদের সব সময় কথা বলেন শ্রমিকদের মধ্যে বিক্ষোভ। তারা যে ২০ বছরের licence চেয়েছিলো তাদের ১০ বছরের licence দেওয়া হল। আর তারা যে দাম বাড়াতে চেয়েছিলেন বিদ্যুতের সেটাতে দাম বাড়াতে দেওয়া হল না। সেটা না দেবার ফলে Production আকস্মিক নেবে গেল। এসম্পর্কে কার্যকরণ দেখা যাচ্ছে না। নাকি বিলাতি কম্পানি—

রজকিনী প্রেম নিকসিত হেম
কাম গন্ধ নাহি তায়।

এই রকম অবস্থায় পরিণত হয়েছে। তাই একথা বলে দাবী করছে। CESCর এসব কার্য-কলাপ উদ্দেশ্য প্রণোদিত। শুধু কোন প্রকারে শ্রমিকের ঘাড়ে দোষ চাপিয়ে পালাবার চেষ্টা। তাদের এই escape করতে দেওয়া উচিত নয়। দেখুন, বর্তমান অবস্থা কি। CESC স্বীকার করেছে যে তারা ৪৫ থেকে ৫০ megawatt উৎপাদন বাড়াতে পারে। সম্প্রতি আপনারা নিশ্চয়ই জানেন শ্রীরাঘবনের একটা চিঠিতে CESC এটা স্বীকার করেছে। কিন্তু CESCর শর্তটা কি? শর্তটা হচ্ছে এই যে শ্রমিকরা কয়লা নামায় তাদের দুটো shiftএ কাজ করাতে হবে। যে শ্রমিকরা কয়লা নামায় তারা একটা shiftএ কাজ করবে কি দুটো shiftএ কাজ করবে তার সংঙ্গে উৎপাদন বৃদ্ধির সম্পর্ক কি বলতে পারেন? তার মানে তারা ইচ্ছা করলে পারেন। যদি বাড়তি কয়লা নামাতে চান তাহলে বাড়তি মজুর নিয়োগ করুন, এ বাড়তি লোকের কর্মসংস্থান হোক। তা না করে ঐ পুরানো মজুর দিয়ে দুটো shiftএ খাটিয়ে নেওয়ার চেষ্টা করছেন। এই সুযোগ নিয়ে Blackmail করার চেষ্টা করছেন এই mewawatt উৎপাদন করবার অতিরিক্ত যে সুযোগ আছে তা না করে। কাজেই এ বিষয়ে serious তদন্ত হওয়া দরকার। CESCর বড় বড় অফিসার, তাদের ছেলে-মেয়েদের চাকরী দেন, মোটামোটা মাইনেতে। এটা সত্য কিনা খোঁজ করে দেখুন তাহলে দেখবেন যে অনেক আছে এই রকম মোটা মাইনের অফিসার CESCতে। কিন্তু এই অবস্থার মধ্যে State Electricity Board তাদের যে control তারা সেটা CESCর উপর আজ পর্যন্ত করেননি। আমরা যখন দাবী করছি তখন তারা উল্ট শ্রমিকের উপর যে অন্যায় চাপ সৃষ্টির চেষ্টা করছেন, এই যে মনোভাব এটাকে হটিয়ে দিয়ে CESC সম্পর্কে একটা পূর্ণ তদন্ত করা হোক এবং management take over করার কথা সরকার ভালভাবে চিন্তা করুন যাতে built-in-capacity পুরো ব্যবহার করা যায়। আমি আর একটা কথা বলে শেষ করবো। সেটা হচ্ছে State Electricity Boardএ এতবড় একটা বিদ্যুৎ সংকট দেখা যাচ্ছে তার জন্য অনেক আগে থেকে যে ভাবে Planning করে সেইভাবে Planning করলে সেই Planningএর মধ্যে দোষ থাকে না। আজকে হঠাৎ একদিনে বিদ্যুৎ সংকট হয় না। State Electricity Board এর যে composition, সেই composition কি এতবড় একটা কাজ করার পক্ষে যথেষ্ট dynamic. আপনাদের এসব কথা ভেবে দেখতে হবে এবং State Electricity Boardএর ব্যাপারে তাদের একটা পরিপুর্ণ তদন্ত করে তার management এবং composition সমস্ত জিনিষকে অন্য ভাবে তৈরী করতে হবে। তার tempo বাড়িয়ে এ গ্রাম ও গ্রাম করে দেখাবেন তাতে বেশীদূর এগোতে পারবেন না। এই অবস্থায়

সেচ এবং বিদ্যুৎ এই দুটি দপ্তরের দায়িত্ব নিয়ে বরকত সাহেব যে গুরুভার নিয়েছেন যাতে তিনি যথোপযুক্তভাবে তা বহন করতে পারেন তার জন্য তার প্রতি শুভ কামনা জানাচ্ছি এবং সেই সঙ্গে এটা সক্ষম হবার জন্য যে কাঠ খড় পোড়াতে হবে সেটা স্মরণ করিয়ে দিয়ে তার ব্যয় বরাদ্দ সর্বান্তঃকরণে সমর্থন করছি।

[6-10—6-20 p.m.]

**শ্রীগৌতম চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সেচ ও বিদ্যুৎ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে পূর্ণ স্বাগত ও শুভেচ্ছা জানাচ্ছি। তবে শুভেচ্ছা জানাতে গিয়ে কতকগুলি ব্যাপারে মন্ত্রী মহাশয় overlook করেছেন। আমি আপনার মাধ্যমে সেদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন পশ্চিম বাংলার বিরাট একটা অংশের ভিতর দিয়ে গঙ্গা এবং ভাগীরথী নদী চলে গেছে এবং আপনারা জানেন এই গঙ্গা এবং ভাগীরথী নদী যাবার জন্য প্রত্যেক বছর বিরাট একটা অংশ, যে অংশটা জলের তলায় অর্থাৎ গঙ্গার গহ্বরে চলে যাচ্ছে। মালদহ জেলার মানিকচক থানার যে অঞ্চল, পশ্চিম বাংলার মাটি গঙ্গার তলিয়ে যাচ্ছে। একদিকে বাংলার মাটি গঙ্গার তলায় চলে যাচ্ছে, অন্য দিকে বিহারের মাটি বেড়ে যাচ্ছে। অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম মালদহ জেলার এই বিরাট অংশের কথা মন্ত্রী মহাশয় আজকে বাজেটের মধ্যে কোথাও উল্লেখ করেননি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফৎ মন্ত্রী মহাশয়ের কাছে শুধুমাত্র দাবী নয় আবেদন জানাচ্ছি যে আগামী দিনে যাতে তিনি চিন্তা করেন। কারণ যে বিরাট অংশ আজকে গঙ্গাবক্ষে চলে যাচ্ছে তাকে কিভাবে বাঁচাতে পারবেন। আপনি নিশ্চয়ই জানেন প্রত্যেক বছর ইরেকশনের ফলে, বন্যার ফলে সরকার কোটি কোটি টাকা ব্যয় করছেন, relief খাতে কোটি কোটি টাকা ব্যয় করছেন। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে মহানন্দা master plan তৈরী হয়েছিল, ৪ কোটি ৪॥ কোটি টাকা খরচ হতে চলেছে, আজ পর্যন্ত, কিন্তু মাননীয় সেচমন্ত্রী প্রতিটি জেলায় এই survey কমিটি এখনও বসালেন না। তিনি এখনও পর্যন্ত survey কমিটি বসিয়ে পরীক্ষা নীরিক্ষা করছেন না কেন যে কোন জেলায় কত পরিমাণ জমিতে সেচের ব্যবস্থা করা যেতে পারে, কোন জেলায় মজা খাল, মজা বিল আছে যেগুলি অতি সত্বর সংস্কার করা যায়, যার জন্য কোটি কোটি টাকা খরচ করতে হয় না। ১০।১২।১৫ লক্ষ টাকায় যদি ছোট খাট scheme করি তাহলে একদিকে আমরা দেখবো আমাদের প্রত্যেক বছর বন্যায় যে পরিস্থিতির উদ্ভব হয়, যখন বর্ষা আরম্ভ হয় তখন যে বিরাট জল out lay হতে পারে না, একদিকে জল out lay করে দিতে পারবো, at the same time যদি irrigation-এ সেই সমস্ত জল লাগাতে পারি তাহলে সুফল পাবো। মাননীয় সেচমন্ত্রী মহাশয় মালদহ জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছেন, আমি আশা করেছিলাম মালদহ জেলার একটা বিরাট অংশ, পশ্চিম দিনাজপুরের একটা বিরাট অংশ, যে অংশের কথা মাননীয় সেচমন্ত্রী একবারও তাঁর বজেটে আলোচনা করেননি, সেখানে স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল বসানো সম্ভব নয়, সেই সমস্ত গর্হীত অঞ্চলের কথা তাঁর বাজেটের মধ্যে কোথাও দেখতে পেলাম না। আপনার মাধ্যমে তাঁর কাছে আবেদন করছি শুধু মাত্র বোরিং মেসিন বসানো যাবে না, শুধু মাত্র shallow tubewell, deep tubewell বসানো যাবে না। এই বলে যদি ক্ষান্ত থাকেন তাহলে আমরা শুনবো না, যে সমস্ত মজা খাল, বিল, পুকুর আছে সেইগুলি সংস্কার বড় বড় reservoir তৈরী করে সেচের ব্যবস্থা করবেন, এই আশা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন Farakka Barrage পশ্চিম বাংলার একটা স্বপ্ন। শুধু পশ্চিম বাংলার স্বপ্ন নয়, সারা ভারতবর্ষের স্বপ্ন। সেই Farakka Barrage নিয়ে একটা কালো চিত্র দীর্ঘ দিন ধরে চলে

আসছে। এই Farakka Barrage এর মত বিরাট একটা প্রকল্পকে ধুলিস্যাৎ করতে চলেছে, সেই বিষয়ে কোন আলোচনা করলেন না, কেন ১০০ কোটি টাকার জায়গায় ২০০ কোটি টাকা ব্যয় হলো, বাজেটের মধ্যে তার কোন উল্লেখ নেই। এই দাবী জানাচ্ছি, আপনি আমাদের কাছে উত্তর দিন জনসাধারণ আপনাকে কি right দিয়েছেন যে ফরাক্কা ব্যারেজ নিয়ে ছিনিমিনি খেলা, প্রায় ১০০ কোটি টাকা অন্যায়ভাবে শুধু মাত্র delay করে বেশী খরচ কেন করলেন। এ সম্বন্ধে কি কালো চিত্র আছে, আজকে এই বাজেটের মধ্যে তা প্রকাশ করা উচিৎ ছিল।

মাননীয় মন্ত্রী মহাশয়, আজকে আপনার বাজেটকে সমর্থন জানাচ্ছি কিন্তু সমর্থন জানিয়েও আরও কতগুলি বেদনা থেকে যাচ্ছে, যে কথাগুলি আপনার সামনে না বললে আমি মনে করি বাজেট বিতর্ক অসম্পূর্ণ থেকে যাবে। তাই আপনার কাছে জানাচ্ছি ফারাক্কা ব্যারেজের বিভিন্ন প্রকল্পে বহু মেসিন আছে, যেগুলি অন্যান্য প্রভিন্সে চলে যাচ্ছে। আপনি জানেন ফরাক্কা ব্যারেজ প্রকল্প পশ্চিম বাংলার মানুষের শরীরের রক্ত দিয়ে হতে চলেছে, আর সেখানে বহু মেসিন আছে যা কিনা আমাদের পশ্চিম বাংলার বাইরে চলে যাচ্ছে। আজ আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে সেই সমস্ত ড্রেজার মেসিনগুলি যাতে পশ্চিম বাংলায় থাকে তার জন্য অনুরোধ করছি।

( নীল বাতি )

আর এক মিনিট মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একজন মাননীয় সদস্য মহান্তি বাবু তিনি আজকে কোন একজন কণ্ট্রাক্টরের কথা এখানে উল্লেখ করেছেন। আমি মালদহ জেলার একজন সদস্য, মালদা জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছি, যে কণ্ট্রাক্টরের সম্বন্ধে তিনি উল্লেখ করেছেন তাঁকে ব্যক্তিগতভাবে আমি জানি। আজ নয় তিনি ১০।১২।১৫ বছর থেকে সেই কণ্ট্রাক্টার ইরিগেশন-এর কাজ করে আসছেন। আপনি জানেন যত বড় বড় কনট্রাক্টার আছেন তাদের কয়েকজন আছেন এক্সপ্রয়েটেড হেড-মাষ্টার, আগামী দিনে যাতে তাদের টেণ্ডার ইস্যু না করা হয় তার জন্য মাননীয় মন্ত্রী যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি। আপনি জানেন শুধুমাত্র কল-কারখানা তৈরী করলেই হবে না শুধু মাত্র বেকার ছেলেকে চাকরী দেব বললেই হবে না। আজকে ঐ সমস্ত কনট্রাক্টারদের বুর্জোয়াদের হাত ভেঙ্গে দিতে হবে এবং ঐ সমস্ত কনট্রাক্টারদের বদলে যাতে আগামী দিনে বেকার ইঞ্জিনিয়ারদের, বেকার গ্রাজুয়েটদের কনট্রাকট দেওয়া হয় সেই অনুরোধ আপনার মাধ্যমে আমি করছি। আমি মাননীয় মন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন সেই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ভেবেছিলাম আজকে এই বাজেট বিতর্কে অংশ নেব না, কারণ সেচ, জলনিকাশী, বন্যা নিয়ন্ত্রণ সম্পর্কে এত কিছু জানি এবং এত কিছু বলার আছে যে আমি ভেবেছিলাম যে বলার দরকার নেই, কিন্তু একটা। বিষয় আমার বিবেক আমাকে পীড়া দিচ্ছে যার জন্য আমি নিজেকে আংশিকভাবে দায়ি মনে করছি, সেটা হল ফরাক্কা এবং সেই সম্পর্কে এই বিতর্কের সূচনায় আমি কয়েকটা কথা বলতে চাই। কলকাতা বন্দরকে বাঁচানোর কথা আমরা সকলেই জানি এবং সেই সম্পর্কে আমি একটা পুস্তিকা থেকে কয়েকটা লাইন পড়ছি।

Calcutta is a premier Indian Port, situated inland, on the banks of the Hooghly which is also known as the Bhagirathi in the upper reaches. Hundreds of merchant ships, flying almost every flag in the world, call

at Calcutta Port every year, bringing valuable cargo from abroad for India and taking back Indian tea, jute and scores of other goods which are in great demand overseas. The Bhagirathi-Hooghly waterway, through which these ships gain access to Calcutta Port (a distance of 1:5 miles) is sustained by supplies of water from the Ganga, or the Ganges as the river is known throughout the world. These supplies have dwindled over the years; the sea-tides are gaining an upper hand along the Hooghly, the water-way to Calcutta is silting up at an alarming rate; and Calcutta Port is threatened with extinction. The loss of Calcutta Port would be a major world catastrophy in every sense of the word. It has to be averted speedily and with determination. This can only be done by letting in adequate quantities of fresh water into the Bhagirathi-Hooghly system. This is what the Farakka Barrage Project seeks to do. Thus this is a simple project to save Calcutta Port from a process of sure extinction

[6-20—6-30 p m.]

বলতে পারেন আমি কোন বই থেকে পড়ছি ? এটা ভারত সরকারের লিখিত, মুদ্রিত এবং প্রচারিত। এর নাম ক্যালকাটা, ১৯৬৯ সাল। ফারাক্কা ব্যারেজের ব্যাপার নিয়ে আমাদের বোর্ডে আলোচনা বসেছিল তখন ভারত সরকার এই বই আমাদের কাছে দিয়েছিলেন। সুতরাং কলকাতা বন্দরকে বাঁচাবার প্রয়োজনীয়তা, কলকাতা বন্দর যে মরে যাচ্ছে এবং তাকে বাঁচাতে হবে এবং একমাত্র বাঁচানো যায় যদি এ্যাডিকোয়েট ওয়াটার দেওয়া যায়— একথা আমাদের প্রমাণ করবার দরকার নেই ; ভারত সরকারই এই বই বের করেছিলেন যখন পাকিস্থান থেকে খুব হট্টগোল হচ্ছিল যে কেন এই ফারাক্কা ব্যারেজ হচ্ছে সেই সময় ভারত সরকার এই বইটা প্রকাশ করেছিলেন। কিন্তু প্রশ্ন হল কলকাতা বন্দর বাঁচাবার ব্যাপারটা পশ্চিমবঙ্গের লোকের নয়, কলকাতা বন্দরকে বাঁচাবার দায়িত্ব সমগ্র ভারত সরকারের। তাঁরাই বলছেন ওয়ার্লড ক্যাটাসট্রফি হয়ে যাবে যদি এটা মরে যায়। সারা পৃথিবীর ব্যবসা বাণিজ্যের দিক থেকে একটা ভয়াবহ অবস্থা হবে তাঁরা বলছেন। এইবার কথা হচ্ছে এ্যাডিকোয়েট ওয়াটার উপযুক্ত পরিমাণ জল পাওয়া যাবে কি করে সে বিষয়ে আমাদের আলোচনা করবার দরকার নেই। ভারত সরকারের সেনট্রাল ওয়াটার এ্যাণ্ড পাওয়ার কমিশনের নিযুক্ত ইঞ্জিনিয়ার তখন তদন্ত করেছিলেন এবং সেই ইঞ্জিনিয়ার আমাদের ফারাক্কা ব্যারেজ প্রজেক্ট-এর চার্জ পেয়েছিলেন। তাঁর নাম শ্রীদেবেশ মুখার্জী। তাঁর সেই তদন্ত যখন হয় তখন ডাঃ কে. এল. রাও তিনি ছিলেন, তিনি জানতেন এবং তাঁদের আলোচনার ভিত্তিতে বলেছিলেন ৩৬ হাজার কিউসেক গরমের সময় চাই। পরবর্তীকালে ডাঃ হ্যান্‌সের এবং অন্যান্য অনেকে এই বিষয়ে আলোচনা করেন। বিশেষ করে কলকাতা পোর্ট কমিশনারের তরফ থেকে এই বিষয়ে আলোচনা হয়। ইতিমধ্যে আপনারা শুনেছেন পুনার রিভার রিসার্চ ইনষ্টিটিউট এবং কলকাতার যে রিভারস রিসার্চ ইনষ্টিটিউট সেগুলো একমত যে ৪৬ হাজার কিউসেক হলে ভাল হয় দিন মাসে, কিন্তু অন্ততঃ ৩৬ হাজার চাই এবং এই সিদ্ধান্তে যখন আসেন তখন সেই সিদ্ধান্ত সমর্থন করেন Dr. Hansen, Dr. Donkas, D r. Jokleskar, Dr. A.C. Mitra, Farakka Barrage Technical Advisory Committee, চেয়ারম্যান। এবং এরই ভিত্তিতে এই ষ্ট্যাডি ইরিগেসান এ্যাণ্ড পাওয়ার ডিপার্টমেণ্টকে পাঠান হয় [illegible]

কি নিয়ে আমরা বিতর্ক করছি ? সমস্ত আগে আলোচনা হওয়ার পর সিদ্ধান্ত হয়ে গিয়েছে যে এইটা না হলে হবে না। ১৯৬৭ সালে আমি যখন সেচমন্ত্রী হই বলে হ্যাঁ বলা হয়েছে ৪০ হাজার কিউসেক জল চাই এবং সেটা না হলে কলকাতা বন্দর বাঁচবে না। ১৯৬৯ সালে যখন সেচমন্ত্রী হলাম শুনলাম আশঙ্কা দেখা গিয়েছে যে এই জল পাওয়া যাবে না। কেন পাওয়া যাবে না ? শুনলাম নানা রকম প্রজেক্ট ভারত সরকার করেছেন যাতে গ্রীষ্মকালে উপরের দিকে জল নিয়ে যাওয়া যাবে না। নানা রকম ভারত সরকার করছেন যাতে জল পাওয়া যাবে না। আমি মানতে রাজী নই। আমি ভারত সরকারের সংগে ঝগড়া করতে রাজী নই। আমি ভারত সরকারকে চিঠি লিখেছিলাম। সেই চিঠি-গুলো আজকে পড়তে বাধ্য হচ্ছি। সেগুলো আগে গোপন করে ভালো করেছি না খারাপ করেছি ? আমাকে অনেক উচ্চপদস্থ কর্মচারী বলেছেন, আপনি এগুলো গোপন করবেন না, এগুলো কাগজে পাঠিয়ে দিন। এটার একটা কিউমিলেটিভ রেজাল্ট আছে। এটা নিয়ে একটা মামলা হয়ে যাক, একটা ইন্টার ষ্টেট ডিসপিউট হক। কিন্তু আমি তা না করে চেয়েছিলাম যে আলোচনার মাধ্যমে এটা সেটল্ড হয়ে যাক।

সেজন্য আমি গোপন রেখেছিলাম। কিন্তু তার কি ফল হয়েছে ? ১৯৬৯ সালে মন্ত্রী হবার পর যে চিঠি লিখেছিলাম আজ পর্যন্ত ৩ বছরে তার কোন উত্তর আসে নি। ৩টা চিঠি লিখেছি তার একবারও উত্তর আসেনি। অজয় মুখার্জী যখন মুখ্যমন্ত্রী ছিলেন তাঁকে দিয়ে প্রধানমন্ত্রীকে চিঠি লিখিয়েছি—তার নকল আমার কাছে আছে—তারও উত্তর আসেনি। গিয়ে দেখা করেছি আলোচনা করেছি। তারপর আমাদের সরকার চলে গেল - তারপর বেশীরভাগ সময় রাষ্ট্রপতির শাসন ছিল। এই সময় Governor চিঠি লিখেছিলেন, কিন্তু তার উত্তর এসেছে কিনা জানিনা। এতদিন পর Dr. K. L. Rao Parliament-এ বললেন up to 20,000 কিউসেক জল পাওয়া যাবে এবং তাও আবার গ্রীষ্মকালে lean months যে সময় সবচেয়ে বেশী দরকার সে সময়। একথা কেন ১৯৬৯/৭০/৭১ সালে বলা গেলনা ? আমি যদি বলি এটা প্রতারণা তাহলে কি অন্যায় হবে ? সেসময় আমার সঙ্গে তাঁর দেখা হয়েছিল ব্যক্তিগতভাবে তাঁর সঙ্গে আমার খুব বন্ধুত্ব আছে। আমি মন্ত্রী না থাকলেও দিল্লীতে গেলে তিনি আমাকে নেমন্তন্ন করেন এবং পশ্চিমবাংলার অনেক সমস্যা নিয়ে আলোচনা করেন। আমি জিজ্ঞাসা করলাম ব্যাপার কি, up to 20,000 কিউসেক ? ৪০ হাজার কিউসেক বরাবরই বলছেন আজ ২০ হাজার কিউসেক কেন ? ২০ হাজার কিউসেকে কিছু হবেনা। আজ আবার up to বলছেন কেন ? আমি এও জানতে পারলাম সবচেয়ে বেশী দরকার তখন জল সরবরাহ ৫ হাজার কিউসেকে নামবে। আমি তখন জিজ্ঞাসা করলাম কি বলছেন ৫ হাজার ? তিনি বললেন Mr. Mukherjee, you do not know what an amount of water 5000 Cusec would mean. ৫ হাজার কি বিপুল পরিমাণ জল। তা যদি হয় তাহলে ৪০ হাজার কিউসেকের design কেন করা হল ? ৪০ হাজার কিউসেক জল আসবে সেইভাবে ক্যানেল কাটা হয়েছে কিনা ? সেইভাবে এত খরচ করা হল কেন ? Lean months-এ বিশেষ করে জল ওপর দিকে যাবেনা। সে সময় যদি তোড়ে জল আসতে পারে তাহলে এই পলি ঠেলে নিয়ে যাবে। তা ছাড়া যে সময় সেখানকার জল লোনা হয়ে যায়, সে সময় fresh water বলে পানীয় জল আসবে। এসব বাদ দিয়েও কোলকাতা শহরকে রক্ষা করার জন্য এটার দরকার। আমি শুনলাম পশ্চিমবাংলার জন্য তাঁরা একটা white paper বার করবেন যাতে সব কথা থাকবে এবং তাতে আমার চিঠিগুলি Chief Minister এবং Governor-এর চিঠি প্রকাশিত হবে। তারপর Dr. Rao বললেন, অন্য রাজ্য সমস্ত চটে যাবে। সেজন্য আমি আজ এই চিঠি পড়ে দিয়ে বিচার প্রার্থনা করছি। এই চিঠি ছাপলে অন্য

রাজ্যের সঙ্গে ঝগড়া হবে জানিনা। সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার ঠিক করলেন যে তাঁরা শ্বেতপত্র বার করবেন না এবং প্রধানমন্ত্রী নিজে এর মীমাংসা করুন। তিনি অজয় মুখার্জী চিঠির কোন উত্তর দেননি। ৩ বছরে তিনি কোন হস্তক্ষেপ করেননি। আজ খুব আনন্দিত হ যদি তিনি হস্তক্ষেপ করে এর মীমাংসা করে দেন। সুতরাং অন্যান্য রাজ্যের সঙ্গে ঝগড়া হ বলে শ্বেতপত্র বার করাও বন্ধ করে দেওয়া হয়েছে। আমার কাছে নিজস্ব যেন নকল আছে আমি বেশীরভাগ গুরুত্বপূর্ণ বিষয়ে যেসব চিঠি লিখেছি তাতে আমার noting রয়েছে এ তার নকলও রয়েছে। আমি আপনাদের কাছে সেসব নকল থেকে একটু পড়ে শোনাচ্ছি। ১৯/৩/৬ সালে চিঠি লিখেছি—

"Dear Dr. Rao,

May I invite your attention to this Government's letter No. 7929/1, dated 5-12-1968 addressed to your Ministry regarding withdrawal of waters from the Ganga different States above Farakka Barrage ?"

তারপর রাষ্ট্রপতির শাসন এসে গেল সেই সময় ধর্মবীর এখানে Governor হয়ে একটা চিঠি লিখলেন তারও কোন উত্তর আসেনি। তারপর আমি বাধ্য হয়ে এই চিঠি লিখলাম—

[6-30—6-40 p.m.]

"I do not know whether you have considered the matter and come to any decision on this Government's proposal".

এই প্রোপোজালে কোন একটা কথা বলা নেই, কারোর বিরুদ্ধে কটাক্ষ করা হয়নি। প্রোপোজালটা হচ্ছে "to convene a meeting of the concerned engineers of different States and General Manager of the Farakka Barrage Project under the auspices of the Central Water and Power Commission. It is such a vital matter for our State that I would like to impress upon you the urgency and importance of the matter. Studies made in different offices connected with the problem, e.g. Hydraulic Study Department of the Calcutta Port Commissioners, Central Water and Power Research Station, and the River Research Institute, indicate that the minimum requirement of water for the Feeder Canal from the Farakka Barrage is 40,000 cusecs. It would be better if the inflow could be raised to 46,000 cusecs. But since that is not possible for the design capacity of the regulator, we must ensure that the flow does not go below 40,000 cusecs even in the dry months. In fact the dry period from March to May is the crucial period. It is during this period that 80% to 85% of the deterioration of the river bed of the Hooghly takes place and hence the imperative necessity of maintaining the upland discharge of 40,000 cusecs even during this period. If that discharge were reduced during the three months from March to May, the result would be that the rate of deterioration now noticed in the upper reaches would be somewhat reduced, but the zone of sedimentation might be shifted downwards with various adverse effects. If this condition is allowed

to continue, not only the Farkka Barrage Project will be infructuous but the Haldia Port may be affected. In this circumstances I would request you to see that the waters from Ganga are not utilised for meeting any other demand (e.g. irrigation) without first ensuring that the Bhagirathi will receive at least 40,000 cusecs through the feeder canal throughout the year and even during the dry months. It is needless to remind you that the Farakka Barrage Project is meant for saving the river Hooghly for the Port of Calcutta and water from Ganga cannot be taken away for any other purpose without ensuring sufficient supply to Bhagirathi. And we firmly hold that our minimum requirement of 40,000 cusecs throughout the year including lean months should be fulfilled."

লক্ষ্য করুন, আমি দুটো জায়গায় আণ্ডার লাইন করেছি without ensuring that Bhagirathi will receive অন্য রাজ্য ইরিগেশান প্রোজেক্ট করুন যা খুশী করুন আমার কোন আপত্তি নেই, কিন্তু আগে এনসিওর করুন যে ফরাক্কা এতটা জল পাবে। তারপর অন্য রাজ্য নিক, যা খুশি করুক আপত্তি নেই, আমি অন্য রাজ্যকে জল দিতে হবে না বলিনি without first ensuring that Bhagirathi will receive at least 40,000 cusec, without ensuring sufficient supply to Bhagirathi বরাবর লিখেছি। নো রিপ্লাই। খুব বিচলিত হলাম। ৭ই মার্চ আবার লিখলাম। আমি খবর পেলাম যে ১ শো কোটি টাকা খরচ করে ইউ. পি.-তে প্রজেক্ট হচ্ছে। তারা জল টানবে, কিন্তু কতটা জল টানবে সেটা আমরা জানতে চাই। আমরা জানতে চাই ৪০ হাজার কিউসেক জল পাব কিনা। তাদের দিয়ে আমাদের জন্য ৪০ হাজার কিউসেক জল থাকবে কিনা সেটা জানতে চাই। আমি লিখলাম—

"I hope you will kindly consider this very vital matter and take steps so that this or any other scheme involving withdrawal of water from Ganga during dry months is not taken up before the same is discussed with the representative of our Government as suggested in my previous D. O."

আলোচনা করুন এবং যারা যা প্রোজেক্ট করছেন সেটা করার আগে কে কতটা জল নেবে কত জল থাকবে সেটা ডিসকাস করুন। এটা কোন মামলা মোকদ্দমার ব্যাপার নয়, কিছু নয়। আবার এই যে চিঠি লেখালাম চীফ মিনিস্টারকে দিয়ে প্রাইম মিনিস্টারকে—

It has been brought to my notice that the Ministry of Irrigation and Power may be considering reduction of upland water. If this is done it will throttle the project and thereby ruin the Port of Calcutta. This matter is of vital importance for the improvement of the Port of Calcutta in particular and for the welfare of the entire north-eastern region in general. We are told that Dr. Hansen under whose advice the project has been started inspite of so much opposition from Pakistan had been highly critical about any idea for reduction in the supply of upland water, especially during March

to May. Finally, Chief Minister request করেছেন my Government will f highly obliged if this suggestion received due cosideration from the Governme of India."

তার উপর উত্তর এল। তখন যে মাসে আমি লিখলাম, তখন জানতে পারলাম প্রোজেক্ট, ইউ. পি.-তে ১ শো কোটি টাকা খরচ করে প্রোজেক্ট হচ্ছে যেটা আমি ইরিগেশ মিনিষ্টার্স কনফারেন্সে গিয়ে জানতে পারলাম এবং জেনে এসে সেটা মেনসান করে লম্বা চি লিখে বললাম—

"In view of the unambiguous statement of the Prime Minister that n discrimination would be made to this problem State of West Bengal, I woul once again request you to send us data about the Project Assis particulary regarding withdrawals in the summer months—make a categoric statement that these withdrawals would not reduce the ground water inflo of 40,000 cusecs through Farakka to Calcutta, particularly in the summe months."

এখানে আমাকে কেউ বলতে পারেন যে এটা কোন রাজ্যের বিরুদ্ধে এবং এটা নিয়ে কো রাজ্যের সঙ্গে ঝগড়া হওয়ার কথা ? যদি তিনটি রাজ্য একই ব্যাপারে স্বার্থান্বিত থাকে তাহলে এ রাজ্যের ইঞ্জিনিয়াররা বসুন। তাঁরা কোলকাতায় বসুন বা দিল্লীতে বসুন এবং আপনারা তাঁদের নিয়ে বসে এই বিষয়ে আলোচনা করুন। গঙ্গা-ব্রহ্মপুত্র রিভার কমিশন হয়েছে, আমাদে ইঞ্জিনিয়াররা আলোচনা করতে চান অথচ সেণ্ট্রাল গভর্ণমেণ্ট রুলিং দিলেন, নো, নো। তাহলে গঙ্গা-ব্রহ্মপুত্র রিভার কমিশন কেন হয়েছে ? গঙ্গা-ব্রহ্মপুত্র রিভার কমিশন হয়েছে অথচ ইঞ্জিনিয়াররা আলোচনা করতে পারবেনা রুলিং হয়ে গেল। আমি চিঠি লিখলাম মিঃ রাওকে, চিফ মিনিস্টার লিখলেন প্রাইম মিনিস্টারকে, গভর্ণর লিখলেন—কিন্তু কোনটার কোন উত্তর নেই। এতদিন পর বলা হচ্ছে আপটু ২০,০০০ কিউসেক। এর পেছনে কি আছে ? আপনারা শুনেছেন দ্যাট ইট যে বি রিডিউসড টু ৫,০০০ কিউসেক ডিউরিং দি লিন মান্থস্। সুতরাং আমি বলতে চাই যে পশ্চিমবঙ্গ সরকারের উচিত এই শ্বেতপত্র পাবলিস করা। লেট আদার স্টেটস্ উইল অলসো নো আমরা তাঁদের বিরোধিতা করেছি, কি করিনি এবং লেট দি পাবলিক ওপিনিয়ন ইন ইণ্ডিয়া নো। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমার সাজেসন হচ্ছে ওই ৫০০০ কিউসেক মানে কিছুই না। এতে এই বোর্ড বাঁচবেনা, ভাগীরথী বাঁচবেনা—সব শেষ হয়ে যাবে। এটা একটা মস্ত বড় গুরুত্বপূর্ণ ঘটনা। এটা কি শুধু পশ্চিমবাংলার ঘটনা ? বোম্বে যদি এইভাবে মরে যেত তাহলে কি ব্যাপার ঘটত ? সেইজন্য আমার সাজেসন হচ্ছে এই সমস্ত রাজ্যদের নিয়ে প্রাইম মিনিস্টার বসুন এবং আপাততঃ এই ফরাক্কা ফিডার ক্যানেল হওয়া এবং জল আসা এবং সেই সময় যাতে ৪০ হাজার কিউসেক জল পাওয়া যায় গ্রীষ্মকালে সেই অনুসারে অন্যান্য দিকের ইরিগেসন প্রোগ্রাম কার্টেল করতে হবে।

তাঁরা বেশী টাকা খরচ করে রিজার্ভার করে বর্ষাকালে জল তুলে রাখুন। মিঃ কে. এল. রাও প্রোগ্রাম করেছেন গঙ্গা-কাবেরি প্রোগ্রাম, দু হাজার উঁচুতে জল তুলে দেবেন পাম্প করে এবং জায়গায় জায়গায় রিজার্ভার করে নিয়ে যাবেন। এটা যদি সম্ভব হয় ইউ. পি.-র ক্ষেত্রে ইরিগেসনকে বাঁচাবার জন্য তাহলে কোলকাতা বন্দরকে বাঁচাবার জন্য ওই ইউ. পি-র মত রিজার্ভার করে

বর্ষাকালে জল তুলে রাখুন এবং গ্রীষ্মকালে সেটা সাপ্লাই করুন, নাহলে গ্রীষ্মকালে গ্রাউণ্ড ওয়াটার ইউস্ করুন। টাকার ব্যাপারে ভারত সরকার সাহায্য করবেন। তাঁরা গ্রীষ্মকালে যে জল টেনে নিচ্ছেন সেটা না করে তাঁরা গ্রাউণ্ড ওয়াটার ইউস্ করুন এবং ভারত সরকার তাঁদের সাহায্য করুন। এই ব্যবস্থা করে আমাদের ৪০,০০০ হাজার কিউসেক দেবার ব্যবস্থা করুন এটা হোল আমার নাম্বার ওয়ান পয়েণ্ট। আমার আর একটা পয়েণ্ট যা রয়েছে সেটাও তাঁরা করুন। ধুবরীর কাছ থেকে ব্রহ্মপুত্রের অতিরিক্ত জল চলে যাচ্ছে সমুদ্রে সেটা তাঁরা তিস্তায় নিয়ে আসুন এবং মহানন্দা দিয়ে গঙ্গায় নিয়ে আসতে পারেন। এই প্রোগ্রাম কার্যকরী করতে গিয়ে যদি ৮/১০ বছর লাগে তাহলে অন্যান্য রাজ্য একটু ক্ষতিগ্রস্ত হবে ইরিগেশনের দিক থেকে। আমি মানি ১ লক্ষ, ২ লক্ষ একর ইরিগেটেড করবার ইম্পরটেন্স আছে। কিন্তু সেটা করা আর কোলকাতা বন্দরকে বাঁচান কি এক কথা? এটা এক কথা নয়। ভারতবর্ষ যদি এক দেশ হয়, জাতীয় স্বার্থ বলে যদি কোন জিনিস থাকে তাহলে তার পরীক্ষা হচ্ছে এখানে। আমি প্রাদেশিকতায় বিশ্বাসী নই, কিন্তু সারা ভারতবর্ষ যে একটা দেশ এবং এখানে সকলের স্বার্থ যে উপযুক্তভাবে বিবেচিত হবে তার পরীক্ষা হচ্ছে সমগ্র পূর্ব ভারতের যেটা বৃহত্তর বন্দর সেটা আজকে মরে যাচ্ছে। এই সম্বন্ধে গত শতাব্দীর মধ্য ভাগ থেকে সাহেব ইঞ্জিনিয়াররা বিদেশী ইঞ্জিনিয়াররা মাথা ঘামিয়েছেন। অবশ্য একথা ঠিক সাহেব গভর্ণমেন্ট কিছু করেনি।

[6-40—6-50 p m.]

কিন্তু সাহেব গভর্ণমেণ্ট কিছু করতে পারেননি। ইংরেজ গভর্ণমেণ্টের কাছে কটন সাহেব প্রস্তাব করেছিলেন ১৮৫৮ সালে যে এইভাবে ব্যারেজ করে গঙ্গা বেঁধে জল নিলে ভাগীরথী থাকবেনা কিন্তু তখন যিনি গর্ভনর ছিলেন ক্যাম্বেল সাহেব তিনি বললেন ওরে বাবা কোথায় কি করবো ঠিক নেই। কিন্তু বিদেশী সরকার ছিল তারা বারে বারে অবজ্ঞা করেছে। তারা যদি তখন করতো তাহলে আজকে কলকাতা বন্দরের একটুও ক্ষতি হত না। তাহলে হুগলী নদীর ডিটিরিওরেশন হতনা। বিদেশী গভর্ণমেণ্ট, সুতরাং তারা করেনি। এখন আমাদের গভর্ণমেণ্ট টেক-আপ করেছে। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট প্রচুর খরচ করেছে কিন্তু সেই খরচা করার পর আজকে সমস্ত খরচাটা বরবাদ হয়ে যাবে। সেই সমস্ত খরচাটা গঙ্গার জলে চলে যাবে এ কখনই হতে পারে না। সেইজন্য আমি পশ্চিমবঙ্গ সরকারকে এই কথাই বলবো যে আপনারা অবিলম্বে এই সমস্যার সমাধান করুন। আমি যে ভুল করেছি সে ভুল আপনারা করবেন না। চার বছর দেরী হয়ে গেল এই চার বছরে কত প্রজেক্ট হয়ে গেল। আমি যদি তখন এই নিবু দ্ধিতা না করতাম, আমি যদি তখন এটা প্রকাশ করতাম, দরকার হলে আদালতে মামলা করে দিয়ে আমি ইনজাংশান করে আটকে রেখে দিতাম তাহলে আজকে এই শোচনীয় অবস্থায় পরতাম না। জল পাব কি পাবনা তার ঠিক নেই। কলকাতা বন্দর বাঁচবে কি বাঁচবে না তার ঠিক নেই। আপনারা একটা সময় নির্দিষ্ট করুন এবং সেই টাইম লিমিটের মধ্যে আপনাদের কথামত যদি না হয় তাহলে ভারতবর্ষের দরজায় ফেলে দিন। ভারতের জনতাই এর মীমাংসা করবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরজনীকান্ত দলুই:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের বাজেটকে আমি সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। আপনি জানেন স্যার, আমাদের দেশের অর্থনৈতিক বুনিয়াদ নির্ভর করে কৃষির উপর। আর সেই কৃষি-উন্নতি নির্ভর করে চাষের উপর। তাই এই

বিভাগের গুরুত্ব যথেষ্ট রয়েছে, সেই গুরুত্ব উপলব্ধি করে আমি মন্ত্রীসভার কাছে অনুরোধ করবো যেন আরো বেশী টাকা এই সেচ বিভাগের জন্য বরাদ্দ করেন যাতে আমাদের দেশের লোকে মোটা ভাত খেতে পায়। আজকে লোকের ঘরে চাল নেই, তারা যাতে ঘরে চাল দিতে পারে। জিনিষপত্রে যা নিত্য প্রয়োজন সেটা তারা জোগাড় করতে পারে। তাই সেচ বিভাগের মাধ্যমে কৃষির উন্নতি হলে আমাদের দেশে গ্রামীণ অর্থনীতি আরো সুদৃঢ় হবে এবং আমাদের শ্রদ্ধেয় নেতা শ্রীমতি ইন্দিরা গান্ধীর "গরীবী হটাও" নীতি সফল করতে গেলে আমি আবেদন করবো আপনার মাধ্যমে মন্ত্রীসভার উচিত হবে সেচ বিভাগে বেশী টাকা বরাদ্দ করা। তাতে যে সমস্ত পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে সবগুলি সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হবে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করবো যাতে এই বিভাগে তারা বেশী টাকা বরাদ্দ করে। বিভিন্ন স্কীমগুলি যাতে দ্রুত সম্পন্ন হয় সেদিকে দৃষ্টি দেওয়া উচিত। স্যার, আপনি জানেন, আমি এর আগে বলেছিলাম মেদিনীপুর হুগলী এবং হাওড়ার অধিবাসীরা প্রতিবছর বন্যার কবলে পড়ে। আমি আবেদন করবো মন্ত্রীমহাশয়ের কাছে যেভাবে উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ কমিশন গঠন করা হয়েছে সেইভাবে মেদিনীপুর হুগলী এবং হাওড়াকে নিয়ে বন্যা নিয়ন্ত্রণ কমিশন গঠন করে ফ্লাড কন্ট্রোল, মাষ্টার প্ল্যান করে ফ্লাড কন্ট্রোল কমিশন যাতে অবিলম্বে কার্য্যকরী হয় তার জন্য চেষ্টা করেন। কিন্তু আমি দেখলাম তাঁর বাজেটে সে ধরণের কোন বক্তব্য তিনি রাখেন নাই। আমি আবেদন করবো অর্থের যত অকুলান হোক না কেন তিনি যদি এইরকম স্কীম তৈরী করেন তাহলে ভাল হয়। মাননীয় সদস্যা শ্রীমতী গীতা মুখোপাধ্যায় বলেছেন এবং আমরা সকলে মন্ত্রীসভার কাছে আবেদন করছি তাঁরা যেন দিল্লীর কাছে দরবার করেন যে এই খাতে বেশী টাকা দিতে হবে। এবং প্রতি বছর হাওড়া, হুগলী এবং মেদিনীপুরের লোকেরা যেভাবে বন্যার কবলে পড়ে তাদের কথা যেন মন্ত্রীমহাশয় চিন্তা করেন। আমরা জানি রূপনারায়ণ নদী হচ্ছে life of Hooghly, Howrah and Midnapore নিম্ন দামোদর পরিকল্পনা আড়াই লক্ষ কিউসেক জল ফেলা হচ্ছে রূপনারায়নপুর নদীতে। এই নদী যদি সংস্কার না করা হয় তাহলে এই তিনটে ডিস্ট্রিক্ট ডুবে থাকবে। তাদের বাঁচবার কোন উপায় থাকবে না। প্রত্যেকবারই বলা হচ্ছে ঘাটাল বাঁধ ইমপ্রুভমেন্ট স্কীম নেওয়া হবে। আজ ৬০ বছর ধরে আলাপ আলোচনা চলছে কিন্তু আজ পর্য্যন্ত এই নিয়ে কিছুই করা হয় নি।

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন যে আজ পর্য্যন্ত যে এক্স জমিনদারি এমব্যাংকমেন্ট আছে সেইগুলি পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে, সেই এক্স জমিনদারি এমব্যাংকমেন্টগুলি যদি সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে নিয়ে আসা হয় তাহলে অনেক জমি বন্যার কবল থেকে রক্ষা পাবে এবং আমাদের দুস্থ লোকেরা, গরীব চাষীরা, তারা চাষ করে দু'বেলা দু'মুঠো অন্ন সংস্থান করতে পারবে। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, সি. এম. ডি. এ-র অনেক কাজ আমরা শুনেছি সেচ বিভাগ করছে এবং আমরা দেখেছি যেমন কালীঘাট রিকনষ্ট্রাকশন ব্রিজ, সি, এম, ডি, এ-র যে প্ল্যান ছিল সেটা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং মাননীয় মন্ত্রী মহোদয়ের পৃষ্টপোষকতায় সেটা সম্পন্ন হয়েছে। আমি আবেদন করবো, মিঃ ডেপুটি স্পীকার, স্যার, সেই সি, এম, ডি, এ-র কাজ যেভাবে করছে সেইভাবে যদি অন্যান্য বিভাগ কাজ করে তাহলে আমার বিশ্বাস আছে আমাদের মন্ত্রীসভার ইমেজ বা আমাদের বিধানসভার ইমেজ জনসাধারণের কাছে বেড়ে যাবে। তাই, মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি আবেদন করবো সেই সমস্ত কাজ ত্বরান্বিত করবার জন্য মন্ত্রীসভা যেন লক্ষ্য রাখেন। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি জানেন ইনল্যাণ্ড ওয়াটার ওয়েজ ডেভালাপমেন্ট বলে যে স্কীম রয়েছে—জিনিষ-পত্রের দাম যেমনভাবে বেড়ে যাচ্ছে, আমরা যদি এটা গ্রহণ করি এবং যেসমস্ত ফিডার ক্যানেল রয়েছে, হিজলী ক্যানেল, উড়িষ্যা কোষ্ট ক্যানেল, যেগুলি রয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় যদি সেদিকে দৃষ্টি দেন এবং সেগুলি

যদি সংস্কার করা যায় তাহলে জিনিসপত্রের দাম কমবে এবং আমাদের গ্রামে কর্মসংস্থানের সম্ভাবনা হবে। ৪ কোটি টাকার যে দুর্গাপুর ইরিগেশন স্কীম তৈরী হয়েছিল সেটার কাজ হচ্ছে না। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এটা যেন করা হয়। পরিশেষে আমি মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থাপন করেছেন সেটা সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরমেন্দ্র নাথ দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন সেটা সমর্থন করছি। এই প্রসঙ্গে কিছু বলতে চাই। আমার মনে হয় যখন এত টাকার অভাব তখন ইরিগেশন ডিপার্টমেন্টের উচিত যে সব স্কীমে কাজ করলে ফুড প্রডাকশন বাড়ে সেগুলিকে প্রাইয়োরিটি দিয়ে কাজ করান। যেমন ধরুন বিল ড্রেনজ স্কীম করলে, একটা জলা জমি ড্রেনজ করলে তাতে বেশ কিছু জমি চাষযোগ্য হবে। অনেক জায়গায় স্লুইস গেট করলে বন্যা থেকে কৃষি জমি রক্ষা পাবে এবং তাতে কৃষির উৎপাদন বাড়বে। কিন্তু ইরিগেশন ডিপার্টমেন্ট সেদিকে নজর দিচ্ছেন না। আমি এর উদাহরণ দিচ্ছি। আপনি জানেন উত্তর বাংলার মধ্যে পশ্চিম দিনাজপুর হচ্ছে গ্রানারি অব নর্থবেঙ্গল, সেই উত্তরবাংলার পশ্চিম দিনাজপুরের জন্য কোন টাকা স্যাংশন করা হয়নি। এখানে দুটি স্কীম দেওয়া হয়েছিল তার মধ্যে একটা হচ্ছে ইটাহার থেকে জীবনগর ইরিগেশন স্কীম, এতে ১ লক্ষ ২১ হাজার টাকা খরচ করলে ২৩ শত একর জমি ফ্লাড থেকে রক্ষা পেতো এবং বেনিফিটেড হতো। আর একটা হচ্ছে গাজল ফ্লাড কনট্রোল স্কীম, এতে ১২ লক্ষ টাকা খরচ করলে ২০ স্কয়ার মাইল এরিয়া বন্যা থেকে রক্ষা পেতো। এই দুটি স্কীমের জন্য দু'তিন মাস আগে প্ল্যান করা হল, এষ্টিমেট করা হল, টেণ্ডার কল করা হল কিন্তু ওয়ার্ক অর্ডার দেওয়া হল না। শুনতে পাই চিফ ইঞ্জিনিয়ার, সার্কেল ওয়ান-এর হাই হ্যানডেডনেসের জন্য এই কাজ দুটি বন্ধ করে দেওয়া হয়েছে। তিনি নাকি ওয়েষ্ট দিনাজপুরে কোন কাজে হাত দেবেন না। এখন দেখতে পাচ্ছি সত্যিই তাই হল, এত ওয়ার্ক পেণ্ডিং থাকা সত্ত্বেও একটা স্কীমও স্যাংশন আমাদের ওখানে হলনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ফুড প্রডাকশন বাড়াবার জন্য পশ্চিম দিনাজপুরে এত স্কীম থাকা সত্ত্বেও মাননীয় মন্ত্রী মহাশয়ের ডাইরেক্টার হতে দেননি কেন এটা দয়া করে উত্তর দেওয়ার সময় বলবেন। কিন্তু মালদা তাঁর নিজের জেলা, সেখানে এই বৎসর ৫৫ লক্ষ টাকা খরচ হয়েছে এবং আরো টাকা খরচ হবে এবং সেখানে টাকার অভাব হয়না। এই ডিপার্টমেন্টে দুর্নীতি ঢুকেছে এবং প্রচুর টাকা অপব্যয় হচ্ছে। আমি উদাহরণ দিয়ে বলছি যেমন যুক্তফ্রন্টের সময় দেবু বাবু বলে এক ভদ্রলোক 'মানুষের জয়যাত্রা' বলে একটি বই বের করে বক্ত গঙ্গা বইয়ে দিয়েছিলেন, এখন সেই ভদ্রলোক ডাইরেক্টরেট ছেড়ে কনট্রাকটার হয়েছে এবং এই ডিপার্টমেন্ট থেকে ১০ লক্ষ টাকার কাজ মালদার জন্য নিয়েছেন। এই কনট্রাকটারি পাইয়ে দেওয়ার জন্য অফিসারদের নিয়ে পার্ক হোটেলে বিনা পয়সায় উচ্চ স্তরের খানাপিনা চলছে। গোপনে কিছু টাকা দিয়েছেন কিনা বলতে পারিনা।

[6-50 --7-00 p m.]

কিন্তু এই ভদ্রলোক ইরিগেসান ডিপার্টমেণ্টকে এইভাবে ডোবাচ্ছেন। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি ১০ লক্ষ টাকার যে কনট্রাক্ট নিয়েছেন তা বাতিল করে দিন। আমি মন্ত্রী মহাশয়কে আর একটা কথা বলবো যে ইরোসান কনট্রোল করাতে মালদহতে Bhaluka river short-cut scheme-এর ৫ লক্ষ টাকা জলে গিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, যে যে কর্মচারী এই অপচয়ের জন্য দায়ী আপনি তাদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা করুন। এই যে ফেলিয়োর এর কোন এনকোয়ারী হয়নি, এব কোন পানিসমেণ্ট দেবার ব্যবস্থা হয়নি, আমি আর একটা কথা জানাতে চাই যে মালদহে আপনার ডিপার্টমেণ্ট কোন বিল ক্যাশ করবার জন্য ক্লার্ককে ৫ পারসেণ্ট

ঘুষ না দিলে কোন বিল ক্যাশ হয়না। এইভাবে সেখানে কয়েক লক্ষ টাকা সরকারী কর্মচারীদে পকেটে গিয়েছে। এই অবস্থা এখনও চলছে। আমার মনে হয় একটা ভিসাস সারকেল কাজ করছে সে বন্ধ করা দরকার। পশ্চিম দিনাজপুরের কতগুলি স্কীম, বুড়ি মণ্ডল ড্রেনেজ স্কীম, বোয়া বিথুয়া ড্রেনে স্কীম, বীনা সুইচ ড্রেনেজ স্কীম, এইরূপ আরও অনেক বিল আছে সেগুলি সংস্কার করালে চাষে জমি বের হত সে সব স্কীম করাই হয়নি। আর যা করা হয়েছে তার কোনটাই কাজ হয়নি আমি মন্ত্রী মহাশয়কে বলবো যে তিনি পশ্চিম দিনাজপুরের প্রতি নজর দিন, এই কথা ব আমি শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীমতী নরুন্নেসা সাত্তার** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে৩১ কোটি টাকার বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করি ও আমি তাকে ধন্যবাদ জানাই। এই ধন্যবাদ জানিয়ে আমি আমার কয়টি বক্তব্য রাখতে চাই। আমাদের পল্লী অঞ্চল কৃষিপ্রধান, পল্লী অঞ্চলে সেখানে সেচের জন্য ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, ক্যানেল প্রভৃতির দরকার। তবে যে সমস্ত জায়গাতে ডিপ টিউবওয়েল ও অন্য কোন প্রকার ইরিগেশনে জল পাচ্ছে না সেখানে বড় পুকুর বা বিলের জলে ইত্যাদি বাঁধ দেওয়া দরকার। মজা পুকুরগুলো সংস্কার করা দরকার, যে সমস্ত জায়গায় নদী নেই সে সমস্ত জায়গায় জল যাতে আসতে পারে, যাতে প্রবাহিত হয় তা দেখা দরকার। আমার পূর্বস্থলী কেন্দ্রে করালী ব্রাহ্মণী ইত্যাদি নদীগুলির সংস্কারের একান্ত প্রয়োজন। এই নদীগুলি সংস্কার করতে পারলে স্থানীয় জনসাধারণ ও গ্রামবাসীদের চাষের পক্ষে যথেষ্ট উপকার হবে। অনেক অঞ্চলে ক্যানেল আছে. কিন্তু সব জায়গায় সময় মত জল পাওয়া যায় না। যখন হয়তো যায় তখন বৃষ্টির জল ও ক্যানেলের জল একত্রে এসে যাওয়ায় চাষের ক্ষতি হয় ও ফসল নষ্ট হয়ে যায়। এতে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো, যাতে তিনি এগুলির দিকে নজর দেন। তিনি যদি এসব দিকে নজর দেন ও পরিকল্পনাগুলি সার্থক করেন তাহলে আমাদের সবুজ বিপ্লব সার্থক হবে।

আর একটা কথা। আমরা শুনছি এখন গ্রামীণ বিদ্যুৎ সরবরাহ ত্বরান্বিত হবে। কিন্তু আজ পর্যন্ত কোন জায়গায় বিদ্যুৎ সরবরাহ যায়নি। এই বিদ্যুৎ সরবরাহ গ্রামে গেলে আলো জ্বালা ছাড়া Shallow ও Deep tube-well দ্বারা চাষের জল সরবরাহের পক্ষে বিশেষ সুবিধা হবে, এতদিন যে অসুবিধা চাষীরা ভোগ করছিল জলসেচের অভাবে, তার সুরাহা হবে। কিন্তু যে সামান্য বিদ্যুৎ সরবরাহ জায়গায় জায়গায় হয়েছে তা প্রয়োজনের তুলনায় অত্যধিক কম ও বিদ্যুৎ সরবরাহ না হবার সামিল। গ্রামাঞ্চলে যে বৈদ্যুতিক আলো দেবার চেষ্টা করা হচ্ছে তাও মুষ্টিমেয় কয়েকটি ক্ষেত্রে সীমাবদ্ধ। এ বিষয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা বলতে চাই। চাষের সুবিধার জন্য যে সমস্ত ক্যানেল কাটা হয়েছে, সেই সমস্ত ক্যানেল থেকে চাষীরা সময়মত ও প্রয়োজনমত জল সরবরাহ পায় না। খরার সময় যখন মাঠঘাট পুকুর সব শুকিয়ে যায় তখন ঐ ক্যানেলের জলই হচ্ছে একমাত্র ভরসা। সেই সময় ক্যানেলে জল থাকে না। চাষীরা ভয়ানক অসুবিধায় পড়েন এবং চাষের কাজ দারুন ভাবে ব্যাহত হয়। অথচ ক্যানেল ট্যাক্স তারা ঠিক ঠিক বহন করে যাচ্ছে সময়মত জল না পাওয়া সত্বেও। এদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা ব্যাপার আছে। সেই সমস্ত ক্যানেল এমন একটা অঞ্চলের উপর দিয়ে গেছে যেখানে চাষীদের জল সরবরাহ করবার দরকার হয় না। অনেক কষ্টে যে ফসল সেখানে তৈরী হয়েছে, ঐসব ক্যানেলের অত্যধিক জলের চাপের ফলে সেইসব ক্ষেতের ফসল নষ্ট হয়, চাষীরাও ক্ষতিগ্রস্ত হয়।

তার উপর আবার বৃষ্টির জলও রয়েছে। এই দিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ক্যানেল থেকে যাতে জলের চাপ ঐ সব অঞ্চলের উপর না পড়ে।

আর একটা কথা হচ্ছে বাঁধ সম্পর্কে। যে বাঁধগুলি তৈরী করা হয়েছে, সেই সমস্ত বাঁধের যারা কনট্রাক্ট নিয়েছেন তারা কাঁচা ইট, খারাপ মালমশলা দিয়ে তৈরী করছেন। ভাল মালমশলা দিয়ে বাঁধগুলি তৈরী হলে বেশ শক্ত বাঁধ হতো, তা হয় না। সেভাবে তাঁরা তৈরী করছেন না। আমি একটা উদাহরণ দিতে পারি যেমন শিকারপুর বাঁধ। এই বাঁধটা ৯ লক্ষ টাকা ব্যয়ে তৈরী করা হয়েছে। সেটা কাঁচা ইট ও খারাপ মালমশলা দিয়ে তৈরী করা হয়েছে। যাকে এই ব্যাপারে Contract দেওয়া হয়েছিল, তার সম্পর্কে অনুসন্ধান করে দেখা উচিত। কথা হচ্ছে যে বাঁধ তৈরী হচ্ছে তা কাঁচা ইটের দ্বারা তৈরী হচ্ছে, অযথা টাকা ব্যয় করা হচ্ছে। কাজেই যে ভাবে টাকা ব্যয় হচ্ছে যত টাকাই ব্যয় করা হোক না কেন, সেই টাকা যদি আমরা সুষ্ঠভাবে খরচ করতে না পারি, তাহলে জনসাধারণ তার দ্বারা উপকৃত হবেনা। সুষ্ঠভাবে এই বরাদ্দ টাকা ব্যয় করতে হলে সুষ্ঠ একটা কমিটী গঠন করা প্রয়োজন যাতে সেই কমিটী এইদিকে দৃষ্টি দিতে পারেন।

আমার আর বক্তব্য রাখবার সময় নাই, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আজকে সভায় মাননীয় সেচমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন প্রথমে তাকে স্বাগত জানিয়ে বিতর্কে এবং আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে একথাই বলবো যে হুগলী নদীর নাব্যতা রক্ষার মাধ্যমে ফরাক্কা প্রকল্প রূপায়িত করা আজকে পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষের কাছে সবচেয়ে বড় প্রশ্ন। ইতিপূর্বে অনেক বক্তা তাঁদের বক্তব্য এই সম্পর্কে রেখেছেন। আমি আর তার পুনরাবৃত্তি করবো না। আজকে যদি এই ফরাক্কা প্রকল্পকে সার্থকভাবে রূপায়িত করা না যায় তাহলে সারা পশ্চিমবঙ্গ তথা সারা পূর্ব ভারতের অর্থনীতিকে বাঁচিয়ে রাখা সম্ভবপর হবে না কিছুতেই। বিগত দিনের একটু ইতিহাস এখানে আমি স্মরণ করিয়ে দিতে চাই। একদিন ছিল বাংলার বহুখ্যাত তাম্রলিপ্ত ও সপ্তগ্রাম বন্দর। সেই বিখ্যাত বন্দরগুলি ধ্বংস হয়ে যাবার ফলে বাংলার অর্থনীতিকে আর পুনর্জীবিত করা সম্ভবপর হয় নাই। সেই ইতিহাসকে আজ আবার নতুন করে স্মরণ করতে বলি। তাম্রলিপ্ত সপ্তগ্রাম বন্দর ভেঙ্গে বিধ্বস্ত হয়ে গিয়েছিল। তাই আজ কলকাতা বন্দরকে যদি ধ্বংসের হাত থেকে রক্ষা করতে না পারি, তাহলে সারা ভারতের অর্থনীতি ভেঙ্গেচুরে বিধ্বস্ত হয়ে যাবে। আজ আমরা দেখছি প্রতি বছর ৪৩ লক্ষ টন পলি এই ভাগীরথীর বুকে জমা পড়ছে এবং সেই পলি উত্তোলনের জন্য আরো কয়েক লক্ষ টাকা খরচ হচ্ছে। প্রতি বছর বন্দরের জন্য সর্বসাকুল্যে ১৭ কোটী টাকা ক্ষতি হচ্ছে।

[7-00—7-10 p.m ]

আজকে প্রশ্ন উঠেছে ফরাক্কা পরিকল্পনা রূপায়ণ করার জন্য কেন্দ্রীয় সরকার বলছেন যে উত্তর প্রদেশ এবং বিহারের স্বার্থ রক্ষা করতে হবে। এবং তার জন্য পশ্চিমবাংলাকে অন্যভাবে খাল কেটে সেচের ব্যবস্থা করতে হবে। আমি নিশ্চয় বলবো না যে উত্তর প্রদেশ ও বিহারের সেচের প্রয়োজনীয়তা নাই। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও স্মরণ করিয়ে দিতে চাই উত্তর প্রদেশের সেচের সঙ্গে বিহারের সেচের সঙ্গে পশ্চিমবাংলার প্রশ্ন জড়িয়ে থাকতে পারে না। কারণ সয়েল কেমিষ্টরা বলছেন যে উত্তর প্রদেশ ও বিহারের মাটির নীচে অফুরন্ত জল ভাণ্ডার আছে যেখানে ডিপ টিউবওয়েল সিঙ্ক

করে বিহার এবং উত্তর প্রদেশ সরকার সেচের ব্যবস্থা করতে পারে। কিন্তু তার সাথে সাথে কলকাতা বন্দরের যাতে স্বার্থ রক্ষিত হয় তার দিকেও লক্ষ্য রাখতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে পশ্চিমবাংলার সাড়ে সাত কোটী মানুষের সঙ্গে কণ্ঠ মিলিয়ে সোচ্চারে এই কথা বলবো যে ফরাক্কা নদীর খাল কেটে যাতে হুগলী নদীতে জল প্রবাহিত করানো যায় তার চেষ্টা করা হোক। এই সঙ্গে এখানে বিদ্যুৎ সংকটের কথা এসে যাচ্ছে। আজকে বিদ্যুৎ সংকটের জন্য পশ্চিমবঙ্গকে কয়েক দিনে ১২ কোটী টাকার শিল্পোৎপাদন ব্যাহত হয়েছে—১৯৭১ সালের ১লা জানুয়ারী থেকে জুন মাস পর্যন্ত আমরা দেখেছি যে প্রায় ৫ কোটী টাকা পাট শিল্পে ক্ষতি হয়েছে বিদ্যুতের অভাবে। সুতরাং আমি বলবো যে এতদিন পর্যন্ত ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটী বোর্ড কেবলমাত্র লপসিডেড থারম্যাল পাওয়ার ষ্টেশন-এ বিদ্যুৎ উৎপাদন করে নগর অঞ্চলে এবং শিল্পাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করেছে। এখন আমাদের এই পশ্চিমবঙ্গের জনপ্রিয় সরকার প্রায় ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহ করবেন এবং ২৫ হাজার গভীর নলকূপে বিদ্যুৎ প্রবাহে চালাবার পরিকল্পনা গ্রহণ করেছেন। তাই আমাদের পশ্চিমবাংলার বিদ্যুৎ প্রবাহের আসল চেহারাটা কি সেটা আমি এই সভায় প্রকাশ করবো। আমি দেখেছি নর্থ বেঙ্গলে একজিষ্টিং মিনিমাম ডিমাণ্ড ফর পাওয়ার হচ্ছে ২৫ মেগাওয়াট। এছাড়া ৯৫% চা বাগানের ফ্যাক্টরীগুলি তাদের নিজেদের তত্ত্বাবধানে ডিজেল ইঞ্জিন দ্বারা পরিচালিত হয়। কিন্তু উত্তরবঙ্গে দেখতে পাচ্ছি জলঢাকা প্রজেক্টের দ্বারা ৬০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হয়। এখন বর্তমানে সেই ৬০ মেগাওয়াটের জায়গায় ১৮ মেগাওয়াট হচ্ছে। আজকে নর্থ বেঙ্গলের বিরাট শিল্প সম্ভাবনাকে যদি কার্যকরী করতে হয় তাহলে এট লিষ্ট ৫০% চা বাগানকে বিদ্যুৎ সরবরাহের আওতায় আনতে হবে। আজকে গ্রামে বিদ্যুৎ সরবরাহ কার্যসূচী যদি কার্যে পরিণত করতে হয় তাহলে ১৯৭৪-৭৫ সালে মিনিমাম রিকয়ারমেণ্টস দাঁড়াবে ৫০ মেগাওয়াট। এবং সাধারণ লোয়ার বেঙ্গলে ফার্ম ক্যাপাসিটী হচ্ছে ৬০ মেগাওয়াট এবং it is just at par with the demand. এবং জরুরী অবস্থার জন্য সংবিধান মতে ১০% যদি রিজার্ভ রাখা হয় তাহলে এবং নরম্যাল ইনডাষ্ট্রীয়াল গ্রোথ যদি রাখতে হয় তাহলে এখানে প্রয়োজন দাঁড়াবে ১৮০ মেগাওয়াট। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে ১২০ মেগাওয়াট তৈরী হতে পারে—তাহলে বর্তমানে যে সর্টেজ সেই সর্টেজ যদি পূরণ করতে হয় তাহলে লার্জ ইউনিট তৈরী করার পরিবর্তে·········

**মিঃ ডেপুটী স্পীকার ঃ** Please take your seat, Mr. De your time is up.

**শ্রীঅসমঞ্জ দে ঃ** Sir, please give one minute more.

ইনটারিম একজিষ্টিং যা আছে থারম্যাল জেনারেটীং ইউনিট তাকে ভালভাবে প্রতিষ্ঠা করে এবং পশ্চিমবঙ্গে নিউ থারম্যাল পাওয়ার ইনসটল প্রতিষ্ঠা করা হয় নিশ্চয় ভাল কাজ হবে। একটা কথা বলতে হচ্ছে দুর্গাপুরে যে পাওয়ার সাপ্লাই কোম্পানী রয়েছে তার একটী ইউনিট বিকল হয়ে গেছে এবং আর যে দুটী আছে সেগুলিও প্রায় খারাপ হওয়ার সম্ভাবনা আছে। এখানে সরকারকে হস্তক্ষেপ করার জন্য আমি আবেদন জানাচ্ছি। এবং আসানসোলের যে আসানসোল ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী ও ডিসেরগড় পাওয়ার সাপ্লাই কোম্পানী রয়েছে এগুলি যাতে সরকারী পরিচালনাধীন হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবী জানাচ্ছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সময়ের খুবই অভাব। আমি আশা করি আপনি খানিকটা সময় বাড়িয়ে দেবেন এবং তাতে এই হাউসের কোন আপত্তি থাকবে না। আজকে মাননীয় সেচমন্ত্রী মহাশয়, যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন সেই ব্যয়বরাদ্দের দাবীকে আমি সমর্থন করি। মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর বাজেট বক্তৃতায় যেসমস্ত তাঁর ইচ্ছার কথা

উল্লেখ করেছেন এবং পশ্চিমবাংলার মানুষের কল্যাণের যে কথা উল্লেখ করেছেন সেটা বিচার বিবেচনা করে টাকার যে অঙ্ক তিনি দিয়েছেন সেটা নিতান্তই অপ্রতুল। অবশ্য একথাও তিনি উল্লেখ করেছেন। অতএব যেখানে টাকা প্রচুর নাই সেখানে কাজ নিশ্চয় সুসম্পন্ন হবেনা এ বিষয়ে কোন সন্দেহ নেই। একটি কথা ভালভাবে চিন্তা করে দেখতে হবে যে সেসমস্ত কাজ হচ্ছে কি বৃহৎ পরিকল্পনায়, কি মাঝারি পরিকল্পনায় কি ছোট পরিকল্পনার মারফত সেগুলিতে টাকা ঠিক ঠিক মত ব্যয়িত হচ্ছে কিনা।

বিগত অধিবেশন থেকে আরম্ভ করে এখনও পর্যন্ত যে সমস্ত আলোচনা এবং সমালোচনা বিভিন্ন খাতে হয়েছে তাতে একটি কথা প্রমাণ করবার চেষ্টা করা হয়েছে, অন্ততপক্ষে টাকাগুলি সঠিক পথে বা সঠিকভাবে তার রূপায়িত হোক এবং বাস্তবে তা পরিণত হোক। এই দপ্তরে যে টাকাই আসুক না কেন সেই টাকার যথাযথভাবে কাজ হতে চায় না। অর্থাৎ যে টাকা আমরা মঞ্জুর করি সেই মঞ্জুরীকৃত টাকা প্রকৃতক্ষেত্রে ব্যয়িত হয় না, এটা একটা বাস্তব সত্য। মন্ত্রীমহাশয়কে এ ব্যাপারে বললে তিনি বলবেন যে এটা আমার ব্যাপার নয়, এটা অতীতের ব্যাপার ইত্যাদি কিন্তু স্যার, আমি এই ব্যাপারে একটি কথা বলছি। ফ্রেজারগঞ্জে আমি একটি কাজে গিয়েছিলাম। সেখানে সমুদ্রে একটি বাঁধ দেওয়া হয়েছিল নোনা জল থেকে জমিকে রক্ষা করার জন্য। সেই বাঁধের অবস্থা কি? মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করলে তিনি নিশ্চয় বলবেন, বাঁধের অস্তিত্ব নেই। পোর্ট কমিশনারের বাড়ীটা বিপদাপন্ন, বন্যায় হাজার হাজার বিঘা জমি নষ্ট হচ্ছে, সেই বাঁধকে দূর দিয়ে ঘুরিয়ে নিতে হচ্ছে এবং নোনা জলের মুখে জমিকে ঠেলে দিতে হচ্ছে। আমি সেখানে নিজে গিয়েছিলাম এবং মন্ত্রীমহাশয়কে লিখিতভাবে দিয়েছি। সেখানে সি. এম. ডি. এ-র কাজ হচ্ছে। উপমন্ত্রীকে বলেছিলাম তাঁর সময় ছিলনা, আমি গিয়েছিলাম এই খবর পেয়ে যে সেন্ট্রাল গো-ডাউন আছে সি. এম. ডি.এ-র সল্ট লেকে তার অনতিদূরে যে ষ্টোন মেটাল সাপ্লাই দেওয়া হয়েছে তার মধ্যে ৬০ থেকে ৮০ ভাগ বালি। ৬০ থেকে ৮০ ভাগ বালি দিয়ে কনট্রাকটররা চোখের সামনে প্রকাশ্য দিবালোকে কোলকাতা থেকে ট্রাকের পর ট্রাক নিয়ে যাচ্ছে এবং সেখানে নিয়ে গিয়ে জমা করা হচ্ছে। কনট্রাকটররা কাজ করছে, বড় বড় অফিসাররা ঘুরছেন কিন্তু চোখের সামনে কি করে বালি দিয়ে টাকা দেওয়া হয়ে গেল ষ্টোন মেটাল হিসাবে সেটা বোঝা গেল না। সেখানে কোন কোন অফিসার জড়িত বা কি করে দপ্তর সেটা এ্যালাউ করলো সেটা দেখা দরকার। স্যার, এ সম্বন্ধে ভিজিলেন্স এনকোয়ারী পর্যন্ত হয়েছে, সেখানে যে বালি দেওয়া হয়েছিল সেটা এক জায়গায় ঘিরে রাখা পর্যন্ত হয়েছে, কিন্তু তা সত্ত্বেও কমিশনের সেই রায় কমিশনের মধ্যেই রয়ে গেল, কিছুই হল না। হেলথ সেক্রেটারী মজুমদার মহাশয় তিনি আবার ছিলেন কিনা, তাঁর আবার বহু নাম, তাকে সেখান থেকে বিদায় করা হয়েছিল, কিন্তু এর সঙ্গে তিনি যুক্ত ছিলেন কিনা জানিনা। কাজেই যেখানে চোখের সামনে এই রকম কাজ হতে পারে সেখানে আপনি বুকে হাত দিয়ে বলুন ঠিক মত টাকা খরচ হচ্ছে কিনা। স্যার, বাঁধের কথা ধরুন, দেখবেন বাঁধগুলি ভেঙ্গে যাচ্ছে। স্যার, এই প্রসঙ্গে বলি, ২৪-পরগণা, মুর্শিদাবাদ জেলাতে বাঁধের কাজটাই যদি ঠিকমত হয় তাহলে যারা বেকার, কাজ পায় না অসময়ে সেই সমস্ত লোকদের—কর্মচ্যুত লেবারদের মধ্যে অন্তত ১০ থেকে ২৫ ভাগ লোককে লোক্যাল এম্পলয়মেন্ট দেওয়া যায়। এই ব্যাপারে আমার সাজেসান হল আপনি একটা বেসরকারী কমিটি করুন যাঁরা এগুলি দেখবেন যে যথাযথভাবে কাজ হচ্ছে কিনা। তারপরে দূর গ্রামের দিকে যেখানে গাড়ী যায় না, রাস্তা নেই, সেখানে আপনারা একজন কনট্রাকটর রেখে দিয়েছেন আর আপনার দপ্তরের একজন তদারকি অফিসার আছেন। সে বাবু কোথায় থাকেন কি করেন কিছুই জানা যায় না। সেখানে তিনি বলে দিলেন কাজ হয়েছে, অতএব কাজ হয়ে গেল। নর্থ বেঙ্গল সম্পর্কে আপনারা নানা রকম উন্নয়নমূলক কাজ নিয়েছেন আমার তাতে আপত্তি নেই। ফরাক্কার কথা উঠেছে, ফরাক্কা বাংলাদেশ

তথা ভারতবর্ষের মানুষের স্বার্থের পরিপন্থী নয়, স্বার্থযুক্ত ব্যাপার, এটা স্বীকৃত। কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিমবঙ্গের মানুষ তথা আমাদের পূর্বাঞ্চলের রাজ্যগুলির পক্ষে এটা উপযোগী কাজেই ফরাক্কা সম্পর্কে তর্ক বিতর্কের মধ্যে না গিয়ে এটা ভাবা উচিত যে ফারাক্কা প্রকল্পকে কাজে লাগাতে হবে। ময়ূরাক্ষী প্রকল্পে যখন জলের দরকার নেই তখন মুর্শিদাবাদকে জলে ডুবিয়ে দেওয়া হচ্ছে। দ্বারকা এবং ব্রাহ্মণী নদী দিয়ে যে জল নিকাশ হচ্ছে বা যে জল রিজার্ভার ছেড়ে দিচ্ছে তার ফলে মুর্শিদাবাদ জেলার অধিকাংশ ডুবে যাচ্ছে, ফসলের ক্ষতি হচ্ছে। কাজেই স্যার, জলের যখন প্রয়োজন তখন রিজারভার থেকে জল পাওয়া যাচ্ছে না, অথচ যখন জলের দরকার নেই তখন ভেসে যাচ্ছে।

[7-10 – 7-20 p.m.]

এর হাত থেকে অব্যাহতি পাবার জন্য আপনি যদি একটিবার বলতেন ফ্লাড ড্যামেজ এ্যাফেকটেড ডিস্ট্রীক্ট হচ্ছে মুর্শিদাবাদ—একথা আপনি একবারও তো উল্লেখ করলেন না। মুর্শিদাবাদ জেলার পশ্চিমাঞ্চলকে বাঁচানোর জন্য আমরা এই প্রকল্প গ্রহণ করেছি, সে কথাও তো আপনি একটিবারও বললেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন স্কীমের জন্য অনেক জায়গায় কত কি করেছি—গত অধিবেশনে আমি শুনেছিলাম মাননীয় উপমন্ত্রী বলেছিলেন যে মুর্শিদাবাদ জেলার পূর্বাঞ্চলের যে সমস্ত জায়গায় ষ্ট্যাগনেন্ট ওয়াটার জমে থাকে সেই সমস্ত খাল বিলগুলির জল নিষ্কাশনের জন্য একটি পরিকল্পনা গ্রহণ করেছেন এবং তারজন্য কিছু টাকাও মঞ্জুর হয়েছে। আজ পর্য্যন্ত সেই টাকা কাজে লাগাবার ব্যবস্থা হল না, টেণ্ডার কল করার ব্যবস্থা পর্যন্ত হয়নি, এ বিষয়ে কোন তদন্ত করা হচ্ছে না। আজ সেকথা উল্লেখ করা হল না অথচ সেই মুর্শিদাবাদের পূর্বাঞ্চলে পদ্মা নদী থেকে বেরিয়ে এসেছে যে শিয়ালমারী নদী, যার বেডেতে বসতবাড়ী ঘর তৈরী হয়েছে, এই নদী যদি সংস্কার করা না যায় তাহলে মুর্শিদাবাদ জেলার পূর্বাঞ্চলে যে জলনিকাশী প্রকল্প আছে সেগুলি সব ফেলিওর হতে বাধ্য। এই কাজটি আজ পর্যন্ত করা সম্ভব হয়ে উঠছে না, অথচ এটা মানুষের দীর্ঘদিনের দাবী। আমি আশা করি এদিকে আপনি একটু নজর দেবেন। যে সমস্ত পরিকল্পনার কথা বলেছেন সেগুলির নিশ্চয় প্রয়োজন আছে এবং এর জন্য আরো টাকার প্রয়োজন হবে। তবে এই টাকাগুলি যাতে কনটাকটররা ঠিকমত কাজে ব্যয়িত করে সেদিকে নজর রাখতে হবে। কয়েকদিন আগেকার কথা। আমাদের মুর্শিদাবাদ জেলায়, আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রী অতিশ সিং মহাশয় পর্যন্ত জানেন যে সেখানে ইরিগেশন দপ্তরের যিনি সুপারিনটেণ্ডিং ইঞ্জিনীয়ার আছেন তার নিজের কি করে বড় বড় কনট্রাকটরদের কনট্রাকট দেওয়া যায়, সেদিকেই খালি দেখছেন, ছোট ছোট কন্ট্রাক্টরদের কাজ দিচ্ছেন না। মন্ত্রী মহাশয়ের সাথে ঝগড়া-ঝাটি করে এম. এল. এ. রা ঝগড়াঝাটি করে ছোট ছোট কনট্রাক্টরদের কাজ দিতে বাধ্য করা হয়েছিল, ওরা খালি কেবলই বড় বড় কনট্রাক্টরদের দিকে মুখ চেয়ে বসে আছেন। আমরা শুনেছি পুলিশ দপ্তরেই নাকি সব চেয়ে বেশী চুরি হয়, কিন্তু পি. ডবলিউ ডি. ইরিগেশন দপ্তরে সব চেয়ে বেশী টাকা চুরি হয় এবং পুকুর চুরি হয়ে যাচ্ছে বলেই মনে হয়। এই পুকুর চুরি যাতে বন্ধ হয় সেদিকে আপনি একটু নজর দিন। সল্ট লেক এলাকার দিকেই একটু চেয়ে দেখুন। সেখানে ষ্টোন মেটালের বদলে বালি দিয়ে যারা টাকা নিয়ে নিল তাদের সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে? এবং সেই সমস্ত অফিসারদের সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এটা আমরা জানতে চাই। এই বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীনন্দন সাউ**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সেচমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তা সমর্থন করছি। বীরভূম জেলার ময়ূরাক্ষী রিভার প্রোজেক্টের কথা বলা

হয়েছে, যে রিজার্ভার জলে বীরভূম জেলার কিছু অংশ সুজলা সুফলা শস্য শ্যামলা হয়েছে বলে জানেন, সেটা কিন্তু ঠিক নয়। ৬০% এর বেশী এই ময়ূরাক্ষী রিজার্ভারের জলে জলসেচ হয় না। বীরভূম জেলায় সেচ পরিকল্পনা নেওয়া হয়েছে হিংলো—এই হিংলোর কাজ শ্লথ গতিতে চলেছে। আজকে আমি একে সমর্থন জানাই এই কারণে যে ময়ূরাক্ষী ও হিংলোর কাজ চলছে বীরভূম জেলায়। এর মাধ্যমে বীরভূম জেলার গ্রামবাংলার মানুষ খুব উপকৃত হবে। এই দুটি সেচ পরিকল্পনাই যথেষ্ট নয়। একটু আগে আবদুল বারি বিশ্বাস মহাশয় বলছিলেন মুর্শিদাবাদ জেলায় বন্যা হল এই বীরভূম জেলার পরিকল্পনার জন্য। রাজিনগর থানা ড্রট এ্যাফেকটেড—সেই রাজিনগর, দুবরাজপুর এলাকায় সিদ্ধেশ্বরী রিজার্ভার করা যায় এবং সেখানে একটি রিভার প্রোজেক্ট হতে পারে বিহার সরকারের সঙ্গে এবং বীরভূম জেলার কিছু অংশে যদি সেই রিজারভার প্রোজেক্ট করা যায় তাহলে মুর্শিদাবাদ জেলার ফ্লাড বন্ধ করা যেতে পারে এবং ড্রট থেকেও অনেক লোক উপকৃত হতে পারে, ড্রট এ্যাফেক্টেডও বন্ধ হতে পারে। তাছাড়া বাঁশলোই মুরারই থানায় কোনরকম সেচ প্রকল্প নেই। এর জন্য এখানে একটি সেচ প্রকল্প হাতে নেওয়া একান্ত প্রয়োজন। তাছাড়া বীরভূম জেলায় অজয় নদের কথা সকলেই জানেন। অজয় নদীর রিজারভার প্রোজেক্টের কথা অনেক দিন থেকেই শুনে আসছেন যে ওখানে একটি রিজারভার প্রোজেক্ট হবে। এই রিজার্ভার প্রোজেক্ট যদি হয় তাহলে বীরভূম জেলার যে সমস্ত অঞ্চল ময়ূরাক্ষী ও হিংলো সেচ প্রকল্পের এলাকার বাহিরে আছে সেগুলির পরম উপকার হবে। এদিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অজয়ের রিভার ব্রীজের প্রয়োজনীয়তা খুব বেশী। বীরভূম, বর্ধমান, এর মধ্যে পাণ্ডবেশ্বর ভীমগোড়ার মধ্যে একটা ব্রীজ করে রাস্তা করে দিলে বর্ধমান জেলার দুর্গাপুর, আসানসোল রানীগঞ্জ প্রভৃতি এলাকার সঙ্গে যোগাযোগ রক্ষা করা খুব সুবিধা হবে এবং ওখানকার মানুষদেরও যোগাযোগ রক্ষা করার একটা ভাল বন্দোবস্ত হবে। কাজেই এই দিকে এই reservoir project-এর একান্ত প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বীরভূম জেলায় প্রচুর বাঁধ আছে, এবং সেখানে যথেষ্ট জল থাকে। সেগুলি আমরা গ্রামবাংলার মানুষরা লক্ষ্য করে দেখেছি, সেই জল তুলে চাষ করা হয়। কিন্তু এগুলিতে যদি sluice gate করা হয়, minor irrigation scheme-এর মাধ্যমে জল যদি দেওয়া যায় তাহলে অবিলম্বে সুফল পাওয়া যেতে পারে। তাছাড়া lift irrigation scheme এই জেলায় হতে পারে। আগে দেখা গিয়েছিল lift irrigation হবে না। কিন্তু এখন লক্ষ্য করা গেছে lift irrigation scheme হওয়া সম্ভব বীরভূম জেলায়। আমি অন্ততঃ বলবো, ২০টি lift irrigation scheme চালু করা হোক বীরভূম জেলায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলতে চাই যে, লাঙ্গল একটা বলে বিল আছে সেই বিলে দেড় লক্ষের মত জমি রয়েছে, সেটা যদি উদ্ধার করতে পারি, যদি সেখানে drainage করা যায় তবে এই drainage-এর সাহায্যে প্রচুর জল দিতে পারা যাবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য দামোদর Valley Project-এর উপর রাখবো। এই বক্তব্য রাখতে গেলে কিছুদিন আগের দিকে যাওয়া দরকার। এই দামোদর Valley Project আমাদের দেশের নদী ও উপনদীর যে প্রকৃতি সেই প্রকৃতি লঙ্ঘন করে করা হয়েছে। আমাদের দেশে বিশেষতঃ দামোদর, অজয় এই যে নদীগুলি রয়েছে—এই নদী-গুলির পাশাপাশি দুই দিকে ছোট ছোট শাখা উপশাখা নদী ছিল, ছোট ছোট নালা ছিল, সেই নালা দিয়ে বর্ষাকালে বান হলে জমিতে গিয়ে জল পড়তো। সমস্ত নদীর পলি গিয়ে জমিতে পড়তো এবং জমি উর্বর হয়ে উঠতো আর তার ফলে দেখা গেছে ১ বিঘা জমিতে ১২ থেকে ১৮ মন ধান হয়েছে।

সেজন্য যারা এই নদী নালা সম্পর্কে বিশেষজ্ঞ ছিলেন বিশেষ করে British Expert, Sir William Wilcox এ সম্বন্ধে বহু প্রবন্ধ লিখে ছিলেন। বাংলা দেশের এই নদী নালা একে যদি নিয়ন্ত্রিত করতে হয় তা হলে কোন artificial scheme বা কৃত্রিম প্রকল্পের মাধ্যমে এটা করা যাবে না। এর যে পুরানো ইতিহাস রয়েছে সেই পুরানো ইতিহাস ধরেই করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মানুষের শরীরে রক্ত চলাচলের জন্য artery থাকে। সেই artery গুলি যদি বিকল করে দেওয়া যায় তাহলে মানুষের চলার ক্ষমতা থাকে না। তেমনি এই দামোদর উপত্যকা পরিকল্পনা হয়েছিল এই সমস্ত পুরানো নদীগুলিকে বিকল করে দিয়ে নুতন ভাবে আরো নদী কাটা হয়েছে। এটাকে বলা হয় American Tennessee Valley পরিকল্পনা। এটা আমাদের ঘাড়ে চাপান হয়েছে। সেই Tennessee Valley পরিকল্পনা যদি আমরা করি তাহলে কি তার পরিপ্রেক্ষিতে হয়েছিলো। সেখানকার নদী থেকে যেখান থেকে জল আসে তার উচ্চতা কত ছিল, আমাদের দামোদর Valley-র যে পরিকল্পনা হয়েছে এর নীচের তলা থেকে উপর তলা পর্যন্ত তফাত কতটা রয়েছে? সেখানে দেখা যাবে ৫ হাজার ৫০০ শত ফিট এবং নীচে ১০০ ফিট। আমাদের এখানে ১ শত থেকে ১৫০ ফিট মাত্র উচ্চতা। কাজেই এর প্রবাহ শক্তি কম। সেইজন্য আমরা যে কোন পরিকল্পনা করিতে যাই না কেন এই বাস্তবকে উপেক্ষা করে পরিকল্পনা করা হলে তার অবস্থা এই রকম দাঁড়ায়। সেজন্য আজকে বাজেট রাখবার সময় সেচ মন্ত্রী মহাশয় একটা ধাঁধার মধ্যে, একটা critical situation-এর মধ্যে পড়েছে। আজ নদীনালার পরিকল্পনা দেখেছি, সেটা প্রকাশ পেয়েছে তার বক্তৃতার মধ্যে। আমরা একদিকে বলছি তিন বছরের মধ্যে পশ্চিম বাংলায় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবো। সেটা যদি আমাদের target হয় তাহলে আমাদের সেচ পরিকল্পনা যত দ্রুত গতিতে হওয়া উচিত সেটা তিনি রাখতে পারছেন না। তার সামনে ধাঁধা রয়েছে। ৩ বছরের মধ্যে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করতে হলে আমাদের যে দ্রুত গতিতে সেচ পরিকল্পনা নেওয়া উচিত সেটা পারছেন না এটা তার বক্তৃতার মধ্যে প্রকাশ পেয়েছে বলে আমি মনে করি। এখন যা আছে এর ভিতর থেকে কি পাওয়া যায় তিনি একটু হতাশা প্রকাশ করেছেন যে আমাদের যে dam-গুলি থেকে জল পাওয়া যায় সেই dam গুলির যে ধারণ ক্ষমতা রয়েছে সেই ধারণ ক্ষমতা বাড়ান যাচ্ছে না। Panchet dam-এ যে ধারণ ক্ষমতা আছে, মাইথন dam-এ ধারণ ক্ষমতা আছে, সেটাতে আমাদের লক্ষ্য ছিল ৫ হাজার ৫ শত ফিট। এই রকম ভাবে যেটা ছিল সেটায় ৫০০ শতের জায়গায় ৪৯৫ feet জল ধরতে পারে।

[7-20—7-30 p.m.]

কিন্তু আমরা করছি ৪১০। কাজেই তিনি এই বক্তব্য রাখবার আগে calling attention এর উত্তরে তিনি বলে গেছেন যে এই বছর জল দেবার দেরির কারণ হচ্ছে যে আমরা রবি ফসলের জন্য প্রচুর জল দিয়েছি, আমি নিশ্চয়ই স্বীকার করছি যে ২ লক্ষ একর জমিতে জল দেওয়া হয়েছে। ৫ হাজার একর হুগলীতে, বর্ধমানে ১॥ লক্ষ একর জমিতে, তিনি করেছেন। কিন্তু তার ফল কি হয়েছে, এই যে গ্রামের ক্ষেতমজুর যারা কোন দিন কাজ পেত না তারা এই সমস্ত অঞ্চলে ৪৫ দিন ধরে কাজ পেয়েছে, সেটা আমাদের Plan Employment Oriented হয়েছে, সেটাকে সাহায্য করেছে এবং দেখিয়ে দিয়েছে বলতে পারেন,—আমি বলি নিরুৎসাহ হবার কোন কারন নেই। এই যে জল, এই জল October মাসে কতখানি ধরে রাখবো তার উপর নির্ভর করবে আগামী দিনে সেচ এলাকা, আমি বাড়াবো, এদিক থেকে October

মাসে—আমি বলছি আমাদের expert যারা বসে আছেন তিনজন কি চার জন Chief Engineer আছেন—এই প্রশ্নের জবাব দিবেন। এই October মাসে D.V.C. authority-র সঙ্গে বিহারের authurity-র সঙ্গে বসে দেখতে হবে, আমরা যদি পাঁচ ফুট করে জল আরও রাখতে পারি তাহলে আরও ১॥ লক্ষ একর জমিতে বেশী জল দিতে পারবো। এবং October মাসে joint conference করে এই ধরণের যদি আমরা প্রকল্প করি, আরও পাঁচ ফুট করে দুটো dam-এ জল বাড়িয়ে রাখতে পারি তাহলে নিশ্চয়ই আগামী বছরে আরও বেশী করে জল দিতে পারবো, এটা বলতে পারছেন না, তার কারণ আছে। আমাদের সঙ্গে বিহার রাজ্য যে প্রশ্ন তুলেছে যে কোনার এবং মাইথন আমাদের দিয়ে দাও তা যদি দেওয়া যায় তাহলে এই যে বিরাট উপত্যকা পরিকল্পনা হয়েছে—একটা মানুষ মরে গেলে তার যে কংকাল মাত্র থেকে যায়, সেই রকম সমস্ত কিছু ব্যর্থ হয়ে যাবে। সেদিকে আমাদের মুখ্যমন্ত্রী প্রতিবাদ করেছেন যে এটা হতে পারে না। সে দিক থেকে একটা প্রতিবন্ধকতা আছে, বিহারের প্রতিবন্ধকতা তারা এটা করতে চাইবে না। সেইজন্য আমাদের এটা সম্বন্ধে দৃঢ়তার সঙ্গে দাঁড়াতে হবে, কেন্দ্রের এই রকম ধরণের একটা বিরোধিতা আছে। এই বিরোধীতা যতদিন থাকবে, পশ্চিম বাংলার উন্নয়নমূলক পরিকল্পনাগুলি বারেবারে ততদিন ব্যর্থ হয়ে যাবে। আমি জানি প্রত্যেকটি প্রশ্ন যা আজকে হচ্ছে—এই যে North Bengal Project, তার যে Chairman নিযুক্ত করা হয়েছে, সেই সমস্ত Chairman একজন retired man-কে দেওয়া হয়েছে। আমাদের তিন চার জন যে Young Chief Engineer আছেন তাদের কেন দিলেন না। এদের উৎসাহ উদ্দীপনা আছে, এরা মানুষের সঙ্গে জড়িত। এদের যদি দিতেন তাহলে তারা তাড়াতাড়ি এই সমস্ত প্রকল্প রূপায়িত করতে পারতো। Retired man-কে দিলে তাদের উৎসাহ থাকে না। K. L. Roy এর Delhi Officials চিঠি লিখবে, যদি কাজের তাগিদ দাও তাহলে তোমাকে সরিয়ে দেবে, এই সব প্রতিবন্ধকতা আছে। এইগুলি অন্যান্য সদস্যরা বলে গেছেন যে এই নিয়ে আমাদের দৃঢ়তার সঙ্গে লড়তে হবে। কাজেই সেচ এলাকাকে বাড়াতে হবে, কিন্তু সেই ধারণ ক্ষমতা কতখানি বাড়ানো সেটা দেখতে হবে এবং আপনার যে মন লক্ষ, ছিল D. V. C. পরিকল্পনায়। সেই পরিকল্পনাকে কার্যকরী করতে গেলে জমি আরও acquire করতে হবে। এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিতে হবে। কেন্দ্রীয় সরকারকে বাধ্য করতে হবে বিহারের সরকার যাতে জমি দেয় এবং সম্প্রসারণ ক্ষেত্রকে যাতে আরও বাড়াতে পারি। দ্বিতীয় কথা হচ্ছে, যে জলটুকু পাওয়া যায় সেই জলটুকুও আমরা সমান ভাবে ব্যবহার করতে পারি না। কারণ প্রত্যেক দেশে Field Channel আছে, এবং এই Field Channel পাবার পরিকল্পনা যদি আগামী দিনে না নিতে পারেন তাহলে জল যথাযথ ব্যবহৃত হবে না। তারপর দেখা যাচ্ছে দুর্গাপুরের শিল্প এটায় আমরা কি করতে পারি। এই শিল্প যদি বাড়তে থাকে তাহলে সেচের জল আমরা দিতে পারবো না। দুর্গাপুর Project-এর capacity কমে যাবে। সেখানে কিছুদিন আগে যখন যুক্তফ্রন্ট সরকার ছিল তখন আমাদের তৎকালীন মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয় বলেছিলেন যে এটা flushing করে বালিগুলো তুলে দাও। এটা একটা পদ্ধতি। আর একটা পদ্ধতি আছে, সেই পদ্ধতিটা আমরা বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ করেছি, ঐ যে বালি আছে, কলকাতায় আমাদের দ্বিতীয় সেতু হচ্ছে, তাতে বালির দরকার, অনেক ঘরবাড়ী তৈরী হবে, বালিগুলো আসছে কোথা থেকে হুগলী জেলার সমস্ত জমি থেকে বালি তোলা হচ্ছে, জমি গভীর করে বালি তোলা হচ্ছে।

এই নাব্য খাল বালি তৈরী করে, এবং এটাতে ৮৫ মাইল জমি নষ্ট হচ্ছে, এই জমিগুলো ব্যবহার করা যাচ্ছে না। আরও নতুন করে যাতে জমি না দেওয়া হয় সেটা দেখতে হবে।

এখানে আমরা এক্সপার্ট দিয়ে হিসাব করে দেখেছি, আপনারাও ওয়ার্ক আউট করবেন, ঐ বালিটা তুলে নিয়ে এসে নাব্য খালের মাধ্যমে—যেটা এত দিন পারলেন না, কয়লা তো আনতে পারলেন না, এখন চেষ্টা করুন ঐ বালি নিয়ে এসে আপনি কলকাতাকে ফিড করতে পারেন কি না, আমরা ওয়ার্ক আউট করেছি তাতে খরচ বেশী পড়বে না এবং তাতে ঐ বালিটা ব্যবহার হবে। এইভাবে যে সিলটেজ হচ্ছে সেই সিলটেজটাতে দেখা দরকার। আমাদের অরিজিনাল প্ল্যানে ডি. ভি. সি. আমাদের নন্ ইরিগেশন পারপাসে জল দেব এই রকম কোন কথা ছিল না। আর এখন ৬০০ কিউসেক আমরা ইনডাসট্রিয়াল পারপাসে দিচ্ছি অবশ্য এটা আমরা দিতে এখন বাধ্য, কিন্তু সেখানে তাদের কেন অল্প পয়সায় দেব ? এটা আমাদের ডেভোলপমেন্টের ব্যাপারে খরচ হবে। কৃষকদের স্বার্থে আরো ৬০০ কিউসেক জল পেলে কয়েক হাজার একর জমিতে জল দিতে পারতাম, তখন কেন ওয়াটার রেটটা বাড়ান হবে না ? ১৫ টাকা কিউসেক বরে ওয়াটার রেট দেয় গরীব কৃষকরা, আর ইণ্ডাসট্রিয়ালিষ্টরা যেমন ইণ্ডোইলেকট্রিক্যাল, ইণ্ডিয়ান কার্বোন প্রভৃতি প্রাইভেট কনসার্ন আছে কেন তাদের কাছ থেকে ওয়াটার রেট বেশী নেওয়া হবে না ? আমাদের ডেভোলপমেণ্ট পারপাসে, এটা আমাদের দেখার দরকার আছে। তারপর আমাদের কোন পরিকল্পনা ডিসইন্টিগ্রেটেড ভাবে হয় না। আজকে এগ্রো-ইরিগেশন আছে, ইরিগেশন আছে, বহু চিফ ইঞ্জিনিয়ার আছে, বহু বহু দপ্তর আছে কিন্তু একটা সংখ্যা তথ্য কোথাও দেওয়া হয় না। সেই সংখ্যা তথ্য নিতে গেলে ইন্টিগ্রেটেড ব্যবস্থা হওয়া উচিত। আজ ইরিগেশন ব্যবস্থায় ছোট সেচ ব্যবস্থা থেকে আরম্ভ করে বড় বড় পরিকল্পনাকে একটা দপ্তরে আনা উচিত, চিফ ইঞ্জিনিয়ারের সংখ্যা বাড়ান উচিত, এখন যদি ৭ জন চিফ ইঞ্জিনিয়ার থাকে আগামী দিনে যেভাবে পরিকল্পনা নেওয়া হচ্ছে তাতে আরও বাড়াতে হবে। বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া নিয়ে আলাদা ডিভিশন করতে হবে, সার্কেল করতে হবে সেখানে একটা চিফ ইঞ্জিনিয়ার দিতে হবে। কারণ যে ৮ কোটি ১০ কোটি টাকার কাজ করতে হবে সেটাকে রিঅর্গানাইজ করতে হবে, যে অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ আছে তাকেও। যে সব পরিকল্পনা আগামী দিনে আছে সেগুলি করতে হবে। সে সব রিটায়ার্ড ইঞ্জিনিয়ারস ধরে হবে না। নর্থ বেঙ্গলে যিনি আছেন চেয়ারম্যান, শ্রী আর সি চক্রবর্তি মহাশয়, তিনি রিটায়ার্ড ম্যান, হতে পারেন তিনি এক্সপার্ট তবুও আমি বলব এই ধরণের কাজে ঐ ধরণের এক্সপার্ট না নিয়ে কোন একজন ইয়ং ইঞ্জিনিয়ারকে নিয়ে ওয়ান অফ ইয়োর চিফ্ ইঞ্জিনিয়ারস ক্যান রিপ্লেস হিম এ্যাণ্ড হি ক্যান ডু দি ওয়ার্ক উইথ গ্রেটার এনার্জী। তাই এদিকে আমাদের দেখা উচিত। অন্যান্য পরিকল্পনার ভিতর নিম্ন দামোদর। এই নিম্ন দামোদর বহুদিন পর্য্যন্ত উপেক্ষিত হচ্ছে। এই নিম্ন দামোদরের যে লোয়ার রেঞ্জ রয়েছে এই সমস্ত জায়গায় যে পরিকল্পনা নেওয়া হচ্ছে সেই পরিকল্পনা সাকসেসফুল হতে পাতে পারে যদি ভাগীরথি এবং হুগলী নদীর প্রবাহ শক্তি বাড়ান যায়। এটা হচ্ছে একটা মূল প্রশ্ন। আপনি কোন কিছুই করতে পারবেন না যদি এইটা না করতে পারেন। তেমনি আজকে ডি. ভি. সি.-র সমস্ত এ্যাডমিনিসট্রেশনকে চেঞ্জ করতে হবে। ডি ভি. সি.-তে যেমন চেয়ারম্যান আছেন হোল টাইমার তেমনি আমাদের যে রিপ্রেজেনটিটিভ থাকবেন—যিনি মেম্বার থাকবেন হি মাস্ট বি এ হোল টাইমার ইন দি ডি. ভি. সি.। তেমনি এই চেয়ারম্যান কেন বরাকর কেন্দ্র থেকে আসবে, কেন চেয়ারম্যান পশ্চিমবাংলার এক্সপার্টদের মধ্যে থেকে নেওয়া হবে না। এই দাবী আমাদের জোরের সঙ্গে তোলা উচিত। সময় খুবই কম তাই আমি আর ফারাক্কার দিকে যাচ্ছি না। ঐ ৪০ হাজার কিউসেক জল পাবেন কি না সেটাতে সন্দেহ আছে। সেই জন্য বিকল্প পথ ঐ ব্রহ্মপুত্র থেকে চূর্ণী, জলংগীর ভিতর দিয়ে এই ভাগীরথীর দিকে ঠেলে আনা যায় কিনা এটা নিয়ে বাংলাদেশের সংগে আলাপ আলোচনা করা দরকার। এই বলে এবং ৪ কোটি ৯২ লক্ষ টাকা যা আপনি এই নতুন বাজেটে বাড়িয়েছেন, কেন্দ্রের কাছ থেকে ধার নিয়ে এবং তার দ্বারা কতগুলি পরিকল্পনা করবার চেষ্টা করেছেন তাই আমি এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-30—7-40 p.m.]

**শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্রঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ডি, ভি, সি-র পাওয়ার সেকটার নিয়ে আলোচনা করতে চাই। আমি এই প্রসঙ্গে আপনার মাধ্যমে একটি বিষয়ে মাননীয় মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে আমাদের এখানে ফারাক্কা নিয়ে অনেক আলোচনা হয়েছে। কিন্তু ফারাক্কা নিয়ে বিরোধ বা পাওয়ার ক্রাইসিস পশ্চিমবাংলায় দেখা দিয়েছে সেটা যদি ডিপার্টমেণ্টের ঝগড়া হিসাবে দেখা হয় তাহলে আমরা জিনিষটা অনেক সরল করে দেখবো। সমগ্র পূর্বভারত বিশেষ করে পশ্চিমবাংলা গোটা ভারতবর্ষের ইকনমির একটা প্রধান ঘাঁটি। এই এলাকার ইকনমিকে ক্রিপল করে দেওয়ার জন্য ভারতবর্ষের দেশী বিদেশী একচেটিয়া পুঁজিপতিরা একটা গভীর ষড়যন্ত্র করছে, সরকারী আমলাদের উপর প্রভাব সৃষ্টি করে, গভর্ণমেণ্টের উপর প্রভাব সৃষ্টি করে দীর্ঘদিন ধরে করে আসছে। তারই পরিণতি হিসাবে ফারাক্কা, তারই পরিণতি হিসাবে ডি, ভি, সি সমগ্র পশ্চিমবঙ্গে পাওয়ার সঙ্কট দেখা দিয়েছে। আপনি জানেন এই ডি, ভি, সি তৈরী হয়েছিল পশ্চিমবাংলা, বিহার এবং কেন্দ্র তিনটি সরকারের যৌথ উদ্যোগে এবং বিহার এবং সেণ্ট্রাল উভয়ে মিলে যে টাকা ডি, ভি, সির জন্য খরচ করেছে তার বেশিরভাগ টাকা পশ্চিমবঙ্গ একা খরচ করেছে যেহেতু সেচের লায়াবিলিটী পশ্চিমবঙ্গের ছিল যদিও পাওয়ার সেকটারে সকলেরই একের তিনভাগ করে দায়িত্ব ছিল। কিন্তু তা সত্বেও টোট্যাল ডি, ভি, সি-র জন্য যে টাকা খরচ হয়েছে তাতে বিহার এবং কেন্দ্র উভয় মিলে দিয়েছে ১০৫ কোটি ৪৪ লক্ষ টাকা। আর একা পশ্চিমবঙ্গ ১০৯ কোটি ২৭ লক্ষ টাকা দিয়েছে। আজকে সেই ডি, ভি, সি-র এমন একটা অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে পশ্চিমবাংলায় যে বিদ্যুতের প্রয়োজন হবে সেই বিদ্যুতের চাহিদা মিট আপ করার জন্য পশ্চিমবঙ্গের ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবং অন্যান্য যে সব সংস্থা তারাও তেমনি করে পারেন না সবটা মিট আপ করতে। ডি, ভি, সি, যদি তার ফুল পোটেনসিয়ালিটি নিয়ে করে তবুও সে পারে না মিট-আপ করতে। ডি, ভি, সির ইতিহাস একটু আলোচনা করলে আমরা দেখবো প্রথম থেকে ডি, ভি, সি-র পাওয়ার সেকটারকে ক্রিপল করে দেবার জন্য ষড়যন্ত্র চলেছে। আপনি জানেন তার জন্মলগ্ন থেকে যেদিন থেকে ডি, ভি, সি-র ইনষ্টল হল সেদিন থেকে পশ্চিম জার্ম্মাণীর ৭৫ মেগাওয়াট-এর যে সমস্ত ইউনিট কাজ করতে সুরু করলো সেই সুরু থেকেই তার যন্ত্রে গোলযোগ দেখা দিয়েছে। আপনি শুনলে আশ্চর্য্য হবেন আজকে পশ্চিম জার্ম্মাণী থেকে কেনা সেই ৭৫ মেগাওয়াটের ইউনিটের প্রোডাকটিভিটি ক্ষমতা নেমে গিয়ে দাঁড়িয়েছে ৫৫ মেগাওয়াটে। শুধু তাই নয় ডি, ভি, সি নিয়ে আরও নানা ষড়যন্ত্র হয়েছে। ডি, ভি, সি-কে তার ভ্যালী এরিয়ার মধ্যে লিমিটেড রেখে দিয়ে ডি, ভি, সি-র যে পোটেনসিয়ালিটি ছিল, ডি, ভি, সি যে পাওয়ার প্রোডুইস হতে পারতো সেক্ষেত্রে ডি, ভি, সি-কে ক্রিপল করে দেওয়ার চেষ্টা হলো এবং আজকে পশ্চিমবঙ্গে যে অবস্থা আপনি জানেন ভ্যালী এরিয়ার বাইরে ডি, ভি, সি-র যে কমিটমেণ্ট আছে সেই কমিটমেণ্ট যদি রাখতে হয়, তাকে যদি ফুলফিল করতে হয় তাহলে ডি, ভি, সি, ভ্যালীর মধ্যে আজকে যে ইনক্রিস ডিমাণ্ড সেটা মিট করতে পারবে কিনা সেটা সম্পর্কে আগামী দিনে সন্দেহ দেখা দিয়েছে। ইতিমধ্যে কথা উঠেছে যে ডি, ভি, সি-র যে কমিটমেণ্ট আছে সেটা আর কনটিনিউ করবে না। ইতিমধ্যেই সে বিষয়ে কথাবার্ত্তা উঠছে। সমগ্র পশ্চিমবাংলায় যে পাওয়ার সঙ্কট এটা শুধু পশ্চিমবাংলার শিল্প ক্ষেত্রের সঙ্কট নয়, গোটা পূর্বভারতের শিল্প ক্ষেত্রের সঙ্কট হিসাবে দেখা দিয়েছে। নিশ্চিত স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বিদ্যুৎ উৎপাদন করবে এবং তাতে সন্দেহ নাই। কিন্তু বলতে পারেন কোন কাণ্ডজ্ঞান সম্পন্ন যুক্তিতে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড ডি, ভি, সি-র ভ্যালী এরিয়ার মধ্যে যে জেনারেটিং ইউনিটগুলো স্থাপন করলেন জেনে শুনে এটা ডি,ভি, সি-র ভ্যালী এরিয়ার মধ্যে করা হল

পাওয়ার জেনারেট করার ক্ষমতা ডি, ভি, সি-র ক্ষেত্রে অনেক চিপার হওয়া সত্ত্বেও এবং এটা ডি, ভি, সি-র হাত থেকে বের করে নেওয়ার নাম করে শেষকালে অনেক বেশী টাকা খরচ করে সেইখানে পাওয়ার পারচেজিং এর জন্য চেষ্টা করা হল? অথচ একথা কে না জানে ডি, ভি, সি-র মাধ্যমে যদি ভ্যালীর এরিয়ার মধ্যে পাওয়ার জেনারেট করার চেষ্টা করতাম তাহলে পশ্চিমবাংলার মূলধনের এক-তৃতীয়াংশ খরচ হতো। কিন্তু সেই ভ্যালী এরিয়ার মধ্যে পাওয়ার সৃষ্টি করার চেষ্টা করে সেখানে সেন্ট পারসেন্ট লায়াবিলিটি পশ্চিমবঙ্গ সরকারকে নিতে হলো। টাকা বেশী খরচ হলো, উৎপাদন বস্ট বেশি পড়লো এবং ডি,ভি,সি-র যে ফুল পোটেনসিয়ালিটি সেই পোটেনসিয়েলিটি কাজে লাগান গেলো না। আমি জিনিষটা বললাম এই কারণে ডি, ভি, সি-র বিরুদ্ধে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এবং আজকে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের বিরুদ্ধে ডি,ভি,সি-কে দাঁড় করিয়ে যে তিনটে গভর্ণমেন্ট যার বৃহত্তম অংশীদার ছিল পশ্চিমবাংলা সরকার এবং সেই পশ্চিমবাংলা সরকারের সিরিয়াস এ্যাফর্ট দরকার ছিল সেখানে থেকে পশ্চিমবঙ্গ সরকারকে সরিয়ে আনা হল। আজকে পশ্চিমবঙ্গ সরকার ডি, ভি, সি-কে দেখেন এ্যানিমেল হাজবেনড্রীর মতো একটা ছোট্ট সাধারণ ডিপার্টমেন্টের মতো। আজকে ডি, ভি, সি-র অবস্থা কি? একটা অটোনমাস বডি হিসাবে ডি, ভি, সি গড়ে উঠেছিল whole eastern region, electricity ডিমাণ্ডকে মিট-আপ করার জন্য। আজকে কাযতঃ ডি, ভি, সি, কি অবস্থায় আছে? একটা কমারসিয়াল ফার্ম্ম তার যা এ্যাডভান্টেজ থাকে, অথবা অটোনমাস বডি তার যা এ্যাডভান্টেজ থাকে, ইভিন একটা গভর্ণমেন্ট ডিপার্টমেন্ট তার যা এ্যাডভান্টেজ থাকে সেরকম কোন এ্যাডভান্টেজ ডি, ভি, সি-র নাই।

অথচ এই সমস্ত disadvantage-গুলি নিয়ে D.V.C. বসে আছে এবং D.V.C. আজকে Dr. K. L. Rao.-এর পকেটের মধ্যে আছে। আজ D.V.C.-র power sector নিয়ে বেশী আলোচনা করতে চাইনা। আমি শুধু একটা কথা বলতে চাই—পশ্চিমবাংলার কাছ থেকে কোটি কোটি টাকা খরচ করে যে D.V.C. হয়েছিল সেই D.V.C.-কে এখনও বাঁচান যায়। D.V.C autonomus body হিসাবে থাকবে কি থাকবে না, State Electricity Board-এর সঙ্গে তার কি relation হবে না হবে সে সব পরের কথা। কিছু কিছু জায়গায় কথা উঠেছে সবাই মিলে Eastern Region-এর জন্য একটা project হোক। কিন্তু তা হবে কি না হবে তার চেয়ে বড় কথা D.V.C. থেকে, State Electricity Board থেকে, সব কিছু থেকে আমরা পশ্চিম বাংলার জন্য power পেতে চাই। এই power-এর মাধ্যমে আমরা পশ্চিমবাংলায় industrialisation, rural electrification-এর কাজকে দ্রুততর করতে পারব। D.V.C -কে limited করে দেওয়া হল valley area-র মধ্যে। valley area-র বাহিরে তার যে commitment সেখানে D.V.C. Ltd.-এর যে চাহিদা বাড়ছে সেই চাহিদা meet up করা যাচ্ছে না। D.V.C. power supply করে valley area-র মধ্যে। Valley area-র বাহিরে পশ্চিমবাংলার কয়লা খনি, লোহা ও ইস্পাত খনি অঞ্চল—তার বেশীর ভাগ জায়গায় Private sector industry চালায়। এই সমস্ত industry dominated by monopoly capital. ভারতবর্ষের কোন বুর্জোয়া আজ যদি industrialisation করতে চায়, নূতন শিল্প, কলকারখানা খুলতে চায় এবং যদি আমাদের গ্রামীন বৈদ্যুতীকরণ করতে হয় তাহলে বিদ্যুতের যে চাহিদা তা কেউ দিতে পারবেনা। State Electricity Board দিতে পারবেনা। এখানে D.V.C.-র যে potentiality ছিল তাকে সুপরিকল্পিতভাবে হত্যা করা হল। সেখানেও আজ crisis দেখা দিয়েছে। তাই D.V.C.-কে বাঁচানোর জন্য অবিলম্বে আমাদের সমস্ত প্রচেষ্টা করতে হবে এবং এতদিন ধরে D.V.C. যে ভাবে neglected হয়েছে সেই negligence-টা immediately দূর করা দরকার এবং পশ্চিম-

বাংলার full functional control exert করা দরকার D.V.C.-র উপর। তারপর D.V.C. নিয়ে তিন সরকারের বিরুদ্ধে যে বিরোধ চলছে—পশ্চিমবঙ্গ, বিহার ও কেন্দ্রীয় সরকারের মধ্যে—তাতে কার্যতঃ D V.C.-কে disintegrate করে দেবার একটা plan চলছে। এটা immediately বন্ধ করা দরকার। ১৯৪৮ সালের D.V.C Act অনুযায়ী এই ৩টা Government D V.C. থেকে কি পাবে না পাবে তার কোন policy formulate হয়নি। ২৪ বছর হয়ে গেল immediately এ সম্পর্কে একটা concrete measure নেওয়ার দরকার এবং D.V.C. ও State Electricity Board-এর সঙ্গে পরস্পর বিরোধী যে দুটো সংগঠন হয়ে এদের মধ্যে যে unhealthy rivalry চলছে সেটা immediately দূর করা দরকার। তাছাড়া D.V.C-র নিজের administration সম্বন্ধে খুব বেশী না বলে বলব যে এ সম্পর্কে একটা thorough enquiry করা দরকার। এই thorough enquiry-তে যারা এই D.V.C -র সর্বনাশের মূলে আছেন সেই সমস্ত officer-দের যেন বদান না হয়। আমি বলছি এই কারণে যে এই সমস্ত officer যারা পশ্চিমবাংলার বিদ্যুৎ সঙ্কটের মূলে দীর্ঘদিন ধরে ষড়যন্ত্র করে আছেন তাঁরা নানা রকম policy formulate করে Government-কে ঋণ করার জন্য persuade করেছেন এবং এখন বড় বড় post-এ বসে আছেন তাঁদের একেবারে বাদ দিয়ে একটা Enquiry Commission করা হোক এবং সেই সমস্ত দোষী অফিসারদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক। তাছাড়া D V.C-র এখন যে productive potentiality আছে সেই potentiality-কে কার্যকরী করার সঙ্গে সঙ্গে D V.C.-র power generation এর ক্ষমতা আরও বাড়ানোর জন্য অবিলম্বে ৫টা measure নেবার জন্য আমি অনুরোধ করছি। সেই ৫টি হচ্ছে —

(1) Installation of the 6th 120 Mega Watt Unit at C.T P.S.

(2) Installation of 200 Mega Watt Unit at Durgapur (Waria).

(3) New Thermal Power Station with adequate capacity for Bokharo and Chandrapura region.

(4) Installation of Second Hydro Electric of 40 Mega Watt at Panchet Hill

(5) Installation of Pump Storage Hydro Electric Station at Kona.

[ 6-30—7-00 p.m ]

বিদ্যুৎ সঙ্কট থেকে এখনও পশ্চিমবঙ্গকে রক্ষা করা যায়, শুধু রক্ষা করা যায় তাই নয়, এখন পর্যন্ত যে অবস্থা আছে সেক্ষেত্রে সঠিক হস্তক্ষেপ করতে পারলে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে যে বিদ্যুতের প্রয়োজন হবে এবং পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার গোড়াতে যে বিদ্যুতের প্রয়োজন হবে তা মিট আপ করা যাবে। আমি আশা করব দীর্ঘদিনের অবহেলা থেকে ডি. ভি. সি-কে রক্ষা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এর পর আমার জেলার ইরিগেশান সম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি গোচরে আনতে চাই। মেদিনীপুর জেলা দীর্ঘদিন ধরে সেচ এবং নিকাশী ক্ষেত্রে অবহেলিত হয়ে এসেছে। অথচ মেদিনীপুরে যে কয়েক লক্ষ একর কৃষি জমি রয়েছে সেই জমিতে পূর্ণ চাষের ব্যবস্থা

করতে পারলে হয়ত মেদিনীপুর জেলার জনসাধারণ পশ্চিমবঙ্গের বিরাট এলাকার জনসাধারণে সারা বছরের খাদ্য সরবরাহ করতে পারত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৬ ১৯৬৮, ১৯৬৯, ১৯৭০, ১৯৭১ সাল—এই ৫ বছর মেদিনীপুর জেলা বন্যায় এবং খরায় ভুগে মেদিনীপুর জেলার লোক সর্বস্বান্ত হয়ে গেছে। তাই মেদিনীপুর জেলার বিরাট এলাকার বন্যা, সে নিকাশী ব্যবস্থা গ্রহণ করা একান্ত দরকার। সেজন্য রূপনারায়ন, কাঁসাই, হল্দী, রসুলপুর ম মজে গেছে, অবিলম্বে তার সংস্কার দরকার। কণ্টাই বেসিন, ময়না বেসিন এর সংস্কার করে এবং নিকাশী ব্যবস্থা করা দরকার। কাঁথি, তমলুক, ঘাটাল মহকুমার একটা মাস্টার প্ল্যান করে এবং নিকাশীর ব্যবস্থা করা দরকার। কাঁথি, তমলুক মহকুমার একটা বিরাট এলাকায় যেখানে ন থেকে জল পাওয়ার সুযোগ নেই সেখানে ডিপ টিউবওয়েলের সাহায্যে সেচের ব্যবস্থা করা দরক এবং সুবর্ণরেখা নদী থেকে মেদিনীপুর জেলার একটা বিরাট অংশে জল সেচের ব্যবস্থা করা দরকার এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে খাতে যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। তবে আ একথা বলব যে কাঁসাই পরিকল্পনার ব্যাপারে তিনি এই বছরের বাজেটে ২ কোটির কিছু বেশ টাকা বরাদ্দ করেছেন, সেই বরাদ্দ আরো বাড়ান দরকার। কারণ মন্ত্রী মহাশয় বলেছেন কাঁসাই পরিকল্পনা ১৯৭৫ সালের মধ্যে শেষ করে ফেলবেন, যদিও কিছুদিন আগে প্রশ্নোত্তরের সম মন্ত্রী মহাশয় বলেছিলেন যে ১৯৭৮ সালে এই পরিকল্পনা শেষ হবে। অত্যন্ত আনন্দের কথা যে ১৯৭৫ সালে এই পরিকল্পনাকে শেষ করতে চাইছেন, কিন্তু আমার মনে বিরাট সন্দেহ জেগেছে যে যদি প্রত্যেক বছর ২ কোটি ২।। কোটি টাকা এই পরিকল্পনার জন্য খরচ হয় তাহলে এমনিতে ১৯৭৫ সালে এই পরিকল্পনা শেষ হবে না, এই পরিকল্পনা শেষ করতে আমার মনে হয় ১৯৮০ সালের উপর হয়ে যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কাঁসাই পরিকল্পনা রূপায়িত করতে হলে অন্ততঃ বছরে ৬ কোটি থেকে ৭ কোটি টাকা ব্যয় করতে হবে। এই কাঁসাই পরিকল্পনা নিয়ে আমাদের ঐ সমস্যাসংকুল এলাকা দিন গুনছে। এই পরিকল্পনা আমাদের ঝাড়গ্রাম মহকুমার মধ্য দিয়ে আসার কথা। আজ ১৬ বছর ধরে এই পরিকল্পনার কথা আমরা শুনে আসছি এবং এই পরিকল্পনা আমাদের মহকুমাতে হবে বলে সমস্ত ছোট ছোট পরিকল্পনাগুলি বন্ধ হয়ে আছে। আমাদের ওখান দিয়ে দেব নদী, ডুলডুলি, সুবর্ণরেখা নদী কাঁসাই এর সঙ্গে সঙ্গে বয়ে গেছে। সুবর্ণরেখার পরিকল্পনা এবং অন্যান্য নদীগুলির পরিকল্পনা বন্ধ করে রাখা হয়েছে শুধু কাঁসাই পরিকল্পনা আমাদের দেশে আসছে বলে। আমাদের এই ঝাড়গ্রাম সাব-ডিভিসান, পুরুলিয়া বাঁকুড়া সব সময় ড্রট বা খরা এরিয়া। সেখানকার মানুষ ২৫ বছর ধরে সেচের কোন সুবিধা পেল না। এতবড় মহকুমাতে আমরা দেখেছি মাত্র ৪টি ডিপ টিউবওয়েল রয়েছে।

এই মহকুমা পুরুলিয়া, নদীয়া এবং মুর্শিদাবাদের সমান। অথচ এতবড় যে এলাকা তাকে আজ পর্যন্ত নেগলেক্ট করে রাখা হল। সুতরাং আমি বলছিলাম এই কাঁসাই পরিকল্পনা যাতে দ্রুত রূপায়িত হয় তার জন্য নজর দিতে হবে এবং একে রূপায়িত করতে গিয়ে ছোট ছোট কাজ যারা করছে সেই সমস্ত কনট্রাক্টরদের হাতে এটা দিতে হবে। বড় বড় কনট্রাক্টরদের ক্ষেত্রে দেখেছি তারা এক্সপ্লয়েট করে। কাজেই ছোট ছোট কনট্রাক্টরদের হাতে যদি এটা দেই তাহলে কাজগুলি ভালভাবে হবে এবং এতে বেকার সমস্যার সমাধান হবে। একথা বলে আমি এই বাজেটকে সমর্থন

করে আমার বক্তব্য শেষ করছি। অনেক কথা আমার বলবার ছিল, কিন্তু লাল আলো জ্বলেছে বলে আমি আসন গ্রহণ করছি।

**শ্রীআবুল বরকত আতাওয়াল গনি খান চৌধুরী:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অজয়কুমার মুখার্জী, বিশ্বনাথ মুখার্জী এবং শ্রীমতী গীতা মুখার্জী সকলেই ফারাক্কা ব্যারেজের কথা বলেছেন। আমার আজকে সবচেয়ে বেশী ইউসফুল মনে হয়েছে অজয় মুখার্জী এবং বিশ্বনাথ মুখার্জীর কথা, কারণ তাঁরা দুজনেই এক্স-ইরিগেশন মিনিষ্টার। ইরিগেশন মিনিষ্টার হিসাবে তাঁরা দু-একটা কথা যা বলেছেন সেটা অন্তত আমার পক্ষে খুবই ইউসফুল হয়েছে। কোলকাতা বন্দরকে বাঁচাবার জন্য আজকে আমার মনে হয় পশ্চিমবাংলায় সকলেই উদ্বিগ্ন—এর মধ্যে কোন ভুল নেই। বর্তমান মন্ত্রীসভাও আমার মনে হয় যে সমস্ত মেম্বাররা উদ্বিগ্ন হয়েছেন তার চেয়ে কম উদ্বিগ্ন নয়। ১৯৩৬ সালে ২৬ ফিট ড্রাফ্ট ভেসেল কোলকাতায় প্রায় ২০০ দিন আসতে পারত। কিন্তু আজকে বছরের মধ্যে অঙ্গুলি গুণে বলা যেতে পারে কয়দিন এরকম বড় ভেসেল কোলকাতা বন্দরে আসতে পারে। ১৯৩৮ সালে আমরা দেখেছি ড্রেজিং-এ খরচ হত ১০ লক্ষ টাকা। আজকে ১৯৬৮ সালে ড্রেজিং-এ খরচ করছি ৭ কোটি টাকা। আমরা বহু এক্সপার্ট এর আলোচনা করে একটা কথা বুঝতে পেরেছি যে কোলকাতা বন্দরকে বাঁচাতে হলে ড্রেজিং করে বাঁচান যাবে না। আমি মন্ত্রীদের সঙ্গে আলোচনা করে ফারাক্কা সম্বন্ধে নানা রকম কনট্রোভার্সির কথা উঠেছে বলে একটা হোয়াইট পেপার বার করার মনস্থ করেছিলাম, কারণ লোকে জানতে চায় যে ফারাক্কায় কি ব্যাপার। নানা রকম কনট্রোভার্সি ফারাক্কা সম্বন্ধে উঠেছে। বিভিন্ন এক্সপার্টের সঙ্গে আলোচনা করে এই হোয়াইট পেপার প্রস্তুত করা হয়েছে। আমাদের চিফ মিনিষ্টার এই হোয়াইট পেপার নিয়ে অনেকবার পশ্চিমবাংলায় আলোচনা করেছেন, কিন্তু সেই আলোচনা এখনও শেষ হয়নি। অনেকে মনে করেছেন যে আমরা হোয়াইট পেপার বার করব না বর্তমান ক্যাবিনেট কারুর হুমকিতে ভয় করে না। তাঁরা যদি মনে করেন হোয়াইট পেপার বার করতে হবে তাহলে সেই হোয়াইট পেপার বার হবে।

[7-50—8-03 p.m.]

কিন্তু আপনারা জানেন ফরাক্কা একটা ভাইটাল ইস্যু কলকাতাকে বাঁচাবার জন্য, সুতরাং এখানে সেন্টীমেন্টের কোন প্রশ্ন নাই। এখানে যেভাবে পারি কলকাতা পোর্টকে কতটা জল পেলে বাঁচান যায় বর্তমানে তাই চেষ্টা করছেন। আমি বর্তমান মন্ত্রীসভার কাছে ক্যাবিনেটে ফরাক্কা সম্বন্ধে আমাদের কি পলিসি হবে এটা ঠিক করবার জন্য প্রেস করেছি এবং ক্যাবিনেট ডিসিসান যা নেবেন সেটা হবে ফরাক্কা সম্বন্ধে আমাদের পলিসি। আমি জানি বর্তমান মন্ত্রীসভা কলকাতাকে বাঁচান সম্বন্ধে দৃঢ় সংকল্প। মাননীয় সভ্যদের আমি বলতে চাই যে বর্তমান মন্ত্রীসভা দুর্নীতি দমন করবার জন্য দৃঢ় প্রতিজ্ঞ, আমরা দুর্নীতি সহ্য করব না। যেভাবে আসুক না কেন আমরা দুর্নীতি দমন করব। এই হাউসে অনেক মাননীয় সদস্য কনট্রাক্টরদের সম্বন্ধে বলেছেন এবং আমার কাছেও কতকগুলি নালিশ এসেছিল—আমি বলতে পারি সেই সমস্ত নালিশ আমি এক্সপার্টদের ওপিনিয়ন নিয়ে সঙ্গে সঙ্গে সে সম্বন্ধে ব্যবস্থা করেছি। আমি দেখেছি প্রাকটিকাল ফিল্ডে মিনিস্টারের পক্ষে দুর্নীতির খবর আসা এবং সব সময় তার প্রতিকার করা সম্ভব হয় না বলে তাড়াতাড়ি যাতে দুর্নীতি আমরা দমন করতে পারি তারজন্য একটা কমিটি করেছি। এর মধ্যে কয়েকজন এম. এল. এ. আছেন, কয়েকজন ইঞ্জিনীয়ারও আছেন। আজকে যে সমস্ত মেম্বার দুর্নীতির কথা বললেন আমি তাঁদের অনুরোধ করব যে তারা যদি সত্য সত্যই দুর্নীতি দমন করতে চান তাহলে তাড়াতাড়ি এই

কমিটির কাছে লিখিতভাবে পেশ করুন, কারণ দুর্নীতি দমন করাই হচ্ছে আমাদের কাজ। ওখানে আমরা কোন কম্প্রোমাইজ করব না। মাননীয়া সদস্যা গীতা মুখার্জী মহাশয়া কতকগুলি তথ্য তুলেছেন, আমি তঁাকে বলব যে তিনি তেনুঘাটের কথা বলেছেন। আমি বাজেট স্পীচের সময় তেনুঘাটের কথা বলেছি, সুতরাং তার পুনরাবৃত্তি এখানে করতে চাই না। ওয়াটার লগিং-এর কথা তিনি বলেছেন। আপনারা সকলেই জানেন যে ওয়াটার লগিং দূর করতে হলে কত টাকার প্রয়োজন। আমি তাঁদের বলতে চাই যে এই টাকা কি আমাদের আছে? যদি এই টাকা আমাদের থাকত তাহলে নিশ্চয়ই ওয়াটার লগিং দূর করবার ব্যবস্থা করতাম। আমি জানি ওয়াটার লগিং যদি দূর করা যায় তাহলে কয়েকটি জেলায় কৃষি উন্নতি বেড়ে যাবে। তারপর আমি বলতে চাই যে আমরা রিয়্যালাইনমেন্ট চেঞ্জের একটা স্কীম করার কথা ভাবছি। আমাদের অনেক এক্সপার্টরা এই সম্বন্ধে সন্দেহ প্রকাশ করেছিলেন, সেজন্য আমি গভর্ণমেন্ট অব ইণ্ডিয়াকে এটা রেফার করেছি। তাদের ওপিনিয়ন এলে সেই মত কাজ করা হবে। তিনি ইলেকট্রিফিকেসানের কথা তুলেছেন— ১০ হাজার গ্রামের কথা তিনি বলেছেন। আমি তাঁকে পরিষ্কার করে বলতে চাই যে চার মাসের সরকার, আমাদের হাতে সব যন্ত্রপাতি নাই এবং আমরা অনেক লিগ্যাসি ইনহেরিট করেছি। যেমন ডি পি এল, এর কথা বলতে গেলে আমি বলবো আমার বন্ধু জয়নাল সাহেব নানারকম চেষ্টা সত্বেও এমন কতকগুলি সমস্যার সম্মুখীন হচ্ছেন যে জয়নাল সাহেব কেন কোন মন্ত্রীই পশ্চিমবাংলায় তা সমাধান করতে পারতেন না। তার কারণ অনেক তথ্য আমাদের জানা নেই, যেসব তথ্য আমরা আস্তে আস্তে পারসিউ করছি তখন সেগুলি বের হচ্ছে। তারপর খুটিনাটি মেশিনের কথা, সে সমস্ত মেশিনের পার্ট এখানে পাওয়া যায় না, আমেরিকা থেকে আনাতে হয়। সেই সমস্ত মেশিনের পার্ট আনা মানে তিন চার মাসের আগে সে সমস্ত পাওয়া যায় না। তারপর আপনি নিশ্চয়ই জানেন যে ফরেন কারেন্সি একটা মস্ত বড় প্রব্লেম। আপনি বলেছেন যে ১০ হাজার ভিলেজ ইলেকট্রিফিকেশন হয়ত আমরা করতে পারবো না, আমি বলছি যে আমরা ১০ হাজার গ্রাম নিশ্চয়ই করবো। আপনি বলেছেন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই এর কথা। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কেন, আমি আপনাকে বলি আমরা কিভাবে কাজ করছি। আমি জানিনা, তারা স্যাবোটাজ করতে পারে, অসম্ভব কিছুই নয় কিন্তু আমরা যেভাবে কাজ করছি সেইভাবে কাজের মধ্যে স্যাবোটাজ করা মুশকিল। তবে অসম্ভব নয়, হতে পারে। কারণ ডি. পি. এল, ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড, ক্যালকাটা ইলিকট্রিক সাপ্লাই এবং ডি. ভি. সি. এদের পরস্পর এক্সপার্ট নিয়ে তারা বিভিন্ন ইউনিট যাচ্ছে, তারা গিয়ে আমাদের রিপোর্ট দিচ্ছে, এই রিপোর্টে বলা হচ্ছে তারা এত পাওয়ার দিতে পারে, এতদিন থেকে এতদিন দিতে পারে ইত্যাদি। যখন উনি বলছেন আমি নিশ্চয়ই এই ব্যাপারটা খোঁজ করবো এবং দেখবো। আমি কিছুক্ষণ আগে আমাদের মন্ত্রী জয়নাল সাহেবের সঙ্গে আলোচনা করছিলাম কিভাবে আরো বর্তমান সমস্যার সমাধান করা যেতে পারে এবং আমার মনে হয় তিনি এই বিষয় কালকে হয়ত একটা ষ্টেটমেন্ট দিলেও দিতে পারেন। ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড এর কমপোজিশন সম্বন্ধে তিনি বলেছেন, আমি তাকে বলতে পারি যে নিশ্চয়ই এই বিষয় আমরা চিন্তা করবো এবং নিশ্চয়ই কম্পোজিশন আমরা বদলাবো। মাননীয় গৌতম চক্রবর্তী মুর্শিদাবাদ, মালদার ইরোশনের কথা বলেছেন। এই ইরোশন সম্বন্ধে বাস্তবিকই আগেও কখনো চিন্তা করা হয়নি, আমরাও চিন্তা করিনি। বর্তমানে ফারাক্কা প্রজেক্টে ওরা চিন্তা করছেন, এই সম্বন্ধে আমরাও আলোচনা করছি। কতদূর কি করতে পারবো আমরা জানিনা। তিনি বারিদ এরিয়া ইরিগেশন স্কীমের কথা বলেছেন, আমি তাঁকে বলতে চাই তিস্তা প্রজেক্ট যদি আমরা করতে পারি, তিস্তা প্রজেক্টে আমরা অনেক দূর এগিয়ে গিয়েছি। এই নিয়ে সেন্ট্রাল মিনিষ্টারের সঙ্গে আমার কথাবার্তা চলছে। টাকা যদি আমরা পাই তাহলে নিশ্চয়ই আমরা এই কাজ করতে পারবো এবং এই কাজ করার জন্য আমরা প্রস্তুত আছি। মাননীয় আবদুল বারি বিশ্বাসও কোরাপশনের কথা বলেছেন। তিনি

ফ্রজারগঞ্জের একটা উদাহরণ দিয়েছেন। আমি তাঁকে বলি এটা খুব হাইলি টেকনিক্যাল ব্যাপার। তিনি আর একটা কোরাপশনের কথা বলেছেন, আমি জানতে পারলাম সেটা ভিজিলেন্সে গিয়েছে। ভিজিলেন্সের রিপোর্ট পেলে আমি তাঁকে কথা দিতে পারি নিশ্চয়ই আমরা এর ব্যবস্থা করবো। আর আর মেম্বারদের আমি ধন্যবাদ দিয়ে তাঁদের কাছে এই অনুরোধ করবো যেন তাঁরা আমার এই বাজেটটা সমর্থন করেন। এই বলে, আমার বক্তব্য আমি শেষ করছি।

**Mr. Speaker :** Now I put Demand for Grant No 33

The motion of Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury that a sum of Rs. 31,21,18,000 be granted for expenditure under Grant No. 33, Major Heads : "42—Multipurpose River Schemes", "43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)", "44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", "98—Capital Outlay on Multipurpose River Schemes", "9—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial)", and "100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial)", was then put and agreed to.

**Mr. Speaker :** Now I put Demand for Grant No. 50.

The motion of Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury that a sum of Rs. 4,95,37,000 be granted for expenditure under Grant No. 50, Major Head : "98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Projects", was then put and agreed to.

**Adjournment.**

The House was then adjourned at 8-03 p.m. till 1 p.m. on Tuesday the 25th July 1972, at the Assembly House, Calcutta

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 25th July, 1972, at 1 p. m.

**Present** :

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 13 ers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 179 Members.

### Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m ]

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath)

### Starred Questions

(to which oral answers were given)

**Scheduled Castes and Scheduled Tribes candidates in Government services.**

*260. (Admitted question No. *1) **Shri Gangadhar Pramanik :** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) the numbers of new appointments made and promotions given since the installation of the present Ministry :

(b) the respective numbers of Scheduled Castes and Scheduled Tribes members in each of such cases , and

(c) if the percentage is maintained in those cases as laid down in Government of India, Ministry of Home Affairs, Memorandum No. 10/9/69-EST-(Sct), dated the 8th July, 1967 ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় এর জন্য আরো কিছু সময় চেয়ে আপনার কাছে চিঠি দিয়েছি। তাছাড়া আমার নিজের মনেও হচ্ছে, যে তথ্য মাননীয় সদস্যরা এখানে চেয়েছেন, রিজার্ভেসন সম্বন্ধে—up to date information আমার দপ্তরে, সেই up to date infor-

mation নাই। সেই জন্য এই প্রশ্নের উত্তর দিতে দেরী হচ্ছে। আপনি জানেন স্যার Legislative Committee on the Welfare of Scheduled Castes and Schedu Tribes. ...গঠন করা হয়েছে, আমি আশা করবো তার সাহায্যে যাতে up to date তথ্য বি দপ্তর রাখেন, তার ব্যবস্থা কমিটি করবেন।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনারেবল মিনিষ্টার এ সম্বন্ধে যে ব রাখলেন, আপনিও হাউসে সেটা accepted বলে রেখেছেন তারপর after it being accep by the Hon'ble Speaker of the House.

তারপর তিনি উল্লেখ করেছেন এর উত্তর দিতে অনেক সময় লাগবে, সম্ভব হচ্ছে না তাড়াত দেওয়া এবং যে কমিটি আমার মনে হয় এখনো ভূমিষ্ট হয়নি, declaration হয়েছে মাত্র, ভ্রূণ অব আছে, এখনো আত্মপ্রকাশ ঘটেনি—কবে ঘটবে তার ঠিক নাই। তারপর assessment হ কমিটির জন্ম তারিখ তিথি এখনো গবেষণালব্ধ ব্যাপার। আপনি যদি সে সম্বন্ধে একটু আলোক করেন, আমরা যাঁরা এই তথ্যাদি সম্পর্কে ঔৎসুক্য বোধ করছি, তাঁরা বিশেষ আনি হবেন।

**Mr. Speaker**: Honourable Members, a Committee on the Welfare Scheduled Castes and Scheduled Tribes has been constituted consisting of Members of this House. Shri Gangadhar Pramanick has been appointed t Chairman of the Committee. It has been circulated to the Members in the for of Bulletin, dated 24th July, 1972. However the Minister is not ready wi the reply because the Department concerned could not collect the necessa data that was asked for. The Minister has written to me a letter askir more time for this question as he could not collect the data from all th departments.

**শ্রীকুমারদিপ্তী সেনগুপ্তঃ** এখানে প্রশ্নের উত্তর দেওয়া কোন কমিটির কাজ নয়। প্র উত্তর দেবেন মিনিষ্টার।

**মিঃ স্পীকারঃ** This is beside the point. The Minister has already infor med that he could not collect the data from all the departments.

**শ্রীকুমারদিপ্তী সেনগুপ্তঃ** তিনি কি এ সম্বন্ধে আশ্বাস দিতে পারেন যে কিছুদিনে মধ্যে এই প্রশ্নের উত্তর পাওয়া যাবে? মাননীয় মিনিস্টার আমাদের সেরকম কোন ক বলেন নি।

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সদস্যদের জানিয়েছি এই প্রশ্নের মধ্যে যেসব তথ্য তাঁরা জানতে চেয়েছেন বিভিন্ন সরকারী দপ্তরে reservation রাখ হয়েছে কিনা, তার উত্তর পেতে দেরী হওয়ায় আমার নিজের ধারণা হয়েছে information পাই নি।

আমার নিজের ধারণা এই রিজারভেসন সম্বন্ধে অনেক দপ্তরেই খবর রাখা হয় না। সেজন্য সমস্ত কালেক্ট করে দিতে দেরী হচ্ছে। এ সম্বন্ধে আমি সদস্যদের আশ্বাস দিতে পারি যে নিশ্চয় এই

তথ্য আমি যতদূর সম্ভব সংগ্রহ করে সদস্যদের দেবার চেষ্টা করবো। এবং এই ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটতে পারে তার জন্য বর্তমান সরকার একটি হাই পাওয়ার কমিটি করেছেন যাতে এই সমস্ত রিক্যুইজিশনের ব্যাপারটি বিভিন্ন দপ্তরে বলা হয়।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** স্যার, এটা মোষ্ট ইম্পর্টেন্ট এ্যাসপেক্ট। আমি আবেদন করবো যাতে নির্ধারিত সময় মত মোস্ট ইমপর্টেন্ট ইনফরমেশনগুলি মাননীয় সদস্যদের কাছে সরবরাহ করা হয়।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা পয়েন্ট অব অর্ডার তুলতে চাই। সেটা হচ্ছে আজকে দেখছি যে কোয়েশ্চেন টেবিলে দেওয়া হয়নি। কিছুক্ষণ পরে দেখা গেল একটা সাইকলোস্টাইল করা কোশ্চেনস এসে পৌছাল। স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং এটাই আমার পয়েন্ট অব অর্ডার যে ছাপানো কোয়েশ্চেন কেন রাখা হয় নি সেটা আপনি একটু দেখুন।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় স্পীকার মহাশয়, এই গভর্ণমেন্ট প্রেস সম্পর্কে আমাদের দীর্ঘ দিনের অভিজ্ঞতা আছে এ সম্পর্কে আমি আপনার বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি এই জন্য যে বিভিন্ন সরকারী কর্মচারী যারা ঐ প্রেসে কাজ করেন তারা বেলা সাড়ে তিনটা-চারটা থেকে কাজ সুরু করে। তারপর ছয়টার পর থেকে তারা ওভার টাইমে কাজ করেন এবং ৯টা পর্যন্ত তারা ওভার টাইমে কাজ করেন—কেউই সাড়ে দশটার সময় আসে না। যার ফলে আমরা এবং সমস্ত জাতি তাদের থেকে কোন কাজ পাচ্ছে না। এবং আমি জানি আমার কনষ্টিটিউয়েন্সির দুটি জিনিষ ফাইন্যাল পাবলিকেসনের জন্ম সেখানে দেওয়া হয়েছিল অনেকদিন আগে। সেইটা ফাইন্যাল পাবলিকেসন হয়ে এখনও বেরিয়ে আসছে না। এবং এই ধরনের কর্মচারীদের নিয়ে বিধানসভার সদস্যরা আজ কোথায় এসে দাড়িয়েছে—তারা ছাপানো প্রশ্নপত্র পাচ্ছে না। গভর্ণমেন্ট প্রেসের এই দুরবস্থার কথা চিন্তা করে তাদের প্রতি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন এই অনুরোধ জানাচ্ছি।

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, the Government also share the views expressed by the honourable Members. It is really very unfortunate, and in fact, it is rather disgraceful for us that we do not have a Press of our own so far as the Assembly Secretariat is concerned. The matter is having the serious attention of the Government and we are exploring all possibilities of having a Press of our own. The matter is being examined by the Government and as soon as it is done all possibilities will be explored to do it as early as possible.

**শ্রীএ, এম, ও, গণি ঃ** অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাচ্ছি যে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তিনি চেষ্টা করবেন ; কিন্তু কথা হচ্ছে যে আপনি পুরানো মেম্বার এবং আমিও পুরানো মেম্বার—আপনার নিশ্চয় স্মরণ আছে—এই রকম ঘটনা কখনও হয়েছে কি? বার বার কোয়েশ্চেন হেল্ড ওভার হচ্ছে, মন্ত্রীরা প্রস্তুত নয়, আবার তাঁরা প্রস্তুত থাকেন তো টেবিলে তার উত্তর থাকে না। মন্ত্রী মহাশয় চেষ্টা করবেন বলছেন কেন—তিনি গ্যারান্টি করুন যে এই রকম হবে না।

**শ্রীজ্ঞানসিং সোহনপাল :** Dr. Ghani, today we are talking about press.

**শ্রীশরৎচন্দ্র দাস :** স্যার, যে কোয়েশ্চেন রয়েছে—তাতে মন্ত্রী মহাশয় বলেছে বিভিন্ন অসুবিধার জন্য উত্তর দেওয়া সম্ভব হচ্ছে না। স্যার, আপনি ওঁকে কাইণ্ডলি বলুন যে কি অসুবিধা হচ্ছে।

**Mr. Speaker :** Mr. Das, the point is otherwise. A question has b raised by the Member of the Opposition, Shri Pradyot Kumar Mahanti Members have not been supplied with printed copies of questions which wi taken up today The Minister-in-charge of Parliamentary Affairs has expre strong words that it is most disgraceful. It is really shameful that pri question could not be supplied to the Members because it is not only convention but it is really a most valuable right of the Members that should be supplied with printed questions so that they can study the quest beforehand and know as to what types of questions are being placed in House that day and can prepare themselves for putting supplementaries.

[1-10—1-20 p.m.]

My office informed me just 15 minutes earlier that the press had alr intimated my Secretariat that they were not going to print and supply printed questions today. So, I was rather perplexed completely as to what sho be done. Then I requested my office immediately to cyclostyle the questi because the Members must have to be supplied with the copies of the questi which would be taken up today. I rang up the Minister-in-charge of Industi Shri Tarun Kanti Ghosh, and told him that this was a sad state of affairs have been in this House as a Member for the last 15 or 16 years, but I h never seen that the members have been deprived from getting printed co of the questions. Shri Ghosh told me that he was looking into the matter was taking stern steps as to why the questions have not been printed supplied to my Secretariat in time. At any rate, for the time being, to o come the difficulties my office has cyclostyled the questions. The Minister given this much of assurance that in future he would look into the matter also draw the attention of the Minister-in-charge of Parliamentary Affairs also the other Members of the Treasury Bench that they should be more seri about things concerning Assembly Proceedings and privileges of the Memb If the printed matters cannot be supplied in time it is a serious matter an draw the attention of the Hon'ble Chief Minister also to look into the matter that in future on no occasion the members are deprived of the legitim privileges to which they are entitled to under the convention of this Hou So, I draw the attention of the Hon'ble Chief Minister who is the Leader of t

House, through the Cabinet Minister present here, to see that printed papers reach my Secretariat sufficiently before the House meets.

I now pass over to the next question.

### Jail Warders

*261. (Admitted question No. *67) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) the procedure of appointment of jail warders ;

(b) whether the procedure of police verification of character and antecedents of persons seeking employment in the Government services is followed in the case of appointments of jail warders ;

(c) if the Government has received any complaint of serious lacunae in the existing police verification and selection machinery in respect of them ; and

(d) whether the Government has any proposal to change the present system/procedure of appointing them ?

**Shri Gyan Singh Sohanpal** :

(a) Jail Warders are selected by a Committee consisting of I. G. of Prisons (President), a representative of the District Magistrate, the District Commandant of the N. V. F. and the Superintendent of the Central Jail concerned.

First preference is given to N. V. F. personnel and then to the Reservists and ex-members of the Indian Armed Forces.

(b) Yes.

(c) No.

(d) No.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, জেলে যে সমস্ত ঘটনা ঘটেছে এবং জেল ভেঙ্গে ক্রিমিনাল যারা আছে তারা যে পালিয়ে যাচ্ছে এর জন্য জেল ওয়ার্ডাররা দায়ী কিনা বা এ ব্যাপারে তাদের কোন হস্তক্ষেপ আছে কিনা ?

**শ্রীজ্ঞানসিং সোহনপাল ঃ** কোন কোন ক্ষেত্রে খবর পাওয়া গিয়েছে যে জেল ওয়ার্ডারদের কলিউসান আছে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** আই. জি., প্রিজন, বা ডি. এম-এর রিপ্রেজেনটেটিভ যাঁরা ওয়ার্ডারদের এ্যাপয়েন্টমেন্টের ব্যাবস্থা করেন তাঁদের ছাড়া অন্ত কোন কমিটি করে—যাতে মন্ত্রীমহাশয়

চেয়ারম্যান থাকতে পারেন বা কোন M.L.A. চেয়ারম্যান থাকতে পারেন বা মেম্বার থাকতে পারেন, সেই রকম একটা কমিটি করে এই জেল ওয়ার্ডারদের এ্যাপয়েন্টমেন্ট দেবার কথা সরকার চিন্তা করবেন কি ?

**শ্রীজ্ঞানসিং সোহনপাল ঃ** জেল কোডে এরকম কোন প্রভিসান নেই।

**Dr. A. M. O. Ghani :** Sir, the honourable Minister in his reply to 'C' has said 'No'. But may I ask whether he has received any press report that the jail staff are involved in the incident of jail breaking ?

**Shri Gyan Singh Sohanpal :** I have replied to question 'C' as 'No'. It relates to police verification: It does not relate to that incident.

**শ্রীসরোজ রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয় লক্ষ্য করেছেন যে জেল ওয়ার্ডারদের পক্ষ থেকে কিংবা অন্য দিক থেকে নানা প্রচার চলেছে এবং ঐ প্রচার সম্বন্ধে আমি খোঁজ নিয়ে দেখেছি যে এর একটা গুরুত্ব আছে। ওরা বলছে জেলের ভিতর থেকে বন্দীরা পালিয়ে যাচ্ছে, জেলের ভিতরে গোলমাল হচ্ছে, তার প্রধানতম কারণ হচ্ছে আজকাল এক একটি জেলে যত বন্দী আছে তার তুলনায় জেলের ওয়ার্ডার-এর সংখ্যা খুব কম। যেখানে ৪ জন ওয়ার্ডারের ডিউটি দেওয়া দরকার সেখানে ২/১ জন ওয়ার্ডার আছে, এইটিই হচ্ছে কারণ। এইটি সম্পর্কে আপনি কোন জবাব দিতে পারবেন যে আরো ওয়ার্ডার নেওয়া দরকার কিনা এবং বন্দীদের তুলনায় ওয়ার্ডারের সংখ্যা কমে যাওয়ায় জেলের ভিতর গোলমাল হচ্ছে, বন্দীরা পালিয়ে যাবার সুযোগ পাচ্ছে, এ সম্বন্ধে আপনি কি ব্যবস্থা গ্রহণ করবার কথা চিন্তা করছেন জানাবেন ?

**শ্রীজ্ঞানসিং সোহনপাল ঃ** এটা একজামিন করা হচ্ছে।

## প্রাথমিক বিদ্যালয় গৃহ উন্নয়ন ও মেরামত বাবত মেদিনীপুর জেলা স্কুল বোর্ডকে দেয় অর্থ

*২৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে মেদিনীপুর জেলা স্কুল বোর্ডকে প্রাথমিক বিদ্যালয় গৃহ উন্নয়ন ও মেরামত বাবত কত টাকা বরাদ্দ করা হইয়াছিল ; এবং

(খ) ঐ বরাদ্দ হইতে মেদিনীপুর জেলা স্কুল বোর্ড কোন্ সার্কেলে কত টাকা খরচ করিয়াছেন ?

**Shri Mrityunjoy Banerjee :**

(ক) মেদিনীপুর জেলা স্কুল বোর্ডকে ১৯৭১-৭২ সালে প্রাথমিক বিদ্যালয় গৃহ উন্নয়ন ও মেরামত বাবদ মোট ৫,৭০,০০০ (পাঁচ লক্ষ সত্তর হাজার) টাকা বরাদ্দ করা হইয়াছিল।

(খ) নিম্নলিখিত ব্লকের সার্কেলগুলিতে মোট ২৩০টি প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্রতিটি ১০০০ টাকা হিসাবে ২,৩০,০০০ টাকা (২৪/৬/৭২ তারিখ পর্য্যন্ত) ব্যয় করা হইয়াছে।

| ব্লকের নাম | | বিদ্যালয়ের সংখ্যা |
|---|---|---|
| ১। ডেবরা | ... | ১৩ |
| ২। নারায়ণগড় | ... | ১৬ |
| ৩। মোহনপুর | ... | ২ |
| ৪। দাঁতন | ... | ৫ |
| ৫। পিংলা | ... | ৯ |
| ৬। সবং | ... | ১ |
| ৭। কেশপুর | ... | ৯ |
| ৮। মেদিনীপুর | ... | ২ |
| ৯। খড়গপুর (২) | ... | ৬ |
| ১০। দাঁতন (২) | ... | ৩ |
| ১১। পাশকুড়া (১) | ... | ৮ |
| ১২। তমলুক (২) | ... | ৯ |
| ১৩। তমলুক (১) | ... | ২ |
| ১৪। মহিষাদল | ... | ৩ |
| ১৫। নন্দীগ্রাম (৩) | ... | ১৩ |
| ১৬। নন্দীগ্রাম (১) | ... | ২ |
| ১৭। নন্দীগ্রাম (২) | ... | ৭ |
| ১৮। ময়না | ... | ১ |
| ১৯। দাসপুর (১) | ... | ৪ |
| ২০। ঘাটাল | .. | ১৯ |
| ২১। দাসপুর (২) | ... | ৫ |
| ২২। চন্দ্রকোনা (১) | ... | ১ |
| ২৩। চন্দ্রকোনা (২) | ... | ৩ |

| ব্লকের নাম | | বিদ্যালয়ের সংখ্যা |
|---|---|---|
| ২৪। কাঁথি (১) | ... | ৮ |
| ২৫। এগরা (২) | ... | ৮ |
| ২৬। পটাশপুর | ... | ১০ |
| ২৭। এগরা (১) | ... | ৫ |
| ২৮। কাঁথি (২) | ... | ৯ |
| ২৯। কাঁথি (৩) | ... | ১৪ |
| ৩০। ভগবানপুর (২) | ... | ৪ |
| ৩১। রামনগর (২) | ... | ১৩ |
| ৩২। ভগবানপুর (১) | ... | ৮ |
| ৩৩। কেশিয়াড়ী | ... | ৬ |
| ৩৪। রামনগর (১) | ... | ২ |
| ৩৫। খেজুরী | ... | ৬ |
| | মোট— | ২৩০ |

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি :** যে বরাদ্দ দেওয়া হয়েছিল তার থেকে এই যে উদ্বৃত্ত টাকা থেকে গেল এবং এই বছর বৃষ্টির আগেই প্রাথমিক বিদ্যালয়গুলি সারানো হল না, এর কারণ কি সেটা মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি ঃ** টাকা তো ফেলে ছড়িয়ে দেওয়া যায় না, এটা অনুসন্ধান করে দেওয়া হচ্ছে, এর জন্যই দেরি হয়ে যাচ্ছে। নিশ্চয়ই দেওয়া হবে।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** উদ্বৃত্ত টাকা যখন আছে তখন সেই টাকাগুলি যদি এখন খরচ করা যায় তাহলে বৃষ্টির পূর্ব্বেই যে প্রাথমিক বিদ্যালয়গুলি কিছু কিছু ক্ষতিগ্রস্ত হয়েছিল সেগুলি সারানো সম্ভব। এটা দয়া করে বলবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** জল পড়লে সারানো সম্ভব হবে না। আগেই এটা এনকোয়ারি হওয়া উচিত ছিল।

**শ্রীসরোজ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় খবর রাখেন নি সেই জন্য একটি খবর দিচ্ছি। কয়েকদিন আগে আমাদের স্কুল বোর্ড-এর মিটিং হয়ে গেল। সেখানে খবর পাওয়া গিয়েছিল বহু দরখাস্ত এসেছিল রিপেয়ারিং-এর জন্য এবং সেগুলি তারা স্ক্রুটিনি করতে পারেন নি নাকি একটি কারণে

য় সেখানে টাকা দেওয়া হয়নি। আপনি যেটা বললেন ছড়িয়ে দেওয়া যায় না, সেটা ঠিক নয়। এখন য়য় আছে স্কুলগুলিকে শেষ ধ্বংসের মুখে না পাঠিয়ে দেওয়ার জন্য এবং গ্রামের স্কুলগুলিতে সাধারণতঃ একটু খড়, মাটি দেওয়া থাকে। কাজেই টাকা দিলে ইমিডিয়েটলি রিপেয়ার হয়ে যায় এবং সম্পূর্ণ ধ্বংসের হাত থেকে বাঁচে। সেই রকম কোন ব্যবস্থা আপনি করবেন কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** প্রয়োজন হলে করবো।

**শ্রীকুমারদিপ্তী সেনগুপ্তঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন টাকা ছড়িয়ে ছিটিয়ে দেওয়া যে না, এটা গৌরী সেনের টাকা নয়। কিন্তু একটি ডিষ্ট্রিক্টে টাকা গেল অথচ খরচ হল না—মন্ত্রী হাশয় কি এ সম্বন্ধে খোঁজ করে দেখেছেন যে সরকারী কর্মচারীরা তাদের দায়িত্ব তারা পালন রছেন না এবং তারা যে কাজ করবেন তা করছেন না বলেই টাকা খরচ হয়নি—এ সম্বন্ধে তিনি নি অনুসন্ধান করেছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** আপনি যদি কিছু কিছু কংক্রিট কেস দেন তাহলে নিশ্চয় মি অনুসন্ধান করে দেখবো।

-20—1-20 p.m.]

**শ্রীরজনীকান্ত দলুইঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে এতগুলি application সছ প্রাইমারী স্কুলে এক হাজার টাকা করে দেবার ব্যাপারে। তাতে তিনি বলেছেন যে টাকা নেই। ই রকম case আপনার কাছে দিলে আপনি কোন ব্যবস্থা করবেন কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ** নিশ্চয়ই অনুসন্ধান করবো।

## বাঁকুড়া জেলায় খয়রাতি সাহায্যঃ

*২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪২) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে খয়রাতি সাহায্যপ্রাপ্ত (জি, আর) ব্যক্তির সংখ্যা কত;

(খ) খয়রাতি সাহায্যের জন্য কি পরিমাণ গম সাহায্য করা হইয়াছে;

(গ) স্পেশাল জি, আর-এর জন্য প্রতি ব্লকে কত গম দেওয়া হইয়াছে; এবং

(ঘ) ঐ জেলায় জি, আর-এর সংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কি না এবং থাকিলে, তাহা কত ?

**Shri Santosh Kumar Roy :**

(ক) ১,০১,৭৬৪ জন।

(খ) চলতি আর্থিক বৎসরের ৩০শে জুন পর্য্যন্ত, খয়রাতি সাহায্য খাতে ১.৪৮৬ মেট্রিক গম সরবরাহ করা হইয় ছে।

(গ) Special G. R. বলিয়া কিছু নাই।

(ঘ) বর্ষা শুরু হওয়ায় খয়রাতি সাহায্যের পরিমাণ বৃদ্ধির কোন পরিকল্পনা আপাত সরকারের নাই।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, যে বর্তমানে বাঁকুড়ায় কত পরিম বৃষ্টি হয়েছে, কারণ আপনি বললেন বর্ষা শুরু হয়ে গেছে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** সেটা আমার দপ্তর রাখে না। তবে মোটামুটি বর্ষা হয়ে এটাই বলেছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে বাঁকুড়ায় বৃষ্টি হয়েছে এবং তার পরিপ্রেক্ষি ওখানে চাষবাস হচ্ছে এবং এই G. R. কমিয়ে দেওয়া হয়েছে। আমি বলছি সেখানে এমন কিছু বৃ হয়নি। যে বৃষ্টি হয়েছে সেটা চাষের তুলনায় খুব কম, শতকরা ৫ পারসেণ্ট বৃষ্টি হয়েছে। আর ২টি ব্লকে শতকরা ১৫ পারসেণ্ট বৃষ্টি হয়েছে এবং যার ফলে চাষবাস হচ্ছে না। এই পরিপ্রেক্ষি আপনি G. R. বাড়াবার কোন পরিকল্পনা করছেন কিনা ?

**মিঃ স্পীকার ঃ** The Hon'ble Minister does not agree with you statement.

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই বাঁকুড়া জেলার প্রত্যেকটি ব্ল S. R. বাবদ কত গম দেওয়া হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** আমরা যা দেই একটা হচ্ছে famine relief head-এ দেওয় হয়, আর একটা normal relief head-এ দেওয়া হয়। মাননীয় সদস্য যেটা বলছেন সেটা আমি বুঝতে পারছি না সে কোন Head-এ। District Authorities এটা বলতে পারবেন।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** সরকারী বিধান অনুযায়ী খয়রাতি সাহায্য একটা হচ্ছে gratuitou relief আর একটা হচ্ছে starvation relief। আমি starvation relief-এর কথা বলছি। এই starvation relief বাবদ বাঁকুড়া জেলার প্রতি ব্লকে কত গম সরবরাহ করা হয়েছে এটা জানাবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** এই প্রশ্নটি যদি আলাদা ভাবে করেন তাহলে ভাল হয়। আমরা মোটামুটি ভাবে এবারে যা কিছু দিয়েছি সেটা হচ্ছে, মানুষ ক্ষুধার্ত, starvation অবস্থায় আছে সেজন্য দিয়েছি।

**শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বাঁকুড়া জেলায় কিছু কিছু চাষ আরম্ভ হয়েছে। মন্ত্রী মহাশয় জানেন কি, কারণ আমি এই মাত্র telegram পেলাম বাঁকুড়া জেলায় কোন চাষ আবাদ হয়নি। আপনার দপ্তর থেকে G. R. 2 per cent. করা হয়েছে এবং T. R. বন্ধ করা হয়েছে। বাঁকুড়া জেলার মানুষকে বাঁচাবার জন্য কোন ব্যবস্থা করার চিন্তা করছেন কিনা ?

**মিঃ স্পীকার :** The question does not arise because the Minister does ot agree with your observation.

## কবি নজরুল ইসলাম

*২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** শিক্ষাবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কবি কাজী নজরুল ইসলামের অপ্রকাশিত রচনাবলী উদ্ধারের ও সরকারী উদ্যোগে কবির রচনাবলী প্রকাশের জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি না, এবং করিলে, তাহা কি ; এবং

(খ) নজরুল ইসলামের জন্মভূমি কবিতীর্থ চুরুলিয়ায় রবীন্দ্র ভারতীর ধাঁচে কোন বিশ্ব-বিদ্যালয় অথবা সংস্কৃতি সদন স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি না ?

**Shri Mritunjoy Banerjee :**

(ক) এ বিষয়ে একটি প্রকল্প ১৯৬৯ সালে গ্রহণ করা হয়। এবং তদনুসারে কবির রচনাবলী গ্রহের কাজও আরম্ভ করা হয়। কিন্তু লেখস্বত্ব সংগ্রহ করিতে বিশেষ অসুবিধার সম্মুখীন হওয়ায় ৭১ সালে প্রকল্পটি পরিত্যক্ত হয়।

(খ) না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, সরকারী উদ্যোগে বিদ্রোহী বি নজরুল ইসলামের এই পর্য্যন্ত কোন রচনাবলী প্রকাশ করা হয়েছে কি না ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় :** আমার মনে হয় এখান থেকে যা দেখতে পাচ্ছি তাতে থম খণ্ড রচিত হয়েছিল, সংগৃহীত হয়েছিল এবং প্রকাশের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু তারপর লখকের সর্ত নিয়ে কিছু গণ্ডগোল দেখা দেয়, তারপর সেটা পরিত্যক্ত হয়ে যায়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** ১৯৬৯ সালে যে অসুবিধা দেখা দিয়েছিল, তা দূর করার ন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় :** লেখকের সর্ত নিয়ে গণ্ডগোল দেখা দিয়েছিল। যারা লখকের বংশধর থাকেন তাদের কাছ থেকে এবং কোর্টের মাধ্যমে সেইগুলো ভালভাবে আমাদের াতে এলে, আমরা তার ব্যবস্থা করতে পারি, তার আগে কিছু করা আমাদের পক্ষে মুস্কিল।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** কিন্তু এই সম্পর্কে এই ব্যাপারে কোন চেষ্টা করা য়েছিল কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় :** সরকার থেকে চেষ্টা করা হয়েছিল কিন্তু কার্য্যকরী নি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চুরুলিয়া একটি আন্তর্জাতিক স্থান এবং সেখানে দেশ বিদেশ থেকে বহু মানুষ কবি নজরুল ইসলামের জন্মস্থান দেখার জন্য যান। এখানকার জাতীয় কবি হচ্ছেন কবি নজরুল ইসলাম। বাংলাদেশ সরকার শিলাইদহে রবীন্দ্র নাথের বাড়ী সংরক্ষণের ব্যবস্থা করেছেন। তেমনি চুরুলিয়ায় কবি নজরুল ইসলামের জন্মস্থান হিসাবে সরকারী উদ্যোগে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সেখানে রাস্তা যা আছে তা কাঁচা রাস্তা। দোমহানী থেকে চুরুলিয়া পর্যন্ত যেখানে কবি জন্মগ্রহণ করেছিলেন সেই রাস্তাটি এখন পর্যন্ত পাকা করার ব্যবস্থা করা হয়নি। কাজেই কবিকে স্মরণ করবার জন্য সেই জেলায় কোন রকম পরিকল্পনা গ্রহণ করবেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** আপনার প্রশ্নটা রচনাবলী নিয়ে, পরের প্রশ্নের সঙ্গে কোন সম্পর্ক নেই।

**শ্রীরজনীকান্ত দোলুইঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি ১৯৬৯ সালে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছিল যে, কবির রচনাবলী প্রকাশ করা হবে। ১৯৭১ সালে সেটা রিজেকটেড হয়েছে। নূতন মন্ত্রীসভায় যারা মন্ত্রী হয়েছেন তাঁরা কি নূতনভাবে এটা চিন্তা করছেন যে কোন আইন করে হোক, যে-কোন প্রকারেই হোক, কবি নজরুল ইসলাম, যিনি বিদ্রোহী কবি হিসাবে ও আমাদের জাতির গৌরব—তাঁর রচনাবলী প্রকাশ করবার ব্যবস্থা করবেন কি?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দোপাধ্যায়ঃ** লেখকের স্বত্ব কেড়ে নেওয়া যায় কিনা জানি না। যদি সেরকম কোন আইন থাকে সেটা আমি দেখবো।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** আমি যখন প্রশ্ন করলাম যে কবি নজরুলের জন্মভূমি চুরুলিয়ায়.........

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** ওটা আমি অনুসন্ধান করে দেখবো।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** (খ) প্রশ্নে জানতে চাওয়া হয়েছে, যে তিনি একজন বরণীয় কবি, তাঁর স্মৃতি রক্ষার জন্য চুরুলিয়ায় সরকার পক্ষ থেকে কিছু করা হবে কিনা?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** করা হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** আপনি বললেন করা হবে। কি করা হবে?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** এটা আমি অফ হ্যাণ্ড বলতে পারি না।

## বহরমপুর সেণ্ট্রাল জেলের ডাক্তার বদলী

*২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৩) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বহরমপুর সেণ্ট্রাল জেলের ডাক্তারকে বদলীর অর্ডার দেওয়া সত্ত্বেও বদলী হইতেছেন না, এবং

(খ) সত্য হইলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**Shri Gyan Sing Sohanpal:** (a) No order transferring the Medical Officer, Berhampore Central Jail, has been issued.

(b) Does not arise.

**শ্রীমহম্মদ দেদার বক্স:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—ঐ বহরমপুর সেণ্ট্রাল জেলে এই ডাক্তার কতবছর আছেন সেটা জানাবেন কি ?

**শ্রীজ্ঞান সিং সোহনপাল:** Since 11-9-59.

**শ্রীমহম্মদ দেদার বক্স:** এতদিন ধরে ঐ ডাক্তার ওখানে রয়েছেন—মাননীয় মন্ত্রী মহাশয় কি এসম্পর্কে চিন্তা করছেন তাকে বদলানোর জন্য, কারণ তার বিরুদ্ধে অনেক এ্যালিগেশন রয়েছে ?

**Shri Gyan Sing Sohanpal:** Medical officers in the various jails are members of the West Bengal Health Service which is controlled by the Department. Orders relating to the posting and transfer of such medical officers are accordingly issued by the Health Department.

**শ্রীরজনীকান্ত দোলুই:** একজন ডাক্তার ১৪ বছর ধরে মুর্শিদাবাদের বহরমপুর সেণ্ট্রাল জেলে রয়েছেন। তিনি বলেছেন হেলথ ডিপার্টমেণ্ট থেকে ট্রান্সফার অর্ডার হলে তবেই তিনি বদলী হবেন। ওখানে ১৪ বছর ধরে যে ডাক্তার রয়েছেন তার বিরুদ্ধে বহু রকম এ্যালিগেশন রয়েছে, জেলের মধ্যে যে সমস্ত কয়েদী, আসামী রয়েছে তাদের যদি ঠিকমত দেখাশুনা না করেন তাহলেও তিনি সেখানে থেকে যাবেন ?

**Mr. Speaker:** I think the question relates to other department. If there is any serious allegation it will be looked into not by this Ministry but by the Ministry or Medical and Public Health. If the member has got any allegation or if he wants some information, that should be sought from the Medical and Public Health Department.

**শ্রীমহঃ দেদার বক্স:** এতদিন ধরে ডাক্তার রয়েছে, মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এর এমন কি বিশেষ গুণ আছে ?

**মিঃ স্পীকার:** The question does not arise.

[1-30—1-40 p.m.]

## প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ড

*২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৩) ডাঃ **শ্রীশৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** শিক্ষা-বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডে যে টাকা জমা হয় তাহার সঠিক হিসাব প্রত্যেক শিক্ষককে দেওয়া হয় না এবং শিক্ষকদের ব্যক্তিগত নামে কোন পোষ্টাল একাউন্ট খোলা হয় না,

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি, এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন,

(গ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে প্রাথমিক শিক্ষকদের অবসর গ্রহণের পর একদিকে পেন্‌সন অপরদিকে গ্র্যাচ্যুইটি ও প্রভিডেন্ট ফাণ্ড, দুই নিয়মের মধ্যে পড়িয়া তাহাদের অযথা হয়রানি হইতে হয়; এবং

(ঘ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কোন স্থায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্ম চিন্তা করিতেছেন কি?

**Shri Mritunjoy Banerjee** :

(ক) প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের জমা টাকার হিসাব প্রত্যেক শিক্ষককে স্কুল বোর্ডে রক্ষিত হিসাব অনুযায়ী দেওয়া হয়। তবে এ ব্যাপারে কতকগুলি জেলা স্কুল বোর্ডে হিসাবের কাজ বকেয়া পড়িয়া আছে।

শিক্ষকদের ব্যক্তিগত নামে পোষ্টাল একাউন্ট খোলার সরকার অনুমোদিত কোন নির্দিষ্ট নিয়ম নাই, তবে বিষয়টি বিবেচনাধীন আছে।

(খ) (১) সম্ভবতঃ স্কুল বোর্ডগুলির অক্ষমতা।

(২) সরকার এই ব্যাপারটির দ্রুত সমাধানের জন্য স্কুল বোর্ডগুলিকে নির্দেশ দিয়াছেন।

(গ) পেনসন সংক্রান্ত নিয়মাবলী প্রকাশ করিতে বিলম্ব ঘটায় অবসরপ্রাপ্ত শিক্ষকদের কিছু অসুবিধার সম্মুখীন হইতে হইয়াছে। এজন্য পুরাতন নিয়মানুযায়ী গ্রাচুইটি লইতে ইচ্ছুক শিক্ষকগণকে সুবিধা দেওয়া হইয়াছে।

(ঘ) পেনসন প্রদানবিধি সংক্রান্ত খসড়া সংশ্লিষ্ট মহলের অবগতির জন্ম প্রচার করিয়া তাঁহাদের মতামত আহ্বান করা হইয়াছে। এবং ইহা সরকারী গেজেটে প্রকাশ করিবার জন্য প্রেরণ করা হইয়াছে। এই নিয়ম বিধিবদ্ধ হইলেই সেসব ব্যবস্থা কার্যকরী হইতে পারিবে।

**শ্রীশৈলেন্দ্র চ্যাটার্জীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কয়েকটা স্কুল বোর্ডের হিসাব বকেয়া পড়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি একটা স্কুল বোর্ডের নাম করবেন যার হিসাব বকেয়া পড়ে নাই?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এইটা বলা মুস্কিল আছে।

**শ্রীশৈলেন্দ্র চ্যাটার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কিছু টাকা পড়ে আছে, কিন্তু আমি জানি আমাদের হুগলী জেলার শিক্ষকদের ২০ লক্ষ টাকা পড়ে আছে। এই যে বিভিন্ন স্কুল বোর্ডের লক্ষ লক্ষ টাকা পড়ে আছে তার ফলে গরীব শিক্ষকরা বঞ্চিত হচ্ছে এর জন্য কোন কার্য্যসূচী গ্রহণ করবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এইটা যাতে তাঁরা পান সে বিষয়ে আমি নিশ্চয়ই বিশেষ দৃষ্টি দেব এবং ইতিমধ্যে আমরা বিবেচনা করছি যাতে তাড়াতাড়ি তাদের প্রভিডেন্ট ফাণ্ডের হিসাব আপ-টু ডেট করা যায়। তাছাড়া আমাদের কিছু অন্য পরিকল্পনা আছে সেই সম্বন্ধে বিস্তারিত বিবরণ জানা যায়নি।

**শ্রীশৈলেন্দ্র চ্যাটার্জী ঃ** এখন মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে প্রতি হাজার শিক্ষকের পিছনে একজন করে কর্মচারী নিয়োগ করা হয় এবং এই একজন কর্মচারীর পক্ষে হাজার জন শিক্ষকের প্রভিডেন্ট ফাণ্ডের হিসাব রাখা সম্ভব নয়, এই সংখ্যাটা কমিয়ে ৫০০ জনের পিছনে একজন করে কর্মচারী কাজ হতে পারে, কারণ আমরা জানি হুগলী বোর্ডে এই কাজ হচ্ছে না। তাই মাননীয় মন্ত্রী মহাশয় এইটা বিবেচনা করবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** আপনিই তো নিজে বললেন অনেক লক্ষ লক্ষ টাকা বকেয়া পড়ে আছে। আমার মনে হয় যারা আছেন তারা তাদের কাজ কতটা করছেন সেইটাই জিজ্ঞাস্য। তবে যাতে এইটা করা যায় আমি সেটা চিন্তা করছি।

**শ্রীসরোজ রায় ঃ** সুদ সম্পর্কে প্রশ্নের জবাবে মন্ত্রী মহাশয় বললেন সেটার ব্যবস্থা করা হচ্ছে এবং হবে। সুদের টাকার ব্যবস্থা কি করে করবেন। Please clarify it.

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** আপনি যদি বুঝে থাকেন ওই টাকাটা ওঁরা পাবেন, সুদটা পাবেন না তাহলে ভুল বুঝেছেন। ওঁরা টাকাটাও পাবেন এবং সুদও পাবেন।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন স্কুল বোর্ডের যে সমস্ত সরকারী কর্মচারীর প্রশাসনিক গাফিলতির ফলে এই সমস্ত কাজ বকেয়া আছে তাদের সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করছেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** স্কুল বোর্ডের কর্মচারীরা সরকারী কর্মচারী বোধ হয় নয়।

**শ্রীসরোজ রায় ঃ** যে টাকাটা গভর্ণমেন্টের ঘরে পড়ে আছে তার সুদ কি গভর্ণমেন্ট দেবে ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** টাকা যেটা ক্যাশ হয়ে গভর্ণমেন্টের ঘরে পড়ে আছে তার সুদ কি করে পাবে তা জানি না।

**শ্রীসরোজ রায় ঃ** তাহলে কি স্বীকার করছেন যে কিছুই জানেন না।

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** সেটা স্বীকার করতে আমি রাজী নই।

**শ্রীবলাই শেঠ ঃ** আমরা জানি হুগলী জেলা স্কুল বোর্ডে সাতজন কর্মচারী আছেন যাদের প্রভিডেণ্ট ফাণ্ডের কাজের জন্য রাখা হয়েছে। কিন্তু তাদের প্রভিডেণ্ড ফাণ্ডের কাজে না লাগিয়ে অন্য কাজে লাগান হয়। ওখানে যে ২৬ জন কর্মচারী আছেন তারা বলছেন আমরা তিনশোর বেশী কাজ করতে পারছি না। যার জন্য কাজ জমা আছে। আমরা ইন্সপেক্টারের কাছে গিয়েছিলাম তিনি বললেন দু মাসে হতে পারে। ফাইন্যান্সের একজন লোক আছেন তিনি বললেন ২০ লাখ টাকা পড়ে আছে তার হিসাব কোথায় আছে জানি না। আমরা মাত্র দু লক্ষ টাকার মতো করেছি। এই রকম গাফিলতি রয়েছে। যারা সাত টাকা মাইনের জন্য অনশন করেন তাদের এই সামান্য টাকার জন্য যদি কোন কর্মচারী বা অফিসারের বিরুদ্ধে অভিযোগ থাকে মন্ত্রী মহাশয় কি তাদের শাস্তি দেবেন না পুরস্কৃত করবেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** পুরস্কার দেওয়া উচিত নয়, শাস্তি দেওয়া হবে।

**Mr. Speaker :** The starred question No. *267 is held over.

**Shri Gyan Sing Sohanpal :** Mr. Speaker, Sir, the question in regard to Martin Railways relates to the Department of Public Undertaking and as such this has been sent to the Department concerned for reply. Honourable Members may expect the reply from that Department on the rotational day

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই প্রশ্নটা সম্পর্কে উত্তেজিত অনেক মাননীয় সদস্যকে এই কোশ্চেনটা যেদিন আসবে সেদিন উত্তর দেবো। সংবাদ যেটা চাই সেটা হচ্ছে বিগত মাসের ২৬ তারিখে এই ব্যাপারে আমরা রেলওয়ে মিনিষ্টারকে চিঠি দিয়েছিলাম। তার আগে ১৭ তারিখে আমি এবং মুখ্যমন্ত্রী রেলওয়ে মিনিষ্টারের সাথে দেখা করেছি। আমরা বলেছি আমাদের একটা এক্সপার্ট টিম দাও, কতদিনে কিভাবে এবং কি করে এটা হতে পারে। রিসেণ্টলী জানিয়েছেন এই মাসের ১৩ তারিখে জেনারেল ম্যানেজার, ইষ্টার্ন রেলওয়েকে বলেছেন এক্সপার্ট টিম দিয়ে পরীক্ষা করে জানবার জন্য গভর্ণমেণ্ট অফ ওয়েষ্ট বেংগলকে। যেদিন রোটেশন্যাল ডে আছে সেদিন উত্তর দেবো। এড়িয়ে যাওয়ার প্রয়োজন নেই।

**শ্রীমহম্মদ শফিউল্লা ঃ** তাহলে কি প্রশ্নটা হেল্ড ওভার থাকলো ?

**মিঃ স্পীকার ঃ** I have already declared it that the question is held over You will get the answer on the next rotational day i.e. to-morrow, the 26th.

## প্রদেশ ও জেলাভিত্তিক ত্রাণ ও সমাজ কল্যাণ কমিটি

*২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮২ ) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** ত্রাণ এবং সমাজ কল্যাণ ( সমাজ কল্যাণ ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ত্রাণ ও সমাজ কল্যাণ ( সমাজ কল্যাণ) বিভাগের অধীনে প্রদেশ ও জেলাভিত্তিক একটি করিয়া কমিটি আছে ;

(খ) সত্য হইলে, কোন্ কমিটিতে কতজন ও কে কে সদস্য আছেন ;

(গ) উক্ত কমিটিগুলির কোন্‌টি কোন্ তারিখে গঠিত হইয়াছে ,

(ঘ) বর্তমানে উক্ত কমিটিগুলির পুনর্গঠনের কোন প্রস্তাব আছে কিনা ; এবং

(ঙ) ঐসমস্ত কমিটিকে কি কি কার্যকরী ক্ষমতা দেওয়া হইয়াছে ?

**শ্রীসন্তোষকুমার রায় :**

(ক) না।

(খ) (গ) (ঘ) (ঙ)—এ প্রশ্ন উঠে না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** (ক) প্রশ্নের উত্তরে না বলেছেন, কিন্তু আমার জেলায় দেখেছি যে social welfare বলে একটা কমিটি function করছে - এবং তার অধীনে একটা গাড়ী আছে। অতএব এর ব্যাপার কি হল বুঝতে পারছি না।

**শ্রীসন্তোষকুমার রায় :** আপনাদের অবগতির জন্য আমার দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট কমিটি-গুলির নাম আমি বলে যাই তাহলেই বুঝতে পারবেন কোন-কমিটি mean করছেন। Bengal Vagrancy Act, 1942 এর West Bengal Childrens Act, 1959 এরজন্য ২টি কমিটি আছে —Vagrancy Advisory Board এবং State Children Board, এছাড়া কেন্দ্রীয় সমাজ কল্যাণ পর্ষদের রাজ্য শাখা হিসাবে পশ্চিমবঙ্গ সমাজ কল্যাণ উপদেষ্টা পর্ষদ বিভিন্ন সমাজ কল্যাণ আবাসে মেয়েদের কল্যাণমূলক কাজের উন্নতি সাধনের জন্য Suppression of Immoral Traffic-এর জন্য একটা West Bengal State Women's Board আছে। এছাড়া দীঘা welfare কমিটি আছে এবং জেলায় যে পর্ষদগুলি আছে তার জন্য বিভিন্ন পরামর্শদাতা কমিটি আছে।

**শ্রীশরৎচন্দ্র দাস :** এই কমিটিগুলি কতদিন তৈরী হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় :** এই কমিটিগুলি এক এক সময় তৈরী হয়েছে।

**শ্রীশরৎচন্দ্র দাস :** জেলায় জেলায় সমাজ কল্যাণ কমিটি কতদিন তৈরী হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় :** জেলায় জেলায় সমাজ কল্যাণ কমিটি বলে কিছু নেই। আপনি টা mean করছেন সেটা হচ্ছে West Bengal Social Advisory Board, তার বোধ হয় local মিটি থাকতে পারে না। আমাদের সঙ্গে সংশ্লিষ্ট হচ্ছে West Bengal State Social Welfare dvisory Board.

-40—1-50 p.m.]

## প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

*২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৮) **শ্রীগণেশ হাতুই :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে প্রাথমিক বিদ্যালয়ে মোট কতজন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হইয়াছে ;

(খ) ঐ সময়ে কতজন শিক্ষক নিয়োগের কথা ছিল ;

(গ) ইহা কি সত্য যে, প্রাথমিক বিদ্যালয়ে প্রতি ৪০ জন ছাত্র-পিছু একজন শিক্ষক নিয়ো পরিবর্তে ৩০ জন ছাত্র-প্রতি একজন শিক্ষক নিয়োগের প্রস্তাব সরকারের বিবেচনা ছিল ;

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন ;

(ঙ) পঞ্চম শ্রেণীকে প্রাথমিক বিদ্যালয়ের সহিত যুক্ত করিবার কথা সরকার চিন্তা করিতে কি ,

(চ) ইহা কি সত্য যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বি ডি ও অফিসের মাধ দেওয়ার কথা চিন্তা করিতেছেন ; এবং

(ছ) সত্য হইলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে ?

**Shri Mritunjoy Banerjee** :

(ক) মোট ৪৮০৮ জন প্রাথমিক শিক্ষক ১৯৭১-৭২ সালে নিয়োগ করা হইয়াছে।

(খ) ১৭০২০ জন প্রাথমিক শিক্ষক নিয়োগের কথা ছিল।

(গ) না ; ইহা সত্য নহে।

(ঘ) এই প্রশ্ন উঠে না!

(ঙ) পঞ্চম শ্রেণীকে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার অন্তর্গত বলিয়া গণ্য করা হয়। নিম্নবুনিয়া বলিয়া পরিগণিত বিদ্যালয়গুলি ৫ম শ্রেণী বিশিষ্ট। প্রাথমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণী সংযুক্তি, বিদ্যা গৃহ সম্প্রসারণ, অতিরিক্ত শিক্ষক নিয়োগ সাপেক্ষ। তজ্জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ না থাকা ইহা বর্তমানে বিবেচনাধীন নহে।

(চ) না। ইহা সত্য নহে।

(ছ) এই প্রশ্ন উঠে না।

**শ্রীগণেশচন্দ্র হাতুই ঃ** আনন্দবাজার পত্রিকায় দেখেছিলাম যে শিক্ষাখাতে টাকা খর না হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে তা ফেরৎ গেছে—এ সংবাদ কি সত্য ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** না।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** আপনি (ক) প্রশ্নের উত্তরে বলেছেন ১৯৭১-৭২ সালে ৪৮০৮ জ শিক্ষক নিয়োগ করা হয়েছে। কিন্তু কথা ছিল ১৭০২০ জনের—এর কারণ কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ** তখন স্কুল ছিল না, পরে স্কুল হলে নিয়োগ করা হবে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** আমাদের যে unemployment সমস্যা রয়েছে তার কথা চিন্তা করে অবিলম্বে যে ১৩ হাজার শিক্ষক নিয়োগের কথা ছিল সেটা নিয়োগ করার ব্যবস্থা হবে কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ** আস্তে আস্তে হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় (গ) প্রশ্নের উত্তরে না বলেছেন, আমার জিজ্ঞাস্য হচ্ছে ক্লাস পিছু একজন শিক্ষক দেওয়ার প্রস্তাব আছে কিনা ? অর্থাৎ ৪টি ক্লাসে ৪ জন শিক্ষক থাকবেন কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** আপাতত: প্রস্তাব নেই তবে এটা বিবেচনা করার একটা সিদ্ধান্ত আছে।

**শ্রীবলাইলাল শেঠ ঃ** এমন অনেক বিদ্যালয় আছে যেখানে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এই চারিটি শ্রেণী মিলিয়ে একজন শিক্ষক আছেন। সেখানে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা কি রকম হচ্ছে সেটা আমরা সহজেই অনুমান করতে পারি। সেক্ষেত্রে একাধিক শিক্ষক নিয়োগের কোন কার্যকরী ব্যবস্থা আছে কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** এইসব ব্যবস্থার কথা চিন্তা করা হচ্ছে।

## শ্যামপুর থানার মৎসজীবীদের সাহায্য দান

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৪) **শ্রীশিশিরকুমার সেন ঃ** মৎসবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় শ্যামপুর থানায় বর্তমান বৎসরে জুন মাস পর্যন্ত মৎসজীবীদের অনুদান এবং ঋণ বাবদ কত টাকা দেওয়া হইয়াছে ;

(খ) উক্ত থানায় মৎসজীবীদের জন্য কয়টি টিউবওয়েল দেওয়া হইয়াছে, এবং

(গ) মৎসজীবীদের আর্থিক উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** (ক) বর্তমান বৎসরে জুন মাস পর্যান্ত মৎসজীবীদের অনুদান এবং ঋণ বাবদ শ্যামপুর থানায় কোন টাকা দেওয়া হয় নাই।

(খ) উক্ত থানায় মৎসজীবীদের জন্য এখনও কোন টিউবওয়েল দেওয়া হয় নাই।

(গ) মৎসজীবীদের আর্থিক উন্নতির জন্য সরকার নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করিয়াছেন :—

(১) মৎস চাষ প্রসারের জন্য পশ্চিমবঙ্গের দরিদ্র মৎসজীবী ও তাহাদের সদ-ব্যয় সমিতিকে ঋণ দেওয়ার পরিকল্পনা।

(২) মৎসজীবীদের সামাজিক ও আর্থিক উন্নতির পরিকল্পনা (fishermen scheme)।

(৩) মৎসজীবীদের ন্যায্য মূল্যে উপযুক্ত জাল তৈয়ারী করিবার জন্য নাইলন সূতা দে পরিকল্পনা।

(৪) পুষ্করিণীর মালিক মৎসজীবীদের পুকুর সংস্কার ও মাছ চাষ করিবার বিঘা প্রতি (সাত শত টাকা) ঋণ দেওয়ার পরিকল্পনা।

**শ্রীসরোজ কাঁড়ার ঃ** শ্যামপুর থানায় দেওয়া হয়নি, হাওড়ার অন্যান্য জায়গায় কত দে হয়েছে সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** হাওড়া জেলায় আপনারা জানেন যে আংশিক বাজেট অনুমোদিত হয়েছে, সেই অনুযায়ী আংশিক বরাদ্দ হয়েছে। পরিকল্পনা ১নং যেটা বলেছি সে ৫ হাজার টাকা, ২নং পরিকল্পনা বাবদ ২ হাজার টাকা, ৩নং পরিকল্পনা বাবদ কোন টাকা দে হয়নি এবং ৪নং পরিকল্পনা বাবদ ১৩ হাজার টাকা।

**শ্রীবলাই লাল শেঠ ঃ** শ্যামপুর ব্লকে কোন টাকা দেওয়া হয়নি জানলাম ফিস ডিপার্টমেণ্ট থেকে। শ্যামপুর ব্লকে ফিসারি এক্সটেনসান অফিসার বলে একজন অফিসার তাঁকে কেন রাখা হয়েছে ? তাঁকে কি রাখা হয়েছে খালে কি মাছ হচ্ছে সেগুলি দেখার জন্য সত্যিকারে কি অসুবিধা হচ্ছে সেগুলি দেখার জন্য ? সত্যিকারে যে ব্লকে কোন রকম সুযোগ সুবিধা দেওয়া হবে না সেই ব্লকে ফিসারি এক্সটেনসান অফিসার রেখে লাভ কি অফিসারকে কি সেখান থেকে সরিয়ে নেওয়া হবে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বোধহয় উত্তর করে শোনেন নি। আমি বলেছি এবছরে এখনও কোন টাকা দেওয়া হয়নি, দেওয়া হবে না বলিনি। আপনারা জানেন এই বাজেট অনুমোদিত হবার পর যখন সব জেলাতে টাকা দে হবে শ্যামপুরের প্রয়োজন থাকলে শ্যামপুরও পাবে।

### New Primary Schools

***271.** (Admitted question No.*584.) **Shri Birendra Bijoy Malladeb :** W the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government of West Bengal have any scheme establish new Primary Schools in the State this year ,

(b) if so, the total number of such schools,

(c) the number of such schools in Jhargram subdivision ; and

(d) whether a number of schools are reserved for the Scheduled Trib and Scheduled Castes areas ?

**Shri Mrityunjoy Banerjee** : (a) & (b) The Government have decided to start 125 new Primary Schools in urban area with effect from 1ast January, 1973 out of the plan provisions of the current financial year.

(c) The quota of new schools is allotted Municipality-wise in case of urban areas. The allocation for the current year has not yet been finalised.

(d) No. But while selecting sites for new Primary Schools, priority is given to the areas predominantly inhabited by scheduled tribes and scheduled castes people.

**শ্রীবীরেন্দ্র বিজয় মল্লদেব** ঃ আনুপাতিক হিসাবে ঝাড়গ্রাম সাব-ডিভিসানে স্কুলের সংখ্যা কম, এই পরিপ্রেক্ষিতে স্কুলের সংখ্যা বাড়াবার কি পরিকল্পনা আছে ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী** ঃ যদি আনুপাতিক হিসাবে কম হয় তাহলে নিশ্চয়ই সেখানে সেই কমটা মেক আপ করবার চেষ্টা করা হবে।

**শ্রীবীরেন্দ্র বিজয় মল্লদেব** : এই আদিবাসী অধ্যুষিত এলাকায় আরও প্রাইমারী স্কুল স্থাপন করবার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী** ঃ আগের উত্তরেই এ সম্বন্ধে বলা হয়েছে।

**শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী** ঃ যে প্রাইমারী স্কুলগুলি ১০।১২ বছর ধরে আছে কিন্তু সরকারের এ্যাফিলিয়েশন পায়নি তাদের সম্পর্কে কি ব্যবস্থ গ্রহণ করছেন জানাবেন কি ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী** ঃ তারা নিজেরা স্কুল করেছে, নিজেরা মাইনে কালেক্ট করেছে এবং নিজেরাই মাইনে দিচ্ছে।

**শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী** ঃ সরকারের তরফ থেকে এ্যাফিলিয়েশন দিলে পরিচালনার ব্যাপারে সরকারের কোন নূতন দৃষ্টিভঙ্গী আছে কিনা ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী** : নূতন স্কুলকে যখন স্বীকৃতি দেওয়া হবে তখন এগুলি নিশ্চয়ই বিবেচিত হবে।

## Earnings of Calcutta State Transport Corporation

***272.** (Admitted question No. *620.) **Shri Samsul Alam Khan** : Will the Minister-in-charge of the **Home** (Transport) Department be pleased to state—

(a) the total earnings of Calcutta State Transport Corporation during the months of March, April, May and June, 1972; and

(b) the total earning from Calcutta State Transport Corporation during the corresponding months in the years 1967, 1968, 1969, 1970 and 1971 ?

[1-50—2-00 p.m.]

**Shri Gyan Singh Sohanpal :** (a) & (b) The required figures of total earnings of the Calcutta State Transport Corporation are given below ;

| Month. | 1967 | 1968 | 1969 | 1970 | 1971 | 1972 |
|---|---|---|---|---|---|---|
| | | | [ in Rs. lakhs ] | | | |
| March | 51·38 | 40·68 | 45 50 | 45.67 | 32.70 | 48.90 |
| April | 49.46 | 51.83 | 40.17 | 40 37 | 38.68 | 40 73 |
| May | 49.34 | 49.32 | 48.12 | 46 17 | 36.48 | 45 03 |
| June | 47.24 | 46 04 | 49.00 | 30.57 | 33.08 | 42 60 |

## পশ্চিমবঙ্গে বাংলাদেশ হইতে উদ্বাস্তু আগমন

*২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৮) **শ্রীনরেশচন্দ্র চাকী:** উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাংলাদেশ হইতে এখনও কিছু কিছু উদ্বাস্তু সীমান্ত অতিক্রম করিয়া পশ্চিমবাংলায় আসিতেছেন, এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ?

**শ্রীসন্তোষকুমার রায়:** (ক) হ্যাঁ,

(খ) ১৯৭১ সালের মার্চ মাসের পূর্ব্বেকার শরণার্থী বলিয়া বাংলাদেশ সরকার ইহাদের দায়িত্ব গ্রহণে সম্মত না হইয়া পুনরায় ভারতবর্ষে ফেরৎ পাঠাইয়াছেন।

**শ্রীঅসমঞ্জ দে:** এখন যে সমস্ত উদ্বাস্তু সীমান্ত অতিক্রম করে পশ্চিমবাংলায় আসছে তাদের সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার কোন্ ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করছেন ?

**শ্রীসন্তোষকুমার রায়:** এঁরা যে সমস্ত শরণার্থী শিবিরে ছিলেন সেই সমস্ত কাগজ পত্র দেখে ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করে এঁদের ক্যাম্পে ফেরত পাঠিয়ে দেওয়া হবে।

**শ্রীঅসমঞ্জ দে:** মন্ত্রীমহাশয় কি মনে করেন যে সমস্ত শরণার্থী শিবির পরিত্যাগ করে

বাংলাদেশে চলে গিয়েছিল তারপর তাদের আবার আসার পরও সেই সমস্ত শরণার্থী শিবিরগুলি খালি পড়ে রয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে তথ্য এপর্য্যন্ত সংগ্রহ করতে পেরেছি তাতে দেখছি ১১৬৩টি পরিবার যারা পুরান উদ্বাস্তু তারা মুক্তি সংগ্রাম সাফল্যলাভ করবার পর তাদের পুরান ভিটেমাটির দিকে চলে যায়, কিন্তু বাংলাদেশ সরকার মার্চ্চ মাসের পূর্বে যারা বাংলাদেশ ছেড়ে চলে এসেছে তাদের দায়িত্ব না নেওয়ায় তাদের মধ্যে যারা প্রমাণপত্র পেশ করতে পেরেছে তাদের অনেককে ভারত সরকারের সঙ্গে যোগাযোগ করে মানা ক্যাম্পে পাঠিয়ে দেওয়া হয়েছে। গাড়ীর সংখ্যা আরও বাড়িয়ে আরও লোককে পাঠাবার ব্যবস্থা হচ্ছে।

**শ্রীঅসমঞ্জ দে :** এখন পর্য্যন্ত যাদের মানা শিবিরে পাঠানো সম্ভব হয়নি তাদের থাকবার জন্য কোথায় পশ্চিমবঙ্গ সরকার ব্যবস্থা করেছেন ?

**শ্রীসন্তোষকুমার রায় :** মাননীয় সদস্য আপনারা জানেন যে স্বাভাবিক রীতি অনুযায়ী এদের কিছুই পাবার কথা নয়। এরা ভেবেছিলেন যে বাংলাদেশ স্বাধীন হবার ফলে তারা আবার পুরানো ভিটা-মাটি ফিরে পাবেন, সেই আশায় এরা চলে গিয়েছিলেন। এবং এইখানে কোন ক্যাম্প খোলার কোন বিশেষ ব্যবস্থা হয়নি। তাদের তাড়াতাড়ি পাঠিয়ে দেবার ব্যবস্থা হচ্ছে।

## মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় স্থাপন

*২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৪) **শ্রীসত্য ঘোষাল ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মেদিনীপুর কলেজকে কেন্দ্র করে বিদ্যাসাগর মহাশয়ের নামে একটি বিশ্ব বিদ্যালয় স্থাপনের জন্য কোন প্রস্তাব সরকারের নিকট আসিয়াছে কি না,

(খ) আসিয়া থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা লইয়াছেন ?

**শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন উঠেনা।

## বরাহনগরে উদ্বাস্তু কলোনিসমূহের উন্নয়ন

*২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৬) **শ্রীশিবপদ ভট্টাচার্য্য ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বরানগর উদ্বাস্তু বান্ধব কলোনি, ফরোয়ার্ড কলোনি এবং দেশপ্রিয়নগর কলোনি ও

কালীচরণ ঘোষ রোড উন্নয়ন সম্পর্কে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কিনা এবং

(খ) করিয়া থাকিলে, কবে নাগাত এই উন্নয়নকার্য আরম্ভ এবং শেষ হইবে ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** (ক) হ্যাঁ,

(খ) সঠিক বলা সম্ভব নয়।

**শ্রীশিবপদ ভট্টাচার্য্যঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—কি কারণে এই উন্নয়ন কার্য্য ব্যাহত হয়েছে এবং এই যে তিনটি কলোনী তার জমি সম্পর্কে এ পর্য্যন্ত এ্যাকোয়ার করা হয়নি কেন এবং আপনি এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে ঘোষণা করেছিলেন যে এদের টাইটেল ডিডস দেবেন, কিন্তু আজ পর্য্যন্ত সেইসব জমি এ্যাকোয়ার করা হয়নি, সেইজন্য আপনার ঘোষণা ব্যর্থ হতে চলেছে, আপনি কি একটু নজর দেবেন যাতে তাড়াতাড়ি এই কলোনীগুলির জমি এ্যাকোয়ার করা হয় এবং উন্নয়ন কার্য্য সুরু হয়। আপনি যে ঘোষণা করেছিলেন তাতে উদ্বাস্তু কলোনীর অধিবাসীদের মধ্যে এবা চাঞ্চল্য জেগেছে তা যেন রক্ষা করা যায়।

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কনসট্রাকসন বোর্ড কলোনী উন্নয়নের জন্য যে পরিকল্পনা রচনা করেছিলেন তার পাশাপাশি কলোনী কমিটিগুলো কিছু পরিকল্পনার প্রস্তাব রেখেছিলেন। বর্ত্তমান বোর্ড তাদের সেই পরিকল্পনাগুলি বিচার করে দেখেছেন এবং ঐগুলি দেখার পর সংশিষ্ট প্রকল্পে এষ্টিমেটস রচনা করা হবে এবং তার ভিত্তিতে উন্নয়ন কার্য্য সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় মঞ্জুরী দেওয়া হবে। আপনারা জানেন যে প্লট প্রতি ব্যয়ের পরিমাণ ১৬০০ টাকার অধিক হলে উন্নয়ন কার্য্য একাধিকভাবে আলাদা করে কাজ করতে হবে। কেন্দ্রীয় সরকারের নিকট হতে প্লট প্রতি ২২০০ টাকা উন্নয়নের কার্য্যের জন্য মঞ্জুরী পাওয়া গেলে অবশিষ্টাংশ পরিকল্পনা অনুসারে করা হবে। উন্নয়নবিষয়ক বিভিন্ন পরিকল্পনা কার্য্যকরী করা সময় সাপেক্ষ বলিয়া কবে শেষ হবে সে সম্পর্কে বলা কিছু সম্ভব নয়। তবে আশা করা যায় বর্ত্তমান আর্থিক বৎসরের মধ্যে এই কাজ আরম্ভ করা যাইবে। তাছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় সদস্যরা যখনই আমার কাছে এসেছেন আমরা বলেছি বর্ত্তমান সরকার অত্যন্ত গুরুত্ব দিয়ে এইসব উদ্বাস্তু কলোনীর উন্নয়নের কাজ অতি শীঘ্র করতে চান এবং আর্থিক বৎসরের মধ্যে যাতে এই দপ্তরের প্রয়োজনীয়তা না থাকে সেই ব্যবস্থাই করা হচ্ছে।

**শ্রীশিবপদ ভট্টাচার্য্যঃ** আমরা দেখতে পাচ্ছি এইসব কলোনীগুলোর মধ্যে যেসব কমিটি রয়েছে, এক একটি কলোনীর মধ্যে ২/৩টি কমিটি আছে। এখানে যে কলোনীটির কথা আমি বলেছি তার একটা প্লান কনসটাকসান বোর্ড ১৯৬৯ সালে করেছিলেন। কিন্তু দরাদম্বির ফলে কমিটি not being satisfied এবং এর ফলে সেই প্লানটা সম্পূর্ণ বাতিল হয়ে যাবার ফলে ১৯৬৯ থেকে সেই কলোনীটির আর উন্নয়ন হল না এবং যেথানে যেথানে ২/৩টি কলোনী কমিটি আছে তার ফলে কনষ্ট্রাকসন বোর্ড পরিকল্পনা বাতিল করছে এবং উন্নয়ন কার্য্য ব্যাহত হচ্ছে সে সম্বন্ধে সরকার কি নীতি নির্ধারণ করছে মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

[2-00—2-10 p.m.]

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সাধারণ ভাবে কলোনী

কমিটিগুলির সঙ্গে পরামর্শ করে করবার চেষ্টা করবো। কিন্তু যদি কমিটিগুলি উন্নয়নের পরিপন্থী বলে আমরা বিবেচনা করি তাহলে তাদের মতামত উপেক্ষা করেও আমরা কলোনীর উন্নয়ন কার্য্য সমাধান করবো।

**Mr. Speaker:** Question hour is over. We now take up held-over starred questions.

## বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় খরাত্রাণ

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭) **শ্রীকাশীনাথ মিশ্র:** ত্রাণবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান বৎসরে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় খরার মোকাবিলা করার জন্য বিগত ১লা জুন পর্যন্ত সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন এবং কোন্ কোন্ খাতে কত টাকা ব্যয় করিয়াছেন?

**Shri Santosh Kumar Roy:**

একটি বিবরণী এতদ্সহ উপস্থাপিত করা হইল।

Statement refered to in reply of starred question No. 109.

খরা পরিস্থিতি মোকাবিলার জন্য ১লা জুন ১৯৭২ পর্য্যন্ত বিভিন্ন খাতে—

| যে টাকা মঞ্জুরী করা হইয়াছে তার পরিমাণ | জেলা—বাঁকুড়া | জেলা—পুরুলিয়া |
|---|---|---|
| খয়রাতি সাহায্য | টাকা ৬,১৯,৮২০ | টাকা ৪,৪৬,৮৪০ |
| টেষ্ট-রিলিফ | টাকা ১৯,৫১,১০০ | টাকা ১১,৬২,০৯৩ |
| কৃষি ঋণ | টাকা ৩,০০,০০০ | টাকা ৪,২৬,০০০ |

| যে টাকা ব্যয় হইয়াছে তার পরিমাণ | জেলা—বাঁকুড়া | জেলা—পুরুলিয়া |
|---|---|---|
| খয়রাতি সাহায্য | টাকা ৬,১৭,৬২০ | টাকা ৩,৩৪,৬১৫·০৭ |
| টেষ্ট-রিলিফ | টাকা ১৫,২৬,০৪৫ | টাকা ১০,২২,২২৬ |
| কৃষি-ঋণ | টাকা ২,১১,২৪০ | টাকা ৩০,০০০ |

## শরণার্থীদের জন্য তাঁবু, ত্রিপল ও কাপড় ক্রয়

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৩) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৫এ মার্চ, ১৯৭১ তারিখের পর পূর্ব বাংলা হইতে যে-সমস্ত শরণা পশ্চিমবঙ্গে আসিয়াছিলেন তাঁহাদের আশ্রয় ও আবাসস্থলের সংস্থান করার জন্য তাঁ ও ত্রিপল এবং ব্যবহারের জন্য কাপড় ক্রয় করা হইয়াছিল ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তাহা হইলে ঐ সমস্ত তাঁবু, ত্রিপল ও কাপড় চোপড় কোন্ কোন্ সংস্থা বা ব্যক্তির নিকট হইতে এবং কত টাকায় ক্রয় ক হইয়াছিল ; এবং

(গ) উক্ত দ্রব্যগুলির ক্রয়ের তারিখ এবং যাহার মারফত ক্রয় করা হইয়াছিল তাহা বিবরণ ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** এটা একটা লম্বা ষ্টেটমেন্ট তাই টেবিলে দিয়ে দিচ্ছি।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** এটায় কত টাকা মঞ্জুর করা হয়েছে ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** খয়রাতি সাহায্য বাঁকুড়াতে মঞ্জুর করা হয়েছিল ৬,১৯,৮২০ টাকা এবং সেটা কিন্তু ১লা জুন পর্যন্ত, আপ টু ডেট নয় যেটা মাননীয় সদস্য জানতে চেয়েছেন। আর পুরুলিয়ার জন্য ৪,৪৬,৮৪০ টাকা। টেষ্ট রিলিফ বাবদ মঞ্জুর হয়েছিল ১৯,৫৪,১০০ টাকা, পুরুলিয়ার জন্য ১১,৬২,০৯২ টাকা। কৃষি ঋণে ৩ লক্ষ টাকা বাঁকুড়ায় এবং ৪ লক্ষ ২৬ হাজার টাকা পুরুলিয়ার জন্য। এই সময়ের মধ্যে ব্যয় হয়েছে বাঁকুড়ায় খয়রাতি সাহায্যে ৬,১৭,৬২০ টাকা, পুরুলিয়ায় ৩,৩৪,৬১৫ টাকা। টেস্ট রিলিফে বাঁকুড়ায় ১৫,২৬,০৪৫ টাকা, পুরুলিয়ায় ১০,৯২,২২৬ টাকা। কৃষিঋণ বাবদ ২,১১,২৪০ টাকা বাঁকুড়ায় এবং পুরুলিয়ায় ৩০ হাজার টাকা।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, বাঁকুড়া ও পুরুলিয়ায় গত খরার সময় যাদের কিছু ঘরবাড়ী পুড়ে গিয়েছিল কোন্ খাত থেকে তাদের গৃহ নির্মাণের টাকা পয়সা দেওয়া হয়েছে।

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খরার জন্য বাড়ীঘর পুড়ে যায়নি। যদি আগুনে পুড়ে যায় তাহলে আমাদের গরীব লোকেদের সাহায্য দান—মোটামুটি যাদের রিপে করার ক্ষমতা আছে, তাদের সাহায্য করবার জন্য আমরা কিছু টাকা দিয়ে থাকি। গত বাজেটে কিছু টাকা দিয়েছিলাম, কিছু টাকা মঞ্জুর করেছি, বাকী আছে সেটা করছি।

**শ্রীকাশীনাথ মিশ্রঃ** খরার সময় এই রকম কতগুলি ঘর পুড়েছিল ?

**শ্রীসন্তোষ কুমার রায়ঃ** এটা নোটিশ না দিলে বলতে পারি না।

(ক) হ্যাঁ।

(খ) সংস্থা বা ব্যক্তির নাম ও ক্রয় মূল্য উল্লেখ করিয়া দুইটি তালিকা বিধানসভার টেবিলে রাখা আছে ;

(গ) উক্ত তালিকায় প্রতিটি দ্রব্যের ক্রয়ের তারিখ ইত্যাদি উল্লেখ করা হইয়াছে।

... Directorate and Director of Relief on Account of Evacuees from Bangladesh.

| Sl. No. | Name of the Supplier | Details of articles. | Quantity supplied | Mode of Purchase | Value of the articles | | Date/Period of Supply. |
|---|---|---|---|---|---|---|---|
| | I. By R. R. & R. Directorate. | | Pcs. | | Rs. | | |
| 1. | M/s. Associated Magnates | Waterproof cotton Canvas tarpaulin 24 × 18 of 18 Oz. | 200 | Quotation | 64,400·00 | | 21-4-71 |
| 2. | ,, Ravindra Tent & Tarpaulin Mfg. Co. | -do- | 2100 | Tender | 6,72,000·00 | | 6 dates from 26-4-71 to 22-6-71 |
| 3. | ,, W. Bengal Tent & Tarpaulin Udyog | -do- | 100 | Tender | 32,100·00 | | 26-4-71 |
| 4. | ,, Rehabilitation Industries Corpn. Ltd. | -do- | 192 | Direct | 77,846·40 | | |
| | | | 2592 | 2592 Pcs. | 8,46,346·40 | Rs. 8,46,346·40 | 4-6-71 & 7-6-71 |
| | II. For C. E., Irrigation. | | | | | | |
| 1. | M/s. Dwarkadas Valji Talpatriwala | Poly Tarpaulin | 394 | Paper not being available mode of purchase not known. | 1,17,420·00 | | 7-7-71 |
| 2. | ,, Associated Magnates | Tarpaulins | 493 | -do- | 1,05,200·00 | | |
| 3. | ,, India Waterproofing & Dyeing | Jute Laminated Super Tossa Tarpaulin | 850 | -do- | 2,15,339·00 | | |
| | | | 1737 | 1737 Pcs | 4,37,959·00 | Rs. 4,37,959·00 | |

| Sl. No. | Name of the Supplier | Details of articles | Quantity supplied | Mode of Purchase | Value of the articles | Date/Period of Suppiy |
|---|---|---|---|---|---|---|
| III. | By Director of Relief :- | | | | | |
| | | | Pcs. | | Rs. | |
| 1. | M/s. Modi Industries | Tarpaulin | 13255 | Tender | 14,70,054·64 | 6-5-71 to 12-6-71 |
| 2. | ,, G. D. Banerjee & Co. | -do- | 2435 | ,, | 2,40,136·64 | 6-5-71 to 26-5-71 |
| 3. | ,, Karnawat & Co. | -do- | 16442 | ,, | 18,68,6 4·60 | 7-5-71 to 10-6-71 |
| 4. | ,, Ravindra Tent & Tarpaulin Mfg. Co. | -do- | 375 | ,, | 43,248·00 | 7-5-71 |
| 5. | ,, Industrial Development Syndicate | -do- | 375 | ,, | 43,242·00 | 13-5-71 |
| 6. | ,, Esdoc Industries & Prooffing Pvt. Ltd. | -do- | 2123 | ,, | 2,16,629·23 | 10-5-71 to 15-6-71 |
| 7. | ,, Calcutta Tent Mfg. Co. | -do- | 3494 | ,, | 3,99,732·78 | 7-5-71 to 10-6-71 |
| 8. | ,, General Supply Synd. | -do- | 375 | ,, | 43,248·00 | 6-5-71 |
| 9. | ,, Gayalka Bros. | -do- | 212 | ,, | 24,449·54 | 12-5-71 |
| 10. | ,, Tent Tarpaulin Indus. | -do- | 549 | ,, | 63,315·07 | 5-5-71 to 8-5-71 |

| Sl. No. | Name of the Supplier | Details of articles | Quantity supplied Pcs. | Mode of Purchase | Value of the articles Rs. | | Date/Period of Supply |
|---|---|---|---|---|---|---|---|
| 11. | M/s. Elka Industries | Tarpulin | 5641 | Tender | 7,05,576·28 | | 20-5-71 to 10-6-71 |
| 12. | ,, Rehabilitation Industries Corpn. | -do- | 3513 | ,, | 5,14,941·64 | | 22-5-71 to 28-6-71 |
| 13. | ,, Kaluka Bros. | -do- | 1450 | ,, | 1,81,366·00 | | 25-5-71 to 10-6-71 |
| 14. | ,, Giridhari Lal Satyanarayan | -do- | 400 | ,, | 50,032·00 | | 2-6-71 to 8-6-71 |
| 15. | ,, K. C. Kumar | -do- | 606 | ,, | 71,503·00 | | |
| | | | 51245 | 51245 Pcs. | 59,36,170·42 | 59,36,170·42 | |
| | | G. Total | | 55574 Pcs. | | 72,20,475·82 | |

## CLOTHINGS

| | Name of the supplier | Quantity ordered for | Quantity naturally supplied | Value of the supplied articles | Dates of supply |
|---|---|---|---|---|---|
| | | Pcs. | Pcs. | Rs. | |
| 1. | Refugee Handicrafts | 5,10,000 | 4,26,400 | 13,33,873·00 | 10 dates from 20-1-72 to 26-4-72 |
| 2. | West Bengal Small Industries Corporation Ltd. | 17,86,000 | 7,73,600 | 19,88,781·00 | 16 dates from 17-1-72 to 6-5-72 |
| 3. | West Bengal State Federation of Whole Sale Consumers Co-operative Society Ltd. | 17,50,000 | 9,60,200 | 23,42,404·00 | 17 dates from 14-1-72 to 4-5-72 |
| 4. | West Bengal Garments Mfg. & Dealers Association | 3,55,000 | 3,45,200 | 11,22,569·00 | 7 dates from 7-2-72 to 24-8-72 |
| 5. | West Bengal Textile Association | 1,94,330 | 1,47,800 | 4,88,772·00 | 2 dates — 22-2-72 & 26-3-72 |
| 6. | Eastern Garments Manufacturer & Dealers Association | 2,15,000 | 1,61,000 | 4,43,924·00 | 4 dates from 28-2-72 to 3-5-72 |
| 7. | Rehabilitation Industries Corporation Ltd. | 2,05,000 | 1,55,000 | 7,56,314·00 | 5 dates from 11-2-72 to 10-5-72 |
| 8. | West Bengal State Power-loom Apex Co-operative Society Ltd. | 3,50,000 | 3,50,000 | 25,22,500·00 | 7 dates from 4-3-72 to 11-5-72 |

| | Name of the supplier | Quantity ordered for | Quantity naturally supplied | Value of the supplied articles | Dates of supply |
|---|---|---|---|---|---|
| | | Pcs. | Pcs. | Rs. | |
| 9. | Association of Small Powerloom Units of West Bengal Ltd. | 3,45,000 | 3,13,200 | 22,33,920 00 | 5 dates from 6-3-72 to 28-4-72 |
| ). | West Bengal Powerloom Factories Association | 3,00,000 | 2,62,200 | 18,33,570·00 | 4 dates from 9-3-72 to 22-4-72 |
| . | Powerloom Owners Association | 3,00,000 | 2,68,600 | 18,87,710·00 | 3 dates from 13-3-72 to 18-4-72 |
| :. | Powerloom Owners Association of Bengal | 2,40,000 | 2,26,800 | 15,70,380·00 | 4 dates from 3-3-72 to 24-4-72 |
| ;. | Federation of Association of Small Industries of India Ltd. | 7,85,000 | 2,77,800 | 14,91,040 00 | 5 dates from 21-2-72 to 17-4-72 |
| . | Special Officer (Production) R. R. & R Directorate | 1,00,000 | 1,00,000 | 1,13,600·00 | on 9-5-72 |
| | | 74,35,000 | 47,67,800 | 2,01,29,357·00 | |

ior to the above purchase the following purchases of clothings were made from R.I.C. Ltd. and Refugee Handicrafts.

| Name of supplier | Quantity ordered for | Quantity naturally supplied | Value of the supplied articles | Dates of supply |
|---|---|---|---|---|
| | Pcs. | Pcs. | Rs. | |
| Rehabilitation Industries Corporation | 20,000 | 18,014 | 1,19.683·60 | 6 dates from13-5-71 to 21-6-71 |
| Refugees Handicrafts | 20,000 | 19,725 | 59,116·46 | 4 dates from 27-5-71 to 16-6-71 |
| Grand Total | 74,75,000 | 48,05.539 | 2,03,08,157·06 | |

In addition to the above, District Officers of Malda, Jalpaiguri and Bankura purchased 3,77,106 Pcs. of clothings at a total cost of Rs. 19,85,998·76.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** এই যে কেনা হয়েছিল এর কোন কোন সংস্থা টেণ্ডার ও কোটেসান দেন নি তার নাম দেখা গেল। আমার কথা হল এই যে এ্যাসোসিয়েটেড ম্যাগনেট ও মেসার্স দারিকা দাস Valgi Talpatriwala বলে অপর যে কোম্পানী সাপ্লাই করেছিল এদের ব্যাপারে লেখা হয়েছে যে Papers are not being avilable, mode of purchase not known। আমার মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা যে এরূপ আর কোন্ কোন্ সংস্থা আছে যাদের ক্রয় করবার ক্ষমতা দিয়েছিল এবং যদি ইরেগুলারিটি দেখা যায় তাহলে তার বিরুদ্ধে কি কার্যাকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে কয়েবটি প্রতিষ্ঠানের নাম দেওয়া হয়েছে যে সমস্ত প্রতিষ্ঠানের কাছ থেকে জিনিষপত্র ক্রয় করা হয়েছিল। এই ব্যাপারে দিল্ড কোটেসান বা টেণ্ডার ইনভাইট করে ক্রয় করা হয়েছে। এই সংস্থার বিষয় এই সমস্ত কাগজ পত্র সি, বি, আই এর এনকোয়ারিতে আছে। আমার যতদূর স্মরণে আছে যে গত গণতান্ত্রিক কোয়ালিসান মন্ত্রীসভার সাব কমিটির নির্দেশ ছিল যে যেন টেণ্ডার ডেকে সব ক্রয় করা হয়। বিনা টেণ্ডারে যেন কোন কিছু ক্রয় করা না হয়। কিন্তু দুর্ভাগ্যবশতঃ বিনা টেণ্ডারে ক্রয় করা হয়, এই ব্যাপারে তদন্ত চলেছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আমার জিজ্ঞাস্য যে যারা টেণ্ডার ও কোটেসান না দিয়ে ত্রিপল কাপড় ইত্যাদি কিনেছিলেন, কে কর্মকর্তা ছিলেন ?

**শ্রীসন্তোষ কুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে কাগজ পত্র নেই, তবে যতদূর আমি অনুসন্ধান করে জানতে পেরেছি তৎকালীন যিনি রিহেবিলিটেসান কমিশনার ছিলেন শ্রীবি, বি, মণ্ডল তাঁর নির্দেশে ক্রয় করা হয়েছিল। এ সম্বন্ধে সাব কমিটির বা মন্ত্রীসভার কোন নির্দেশ ছিল না।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** তাহলে সি, বি, আই-এর কাছে যে এনকোয়ারী গেল এই সি, বি, আই-এর কাছে এনকোয়ারিতে যাবার কারণ কি ? সি, বি, আই এ কার বিরুদ্ধে এনকোয়ারি আছে ?

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মামলাটি বিচারাধীন আছে, আমার মনে হয় এ নিয়ে আলোচনা হওয়া উচিত নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** একটা রিপোর্ট যা টেবিলে লেড down টাকা ১৯,৮৫,৯১৮·৭৩ পয়সা, এর কোন টেণ্ডার বা কোটেসান চাওয়া হয়েছিল ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই জবাব খুব তাড়াতাড়ি দিতে হয়েছে তাই আমি পূর্ণ তথ্য জোগাড় করতে পারিনি, সব সংগ্রহ করা সম্ভব হয়নি। আমি সংগ্রহ করে নিশ্চয়ই দেবো। আমার যতদূর মনে পড়েছে সিলড কোটেশান বা টেণ্ডার করে করা হয়েছিল।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** ১৯৬১ সালে যে প্রচুর সংখ্যক টারপলিন কেনা হয়েছিল সেটা কি ব্যবস্থায় অনুমোদন করা হয়েছিল ?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি ও লিষ্ট সাব করেছি তার মধ্যে লেখা আছে। একটা প্রতিষ্ঠানের নাম, এ বাদে যাদের কাছে টারপোলিন হয়েছিল সেটা টেণ্ডার ইনভাইট করে সিলড কোটেসান ইনভাইট করে এবং সেখানে সাধারণভ কমিটি যা নিম্ন মূল্য বা যাদের স্যামপেল ভাল তাদের দিয়েছে।

**শ্রীঅসমঞ্জ দেঃ** এই টারপোলিন ক্রয় করার জন্য বা এই সমস্ত জিনিষ ক্রয় ক জন্য পশ্চিমবঙ্গে তদানিন্তন কালে কোন ক্যাবিনেট সাব কমিটি গঠন করেছিলেন কিনা?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** তখন বাংলাদেশ থেকে আগত অগণিত লোকদের দেখার ও পরিচালনার জন্য তৎকালীন পশ্চিমবঙ্গ সরকার একটি ক্যাবিনেট সাব কমিটি গঠন করেছিলে কিন্তু ক্রয়ের ব্যাপারে টেণ্ডার কমিটি থাকে। সেই কমিটি টেণ্ডার ইত্যাদি ডেকেছেন। তবে অনুমোদনের জন্য ক্যাবিনেট সাব কমিটির কাছে আসে।

[2-10—2-20 p.m.]

**Shri Asamanja De :** কেবিনেট সাব কমিটি তাহলে যে কোটেশান কল করেছিলেন concellation order কে দিয়েছিলেন?

**Shri Santosh Kumar Roy :** এখানে যে তথ্য আছে তা থেকে দেখতে পাচ্ছি কেবিনেট সাব কমিটি প্রথমে একটা ৫ হাজার টারপলিনের সীল্ড কোটেশান নিয়েছিলেন তাড়াত করে যখন শরনার্থীরা এসে পড়ে, তারপরে অন্য সব সীল্ড কোটেশান বিচার বিবেচনা করে যে টে কমিটি অর্ডার দেন। এরপরে সীল্ড টেণ্ডার কল করা হয়েছে, টেণ্ডার কমিটি কর্তৃক কেবি সাব কমিটির অনুমোদন নিয়ে ৫০ হাজার ক্রয় করা হয় ১৫টা ফার্ম মারফত। তারপর আবার টেণ্ডার নেওয়া হয়েছিল, সম্ভবতঃ সেই টেণ্ডারে জিনিষপত্র কেনা হয়নি।

**Shri Asamanja De :** কোটেশান ছাড়া বাইরে কোন অফিসার এই ক্রয়ের স জড়িত ছিলেন?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সদস্যদের আগেই জানিয়ে কিছু ক্রয়ের ব্যাপারে কেবিনেট সাব কমিটির অনুমোদন ছিল না, কাগজপত্র দেখে আমার মনে হ এ সম্বন্ধে বিশেষ তদন্ত হচ্ছে। এখন আর কিছু সে বিষয়ে বলা সম্ভব নয়।

**Shri Asamanja De :** সল্ট লেকে যে টেন্টের ব্যবস্থা করা হয়েছে, তা কি টেণ্ডারের মাধ্যমে করা হয়েছিল?

**Shri Santosh Kumar Roy :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটার সম্বন্ধে নোটীশ না দি বলতে পারব না। তবে একটা কথা মাননীয় সদস্যদের আগেই জানাতে চাই—মন্ত্রী সভার সাবকমিটি ছিল, তাদের কাছ থেকে লবণ হ্রদে শিবির খোলার জন্য কোন অনুমোদন নেওয়া হয় নাই।

**Shri Sarat Chandra Das:** মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন, যে যে প্রতিষ্ঠানের কাছ থেকে জিনিষ খরিদের ব্যবস্থা হয়েছিল, তার অনেকগুলি প্রতিষ্ঠানই ভুয়ো প্রতিষ্ঠান ?

**Shri Santosh Kumar Roy:** মন্ত্রীসভার সাবকমিটী যে নির্দেশ দিয়েছিলেন দপ্তরকে তাতে বলা হয়েছিল যারা দীর্ঘদিন এই দপ্তরে ভালভাবে মালপত্র সরবরাহ করেছে, ভাল কাজ করেছে, এই রকম যাদের রেকর্ড আছে, তাদের যেন জিনিস পত্র supply দেবার জন্য অনুমতি দেওয়া হয়।

**Shri Abdul Bari Biswas:** টেবিলে প্রদত্ত রিপোর্ট দেখছি R. I. C. Ltd ৩৭ হাজার ৮৪৬ টাকা—আর একবার দেখছি ৮ লক্ষ ৪৬ হাজার ১৪৬ টাকার মাল কিনেছিলেন—grand total দেখছি ১২ লক্ষ ২০ হাজার ৪৭৫ টাকার by whom purchased—এখানে লেখা হচ্ছে direct—, who are those direct channel ?

**Shri Santosh Kumar Roy:** এই Rehabilitation Industries Corporation আমাদের Public undertaking আমাদের দপ্তরের খুব সম্ভব যখন প্রয়োজন হয়েছে, তখন তাদের থেকে ক্রয় করে নেওয়া হয়েছে।

**Shri Sibsankar Bandyopadhyaya:** এই কোটেশনের validity সম্পর্কে কোন particular time ছিল কিনা এবং যদি তা থেকে থাকে—, তবে কে তাকে কেনার অনুমতি দিয়েছিল—বলবেন ?

**Shri Santosh Kumar Roy:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগেই বলেছি—কয়েকটি ক্ষেত্রে বর্থ করা আছে—যেখানে কাগজপত্র নাই টেণ্ডার বা কোটেশন কিছুই নাই, সেই সমস্ত ছাড়া কগুলি দেখছি টেণ্ডার বা কোটেশন আহ্বান করে করা হয়েছিল। এই সমস্ত জিনিস যা সরবরাহ া হয়েছে, মন্ত্রিসভা গঠনের পর তার পেমেণ্টের জন্য এসেছিল। টেষ্ট হাউসের সন্দেহের উদ্রেক ায় অর্দ্ধেকের মত পেমেণ্ট আটকে রাখা হয়েছে।

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়:** এই ভ্যালিড পিরিয়ড-এর পর যখন মাল কেনা হোল— ই মাল কেনার অনুমতি কে দিয়েছিলেন ?

**মিঃ স্পীকার:** The Minister has got no information regarding that

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** যে সমস্ত সংস্থা থেকে বিভিন্ন সময়ে এই হিউজ পারমাণ াবার দ্রব্য কেনা হোল ১৯৭১ সালে—মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই সমস্ত সংস্থা বছরের য় ইনকাম ট্যাক্স কি দিয়েছেন এটা অনুসন্ধান করে দেখবেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বোধ হয় আমার কথা ানেন নি। আমরা এখানে দিয়েছি যা তা দু বারে কেনা হয়েছে। একবার কোটেশনে ৫ হাজার কার আর একবার সিল্ড টেণ্ডারে। এবং সেখানে মিনিমাম রেট যার তাকেই প্রায়রিটি দেওয়া চিত মালগুলি সরবরাহ ব্যাপারে স্যাটিসফ্যাকসন যদি হয়ে থাকে। কিন্তু টেষ্ট হাউস রিপোর্ট-এ

দেখছি অন্য রকম। তাই এখনও সরবরাহকারীদের ফুল পেমেন্ট দেওয়া হয় নি, ৫০% দে হয়েছে—অর্ধেক বাকী আছে—এবং বিস্তারিতভাবে তদন্ত করা হচ্ছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** স্যার, আমার প্রশ্ন ছিল অন্য—বিভিন্ন সংস্থা বিভিন্ন যে হিউজ পরিমাণ টাকার দ্রব্য সরবরাহ করেছেন তাদের ১৯৭১ সালের ২৫শে মার্চের মধ্যে ইনকাম ট্যাক্স তারা সেই পরিমাণ দিয়েছেন কিনা এটা অনুসন্ধান করে দেখবেন কিনা? অ সেই আর্থিক বছরে সেই সময় তাদের ইনকাম ট্যাক্স-এর পরিমাণ অনুসারে যা তাদের দেওয়া উ সেই ইনকাম ট্যাক্স দিয়েছেন কিনা।

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** স্যার, প্রশ্নের মাধ্যমে এই অনুরোধ চলে না, তবুও ব যে তাদের তো অর্ধেক টাকা দেওয়াই হয় নি—তাদের কত মুনাফা বা কত ইনকাম ট্যাক্স তা কি দেখা যাবে?

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে সংশ্লিষ্ট অফিসার মণ্ডল সরাসরিভাবে নগদ টাকায় কোন জিনিসপত্র খরিদ করেছে কি না?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** নোটিশ দিলে বলতে পারি।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত :** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে, একটু আগে বললেন কিছু কাগজপত্র পাওয়া যাচ্ছে না—সেই কাগজপত্র যাতে পাওয়া যায়, যাতে অনুসন্ধান সুবিধা হয় এর জন্য সরকার পক্ষ থেকে কি কি চেষ্টা করা হচ্ছে?

**শ্রীসন্তোষকুমার রায় :** স্যার, মাননীয় সদস্যকে আপনার মাধ্যমে আমি আগেই বল যে সমস্ত বিষয়টি সি. বি. আই-এর বিচারাধীন আছে। মাননীয় সদস্য যদি এর থেকে বেশী প্র করেন তাহলে তার জবাব দেওয়া সম্ভব হবে না।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে মিঃ মণ্ডল যখন এ ডিপার্টমেন্টের চার্জে ছিলেন--কত দিনের মধ্যে তাকে সর্বপ্রথম এই ব্যাপারে আমাদের সরকা কৈফিয়ত তলব করলেন?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** মিঃ মণ্ডল এই ডিপার্টমেন্ট থেকে ট্রান্সফার হয়ে যান গত ম সভার পর রাষ্ট্রপতি শাসনের সময়।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত :** এখানে বহু ক্ষেত্রে দেখা যাচ্ছে যে ঐ সমস্ত ঠিকানায় সে সমস্ত লোক বাসই করে না - এ সম্বন্ধে আপনি কিছু বলতে পারেন কি?

**শ্রীসন্তোষকুমার রায় :** সমস্ত বিষয়টি অনুসন্ধান হচ্ছে এবং এটা বিচারাধীন। আজ এর বেশী কিছু বলা সম্ভব নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** এই বিষয়ে আমি যতদূর শুনেছি যে মাননীয় মন্ত্রী শ্রীজয়না আবেদিন সাহেব অভিযোগ করেছিলেন এবং সেই অভিযোগগুলি ছিল ইনকাম ট্যাক্সের নয়, সে

ট্যাক্সের ব্যাপারে। আমার প্রশ্ন হচ্ছে যে তারা কত পরিমাণ সেলস ট্যাক্স দিয়েছে এটা কি বলবেন ?

**শ্রীসন্তোষকুমার রায় :** ডাঃ জয়নাল আবেদিন সাহেব কি বিষয়ে নালিশ করেছিলেন এটা জনস্বার্থের খাতিরে আজই আমি প্রকাশ করতে পারবো না। আর ওরা সেলস ট্যাক্স দিয়েছেন কিনা সেটা অর্থ দপ্তরের ব্যাপার, তাঁদের কাছে প্রশ্ন রাখলে তাঁরা বলতে পারেন, আমার পক্ষে সম্ভব নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** এটা অনেকগুলি টাকার সেলস ট্যাক্সের ব্যাপার। ১৯৭১ সালের ২৫শে মার্চের পর আমাদের সরকারের কাছে হিসাব অনুযায়ী অর্থদপ্তরে সেই সেলস ট্যাক্স আসল কিনা এটা একটা ভাইটাল প্রশ্ন। মন্ত্রীমহাশয় কি অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবেন এটা তদন্ত করে দেখতে ?

( নো রিপ্লাই )

**শ্রীঅসমঞ্জ দে :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, আমাদের এই জনপ্রিয় সরকার থাকা সত্ত্বেও তার ক্যাবিনেট সাব কমিটির অনুমোদন প্রত্যাখান করে যারা যারা এইসব ক্রয় করেছিলেন তাদের মধ্যে কোন লোকের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কি না ?

**শ্রীসন্তোষকুমার রায় :** জনস্বার্থের খাতিরে এটা বলা সম্ভব নয়। এ সম্বন্ধে অনুসন্ধান হচ্ছে, তদন্ত হচ্ছে, জিনিষটা যদি বিচারে ওঠে সমস্ত জিনিষটা জানতে পারবেন।

[2-20—2-30 p.m.]

## পশ্চিম দিনাজপুর জেলায় টি আর স্কীম

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৪) **শ্রীযতীন্দ্রমোহন রায় :** ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরের ২৭শে জুন পর্যন্ত পশ্চিম দিনাজপুর জেলায় টি আর স্কীমে থানাভিত্তিক কত টাকা মঞ্জুর করা হইয়াছে, এবং

(খ) প্রতি থানায় অঞ্চলভিত্তিক টি আর স্কীমের (মঞ্জুরী ও চালুর) সংখ্যা ?

**Shri Santosh Kumar Roy :**

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

( বিবরণী নং ১ )

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

( বিবরণী নং ২ )

## বিবরণী নং ১

বিধান সভার প্রশ্ন নং *৪৮৪এর (ক) অংশের উত্তরে বর্ণিত বিবরণী
পশ্চিম দিনাজপুর জেলার থানাভিত্তিক টি, আর, স্কীমে মঞ্জুরীকৃত টাকা (২৭শে জুন পর্যন্ত)

| | থানার নাম | টি আর স্কীমে যে টাকা মঞ্জুর করা হইয়াছে তাহার পরিমান<br>টাকা |
|---|---|---|
| ১ | হিলি | ৪৪,০৩৮ |
| ২ | বালুরঘাট | ১,১৫,০৭৮ |
| ৩ | কুমারগঞ্জ | ৮৯,২৪৮ |
| ৪ | গঙ্গারামপুর | ১,৩৪,৬৫৩ |
| ৫ | তপন | ৯৪,৭৭১ |
| ৬ | রায়গঞ্জ | ১,৩৩,৮২৫ |
| ৭ | কালিয়াগঞ্জ | ১,০১,৮৬৩ |
| ৮ | কুশমণ্ডি | ১,১০,৫৩৬ |
| ৯ | হেমতাবাদ | ৬২,৫৩২ |
| ১০ | বংশীহারী | ১,৪২,৫৭৫ |
| ১১ | ইটাহার | ২,০১,৩১৬ |
| ১২ | চোপড়া | ৭৭,০৪৯ |
| ১৩ | ইসলামপুর | ১,৪৮,৬১৩ |
| ১৪ | গোয়ালপুকুর ১নং | ৫৬,৫৪৬ |
| ১৫ | গোয়ালপুকুর ২নং | ৭৩,১২৪ |
| ১৬ | করণদিঘি | ৭৫,২০২ |

## বিবরণী নং ২

বিধান সভার প্রশ্ন নং *৪৮৪এর (খ) অংশের উত্তরে বর্ণিত বিবরণী
পশ্চিম দিনাজপুর জেলার প্রতি থানায় অঞ্চলভিত্তিক টি আর স্কীমের মঞ্জুরী ও চালুর সংখ্যা

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সংখ্যা |
|---|---|---|
| **থানা—হিলি** | | |
| ১ হিলি | ২ | ২ |
| ২ পাঙ্কুল | ২ | ২ |
| ৩ ধলপাড়া | ২ | ২ |
| ৪ বিনসিরা | ২ | ২ |
| ৫ জামালপুর | ৩ | ৩ |
| মোট | ১১ | ১১ |
| **থানা—বালুরঘাট** | | |
| ১ বোল্লা | ৭ | ২ |
| ২ জলঘর | ৭ | ৪ |
| ৩ চকভৃগু | ৬ | ২ |
| ৪ বোয়ালডার | ৬ | ২ |
| ৫ ভাটপাড়া | ৬ | ২ |
| ৬ ডাঙ্গা | ৮ | ৬ |
| ৭ পতিরাম | ৬ | ২ |
| ৮ নাজিরপুর | ৭ | ৩ |
| ৯ গোপালবাটী | ৬ | ২ |
| ১০ অমৃতখণ্ড | ৭ | ৩ |
| ১১ চিংগিসপুর | ৭ | ৪ |
| মোট | ৭৩ | ৩২ |

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সংখ্যা |
|---|---|---|
| | **থানা—কুমারগঞ্জ** | |
| ১ সাফানগর | ৫ | ২ |
| ২ জোড় | ৬ | ৩ |
| ৩ রামকৃষ্ণপুর | ৫ | ২ |
| ৪ মোহনা | ৫ | ৩ |
| ৫ সমজিয়া | ৫ | ২ |
| ৬ বটুন | ৫ | ৪ |
| ৭ জাকিরপুর | ৫ | ৩ |
| ৮ দিওর | ৫ | ২ |
| | মোট ৪১ | ২১ |
| | **থানা—গংগারামপুর** | |
| ১ সুকদেবপুর | ৯ | ২ |
| ২ বেলবাড়ী | ১০ | ৪ |
| ৩ নন্দনপুর | ৯ | ২ |
| ৪ দমদমা | ১০ | ৪ |
| ৫ গংগারামপুর | ৯ | ৪ |
| ৬ জাহাঙ্গীরপুর | ৯ | ৩ |
| ৭ বাসুবিঘা | ১০ | ১ |
| ৮ চালুন | ৯ | ৩ |
| ৯ উদয় | ৯ | ২ |
| ১০ অশোকগ্রাম | ৯ | ১ |
| | মোট ৯৩ | ২৬ |

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সংখ্যা |
|---|---|---|
| **থানা—তপন** | | |
| ১ রামপাড়া চেচুড়া | ৪ | ৩ |
| ২ আজমতপুর | ৫ | ৪ |
| ৩ হজরতপুর | ৪ | ২ |
| ৪ রামপুর | ৬ | ৫ |
| ৫ দ্বিপখন্ড | ২ | ১ |
| ৬ তপনচণ্ডিপুর | ৩ | ২ |
| ৭ রামচন্দ্রপুর | ৩ | ২ |
| ৮ গুড়োইল | ২ | ১ |
| ৯ আওটিনা | ৫ | ৪ |
| ১০ মালঞ্চ | ২ | ১ |
| ১১ গোফানগর | ৪ | ৩ |
| মোট | ৪০ | ২৮ |
| **থানা—রায়গঞ্জ** | | |
| ১ ভাটুন | ৭ | ৭ |
| ২ জগদীশপুর | ৬ | ৪ |
| ৩ মহিপুর | ৭ | ৪ |
| ৪ বিন্দোল | ৪ | ৪ |
| ৫ সেরপুর | ৭ | ৪ |
| ৬ রামপুর | ৫ | ৪ |
| ৭ সাতগ্রাম | ৯ | ৪ |
| ৮ বাহিন | ১০ | ৬ |
| ৯ গৌরী | ৮ | ৬ |

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর স খ |
|---|---|---|
| ১০ মাড়াইকুড়া | ৫ | ৩ |
| ১১ কমলবাড়ী | ৫ | ২ |
| ১২ বড়ুয়া | ৬ | ৫ |
| ১৩ বারঘই | ৮ | ৪ |
| | মোট ৮৭ | ৫৭ |

থানা—কালিয়াগঞ্জ

| | | |
|---|---|---|
| ১ অনন্তপুর | ৬ | ২ |
| ২ ধনকৈল | ৮ | ৪ |
| ৩ রাধিকাপুর | ১২ | ৭ |
| ৪ বোচাডাঙ্গা | ৬ | ৬ |
| ৫ কালিয়াগঞ্জ | ৬ | ৪ |
| ৬ ভাণ্ডার | ৭ | ২ |
| ৭ মুস্তাফানগর | ৬ | ২ |
| ৮ বরুনা | ৫ | ২ |
| ৯ মালগাঁও | ৩ | ২ |
| | মোট ৫৯ | ৩১ |

থানা—কুশমণ্ডি

| | | |
|---|---|---|
| ১ আগ্‌চা | ৬ | ৫ |
| ২ করণজি | ৪ | ২ |
| ৩ উদয়পুর | ১০ | ৮ |
| ৪ কুশমণ্ডি | ৫ | ৩ |
| ৫ দেউল | ৫ | ৩ |

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সংখ্যা |
|---|---|---|
| ৬ বেড়াইল | ৬ | ৪ |
| ৭ কালিকামোড়া | ৪ | ৩ |
| ৮ মালিগাঁও | ৮ | ৭ |
| মোট | ৪৮ | ৩৫ |

## থানা—হেমতাবাদ

| | | |
|---|---|---|
| ১ চৌনগর | ৭ | ৪ |
| ২ বিষ্ণুপুর | ৮ | ৫ |
| ৩ নওদা | ৭ | ৩ |
| ৪ হেমতাবাদ | ৭ | ৫ |
| ৫ বাঙ্গালবাড়ী | ৭ | ৫ |
| মোট | ৩৬ | ২২ |

## থানা—বংশীহারী

| | | |
|---|---|---|
| ১ বৈরাহাটা | ৩ | ১ |
| ২ ব্রজবল্লভপুর | ৪ | ৩ |
| ৩ এলাহাবাদ | ৫ | ৩ |
| ৪ শিবপুর | ৪ | ২ |
| ৫ মহাবাড়ী | ৩ | ১ |
| ৬ বাগিচাপুর | ৩ | ২ |
| ৭ শিরষি | ৮ | ৬ |
| ৮ কুশুরী | ৪ | ৩ |
| ৯ গাঙ্গুরীয়া | ৩ | ২ |
| মোট | ৩৭ | ২৩ |

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সং |
|---|---|---|
| **থানা—ইটাহার** | | |
| ১ সুরুন | ২৪ | ১১ |
| ২ দুর্গাপুর | ১১ | ৭ |
| ৩ দুর্লভপুর | ১০ | ৬ |
| ৪ পতিরামপুর | ১০ | ৬ |
| ৫ ইটাহার | ২১ | ৮ |
| ৬ গুলদর | ১৯ | ৭ |
| ৭ কাপাসিয়া | ২৯ | ৭ |
| ৮ সৈয়িদপুর | ৯ | ৭ |
| ৯ গোর্কন | ১৯ | ৯ |
| ১০ মারনাই | ৯ | ৫ |
| ১১ জয়হাট | ২৫ | ১০ |
| মোট | ১৮৬ | ৮৩ |

**থানা—চোপড়া**

| | | |
|---|---|---|
| ১ সোনাপুর | ১২ | ৭ |
| ২ চোপড়া | ১০ | ২ |
| ৩ ছুটিয়াখোড় | ১০ | ২ |
| ৪ হরিপুর | ১০ | ৪ |
| ৫ ঘুর্ণিগাঁও | ১২ | ৬ |
| ৬ দাসপাড়া | ১২ | ৮ |
| ৭ মাঝিয়ালি | ৭ | ১ |
| মোট | ৭৩ | ৩০ |

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সংখ্যা |
|---|---|---|

## থানা—ইসলামপুর

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সংখ্যা |
|---|---|---|
| ১ ইসলামপুর | ৪ | ২ |
| ২ গয়শাল | ২ | ১ |
| ৩ গুঞ্জরিয়া | ৩ | ২ |
| ৪ পণ্ডিতপোতা | ২ | ২ |
| ৫ মাটীকুণ্ডা | ৪ | ২ |
| ৬ গোবিন্দপুর | ৬ | ২ |
| ৭ সুজালী | ৪ | ১ |
| ৮ অগুদস্থিথল্লি | ২ | ১ |
| ৯ রামগঞ্জ | [illegible] | ৩ |
| মোট | ৩০ | ১৬ |

## থানা—গোয়ালপুকুর (১)

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সংখ্যা |
|---|---|---|
| ১ পুখোরিয়া | ৪ | ৩ |
| ২ থাগড়া | ৪ | ২ |
| ৩ পাঞ্জিপাড়া | ৩ | ২ |
| ৪ ধরমপুর | ৪ | ২ |
| ৫ লোধন | ২ | ১ |
| ৬ গোয়াগাঁও | ২ | ২ |
| ৭ শাহপুর | ২ | ২ |
| ৮ গুটী | ২ | ২ |
| ৯ গোয়ালপুকুর | ৩ | ১ |
| ১০ মহুয়া | ২ | ২ |
| ১১ চৈনগাঁও | ২ | ১ |
| | [illegible] | ২০ |

| অঞ্চলের নাম | টি আর স্কীমের মঞ্জুরীর সংখ্যা | টি আর স্কীমের চালুর সংখ্যা |
|---|---|---|
| **থানা—গোয়ালপুকুর (২)** | | |
| ১ বেলান | ৩ | ২ |
| ২ সূর্য্যপুর | ৪ | ৪ |
| ৩ তরিয়াল | ২ | — |
| ৪ মির্জাপুর | ১ | ১ |
| ৫ কানকি | ১ | ১ |
| ৬ গকালিয়া | ২ | ১ |
| ৭ সাহাপুর | ৫ | ২ |
| ৮ বিগ্যানন্দপুর | ৫ | ৪ |
| মোট | ২৩ | ১৩ |
| **থানা—করণদিঘি** | | |
| ১ ডালখোলা | ৪ | ৪ |
| ২ রাণীগঞ্জ | ৫ | ৩ |
| ৩ দোমহলা | ৯ | ১ |
| ৪ বাজারগাঁও | ৯ | ২ |
| ৫ রসাখোয়া | ৯ | ৪ |
| ৬ লহুতারা | ১৯ | ৪ |
| ৭ করণদিঘি | ১১ | ২ |
| ৮ আলতাপুর | ৬ | ১ |
| মোট | ৭২ | ২১ |

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** টোট্যাল কতটা খরচ হয়েছে এবং কতটা ব্যালেন্সে আছে এ পর্য্যন্ত সেটা বলতে পারেন কি ?

**শ্রীসন্তোষকুমার রায় ঃ** টোট্যালটা করা নেই, অ্যামাউণ্টটা লেখা আছে। এটা লাইব্রেরীর টেবিলে দেওয়া আছে, যোগ করে নিলেই সেটা জানতে পারবেন।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** মঞ্জুরি কতটা লেখা আছে। ব্যালান্স কতটা আছে বলতে পারেন?

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** আপনি প্রশ্নে জানতে চেয়েছিলেন কতটা মঞ্জুর হয়েছে, কতটা ব্যয় হয়েছে সে প্রশ্ন করেন নি। এ সম্বন্ধে প্রশ্ন না করলে জবাব দেওয়া মুশকিল।

## Starred Questions

(to which written answers were laid on the table)

### মাধ্যমিক শিক্ষকগণের মহার্ঘভাতা

*২৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৭) **শ্রীনিতাইপদ সরকারঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৮ সাল হইতে মাধ্যমিক শিক্ষকগণকে দেয় ১৭.৫০ টাকা মহার্ঘভাতা দেওয়া হইতেছে না;

(খ) সত্য হইলে, উক্ত টাকা বন্ধ করিবার কারণ কি; এবং

(গ) উক্ত বকেয়া টাকা প্রদানের বিষয়টি সরকার বিবেচনা করিতেছেন কিনা?

**The Minister for Education Department**:

(ক) হ্যাঁ; ১৯৬৮-৬৯ সালের সেপ্টেম্বর হইতে উক্ত মহার্ঘভাতা দেওয়া হয় নাই।

(খ) ১৯৬১-৬২ সালে ১-৪-৬১ তারিখ হইতে যখন নূতন বেতন হার প্রবর্তিত হয় তখন এই মহার্ঘভাতা যে সমস্ত মাধ্যমিক বিদ্যালয় পূর্ণ ঘাটতি অনুদান পাইয়া থাকে তাহাদের শিক্ষকদের মূল বেতনের সঙ্গে উহা যুক্ত হইয়া যায়। সাহায্যবিহীন ও থোক্ অনুদান প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ উহা পাইতে থাকেন এবং ১৯৬৮-৬৯ সালের সেপ্টেম্বর মাস হইতে উহা বন্ধ করিয়া দেওয়া হয়।

আবার ১৯৬৫ সাল হইতে নূতন মহার্ঘভাতার প্রবর্তন হয় এবং ইহার হার বর্দ্ধিত হইয়া বর্তমানে—

সাহায্যবিহীন ও থোক অনুদান প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য—৯০+৮=৯৮ টাকা এবং ৭.৫০ টাঃ অতিরিক্ত বেতন বাবদ

ঘাটতি অনুদান প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য—৮ টাকা।

এই নূতন মহার্ঘভাতা প্রবর্তনের দরুন এবং সরকারের আর্থিক বরাদ্দের অভাবে মাসিক ১৭.৫০ টাঃ হারে উক্ত মহার্ঘভাতা ১৯৭১ সালের জুলাই মাসের এক সরকারী আদেশ বলে বন্ধ হইয়া যায়।

(গ) না।

### খরা পরিস্থিতি মোকাবিলার জন্য সরকারী সাহায্য

*২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য জেলাওয়ারী সরকার এ পর্যন্ত কি পরিমাণ টাকা ও ত্রাণ সামগ্রী সরবরাহ করিয়াছেন?

**The Minister for Relief and Social Welfare Department**:

একটি বিবরণী এতদসহ উপস্থাপিত করা হইল।

**পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ ও সমাজ (ত্রাণ) বিভাগ কর্তৃক বিভিন্ন জেলার খরা পরিস্থিতি মোকাবিলা করার জন্য ১-৪-৭২ হইতে ৭-৭-৭২ অবধি বিভিন্ন খাতে অর্থ বরাদ্দের বিবরণী ( শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় এম.এল.এ. কর্তৃক *২২৯নং বিধানসভা প্রশ্নের উত্তর )**

| জেলা | খয়রাতি সাহায্য নগদ টাকা | খয়রাতি সাহায্য খাদ্য শস্য ( মেট্রিক টন ) | সহায়ক কর্ম ( টি, আর ) নগদ টাকা | সহায়ক কর্ম ( টি, আর ) খাদ্য শস্য (মে: ট.) | ত্রাণ সংক্রান্ত অন্যান্য অর্থ বরাদ্দ (Relief Contingencies) টাকা | কৃষি ঋণ টাকা |
|---|---|---|---|---|---|---|
| (১) বাঁকুড়া | ১৭,৮৬,২২০ | ১৫ | ৫৫,৫৪,১০০ | ১৮৭.৫ | ১,৬৫,০০০ | ৩,০০,০০০ |
| (২) বর্ধমান | ১৫,৬২,৫৬০ | — | ১৪,৩০,৩০০ | ১২৫ | ১,৯২,০০০ | ২.৯৬,০০০ |
| (৩) বীরভূম | ৮,২৩,২৪০ | ১০ | ১২,৭৫,০০০ | ১২৫ | ৫৯,১৫৬ | ২,৮৩,০০০ |
| (৪) হুগলী | ১১,১৮,০০০ | — | ৯,০০,০০০ | ১২৫ | ৬৩.০০০ | ২,২৫,০০০ |
| (৫) মেদিনীপুর | ২৬,৬৮,৮৮০ | ২০ | ৪৬.০০,০০০ | ৫০০ | ২,০৭,৫০০ | ৯,৯৪,০০০ |
| (৬) পুরুলিয়া | ১৩.৬৮.৪৪০ | ১৫ | ৪০,১২,০৯৩ | ১৮৭.৫ | ৩৬,৫০০ | ৫,৯৬,০০০ |
| (৭) হাওড়া | ৬.৭৬,৪০০ | — | ১০.২৮.০০০ | ১২৫ | ৫৫,০০০ | ১,৫৬,০০০ |
| (৮) ২৪-পরগণা | ২৪,৭৩,৭৮৬ | ১০ | ৩৬.৫০.০০০ | ৫০০ | ২,৫২,৫০০ | ৭,২০,০০০ |
| (৯) [illegible] | | | | | | |

| জেলা | খয়রাতি সাহায্য নগদ টাকা | খয়রাতি সাহায্য খাদ্য শস্য ( মেট্রিক টন ) | সহায়ক কর্ম ( টি, আর ) নগদ টাকা | সহায়ক কর্ম ( টি, আর ) খাদ্য শস্য ( মেঃ টন ) | ত্রাণ সংক্রান্ত অন্যান্য অর্থ বরাদ্দ (Relife Contingencies) টাকা | কৃষি ঋণ টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১০) মুর্শিদাবাদ | ১১,৭৯,০৪০ | ১০ | ৩৩,৫০,০০০ | ২৫০ | ১,০৩,৫০০ | ৪,৮১,০০০ |
| ১১) মালদহ | ৭,১৮,০০০ | ১০ | ২৫,৫০,০০০ | ১২৫ | ১,৮২,২০০ | ৩,০০,০০০ |
| ১২) কোচবিহার | ৫,৬৭,৬৮০ | — | ৭,০০,০০০ | ১৭৫ | ৮১,০০০ | ১,৩৫,০০০ |
| ১৩) জলপাইগুড়ি | ৭.১০.৭০০ | — | ৫,০০,০০০ | ৬২.৫ | ৮১,০০০ | ১,৩৮,০০০ |
| ১৪) পশ্চিম দিনাজপুর | ৮,৩২,৭৬০ | — | ১১,২৫,০০০ | ১২৫ | ১,১১,০০০ | ৪,৯৫,০০০ |
| ১৫) দার্জিলিং | ১,৪০,৬৮০ | — | ১ ৫০,০০০ | ৩২.৫ | ৪৩,০০০ | ৯৩,০০০ |
| ১৬) বিভাগীয় কমিশনারগণ | — | — | — | — | — | ১,৫০,০০০ |
| মোট ...... | ১৭৪,১২,৮০৬ | ১০০ মেঃ টন | ৩.৪৪,২৪,৪৯৩ | ২,৮৯৫ মেঃ টন | ১৮,৬৪,১৭৬ | ৫৫,৫৪,০০০ |
| | | মূল্য—৯২,৩০০ | | মূল্য—২৫,৩৩.১২৫ টাকা | | |

**পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ত্রাণ পরিস্থিতি মোকাবিলা করার জন্য ১-৪-৭২ হইতে ৩০-৬-৭২ অবধি প্রেরিত বিভিন্ন ত্রাণ সামগ্রীর বিবরণী।**

| জেলা | ধুতি | শাড়ি | শিশুদের পোষাক | কম্বল | ত্রিপল | তাঁবু | ওষুধ | তাঁবুর পাটি | পুরানো কাপড় | বিস্কুট পাউণ্ড | গুঁড়া দুধ কেজি | চাকি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বাঁকুড়া | ৪০০ | ৫৫০ | ২৮০০ | ১৫০ | ১৫০ | ১০ | — | — | — | — | ৭৫০০ | — |
| বর্ধমান | ২০০ | ৪০০ | ১২০০ | — | ৩৫০ | ৫০ | — | — | — | — | — | — |
| বীরভূম | — | — | ৩০০০ | — | ১০ | — | — | — | — | — | — | — |
| হুগলী | — | — | — | — | — | — | — | — | — | ৮৬ | — | — |
| মেদিনীপুর | ৫০০ | ৫০০ | ২০০০ | — | ১০০ | ৮৫ | — | — | — | — | — | ২৫০ |
| পুরুলিয়া | — | — | ১০০০ | ৩০০ | — | ৫০ | — | ৫০ | ১৫ | — | ৭৫০০ | — |
| হাওড়া | — | — | — | — | — | — | — | — | — | ৮৬ | — | — |

| জেলা | ধুতি | শাড়ি | শিশুদের পোষাক | কম্বল | ত্রিপল | তাঁবু | ওষুধ | তাঁবুর পাটি | পুরানো কাপড় | বিস্কুট পাউণ্ড | গুড়া দুধ কেজি | চাকি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নদীয়া | — | — | — | — | — | — | — | — | — | ৮৫ | — | — |
| মুর্শিদাবাদ | ৫০০ | ৫০০ | ২০০০ | — | — | — | — | — | — | ৮৬ | — | — |
| মালদহ | — | — | — | — | — | — | — | — | — | ৮৮ | — | — |
| পশ্চিমদিনাজপুর | — | — | — | — | — | — | — | — | — | ৮৮ | — | — |
| জলপাইগুড়ি | ১০০০ | ৯৩০ | ২০০০ | — | ২০০ | ১১৫ | ১৬০ | — | — | ৮৮ | — | — |
| কোচবিহার | — | — | — | — | — | — | — | — | — | ৭০ | — | — |
| মোট | ২৬০০ | ২৮৮০ | ১৪০০০ | ৪৫০ | ৮১০ | ৩১০ | ১৬০ | ৫০ | ১৫ | ৭৭৭ | ১৫০০০ | ২৫০ |

### Slow-moving Vehicles

*278. (Admitted question No. *376.) **Shri Rajani Kanta Doloi** : W the Minister-in-charge of the Home (Transport) Department be pleased state—

(a) whether the Government has any proposal to eliminate the slo moving vehicles from cities and towns ; and

(b) if so, what are the proposals ?

**The Minister for Home (Transport) Department :**

(a) No.

(b) Does not arise.

### অগ্নিকাণ্ডের ফলে গৃহহীনদের পুনর্বাসন ব্যবস্থা

*২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩) **শ্রীকাশীনাথ মিশ্র** : ত্রাণ বিভাগের মন্ত্রিমহো অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে ১৯৭২ সালের মার্চ হইতে মে মাস পর্যন্ত কতগুলি বা অগ্নিদগ্ধ হইয়া বিনষ্ট হইয়াছে ,

(খ) এ ব্যাপারে ক্ষতির মোট পরিমাণ কত , এবং

(গ) গৃহহীনদের পুনর্বাসনের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Relief Department** :

(ক) ৪৪৩টি বাড়ী ।

(খ) প্রায় ৩,৫০,৭৪০ টাকা ।

(গ) গৃহনির্মাণ অনুদান দেওয়া হইয়াছে ।

### বিধানসভা সদস্যদের সরকারী বাসে যাতায়াতের জন্য পাশ প্রচলন

*২৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬১) **শ্রীমহম্মদ সফিউল্লা** : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিধানসভার সদস্যদের সরকারী বাসে পরিভ্রমণের জন্য যে 'কুপন' চালু আছে তার বদলে পাসের (পাস) প্রচলন করার কোন পরিকল্পনা আছে কিনা ;

(খ) থাকিলে, কবে নাগাদ তাহা চালু করা হইবে ;

(গ) ইহা কি সত্য যে, সরকার বিধানসভার সদস্যদের জন্য ট্রামের 'কুপন' চালু করার বিবেচনা করিতেছেন , এবং

(ঘ) করিয়া থাকিলে, কবে নাগাত উহা চালু করা হইবে ?

**The Minister for Home (Transport) Department :**

(ক) হ্যাঁ।

(খ) যথাসম্ভব সত্বর চালু করার পরিকল্পনা আছে।

(গ) হ্যাঁ।

(ঘ) বলা সম্ভব নয়। এ সম্পর্কে আমি মাননীয় সদস্যদের মতামত জানিতে চাহিয়া একটি পত্র দিয়াছি।

## উদ্বাস্তু শিবিরে ডোল চালু

*২৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯) **শ্রীনিতাইপদ সরকার** : গত ৪ঠা এপ্রিল, ১৯৭২ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন *৩৩ (অনুমোদিত প্রশ্ন নং *১২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বিভিন্ন উদ্বাস্তু শিবিরে ডোল চালু করার ব্যাপারে সরকার কোন সিদ্ধান্ত লইয়াছেন কিনা ; এবং

(খ) লইয়া থাকিলে, তাহা কি ?

**The Minister for Refugee Relief and Rehabilitation Department :**

(ক) ঢালাও কোন সিদ্ধান্ত লওয়া হয় নাই,

(খ) পরিত্যক্ত শিবিরাঞ্চলে ও বিভিন্ন আবাস-অথর্ব সদনে যে সকল পরিবারের 'ডোল' বন্ধ আছে তাঁহারা বিধিমত 'ডোল' পাইবার যোগ্য বিবেচিত হইলে রাজ্য সরকার পুনরায় 'ডোল' চালু করিবার সুপারিশ কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য প্রেরণ করিয়া থাকেন।

## সাব-ইন্সপেক্টর অব স্কুলস এবং প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষক

*২৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২) **শ্রীশিশিরকুমার সেন** : শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে বর্তমানে কতকগুলি সাব-ইন্সপেক্টর অব স্কুলস আছে,

(খ) সমগ্র পশ্চিমবঙ্গে বর্তমানে কতকগুলি প্রাথমিক বিদ্যালয় আছে এবং মোট শিক্ষক সংখ্যা কত, এবং

(গ) ঐ সমস্ত প্রাথমিক শিক্ষকদের মাসিক মাহিনা পাঠাবার জন্য কত টাকা মনি অর্ডার কমিশন বাবত খরচ হয় ?

**The Minister for Education Department :**

(ক) ডেপটি এসিসট্যান্ট ইন্সপেক্টর সহ সাব ইন্সপেক্টর অব স্কুলের অনুমোদিত সংখ্যা—৫৩৬

(খ) ১-৮-৭১ তারিখের আন্তকালীন সংখ্যা এইরূপ—

প্রাথমিক বিদ্যালয়—৩৫,০৮৪ ;

শিক্ষক—১,১৭,৫৪৩।

(গ) কাছাকাছি ৫২,০০,০০০ টাকা।

## অচল ও দুঃস্থ ব্যক্তিদের জন্য ভাতা

*২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৪) **শ্রীমহম্মদ দেদার বক্স** ঃ ত্রাণ এবং সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৬৫ বৎসরের ঊর্ধ্বে অচল ও দুঃস্থ সকল ব্যক্তিকে মাসে মাসে ভাতা দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(খ) সরকার এ রাজ্য হইতে ভিক্ষাবৃত্তি বন্ধ করার কোন পরিকল্পনা লইয়াছেন কিনা ?

**The Minister for Relief and Social Welfare Department :**

(ক) আছে।

(খ) ভিক্ষাবৃত্তি বন্ধের জন্য আইন আছে। কিন্তু অর্থাভাবে ঐ আইন সর্বত্র প্রয়োগ করা সম্ভব নহে। বর্তমানে ভিক্ষাবৃত্তি কিছুটা নিয়ন্ত্রণ করিবার চেষ্টা করা হইতেছে মাত্র।

## Basic Education College for Women

***284.** (Admitted question No. *587.) **Shri Birendra Bijoy Malladeb** : Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government of West Bengal have any plan to open a separate Basic Education College for Women at Jhargram ; and

(b) if so, when ?

**The Minister for Education Department** :

(a) No.

(b) Does not arise.

## মৎস্য চাষের জন্য খাল, বিল, পুকুর সংস্কার

*২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৬) **শ্রীনরেশচন্দ্র চাকী** ঃ মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মৎস্য চাষের জন্য পশ্চিমবাংলায় ৩১শে মার্চ, ১৯৭২ পর্যন্ত কতগুলি পুকুর, বিল ইত্যাদি সংস্কার করা হইয়াছে এবং ইহাতে মোট কত টাকা ব্যয় হইয়াছে ,

(খ) এইসব সংস্কার করা খাল, বিল ও পুকুর হইতে কি পরিমাণ মৎস্য উৎপন্ন হইতেছে ;

(গ) মৎস্য চাষের জন্য সংস্কার করা প্রয়োজন এই রকম আরও কতকগুলি পুকুর, খাল, বিল, ইত্যাদির তালিকা সরকারের আছে এবং ইহার জন্য কত টাকা প্রয়োজন হইবে , এবং

(ঘ) পুকুরের মালিকদের পুকুর সংস্কারের জন্য কিভাবে সাহায্য করা হয় ?

**The Minister for Fisheries Department :**

(ক) ১৯৭২ সালের মার্চ মাসের শেষ পর্যন্ত ৯০০৬ বিঘা আয়তনের হাজা মজা পুকুর, বিল ইত্যাদি সরকারী উদ্যোগে সংস্কার করিয়া মৎস্যচাষ করা হইতেছে। এ বাবদ ব্যয়ের পরিমাণ প্রায় ৫৪,৩১,৫০০ টাকা।

(খ) উক্ত জলাশয় হইতে এ পর্যন্ত উৎপন্ন মাছ এবং চারা পোনার পরিমাণ ও সংখ্যা যথাক্রমে ৪,৯০০ কুইন্টাল এবং ৩,৮১,২০,২২৪টি।

(গ) পশ্চিমবঙ্গে সংস্কার যোগ্য জলাভূমির অধিকাংশই বে-সরকারী মালিকানাধীন। ঐরূপ পুকুর, খাল, দীঘি, বাঁধ ইত্যাদির কোন তালিকা মৎস্য দপ্তরে নাই। সেইজন্য উহা সংস্কারের জন্য কত অর্থের প্রয়োজন বলা শক্ত।

(ঘ) "ব্যক্তিগত মালিকানাধীন পুকুরে মাছচাষের জন্য ঋণদান প্রকল্পে" পুকুরের মালিকদের পুকুর সংস্কার ও মাছ চাষের জন্য বিঘাপ্রতি ৭০০ টাকা ঋণ হিসাবে দেওয়া হয়। ঋণদানের পরে প্রথম তিন বছর শতকরা ৮ টাকা হারে সুদ প্রদেয়। চতুর্থ বছর হইতে বার্ষিক কিস্তিতে আট বছরে ঋণ ও সুদ পরিশোধ্য। যথাসময়ে ঋণের প্রতিটি কিস্তি পরিশোধ করিলে ৬½% হারে সুদ গ্রহণ করা হয়।

ইহা ছাড়াও এগ্রিকালচারাল রিফাইন্যান্স কর্পোরেশন ও ব্যাঙ্ক হইতে ঋণ গ্রহণের জন্য পুকুরের মালিকদের যথাযথ টেকনিক্যাল পরামর্শ দিয়া স্কীম প্রণয়নে ও তাহা রূপায়ণে সাহায্য করা হয়।

উপরোক্ত ঋণদান প্রকল্প ছাড়া Applied Nutrition Programme-এর অধীনে ১০টি নির্দি ব্লকের অন্তর্গত পুকুরের মালিকদের আঞ্চলিক পরিষদের তত্ত্বাবধানে পুকুর সংস্কার ও মাছ চাষের জন্য প্রথম বছরে বিঘাপ্রতি ২৯১ টাকা ও দ্বিতীয় বছরে কেবল পোনা ছাড়িবার জন্য বিঘাপ্রতি ৯১ টাকা আর্থিক সাহায্য দেওয়া হয়। সংশ্লিষ্ট আঞ্চলিক পরিষদ মারফত আর্থিক সাহায্য দেওয়া হয়। সাহায্যের বিনিময়ে দ্বিতীয় বছরের শেষ হইতে পঞ্চম বছর পর্যন্ত পুকুরের মালিকগণ বিঘাপ্রতি ১২ কে. জি. মাছ সংশ্লিষ্ট আঞ্চলিক পরিষদকে সরবরাহ করিতে চুক্তিবদ্ধ থাকিবেন। ঐ মাছের ২ কে. জি. Free Feeding Programme অনুযায়ী নির্দিষ্ট ব্লকের প্রসূতিমাতা ও শিশুদের মধ্যে সরবরাহ করা হয়। বাকী ১০০ কে. জি. মাছের বিক্রয়লব্ধ অর্থ আঞ্চলিক পরিষদে জমা রাখা হ যাহাতে মীনপোষ অধিকর্তার অনুমোদন সাপেক্ষ ঐ টাকা ব্লকে মাছ চাষ প্রসারে ভবিষ্যতে ব্যবহার করা যায়।

## ''বিজ্ঞান মন্দির''

*২৮৬। ( অনুমোদিত প্রশ্ন নং *৫৯৮ ) ডাঃ **শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** শিক্ষাবিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোথায় কোথায় ''বিজ্ঞান মন্দির'' আছে এবং ইহাদের কাজ কি ;

(খ) ঐ সকল মন্দির সরকারের হাতে আসিবার পর ইহাদের জন্য কত টাকা খরচ হইয়াছে ;

(গ) ইহা কি সত্য যে, ''ইটাচুনা বিজ্ঞান মন্দির''-এর সম্মুখ দিয়া বৈদ্যুতিক লাইন যাওয়া সত্ত্বেও ( ২৫ মিটার দূরত্ব ) এখানে এখনো পর্যন্ত উহাতে বিদ্যুৎ সংযোগ করা হয় নাই এবং

(ঘ) সত্য হইলে

(১) ইহার কারণ কি এবং

(২) এবিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Education Department** :

(ক) (১) বর্ধমান জেলা—করন্দন

(২) হুগলী—ইটাচুনা

(৩) বাঁকুড়া—ঝিলিমীলি

(৪) মেদিনীপুর—এরগোদা

(৫) ২৪-পরগণা—হারোয়া

কার্য্যবিবরণীর একটা বিবরণ এর সঙ্গে দেওয়া হল।

(খ) ঐ সকল মন্দিরের জন্য বাৎসরিক আনুমানিক ৬০,০০০ টাকা ( ষাট হাজার টাকা ধার্য্য আছে।

(গ) হ্যাঁ, সত্য।

(ঘ) ইটাচুনা বিজ্ঞান মন্দির প্রবুদ্ধ ভারত সংঘের জমির উপর অবস্থিত। এই জমি সরকারের হাতে ন্যস্ত করা হয়নি। কাজেই অপরের জমির উপর তৈরী বাড়িতে সরকারী খরচায় বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করতে পারা যায়নি। ঐ জমি যাতে সরকারের হস্তে ন্যস্ত হয়, সেজন্য জেলা সমাজশিক্ষা আধিকারিকের মাধ্যমে সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

বিজ্ঞান মন্দিরগুলি নিম্নলিখিত উদ্দেশ্য নিয়ে প্রতিষ্ঠিত হয়েছিল :—

১। একটি বিজ্ঞান বিষয়ক প্রদর্শশালা থাকবে যার মধ্যে গ্রামবাসীদের উপকারের জন্য রাখা হবে নানাবিধ উদ্ভিদ, প্রাণী ও খনিজ দ্রব্যের নমুনা। এই প্রদর্শশালার সঙ্গে একটি ''হবি সেন্টার'' থাকবে।

২। সাধারণভাবে গ্রামবাসীদের ও বিশেষভাবে ছাত্রদের উপকারের জন্য একটি গ্রন্থাগার যার মধ্যে থাকবে প্রাত্যহিক বিজ্ঞান সম্বন্ধে নানাবিধ জনপ্রিয় বই। একটি গবেষণাগার থাকবে কাজ হবে গ্রামবাসীদের উপকারের জন্য মাটি ও জল পরীক্ষার ও খাদ্যদ্রব্যে ভেজাল পরীক্ষার করা।

৩। গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলিতে বিজ্ঞান বিষয়ক সংগঠনের (Science Club) ব্যবস্থা। সাধারণ বৈজ্ঞানিক পরীক্ষাগুলি কৃষক ও গ্রামবাসীদের উপকারের জন্য তাদের সামনে ার ও প্রাত্যহিক বিজ্ঞান বিষয়ে জনপ্রিয় বক্তৃতার ব্যবস্থা করা।

৪। গ্রামবাসীদের উপকারের জন্য মাঝে মাঝে প্রদর্শনীর ব্যবস্থা করা, বিজ্ঞান তথ্য সংগ্রহ করা এবং গ্রামবাসীদের মধ্যে "বিজ্ঞান প্রতিভা" প্রতিযোগতার করা।

## বাঁকুড়া জেলায় অনাহারে মৃত ব্যক্তি ও গবাদি পশু

*২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় ্পূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার প্রতি ব্লকে ১৯৭২ সালের মার্চ হইতে মে মাস পর্যন্ত রে মৃত (১) ব্যক্তির এবং (২) গবাদি পশুর সংখ্যা কত?

**The Minister for Relief Department** :

(১) এবং (২) অনাহারে কোন ব্যক্তির বা গবাদি পশুর মৃত্যুর সংবাদ পাওয়া যায় নাই।

## কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেসনের বাস

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫) **শ্রীনিতাইপদ সরকার ঃ** গত ২ই মে, ১৯৭২, য প্রদত্ত অ-তারকিত ২৬৬ (অনুমোদিত প্রশ্ন নং ৫১৬) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বরাষ্ট্র (পরিবহণ) ার মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের নূতন বাসের সংখ্যা বৃদ্ধি পাইয়াছে কিনা এবং পাইয়া থাকিলে, কত বৃদ্ধি পাইয়াছে,

(খ) ইতিমধ্যে কয়টি অচল বাস মেরামত করিয়া সচল করা হইয়াছে; এবং

(গ) বাকি অচল বাসগুলি চালু করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Home (Transport) Department** :

(ক) হ্যাঁ। ১-৪-৭২ হইতে ৪৭টি একতলাবিশিষ্ট নূতন বাস এতাবৎ বৃদ্ধি পাইয়াছে।

(খ) ৫-৫-৭২ তারিখে প্রদত্ত ৫১৬নং প্রশ্নের জবাবে যে অচল বাসগুলির কথা বলা হইয়াছিল ্নর, তাহাদের ব্যবহারের নির্দিষ্ট মেয়াদ অতিক্রান্ত হওয়ায়, ব্যবহারের সম্পূর্ণ অনুপযোগী বলিয়া

ঘোষিত হইবার অপেক্ষায় আছি। কাজেই ঐ বাসগুলি মেরামত করিয়া পুনরায় চালু করার পরিকল্পনা নাই।

(গ) প্রশ্ন উঠেনা।

## বাংলাদেশের মাছ

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মৎস্যবিভাগের মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাংলাদেশ থেকে মাছ আমদানির পরিকল্পনাটি বর্তমা অবস্থায় আছে ?

**The Minister for Fisheries Department :**

ভারত সরকারের পক্ষে সেন্ট্রাল ফিসারীজ কর্পোরেশন লিমিটেড বাংলাদেশ থেকে আমদানীর অনুমতি পেয়েছে। কিন্তু বাংলাদেশে অনুরূপ সংস্থার পরিবর্তে বিভিন্ন ব্যক্তিক ভা মাছ রপ্তানীর অনুমতি দেওয়া হয়েছে। হাজার হাজার ব্যবসায়ীর সঙ্গে মাছের দাম ও অন্যান্য চুক্তি করার অসুবিধা দূর করার উদ্দেশ্যে সম্প্রতি ভারত সরকারের এক প্রতিনিধিদল বাংলা সরকারের প্রতিনিধিদের সঙ্গে এ বিষয়ে ঢাকায় আলোচনা করেছেন। বাংলাদেশে একটি কে সরকারী সংস্থা গঠন সাপেক্ষে বিভিন্ন রপ্তানী কেন্দ্রে সমবায় সমিতি গঠনের জন্য বাংলাদেশ সরকা অনুরোধ জানানো হয়েছে। আপাততঃ বাংলাদেশের মৎস্যব্যবসায়ীদের স্বীকৃত সমিতি (Associations) সঙ্গে সেন্ট্রাল ফিসারিজ কর্পোরেশন লিমিটেড চুক্তি করবে বলে উভয় প্রতিনিধি মধ্যে মতৈক্য হয়েছে। কিন্তু বিভিন্ন মাছের রপ্তানীমূল্য এখনও নির্ধারিত হয়নি। আ আলোচনার জন্য বাংলাদেশ সরকারের প্রতিনিধিদের কলকাতায় আসার জন্য আমন্ত্রণ জানা হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ভারত সরকারকে অনুরোধ করা হয়েছে যে ভারত ও বাংলা সরকারের মধ্যে আলোচনার মাধ্যমে যেন মাছের দাম আপাততঃ নির্ধারণ করা হয় এবং অন্যান্য ব্যবস্থা সম্পন্ন করে যেন আগামী ১৫ই আগষ্টের আগেই বাংলাদেশ থেকে মাছ আমদানী করা হয়।

## Pay scales of workers of the C.T.C. Ltd.

***291.** (Admitted question No. *378.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether there is any proposal to review the pay scales of the workers of Calcutta Tramways Company ; and

(b) if so, the proposed scales of pay ?

**The Minister for Home (Transport) Department :**

(a) Yes.

(b) The matter is under consideration of Government ;

## মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড

*২৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৬) শ্রীমহম্মদ দেদার বক্স: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার স্কুল বোর্ড (প্রাথমিক) গঠন হয়েছে কিনা,

(খ) না হইলে, ইহার কারণ কি এবং কবে নাগাত গঠিত হইবে,

(গ) উক্ত জেলায় বর্তমান বৎসরে অর্গানাইজড প্রাথমিক স্কুল মঞ্জুরী দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা,

(ঘ) থাকিলে,

(১) কয়টি ও

(২) তাদের জন্য কতজন নূতন শিক্ষকের প্রয়োজন হইবে,

(ঙ) উক্ত জেলায় পূর্ব মঞ্জুরীকৃত প্রাথমিক বিদ্যালয়ে কয়টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য আছে, এবং

(চ) ঐ পদগুলি কিভাবে এবং কবে নাগাত পূরণ করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education Department:**

(ক) না; তবে জেলা স্কুল বোর্ডের অন্য একটি উপদেষ্টা কমিটি গঠিত হইয়াছে।

(খ) জেলা স্কুল বোর্ড নিবর্তিত হইয়াছে, (Superseded)। একটি নূতন সামগ্রিক প্রাথমিক শিক্ষা আইন প্রবর্তনের বিষয় বিবেচনা করা হইতেছে।

(গ) এই জেলায় গ্রামাঞ্চলে বরাদ্দ ৩৪০টি প্রাথমিক বিদ্যালয় বর্তমান বৎসরে মঞ্জুর করা হইবে, এবং তন্মধ্যে প্রয়োজনীয় সর্ত পূরণ সাপেক্ষে অর্গেনাইজড প্রাথমিক মঞ্জুরীর বিষয় বিবেচনার পরিকল্পনা আছে।

(ঘ) (১) উক্ত বরাদ্দ ৩৪০টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী সম্বন্ধে, এই জেলার উপদেষ্টা কমিটির এই বিষয়ে সুপারিশ পাওয়া গেলে সিদ্ধান্ত লওয়া হইবে।

(২) উক্ত ৩৪০টি বিদ্যালয়ের জন্য মোট ৯৯৮ জন শিক্ষক নিযুক্ত হইতে পারিবে।

(ঙ) ১০৭টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য আছে।

(চ) উক্ত বিষয়ে মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের উপদেষ্টা কমিটির সিদ্ধান্ত গ্রহণের পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

## তফসিলী জাতিদের জন্য গৃহনির্মাণ

*২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০) শ্রীশিশিরকুমার সেন: তফসিলী জাতি ও আদিবাসীকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় তফসিলী জাতিদের গৃহনির্মাণের জন্য এই বৎসর সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন ,

(খ) প্রতিটি গৃহনির্মাণের জন্য কত টাকা মঞ্জুরী আছে ; এবং

(গ) মঞ্জুরীকৃত গৃহগুলি নির্মাণের জন্য কোন কন্ট্রাক্টর নিযুক্ত হইয়াছে কিনা ?

**The Minister for Scheduled Castes and Scheduled Tribes Department :**

(ক) এখনও কিছু মঞ্জুর করা হয় নাই।

(খ) এখনও কোনও মঞ্জুরী নাই প্রতিটি গৃহনির্মাণের জন্য মঞ্জুরীর ঊর্ধসীমা ১২০০ টাকা।

(গ) প্রশ্ন ওঠে না।

**Regular payment to the Secondary School teachers**

***294.** (Admitted question No. *590.) **Shri Birendra Bijoy Malladeb** . Will the Minister-in-charge of the Education Department be pleased to state the steps taken by the Government of West Bengal for regular payment of the Secondary School teachers ?

**The Minister for Education Department .**

Up to 1971-72 grants-in-aid to High and Higher Secondary Schools used to be disbursed by the D.P I., West Bengal, from his office in Calcutta under this centralised system, there was some delay in disbursing grants-in-aid to High and Higher Secondary Schools numbering 3822. From April, 1972 the system of payment of grants-in-aid to High and Higher Secondary Schools has been decentralised. In each district a post of District Inspecter of Schools (Secondary Education) has been created and the officer has been entrusted with the work of payment of grants-in-aid to High and Higher Secondary Schools. The first interim grants for 1972-73 has been disbursed by the District Inspectors of Schools in charge of Secondary Education and no complaints about delay in payment of grants have so far been received.

The District Inspectors of Schools (Secondary Education) also have been paying grants-in-aid to Junior High Schools and Govt. D.A. to the staff of all Secondary Schools.

It may be stated in this connection that for regular payment to the staff realisation of tuition fees from the fee-paying students is also necessary.

## বরাহনগর রবীন্দ্র হল

*২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৯) **শ্রীশিবপদ ভট্টাচার্য্য ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বরাহনগর রবীন্দ্র হলের কাজ শেষ হইয়াছে কিনা ; এবং

(খ) শেষ না হইয়া থাকিলে—

(১) ইহার কারণ কি, এবং

(২) কবে নাগাত উহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Education Department :**

(ক) বরাহনগর রবীন্দ্রহল নির্মাণের প্রথম পর্যায় অর্থাৎ মঞ্চ নির্মাণের কাজ শেষ হয়েছে।

(খ) (১) দ্বিতীয় পর্য্যায়ের কাজ অর্থাৎ দর্শকদের বসার জায়গা তৈরীর কাজ আরম্ভ হয় নি। তার কারণ অর্থাভাব ও গত দু'বছরের স্থানীয় পরিস্থিতি।

(২) উপযুক্ত অর্থ সংস্থান হলেই দ্বিতীয় পর্য্যায়ের কাজ শুরু করা যাবে।

### Unstarred Questions

(to which written answers were laid on the table)

## নলকূপ

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩) **শ্রীনিতাইপদ সরকার ঃ** স্বাস্থ্য (রুরাল ওয়াটার সাপ্লাই) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরের খরাজনিত অবস্থায় পশ্চিমবঙ্গে খরা এলাকায় মোট কত নতুন নলকূপ বসানো হইয়াছে,

(খ) কতগুলি অকেজো নলকূপ মেরামতের ব্যবস্থা হইয়াছে, এবং

(গ) বাকি অকেজো নলকূপগুলির মেরামতের কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Health (Rural Water Supply) :**

(ক) ৫,৩৭২টি।

(খ) (১) ৪,০১৮টি পুনর্খনন ; (২) ১৬,৩৫৪টী মেরামত।

(গ) গ্রামীণ পানীয় জল সরবরাহের ব্যবস্থার জন্য বাজেটে যে অর্থ বরাদ্দ করা হয়েছে সেই অর্থের পরিমাণের সঙ্গে সঙ্গতি রেখে অকেজো নলকূপগুলির মেরামতের ব্যবস্থা করা হচ্ছে।

**Per Capita Income in the State**

**131.** (Admitted question No. 355.) **Shri Samsul Alam Khan** : Will the Minister-in-charge of the Finance Department be pleased to state the district-wise break-up of the figures of per capita income in the State during the years 1968, 1969, 1970 and 1971 ?

**The Minister for Finance** : The statement showing the estimates ( tentative ) for the years 1968-69, 1969-70 and 1970-71 is placed below :—

**Estimates of per capita annual district income (Rs.) of West Bengal at current prices (1968-69 to 1970-71)**

| District | | Per capita annual income (in rupees) | | |
|---|---|---|---|---|
| | | 1968-69 | 1969-70 | 1970-71 |
| (1) | | (2) | (3) | (4) |
| Burdwan | ... | 673 | 707 | 685 |
| Birbhum | ... | 506 | 487 | 515 |
| Bankura | ... | 443 | 499 | 482 |
| Midnapore | ... | 397 | 427 | 416 |
| Howrah | ... | 589 | 624 | 617 |
| Hooghly | ... | 533 | 565 | 552 |
| 24-Parganas | ... | 480 | 494 | 479 |
| Calcutta | ... | 920 | 965 | 1,011 |
| Nadia | ... | 291 | 308 | 347 |
| Murshidabad | ... | 275 | 316 | 343 |
| West Dinajpur | ... | 475 | 439 | 468 |
| Malda | ... | 273 | 257 | 304 |
| Jalpaiguri | ... | 559 | 543 | 569 |
| Darjeeling | ... | 409 | 417 | 407 |
| Cooch Behar | ... | 487 | 524 | 525 |
| Purulia | ... | 369 | 330 | 394 |

## জয়নগর ব্লকে নলকূপ

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪০) **শ্রীনীরোদকুমার সাহা**ঃ স্বাস্থ্য (রুরাল ওয়াটার সাপ্লাই) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার জয়নগর ১নং ও ২নং ব্লকে খরাজনিত পরিস্থিতির মোকাবিলা করিবার জন্য নুতন নলকূপ বসানো ও পুরাতন নলকূপ সংস্কারের বিশেষ কর্মসূচী গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে—

(১) এইরূপ কয়টী নলকূপের কর্মসূচী গ্রহণ করিয়াছেন,

(২) তন্মধ্যে এ পর্যন্ত নতুন কতগুলি নলকূপ বসানো ও পুরাতন নলকূপ সংস্কার করা হইয়াছে,

(৩) বাকি কাজগুলির কাজ কতদিনে সম্পন্ন হইবে, এবং

(৪) এজন্য অতিরিক্ত লোক নিয়োগ করা হইলে কোন শ্রেণীর কত জন নিয়োগ করা হইয়াছে ?

**The Minister for Health (Rural Water Supply)** :

(ক) হ্যাঁ।

(খ) (১) প্রতি ব্লকে অন্তত ৩৫টি করিয়া নলকূপ খনন/পুনর্খননের ব্যবস্থা হইয়াছে।

(২) জয়নগর ১নং ব্লকে কোন নতুন নলকূপ বসানো হয় নাই। তবে একটি নলকূপ রি-সিঙ্ক করা হইয়াছে, এবং ৩টি নতুন নলকূপ এবং পুরাতন নলকূপ সিঙ্কিং/রি-সিঙ্কিং-এর কাজ চলিতেছে। জয়নগর ২নং ব্লকে তিনটি নতুন নলকূপ বসানো হইয়াছে এবং তিনটি বসাইবার কাজ চলিতেছে।

(৩) যত শীঘ্র সম্ভব বাকি কাজগুলি সম্পন্ন করা হইবে।

(৪) কোন নতুন লোক নিয়োগ করা হয় নাই।

## পশ্চিমবঙ্গ রাজ্য লটারী

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৬) **শ্রীশঙ্করদাস পাল**ঃ অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের রাজ্য লটারী প্রথা প্রবর্তন হওয়ার পর গত ১৯৬৯ সাল হইতে বাৎসরিক আয়ের মাত্রা কমিতে কমিতে ১৯৭১ সালে ৭৮ হাজার টাকা লোকসান হইয়াছে ;

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ;

(গ) লটারী ব্যবস্থা জনসাধারণের মধ্যে যাহাতে আরও আকর্ষণীয় হয় ও জনপ্রিয়তা লাভ করে তাহার জন্য সরকার কোন স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথা চিন্তা করিতেছেন কিনা ; এবং

(ঘ) করিয়া থাকিলে, তাহা কি ?

**The Minister for Finance** :

(ক) হাঁ, তবে ১৯৭১ সালে লোকসানের পরিমাণ দাঁড়ায় ১৫,২৬০·৬৫ টাকা।

(খ) প্রথম প্রথম যাহারা লটারীর মাধ্যমে প্রচুর অর্থাগমের আশায় প্রায়ই টিকিট ক্রয় করিতেন তাহারা বারংবার পুরস্কার পাইতে ব্যর্থ হইয়া হতোৎসাহ হইয়া পড়িয়াছেন এবং টিকিট ক্রয়ে তাহাদের আগ্রহ কমিয়া গিয়াছে। তাহা ছাড়া বর্তমানে লটারীর পুরস্কারের উপর আয়কর ধার্য হওয়ায় লটারীর আকর্ষণ আরও কমিয়া গিয়াছে। জনসাধারণের এই মানসিক পরিবর্তন রোধ করা সহজসাধ্য নয়। এই উদ্দেশ্যে প্রচারকার্যের উন্নতির কথা পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

ইহা ব্যতীত পশ্চিমবঙ্গে সমস্ত রাজ্য লটারীর টিকিট বিক্রয় হয়। এজেন্টগণ তাঁহাদের টিকিট বিক্রয় করায় আমাদের রাজ্য লটারীর বিক্রয় ক্ষতিগ্রস্ত হইতেছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছে। তাঁহাদিগকে লটারীর ব্যাপারে নতুন আইন প্রণয়ন করিতে অনুরোধ জানানো হইয়াছে।

ব্যয়সঙ্কোচের জন্য পুরস্কার কাঠামোর রদবদল করিতে হইয়াছে।

(গ) হাঁ।

(ঘ) নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে বর্তমানে চিন্তা করা হইতেছে :—

(১) জেলা হইতে ব্লক স্তর পর্যন্ত সরকারী প্রশাসনকে লটারীর ব্যাপারে জড়িত করিয়া জনসাধারণকে উৎসাহিত করা,

(২) এজেন্টরা যাহাতে জনসাধারণের মধ্যে পশ্চিমবঙ্গ সরকারী লটারীর টিকিট বিক্রয়ের জন্য কার্যকরীভাবে প্রচার চালায় তাহার জন্য তাহাদের উৎসাহিত করা, ও

(৩) রাজ্যের সর্বত্র এজেন্ট সংখ্যা বাড়ানোর প্রচেষ্টা।

## ডিপ-টিউবওয়েল ও রিভার পাম্প

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৪) **শ্রীনরেশচন্দ্র চাকী** : কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় বর্তমানে মোট কয়টি ডিপ-টিউবওয়েল এবং রিভার পাম্প আছে ;

(খ) ইহার মধ্যে রাণাঘাট ব্লক ১এ কয়টি আছে ;

(গ) রাণাঘাট ব্লক ১এ নতুন ডিপ-টিউবওয়েল এবং রিভার পাম্প বসাইবার কোন প্রস্তাব আছে কিনা এবং থাকিলে কয়টি করিয়া এবং কবে নাগাত বসানো হইবে ?

**The Minister for Agriculture :**

(ক) ৪৬৯টি ডিপ-টিউবওয়েল এবং ৬৭টি রিভার পাম্প স্টেশন,

(খ) ৩৫টি ডিপ-টিউবওয়েল এবং ৫টি রিভার পাম্প স্টেশন.

(গ) এই বৎসরের বাজেটে যথোপযুক্ত বরাদ্দ না থাকায় নূতন ডিপ-টিউবওয়েল বসান সম্ভব নয়, তবে কেন্দ্রের নিকট হইতে যোজনা বহির্ভূত অর্থ সাহায্য পাওয়া গেলে নূতন ডিপ-টিউবওয়েল বসাইবার কার্যসূচী গ্রহণ করা হইবে।

৮০টি নূতন রিভার লিফ্‌ট স্টেশনের জন্য বাজেটে অর্থ বরাদ্দ আছে, কিন্তু এখনও ইহাদের জন্য চূড়ান্তভাবে স্থান নির্ণয় করা হয় নাই।

### Abbressive and Costing Factory Ltd. at Bally

135. (Admitted question No. 785.) **Shri Aswini Roy** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact, that the factory, Abbressive and Costing Limited at Bally, Howrah, has remained closed for a long time ;

(b) if so—

(i) the reasons for such closure,

(ii) the date of closure,

(iii) total number of employees affected , and

(c) What action, if any, has been taken by Government for re-opening the factory ?

**The Minister for Labour** : (a) and (b). The Bally factory of Mrs. Abbressive and Costing Limited asked to function with effect from the last week of March, 1972. The names of the workmen employed therein were removed from the muster roll of the company with effect from 2nd May, 1972, on the ground that that they did not obey the order of the management for transfer to Pagladanga Unit in accordance with their scheme of amalgamation of the two factories at Bally and Pagladanga. The number of engineering workers employed in the Bally factory was 150 and the number of staff employed there was 29.

(c) Efforts at settlement through conciliation in the Labour Directorate failed as management were not agreeable to any compromise mainly on the ground that the proposed amalgamation of the Bally factory with the Pagladanga factory was undertaken on the recommendation of the management cosultant and such amalgamation was considered essential on economic grounds. Labour Department have called a joint conference with the parties concerned with a view to bring about a Settlement. All possible steps under the Industrial Disputes Act, 1947, are being taken for promoting a settlement.

## রাস্তাঘাট, কালভার্ট মেরামত

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৫।) **শ্রীশংকরদাস পাল** ঃ পঞ্চায়তবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭১-৭২ সালে মুর্শিদাবাদ জেলায় রাস্তাঘাট, কালভার্ট ইত্যাদি মেরামত করা ও নূতন তৈয়ারি করার জন্য মুর্শিদাবাদ জেলা পরিষদ মোট কত টাকা মঞ্জুর করার জন্য আবেদন করিয়াছিল,

(খ) উল্লিখিত আর্থিক বৎসরে মোট কত টাকা মঞ্জুর করা হইয়াছিল,

(গ) সরকার কি অবগত আছেন যে অর্থের অভাবে গত বৎসরে মুর্শিদাবাদ জেলা পরিষদকে অনেকগুলি পরিকল্পনার কাজ বাতিল করিতে হইয়াছিল ; এবং

(ঘ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**The Minister of State in charge of the Panchayats :**

(ক) মোট আট লক্ষ টাকা।

(খ) মোট ছয় লক্ষ ষাট হাজার টাকা।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

## তুলা চাষ

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭২।) **শ্রীরবীন্দ্র ঘোষ** ঃ কৃষিবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭১-৭২ সালে হাওড়া জেলার শ্যামপুর ১নং ব্লকে তুলা চাষের জন্য প্রায় ৫৫,০০০ টাকা খরচ হইয়াছে ;

(খ) সত্য হইলে, ঐ ব্লকে মোট কত জমিতে এবং কয় জন তুলা চাষ করিয়াছেন ;

(গ) সরকার কি অবগত আছেন যে, যাহাদের কোন জমি নাই এমন লোককেও ঋণ দেওয়া হইয়াছে,

(ঘ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি, ও

(২) কে বা কাহারা ঐ ঋণ দিবার সুপারিশ করিয়াছিলেন, এবং

(ঙ) ঐ টাকা আদায়ের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Agriculture :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না (কতকগুলি চর জমির বর্গাদারদিগকে ঋন দেওয়া হইয়াছে)।

(ঘ) (১) বর্গাদারগণ তুলা চাষ করিবেন বলিয়া ও (২) গ্রামসেবক, কটন ফিল্ডম্যান এবং ট ফিল্ড অ্যাসিস্ট্যান্টগণ।

(ঙ) মহকুমা শাসক, উলুবেড়িয়ার, মাধ্যমে ঋণগুলি আদায় করা হইবে।

## প্রাথমিক শিক্ষকগণের প্রভিডেন্ট ফাণ্ড

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮০) **শ্রীনিতাইপদ সরকার:** পৌরকার্যবিভাগের মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া পৌর কর্তৃপক্ষ প্রাথমিক শিক্ষকগণের প্রভিডেন্ট ফাণ্ডের ২ লক্ষ টাকা জমা দেন নাই এবং ইহার কোন হিসাব নাই, এবং

(খ) সত্য হইলে, উক্ত প্রভিডেন্ট ফাণ্ডের টাকা উদ্ধারের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister of State in charge of the Municipal Services :**

(ক) আংশিকভাবে সত্য, পুরুলিয়া পৌর কর্তৃপক্ষ ১৯৭১ সালের নভেম্বর মাস হইতে ১৯৭২ ের জুন মাস পর্যন্ত পৌরসভার প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের দরুন টাঃ ৪৭,৯৯২.৭০ পঃ । দেন নাই কিন্তু তাঁহারা ইহার যথাযথ হিসাব রাখিতেছেন।

(খ) যদিও ইহা পৌর কর্তৃপক্ষ এবং পৌর কর্মচারীদের আভ্যন্তরীণ ব্যাপার যাহাতে পৌর পক্ষ প্রভিডেন্ট ফাণ্ডের টাকা অবিলম্বে জমা দেন তাহার ব্যবস্থা করিতে জেলা শাসককে নির্দেশ য়া হইয়াছে।

**Closed and Sick Mills**

**139.** (Admitted question No. 804) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Closed and Sick Industries Department be pleased to state—

(a) whether the Government have any particulars regarding the closed and sick mills in the State,

(b) if so, the names of such mills, total number of employees involved and production of those mills, in March 1971 and in June 1972, and

(c) the number of such mills reopened up to 30th June 1972, and the employees who were reinstated in their old jobs ?

**The Minister for Closed and Sick Industries:** (a) Presumably, Cotton Textile Mills are meant. If so, the answer is "Yes".

(b) In March, 1971, 21 Cotton Textile Mills were already closed involving a total number of 26,949 workers. The names of these mills, with the number of workers, are placed below. In June, 1972, the list of closed mills included 2 (two) more mills, namely, Bangodaya Cotton Mills with 660 workers and Rampooria Cotton Mills with about 1,000 workers. Question of production of closed mills does not arise.

(c) Up to the end of June, 1972, 12 mills involving 18,531 workers were reopened leading to their rehabilitation.

*Statement referred to in reply to clause (b) of unstarred question No. 139*

| | Name of the Mills | | No. of workers. |
|---|---|---|---|
| 1. | Arati Cotton Mills, Dasnagar, Howrah | ... | 895 |
| 2. | Bangeswari Cotton Mills, Serampore | ... | 1,747 |
| 3. | Bangeswari Cotton Mills, Panihati | ... | 1,215 |
| 4. | Dhakeswari Cotton Mills, Asansol | ... | 1,531 |
| 5. | Howrah Cotton Mills, Howrah | ... | 867 |
| 6. | Mohini Mills Ltd., Belghoria | .. | 2,468 |
| 7. | Central Cotton Mills Ltd., Howrah | ... | 2,700 |

| | Name of the Mills | | No. of workers. |
|---|---|---|---|
| 8. | Shri Annapurna Cotton Mills, 24-Parganas | ... | 1,700 |
| 9. | Laxminarayan Cotton Mills, Rishra | ... | 1,062 |
| 10. | Kanoria Industries Ltd., Hooghly | ... | 357 |
| 11. | Sodepur Cotton Mills Ltd. Sodepur | ... | 391 |
| 12. | Bengal Textile Mills Ltd., Murshidabad | ... | 550 |
| 13. | Manindra Mills Ltd., Murshidabad | ... | 600 |
| 14. | Bengal Fine Spg. & Wvg. Mills Ltd , Konnagar | ... | 1,012 |
| 15. | Sree Durga Cotton Spg. & Wvg. Mills, Konnagar | ... | 1,269 |
| 16. | Sree Hanuman Cotton Mills Ltd., Fuleswar | ... | 1,000 |
| 17. | Mahaluxmi Cotton Mills Ltd., Palta | ... | 1,500 |
| 18. | Bengal Luxmi Cotton Mills Ltd., Serampore | ... | 2,500 |
| 19. | Bhagya Luxmi Cotton Mills Ltd., Belghoria | ... | 185 |
| 20. | Jayasree Cotton Mills | ... | 200 |
| 21. | Kesoram Cotton Mills | ... | 3,200 |
| | | | 26,949 |

## অঞ্চলভিত্তিক মঞ্জুরীকৃত কালভার্ট

১৪০। ( অনুমোদিত প্রশ্ন নং ১০১২ ) **শ্রীআত্মচরণ দত্ত** ঃ পঞ্চায়েতবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে মুর্শিদাবাদ জেলার অন্তর্গত বিভিন্ন থানায় কোন্ কোন্ অঞ্চলে জেলা পরিষদ কয়টি কালভার্ট মঞ্জুর করিয়াছেন,

(খ) মঞ্জুরীকৃত কালভার্টগুলির কাজ আরম্ভ হইয়াছে কি, এবং

(গ) আরম্ভ হইয়া থাকিলে, উহার কাজ কবে নাগাত শেষ হবে ?

**The Minister of State in charge of the Panchayats :**

(ক) বিভিন্ন অঞ্চলে মোট পঞ্চাশটি কালভার্ট মঞ্জুর হইয়াছে। এই কালভার্টগুলি কোন থানা এবং কোন্ অঞ্চলের অন্তর্গত তাহা সংশ্লিষ্ট বিবরণীতে পাওয়া যাইবে।

(খ) না।

(গ) এ প্রশ্ন উঠে না।

*Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 140*

**Statement**

| Name of the police-station (1) | Name of the Anchal Panchayat (2) | No. of culverts sanctioned. (3) | |
|---|---|---|---|
| 1. Bharatpur ... | 1. Bharatpur ... | 1 | |
| | 2. Tenya ... | 1 | |
| | 3. Kagram ... | 1 | 3 |
| 2. Khargram ... | 1. Margram ... | 2 | 2 |
| 3. Nabagram ... | 1. Maharul ... | 2 | |
| | 2. Nabagram ... | 4 | |
| | 3. Narayanpur ... | 2 | |
| | 4. Kiriteswar ... | 1 | |
| | 5. Silepur ... | 4 | |
| | 6. Rasulpur ... | 1 | 14 |
| 4. Domkol ... | 1. Domkol ... | 2 | 2 |
| 5. Raghunathganj ... | 1. Jamuar ... | 2 | |
| | 2. Jarur ... | 3 | |
| | 3. Kashidanga ... | 1 | 6 |
| 6. Samserganj ... | 1. Pratapganj ... | 2 | 2 |

| Name of the police-station (1) | | Name of the Anchal Panchayat (2) | | No of culverts sanctioned. (3) | |
|---|---|---|---|---|---|
| 7. Sagardighi | ... | 1. Bokhara | ... | 3 | |
| | | 2. Sagardighi | ... | 2 | |
| | | 3. Barala | ... | 2 | |
| | | 4. Gobardhandanga | ... | 4 | |
| | | 5. Morgram | ... | 1 | |
| | | *6. Anneswar (Union Board) | | 2 | |
| | | | | —— | 14 |
| 8. Kandi | ... | 1. Andulia | ... | 1 | |
| | | | | —— | 1 |
| 9. Burwan | ... | 1. Burwan | ... | 2 | |
| | | 2. Sabaladaha | ... | 1 | |
| | | | | —— | 3 |
| 10. Hariharpara | ... | 1. Hariharpara | ... | 1 | |
| | | | | —— | 1 |
| 11. Suti | ... | 1. Maheshali | ... | 1 | |
| | | | | —— | 1 |
| | | | | | —— |
| | | | Total number | | 50 |

*Anneswar is a Uunion Board

**Vacancies in the different State Government Undertakings**

141. (Admitted question No. 359.) **Shri Ajit Kumar Basu**: Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) total number of vacancies in the different State Government's Undertakings;

(b) details of the vacant posts and the scales of pay; and

(c) how and when these vacancies are likely to be filed up?

**The Minister for Public Undertakings :** (a) 627

(b) Necessary details so far as the Undertakings under the control of the Department of Public Undertakings are concerned are placed on the Library Table.

(c) The mode of recruitment to be followed in each of ten Undertakings under the control of the Department of Public Undertakings in the matter of filling up the vacancies are given in the statement placed below.

*Statement referred to in reply to clause (c) of unstarred question No. 141*

**Rules of recruitment to be followed in each of the ten Undertakings under the control of the Department of Public Undertakings. ( Annexure 'B' in the matter of filling up the vacancies )**

1. **Durgapur Projects Limited** :

In respect of posts for which Departmental candidates are available, such posts will be filled up by suitable Departmental candidates on promotion. For posts for which no suitable candidates are available, the local employment exchange would be notified as and when necessary. The vacancies in respect of executive and technical posts would be advertised in Newspapers.

10 per cent, and 20 per cent. of the vacancies in Class III and Class IV posts respectively would be kept reserved for ex-servicemen. 15 per cent. and 5 per cent. of the vacancies in respect of all categories of posts would be kept reserved for Scheduled Castes and Scheduled Tribes as per existing rule of the Government of West Bengal.

2. **Durgapur Chemicals Limited** :

The vacancies for which applications have already been invited are likely to be filled up immediately after the selection is approved by the State Government.

3. **The West Bengal State Warehousing Corporation** :

The vacancies will be filled up as and when necessary. The mode of recruitment will be decided by the Board of Directors within the framework of the Rules and Order of the Corporation and consistent with the general recruitment policy of the State Government.

4. **West Bengal Dairy and Poultry Development Corporation**

The vacancies have been duly advertised and are likely to be filled up

very shortly after the selection is made by the Selection Committee constituted for the purpose.

5. **West Bengal Small Industries Corporation :**

Vacancies will be filled up by selection and promotion after review of staff-strength and pattern.

6. **The Electro-Medical and Allied Industries :**

The vacancies have been reported in some of the Newspapers. The Employment Exchanges have also been duly informed of the vacancies.

7. **The Kalyani Spinning Mills Limited :**

Some vacancies will be filled up by promotion when suitable candidates are available and in respect of other vacancies recruitment from outside will be made after making a reference to the Government.

8. **West Bengal Agro-Industries Corporation Limited**

Some posts will be filled in by promotion and the rest from the surplus hands of the Evacuee Directorate and Census Directorate.

**Vacancies in the Irrigation and Waterways Department**

**142** (Admitted question No. 357.) **Shri Ajit Kumar Basu** : Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) the total number of vacancies under the Irrigation and Waterways Department at present ;

(b) Office/District-wise break-up of the vacancies ;

(c) details of the posts vacant and the scales of pay ; and

(d) how and when these vacancies are likely to be filled up ?

**The Minister for Irrigation and Waterways :**

(a) vacancies—553.

(b) and (c) Vide statements placed on the Library table.

(d) The vacancies are likely to be filled up shortly in accordance with the rules and orders in force.

## Multi-storied Building for M.L.As.

**143.** (Admitted question No. 402.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the present position of the proposal for construction of a multi-storied building in Calcutta for the Members of the West Bengal Legislative Assembly ,

(b) the estimated cost of the building ,

(c) when the building is likely to be completed and made available to Members for use as hostel ?

**The Minister for Public Works**: (a) A scheme for construction of four stories over the existing M.L.A.s' Hostel at 2 Kyd Street, Calcutta, has since been approved by Government for provision of 36 two-roomed suites for the M.L.A.s.

(b) Rs. 22,63,000 only.

(c) The work is likely to be complited within two working seasons if there is no difficulty in procuring building materials. Attempts will, however, be made for phased occupation of different floors.

## পদ্মেরহাট-চালতাবেড়িয়ায় প্রাথমিক হাসপাতাল

১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪১) **শ্রীনীরদকুমার সাহা ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশ-পরগণা জেলার অন্তর্গত জয়নগর থানায় পদ্মেরহাট ও চালতাবেড়িয়ায় প্রাথমিক হাসপাতাল দুইটির নির্মাণকার্য কতদিনে শেষ হবে ;

(খ) কবে নাগাত ঐ হাসপাতাল দু'টি চালু করা সম্ভব হবে ;

(গ) ঐ হাসপাতালদ্বয়ের নির্মাণকার্যে কত টাকা ব্যয় হবে ;

(ঘ) ঐ হাসপাতালের প্রত্যেকটিতে শয্যাসংখ্যা কত হবে ; এবং

(ঙ) ঐ হাসপাতালগুলির জন্য কোন স্থানীয় কমিটি আছে কিনা এবং থাকিলে সদস্য কে কে ?

**The Minister for Health**:

(ক) আশা করা যায় পদ্মেরহাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য ৩১শে ডিসেম্বর ১৯৭২

তারিখের মধ্যে এবং চালতাবেড়িয়া উপস্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য ৩১শে জুলাই ১৯৭২ তারিখের মধ্যে শেষ হবে।

(খ) নির্মাণকার্য শেষ হ'লেই চালু করার আদেশ দেওয়া হবে।

(গ) পদ্মেরহাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ৩,৮৪ ৬২৪ টাকা (আনুমানিক),

চালতাবেড়িয়া উপস্বাস্থ্যকেন্দ্র— ১,৪৭,৫০০ টাকা (আনুমানিক)।

(ঘ) পদ্মেরহাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১০টি শয্যা এবং চালতাবেড়িয়া উপস্বাস্থ্যকেন্দ্রে ২টি পথ্যবিহীন জরুরী প্রসূতি-শয্যা ব্যবস্থা থাকবে।

(ঙ) ২-শয্যাবিশিষ্ট উপস্বাস্থ্যকেন্দ্রের জন্য কোন কমিটি থাকে না। পদ্মেরহাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু হ'লেই ঐ স্বাস্থ্যকেন্দ্রের জন্য সরকারী নিয়ম অনুসারে পরামর্শদাতা কমিটি গঠিত হবে। ঐ কমিটিতে বি ডি ও, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মেডিক্যাল অফিসার, স্কুল এডুকেশন অর্গানাইজার, সাব-ডিভিসনাল হেল্থ অফিসার, বিধানসভার স্থানীয় সদস্য, অঞ্চল প্রধান, জেলা শাসক কর্তৃক মনোনীত একজন স্থানীয় চিকিৎসক এবং একজন সমাজসেবক ও একজন সমাজসেবিকা থাকবেন।

## তিরাট-বক্তারনগর গ্রামে সহায়ক স্বাস্থ্যকেন্দ্র

১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭০) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার অন্তর্গত রানীগঞ্জ ব্লকের তিরাট এবং বক্তারনগর গ্রামে সহায়ক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত সহায়ক স্বাস্থ্যকেন্দ্র দু'টির নির্মাণকার্য শুরু হবে বলে আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) আছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নয়।

## সিল্ক মিল

১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৫) **শ্রীনরেশচন্দ্র চাকী**ঃ কুটির এবং ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রানাঘাট শহরের থতলা মিলপাড়া এলাকায় সিল্ক মিল স্থাপনের উদ্দেশ্যে প্রচুর পরিমাণ জমি যাহা পাচিল দ্বারা ঘেরাও করা এবং যাহার

উপর কয়েকটি শেড নির্মাণ করা আছে, তাহা দীর্ঘদিন যাবত বেওয়ারিশ সম্পত্তি হিসাবে পড়িয়া আছে , এবং

(খ) অবগত থাকিলে, ইহার কারণ কি ?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

(ক) ও (খ) "কমন রে গ্রেজড্ পটারী" নামে একটি প্রকল্প রূপায়ণের জন্য পশ্চিমবঙ্গ সরকার রানাঘাট শহরের রথতলা এলাকায় ৮.৪১ একর পরিমাণ জমি সংগ্রহ করিয়াছিলেন, কোনও সিল্ক মিল স্থাপনের উদ্দেশ্যে নয়। কিন্তু ভারত সরকারের অধীনস্থ রিহ্যাবিলিটেশন ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশন ঐ অঞ্চলেই অনুরূপ একটি প্রকল্প রূপায়ণ করার সিদ্ধান্ত লওয়ায় পশ্চিমবঙ্গ সরকার কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের এই প্রকল্পটি রূপায়ণের সিদ্ধান্ত পরিত্যাগ করেন।

তদবধি কিছু শেড সহ সংগৃহীত জমি একজন চৌকিদারের প্রহরায় পড়িয়া আছে। বাংলা দেশে স্বাধীনতা যুদ্ধকালে উক্ত দেশ হইতে আগত শরণার্থীদের আশ্রয়দানের জন্য নদীয়া জেলা শাসক শেডগুলি ব্যবহার করিয়াছিলেন।

ঐ স্থানে অন্য কোনও প্রকল্প রূপায়ণ সম্ভব কিনা, তাহা এই বিভাগ বর্তমানে বিবেচনা করিয়া দেখিতেছে।

## জল নিকাশের অভাবে ফসল নষ্ট

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৯) ডাঃ শেখ ওমর আলি ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, জল নিকাশের অব্যবস্থার জন্য পাঁশকুড়া থানা এলাকায় গড়ে প্রতি বছর ১৫ হাজার একর জমির ফসল নষ্ট হয় ;

(খ) অবগত থাকিলে, পাঁশকুড়া থানা এলাকার জল নিকাশের উন্নতির জন্য ১৯৭২-৭৩ সালে কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে , এবং

(গ) ধীরাই, বাক্সী, ভোঁসড়া, দেহাটি, দেওয়ানখালি, পিয়াজখালি, চোপা, সোয়াদিঘী প্রভৃতি খাল সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে, কবে নাগাদ উহাদের কাজ শুরু হইবে ?

**The Minister for Irrigation and Waterways.**

(ক) হ্যাঁ। কিছু পরিমাণ ফসল প্রতি বৎসর নষ্ট হয়।

(খ) আপাতত কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই। তবে উক্ত অঞ্চলের সুষ্ঠু জল নিকাশের জন্য দুইটি পরিকল্পনা বিবেচনাধীন আছে: (১) বাসুদেবচক ও কাসিনাচক নিকাশী পরিকল্পনা, (২) উত্তর জিয়াদা, সিন্দা মৌজার নিকাশীর উন্নতিসাধন।

(গ) (১) **খীরাই-বাক্সী খাল**ঃ এই খাল সংস্কারের কোন পরিকল্পনা আপাতত নাই। (২) **ভেঁাসড়া খাল**ঃ এই খালের একটি মাস্টার প্ল্যান তৈরির জন্য অনুসন্ধানকার্য চলিতেছে। ইহা ছাড়াও একটি স্বল্পমেয়াদী পরিকল্পনার প্রাক্কলন তৈয়ারি করা হইতেছে। ইহার কাজ কবে আরম্ভ করা যাইবে বর্তমানে বলা সম্ভব নয়। (৩) **দেহাটি চ্যানেল**ঃ এই সম্বন্ধে অনুসন্ধানকার্য চালানো হইতেছে। (৪) **দেওয়ানখালি খাল**: ১৯৬৯-৭০ সালে মোট ১,০১,১০৭ টাকা ব্যয়ে এই খাল সংস্কার করা হইয়াছে। এই খালের জল নিকাশের কাজ সুষ্ঠুভাবেই সম্পন্ন হইতেছে। (৫) **পিঁয়াজখালি খাল**ঃ এই খালটিরও গত ১৯৬৯-৭০ সালে মোট ৯৩,৫২২ টাকা ব্যয়ে সংস্কারসাধন করা হইয়াছে এবং জল নিকাশের কাজ ভালভাবে সম্পন্ন হইতেছে। (৬) **টোপা খাল**ঃ এই খালের সুষ্ঠু জল নিকাশের জন্য ২৭,৫৭০ টাকা ব্যয়ের একটি প্রকল্প ১৯৭০ সনে মঞ্জুর করা হইয়াছিল। কিন্তু স্থানীয় জনসাধারণ আপত্তি করায় এবং জমির দখল না পাওয়ায় প্রকল্পটি কার্যকর করা সম্ভব হয় নাই। (৭) **সোয়াদিঘী খাল**ঃ এই খালের পুনরুদ্ধারের কাজ চলিতেছে। ইহা ছাড়া বানপুর-মেচেদা খালের নদীর মুখে একটি স্লুইস নির্মাণের কাজ চলিতেছে। এই খালটির দ্বারা পাঁশকুড়া থানার বিস্তৃত অঞ্চল উপকৃত হইতেছে।

## চাঁদপুর মৌজায় নলকূপ খনন

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭১) **শ্রীরবীন্দ্র ঘোষ**ঃ পঞ্চায়তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার শ্যামপুকুর ১নং ব্লক অন্তর্গত বালিচাতুরী অঞ্চলের চাঁদপুর মৌজার খতিয়ান নং ৫৭, ৭১৫ দাগের ভূমির উপর একটি নলকূপ খননের জন্য হাওড়া জিলা পরিষদের সংশ্লিষ্ট বিভাগীয় অফিসার ২৪শে জুন, ১৯৬৮ তারিখে শ্যামপুকুর ১নং ব্লক আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট মারফত ৩০০ (তিন শত) টাকা কন্‌ট্রিবিউশন বাবদ গ্রহণ করেন ; এবং

(খ) সত্য হইলে,

(১) ঐ নলকূপ এখনও খনন না হওয়ার কারণ কি, এবং (২) কবে নাগাত উহার কাজ শুরু হইবে ?

**The Minister of State in charge of the Panchayats :**

(ক) হ্যাঁ, তবে ঐ টাকা ২৪শে ডিসেম্বর ১৯৬৮ তারিখে জিলা পরিষদ তহবিলে জমা হইয়াছিল, ২৪শে জুন, ১৯৬৮ তারিখে নহে।

**(খ)** (১) **জিলা পরিষদের আর্থিক অসচ্ছলতার জন্য উক্ত স্থানে টিউবওয়েল খননের কাজ হাতে লওয়া অদ্যাবধি সম্ভব হয় নাই।**

(২) কোন নিশ্চয়তা নাই।

## শ্রমিক, কর্মচারী ও শিক্ষকগণের প্রভিডেন্ট ফাণ্ড

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৯) **শ্রীনিতাইপদ সরকার:** পৌর কার্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষ্ণনগর পৌর কর্তৃপক্ষ (নদিয়া) শ্রমিক-কর্মচারী ও শিক্ষকগণের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা খরচ করিয়া ফেলিয়াছেন,

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, এবং

(গ) এরূপভাবে যে সরকারী বা আধা-সরকারী প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ কর্তৃক প্রভিডেন্ট ফাণ্ডের টাকা খরচ বন্ধ করিবার কোন ব্যবস্থা সরকারের আছে কি?

**The Minister of State in charge of the Municipal Services:**

(ক) হাঁ।

(খ) যদিও ইহা পৌর কর্তৃপক্ষ এবং পৌর কর্মচারীদের আভ্যন্তরীণ ব্যাপার তথাপি যাহাতে পৌর কর্তৃপক্ষ প্রভিডেন্ট ফাণ্ডের টাকা অবিলম্বে জমা দেন তাহার ব্যবস্থা করিতে জেলা শাসককে নির্দেশ দেওয়া হইয়াছে।

(গ) যেখানে পৌরকর্তৃপক্ষ নিয়মিতভাবে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা না দেন সেখানে বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনে পৌরসভাকে বাতিল করা যাইতে পারে অথবা ৬৭ক ধারা অনুসারে এক্‌জিকিউটিভ অফিসার নিয়োগ করিয়া তাঁহার হাতে সমস্ত ক্ষমতা অর্পণ করা যাইতে পারে।

## বিভিন্ন জেলায় নূতন স্বাস্থ্যকেন্দ্র

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৫০২) **শ্রীআব্দুল বারি বিশ্বাস:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমান আর্থিক বৎসরে এই রাজ্যের বিভিন্ন জেলায় নূতন স্বাস্থ্যকেন্দ্র খোলার প্রস্তাব আছে, এবং

(খ) সত্য হইলে, কোন্ জেলায় কোন্ ব্লকে কোথায় কয়টি স্বাস্থ্যকেন্দ্র হওয়ার সম্ভাবনা আছে?

**The Minister for Health:**

(ক) হাঁ।

(খ) নতুন ৩৫টি প্রাথমিক এবং ৭৩টি উপ-স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্যের অনুমোদন দেওয়া হয়েছে। যে কয়টি কেন্দ্রের নির্মাণকার্য এ বছর সম্পন্ন হবে সে কয়টি কেন্দ্র চালু করা হবে। কোন্ কোন্‌টির নির্মাণকার্য শেষ হবে এখন সঠিক বলা সম্ভব নয়।

জেলাভিত্তিক একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply to clause (kha) of unstarred question No.* 150

বিবরণী

| জেলার নাম | | নির্মীয়মাণ স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র | উপস্বাস্থ্যকেন্দ্র |
|---|---|---|---|
| বাঁকুড়া ... | ... | ২ | ৭ |
| বীরভূম ... | ... | ১ | ৩ |
| বর্ধমান ... | ... | ১ | ৬ |
| কোচবিহার ... | ... | — | ২ |
| হুগলি ... | ... | — | ৩ |
| হাওড়া ... | ... | ২ | ৩ |
| জলপাইগুড়ি . | ... | ৩ | — |
| মেদিনীপুর ... | ... | ১০ | ১৬ |
| মুর্শিদাবাদ ... | ... | ৩ | ৩ |
| মালদা ... | ... | ৩ | ৪ |
| নদিয়া ... | ... | — | ২ |
| পুরুলিয়া ... | ... | ২ | ৮ |
| চব্বিশপরগণা | ... | ৬ | ১১ |
| পশ্চিম দিনাজপুর | ... | ২ | ৫ |
| মোট | ... | ৩৫ | ৭৩ |

## কৃষি-ঋণ

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৭) **শ্রীফণিভূষণ সিংহবাবু**ঃ ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে বাঁকুড়া জেলায় কৃষি-ঋণ বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছে ; এবং

(খ) ঐ টাকা কিভাবে বিভিন্ন ব্লকে বিলিবন্দোবস্ত করার ব্যবস্থা করা হইয়াছে ?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) ৩ লক্ষ টাকা। এটা গ্র.প লোন বাবত দেওয়া হয়েছে। কৃষির জন্য অন্যান্য ঋণ কৃষিবিভাগ দিয়ে থাকেন।

(খ) নিম্নে একটি বিবরণী দেওয়া হইল।

*Statement referred to in reply to clause (Kha) of unstarred question No.* 151.

বিবরণী

| ব্লকের নাম | | মঞ্জুরিকৃত কৃষিঋণের পরিমাণ টাকা | বিলিকৃত কৃষিঋণের পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ১। বাঁকুড়া ১ | | ১১,৫০০ | ১০,০০০ |
| ২। বাঁকুড়া ২ | ... | ১১,৫০০ | ১১,৫০০ |
| ৩। ওন্দা | ... | ১৫,০০০ | ১৫,০০০ |
| ৪। ছাতনা | ... | ১৫,০০০ | ১১,২৫০ |
| ৫। শালতোরা | ... | ১২,০০০ | ১২,০০০ |
| ৬। মেঝিয়া | ... | ১১,০০০ | ৭,০০০ |
| ৭। গঙ্গাজলঘাটি | ... | ১৪,০০০ | ১৪,০০০ |
| ৮। বড়জোড়া | ... | ১৪,০০০ | ... |
| ৯। তালডাংড়া | ... | ১৩,০০০ | ১৩,০০০ |
| ১০। ইঁদপুর | ... | ১২,০০০ | ... |
| ১১। হীরবাঁধ | ... | ১০,০০০ | ১০,০০০ |
| ১২। খাতরা ১ | ... | ১০,০০০ | ... |
| ১৩। রাণীবাঁধ | ... | ১৪,০০০ | ১১,২৫০ |
| ১৪। রাইপুর ১ | ... | ১১,০০০ | ১১,০০০ |

| ব্লকের নাম | | মঞ্জুরিকৃত কৃষিঋণের পরিমাণ টাকা | বিলিকৃত কৃষিঋণের পরিমাণ টাকা |
|---|---|---|---|
| ১৫। সিমলাপাল | ... | ১৪,০০০ | ১৪,০০০ |
| ১৬। রাইপুর ২ | ... | ১১,০০০ | ৯,০০০ |
| ১৭। কোতলপুর | ... | ১৬,০০০ | ১৩,৭৪০ |
| ১৮। পাত্রসায়র | ... | ১৮,০০০ | ১,৫০০ |
| ১৯। জয়পুর | ... | ১৬,০০০ | ১৬,০০০ |
| ২০। সোনামুখী | ... | ১৮,০০০ | ১৮,০০০ |
| ২১। বিষ্ণুপুর | ... | ২০,০০০ | ৭,০০০ |
| ২২। ইন্দাস | ... | ১২,০০০ | ৬,০০০ |

## স্পোর্টস কাউন্সিল

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৫) **শ্রীনিতাইপদ সরকার**ঃ শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কোন স্পোর্টস কাউন্সিল আছে কিনা,

(খ) থাকিলে—

(১) উহার সদস্য সংখ্যা কত, এবং

(২) সভ্যদের নাম কি কি ?

**The Minister of State in charge of the Education (Sports):**

(ক) বর্তমান স্পোর্টস কাউন্সিল রাষ্ট্রপতি শাসনাধীনে গঠিত হয়।

(খ) (১) গঠনতন্ত্র অনুযায়ী উহার সদস্য-সংখ্যা ৪৬।

(২) (১) ইণ্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি।

(২) বেঙ্গল হকি অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি।

(৩) ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গলের একজন প্রতিনিধি।

(৪) অ্যামেচার অ্যাথ্লেটিক অ্যাসোসিয়েশন অফ ওয়েষ্ট বেঙ্গলের একজন প্রতিনিধি।

(৫) বেঙ্গল অলিম্পিক অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি।

(৬) ওয়েষ্ট বেঙ্গল ডিষ্ট্রিক্ট স্পোর্টস অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি।

(৭) ওয়েষ্ট বেঙ্গল স্কুল স্পোর্টস অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি।

(৮) ওয়েষ্ট বেঙ্গল ফিজিক্যাল এডুকেশনের একজন প্রতিনিধি।

(৯) ওয়েষ্ট বেঙ্গল সুইমিং অ্যাসোসিয়েশনের একজন প্রতিনিধি।

(১০ হইতে ১৫) উপরি-উক্ত ক্রীড়া সংস্থাগুলি ব্যতীত অন্যান্য অনুমোদিত ক্রীড়া সংস্থার ছয়জন প্রতিনিধি।

এই ধরনের ক্রীড়া সংস্থাগুলিকে ছয়টি বিভাগে বিভক্ত করা হইয়াছে। প্রতি বিভাগ হইতে পর্য্যায়ক্রমে একজন প্রতিনিধি থাকিবেন।

(১৬) কলিকাতা বিশ্ববিদ্যালয় স্পোর্টস বোর্ডের চেয়ারম্যান।

(১৭ ও ১৮) বর্দ্ধমান এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়সমূহ হইতে একজন করিয়া প্রতিনিধি। ইহারা উপাচার্যের অনুমোদনক্রমে রাজ্যপাল কর্তৃক মনোনীত হন।

(১৯ ও ২০) যাদবপুর এবং কল্যাণী বিশ্ববিদ্যালয় হইতে একজন করিয়া প্রতিনিধি। ইহারা উপাচার্য্যের অনুমোদনক্রমে রাজ্যপাল কর্তৃক মনোনীত হন।

(২১ ও ২২) বিশ্বভারতী এবং রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়সমূহ হইতে একজন করিয়া প্রতিনিধি। ইহারা উপাচার্যের অনুমোদনক্রমে রাজ্যপাল কর্তৃক মনোনীত হন।

(২৩) চব্বিশপরগণা, মেদিনীপুর এবং দার্জিলিং জেলা ক্রীড়া সংস্থাসমূহ হইতে বাৎসরিক পর্য্যায়ক্রমে একজন করিয়া সদস্য।

(২৪) হুগলি, হাওড়া, নদিয়া এবং মুর্শিদাবাদ জেলা ক্রীড়া সংস্থাসমূহ হইতে বাৎসরিক পর্য্যায়ক্রমে একজন করিয়া সদস্য।

(২৫) বর্দ্ধমান, বীরভূম, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলা ক্রীড়া সংস্থাসমূহ হইতে বাৎসরিক পর্য্যায়ক্রমে একজন করিয়া সদস্য।

(২৬) মালদহ, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি এবং কোচবিহার জেলা ক্রীড়া সংস্থাসমূহ হইতে বাৎসরিক পর্য্যায়ক্রমে একজন করিয়া সদস্য।

(২৭) কলিকাতার মেয়র।

(২৮) পুলিস কমিশনার।

(২৯) পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের প্রেসিডেন্ট।

(৩০) পশ্চিমবঙ্গ শিক্ষা-অধিকর্তা।

(৩১) শরীরশিক্ষাবিষয়ক উপ-শিক্ষা-অধিকর্তা।

(৩২) জি ও সি, ইস্টার্ন কম্যাণ্ড কর্তৃক মনোনীত একজন সদস্য।

(৩৩) রাজ্যসরকারের অর্থবিভাগের একজন প্রতিনিধি।

(৩৪) হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনষ্টিটিউশনের ডিরেক্টর।

(৩৫) কলিকাতা ইম্প্রুভমেণ্ট ট্রাস্টের চেয়ারম্যান।

(৩৬) ন্যাশনাল কাউন্সিল অফ স্পোর্টস অ্যাণ্ড ফিজিক্যাল এডুকেশনের একজন প্রতিনিধি।

(৩৭ হইতে ৪৬) রাজ্যপাল কর্তৃক মনোনীত দশজন সদস্য। ইহাদের মধ্যে চারজন সদস্য ব্যতি অবশ্যই মহিলা হইবেন এবং মহিলা ক্রীড়ার্থীদের প্রতিনিধিত্ব করিবেন।

**Rankings of districts according to Indices of Economic Developments**

153. (Admitted question No. 406.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state the rankings of districts according to indices of economic developments in the matter of—

(i) per capita income ;

(ii) percentage of estimated total population working in registered factories ;

(iii) percentage of non-agricultural workers to total workers ; and

(iv) percentage of population in urban area in relation to total population ?

**The Minister for Development and Planning**: (i) to (iv) A statement is placed on the Library Table.

**Calling Attention to matters of Urgent Public Importance.**

**Mr. Speaker**: I have received four notices of Calling Attention on the following subjects, namaly :

(1) Bursting of the Transformer in the Assembly House compound on 21.7.72—from Shri Aswini Roy.

(2) Sufficient supply of atta to the villagers due to high prices of suji and flour—from Shri Md. Dedar Baksh.

(3) Apprehended non supply of power Calcutta, Durgapur and Asansole Industrial belt due to breakdown of 2 units of Durgapur Project—from Shri Niranjan Dihidar and Shri Sukumar Bandyopadhyay.

(4) Reported inadequacy of supply of electricity in Durgapur—from Shri Abdul Bari Biswas.

I have selected the notice of Shri Niranjan Dihidar and Shri Sukumar Bandyopadhyay on the subject of apprehended non supply of power in Calcutta, Durgapur and Asansole Industrial belt due to breakdown of 2 units of Durgapur Project. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today if possible, or give a date.

**Dr. Zainal Abedin :** Mr. Speaker Sir, frequent fall in power generation in greater Calcutta has been causing considerable concern to all of us I should like to state for the information of the Members of the House the present position and future prospects of power generation by the power plant of D.P.L. The Durgapur Power Station has five units, two of 30 M.W. capacity and three of 75 M.W. capacity giving a total theoretical generation potential of 285 M.W. The maximum power generation normally possible is between 170 and 200 M.W. making allowance for statutory shut downs, repairs etc. Assuming the average generation to be 170 M W, the requirement of W.B.S E B. at Bandel is 100 M.W. to 105 M W. and 65 M.W is necessary for local distribution in the Durgapur industrial complex. For a variety of reasons, power generation has not been satisfactory from the D. P. L during recent months. I have held regular conferences with the concerned officials as also with my colleague, the Minister-in-charge, Department of Power. At the last conference held in the first week of July in which the Minister-in-Charge of Power also participated, we are given an assurance by the Senior Superintendent in charge of the Durgapur Power Plant that with effect from 12—13th July, 1972 the supply of power by D.P.L. to Bandel would be 105 M.W. during the evening peak. On the 12th July I paid a surprise visit to Durgapur and inspected the different units of the D.P.L. including the Power Plant. During the course of my inspection I also tried to ascertain whether any improvement had been made in the generation of power by the power plant in accordance with assurance given earlier. To our utter surprise we were told by the senior Superintendent of Power Plant that due to certain adverse factors he was not in a position to honour his earlier commitment to supply 105 M.W. to Bandel. I firmly stated at that time that increase in power generation to Bandel would have to be brought about at any cost. On the 13th July the Senior Superintendent of the Power Plant suddenly submitted his resignation by Teleprinter on account of his earlier assurance of increased power generation to Bandel not having been fulfilled. While submitting his letter of resignation

he referred to certain circumstances beyond his control. The resignation letter was considered by the Board of Directors, of D.P L. in an emergent meeting and his resignation was accepted. The Board of Directors of D P L. also decided that the Senior Superintendent in charge of the Power Plant should be asked to explain what he meant by the circumstances beyond his control when all possible assistance was given from D.P.L. to the Power Plant.

The above developments made us apprehensive. Without losing time we requisitioned the service of an expert to go into the detailed working of the power plant in order to find out if there was anything fundamentally wrong with the operation and maintenance of the different units in the Power Plant. After preliminary examination, the expert has observed that there are serious deficiencies both in the operation and maintenance of the plant which are collectively responsible for the present unhappy state of affairs in the Power Plant The maintenance work is under heavy arrears and generation of power has suffered due to lack of spares. There are purely technical matters and in spite of rapeated consultation with the technical officers even at the Ministerial level, these technical defects were not properly brought out by the late Senior Superintendent in charge of the Power Plant As I mentioned earlier, the Senior Superintendent of the Power Plants has been relieved of his responsib.lities and his explanation has been called for. On receipt of of his explanation appropriate steps will be taken by the Government. Steps have since been taken to induct qualified and competent personnel in the Power Plant in order to strengthen both its operation and maintenance. Determined efforts are being made to procure spares on a top priority basis both indigenously and from abroad. The heavy arrear in maintenance work has been taken in hand and if necessary, besides departmental effort, the assistance of outsiders on contract basis will also be taken It has been decided to station an expert on power at Durgapur to actively supervise the repair and maintenance work of different units of the power plant so that uninterrupted supply of power both Durgapur industrial belt and to greater Calcutta area can be improved.

I want to add that the present position is not our creation, we had inherited the Durgapur Power Plant in a very bad shape. The Power Plant has sufferd continuous neglect during the last five years when maintenance and procurement of spares were almost completely overlooked.

[2-30—2-40 p.m.]

Another shortcoming of the Power Plant is that it is working with only one coal conveyor and does not have any alternative conveyor. The setting

up of an alternative conveyor was taken up by the Board of Directors of the Durgapur Projects Ltd. in 1967 and steps were taken to finalise the contract. But the whole thing was countermanded as a result of the Policy of the then United Front Government. I would like to mention here for the information of the honourable Members that negotiation for the setting up of this alternative conveyor has already been started by the Durgapur Project Ltd. with the M A M.C., a Central Government undertaking. Honourable Members will kindly appreciate that such a state affairs cannot be set right in a day or a few months' time. With a profound sense of regret, therefore, I have to inform the House that so long as we are not able to set right the various deficiencies mentioned above and so long as we cannot procure the essential spares from internal and foreign sources for which orders have already been placed, there is no immediate prospect of appreciable improvment in power generation but the present supply will continue. If, however, all goes well it is expected that the situation will substantially improve from January Febraury 1973. I am making this statement in consultation with the Minister-in-charge, Power.

**Mr. Speaker :** Honouable Members, in view of long statement just made by Dr. Abedin, I think it is not necessary to admit it for another statement on some future date. So the statement that has been made by Dr. Abedin clarifies the entire issue.

**Shri Harasankar Bhattacharyya :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, statement-টা আমাদের পাওয়া দরকার। তা'নাহলে আমাদের পক্ষে অসুবিধা হয়।

**Mr. Speaker :** In that case I may request the Hon'ble Minister to circulate the statement.

**Dr. Jainal Abedin :** Sir, statements are never circulated unless there is special direction of the Speaker. If you think, Sir, that it should be circulated, we have no objection.

**Shri Harasankar Bhattacharyya** ; স্যার, statement-এর উপর question-এ mention করতে হোলে copy পাওয়া দরকার।

**Mr. Speaker :** As you have requested, the Hon'ble Minister, I think, in this particular case will circulate the statement.

**Dr. Zainal Abedin :** All right, Sir, I agree and will circulate it.

**Mention Cases**

**শ্রীবলাইলাল শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা তারকেশ্বরের বৈদ্যুতিক গোলযোগের গুরুত্বপূর্ণ ঘটনার কথা উল্লেখ করছি। তারকেশ্বরের যে Electric Private Company

আছে, সেই Company-র বিভিন্ন রকম গুরুতর অভিযোগ আছে। এই ব্যাপারে আমি যথাযথ মন্ত্রীবর্গের দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে উপযুক্ত বিদ্যুৎ সরবরাহ হচ্ছে না। এবং যে কর্মচারীরা আছে তাদের Provident Fund এবং অন্যান্য সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে না। তাছাড়া বহুদিন ধরে আবেদন করা সত্ত্বেও ঐ বিদ্যুৎ Company কোন রকম Connection দিচ্ছে না। এই দুর্ব্যবহারে জনসাধারণ pay boycott করে চলেছেন। এই জন্য সরকারের কাছে দাবী করছি অবিলম্বে যেন State Electricity Board-এর under-এ আনা হয়। আজকে এই হাউসের যথাযথ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই তারকেশ্বর Electric Company-টি অবিলম্বে সরকার গ্রহণ করার ব্যবস্থা করুন।

**শ্রীআক্তাবুদ্দিন মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ২৪-পরগণা জেলার দেবীপুর প্রাথমিক বিদ্যালয়ের জনৈক শিক্ষকের মৃত্যুর সংবাদ আজকে সভায় রাখছি এবং এর থেকে প্রাথমিক শিক্ষকদের দৈনন্দিন দুরবস্থার কথা জানতে পারবো। এই দেবীপুর প্রাথমিক বিদ্যালয়ের সহকারী দ্বিতীয় শিক্ষক শ্রীঅশ্বিনীকুমার মজুমদার মহাশয় ৪ দিন অন্নহীন অবস্থায় থাকার পর স্ত্রী ও ৯টি পুত্র-কন্যা রাখিয়া গত ২০ তারিখে মারা গিয়াছেন। আপনার মাধ্যমে Education Minister-এর দৃষ্টি আকর্ষণ করছি, সবচেয়ে চরম দুর্ভাগ্যের কথা হচ্ছে এই সার্কেলে জুন মাসের মাইনা আজ জুলাই মাসের ২৪ তারিখ হয়ে গেছে এখনও শিক্ষকরা পায়নি। আমি ঐ স্কুলের একজন শিক্ষকের কাছ থেকে একটা চিঠি পেয়েছি। তিনি লিখিত আকারে আমাকে দিয়েছেন এবং বলেছেন যে Provident Fund-এর লোনের জন্য বারবার তাগাদা করা সত্ত্বেও D.I. office থেকে কিছু করেনি। এমন কি মাষ্টার মহাশয়রা D. I. office থেকে কোন রকম টাকা পয়সা পান না। শুধু তাই নয়, আমি জানি শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন, মাস শেষ হবার আগে তাদের সামান্য মাইনে প্রাথমিক শিক্ষকরা পেয়ে থাকেন কিন্তু ঐ অঞ্চলের শিক্ষক মহাশয়রা আজ পর্যন্ত জুন মাসের মাইনেও পান নি। এই রকম অবস্থায় একজন শিক্ষক তার ৯টি পুত্রকন্যা স্ত্রী নিয়ে ৪ দিন অন্নহীন অবস্থায় থাকার পর মৃত্যু বরণ করেছেন। মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় এখানে নেই, আমি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে ব্যবস্থা করুন আর যাতে এই রকম ঘটনা কোন জায়গায় না ঘটে।

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জরুরী বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের গোচরে আনছি। ব্যারাকপুর মহকুমার নব-ব্যারাকপুরের পৌরাঞ্চলে দুই সপ্তাহ ধরে বসন্ত রোগ মহামারী রূপে দেখা দিয়েছে। দুই সপ্তাহের মধ্যে কুড়িটি মানুষ অকালে প্রাণ দিয়েছে এবং আপনি জানেন এটা এমন রোগ যে, যে কোন গাড়ীতে করে রোগীকে হাসপাতালে আনা সম্ভব নয়। Ambulance-এর প্রয়োজন অথচ এই গরীব লোকেরা ambulance ব্যবহার করতে পারছে না। কারণ Municipality থেকে ambulance ব্যবহার করতে হলে পয়সা দিতে হয়। আমি স্বাস্থ্য দপ্তরের কাছে অনুরোধ করবো অবিলম্বে পৌর সভায় যাতে এই ambulance free দেওয়া যায় এবং স্বাস্থ্য দপ্তর যাতে সমস্ত এলাকায় protection দিতে পারে তার ব্যবস্থা করা হোক এবং আমি মনে করি এর জন্য স্বাস্থ্য দপ্তর, পৌরসভা সকলে মিলিত ভাবে যদি প্রয়োজন হয় অবিলম্বে police দিয়ে vaccination দিতে পারে তার জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করুন। এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগণেশচন্দ্র হাতই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জোতদার কর্তৃক বর্গাদার উচ্ছেদের এক অভিনব পন্থা সম্পর্কে আপনার মাধ্যমে মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জাঙ্গীপাড়া

থানার অন্তর্গত শ্রীরামপুর গ্রামের একজন জোতদার, তার দুজন বর্গাদার ভোঁদড় হেমব্রম এবং বিষ্ণু হেমব্রমকে জমি বিক্রির অজুহাতে জমি ছেড়ে দিতে বলে। এই অজুহাতের কারণ হচ্ছে এই দুজন বর্গাদার যখন জমির মালিকের কাছ থেকে তার প্রাপ্য অংশ দিয়ে তাকে রসিদ চেয়েছিলেন। যে moment-এ রসিদ চাইলো অমনি তাদের বললেন আমার জমি ছেড়ে দাও। যখন ওরা ছেড়ে দিতে রাজী হলো না তখন তাদের জোর করে দখল নেবার চেষ্টা করেছিলেন, তাও যখন পারলেন না, তখন ঐ বর্গাদার দুজন ৭৷৬৷৭২ তারিখে জাঙ্গীপাড়া থানায় diary করেন এবং ৮৷৬৷৭২ তারিখে স্থানীয় J. L. R. O. office-এ একটা লিখিত ভাবে জানান। এরপর J. L. R. O. জমির মালিককে রসিদ দিয়ে তাদের প্রাপ্য অংশ বুঝে নিতে বলেন। ইতিমধ্যে জমির মালিক তার জমিগুলো তার তাবেদার লোকদের মধ্যে বেনামী করে দিলেন। তার কারণ হচ্ছে জমির দাম যেখানে বিঘা প্রতি ১,০০০ টাকা, মাত্র ১২০০ টাকা দিয়ে সেই জমিগুলো বেনামী করে দিলেন। তারপর এই লোকগুলোকে দিয়ে ঐ দুজন বর্গাদারের উপর অত্যাচার চালানো হচ্ছে এবং তাতেও ঐ জোতদার শান্তি পেলেন না। তারপর জমির সত্ত নিয়ে ওদের বিরুদ্ধে আদালতে একটা Case করেন। এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান হচ্ছে State Institute of Education, Banipur। এই State Institute of Education ১৯৮৫ সালে যখন প্রতিষ্ঠিত হয়েছিল তার directorate-এ উদ্দেশ্যের মধ্যে ছিল qualitative improvement in the field of education and teacher's training in particular. কিন্তু Banipur-এ গিয়ে দেখলাম ৯ জন teacher-এর sanctioned post রয়েছে, মাত্র তিন জন সেখানে কাজ করছে ১৯৮৫ সালে প্রতিষ্ঠা কালের শুরু থেকে। এই তিন জন teacher কোন রকমে সেই প্রতিষ্ঠানটি চালিয়ে আসছে। সব চেয়ে বড় কথা যে বর্তমানে জানতে পারলাম শিক্ষা বিভাগের হোমড়াচোমড়াদের কিছু চক্রান্তের ফলে একজন graduate কর্মচারীকে cadre service থেকে Pri cipal-এর পদে নিয়োগের চক্রান্ত চলছে। শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় এবং সম্ভাব সদস্যরা কি চিন্তা করেছেন জানি না যে বড় বড় M.A M. Sc, Ph D, D. Phil graduate-এর অধীনে কি করে কাজ চালাবেন। সুতরাং আমি দাবী রাখছি এই বিষয়ে অবিলম্বে অনুসন্ধান করুন এবং Principal-এর Post-টা Cadre Service-এ সীমাবদ্ধ না রেখে educationist দেখে যাতে আনা হয়, যাতে এই Institute of Education সফল হতে পারে, তার ব্যবস্থা করুন। এই বলে দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m]

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি বিশেষ ভাবে আকর্ষণ করছি হলদিয়া প্রকল্প সম্পর্কে। আপনি জানেন হলদিয়া প্রকল্পে শ্রমিক কর্মচারীদের উপর সেখানকার ঐ সব কোম্পানী অত্যাচার করছে এবং সেই সম্বন্ধে আমি কতগুলি স্পেসিফিক ঘটনার কথা বলছি এবং সেখানে শ্রমিকরা বিক্ষোভে ফেটে পড়ছে। এখানে হলদিয়া প্রকল্প নির্মান কার্যে ইনজিনিয়ারস (ইনডিয়া) লিমিটেড নামে যে কোম্পানী তারা বেশ কিছু শ্রমিক খাটায়, কোম্পানীটা সরকারের আণ্ডার টেকিং কোম্পানী অথচ সেখানে কোম্পানীর আই, ও সি রুল অনুযায়ী যে ভাবে শ্রমিকদের মজুরী দেওয়া দরকার, যে ভাবে তাদের ডি, এ, দেওয়া দরকার

সেই সমস্ত রুলস এ্যাণ্ড রেগুলেশন তারা ভায়লেট করে অত্যাচার চালাচ্ছে। শ্রমিকদের যে নিম্ন মজুরী রেট নির্দ্ধারণ হয়েছে এবং সেখানে যে সমস্ত অসুবিধা রয়েছে হাষ্টসিং-এর ব্যাপারে ২৪০ দিন খাটানোর পর তাদের রেগুলার করা ইত্যাদি ব্যাপারে অবিচার অত্যাচার চলছে, ফলে সেখানে আর্ণড লিভ এবং সিক লিভ এই সব ব্যাপারে অসুবিধা রয়েছে। কাজেই তারা অত্যন্ত বিপদ-জনক অবস্থায় কাজ করে, তাদের স্পেশাল এ্যালাউন্সের ব্যাপারেও অসুবিধা রয়েছে। সেখানে মেডিক্যাল অফিসার না থাকায় চিকিৎসার জন্য এবং যানবাহনের অসুবিধা থাকায় কয়েকটি চার্টার্ড অফ ডিমাণ্ড তারা দিয়েছিল সেখানকার ডেপুটি লেবার কমিশনারের কাছে, তারা বলেছিলেন যে দ্বিপাক্ষিক আলোচনা করুন তাতে যদি কোন ফল না হয় তাহলে নিশ্চয়ই আমরা হস্তক্ষেপ করব। কিন্তু সেই আলোচনার সব কিছুই তারা ডিফাই করছে। সরকারী আণ্ডার টেকিং-এ যদি শ্রমিকদের ন্যায্য অধিকার না দেওয়া যায় তাহলে কিভাবে এই প্রাইভেট সেক্টরের অবিচার অত্যাচার যেগুলি চলছে সেগুলিকে চেপে ধরবেন? তাই আমি এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে যদি এই বিষয়ে অবিলম্বে হস্তক্ষেপ না করেন তাহলে এই প্রকল্পের কাজে অসুবিধা হবে।

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। পশ্চিম বাংলার দুটো নদী অজয় এবং ময়ূরাক্ষী নদীয়া জেলার কালীগঞ্জ থানা দিয়ে এসে গঙ্গায় পড়েছে এবং তার ফলে সমস্ত নদীয়া জেলার সদর সাব ডিভিশন ঐ দুইটি নদীর ভাঙ্গনের ফলে বন্যা কবলিত হয়। সেই জন্য যে বাঁধ দেবার কথা হলো তার জন্য যে ২ লক্ষ ৪০ হাজার টাকার ক্যাশ প্রোগ্রাম নেওয়া হলো তার মধ্যে মাত্র ৩২ হাজার টাকা ব্যয় করা হয়েছে। এই বছর যদি ঐ সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করা হয় তাহলে এই বারেও নরমাল রাইজিং অফ দি রিভার ভাগীরথীর জলে বন্যা হয়ে যেতে পারে এবং এর জন্য চাষীরা ভয়ঙ্কর আতঙ্কগ্রস্ত হয়ে আছে। তাই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছিলাম যাতে এই বাঁধের কাজ তাড়াতাড়ি শেষ হয় সেটা দেখবেন।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার বিশেষ করে মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে মালদা জেলায় যে ভয়ঙ্কর দুর্ভিক্ষের অবস্থা চলছে আমার মনে হয় সে সম্পর্কে সকলেই অবগত আছেন। সেখানে লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে। মালদার প্রতিটি অঞ্চলে অঞ্চলে যেমন মালদা, হরিশ্চন্দ্রপুর, রতুয়া, কালীয়াচক, মানিকচক প্রভৃতি এই সমস্ত জায়গায় কোন রকম খাবার দাবার পাওয়া যাচ্ছে না যার ফলে অনেকে নেপাল ইত্যাদি জায়গায় চলে যাচ্ছে। অনেক লোক মারা গিয়েছে সংখ্যা বলা সম্ভব নয়। আমি সমস্ত গ্রাম অঞ্চল ঘুরে দেখেছি।

তবু কিছু কিছু তথ্য এখানে উপস্থিত করতে পারা যায়। যেমন মানিকচকে ৯ মাস ধরে সেখানকার লোকে ভাত পায়নি। গত দু দুবার বন্যা হয়ে গিয়েছে। ভাদোই, মাঘোই, পাট— কিছু মাত্র হয় নি। এইবারের খরার কোন রকম ধান হয়নি। আগামী বৈশাখ মাস ছাড়া কোন রকম ফসল হবার ব্যবস্থা নেই, রবিশস্য হবার সম্ভাবনা নেই। প্রচণ্ড অসুখ হচ্ছে এবং বিশেষ করে শিশুরা প্রচণ্ডভাবে মারা যাচ্ছে। যেমন কয়েকটা নাম আমরা এখানে উল্লেখ করতে পারি। কমলা-বাড়ি গ্রামে ৬ জন শিশু ইতিমধ্যে মারা গিয়েছে। টুলু শেখ বয়স চার বছর পিতা অজাগর আলী। আপনারা নিশ্চয় খোঁজ নিয়ে দেখতে পারেন, না খেতে পেয়ে মারা গিয়েছে। তাছাড়া সেখানে এমন অবস্থা হয়েছে যে লোকেরা যে কাজ করছে, তাদের চার আনা রোজ দিয়ে এক

বেলা খাইয়ে কাজ তারা আদায় করে নিচ্ছে। তারপর যেমন হীরানন্দপুর, উত্তর চণ্ডীপুর, দক্ষিণ চণ্ডীপুর এখানে ৬ জনের মৃত্যু হয়েছে। জ্যোতিষ মণ্ডলের ৬ বছরের ছেলে সঞ্জয় ভবানীটোলা গ্রামে মারা গিয়েছে এবং এও অনাহারে মৃত্যু। কার্তিকটোলা গ্রামে জগন্নাথ মণ্ডলের মেয়ে সে মারা গিয়েছে অনাহারে, জিতেনটোলাতে ৬০ বছরের বুড়ো না খেয়ে মারা গিয়েছে এবং এই সম্পর্কে তার বাড়ীর লোক ডায়েরী করেছে থানায় সেটা দেখতে পারেন। হীরানন্দপুরের গোপালটোলাতে এক জনের মৃত্যু হয়েছে। উত্তর চণ্ডীপুরে না খেতে পেয়ে ৪ জন আত্মহত্যা করেছে। এই রকম অবস্থা সেখানে এবং অত্যন্ত জরুরী অবস্থা। সেইজন্য মন্ত্রীসভার কাছে এবং মাননীয় মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন তাঁর কাছে শুধু আমি নয় সমস্ত মালদহ জেলার প্রতিনিধি এই দাবী করবে মালদহ জেলায় অবিলম্বে জরুরী অবস্থা ঘোষনা করা হোক এবং দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করা হোক এবং প্রত্যেক গ্রামে একটি করে লোঙ্গরখানা খোলা হোক। এই ব্যবস্থা অবিলম্বে নিতে হবে এবং মন্ত্রী সভাকে এই সম্পর্কে সিদ্ধান্ত নিতে হবে। তা না হলে মানুষকে বাঁচাবার কোন উপায় নেই। আমরা এখানে বিধান সভায় বসে থাকবো আর মানুষ ওখানে না খেয়ে মরে যাবে তা হতে পারে না। ১৩৫০ সালে বৃটিশ আমলে যখন দুর্ভিক্ষ হয়েছিল তখন লোঙ্গরখানা খোলা হয়েছিল তখনও কিন্তু মানুষ এই হারে মরেনি। এই রকম অবস্থা তখনও দেখা যায়নি। কাজেই অবিলম্বে জরুরী অবস্থা ঘোষণা করা হোক, সেখানে লোঙ্গরখানা খোলা হোক এই দাবী রাখছি এবং এ দাবী আমার একার নয়। আমার মনে হয় মালদহ জেলার যে সমস্ত প্রতিনিধি এখানে আছেন তাঁদের সকলেরই এই দাবী।

**শ্রীনিরঞ্জন ডিহিদার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকেই সকাল বেলা খবর পেলাম আসানসোলের দামোদর কয়লা খনিতে লক-আউট ঘোষণা করা হয়েছে। এই কয়লা খনিতে পনের শো শ্রমিক কাজ করতো এবং এই সমস্ত কয়লা খনির মালিকরা হল গোয়েঙ্কারা। কয়লা খনির মালিক এ পর্যন্ত ১৮ লক্ষ টাকা প্রভিডেন্ট ফাণ্ড জমা দেয় নি। রয়্যালটির টাকা তো জমা দেয়ই নি। তারা কিছুদিন আগে কুখ্যাত টি, এন শুক্লার সাহায্যে বকেয়া বেতন এবং অধুনা স্বাক্ষরিত যে এগ্রিমেন্ট সেটা কার্যকরী করাব চক্রান্ত করেছিল। তা ব্যর্থ হওয়ার ফলে এই লক আউট তারা ঘোষণা করেছে। এ ছাড়া ওই অঞ্চলে আরও ১০টি কয়লা খনি বন্ধ হতে যাচ্ছে এবং আসানসোলের কোল ফিল্ড ট্রিবিউনে খবর বেরিয়েছে এবং এর ফলে আরও ২০ হাজার ওয়ারকারস আন-এমপ্লয়েড হতে যাচ্ছে এবং কয়লা খনি হচ্ছে ময়রা-সাতগ্রাম, নর্থগুপ, কালিপাহাড়ী শ্রীপুর ইত্যাদি কয়লা খনিতে এই অবস্থা এবং এর ফলে ওখানে কয়েক লক্ষ টন কয়লা উৎপাদন কম হবে এবং এছাড়া এই কয়লা খনির উৎপাদন শুধু ব্যাহত হবে না, কয়লা খনিগুলো খারাপ হয়ে যাবে যদি দীর্ঘদিন বন্ধ হয়ে যায়। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো তিনি নিজে যদি এই ব্যাপারে হস্তক্ষেপ করেন তবে বন্ধ কয়লা খনি খোলা অসম্ভব হবে না। কারণ অন্যান্য কল-কারখানা কিছু কিছু খুলেছে বটে কিন্তু বন্ধ কয়লাখনি খোলে নি। উপরন্তু আরও কয়লাখনি বন্ধ হয়ে যাচ্ছে এবং এর ফলে ওই অঞ্চলে এক বিরাট অবস্থার সৃষ্টি হবে। সেদিকে লক্ষ্য রেখে কয়লাখনি যারা একদম বন্ধ করছে, আইন ভঙ্গ করে বন্ধ করছে এদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হক যাতে এরা বন্ধ না করতে পারে তার ব্যবস্থা করা হক। আর একটা কথা যে কয়লাখনি এখন স্ট্রীম আছে সেখানে জিওলজিক্যাল সারভে অফ ইণ্ডিয়ার ব্যাপার রয়েছে এবং জিওলজিক্যাল সারভে অফ ইণ্ডিয়ার কয়লাখনির কি স্তর সেটা ঠিক করে তাদের বোরিং করার ব্যাপার আছে। মালিক সেই টাকা খরচ করতে চাইছে না। ফলে এই অবস্থা হয়েছে। তাই জাতীয় স্বার্থে, শ্রমিকদের স্বার্থে আমি আশা করি অতি দ্রুত ব্যবস্থা করা উচিত এবং মুখ্যমন্ত্রী আশা করি বিবেচনা করে নিজে এই ব্যবস্থা করবেন।

## DEMAND FOR GRANT NO. 15

Major Head : "23—Police"

[2-50—3-00 p.m.]

**Shri Siddhartha Shankar Roy :** Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 34,29,12,000 be grantd for expenditure under Grant No. 15, Major Head : "23—Police".

(This is inclusive of Rs. 11,43,04,000 already voted on account in March, 1972.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের সুপারিশ ক্রমে আমি এই প্রস্তাব উত্থাপন করছি যে ১৯৭২-৭৩ সালে ১৫ নং অনুকরণের অধীনে ২৩ -পুলিশ বাবদ প্রয়োজনীয় ব্যয় সম্পূর্ণরূপে নির্বাহের জন্য ২২ কোটি ৮৬ লক্ষ ৮ হাজার টাকা মঞ্জুর করা হোক। Vote on account-এ ইতিপূবে যে ১১ কোটি ৪৩ লক্ষ ৪ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে সেই টাকা সমেত অনুদান ও এই টাকা পুলিশ খাতে ব্যয় হবে ৩৪ কোটি ২৯ লক্ষ ১২ হাজার টাকা। ১৯৭২-৭৩ সালের বাজেটে পুলিশ খাতে changed item করে ব্যয়ের পরিমাণ ছিল ৩৪ কোটি ২৯ লক্ষ ১২ হাজার টাকা। ১৯৭১-৭২ সালে এই ব্যয়ের পরিমাণ ছিল ৩৩ কোটি ৩২ লক্ষ ৩ হাজার টাকা। ১৯৭১-৭২ সালে যেখানে সংশোধিত estimate-এ নীট ব্যয় ছিল ৩০ কোটি ১২ লক্ষ ৫৩ হাজার টাকা সেখানে ১৯৭২-৭৩ সালে বাজেটে পুলিশ খাতে নীট ব্যয় দাঁড়াচ্ছে ৩০ কোটি ৮৪ লক্ষ ১১ হাজার টাকা। তার ফলে দেখা যায় এই খাতে ৭২ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে। এই ব্যয় বৃদ্ধির প্রধান কারণ হল পশ্চিমবঙ্গ পুলিশ এবং কোলকাতা পুলিশের জন্য ২-টি অতিরিক্ত সশস্ত্র পুলিশের ব্যাটালিয়ন গঠন করা হয়েছে। ১৯৭১ সালের October থেকে সকল শ্রেণীর কর্মচারীদের সাহায্য ভাতা মঞ্জুর করার ফলে এই ব্যয় বৃদ্ধি হয়েছে পূববর্তী বৎসরগুলির তুলনায় সাম্প্রতিক কালে পুলিশ খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে। এই রাজ্যে বিশেষ করে উগ্রপন্থীদের কার্যকলাপের পরিপ্রেক্ষিতে আইন শৃঙ্খলা রক্ষার ক্রমবর্ধমান অবস্থার কথা বিবেচনা করলে এই ব্যয়বৃদ্ধি অবশ্যম্ভাবী। নিম্নোক্ত পরিসংখ্যান থেকে অবশ্য এটা দেখা যাবে পুলিশ খাতে আনুপাতিক ভাবে যে ব্যয় বৃদ্ধি পেয়েছে তা শিক্ষা, চিকিৎসা, জনস্বাস্থ্য-এবং পরিবার পরিকল্পনা মত প্রধান প্রধান খাতে। জনকল্যাণ-মূলক বিভাগের ক্ষেত্রে যে ব্যয়বৃদ্ধি হয়েছে তার চেয়ে কম শিক্ষা, চিকিৎসা, জনস্বাস্থ্য এবং পবিবার পরিকল্পনার মত কয়েটি প্রধান প্রধান খাতে। জনকল্যান-মূলক বিভাগে যে মোট ব্যয় হয় তার সঙ্গে ১৯৬৯-৭০ সালে এই সব জনকল্যানমূলক ব্যয়ের উপর শতকরা বৃদ্ধির হার তুলনামূলকভাবে বিচারে এটা সুস্পষ্ট করে। আমাদের আইন শৃঙ্খলার ব্যাপারে অনেক বেশী পুলিশের কাজ করা সত্বেও এটা দেখা যাচ্ছে সেখানে ১৯৬৯-৭০ সালে রাজস্ব খাতে মোট ব্যয়ের তুলনায় পুলিশ খাতে ব্যয়ের শতকরা হার ছিল ৮·৯ সেখানে আমরা দেখতে পাচ্ছি ১৯৭২-৭৩ সালে এই বাজেটে যেটা ব্যয় হচ্ছে সেটা রাজস্ব খাতে মোট ব্যয়ের তুলনায় মাত্র ৮·৪। অর্থাৎ কিনা যুক্তফ্রণ্টের আমলে পুলিশ খাতে যে পরিমাণ খরচ করা হোত রাজস্বখাতের তুলনায় তার থেকে কম খরচ করা হচ্ছে। এই সরকারের বাজেটে যেখানে ছিল ৮·৯ সেখানে হল ৮·৪। নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য যারা গণতান্ত্রিক পদ্ধতির পরিবর্তে হিংসার পথ বেছে নিয়েছিল সেই উগ্রপন্থী কার্য্যকলাপ বৃদ্ধি পাবার জন্য পুলিশের কাজ আরও কঠিন হয়েছে। এদের হিংসাত্মক কার্য্যকলাপের ফলে ১৯৭১ সালে কোলকাতায় ৮৪৮-টা ঘটনার বলি হয় ২১৫ জন মানুষ।

ঐ বছরে পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে ২ হাজার ৬০২টি ঘটনায় ৬২৫ জন মানুষ প্রাণ হারা আমাদের পুলিশ বাহিনী দৃঢ় সঙ্কল্প নিয়ে এই উগ্রপন্থীদের দমন করতে পেরেছে। ফলে ১৯৭২, ৩১ মে পর্য্যন্ত ঐরূপ ঘটনার সংখ্যা হ্রাস পেয়ে কলকাতায় ৯, পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে ৪৯ দাঁড়িয়েছিল, তাতে যথাক্রমে ১ জন ও ৯ জন ব্যক্তি প্রাণ হারিয়েছিল। আমাদের পুলিশ কর্মচারী উগ্রপন্থীদের বিরুদ্ধে অভিযানে সফল হয়েছিল, এজন্য জনগণের মধ্যে আবার আস্থা ফিরে এসেছে এরজন্য ধন্যবাদ দিতে হবে পশ্চিমবঙ্গের জনসাধারণকে। পশ্চিমবঙ্গের জনসাধারণ যদি পুলিশ সাহায্য করতে এগিয়ে না আসত তাহলে আমরা কখনও এই কাজ করতে পারতাম না। অন্তর্দলী সংঘর্ষ পুলিশের কাছে একটা কঠিন কাজ হয়ে পড়ে। ১৯৭১ সালে কলকাতায় এই ধরণের ২১৫ সংঘর্ষ ঘটে, তার ফলে ১৬০ জন প্রাণ হারায়। এই সময়ে পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানে এই ধরণে সংঘর্ষের সংখ্যা দাঁড়ায় ৮৬৫ টি, ২ শো প্রাণ হারায়। আমাদের পুলিশ বিভাগ জনসাধারণে সহযোগিতায় তৎপরতার সংগে সমস্যার মোকাবিলার চেষ্টা করেছে। ৩১ শে মে, ১৯৭২ পর্য কলকাতায় এই ধরণের সংঘর্ষের ঘটনা কমে গিয়ে দাঁড়িয়েছে ৩১ এ। পশ্চিমবঙ্গের অবশিষ্ট অং ৪৪৪টি ঘটনা ঘটে, এতে ৬৪ জন মানুষের জীবন হানি হয়। আমরা আশা করব পুলিশ বিভাগে সদা সতর্ক দৃষ্টি এবং কর্মতৎপরতা, জনসাধারণের সহযোগিতা এবং সঙ্গে সঙ্গে রাজনৈতিক দলগুলি হিংসার পথ পরিত্যাগ করার মধ্য দিয়ে এই ধরণের সংঘর্ষ অতীতের ঘটনা হয়ে দাঁড়াবে। আমাদে পুলিশ বেআইনী কিংবা চোরাই অস্ত্র, গুলি, বারুদ, বিস্ফোরক দ্রব্য প্রভৃতি উদ্ধার করতে অনেকা কৃতিত্ব দেখিয়েছে। ১৯৭১ সালে পশ্চিমবঙ্গ পুলিশ এইরূপ ১,২৪৮টি আগ্নেয়াস্ত্র, ৪,৭২৯ রাউ গোলাগুলি, ৪৬০টি বোমা, ৪৩০·৫৮ কে জি. বিস্ফোরক পদার্থ উদ্ধার করেছে। এই সময়ে কলকা পুলিশ ২৭১টি আগ্নেয়াস্ত্র, ২,৫৪১ রাউণ্ড গোলাগুলি, ৬২৮ ৭৫ কে. জি. বিস্ফোরক দ্রব্যের উপাদা এবং ৩,৬৬৫ বোমা পটকা ইত্যাদি উদ্ধার করে। ৩১শে মে, ১৯৭২ সাল পর্যন্ত পশ্চিমবংগ পুলি ৬০২টি আগ্নেয়াস্ত্র ১৮,২৩৩ রাউণ্ড গোলাগুলি, ১,৪৭৪টি বোমা এবং ৫০·৫৩ কে. জি. বিস্ফোরক দ্রব তৈরীর উপাদান উদ্ধার করে। এই একই সময়ে কলকাতা পুলিশ উদ্ধার করে ১১৭টি আগ্নেয়াস্ত্র ১,৫১৮ রাউণ্ড গোলাগুলি, ৯,০১৯টি বোমা পটকা ইত্যাদি। একথা বলাবাহুল্য যে আমাদে পুলিশবাহিনী সদা সতর্ক দৃষ্টি রেখে ছিলেন বলেই এই ধরণের কাজ করা সম্ভব হয়েছিল এবং এই সমস্ত উদ্ধার কার্যে জনসাধারণও আমাদের যথেষ্ট সাহায্য করেছেন। এনফোর্সমেণ্ট শাখা তাঁদে অন্যান্য কাজের সংগে দুর্নীতিপরায়ণ অসাধু ব্যবসায়ীদের উপর নজর রেখেছেন। পশ্চিমবঙ্গ পুলিশের অধীনে এনফোর্সমেণ্ট শাখা ১৯৭১ সালের মধ্যে ৩৮, ৭৬৫ কুইন্টল খাদ্যশস্য আটক করেছে তাছাড়া প্রচুর পরিমাণে অত্যাবশ্যকীয় আন্যান্য জিনিস যেমন কেরোসিন তেল, বেবি ফুড ইত্যাদি আটক করেছে এবং ৭,৬০৯ জন ব্যক্তির বিরুদ্ধে ৬,২৫৬ টি মামলা চালু করেছে। তারা মিসাতে বহু চোরাকারবারী, কালোবাজারীদের গ্রেপ্তার করেছে। ৩১শে মে, ১৯৭২ তারিখ পর্যন্ত তারা মিসাতে ৭৫ জন অসাধু ব্যবসায়ীকে আটক করেছে এবং ৩,৮৩৭ জন ব্যক্তির বিরুদ্ধে ২,৮৫৯টি ফৌজদারী মামলা দায়ের করেছে।

[3-00—3-10 p.m.]

এই সময় তারা অন্যান্য অত্যাবশ্যক দ্রব্য ছাড়া ২১ হাজার ১০০ পয়েন্ট ৪১ কুইন্টল খাদ্যশস্য আটক করেছে। কোলকাতা পুলিশের এনফোর্সমেণ্ট শাখা ১৯৭১ সালে ১ হাজার ৩১০ পয়েন্ট ৩ কুইন্টল খাদ্যশস্য আটক করেছে এবং ২ হাজার ৮৪৪ জন ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। এর মধ্যে ২ হাজার ৮৩৪ জন ব্যক্তি সাজা পেয়েছে। এবছর মুনাফাখোর বিরোধী অভিযানে ৫২টি মামলা

রুজু করেছে এবং তাতে ৩২ ব্যক্তির সাজা হয়েছে। ১৯৭২ সালের ৩১শে মে পর্যন্ত ৮২৫ ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে এবং তার মধ্যে ৪৮৩ ব্যক্তি অপরাধী সাব্যস্ত হয়েছে। তাছাড়া এনফোর্সমেন্ট শাখা যে সমস্ত ব্যক্তি আগাম লেনদেন কার্যের সঙ্গে লিপ্ত এবং যারা ভেজাল ঔষধ প্রস্তুত এবং বিক্রির জন্য দায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছে। যে সমস্ত দুর্নীতি এবং অসাধু উপায়ের দ্বারা সম্পদ, ঐশ্বর্য আহরণ করবার চেষ্টা করেছে তাদের উপর আমাদের এই এনফোর্সমেন্ট শাখা সজাগ দৃষ্টি রেখেছে। আমাদের হোমগার্ড শাখা ক্রমশঃ একটা পূর্ণাঙ্গ রূপ পাচ্ছে এবং অপরাধমূলক এবং শৃঙ্খলাভঙ্গকারীদের বিরুদ্ধে দ্বিতীয় প্রতিরক্ষা প্রাচীর বলা যায়। আমাদের কোলকাতায় ৩ হাজার ৭০০ হোমগার্ড আছে এবং পশ্চিমবাংলার অন্যান্য স্থানে ৪৪ হাজার ৩২৩ জন হোমগার্ড আছে। এই সমস্ত হোমগার্ড যানবাহন নিয়ন্ত্রন, ভীড়, উৎসব নিয়ন্ত্রন, নির্বাচন প্রভৃতি কাজে নিযুক্ত আছে এবং তারা তাদের কাজ অত্যন্ত সুষ্ঠুভাবে সম্পাদন করে চলেছে। তাদের বিভিন্ন কাজে নিযুক্ত করে আমরা পুলিশের উপর থেকে ক্রমবর্দ্ধমান চাপ কমাতে সক্ষম হয়েছি। পাকিস্তানের আক্রমনের প্রথম থেকে আমাদের দেশে লক্ষ লক্ষ শরনার্থী ভাইর আগমন, ১৯৭১-৭২ সালে সাধারণ নির্বাচন, অসাধু ব্যবসায়ী এবং চোরাকারবারীদের দ্বারা উদ্ভূত সমস্যার ফলে পুলিশের কাজ এবং দায়িত্ব প্রচণ্ডভাবে বৃদ্ধি পেয়েছে এবং পূর্ব নির্দিষ্ট এই রকম কাজে ব্যাপৃত থাকা সত্ত্বেও অপরাধমূলক ঘটনা নিয়ন্ত্রনের জন্য আমাদের পুলিশ যে তাদের যথাসাধ্য চেষ্টা করেছে এখানে তার প্রমান আমরা যথেষ্ট পেয়েছি। আগের বছর পুলিশ যে কাজ করেছে এখানে তার সমস্ত বিবৃতি বা তালিকা পেশ করা সম্ভব নয়, আমি দিতেও চাই না, তার প্রয়োজনও নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে বিশেষ জোর দিয়ে বলতে চাই পুলিশ বিভাগে দক্ষ অফিসার এবং কর্মীর অভাব নেই। আমার বিশ্বাস যে দায়িত্ব তাদের উপর বর্তেছে তারা তা সুষ্ঠুভাবে নির্বাহ করে নিজেদের যোগ্যতা প্রমাণ করবে। আমরা এখানে জনসাধারণের সেবা করবার জন্য এসেছি এবং তারজন্য পুলিশ একটি গুরুত্বপূর্ণ অংগ। কাজেই রাজ্যের সর্বত্র জনসাধারণের দুর্দ্দশা দূর করবার কাজে আমরা পুলিশকে প্রয়োজনীয় মাধ্যম হিসেবে দেখি। কায়েমী স্বার্থবাদীদের জন্য জনসাধারণকে অবিচার সইতে হয় এবং সেখানে রক্ষক হিসেবে আমরা পুলিশকে দেখি। সমাজবিরোধী, মজুতদারী, কালোবাজারী এবং চক্রান্তকারী যারা জনসাধারণের অশেষ দুর্দশার কারণ, যারা সামাজিক নিরাপত্তার অভাব এবং শৃঙ্খলাহীনতার মনোভাব সৃষ্টি করেন, সমাজের সুষ্ঠু বিকাশকে বাধা দেন তাদের দমনের জন্য পুলিশকে প্রশাসনের পক্ষে অপরিহার্য অংগ বলে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে আমরা এক নূতন সমাজ গঠন করবার জন্য দৃঢ় প্রতিজ্ঞ। জানি এতে সময় লাগবে, তথাপি এতে প্রশাসনিক দিক থেকে আমাদের সমস্ত সময় দেখতে হবে কিভাবে এই নূতন সমাজ প্রতিষ্ঠা করা যায়।

এই নতুন সমাজ প্রতিষ্ঠার প্রচেষ্টায় পুলিশ বাহিনীকে এক নতুন রূপে মানুষের সামনে উপস্থিত হতে হবে। আগেই বলেছি আমাদের পুলিশে বহু সুদক্ষ, সৎ ও জনদরদী মানুষ আছে। আমার কোন সন্দেহ নাই যে তারা এক নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে জনগণের সমস্যার দিকে তাকাবে। আমরা চাই আমাদের পুলিশ নিপীড়িত, নির্যাতিত, নিষ্পেষিত মানুষের কাছে গিয়ে দাঁড়াবে, যাদের সমর্থন করার কেউ নাই, যাদের বক্তব্য রাখার কেউ নাই, যাদের দুঃখ দুর্দশা প্রশাসনিক কর্মচারীদের কাছে পৌঁছে দেবার কেউ নেই, তাদের পাশে পুলিশকে গিয়ে দাঁড়াতে হবে। আমরা চাই আমাদের পুলিশের সঙ্গে জনগণের মধ্যে নিবিড় সম্পর্ক স্থাপিত হোক। পুলিশকে আমরা চাই জনগণের বন্ধু হিসাবে দেখতে। পুলিশকে আমরা চাই জনগণের উপদেষ্টা হিসাবে দেখতে। পুলিশকে আমরা চাই জনগণের সহায়ক হিসাবে দেখতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিধানসভার প্রত্যেক সভ্যকে এই প্রতিশ্রুতি দিচ্ছি যে আমাদের হাজার হাজার পুলিশ কর্মচারীদের ভিতর এই নতুন মনোভাব সৃষ্টি

করবার জন্য আমাদের সরকার সমস্ত কিছুই করবার চেষ্টা করবে। আমার সরকার জনগণের সা যে লক্ষ্য তুলে ধরেছেন সেই লক্ষ্যে পৌছবার জন্য এই প্রয়াস একান্ত প্রয়োজন। কোন বে বিশেষের উপর অবিচার না করে আমরা চাই জনগণ সামাজিক অর্থনৈতিক সমৃদ্ধির দিকে এগি যাক। আমরা কোন ধর্ম বা মতের প্রতি বিদ্বেষ পোষণ না করে আমরা আমাদের পুলিশ বাহিনী এক আদর্শ পুলিশ বাহিনীরূপে নতুন করে ঢেলে সাজাতে চাই। আমার দৃঢ় বিশ্বাস আছে যে বে কোন জায়গায় পুলিশের ত্রুটি বিচ্যুতি থাকা সত্ত্বেও কোন কোন পুলিশ কর্মচারীর বিরুদ্ধে কি কিছু অভিযোগ থাকা সত্ত্বেও মোটামুটিভাবে আমাদের পুলিশ বাহিনীতে যেসমস্ত কর্মচারী আছে তাদের উপর আমরা সম্পূর্ণ নির্ভর করতে পারি। তাদের সম্বন্ধে এই আশা ঘোষণা করতে পা তারা নিজেদের এক আদর্শ পুলিশ বাহিনীতে পরিণত করবে, জনগণের সেবাই হবে তাদের ব্রত এ জনগণের সাহায্য করাই হবে তাদের লক্ষ্য। অত্যাচারী, হিংস্র ঘাতক বিভেদ পন্থী আইন লঙ্ঘনকা সমাজ বিরোধী এবং অসাধু ব্যবসায়ীদের হাত থেকে জনগণকে রক্ষা করাই হবে তাদের ধর্ম। এ কয়টি কথা বলে আমি আমার দপ্তরের ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য আমার প্রস্তাবটি মাননীয় সদস্যদে সামনে পেশ করছি।

**Mr. Speaker** : There are two cut motions on this grant. They are ir order and taken as moved.

**Shri Pradyut Kumar Mahanti** : That the amount of the demand be reduced by Rs. 1000.

**Shri Nasiruddin Khan** : That the amount of the demand be reduced by Rs. 100.

(At this stage the House was adjourned for 15 minutes)

After Adjournment

[3-10—3-30 p.m. including adjournment.]

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী আজকে হাউসের কাছে ৩৪ কোটি ৬৯ লক্ষ টাকা, এর মধ্যে ১১ কোটির মত টাকা মার্চ মাসে এই হাউস মঞ্জুরী করেছিল, এখনে ৩৪ কোটি টাকার ব্যয় বরাদ্দের দাবী আজকে আমাদের সামনে রেখেছেন, আমি নীতিগতভাবে এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করবার জন্য কাট মোশন দাখিল করেছি। এই কাট মোশনের সমর্থনে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কিছু বক্তব্য রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন দেশ স্বাধীন হবার পূর্বে যখন বিদেশী সরকার ছিল সেই বিদেশী সরকারের এই দেশ শাসন করবার প্রধান হাতিয়ার ছিল এই পুলিশ বিভাগ।

[3-30—3-40 p.m,]

দেশ স্বাধীন হবার পর আসতে আসতে জনগণের দাবীতে ও তৎকালীন সরকারের চেষ্টায় পুলিশ বিভাগের দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হয়েছিল। ১৯৬৭ সাল পর্য্যন্ত ২০ বৎসরে আমরা দেখলাম যে দৃষ্টিভঙ্গি সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত হয়নি। ১৯৬৭ সালের পর বিশেষ করে পশ্চিমবাংলায় যে রাজনৈতিক

ঝড় বয়ে গেল এবং ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত যে রাজনৈতিক ঘূর্ণিবর্ত্তার মধ্যে পশ্চিমবাংলারবাসী কাটালো তাতে আমরা দেখলাম যে পুলিশ-এর মধ্যে অদ্ভুত রোল। আমরা দেখলাম সরকারের দ্বারা পুলিশ বিভাগ এবং পুলিশ বিভাগের কর্মচারীরা কখনও নিজের চাকরি রাখবার জন্য আবার কখনও বা প্রোমোশন-এর জন্য জনগণের সেবা করবার যে দায়িত্ব তাদের উপর আছে তা না করে জনগণের নিষ্পেষণ-এর যন্ত্র হয়ে দাঁড়াল। কারণে অকারণে যে রাজনৈতিক দল ক্ষমতায় ছিলেন তাদের রাজনৈতিক উদ্দেশ্য সাধন করবার জন্য। পশ্চিমবাংলায় খুনোখুনি, লাঠালাঠি, মারামারি দমন না করে অনেক ক্ষেত্রে উৎসাহ দান করল এই পুলিশ বিভাগ। ১৯৭২ সালে যে নির্বাচন হল তাতে পশ্চিমবাংলার জনগণ চেয়েছিল একটা স্থায়ি সরকার হোক এবং স্থায়ি সরকার গঠিত হবার সঙ্গে সঙ্গে পুলিশ বিভাগ এই ৫ বৎসরের ইতিহাস তারা সম্পূর্ণরূপে ভুলতে পারেনি। অর্থাৎ যে শিক্ষায় তারা এই ৫ বৎসর শিক্ষিত হয়েছিল তা তারা ভুলতে পারেনি। নূতন সরকার এলো, একটা স্থায়ি সরকার এলো তাই তারা ক্ষনিক থমকে দাঁড়াল। যে উৎসাহ তারা দেখিয়েছিল মারামারি কাটাকাটিতে তাতে তারা নিষ্ক্রিয়তা দেখিয়েছিল। তারা ক্ষণিকের জন্য থমকে দাঁড়িয়েছিল এজন্য যে একটা স্থায়ি সরকার এসেছে। আমরা দেখলাম যে স্থায়ি সরকার গঠিত হবার সঙ্গে সঙ্গে উল্লেখযোগ্য উন্নতি হয়েছিল। দেশের আইন শৃঙ্খলার কিছুটা উন্নতি হয়েছিল যেজন্য আমি রাজ্যপালের ভাষণের উপর যখন বক্তব্য রেখেছিলাম তখন এই উল্লেখযোগ্য উন্নতির জন্য আমি মন্ত্রীসভাকে ধন্যবাদ জানিয়েছিলাম। আজকে ২/৩ মাস যেতে না যেতেই আবার দেখছি তারা নিষ্ক্রিয় হতে আরম্ভ করেছে। সক্রিয় হওয়া দূরের কথা এই সমস্ত বিশৃঙ্খলতা তারা দূর করতে পারেননি। আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন যে গত কয়েক বৎসর রাজস্ব খাতের তুলনায় পুলিশ খাতে যে টাকা খরচ হয়েছে তাতে তিনি দেখিয়েছেন যে ১৯৬৯-৭০ সালে খরচ হয়েছে ৮.৯ আর সেই তুলনায় ওরা করছেন ৮.৪। আমি মনে করি পুলিশ বিভাগ আজকে যে সামাজিক অবস্থা এবং যে সামাজিক ব্যবস্থা তাতে যদি তারা এইভাবে চলে সেখানে আমরা দেখছি যে দুর্নীতি বেড়ে চলেছে এবং এভাবে চললে আরও বাড়বে। তার কারণ অনেক এবং সেই কারণ যদি দূর করতে না পারি তাহলে কেবলমাত্র পুলিশের দুর্নীতি দূর করা যাবেনা যদি সামাজিক দুর্নীতি অপরাধ প্রবনতা দমন করা না যায় বা পুলিশ বিভাগকে সক্রিয় করতে না পারি। এ না করলে দুর্নীতি বাড়বে তা রোধ করা যাবেনা ও উচ্ছেদ করা যাবেনা। একথা ঠিক যে পশ্চিমবাংলায় শুধু নয়—ভারতবর্ষের যুবক সমাজের সামনে আজ ভবিষ্যৎ অন্ধকার বলে তারা মনে করছে। তাদের সামনে কোন ভবিষ্যৎ নেই তাদের অনেক আশা আছে কিন্তু আমরা যদি তাদের কর্মসংস্থান না করতে পারি যা করতে পারছেন না যার ফলে তাদের মধ্যে একটা হতাশার ভাব দেখা দিয়েছে এবং এটা হওয়া স্বাভাবিক তাহলে তারজন্য অপরাধ প্রবনতা বাড়বে। কাজেই পুলিশকে এরজন্য সক্রিয় হতে হবে।

এবং তারজন্য পুলিশকে সক্রিয় হতে হবে এবং পুলিশকে যদি সক্রিয় করতে হয় তাহলে ব্যয় বরাদ্দ বৃদ্ধি করা উচিত। এটা আমি নীতিগতভাবে সমর্থন করি। তা সত্বেও মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী যে ব্যয় বরাদ্দ রেখেছেন এবং যে অর্থ যে কারণে ব্যয় করা হচ্ছে, সেই কারণ ও উদ্দেশ্য আমাদের ডিপার্টমেন্টের অপদার্থতার জন্য ও অযোগ্যতার জন্য সিদ্ধ হচ্ছেনা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি - মেদিনীপুর জেলার দু-একটা ঘটনার প্রতি। ১৯৭১ সালে মেদিনীপুর জেলার পাঁশকুড়া থানার বাকুতুলি গ্রাম—, সেই গ্রামে কালিপদ কুলপি বলে এক ভদ্রলোক বাস করেন। তার মায়ের বয়স প্রায় একশো বছর। ১৯৭১ সালের সেপটেম্বর মাসে দুপুর বেলা সমাজ বিরোধী কিছু ব্যক্তি এসে তার গোলাঘর ধানের গোলা ভেঙ্গে ফেলে প্রায় এক হাজার টাকার মত সম্পত্তি লুট করে নিয়ে গেল। তিনি পুলিশে

সত্বর খবর দিলেন, থানায় গিয়ে ডায়েরী করলেন। অথচ এ পর্য্যন্ত কোন ব্যবস্থা সে সম্বন্ধে গ্রহণ করা হলোনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন—এই ফেব্রুয়ারী মাস থেকে তাঁর বাড়ীতে গিয়ে একশো বছর বৃদ্ধা মায়ের সঙ্গে দেখা সাক্ষাৎ করতে পারছেন না। তাঁকে হুমকি দেওয়া হচ্ছে—বাড়ী ঢুকলে মেরে ফেলবো, কেটে ফেলবো। এই তো অবস্থা।

আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি—সেখানে কয়েকদিন আগের একটা ঘটনা—দশ দিন আগের ঘটনা- দাঁতন বাজার—ছোট্ট একটা টাউন। সেই খানেই থানা অবস্থিত। কিছু অসামাজিক যুবক যাদের প্রধান নেশা হচ্ছে জুয়া খেলা। এক ভদ্রলোক একজন প্রধান শিক্ষক একটি বহুমুখী বিদ্যালয়ের। তিনি শহরের প্রান্তে একটি নিরিবিলি জায়গায় ঘরভাড়া নিয়ে স্ত্রীপুত্রাদি নিয়ে বাস করেন। সেই জুয়া খেলোয়াড় অসামাজিক যুবকদের আড্ডার জন্য একটা ঘরের প্রয়োজন হলো। কাজেই সেই প্রধান শিক্ষককে সেই বাড়ী থেকে উদ্বাস্তু করবার জন্য চেষ্টা চললো কয়েকমাস ধরে। তাঁর স্ত্রীকে প্রস্তর মেরে মাথা ফাটিয়ে দেওয়া হলো, তাঁর বাড়ীর জিনিষপত্র চুরি করে নেওয়া হলো। অথচ পুলিশ নাকের ডগার উপরে। তাতেও কিছু যখন হল না—সেই ভদ্রলোক বাড়ী ছাড়লেন না, তখন একদিন সন্ধ্যা সাড়ে সাতটার সময় সেই সমাজবিরোধী যুবকরা বাড়ীর মধ্যে ঢুকে তাঁর বাড়ীর সব আসবাবপত্র টেনে ছুড়ে বাইরে ফেলে দিল। তিনি পুলিশকে ডেকে নিয়ে গেলেন পুলিস গিয়ে সব দেখলো—যে কিছু কিছু জিনিষপত্র নিয়ে তারা পালিয়ে যাচ্ছে। আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থাই অবলম্বন করা হলো না। শেষ পর্যন্ত সেই শিক্ষক ভদ্রলোক বাধ্য হয়ে পরেরদিন বাজারের অপর প্রান্তে যেখানে লোকজন বেশী, সেখানে গিয়ে বসবাস করতে লাগলেন।

তারপর বর্দ্ধমানের একটা ঘটনার কথা বলি। গত ২১-৫-৭১ তারিখে জেলারেল পোস্টাফিসের কাছে দুর্গাপদ অধিকারী নামে একজন লোক খুন হলো। সেই খুনের কোন রকম কিনারা আজ পর্য্যন্ত হলোনা বা হত্যাকারী দুর্বৃত্তদের আজও ধরা হল না। এই সম্পর্কে আপনি স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করলে জানতে পারেন। সেখানে Superintendent of Police-এর যিনি ষ্টেনোগ্রাফার যাকে বাঁকুড়া বদলী করা হয়েছে, শুনেছি, তাঁর ছেলে প্রত্যক্ষভাবে এই খুনের সঙ্গে জড়িত বলে পুলিস কিছুই করছেনা। তদন্ত হওয়া দূরের কথা—যাতে এই খুনের ঘটনা ধামাচাপা পড়ে তারই ব্যবস্থা করা হয়েছে।

[3-40—3-50 p.m.]

সেই তদন্ত ধামাচাপা দেওয়া হোল সাক্ষি-সাবুদ না পাবার জন্য—তার পর সেই সুপারিন্টেণ্ডেন্ট এর অফিসের ষ্টেনোকে বদলী করে দেওয়া হোল—এই ঘটনা ঘটলো বাঁকুড়ায় গত ২১-৫-১৯৭১ তারিখে। তারপর মেদিনীপুরের মোহনপুর থানার অঞ্চল রিলিফ কমিটির এ্যাকটিং অঞ্চল প্রধানকে যখন মিটিং হচ্ছিল সেই সময় তাকে থানায় ধরে নিয়ে যাওয়া হোল এবং সেখানে তাকে আটকে রাখা হোল। তারপর তার ছেলে গিয়ে থানায় বললেন যে আমার বাবাকে আটকে রাখা হোল কেন, তাকে খেতে দেওয়া হয়নি, তাকে এমন কি নেচারস কলেও যেতে দেওয়া হয় নি। তখন পুলিশ কিন্তু তার কোন এ্যকসন নিলেন না। অপর দিকে কোন একটি লোককে বেশ কিছু জনতা দুর্বৃত্ত আটকে রেখে মারধর করে পুলিশের কাছে গিয়ে যখন এ্যারেষ্ট করার অভিযোগ করলেন পুলিশ

তখনই ছুটে এসে সেই লোকটির কোন অভিযোগ না থাকা সত্ত্বেও তাকে থানায় নিয়ে গিয়ে জনতার চাপে সেই লোকটিকে ৫ ঘণ্টা আটকে রেখে দিলেন। তার পর তাকে সেকসন ৫৪-এ বেল দিলেন। এই মোহনপুর থানায় প্রকাশ্য দিবালোকে গত ১৯-৭ তারিখে কিছু দুর্বৃত্ত লোক একটি লোককে ধরে নিয়ে গিয়ে সারা দিন সারা রাত তালাচাবি দিয়ে রাখলেন সেখানে পুলিশ একটি লোককেও এ্যারেষ্ট করলেন না। এই হচ্ছে অবস্থা। আজকে গ্রামাঞ্চলে আমরা দেখছি যে চুরি ডাকাতি বেড়েই চলেছে। অনেক দিন ধরে যে সমস্ত ওয়ারেণ্টগুলি পড়ে আছে থানায় সেগুলি একজিকিউট করার কোন ব্যবস্থা হচ্ছে না। অবশ্য আমি একথা বলি যে পুলিশ বিভাগ ভয় পেয়েছে যে এই সরকার আসার পর কৈফিয়ত চাইবে কেন অকর্মণ্য ছিলেন—তাই আমরা যদি সঙ্গে সঙ্গে সক্রিয় হয়ে পড়ি এই ভেবে পুলিশ কিছু সক্রিয় হয়েছে। আজকে দেখছি পুরানো ওয়ারেণ্টগুলি যাতে ভালভাবে কার্যকরী হয় সেই রকম কোন নির্দেশ সরকার দিচ্ছেন না। অনেক সৎ কর্মচারী আছেন যাঁরা নিষ্ঠিকভাবে নিরপেক্ষভাবে সরকারী নির্দেশ পালন করতে চান। তাই বলে একথা নয় যে পুলিশ একেবারে দুর্নীতিমুক্ত হয়ে গেল। পুলিশের দুর্নীতির কথা আমি পরে মুখ্যমন্ত্রীকে অতি বিনয়ের সঙ্গে বলবো। কিন্তু সৎ যে সমস্ত পুলিশ কর্মচারী কাজ করে যাচ্ছেন তাদের সুবিধার সম্বন্ধ আমি যদি না বলি তাহলে আমি আমার কর্তব্যের ত্রুটি হবে বলে আমি মনে করি। তারপর জেনারেল ডায়েরী সম্বন্ধে বলি— যদি কোন কমপ্লেন করতে গেল সেখানে দেখা গেল যে ডায়েরী বুক নেই। ডায়েরী বই এমনভাবে সরবরাহ করা হয় তাতে তারা এক বছরে মাত্র একখানি কি দুখানি পায়। কিন্তু সেখানে দরকার ১৫/১৬ খানি ডায়েরী বইয়ের। দারোগাবাবু আর কি করেন ঐ ব্যবসায়ীদের কাছ থেকে পয়সা নিয়ে কখনও যারা ডায়েরী করতে যান তাদের কাছ থেকে চাঁদা নিয়ে নানাভাবে টাকা আদায় করে সেই বই ছাপাতে হয়। এইদিকে সরকারের দৃষ্টি আমি আকর্ষণ করি। তারপর কনটিনজেন্সির কথা—এই কনটিনজেন্সির অভাবের ফলে কাগজ কলম কিছুই ঠিক সময় মত পাওয়া যায় না। কেউ যদি থানা থেকে একখানা কাগজ চান তাহলে দেখবেন সেখানে কাগজ পাবেন না। থানার অফিসাররা সেখানে পেনসিল কার্বন ইত্যাদি কেনার জন্য চাঁদা করে কিংবা তাঁর পকেট থেকে এইসব জিনিস কিনে থাকেন। মফঃস্বলের থানায় অফিসারদের বা পুলিশদের কখনও রাত্রে যেতে হচ্ছে? কখনও ভীষণ রোদে তাদের বাইরে যেতে হচ্ছে—কিন্তু যখন তারা ফিরে আসছে তখন তারা দেখছে বাড়ীটা ফেটে পড়ে আছে। এইগুলি যে সরকারী জায়গা এর তদারকী করা একান্ত সরকারের দরকার আছে। তারপর থানার বিল্ডিংসগুলি মাননীয় মন্ত্রীমহাশয় যদি তাঁর নিজের চোখে দেখে আসেন বা তাঁর কোন বিশ্বস্ত কর্মচারীদের মাধ্যমে দেখেন তাহলে দেখবেন যে অধিকাংশ থানার বিল্ডিংসগুলি ভাঙ্গা ও জীর্ণ।

আমি কয়েকটি থানার কথা উল্লেখ করছি। মেদিনীপুর জেলার পিংলা থানা। একদিন বৃষ্টি হচ্ছিল, আমি গাড়ী করে যাচ্ছিলাম, হঠাৎ এমন জোর বৃষ্টি এসে গেল যে আমাকে থানার মধ্যে ঢুকে পড়তে হল। সেখানে গিয়ে দেখি ঘরটা এমন ভাবে ভেঙেছে যে কনস্টেবল থেকে আরম্ভ করে দারোগা পর্য্যন্ত তাদের নিজেদেরই দাঁড়াবার স্থান নেই আমাকে আর কোথায় স্থান দেবেন। থানাটি পুকুরের পাড়ে, ঘরটিতে এমন ফাটল ধরেছে যে সেখান থেকে সাপ বেরিয়ে আসছে বৃষ্টির জল পেয়ে। তারপর পাঁচকুড়া থানা। সেখানে বৃষ্টি বা রোদের দিনে বসা যায় না। দারোগা বাবু বাইরে থেকে চাঁদা তুলে একটা বারান্দা করেছেন, সেখানেই লোকজন গেলে বসতে দেন। গোপীবল্লভপুর থানা যেখানে নকশালদের অত্যাচার হয়েছিল সেখানে অফিসার বা কর্মচারীদের তাঁবুর মধ্যে থাকতে হয়। তারপর বেলদা [illegible] আউট পোষ্ট সেখানে যদি ইন্সপেকসানের জন্য কোন হায়ার অফিসার যান যেমন ডি. এস. পি. বা এস. পি. তাহলে সেখানে ফার্নিচারের এমনই অবস্থা যে ৪জন কনষ্টেবল টেবিলের [illegible]

পায়া ধরে দাঁড়িয়ে থাকলে তবেই এস. পি. বা ডি. এস. পি. ইনসপেকসান রিপোর্ট লিখতে পারেন তাঁদের দাঁড়িয়ে লিখতে হয়, চেয়ার, টেবিল নেই। দাঁতন থানায় গেলে তাঁরা বলেন আপনাদের জনসাধারণকে বসতে দেব কি করে আমরাই কোন রকমে দু একটি চেয়ার সারিয়ে নিয়ে বসেছি, তিন বেঞ্চই ভাঙ্গা। কাজেই থানায় ফার্নিচার নেই, কাগজপত্র নেই, কনটিনজেন্সির কোন ব্যবস্থাই নেই তা ছাড়া অফিসারদের থাকবার ঘরও নেই। যে সমস্ত অফিসাররা ঘর পাননি—এ এস. আই তাদে জন্য যে বাড়ী ভাড়ার ব্যবস্থা আছে তাও পেতে তাদের ২।৩ বছর লেগে যায়। দেখা যায় যখন তার পেল তখন তিনটি থানা তার ঘোরা হয়ে গিয়েছে। স্যার, আমরা শুনেছি কাকের মাংস কাক খায়না কিন্তু এই পুলিশ কর্মচারীদের বাড়ী ভাড়া আদায় করবার জন্য পুলিশ কর্মচারীদেরই ঘুষ দিতে হয় তাছাড়া স্যার, একটা কনষ্টেবলকে বাড়ী ভাড়া দেওয়া হয় ৮।১০ টাকা কোথাও বা ৫ টাকা। মেদিনী পুরের কনস্টেবলরা বাড়ী ভাড়া পায় না, বর্ধমান জেলার কনষ্টেবলরা পায়। আবার কোলকাতা ' হাওড়ার কনস্টেবলরা বাড়ী ভাড়া পায়, হুগলীর কনস্টেবলরা পায় না। জেলাওয়ারী কোন জায়গা' পায় কোন জায়গায় পায়না, তাও অতি সামান্য। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে প্রশ্ন করি যে ৫ টাকা বা ৮।১০ টাকায় কোলকাতায় একজনের থাকার মত কোন বাড়ী ভাড়া কি পাওয় যায়? স্যার, দুর্নীতি মুক্ত করবার জন্য যেমন উপরের তলার অফিসারদের প্রতি লক্ষ্য রাখা হয়েছে তাদের জন্য ১০।১৫ টাকার বাড়ী ভাড়ার ব্যবস্থা করা হয়েছে তেমনি গ্রামাঞ্চলে যারা কনষ্টেবল যাদে দিয়ে কাজ করাই বা কোলকাতার যারা পুলিশ কনষ্টেবল যাদের মাধ্যমে আমরা দেশের কাজ করা' তাদের সুযোগসুবিধার প্রতি দৃষ্টি পড়ে না। স্যার, এই প্রসঙ্গে বলি কোলকাতায় থাকাকালীন কয়েকজন কনষ্টেবলের সঙ্গে আমার দেখা হয়েছিল। তারা বলছিলেন যে রঞ্জিত গুপ্ত যখন পুলিশ কমিশনার ছিলেন তখন তিনি আমাদের দুঃখ দুর্দশা দেখতেন। তাঁর পূর্বে কেউ আমাদের কথা ভাবেন নি ব তাঁর পরেও কেউ আমাদের কথা ভাবেন না। তাঁর দোষ গুণ যাই থাক না কেন তিনি নীচু স্তরের পুলিশ কর্মচারীদের কথা ভাবতেন এবং তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে বা ডিপার্টমেন্টের যেখানে বলতে হবে সেখানে পাঠাতেন। আজকে আমাদের কথা বলবার বা আমাদের দুর্দশা দেখবার কেউ নেই।

[3-50—4-00 p.m.]

মফঃস্বলে ক্ষিপ্র গতিতে যদি কাজ করতে হয় তাহলে একটা জীপ গাড়ীর ব্যবস্থা থাকা দরকার বিশেষ করে গ্রামাঞ্চলে আজকাল রাস্তাঘাটের অনেক সুবিধা হয়েছে, সেই সমস্ত জায়গায় গাড়ীর ব্যবস্থা করা উচিত। একটি করে গাড়ী দেওয়া যদি প্রত্যেক থানাতে সম্ভব না হয় তাহলে অন্ততঃ পার্শ্ববর্তী তিনটি থানার জন্য একটি করে গাড়ীর ব্যবস্থা করা দরকার। কারণ, বিভিন্ন ডিপার্টমেন্ট তো আছে, তাই একটি করে জীপ গাড়ীর ব্যবস্থা না করলে ক্ষিপ্রতার সঙ্গে যেখানে দুর্বৃত্ত ধরা দরকার, সেখানে অনেক সময় ধরা সম্ভব হচ্ছে না। হিংসাত্মক কার্যকলাপের কথা আমাদের কাছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন। কিছুদিন পূর্বে চারু মজুমদার মহাশয় ধৃত হয়েছেন। এটা পুলিশ বিভাগেরই কৃতিত্ব এবং এজন্য পুলিশ বিভাগকে আমাদের ধন্যবাদ জানানো উচিত। বহু টাকা খরচ করে যেখানে তাকে ধরা যাচ্ছিল না সেখানে এই রকম একটি উচ্চ স্তরের নেতাকে পুলিশ বাহিনী তাঁদের কর্মকুশলতার দ্বারা ধরতে যে সক্ষম হয়েছেন সেজন্য শুধু মন্ত্রীসভা নয়, শুধু বিধানসভা নয়, সারা পশ্চিমবঙ্গবাসীর কাছে তারা ধন্যবাদের পাত্র হয়েছেন। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা আর একটি জিনিস দেখছি, কাগজে অন্ততঃ দেখছি, সত্যি কি মিথ্যা জানি না, পুলিশ কমিশনার বলছেন মহান নেতা চারু মজুমদার। তিনি পশ্চিমবঙ্গে যে বিপ্লব ঘটাচ্ছিলেন, শুধু পশ্চিমবঙ্গে বিপ্লব ঘটাবার কারণেই নয়,

যিনি পশ্চিমবঙ্গকে বেস করে সারা ভারতবর্ষে বিপ্লব ঘটাবার চেষ্টা করেছিলেন, যার জন্য তাকে নাকি অনেকে মহান বিপ্লবী বলেন, আমি যাকে বলি না, তাঁর মতে সেই মহান বিপ্লব করবার জন্য পশ্চিমবঙ্গের বহু লোককে জীবন বলি দিতে হল, বহু নিরীহ লোক মারা গেল আমার মেদিনীপুর জেলার ডেবরা, গোপীবল্লভপুর, ঝাড়গ্রামে, সেই চারু মজুমদার মহাশয়কে পুলিশ কমিশনার পর্যন্ত বলছেন মহান নেতা। আজকে এই রকম উচ্চ স্তরের পুলিশ কর্মচারী বহু হত্যাকাণ্ডে লিপ্ত লোককে মহান নেতা বলছেন। এই যদি হয় তাহলে নীচু স্তরে পুলিশ বিভাগে যে সব কর্মচারী আছেন গ্রামে যে সমস্ত লোক হিংসাত্মক কার্য্য করবার জন্য চেস্টা করছেন, সেই সমস্ত দুর্বৃত্ত লোকগুলিকে তারা কি চোখে দেখবে সেটা আমরা বুঝতে পারছি না। তাই আমি মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে এই বিষয়টি একটুখানি ভাবতে বলি। পুলিশ বিভাগের দুর্নীতির কথা তো অনেক দিনের পুরানো কথা। তা সত্বেও আজকে দেখছি প্রেসিডেন্সী কলেজ থেকে পাশ করা উচ্চ শিক্ষায় শিক্ষিত জ্ঞানী-গুণী বহু যুবক পুলিশ বাহিনীতে যোগদান করছেন, নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে সৎভাবে নিরপেক্ষভাবে কাজ করবার জন্য, অথচ পুলিশ বাহিনীর মধ্যে এমনই ব্যবস্থা রয়েছে যে ব্যবস্থার ফলে—মানুষের মধ্যে যে দুর্নীতি, অপরাধ করবার প্রবনতা রয়েছে, পুলিশ বাহিনীর লোকেরাও মনুষ্য সমাজের বাহিরের লোক নয়, এই অব্যবস্থার জন্য দুর্নীতি করতে প্রশ্রয় পাচ্ছে। আমরা দেখছি পুলিশ অফিসারদের বদলীর কোন নিয়ম নেই। এমন অনেক জেলায় থানা আছে যেগুলিকে দারোগাবাবুর ভাষায় বলে পেয়িং থানা অর্থাৎ সেই থানায় উপরিতে বেশী টাকা রোজগার করা যায়, সেখানে স্মাগলিং সেন্টার আছে, না হয় সেটা কোন বর্ডার এরিয়ায় অবস্থিত যেখান থেকে মাল চোরাই করে পাঠাবার ব্যবস্থা আছে, সেই সমস্ত জায়গায় এমন ব্যবসায়ী আছে যারা চোরাই চালান করে সেই থানার সঙ্গে যোগসাজসে, এই অসামাজিক কাজ করবার জন্য দারোগাবাবু বেশ কিছু পয়সা পেয়ে থাকেন। সেই সমস্ত জায়গায় বদলীর জন্য সুপারিনটেণ্ডেন্টের অফিসে কিছু জমা দিয়ে এসে বদলী হয়ে যান। বদলী হয়ে গেলেই সেখানে ৩।৫।৭ বছর ধরে থাকবার ব্যবস্থা করেন। কাজেই পুলিশ বিভাগে যদি একটা স্ট্যাণ্ডিং অর্ডার থাকতো যে ৩ বছর হবার সঙ্গে সঙ্গেই এক দারোগাবাবু অন্য জায়গায় বদলী হয়ে যাবেন তাহলে সেখানে দুর্নীতি বেশী বাসা বাঁধতে সক্ষম হত না বা বাসা বাঁধলেও খুব বেশিদিন ধরে সেখানে শোষণ করা সম্ভব হত না। পুলিশ বাহিনীর মধ্যে এমনই অবস্থা রয়েছে যার ফলে সেখানে তারা দুর্নীতি করতে সুযোগ পাচ্ছে এবং তারা দুর্নীতিগ্রস্ত হয়ে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে বলছি যে এই সরকার যদি বলিষ্ঠ নীতি নিয়ে পশ্চিমবাংলার ভগ্নপ্রায় পুলিশ বাহিনীকে চাঙ্গা করে তুলতে চান, দেশের আইন শৃঙ্খলার উন্নতি হয়েছে ঠিকই কিন্তু আরো যদি উন্নতি করতে চান তাহলে এই পুলিশবাহিনীর সুখ-দুঃখ দেখার সঙ্গে সঙ্গে যে সমস্ত লোক সরকারের বলিষ্ঠ নীতিকে নষ্ট ও ব্যর্থ করে দেবার জন্য চেষ্টা করছে তাদের বিরুদ্ধেও এ্যাকসান নিতে হবে।

আমরা দেখছি কি ? আসানসোল area, দুর্গাপুর এরিয়ায়, entire coalfield areaতে বেশী করে বলতে হয় কিছু দিনের মধ্যে হয়ত দ্বিতীয় চম্বল উপত্যকা তৈরী হবে। একথা আমার কথা নয়, একথা আমাদের হাউসের মাননীয় সদস্য নিরঞ্জন ডিহিদারের কথা নয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের বিভিন্ন উত্তরে আমরা জেনেছি। এই সমস্ত অঞ্চলে খুন-খারাপি বেড়ে চলেছে। আমরা সেখানে কি দেখছি ? আমরা দেখছি যে খুন-খারাপি দূরের কথা, কোথায় আমাদের হাউসের একজন M. L. A. ওয়ারেন্টের কবলে পড়েছিলেন, তাকে ধরা হয়নি, তাকে ধরবার জন্য O. C. যত ব্যস্ত সেখানকার ঐ সমস্ত দুর্বৃত্ত যারা খুন-খারাপি করছে তাদের জন্য তত ব্যস্ত নয়। আমাদের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিই যে তিনি অত্যন্ত ক্ষিপ্রতার সঙ্গে মাননীয় সদস্যকে arrest করবার জন্য তদন্ত করে বিহিত ব্যবস্থা করেছেন। আমি যেমন সেজন্য মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি তেমনি সঙ্গে সঙ্গে একথাও বলবো যে

এই O. C. বোধহয় তার মনে হয়ত অন্য কোন লোক ছিল। যুক্তফ্রন্ট সরকারের আমলের এই রক কিছু ভূত এই পুলিশবাহিনীতে রয়েছে। সেজন্য মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করবো এ সমস্ত officer যারা সরকারের বলিষ্ঠ নীতিতে বাধা সৃষ্টি করছে, সরকারের বিরুদ্ধে এগুলিকে ব্য করবার জন্য চেষ্টা করছে এবং জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিকে হ্যারাস করছে সেটা বার ক হোক এবং সে সব করে দাঁড় করান হোক। এই পুলিশ বিভাগের মরাল ফিরিয়ে আনা হোক এ ব্যয় বরাদ্দের দ্বারা। এই অনুরোধ করে আমার cut motion-কে সমর্থন করে আমি আমারব ক্ত শেষ করছি এবং আপনাকেও ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ** মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী ে পুলিশ খাতে ব্যয় মঞ্জুরীর প্রস্তাব করেছেন আমি তাকে অকুণ্ঠ সমর্থন জানাচ্ছি। সেদিনের কথ পশ্চিমবাংলায় এক বিষাক্ত হাওয়া আকাশ বাতাস বেদনা ক্ষয় করে তুলেছিলো, অত্যাচারীর খড়গকৃপা একটার পর একটা আঘাত হেনেছিল, উৎপীড়িতের ক্রন্দনরোল আমাদের ব্যথিত করে তুলেছিলো সেদিন আপনি পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক মোর্চার নেতৃত্ব নিয়েছিলেন, আর পশ্চিমবঙ্গবাসীকে আশ্বা দিয়েছিলেন যে, তোমরা একটা স্থায়ী সরকার গঠন করতে দাও, আমি তোমাদের নিরাপত্তা দেবো আপনি আশ্বাস দিয়েছিলেন "খুনের রাজনীতি চিরকালের জন্য স্তব্ধ করে দেবো।" মাননীয় স্পীকা মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেদিন পশ্চিমবাংলা মানুষ স্বপ্ন দেখেছিলো, স্বপ্ন দেখেছিলো শান্তির, স্বপ্ন দেখেছিলো স্বাস্থ্যের, স্বপ্ন দেখেছিলো নিরাপত্তার আজকে এই স্বল্প সময়ের মধ্যে এই যে আইন শৃঙ্খলার উন্নতি, আমি একজন ইতিহাসে ছাত্র হিসাবে বলছি, এটা একটা অভূতপূর্ব উন্নতি, এ জিনিস বহু জায়গায় দেখতে পাওয় যায় না। সেজন্য পশ্চিমবঙ্গবাসীর পক্ষ থেকে কি ভাষায় আপনাকে সাধুবাদ জানাবো, সেই ভাষ আমার জানা নেই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, একথা কে না জানে যে পশ্চিমবাংলার খবরের কাগজে এক নম্বর এবং ৫ নম্বর পাতায় শুধু একটা ইতিহাস আমরা দেখতে পেতাম, সেটা হচ্ছে খুন, খুন, আর খুন। আকাশবাণী থেকে যে সংবাদ পরিবেশিত হত সেটা হচ্ছে "আজকে এখানে রাজনীতির খুন, ওখানে পুলিশ খুন, আমরা হেমন্তবাবুর মত ঋষিতুল্য মানুষকে রক্ষা করতে পারিনি, নেপাল রায়ের মত মানুষের জীবনের মর্যাদা দিতে পারিনি। আজকে সেদিন আগত যেদি এই বিশ্বাসটুকু মানুষের মধ্যে অর্জন করছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। একথা সত্য পশ্চিমবঙ্গ একটা ছোট দেশ এবং একথা সত্য যে পশ্চিমবঙ্গে যা খরচ পুলিশ খাতে হয় এটা আমাদের প্রদেশ অনুযায়ী কিছুটা বেশী। সেখানে আমাদের খরচ হচ্ছে ৩৪ কোটি ২২ লক্ষ টাকা। মহারা আমাদের চেয়ে ছোট প্রদেশ সেখানে খরচ হচ্ছে ২৮ কোটি ৯৫ লক্ষ টাকা। বিহার সেটাও আমাদের থেকে বড় সেখানে খরচ হচ্ছে ১৫ কোটি ৭৩ লক্ষ টাকা।

[4-00—4-10 p.m.]

কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আপনাকে এই কথা জানাবো, এই যে খরচ এর জন্য আপনাকে আমরা দায়ী করতে পারি না। সামনে সি. আর. পি. এবং পিছনে সি. আর. পি. রেখে বার পুঙ্গ জ্যোতিবাবু সি. আর. পি. হঠাও বলে এই পশ্চিমবাংলায় যে গর্জন তুলেছিলেন, এই খরচ তার আমলেই বৃদ্ধি হয়েছে, এতে আমাদের করার কিছু নেই। মুখ্যমন্ত্রীর একথা ঠিক যে আমাদের দেশের কিছু উন্নতি হয়েছে, কিন্তু আমরা বিপ্লবী এবং একটা বৈপ্লবিক দলের সদস্য হয়ে বলছি যে যা উন্নতি হয়েছে তাতে আমরা সন্তুষ্ট নই, আমাদের বিশ্বাস আপনার নেতৃত্বে আরও উন্নতি হবে। কয়েক বছর আগের ইতিহাস যে পুলিশ এ্যাণ্ড পলিটিক্যাল ডেভেলপমেন্ট ইন ইণ্ডিয়া, এর থেকে আমরা

দেখতে পাচ্ছি যে মধ্যপ্রদেশে যেথানে ৭০ হাজার ৩১৩ জন লোক এ্যারেষ্ট হয়েছিল এবং যে মানুষ সাজা পেয়েছিল তার সংখ্যা হচ্ছে ৩১ হাজার ৬০১ জন। কিন্তু সেই সময় পশ্চিমবাংলায় মানুষ এ্যারেষ্ট হয়েছিল ৮২ হাজার ৮২৫ জন, কিন্তু কনভিকশন বা সাজা প্রাপ্ত হয়েছিল মাত্র ১১ হাজার ৮৪৬ জন। আর একটা হিসাব থেকে দেখা যাচ্ছে যেথানে অন্ধ্রপ্রদেশে কেস করা হয়েছিল ২৭ হাজার ২৩৪ সেথানে পশ্চিমবাংলায় কেসের সংখ্যা ৪৮ হাজার ৬৭৯, কিন্তু অন্ধ্রপ্রদেশে কনভিকশনের পার্সেণ্টেজ হচ্ছে শতকরা ৭.৪ আর আমাদের পশ্চিমবাংলায় কনভিকশনের রেট হচ্ছে ওনলি ফোর্টিন, শতকরা ১৪ ভাগ. এটা অত্যন্ত দুঃখ এবং বেদনার কথা এবং আমি আপনার মাধ্যমে এই অবস্থার কি ভাবে উন্নতি করা যায়, তার জন্ত কয়েকটি সাজেসনস রাখতে চাই। আমাদের এখানে, মিঃ স্পীকার স্যার, আপনি জানেন সুপ্রিম কোর্টের নির্দেশ আছে ১৬১ ধারায় 'পুলিশের জবান বন্দী' সেটা গ্রহণ করতে হবে এ্যাজ আর্লি এ্যাজ পসিবল, যতশীঘ্র সম্ভব। আমাদের এই বড় বড় তাবড় তাবড় সরকারী কর্মচারীরা যেমন আই, জি, , ডি, আই, জি, ; আই, পি, এস তারা কেউ একজনও এই সুপ্রীম কোর্টের রুলের খবর রাখেন না। ডাকাতি কেসে আইডেন্টীফিকেসন প্যারেড হয়, সেই প্যারেড করতে হবে মোটামুটি তিন দিনের মধ্যে কিন্তু তিন মাস হয়ে গেল এবং আট নয় মাসের মধ্যেও আমরা টি. আর প্যারেড পাচ্ছি না যার জন্য আমাদের মকদমাগুলো নস্ট হয়ে যাচ্ছে এবং যার জন্য মানুস মনে করছে 'বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে'। আজকের দিনে আপনি মুখ্যমন্ত্রী হিসাবে আমাদের উপর রয়েছেন, আমি আবেদন জানাবো যে আপনি যে মিসা কেসগুলো করেছেন, তার মধ্যে কতক গুলো মিসা কেস আমরা দেখতে পাচ্ছি যে অবিলম্বে হাইকোর্ট থেকে ছেড়ে দেওয়া হলো, আমরা কোন রকম মহামান্য হাইকোর্টকে দোষ দিচ্ছি না, তার কারণ আমরা যে মিসা কেস করছি, তার কোন ফাউণ্ডেশন নেই, তার পরিপ্রেক্ষিতে কোন ডায়েরী নেই, তার এগেনেষ্টে পুর্বাপর কোন এ্যালিগেশন নেই। হঠাৎ একটা পার্টিকুলার কেসে মিসা করা হয়েছে যখন, আমরা দেখতে পাচ্ছি যে সেই মিসা কার্যাকরী হচ্ছে না। সুতরাং আজকে আমাদের যে সরকারী প্রশাসন ব্যবস্থা রয়েছে, এই প্রশাসন ব্যবস্থাকে আরও উন্নততর করতে হবে, আরও সুষ্ঠু করে তুলতে হবে।

আমার মনে হয়, মুখ্যমন্ত্রী যদি বড় বড় অফিসারদের নির্দেশ দেন এই সমস্ত ত্রুটি যা আমরা উল্লেখ করেছি, অবিলম্বে যেন সার্কুলারের মাধ্যমে এইগুলির ব্যবস্থা যেন করা হয়। আজকের দিনে ক্লাস স্ট্রাগল ইজ এ মিন্স টু এ্যান এণ্ড, কিন্তু আমরা মনে করি ইট ইজ নট এ্যান এণ্ড ইন ইটসেলফ। আমি মনে করি আমাদের দেশে সাধু এবং অসাধুর মধ্যে একটা সংগ্রাম চলেছে। ভাল এবং মন্দের মধ্যে একটা সংগ্রাম চলেছে। যারা আজকে সৎ এবং ভাল তাদের আজকে মেহনত করতে হবে, তারা যাতে আরও উন্নতির পথে এগিয়ে যেতে পারে, নিরাপত্তা বোধ করতে পারে, সেই সব অফিসারদের আমাদের সাহায্য করতে হবে। এ সম্বন্ধে আমি পশ্চিমবাংলার রিপোর্ট অব দি পুলিশ কমিশন থেকে কয়েকটি জায়গা আমি নিবেদন করতে চাই।

Existence of evil reputation is a fact and like other fact is susceptible of proof by evidence ; and reputation is so important an element in a policeman's service that the authorities can afford to ignore it only at the risk of damaging the whole service and prejudicing the mind of the public. If an officer with unsavoury reputation cannot be removed from service we suggest that at least his evil reputation should be taken into consideration while the question of his promotion to a higher rank or office arises.

সুতরাং যে জেনারেল রেপুটেশনের ওপর আমাদের ফৌজদারী আদালতের ১০৭ এবং ১১০

ধারায় মামলা পর্য্যন্ত হয়, এই মিসায় যে মামলা আমরা করছি, মোটামুটি জেনারেল রেপুটেশনের উপর। সুতরাং জেনারেল রেপুটেশন সম্বন্ধে একেবারে চিন্তা না করে সাধারণ ভাবে প্রোমোশনের যে ব্যবস্থা রয়েছে আমার মনে হয় তাতে পুলিশ বিভাগের যে এ্যাফিসিয়েন্সি সেই এ্যাফিসিয়েন্সি বাড়ছে না। জাস্টিস মুলা অফ এলাহাবাদ হাই কোর্ট এই ব্যাপারে তার একটা উক্তি হচ্ছে "If the departmental heads would only frown upon such conduct and see to it that an officer who behaves like this is not promoted, perhaps this tendency would stop, at least to some extent, but most of the superior officers close their eyes even when such fabrications come to their knowledge, connive at them by closing their eyes if not by actual encouragement.

এইটা চিন্তা করতে পারি না। আমরা তো জানি কোন অফিসার সৎ কোন অফিসার অসৎ। এক জন উর্দ্ধতন সরকারী কর্মচারী আর এক জন তার নিম্নতম কর্মচারী সমস্ত দায়িত্ব আচরণ সকল সময় ঠিক মত এ্যাসেস করে উপযুক্ত কাজ করবে, এই ছাড়া আর একটা জিনিস এই রিপোর্ট অফ দি পুলিশ কমিশনার ওয়েষ্ট বেঙ্গল এতে বলা হয়েছে। আমাদের দেশের মাননীয় মুখ্যমন্ত্রী আজ বলেছেন যারা নিপীড়িত যারা উৎপীড়িত তাদের জন্ম পুলিশ। আমরা বড় হতভাগা যে আমাদের দেশের চাষী, শ্রমিক যাদের পয়সা নাই, যাদের পরনে কাপড় নাই, তারা যখন থানায় যায় তাদের সঙ্গে যে ব্যবহার করা হয়, এক জন গাড়ি চেপে ভদ্রলোক যখন থানায় যায় তার সঙ্গে অন্য রকম ব্যবহার করা হয়। মানুষ মামলা করতে যায়, এফ. আই. আর করতে যায় কিন্তু এফ. আই. আর নেওয়া হয় না। তাই রিপোর্ট অব দি পুলিশ কমিশনার তাতে সুন্দর ভাবে দেওয়া হয়েছে, As regards unwillingness of police officers to receive complaints it would, in our opinion, be useful to have a Public Relations Officer at district headquarters functioning for the different departments of the Government. এবং ডিষ্ট্রিক্ট হেড কোয়ার্টারে একজন অফিসার থাকবেন তিনি দেখবেন যে পুলিশ ঠিক মত মামলা মোকদ্দমা নিচ্ছে কিনা, এই কমপ্লেন গ্রহণ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহন করবেন। আমার মনে হয় একটা ডিষ্ট্রীক্ট লেভেলে না করে সাব ডিভিসনাল লেভেলে করা যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় অল্প, বহু কথা বলার ছিল, আমি আর দু একটা কথা বলে শেষ করছি। ওয়ার্ড কমিটি এবং জয়েন্ট স্ট্যাণ্ডিং কমিটি রয়েছে লণ্ডন পুলিশে, সেই রকম আজকে যদি আমাদের এখানেও একটা এই রকম কমিটি করি সেখানে এই জাসটিস অফ্ পীসদের নিয়ে এবং ইলেকটেড রিপ্রেজেন্টেটিভসদের নিয়ে এই কমিটি হয়, আমরা এই রকম যদি একটা কমিটি করতে পারি তাহলে আমাদের দেশের হয়ত উন্নতি হবে। এই ছাড়া আর একটা কথা বলব মহান সোভিয়েত দেশে, যে দেশ নতুন অনেক আইনের অনুসন্ধান দিচ্ছে সেখানে ক্রিমিনাল ল'স অফ সোভিয়েত ইউনিয়ন এ্যাণ্ড ইণ্ডিয়া নামে একটা বই থেকে দেখতে পাচ্ছি যে পুলিশের উপর নির্ভর করে কোন তদন্ত চলতে পারে না। সোভিয়েত রাশিয়ায় আছে "In case of serious crimes an investigator or a procurator makes preliminary investigation. Ordinary cases are investigated by an organ of enquiry. আমার সময় নেই সেই জন্য সব কথা আমি বলতে পারলাম না, আমার মনে হয় যে কথাগুলি আমরা এখানে বললাম সেগুলি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় গ্রহন করবেন। মহাস্থিবাবু কেন আমাদের দেখতে পারছেন না বুঝতে পারছি না। মহাস্থিবাবু, ১৯৬৭ সালে বসিরহাটের ঘটনার পর তো আপনি প্রফুল্লবাবুর পদত্যাগ দাবী করেন নি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তৃতা মনোযোগ দিয়ে শুনেছি। তিনি শেষে যে প্রতিশ্রুতি দিয়েছেন, সেই প্রতিশ্রুতিতে উল্লেখ করেছেন

পুলিশকে আমরা জনগণের সহায়ক হিসাবে দেখতে পাব এবং প্রতিশ্রুতি দিয়েছেন তার জন্য সমস্ত ব্যবস্থা অবলম্বন করবেন। বাস্তবিক যদি সমস্ত ব্যবস্থা অবলম্বন করেন এবং পুলিশ যদি বাস্তবিকই পশ্চিমবাংলার জনগণের একটা সহায়ক সংগঠন হয় তাহলে সকলেই আনন্দিত হবেন। আমি বলতে পারি আমরা সবিশেষ আনন্দিত হব।

[4-10—4-20 p.m.]

আমার ছেলেবেলা থেকে ইংরাজ আমল থেকে পুলিশকে আমি দেখছি। অবশ্য একজন রাজনৈতিক কর্মী হিসাবে। কংগ্রেসে কাজ করার সময় আমার ছেলেবেলায় আমি গ্রামে ছিলাম। সুতরাং সাধারণ গ্রামবাসীর সঙ্গে পুলিশের কি সম্পর্ক এবং তাদের পুলিশ কি করে তা আমার জানা আছে। আমার ধারণা এই নয় যে পুলিশের কোন মৌলিক পরিবর্তন হয়েছে সেদিন থেকে আজ পর্যন্ত। তাদের লোক বেড়েছে, হয়ত কাজ বেড়েছে, কিন্তু মৌলিক পরিবর্তন হয়েছে বলে আমি মনে করি না। পুলিশের মধ্যে কে ভাল কে মন্দ জানি না। অবশ্য কিছু ভালো থাকতে পারে। অবশ্য মুখ্যমন্ত্রী উল্টো কথা বলেছেন। কিন্তু খারাপ থাকতে পারে। তিনি বলেছেন, সুদক্ষ, সৎ, জনদরদী— এই রকম অফিসারের কোন অভাব নেই যারা জনসাধারণের দুঃখ-দুর্দশা দূর করবার চেষ্টা করছে, কায়েমী স্বার্থের হাত থেকে জনসাধারণকে রক্ষার চেস্টা করছে। আমি অবশ্য উল্টো মনে করি। কিন্তু আমি সে ব্যাপারে উৎসাহী নই। কারণ একটা সিসটেম সেটা ফ্যাশান করছে এবং সেটা মৌলিকভাবে না বদলালে ভালো অফিসার যে আছে তার পক্ষেও ভাল করা সম্ভব নয়। আমার নিজের অভিজ্ঞতায় দেখেছি ইয়ং অফিসারস আছেন পুলিস ফোর্সে তারা সৎভাবে কাজ করবার চেষ্টা করেছেন। কিন্তু বাধা পেয়েছেন। তারপর সিনিয়র হয়ে গিয়েছে, হতাশাগ্রস্ত হয়ে গিয়েছে। তারপর দেখেছি অন্যান্যদের সঙ্গে স্রোতে ভেসে যাচ্ছে। একটা সিসটেম রয়েছে, সেটা ইংরাজ আমল থেকে রয়েছে। সেটা পালটানো খুব সহজ নয় এবং সে কাজ যদি করতে চান মুখ্যমন্ত্রী করুন তাহলে তাঁকে সম্পূর্ণভাবে সাহায্য করবো। খরচের ব্যাপারে আমার খুব আপত্তি নেই। ভালো কাজ করলে বেশি টাকা দিতে আমার আপত্তি নেই। উনি তুলনামূলকভাবে দেখিয়েছেন স্বাস্থ্য দপ্তরের কথা, কৃষির গুরুত্ব আছে, সেচের গুরুত্ব আছে। আমি সে আলোচনার মধ্যে যেতে চাই না। শতকরা ·০৪ কমেছে চার কি পাঁচ বছরে। টোট্যাল বাজেটের কত বেড়েছে সে সমস্ত আলোচনার মধ্যে যেতে চাই না। কারন আমি বলেছি, উপযুক্তভাবে কাজ করলে, যোগ্যভাবে কাজ করলে, পয়সা দিতে আমার গায়ে লাগে না। আমি প্রথমেই একথা স্বীকার করি যে একটা রাজনৈতিক সন্ত্রাসের আবহাওয়া সৃষ্টি হয়েছিল। সেটা বহুল পরিমানে চলে গিয়েছে। সেদিকে নিশ্চয় অবশ্যই উন্নতি হয়েছে। সে বিষয়ে কোন সন্দেহ নেই। যে কোন লোক এটা মুক্ত কণ্ঠে স্বীকার করবেন এবং বিশেষ করে এই নির্বাচনের পর বিশেষ করে এই মোরচা আসার পর এবং কংগ্রেসের একটা গভর্ণমেন্ট খুব বেশী সমর্থন নিয়ে আসার পর একটু হাওয়া বদলেছে। এটা পরিস্কার দেখা যাচ্ছে। তাতে পুলিশের কোন হাত নেই তা বলবো না। আমি দেখেছি রাষ্ট্রদ্রোহীতা দমন করবার জন্য সরকার হুকুম করলে পুলিশ কড়াভাবে করে। হয়ত অন্যায়ভাবে করে কিন্তু কড়াভাবেই করে থাকে। সন্ত্রাসবাদ দমন করতে পুলিশ যদি চায় তা করতে পারে তাও দেখেছি। এখন গভর্ণমেন্ট চেয়েছেন হয়তো অনেক একসেস হয়েছে, হয়তো অনেক জায়গায় অন্যায় হয়েছে, হয়তো অনেক সময় গ্রেপ্তার করা হয়েছে, হয়তো অনেক সময় গ্রেপ্তারের পর হত্যা করা হয়েছে। মোটের উপর সন্ত্রাস দমন করতে সরকার যখন চেয়েছেন তখন সন্ত্রাস তারা অনেকটা দমন করেছে। আর রাজনৈতিক আবহাওয়ারও অনেকটা পরিবর্তন হয়েছে নিশ্চয় উন্নতি হয়েছে এবং শহরাঞ্চলে যে ভয়াবহ অবস্থা ছিল সে অবস্থা নেই। সেজন্য মুখ্যমন্ত্রী নিশ্চয় প্রশংসা পেতে পারেন সে প্রশংসা দিতে আমার কার্পণ্য নেই।

কিন্তু একথা ঠিক নয়। আমি জানি না, তিনি figures দিলে বুঝতে পারতাম রাজনৈতিক সন্ত্রাসবাদে খুন খারাপী, চুরি, ডাকাতি, রাহাজানি ইত্যাদির অবস্থা কি হয়েছে। সাধারণ অভিজ্ঞতা থেকে কমেছে কিনা জানি না, তবে তিনি যদি figures দেন তাহলে বুঝতে পারব। তবে আমি এ বিষয়ে বিশেষ আলোচনা করতে চাই না। তিনি বলেছেন চোরাকারবারী, মুনাফাখোর, ভেজাল দমন করার জন্য পুলিশ খুব চেষ্টা করছে- অনেক মামলাও করছে। তবে আমি বলব এই সমস্ত দুর্নীতি যারা বড় ব্যবসায়ী তাদের কাছ থেকে নীচে নামে। তাদের কজনের গায়ে পুলিশ হাত দিয়েছে। বড় বলতে লাখপতি নয়—ক্রোড়পতি থেকে শত ক্রোড়পতি যে সমস্ত বৃহৎ ব্যবসায়ী আছে তারাই দুর্নীতির মূল। অতএব ভেজালকারী, মুনাফাখোরী ইত্যাদি কজনের গায়ে পুলিশ হাত দিয়েছে তা জানি না। সেসবের figure পেলে ভাল হোত। আমার আলোচনায় বিষয় সেসবও নয়। আমি রাজনীতির দিক থেকেও আলোচনা করতে চাই না। আমি তাদের মধ্যে কাজ করি, আন্দোলন করি, সেই শ্রমিক ও কৃষকের সঙ্গে পুলিশের কি সম্পর্ক সেটাই বলব। এ নিয়ে আমি ভূমি সংস্কার ও সাধারণ বাজেট আলোচনার সময় কিছু বলেছি। আমার অভিজ্ঞতা হয়েছে কায়েমী স্বার্থ যেখানে সংশ্লিষ্ট সেখানে সাধারণভাবে পুলিশ তাদের পক্ষে। আর যদি সেই সঙ্গে রাজনৈতিক দিক থেকে প্রভাবশালী শক্তি তার সঙ্গে যোগ দেয়—তাহলে তো কোন কথাই নেই। সেখানে একজন গরীব চাষী কিম্বা শ্রমিকের অধিকার পাবার আশা বৃথা। আমাদের প্রশাসনের মধ্যে এমন কোন built-in গ্যারান্টি নেই যাতে করে এই সমস্ত অত্যাচারের হাত থেকে সাধারণ মানুষ রক্ষা পায়। সেখানে তাদের পুলিশের উপর সম্পূর্ণভাবে নির্ভর করতে হয়। আমার অভিজ্ঞতা হচ্ছে তলার দিকের যে police force, তারা কৃষক, শ্রমিক, গণতান্ত্রিক আন্দোলন, শ্রেণী সংগ্রাম বা কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াইয়ের ব্যাপার যেখানে আছে সেখানে তারা সাধারণভাবে বড়দের পক্ষে থাকে। সেখানে দুর্নীতি, অত্যাচার, অসংখ্য মিথ্যা মামলা করে গ্রেপ্তার করে, হয়রাণ করে, মারপিট করে, গুলি চালায়, ডায়েরী নেয়না এবং এমনকি তাদের সঙ্গে করে অত্যাচার করে। বহু জায়গায় এই ঘটনা ঘটছে। আমি ব্যক্তিগতভাবে অনেক ঘটনাগুলি জানি যার কিছু কিছু govt-এর দৃষ্টিতে এনেছি। আমি এসবের সামান্য কয়েকটা আলোচনা করতে চাই। আমার দলের আরও কয়েকজন M.L.A তাঁদের ৫।৭।১০ মিনিট সময় হলেও তারা কিছু এই বিষয় বলবেন। মুখ্যমন্ত্রী শুনুন বাস্তবিক কৃষক শ্রমিকের ব্যাপার কি চলছে। এ House-এ এ নিয়ে অনেক mention হয়েছে। শ্রমিক কৃষকদের উপর পুলিশী অত্যাচার সম্পর্কে অনেক mention হয়েছে। জানিনা সেসবের কি হয়েছে? যদি তার কোন record থাকে তাহলে মুখ্যমন্ত্রী তা নিতে পারেন। আমি বলব আসানসোল coal belt, কোলকাতার আশেপাশে শিল্পাঞ্চলে প্রভৃতি জায়গায় পুলিশ অন্যায়ভাব শ্রমিকের বিপক্ষে এবং মালিকের পক্ষ হয়ে হস্তক্ষেপ করেছে এবং গুণ্ডা মস্তানকারীদের তারা প্রশ্রয় দিচ্ছে। এরকম ঘটনা এখানে অনেক mention হয়েছে।

[4-20—4-30 p m.]

আরো অনেক ঘটনা যেমন হতে পারে এবং মুখ্যমন্ত্রী যদি চান তাহলে আরো অনেক ঘটনা তাঁকে দেওয়া যেতে পারে। কিন্তু কৃষকদের ক্ষেত্রে বিশেষ করে আমি দেখেছি খুব ব্যাপকভাবে পুলিশ জোতদারদের সাহায্য করছে। যদি সেখানে রাজনৈতিক পৃষ্ঠপোষকতা পায় তাহলে তো কথাই নেই এবং ভাগচাষী উচ্ছেদের ব্যাপারে সাহায্য করছে এবং উচ্ছেদ করছে। ভাগচাষী দরবার করলে তার ডায়েরী নিচ্ছে না। বন্দুক নিয়ে জোতদার আসছে,

পুলিশ চোখে দেখেও সেই বন্দুক সিজ করে না, সে সম্বন্ধে কিছু করে না, অপরদিকে ভাগচাষীদের বিরুদ্ধে অসংখ্য মামলা। আমার নিজের অভিজ্ঞতা, মুখ্যমন্ত্রী আমাকে মাফ করবেন, আমি খুব খুশী হতাম যদি দু'হাত তুলে বলতে পারতাম যে নতুন শাসন প্রতিষ্ঠিত হবার পর আমার গরীব ভাগচাষী, ক্ষেত মজুররা খুশী হয়েছে, তাদের উপর জোতদার, পুলিশ মহাজনদের অত্যাচার কমে গেল, বন্ধ হয়ে যাওয়ার কথা বলছি না, কমে গেল বলছি। আমি আগেও বলেছি, এখনও বলছি আমি জেলায় জেলায় যাই, অসংখ্য কৃষকদের সঙ্গে আমার দেখা হয়, তাদের ভেতর একটা হতাশা দেখতে পাচ্ছি যে কিছু হবে না, কিছু করা যাবে না, কোন প্রতিকার নাই, কোন বিচার নেই। হয়ত আমার সঙ্গে পরিচিত কৃষক অথবা আমার কাছে আসতে পারে যে কৃষক তাদের উপর অত্যাচার হচ্ছে। আমার কাছে অসংখ্য লোক আসে, তাদের মুখে যেন একটা হতাশার ছবি দেখি, তাতে বিবেক ঠিক রেখে আমি কিছুতেই মুখ্যমন্ত্রীকে সন্তুষ্ট করতে পারছি না যে তাঁর রাজত্বে গরীব খেটে খাওয়া মানুষ যারা, তারা নিশ্চয়তা পাচ্ছে যে পুলিশ তাদের উপর অত্যাচার অন্যায় করবে না, তাদের প্রতি ন্যায় বিচার করবে। সেই রকম তারা কিছু দেখতে পাচ্ছে না। সারা জীবন যাদের জন্য উৎসর্গ করেছি, কি কংগ্রেস, কি কমিউনিষ্ট পার্টিতে থেকে, সেই শত শত হাজার হাজার লোক যে কথা বলছে তাদের কথা যদি উড়িয়ে দিই, তাদের কথা যদি আইন সভায় প্রকাশ করতে না পারি তাহলে রাজনৈতিক জীবনটাই বৃথা। আজকে আমি অসংখ্য ঘটনা বিবৃত করতে চাই না, তিনি যদি চান অতীতে বহু কেস দিয়েছি, এখনও দিতে পারি। আমি মূলভাবে এইকথা বলতে চাই দরিদ্র কৃষক ক্ষেত মজুর আদৌ সন্তুষ্ট নয় এবং তাদের দারুন বিক্ষোভ জমে উঠছে। এখনও সেই বিক্ষোভ চাপা আছে, তারা প্রতিকারের কোন পথ পাচ্ছে না। বিগত রাষ্ট্রপতি শাসনের শেষ দিকে এবং বর্তমান শাসনে তাদের উপর পুলিশের অত্যাচার, জুলুমবাজী, অন্যায় নির্লজ্জভাবে ব্যাপকভাবে চলেছে এই ঘটনা আমি প্রকাশ করছি। যদি মুখ্যমন্ত্রী চান কোন কমিশান করুন, এনকোয়ারী করবার জন্য আমি তাঁর কাছে প্রতিশ্রুতি দিতে পারি, হাজার হাজার চাষী সেই কমিশানের কাছে সাক্ষী দেবে তাদের উপর কিরকম অত্যাচার, অন্যায়, কিরকম মিথ্যা মামলায় ভোগান হচ্ছে, কিভাবে তাদের সঙ্গে আর জোতদার-দের সঙ্গে পৃথক ব্যবহার করা হচ্ছে। এই ধরনের অসংখ্য উদাহরণ পাবেন যদি কোন ইম্পার্শিয়াল কমিশান করেন। সাধারণভাবে আমি ২/৩টি আবেদন দিয়ে আরম্ভ করতে চাই যে পিটিয়ে মারল মানুষকে, পুলিশ এ্যারেস্ট করে না, বিচার করে না, তার কোন শাস্তি হয় নি। রাজনৈতিক সন্ত্রাস দমন করা হচ্ছে ধরে নিলাম, কিন্তু দেখুন আমার কাছে একটা দরখাস্ত আছে, মেদিনীপুরের এস. পি'র কাছে করা হয়েছিল, তাতে বলা হচ্ছে 'নিম্ন স্বাক্ষরকারীগনের নিবেদন এই যে সদর থানার ৭নং অঞ্চলের মিচকা গ্রামের রাজেন্দ্র সামন্তের প্রথম পুত্র হরেকৃষ্ণ সামন্তকে কে বা কারা ১/৪/৭২ তারিখে শনিবার রাত্রে নিষ্ঠুরভাবে গুপ্ত হত্যা করিয়া ঐ গ্রামের উত্তরে ক্যানেলের ধারে রামচন্দ্রপুর মৌজার ৭২৫ দাগের জমির উপর ফেলিয়া রাখিয়া যায়। পুলিশ মৃতদেহ পাইয়া যথারীতি পোষ্ট মর্টম করে কিন্তু আজ পর্যন্ত ঐ ব্যাপারে হত্যাকারীকে ধরিবার কোনরূপ পুলিশ তদন্ত হয় নাই। তাই এতদঞ্চলের লোকদের মধ্যে দারুন হতাশা ও ক্ষোভের সঞ্চার হইয়াছে। সুতরাং যাহাতে যথাযথ তদন্ত করিয়া আততায়ীকে ধরা যায় এবং শাস্তি বিধান করা হয় তারজন্য আপনার সক্রিয় সহযোগিতা ও হস্তক্ষেপ কামনা করি'।

আমি বলেছি কিন্তু কোন প্রতিকার হয়নি। আমি যখন কাকদ্বীপে গিয়েছিলাম তখন একটি ছেলে আমার কাছে এসে কেঁদে ফেলল। আমি তাকে বললাম, তোমার কি হয়েছে? সে বলল অন্যায়ভাবে আমার পিতাকে কলাকাঁদি চোর সন্দেহে পিটিয়ে মেরে ফেলেছে। সে

সুবিচারের জন্য আমার কাছে আবেদন করছে এবং একথা বলছে যে আসল আসামীদের এরেস্ট করা হয়নি। সে তার আবেদন লিখেছে যে, "পাথর প্রতিমা থানায় ১১.৬.৭২ তারিখে তার পিতাকে মেরে ফেলে এবং ১২.৬.৭২ তারিখে সেই মৃতদেহ চালান দেওয়া হয়েছে পাথর প্রতিমা থানায়। কিন্তু ওই থানার পুলিশ প্রধান খুনী আসামীকে ধরবার চেষ্টা করছে না। ৪ জনকে ধরেছে, কিন্তু তাদের জামিন হয়েছে। আমার পিতা সংসারে একমাত্র আয়কারী ছিলেন। বর্তমানে আমার সদ্য বিধবা মা এবং আমরা ৪ ভাইবোন ভিক্ষায় কালযাপন করছি। কাজেই হত্যাকারীকে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করবেন"। আমি আর একটা ঘটনা দিচ্ছি পাঁশকুড়া থানা, নির্বাচন কেন্দ্র কিন্তু তমলুক থানা। কিছুদিন আগে ১লা বৈশাখ তারিখে ভোরবেলা একজন ভেণ্ডারকে ডাব চুরি করছে এই অভিযোগে পিটিয়ে মেরে ফেলা হল এবং তারপর টানা-হেচরা, একেবারে যাচ্ছেতাই ব্যাপার। এই ব্যাপারে আমি বলেছি শ্রীমতী গীতা মুখার্জীও বলেছেন। এই ব্যাপারে যারা অপরাধী তাঁরা পূর্বে নকশাল নেতা ছিলেন কিন্তু এখন নাকি তাঁরা যুবকংগ্রেসের নেতা। আমরা চিরকাল দেখেছি যারা অপরাধ করে তারা একটা আশ্রয় চায়। কংগ্রেসের আমলে কংগ্রেসের আশ্রয় নিয়েছে, ইংরেজ আমলে ইংরেজের আশ্রয় নিয়েছে, সি. পি. এম-এর আমলে সি. পি. এম-এর আশ্রয় নিয়েছে। আমি মনে করি যদি কেউ অপরাধ করে প্রশ্রয় চায় তাহলে কোন দলেরই উচিত নয় তাকে প্রশ্রয় দেওয়া। (শ্রীসিদ্ধার্থ শংকর রায়: সি, পি, আই এলে তাদের আশ্রয় নেবে) আমি হাউসের কাছে আশীর্বাদ চাই সি পি. আই আসুক এবং আমরা ৬ মাস শাসন করে দেখিয়ে দেব যে, আমরা ওইরকম, কি ওই রকম নই। যাহোক, আমি এর পূর্বে মিসা আইনের আলোচনার সময় মুখ্যমন্ত্রীকে বলেছিলাম যে জেলায় জেলায় আপনি একটা বোর্ড করে দিন বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের নিয়ে বা এম. এল. এ-দের নিয়ে এবং মিসা আইনের যাতে অপপ্রয়োগ না হয় সেটা তাঁরা অন্তত একটু আলোচনা করুক, বিচার করুক। বাঘে ছুলে আঠারো ঘা, আর পুলিশে ছুলে তো রক্ষা নেই। সাধারণ মানুষ অনেক অভিযোগ করে যে অনেক নিরীহ লোককে মিসা আইনে গ্রেপ্তার করা হয়েছে। আমাদের সি. পি. আই-র বহু লোককে এই মিসা আইনে গ্রেপ্তার করে রাখা হয়েছে। আমরা সি. পি, আই, আমরা নকশাল নই, আমরা সন্ত্রাসবাদে বিশ্বাস করিনা। তবুও আমাদের লোককে ধরে রাখা হয়েছে। ভাঙ্গরের একটি ছেলে কৃষক আন্দোলন করত এবং তার বিরুদ্ধে কয়েকজন লোক অভিযোগ করল। তাঁরা পূর্বে ছিলেন সি. পি. এম. এখন দল বদলে অভিযোগ করলেন। তারাপদ মণ্ডল তার নিজের এলাকায় বহুদিন ধরে বেনামি জমি জলকর জমির আন্দোলন করে আসছে এবং এই আন্দোলনের ফলে বহু গরিব কৃষক উপকৃত হয়েছে। এইজন্য জলকরের মালিকগণ এবং জমিদার ষড়যন্ত্র করে গত ১০.৪.৭২ তারিখে তাকে বাড়ী থেকে ধরে এনে আটক করে রেখেছে। সে একজন গরিব মানুষ, অথচ তাকে মিসায় আটক করে রেখেছে। আমার কাছে আরও ঘটনা আছে। কুপার্স ক্যাম্পে আমাদের পার্টির সভ্য একজন যুব কর্মী এবং এরকম আরও ৪ জনকে মিসা করে রাখা হয়েছে। কি ব্যাপার? না, ট্রেন ছিনতাই করেছে। অথচ দেখা গেল ২৯.৪.৭২ তারিখে কোন ট্রেন ছিনতাই হয়নি। আর একটা কেস্, এর পূর্বেও আমি বলেছিলাম, আবার বলছি। মেদিনীপুরের পুলিন সিংহ আমাদের সি. পি. আই-র মেম্বার এবং তিনি গণতান্ত্রিক আন্দোলনের সঙ্গে জড়িত। কিন্তু যেহেতু তিনি জোতদারদের বিরোধিতা করেন এবং চাষীদের পক্ষে অতএব চেষ্টা করে সেখানকার দারোগাকে দিয়ে তাকে মিসা করে রেখেছে।

[4-30 to 4-40 p.m.]

কিছু কিছু দুই চারটি ঘটনা আমি দিতে চাই যে পুলিশ কিভাবে হয়রান করছে।

ধরুন কাঁথিতে তার এম. এল এ. হয়ত এখানে আছেন. ভেবরা থানায় সেখানে একটা কেস-এর তদন্ত হয়ে দেখা গেল যে এরা ভাগচাষী, কিন্তু তা সত্বেও তাদের বিরুদ্ধে ফৌজদারী করে দিল, ২৭ জনকে গ্রেপ্তার করে রেখে দিয়েছে এবং এই কেসের সুযোগ নিয়ে জোতদাররা তাদের জমি দখল করেছে। জোতদারদের সাহায্য করবার জন্য, কৃষকদের ভয় দেখাবার জন্য একটা পুলিশ ক্যাম্প সেখানে বসানো হল। কয়েকদিন আগে ঐখানে একটা মিছিলের উপর জোতদাররা আক্রমণ করলো গুণ্ডা নিয়ে, সে একটা সাংঘাতিক ব্যাপার। তারপর এনকোয়ারী হল, মিছিলের উপর আক্রমণ হল, অনেক আহত হল, কয়েকজনকে ধরে নিয়ে তারা গেল। সেখানে ভীষণ অত্যাচার চলছে। সেখানে যাদের এ্যারেষ্ট করে রেখে দিয়েছিলো, গুণ্ডাদের সেখানে যারা পাহারা দিচ্ছিল, সেইখান থেকে ৪ জনকে গ্রেপ্তার করে নিয়ে আসা হল। তারা পয়সাওয়ালা লোক, ইনফ্লুয়েন্সিয়াল লোক। তারা মারপিট অর্গানাইজ করলো, কিন্তু তাদের গায়ে কেউ হাত দিল না। আমি দিনাজপুরের একটা ছোট্ট ঘটনা বলছি। এইজন্য বলছি যে মন্ত্রী মহাশয় এদেরকে চেনেন এবং আমি সেই স্বদেশী আমল থেকে তাদের চিনি। তিনি একজন কমিউনিষ্ট, তসিমুদ্দিন চৌধুরী তার নাম। তার বাড়ী তপন থানায়। ১৯৭০ সালে vest করেছে জমি। কৃষকরা আবাদ করল। তারপর ইনজাংসন করে কৃষকরা আবাদ দিল, চাষ দিল। কিন্তু সেই চাষের ফসল যখন তারা কাটতে গেল, তখন পুলিশ এসে গেল। পুলিশ এসে তাদের ফসল কাটতে দিল না, ফসল জোতদাররা নিয়ে গেল। অথচ তসিমুদ্দিন চৌধুরীর বিরুদ্ধে চুরির মামলা দায়ের করা হল। ১৮ জনকে আসামী করা হল। তারা আমার কাছে লিখেছে, তাদের কেস চলছে তো চলছেই, তাদের হাজিরা দিতে হচ্ছে। আমি তসিমুদ্দিন সাহেবকে ভাল ভাবে চিনি। তিনি অত্যন্ত বিশিষ্ট মানী লোক। আমি যখন প্রথম তাকে দেখি ২০ বছর আগে, তখন তাকে খুব মানী লোক বলে জানতাম। তিনি এক সময় ওখানকার অঞ্চলের প্রধান ছিলেন, কিন্তু কম্যুনিষ্ট হিসাবে এই আন্দোলন করবার জন্য তার এই শাস্তি। এখানে ২৪ পরগণার কৃষকরা আমার কাছে দরখাস্ত করেছে, ধরমপুর দক্ষিণ বেড়িয়া চেতন গ্রাম, সন্দেশখালি হাসনাবাদ থানা, যে পুলিশ এসে আমাদের ফোর্স করছে যে জোতদারদের অর্দ্ধেক ধান দিতে হবে, জোর করে তাদের গোলায় ধান তুলে দিন ১৩৬৯ সালে। এবারে তারা এসে বলছে যে এবারে অর্দ্ধেক ধান নয়, সব উচ্ছেদ করে দেবে এবং জোতদাররা এসে জোর করে চাষীদের উচ্ছেদ করছে। ডায়েরী করা সত্বেও পুলিশ তার কোন প্রতিকার করছে না, উপরন্তু ডায়েরী করতে গেলে পুলিশ অকথ্য ভাষায় গালাগালি করে তাড়িয়ে দিচ্ছে, ডায়েরী নিতে চাচ্ছে না। শুধু তাই নয়, পুলিশ বলছে চাষীদের থানায় নিয়ে গিয়ে কিছু টাকা নিয়ে জমি ছেড়ে দাও, নইলে তোমাদের পিঠের ছাল থাকবে না। জোতদারদের এই সমস্ত কুকীর্তি আরো আছে।

এখানে হাড়োয়া থানার এম, এল, এ, বসে আছেন, তিনি আমাকে ভালই চেনেন এবং আমিও তাকে ভাল চিনি। আমাদের লিডার হাড়োয়া থানার জব্বর মিয়া তার বিরুদ্ধে ভীষণ কেস এবং এই ভীষণ কেসে তার হয়ত ভীষণ সাজা হবে। এবং তিনি দায়রায় সোপর্দ হবেন। ব্যাপারটা কি? ভাগচাষীকে ভাগচাষী নয় বলেছিল, এনকোয়ারী হল, সেই এনকোয়ারীতে ক্যাম্প কোর্ট বলল, রিপোর্ট দিল যে ভাগচাষী। তখন এরা জে. এল, আর, ওর কাছে আবেদন করলো যে ভাগচাষী হিসাবে আমাদের রেকড করুন। জে. এল. আর. ও সেই কেস পিছিয়ে পিছিয়ে একেবারে চাষের সময় নিয়ে এসে ফেললেন। আমাদের বন্ধুটি তিনি ওখানকার নেতা। তিনি সব রেকর্ড নিয়ে জে, এল, আর, ওর কাছে গেলেন এবং লাষ্ট দিন যখন জে, এল, আর, ও, সেই কেস বাতিল করে দিচ্ছেন তখন তিনি জে, এল, আর,

ওর সঙ্গে ঝগড়া করলেন। উনি বেরিয়ে যাবার পর জে, এল, আর, ও, চীৎকার করলেন এবং পুলিশ জে, এল, আর, ও যে অভিযোগ করেছে তার চেয়ে ডবল অভিযোগ করে তাকে থানায় দিয়ে দিল। এবং জব্বর মিয়ার বিরুদ্ধে এখন ভীষণ মামলা এবং সেই ভীষণ মামলার কি ভীষণ রায় হবে তা আমরা জানি।

সোনারপুরের কথা আমি বলেছি, আমার বন্ধুরা আরো বলবেন। আমরা ঠিক করেছি যে আমাদের বন্ধুরা সকলেই ৩/৪ মিনিট করে বলুক সেখানকার ঘটনা। আমি এর আগেও রেফার করেছি ২২ শত বিঘার জমির মালিক তার বিরুদ্ধে কেস হচ্ছে, ভাগচাষ কোর্টে কেস হচ্ছে, ১৪৩ এবং ৪৪৭ ধারায় পুলিশ কেস করে মাস স্কেল এ্যারেস্ট করছে যাতে তারা জমি চাষ করতে না পারে। আমার সময় চলে যাচ্ছে, আমি আর বেশী কিছু বলবো না। আমি দুটি কনট্রাস্ট করতে চাই। এই ২৪ পরগণা জেলায়— শুধু ২৪-পরগণায় কেন, আমি বলবো যে সি. পি. এম-এর হাতে আমাদের যতগুলি লোক মারা গিয়েছে তার কোন কেসে পুলিশ বিচার করেছে আমি জানি না। তারপর ১৯৭০ সালে যখন জমির আন্দোলন আমরা করি তখন ১৪ জন চাষী জোতদারের হাতে মারা গেল। তার একটা কেসেও পুলিশ কতখানি অগ্রসর হয়েছে আমি জানি না। সম্প্রতি আমি দেখেছি তাতে এই ধারণা দিতে চাই যে কনট্রাস্ট পুলিশের কি রকম, কি ভাবে পুলিশ কেস সাজিয়ে দণ্ডের ব্যবস্থা করে। যে নির্দোষ তাকে কি করে শাস্তি দেওয়া যায়, যে দোষী তাকে কিভাবে কেস সাজিয়ে ছাড়িয়ে দেওয়া যায়, পুলিশ তা জানে এবং আপনারাও জানেন। কিন্তু তাতে সাধারণ পাবলিকের ক্ষেত্রে এই রকম বহু ঘটনা ঘটছে আমি তার মধ্যে যেতে চাচ্ছি না, পলিটিক্যাল যে ঘটনা হচ্ছে আমি তাই বলছি। আমার এত প্রিয় পাত্র ছিল রণজিৎ শুকুল বলে একটি ছেলে। স্কুলের শিক্ষক ছিল, স্কুল স্থাপন করেছিল এবং পরে হেড মাষ্টার হয়েছিল পাশটাশ করে। হাড়োয়া থানায় গোপালপুর বলে একটা জায়গা আছে, সেখানে গোপাল গুহ বলে একজন জোতদার আছে, বড় ভেড়ীর মালিক, তিনি দুই লক্ষ বিঘা জমির মালিক। যখন যুক্তফ্রন্ট সরকার হয়েছিল তখন তিনি ফরোয়ার্ড ব্লক হয়ে গেলেন এবং একটা সাইনবোর্ড টাঙ্গালেন ও তার প্রেসিডেন্ট হয়ে গেলেন। তার নিজের টেলিফোন আছে গ্রামের এম এল এ-রা জানেন। তার পাইক বরকোন্দাজ, তার বন্দুক, তার বন্ধু বান্ধব যে সব জোতদার আছে তাদের বন্দুক, তিনি এক সঙ্গে ২০/২৫টি বন্দুক ইজিলি মোবিলাইজ করেন এবং তার একটা সাম্রাজ্য সেখানে। আমি জ্যোতি বাবুকে বলেছিলাম, জ্যোতি বাবু এই সাম্রাজ্য যদি আপনি রক্ষা করেন তাহলে আমরা বিদ্রোহ করবো। গভর্ণমেণ্টের রাজ্যের মধ্যে আর একটি রাজত্ব। তিনি আগে থেকে সমস্ত খবর পান, থানার সঙ্গে সমস্ত ব্যবস্থা আছে। যাই হোক তিনি গুলি চালিয়েছিলেন। আমি জ্যোতি বাবুকে ফোর্স করেছিলাম যে একে এ্যারেষ্ট করতে হবে, বন্দুক সিজ করতে হবে। অনেক চেষ্টা করে আমি তাকে এ্যারেষ্ট করিয়েছিলাম। তিনি সঙ্গে সঙ্গে জামিন পেয়ে গেলেন। তার বন্দুক সিজ হল। সেই গোপাল গুহর এলাকার চাষীরা মাথা তুলে দাঁড়িয়ে একটা আন্দোলন করেছিল এবং আমি সেখানে গিয়েছিলাম। এই আন্দোলনে যেহেতু রণজিৎ ছিল—সে খুব ভাল ছেলে, সে জীবনে কখনো হিংসা করেনি, মারপিঠ করেনি, জোর করেনি, চুরি করেনি, এত সৎ এত ভাল, তাকে অফিস থেকে বাড়ী ফেরার পথে নৃশংসভাবে হত্যা করলো। সেই কেস পুলিশ এমনভাবে সাজালেন যে কেসকুইও হয়ে গেল এবং ডিসমিস হয়ে গেল। সে ৩/৪টি ডাকাতিরও লিডার ছিল। আমি এই দু'দিকের কনট্রাস্ট তুলে ধরলাম। এদের কি হবে আমি জানি না। আমি কনট্রাষ্ট দিচ্ছি। আমার নিজের কনষ্টিটিউয়েন্সি মেদিনীপুর সদর থানা এবং তার একটু দূরে পরী পরাণ বলে একজন অত্যাচারী জোতদার আছে। সেটা এমন একটি এরিয়া যেখানে রাস্তা ঘাট নাই, কাঁসাই

নদীর ধারে। সে যা খুসী তাই করছে, মানুষের বাড়ীতে ডাকাতি করছে, ডাকাতদল পুষছে। সে নিজে পয়সাওয়ালা লোক, অবর্ণনীয় অত্যাচার করতো। কিছু দিন হল এখানে আন্দোলন হয়েছে, আমাদের পার্টিরও প্রভাব বিস্তার হয়েছে, সেখানে ভোটও আমরা বেশী পেয়েছি সাধারণ গরীব মানুষের কাছ থেকে কিন্তু অবস্থাপন্ন লোকের কাছ থেকে আমরা তেমন পাইনি। সেখানে একটি মাত্র লোক যে আমাদের পক্ষে ছিল বিজয় করণ, তার ভাইপোকে বন্দুক দিয়ে মেরে চলে গেল, পুলিশ তার কিছু কিনারা করলো না। পরের দিন সে ভয়ে বলির পাঁঠার মত কাঁপতে কাঁপতে আমার কাছে এল এবং বললো যে আমি ওখান থেকে ছেড়ে চলে যাচ্ছি। আমি তাকে গালিগালাজ করলাম কিন্তু সে ছেড়ে চলে গেল। তারপর দীর্ঘদিন পরে সে ফিরে এসেছিল, তাকে বোমা দিয়ে মারলো, পিঠ খোবড়া হয়ে গেল, কাউকে এ্যারেষ্ট করা হল না। হাসপাতালে মরণাপন্ন অবস্থায় ছিল। ভেবে ছিলাম মরে যাবে, কোন রকমে বেঁচে উঠেছে। কাউকে এ্যারেষ্ট করা হয়নি।

[4-40—4-50 p.m.]

সেই চাষী তার জমি জোর করে দিতে হয়েছিল, তাকে মামলায় সাজানো হয়েছিল, সে আহত হয়েছিল এবং হাসপাতালে এসে মারা গেল। সেখানে একদল গরীব চাষীকে এ্যারেষ্ট করা হল, তাদের পরণে ছেঁড়া কাপড়, খেতে পায় না, পরতে পায়না, কুঁড়ে ঘরে বাস, না আছে চাল না আছে চুলো। এর পরে তারা অফিসে আমার কাছে যায়, আমার সঙ্গে দেখা করতে এসে তারা কেঁদে ফেলে। তারা বলে ১১ মাস তাদের জামিন নেই, তারা দায়াবদ্ধ হল। এর পরেও দেখেছি আমাদের শালবনী থানায় সেদিন আমাদের চোখের সামনে রেকর্ডেড় ভাগ চাষী সে চাষ করতে গেলে তাকে পিটিয়ে মেরে ফেললো। আমরা বিরাট হামলা করেছি, সঙ্গে সঙ্গে অবশ্য কয়েকজনকে এ্যারেষ্ট করেছে। চাষী সে ছিল না অথচ মাঠেতে এ্যারেষ্ট হল, ও আজ ১১ মাস পচছে। বাড়ীর লোকেরা খেতে পায় না পড়ে আছে। আর অন্য দিকে দেখছি দুপুরে মার্ডার করে একটা ভাগচাষীকে সঙ্গে সঙ্গেই জামীন পেয়ে বেড়িয়ে গেল, আমি জানি তার কেসের কিছু হবে না। আমি জানি তার কেস এমন ভাবে সাজানো হবে যাতে কেস নষ্ট হয়ে যায়। আমি দুটো প্রস্তাব মুখ্যমন্ত্রীর কাছে রেখে আমার বক্তব্য শেষ করছি। আমি যে বেদনার কথা বললাম, আমি ব্যথিত বলে বেদনার কথা বললাম, আমি তাদের সঙ্গে মিশি বলে তাদের বেদনার কথা বলি, আমি তাদের সঙ্গে মিশে কাজ করি— যারা সবচেয়ে নিচু, সবচেয়ে দরিদ্র। এক সময় তারা কিছুটা স্বাধীনতা পেয়ে ছিল কিন্তু সি পি এম তখন সন্ত্রাসবাদ দলবাজি করে নষ্ট করেছে। আজকে আপনারা রাজনৈতিক সন্ত্রাস বন্ধ করেছেন কিন্তু গরীব মানুষ খেটে খাওয়া মানুষ সে অনুভব করছে না যে সে স্বাধীনতা পেয়েছে। এই যে contradiction, এই contradiction-এর কোন সমাধান নেই। গরীব মানুষ একটু স্বাধীনতা পেল কিন্তু সন্ত্রাসবাদ হয়ে তার সব নষ্ট হয়ে গল। সন্ত্রাসবাদ দমন হল কিন্তু গরীব মানুষের যে স্বাধীনতা তা অপহৃত হল। এই অসঙ্গতি যদি Govt. সমাধন করতে পারেন তাকে ধন্যবাদ দেবো —সাধুবাদ দেবো। আমি আগে যে প্রস্তাব করেছি এখনও সেটাই করছি যে Public Prosecutor এরূপ করা হোক খুব আইনজ্ঞ এবং সেই বিচারক স্থানীয় এবং Public Prosecutor কে পুলিশের আইনে এইরূপ ক্ষমতা দেওয়া হোক যে পুলিশ যে কেস সাজিয়ে দেবে, সে কেস তিনি যে Prosecute করবেন তা নয়, Public Prosecutor কে এ ক্ষমতা দেওয়া হোক যে জনগণের যে অধিকার, নাগরিকদের যে অধিকার, ব্যক্তি স্বাধীনতা তার যে অধিকার, সে অধিকার রক্ষার দায়িত্ব তাদের দেওয়া হোক। দরকার হলে তিনি প্রিলিমিনিয়ারী এনকোয়ারী করবেন এবং করে লোক-

জনকে জিজ্ঞাসা করবেন, বুঝাবার চেষ্টা করবেন যে পুলিশ অন্যায় এবং অবিচার করেছেন কিনা পুলিশ যদি কোন কেস গ্রহন না করে Publicকে অধিকার দেওয়া হোক Public Prosecuto কাছে এসে সে পুলিশ যে কেস নিচ্ছে না, এ কাজ করছেন এবং সে কাজে public prosecuto তার তদন্ত করবেন। তার জন্য যদি দরকার হয় এর সংখ্যা বাড়ান। তাদের qualificatioi বাড়ান। কিন্তু power দেওয়া হোক এটা আমার ১ নং suggestion। আমার ২ নম্বর সাজেশান হচ্ছে যেটা আমি জ্যোতি বাবুকেও বলেছিলাম, তিনি মানেননি, সে জন্য যুক্তফ্রন্ট ভেঙ্গেছে, যে থানার অফিসারের উপর তদারক করবার জন্য, তাদের Advice করবার জন্য বিভিন্ন রাজনৈতিক দলের নেতা এবং কর্মীদের নিয়ে একটা কমিটি করা হোক। তাদের সঙ্গে তর্কাতর্কি হোক সামনা সামনি কথা বলা হোক কিন্তু তাদের উপর একটা supervision থাক। তা না হলে C.P.M. এর লোক যা বললো তাই হবে, আর না বললে না হবে, অথবা যা ইচ্ছা তাই করবেন, এটা উচিত নয় সে জন্য একটা করে supervisory কমিটি করা হোক। সেটা কিছুতেই মানলেন না। আমি আজকে আবার suggestion দিচ্ছি। এখানে London-এর কথা বলা হয়েছে। আমি জানি না London-এর কিছু পড়িনি। তাদের Standing Adv. Committee আছে, পুলিশের station উপর Adv. Committee আছে আমরা সেই suggestion দিয়েছিলাম। আমি আজকে আবার সেই suggestionই রাখছি এবং সঙ্গে সঙ্গে বলছি যে কম পক্ষে জেলা স্তরে এবং মহকুমা স্তরে জোট করে Adv. Committee করে দিন। মুখ্যমন্ত্রী মহাশয় দেরী করবেন না। কিছু change করুন, কিছু structural change করুন, কিছু structural change করে reform করুন, কিছু supervision এর change করুন। কিছু রিফরম করুন ও সঙ্গে সঙ্গে সুপারভিশনের ব্যবস্থা করুন, ২/৪ টার প্রতিকার হোক। কতবার দরখাস্ত দেবে? মুখ্যমন্ত্রীর কাছে লোকে আসবে তার সাধ্য কি? মুখ্যমন্ত্রী মহাশয়ের কত সময় আছে? আমি বিশ্বনাথ মুখার্জি আমার কতটুকু সময় আছে প্রতিকারের জন্য আপনার কাছে দরবার করবার। একটা চাষী আপনার কাছে দরবার করবে এটা একটা আশ্চর্য্য ব্যাপার। আর জেলা ম্যাজিষ্ট্রেট ও জেলার এস,পি,-রা তারা দায়িত্ব এড়িয়ে যেতে চান। কোন প্রতিকার নেই। প্রতিকার তলায় নেই, প্রতিকার মাঝে নেই, প্রতিকার উপরে নেই। অতএব একটা ছোট Adv. Committee করে দেওয়া হোক যেখানে অন্যান্য জিনিষ আলোচিত হবে। এবং দরকার হলে লোকেরা বলুক যে এরূপ হচ্ছে এর কি ব্যবস্থা হচ্ছে, আমি এই কারণে বারবার আবেদন করি কারণ আমাদের যে প্রতিশ্রুতি তা পালন করা বড় কঠিন।

এই আবেদন করে আমি সর্বান্তঃকরণে আশা করবো আপনি যে প্রতিশ্রুতি দিয়েছেন, তা আপনি পালন করবেন। কিন্তু তা পালন করা বড় কঠিন। কারণ এই যে সিষ্টেম একটা স্থায়ী ব্যবস্থায় দাঁড়িয়ে গেছে অনেক দিন ধরে। যারা দুর্নীতিতে অভ্যস্ত, যারা উপরতলার অফিসার—গতানুগতিক ভাবে চলতে অভ্যস্ত, দায়িত্ব অস্বীকার করতে অভ্যস্ত, সেখানে আপনি আজ না বলছেন —পুলিশ বাহিনী জনগণের রক্ষক হিসাবে vested interest-এর বিরুদ্ধে এগিয়ে আসবেন—এটা করা বড় দুরূহ কাজ। একটা বৈপ্লবিক পরিবর্তন ছাড়া, সাধারণ মানুষের উপরে ওঠা ছাড়া এটা সম্ভব হবে না। তবে যদি কিছু এ বিষয়ে করতে চান আমরা সর্বতোভাবে আপনাদের সাহায্য করবো। সেইভাবে step নিন—আপনারা সিষ্টেমকে change করুন। তবে organisation change এবং structural change এর ব্যবস্থা করা খুব কঠিন। যদি দেখেন দুটো তিনটে চারটে জায়গায় এই ধরণের অন্যায় অবিচার পক্ষপাতিত্ব চলছে, এই ধরণের দুর্নীতি চলছে সেখানে supervision রাখুন, তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করুন। সেখানে তাদের exemplary punishment দিন। তাহলে তার মধ্য দিয়ে দেখবেন কিছুটা পরিবর্ত্তন আসবে। আপনি যে প্রতিশ্রুতি

দিয়েছেন অন্তত: ভেতর দিয়ে তা পালন করতে কিছুটা সক্ষম হবেন। এই আশা প্রকাশ করে এখানেই আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমনোরঞ্জন প্রামানিক**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পুলিশ খাতে ব্যয়বরাদ্দের দাবী সর্বান্তঃকরণে সমর্থন করছি। শিক্ষা খাতে ব্যয় বরাদ্দের অঙ্কের টাকা না বাড়িয়ে, পুলিশ খাতে অঙ্কের টাকা বাড়ান হলো। আমি এর জন্য বেদনা বোধ করছি। পূর্বে পুলিসের নামে একটা বিভীষিকা হতো। এখন পুলিশ সমাজ কল্যাণের অপরিহার্য্য অঙ্গ। কল্যাণকর রাষ্ট্রে পুলিশের ভূমিকা গুরুত্বপূর্ণ। পুলিশ বিভাগের দক্ষতায় একদিকে যেমন দুষ্টের শাসন, শিষ্টের পালন হয়, অপরদিকে অসাবধানতায় কিছু কিছু স্বার্থান্বেষী পুলিশ কর্মীর জন্য সমাজ বিরোধীরা প্রশ্রয় পায়। এই অভিযোগ যত কম শোনা যায়, ততই মঙ্গল। দৈব দুর্বিপাকে ও বন্যায়, দুর্ঘটনায় পুলিশ কর্মীরা নিজ জীবন বিপন্ন করে ঝাঁপিয়ে পড়েন। নিজের নিরাপত্তার কথা না ভেবে তাঁরা বিপন্নকে রক্ষা করতে এগিয়ে যান। এরূপ ঘটনা বিরল নয়। তবে পুলিশের বিরুদ্ধে অভিযোগ সব সময় মিথ্যা হয় না। এক শ্রেণীর পুলিশের দায়িত্বজ্ঞানহীন কার্য্যকলাপের জন্য সমগ্র পুলিশ সমাজের উপর কলঙ্কের ছায়া পড়ে। এ বিষয়ে সরকারকে সতর্ক ও সজাগ থাকতেই হবে।

পুলিশ বিভাগের উপর তলার অফিসারদের হতে হবে কর্তব্যে কঠোর, শৃঙ্খলাপরায়ণ ও আদর্শ ব্যক্তিত্ব সম্পন্ন। এযদি না হয়, তাহলে নীচের তলার পুলিশের লোক নিজেদের তৈরী করবেন কোন আদর্শে? সেই জন্য জাতীয়তাবাদী আদর্শবান ব্যক্তিদের উপর তলার পুলিশ অফিসার হিসেবে নিয়োগ করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই। এদিকে যেন সরকার দৃষ্টি রাখেন।

এখনো বৃটিশের ধাচে পুলিশী ব্যবস্থা আমাদের এখানে চলছে। জনসংখ্যা যে অনুপাতে বেড়েছে সেই অনুপাতে পুলিশের সংখ্যা এখনো বাড়ানো হয়নি। জনসংখ্যা বৃদ্ধির অনুপাতে এই পুলিশের সংখ্যা বাড়ানো প্রয়োজন। তাহলে একদিকে যেমন বেকার সমস্যার আংশিক সমাধান করা যাবে, তেমনি গ্রামাঞ্চলের সাধারণ মানুষের মধ্যে নিরাপত্তার ভাব ফিরিয়ে আনা সম্ভব হবে। ইংরেজ আমলে যে সব পুলিশ অফিসার ছিলেন তাঁদের মধ্যে অনেকের দেশবাসীদের উপর নির্যাতন লাঞ্ছনা ও অত্যাচার করার প্রবনতা ছিল মজ্জাগত। সে যুগ আমরা পার হয়ে এসেছি। এখন দেশ গড়ার যুগ; ধ্বংস নয়, এখন গঠন। এই আদর্শ নিয়ে একদিকে যেমন আমরা দেশ সেবীরা কর্মযজ্ঞে এগিয়ে যাবো, তেমনি সেই সঙ্গে পুলিশ বাহিনীকেও তাদের পরিপূর্ণ দায়িত্ব নিয়ে দেশের আভ্যন্তরীণ নিরাপত্তা লোকের ধন সম্পদ রক্ষা এবং দেশদ্রোহী, সমাজবিরোধীদের প্রতি কঠোর মনোভাব নিয়ে অগ্রসর হতে হবে। তবেই পুলিশ বিভাগের প্রতি জনসাধারণের আস্থা ফিরে আসবে। সেবার মনোভাব নিয়ে পুলিশ বাহিনীকে এগিয়ে যেতে হবে। তাহলে অভিশাপ নয়, পুলিশ বাহিনীর উপর দেশবাসীর আশীর্ব্বাদ বর্ষিত হবে। এইভাবে তাদের উদ্বুদ্ধ করতে হবে।

পুলিশ বিধান সভার মাননীয় সভ্য তৃপ্তিময় আইচকে ধরতে পারে। কিন্তু কোর্টের আদেশ থাকা সত্বেও পুলিশ বহু সমাজবিরোধী ব্যক্তিকে ধরতে পারে না, গ্রেপ্তার করতে পারে না। এটা বাস্তবিকই খুব দুঃখের কথা। ১৯৭০ সালে বর্দ্ধমানের সাঁইবাড়ীর নির্মম হত্যাকাণ্ডের সঙ্গে যারা জড়িত, সেই আসামীদের পুলিশ এখনো গ্রেপ্তার করতে সক্ষম হয়নি। অথচ এমন ব্যক্তি আছেন যিনি ৪/৫টি মার্ডার কেসের আসামী তাকে পুলিশ ধরতে পারে না। আপনি স্যার, শুনলে অবাক

হয়ে যাবেন, যে লোক ৪৭টি মার্ডার কেসের আসামী, সেই ব্যক্তি ১৯৭২ সালের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছে। অথচ পুলিশ তাকে ধরতে পারে না। এটা অত্যন্ত দুঃখের কথা।

বর্ধমান জেলার দক্ষিণ অঞ্চলের কথা বলি। এই অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা নেই অথচ এই অঞ্চলের মধ্যে অনেক সমাজবিরোধী ব্যক্তি আছে। তারা এই এলাকার মধ্যে বিভিন্ন রকম দুষ্কৃতি করে পাশের জেলা বাঁকুড়া, হুগলীতে চলে যায়। আর এই অঞ্চলের মধ্যে দামোদর নদ থাকার জন্য যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত থাকে বছরের বেশীর ভাগ সময়ে। এখানে রাস্তাঘাট নেই, টেলিফোন নেই, যোগাযোগ ব্যবস্থা নেই, সেইজন্য আমি এই অঞ্চলে অবিলম্বে পুলিশী ব্যবস্থা জোরদার করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে তাঁকে বলব যে ঐ অঞ্চলে পুলিশের সংখ্যাও অবিলম্বে বাড়ানো দরকার এবং সেই সঙ্গে ৪টি পুলিশ ফাঁড়িরও প্রবর্তন করা একান্ত প্রয়োজন। আন্তঃজেলা কর্ডনিং ব্যবস্থা খুবই ত্রুটিপূর্ণ থাকার জন্য এই অঞ্চলে যে প্রচুর খাদ্যশস্য হয়, তা গোপনে পাশের হুগলী ও বাঁকুড়া দিয়ে বাইরে চলে যায়। এই কর্ডনিংকে ত্রুটিমুক্ত করার জন্য আবেদন জানাচ্ছি। এই বলে আমি শেষ করলাম।

[4-50—5-00 p m.]

**শ্রীলক্ষ্মীকান্ত বসুঃ** মাননীয় স্পীকার মহাশয়, সময় খুব অল্প, পুলিশের সম্পর্কে বলতে গেলে মহাভারতকেও ছাড়িয়ে যায়, কিন্তু স্বল্পতার মধ্যেও ২।৪টি কথার উল্লেখ করবো, আশা করবো যে এর মধ্যে কিছু প্রতিকার পাবো। স্যার, আইনের ব্যাখ্যায় পুলিশ জনসাধারণকে রক্ষা করে। কিন্তু পুলিশ যেটুকু রক্ষা না করে তার চেয়ে বেশী জনসাধারণের উপর অত্যাচার করে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে পুলিশের মধ্যে এক অংশ সৎ। এক অংশ নয়, অত্যন্ত ক্ষুদ্র অংশ সৎ এবং বৃহৎ অংশই অত্যন্ত অসৎ, দুর্নীতিপরায়ণ। নিজের ডিপার্টমেন্টের ভেতরে দুর্নীতি প্রমোশন থেকে আরম্ভ করে ট্রান্সফার পর্য্যন্ত সব ব্যাপারে ঘুষ আছে, চ্যানেল আছে, সোর্স আছে। আর বাইরের কথা তো বাদই দিলাম। একটা ঘটনার উল্লেখ এখানে করবো। সম্প্রতি খিদিরপুর ডকের একজন ট্রেড ইউনিয়ান নেতাকে পুলিশ গ্রেপ্তার করেছিল। সংবাদ পত্রে দেখলাম তিনি নাকি ঘুষ চেয়েছিলেন। মালিক ঘুষ দিতে চেয়ে পুলিশ ডেকে নিয়ে গিয়ে হাতে নাতে ঘুষ সহ তাকে ধরিয়ে দেন। হাতে নাতে ধরা পড়েছে একটা কেস, সেই কেস ট্রায়ালে দিল না, লড়লো না, করলো কি, তার পরের দিন একটা ৬ মাস আগেকার ডাকাতি আর রবারি.কেস—দুটো আলাদা আলাদা কেস, ৬ মাস আর ৮ মাস আগেকার, তাতে তাকে জুড়ে দিল। ডাকাতি এবং রবারি কেসে তিনি নাকি ওয়ান্টেড ছিলেন। এই ৬ মাসের মধ্যে ৪ মাসে ৪ বার বোধ হয় তিনি থানায় গিয়ে ডায়েরি করে এসেছেন। যখন তিনি থানায় গেলেন তখন তাকে গ্রেপ্তার করা হল না আর একটা মালিকের কথায় পুলিশ এল— সাক্ষী কে পুলিশ, টাকা দিল কে মালিক, ধরা পড়লো শ্রমিক নেতা। পুলিশ নির্লজ্জের মত সেই কেসে না লড়ে তাকে মিসা আইনে গ্রেপ্তার করে নিল, কোন রকম লড়াইয়ে গেল না, প্রমাণ করতে পারলো না যে ঐ শ্রমিক নেতা অসৎ। তাঁর মৃত্যুদণ্ড হলেও আমার আপত্তি ছিল না যদি ট্রায়াল হয়ে হত। মালিক এই ভাবে পুলিশকে সাক্ষী রেখে টাকা দেবে আর শ্রমিক নেতাদের ধরিয়ে দেবে, তার ওখানে ইণ্ডাষ্ট্রীয়াল ডিসপিউট সমস্ত শেষ করে দেবে। আমার অঞ্চলে যে থানা আছে সেই থানা হচ্ছে টালিগঞ্জ থানা—এই থানার কথা আমি হাজার হাজার বার জানিয়েছি। আমার দুর্ভাগ্যই বলুন আর সৌভাগ্যই বলুন আমাদের মুখ্যমন্ত্রী দক্ষিণ কলিকাতার লোক এবং স্বরাষ্ট্রমন্ত্রীও দক্ষিণ কলিকাতার লোক। এই টালিগঞ্জ থানায় মদ ধরে নিয়ে এলাম তারপর খানিকক্ষণ বাদে আমি যখন কয়েকজনকে নিয়ে সেখানে গেলাম, দেখলাম যে সেই মদ তারা খেয়ে

নিয়েছে। এই হোল পুলিশবাহিনীর অবস্থা। এদের যে কি করে কি করা যাবে তা আমি ভেবেই পাচ্ছি না। মাননীয় সেনগুপ্ত মহাশয় বলেছেন এবং আমি দেখেছি যে হাজার হাজার মামলায় উপযুক্ত সাক্ষীর অভাবে, প্রমাণের অভাবে ছাড়া পেয়ে যায়। অপর দিকে চার্জসিটের বেলায় দেখি যে তিন মাস চার মাস ছয় মাস হয়ে গেল চার্জসিট আর আসে না, অথচ টাকার কনটাক্টে দেখা যায় সেই চার্জসীট অনেক সময় ফাইন্যাল রিপোর্ট হয়ে যায়। এর পরে আমি বলি যে পুলিশের মধ্যে অনেক দুর্নীতিপরায়ণ অফিসার আছেন যাদের হাতে বেআইনী খাটাল আছে এবং এই সব খাটালের মাসোহারা ব্যবস্থা আছে। প্রতিদিন দুধ দিতে হয়। এই দুধ ছাড়াও বাছুর হোলে বড়বাবুর নামে একটি, মেজবাবুর নামে একটি, দিতে হয় যেগুলি পরে আবার দুধ দেবে। তারপর আবার অনেক বেআইনী রিক্সা আছে। সেগুলি অনেক সময় বিনা লাইসেন্সে চলে। তাদের আবার অনেক সময় ধরে নিয়ে নিলাম করা হয়। অনেক রিক্সা অনেক সময় এক টাকাতে নিলাম হয়ে যায়। এইভাবে পুলিশ অফিসারদের চাকরীর সঙ্গে পাশাপাশি ব্যবসাও চলছে। আমরা যে তাদের কোটি কোটি টাকা দিচ্ছি—তাদের আমরা আরও দেবো—আমরা শুধু চাই পুলিশ জনসাধারণকে রক্ষা করুক—তাদের হাত সে ব্যাপারে শক্তিশালী হোক এটা আমরা চাই। কিন্তু তার সঙ্গে সঙ্গে আমি একথাও বলবো তাদের আমরা টাকা দেবো আবার পাশ থেকে তারা এইভাবে রোজগার করবে এটা আমরা কখনই চাই না। আগে যেমন নায়েব গোমস্তাদের তিন টাকা মাইনে ছিল। তার কারণ সকলেই জানতো তারা বাইরের থেকে ইনকাম তো করবে। তাই আমি বলছি আমরা যে টাকা দেবো সেটা যাতে ওয়েল ইউটিলাইজড হয় সেদিকে আমাদের সরকারকে দেখতে হবে। আমি জানি এই রকম পুলিশ অফিসাররা আছেন তাদের ভাগাভাগির পারসেন্টেজও আমার জানা আছে। ৫০% রসিদ এবং বাকী ৫০%-এর মধ্যে ৩০% অফিসাররা পাবেন আর বাকী ২০% পুলিশ কনেষ্টবল ইত্যাদি র‍্যাঙ্কের লোকেরা পেয়ে থাকেন। তারপর এস. পি. ডি. সি র‍্যাঙ্কের লোকরা বাড়ীতে কোন চাকর রাখেন না। ঐ পুলিশ কনস্টবলদের সেখানে ছেলে ধরা থেকে আরম্ভ করে বাজার করা সমস্ত কাজ তাদের করতে হয়। মফঃস্বলের পুলিশ অফিসারদের মধ্যে এখনও আছে যারা মশারী খাটায় না। ঐ চারজন পুলিশ কনষ্টবলকে চার কোণে দাঁড় করিয়ে রেখে মশারী তাদের দিয়ে ধরিয়ে রাখা হয়। এর একটা প্রতিক্রিয়া হচ্ছে। ওরা কথা বলতে পারেন না। মাঝে মাঝে বড় কর্তারা তাদের ডেকে পাঠান এবং তাদের উপর হামলা করেন। তারপর আমাদের দেশে যে তীব্র বেকার সমস্যা যেখানে লোকে কাজ পাচ্ছে না সেখানে এই পশ্চিমবঙ্গের হাজার হাজার সি. আর. পি. রয়েছে। আমি জানি এই সি. আর. পি. সাহসিক, কর্মঠ। কিন্তু পশ্চিমবঙ্গে এমন অনেক বলিষ্ঠ যুবক কর্মঠ রয়েছে দীর্ঘ সুস্থ স্বাস্থ্য রয়েছে—আমাদের দেশে ছেলেদের অভাব নাই। তাদের নিয়ে একটা বাহিনী যদি করেন তাহলে অনেক বেকার সমস্যার সমাধান হয়ে যাবে। এবং সেই সঙ্গে সঙ্গে এই সমস্ত সি. আর. পি. যত তাড়াতাড়ি এই পশ্চিমবঙ্গ থেকে চলে যায় তার ব্যবস্থা করুন। এবং এই সমস্ত ছেলেদের নিয়ে যদি একটা নূতন বাহিনী গঠন করবার আশ্বাস দেন তাহলে আমাদের দেশে যে বিরাট বেকার সমস্যা তার অনেকখানি সমাধান হতে পারবে এই বলে আমি এই বাজেটকে সমর্থন জানাচ্ছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এসেম্বলীর বাইরে তহশীলদাররা বসে বসে আছে মিছিল করে। আমি আপনার মারফৎ ভূমি রাজস্ব মন্ত্রীকে অনুরোধ করছি যে তিনি তাদের কাছে গিয়ে যদি তাদের কথা শোনেন তাহলে ভাল হয়।

[5-00—5-10 p.m.]

**শ্রীপ্রফুল্ল মাইতি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, পুলিশ খাতে যে ব্যয় বরাদ্দের দাবী

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পেশ করেছেন তাকে অবশ্যই সমর্থন করছি এবং তাহলেও কয়েকটি কথা না বলে পারছি না। ব্যয় বরাদ্দ পেশ করার সময় পুলিশের কৃতিত্বের এক দীর্ঘ তালিকা তিনি যখন পড়ে যাচ্ছিলেন তখন আমার মনে হচ্ছিল যে পশ্চিমবঙ্গের পুলিশ সম্বন্ধে শুনছি, না অন্য কোন রাজ্যের পুলিশ সম্বন্ধে শুনছি—কারণ, পশ্চিমবঙ্গের পুলিশ সম্বন্ধে বিশেষ করে গ্রামাঞ্চলের পুলিশ সম্বন্ধে আমরা যা শুনি বা যা শুনতে অভ্যস্ত তার সঙ্গে এই বিবরণীর বিশেষ মিল নেই বলে আমি এখানে উল্লেখ করতে চাই। বলা হয়েছে যে পুলিশের কার্য্যাবলীর ফলে দেশে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে, এই দাবী ঠিক নয়। দেশে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে এজন্য সরকার অবশ্য কৃতিত্ব দাবী করতে পারেন, কিন্তু তার জন্য পুলিশের কৃতিত্বের কিছু নেই। দেশে রাজনৈতিক অবস্থার পরিবর্ত্তন হয়েছে, তাছাড়া মুখ্যমন্ত্রী মহাশয়ের বলিষ্ঠ নেতৃত্ব এবং জনপ্রতিনিধি এম. এল. এ.দের আন্তরিক চেষ্টায় দেশে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে, এতে পুলিশের কৃতিত্ব বিশেষ কিছু নেই। আমরা জানি পুলিশের একটি বৃহৎ অংশ দুর্নীতিপরায়ণ। তারপরে বলা হয়েছে পুলিশ দরিদ্র মানুষের পাশে থাকবে। কিন্তু কোন সময়েই পুলিশকে দরিদ্র মানুষের পাশে পাওয়া যায় না। দরিদ্র মানুষ যখন পুলিশের দ্বারস্থ হয়েছে তখন কিন্তু পুলিশ তাদের আশ্রয় দেয়নি। তারা যেখানে ডায়েরী করতে গেছে সেখানে ডায়েরী নেওয়া হয়নি। আমি জানি অনেক দরিদ্র মানুষ তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হচ্ছে, তারা জমি থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে। তাদেরকে আমি পুলিশের কাছে পাঠিয়েছি, কিন্তু পুলিশ তাদের ডায়েরী গ্রহণ করেন নি। আমার নিজের থানা পটাশপুরে পুলিশকে বলতে শুনেছি, যিনিই পাঠান না কেন টাকা ছাড়া কোন ষ্টেপ নেওয়া যাবে না বা সেখানে যাব না, স্পষ্ট ভাষায় এই কথা বলেছে পুলিশ অফিসার। তাছাড়া কোন এক বিশেষ রাজনৈতিক দলের পৃষ্ঠপোষকতা পুলিশবাহিনীর মধ্যে আছে এবং যেহেতু সেই রাজনৈতিক দল আত্মপ্রকাশ করতে পারছে না সেইজন্য পুলিশ কিছুটা হয়ত নিরপেক্ষ আছে বা সামলে নিয়ে রয়েছে। কোন রকম সাহায্য বা সমর্থন আমরা তাদের কাছ থেকে পাচ্ছি না। ঘুষ এবং দুর্নীতির ব্যাপারে পুলিশের সম্বন্ধে বহু কথা বলা যায়। গত পরশু দিনকার একটি ঘটনা এখানে উল্লেখ করতে চাই। আমি আমার এলাকার একটি স্কুলের ডি. আই. বি. কেসের মীমাংসা করতে গিয়েছিলাম। সেই কেস মীমাংসা করে তাদের চুক্তিপত্র ইত্যাদি সমস্ত লেখার পরে তাদের আমি প্রশ্ন করেছিলাম যে পুলিশ যাদেরকে ঠেলে ঠেলে সরানো যায় না তারা কি করে হঠাৎ স্কুলে এসে খাতাপত্র সিজ করে নিয়ে গেল বা কি করে তারা এল এ এক রহস্য, আমরা তা বুঝতে পারছি না, তখন যে পক্ষ মামলা করেছিল বা পুলিশ আনিয়েছিল তারা আমাদের সকলের কাছে স্বীকার করেছে যে ৮০০ টাকা ঘুষ দিয়ে তবে পুলিশকে নিয়ে আসা হয়েছে সেই বিদ্যালয়ের খাতাপত্র সিজ করার জন্য। তাদের এই ঘুষ ও দুর্নীতির বহু উদাহরণ এখানে তুলে ধরা যায়। সমাজবিরোধী বা অসাধু ব্যবসায়ীদের তারা প্রশ্রয় দিচ্ছে ঘুষ নিয়ে। যুবকংগ্রেস বা দেশের সাধু ব্যক্তিরা তারা এই সব সমাজবিরোধী বা অসাধু ব্যবসায়ীদের পুলিশের কাছে ধরে নিয়ে এসে কোন সুবিচার পায় নি পুলিশ তাদের থেকে ঘুষ নিয়ে বেমালুম ছেড়ে দিয়েছে। আমার সময় স্বল্পতার জন্য বহু কিছু বলার থাকলেও বাজেটকে পুর্ণ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীজগদানন্দ রায়ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি বাজেটকে সমর্থন করে বলছি। এই বাজেট সমর্থনের মাধ্যমে কয়েকটি প্রস্তাব রাখছি। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী, তিনি জলপাইগুড়ির সব কথা জানেন এবং বিশেষ করে ডুয়ার্স অঞ্চল, কারণ তাঁর ওখানে যাতায়াত ছিলো এবং গত নির্বাচনের সময় তিনি ঘুরেছেন। আমি মনে করি ওখানকার যে সমস্যা সেটা সারা পশ্চিম বাংলার গ্রামে আছে। যে থানাগুলি জলপাইগুড়ি জেলায় আছে সেটা আজকে নূতন নয় এটা ইংরাজ আমল থেকে আছে। সেখানে অনেকগুলির বাড়ীঘর সংস্কার করার প্রয়োজন আছে। যখন থেকে থানাগুলির সৃষ্টি হয় তখনই সেখানেই ১০জন Constable, একজন জমাদার, ১জন

দারোগা ও একজন..........? ইদানিং ২।১ জন officer বেড়েছে, কিন্তু কাজের লোক অত্যন্ত কম। লোকের সংখ্যা অত্যন্ত বেড়ে গেছে যার ফলে অনেক সময় শান্তিশৃঙ্খলা রক্ষা করা যায় না। সেদিক থেকে বলি প্রতিটি থানা যেমন সংস্কারের প্রয়োজন আছে তেমনি লোকসংখ্যাও বাড়ানো প্রয়োজন। এবারে যে বাজেট ধরা হয়েছে, আমার মনে হয় এবারে কিছু কাজ করতে পারলে আইন শৃঙ্খলার দিক থেকে গ্রাম বাংলায় বিশেষ সুবিধা হবে। ১০জন Constable নিয়ে ৩০।৪০ মাইল পরিধি নিয়ে এক একটি থানায় মোটেই service দেওয়া সম্ভব নয় এবং ৩জন officer নিয়ে এটা করা সম্ভব নয়। দ্বিতীয় কথা হচ্ছে, মাঝখানে চেঁচামেচি করার ফলে S. P. কিছু কিছু থানায় গাড়ী দিয়েছিলেন। সেই গাড়ীগুলি ফেরত নেওয়া হয়েছে অনেক থানা থেকে। আমরা সেখানে আইন শৃঙ্খলা ফিরিয়ে আনবো বলছি সেজন্য শান্তিশৃঙ্খলার ব্যাপারে গাড়ী থাকা প্রয়োজন। আমি মনে করি অন্যান্য department থেকে গাড়ী থানায় রাখা প্রয়োজন। ফালাকাটা দিয়ে খগেনবৃষ্ট (?) যেতে গেলে ৯ মাইল, মাঝখানে নদী পড়ে সুতরাং বীরপাড়া হয়ে যেতে গেলে ২৭ মাইলের কম নয়। বাসে যদি যাই তাহলে একদিনে পৌঁছান যাবে না। কেননা, Ethelbari থেকে আবার ৯ মাইল হেঁটে যেতে হয়। এই রকম ধরণের জায়গা গ্রামবাংলা, তা ছাড়া নদী অধ্যুষিত ডুয়ার্স এলাকায় প্রতিটি থানায় একটা করে গাড়ীর বিশেষ প্রয়োজন, এবং এই Serviceএর দিক থেকে কিছু Constable যদি বাড়ান যায় তাহলে স্থানীয় ছেলেরা চাকুরী পেতে পারে এবং কিছু Staff বাড়ান দরকার। আর একটি কথা হচ্ছে, গ্রামে যে চৌকিদার আছে তাদের দায়িত্ব গ্রাম পাহারা দেওয়া এবং থানায়ও তাদের duty দিতে হয়, হাজিরা দিতে হয়। তারা বেতন পায় ২৭ টাকা। সেখানে তাদের হাজিরা দিতে হয় গ্রামের অঞ্চল পঞ্চায়েতের নিকট। এদের অবস্থা কি? এদের বেতন না সরকারী কর্মচারী না বেসরকারী কর্মচারীর মতন। সারাদিন তাদের পরিশ্রম করতে হয় এবং যে ২৭ টাকা তারা পান তাতে তাদের পোষায় না। সেদিক থেকে আমি মনে করি এদের পুরোপুরি থানার Staff হিসাবে গণ্য করা হোক। শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য, চুরী ডাকাতির জন্য বোটের জন্য তাছাড়া দারোগাবাবুর ফাই-ফরমাস খাটার জন্য একজন চৌকিদারের পক্ষে অসম্ভব ব্যাপার। মৃত্যু হলে এদের সংবাদ দিতে হয়, জন্ম হলে health centreএ খবর দিতে হয়, নানাকারণে জড়িত। কাজেই একজন লোকের পক্ষে এই দায়িত্ব পালন করা মোটেই সম্ভব নয়। আর ২।৩ জন constableকে petrol দেবার জন্য পাঠিয়ে দেওয়া হয় গ্রামে, তারা ২ জন সাহস পান না, চৌকিদার সেখানে নেই। এরা কোন বাড়ীতে রাত্রে কাটিয়ে ২।১ জনের সই নিয়ে বললো খুব হয়েছে। এইরকম ভাবে শান্তিশৃঙ্খলা রক্ষা করা যাবেনা বলে মনে করি। ধুপগুড়ি ফালাকাটা থানার অধীনে ২৫।৩০টা চা বাগান আছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বহুদিন ছিলেন, তিনি জানেন, সেখানে ৩ হাজার থেকে ৩।৪ হাজার লোক সংখ্যা বৃদ্ধি পেয়েছে। কাজেই এই যে শান্তিশৃঙ্খলার ব্যাপার এটা একটা থানা নিয়ে হয় না। অন্ততঃপক্ষে যেখানে থানা তার ৮।১০ মাইল দূরে out-post করা যায় তাহলে গ্রামের লোকের বহু উপকার হবে। এই চা বাগানে অধিকাংশ সময় শান্তিশৃঙ্খলা বিঘ্নিত হয় এবং থানার Controlএর বাইরে চলে যায়। সুতরাং এক একটা থানার অধীনে ২৫/৩০টি চা বাগান থাকে তাদের যদি আলাদা outpost করা হয় তাহলে খুব ভাল হয়।

আর একটি বিষয় বলে আমার বক্তব্য শেষ করবো। উনি arms and ammunitionsএর কথা এবং Home Guardএর কথা বলেছেন। সেকথায় বলতে হয় তাদেরও শান্তিশৃঙ্খলার দায়িত্ব বহন করতে হয়। যে সব Home Guardদের training দেওয়া হয়েছে তাদের অধিকাংশ সময় কাজ থাকে না। অথচ আমরা যখন বেকারদের নিয়ে চিন্তা করছি এবং তার যখন সুযোগ রয়েছে। সুতরাং কিছু কিছু Home Guardকে স্থায়ী করে নেওয়া যায়। যেখানে হাজার হাজার arms and ammunitions আছে, এগুলি Seize করা হয়েছে। এগুলি যদি তাদের Captainএর মাধ্যমে দেওয়া যায় তাহলে তারা কিছু গ্রামের দায়-দায়িত্ব নিতে পারে।

আর একটি কথা বলি, জলপাইগুড়িতে ইদানিং পুলিশের নিষ্ক্রয়তায় হোক বা অন্য কোন কারণে হোক শান্তি কমিটি নামে যে কমিটি সৃষ্টি হয়েছে এবং বহু লোককে হত্যা করা হয়েছে। এই যে নরহত্যা এটা সত্যিকারের অপরাধ, এটা সমর্থন করা যায় না। কিন্তু recently, D.C. এবং S.P. সেখানে সেই গ্রামে গেলে, তারা বলেছেন, আপনারা কে? এরা বলেছেন, আমরা পুলিশ তখন তারা বলেছেন, কেন এসেছেন, একাজ করতে পারবেন না, আপনাদের উপর বিশ্বাস নেই। যেখানে ১০।১২টা রাহাজানি থেকে আরম্ভ করে খুন করা আসামিকে ধরিয়ে দিয়েছে, দেড় মাস ৩ মাস পরে তারা বেরিয়ে এসেছে এবং বহাল তবিয়েতে বাস করছে। কাজেই এই শান্তি কমিটি যেভাবে কাজ চালিয়ে যাচ্ছে এটা সমর্থনযোগ্য নয়, কাজেই এ সম্পর্কে যদি চিন্তা করা না হয় তাহলে আরও ভুল করা হবে।

[5-10 to 5-20 p.m.]

**শ্রীবলাইলাল শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় এই Houseএ Police খাতে যে ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য আমাদের সামনে পেশ করা হয়েছে তাকে পুর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। এতকাল পর্যন্ত policeএর বিরুদ্ধে অনেক সমালোচনা হয়েছে, policeএর প্রচুর দোষ আছে। আমি এই policeএর কতকগুলি অসুবিধার কথা বলছি। police constableদের যে house rent দেওয়া হয় সেটা প্রত্যেকে পায় না, এটার বিষয়ে চিন্তা করার কথা বলতে চাই. constableদের ব্যারাক আছে, সেইগুলি গরু ছাগলের থাকার মত অবস্থায় থাকে, আমি কয়েকটি ব্যারাকে গিয়ে দেখেছি, যেমন হুগলি জেলার চন্দননগর ব্যারাক, যেখানে নকশালদের খুব বেশ উৎপাত হয়, সেখানে এমন একটা জায়গায় থাকতে দেওয়া হয়, যেখানে মানুষের থাকা সম্ভবপর নয়, এ ছাড়া বিভিন্ন সদস্য policeএর বিরুদ্ধে সমালোচনা করেছেন, যারা ভুক্তভুগী তারা সত্যিকারের জানেন না। মুখ্যমন্ত্রী নিজেও জানেন—যেদিন ৫৫ জন সদস্য বিশিষ্ট এই houseএর বিরোধীদলে ছিলেন, সেদিনের একটা উক্তি আমি স্মরণ করিয়ে দিচ্ছি। তিনি বলিয়াছেন আমার driver লাল রুমাল রাখে কারণ তখন এই রকম প্রশাসন ব্যবস্থা ছিল যে লাল রুমাল না রাখলে শান্তিপূর্ণভাবে যাতায়াত করতে পারা যেত না। তাই আমার মনে হয় দুর্বলকে রক্ষা করার জন্যই বোধহয় তার পরিশেষ ভাষণে উল্লেখ করেছেন কিন্তু দুর্বলকে রক্ষা করার কোন অভিজ্ঞতা আমরা দেখতে পাচ্ছি না। আমরা যারা গ্রামে থাকি, আমরা জানি যে O.C. গুলি সাধারণ মানুষের প্রতি কি রকম আচরণ করে। কোথাও Enquiry যেতে গেল O.C. আগে খোঁজ নেয় সেই বাড়ীতে কতবড় মুরগী আছে, যদি বড় মুরগী না থাকে তাহলে সেই O.C. যাবে না, যদি থাকে তাহলে যাবে, এইরকম একটা অভিযোগ আছে। অন্যদিকে আরও অভিযোগ আছে, হাওড়া জেলার আমতা থানায় আমার বন্ধু O.Cর সঙ্গে দেখা করতে গিয়েছিল, কয়েকজন নিরীহ ছেলের উপর অত্যাচার, দীর্ঘ পাঁচ ঘণ্টা অপেক্ষা করার পর O.C. দেখা করেননি, এই অভিযোগ মাননীয় রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টিতে এনেছিলাম, তিনি বললেন এই ব্যাপারে নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করবেন। এছাড়া আমার নিজের অভিজ্ঞতার কথা জানাচ্ছি,—আমি একদিন রাত্রে বাড়ি ফিরতে পারি নি, হাওড়া জেলার গোলাবাড়ী থানায় গিয়েছিলাম, ওখানকার constableএর এমন আচরণ, আমি নিজে MLA বলে পরিচয় দেওয়া সত্ত্বে সামান্য একটু ভদ্র ব্যবহার করেনি, যেখানে সদস্য হিসাবে ভাল ব্যবহার পাইনি, সেখানে গ্রামের দরিদ্র, অবহেলিত মানুষ কি ব্যবহার পাবে, তা আপনার মাধ্যমে প্রতিকারের জন্য প্রার্থনা জানাচ্ছি। আর একটা বিষয় জানাতে চাচ্ছি, Police cordoning হয়েছে জেলায় জেলায় ব্যবসায়ীদের ধরার জন্য। হাওড়া, বর্দ্ধমান, হুগলী জেলায় প্রত্যেকটি সভ্যদের এই ব্যাপারে চরম অভিজ্ঞতা আছে। যে ধান চাল পাচার হয়, সেই পাচারের সুযোগ এই Policeদের টাকা দিয়ে প্রতিক্রিয়াশীলরা ব্যবসা

চালাচ্ছে। আমি জানি আমার এলাকা তারকেশ্বরে একটা cordon করা হয়েছে, সেখানে চোরাই চালান বন্ধ করা হচ্ছে না। একটা টাকা নিয়ে বহাল তবিয়তে এই চোরাচালানকারিরা তাদের চোরাচালান চালিয়ে যাচ্ছে, কিন্তু reportএ দেখা যাচ্ছে যে গ্রামের ছোট চাষীরা নিজেদের ক্ষেত্রে উৎপাদন করা দু'চার কেজি চাল বিক্রি করবার জন্য যখন আসে, তাদের arrest করিয়ে দেওয়া হয়েছে। এইরকম ভাবে দুবলেব প্রতি যে অত্যাচার হচ্ছে, এই অভিযোগ যদি সদস্যরা আনেন, তাদের প্রতি সহানুভূতির সঙ্গে বিবেচনা করার আশ্বাস চাই।

আমাদের যে বিরাট একটা বেকার অংশ আছে, বেকার যুবকদের যে সংখ্যা আছে সেই সংখ্যাটাব একটা অংশের জন্য একটা কনেষ্টবল বা এ ধরনের পোষ্ট করা যায় কিনা সেটা চিন্তা করা দরকার। সি. আর. পি যারা আমাদের এখানে আছে, তারা আমাদের ভাষা বোঝে না। আমি আজকে এখানে একটা খুব মর্মান্তিক ঘটনার কথা বলছি, যারা তারকনাথের জল নিয়ে যায় তাদের একটা শ্লোগান আছে 'বাবা তারকনাথ বোম বোম, তারক বোম' তারা সেই কথা বলতে বলতে যাচ্ছিল আর ঐ সি. আর. পিরা শুনলো বোম মারো বোম মারো বলছে, সঙ্গে সঙ্গে তাদের লাঠি চার্জ শুরু হয়ে গেল। আমার মনে হয় যদি আমাদের বেকার ছেলেদের দিয়ে পুলিশ বিভাগ একটা তৈরী হয় তাহলে বেকার সমস্যার কিছুটা সমাধান হবে এবং ভাষা না বোঝার যে সমস্যাটা রয়েছে এইটারও সমাধান হবে। আমি এই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযোখিলাল মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে পুলিশ খাতে বরাদ্দ দাবী করেছেন সেটা সমর্থন করে কয়েকটি বক্তব্য রাখছি। আমি দেখতে পাচ্ছি যে পুলিশ খাতে ব্যয় দিন দিন বেড়ে যাচ্ছে। আমি মনে করি এই ব্যয়বৃদ্ধি কমানো দরকার। পুলিশের জন্য ব্যয় দিন দিন বেড়ে যাচ্ছে, কিন্তু পুলিশের কাজ যদি পর্য্যালোচনা করি তাহলে দেখব, পুলিশ জনসাধারণের রক্ষার জন্য নিযুক্ত, কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় পুলিশ জনসাধারণকে রক্ষা না করে হত্যা করছে। বিশেষ করে থানা স্তরে যদি আমরা লক্ষ্য করি তাহলে দেখব যে পুলিশ আজকে জনসাধারণের সঙ্গে ভাল ব্যবহার পর্য্যন্ত করেনা, অনেক সময় খারাপ ব্যবহার করে। অনেক বন্ধু চার্জ সিটের কথা বলেছেন, তারা জনসাধারণকে মানুষ হিসাবে মনে করে না, মনে হয় যেন প্রভুভৃত্য সম্পর্ক, কিন্তু এইরূপ সম্পর্ক একটা গণতান্ত্রিক দেশে থাকা উচিত নয়। আজ এতকাল পরে আমরা দেখতে পাচ্ছি যে অন্যান্য ডিপার্টমেন্টে নিম্ন বিভাগের উন্নতি হলেও পুলিশ বিভাগের কোন উন্নতি হচ্ছেনা, এইটার উন্নতি হওয়া দরকার। আর একটা কথা বলতে চাই যে পুলিশের উপর আমরা দেখতে পাচ্ছি অত্যন্ত ক্ষমতা দেওয়া হয়েছে, মিসা য্যাক্ট ইত্যাদি। এইভাবে যদি পুলিশের ক্ষমতা দিন দিন বাড়িয়ে দেওয়া যায় তাহলে কিছুটা অসুবিধা আছে। ক্ষমতার যাতে অপব্যবহার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে, কারণ এর ফলে অনেক সময় অনেক শান্তিপ্রিয় লোকের হয়রানি হয়, কল্যাণ হয় না। সেইজন্য এই ক্ষমতা যাতে ঠিকভাবে, ভালভাবে ব্যবহার হয় সেইজন্য বিশ্বনাথবাবু যে প্রস্তাব রেখেছেন যে থানা হিসাবে এবং মহকুমা ধরে কিছু কিছু এ্যাডভাইসারি কমিটি যদি গঠন করা যায় তাহলে ভাল হয় এবং পুলিশের কাজের ভাল মন্দের প্রতি লক্ষ্য রাখা যায়। এই রকম চেকিং পাওয়ার আমাদের উপর থাকলে পুলিশের উন্নতি হবে। অতএব আমি এই প্রস্তাব করছি এবং এই বিষয়ে মুখ্যমন্ত্রী মহাশয় চিন্তা করবেন। আর একটা জিনিস বলছি যে থানার সংখ্যা বাড়াতে হবে এবং অনেক থানায় দেখতে পাচ্ছি যোগাযোগ ব্যবস্থার অভাব আছে, সেইজন্য প্রত্যেক থানায় যোগাযোগ ব্যবস্থার জন্য জিপের ব্যবস্থা করতে হবে যাতে ডাকাতি ইত্যাদি কেসে সময়মত যোগাযোগ করতে পারে এইটাও আমি প্রস্তাব করছি। পুলিশের সংখ্যা বাড়ানো, থানার সংখ্যা

বাড়ানো এবং যোগাযোগের জন্য যদি জিপের ব্যবস্থা করা যায় তাহলে ভাল হয়। এই বলে আমি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

**শ্রীশিবপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই বাজেট আলোচনা করতে গিয়ে প্রথমে যে জিনিষটা মনে পড়ে তাহল বাংলাদেশের ৩১/২ হাজার যুবক গত পুলিশী ব্যবস্থা যা ছিল তার বিরুদ্ধে সংগ্রাম করে যে বলি হয়েছিল আজ তার কি কিছু পরিবর্তন হয়েছে? প্রথমেই মনে করা দরকার যে সেগুলি কি ছিল। আমরা তাতে দেখতে পাই সেদিন স্বরাষ্ট্রমন্ত্রী মনে করেছিলেন স্বরাষ্ট্র বিভাগ এবং পুলিশ বিভাগে তাঁর নিজের লোক সব আছে। এইভাবেই তিনি পুলিশ বিভাগকে ব্যবহার করেছিলেন। বিভিন্ন থানার O.C.-র chair-এর পাশে তার নিজের লোককে নিয়োগ করা হয়েছিল। দ্বিতীয়, আমরা দেখতে পেয়েছিলাম পুলিশের সহায়তায় বিরোধী যুবকদের দমন করা হয়েছিল এবং বাংলাদেশে সন্ত্রাসের রাজত্ব কায়েম করা হয়েছিল। তৃতীয়, গরীব সাধারণ মানুষের মনে কোন রকম নিরাপত্তা বোধ সেদিন ছিলনা। আমরা মনে করি প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চায় যুবকরা এর বিরুদ্ধে সংগ্রাম করে চেয়েছিল এই নীতির একটা পরিবর্তন এই সরকারের মাধ্যমে হবে। আমরা মনে করি এটা সত্যিকথা যে মুখ্যমন্ত্রী যেটা বলেছেন পশ্চিমবাংলার জনসাধারণ দেশের শান্তিশৃঙ্খলা আনয়নের ক্ষেত্রে সংগ্রাম করেছিল বলে সেটা সম্ভব হয়েছে। কিন্তু আমি জিজ্ঞাসা করি ১১ই মার্চের আগে যে সমস্ত যুবক তাদের রক্ত ঢেলে দিয়েছিল, তাদের বিরুদ্ধে সংগ্রাম করেছিল, তাদেরই পরবর্তীকালে case-এ arrest করা হচ্ছে। আমরা পুলিশ বিভাগে দেখতে পাচ্ছি ১১ই মার্চের আগে C.P.M. কর্তৃক যেসব case বিভিন্ন জায়গায় দেওয়া হয়েছিল আজ পুলিশ বিভাগ সে সব case গুলিকে বিভিন্ন জায়গায় হাতিয়ার হিসাবে use করছে। আমার এলাকা বরাহনগরে এরকম ৫০০ মত case করা হয়েছে যে case করেছিল C.P.M. আজপর্য্যন্ত আমরা জানি যে ২০০/৩০০ case রয়েছে C.P.M.-এর উপরে। কিন্তু তার একটা case-ও পুলিশ বিভাগ ধরেনি। অথচ দেখতে পাচ্ছি সেখানকার O.C. দ্বারা ৫০০ মত case ঐসমস্ত যুবকদের বিরুদ্ধে দেওয়া হয়েছে। আমি, এই সরকার বা মুখ্যমন্ত্রীও বিশ্বাস করেননা যে অতুল্য ঘোষের রাজনীতি এখনও আছে। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি একটা case পুলিশকে যারা ঘুস দিচ্ছে। থানার O.C.-কে যারা টাকা offer করছে তাদের বিরুদ্ধে যত caseই থাকুক তাদের bail হচ্ছে। এমন কি দেখতে পাচ্ছি court-এ আসামী অনুপস্থিত থেকেও তার bail হয়ে যাচ্ছে। কিন্তু ১১ই মার্চের আগে যারা সেদিন লড়াই করেছিল তাদের বিরুদ্ধে ২০০/৩০০ মত case আজও ঝুলিয়ে দেওয়া হয়েছে। সুতরাং আমরা দেখতে পাচ্ছি এইসব যুবকদের মধ্যে একটা হতাশা আরম্ভ হয়েছে।

আমরা ১৭ দফা কর্মসূচীতে প্রতিজ্ঞাবদ্ধ ছিলাম। তার মধ্যে ছিল বেকার যুবকদের চাকুরী দিতে হবে। তা আমরা এখনও দিতে পারিনি। তারপর যে সব যুবকেরা আমাদের জন্য সংগ্রাম করলো এবং যারা ১১ই মার্চের আগের রাত্রি পর্যন্ত দাঁড়িয়ে লড়লো, তাদের বিরুদ্ধে যদি এইরকম ভাবে কেস করা হয় তাহলে তাদের মধ্যে হতাশা আরম্ভ হওয়া স্বাভাবিক, এমন কি কিছু কিছু মিশা কেশ পুলিশ করছে যেটা আমরা জানি ১১ই মার্চের আগে ঐ এলাকায় দেখা গিয়েছে ২/১ জন যুবককে মিশায় এ্যারেষ্ট করা হয়েছে। ঐ এলাকাগুলোতে আমাদের ছেলেরা ঢুকতেই পারতো না। তাদের কেসগুলো যেন বিচার করা হয়। মাননীয় মুখ্যমন্ত্রী আপনার কাছে দু-একটা কেস নিয়ে

গিয়েছিলাম। সেখানে আমরা দেখতে পাচ্ছি যে অঞ্চলে আমাদের প্রবেশাধিকার ছিল না, সি. পি. এম. এর দ্বারা রুদ্ধ ছিল সেই অঞ্চলে সি. পি এম. কেস করেছে এবং সেই কেসের ভিত্তিতে তাকে মিশা করা হয়েছে। যদি বুঝতাম ১১ই মার্চের পরে কোন অপরাধের জন্য যুবককে ধরে থাকে বা পরবর্তী অপরাধের ভিত্তিতে মিশা হতো তাহলে আমার বক্তব্য থাকতো না। সুতরাং আজকে আমার ধারণা ব্যারাকপুর বেল্টে যেসব যুবকরা দমদম থেকে আরম্ভ করে ঐ কাঁচড়াপাড়া পর্যন্ত আছে সেইসব যুবকদের মধ্যে হতাশা দানা বেঁধে দাঁড়াচ্ছে। এবং এরা অনেকেই এই রকম অবস্থায় আছে। আমি জানি বিভিন্ন থানার ও সি তারা মালিকদের দ্বারা বিভিন্ন জায়গায় প্রভাবিত। সেই সব বিভিন্ন জায়গায় তারা গণতান্ত্রিক যুবকদের উপর বিভিন্ন রকম কাজ কর্ম করতে চেষ্টা করছে। এবং এটা অত্যন্ত সত্যি কথা। প্রথমত: এমন কেস আমি জানি, আমার এলাকায় হচ্ছে একটা বিধবার সম্পত্তি, সেই সম্পত্তি পর্যন্ত ৮ বছর ধরে মুসলমানের সম্পত্তি তার স্বামী ক্রয় করেছিল, সেখানেও দেখা যাচ্ছে সেই সম্পত্তি যাতে হস্তচ্যুত করা যায় তার জন্য সেখানকার ও সি মিথ্যা মামলা, মিথ্যা মোকর্দ্দমা তাদের উপর আরোপ করছে। দ্বিতীয়তঃ আমরা মনে করি উগ্রপন্থীদের দমন করছেন, করা উচিতও। পুলিশ বিভাগ কিন্তু কতগুলো কাজ তারা যে করছে, আজকে আমার সন্দেহ জাগছে তাতে, আমি এমন কথা বলছি, আমি জানি কতকগুলো এলাকায় C.P.I. (M.L.) এর নামে যে পোষ্টার হচ্ছে সে পোষ্টারগুলো নকশালবাড়ীরা লিখছে না, প্রতিক্রিয়াশীল শক্তি বিভিন্ন সময় বিভিন্ন রকম যুবকদের ধরিয়ে দেবার জন্য এইসব লাগানো হচ্ছে। আমি সুভাষ-নগরের একটা জিনিস জানি, আমার কনস্টিটিউএন্সি দমদম এলাকার কথা জানি বরানগর এলাকায় সেখানেও দেখা দিয়েছে, এ্যারেষ্ট করা হল, পুলিশ অফিসার যাদের এ্যারেষ্ট করলো সেই সব যুবকরা অধিকাংশই কংগ্রেসের সাথে যুক্ত—এদেরকে এ্যারেষ্ট করছে। আমার মনে হয় এই এ্যারেষ্ট ঠিক নয়, এটা ভুল, এটা ভ্রান্ত। সুতরাং আজকে যদি এই জিনিস চলে, পুলিশ বিভাগের হাতে যে শক্তি, যে ক্ষমতা দেবার কথা ভাবছি হঠাৎ যদি ঠিক হয় বা বলা হয় তাহলে কিন্তু আমরা মনে করি যে রাস্তায় যাচ্ছি সে রাস্তা অত্যন্ত রূপে অন্যদিকে চলে যাবে। কেন না, সন্ত্রাসের নামে উগ্রপন্থী দমনের নামে যে খেলা পুলিশ আজকে সমস্ত বাংলাদেশে আরম্ভ করবে তার পরিণতি অত্যন্ত ভয়াবহ বলে আমার মনে হচ্ছে। তাই আমার মনে হয় এদিকে অত্যন্ত সজাগ এবং সতর্ক দৃষ্টি আমাদের রাখা দরকার। তৃতীয়তঃ আমরা মনে করি থানা ভিত্তিতে প্রত্যেক থানায় অবিলম্বে পুলিশকে গাইড করার জন্য থানা কমিটি করা দরকার। তা নাহলে বাংলাদেশে যুবকদের মধ্যে এমন কি অনেক কংগ্রেসী যুবকদের মধ্যে বিভিন্ন রকম প্রশ্ন দেখা দিয়েছে। অনেক সময় দলীয় সংঘর্ষ ও বিভিন্ন রোগ দেখা দিচ্ছে। এটাকে অন্তত: নিবারণ করা দরকার বলে আমার মনে হয়। আমার মনে হয় এটা যদি না করা হয়, একথাটা মনে করা দরকার যে বাংলাদেশ যদি সেই পুরানো কায়দায় চলে তাহলে বাংলাদেশের এই যুবকদের মধ্যে হতাশা, বিভ্রান্তি, ফ্রাসটেসন নেমে আসবে। আজ সি, পি, এম, বসে নেই, আবার সেকসানও বসে নেই। কিন্তু বাংলাদেশ যে সন্ত্রাসের পরিবেশ থেকে মুক্ত হয়েছিল সেই পরিবেশের দিকে আবার আমাদের টেনে নিয়ে চলে যাবে. সেইজন্য আমার মনে হয় থানা ভিত্তিতে অবিলম্বে কমিটি করা উচিত। ঐ জ্যোতিবাবুকে যেটা বলা হয়েছিল, তোমার দলের লোক যদি গলায় লাল রুমাল বাঁধে, মনি সাহার মত লোকও যদি সে হয়, সে কি সমাজ হিতৈষী হয়ে যাবে, আর অন্যের সাথে যদি ভাল লোক থাকে, সে খারাপ হয়ে যাবে? এই যে চেষ্টা একে প্রতিরোধ করা দরকার।

[5-30—5-40 p.m.]

দেশের মধ্যে জোতদার বা প্রতিক্রিয়াশীল শক্তি বা মালিক শ্রেণী আজকে বিভিন্ন থানাকে ব্যবহার করে যাতে গণতান্ত্রিক আন্দোলন বা আমাদের যে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার যে

ঐতিহ্য তাকে ক্ষুন্ন করতে না পারে তার জন্য অবিলম্বে থানা ভিত্তিক কমিটি গঠন করা উচিত বলে আমি মনে করি। আপনারা যে কথা বলছেন, ইন্দিরা গান্ধী যে আদর্শ দেখিয়েছেন anti imperialist, anti feudalist, and anti monopolist. এর ডাক দিয়ে, আজকে দেশে গরীবী হঠাও মারফৎ সমাজবাদের পথে যাওয়ার যেকথা তিনি বলেছেন সেই রাস্তায় যাওয়ার ক্ষেত্রে যে শ্রমিক যে কৃষক তাদের সম্পর্কে যে নীতি, ভাগচাষী সম্পর্কে যে আইন আমরা এখানে পাশ করেছি সেই নীতি এবং আইনের পক্ষে দাঁড় করাবার জন্য পুলিশ বিভাগের নৈতিক পরিবর্তন করা দরকার। কারণ, আমরা দেখতে পাচ্ছি গ্রামাঞ্চলে পুলিশ বিভাগ জোতদারদের সহায়তায় ভাগচাষীকে উচ্ছেদ করছে। আমরা দেখতে পাচ্ছি পুলিশ বিভাগ গিয়ে জোতদারদের সহযোগিতায় ভাগচাষীর স্ত্রীকে ঘর থেকে টেনে বার করে দিচ্ছে। শ্রমিক এলাকায় মালিক শ্রেণী চেষ্টা করছে পুলিশ বিভাগের সহায়তায় বিভিন্ন জায়গায় গণতান্ত্রিক আন্দোলনকে দমন করবার। সেজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ তিনি এইদিকে একটু নজর দিন। ইন্দিরা গান্ধী যে আদর্শের কথা বলেছেন, ১৭ দফা কর্মসূচীর ভিত্তিতে যে গণতান্ত্রিক মোর্চার আদর্শ অনুযায়ী কাজ করে, বাংলাদেশের যুব শক্তি যাতে সন্ত্রাসের খপ্পরে না পড়ে, সি. পি. এম. এর খপ্পরে না পড়ে সেদিকে নজর দিন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী পুলিশ খাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সর্বতোভাবে সমর্থন জানাই। বিগত যুক্তফ্রন্ট আমলে আমাদের পশ্চিমবাংলায় যে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়েছিল, সেই সন্ত্রাসের রাজত্বকে উনি কঠোর হস্তে দমন করেছেন এবং পুলিশী ব্যবস্থাকে নিয়ন্ত্রিত করেছেন, তারজন্য তাঁকে আমি অশেষ ধন্যবাদ জানাই। এই সঙ্গে সঙ্গে আমি আরো কয়েকটি কথা বলতে চাই সেটা হল আমাদের বর্তমান পুলিশ ব্যবস্থার মধ্যে যুক্তফ্রন্ট আমলে জ্যোতিবাবুর কয়েকজন চেলার অনুপ্রবেশ ঘটেছে. সেই সমস্ত চেলাদের আমাদের স্ক্রীনিং করে বের করে দেওয়া দরকার। কারণ, আমরা জানি থানায় গিয়ে কোন বিষয় সম্পর্কে রিপোর্ট দিলে সেই রিপোর্ট দেখা যায় যার বিরুদ্ধে সেই রিপোর্ট দেওয়া হচ্ছে সেই রিপোর্ট তখনই তার কাছে গিয়ে পৌঁছে যায়। এটা সেই সমস্ত চেলাদের কাণ্ড জ্যোতিবাবু যেসমস্ত চেলাদের পুলিশ বিভাগের ভেতরে ঢুকিয়ে দিয়ে গেছেন। সেজন্য স্ক্রীনিং করে তাদের বের করে দেওয়া প্রয়োজন বলে আমি মনে করি। এছাড়া আমার মনে হয় আই. বি. ডিপার্টমেন্টে কিছু কিছু এই রকম লোক আছে। কারণ, কিছু কিছু গোপন তথ্য পুলিশ বিভাগ থেকে বের হয়ে যায় যেমন বিভিন্ন বড় বড় নেতারা প্রাণ দিলেন বিশেষ করে নেপাল রায়, আমাদের শ্রদ্ধেয় হেমন্তবাবু যে মারা গেলেন এর পেছনে আমার মনে হয় আই. বি. ডিপার্টমেন্টের জানা ছিল তার গোপন সূত্র এবং তাদের জন্য এই সমস্ত প্রাণ বলি হয়েছে বলে আমার মনে হয়। সেজন্য আই. বি. ডিপার্টমেন্টের দিকে কঠোরভাবে নজর দেওয়া দরকার এবং এদের ভেতর সি. পি. এম.-র যদি অনুপ্রবেশ থেকে থাকে তাহলে তাকে স্ক্রীনিং করে বের করে দেওয়া দরকার বলে আমি মনে করি।

এছাড়া আমি আমার এলাকা উত্তরবঙ্গ তথা সীমান্তবর্তী পশ্চিম দিনাজপুর সম্বন্ধে কিছু বলতে চাই। বিগত বাংলাদেশের যুদ্ধের পর মুক্তি ফৌজের যে সমস্ত অস্ত্রশস্ত্র ওপারে গিয়েছে সেগুলি বিভিন্ন ডাকাত এবং ধ্বংসাত্মক লোকের হস্তগত হয় এবং তারা আমাদের দেশের অসামাজিক এবং ডাকাতদের সঙ্গে যোগসাজস করে আমাদের সীমান্তবর্তী জেলায় ডাকাতি করছে এবং তার ফলে মফঃস্বলের জনসাধারণ অত্যন্ত বিপর্যস্ত হয়ে পড়েছে। এরা রাত্রিবেলায় সাধারণতঃ পাটের

ক্ষেতে এবং বিভিন্ন জায়গায় লুকিয়ে থাকছে। এরা এখন মফঃস্বল থেকে আস্তে আস্তে শহরে আসতে আরম্ভ করেছে। আমি মনে করি এ সম্বন্ধে দৃষ্টি দেওয়া দরকার। আমার আর একটি বক্তব্য হচ্ছে বর্তমান সামাজিক জটিল পরিস্থিতিতে প্রত্যেক থানায় আরও পুলিশ বাহিনী বাড়ান দরকার এবং তার কারণ হচ্ছে পুলিশের উপর এখন বিভিন্ন রকম দায়িত্ব এসে পড়েছে। জমি বিলি ব্যাপারে যে সমস্ত ঘটনা ঘটছে, ফোর্সিবলী অকুপাইড যে সমস্ত ল্যাণ্ড আছে সেই ব্যাপারেও পুলিশের প্রয়োজন। যে সমস্ত আধিয়ার উচ্ছেদ হচ্ছে সেই সমস্ত ক্ষেত্রে পুলিশের তৎপরতা দেওয়া দরকার, আরও পুলিশ দেওয়া দরকার। এই ব্যবস্থা না করলে তারা সুষ্ঠুভাবে কাজ করতে পারছেনা এবং আমাদের উপকারেও আসতে পারছে না। সেই জন্যই বলছি প্রতি থানায় বেশী করে পুলিশ দেওয়া দরকার। বর্তমানে আমাদের দেশে প্রচুর বেকার যুবক রয়েছে তাদের এই বিভাগে নিয়ে পুলিশ বিভাগকে সুসংবদ্ধ করুন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় পুলিশ খাতের জন্য বিধানসভার কাছে মঞ্জুরী বাবদ যে অর্থ চেয়েছেন আমি সেটা সমর্থন করি। আজকে বিধানসভায় পুলিশ সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলতে চাই যে, ১৯৬৭ সাল থেকে আরম্ভ করে ১৯৬৯ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় যে অরাজকতা এবং সভ্যতার সঙ্কট সৃষ্টি হয়েছিল এবং যে সভ্যতার সঙ্কট সৃষ্টি করা হয়েছিল বিশেষ একটি রাজনৈতিক দলের দ্বারা এবং তাদের সমর্থকদের দ্বারা সেটা ধীরে ধীরে অপসারিত হচ্ছে। স্বাধীনতার পর সারা ভারতবর্ষে যা ঘটেনি সেটা ঘটেছে পশ্চিমবাংলায়। ১৯৬৭ এবং ১৯৬৯ সালের যুক্তফ্রণ্ট সরকার বহু মানুষের রক্ত নিয়েছে এবং পুলিশ বিভাগকে নিষ্ক্রিয় করে দিয়ে, পংগু করে দিয়ে পুলিশ বিভাগকে লেলিয়ে দিয়েছে ওই গরীব মানুষ, কয়লা খনির শ্রমিক, গরীব মধ্যবিত্ত লোক এবং সমাজের অন্যান্য মানুষের বিরুদ্ধে। আজকে পুলিশের নিষ্ক্রিয়তা সম্পর্কে, তাদের দুর্নীতি সম্পর্কে অনেক কথা উঠেছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে, স্বাধীনতার পর পুলিশ বিভাগের মধ্যে অনেক পরিবর্তন করা সম্ভবপর ছিল। পুলিশ বিভাগকে সরকার যেভাবে চালাবেন সেইভাবে তারা চলবে। কিন্তু আমাদের পুলিশ যে সত্যিকারের স্বাধীন দেশের পুলিশ হতে পারেনি, সত্যিকারের জনকল্যাণ কামী হতে পারেনি তারজন্য অনেককে দায়ী করলেও বিশেষ করে দায়ী করা যায় রাজনৈতিক দলের নেতাদের যাঁরা নিজেদের স্বার্থে পুলিশকে ব্যবহার করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে পুলিশ নিয়ে আমরা আলোচনা করছি অনেক মাননীয় সদস্য সেই পুলিশের বিরুদ্ধে বলেছেন, তাদের দুর্নীতির সম্বন্ধে বলেছেন, তাদের নিষ্ক্রিয়তা সম্বন্ধে বলেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই পুলিশ মঙ্গলগ্রহ, শুক্রগ্রহ বা চীন, জাপান থেকে আসেনি। যাদের আমরা সমালোচনা করছি তারা আমাদের দেশেরই ছেলে, বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করেছে এবং অনেক আশা ভরসা নিয়ে এই পুলিশ বাহিনীতে এসেছিল।

[5-40—5-50 p.m.]

তারা অনেক আশা নিয়ে পুলিশ বাহিনীতে যোগদান করেছিল। তারা কোন কাজ করতে পারেনি। কারণ, ঐ জ্যোতিবাবুরা পুলিশকে একদিকে গালাগালি করেছেন, আর সেই পুলিশকেই একদিকে রক্ষা করেছেন। তারা বিড়লা বাড়ী গিয়েছেন, সাংবাদিকদের ধমকেছেন, আমিরচাঁদ পেয়ারীলালদের বাড়ীতে গিয়েছেন, আর একদিকে বিপ্লবের কথা বলেছেন। যে যুক্তফ্রণ্ট শ্রমিকদের বাঁচাবার ঠিকাদারী নিয়েছিলেন, সেই যুক্তফ্রণ্টের মুখ্যমন্ত্রী বলেছিলেন 'অসভ্য, বর্ব্বর সরকার'।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ সম্পর্কে আলোচনা করতে গিয়ে একথা নিশ্চয় বলবো যে পুলিশ-এর মধ্যে পরিবর্তন প্রয়োজন, পুলিশের মধ্যে নতুন ধরণের চেতনা আনা প্রয়োজন। আজকে যেমন পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ যেমন জীবন দিয়েছেন, বহু পুলিশ কর্মচারীও সেই রকম জীবন দিয়েছেন। মানুষের জীবনের মূল্য যদি এক হয় যে দারোগা মারা গিয়েছেন, বা যে কনষ্টেবল মারা গিয়েছেন বা যে ইন্সপেক্টর মারা গিয়েছেন, তার স্ত্রীর কাছে তার স্বামীর দাম, তার মায়ের কাছে তার পুত্রের দাম সব সমান, এটা অস্বীকার করবার উপায় নাই। তাই পুলিশকে দূরে সরিয়ে না রেখে পুলিশের দিকে ঘৃণার দৃষ্টি না তাকিয়ে পুলিশকে সংশোধন করবার জন্য সরকারকে এবং সেই সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের সহযোগিতা নিতে হবে। আজকে যে ব্যয় বরাদ্দের টাকা চাওয়া হয়েছে আমি মনে করি পশ্চিমবঙ্গের যে অবস্থা তাতে এই টাকা অপ্রতুল। আজকে পুলিশ বাহিনীর যে সংখ্যা আছে, সেই সংখ্যা বাড়ানো উচিত। অধিকাংশ থানায় একটা গাড়ী নেই, ২০/২৫ মাইল দূরে থানা। আমি জানি আমার এলাকা সম্বন্ধে বিধানসভায় প্রশ্ন করেছিলাম যে বরাবনি থানা, সালানপুর থানায় জল নেই, পায়খানা নেই, গাড়ী নেই। মন্ত্রিমহাশয় জবাব দিয়েছিলেন যে হ্যাঁ, জানি। আমি তারপর জিজ্ঞাসা করেছিলাম এর পর কি করছেন? কিন্তু কোন জবাব পাওয়া যায়নি, আজকে হচ্ছে এই অবস্থা। সাধারণ পুলিশ কর্মচারী, কনষ্টেবল, এস. আই., এ. এস. আই কিভাবে থাকে যদি ব্যারাকে যান দেখতে পাবেন যে তারা কি অবস্থায় দিন কাটায়। পুলিশের কোয়ার্টার নেই, এক একজন পুলিশকে ১২/১৪ ঘণ্টা এমন কি ২০ ঘণ্টা পর্যন্ত ডিউটি দিতে হয়। এটা কি সম্ভবপর? কারখানায় ৮ ঘণ্টা ডিউটি হবে, কিন্তু একজন পুলিশ কর্মচারী ঘন্টার পর ঘণ্টা ডিউটি করে যাবে। উপর তলায় যারা আছেন, আর নীচের তলায় যারা আছেন তাদের মধ্যে আকাশ পাতাল পার্থক্য। একজন কনস্টেবল একজন এ. এস. আই., একজন সাব ইন্সপেকটর তারা নির্বাসন জীবন-যাপন করে। আর অনেক ক্ষেত্রে বড় বড় আই. পি. এস. অফিসার যারা আছেন তারা সমস্ত কিছু ভোগ করেন নির্বিবাদে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি যে কথা বলছিলাম যে পুলিশের মধ্যে নতুন দৃষ্টিভঙ্গী আনতে হবে। থানায় থানায় পরামর্শদাতা কমিটি করতে হবে ঠিকই, পুলিশকে দুর্নীতিমুক্ত করতে হবে। এবং তা করবার জন্য আজকে শুধু সরকারকে বললে হবে না, তার জন্য রাজনীতিবিদদের এগিয়ে আসতে হবে, সাধারণ মানুষকে এগিয়ে আসতে হবে। এই কয়টি কথা বলে ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। সমর্থন করি এই কারণে যে পরিবর্তনশীল এই সমাজব্যবস্থাকে নতুন করে ঢেলে সাজানোর যে ব্যবস্থা বা প্রচেষ্টা নিয়েছেন সেই প্রচেষ্টাকে সার্থক করে তুলবার পথে যে কারণগুলি বর্তমান আছে সেই কারণগুলির মধ্যে যে সমাজ সৃষ্টি হবে তার মধ্যে পুলিশের মুখ্য ভূমিকা আছে। অতএব সেই মুখ্য ভূমিকা যদি আমরা তাদের দিতে চাই তাহলে আমাদের ভেবে দেখতে হবে—সেদিন কি কারণে ১৯৬৭ সালে যা ঘটেছিল সেটা ভেবে দেখতে হবে। প্রদ্যোৎ মহান্তি মহাশয় বললেন ১৯৬৭ সালের কথা—সে তো আমরা সকলেই জানি, ১৯৬৭ সালে পুলিশের ভূমিকা পুলিশ কি কাজ করেছিল জনগণ তা জানে। পশ্চিমবাংলায় কংগ্রেস একদম মুছে গিয়েছিল। সেদিন বারাসতের ঘটনার কথা ভেবে দেখুন—সেদিনকার অপকর্মের ফল আজকে পশ্চিমবাংলায় আশীর্বাদ হয়ে দাঁড়িয়েছে।

আজকে আপনারা চিন্তা করে দেখুন যে সেই যুক্তফ্রন্ট সরকারের শাসনের আমলে তিনশ পুলিশ জীবন দিয়েছিল। যারা আমাদের শান্তিপূর্ণ জীবনযাপন বজায় রাখবার জন্য রাস্তার মোড়ে দাঁড়িয়ে

ডিউটি করে, আমার মনে আছে বলিষ্ঠ, অত্যন্ত সাহসী অফিসার কুণ্ডুর মত লোক এ্যারোড্রোমের ঐদিকে রাস্তায় ধরে তাকে খুঁচিয়ে খুঁচিয়ে মারা হয়েছিল। ৩ শত পুলিশ অফিসারকে এইভাবে মারা হয়েছিল রাস্তাতে। স্যার, পুলিশ অফিসারদের কথা আজকে উঠেছে কিন্তু চিন্তা করে দেখতে হবে সেদিন পুলিশ অফিসারদের যুক্তফ্রন্টের আমলে মুখে লাগাম লাগান হয়েছিল এবং লাগাম লাগিয়ে কি করা হয়েছিল? গণ কমিটি করা হয়েছিল। সেই গণকমিটি মানুষের কাছে গণোরিয়া কমিটি হিসাবে দেখা দিয়েছিল। গিয়ে দেখুন গ্রামে গ্রামে কিরকম মারামারি একটা লীলাক্ষেত্র হয়েছিল। কিরকম জোতদারের সঙ্গে মিলে, কয়টা জোতদার মারা গিয়েছিল, কয়টা জোতদার হত্যা হয়েছিল, সেখানে এই ভূমিহীনদের দ্বারা ভূমিহীনকেই হত্যা করা হয়েছিল। আর সেই সময় আমরা দেখেছি সেই যুক্তফ্রন্টের সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী জ্যোতিবাবুকে রক্ষার জন্য সি, আর, পি, থেকে আরম্ভ করে পুলিশকে পর্যন্ত পাহারা দিতে দেখেছি। এই অঙ্কের পরিমাণ বলতে পারবোনা, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যিনি স্বরাষ্ট্র দপ্তরের দায়িত্বে আছেন, এই বইতে তথাকথিত স্বরাষ্ট্রমন্ত্রী, বিপ্লবী নেতা, আমাদের জ্যোতিবাবুর পিছনে মাসিক পুলিশের কত টাকা পুলিশের ব্যয় হতো। একদিকে গ্রামের মানুষের কাছে তিনি বলতেন পুলিশের লাগাম লাগিয়ে দিলাম এবং মাঠে অরাজকতা লাগিয়ে দিতেন আর একদিকে নিজে বাহবা নিয়ে পুলিশকে নিজের জীবন রক্ষার জন্য কাজে লাগিয়ে দিতেন। আমরা যদি এইকথা বলি তাহলে আজকে ভেবে দেখতে হবে যে আজকে কথা অনেক রকম উঠেছে, মানবিকতার সঙ্গে আজকে বলিষ্ট মন নিয়ে কাজ করতে এগিয়ে যেতে হবে। তাই আমি বলছিলাম যে আজকে থানা অফিসারদের দিকে তাকিয়ে দেখতে হবে, এই গ্রামের মানুষের দিকে তাকিয়ে দেখতে হবে, সেদিন, কতদিন আগে এই থানাগুলি তৈরী হয়েছে, কত পুলিশ পার্সোনেল আমাদের দেশে আছে, আজকে এই কথা ভেবে দেখতে হবে। আমার জেলায় আমি জানি ২৬টি ব্লকের মধ্যে ২০টি ব্লকে থানা আছে। পুলিশ এক গ্রাম থেকে তদন্ত করে ফিরে এসেই শুনলো যে অমুক গ্রামে আবার একটা মার্ডার হয়েছে, পুলিশ আবার তখনই সেখানে ছুটে গেল। এই যে পুলিশের সংখ্যা কম, সাব ইনেসপেকটার, এস, আই, এদের সংখ্যা কম তার জন্য এই যে ডিলেড পলিসি, এই যে সেই সমস্ত এনকোয়ারিতে ডিলে হচ্ছে, আমি দীর্ঘদিন ধরে কোর্টে প্রাকটিস করে দেখেছি যে এই সমস্ত কেস ঠিক সময় এনকোয়ারি করতে পারে না। তার উপর এত কাজ পড়েছে যে এই পশ্চিমবঙ্গের মধ্যে যত রাজ্যের দপ্তর আছে তার অপকর্ম সবগুলি একে তদন্ত করতে হয়। ওঁরা করবেন অপকর্ম আর এঁরা করবেন তদন্ত এদের নিজেদের দপ্তর ছাড়া। এই অপকর্ম্ম তদন্ত করতে গিয়ে তাদের মাথার ঘাম পায়ে পড়ে যায়। তাই আজকে আমাদের নূতন করে ভেবে দেখতে হবে, সেদিনের কথা বললে হবেনা, গালাগালি দিলে এই সমস্যার সমাধান হবেনা। তাই আজকে পুলিশকে ঢেলে সাজাতে হবে। তাদের চারিত্রিক শুদ্ধির কথা বলতে পারেন, আজকে কিন্তু সেই পুলিশের সংখ্যা বৃদ্ধি করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমি নিবেদন করবো যে আপনি সেদিনের কথা, লোকসংখ্যার অনুপাতে বিচার করে দেখুন যে থানার সংখ্যা ছিল লোকসংখ্যার অনুপাতে, আজকে অন্ততঃপক্ষে ব্লকে ব্লকে একটি করে থানা তৈরী করা হোক। আজকে বড় বড় ব্লকগুলিতে সেখানে একটি থানা, একটি ইনভেষ্টীগেশন সেণ্টার বা অফিস করা হোক এবং সেই সংখ্যা অনুপাতে আমাদের পুলিশ পার্সোন্যাল বাড়ানর দরকার আছে। আজকে আমরা দেখলাম, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের একটা দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি যে আমাদের এই পশ্চিমবাংলাতে এখন ওয়েষ্ট বেঙ্গল পুলিশ পার্সোনেল আছে এবং ক্যালকাটা পুলিশ প্রায় ২০ হাজার আছে আর এখানে সি. আর. পি. প্রায় ৯ ব্যাটেলিয়ান এসেছিল ১৯৬৭ সালে শান্তিশৃঙ্খলা বজায় রাখবার জন্য এবং আদার পুলিশ পার্সোনেলস ফ্রম আদার প্রভিন্সেস্ এও প্রায় ৭/৮ হাজার এসেছিল, এই যে আমাদের এর জন্য যে ব্যয় করতে হয়েছে, আমাদের দেশের যে সমস্ত বলিষ্ঠ ছেলেপেলে, সৎ ছেলেপেলে, শিক্ষিত ছেলেপেলে আছে তাদের নিয়ে আজকে আমরা তার পরিপূরক

ব্যবস্থা হিসাবে তাদের কাজে লাগাতে পারি কিনা সেটা ভেবে দেখতে হবে। সেই সঙ্গে সঙ্গে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কথা বলবো যে যারা ভিলেজ রেজিষ্টেন্স পার্টি তৈরী করে সেই ভিলেজ রেজিষ্টেন্স পার্টিতে শীতের সময় যাদের ডিউটি দিতে হয় তাদের একটা কম্বল জোটেনা, একটা লাইট জোটেনা, একটা ব্যাটারির পয়সা জোটেনা। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করবো যে গ্রামের এই যে মানুষগুলি যারা শীতের রাত্রিতে, বর্ষার জলে ভিজে গ্রামকে রক্ষা করে, এই যে যাঁরা অভিযোগ করছেন তাঁদেরকে রক্ষা করছেন, আজকে সেই সমস্ত লোকদের কিছু কিছু পারিশ্রমিক দেওয়া হোক। আমি আর একটা কথা বলেই শেষ করে দেবো। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয়ের আর একটা দিকে দৃষ্টি নিবদ্ধ করতে চাই। সেটা হচ্ছে যে কমিটি করার কথা উঠেছে, আমাদের এক জায়গায় ৩/৪ জন লোক মিলিত হতে পারিনা, কথার মিল হয়না, আমার কিন্তু একটা ভয় হচ্ছে এই কমিটিতে বসতে দিলে ঐ জোতদার গিয়ে তখন বলবে ও আমার হাতের লোক, আর একজন বলবে সে আমার হাতের লোক, আমি গিয়ে বলবো যে এই জোতদার আমার হাতের লোক, উনি বলবেন যে এই ক্রিমিন্যাল আমার হাতের লোক, এইভাবে পুলিশকে কাজ করতে দেবেনা। কাজেই আমার ভয় হচ্ছে এই রকম কমিটি যদি তৈরী হয় তাহলে সঠিক পথে রাষ্ট্র যাবে কিনা সন্দেহ আছে। কাজেই এই ব্যাপারে বলিষ্ঠ মন নিয়ে কাজ করতে হবে। সমস্ত দায়িত্ব মুখ্যমন্ত্রী মহাশয়কে নিয়ে পুলিশকে সৎ কাজে লাগাতে হবে, সৎ অফিসার তৈরী করতে হবে, তাদের চারিত্রিক শুদ্ধতা আনতে হবে, সমাজ যে পথে চলতে চায় সেই পথে তাদের চলতে হবে এইরকম সার্কুলার দিতে হবে। এবং সেই সঙ্গে সঙ্গে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যেসমস্ত অনেক বেড়ে গিয়েছে।

[5-50—6-00 p.m.]

এভাবে অনেক অভিযোগ সেখানে বেড়ে গেছে। আপনি স্যার, দেখলে আশ্চর্য্য হবেন বর্ডারের দিকে যদি কোন প্রাইমারী স্কুলের দিকে দেখেন তাহলে দেখবেন যে সেখানে ছেলেদের পরীক্ষার যে প্রশ্ন করা হয় "তোমাদের গ্রামের পুলিশের চৌকিদারের কর্তব্য কি?" এমন কি যাদের Excise duty তারা এবং এছাড়া যে সমস্ত পুলিশ বিভিন্ন duty করেন কিন্তু ঐযে বাচ্চারা তার প্রশ্নপত্রে উত্তর লিখে দিয়ে আসে একেবারে অন্যরকম যা দেখলে আপনি আশ্চর্য্য হবেন। স্যার, যে ব্যাটেলিয়ান আছে তাদের থেকে আরম্ভ করে সমস্ত পুলিশ যারা আছে ঐ Excise duty যারা দেয় তাদের প্রতিও বিশেষ নজর রাখা উচিত। কারণ ঐ অঞ্চলের বর্ডারে চোরা কারবারীর আড়ৎ আছে। স্যার, এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ন সমর্থন করে ও আগামীদিনে আরও উন্নত হোক আশা করে রেখে আমি আমার আসন গ্রহণ করছি।

**শ্রীবিমল কান্তি দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ খাতে ব্যয় বরাদ্দ সমর্থন প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই। গত কয়েক বৎসর ধরে বাংলা দেশে যে সন্ত্রাসের রাজত্ব চলেছিল তা থেকে বাংলা দেশ আজ মুক্ত। নিঃসন্দেহে সে কৃতিত্বের দাবী মুখ্যমন্ত্রী মহাশয়ের আছে। কিন্তু এই প্রসঙ্গে পুলিশ অনেক সময়ে যে সমস্ত কাজ করে তার ২।১টির কথা না বলে পারিনা। চার পাঁচ বছর আগে যখন খুনের রাজত্ব ছিল না, তখন গ্রামের গরীব মানুষ পুলিশের প্রতি বিতৃষ্ণা ছিল বৈরী মনোভাব ছিল। আজকে সেটা অনেকটা কেটে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পুলিশের দাপট। গ্রামের গরীব মানুষের সীমাহীন কষ্ট হয়। স্যার, আমার একটা গল্পের কথা মনে পড়ে গেল, একটা গ্রামের সমাহর্তাকে সম্বর্দ্ধনার আয়োজন করা হয়েছিল। একজন বুড়ি ছুটে গিয়ে আশীর্বাদ করে বলেছিলেন যে, তুই বড় 'হ'—থানার দারোগা 'হ' অর্থাৎ বুড়ির ধারণা ছিল

থানার দারোগাই হ'ল সর্ব শক্তিমান পুরুষ সবচেয়ে বড় অফিসার। সেজন্য আমি মনে করি অবস্থার গুণগত কোন পরিবর্তন হয়নি। আমি এই কথা বলতে চাই যে আজকে বিচার করবার দিন এসেছে। বৃটিশ সাম্রাজ্যবাদ আমাদের দেশে পুলিশ সৃষ্টি করেছিল। আজকে বিচার করতে হবে যে জনসাধারণের উপর অত্যাচার করবার জন্য আমাদের গরীব মানুষকে সাহায্য করার বদলে গ্রামের নিপীড়িত মানুষকে সাহায্য করার বদলে যদি অন্য কিছু করা হয় তাহলে অবস্থা কি দাঁড়ায়। আমি মালদহ জেলার কয়েকটি তথ্য আপনার সামনে উল্লেখ করতে চাই তা থেকে নিঃসন্দেহে একটা চিত্র ফুটে উঠবে। এই প্রসঙ্গে বলতে চাই ১০ই মে নারায়নপুরে রাত্রি দেড়টায় বিনা ওয়ারেণ্টে পুলিশ সুফল মণ্ডল, চৈতন্য মণ্ডল ও সুভাষ মণ্ডলকে গ্রেপ্তার করে ও থানায় অকথ্য ভাষায় গালি গালাজ করে সারা রাত আটকে রেখে দেয় এবং পরের দিন তাদের বিরুদ্ধে কোন কেস সাজাতে না পারায় তাদের ছেড়ে দেয়। এবং আরও অবাক হবেন যে পুলিশের R. G. Party যার নেতা ছিলেন ঐ চোরাই মালের সর্দার সেই R. G Party-র নেতা গ্রামের সবচেয়ে বড় জোতদার ২২ শত বিঘা জমির মালিক সে অজিত ঝরকে সমস্ত জমি উদ্ধার করে দেওয়া এবং সেই জোতদারের বিরুদ্ধে যিনি কৃষক সংগঠনের নেতৃত্ব দিয়েছিলেন তাঁর বিরুদ্ধে পুলিশ একটা কেস করেছে যাতে গ্রাম ছাড়া করা যায়। আমরা এই সম্পর্কে সেখানের স্থানীয় পুলিশ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করি তবুও এর কোন ফল পাইনি। অনুরূপভাবে আর একটা কেসে মথুরাপুরের ১০ হাজার বিঘার জমির মালিক জোতদার আমানুল্লা চৌধুরী ভেষ্ট জমি উদ্ধারকারী ফরিদ খাঁর বাড়িতে দুপুরে উপস্থিত হয়ে তাঁর অনুপস্থিতিতে তার যুবতী স্ত্রীকে অকথ্য গালি গালাজ করে এবং সেই ফকির খাঁকে ভয় দেখানো হয়েছিল। এই সমস্ত ঘটনা একটার পর একটা ঘটছে। এর সঙ্গে আমি আর একটা ঘটনার কথা বলি। কালিয়াচক থানায়, সেখানে ৯ জন ভাগচাষী কোন জোতদারের জমি ২০ বৎসর ধরে চাষ করে, সেই জমি ভেস্ট হয়ে গেছে। কিন্তু বর্গাদারের কোন দিন সাহস ছিল না ভেস্ট জমি নিজের বলে দাবী করে এই বলায় তিনি প্রথমে J. L. R O.র কাছে দরখাস্ত করে ছিলেন যে জমি আমাকে দেওয়া হোক। সে এই কথা জানালে পরে লাঠি, সোঁটা, গুণ্ডা নিয়ে গিয়ে ঐ ৯ জন ভাগচাষীকে উচ্ছেদ করে। ঐ ৯ জন ভাগচাষী তখন থানা অফিসারের কাছে গিয়ে অভিযোগ করলে তাদের বলা হয়—"তোদের বাপের জমি কেন হাল ধরাতে গিয়েছিলি ?" অর্থাৎ ২০ বছর ধরে যে ভাগচাষী চাষ করছে তারা পুরাপুরি ফসল পাচ্ছিল না এবার তারা মনে করলো যে, যখন ২০ বছর ধরে চাষ করছে তখন নিশ্চয়ই ফসল পাবে সবকিছু পাবে। সেজন্য তারা দরখাস্ত করেছিল এটাই তাদের অপরাধ। সেখানে জোতদার ফকির মহম্মদ এই ভাবে অকথ্য অত্যাচার চালাচ্ছে অথচ পুলিশের কাছে যখন গেছে তখন তারা ন্যায় বিচার পায়নি।

আরো সম্প্রতি দুটো ঘটনা ঘটেছে হরিদপুরে ৩ নম্বর অঞ্চলে। সেখানে বিজয় সোরেন ও নিহার সোরেন নামক দুজন আদিবাসীর বাড়ী থেকে পুলিশ গিয়ে বিনা কারণে তাদের সমস্ত ধানচাল নিয়ে এসেছে, ঘটিবাটী পর্যন্ত নিয়ে এসেছে। অথচ সেই সমস্ত জিনিষপত্রের কোন সীজার লিষ্ট পুলিশ দেয়নি। তাদের কিছু বলতে গেলে পুলিশ তাদের আরো সাসিয়ে গেছে। ঠিক তেমনি করে হরিপুরে মধ্যমপুর বলে একটা অঞ্চল আছে। সেখানে রতন রায়ের বাড়িতে গিয়ে পুলিশ তাদের অত্যাচার করেছে। সেখানকার জোতদারের বিরুদ্ধে বর্গাচাষী উচ্ছেদের একটা কেস জে, এল, আর ও আফিসে পেণ্ডিং আছে। রতন রায় সেই কেস করছে বলে রতন রায়ের বাড়ীতে গিয়ে পুলিস ৩০ মন ধান নিয়ে চলে গেছে। রতন রায় তখন বাড়ীতে উপস্থিত ছিলেন না, তার ছেলের কাছ থেকে অন্যায় ভাবে একশো টাকা পুলিশ আদায় করে নিয়ে চলে এসেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই এই কথা যে আমরা যারা গ্রামাঞ্চলে গরিবমানুষের মধ্যে, সহরাঞ্চলের গরিবমানুষের মধ্যে কাজ করি—আমরা যারা জীবন ও যৌবনের শ্রেষ্ঠ দিনগুলি

এইভাবে কাটিয়ে গেলাম গরিবমানুষকে ভালবেসে, গরিবমানুষের দুঃখে চোখের জল ফেলে, গরিবমানুষের জন্য সংগ্রাম করে, সেই গরিবমানুষ আজকে যদি কংগ্রেস গণতান্ত্রিক সরকারের আমলে বুঝতে না পারে যে তাদের শান্তিতে বাস করবার দিন এসেছে, তারা যদি আজকে বুঝতে না পারে যে আজ তাদের ন্যায় বিচার পাবার দিন এসেছে, তবে এর চেয়ে ক্ষোভের, এর চেয়ে বেদনার আর কিছু হতে পারে না। তাই আমি মুখ্যমন্ত্রীর কাছে নিশ্চয়ই একথা বলবো—হতাশ আমি নই. আপনি একথা জানেন একদিন বৃটিশ সাম্রাজ্যবাদ যে পুলিশ সৃষ্টি করেছিল, তেমনি করে আমরা দেখেছি জয়বাংলার সংগ্রামে East Bengal পুলিশ বাহিনী মিলিটারীর বিপক্ষে দাঁড়িয়ে দেশ প্রেমে উদ্বুদ্ধ হয়ে মুজিবের সংগ্রামকে, সাধারণ মানুষের সংগ্রামকে, বাংলাদেশের সংগ্রামকে সফল করে দিয়েছে, সেখানে মানুষের স্বপ্নকে বাস্তবায়িত করেছে। কাজেই আমি হতাশ নই। আমি জানি যদি সঠিক নেতৃত্ব দেওয়া যায়, যদি আমাদের ঘটনাবলীকে নিয়ন্ত্রণ করা যায়, তাহলে আমরা নিশ্চয়ই এদের দিয়ে অনেক কাজ করাতে পারবো। তাই শুধু মুখ্যমন্ত্রীর কাছে আমার আবেদন থাকবে এই যে এই ব্যয় বরাদ্দের দাবীকে সমর্থন করতে গিয়ে শুধু আমি এই কথা বলবো যে আমরা নিঃসন্দেহে এই যে অভাব অভিযোগগুলি আমরা করছি সেগুলির প্রতি আপনি একটু নজর দিন—যাতে গ্রামাঞ্চলের মানুষ বুঝতে পারে হ্যাঁ সত্যিকারের ন্যায় বিচার তারা পাবে, সত্যিকারের কেউ অন্যায় করলে তার প্রতিকার হবে। এইটুকু আশ্বাস আজ আমি আপনার কাছে চাচ্ছি।

পরিশেষে আমি এই কথা বলছি যে অনেকে আপত্তি করেছেন—যে আমার উপর Standing কমিটী বা advisory কমিটি থাকলে, তা যে সমস্ত জননায়কদের নিয়ে করা হবে, তাঁরা হয়ত বলছেন কায়েমী স্বার্থের তল্পীবাহক হয়ে পড়বে, দলবাজি করবে এবং পুলিশের উপর কোন গণতান্ত্রিক নিয়ন্ত্রণ থাকবেনা। আমি এর তীব্র বিরোধিতা করছি যে দেশের জননায়করা যদি এই রকম পর্য্যায়ে সত্যিকার চলে যায়. আমি একথা বলছি আমরা শত ভাল কাজ করিনা কেন, যত ভাল কথা বলি না কেন, তাহলে সে দেশের কোন ভবিষ্যৎ বলে কিছু থাকতে পারে না। কাজেই আমাদের দেশের জননায়কদের উপর একটু আস্থা স্থাপন করতেই হবে। আমি মনে করি আমাদের দেশের অবস্থা এখনো এমন পর্যায়ে চলে যায় নি। তাই আমি এই কথা মনে করি নিঃসন্দেহে যে পুলিশের উপর গণতান্ত্রিক নিয়ন্ত্রণ রাখার জন্য খানিকটা এইরকম Standing কমিটি বলুন—বা Advisory কমিটী বলুন-তা গঠন করার প্রয়োজন আছে। একথা বলছি এইজন্য যে কীভাবে পুলিশকে চলতে দিলে কী হয় তা আমরা দেখেছি। বিধানসভায় পুলিশ ঢুকে পড়ে যেদিন নির্বিচারে অত্যাচার করেছিল, সেদিন স্পীকার মহাশয়কে লজ্জার মাথা খেয়ে পাচিল টপকে পালিয়ে যেতে হয়েছিল। সেই রকম ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে, সেইরকম লজ্জাজনক পরিস্থিতিতে যেন আর আমাদের পড়তে না হয় সেইজন্য নিঃসন্দেহে আমি মনে করি পুলিশকে যেমন সংশোধনের দরকার আছে, পুলিশকে তেমন নিয়ন্ত্রণেরও দরকার আছে। সেই কারণে পুলিশের উপর যদি গণতান্ত্রিক নিয়ন্ত্রণ থাকে, তাহলে আমাদের এই সম্পর্কে এগিয়ে আসারও প্রয়োজন আছে।

এই কথা কয়টা বলে ব্যয় বরাদ্দের দাবীকে সমর্থন করে এখানেই আমার ভাষণ শেষ করছি।

**শ্রীগিয়াসুদ্দিন আহমেদ**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ খাতে ব্যয়-বরাদ্দের দাবী করেছেন, তা আমি সমর্থন করি। শাসন শৃঙ্খলা রক্ষার জন্য, সমাজ ব্যবস্থাকে টিকিয়ে রাখবার জন্য এবং দুর্বলকে রক্ষা করবার জন্য পুলিশের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই পুলিশী ব্যবস্থা পৃথিবীর সর্বদেশে সমানভাবে স্বীকৃত। পুলিশ সমাজ জীবনের একটা অপরিহার্য

ঙ্গে বা বড়ি। কিন্তু আমরা জানি বৃটীশের মেশিনারী হিসেবে এই পুলিশ কাজ করবার পরে দেশ থন স্বাধীন হলো, তথন আর এই পুলিশ জনগণের স্বার্থের সঙ্গে একাত্ম হয়ে উঠলো না, জনগণকে ঠিক আপনজন করবার চেষ্টাও পুলিস করলো না।

6-00--6-10 p.m.]

তারা সেই বৃটিশ আমলের যে মনোভাব ছিল তার মধ্যে থেকে গেল। আর সেই জন্যই জনগণের সহযোগিতা ব্যতিরেকে পুলিশ দিয়ে শাসন কার্য পরিচালনা কথনই সুষ্ঠু হয়ে উঠতে পারে না। আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে এক মত যে নিশ্চয় কিছু সংখ্যক ভাল পুলিশ কর্মচারী আছেন— কিন্তু অধিকাংশ পুলিশই দুর্নীতিপরায়ণ এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি নদীয়া জেলার সীমান্তবর্তী এলাকা থেকে এসেছি এবং আমি জানি যে সীমান্তবর্তী এলাকার সমস্ত সদস্যই এ বিষয়ে একমত হবেন যে সেখানে বর্তমানে প্রতি অন্ধকার রাত্রে অন্তত: একটি করে ডাকাতি হয়। আগে ডাকাতি হোত রাত্রি ২টা আড়াইটার সময়—কিন্তু এখন দেখা যায় সন্ধ্যা ৭টার সময় ডাকাতি হয়ে যাচ্ছে। পুলিশকে জানানো সত্বেও—লোককে পয়েন্ট আউট করা সত্বেও সেই সমস্ত দুর্বৃত্তের অধিকাংশই তারা ঘুরে বেড়াচ্ছে তাদের এ্যারেস্ট করা হচ্ছে না। সেখানে অধিকাংশ নাগরিক তাদের বিরুদ্ধে যে রিপোর্ট দিয়ে থাকেন সে সমস্ত কথা তারা না শুনে পুলিশ তাদেরই এ্যারেষ্ট করেন যাদের সঙ্গে ঐ দুস্কৃতকর্মের কোন সম্পর্ক নাই। অথচ সেখানে কোন রাত্রেই ডাকাতি ফাঁক যায় না। আমি বর্ডার এলাকায় দেখেছি ঐ সমস্ত সীমান্তবর্তী এলাকায় যারা এক আধ লিটার কেরসিন তেল নিয়ে যাচ্ছে যারা সামান্য একটু আধটু সুতা নিয়ে যাচ্ছে পুলিশ তাদের নির্যাতন করে। আর দেখা যাচ্ছে যেখানে মণ মণ চাল লরী করে যাচ্ছে সেখানে পুলিশ কিছুই করে না পুলিশ সেগুলি দেখতে পায় না। এই রকম দুর্নীতি অহরহ হয়েই চলেছে। আমি লক্ষ্য করে আসছি যে বর্ডারে পুলিশের যে সংখ্যা সেই সংখ্যা আদৌ পর্যাপ্ত নয়। সেইজন্য আমি বিনীতভাবে একটি সাজেসন রাথছি যে এই সব পুলিশদের বোস্ট আপ করে সেখানে ডিফেন্স পার্টি তৈরী করে পুলিশ ওয়ার্ক চালালে কাজ আরও ভালভাবে হবে। আমি আর একটি প্রস্তাব রাথছি যে প্রাচীন ব্যবস্থা ভেঙ্গে ফেলে দিয়ে জনসাধারণের স্বার্থে থানায় থানায় ও. সি. ইয়ং ম্যান দেওয়া হোক। আমি জানি পুলিশের কাজে অনেক সময় বিঘ্ন ঘটে অনেক সময় পারিবারিক নিজস্ব কারণ থাকে অনেক জায়গায় দেখা যায় পুলিশদের থাকবার কোন বন্দোবস্ত নাই—তারা যথেষ্ট বেতন পান না। অথচ তাদের ২৪ ঘন্টা ডিউটি করতে হয়। আমি মাননীয় সদস্য শ্রীসুকুমার ব্যানার্জীর সঙ্গে একমত যে তাদের আপনজন মনে করে তাদের দিয়ে কাজ করিয়ে নেওয়া উচিত। আমি অনেক সদস্যের সঙ্গে একমত যে প্রত্যেক থানায় অন্তত: একটি করে পাবলিক রিলেসন কমিটি করে সেখানে থানার ও. সি. থাকুন, এম. এল. এ থাকুন এবং অন্যান্য গভর্ণমেন্টের নমিনি থাকুন এইভাবে কমিটি করে পুলিশের উপর ওয়াচ রাথুন যাতে তারা ভাল কাজ করেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই বাজেটকে সমর্থন করছি।

**শ্রীরূপসিং মাঝি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ থাতে যে ব্যয় বরাদ্দ রেথেছেন তাকে সমর্থন করে আমি দু একটি প্রস্তাব রাথছি এবং বর্তমান পরিস্থিতিতে যে সমস্ত ঘটনা ঘটেছে সেগুলি উত্থাপন করছি। ভোটের পূর্বে বহু দিন ধরে আমরা বলে আসছি যে যুক্তফ্রন্ট সরকারের সময় যে সমস্ত ঘটনা ঘটেছে সেগুলি থেকে অন্তত: জনসাধারণকে আমরা শান্তি দেবো। সকলের সঙ্গে সহযোগিতা করবো চুরি ডাকাতির হাত থেকে জনসাধারণ রেহাই পাবে।

কিন্তু বর্তমানে তার কতখানি কার্যে পরিণত হয়েছে তার দু একটি দৃষ্টান্ত বা উদাহরণ আমি দিচ্ছি। আমার বক্তব্য আমাদের সরকার শান্তিশৃঙ্খলা বজায় রাখতে দৃঢপ্রতিজ্ঞ থাকতে সক্ষম হয়েছে। আমাদের এই বর্তমানে সংখ্যাগরিষ্ঠ সরকার সবল সরকার থাকা সত্বেও আমরা আশা করতে পারিনি যে আমার নির্বাচনী এলাকায় এই অবস্থা হবে। সেখানে একটা সাধারণ ১৪।১৫ বছরের নাবালক ছেলেকে গুলি করে মারা হয়েছে। এবং সেখানে পুলিশের সঠিক তৎপরতার অভাবে আসামীকে খুঁজে পাওয়া যাচ্ছে না।

আমি আরো বলছি আমাদের বড়বাজার থানায়—আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বলেছেন যে পুলিশ কর্তৃপক্ষ এবং পুলিশ কর্মচারীরা রাজনৈতিক সাম্প্রদায়িকতা এবং অন্যান্য যারা সুযোগসন্ধানী তাদের উর্দ্ধে থাকবে, তাদের প্রভাবে প্রভাবান্বিত হবে না। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে যে বিভিন্ন এলাকার পুলিশ কর্মচারী ও অফিসাররা এখনও রাজনৈতিক দলের সাথে সরাসরি ভাবে জড়িত। তারা আমাদের যুব কংগ্রেসের ছেলেদের ধরে পেটাচ্ছে, যুব কংগ্রেসের ছেলেদের প্রতি যথেষ্ট পরিমাণে অত্যাচারের প্রচেষ্টা চালাচ্ছে এবং নানা রকম ভাবে কেস করে যাচ্ছে। স্যার সি.পি. এম-এর যারা নেতা বা যাদের কমরেড বলা হয় তারা আত্মগোপন করে আছে এবং ডাকাতদের সঙ্গে হাত মেলাচ্ছে এবং পুলিশের এই সমস্ত দালালদের সঙ্গে হাত মিলিয়ে তাদের উৎসাহ দিচ্ছে। কাজেই আমাদের প্রশাসনকে শক্ত করবার জন্য কোন ক্ষেত্রে পুলিশ অফিসারদের এক জায়গায় কোন ক্রমেই দু বছরের বেশী রাখা উচিত নয়। কারণ তা রাখলে তারা সেখানকার সুযোগসন্ধানীদের সঙ্গে মিশে যায়। রিক্রুটমেন্টের ক্ষেত্রে কোলকাতা পুলিশ এবং জেনারেল পুলিশের ক্ষেত্রে যে ক্যাটাগরি রাখা আছে সেটা জেলা ভিত্তিক আনুপাতিক হিসাবে রিক্রুট করা দরকার। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করবো যে আমাদের পুলিশের প্রশাসন যে ভাবে চলছে সেটাকে আরো শক্ত হাতে সবল করবার জন্য সরকার যেন সব সময় সজাগ থাকেন। আমরা রিপ্রেজেনটেটিভরা এখানে যদি কোন রিপোর্ট করি তাহলে সেটা যেন সি আই. ডি বা এস. পি বা আই বি. ডিপার্টমেন্ট ফাইলে চাপা পড়ে না থাকে। আমাদের রিপোর্টের উপর ভিত্তি করে সরকারের পক্ষ থেকে সেটা তদন্ত করে বা বিচার করে যারা অত্যাচার চালাচ্ছে বা পীড়ন চালাচ্ছে তাদের যেন কঠোর শাস্তিদানের ব্যবস্থা করা হয়। সর্বশেষে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সেটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম। জয়হিন্দ।

**শ্রীকংসারী হালদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশ খাতে ব্যয় বরাদ্দের আলোচনা করার আগে আমার সর্বাগ্রে মনে পড়ছে স্বাধীনতার আগে এবং পরে পুলিশের মধ্যে কি পরিবর্তন এসেছে। স্যার, জনসাধারণ কোন মৌলিক পরিবর্তন দেখতে পায়নি এটা একটা মূল কথা। আমি কয়েকটি ঘটনার কথা বলতে চাই। কারণ আমরা কয়েকদিন পরেই স্বাধীনতার ২৫ বছরের সিলভার জুবিলি পালন করতে যাচ্ছি। হয়ত এরজন্য অনেক ব্যয় বরাদ্দ হবে, কিন্তু জনসাধারণের যে দুঃখ দুর্দশা তাদের মধ্যে লুকিয়ে রয়েছে, তারা কি করে পুলিশের হাত থেকে রেহাই পাবে সেটা তারা ভাবছে। স্যার, বজবজ থানার আলমপুরে একজন শিক্ষক একজন গুণ্ডার দ্বারা আহত হন। একটা রড দিয়ে তার বুকে মারা হয়। মুমূর্ষু অবস্থায় তাঁকে পি. জি. হসপিট্যালে ভর্তি করা হয়। তাঁর বাঁচার সম্পর্কে সন্দেহ ছিল। আমি তাঁকে ভর্তি করেছিলাম। তিনি একটা ডায়েরী করেছিলেন কিন্তু এক মাসের মধ্যে কোন দারোগা বা অফিসার তাঁর খোঁজ নিতে গেলেন না। সম্প্রতি তিনি বাড়ী ফিরে গেলে দারোগা খবর পাঠিয়েছেন এই বলে যে তোমাকে যে রড দিয়ে মেরেছিল তুমি সেই রড নিয়ে থানায় হাজির হও। আমি এই ব্যাপারে এস. পি-কে ফোন করেছিলাম, তিনি বললেন, গেলে ক্ষতি কি। এক মাসের মধ্যে যেখানে কোন পুলিশ অফিসার খোঁজ করেন নি, সেখানে কোন

আত্মসম্মানসম্পন্ন ব্যক্তি কি করে ঐ রড নিয়ে থানায় যাবেন এবং ডায়েরী দেবেন, যে ডায়েরী এ পর্যন্ত নেওয়া হয়নি। স্যার, আমার একটা কথা মনে পড়ে গেল।

[6-10— 6-20 p.m.]

এরা মানুষ, না দারোগা? পুলিশের মধ্যে যদি সেই মনুষ্যত্ববোধ আজকে ফিরিয়ে না আনতে পারি তাহলে জনসাধারণের মধ্যে কোন রকম পরিবর্তন আসতে পারবে না সেকথা আমি জোরের সঙ্গে বলতে চাই। আজকে সন্দেশখালির একটা ঘটনা আমার কাছে এসেছে। সেখানে যে একটি খুন হয়েছিল তার মৃত্যুর এজাহার দিয়েছিল, কিন্তু সেই খুনী লোকগুলিকে ধরা হল না, বরং তবিয়তে তারা আছে এবং সেই লোকটির আত্মীয়স্বজনকে পুলিশ দিনের পর দিন হয়রানি করছে। আমি উচ্ছেদ সম্পর্কে কয়েকটি ঘটনার কথা বলছি। সম্প্রতি ভূমি সংশোধনী আইন পাশ হয়েছে এবং সরকার ভাগচাষী কৃষকদের স্বার্থ সংরক্ষণ করাতে চান—আমরাও চাই ভূমিহীন চাষীরা জমির মালিক হোক। কিন্তু আমার মনে হয় পুলিশ ডিপার্টমেন্টই সেটাতে সব চেয়ে বড় অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। কারণ, তারা পদে পদে এই ভাগচাষীদের নানাভাবে অত্যাচার করছে। আমি এ সম্বন্ধে কয়েকটি ঘটনা তুলে ধরছি। সাগরের এস. আই. ভাগচাষীদের বলেছেন যে তোমরা ভাগ জমি ছেড়ে দিয়ে জোতদারদের হাতে তুলে দাও। সেখানকার বড় জোতদারদের পরামর্শদাতা কংগ্রেস প্রেসিডেন্ট হিসেবে পরিচিত এক ভদ্রলোক বিদ্যাধরী, পিয়ালী এলাকায় হাজার হাজার বিঘা জমি জোতদাররা দখল করে লক্ষ লক্ষ টাকা উপায় করছে ভাগচাষীদের উচ্ছেদ করে, সেটা কেন উচ্ছেদ করা হল আমরা জানতে চাই। কিন্তু পুলিশ সম্পূর্ণ ভাবে এড়িয়ে যাচ্ছে। সোনারপুর থানার রাধানগরের একটি লোককে ধরে এনে পুলিশ পিছমোড়া করে বেঁধে রেখেছে এবং তারা আমার কাছে রাত্রেই ছুটে এসেছে। এই রকম বহু ঘটনা সোনারপুর থানায় ঘটে যাচ্ছে। সোনারপুর জোতদার দের সভা বসে গেছে যে কি করে চাষীদের উচ্ছেদ করা যায় সেই নিয়ে পুলিশের সঙ্গে ষড়যন্ত্র চলছে এবং পুলিশের সঙ্গে জে. এল. আর. ও অফিসারদের, যারা জমির পাট্টা দেবে তাদের সঙ্গে ষড়যন্ত্র আছে। সরকারের আইনে আছে যে ভাগচাষ কোর্টে সমস্ত কেসগুলি ৩ সপ্তাহের মধ্যে সমাধান করতে হবে। কিন্তু তা না করে কেসগুলিকে ৬/৭ মাস ধরে ঝুলিয়ে রেখে সেই জায়গাটিতে ১৪৪ ধারা জারি করে পুলিশের সাহায্যে ভাগচাষীদের উচ্ছেদ করার চেষ্টা হচ্ছে। কিছুদিন আগে ভাগচাষ কোর্টের উপর হাইকোর্টের একটি রুলিং ছিল যে যেখানে জোতদার এবং গভর্নমেন্টের সঙ্গে ভেষ্টেড জমির সম্পর্ক আছে সেখানে ভাগচাষীদের উপর কোন রকম ১৪৪ ধারা জারি করা চলবে না। কিন্তু তা সত্ত্বেও পুলিশ সেই জমি থেকে তাকে উচ্ছেদ করেছে এবং তারা সম্পূর্ণভাবে জোতদারদের সাহায্য নিয়ে চলেছে। সেইজন্য আমি বলতে চাচ্ছি চাষীদের বাঁচাবার জন্য যে ভূমি সংস্কার আইন পাশ হয়েছে সেটাকে রক্ষা করার জন্য এবং চাষীদের বাঁচানোর জন্য পুলিশকে কণ্ট্রোল, সংযত করা এখুনি প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সোনারপুর, ভাঙ্গড় অঞ্চলের কথা বলতে চাই। সেখানে সরবেড়, বাবুই ও নম্বর ইত্যাদি এই সমস্ত বড় বড় ফিসারির মালিক জোতদাররা চাষের জমি নোনা জলে ডুবিয়ে দিয়ে ফিসারিতে পরিণত করেছে। ওখানে ঐ সমস্ত জমির চাষীদের উচ্ছেদ করা হয়েছে যারা কয়েকদিন আগে আমন ধানের চাষ করেছিল, আই. আর. ৮ জাতীয় ধানের চাষ করেছিল, এখন সেই জমিতে ফিসারি করার জন্য পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। আমি সেইজন্য আজকে মাননীয় মুখ্যমন্ত্রীকে জানাতে চাই যে সেই সমস্ত পুলিশ ক্যাম্প সেখান থেকে হঠানো হোক এবং চাষীরা যে জমিতে চাষ করেছিল সেটা তাদের অধিকারে দেওয়া হোক। এটা একটি সামান্য ঘটনা নয়। এ সম্পর্কে আমি গত বাজেটেও আলোচনা করেছি

এবং এখন আবার বলছি সেই জমিতে পুলিশ ক্যাম্প বসানো রয়েছে এবং সরকারী টাকায় তারা কৃষকদের উচ্ছেদ করার জন্য জোতদারদের সাহায্য করছে। আমি আরো কয়েকটা উদাহরণ দেব। জয়রা অঞ্চলে যে বোরো, আমন ধানের চাষ করা হয়েছিল সেখানে পাম্পিং মেশিনের জল দিয়ে সম্পূর্ণভাবে সেই ধানকে ডুবিয়ে দিয়ে চাষীদের সর্বনাশ করা হয়েছে। খেয়াদ অঞ্চলে আরো পুলিশের নূতন নূতন অত্যাচারের কাহিনী বলতে চাই, যেখানে ঐ C. P. M এর কয়েকজন গুণ্ডা দিনদুপুরে ২টার সময় কৃষকদের ঘর ভেঙ্গে দিয়েছিল। আমি সোনারপুর থানায় S. P কে নিয়ে পুলিশ camp বসিয়েছিলাম। সেই পুলিশ camp এখনও রয়েছে। কিন্তু দুঃখের বিষয় যে পুলিশ camp-এ যাদের পোষা হল সেই পুলিশ যারা wanted, যারা লুকিয়ে আছে যে সমস্ত ব্যক্তি তাদের arrest করতে তো না করে তাদের বাড়িতে খানাপিনা করছে এবং অন্য লোককে তারা হয়রান করছে, আতঙ্ক সৃষ্টি করছে, এগুলি এখন বন্ধ করা দরকার। সেজন্য আমি বলতে চাই এই পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ করার সময় আমাদের একথা মনে করতে হবে এবং যে Committee-র কথা বলেছি, সর্বদলীয় Committee, সেই কমিটি যদি করা হয় তাহলে এই পুলিশকে control করার পক্ষে একটা হাতিয়ার হতে পারবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআক্তারুদ্দিন মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী পুলিশ খাতে আজকে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন সেই দাবীকে আমি সমর্থন করছি। সমর্থন করি পুলিশ activity-কে। ১৯৬৯ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত বাংলাদেশের বুকে যে সমস্ত হিংস্র আক্রমণ চলেছিলো সেই আক্রমণের মোকাবেলা করেছে ঐ পুলিশ নিজের জীবন বিলিয়ে দিয়ে। যে হিংস্র আক্রমণ সেই আক্রমণে pipegun-এর bullet-এর গুলিতে অনেক পুলিশ আমরা দেখেছি গ্রাম থেকে গ্রামান্তরে লুটিয়ে পড়েছে। আজকে তারা নিজেদের জীবন দিয়ে ১৯৭২ সালে সত্যিকারের শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনতে পেরেছে সে জন্য নিশ্চয়ই তারা ধন্যবাদের যোগ্য। এবং সঙ্গে সঙ্গে মার্কসিস্ট পার্টি C. P. I. (M L) এর নাম করে বাংলাদেশের বুকে চারু মজুমদারের নেতৃত্বে যে বিরাট একটা হিংসাত্মক ঘটনা ঘটেছিল, যার নেতা দীর্ঘদিন হলেও পুলিশ যে তাকে ধরতে পেরেছে তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। পুলিশের মধ্যে কিছু ভাল লোক নিশ্চয়ই আছে এ কথা বিভিন্ন বক্তার সঙ্গে কণ্ঠ মিলিয়ে আমিও বলি, কিন্তু ভাল লোক যে কয়জন আছে তার সংখ্যা সীমিত, প্রায় মাত্র কয়েকটি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি ঘুরে ঘুরে দেখবেন পুলিশ ইতিহাস যদি দেখেন তাহলে দেখবেন যে ভাল তারা যেটুকু করেন তা থেকে বেশী করে গ্রামের মানুষকে খারাপ করে তোলে, এই জলন্ত নিদর্শন আমি দিতে পারি আপনার সামনে। আমার constituency-তে আমতা পুলিশ থানায় একটা diary করতে পাঠিয়েছিলাম। O. C. সাহেব বললেন ৩০ টাকা দেন তা না হলে diary করা যাবে না, এই রকম ঘটনা ঘটেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, ঐ আমতা থানার O C. একটা Case ধরতে গিয়েছিলেন এবং তার কাছ থেকে ২টা খাসী পর্যন্ত নিয়েছেন ঘুষ স্বরূপ এই ঘটনাও ঘটেছে। বিভিন্ন জায়গায় আমরা দেখেছি যে এই রকম সমস্ত জিনিস ঘটছে সেটা আপনি দেখবেন। গত কয়েকদিন আগে চালশুদ্ধ একটা বাস ধরে দিয়েছিলাম থানায়। গতকাল থানায় গিয়ে দেখলাম যে সেই চাল থেকে বেশ কিছু পরিমাণ চাল উধাও হয়ে গেছে, তার কোন খোঁজ পাওয়া যায়নি। জিজ্ঞাসা করায় বলা হল যে ইঁদুরে বাঁদরে খেয়েছে, কিন্তু থানায় কোন ইঁদুর বাঁদর নেই। সুতরাং কোন্ ইঁদুরে বাঁদরে খেয়েছে সেটা আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন। আমি লক্ষীদার মত সব চুরীর কথা বলি না। আমি চাল চুরির কথা বলছি যে এই ধরণের ঘটনা ঘটছে।

[6-20—6-30 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পুলিশের নৈতিক দিকটা যদি জনসাধারণের সেবায় নিয়োজিত করতে না পারি, তাহলে এটা ঠিক যে ১৯৬৭ সালে কংগ্রেসের পরাজয়ের যে সবচেয়ে বড় একটা দিক ছিল, জনসাধারণ যেটাকে বেশী করে দায়ী করেছে যে কংগ্রেসীরা পুলিসের সাহায্যে চলে, পুলিশ নির্যাতন করে গ্রামের মানুষের উপর, পুলিশের কাছ থেকে গ্রামের মানুষ কোন রকম সাহায্য পায় না, আজকেও সেই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন এই বিষয়ে দৃষ্টি দেন. আজকে পুলিশের হাতে যে পাওয়ার আমরা তুলে দিয়েছি, অনেক ক্ষেত্রে আমরা দেখছি পুলিশ তার অপমৃত্যু ঘটাচ্ছে। সেই পাওয়ারকে তারা বিভিন্ন রকম ভাবে অন্যায় ভাবে ব্যবহার করছে। আমরা জানি এবং ঐ ভদ্রলোক যা বললেন যে জমিতে কৃষকের অধিকার প্রতিষ্ঠা করার দায়িত্ব শ্রীমতী ইন্দিরা গান্ধী নিয়েছেন আমরা সেটাকে স্বীকার করে নিয়েছি। কিন্তু আজকে বড় বড় জমির মালিকরা—১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত যারা জমি করতে পারেনি তাদের জমি দেওয়া হচ্ছে। কিন্তু ১৯৭২ সালের গোড়ায় তারা বলছে আমরা সবাই কংগ্রেস করি, অতএব পুলিশ কেন আমাদের কথা শুনে ঐ চাষীদের উচ্ছেদ করবে না, আমার জমি আমাকে ফিরিয়ে দিতে হবে যা হোক মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশের কার্যকলাপের প্রতি লক্ষ্য রাখার জন্য যে কমিটি করার প্রস্তাব করা হয়েছে এবং তাদের কার্যকলাপকে বেঁধে দেবার জন্য যে চেষ্টা ইনডাইরেক্টলি চলেছে, আমি তার বাধা সৃষ্টি করি এবং ঘৃণার সংগে তা প্রত্যাখ্যান করি। কারণ এতে পুলিশের দৃষ্টিভংগীর পরিবর্তন হবে না এবং আমার মনে হয় যেটুকু কাজ তারা করতে পারতো তা ব্যাহত হবে বিভিন্ন পার্টির বিভিন্ন লোকের অনেক পেয়ারের লোক আছে, অনেক ভালবাসার লোক আছে। পুলিশকে আজকে সঠিকভাবে পরিচালিত করতে দেওয়া উচিত। আমি জানি আমরা নিজেরা করাপটেড যখন আমরা ছাত্র থাকি তখন ঠিক থাকি, যখন আমরা চেয়ারে বসি তখন সবাই করাপটেড হয়ে পড়ি এবং রাইটার্স বিল্ডিংস থেকে আরম্ভ করে কোর্টের দোরগোড়া পর্যন্ত এবং থানা অফিসার পর্যন্ত সব জায়গায়ই করাপশন পৌঁছে গেছে। যার হাতে ১০ টাকা দেবেন বা ৫০ টাকা দেবেন সেই দালালী শুরু করে দেবে। অতএব বাস্তব সমাজবিরোধীদের হাতে ঐ থানা কমিটি চলে যাবে, বিভিন্ন চোরাকারবারীর হাতে ঐ থানা কমিটি চলে যাবে, সেদিকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয়ই দৃষ্টি রাখবেন এবং পুলিশ খাতে বায়বরাদ্দ যেটা রেখেছেন, আমরা তাকে সমর্থন করি এবং পুলিশের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করে সত্যকারের জনকল্যাণমূলক ভাবে যাতে তাদের করা যায় সেদিকে মুখ্যমন্ত্রী মহাশয় পুলিশ বিভাগকে নির্দেশ দেবেন ; এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri George Albert Wilson-Deroze :** Mr. Deputy Speaker, Sir, I rise to support the Damand made by the Hon'ble Chief Minister in connection with Police Budget. There is no doubt that the character of the police force has deteriorated in the last 25 years. The police force has become sof and corrupt. Sir, corruption comes at the bottom level when softness come at the top. You will find now that your police force in the thanas do not eve have any kind of discipline or moral. They do not perform the ordinar duties which the police force used to perform. There was an old system in th city of the police force going round in every quarter of the city in beats daily That has stoped now. Now police do not go fifty yards without having a jee or a truck. Now no attention is paid to the quality of the uniforms or th

dress or to neatness. The entire structure of the force as a sort of semi-military fighting force has completely gone. Sir, if you investigate the structure of the police force you will find that discipline has gone down very considerably, and because discipline has gone down very considerably therefore corruption has become possible.

Sir, I am also taking this opportunity to say that certain traditions of the police force have collapsed. Members of my community had quite a considerable role to play in the police force of the State for many years. Now you will find that due to nepotism practised in the last 25 years you can count the number of the members of my community who are in the police force. I am told that there are not more than 32 officers and men of the Anglo-Indian community in the Calcutta police force today. They are all in the higher ranks who are on the verge of retirement. How is it that the number of the community which has a tradition of supplying men and officers to the police force—it was part of their tradition to enter the police force—has gone down? How is it that in the last 25 years there was no fresh recruitment? Why? I say, Sir, it is to be found in nepotism. There has been nepotism of all kinds of keeping out men who are not related to the people at the top. This nepotism has corrupted the entire force.

I say, Sir, there is no reason why the members of our community who are interested in police service and did very well in it and who were respected by all for their impartiality in the performance of their duty are not in the service today. There are only 32 in the Calcutta Police Force, and in the West Bengal Police Force. I do not know how many—there are not very many. Sir, if anybody says that it is due to any difficulty with regard to language, that, Sir, is not true today because there are 61 Higher Secondary Anglo-Indian Schools in the Sate. Not a single student can turn out from any of those schools without being literate in the Bengali language. Sir, Our system which we introduced 15 years ago has made it sure that no child can come out of Anglo-Indian School without being fully literate in Bengali. From class to class they must pass in that language, otherwise they will fail. So, nobody can say that our boys do not get into the police force because they do not know Bengali. That is not true. With regard to other qualifications, I think we can meet any requirement. I am asking the Hon'ble Chief Minister who is present in the House to investigate how is it that over the last 25 years there has been no recruitment from this community into the police force of men who are devoted to their service, and I think I would have the entire support of the House that Anglo-Indian police officers have always distinguised themselves by being totally impartial and serious to their duties. I feel, Sir, that it is

not parochialism—I am only referring to Ango-Indian community as an example. If there is no nepotism in the police force about selection of men, if selection is done on merit, capacity and tradition, you will have a better Police Force. Sir, I place these facts before the House. Jai Hind.

**শ্রীশচীনন্দন সাউ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী যে পুলিশের ব্যয় বরাদ্দ এনেছেন তাকে আমি পূর্ণভাবে সমর্থন করছি। আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বীরভূম জেলার অবস্থা কি ছিল, বীরভূম জেলার মানুষ দিনে বাস করতে পারত না, দিনে খুন খারাপি, রাত্রে মানুষ কি ভাবে বাস করবে? সিউড়ী, বোলপুর এই সমস্ত শহরে যাওয়া যেত না। এই যে পরিস্থিতি ছিল, এত ভয়াবহ পরিস্থিতির মোকাবিলা করেছেন আমাদের আজকের যিনি মুখ্যমন্ত্রী তিনি। মুখ্যমন্ত্রী যখন আমাদের বীরভূম জেলায় গিয়েছিলেন সেই সময় পোষ্টার দেওয়া হয়েছিল যে ১০৮টা নরমুণ্ড দিয়ে সিদ্ধার্থশঙ্কর রায়কে সম্বর্দ্ধনা জানান হবে। এই যে নকশালদের পোষ্টার এই পোষ্টারের বিরুদ্ধে আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী সেদিন বলেছিলেন যে আজকে নরমুণ্ড দিয়ে আমাকে সম্বর্দ্ধনা জানান হোক, কিন্তু আমি কবর থেকে ফিরে এসে এই বীরভূমকে শান্ত করে যাব। আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় দাঁড়িয়ে আমার মনে পড়ছে আমাদের নেতার সেদিনকার সেই বলিষ্ঠ নেতৃত্বের কথা, সেই বলিষ্ঠ বক্তব্যের কথা। সেদিন বীরভূম জেলার মানুষ নতুন করে পেয়েছিল এই নেতার বাণী, তাই আজকে সেই বীরভূম শান্ত। আজকে তাই এই পুলিশ খাতের বাজেটকে বীরভূম জেলার সমস্ত এম-এল-এ-রা একবাক্যে সমর্থন জানাচ্ছেন এবং পুলিশ মন্ত্রী হিসাবে মুখ্যমন্ত্রী যে দায়িত্ব নিয়েছেন সেই দায়িত্বকে আমরা পরিপূর্ণরূপে বিশ্বাস করি। আজকে আমরা লক্ষ্য করছি আমাদের জেলায় যে ঘটনা হলো তারপর যে বড় বড় পুলিশ অফিসাররা রয়েছেন এস, পি, প্রভৃতি, আমরা লক্ষ্য করছি কিছু কিছু ক্ষেত্রে থানা অফিসার ও, সি, এস আই, এ, এস, আই পোষ্টে যারা রয়েছেন তারা আমাদের কর্মীদের উপর কিছু কিছু অত্যাচার করছেন। আমরা লক্ষ্য করছি রাজনগর থানার ব্লক কংগ্রেসের সাধারণ সম্পাদক রামকৃষ্ণ হাজরাকে হঠাৎ গ্রেপ্তার করা হলো। লক্ষ্য করছি সি পি, এম এবং এস, ইউ, সি কর্মীদের বিরুদ্ধে মার্ডার কেস থাকা সত্ত্বেও তাদের আজকে ধরা হচ্ছে না, ধরা হচ্ছে কংগ্রেস কর্মীদের। তাই এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি জানি আজকে বীরভূম জেলায় যে পুলিশ অফিসার রয়েছেন এস, পি হিসাবে তিনি যথাসাধ্য চেষ্টা করছেন, কিন্তু তা সত্ত্বেও আমি মনে করি পুলিশের সংখ্যা বীরভূম জেলায় বাড়ান উচিত এবং কতগুলি থানা বা পুলিশ ফাঁড়ির ব্যবস্থা করা উচিত। আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বীরভূম জেলার রাস্তাঘাট খুব দুর্গম যার ফলে পুলিশ হয়ত কোন জায়গায় মার্ডার হচ্ছে বা ডাকাতি হচ্ছে ঠিক সময় সেখানে যেতে পারে না। এই দিক থেকে বিবেচনা করে আমি মনে করি এই বিষয়ে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ব্যবস্থা গ্রহণ করবেন। পুলিশের মধ্যে ভাল গাড়ী থাকে না, আজকে আমরা এম, এল, এ-রা যখন যোগাযোগ করি তখন দেখি যে পুলিশের মধ্যে ভাল গাড়ী নাই কিম্বা ডিউটি দেবার মত পুলিশ নাই, তাদের এই সমস্ত অভাব পূরণ করা উচিত। পুলিশ আমাদের রক্ষক আজকে আমাদের মুখ্যমন্ত্রী যেভাবে এগিয়ে চলেছেন পুলিশের হাতে দায়িত্ব দিয়েছেন পূর্ণভাবে তাকে কাজে রূপায়িত করবার জন্য আমাদের পুলিশের পাশে দাঁড়িয়ে তাকে বাস্তবায়িত করতে হবে। আমি কখনই মনে করি না সমস্ত পুলিশ অফিসার দুর্নীতি পরায়ণ, আমি কখনই সমস্ত পুলিশ অফিসারকে অবিশ্বাস করি না।

[6-30 to 6-40 p.m.]

সেই সঙ্গে আজকের এই সভায় সেই আমাদের শ্রদ্ধেয় নেতা ডাঃ রাধাকৃষ্ণ সিনহা, শ্রীমদনগোপাল রায়, আমাদের ছাত্রনেতা সাক্ষী গোপাল তাঁরা যে ইন্দিরা গান্ধীর নেতৃত্ব প্রতিষ্ঠার

জন্য প্রাণ দিয়ে গেলেন তাঁদের মৃত্যুর তদন্ত দাবী করছি। কারণ আজকের সরকার জনপ্রিয় সরকার, জনপ্রিয় মুখ্যমন্ত্রী এই বিভাগের দায়িত্ব গ্রহণ করেছেন। তাই আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর কাছে এই দাবী রাখি এবং বীরভূম জেলায় যে শান্তি এসেছে সেই শান্তি আনয়নের জন্য মুখ্যমন্ত্রীকে জেলাবাসীদের তরফ থেকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্।

**শ্রীঅর্দ্ধেন্দুশেখর নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশ খাতে যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে সমর্থন জানাতে উঠে এই হাউসে অনেক পুরাণো দিনের কথা মনে পড়ে যাচ্ছে। আমি জানি এবং হাউসের যাঁরা পুরাণো সদস্য আছেন তাঁরাও জানেন এবং আপনিও জানেন পুলিশখাতে ব্যয়-বরাদ্দ যখন এই হাউসে পেশ করা হতো এখন আজকে যেখানে মাত্র দুটো ছাটাই প্রস্তাব এসেছে এবং আমরা এতজন মাননীয় সদস্য বক্তব্য রাখছি কিন্তু তখন দুশো আড়াইশোর মতো ছাটাই প্রস্তাবের উপর আলোচনা চলতো এবং সরকারের তরফে মুখ্যমন্ত্রী এবং তদানীন্তন স্বরাষ্ট্র মন্ত্রী ডাঃ রায় অথবা আমরা দেখেছি মাননীয় কালীপদ মুখোপাধ্যায় অথবা প্রফুল্লচন্দ্র সেনকে তাঁদের সমালোচনার সম্মুখীন হতে হতো। আমার একটা দিনের কথা মনে পড়ে। একটা ছাটাই প্রস্তাবের উপর আমি জবাব দিচ্ছিলাম। তখন বিরোধী সি. পি. এম দলের মাননীয় সদস্য মনোরঞ্জন হাজরা আজকে যে মাইক নিয়ে আমি বক্তৃতা করছি সেটা ছুঁড়ে মেরেছিলেন। তখন কোন রকমে প্রাণ বাঁচিয়েছিলাম। তো সে জমানা বদলে গিয়েছে। কেননা আপনি জানেন ১৯৬৭ সালে কংগ্রেসের বিপর্যয়ের পর যুক্তফ্রন্ট সরকার যখন গঠিত হয়েছি তারা কয়েক বছর যে অনিশ্চিত, অভিশপ্ত দিনগুলি চালিয়েছিল তার কথা বাংলাদেশের মানুষ স্মরণ করেই আজকের বিধানসভা তৈরী করেছে। আমরা জানি তারা কোনদিন বিধানসভায় এসে সরকার গঠন করতে পারবে না। বাংলাদেশের মানুষ তাদের বঙ্গোপসাগরে নিক্ষেপ করেছে। আমি আলোচনার সময় একটা কথা রাখবো। বিগত অধিবেশনের সময়ে বিরোধী দলের সদস্য বন্ধুরা হালদার প্রায় উল্লেখ করে থাকেন মেছোঘেরী সম্পর্কে যে নস্করদের বা সরকারের।

(শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় : ভাই তুমি কি আমাদের বিরোধী দল করে দিতে চাও ?)

তবে তিনি যখন আমাদের মোর্চারই লোক সরকারের তিনি যখন অংশীদার তিনি মাননীয় রাজস্বমন্ত্রীর কাছে থেকে জেনে নিতে পারেন যে কার কতো ফিশারী আছে। আপনারা জানেন ফিশারীর উপর কোন সিলিং নেই। আমরা অন্যায়ভাবে জমি রাখি নি। প্রত্যেক জমির বিটার্ন দাখিল করতে হয়েছে। তা না হলে মিশা যে আইন তাতে আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে গ্রেপ্তার করা হবে। তিনি প্রায়ই মেছোঘেরী সম্বন্ধে বলে থাকেন। নস্কর বলতে অবশ্য এই হাউসে অনেক নস্কর আছেন। যদি উপলক্ষ্য আমি হয়ে থাকি আমি চ্যালেঞ্জ রাখছি যে যদি বেআইনীভাবে জমি যদি নস্করদের অর্থাৎ আমাদের প্রমান করতে পারেন ফর্ম-সেভেনে যা দেওয়া হয়েছে তাহলে আমি এই হাউস থেকে ইস্তফা দিয়ে চলে যাবো। তা না হলে তাঁকে চলে যেতে হবে।

এই প্রতিশ্রুতি আমি আপনার কাছে রেখে যাচ্ছি। বাজেট session-এ প্রায়ই তিনি একথা বলে থাকেন। বরাবরই তাঁর কর্মকেন্দ্র ছিল ডায়মণ্ডহারবার সাব ডিভিসান এবং সেখান থেকে তিনি লোকসভার সদস্য হতেন। তিনি এবার সোনারপুর আসন থেকে বিধানসভায় এসেছেন। তিনি সেখানে গেছেন কিনা জানিনা, বোধহয় map-এ দেখেছেন। তাঁর যিনি নেতা আছেন তিনিই সব জানেন। আমাদের যে মোর্চা রয়েছে তার যে স্থানীয় কমিটি আছে তার মাধ্যমেই সমস্ত জিনিসের ফয়সালা আমি করছি। তা সত্ত্বেও তিনি প্রায় উঠে

House-এ কেন এ আলোচনা করেন জানিনা। যাহোক আমি challange রাখছি এবং তাঁর নেতাকে বলে রাখছি তিনি যদি প্রমাণ করতে পারেন তাহলে আমি ইস্তফা দেব, না হয় তিনি দেবেন। এবার আমি দক্ষিণ বেলেঘাটা সম্বন্ধে কিছু বলব। যুক্তফ্রন্ট থাকাকালীন সারা পশ্চিমবাংলার মানুষ যেভাবে নির্যাতিত হয়েছিল তার শেষ নেই। আমাদের বেলেঘাটার নারায়ণ কর, তাপস বোসের হত্যাকাণ্ডের পেছনে যে চক্রান্ত ছিল তারজন্য আমি কাউকে সরাসরী দোষী সাব্যস্ত করছি না। আমি জানি তখনকার বহু সর্বভারতীয় C.P.M. নেতা বেলেঘাটায় থাকতেন। ১২ই জুলাই কমিটির নেতাও সেখানে থাকতেন এবং তাঁর রক্ষণাবেক্ষণের জন্য পুলিশ খুব সক্রিয় ছিল। কিন্তু এই যে দুটি তরুণপ্রাণ অকালে গেল তার কি হল? এবিষয়ে আমরা বহুবার উপরে জানিয়েছি। কিন্তু কর্তৃপক্ষের সজাগ দৃষ্টি এদিকে পাইনি। হয়ত আমাদের অবহেলার জন্য এই দুটি প্রাণ অকালে চলে গেছে। আমি তাই আপনার মাধ্যমে বলব তদানীন্তন পুলিশ কর্মচারী যারা ঐ এলাকায় ছিল তাদের জন্য একটা তদন্তের ব্যবস্থা করা হোক। এরপর আমি ২।১টা কথা পুলিশ দপ্তর সম্পর্কে বলব। আমাদের পশ্চিমবাংলার পুলিশ ও কোলকাতা পুলিশ মিলিয়ে প্রায় ৬৫ হাজার পুলিশ কর্মচারী আছে। এছাড়া মুখ্যমন্ত্রী বললেন আমাদের গ্রামাঞ্চলে Home Guard-এর যারা কাজ করে এবং কোলকাতা শহরে যারা কাজ করে তাদের সংখ্যা কোলকাতা শহরে ৩ হাজার এবং গ্রামাঞ্চলে প্রায় ১০ হাজার। আমি যখন পুলিশ দপ্তরে ছিলাম তখন একটা পরিকল্পনার কথা ভাবতাম যে দেশে বন্যায়, খরায় আমাদের যখন military ডাকতে হয় তখন আমাদের পুলিশ বাহিনীকে যদি সামরিক ধাঁচে গঠন করতে পারি তাহলে অনেক কাজ হয়। আমাদের বড় আশা ছিল যে বাংলাদেশে একটা Bengal Battalion হবে, কিন্তু ভারত সরকার তা মঞ্জুর করেননি। আমাদের পুলিশ বাহিনীর যদি সেই ধাঁচে গঠন করে পরিকল্পনা গ্রহণ করতে পারি তাহলে বহু তরুণ যুবক কাজ পাবে। আমাদের পুলিশ বাহিনীর যে reserve force আছে তাকে যদি সামরিক ধাঁচে গঠন করি তাহলে কথায় কথায় military ডাকার প্রয়োজন হয় না। বন্যার সময় যে military তলব করতে হবে তখন এই পুলিশ বাহিনীকে দিয়ে এই কাজ করাতে পারব। সুতরাং এই পুলিশ বাহিনীকে যদি সেরকমভাবে তৈরী করতে পারি তাহলে বহু যুবকের কর্মসংস্থান হবে এবং আমাদের বহুদিনের আশা-আকাঙ্ক্ষা পূরণ হবে।

[6-40—6-50 p.m ]

মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে একটা কথা বলেছেন, শুনে আমার খুব ভাল লাগল। তিনি বলেছেন জনসেবার কাজে আজকে বহু ভাল ভাল ছেলে আমাদের এই বিভাগে আসছে' মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একদিনের কাহিনী আপনার কাছে রাখছি। আমি যখন এই দপ্তরে ছিলাম তখন জয়নগর থেকে ফিরছি, রাত্রি তখন ১২টা হবে, রাস্তায় দেখলাম একজন পুলিশ কর্মচারী এবং তার সঙ্গে দু'জন সিপাই দাঁড়িয়ে আছে। সেই অন্ধকারে আমার গাড়ীকে হাত দেখিয়ে দাঁড় করাল। তারা আমার পরিচয় জানত না। আমি জিজ্ঞাসা করলাম কোথায় গিয়েছিলে, তারা বলল আমরা তদন্তে গিয়েছিলাম, বারুইপুর থানাতে যাব, দয়া করে আমাদের ওখানে নামিয়ে দেবেন? তারা আরো বলল দেখুননা সরকারী কাজে ২ দিন বেরিয়েছি, ফিরতে এত রাত্রি হয়ে গেল কিভাবে যাব, আপনারা এলেন তাই আপনার গাড়ীতে যাবার একটা সুযোগ পেলাম। আমি বললাম আপনি তো থানায় বসে এই কাজটা করতে পারতেন। আমি পরিচয় গোপন করে পরীক্ষামূলকভাবে এই কথাটা বললাম। তিনি বললেন দেখন আমার এক কলমের আঁচড়ে একটা

মানুষের জীবন মরণ নির্ভর করে সুতরাং আমাদের এটা করা উচিত নয়। আমরা একদিন শুনতাম একটি বুড়ি একজন হাকিমকে বলেছিল, বাবা, তুমি হাকিমী ছেড়ে দারোগা হও, এখন সেই জমানা বদলে গেছে। আমি তাদের থানায় নামিয়ে দিয়ে নাম নিয়ে তদানীন্তন আই, জি, হীরেন সরকারকে জানিয়ে ছিলাম যে ছেলেটি বড় ভাল, ওকে প্রমোশান কিছু দিতে পারেন কিনা দেখবেন। মুখ্যমন্ত্রী মহাশয় বললেন ওই রকম ভাল ভাল ছেলে পুলিশ বিভাগে আসছে, শুনে খুব ভাল লাগল। আমি আর একটা কথা বলছি সেটা হচ্ছে কলকাতার ট্রাফিক প্রবলেম সম্বন্ধে। পিক আওয়ারের সময় বিশেষ করে অফিস আওয়ারে এবং ছুটির পরে স্লো মুভিং ভেহিকিল্সকে কণ্ট্রোল করা দরকার। সকাল ১০টা এবং বিকাল ৪টার সময় স্লো মুভিং ভেহিকিলগুলির চলাচল নিষিদ্ধ পুলিশকে দিয়ে করলে খুব ভাল হয়। আমি এবার আমার নিজের এলাকার কথা বলতে চাই। আমার নির্বাচনী এলাকার পাশাপাশি সুব্রত বাবুর নির্বাচনী এলাকা। ওর একদিকে ২৪-পরগণা আর একদিকে কলকাতা। বর্ডারগুলিতে প্রায়ই দেখি চোলাই মদ, স্মাগলিং হয়ে চলে যায়। বেঙ্গল পুলিশের এলাকার মধ্যে কলকাতা পুলিশ সরাসরি গিয়ে তাদের সম্পর্কে কোন স্টেপ নিতে পারে না। আমি অনুরোধ করব বর্ডার এলাকাগুলি যদি বাড়িয়ে দেওয়া যায় তাহলে তাতে কলকাতা পুলিশের দ্বারা অনেক কাজ পাওয়া যাবে। আর একটা কথা আমি উল্লেখ না করে পারছি না সেটা হচ্ছে গত বছর বেলেঘাটা অঞ্চলে ঠিক নির্বাচনের কিছু আগে সন্ত্রাসের রাজত্ব ছিল। মিয়া বাগান অঞ্চলে বেলেঘাটায় কোন পুলিশ কর্মচারী আগে প্রবেশ করত না বর্তমানে যিনি পুলিশ কমিশনার তিনি সাহস অবলম্বন করে যেদিন ওর মধ্যে প্রবেশ করলেন সেদিন ওর মধ্যে যারা দুষ্কৃতকারী ছিল তারা সেখান থেকে পালিয়ে গেল। তার বোমার পর বোমা নিক্ষেপ করেছিল, পাইপগান, রিভলভার ব্যবহার করেছিল, আমাদের বর্তমান পুলিশ কমিশনার কোন রকমে তাঁর প্রাণ রক্ষা করেছিলেন। আমাদের পুলিশ কমিশনারের মত বরবারে পুলিশ যদি এই রকমভাবে সাহস অবলম্বন করে এইসব কাজে এগিয়ে আসেন তাহলে আমাদের দাবর বকাং সাধিত হবে। এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীলালচাঁদ ফুলমালি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মন্ত্রীমহাশয় পুলিশ খাতের জন্য ব্যয় বরাদ্দ যেটা এনেছেন সেই প্রসঙ্গে আমি দু-চারটি কথা বলব। আমরা জানি পুলিশ হচ্ছে দেশের নাগরিকের শান্তি বাহিনী। কিন্তু আমরা দেখছি সেই শান্তি বাহিনী কায়েমী স্বার্থ প্রতিক্রিয়াশীলদের দাস হিসেবে কাজ করে চলেছে। অনেক মাননীয় সদস্য পুলিশের সুনাম এবং পুলিশের গৌরবের কথা বলেছেন। আমি যেমন তাদের সেই সমস্ত কথার অংশীদার হতে চাই, সাথে সাথে তাদের দুঃখ-দুর্দশা, তাদের স্থানাভাব, তাদের বাসস্থানের সুষ্ঠু ব্যবস্থা হোক এটাও চাই। আজকে পুলিশ যে কাজ করে চলেছেন সে সম্পর্কে আমাদের মুখ্যমন্ত্রী বললেন যে পুলিশ জনসাধারণের কাছে জনপ্রিয় হয়ে গড়ে উঠবে এবং দেশে একটা নূতন অবস্থা গড়ে উঠবে। কিন্তু আমরা দেখছি পুলিশ জোতদারদের কথায় চলছে, কায়েমী স্বার্থবাদীদের কথায় চলছে এবং গরিব মানুষ থানায় গেলে তাদের ডায়েরি নেওয়া হয়না, গরিব মানুষ থানায় গেলে তাদের কথার মূল্য দেওয়া হয়না এবং যে মানুষ জমি থেকে উচ্ছেদ হয়েছে সেই মানুষ যখন থানায় দারোগাবাবুর কাছে আসে তখন তার কথার মূল্য দেওয়া হয়না। কিন্তু পরক্ষণেই দেখা যায় যে জোতদার, যে জমির মালিক কৃষককে উচ্ছেদ করেছে, কৃষককে ডাণ্ডা মেরেছে গুণ্ডা দিয়ে তার সঙ্গে কথা বলার জন্য দারোগাবাবু অত্যন্ত আগ্রহী। তার প্রত্যক্ষ প্রমাণ ময়ূরেশ্বর থানার বেগুনিয়া গ্রামে গত ১২শে জুলাই সকাল সাতটার সময় বর্গাদার শক্তিপদ গায়েন এবং তার ভাই যখন জমিতে চাষ দিতে চলেছে সেই অবস্থায় জোতদার ত্রিশূলধারী তাদের বল্লম দিয়ে জখম করে ফেলে। সেই কৃষক ছুটে এল থানায়, কিন্তু দেখা গেল থানার পুলিশ সেই ব্যাপারে কোন রকম হস্তক্ষেপ করা দূরের কথা, বরং তারা

বলছে তুমি জোর করে চাষ করতে গেছ, কেন গেছ, তুমি অন্যায় করেছ ইত্যাদি, ইত্যাদি। তখন আমি গিয়ে বললাম আপনি সেখানে যান এবং তদন্ত করুন এবং যদি দেখেন এই কৃষক দখলদার কৃষক বা সত্যিসত্যি বর্গাদার তখন আইনে যে প্রোটেকসনের ব্যবস্থা আছে, যে সাহায্যের ব্যবস্থা আছে সেটা আপনি দিন। কিন্তু তারা সেই রকম সাহায্য দিলেননা। পরিশেষে জে, এল, আর, ও-র কাছে বর্গাদার যে রেকর্ড করেছে সেই রেকর্ড বলে যখন জে, এল, আর, ও পুলিশকে লিখে দিলেন তখন থানার ও, সি, আমতা আমতা করে বললেন দুই পক্ষকে ডেকে আপোস করুন যাতে তাড়াতাড়ি হয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই হোল আমাদের পুলিশের অবস্থা। পুলিশের মধ্যে বড়বাবু, মধ্যমবাবু, ছোটবাবুদের সঙ্গে কায়েমীস্বার্থ এবং জোতদারদের সম্পর্ক খুবই ভাল। আর যারা নিম্ন কর্মচারী অর্থাৎ সিপাই এবং পেয়াদা তাদের সঙ্গে এই সমস্ত কায়েমীস্বার্থবাদীদের যদিও যোগাযোগ থাকে কিন্তু ...কেটস্থের সুযোগ তারা পায় না। তারা এই সমস্ত বড়বাবু, মধ্যমবাবু এবং ছোটবাবুদের ...যোগ করে দেন। এঁরা বেশীরভাগই খাটে এবং যখন কোন সমস্যার সম্মুখীন হতে হয় তখন এই ছোটদেরই যেতে হয়, বড়দের গায়ে কোন আঘাত লাগেনা।

6-50—7-00 p.m.]

এই হচ্ছে আমাদের জনসাধারণের দেশসেবক এবং শান্তিবাহিনী পুলিশ। আর ...কটা কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই। আমি ময়ূরেশ্বর কেন্দ্র থেকে নির্বাচিত ...ম, এল, এ। আমার এলাকার পাশে রামপুরহাট থানা এবং এই রামপুরহাট মহকুমা সেখানে ...চ্ছে আমাদের কোর্ট, সেখানে এস, ডি, ও, অফিস, সেখানে সমস্ত মামলা মোকর্দমা ইত্যাদি হয়। ...খানে আমরা দেখেছি যে জেল গেটে যদি আসামীদের দেখতে যেতে হয় তাহলে আসামী ...তি দুই টাকা করে সেলামী দিলে আসামীদের দেখতে পাওয়া যায়। তাছাড়া জামীন ...বাতে গেলে জামীনের সময় মোক্তারনামা সহি করতে হয় জেলের ভেতরে। সেই জামীন-...মা নিয়ে যদি যাই দশজন কিম্বা কুড়ি জন যদি আসামী হয় তাহলে আসামী প্রতি জেলের ...তর যে দারোগা আছে তাকে সেলামী দিতে হবে। তারপর যখন জামীন হয়ে গেল ...কিল যখন জামীন নিয়ে ফেললো পুলিশ তখন তাদের একটা কাগজ দেয় সেটাকে বলে ...ট, সেটা নিতে গেলে এক টাকা করে সেলামী দিতে হয়। পুলিশ এইভাবে ঘুষ খাচ্ছে। ...ই ঘুষ খাওয়ার ফলে পুলিশ নিরপেক্ষ হতে পারে না। আমরা যখন থানায় জরুরী কাজে ...ই তখন বড় দারোগার সঙ্গে দেখা করতে পারি না। যখন জিজ্ঞাসা করি বড় দারোগা ...থায় গেলেন তখন বলা হয় বড়বাবু বাইরে গেছেন কিন্তু কিছুক্ষণ পরে দেখি থানার ...শেই বড়বাবুর বাড়ী। স্পেশালিষ্ট ডাক্তার যেমন হাসপাতালে রোগী দেখেন, এক একটা করে ...মনি বড়বাবু পর্দার আড়াল থেকে এক একটা করে কায়েমীস্বার্থের লোক বেরিয়ে আসছে আর ...দের সঙ্গে গোপন কথাবার্ত্তা বলছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি যে উদ্দেশ্যে সুষ্ঠু বক্তৃতা দিলেন ...ই বক্তৃতা যাতে সার্থক হয় সেজন্য আমরা আপনাকে সাহায্য করতে প্রস্তুত, কিন্তু শুধু মুখের ...য় কিছু হবে না, এই পুলিশকে যদি সঠিকভাবে চালাতে হয়, এই পুলিশকে যদি নিরপেক্ষ-...বে চালাতে হয়, তাহলে থানাভিত্তিক একটি করে সর্বদলীয় কমিটি করতে হবে এবং এটা করতে ... জনসাধারণের স্বার্থে এবং দেশের নূতন অবস্থা সৃষ্টি করার স্বার্থে। পরিশেষে আমি বলতে ... ব্যয় বরাদ্দের প্রস্তাব সমর্থন করে মুখ্যমন্ত্রী বললেন যে অধিকাংশ পুলিশ ভাল, কিছু কিছু ...াপ আছে; কিন্তু আমি মনে করি অধিকাংশই খারাপ কিছু কিছু ভাল আছে এবং সেই কিছু কিছুর

সঙ্গে সবাইকে ভাল করে নেবার জন্য যে প্রচেষ্টা চলছে তা সার্থক হোক এই ব্যাপারে আমাদের সমর্থন থাকবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীললিত গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের জনপ্রিয় সরকারের জনপ্রিয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় আজকে পুলিশ খাতে যে ব্যয় বরাদ্দ চেয়েছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। পূর্ণ সমর্থন করছি এইজন্য যে ১৯৬৭ সালের পর থেকে আরম্ভ করে ১৯৭০ সালের শেষার্দ্ধ পর্যন্ত আমরা দেখেছি যে পশ্চিমবঙ্গে যে খুনের রাজনীতি চলেছিল আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তথা আই. জি. থেকে আরম্ভ করে হোমগার্ড পর্যন্ত তাঁরা যে অক্লান্ত পরিশ্রম করে পশ্চিম বাংলায় শান্তি স্থাপন করতে পেরেছেন তারজন্য প্রথমেই আমি তাঁদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে পুলিশ খাতে বলতে গিয়ে আমাদের বলতে হচ্ছে, আমাদের সি. পি. আই. বন্ধু একজন বললেন যে বেশীর ভাগ অংশই পুলিশের খারাপ। এটায় আমরা কিন্তু একমত নই। একথা বলতে হচ্ছে এইজন্য যে. যে সমস্ত পুলিশ অফিসাররা, যে সমস্ত কনেষ্টবলরা ও হোমগার্ডরা আছেন, তাঁরা আমাদের মত ঘরের ছেলে, তাঁরা আজকে পুলিশের চাকরী করতে এসেছে, তাঁদের যদি অন্যায় হয়ে থাকে, তাঁরা যদি অন্যায় করে থাকেন তাহ'লে সেই অন্যায় শুধরাতে হবে আমাদের এই পুলিশ ডিপার্টমেণ্টের। আজকে আমি আমার সরকারের কাছে কয়েকটি অনুরোধ করবো যে আমরা দেখতে পাচ্ছি যে এক একটি থানা চালাবার জন্য যতগুলি পুলিশ সেখানে প্রয়োজন সংখ্যার ভিত্তিতে সেখানে কিন্তু সেইরকম সংখ্যায় পুলিশ দেওয়া হচ্ছেনা বা সেখানে সেইরকম নেই। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করবো যে লোক সংখ্যার ভিত্তিতে সরকার ৫০ হাজার লোক পিছু অন্ততঃ একটা করে পুলিশ ক্যাম্প স্থাপন করা হোক। এবং এইভাবে নূতন করে প্রতিটি অঞ্চলে অঞ্চলে যদি একটি করে পুলিশ ফাঁড়ি স্থাপন করা হয় তাহলে আমার মনে হয় আরো শান্তি স্থাপন করা খুব তাড়াতাড়ি সম্ভব হবে। আজকে পুলিশের সঙ্গে হোমগার্ডদের খুব তফাৎ আছে। হোমগার্ড যারা আমরা জানি, তারা গ্রামের ছেলে তাদেরকে কিন্তু ঠিক পুলিশের সম্মান দেওয়া হয়না। তাদের পুলিশের পর্যায়ে ফেলা হয়না। আমরা দেখতে পাই যে হোমগার্ডদের বিভিন্ন জায়গাতে অক্লান্ত পরিশ্রম করতে হয়. পুলিশদের থেকেও তারা বেশী পরিশ্রম করে, কিন্তু তাদের যে পারিশ্রমিক দেওয়া হয় তা তুলনায় অত্যন্ত কম। পুলিশের খাতে আমরা দেখতে পাচ্ছি যে যদি একজন পুলিশ হঠাৎ মারা যায়, কারো দ্বারা আক্রান্ত হয়ে মারা যায়, তাহলে তার সংসার খরচ বাবদ এই মুখ্যমন্ত্রী মহাশয় ১০ হাজার টাকা মঞ্জুর করেছেন। কিন্তু কয়েকদিন আগের ঘটনা. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে মগরাহাট থানার মূলটি গ্রামে সশস্ত্র নকশাল আক্রমণের বলি হিসাবে একজন হোমগার্ড মারা গিয়েছে। তার সংসার চালাবার জন্য হয়ত তার পাঁচটি ছেলে তার মা এখন পথের ভিখারী হয়েছে. কিন্তু তারা কোন সাহায্য এখনো পাচ্ছেনা। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই সমস্ত হোমগার্ড যারা মারা যাচ্ছে নকশালের আক্রমণে তাদেরকে অন্ততঃ ১০ হাজার টাকা করে ক্ষতিপূরণ হিসাবে দেওয়া হোক। আমি জানি যে বিভিন্ন পুলিশ ক্যাম্প যে সমস্ত জায়গায় আছে তাদের পরিচালনা করার জন্য যে সমস্ত পুলিশ অফিসার নিয়োগ করা হয়েছে যারা সরকারের সঙ্গে ঠিকমত তাল রেখে চলতে পারছেনা। সেই রকম কিছু কিছু যা আছে সেই সমস্ত পুলিশ অফিসারদের শুধুমাত্র বদলি করে শাস্তি দেবার ব্যবস্থা করলে আমার মনে হয় ঠিকমত শাস্তি দেওয়া হবেনা। যদি সেই রকম কোন অফিসার থাকে তাদের হয় সাসপেণ্ড করা হোক, না হয় তাদের চাকরী থেকে চিরতরে বরখাস্ত করা হোক এই দাবী আমি করছি। আজকে পুলিশ খাতে বলতে গিয়ে একটা কথা না বলে পারছি না যে আমরা দেখতে পাচ্ছি যে কনেষ্টবলদের চেহারা দারোগাবাবুদের চেহারা, বড়বাবু থেকে ছোটবাবু পর্যন্ত, তাদের চেহারা বেশ খুলে যাচ্ছে. কিন্তু কনেষ্টবলদের চেহারা সেই জরাজীর্ণ শীর্ণ অবস্থায়ই রয়েছে। এটা কেন হচ্ছে তার বিস্তারিত বিবরণ

এখানে আমি দিতে রাজি নই। যাই হোক, তবুও আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে উৎপীড়িত ও নিষ্পেশিত যেসমস্ত মানুষ পশ্চিমবঙ্গে আছে তাদের কাছে আমাদের পুলিশরা সব সময়ে থাকবে বা আছে। অত্যন্ত দুঃখের সঙ্গে আজকে জানাতে বাধ্য হচ্ছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে বিভিন্ন জায়গাতে, অনেক বক্তা এখানে বলেছেন, ভাগচাষীর আন্দোলনকে সেখানে দমিয়ে রাখবার জন্য, ভাগচাষীদের উচ্ছেদের জায়গায় পুলিশ কিন্তু সেখানে সক্রিয়ভাবে সাহায্য করছে। আমি জানি আমার এলাকায়, বারুইপুর, সোনারপুর, ভাংগড় ইত্যাদি জায়গায় সেখানে চুরি ডাকাতি রাহাজানি বেড়ে যাচ্ছে সেখানে পুলিশ পোষ্টিং না দিয়ে সেই সমস্ত ভেরীর মালিকদের স্বার্থে পুলিশ সেখানে দেওয়া হচ্ছে। অবিলম্বে সেখান থেকে এই সমস্ত পুলিশ ফাঁড়ি তুলে নেওয়া উচিত বলে আমি মনে করি। আমাদের মাননীয় সদস্য লক্ষ্মীদা বলেছেন, উদাহরণ দিয়েছেন, যে কনেষ্টবলরা দারোগা বাবুর মশারীর খোটা ধরে দাঁড়িয়ে থাকে। তা আমার কাছে এমন নমুনা আছে যে সেখানে দেখা গিয়েছে যে একজন নকশালকে বা একজন চোরকে ধরতে গিয়ে ঐ সমস্ত সি. আই. বা কনেষ্টবল বা ঐ সমস্ত পুলিশ অফিসাররা, তারা সারা রাত্রি কিছু না পেয়ে তাদের শরীর ঠাণ্ডা করার জন্য ঐ সমস্ত বাড়ী থেকে ডাব পেড়ে নিয়ে এসে তাদের ডাব খাওয়ান হয়েছে। খাওয়ার জন্য কিছু না পেয়ে হয়ত এক কাঁদি কলাই নিয়ে এলো পেট ঠাণ্ডা করার জন্য। এই সমস্ত পুলিশ অফিসার যদি এখনো প্রতি থানায় থাকে তাহলে প্রশাসনযন্ত্র আরো দুর্বল হয়ে পড়বে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker** : Honourable Members, time for discussion of this Grant expires at 7.05 p.m. There are a few speakers still left, and specially the Chief Minister will have to reply. I therefore, according to rule 290 seek your permission to extend the time by one hour maximum.

**Shri Biswanath Mukherjee** : All right.

**Mr. Deputy Speaker** : So the time is extended by one hour. I now call upon Dr. Bhupen Bijali to speak.

[7-00—7-10 p.m.]

**শ্রীভুপেন্দ্রনাথ বিজলী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছেন এই হাউসে তাকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমি এই বাজেটকে সমর্থন করে দু-চারটে কথা আপনার মাধ্যমে বলতে চাই। স্যার, পুলিশ সম্বন্ধে অনেক কথা উঠেছে। কিন্তু আমাদের দেশে মহাত্মা গান্ধীর প্রতিমূর্তি রক্ষা করবার জন্য পুলিশ ক্যাম্পের প্রয়োজন হয়েছিল। এই পুলিশকে দুর্নীতি মুক্ত করবার জন্য আজকে চিন্তা করা প্রয়োজন। আমি আপনার মাধ্যমে কয়েকটি কংক্রিট সাজেসান রাখতে চাই। ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট আসার পর সি. পি. এম. নেতা হরেকৃষ্ণ কোঙার ও জ্যোতিবাবু যেভাবে চক্রান্ত করে ২৩ জনকে শাস্তি দিয়েছিলেন সে কথা সুবোধবাবু তুলে ধরেছেন। যুগান্তরে যে কথা বলা হয়েছে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলবো যে তিনি এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করুন। সুবোধ দত্ত এ সম্বন্ধে বলেছেন—দ্বিজেন বন্দ্যোপাধ্যায়কে যেভাবে শাস্ত করা হয়েছে তা হাই অফিসিয়াল দিয়ে তদন্ত করে পুঙ্খানুপুঙ্খরূপে তা সকলের সামনে যাতে

খুলে যায় তার ব্যবস্থা করা উচিত। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে আপনি এ ব্যবস্থা অবলম্বন করুন। আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী হোমগার্ডের কথা বলেছেন। তিনি হোমগার্ডদের প্রেজেন্ট ষ্টাফদের সহযোগীতার কথা বলেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা জীবন বিপন্ন করে ১৯৬৯ সাল থেকে ১৯৭২ সাল পর্যান্ত যেভাবে সাহসের সঙ্গে সন্ত্রাসের বিরুদ্ধে এই হোমগার্ড বাহিনী দায়িত্ব পালন করে যাচ্ছে যেভাবে তারা সরকারের দায়িত্ব পালন করছে তাতে তারা যাতে স্থায়ী বাহিনীতে পরিণত হতে পারে তারা যাতে সুখে স্বাচ্ছন্দে থাকতে পারে সে ব্যবস্থা আমাদের করতে হবে। আমাদের আর একটা কথা চিন্তা করতে হবে সেটা হল সাধারণ পুলিশ কর্মচারীর কাজের অসুবিধার কথা। আমাদের ভাবতে হবে তাদের জীবনের ন্যূনতম চাহিদার কথা, তারা যেভাবে অবহেলিত হচ্ছে সে কথা আমাদের ভাবতে হবে। তাদের বাসস্থানের কথা আমাদের চিন্তা করতে হবে। তারা জায়গার অভাবে কাজ করতে পারে না। আমি একটা থানার কথা বলতে পারি আমার এলাকার কথা মহেশতলা থানা, সেখানে অফিসাররা বসতে পারে না একটুও জায়গা নেই—তারা বসে কাজ করতে পারে না। এরূপ একটা সিচুয়েসানের মধ্যে তাদের কাজ করতে হয়।

এগুলি লক্ষ্য করা উচিত। আমরা সমালোচনা করি নিশ্চয়ই সমালোচনা করবো। আমরা তাদের বিরুদ্ধে নানারকম অভিযোগ দুষ্কর্মের অভিযোগ করে থাকি। তাদের সুষ্ঠু কাজ কর্মের জন্য যেসমস্ত মালমশলা প্রয়োজন, সেগুলি তাদের জন্য ব্যবস্থা করা দরকার।

আমরা পুলিশের বিরুদ্ধে দুর্নীতির নানা অভিযোগ আনছি, আরো আনবো দরকার হলে। কিন্তু একটা কথা বলবো—সমাজে জাষ্টিসের অভাব। শুধু পুলিশ কেন সমাজের প্রত্যেক ক্ষীয়ারে এই দুর্নীতি রন্ধ্রে রন্ধ্রে ঢুকেছে। তাই অনুরোধ করবো এখানে justice প্রয়োজন। তার জন্য আবেদন করে আমার বক্তব্য এখানে শেষ করছি।

**ডঃ এস. কে. ওমর আলি ঃ** মাননীয় স্পীকার স্যার, পুলিশ খাতে ব্যয় বরাদ্দের মঞ্জুরীর দাবী সম্পর্কে অনেক আলোচনা মাননীয় সদস্যরা করেছেন। সুতরাং এই সম্পর্কে আর বেশী কিছু আলোচনা করার দরকার আছে বলে আমি মনে করছি না।

মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী এই বাজেট বরাদ্দ উত্থাপন কালে যে বক্তব্য রেখেছেন এবং তাঁর বক্তব্য শেষ করবার সময় যে আশার কথা বলেছেন, সেই আশা পুরোপুরি সফল হোক্—এটা আমরাও কামনা করবো। কারণ আমি মনে করি যে কোন সরকার কতটা ভাল কি মন্দ তা গ্রামের লোকেরা পুলিশের কাজকর্ম দেখে বিচার করে। আমাদের যে পুলিশ আছে, সেই পুলিশের একটা হেরিডিটি আছে কলোনিয়াল হেরিডিটি, এই হেরিডিটি আছে বলে পুলিশের হাতে ক্ষমতা তুলে দেই। পুলিশ জনগণের জীবন ও সম্পত্তি ও শান্তি-শৃঙ্খলা রক্ষা করবে—বলি বটে, কিন্তু তা বললেই পুলিশ সেইমত কাজ করে না। বরং জনতার নিপীড়ক শক্তি হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করেন। সেইমত অবস্থা এখনো চলে আসছে। আমরা জানি, আগেও দেখেছি পুলিশের সঙ্গে সমাজবিরোধীদের যোগাযোগ থাকে, পুলিশের সঙ্গে কায়েমীস্বার্থের যোগাযোগ থাকে, কালোবাজারীদের যোগাযোগ থাকে, গুণ্ডাবদমায়েসদের যোগাযোগ থাকে। অনেক সময় পুলিশের সহযোগিতায় তারা অনেক দুষ্কর্ম করে, অনেক অত্যাচার অনেকের উপর চালিয়ে যেতে পারে। এখন সেখানে দেখছি পুলিশের সঙ্গে জোতদারদের ঘনিষ্ঠ যোগাযোগ, কায়েমীস্বার্থবাদীদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ। যে ভূমি সংস্কার আমরা করতে চাই সেখানেও দেখা যাচ্ছে পুরোপুরি ভাবে পুলিশ চাষীদের বিরুদ্ধে সর্বশক্তিকে প্রয়োগ করছে। অনেক মাননীয় সদস্য এই সম্পর্কে অনেক তথ্য

এখানে তুলে ধরেছেন। আমিও কয়েকটি ঘটনার কথা শুধু এই সম্পর্কে এখানে উপস্থিত করছি। পুলিশ যে টাকার বসে, টাকা ছাড়া সে এক পাও অগ্রসর হয় না। অনেকের সে অভিজ্ঞতা আছে অনেকে সেকথা বলেছেন।

আমি একটা ঘটনার কথা এখানে উল্লেখ করছি। পাঁশকুড়া থানায় কিশোরপুর গ্রামে এক মহিলার সম্পত্তি বানেশ বিজয় পাণ্ডা নামে একজন আত্মসাৎ করে। তখন ঐ মহিলা গ্রামের সালিশ ডাকে। আমিও সেখানে সালিশী করতে যাই। সেখানে আমি উপস্থিত ছিলাম, সেই সম্পর্কে সকলে আলোচনা করে একটা সিদ্ধান্তে আসি—যে ব্যক্তি ঐ মহিলার সম্পত্তি আত্মসাৎ করেছিল—তিনি সেটা ছেড়ে দিতে রাজি হন। তারপর যখন মহিলাটি সেই জমি চাষ করতে যায় গ্রামের লোকের সাহায্যে, তখন অন্য লোকের প্ররোচনায় ঐ বানেশ বিজয় পাণ্ডা থানায় গিয়ে ডায়েরী করে এবং কেসটি এমনভাবে সাজান হয় যে সেখানকার পুলিশ বেশীরভাগ গ্রামবাসীর বিরুদ্ধে ৩০৭ ধারায় মামলা রুজু করে দেয়।

[7-10—7-20 p.m.]

আমরা নিজেরা এই ঘটনার প্রতিবাদ করা সত্ত্বেও কোন কাজ হয় নি। শেষ পর্যন্ত দেখা গেল মোটা টাকা খেয়ে দারোগাবাবু সেই মামলা চেপে দিয়েছেন। পাঁশকুড়া থানার পুলিশের দুর্নীতি সম্পর্কে অনেক অভিযোগ আছে—আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে সেই অভিযোগগুলি দিয়েছি এবং সেগুলি নাকি তদন্ত হচ্ছে বলে শুনেছি। এখানে একটি মামলা হয়েছিল লোহার রড চুরি করার ব্যাপারে। সেই মামলার দোষীর অপরাধকে হালকা করে দেবার জন্য আমি শুনেছি যে ১৬ হাজার টাকা ঘুষ খেয়ে পুলিশ তার ডায়েরীর পাতা খুলে নিয়ে পাতা বদলে দিয়েছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে লিখিতভাবে জানিয়েছি জানি না তার ফলাফল কি হবে—এখন দেখছি যে সেই ও. সি. বহালতবিয়তে আছে, শুনছি নাকি তার প্রমোশন হবে। গত ১৯শে জুন তারিখে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট সমস্ত দলের নেতাদের নিয়ে তাঁর খাস কামরায় একটা বৈঠক করেছিলেন। সেই বৈঠকে সিদ্ধান্ত হয়েছিল যে অন্য কোন সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ১৯৭০ সাল থেকে যে চাষী যে জমি দখল করে আছে সেটা তারই দখলে থাকবে। এই নিয়ম চালু থাকা সত্ত্বেও পুলিশ এখানে বাধা সৃষ্টি করছে। এইভাবে একজন ভাগচাষী শ্রীবিষ্ণু ঘোষ ২০ বছর ধরে সে জমি চাষ করছে—কিন্তু ১৬ই জুলাই তারিখে সে যখন জমি চাষ করতে গেল তখন জোতদারের লোক সেখানে বাধা সৃষ্টি করলো—হামলা চালালো ভাগচাষীকে মারধোর করে ফেলে রেখে দিল। এই হামলা সারা দিন ধরে চলেছিল এবং বার বার ৬ বার পুলিশকে থানায় গিয়ে জানানো সত্ত্বেও—সেখানে ডায়েরী করা সত্ত্বেও পুলিশ সেখানে যায় নি। ১৮ই তারিখে সি. পি. আই-এর হস্তক্ষেপ করার ফলে যদি ও পুলিশ তদন্তে গেল, পুলিশ সেখানে জমি জায়গা সম্পর্কে টুকিটাকি তদন্ত করলেন কিন্তু হামলা সম্পর্কে কোন ব্যবস্থা হোল না। গত ১৮ই তারিখে এই ঘটনা ঘটে এবং এই ভেষ্টেড জমিটি ছিল প্রতাপ জানার এবং সেখানে সেটা চাষ করতো অজিত মাইতি—সে বহুদিনের ভাগচাষী ছিল। সেখানে দেখা গেল শ্রীপ্রতাপ শঙ্কর জানা থানায় ডায়েরী করার সঙ্গে সঙ্গে পুলিশ গিয়ে অজিত মাইতি এবং অঞ্জন কামাদকে থানায় ধরে নিয়ে এলো এবং আপোষ মীমাংসা করার অজুহাতে তাদের কয়েক ঘণ্টা থানায় আটকে রেখে দেওয়া হোল। এই অবস্থার যদি পরিবর্তন না হয় তাহলে পর পুলিশের প্রতি জনসাধারণের যে ধারণা তাদের রক্ষা করবার যে ধারণা সেটা জনসাধারণের মন থেকে সম্পূর্ণভাবে উঠে যাবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করবো যাতে তিনি পুলিশের প্রতি পুলিশ বিভাগের প্রতি তিনি সাগাপযুক্ত নজর রাখেন।

**8th Report of the Business Advisory Committee**

**Mr. Speaker** : I beg to present the 8th Report of the Business Advisory Committee which at its meeting held on the 25th July, 1972 in my chamber cosidered the question of allocation of dates and time for disposal of legislative business and recommended as follows :

| | |
|---|---|
| Monday, 31st July, 1972 . | The West Bengal Agricultural Produce Marketing (Regulation) Bill, 1972. (Introduction, Consideration and Passing) —4 hours. |
| Tuesday, 1st August, 1972 : | The West Bengal Housing Board Bill, 1972 (Introduction, Consideration and Passing)—4 hours. |
| Wednesday, 2nd August, 1972 : | 1. The Calcutta Municipal (Third Amendment) Bill, 1972 (Introduction, Consideration and Passing)—1 hour.<br>2. Discussion on Food—3 hours. |
| Thursday, 3rd August, 1972 : | (i) Resolution for Rectification of the Constitution (Twenty-eighth Amendment) Bill, 1972—1 hour.<br>(ii) Half-an-hour Discussion under rule 58 on political sufferers and their pensions —½ hour.<br>(iii) Half-an-hour Discussion under rule 58 on financial aid to different Zilla Parishads—½ hour.<br>(iv) Motion under rule 185 on the unemployment problem in West Bengal—by Shri Mrigen Mukherjee—2 hours. |
| Friday, 4th August, 1972 : | (i) The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1972 (Introduction, Consideration and passing)—half an hour.<br>(ii) Motion under rule 185 on the supply of water to the Ganges through Farakka by Shrimati Geeta Mukhopadhyay—2 hours. |

The Minister in charge of Parliamentary Affaris may now move the motion for acceptance.

**Shri Biswanath Mukherjee** : On a point of order Sir, মাননীয় স্পীকার মহাশয়, এই যে এতসব আইন আনা হচ্ছে এবং আইনগুলি আধ ঘন্টা, এক ঘণ্টা, দু ঘণ্টায় সব পাশ হবে, তাহলে অন্ততঃপক্ষে প্রত্যেকটা খসড়া ৪ দিন আগে আমাদের চাই। তা না হলে আলোচনা করে নিজেদের মতামত স্থির করা, বক্তা স্থির করা এসব কিছুই সম্ভব হবে না।

যদিও এইসব ব্যাপারে কোন স্পেশাল কমিটি হচ্ছে না, সঙ্গে সঙ্গে কনসিডারেশান, সঙ্গে সঙ্গে পাশ, সুতরাং এইটুকু অন্তত: প্রিভিলেজ মেম্বারদের দেওয়া হোক, অন্তত: ৩।৪ দিন আগে সার্কুলেট করার যেন ব্যবস্থা করা হয়।

**Shri Gyan Singh Sohanpal** : আমরা চেষ্টা করবো। Sir, I beg to move that the 8th Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

**Mr. Speaker** : I think the motion is adopted.

(pause)

I take it that the motion is adopted. I now call upon Shri Gangadhar Pramanik to speak.

**শ্রীগঙ্গাধর প্রামানিক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত পরিষ্কার কথা যে যাদের হাতে শাসনভার থাকে তাদের সমালোচনা চিরকালই হয়। বিশেষ করে পুলিশ দপ্তর যার হাতে থাকে তার সমালোচনা চিরকালই হয়ে এসেছে। যারা পুরাণো সদস্য এখানে আছেন তারা জানেন পুলিশের সমালোচনা প্রত্যেক হাউসই হয়েছে। কিন্তু আজকে পুলিশ সম্পর্কে সবাই সমালোচনা সুরু করেছেন কেন সেটা যদি আমরা অনুসন্ধান করতে চাই তাহলে আমরা দেখবো যে ভারতের সংবিধানের আনুগত্যের শপথ গ্রহণ করে যুক্তফ্রন্ট সরকার ১৯৬৭ সালে অধিষ্ঠিত হয়েছিল। তারা প্রথমেই সেই আনুগত্যের যে শপথ সেটা রক্ষা করতে পারেনি। সেটা আমরা লক্ষ্য করেছি আসানসোলে যখন বা মার্ডার হয়। সেই সময় বেল পিটিসান মুভ করা সম্পর্কে সরকারের তরফ থেকে বারণ করা হয়েছিল এবং তার যদি কৃতিত্ব কেউ পেয়ে থাকেন আমাদের এই যে সরকার এই সরকারের অন্যতম অংশীদার-এর যিনি নেতা সেই বিশ্বনাথবাবু। কারণ বিশ্বাথবাবুর বিশেষ অনুরোধে তদানিন্তন মুখ্যমন্ত্রী অজয়বাবু বাধ্য হয়েছিলেন যে এদের বিরুদ্ধে বেল পিটিসান যাতে অপোজ না করা হয়। কাজে কাজেই সরাসরিভাবে, প্রকাশ্যে পুলিশকে অন্যায় প্ররোচনা দেবার স্কুল যেটা আরম্ভ হয়েছিল সেটা ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের সময়ই আরম্ভ হয়েছিল। কাজে কাজেই এই রকম প্ররোচনা দিয়ে দিয়ে পুলিশকে ক্রমাগত অন্যায়ের দিকে নামিয়ে নিয়ে যাওয়ায় আজকে পুলিশের আচরণ নিশ্চয় অনেক ক্ষেত্রে খারাপ হয়ে দাঁড়িয়েছে। এতদিনের প্ররোচনা ১৯৬৭ থেকে ১৯৬৯ পর্য্যন্ত, যে সমস্ত ঘটনা ঘটেছে, সরকারী প্ররোচনায়, সরকারী সাহায্যে হয়েছে। কাজে কাজেই এই সমস্ত অফিসারের চরিত্র সংশোধন করতে নিশ্চয় সময় লাগবে।

[7-20—7-30 p.m.]

আমার বিশ্বাস আমাদের যিনি মুখ্যমন্ত্রী তিনি যেসমস্ত যুবককে পুলিশের রাষ্ট্রমন্ত্রী করেছেন তাতে তাঁর দৃষ্টিভঙ্গী আছে, তারা যেভাবে পরিচালনা করছেন সেই পরিচালনার মাধ্যমে যেসমস্ত বড় বড় পুলিশ অফিসার বা কর্মচারী আছেন তারা তাদের নিশ্চয় চরিত্র সংশোধন করবেন এবং যদি তারা চরিত্র সংশোধন করতে না পারেন তাহলে যেকথা আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন, এই বিশ্বাস আমরা রাখি। মুখ্যমন্ত্রীর উপর এইজন্য বিশ্বাস রাখি যে তিনি প্রতি বারই বলে থাকেন যে আমাদের নেত্রী যে কথা বলেছেন সেটা আমরা অক্ষরে অক্ষরে পালন করবো, করছি। আজকে আমি যখন ছিলাম না সেই সময় কথা হয়েছিল, গোপালপুর

সম্বন্ধে বিশ্বনাথবাবু উল্লেখ করেছিলেন যে সেখানে গোপাল গুহ বলে একজন ভদ্রলোক আছে, যার নাম হচ্ছে অমিয় কুমার গুহ এবং তার নাকি ২ লক্ষ বিঘা জমি আছে। আমি জানি না তিনি হয়ত লক্ষ্য ভ্রষ্ট হয়েছেন। কিসের লক্ষের কথা তিনি বলেছেন জানি না। তবে একটি কথা হচ্ছে যে তিনি উত্তরাধিকারসূত্রে জমিদারের সন্তান সেই জন্য তার বেশ কিছু জমি আছে। সিলিং-এর ভিতরই তার চাষের জমি আছে এবং যে জমি আছে মাছের ভেড়ীর জন্য, তাও রেজিষ্টার্ড, রেকর্ডেড্ ভেড়ী। কাজে কাজেই সেই রেজিষ্টার্ড রেকর্ডেড ভেড়ী বলে অনেক কিছু আছে। এটা যদি বলেন তাহলে আমার কিছু বলার নেই। কাজেই যেখানে সরকারের রেজিষ্টার্ড, রেকর্ডেড ভেড়ী আছে সেখানে এমন কোন এখনও আইন পাশ হয়নি যাতে করে সেই রেজিষ্টার্ড, রেকর্ডেড ভেড়ী দখল করতে পারি। আর একটি কথা তিনি বলেছেন যে সি. পি. আই. এ-র নেতা বারাসতের পরিমলবাবু তিনি ভেড়ী লুঠ ইত্যাদি এই সমস্ত ব্যাপারে আসামী হয়েছেন এবং তার বিরুদ্ধে চার্জ আছে। আপনি শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন এই পরিমলবাবুর নেতৃত্বে সি. পি আই.-এর নেতা সেখানে যিনি আছেন তারক দাস তাদের ক্যাডার, তারা ৪ জন সাধারণ চাষীকে তাদের সঙ্গে লুঠ করতে যেতে বলে। তারা যেতে রাজি হয়নি। তখন তাদের ধরে আনতে বলে এবং তাদের উপর দড়ি দিয়ে বেঁধে তাদের লাঠি দিয়ে মেরে মৃতপ্রায় করে ফেলে গিয়েছিল এবং তার ভিতর ৩ জন মারা গিয়েছিল। সেই চার্জে তারক দাস আসামী হয়েছে এবং তার এখন কেস চলছে। পরিমলবাবুও সেই কেস-এর আসামী। কাজে কাজেই তিনি এই সমস্ত যেকথা বলেছেন পুলিশের বিরুদ্ধে, এই পুলিশকে তারাই প্ররোচনা দিয়েছেন এবং পুলিশের প্ররোচনা না থাকলে এই ভাবে বেঁধে হত্যা করা যায় না। তবে একটি কথা আপনারা সকলেই জানেন যে এই প্ররোচনা কোথায় নিয়ে গিয়েছিলেন সেটা একটু ভেবে দেখুন। এই এ্যাসেম্বলী হাউসের ভিতর পুলিশ এসে লাঠিচার্জ করেছিলেন তাঁদেরই সময় ১৯৬৭ সালে এবং হাওড়ার ডি. এম. প্রহৃত হয়েছিলেন, এমন কি আমাদের যিনি বর্তমান স্পীকার নিযুক্ত হয়েছেন তিনিও সেই আঘাতপ্রাপ্তি থেকে বাঁচতে পারেন নি। তারপরে আপনারা সাঁই বাড়ীর মার্ডার-এর ব্যাপারটিও জানেন। সেখানেও পুলিশের যথেষ্ট প্ররোচনা ছিল। কাজে কাজেই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বিনীতভাবে অনুরোধ করবো যেসমস্ত পুলিশ কর্মচারী ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত এই সমস্ত প্ররোচনায় সাধারণ মানুষের উপর অত্যাচার করেছে তাদের কিন্তু প্রাইজ পোষ্ট দেবার আগে একটুখানি চিন্তা করে দেখবেন যে এই সমস্ত দায়িত্বপূর্ণ পদে রাখা চলবে কিনা এবং যাতে তাদের চরিত্র সংশোধন হয় সেইভাবে ব্যবস্থা করবেন। এই কথা বলে আমি আন্তরিকভাবে পুলিশ মন্ত্রী যে বাজেট এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** স্পীকার মহাশয়, আমাকে পার্সোন্যাল এক্সপ্ল্যানেসনের একটু সুযোগ দেবেন। উনি বলেছেন যে 'ঝা' মার্ডার থেকে এই সমস্ত আরম্ভ হয়েছে। উনি অবশ্য তখন যুক্তফ্রন্টে ছিলেন, তখন দলত্যাগ করেন নি। সেই মার্ডারে নাকি সি. পি. এম.-এর লোক বলে পুলিশ যাতে বেল অপোজ না করে তার জন্য আমি মুখ্যমন্ত্রীকে বুঝিয়ে সুজিয়ে রাজী করিয়েছিলাম। মুখ্যমন্ত্রী আমাদের এই হাউসের সদস্য। তিনি কালকে এলে এটা আপনি একটু ভোজিয়ে নেবেন। আমি বলছি এটা একটা অসত্য অভিযোগ। হারাধনবাবু এম. এল. এ. ছিলেন বলে তার ওয়ারেন্ট মুখ্যমন্ত্রী সাসপেণ্ড করে রেখেছিলেন। এ্যারেষ্ট করা হয়েছিল এবং একজন পুলিশ অফিসারকে বিশেষভাবে তদন্ত করতে পাঠানো হয়েছিল এবং তারপর তার বেল পিটিসন করা হয় এবং বেশ কিছুকাল হাজতে থাকার পর বেল পায়। উনি যে কথা বললেন, নিশ্চয় কোথা থেকে শুনেছেন। উনি আমার পরিচিত লোক, আমাকে জিজ্ঞাসা করতে পারতেন। কিন্তু নিশ্চয় শুনেছেন বিশ্বনাথবাবু এটা করে দিয়েছেন। আমি এই এক্সপ্ল্যানেসান দিলাম। মুখ্যমন্ত্রী যিনি

ছিলেন তাঁকে দয়া করে এটা জিজ্ঞাসা করা হোক, তিনি বলুন হ্যাঁ, আমাকে বলে কেউ রাজী করিয়েছিলেন যে এখুনি বেল পাওয়া দরকার। কালকে এ্যারেষ্ট হয়েছে বেল পাওয়া দরকার অনেক পরে। আমি বলছি আজ মার্ডার করে কাল বেল পেয়ে যাচ্ছে, এগুলি একটু গঙ্গাধরবাবু খোঁজ করে দেখবেন।

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ খাতে যে ব্যয়বরাদ্দের দাবী এখানে উপস্থাপন করা হয়েছে তার উপর বিভিন্ন সদস্যগণ আলাপ আলোচনা করেছেন তা আমি মনোযোগ দিয়ে শুনেছি। আজকের আলোচনায় একমাত্র সদস্য শ্রীপ্রদ্যুৎকুমার মহান্তি মহাশয়, সংগঠন কংগ্রেসের সদস্য, তার কাছ থেকে অন্ততঃ কিছু গঠনমূলক আশা করেছিলাম। কিন্তু সে সব না করে কেবল কতকগুলি individual case সম্পর্কে এখানে আলোচনা করেছেন। এটা individual caseএর আলোচনা নয়। আমি অন্ততঃ ওনার কাছ থেকে কোন একটা গঠনমূলক প্রস্তাব বা পরিকল্পনা পাবো যার উপর কিছু আলোকপাত করতে পারি। Individual case থাকলে উনি আমার কাছে পাঠাবেন আমি এ বিষয়ে তদন্ত করে দেখবো। উনি একটা কথা বলেছেন যে constableদের বাড়ীভাড়া দেওয়া হয় না। আবার বলেছেন যে কোন কোন districtএ দেওয়া হয়, কোন কোন জায়গায় দেওয়া হয় না, এটা ঠিক নয়। আমরা constableকে যা দেই তার মধ্যে শতকরা ২৫ পারসেন্ট family accommodationএ দেওয়া হয় constable এবং Head constableদের, তাছাড়া বাদবাকী ৭৫ পারসেন্ট তাদের আমরা barrackএ accommodation দেই। যদি কোথাও accommodation দিতে না পারি তাহলে তাদের ভাতা দেওয়া হয়। সেখানে কোন districtএর discrimination নেই। যে কোন district হলেই দেওয়া হয়। অন্যান্য যে সব সদস্য বক্তব্য রেখেছেন আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী তার দফাওয়ারী reply দেবেন। আমার সময় খুব কম, বর্তমানে যে পুলিশ, আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে পুলিশকে জনসাধারণের সেবক হিসাবে পেতে চাই, তাদের উপর উৎপীড়ন, অত্যাচার যাতে না হয় সেদিকে লক্ষ্য রেখে আমাদের এই সরকার পুলিশের মনোভাব পরিবর্তন করতে পারে যাতে মানুষের উন্নতিমূলক কাজ হয়, মানুষের উপর পুলিশের দ্বারা কোন অত্যাচার না হয় সেদিকে বিশেষ দৃষ্টি দেবেন। এই উদ্দেশ্য সামনে রেখে আমি ব্যক্তিগতভাবে মন্ত্রীসভায় আসার পর প্রত্যেকটি জেলায় tour করেছি এবং প্রত্যেক জায়গায় পুলিশ কর্মচারী থেকে আরম্ভ করে জনসাধারণের প্রত্যেকের সংগে মিশেছি এবং মিটিং করেছি এবং তারপর প্রত্যেককে বলেছি যে আজকে আমরা যারা সরকারে এসেছি আমরা সাধারণ দেশের নাগরিক, আমরা জনগণের প্রতিনিধি এবং যারা পুলিশে কাজ করেন তারাও সাধারণ দেশের নাগরিক। আজকে তারা Britishএর অধীনে কাজ করছেন না। তাদের নৈতিক মনোভাব পরিবর্তন করা দরকার। আমরা নিজেরা, জনসাধারণ সকলের—আমাদের মনোভাবের পরিবর্তন করা দরকার। অতীতের পুলিশের অনেক দোষ। পুলিশ মানে মানুষের মনে একটা ভীতির ভাব। পুলিশ মানে তারা ভাল লোক হতে পারে না, তারা ঘুস খায়, পয়সা না হলে তারা কোন কাজ করেনা—এটা আমাদের একটা ভুল ধারণা। পুলিশের একটা কর্তব্য আছে, তাদের এগিয়ে আসতে হবে। পুলিশ সম্পর্কে যে একটা ভুল ধারণা যে মানে পয়সা না পেলে কাজ হবে না, পয়সা না পেলে diary নেওয়া হবে না, পুলিশ মানে যত জোচ্চোর— এগুলি মানুষের মন থেকে দূর করতে হবে। আমরা যেমন সরকারী যন্ত্রে আছি, প্রশাসনে আছি, আমাদের যেমন নৈতিক কর্তব্য আছে জনসাধারণের বেলায়, যারা পুলিশের প্রশাসনে আছেন উঁচু থেকে নীচু পর্যন্ত, I. G. থেকে আরম্ভ করে সামান্য একটা constable পর্যন্ত, তাদের একটি নৈতিক কর্তব্য আছে। তাদের নামে যে অপবাদ আছে, যে দুর্নাম আছে সেটা তারা মিথ্যা বলে প্রমাণ করবে। পুলিশ কর্মচারীর অধিকাংশ সৎ, একথা শুধু বললে হবে না, বক্তৃতা দিয়ে বলে একথা বিশ্বাস করান যাবে না. যদি

পুলিশ কর্মচারীরা তাদের কাজের দ্বারা প্রমাণ করতে না পারেন যে তারা সৎ, তারা ঘুষ নেন না, তাদের নামে যে অপবাদ আছে সেটা মিথ্যা। সেজন্য তাদের কাছে আবেদন করছি। ভুল ত্রুটি থাকতে পারে, কারণ পুলিশে যারা কাজ করেন তারাও মানুষ, দেবতা নন। কাজেই দোষ ত্রুটি থাকতে পারে। হাতের ৫টি আঙ্গুল যেমন সমান নয় তেমনি সব পুলিশ Officer অসৎ এটা যেমন সত্য নয়, আবার সকলে সৎ এটাও বলছি না। ভুলত্রুটি কিছু সেগুলি শোধরাবার জন্য সময় দেওয়া দরকার। দুইশত বছরের Britishএর গোলামী করে গেছেন, কোন পরিবর্ত্তন রাতারাতি হয় না। সেজন্য তাদের কাছে স্বাধীন দেশের নাগরিক হিসাবে আবেদন করছি তাদের মনোভাবকে পরিবর্তন করতে হবে। সেই সঙ্গে আমাদেরও মনোভাবের পরিবর্তন করতে হবে। পুলিশ মানে ধরে নেওয়া না হয় যে তারা ঘুষখোর। তার জন্য প্রত্যেককে বলছি, আমরা সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছি এবং এতে ভাল ফল হয়েছে। ২১১টি জায়গায় হয়ত কিছু হয় নি, সেটা আমরা বিশ্বাস করি না, এটা আমরা বিশ্বাস করি আগামী দিন শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা পুলিশ প্রশাসনকে জনসাধারণের সেবায় যাতে নিয়োজিত করতে পারি, এই দুর্নাম, কলুষিত থেকে তাদের যাতে মুক্ত করতে পারি সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে। এই কথা বলে বাজেটের যে cut motion আনা হয়েছে তার বিরোধিতা করে বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[7-30—7-40 p.m.]

**শ্রীসুব্রত মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ বাজেটের ইতিহাসে স্বরাষ্ট্রমন্ত্রী বোধ হয় নূতন করে একটা নজির স্থাপন করলেন। এই নজির স্থাপন করাতে সবচেয়ে যাদের বেশী সুবিধা হলো, স্বরাষ্ট্র মন্ত্রী, সরকারের এবং সরকারের সমর্থনপুষ্ট দলের। অসুবিধা সবচেয়ে বেশী হয়েছে সাংবাদিকদের। তারা সেজেগুজে সময় নিয়ে এসে বসেছিলেন পুলিশ বাজেট শুনতে, কিন্তু টেবিল ছোড়াছুড়ি হলনা, মাইক, মাইক্রোফোন ভেঙ্গে পুলিশ মন্ত্রীর দিকে ছুঁড়ে দেওয়া হল না অথবা হাতাহাতি কিছু হল না। সুতরাং সাংবাদিকরা পুরানো পুলিশ বাজেটের যে মুখরোচক সংবাদ পরিবেশন করতে অভ্যস্ত ছিলেন সেই কায়দায় সংবাদ পরিবেশন করা যাবে না, মশারী টাঙ্গানো ছাড়া। এটা সত্য যে নজির স্থাপন হয়েছে। আমার অল্প সময়ের রাজনীতিক জীবনের অভিজ্ঞতা, কিন্তু তবুও রাজনৈতিক জীবনে যখন আভিধানিক অর্থে প্রবেশ করেছি তখন থেকে শুনছি এবং পোষ্টার দেখছি কলেজের গেট থেকে সুরু করে ষ্টেট বাসের গা গুলি পর্যন্ত যে পুলিশ খাতে ব্যয় কমাও এবং শিক্ষা বা অন্যান্য খাতে ব্যয় বাড়াও। সেই দেখার পর আজকে যখন আংশিক দায়িত্ব আমার উপর এসেছে তখন মনটা বোধ হয় প্রস্তুত হয়েছিলো যে এমন কিছুর একটা সামনাসামনি হতে হবে, যেখানে এই শ্লোগান উঠবে যে ব্যয় কমাও এবং বিরাট করে একটা আলোড়ন উঠবে। আমি সর্বক্ষণ এই হাউসের মধ্যে ছিলাম এবং মাননীয় সদস্যদের সমস্ত বক্তব্য শুনলাম। অনেক অভিযোগ আছে কিন্তু ব্যয় সংক্ষিপ্ত করা বা ব্যয়বরাদ্দের উপর অভিযোগ করে একজনের কাছ থেকেও কিছু শুনলাম না। উপরন্তু সমর্থনসূচক বক্তৃতা শুনলাম অনেকের কাছ থেকে। এটা ঠিক যে রাতারাতি, মন্ত্রী হয়ে যাবার পর ৪ মাসের মধ্যে একথা হলপ করে বলতে পারিনা যে পুলিশ অন্যায় কিছু করছে না। পুলিশ রাতারাতি জনগণের বন্ধু হয়ে গেছে। পুলিশ জনগণের সহায়তায় শ্রমিক এবং কৃষকের স্বার্থে এগিয়ে এসেছে এবং পুলিশ যেহেতু কোন অন্যায় করছে না, সুতরাং পুলিশের কেউ সমালোচনা করবে না, একথা বলতে পারিনা এবং এও বলছি না যে সমস্ত বিচ্ছিন্নভাবে অভিযোগ আনিত হয়েছে সেই সমস্ত অভিযোগ মিথ্যা এবং ভ্রান্ত। আমি জানি যে অভিযোগ করার যথেষ্ট কারণ আছে এবং এও জানি বিচ্ছিন্নভাবে যে সমস্ত অভিযোগ আনা হয়েছে তদন্ত করলে হয়ত কিছু কিছু অভিযোগের মীমাংসা করা সম্ভব। কিন্তু আজকে

বিচ্ছিন্নভাবে অভিযোগগুলি বিচার করার দিন, না কি নূতন করে সমস্যাকে সমাধান করা এবং মোকাবিলার জন্য নূতন ভাবে পজিটিভ চিন্তা করার দিন? আমি এই ব্যাপারে মাননীয় সদস্য শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয়ের সংগে একমত। যদিও তিনি বিচ্ছিন্নভাবে কয়েকটি অভিযোগ করছেন, কিন্তু প্রারম্ভে তিনি একটি কথা বলেছেন যে তিনি বিশ্বাস করেন যে যদি এক একটা পারমানেন্ট সলুউশান করতে হয় তাহলে এ সম্বন্ধে পজিটিভ চিন্তা করে একটা ফর্মুলা বার করতে হয়, একটা পরিবর্তনের কথা ভাবতে হবে, একটা কাঠামোর কথা ভাবতে হবে। আমরা দুটো জিনিষ করিনি। আমরা আদি কংগ্রেসের মত পুলিশ অফিসারদের উপর সমস্ত দায়িত্ব বা কর্তৃত্ব ছেড়ে খালাস হয় নি। আমরা জানি পুরানো কংগ্রেসের পুলিশ কোন অপরাধ করে না, পুলিশ যে কথা বলবে সেটাই সত্য কথা। জনগণকে সরিয়ে দিয়ে পুলিশের কথাকে অনেক সামনে তুলে ধরা হয়েছে। সেটাও যেমন আমরা করছিনা তেমনি আবার তার চুড়ান্ত পর্যায়ে সি. পি. এম-এর মত গণকমিটি করে প্রত্যেকটি ও সি'র পাশে গিয়ে একটা টুল দিয়ে সেই ও.সি'র চেয়ারে একটা লাল রুমাল বেঁধে একজন কমরেডকে ও সি গিরি করতে দেওয়া অথবা পুলিশ কাষ্টডির দরজা খুলে দিয়ে সমস্ত ক্রিমিন্যালদের ছেড়ে দিয়ে বলা হল, যে তোমরা এখন মুক্ত, তোমাদের কেউ ধরে রাখতে পারবে না।

কোন মতেই করতে চাইনা। অথবা যুক্তফ্রন্টের আমলে সেই সময়কার স্পীকার যেমন তাড়া খেয়ে জানালা দিয়ে পালান সেই রকম অবস্থা করতে চাই না, আমরা একটা মাঝামাঝি অবস্থা করতে চাই। আমি অত্যন্ত মামুলি কায়দায় দায়িত্বের অংশীদার হিসাবে পুলিশ বাজেটের পক্ষে বক্তব্য রাখার পক্ষপাতি নয়। আমাদের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সমস্ত বক্তৃতাই অত্যন্ত চিরাচরিত বক্তৃতা, কিন্তু এই বক্তৃতার মধ্যে যে নতুন দৃষ্টিভংগির কথা আছে সেই জন্য আমি আরও বেশী করে সমর্থন আশা করেছিলাম। তাঁর বক্তৃতার শেষ অংশে যে আবেদন,যে সমাজতান্ত্রিক চিন্তা উদ্ভূত হয়েছে, ইন্দিরা গান্ধীর চিন্তা উদ্ভূত হচ্ছে তার প্রমাণ আমরা পুলিশ বিভাগের ভিতর দিয়ে পেতে চাই। আজকে এই বাজেট বক্তৃতায় পুলিশের সম্পর্কে বহু বিচ্ছিন্ন অভিযোগ করা হয়েছে। এই সব জিনিস এক জন আই পি, এস অফিসার খুব কমই সল্ভ করতে পারে, সেই জন্য আজকে আমাদের দাবীটা এই যে, সোসীয়াল ফিলোসফিকে কেন্দ্র করে সমাজ দর্শন বুঝে নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে নতুন কিছু করব। আজকের বিচ্ছিন্ন অভিযোগগুলি অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে দেখা হবে, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী লিখে নিয়েছেন এবং আমিও নোট করে নিয়েছি। তবে একটা জিনিস আজকে দেখা উচিত, বিচার করা উচিত। সেটা হোল এই স্বাধীনতার আগে যে পুলিশ ছিল সেই পুলিশ এবং সেই পুলিশের প্রতি আমাদের জনসাধারণের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির পরিবর্তনের জন্য জনসাধারণের কাছে একটা এ্যাপ্রোচ, একটা আবেদন নিয়ে এগিয়ে যাব। আমাদের খুব কম রাজনৈতিক দল আছে যারা স্বাধীনতার পর বাংলাদেশের মানুষের কাছে গিয়ে বলেছেন যে এই পুলিশ বৃটিশের পুলিশ নয়। এই পুলিশ সম্পর্কে যে কথা বলা হয়েছিল আজকে পুলিশ সম্পর্কে সেই কথা বলতে চাই না। পুলিশের কাছে যেমন ক্লেম করি, দাবী করি তাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তনের সেই রকম জনসাধারণের কাছেও আবেদন করা দরকার রাজনৈতিক সংগঠনের পক্ষ থেকে এবং যারা নেতৃত্ব দিচ্ছেন তাদের অনেক বেশী করে চিন্তা করা দরকার। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, আমরা জানি বৃটিশ সাম্রাজ্যের সময় পুলিশ যেরকম অচ্ছ্যুৎ ছিল, ম্লেচ্ছ ছিল, মানুষের মনে আজকেও সেই রকম আছে। পুলিশ সমাজে অচ্ছ্যুৎ, ম্লেচ্ছ; কিন্তু আমরা জানি আমরা যেমন সাধারণ ঘর থেকে এম, এল, এ হচ্ছি সেই রকম সাধারণ মধ্যবিত্ত ঘরের বহু শিক্ষিত ছেলে পুলিশে আসছেন। এই কথা অস্বীকার করতে পারি না, যিনি খুব অভিযোগ করেছেন তিনিও হয়ত তার মেয়ের বিয়ে দিতে চাইবেন না এক জন পুলিশের সঙ্গে। একজন লোয়ার ডিভিশন কেরানী যে মাইনে পান আর একজন বিশেষ স্তরের পুলিশ সেই মাইনে পান তবুও বিচার করে দেখবেন পুলিশের সঙ্গে বিয়ে দেবেন কিনা। আজকে আমরা দেখি বাংলাদেশের

রাজনৈতিক দলগুলির মধ্যে একটা টাগ অফ ওয়ার চলেছে, সেটা হচ্ছে কে কত পুলিশকে গালাগা দিতে পারে। পুলিশকে গালাগাল না দিলে এম, এল,এ হওয়া যাবে না, পুলিশকে গালাগাল না দি মন্ত্রী হওয়া যাবে না, আর পুলিশের পক্ষে বললে কনজারভেটিভ, প্রোগ্রেসিভ নন এ রি-একসনারি ফোর্স বলে চিহ্নিত করে তার রাজনৈতিক জীবন শেষ করে দেওয়া হয়।

[7-40 -- 7-50 p.m.]

আমি অনুরোধ করছি এই জিনিষের পরিবর্তন হোক। সমাজতন্ত্র যদি আনতে হয় তাহ পুলিশ বিভাগের মধ্যেও সমাজতান্ত্রিক চিন্তা আনতে হবে। এটা শুধু পুলিশের দায়িত্ব নয় আমাদেরও একটা নৈতিক দায়িত্ব এবং কর্তব্য রয়েছে। বিচ্ছিন্নভাবে অভিযোগের বিরুদ্ধে মাননী সদস্যদের কাছ থেকে একটা সুর শুনতে পেয়েছি। সেটা সম্পর্কে আমি একমত যে পুলিশের শ্রমিক কৃষক, সাধারণ মানুষের সাথে সম্পর্ক অত্যন্ত নিবিড় এবং ঘনিষ্ঠ করে দিতে হবে। এখন বলুন ে এর সাথে একমত হয়ে যদি বলি আইন দিয়ে আর সরকারের মাধ্যমে এই সম্পর্ক ঘনিষ্ঠ থে ঘনিষ্ঠতর করা যাবে না, তাহলে কি ঠিক বলবে না? আমি পোল্যাণ্ডের পুলিশ সম্পর্কে পোল্যাণ্ডে মানুষের য ধারণা তা জানি। রাশিয়ায় মিলিশিয়াকে রাশিয়ার সমাজের সমস্ত স্তরের মানুষ জান— তাদের ফ্রিডাম ষ্ট্রাগল, সোসালিস্ট ষ্ট্রাগলের অংশীদার বলে। তাই সেখানকার পুলিশ সেখানকা জনগণের বন্ধু হয়ে আছে। তাই সেখানকার পুলিশ সমাজতান্ত্রিক আন্দোলনের অংশীদার হয়, ত সেখানকার পুলিশ নূতন চেতনায় উদ্বুদ্ধ হয়েছে। আর আমাদের এখানে পুলিশ কন্সটেবল এ সেটা হয়েছে সমাজ ব্যবস্থা এবং শুধু মাত্র তার দারিদ্রের জন্য পুলিশের বড় অফিসার হর্তা কর্তা তাদের সাথে কথা বলতে ঘৃণা বোধ করেন। কি হবে বিচ্ছিন্নভাবে ৪ টা ঘুষ ধরলে? আমি পুলিশ দপ্তরের সাথে যুক্ত। আমি জানি বাংলাদেশের এমন রাজনৈতিক হাওয়া যে ভোটের আগে আমি যদি ৫টা খুব মুখরোচক ঘুষ ধরে দিতে পারি তাহলে আমার এম. এল. এ. হওয়ার ১০ হাজার ভোট রিজার্ভ হয়ে গেল, আমি ভীষণ সততার জন্য লড়াই করছি এই ধারণা হয়ে গেল। কিন্তু বিচ্ছিন্নভাবে ঘুষ ধরা তো সবচেয়ে সহজ কাজ। বিচ্ছিন্নভাবে ১০ টা ঘুষ ধরে কিন্তু পুলিশ যে লাইনে যাচ্ছে সেই দৃষ্টিভঙ্গি চলবে কি? আমি বলব আজকে সবচেয়ে বড় দায়িত্ব নেবার সময় এবং সে দায়িত্ব নেবার জন্য আবেদন করছি। আজকে পুলিশকে সামাজিক স্বীকৃতি দেবার জন্য আপনারা আবেদন করু দলমত নির্বিশেষে, সরকারী বেসরকারী নির্বিশেষে আসুন নতুন করে বাংলাদেশে সমাজতান্ত্রিক শপথ নিন এবং একটা শ্লোগান দিন যে পুলিশকে সামাজিক স্বীকৃতি দিন। আমি রাজনীতি করি। এম. এল এ হয়েছি, মন্ত্রী হয়েছি, আমি ভাল খাই না, ভাল পরি না। কিন্তু তবুও আমার অত্যন্ত আনন্দ এবং আনন্দের সাথে সমাজে বাস করছি। বিড়লার ছেলের যে স্টাণ্ডার্ড অব লিভিং, আমার তা না হওয়া সত্বেও আমার কোন আফশোষ নেই, তার কারণ রাজনীতির মাধ্যমে সমাজ আমাকে স্বীকৃতি দিয়েছে। এই স্বীকৃতি দিয়েছে বলেই আমি চোর হচ্ছি না, জোচ্চোর হচ্ছি না, ডাকাত হচ্ছি না, এই স্বীকৃতি দিয়েছে বলেই আজকে ৮ টাকার জামা পরে ঘুরে বেড়াতে আমার কুণ্ঠা বোধ হচ্ছে না। কিন্তু সবাই আজকে সততার সংগে নিষ্ঠার সংগে স্বীকার করুন বাংলাদেশের সর্ব্ব-স্তরের মানুষ পুলিশ সম্প্রদায়কে স্বীকৃতি দিয়েছে কিনা। সুতরাং আজকে আমার আবেদন পুলিশ ভাল হতে পারে না, পুলিশের বিরুদ্ধে যতই বিচ্ছিন্নভাবে অভিযোগ থাক, যে জিনিস আমরা সবাই চাইছি সেই জিনিস আমরা পেতে পারি না, সরকারের কাছ থেকে, বিশেষভাবে পুলিশ বিভাগের কাছ থেকে, যদি আমাদের যে নৈতিক দায়িত্ব আছে যে পুলিশকে সামাজিক স্বীকৃতি দিয়ে যদি সেটা না দিই। আমি জানি পুলিশের বিরুদ্ধে খুব গূঢ় অভিযোগ আছে, বিচ্ছিন্নভাবে যে সমস্ত অভিযোগ শুনলাম। আমি যদি প্রত্যেকটি মাননীয় সদস্যের কাছে অনুরোধ করি যে আপনারা বলুন—

আমি জানি আপনারা গড়ে ৫০টি অভিযোগ হাজির করে দিতে পারবেন। কিন্তু এটা ঠিক ৪ মাসের মধ্যে আমরা আমুল জিনিসের পরিবর্ত্তন করতে না পারলেও একটা জিনিসে প্রায় পরিবর্ত্তনের সুর এসেছে। কি সেই সুর? আজকে কিন্তু যখন ভেড়ির ব্যাপারে গণ্ডগোল হয়, আমি নিজে পুলিশ দপ্তরের সঙ্গে যুক্ত আমি জানি, আমি দেখি জোতদাররা আমাদের কাছে আসছে। সাহায্য পাচ্ছে না তারা পুলিশ অন্যায় করছে বলে। আমি এই জিনিস দেখেছি বিভিন্ন কলকারখানার মালিকরা আসছে শ্রমিকদের চেয়ে বেশী করে আসছে পুলিশের সাহায্যের জন্য। পুলিশকে বিচ্ছিন্নভাবে দেখে লাভ নেই, আইনের সমালোচনা করা যাচ্ছে না।

কিন্তু আইন এমন ভাবে বসে আছে যে আস্তে আস্তে এই জিনিসের পরিবর্ত্তন করতে হবে। আমরা এর পরিবর্ত্তন সুরু করেছি। আইনের এমন অক্টোপাস আছে যে পুলিশ পারছে না সরাসরি গিয়ে শ্রমিক, কৃষকের পাশে গিয়ে সে দাঁড়ায়। সুতরাং পরিবর্ত্তনের মূল সূত্র আমাদের বার করতে হবে। এর জন্য বিধান সভা এক জনপ্রতিনিধিত্ব। কেউ কেউ বলেছেন যে মদ ধরিয়ে দিলেই কাজ হয়। আমার চেয়ে একজন I. P. S. অনেক problem solve করতে পারে। একটা circular দিয়েই এ সব বন্ধ করা যায়। S. P.-র guard বাজার করতে পারবে না—এটা একটা circular দিয়ে বন্ধ করা যায়। কেউ বলেছেন মশারী ধরে দাঁড়িয়ে থাকতে হয়। এটাও circular দিয়ে বন্ধ করা যায়। কিন্তু আমাদের দেখতে হবে problem কোথায় এবং তারপর আমাদের তা solve করতে হবে। আমার সময় কম বলে স্বরাষ্ট্রমন্ত্রী সমস্ত individual এর উত্তর দিবেন। সুতরাং সময় তাঁর দরকার। একটা খুব আনন্দ হল যে পুলিশ বাজেটের উপর বক্তব্য রাখতে গিয়ে অনেক constructive suggestion আমরা পেয়েছি। Irrigation, P.W.D. এবং অন্যান্য Deptt. এর প্রচণ্ড সমালোচনা শুনেছি, কিন্তু অনেক constructive-এবং গঠন মূলক প্রস্তাব আমরা পেয়েছি। আমি পুরান proceedings-এর কিছু পড়ছিলাম, কিন্তু ও জিনিস পাইনি। তাই এটা একটা নজির স্থাপন হল। আমি বিশ্বাস করি যে আমাদের সকলে মিলে একটা মূল সূত্র বার করা হোক এবং সস্তা রাজনীতি না করতে গিয়ে বাংলাদেশের মানুষের কাছে পুলিশকে পৌছে দেবার জন্য আমরা এগিয়ে যাব এবং সেজন্য আমরা সংঘবদ্ধভাবে একটা পরিকল্পনা গ্রহণ করব। এখানে নকশালবাড়ীর নেতাকে ধরার প্রসঙ্গে কথা উঠেছে। Misa প্রসংগে কথা উঠেছে। এ সবের উত্তর নিশ্চয় মুখ্যমন্ত্রী দিবেন। তবে আমাদের যুবকদের নিয়ে যারা হঠকারিতা করেছেন তাদের ধরে ধরে জেল বোঝাই করা উদ্দেশ্য আমাদের নয় এবং এটা আমাদের প্রগতিশীল সরকার প্রমাণ করে দিয়েছে। মুখ্যমন্ত্রী প্রতি সপ্তাহে আইনের একটা application এর উপর ভিত্তি করে ৭১৮ জন করে ছাড়ার পরিকল্পনা করেছেন। বিশ্বাস করে ঠকলেও আমাদের বিশ্বাস করতে হবে। এই ভাবে আমাদের পরীক্ষা করতে হবে। পরীক্ষার পর সাময়িকভাবে এটা বন্ধ আছে। আমি ব্যক্তিগতভাবে অনুরোধ করব কিছুদিন পর আবার এটা Start করা হোক। আমরা ২।৩।৪ বার ঠকব ঠিকই; কিন্তু তাহলেও পরীক্ষা চিরতরে বন্ধ হবে না। এই সরকার আসার পর ৪ মাসে সাম্প্রদায়িক জিগির এমন ভাবে বন্ধ করেছেন যার তুলনা হয় না। C. P. M. রা vote-এর আগে হিন্দুদের একদিকে এবং মুসলমানদের একদিকে রেখে সাম্প্রদায়িকতার জিগির চালু করেছিল। কিন্তু আমরা তার মোকাবিলা করেছি। নির্বাচনের পর আলিগড় university-কে নিয়ে জনসংঘ ও সংগঠন কংগ্রেস একটা pact করে নতুনভাবে সাম্প্রদায়িকতার জিগির তোলার চেষ্টা করে তারা ব্যর্থ হয়েছেন।

[7-50—8-00 p.m.]

এবং আগামী দিনেও সেটা ব্যর্থ হবে এই আমার বিশ্বাস। আর একটা জিনিস গভীর

উদ্বেগের সাথে আমরা লক্ষ্য করছি, সেটা হচ্ছে চারুবাবুকে এ্যারেষ্ট করার পর দু'জন পুলিশ মার্ড হলেন অত্যন্ত দুঃখজনকভাবে এবং সমস্ত দৃষ্টিভংগী পড়ে গেল নকসালের দিকে। তদন্ত করে আমাদে মনে সন্দেহ জেগেছে, এখনও আমরা পার্ফেক্ট নই, কিছু কিছু বিচ্ছিন্ন ঘটনা আমাদের কাছে এসে যাতে চিন্তা করতে বাধ্য হয়েছি এটা নক্সাল, না, সি. পি এম। নক্সালের দিকে সমস্ত দৃষ্টিভং ঘুরিয়ে দিয়ে প্যানিক করে যাব, সন্ত্রাস সৃষ্টি করে যাব এবং হরেকৃষ্ণবাবুর নির্বাচনের পর যে সং বক্তৃতা ষ্টেটমেন্ট তার সংগে এই কিছু কিছু ঘটনার মিল পাচ্ছি। কিছু কিছু ঘটনার প্রত্যক্ষ সা' পর্যন্ত পাওয়া যাচ্ছে। চারুবাবুর ঘটনার পর ধৃত নক্সালদের জবানবন্দিতে পাচ্ছি সি. পি. এম.-এ সংগে যুক্ত, আগামী দিনের জন্য চক্রান্ত করছে। সেজন্য আমরা এটা গভীরভাবে চিন্তা করা উদ্বেগ প্রকাশ করছি। বাংলাদেশে আমরা দেখেছি সমস্ত রাজনৈতিক দলের কংগ্রেস, কমিউনি আর এস. পি., পি. এস. পি'র যদি কেউ পুলিশের দ্বারা হত্যা হয় বা অন্য কোন কারণে হ হয় তাহলে রাস্তার মোড়ে মোড়ে তারজন্য লাল নীল শহীদ বেদি তৈরী করা হয়। ঠিক কথা, কমরেডকে যোগ্য মর্যাদা দেওয়া হচ্ছে, কিন্তু বলতে পারেন কয়টা রাজনৈতিক দল বা সংগঠন, বয় নেতা একজন পুলিশ এই হঠকারী অপসংস্কৃতি লোকদের দ্বারা হত্যা হবার পর তারজন্য আমরা শহী বেদি করেছি, সেই শহীদ বেদিতে মালা দিতে গেছি? আমরা যাইনি। আমরা যখন পুলিশে যে ন্যায্য দাবি সেটা মেটাতে পারব তখনই আমরা তাদের কাছ থেকে সামাজিক স্বীকৃত ন্যায্য পাও আদায় করতে পারব। আমি আপনাদের কাছে আবেদন করব আমরা যেন সবাই মিলে সেই চে করি। আমরা যেন যুক্তফ্রন্টের মত সস্তা রাজনীতি না করি পুলিশ খাতে ব্যয় কমানোর যোগ্য দিয়ে। আজকে আপনাদের ব্যয় বরাদ্দের উপর বক্তৃতা শুনে মনে হয়েছে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী য পুলিশ খাতে আরো কিছু বেশী বরাদ্দ করতে পারতেন তাহলে স্বাস্থ্য, অন্যান্য সংক্রান্ত ব্যাপা পুলিশদের কিছু সহযোগিতা করা যেত এবং হোমগার্ডদের, এন. ভি এফ-দের কিছু সরাসরি সাহায্য ব্যবস্থা করা যেতে পারত। ব্যয় কমিয়ে দিলে বা ব্যয় বাড়িয়ে দিলে সেটা তো আর বিদে চলে যাচ্ছে না, বিলেতে চলে যাচ্ছে না, আমাদের দেশে আমাদের ঘরের ছেলেদের কাছে সে ব্যয় চলে যাচ্ছে। এই ব্যয় বাড়ানর উপর বিভিন্ন বক্তা যে বক্তব্য রেখেছেন এটা পুলি বাজেটের মধ্যে একটা অদ্ভুত নজীর। পুলিশ বাজেটে ব্যয় কমান হোক একথা বলার পর বি সরকারী কর্মচারীদের মাইনে বাড়ান হোক বলা হয়, সেটা বাড়লে কোন প্রতিবাদ হবে না অথ পুলিশের স্বাস্থ্য রক্ষা খাতে যদি ব্যয় বাড়ান হয় তাহলে প্রচণ্ড সমালোচনা হবে, এর উদ্দেশ্য কি পুলিশকে সামাজিক অছ্যুৎ করে রাখার যে রাজনীতি সেই রাজনীতির নজীর এগুলি। আমি আশা করব অভিযোগগুলি সরকার পক্ষ থেকে দেখবেন কিন্তু আমি আবেদন রাখব আগামী দি আমরা যেন সেই মূল সমস্যা সমাধান করতে এগিয়ে যাই।

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I beg to move that the time for discussion of Grant No. 15 be extended up to 9-15 p m.

The motion of Shri Gyan Singh Sohanpal that the time for discussion of Grant No. 15 be extended up to 9-15 p.m., was that put and agreed to.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমার কয়েকটি কথা মনে পড়ছে বর্তমান আইন শৃঙ্খলা সম্বন্ধে কয়েকজনের বক্তব্য শুনে এবং বিশ্বনাথবাবুর বক্তব্য শুনে এটা আরও বিশেষ করে মনে পড়ছে। ১৯৬৯ সালের এরকম একটি জুলাই মাস সেদিন একজন মন্ত্রী তাঁর ব্যয় বরাদ্দ পেশ করছিলেন এই বিধানসভায়। ব্যয় বরাদ্দ পেশ করবার পর হঠাৎ দেখা গেল যে বিধানসভা চলতে পারেনা। কেন চলতে পারেনা সেকথা লিপিবদ্ধ আছে এই সরকারী

এ্যাসেম্বলী প্রসিডিংস্‌-এর বুলেটিনে। এখানে লেখা আছে,—"The House had to be adjourned due to unprecedented disturbances created by the Police forces who entered the Chamber ransacking furniture, electricals and other articles." যে মন্ত্রীমহাশয় সেদিন ব্যয় বরাদ্দ পেশ করতে চেয়েছিলেন তিনি হচ্ছেন আমার বন্ধু বিশ্বনাথ মুখার্জী। সেটা যখন তাঁর বাজেট তখন নিশ্চয়ই তাঁর মনে আছে কি অবস্থা সেদিন হয়েছিল। জ্যোতিবাবুর নেতৃত্বে সেদিন বাংলাদেশের কি অবস্থা সেটা নিশ্চয়ই বিশ্বনাথবাবুর এবং অন্যান্য সদস্যদের মনে আছে। আজকে এটা বলতে পারি ১৯৬৯ সালের ৩১শে জুলাই যে তাণ্ডব আমরা এখানে দেখেছিলাম সেটা কেউ আমরা স্বপ্নেও ভাবতে পারছিনা। আজকে আমরা অত্যন্ত শান্ত পরিবেশে, ধীরস্থির মস্তিস্কে আলোচনা করতে পারছি কিভাবে সমাজতান্ত্রিক চিন্তাধারার দ্বারা আমরা পুলিশকে চালিত করতে পারি, কিভাবে আমরা পুলিশকে আরও জনসাধারণের কাছে আনতে পারি, কিভাবে আমরা পুলিশকে আরও সক্রিয় করতে পারি মানুষের সেবায়, মানুষকে সাহায্য করতে, মানুষকে উপদেশ দিতে। এখানে আমরা কেউ এই আলোচনা করিনি যে কিভাবে পুলিশকে উন্মত্ত করে, ক্ষিপ্ত করে বিধানসভার ভেতরে পাঠাব র‍্যানসেকিং ফার্নিচার, ইলেকট্রিকালস্‌ এ্যাণ্ড আদার আর্টিকেলস্‌ করার জন্য। আজকে এই আলোচনা চলতে চলতে আমার কাছে যে সংবাদ এসেছে সেটা আমাকে মাননীয় সদস্যদের বলতেই হবে। আমরা একটার পর একটা ঘটনা দেখেছি কোলকাতা পুলিশ বা পশ্চিমবাংলার পুলিশ অনেক মানুষকে গ্রেপ্তার করে চলেছে আইন শৃঙ্খলা আয়ত্বে আনার জন্য। আজকে গৌহাটিতে কোলকাতা পুলিশের কয়েকজন অফিসার গিয়ে চাষীর মাঠে যে কংকাল পাওয়া গিয়েছিল তার নায়ক সুধীর সমাদ্দারকে গ্রেপ্তার করেছে। আমি পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই প্রিন্স-এর মত যারা গুণ্ডা আছে, প্রিন্স-এর মত যারা ওয়াগন ব্রেকার আছে, যে সমস্ত সমাজ বিরোধী মানুষ আছে তাদের আমরা ক্ষমা করব না—তারা তাদের পথ ত্যাগ করুন। তাদের আমরা গ্রেপ্তার করব, করব, করব—হয়ত ২/১ দিন সময় লাগবে। আমি এক মুহূর্তের জন্যও ভুলতে পারবনা কি কারণের জন্য আমরা এখানে বসে আছি সরকারী আসনে। আমরা সরকারী আসনে বসেছি এই জন্য যে, পশ্চিমবাংলার মানুষ আমাদের একটা নির্দেশ দিয়ে পাঠিয়েছে এবং সেটা হচ্ছে পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলা ফিরিয়ে আনতে হবে। তারজন্য আমাদের দায়িত্ব প্রচণ্ড এবং বিরাট। আমরা কোন রকম ভুল করতে পারবনা এবং কোন রকম লাইট-হার্টেড ওয়েতে কোন জিনিস দেখতে পারবনা। আমাদের অত্যন্ত চিন্তার সঙ্গে কাজ করতে হবে এবং অত্যন্ত কঠোর হতে হবে, কারণ পশ্চিমবাংলার মানুষ আমাদের পাঠিয়েছে কঠোর হবার জন্য, আইন শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য। এইজন্য আমাদের অনেক কাজ করতে হচ্ছে সেগুলি আমি পরে বলছি। আজকে মাননীয় সদস্যদের মধ্যে কেউ কেউ গঠনমূলক প্রস্তাব রেখেছেন।

[8-00—8-10 p.m.]

প্রদ্যোৎ মহান্তি মহাশয়, কুমারদীপ্তি সেন মহাশয়, মনোরঞ্জন প্রামানিক মহাশয়, আমি দু-চারজন সদস্যের নাম করছি, আবদুলবারি বিশ্বাস মহাশয়, বিশ্বনাথ মুখোপাধ্যায় মহাশয়, তাঁরা কিছু কিছু গঠনমূলক প্রস্তাব রেখেছেন, আরো অনেকে রেখেছেন, সকলের নাম করতে গেলে অনেক সময় চলে যাবে সেজন্য আমি বলছি না কিন্তু তাঁরা যে সমস্ত প্রস্তাব রেখেছেন আমরা নিশ্চয়ই সেগুলি চিন্তা করব। পুলিশের বাসস্থানের অসুবিধা আছে সেই বিষয়ে সন্দেহ নাই, তারজন্য আমরা এ বছরের বাজেটে এক কোটি একত্রিশ লক্ষ নিরানব্বই হাজার টাকা আলাদা করে রেখেছি পুলিশের

বাসস্থানের ব্যবস্থা করবার জন্য। পুলিশকে যে অবস্থায় কাজ করতে হয় তাতে তাদের উন্নতি করতে হবে সেই বিষয়ে কোন সন্দেহ নাই কিন্তু ন্যূনতম কাজ করতে গিয়ে ৩৪ কোটি টাকা হয়েছে, আরো কিছু করতে গেলে আরো টাকা লাগবে। আমাদের অন্য খাতেও খরচ করতে হচ্ছে, তার জন্য এগুলি আস্তে আস্তে নিশ্চয়ই আমাদের করা দরকার। ফার্ণিচারের কথা যা বল্লেন, জেনারেল ডায়ারীর কথা যা বল্লেন ততটা খারাপ না হলেও আরো বেশী দরকার এটা ঠিক। কাগজপত্রের যে কথা বল্লেন আরো বেশী দরকার সেগুলি নিশ্চয়ই আমরা দেখব। এই সব গঠনমূলক প্রস্তাবের জন্য আমি প্রত্যেকটি মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি আমাদের এই কথা জানাবার জন্য। আমি ধন্যবাদ জানাচ্ছি বন্ধুবর প্রদ্যোৎ মহান্তি মহাশয়কে, কারণ তিনি এইটুকু স্বীকার করেছেন যে সরকারের পুলিশের বলিষ্ঠ নীতি আছে কিন্তু তাঁর মতে সেগুলি ঠিকমত কার্যকরী করা হচ্ছে না। সেই বিষয়ে তাঁর সঙ্গে আমরা ঠিক একমত নই। আজকে যদি আমাদের বলিষ্ঠ নীতি কার্যকরী না হত তাহলে আজকে একটার পর একটা এতগুলি মানুষকে যারা হিংসায় বিশ্বাস করে বা যারা ওয়াগন ব্রেক করে তাদের য্যারেষ্ট করা সম্ভব হত না। আজকে পশ্চিমবঙ্গে দু'তিন মাসের মধ্যে আইন শৃঙ্খলার এত উন্নতি হত না। তবে বলিষ্ঠ নীতি যে আমাদের আছে একথা তিনি যে স্বীকার করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এবং দ্বিতীয়ত তিনি যে স্বীকার করেছেন যে আইন শৃঙ্খলা এখন আয়ত্তাধীন এজন্য তাঁকে ধন্যবাদ। কিন্তু কোন কোন মাননীয় সদস্য যে নিরাশার বার্তা বহন করতে চেয়েছেন সেটার সঙ্গে আমি একমত নই। আমি মনে করি কলকাতার পুলিশ বা পশ্চিমবঙ্গের পুলিশে এখন অনেক শিক্ষিত মধ্যবিত্ত যুবক এসেছে যাদের উপর আমরা বিশ্বাস করতে পারি। লক্ষীবাবু যে মশারীর কথা বললেন কনষ্টেবল ধরে আছে কবে হয়েছিল, কোথায় হয়েছিল, পশ্চিমবঙ্গে হয়েছিল কি অন্য কোথাও হয়েছিল তা আমি জানি না: (শ্রীলক্ষীকান্ত বসু: জ্যোতিবাবুর টাইমে হরেকৃষ্ণবাবুর জায়গায় হয়েছিল।) তা আমি জানি না, অন্ততঃ শুনিনি। আমরা যখন মন্ত্রী আছি এই রকম কাহিনী শুনিনি। আর বিশ্বনাথবাবু যে বল্লেন দুই লক্ষ বিঘার কথা আমি শেষে আশ্চর্য হয়ে গেলাম যে দুই লক্ষ বিঘা একটা মানুষের থাকতে পারে। আমি একটা প্রস্তাব করব, আমি এক্ষনি অর্ডার পাশ করব ঘরে গিয়ে বিশ্বনাথ বাবুকে ওয়ান ম্যান ইনকুয়ারী কমিটি বসাব, এই দুই লক্ষ বিঘা জমি কোথায় আছে আমি জানতে চাই। অফিসিয়াল অর্ডার আমি দেব, উনি আমাদের সাহায্য করবেন। আমি গিয়ে অর্ডার করব—ওয়ান ম্যান ইনকোয়ারী কমিশন হবে, বে-আইনীভাবে কোন লোকের এত জমি আছে নিশ্চয়ই আমি সেই সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করব। (শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: আমি বে-আইনীভাবে রেখেছে বলিনি, আমি বলেছি দুই লক্ষ বিঘার জমির মালিক সে অত্যাচার করছে।) বে-আইনীভাবে নয়? বে-আইনী না হলে আমি কি করতে পারি? (শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: আমি বলেছি বে-আইনীভাবে-নয়,।) অধ্যক্ষ মহাশয়, আপনি দেখছেন এখন উনি বলছেন যে ওটা বে-আইনী নয়, বে-আইনী ভাবে না হলে আমি কি করে তদন্ত কমিশন নিযুক্ত করতে পারি? (শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: বে-আইনী জমি হয়ত তাঁর আছে, আমি বলেছি একজন জোতদার তিনি সাম্রাজ্য বিস্তার করেছেন, তিনি অত্যাচার করেন, খুন করেন ইত্যাদি।) দুই লক্ষ বিঘা জমি যদি তাঁর থাকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে তো বে-আইনী নিশ্চয়ই। (শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়: তাঁর সমস্ত জমি চাষের জমি মেছোঘেরী করে রেকর্ড করা আছে। আইনী কি বে-আইনী সেটা আপনারা ঠিক করবেন।) আচ্ছা আমি এখনই ঘোষণা করছি, আমি ঘরে গিয়ে অর্ডার দিচ্ছি যে বিশ্বনাথবাবু লীডার অব দি সি. পি. আই তিনি ওয়ান ম্যান ইনকোয়ারী কমিশনে নিযুক্ত হলেন দুই লক্ষ বিঘা জমি একজন মানুষের আছে সেটার সম্বন্ধে বিস্তারিত রিপোর্ট তিনি সরকারকে দেবেন এবং সেই রিপোর্ট-এ তার প্রত্যেকটি ফাইণ্ডিংস বা তথ্যের দ্বারা সমর্থিত হবে সেটা আমি দেখতে চাই। সরকার এই রকম নিশ্চয়ই চায়।

সরকার নিশ্চয়ই জানতে চাইবে এটা সত্যি কিনা। যদি সত্যি হয় যে কথা উনি বললেন সেগুলি যদি তথ্যভিত্তিক হয়, যদি দেখা যায় বে-আইনী এখানে আছে, আমি প্রতিশ্রুতি দিচ্ছি স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে নিশ্চয়ই আমরা ব্যবস্থা গ্রহণ করব। এটাই আমাদের সরকারের নীতি। ( শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় : আমি এটা য়্যাক্সেপ্ট করলাম। )

যদি সত্য হয়, যে কথাগুলি বললেন সেই কথাগুলি যদি সত্যের ভিত্তিতে রাখা হয়, যদি দেখান হয় যে বে-আইনী এখানে আছে, আমি প্রতিশ্রুতি দিচ্ছি স্বারাষ্ট্রমন্ত্রী হিসাবে, মুখ্যমন্ত্রী হিসাবে, নিশ্চয়ই আমরা ব্যবস্থা গ্রহণ করবো, এটাই আমাদের সরকারের নীতি। কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন শৃঙ্খলার অবস্থা ভাল হতে পারে, আইন শৃঙ্খলার অবস্থা নিশ্চয়ই এখন আমাদের কণ্টোলে, এর কোন সন্দেহ নেই। কিন্তু তারজন্য আমাদের আত্মতুষ্টি হতে পারে না, আমরা ঘুমিয়ে পড়তে পারিনা। ঘুমাবার এটা সময় নয়। বিশ্রাম নেবারও আমাদের সময় নেই, ঘুমাবারও আমাদের সময় নেই, আমাদের সমস্তক্ষণ জাগ্রত থাকতে হবে, সমস্তক্ষণ দেখতে হবে যে আইন শৃঙ্খলা ঠিকমত বজায় রেখে চলছি কিনা এবং তারজন্য নিশ্চয়ই আমরা চেষ্টা করবো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আমাকে জমির তদন্ত করতে দিলেন, আপনাদের কোন অন্য জেলার সদস্যকে রণজিৎ শুকুলের মার্ডারটা তদন্ত করতে দেবেন ? আমি সেই মার্ডারটার উপলক্ষ্যেই কথাটা বলেছিলাম। রণজিৎ শুকুল শিক্ষক, আমার বন্ধু, তাকে নৃশংসভাবে মার্ডার করা হোল, এর তদন্ত করবেন কি ?

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভারতবর্ষে খুনের ব্যাপারে কোন এনকোয়ারী কমিটি হয়েছে বলে আমি জানি না। ক্রিমিন্যাল ম্যাটারে একটা সিভিলিয়ানকে দিয়ে এনকোয়ারি করাটা কি ঠিক হবে ? তার থেকে বরং বিশ্বনাথবাবু যখন বললেন তখন পুলিশকে বলবো এটা ভাল করে দেখতে। আইনের মাধ্যমে এটা করা দরকার। খুনের ব্যাপার, একটা সিভিলিয়ান সে কংগ্রেস এম. এল. এ. ই হোক সেটা সে কখনই করতে পারেনা, এমন কি মুখ্যমন্ত্রী নিজেও পারেনা। কিন্তু আপনি যে ১ লক্ষ একর জমির কথা বলছেন সেটা যদি আমাদের পাইয়ে দিতে পারেন তাহলে আমরা আনন্দিত হবো, আমরা তা ভূমিহীনদের ভিতর বিতরণ করতে পারবো।

অন্যান্য জিনিস যেগুলি আছে, অন্যান্য যেসমস্ত আক্রমণ হয়েছে সেটায় কিন্তু আমার পুরানো দিনের কথা মনে করিয়ে দিচ্ছে। যেমন প্রদ্যুৎ বাবু বললেন—কেন এটা বললেন জানিনা, যে ডাকাতি অনেক বেড়ে গিয়েছে, বিশ্বনাথবাবু বললেন যে এখন আপনার ক্রাইম অনেক বেড়ে গিয়েছে। অবশ্য বিশ্বনাথবাবু বললেন যে আমার কাছে তথ্য নেই, জানিনা কি ব্যাপার। তা আমি তথ্যগুলি আনিয়েছি। আমি তথ্যগুলি আনিয়েছি যে প্রফুল্ল সেন মহাশয়ের আমলে কি ছিল, জ্যোতিবাবুর সময় কি ছিল এবং আমাদের সময় কি অবস্থা হয়েছে। কগনিজিবিল ক্রাইম ক্যালকাটা পুলিশে, প্রফুল্ল সেন মহাশয়ের আমলে তিনি যখন মন্ত্রী ছিলেন,—৬ মাসের ধরা হয়েছে, আমাদের এক বৎসর হলে আরো সুবিধা হতো, কিন্তু আমাদের ৬ মাস ধরতে হচ্ছে কারণ ১৯৭২ সালে আমরা এসেছি তাতে ৬ মাসের বেশী হয়নি তাই জুন মাস পর্যন্ত ফিগার দিতে হচ্ছে। তাই ফার্ষ্ট হাফ, বৎসরের প্রথম ভাগে ১৯৬৬ সালে কগনিজিবেল ক্রাইম কলকাতায় হয়েছিল ৮৩৭৪, ১৯৬৯ সালে যুক্তফ্রন্টের আমলে কগনিজিবেল ক্রাইম কলকাতায় হয়েছিল ১০৪৫১, আর আমাদের সময় ১৯৭২সালে কগনিজিবেল ক্রাইম হয়েছে ৪৭১৮। অর্থাৎ কিনা ১৯৬৬ সালে কলকাতায় যে অবস্থা ছিল

তার ডবল উন্নতি হয়েছে। কারণ ৮৩৭৪-এর জায়গায় ৪৭১৮তে এসে দাঁড়িয়েছে। পশ্চিমবঙ্গে, ওয়েষ্ট বেঙ্গল পুলিশে প্রফুল্ল সেন মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন, ৩০৩১২ কগনিজিবেল ক্রাইম, আর যুক্তফ্রন্টের সময় ৪১২২৮, আর আমাদের বেলায় ৩৪ হাজার। এখানে প্রদ্যুৎবাবু বললেন যে প্রফুল্ল সেন মহাশয়ের সময় কিছু ভাল ছিল। আমিও বলবো, হ্যাঁ, কিছু ভাল ছিল '৬৬ সালে, তখন যা ছিল পশ্চিমবঙ্গে তার চেয়ে আমাদের একটু খারাপ। কিন্তু কলকাতায় এখন আমাদের যে অবস্থা তার থেকে প্রফুল্ল সেন মহাশয়ের সময় ডবল খারাপ ছিল একথা বলা যেতে পারে। তবে এখানে মাননীয় সদস্যদের একটু সতর্ক করে দিতে চাই, একথা বলবেন না যে পশ্চিমবঙ্গে এত খুন হচ্ছে, এত ডাকাতি হচ্ছে ইত্যাদি ইত্যাদি। আমি জানতে চাই কোন প্রদেশ ভারতবর্ষে আছে যেখানে এর থেকে বেশী হচ্ছেনা? আপনি প্রত্যেক প্রদেশে প্রাদেশে খুনের লিষ্ট দেখুন, আমি দেখেছি, সেখানে প্রত্যেক প্রদেশে যে ক্রাইম তার আপনি পরিসংখ্যান আনুন, আপনি দেখবেন পশ্চিমবাংলার স্থান অনেক নীচে।

[8-10—8-20 p.m ]

কোন কোন সংবাদপত্র, কোন কোন রাজনৈতিক মানুষ আছে যাদের কোন উদ্দেশ্য আছে। এরকম মানুষ আছে যারা পশ্চিমবাংলার বদনাম করছে। পশ্চিমবাংলার যে ক্রাইমের স্টাটিস্টিক্স আমি দিয়েছি তাতে পশ্চিমবাংলার স্থান অনেক উঁচুতে। এইসব খুন, জখম, চুরি, ডাকাতির স্টাটিসটিক্স আমার কাছে নেই কিন্তু এর সংখ্যা কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথ বাবু বলেছেন বড় বড় ব্যবসায়ীদের কথা। আমি একটা কথা বলছি যে ব্যবসায়ীরা আগে টাকা নিয়ে সব দেখে শুনে তবে তা খরচ করে। ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সাল এই পাঁচ বৎসরে পশ্চিম বাংলায় তারা ইনভেষ্ট করতে চেয়েছিল মাত্র আট কোটি টাকা। ৮ কোটি টাকার অফার এসেছিল যে সময় ঐ পাঁচ বৎসরে মহারাষ্ট্রে সাতশ কোটি টাকার বেশী অফার এসেছিল, আর পশ্চিমবাংলায় এসেছিল পাঁচ বৎসরে মাত্র আট কোটি টাকা সেই সর্বনাশা পাঁচ বৎসরে মহারাষ্ট্র যেখানে সাতশ কোটির কিছু উপর এসেছিল ইনভেষ্টমেন্টের জন্য সরকারের কাছে। আমরা তো এই সেদিন এসেছি, এই চার মাসের মধ্যে আমরা দেখেছি কাল পর্যন্ত আমরা ৩৩৯ কোটি টাকা ইনভেসমেন্টের জন্য পেয়েছি। অর্থাৎ পাঁচ বৎসরে মহারাষ্ট্রে যা হয়েছিল তার অর্দ্ধেক এই সাড়ে তিন মাস চার মাসের মধ্যে অফার এসেছে। যদিও লেটার অব ইনটেন্ট আসেনি সত্য কথা, কারন লাইসেন্স পেতে গেলে অনেকগুলি ব্যাপার আছে, কিন্তু আমি যে কথাটা বলতে চাই তা হচ্ছে যে ব্যবসায়ীরা সমস্ত দেখে তবে টাকা অফার করে, না দেখে কিছু করে না সেটা সর্বদা মনে রাখবেন। আমি এখানে ব্যবসায়ীদের কোন আক্রমণ করছি না বা প্রশংসাও করছি না, আমি শুধু বলছি যে তারা সমস্ত দেখে শুনে তবে টাকা খরচ করে। এই ৩৩৯ কোটি টাকা অফার তারা চোখ বুজে করছে না। তারা দেখেছে পশ্চিমবাংলার শিল্পের ক্ষেত্রে সবচেয়েও ইনফ্রাসটাকচার আছে সেটা সকলকেই স্বীকার করতে হবে। আজকে এখানে শান্তি ফিরে এসেছে এবং একটা স্থায়ী সরকার প্রতিষ্ঠিত হয়েছে। আমরা দৃঢ় প্রতিজ্ঞ শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনতে। আর একটা কথা আমি বলবো এই ব্যাপারটা সকলেরই জানা দরকার। মাননীয় বিশ্বনাথবাবু বলেছেন যে বড় বড় অসাধু ব্যবসায়ীদের ধরা হচ্ছে না, ছোট ছোট ব্যবসায়ীদেরই কেবল ধরা হচ্ছে। আমি এরূপ একটা পরিসংখ্যান তৈরী করেই রেখেছিলাম কারণ আমি জানতাম এই রকম বক্তব্য রাখা হবে। আমরা আসার পর ৩১শে মে, ১৯৭২ পর্যন্ত আমি কতকগুলি পরিসংখ্যান দিচ্ছি। কলকাতা বাদে পশ্চিমবাংলার ৩ হাজার ৮ শত ৩৭ জনের বিরুদ্ধে

আমরা ব্যবস্থা অবলম্বন করেছি। আমরা অসাধু ব্যবসায়ী চোরা কারবারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছি এবং কলকাতায় ৮২৫ জনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছি। বিশ্বনাথ মুখার্জি মহাশয় বলেছেন যে বড় বড় ব্যবসায়ীরা ধরা পড়ছে না। মাননীয় বিশ্বনাথ বাবু বড় বড় অসাধু ব্যবসায়ীদের সংগে মেশেন না তাই তিনি জানেন না বা অসাধু ব্যবসায়ীদের খোঁজ রাখেন না। আমরাও মিশি না, না মিশলেও আমাদের খবর রাখতে হয় বড় বড় অসাধু ব্যবসায়ী কারা আছে। আমি কয়েকটা নাম পড়ছি এবং তারপর আমি জানতে চাইবো যে আর কোন্ সরকার ২৫ বৎসরের মধ্যে পশ্চিমবাংলার এতগুলি বড় বড় ব্যবসায়ীদের গ্রেফতার করে রেখেছে? আমি এক একটা করে নাম করছি। ২৪-পরগনায় মুঙ্গীরাম আগরওয়ালা, রামসরাম বাবুলাল, বর্দ্ধমানে মুনিলাল সাউ, হীরলাল সাউ, বীরভূমে সত্যনারায়ণ সর্দার, নদীয়ায় ওমপ্রকাশ আগরওয়ালা, রাধাকৃষ্ণ আগরওয়ালা, কুচবিহারে বসন্তকুমার সাহা, কলিকাতায় মোহন দে, লাল জী সা, গোবিন্দলাল অটোয়াল, হরেকৃষ্ণ সা, এন. কে. খৈতান। এই কতকগুলি নাম আমার কাছে আছে। আমি জানতে চাই কোন সরকার, জ্যোতি বসুর সরকারই বলুন আর প্রফুল্ল সেনের সরকারই বলুন কোন্ সরকার পশ্চিমবাংলায় অসাধু ব্যবসায়ীদের সম্পর্কে এই রকম ব্যবস্থা ইতিপূর্বে গ্রহণ করেছে?

এজন্য আমি আনন্দিত এবং কৃতজ্ঞ মাননীয় সদস্যদের কাছে। অনেকে যে সব সমালোচনা করেছেন তা থেকে আমরা অনেক আলোক লাভ করেছি, উপকৃত হয়েছি। কিন্তু সমালোচনা করবার সময় এমন কোন সমালোচনা করা উচিত নয়—যাতে মানুষ ভুল বুঝবে। যারা কোন দলের সঙ্গে যুক্ত নয়, আমি তাদের নাম করতে চাই না—তারা এই সরকার কালোবাজারীর সরকার, এই সরকার চোরাকারবারীর সরকার—এই ধরণের ধারণা দেবার চেষ্টা করবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। তার জন্য আমি বলবো যাঁরা রেসপনসিবল আছেন তাঁদের কাছে আমি নিবেদন করতে চাই—আমাদের সরকারকে আক্রমণ করবার আগে, সমালোচনা করবার আগে বাস্তবে কি ঘটছে তা তাঁদের জানা দরকার। সেটা জেনে বললে আমাদের সুবিধা হবে, তার মানে পশ্চিম বাংলার সুবিধা হবে। আমাদের সুবিধা হবে তার মানে পশ্চিমবঙ্গের জনসাধারণের সুবিধা হবে। আমাদের শত শত বেকার ভাইদের সুবিধা হবে। তার জন্য এই আবেদন করছি।

'মিসা' সম্বন্ধে বলা হয়েছে—অনেককে ধরা হয়েছে, নিশ্চয়ই হয়েছে। অনেক ধরা হয়েছে যাদের না ধরলে আজকে এই অবস্থা হত না। যদি বলেন কিছু কিছু অন্যায় হয়েছে নিশ্চয়। আমি বলবো না হয় নাই। মিসা detention, যে কোন detention-এ preventive detention অ্যালেনের Law and Order বই পড়ুন—গত প্রথম বিশ্বযুদ্ধের সময় থেকে এটা হয়ে আসছে—Preventive detention এটা নূতন জিনিস নয়। যে যে দেশে হয়েছে সেখানে কিছু অন্যায়, কিছু ভুল হয়েছে। আমাদের এখানেও ভুল হয়ত কিছু হচ্ছে, অন্যায়ও কিছু হচ্ছে। কিন্তু আমরা সেটা শোধরাবার চেষ্টা করব। Preventive detention যে 100 per cent ঠিক—কেউ একথা জোর করে বলতে পারে না। তবে যাতে ঠিক হয় তার জন্য কিছু ব্যবস্থা হয়েছে। প্রথমে যারা detaining authority তাদের কারণ দেখতে হবে—কী কারণে ধরা হয়েছে। সেটা নোটিশ দিতে হয় যাকে ধরা হচ্ছে। তারপর সেটা সরকারের কাছে আসে—স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে, স্বরাষ্ট্র মন্ত্রীকে সেটা approve করতে হয়। স্বরাষ্ট্র মন্ত্রী সেটা approve করলে পর সেটা যায় Advisory Board-এর কাছে। সেখানে তাঁরা বলতে পারেন মুখ্যমন্ত্রী অন্যায় করেছে। এই Advisory Board হাইকোর্টের বিচারপতিদের নিয়ে গঠিত। এখানে রাজনৈতিক দলের কেউ

নাই। এখানে কেবল হাইকোর্টের যাঁরা বিচারপতি ছিলেন, তাঁরা আছেন। ২৪শে জুলাই, ১৯৭২ সাল পর্যন্ত আমাদের আগেই ধরা হয়েছে—আমরা এসেছি ২০ শে মার্চ। ৫৪৬৪ জনের বিরুদ্ধে মিসাতে ধরবার order হয়েছে, আর আমরা ধরতে পেরেছি ৪৫৬১ জনকে আজ পর্যন্ত। বাকিরা সব পলাতক আছে। এর মধ্যে আমাদের সরকার ছেড়ে দিয়েছেন ১৮৫ জনকে, সপ্তাহে সপ্তাহে যা আমরা ছাড়ছিলাম সম্প্রতি পুলিশ গুলি হবার পর আপাততঃ ছাড়া বন্ধ আছে। আর Advisory Board ছেড়ে দিয়েছেন ৯২৩ জনকে। যেখানে Advisory Board ছাড়ছে না, সেখানে তারা হাইকোর্টে যাচ্ছে। এই হাইকোর্টে ছেড়ে দিয়েছেন ২৫৬ জনকে। অর্থাৎ সরকার সবশুদ্ধ ছেড়ে দিয়েছেন প্রায় ১৩০০ জনকে। তার মানে ৪৫৬১ জনকে গ্রেপ্তার করা হয়েছিল, তার মধ্যে ছাড়া পেয়ে গেছে প্রায় ১৩০০ জন। Advisory Board-এর আদেশ অনুযায়ী, হাইকোর্টের আদেশ অনুযায়ী প্রায় এক-তৃতীয়াংশ ছেড়ে দেওয়া হয়েছে।

[8-20—8-34 p m]

প্রিভেনসন অব ভেরিয়াস একটিভিটিজ এ্যাক্টে গ্রেপ্তার করা হয়েছিল ৪০৮৩ জনকে এবং ডিটেনসনের জন্য অর্ডার করা হয়েছিল ৪১৩২ জন। এর মধ্যে সরকার ছেড়ে দিয়েছেন ৩৬৩, এ্যাডভাইসারী বোর্ড ছেড়েছে ৬৩৯ জনকে এবং হাইকোর্ট ছেড়ে দিয়েছে ৫০১ জনকে। এদের এক বছরের জন্য ডিটেণ্ড করা হয়েছিল এবং ১ বছর পার হয়ে গেছে ২১৫৫ জন। আমরা প্রত্যেক মাসেই কিছু কিছু ছাড়বো। গত জুন মাসে আমরা ছেড়েছি ১৮০০ এবং এ মাসেও কিছু ছাড়া হয়েছে। কিন্তু আমাদের সতর্ক থাকতে হবে যারা বেরিয়ে আসবে তারা যাতে আবার আইন শৃঙ্খলা লঙ্ঘন না করে এবং তার জন্য আমরা চেষ্টাও করবো এবং দৃঢ় প্রতিজ্ঞ হবো। বিশ্বনাথবাবু বলেছেন যে তাঁর দলের কিছু মানুষকে গ্রেপ্তার করা হয়েছে—ডিটেণ্ড করা হয়েছে ছাড়া হয় নি। শুধু তাঁর দলের নয় শুধু যে বিশ্বনাথবাবু অভিযোগ করছেন না, আমাদের কংগ্রেস দলেরও ঐ একই অভিযোগ—এখানে অনেক মাননীয় সদস্য আছেন তারা আমাকে বলেছেন যে কিছু কিছু কংগ্রেস দলের লোককেও ডিটেণ্ড করা হয়েছে। এটা সত্য কথা যে ডিটেণ্ড করা হয়েছে। আমরা এখানে ডিটেণ্ড ছাড়া গ্রেপ্তার করার ব্যাপারে সি. পি. আই দেখছি না, কংগ্রেস দেখছি না। আর এখানেই তো ঐ জ্যোতি বসু সরকারের সংগে আমাদের সরকারের পার্থক্য। কংগ্রেস পতাকা হাতে গুণ্ডামি করবে আর আমরা বলবো, বাহবা ঠিক করেছো, এটা চলতে পারে না, এ কখনই আমরা বরদাস্ত করবো না। কংগ্রেস পতাকা হাতে নিয়ে মুখে বন্দেমাতরম বুলি আউড়ে হিংসার নীতির আশ্রয় গ্রহণ করা এ কখনই চলতে পারে না। কংগ্রেস পতাকা হাতে নিয়ে বন্দেমাতরম বলে হত্যা করে যাও, ডাকাতি করে যাও, খুন করে যাও, ছিনতাই করে যাও এ আমরা হতে দেবো না—তার বিরুদ্ধে আমরা নিশ্চয় ব্যবস্থা গ্রহণ করবো। আর সেইজন্যই তো পশ্চিম বাংলার জনসাধারণ আমাদের এখানে নির্বাচিত করে পাঠিয়েছে। আমরা বলেছি আইন শৃঙ্খলা আমরা প্রতিষ্ঠা করবো। তাই দেখছি ডিটেনসনে পড়ে গিয়ে কংগ্রেসের তারা নাম করছে আমি জানি না তারা কংগ্রেস কিনা। কংগ্রেসের নাম করে যারা এসেছে এবং জেলে আছে তার সংখ্যা হচ্ছে ৩৯৮ জন। এবং এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই রকম সি. পি আই-ও আছে—আমাদের কংগ্রেস এবং সি. পি. আই - এদের মধ্যে এখন কোন বিভেদ নাই। বিশ্বনাথবাবু কিছু কিছু ডিটেনসনের ব্যাপারে পাঠিয়েছেন, আমি মাননীয় সদস্যদের কাছ থেকে উপদেশ চাইবো। সি. পি. আই-এর নাম করে ডিটেনসনে রয়েছেন ৪০০। আমাদের কংগ্রেসের নাম করে রয়েছে ৩৯৮। প্রায় কাছাকাছি—আমরা ভাই ভাই তো, প্রায় কাছাকাছি আছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জি ঃ** আমাদের ৪০০ ডিটেনও হয়েছে ?

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়ঃ** ৪০০ ডিটেণ্ড নয়, স্পেসিফিক কেসে এরেষ্ট হয়েছে। হয়তো গুণ্ডামী করে, হয়তো ছিনতাই করে এ্যারেষ্ট হয়ে তারা বল্লো আমি কংগ্রেস, আমি সি. পি. আই। তারা সি. পি. আই কি কংগ্রেস তা জানি না। একথা আমি বলতে পারবো না। তবে তারা যা বলছে সেটা রেকর্ড রাখা হচ্ছে। এটা ডিটেনসনের ফিগার নয়, এটা এ্যারেষ্টের ফিগার। বিশ্বনাথ বাবু আমার কাছে কিছু কিছু কেস পাঠিয়েছেন যে কি করা যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের কাছে সাহায্য চাইছি যে কি করবো—আপনারা মুখ্যমন্ত্রী থাকলে কি করতেন বলুন। বিশ্বনাথবাবু যেগুলি আমাকে দিয়েছেন তার থেকে দুটির কথা আমি বলছি। দুজনের নাম আমি বলছি। একজনের নাম গৌরহরি পাড়িয়া, আর একজনের নাম পুলিন সিং। গৌরহরি পাড়িয়া ডিটেণ্ড হয়েছিল ১৮।১১।৭১ তারিখে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্টেট মেদিনীপুর-এর অর্ডারে এবং পুলিন সিং ঐ একই দিনে একই অর্ডারে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্টেট মেদিনীপুর-এর, তাদের গ্রাউণ্ড অব ডিটেনসন দুজনের উপর চার্জ ছিল—অর্থাৎ দুজনেই এক সংগে একই কাজ করেছিল—তাদের বিরুদ্ধে চার্জ হচ্ছে...... On the 17th June, 1970, you, along with others attacked Shri Pulin Behari Mondal of Bhuiya Bagan with Tangis and sword and killed him on the spot. ..

(b) On 28th June, 1970, you along with others attacked Shri Gobinda Kar at Kakra Atmaram with tangis and other sharp cutting weapons and killed him on the spot.

এই দুটি খুনের অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয়েছে। এখন আমি কি করবো—মুখ্যমন্ত্রী হিসাবে কি করবো? আমি একলা এখানে করিনি। এটা এ্যাডভাইসারী বোর্ডের কাছে গিয়েছে। এ্যাডভাইসারী বোর্ডের কাছে গৌর হরি পাড়িয়া নিজে উপস্থিত হয়ে তার নিজের আরগুমেন্ট নিজে করেছে। এ্যাডভাইসারী বোর্ড সমস্ত ডকুমেন্ট দেখে, সমস্ত সাক্ষী দেখে বলেছে—The oral statement of the detainee along with other materials placed before us showed that there was sufficient cause for detention of Shri Parie. আর এই এ্যাডভাইসারী বোর্ড কে? একজন হাইকোর্টের জাজ। ঠিক সেইভাবে এ্যাডভাইসারী বোর্ড পুলিন সিং সম্বন্ধে একইভাবে কনক্লুসানে এসেছেন—That the materials placed before it tended to show that the detainee has been indulging to activities prejudicial to the maintenance of public order. হাইকোর্টের জাজ যেখানে এটা বলেছেন সেখানে সি. পি. আই-এর লোক বলে আমি ছেড়ে দিতে পারি না। ঠিক একই ভাবে কংগ্রেসের সদস্যদের আমি বলেছি। দু একটা কেস তাঁরা এনেছিলেন, আমি তাঁদের বলেছি এই যেখানে চার্জ সেখানে আমি কি করে ছাড়বো? কাজেই কংগ্রেস বলে আমি ছেড়ে দিতে পারি না যেখানে এই রকম চার্জ আছে বা এ্যাডভাইসারী বোর্ড যেখানে বলে দিয়েছেন একে ছাড়া উচিত নয়, বিশেষ করে যেখানে খুন হয়েছে।

(এ ভয়েস: বিচার হোক, কিন্তু মিসায় আটক করা কেন হবে?)

বিচার একশোবার হতো যদি সাক্ষী পাওয়া যেত। আপনারা জানেন সেখানে কি অবস্থা।

(এ ভয়েস: কেসও রয়েছে, মিসাও হচ্ছে, এরকমও তো হচ্ছে?)

হাইকোর্টে যান, ছাড়িয়ে নিন যদি অন্যায় হয়। কিন্তু আমি যতদিন এখানে স্বরাষ্ট্রমন্ত্রী থাকবো, খুন করবে, সাক্ষী পাওয়া যাবে না আর সে খুনের পর খুন করে যাবে এটা চলতে পারে না।

পশ্চিমবঙ্গের সমাজের কল্যাণে যে খুনী তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতেই হবে যে ভাবেই পার যায়। এতে যদি অন্যায় হয়ে থাকে হাইকোর্ট বলে দিতে পারেন এটা অন্যায়, এটা চলতে পা না, আমি একশোবার মেনে নেব হাইকোর্টের রায়। কিন্তু যেখানে আমি দেখছি আমাদের চোখে সামনে আমাদের সমাজের মানুষ, আমাদের ভাই বোন নিহত হচ্ছে দিনের পর দিন, সেখানে কো স্বরাষ্ট্রমন্ত্রী যদি চোখ বুজে বসে থাকে তাহলে সে দেশের কাজ করছে না, সে অবহেলা করছে, তা দায়িত্ব সে পালন করছে না, তার কর্তব্য সে করছে না। তাই আমি এই অভিমতে এসেছি, এতে যদি দোষ হয় বিধানসভা আমাকে নিশ্চয় তিরস্কার করতে পারেন, হাইকোর্ট বলে দিতে পারেন এটা অন্যায়, এটা চলতে পারে না। আমাদের চিন্তাধারা অনুযায়ী কতকগুলি কঠোর ব্যবস্থা আমাদের নিতেই হবে। আমরা আগুন নিয়ে খেলা করছি। আজকে সেই আগুনটা প্রায় নিভে গিয়েছে। এখন যাতে সেই আগুন আবার দাউ দাউ করে জ্বলে উঠতে পারে তারজন্য আমি সাহায্য করতে পারবো না, সেই আগুনে ইন্ধন যোগাতে আমি পারবো না। এটা আমি পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে আপনাদের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে উপস্থিত করতে চাই। আমি তাই আগে যেটা বলেছিলাম সেটা দিয়েই শেষ করবো। আমাদের পুলিশ সম্বন্ধে যে অভিযোগ করা হল শ্রমিকদের স্বার্থ দেখে না, চাষীর স্বার্থ দেখে না এটা হতে পারে না। তবে এটা যে একেবারে বানানো জিনিস সেটাও স্বীকার করতে আমি রাজী নই। এটা হতে পারে, যেখানে এটা হচ্ছে খবর পাচ্ছি সেখানেই চেষ্টা হচ্ছে যাতে এই রকম জিনিস না হয়। কারুকে উচ্ছেদ করছে বা বর্গাদারকে উচ্ছেদ করছে অন্যায় ভাবে এটাতে যাতে পুলিশ সাহায্য না করে এরজন্য ক্লিয়ার ইনষ্ট্রাকসান প্রত্যেকটা পুলিশ ষ্টেশানে আমরা দিয়েছি। শ্রমিকদের বিরুদ্ধে পুলিশকে ব্যবহার করা হচ্ছে দু একটা অভিযোগ এসেছে, যেখানে অভিযোগ এসেছে সেখানেই আমরা তদন্ত করছি। কিন্তু আমি একটা প্রশ্ন সঙ্গে সঙ্গে করতে চাই—তদন্ত নিশ্চয়ই করবো, কিন্তু কোন মাননীয় সদস্য কি এটা বলছেন যে এই সরকার শ্রমিকবিরোধী? আমি আবার প্রশ্ন করছি, কোন সরকার ছিল পশ্চিমবঙ্গে এই সরকারের আগে যে শ্রমিকদের স্বার্থে এতগুলি বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছে? আমি এটা জানতে চাই জুট ষ্ট্রাইক থেকে আরম্ভ করে কটন, কোল একটার পর একটা, আমি জানতে চাই কোন সরকার এই সরকারের পূর্বে শ্রমিকদের স্বার্থে এতগুলি কাজ করেছে?

যে সরকার শ্রমিকের স্বার্থে এতগুলি কাজ করেছে, তারা শ্রমিকের বিরুদ্ধে পুলিশ লাগাবে এ কথন কেউ বিশ্বাস করতে পারেন? যদি কোন অফিসার করে থাকেন, যদি কোন দারোগা করে থাকেন,আমি জানি না,নিশ্চয় আমার কাছে তাহলে কমপ্লেন করতেন। সরকারের পরিষ্কার ভাবে ঘোষিত নীতি হচ্ছে এই শ্রমিকের বিরুদ্ধে নিশ্চয় পুলিশ লাগানো হবে না। কিন্তু আজকে যেরকম একটা হাইকোর্ট থেকে রুল দিয়েছে—কিছু কিছু শ্রমিক যদি কারখানা বন্ধ করে দেবার জন্য অবস্থান ধর্মঘট করে কারখানার ভিতরে যদি কিছু উগ্রপন্থী শ্রমিক অন্তরায় কাজ করে, কিছু উগ্রপন্থী শ্রমিক সেরকম কাজ করছে আপনারা হয়ত জানেন, সেখানে আমাদের কি করণীয় কর্তব্য হবে আপনারাই বলুন। সেখানে উগ্রপন্থীরা কারখানার ভিতর ঢুকে কারখানার সর্বনাশ করে দেবে, পশ্চিমবঙ্গের ব্যবসা বাণিজ্য সব নষ্ট করে দেবে, আর আমরা চুপচাপ বসে থাকবো, আমি আপনাদের কাছে প্রশ্ন করছি, সেখানে আমার কি কর্তব্য হবে? আমাদের লক্ষ লক্ষ মানুষ বেকার আছে। আমি শীঘ্রই প্রকাশ্যে একটি নীতি ঘোষণা করবো, এই বিধানসভাতেই করবো। কিন্তু এই বেকারদের কথাও আমাদের ভাবতে হবে। সেখানে কি আমরা আবার এইরকম ভাবে শ্রমিকদের ভিতর উগ্রপন্থীদের প্রবেশ করিয়ে দিয়ে সমস্ত জিনিসকে আবার বন্ধ করে দেব, সেখানে আমাদের করণীয় কি? সেখানে যদি উগ্রপন্থীরা কলকারখানা ভেঙে বন্ধ করে দেবার চেষ্টা করে তাহলে সেখান থেকে তাদের বের করে আনা কি আমাদের উচিত নয়? সেখানে যদি কাজ চলে, শ্রমিকরা যদি কাজ

করে তাহলে পুলিশ গেলে অন্যায় হবে। কিন্তু তারা যদি উগ্রপন্থী হয়, ব্যবসা বাণিজ্য তারা যদি নষ্ট করে দেবার চেষ্টা করে, সেখানে পুলিশ গেলে কি অন্যায় হবে? আমি জানি সি. পি. এম. চেষ্টা করবে সেপ্টেম্বর মাস থেকে সরকারকে বিব্রত করার, বিভ্রান্ত করার। এই সরকার সেই পুরান সরকার নয়। এই সরকার দৃঢ় প্রতিজ্ঞ সি. পি. এম. যদি তা করতে চেষ্টা করে সেটা করে একবার দেখুক— এই সরকার জনসাধারণের সমর্থনে কাজ করে। আমি জানি এই সরকার যে কাজ করবে জনসাধারণের আশীর্বাদ পাবে। আমরা জানি এই সরকার জনবিরোধী সরকার নয়। আমরা জনসাধারণের স্বার্থেই কাজ করবো এবং মানুষকে বিভ্রান্ত করার জন্য যে কোন শক্তিই আসুক না কেন, মানুষকে তারা বিভ্রান্ত করতে পারবে না। আমাদের এগিয়ে যেতেই হবে এবং সুন্দর সমাজ প্রতিষ্ঠা করতেই হবে। আমরা সেই সুন্দর সমাজ প্রতিষ্ঠা করার জন্য পুলিশকে নতুন করে সাজাবো এই প্রতিশ্রুতি দিচ্ছি। আমি এই কথা বলে আপনাদের বাজেট বরাদ্দকে পাশ করাবার জন্য অনুরোধ করছি এবং যতগুলি কাটমোশান আছে তার বিরোধিতা করছি।

The cut motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

The cut motion of Shri Nasiruddin Khan that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Siddhartha Sankar Ray that a sum of Rs. 34,29,12,000 be granted for expenditure under Grant No. 15, Major Head : "23—Police" was then put and agreed to.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউস এ্যাডজোর্ণ করার আগে আপনার কাছে আমি একটি নিবেদন করবো। আমাদের প্রতিদিন অনেক অসুবিধা হচ্ছে, হাউস যদি ১১॥টা থেকে আরম্ভ হয় তাহলে আমাদের পক্ষে সুবিধা হয়।

## Adjournment

The House was then adjourned at 8-34 p.m. till 1 p.m. on Wednesday, the 26th July, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the !6th July, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 14 Ministers, 9 Ministers of State, 3 Deputy Ministers and 173 Members.

[1-00—1-10 p.m.]

## Oath or Affirmation of Allegiance

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made an ath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

## Starred Questions
(to which oral answers were given)

## শিলিং-এর আওতায় ফলের বাগান

*২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৫) **শ্রীনিতাইপদ সরকার ঃ** ভূমির সদ্ব্যবহার এবং স্বার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ফলের বাগান শিলিং-এর আওতাভুক্ত হওয়ার পর বহু বাগিচা-মালিক ফলের গাছ কাটিয়া ফেলিতেছেন, এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**Shri Gurupada Khan :**

(ক) এই ধরণের কোন সংবাদ সরকারের গোচরে আসে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

## Effect of Power Shortage on Jute Industry

***297.** (Admitted question No. *47 ) **Shri Rajani Kanta Doloi :** Will the inister-in-charge of the Power Department be pleased to state—

(a) if the Government has any idea/estimate of the effect of power shortage on jute production in West Bengal ;

(b) if so, what extent the power shortage has interfered with the production of jute-goods during the years 1970, 1971 and up to May 1972 ; and

(c) what the Government intends to do in the matter ?

**Shri Abdul Barkat Atawal Ghani Khan Chowdhury** :

(a) না, সঠিক তথ্য নাই।

(b) এ প্রশ্ন ওঠেনা।

(c) বিদ্যুৎ সরবরাহের উন্নতির জন্য কয়েকটি স্বল্প মেয়াদী ও কয়েকটি দীর্ঘ মেয়াদী ব্যবস্থা লওয়া হইতেছে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে ক'টি স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী ব্যবস্থা নেওয়া হয়েছে এবং সেই ব্যবস্থাগুলি কি ধরনের ?

**শ্রীআবদুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** আমরা যা নিয়েছি ব্যাণ্ডেলে ৩টি unit আছে। আমরা difficulty overcome-এর জন্য কখন কখন একসাথে ৪টি unit-ও চালাচ্ছি D.P.L., দুর্গাপুরে যাতে বেটার performance হয় তার জন্য চেষ্টা করছি। এই রকমভাবে Calcutta Electricity Supply Corporation-এ যাতে better performance হয় তার জন্যও চেষ্টা করছি, এগুলি হল ৬টি unit। Short-term এবং long-term-এতেও আমরা চেষ্টা করছি যে সাঁওতালডীহিতে যাতে তাড়াতাড়ি কাজে লাগান যায়। সাঁওতালডিহিতে ৪টি unit আছে, আমরা আশা করছি April মাসে হয়ত total unit কাজে লাগাতে পারি in otherwords আমরা 120 megawatt পাবো। আরো কতকগুলি long-term plan সে সম্পর্কে আমরা চিন্তা করছি।

## আহম্মদপুর সুগার-মিল

*২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪) **শ্রীনিতাইপদ ঘোষ ঃ** গত ১১ই এপ্রিল, ১৯৭২, তারিখে প্রদত্ত অতারকিত ২০নং (অনুমোদিত প্রশ্ন নং ১২০) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) উক্ত চিনি কলটি খোলার ব্যাপারে কোন সিদ্ধান্ত হইয়াছে কি না ; এবং

(খ) হইয়া থাকিলে, তাহা কি ?

**Shri Tarun Kanti Ghosh :**

চিনির কলটি খুলিবার পুর্বে আমরা বর্তমানে যন্ত্রপাতির কি অবস্থা এবং উহা চালু করিতে হইলে আর কি কি দরকার অনুসন্ধান করিবার জন্য কানপুর সুগার ইনষ্টিটিউটের বিশেষজ্ঞদের সাহায্য পাইবার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করিয়াছি। তাঁহাদের report পাইলে এ সম্বন্ধে একটি সিদ্ধান্ত করা হইবে।

**শ্রীনিতাইপদ ঘোষ :** কদিনের মধ্যে এই ব্যাপারটা ঘটবে, যেটা আপনি বললেন ানপুরের কমিটি থেকে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** আমার নিজের বিশ্বাস যে এক মাসের মধ্যে রিপোর্ট ঠিক করতে পারবো।

**শ্রীনিতাইপদ ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে সুগার মিলের বহু মশিন চুরি হয়ে যাচ্ছে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** এইরকম কোন খবর নেই, আপনি যদি কংক্রিট কিছু দিতে পারেন হলে আমি অনুসন্ধান করে দেখবো।

**শ্রীনিতাইপদ ঘোষ :** ওখানে মেশিন যাতে ঠিকমত থাকে, তারজন্য কোন স্পেশাল ব্যবস্থা হণ করছেন কি না ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** আমি তো সেটা বললাম যে চুরি যাতে না যায়, তারজন্য শ্চয়ই কোন বন্দোবস্ত আছে। আপনি যখন বললেন, আমি নিশ্চয়ই খোঁজ করে দেখবো।

**শ্রীসরোজ রায় :** মন্ত্রীমহাশয় সুগারমিল সম্পর্কে জবাবে বললেন যে এক মাসের মধ্যে কটা কিছু ব্যবস্থা হতে পারে। এই সুগার মিল নিয়ে এই হাউসে বহুদিন থেকে কথা ঠেছে। আপনি যেটা বললেন যে এক মাসের মধ্যে ব্যবস্থা করা যাবে, সেটা কার ভিত্তিতে ললেন ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** আমি এক মাসের মধ্যে ব্যবস্থা করা হবে বলছি না, ামি বলেছি যে অনুসন্ধান করে রিপোর্ট দিতে, এটা এক মাসের মধ্যে পাবো বলে আশা রছি।

### জয়নগর ব্লকে সেচের ব্যবস্থা

*২৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২০) **শ্রীনীরোদকুমার সাহা :** সেচ ও জলপথ বিভাগের ন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে খরাজনিত পরিস্থিতিতে কৃষিকার্য বিপন্ন হওয়ায় জয়নগর ১নং ও ২নং ব্লকে সরকার জলসেচের কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা,

(খ) গ্রহণ করিয়া থাকিলে, ঐরূপ ব্যবস্থার জন্য কত টাকা ধার্য হইয়াছে ; এবং

(গ) ঐ পরিকল্পনার বিষয় জনসাধারণের জ্ঞাতার্থে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**Shri Abdul Barkat Atawal Ghani Khan Chowdhury :**

(ক) উক্ত এলাকায় কোন জলাধার না থাকায়, সেচ ও জলপথ বিভাগ এ ব্যাপারে কোন বস্থা গ্রহণ করিতে পারেন নাই। কৃষি বিভাগ খরাজনিত পরিস্থিতির মোকাবেলার জন্য সেচের

কোন বিশেষ কর্মসূচী গ্রহণ না করিলেও, উক্ত বিভাগ সাধারণ কর্মসূচী অনুযায়ী জয়নগর ১নং ব্লকে কৃষি ব্যবস্থার সুবিধার জন্য পাঁচটি ক্ষুদ্র জলনিকাশী পরিকল্পনা গ্রহণ করিয়াছিলেন—উহার মধ্যে ৪টির কাজ শেষ হইয়াছে এবং ১টির কাজ এখনও চলিতেছে। ইহা ব্যতীত কৃষি বিভাগ জয়নগর ২নং ব্লকে একটি নদী সেচ পরিকল্পনা ও একটি গভীর নলকূপ পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। এই দুটি পরিকল্পনার কাজ এখনও চলিতেছে।

(খ) উপরোক্ত পরিকল্পনাগুলি রূপায়ণের জন্য কৃষিবিভাগ প্রায় ৯ লক্ষ ২০ হাজার টাকা বরাদ্দ করেছেন।

(গ) জনসাধারণের জ্ঞাতার্থে কোন বিশেষ ব্যবস্থা গ্রহণ না করিলেও কৃষিবিভাগের সেচ পরিকল্পনাগুলির কথা স্থানীয় জনসাধারণ অবগত আছেন।

## দুর্গাপুর কোক-ওভেন কারখানায় কর্মী নিয়োগ

*৩০০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৭) **শ্রীনিরঞ্জন ডিহিদার**ঃ পাবলিক আণ্ডারটেকিং বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দুর্গাপুর কোক-ওভেন কারখানায় সম্প্রতি কিছু নূতন কর্মী নিয়োগ করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, এই কর্মখালির জন্য যথারীতি বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছিল কিনা ; এবং

(গ) যাহাদের নিয়োগ করা হইয়াছে তাহাদের কিভাবে নিয়োগ করা হইয়াছে এবং তাহাদের যোগ্যতা কিভাবে নির্ধারিত হইয়াছে ?

**Shri Atish Chandra Sinha :**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, প্রচলিত রীতি অনুযায়ী কর্মবিনিয়োগ কেন্দ্রের নিকট কর্মপ্রার্থীদের তালিকা চাওয়া হইয়াছিল।

(গ) সংশ্লিষ্ট বিভাগ, পার্সনেল বিভাগ এবং বিশিষ্ট অফিসারদের দ্বারা গঠিত নির্বাচন কমিটি এবং দুর্গাপুরের মহকুমা শাসক, উপ-শ্রমকমিশনার এবং দুর্গাপুর প্রকল্পের পার্সোনেল অফিসার সমন্বয়ে গঠিত বাছাই (Scrutiny) কমিটি কর্তৃক যথাযথভাবে নির্বাচিত হইবার পর এই সমস্ত কর্মীদের নিয়োগ করা হইয়াছিল। যাহাদের নাম স্থানীয় কর্মবিনিয়োগকেন্দ্রে তালিকাভুক্ত (registered) ছিল, যাহাদের বয়স ৪০ বৎসর অনূর্দ্ধ এবং যাহারা কর্মক্ষম তাহাদেরই এইক্ষেত্রে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইয়াছিল।

**শ্রীনিরঞ্জন ডিহিদার**ঃ এই যে নিয়োগ করা হয়েছে, তাদের যে পরীক্ষা করা করা হয়েছে, সেই পরীক্ষার কি পদ্ধতি ছিল, কি কি বিষয়ের উপর পরীক্ষা হয়েছে জানাবেন কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ**ঃ এরা হচ্ছে আনস্কিল্ড লেবারার, সুতরাং অন্যান্য ক্ষেত্রে যে সমস্ত

লিখিত পরীক্ষা থাকে, এখানে আনস্কিল্ড লেবারারদের জন্য সেই রকম কোন ব্যবস্থা নেবার কোন স্কোপ নেই এবং সুযোগও ছিলনা।

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** ওখানে এই নিয়োগের আগে অনেকদিন ধরে কন্ট্রাক্টার-এর অধীনে কিছু শ্রমিক কাজ করছিল, তাদের ব্যাপারটা কি বিবেচনা করা হয়েছিল এই এ্যাপয়েন্টমেণ্টের সময় ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** হ্যাঁ, করা হয়েছিল।

**শ্রীনিরঞ্জন ডিহিদার :** তারমধ্যে কতজনকে কাজ দেওয়া হয়েছে ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** এর থেকে বলতে পারছি না, নোটিশ দিলে বলতে পারবো।

[1-10—1-20 p.m.]

## পুরুলিয়া জেলায় রেফ্রেক্টরী ও বিয়ার কারখানা

*৩০১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১) **শ্রীশরৎচন্দ্র দাস :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলায় নিম্নলিখিত কারখানাগুলি খুলিবার ব্যবস্থা করা হইয়াছে : (১) টামনায় একটি রেফ্রেক্টরী কারখানা, এবং (২) পুরুলিয়া শহরের দক্ষিণ-পশ্চিম দিকে একটি বিয়ার তৈরীর কারখানা,

(খ) সত্য হইলে, উক্ত কারখানাগুলি খুলিবার কোন সময়সূচী বাঁধিয়া দেওয়া হইয়াছে কি, না এবং হইলে, কবে নাগাদ আরম্ভ ও শেষ হইবে বলিয়া আশা করা যায়, এবং

(গ) উপরোক্ত কারখানাগুলিতে কত লোকের কর্মসংস্থান হইবে, এবং সরকারের নিয়োগ পদ্ধতি কি হইবে ?

**Shri Tarun Kanti Ghosh :**

(ক) (১), (২) পুরুলিয়া জিলায় একটি রেফ্রেক্টরী ও একটি বিয়ার তৈরীর কারখানা খুলিবার প্রস্তাব সরকারের পরীক্ষাধীন আছে।

(খ) কোন সময়সূচী বাঁধিয়া না দিলেও ১৯৭৪ সালের মাঝামাঝি ঐ কারখানাগুলি চালু হইবার সম্ভাবনা আছে।

(গ) রেফ্রেক্টরী কারখানাটিতে প্রায় ৪০০০ ও বিয়ার তৈরীর কারখানাটিতে প্রায় ৪৫০ জন লোকের কর্মসংস্থানের সম্ভাবনা আছে। যোগ্যতানুসারে পশ্চিমবঙ্গের অধিবাসীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

**শ্রীশরৎচন্দ্র দাস :** মাননীয় মন্ত্রীমহোদয় বলেছেন যে দুটো কারখানা খোলবার

বথা ডিপার্টমেন্টের বিবেচনাধীন আছে। এই দুটো কারখানায় কোনটায় কত টাকা বিনিয়োগ করা হবে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** রেফ্রেক্টরীতে প্রায় ৫০ লক্ষ টাকা, আর বিয়ার কারখানার কত লাগবে ঠিক জানা নেই। খোঁজ নিয়ে জানাব।

**শ্রীসরোজ রায় :** বিয়ার তৈরীর কারখানাটা পুরুলিয়াতে করছেন, কিন্তু সেখানে কি র-মেটিরিয়াল আছে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** একটা কারখানার প্রস্তাব নিয়ে পুরুলিয়াতে করবার জন্য এসেছে এবং আমার সঙ্গে দেখা করেছে, তাদের আমি বলেছি আমাদের সরকারের নীতি অনুযায়ী কেউ যদি বিয়ার তৈরী করতে চায় তো করুক, আই উইল নট মাইণ্ড, কিন্তু আমরা তাদের কোন রকম সাহায্য করছি না, ঐ জমিটমি ছাড়া। বিয়ার তৈরী করতে গেলে কি করতে হয় এই সব আমি জানিনা, খোঁজ নিয়ে দেখব।

**শ্রীসরোজ রায় :** আজকে একটা প্রাইভেট পার্টি সরকারের কাছে সাহায্যর জন্য আসছে যে তারা একটা কারখানা তৈরী করছে, কিন্তু সেটাতে কি কি স্কোপ আছে সেটা যদি সরকার না বোঝে তাহলে দেখা যাবে কিছুদিন পরে বন্ধ হয়ে গিয়েছে, সেই জন্য ঐ জায়গায় কেমন কাঁচা মাল আছে এবং কি কি র-মেটিরিয়ালস আছে এই সব এর উপর নির্ভর করে।

( নো-রিপ্লাই )

**শ্রীশরৎচন্দ্র দাস :** দুটো কারখানা যে বিবেচনাধীন আছে তাতে কত টাকা সরকারী অর্থ বিনিয়োগ করা হবে এবং কত টাকা বেসরকারী অর্থ বিনিয়োগ করা হবে ?

**শ্রীতরুণকান্তি ঘোষ :** এখনও ঠিক হয় নি।

## পঁচিশ একর ও তদূর্দ্ধ জমির মালিক

*৩০২। ( অনুমোদিত প্রশ্ন নং *৩০৮ ) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পঁচিশ একর এবং তদূর্দ্ধ জমির মালিকের সংখ্যা কত ; এবং

(খ) ঐ সকল মালিক সরকারের নিকট জমির রিটার্ন দাখিল করিয়াছেন কিনা এবং না করিয়া থাকিলে, সরকার তাঁহাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**Shri Gurupada Khan :**

(ক) পশ্চিমবঙ্গে পঁচিশ একর এবং তদূর্দ্ধ জমির মালিকের সংখ্যা সঠিকভাবে নির্ণয় করা এখনও সম্ভব হয়নি।

(খ) গত ৩১শে মে পর্য্যন্ত নূতন পরিবার ভিত্তিক সিলিং-এর বেশী জমির মালিকদের কাছ থেকে ২৫১৫৮টি রিটার্ণ পাওয়া গেছে। যাঁহারা রিটার্ণ দাখিল করেন নি অথচ যাঁহাদের সিলিংএর অতিরিক্ত জমি থাকা সম্ভব, সেরূপ প্রত্যেকটি ক্ষেত্রেই বিশদভাবে তদন্ত করা হবে। ব্যক্তিগতভাবে তাঁদের প্রত্যেককে নোটিশ পাঠান হচ্ছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পশ্চিমবঙ্গের ২৫ একর এবং তার উর্ধে জমির মালিকদের সংখ্যা এখনো নিরূপিত হয়নি। তাহলে মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কিছু দিনের মধ্যে সরকার এই সংখ্যা নিরূপণ করবেন কি না?

**শ্রীগুরুপদ খাঁনঃ** এইটা বলা সম্ভব নয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** কেন এইটা বলা সম্ভব নয়?

**শ্রীগুরুপদ খাঁনঃ** স্পীকার মহোদয়, আপনি জানেন যে আমাদের এখানে জমির রেকর্ড যেটা আছে সেটা অত্যন্ত জটিল। কোন একটা খতিয়ানে হয়ত ১০ জন রায়ত থাকতে পারে কিম্বা একজন রায়তের ১০/২০ কি আরও বেশী খতিয়ান থাকতে পারে এবং সেটা বিভিন্ন জায়গায় ছড়িয়ে থাকতে পারে, তিনি রিটার্ণ দাখিল করেন না। সমস্ত পশ্চিমবঙ্গে সব জেলায় কোন একজন রায়তের নামে কত জমি আছে সেটা বের করা অত্যন্ত কষ্টসাধ্য, তবু আমরা চেষ্টা করছি, ঠিক স্পেসিফিক ডেট দেওয়া খুব কঠিন, এইটা আপনি বুঝতে পারছেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রী মহাশয় কি ইতিপূর্বে সংবাদপত্রে বলেছিলেন যে যেসমস্ত বড় বড় জমির মালিক যাদের ২৫ একরের উর্দ্ধে জমি আছে যারা এখন পর্যন্ত রিটার্ণ দাখিল করেন নি তাদের নিবর্তন মূলক আটক আইনে গ্রেপ্তার করা হবে?

**শ্রীগুরুপদ খাঁনঃ** মাননীয় সদস্যরা জানেন যে সে আইন প্রণীত হয়েও যে সমস্ত নির্ধারক পদ্ধতি আছে সেটা না হওয়ার জন্য এখনও হয়নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মন্ত্রী মহাশয় 'ক' প্রশ্নের উত্তরে বলেছেন পঁচিশ একর এবং তদূর্দ্ধ জমির মালিকের সংখ্যা সঠিকভাবে নির্ণয় করা এখনও সম্ভব নয়। আমরা জানি সরকার তিন একর পর্যন্ত জমির মালিকের খাজনা মকুব করেছেন এবং তদূর্দ্ধ জমির মালিকদের খাজনা বৃদ্ধি করেছেন এবং সারচার্জ হয়েছে। এই খাজনা মকুবের ব্যবস্থা এবং উর্দ্ধ হারে খাজনার যে ব্যবস্থা সেই হার ইম্পোজ করার জন্য সরকারকে কি কি ব্যবস্থা অবলম্বন করতে হচ্ছে?

**শ্রীগুরুপদ খাঁনঃ** এই সম্পর্কে যদি স্পেসিফিক প্রশ্ন দেন তাহলে আমি উত্তর দেবো।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** মন্ত্রী মহাশয় যেসব ব্যবস্থা করছেন বিভিন্ন জায়গায় সেই সম্পর্কে আমি বিশেষভাবে বলছি বেঙ্গল, বিহার টেরিটোরিয়াল এরিয়ার রেকর্ড না পাওয়ার জন্য স্থানীয় চাষীদের রেকর্ড পাওয়ার যে অসুবিধা আছে সে সম্বন্ধে অবহিত আছেন কি এবং যদি অবহিত থাকেন তাহলে তারা যাতে ঠিকভাবে রেকর্ড দিতে পারেন তারজন্য সময় কিছু বাড়িয়ে দেওয়ার কথা চিন্তা করছেন কি?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** পুরুলিয়া জেলার কয়েকজন মাননীয় সদস্য ইতিপূর্বে লিখিতভা জানিয়েছেন আমরা সেটা খুব গভীরভাবে চিন্তা করে দেখছি কি করা যায়।

**শ্রীমহম্মাদ দেদার বক্স ঃ** যদি জমির মালিকেরা রিটার্ণ না দেয় তাহলে মন্ত্রী মহাশ কি করে জানবেন যে ২৫ একরের উর্দ্ধে আছে? এ ব্যাপারে উনি কি ভাবছেন এবং কি রব পথ অবলম্বন করবেন?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** ইতিমধ্যে এস্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট অনুযায়ী যারা বিগ রাওয়া তারা নিজেরা হিসাব দাখিল না করলে আমরা নানাভাবে খবর পেয়ে সুয়ো মুটো কেস করি প্রায় ৪০ হাজারের উপর কেস আমরা করেছি এবং আরও কোথাও কোথাও হবে এবং নূত যে সিলিং হয়েছে সেটার ব্যবস্থা করবো।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আমার যে প্রশ্নটা ছিল সেটা আমাদের সরকারের বিরা স্বার্থের সঙ্গে জড়িত। আমি প্রশ্ন করেছি ২৫ একর বা তদূর্দ্ধে জমির মালিকের সংখ্যা নিরূপ করার কাজ যদি সম্ভব না হয় তাহলে ৯ বিঘে পর্য্যন্ত যাদের জমি আছে তাদের খাজনা মুকু করা এবং তদূর্দ্ধে খাজনা বৃদ্ধি করা এটা কিভাবে কার্য্যকরী করা যাবে?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** যদিও ওর প্রশ্ন এই প্রশ্নের সঙ্গে জড়িত নয় তবু দুবার করেছে বলে বলছি। আমরা যে রিটার্ণ দেবার জন্য ফর্ম ৭(এ) দেবার জন্য বলেছি তিন একর সম্বন্ধে ? বলবে তাদের কাছে ষ্টেটমেন্ট নিয়ে তারপর দেখা হচ্ছে। যদিও সমস্ত জায়গায় সেটেলমেন্ট কর জমি নেই তবুও সেটা সংগ্রহ করার চেষ্টা করা হচ্ছে। নিশ্চয় এতে অগ্রসর হতে পারবো এ মিঃ বিশ্বাস যা বলেছেন তার উত্তর নিশ্চয় তাতে মিলবে।

[1-20—1-30 p.m.]

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** আমাদের পুরুলিয়া জেলার অধিকাংশ জায়গা Bengal-এ এল কিন্তু জমির record সব বিহারে চলে গেল। এই Record না থাকায় কেউ জানতে পারছে না তা কোন জমি এবং কত জমি আছে। এদিকে ভুল return দাখিল করলে জেল ও জরিমানা হতে পারে সুতরাং এই record দেবার কি ব্যবস্থা করছেন?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** এ প্রশ্ন এই প্রসঙ্গে ওঠে না।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** যতদিন record না পাচ্ছি ততদিন পর্যন্ত সঠিক return দে কিভাবে?

**মিঃ স্পীকার ঃ** Mr. Das, you may not know how many bighas of lanc you do possess but the owner of lands knows very well how much he owns.

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** ২৫ একরের উর্দ্ধে জমির সংখ্যা যদি না বলতে পারেন তাহলে কি করে জমি দখল আইন অনুযায়ী জমি দখল করবেন?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** আমি বলেছি সঠিকভাবে বলতে পারছি না। কিন্তু আমরা অনেক big raiyat-দের ধরেছি এবং আরও অনেক ধরার চেষ্টা করছি।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** ১৯৫৩ সালে Estate Acquisition Act পাশ হবার পর দীর্ঘ ১৮ বছর ধরে তাদের ধরার কি ব্যবস্থা সরকার করেছেন ?

( উত্তর নাই )

**শ্রীসরোজ রায় ঃ** জমির হিসাব যদি না থাকে তাহলে ভূমি আইন আমরা যেটা পাশ করলাম, সেটা কিভাবে প্রয়োগ করবেন ?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** আমি আগেই বলেছি আমাদের record-of-rights up-to-date নয়, সেটা যদি থাকতো তাহলে আমরা হিসাব ঠিকমত করতে পারতাম। সেটা করার জন্য একটা পরিকল্পনা গ্রহণ করছি। এটা করতে দীর্ঘ সময় লাগবে বলে তহশীলদার যারা রয়েছে তাদের মাধ্যমে প্রত্যেকটা পরিবারের বিভিন্ন রকম জমির হিসাব আমরা নিয়ে আসবার চেষ্টা করছি।

**শ্রীসরোজ রায় ঃ** যখন record-of-rights correction-এর কথা উঠেছে এবং যখন তহশিলদারদের উপর নির্ভর করতে হবে তখন ওদের দাবী দাওয়ার কথা চিন্তা করে তাদের problem solve করার কথা চিন্তা করছেন কি ?

**মিঃ স্পীকার ঃ** The problems of the Tohosildars are not related to this particular question. So, I rule out that.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন নতুন যে সেটেলমেন্ট হচ্ছে, সেই সেটেলমেন্ট পুরাতন ব্যবস্থা মতাবেক হবে, না, একটা পরিবারের জন্য একটা খতিয়ান হবে, চকবন্দী করে হবে ?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** এই প্রশ্নের সঙ্গে আপনার কোন প্রশ্নের কোন সম্পর্ক নেই, বিশেষ প্রশ্ন করলে উত্তর দেব।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রশ্নের উত্তর পাইনি, সেজন্য আপনার কাছে আবেদন করছি।

**মিঃ স্পীকার ঃ** Yes, you please put your question again.

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ১৯৫৪ সালে এস্টেট এ্যাকুইজিসান আইন পাশ হবার পর দীর্ঘ ১৮ বছর ধরে বাংলাদেশে ২৫ বিঘার উর্দ্ধে কতজন জমির মালিক আছে তা সংগ্রহ করা সম্ভব হয়নি কেন ?

**শ্রীগুরুপদ খাঁন ঃ** এর আগে আমি উত্তর দিয়েছি। তাছাড়া মাননীয় সদস্য নিজেও

একজন আইনজীবী, তিনি ভাল করে জানেন জমি-জায়গার ব্যাপারটা বিশেষতঃ খতিয়ান সংক্রান্ত ব্যাপারটা অত্যন্ত কঠিন ব্যাপার, সেই হিসাবে আমরা সচেষ্টভাবে চেষ্টা করে চলেছি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন বিষয়টা অত্যন্ত জটিল। আমি জিজ্ঞাসা করতে চাই মাস এবং বছরের হিসাবে কতদিনের মধ্যে এই কাজ সম্পন্ন হবে বলে আপনি মনে করেন ?

**শ্রীগুরুপদ খাঁনঃ** রেকর্ড অব রাইটস সম্বন্ধে পরে প্রশ্ন আছে, তবুও পরিষ্কারভাবে মাননীয় সদস্যকে জানিয়ে দিতে চাই ৪০ কোটি টাকা খরচ করে ৬ বছর অক্লান্ত পরিশ্রমে বহু লোক যদি করে থাকে তাহলে রেকর্ড অব রাইটস সম্পূর্ণ হবে। সেজন্য এখনই স্পেসিফিক ডেট দেওয়া আমার পক্ষে সম্ভব নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে সেটেলমেন্ট হচ্ছে এতে এক একটা পরিবারের জন্য এক একটা খতিয়ান তৈরী করবেন কিনা ?

**শ্রীগুরুপদ খাঁনঃ** এই প্রশ্নের সঙ্গে ঐ প্রশ্ন মোটেই জড়িত নয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের উত্তর আমি পাইনি, আমি আপনার প্রোটেকশান চাচ্ছি।

**Mr. Speaker :** Mr. Biswas, you have taken 10 minutes time. It has been made very clear by the Hon'ble Minister that he is not in a position to let you know how many raiyats are having more than 25 acres of land, because there are some intricate problem involved in it and he is not in a position to give any exact time when he will be able to give the list of all the raiyats possessing more than 25 acres of land. The system itself is very complicated and it has not been possible for him to give you the correct reply. He is not in possession of sufficient documents by which he can satisfy the Members of this House. I think no further elucidation on the point is necessary, so I pass over to the next question.

**শ্রীসরোজ রায়:** কিছুদিন আগে এই হাউসে আমরা ল্যাণ্ড রিফর্মস এ্যামেণ্ডমেন্ট পাশ করলাম, সেটাকে যে প্রয়োগ করতে যাব জমির হিসাব যদি না থাকে তাহলে কোথায় প্রয়োগ করব ?

**শ্রীগুরুপদ খাঁনঃ** এর উত্তর আগেই দিয়েছি। আপনি যদি না শুনেন তাহলে আমি কি করব।

## কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে দুর্নীতি

*৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩০) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে (১) কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের উচ্চ পদস্থ কয়েকজন অফিসারের দুর্নীতি, দায়িত্বজ্ঞানহীনতা ও কর্তব্যে অবহেলার জন্য বহু সংখ্যক গ্রাহক অযথা হয়রান হচ্ছেন এবং বহু মিটার কাটা গেছে ; (২) গ্রাহকরা বহু আবেদন নিবেদন করেও কোম্পানীর কাছে কোন সুবিচার পান না ,

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন ; এবং

(গ) সরকার ঐ সংস্থার পরিচালনভার হাতে নিয়ে কলিকাতাবাসীদের ঐরূপ কষ্টের লাঘব করার কোন পরিকল্পনা করেছেন কি ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :**

(ক) (১) এবং (২) সরকারের নিকট এইরূপ কোন নির্দ্দিষ্ট অভিযোগ নাই .

(খ) '(ক)' প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

(গ) এই সংস্থার পরিচালনভার সরকারের হাতে নেবার কথা আপাততঃ সরকারের বিবেচনাধীন আছে।

1-30—1-40 p.m.]

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** মন্ত্রীমহাশয় বললেন এরকম কোন নির্দিষ্ট অভিযোগ নেই। আমার প্রশ্ন হচ্ছে এরকম অভিযোগ যদি সরকারের কাছে জানাই তাহলে সরকার কি দোষী অফিসারের বিরুদ্ধে শাস্তি বিধান করবেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী ঃ** ইয়েস্, স্যাটেনলী।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** সরকার কবে নাগাদ এই সংস্থার পরিচালনার ভার গ্রহণ করবেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী ঃ** আমি এখনই স্পেসিফিক সময় বলতে পারব না, কারণ ভেরিয়াস অ্যাসপেক্টস্ আছে। অনারেবল মেম্বাররা জানেন সমস্ত পশ্চিমবাংলায় এরকম ২৪টি লাইসেন্সী আছে। বর্তমান গভর্ণমেন্টের পলিসি হচ্ছে এগুলি সব নিয়ে নেবেন। অবশ্য অনেক বাধাবিঘ্ন আছে, কিন্তু তবুও আমরা চেষ্টা করছি যত তাড়াতাড়ি পারি এগুলি আমরা নিয়ে নেব—অর্থাৎ যতগুলি লাইসেন্সী আছে তাদের সকলকে আমরা নিয়ে নেব।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** এই সংস্থাকে গ্রহণ করতে সরকার কত টাকা ক্ষতিপূরণ দেবেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী ঃ** আমি আগেই বলেছি কোন স্পেসিফিক ডেট বলতে পারব না। আমি হাউসে বলেছিলাম গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া ও চিন্তা করছেন অর্ডিন্যান্স করে সমস্ত নিয়ে নেবেন। আমরাও চিন্তা করছি নিয়ে নেব বলে এবং যত তাড়াতাড়ি পারি নিয়ে নেব।

**শ্রীমতী গীতা মুখার্জী:** মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে, স্টেট ইলেকট্রিসিটি বে এবং সি. ই. এস. সি তে যাতে সরকার উপযুক্তভাবে এবং যথাযথ সময়ে তাদের দুর্নী ব্যাপারে হস্তক্ষেপ করতে না পারেন সেইজন্য সরকার এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সংস্থার প্রতিপ শালী লোকদের ছেলেদের চাকুরী দিয়ে তাদের হাত করার চেষ্টা করছে। এমন কি ইণ্ডাষ্ট্রী ট্রাইবুনাল চলাকালীন একজন জজের ছেলেকে চাকুরী দেবার পর দেখা গেল শ্রমিকদের বি এ্যাওয়ার্ড গেছে। এই প্রাকটিস্ তাঁরা যে চালু রেখেছেন এটা কি আপনি জানেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী:** এই তথ্য আমার জ নেই। আমি আপনাকে এটুকু বলতে পারি এই সরকারকে ঘুষ দিয়ে কিছু হবে না।

**শ্রীমতী গীতা মুখার্জী:** সরকারকে ঘুষ দেওয়া বলতে আপনি কি মনে করেন ত বুঝতে পারলাম না। বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ কর্মচারীরা যে ঘুষ নেয়না এটা কি আপনি করেন ? তা যদি মনে করেন তাহলে আমার বলার কিছু নেই। যাহোক, আমার প্রশ্ন হল এ ঘটনা ঘটেছে কিনা এবং এ সম্বন্ধে আপনি তদন্ত করবেন কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী:** ইফ ইউ গিভ মি স্পেসিফিক কেস্, আই উইল সার্টেনলী ডু দ্যাট।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** আপনি বলেছেন যে সরকারের কোম্পানীর পরিচা ভার নেবার কথা বিবেচনাধীন আছে। ইতিমধ্যে এই কোম্পানী ২০ কোটি টাকার ডিবেঞ ফ্লোট করেছে এবং তাঁরা যে ডেভলপমেণ্ট প্রোগ্রাম কি করবেন সেটা যথাযথভাবে জানাচ্ছেন এর ফলে ১০ বছরের মধ্যে তাদের ক্রিয়ার প্রফিট থেকে তাদের এ্যাসেটস্ ফাপিয়ে ে সম্ভাবনা আছে এ্যাসেটস্ না বাড়িয়ে। এ সম্বন্ধে আপনি তদন্ত করবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী:** ১৯৮০ সাল পর্যন্ত ত লাইসেন্স আছে। কাজেই এই সময় পর্যন্ত তাঁরা যা করছেন সেটা অবভিয়াসলী তাঁর ক পারেন। আমি বারবার বলেছি এটা আমরা নেব, নেব, নেব। তবে অনেকগুলি ব্যাপার ' যেগুলি আমরা চিন্তা করছি।

**শ্রীবলাই লাল শেঠ:** মন্ত্রী মহাশয় জানালেন অনেক সংস্থাকে লিজ দেওয়া ' সেগুলি তাঁরা নিয়ে নেবেন এবং অনেকগুলো সংস্থার লিজ ২/১ মাসের মধ্যেই শেষ হয়ে য কিন্তু আমি জানতে পেরেছি মন্ত্রীদের সঙ্গে সেই কোম্পানী যোগাযোগ করে আরও ৭ বছ এক্সটেনসন নেবার চেষ্টা করছে। আমি একটা উদাহরণ দিয়ে বলতে পারি তারকেশ্বর ইলেব প্রাইভেট কোম্পানী এরকম যোগসাজস করছে। আমি দুর্নীতিগ্রস্ত অফিসারের নামও বলতে ' যিনি পার্সোনালি চিঠি দিয়ে অন্য একজন অফিসারের সঙ্গে যোগাযোগ করছেন। এই ব্যাপারে করে শাস্তি দেবেন কি ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খাঁন চৌধুরী:** আপনি যদি কোন ডেফি মন্ত্রীর নাম বলেন তাহলে আমি খুসী হব। আমি আপনাদের এটুকু বলতে পারি আম গভর্ণমেণ্টের ডাইরেকটিভ আছে যে, কোন লাইসেন্স রি-নিউ করা হবে না। বর্তমানে যে অ

আছে তাতে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে ১৮ মাস আগে একটা নোটিশ দিতে হয় এবং তারপর গভর্ণমেন্ট নোটিস দেয়। এক বৎসর আগে এইরকম নোটিস দিয়ে আমাদের নিতে হয়।

আমি সেজন্য বাঁকুড়ার ক্ষেত্রে মাননীয় সদস্যদের বলতে চাই যে রেগুলার প্রেসার ক্রিয়েট করে এটা নেবার চেষ্টা আমরা করছি।

**শ্রীবলাই লাল শেঠঃ** পাওয়ার কমিশনার নিজে ব্যক্তিগতভাবে কোম্পানীর লোককে চিঠি লেখেন এবং হুগলী ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছেও পার্সোনালী পাওয়ার কমিশনার চিঠি লিখেছেন এটা খোঁজ নিবেন কি?

**মিঃ স্পীকারঃ** This question does not arise.

## বাঁকুড়া কো-অপারেটিভ রাইস মিল

*৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫২২) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** সমবায় বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া কো-অপারেটিভ রাইস মিল কোন্ সালে রেজিষ্ট্রী হয়েছিল,

(খ) ঐ রাইস মিলের জন্য কত শেয়ার বিক্রয় করা হইয়াছিল, এবং

(গ) বর্তমানে ঐ রাইস মিলটি কি অবস্থায় আছে?

**ডাঃ জয়নাল আবেদিনঃ** (ক) ইংরাজী ১৯৬৫ সাল।

(খ) চার লক্ষ নয় শত টাকা মূল্যের শেয়ার বিক্রয় করা হইয়াছিল।

(গ) গত মরশুমে ফুড কর্পোরেশন কর্তৃক ধান্য সরবরাহ না করায় মিলটি এখন বন্ধ আছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই রাইস মিলটা আবার চালু করা কবে সম্ভব হবে?

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আমার পক্ষে বলা সম্ভব নয় সেখানে বোর্ড অব ডিরেক্টারস আছেন। There is a Board of Directors there to decide that.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, কত দিনের মধ্যে বোর্ড অব ডাইরেকটরদের সঙ্গে বসে এ সম্বন্ধে আলোচনা করে মিলটি খোলার ব্যবস্থা করবেন?

**ডাঃ জয়নাল আবেদিনঃ** এটা আপনার সাজেসন, এটা রিকোয়েষ্ট ফর অ্যাকসন। এটার উত্তর হয় না।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** এই সমবায় মিলটি চালু করবার জন্য সরকারের কাছে যে অথে আবেদন করা হয়েছে সেই আবেদন মঞ্জুর করে কতদিনের মধ্যে টাকা দেবেন বলতে পারেন কি

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আদৌ দেওয়া যাবে কিনা সে সম্বন্ধে আমরা চিন্তা করছি কারণ পারফরমেনস অব দি মিলস ইজ ব্যাড।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি ৪ লক্ষ টাকা মূলধন নিয়ে ( রাইস মিলটি ছিল সেই টাকাটা এখনও অক্ষত অবস্থায় আছে কি না ?

**শ্রীজয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবঙ্গে কে অপারেটিভের ইতিহাস অত্যন্ত বেদনাদায়ক, সুতরাং এ ক্ষেত্রেও কিছু মার খাওয়া অসম্ভব নয়।

**শ্রীশরৎচন্দ্র দাস :** সরল গ্রামবাসীরা শেয়ার খরিদ করেছিল। যারা তাদের টাকা এধা ওধার করেছে সরকারের অধিকার আছে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করবার। সুতরা আপনি কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি ?

**মিঃ স্পীকার :** Mr. Das, it is a legal matter. You have to see th powers of the Govt. under the Co-operative Act.

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** যারা পশ্চিমবঙ্গে এই রকম কো-অপারেটিভের নাম করে, যার কো-অপারেটিভের নাম করে লুটপাট করে খাচ্ছে যদি তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা ক্ষমতা সরকারের না থাকে তাহলে এই ডিপার্টমেণ্ট রাখবার কি প্রয়োজনীয়তা আছে ?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি মনে করি এবং সরকার মনে করে যে ভারতবর্ষে পক্ষে তথা পশ্চিমবঙ্গের পক্ষে সমবায় অত্যাবশ্যক রয়েছে, তবে এর ভিতরে যদি দুর্নীতি থাকে তাহলে পৃথক প্রশ্ন নিয়ে আসবেন. উপযুক্ত জবাব দেব।

[1-40—1-50 p.m.]

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** এটা একটা বেসরকারী জিনিস। আমাদের এখানে এত বড় কো- অপারেটিভের টাকা সরকারী অফিসাররা ভাগ করে নিল।

**মিঃ স্পীকার ঃ** The question does not arise

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এই রাইস মিলের বোর্ড অব ডাইরেকটার এবং মেম্বাররা সব কিছু ঠিক করবে, কিন্তু আমি জানতে চাই এই কো-অপারেটিভে সরকারের কত টাকা আছে এবং সরকার তার টাকা রক্ষা করবার জন্য কি করছেন ?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই মিলে সরকারের আছে ৩ লক্ষ ৫০ হাজার টাকা। এই মিল বন্ধ আছে। এই রকম আরো মিল বন্ধ আছে এবং আমরা তা পরীক্ষা নিরীক্ষা

করে দেখছি। তবে এটা এ প্রশ্নের সংগে আসে না। কিন্তু যেটা বন্ধ আছে তার এ্যাসেটস দেখবার জন্য in the Board of Directors there are Govt. officers, as also other members এরা সরকারের স্বার্থ রক্ষা করছেন।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ৪ লক্ষর মধ্যে সাড়ে তিন লক্ষ টাকা সরকারের আর ৫০ হাজার টাকা মাত্র শেয়ার হোলডারদের এবং এখানে গভর্ণমেন্ট অফিসাররা আছেন এটা দেখবার জন্য। আমি জানতে চাই এই টাকাটা অক্ষত অবস্থায় আছে কি না ?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এর থেকে এ প্রশ্ন আসে না। I cannot say specifically.

## মেদিনীপুর জেলায় নুতন জে, এল, আর, ও, অফিস

*৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৪) **শ্রীপ্রদ্যুৎ কুমার মহান্তি ঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৭২-৭৩ সালে মেদিনীপুর জেলায় নতুন কয়েকটি জে, এল, আর, ও, অফিস খোলার প্রস্তাব সরকারের রহিয়াছে ;

(খ) সত্য হইলে, কোথায় কোথায় এবং কবে নাগাদ খোলা হইবে বলিয়া আশা করা যায় , এবং

(গ) ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে ঐ জেলায় কোথায় কোথায় নতুন জে, এল, আর, ও, অফিস খোলা হইয়াছে ?

**শ্রীগুরুপদ খান ঃ** (ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত ১০টি নুতন এল, আর, সার্কেল অফিস ১৯৭২ সালের মধ্যে খোলা হইবে বলিয়া আশা করা যায় :—

(১) চন্দ্রকোনা রোড ( সাতবাঁকুড়ায় )

(২) খাকুরদা

(৩) চোলমারি ( মুকুন্দপুরে )

(৪) বেলিয়াবাদ

(৫) বালিসাই

(৬) বালিঘাই

(৭) ভূপতিনগর

(৮) নন্দকুমার

(৯) মেচেদা

(১০) বেলুঘাটা

(গ) ১৯৭০-৭১ সালে মেদিনীপুর জেলায় নূতন কোন এল, আর, সার্কেল অফি
খোলা হয় নাই।

১৯৭১-৭২ সালে মেদিনীপুর জেলায় নিম্নলিখিত ৯টি নূতন এল, আর, সার্কেল অফি
খোলা হইয়াছে :—

(১) মরিবাদা ( নাচিন্দায় )

(২) রামনগর

(৩) মোহনপুর

(৪) কেশীয়ারী ( আউরঙ্গাবাদে )

(৫) সাঁকরাইল ( কেশিয়াপাড়ায় )

(৬) নয়াগ্রাম ( খড়িকামাথানীতে )

(৭) জামবনী ( গিডনীতে )

(৮) বীনপুর, এবং

(৯) নন্দীগ্রাম

**শ্রীপ্রদ্যুৎ কুমার মহান্তি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া ক'রে বলবেন কি, ১৯৭১-৭
সালে মেদিনীপুরে যে কয়েকটি নূতন জে, এল, আর, ও, অফিস করেছেন তার কয়টিতে কাজ চা
আছে, কর্মচারী এবং সাজসারঞ্জাম এখন পর্য্যন্ত দিতে পেরেছেন ?

**শ্রীগুরুপদ খান ঃ** যতগুলি সম্ভব দেওয়া হয়েছে, বাকীগুলিতে দেওয়া হবে।

**শ্রীপ্রদ্যুৎকুমার মহান্তি ঃ** এইগুলিতে দেবার চেষ্টা করছেন বললেন, কিন্তু কতদিনে
মধ্যে এইগুলিতে অফিসার দিতে পারবেন ?

**শ্রীগুরুপদ খান :** খুব শীঘ্রই করবো।

**শ্রীসরোজ কুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিলেন তা খুবই ডিটেল জব
হয়েছে। আমার মাত্র একটা সাপ্লিমেন্টারি হচ্ছে যে এই যে নূতন নূতন অফিস হয়েছে, ফাংশ
করছে, কিন্তু লিষ্টে দেখছি যে গড়পেতা থানার হুমগড়াতে করার কথা ছিল কিন্তু কেন করেননি ?

**শ্রীগুরুপদ খান :** মাননীয় স্পীকার মহাশয় কোথায় কথা হয়েছিল আমি জানি না। [ি]নি আমাদের আলাদা প্রশ্ন করলে নিশ্চয়ই উত্তর দেবো।

## পাণ্ডুয়া থানায় সেচ বিভাগের কাজে কনট্রাক্টর

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪১০) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** সেচ এবং জলপথ [বিভাগে]র মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে এই বৎসর পাণ্ডুয়া থানার সেচ বিভাগের যাবতীয় খাল, নালা ইত্যাদির 'মেন্টেনেন্স-রিপেয়ার', 'সিল্ট ক্লিয়ারেন্স', 'বাঁধ একবাঙ্কমেন্ট', রক্ষণা বেক্ষণ ও মেরামতীর কাজে কণ্ট্রাক্টররা শতকরা ১৬ হইতে ৪৮ ভাগ কম রেটে ( সরকারী সিডিউল হইতে ) কাজ লইয়াছেন ;

(খ) সত্য হইলে (১) ইহার কারণ কি, এবং (২) তাঁহাদের কাজ ঠিকমত হইয়াছে কি না দেখার জন্ত কি ব্যবস্থা আছে ;

(গ) এই বৎসর পাণ্ডুয়া থানায় যে নূতন খাল কাটা বা মেরামতির কাজ হইয়াছে বা হইতেছে সেগুলির মধ্যে সর্বনিম্ন ( শতকরা ) কত রেটে ( সিডিউল হইতে ) কণ্ট্রাক্টর কাজ লইয়াছেন , এবং

(ঘ) সরকারী সিডিউল রেট হইতে বহু কম রেটে যে সব কণ্ট্রাক্টররা কাজ লইয়াছেন সেগুলিতে যাহাতে দ্রুতভাবে ও সুষ্ঠুভাবে সম্পূর্ণ হয় সে সম্পর্কে সরকার কি ব্যবস্থা লইয়াছেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী :** (ক) এই বৎসর পাণ্ডুয়া থানার [সে]চ খালের মান রক্ষণাবেক্ষণ ও মেরামতীর কাজ বা নূতন বনর্স্টাকশনের কাজ (extension [i]mprovement) কণ্ট্রাকটররা শতকরা ৩ টাকা বেশী হইতে ৪৫·৯৯ টাকা কম সিডিউল হইতে) [ল]ইয়াছেন।

(খ) (১) ঐ সকল কাজের জন্ত 'ওপেন টেণ্ডার' (open tender) আহ্বান করায় সব স্তরের [ঠিকা]দাররা টেণ্ডারে যোগদান করার সুযোগ পান, ফলে ঠিকাদারদের সংখ্যাধিক্য এবং কাজ [পাইবা]র জন্ত তাঁহাদের মধ্যে রেষারেষীই দর এত নিম্নগামী হওয়ার কারণ বলিয়া মনে হয়।

(২) ঠিকাদাররা যাহাতে সুষ্ঠুভাবে কাজ করেন তাহা দেখার জন্ত সহবাস্তুকার [(As]sistant Engr.) হইতে অবরসহবাস্তুকার (Sub-Asstt. Engr.) এবং তাঁহাদের অধঃস্তন [কর্মচা]রীরা রহিয়াছেন। ইহা ছাড়া নির্বাহীবাস্তুকার (Executive Engr) কর্তৃক অন্তর্বর্তীকালীন [প]রিদর্শন ও পরীক্ষার (time to time check) ব্যবস্থাও আছে।

(গ) এই বৎসর পাণ্ডুয়া থানায় সেচ বিভাগের অধীনে যে কাজ হইয়াছে বা হইতেছে [তাহা]র জন্ত সর্বনিম্ন রেট শতকরা ৪৫·৯৯ ভাগ কম ( সিডিউল হইতে) পাওয়া গিয়াছে।

(ঘ) কাজগুলি যাহাতে দ্রুত ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয় তাহা দেখার জন্য উপরে 'খ' বর্ণিত ব্যবস্থা ছাড়াও এই বৎসর স্বাভাবিকেরও পরে বাড়তি একজন অবর সহ-বাস্তুকারকে f সাব ডিভিশনে ( সেচ বিভাগাধীন ) পোষ্টিং করা হইয়াছে।

## গ্রামাঞ্চলে কুটীর ও ক্ষুদ্র শিল্প

*৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬০) **ডাঃ মহম্মদ এক্রামুল হক বিশ্বাস ঃ** এবং ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গ্রামাঞ্চলে কুটির ও ক্ষুদ্র শিল্প স্থাপনের কোন পরিকল্পনা কি না ; এবং

(খ) থাকিলে, কোন জেলায় কি কি কুটির ও ক্ষুদ্র শিল্প স্থাপনের প্রস্তাব আছে ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** (ক) আছে।

(খ) এই বিষয়ে জেলাভিত্তিক কোন প্রস্তাব লওয়া হয় না। যাহা কিছু উন্নয়ন কর্মসূচী গ্রহণ করা হয় তাহা সমগ্র পশ্চিমবঙ্গ ব্যাপিয়া। এই রাজ্যের (বিশেষ করিয়া গ্রামা কুটীর ও ক্ষুদ্র শিল্পের সামগ্রিক উন্নয়নের জন্য সরকার বিভিন্ন জেলাগুলিতে নিম্নলিখিত ৩টি ি প্রকল্প গ্রহণ করিয়াছেন :—

(১) শিল্প নগরী স্থাপন ;

(২) প্রাচীন শিল্প প্রকল্প ; এবং

(৩) ১৬ দফা কর্মসূচী।

ইহা ছাড়াও অন্যান্য প্রকল্প চালু আছে যেমন—(১) দুষ্প্রাপ্য কাঁচামাল সরবরাহের ব্য (২) উন্নত ধরনের তাঁত চরকার বিতরণ, (৩) কারিগরি শিক্ষা দান, (৪) উন্নতধরনের যন্ত্র সরবরাহ ; (৫) B S A I Act অনুসারে স্বল্প সুদ কারবারী ঋণ দান ইত্যাদি ইত্যাদি। এই কর্মসূচীর মাধ্যমে রাজ্যে হস্ত শিল্প, তাঁত শিল্প, রেশম শিল্প, লাক্ষা শিল্প ও অন্যান্য কুটির ও ক্ষুদ্র ি উন্নয়নের ব্যবস্থা আছে।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই যে, ে ভিত্তিক শিল্প নগরী স্থাপন করবার কোন পরিকল্পনা আছে কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আমি আগেও বলেছি। এটা একটা ব্যাপার নয়, আমাদের বিবেচনাধীন আছে। আমরা চেষ্টা করছি যে যতগুলি কভার করা যায়। আমরা সেই শিল্পনগরী স্থাপন করবো।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের দয়া করে বলবেন কি আমাদের যে ১৬ দফা কর্মসূচী আছে সেই ১৬ দফা কর্মসূচীর মধ্যে আপনারা চিন্তা করছেন কি

**শ্রীঅতীশ চন্দ্র সিংহ :** আমাদের কর্মসূচীর মধ্যে ক্ষুদ্র শিল্প যাতে বেশী হয় সেরূপ ...দের কর্মসূচী আছে। সেলস্ ট্যাক্স, ইলেকট্রিসিটি, ডিউটি, ইনকাম ট্যাক্স ইত্যাদি যাতে কম সেরূপ আমাদের কর্মসূচী আছে, ঐ ১৬ দফা কর্মসূচীর মধ্যে। আপনি যদি নোটিশ দেন তা ... আমি জানাব।

**শ্রীইদ্রিশ আলী :** মুর্শিদাবাদ জেলায় প্রসেসিং শিল্প প্রতিষ্ঠা সম্বন্ধে কোন আয়োজন ... হচ্ছে কিনা ?

**মিঃ স্পীকার :** It does not arise because it is not possible to give information in respect of each district, without proper notice.

## নূতনভাবে সেটেলমেন্ট-এর কাজ আরম্ভ

*৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৯) **শ্রীআবদুল বারি বিশ্বাস :** ভূমি সংস্কার ও ...হার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে এই রাজ্যে নতুনভাবে সেটেলমেন্ট-এর কাজ শুরু করা হচ্ছে ,

(খ) সত্য হইলে, এই কাজ বর্তমানে কোন্ কোন্ জেলায় আরম্ভ হচ্ছে , এবং

(গ) অবশিষ্ট জেলাগুলিতে কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

**Shri Gurupada Khan :**

(ক) হঁ্যা।

(খ) বর্তমানে দার্জিলিং, মুর্শিদাবাদ, বাঁকুড়া, হুগলী এবং ইসলামপুর মহকুমা বাদে পশ্চিম-দিনাজপুর জেলায় নতুনভাবে জরীপের কাজ আরম্ভ হচ্ছে।

(গ) অবশিষ্ট জেলাগুলিতে একই সংগে জরীপের কাজ শুরু করার জন্য একটি প্রকল্প রচনা হয়েছে, রাজ্যের সীমিত আর্থিক ক্ষমতার জন্য এই প্রকল্পটি পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ...ক্ত করার চেষ্টা করা হচ্ছে।

[...—2-00 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে এই পাঁচটি জেলার ...মেন্টের কাজ সমাপ্ত হতে কত বছর বা কত দিন লাগবে বলে তিনি মনে করেন ?

**শ্রীগুরুপদ খান :** প্রায় পাঁচ বছর লাগবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে অবশিষ্ট জেলাগুলি নিয়ে যদি এক সঙ্গে কাজ করা হয় তাহলে বর্তমান সরকারের মোট কত টাকার প্রয়োজন ?

**মিঃ স্পীকার ঃ** It is hypothetical—I disallow the question.

**শ্রীভূপাল চন্দ্র পাণ্ডা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে তিনি তো এই পাঁচ জেলা স্বরু করলেন, তাহলে বাকী জেলাগুলিতে কবে কত দিনে এই সেটেলমেন্টের অপারেশনের কাজ শুরু হবে ?

**শ্রীগুরুপদ খান ঃ** আমি আগেই বলেছি যে এই পাঁচটি জেলা শেষ করে তারপর আরও পাঁচটি জেলা শুরু হবে—এইভাবে তিন ভাগে ভাগ করে করবো।

**শ্রীভূপাল চন্দ্র পাণ্ডা ঃ** তাহলে হোল ওয়েষ্ট বেঙ্গলে এই কাজ শেষ করতে কতদিন লাগবে ?

**শ্রীগুরুপদ খান ঃ** ১৫ বছর লাগবে যদি এইভাবে কাজ চলে এবং এই রকম ঠিক থাকে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যে সেটেলমেন্টের কাজ আরম্ভ করা হচ্ছে তাতে একটি পরিবারকে একটি খতিয়ানের অন্তর্ভুক্ত করার বিষয় সরকার কি নির্দেশ দিয়েছেন ?

**শ্রীগুরুপদ খান ঃ** হ্যাঁ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি একটি পরিবারকে একটি খতিয়ানভুক্ত করে তাদের জমিগুলি এক জায়গায় করার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রীগুরুপদ খান ঃ** মাননীয় সদস্যকে আমি বলতে পারি যে একটা রায়তে একটা খতিয়ানভুক্ত করা হবে এবং একই মৌজাভুক্ত করা হবে।

**শ্রীনিতাই পদ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে যখন সেটেলমেন্ট হবে সেই সময় জমি চকবন্দী করে করার ব্যবস্থা থাকবে কিনা যেমন পাঞ্জাবে করা হয়েছে ?

**শ্রীগুরুপদ খান ঃ** একথা ঠিক যে যখন আমরা সেটেলমেন্ট করবো তখন পুরাপুরিভাবে করবো এবং ঐ দিকেও সরকার লক্ষ্য রাখবেন।

**শ্রীনিতাই পদ ঘোষ ঃ** পশ্চিমবঙ্গে একই মালিকের জমি বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে আপনি যখন সেটেলমেন্ট করবেন তখন সেখানে চকবন্দী করে করবেন কি ?

**শ্রীগুরুপদ খান ঃ** এর উত্তর আমি আগেই বারি সাহেবের প্রশ্নের উত্তরের সময় দিয়েছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আপনি আগের একটি প্রশ্নের উত্তরে বলেছেন যে ২৫ একর জমির বেশী জমির মালিকের সংখ্যা নির্ণয় করা হয় নি এবং এক্ষেত্রে সমস্ত কাজ তহশিলদারদের উপর ছেন এবং সেখানে ভূমির সীমা বলে দিয়েছেন এখন।

**শ্রীনিতাই পদ ঘোষঃ** পশ্চিমবঙ্গে একই মালিকের জমি বিভিন্ন জায়গায় ছড়িয়ে আছে আপনি যখন সেটেলমেন্ট করবেন তখন সেখানে চকবন্দী করে করবেন কি ?

**শ্রীগুরুপদ খানঃ** এর উত্তর আমি আগেই বারি সাহেবের প্রশ্নের উত্তরের সময় দিয়েছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** আপনি আগের একটি প্রশ্নের উত্তরে বলেছেন যে ২৫ একর জমির বেশী জমির মালিকের সংখ্যা নির্ণয় করা হয় এবং এ ক্ষেত্রে সমস্ত কাজ তহশিলদারদের উপর ছেড়ে দিয়েছেন এবং সেখানে ভূমির সীমা বলে দিয়েছেন এবং পরিবারের সংজ্ঞা করে দিয়েছেন—যেমেলি মেম্বার কত তাও বলেছেন—এখন সেটেলমেন্টের কাজ আরম্ভ হচ্ছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে এই কাজ সমাপ্ত করতে সেটেলমেন্ট দপ্তরকে কি সেই কাজে ব্যবহৃত করবেন—না—তহশীলদারদের সেই কাজে ব্যবহার করবেন ?

**শ্রীগুরুপদ খানঃ** আপাততঃ কিছু ইনফরমেশন-এর জন্য তহশীলদারদের নিযুক্ত করেছি। তবে এটা সেটেলমেন্ট ডিপার্টমেন্টের কাজ—এটা তহশীলদারদের কাজ বলা যায় না। শুধু সংবাদ নেবার জন্য তহশীলদারদের কাজে লাগানো হয়েছে পরে সেটেলমেন্ট ডিপার্টমেন্ট এটা করতে বাধ্য হবে।

**শ্রীনিতাইপদ সরকারঃ** তহশীলদারদের ঘাড়ে এই যে এটা চাপাবার চেষ্টা করছেন এরজন্য তাদের মাহিনা বাড়াবার কথা মন্ত্রীমহাশয় চিন্তা করেছেন কি ?

**মিঃ স্পীকারঃ** The question does not arise.

**শ্রীশরৎ চন্দ্র দাসঃ** জমিদারী এ্যাবোলিশানের পর একবার সেটেলমেন্ট করলেন, আবার দ্বিতীয়বার করছেন, মন্ত্রীমহাশয় জানাবেন কি, তৃতীয়বার হবার কোন সম্ভবনা আছে কিনা ?

( নো রিপ্লাই )

**শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** এটা খুব হতাশব্যঞ্জক বলে মনে হচ্ছে। মন্ত্রীমহাশয় একবার বললেন রায়তওয়ারী সেটেলমেন্ট হবে, তারপর পরিবারের সংজ্ঞা হিসাব করে এক জায়গায় করা হবে। আমি জিজ্ঞাসা করছি, এই কাজ কি শুধু সেটেলমেন্টের মারফতে হবে এবং হলে পরে আপনারা যে ৫ বছরের কথা বলেছেন সেই ৫ বছরে কি শুধু সেটেলমেন্টের কাজ হবে, না, পরিবার ভিত্তিক জমি নির্ণয়ের কাজও সমাপ্ত হবে ?

**শ্রীগুরুপদ খানঃ** সেটেলমেন্ট ডিপার্টমেন্ট কাজ করার পরে পরিবারভিত্তিক নির্ণয় করা আমাদের পক্ষে খুব কঠিন হবে না। একটা রায়তের কত জমি আছে পশ্চিমবাংলায় সেই ব্যাপারে একটা কার্ড ইনডেক্স যদি আমরা ধরতে পারি তাহলে তার পরেরটা করতে খুব বেশী সময় লাগবে না।

## চণ্ডীতলা ও জাঙ্গিপাড়া ব্লকে বৈদ্যুতিকরণ

*৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৭) **শ্রীগণেশ হাতুইঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার চণ্ডীতলা ব্লক (১) ও জাঙ্গিপাড়া ব্লক-কে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে কি না ; এবং

(খ) হইয়া থাকিলে,

(১) উক্ত ব্লকের কতগুলি গ্রাম ঐ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে এবং উহাদের নাম কি কি , এবং

(২) কবে নাগাদ ঐ কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury** :

(ক) হ্যাঁ।

(খ) (১) চণ্ডীতলা থানার অন্তর্গত নিম্নলিখিত ১৯টি গ্রাম অন্তর্ভুক্ত হইয়াছে :—

কৃষ্ণনগর, মধুপুর, শ্যামসুন্দরপুর, মণিরামপুর, মাধবপুর, রঘুনাথপুর, আকুনি, আলিপুর, ছদকল্মী, নবাবপুর, ভগবতীপুর, রামনডাঙ্গা, তিসা, কুমীরমোড়, সাঁকাগাছা, কাপাসনিঘা, জয়কৃষ্ণপুর, সাহানা এবং মানকর।

জাংগীপাড়া থানার অন্তর্গত নিম্নলিখিত ২টি গ্রাম অন্তর্ভুক্ত হইয়াছে : --

রাজপুর এবং মুন্দালিকা।

(খ) (২) চণ্ডীতলা থানার অন্তর্গত ৪টি গ্রামে ( যথা—কৃষ্ণনগর এবং রঘুনাথপুর, মধুপুর এবং মাধবপুর ) বৈদ্যুতিকরণের কাজ আরম্ভ হইয়াছে। অন্য ৪টি গ্রাম ( যথা—শ্যামসুন্দরপুর, মণিরামপুর, আকুনি এবং মানকর ) বৈদ্যুতিকরণের কাজ চলতি বৎসরেই আরম্ভ হইবে। অবশিষ্ট ১১টি গ্রামের বৈদ্যুতিকরণের কাজ আগামী বৎসর আরম্ভ হইবে। জাংগিপাড়া থানার অন্তর্গত ২টি গ্রামের বৈদ্যুতিকরণের কাজ এই বৎসর আরম্ভ হইবে।

**শ্রীগণেশ হাতুই ঃ** যে সব জায়গায় আংশিক বৈদ্যুতিকরণ হয়েছে অর্থাৎ যেমন ধরুন একটা মৌজাতে খানিকটা জায়গাতে হয়েছে বাদ বাকি পড়ে রয়েছে অথচ সেটাতে বৈদ্যুতিকরণ হয়েছে বলে ঘোষণা করা হয়েছে। আমার জিজ্ঞাস্য, মন্ত্রীমহাশয় জানাবেন কি, সেইসব জায়গায় কাজ কবে সম্পূর্ণ হবে ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** আমাদের বর্তমানের যে পলিসি তাতে আমরা একটা গ্রামে ৫০ হাজার টাকা খরচ করবো—এরকম প্লান আমরা নিয়েছি। অবশ্য আমরা চিন্তা করছি যে আরো বেশী খরচ করে যাতে মোটামুটি গ্রামের ৭০ পারসেণ্ট বাড়ীঘরকে কভার করা যায় এবং যাতে শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েলগুলিকে কভার করা যায় তারজন্য আমরা চেষ্টা করছি।

**শ্রীগণেশ চন্দ্র হাতুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন, ব্লকে বৈদ্যুতিকরণ সম্প্রসারণের বৈদ্যুতিক যন্ত্রাংশ পাওয়া যাচ্ছে না ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** কতকগুলি ক্ষেত্রে আমরা অবগত আছি এবং সেগুলির ব্যাপার হচ্ছে লোকজন নেবার জন্য অর্গানাইজেসন তৈরী করা ইত্যাদি।

আমরা দ্রুত গতিতে যেভাবে যাচ্ছি ঠিক সেইভাবে অর্গানাইজেসন গড়ে তুলতে পারছি না। আমরা তাড়াতাড়ি অর্গানাইজেসন গড়ে তুলবার চেষ্টা করছি।

**Mr. Speaker** : The question does not arise.

**শ্রীআবদুল বারি বিশ্বাস** ঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হেল্ড ওভার কোশ্চেনের উত্তরের ব্যাপার নিয়ে ইতিপূর্বেই আমরা আপনার সামনে কিছু কিছু বক্তব্য রাখবার চেষ্টা করেছি। আপনি আমাদের বলছিলেন এব্যাপারে আমি সজাগ আছি যে যতটা বেশী কোশ্চেন করা যায় সেই জন্য ৫ মিনিট করে এক একটি কোশ্চেনের সময় বরাদ্দ করেছেন। আজকে এই কোশ্চেন বই-এর পাতায় যা দেখলাম তাতে এতগুলি কাজকর্ম করা সম্ভব নয়। আপনি দয়া করে যদি ২০/২৫টি প্রশ্ন ঠিক করেন তাহলে আমাদের সুবিধা হয়, এতগুলি বাদ যায় না। আজকে স্যার, আমার একটি এ্যাডমিটেড কোশ্চেন ছিল, খাদি বোর্ডের ব্যাপারে। সেখানে দেখলাম ৪৮৪টি রেজিষ্টার্ড সোসাইটির মধ্যে ৩০০টি অচল এবং ১৪০টি চলছে অর্থাৎ প্রায় ২৩॥ লক্ষ টাকা অনুদান এবং ঋণ বাবদ ব্যয় হয়েছে, এই রকম একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন ছিল। তাই আপনার কাছে আমার নিবেদন হল এই আপনি যদি ২০/২২/২৫ টি প্রশ্ন টোটাল এ্যালাউ করেন তাহলে আমরা সেখান থেকে তার উত্তর পাব।

**শ্রীরজনীকান্ত দোলুই** ঃ স্যার, আমারও একটি পয়েন্ট অব অর্ডার আছে। সেটা হচ্ছে এই, আজকে দেখলাম ৪০টি কোশ্চেন রাখা হয়েছে। তার মধ্যে ১৪টির এ্যানসার দেওয়া হয়েছে, বাকি কোশ্চেনগুলির আর এ্যানসার দেওয়া হল না। আমার নিবেদন হচ্ছে সেগুলি যেন নেক্সট রোটেশন্যাল ডেতে দেওয়া হয় তার ব্যবস্থা আপনি করবেন।

**Mr. Speaker** : Honourable Members, fourteen questions have been orally answered to-day on the floor of the House. Regarding the other questions which could not be taken up they will automatically be treated as unstarred questions according to the rules of business. Some Members are pointing out that the number of questions should be restricted. Now, if my Secretariat receives 40 to 50 questions one day, I cannot say that the questions should not be placed before the House. At least the questions which could not be reached and taken up for oral answer would be treated as unstarred questions and replies thereto would be placed on the Table by the Ministers. To-day also answers have been laid on the Table. I could have disposed of at least 20 questions to-day, had the Members co-operated with me fully. I also find that some honourable Members are more interested in putting supplementaries to the original questions of other honourable Members and hence they take more time without caring for the fact that their own original questions would go by default. This is particularly so in the case of Shri Abdul Bari Biswas. His grievance was that his question could not be reached. So far as Shri Bari is concerned he puts supplementaries on other Members' questions without caring for the fact that his own question may not be reached for that. There are also some other honourable Members who are not present in the House to-day. But their questions were called, with the permission

of the Chair, by other honourable Members present. So it seems that they have got more interest in the questions of other Members.

[2-00—2-10 p.m.]

This is the paradox of the entire thing. So I would once again request the honourable Members to co-operate with me when I stand on my legs and say that I pass on to the next question. If you please co-operate with me in this regard then I can finish at least 20 questions a day for oral answers. Therefore, I once more appeal to all the honourable Members of this House to co-operate with the Chair and if they do that it will be advantageous to the Members themselves.

Now, I pass on to the Held over Starred question No. 31 of Shri Ramendra Nath Dutta.

Starred Held Over question No. 31, Shri Ramendra Nath Dutt.

**Shri Debendra Nath Roy :** With your permission, Sir, Admitted Question No. 18

**Mr. Speaker :** When a question is given notice of by a Member and somehow or other he is absent in the House, and moreover, I think, he does not authorise in writing, another Member to call that question on his behalf and ask for answer. What procedure to be followed then ? The practice for the time being or the convention is that generally I allow another Member to call the question. If I find that a particular Member who has given notice of a question and on the day which is fixed for the oral answer he is not present in the House, I may not allow another Member to stand up on his behalf because the rule is that he must be authorised in writing by that particular absentee Member although the convention that is followed here is that one or two Members generally stand and call the question. Today, I find that a number of honourable Members who have given notices of questions fixed for answering today are absent in the House. At any rate, in future I will take it more seriously because it appears that some Members who have put the questions are not interested about their own questions and they remain absent. It is very disgraceful. So, I think, the Members should be more careful about their questions and the due dates fixed for those questions so that on those very days they can make it a point to be present in the House.

## রায়গঞ্জ মহকুমার বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮) **শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় রায়গঞ্জ মহকুমার কোনও গ্রামে বৈদ্যুতীকরণ করা হইয়াছে কিনা ; এবং

(খ) যদি হইয়া থাকে. তবে এ পর্যন্ত কোন্ ব্লকে কতগুলি গ্রামে বৈদ্যুতীকরণ করা হইয়াছে ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :**

(ক) হ্যাঁ।

(খ) ৩১-৫-৭২ পর্যন্ত রায়গঞ্জ থানার অন্তর্ভুক্ত ২টি গ্রাম ও হেমতাবাদ থানার অন্তর্ভুক্ত ১টি গ্রাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটি কথা আমার বলা দরকার। মাননীয় সদস্যরা যখন ...র চান কত ব্লকে কত গ্রামে ইলেকট্রিফিকেশান হয়েছে ইত্যাদি। আমরা কিন্তু স্যার, হিসাব রাখি ... হিসাবে।

**Licences for new, and expansion of existing indsutries in West Bengal**

*32. (Admitted question No. *37 ) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the number of applications received by the State Government during the period from March, 1972 to May, 1972 for licences to set up new industries in West Bengal ;

(b) the number of applications received by the Government during the period from March, 1972 to May, 1972 from existing industries, seeking permission to expand their production capacities ; and

(c) action taken by the Government so far with regard to (a) and (b) ?

**Shri Tarun Kanti Ghosh :**

(a) & (b) During the period 58 proposals have come to this Government for new industries in this State and 20 proposals have come to Government for expansion.

(c) The State Government have recommended all the applications for licences to Govt. of India for appropriate action.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি —এই যে ৫৮ licence যারা apply করেছে নুতন industries করবার জন্য, কত টাকা তারা invest করতে চাচ্ছেন অর্থাৎ minimum investment কত করতে চেয়েছেন ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** এইভাবে details বলা সম্ভব নয়। তবে এইটুকু বলতে পারি total application আমরা যা পেয়েছি ঐ period-এর মধ্যে তার total value হচ্ছে যেটা inv করতে চেয়েছে সেটা হচ্ছে প্রায় ১৮৪ কোটী টাকার মত।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, এই যে licencee, অর্থাৎ এই ৫৮ জন licencee নূতন লাইসেন্স চেয়েছেন ইণ্ডাষ্ট্রী করবার জন্য এবং ২০টি existing industr expand করবার জন্য, এতে employment potentiality কত বাড়বে অর্থাৎ কতজনকে emplo ment দেওয়া যেতে পারে ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** এর কোন হিসাব এতে নেই। আলাদাভাবে প্রশ্ন করলে বল পারবো।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন, কারণ তিনি জানিয়েছেন, State Government recommend করে Central Government-এর কাছে পাঠায়। এটা যে delay হচ্ছে, এই delayটা expedite করবার জন্য কোন রকম machinery set up করার ক চিন্তা করছেন কিনা যাতে এই delay না হয় ?

**শ্রীতরুনকান্তি ঘোষ ঃ** Delay হচ্ছে বলে বলবো না। আমরা এটা Assembly জানিয়েছি পরের পর যা sanction আমরা পেয়েছি। তাছাড়া আমাদের machinery বলে আম দিল্লীতে একটা office রেখেছি যাতে যোগাযোগ করা যায় এবং আমরা যখন নিজেরা দিল্লী যাই তখন যোগাযোগ করি। কাজেই আমাদের মনে হয় না কোন delay হবে।

## বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য সরকারী প্রকল্প

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫) **শ্রীনিতাইপদ সরকার ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগ মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য সরকার বিশেষ কোন প্রক গ্রহণের সিদ্ধান্ত লইয়াছেন ;

(খ) সত্য হইলে, কি কি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত লওয়া হইয়াছে , এবং

(গ) আনুমানিক কত টাকার প্রকল্প সরকারের আপাতত বিবেচনাধীন আছে ?

**Shri Tarun Kanti Ghosh :**

(১) উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মতে বর্তমান বেকারের সংখ্যা ২৮ লক্ষ। পঞ্চ পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে অর্থাৎ ১৯৭৯ সালের ৩১শে মার্চের মধ্যে আরও প্রায় ৬ লক্ষ নূত কর্মপ্রার্থী যুক্ত হইবে। পঞ্চম পরিকল্পনার মধ্যে ১০ লক্ষ লোককে কর্মে নিয়োগ করা যায় কিনা এ কি কি শিল্প, ব্যবসা ও বাণিজ্য মধ্যে ইহা সম্ভব তাহা দেখিবার জন্য বিশেষজ্ঞদের লইয়া একটি কমি গঠন করা হইয়াছে।

(২) কি কি প্রকার শিল্প, ব্যবসা ও বাণিজ্য ইহা করা সম্ভব তাহা জানা গেলে কি পরিমাণ অর্থ লগ্নীর প্রয়োজন তাহা বোঝা যাইবে। নিম্নলিখিত সংস্থাগুলি হইতে লগ্নীর অর্থ পাওয়া যায়:—

(ক) সরকার, রাষ্ট্রায়ত্ব ও যুক্ত শিল্পের জন্য

(খ) লগ্নীকারী সংস্থা

(গ) রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক

(ঘ) শিল্পে মূল উদ্যোক্তা

(ঙ) শেয়ার বিক্রয় মারফৎ জনসাধারণের কাছ হইতে

(চ) যদি কোন বিদেশী সহযোগী থাকে তবে তাহাদের কাছ হইতে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুকুমার বাবু এবং নিতাইবাবু এই দুজনের একই রকম প্রশ্ন হয়ে থাকায় ২টি প্রশ্নের উত্তর একসঙ্গে দেবার চেষ্টা করছি।

[2-10—2-20 p m.]

**শ্রীনিতাইপদ সরকার**ঃ আমি (খ) প্রশ্নের উত্তরে জিজ্ঞাসা করেছি, কি কি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত সরকার নিয়েছেন, এই রকম সুনির্দিষ্ট পরিকল্পনার কথা সরকারের বিবেচনাধীন আছে কিনা ?

**শ্রীতরুনকান্তি ঘোষ**ঃ আমি তো বললাম যে কি কি প্রকল্পের মাধ্যমে বেকার সমস্যা দূর করা যায়, সেটা করবার জন্য একটা Committee appoint করা হয়েছে, they will advice যে কি করে করা সম্ভব, তার মধ্যে অনেকগুলি জিনিষ আছে Engineering industry কতখানি বাড়ানো যেতে পারে, Haldia Petro-chemical complex করলে, তার থেকে কত লোককে কর্মসংস্থান করা যেতে পারে। আমাদের আরও যে নূতন নূতন জিনিস হওয়া সম্ভব, যেটা দ্রুত হওয়া সম্ভব, সেইগুলো নিয়ে চিন্তা করা হচ্ছে। এই সবগুলো জিনিষ নিয়ে দেখতে বলা হয়েছে। আগে থেকে unless I will get their report বলা ঠিক হবেনা।

**শ্রীনিতাইপদ সরকার**ঃ সুনির্দিষ্ট ভাবে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্বর্তী সময়ে কত বেকার লোককে চাকরী দেওয়া সম্ভব, এই বিষয়ে সরকার কিছু চিন্তা করছেন কি ?

**শ্রীতরুনকান্তি ঘোষ**ঃ আপনাদের জানা আছে যে একটা শিল্প চালু করতে খুব কম করেও দুই থেকে তিন বছর লাগে এবং পশ্চিমবঙ্গের শিল্প চালু করতে গেলে আর একটা বড় দরকার Power, তার যে কি রকম দুরবস্থা রয়েছে, সেটা আপনারা জানেন, তাতে সামনের দুই তিন বছরে নূতন শিল্প চালু করে বেকার সমস্যা সমাধান করা সম্ভবপর নয়। কিন্তু আমরা যেটা করবার চেষ্টা করছি সেটা হচ্ছে যে সমস্ত শিল্পে unutilised capacity আছে সেই unutilised capacityকে use করতে গেলে আমাদের কাঁচামাল কত দরকার, কত Power দরকার, কত

মূলধন দরকার, এই সব দেখবার জন্য একটা Committee করেছি। যেমন ধরুন Engineeri industryতে পশ্চিমবঙ্গে factories are there, Shed এবং management রয়েছে কাজ চল: কিন্তু on an average engineering industry পশ্চিমবঙ্গে ৫৫ ভাগ মাত্র capacity কাজ হ এবং এটা মনে রাখুন যে আমরা ভারত সরকারের কাছে খোঁজ নিয়ে জানলাম ১৯৬৫-৬৬ স পশ্চিমবঙ্গে যেখানে ৬০ লক্ষ টন ইস্পাৎ পেয়েছিল, পশ্চিমবঙ্গের মধ্যে যে different Engineer indusiries সেখানে ১৯৭১-৭২ সালে পেয়েছে ২ লক্ষ ৭০ হাজার টন, এটার জন্য আমরা মে কুমার মঙ্গলমের দৃষ্টি আকর্ষণ করেছি এবং বলেছি আমাদের যদি বেশী করে ইস্পাৎ পাওয়া এবং এটা যদি fully utilise করতে পারি তাহলে immediately কিছু চাকরীর বন্দো করতে পারবো। কিন্তু নূতন industry করে করা সম্ভব নয়। তবে আর একটা জিনিস, আমরা চেষ্টা করছি, বাংলাদেশের সঙ্গে ব্যবসা বাণিজ্য করবার চেষ্টা করছি। এটা ক State Trading Corporation। আমাদের State হচ্ছে বাংলাদেশের সবচেয়ে নিক State। অতএব তাদের যেটা চাহিদা, সেটা মেটাতে গেলে, পশ্চিমবঙ্গ থেকে যদি মেটাতে প তাতে খরচ কম হবে, Bombay থেকে মেটানোর চেয়ে। আমাদের শিল্প বিভাগে একটা করেছি, তাদের সঙ্গে যোগাযোগ রেখে এই জিনিষগুলো যদি মেটাতে পারি, তাতে কিছু পারে, কিন্তু এটাতে কত সংখ্যা হবে, সেটা বলা সম্ভব নয়। সুতরাং ইস্পাৎ কতটা প কতটা কি করতে পারবো, কতটা ব্যবসা বাণিজ্য বাংলাদেশের সঙ্গে হবে. কি order পা সেটা না জেনে বলতে পারা যাবে না। অতএব exact figure বলতে পারবো না, তবে এই রকম জিনিষ হবে আশা করছি।

**শ্রীনিতাইপদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি যে, আপনি বলেছি চটকলগুলিতে নতুন কর্মসংস্থানের মাধ্যমে আরও ২৮ হাজার লোকের কর্মসংস্থান সম্ভব ঠিক কিনা ?

**শ্রীতরুনকান্তি ঘোষ :** আমাদের কাছে খবর ছিল যে তারা সিক্স-ডে উইক এর রেখেছে, আর বাংলাদেশে যখন বিপর্যয় হলো তখন বাংলাদেশের সমস্ত চটকল বন্ধ হয়ে গিয়েছিল, সেইজন্য সেভেন ডে এক্সট্রা কাজ হয়েছিল এবং এইটা যদি চলত তাহলে কিছু লোকের কর্মস হতো, ২৮ হাজার এর ফিগার দেওয়া হয়নি। এখন মুশকিল হচ্ছে যে এপ্রিল মাসে যে পজিশন মে, জুন, জুলাই মাসে সেই পজিশন নাই, কারণ আজকে বাংলাদেশের চটকলের মাল বাজার গিয়েছে এবং there is great competition but they are a very friendly coun অতএব আজকে ঠিক আগের অবস্থা নেই।

**শ্রীনিতাইপদ সরকার :** আপনি যে পশ্চিমবঙ্গের পরিকল্পনার মাধ্যমে ১০ লক্ষ যুবকের চাকুরীর সম্ভাবনার কথা বলেছেন এবং সংবাদপত্রেও আপনি একটা বিবৃতি দিয়েছিলে ১,৬০০ কোটি টাকার মত মূলধন বাংলাদেশের পাওয়া প্রয়োজন সেই মূলধন কেন্দ্রের কাছ থেকে পা কোন গ্যারান্টি পাওয়া গিয়েছে কিনা ?

**শ্রীতরুনকান্তি ঘোষ :** এইটা একটা গড়পড়তা ফিগার, এইটা বলছে যে কটেজ স্মল স্কেল ইণ্ডাষ্ট্রীতে একটা কর্মসংস্থান করতে গেলে মিনিমাম ২।। হাজার টাকা ইনভেষ্ট করতে মিডিয়াম স্কেল ইণ্ডাস্ট্রীতে সাড়ে ৪ হাজার টাকা থেকে ৬ হাজার টাকা ইনভেষ্ট করতে হয়, আর লোকের জন্য লার্জ স্কেল ইণ্ডাষ্ট্রিতে মিনিমাম ১০ হাজার থেকে ১৫ হাজার টাকা আর ইণ্ডাষ্ট্রী, এ্যাণ্ড কমার্শে ২৫ হাজার থেকে যত সম্ভব। সেই রকম একটা যায়গায় ১০ হাজার লোকের চা

হলে সেইখানে ১০টি শিল্প গড়তে হলে ১০টি দোকান করতে হয়, ইণ্ডাষ্ট্রী, ট্রেড এ্যাণ্ড কমার্শে যে চাকুরীর বন্দোবস্ত করা হয় তাতে মূলধন আরও কম লাগে। অতএব এ্যাভারেজ ১৪ হাজার টাকা করে যদি পার হেড লাগে তাহলে ১০ লক্ষ লোকের ১৪ গুণ করলে ১৪ লক্ষ টাকা লাগে এবং দুর্গাপুর ষ্টিল প্ল্যাণ্টের কথা বলা হয়েছে ডবল যদি করা হয় তাহলে সেখানে প্রায় ৪০০ কোটি টাকার মূলধন নিয়োজিত হবে। হলদিয়া প্রকল্পে ৩.৫ মিলিয়ন টন রিফাইনারী করবার কথা আছে। ১০০ কোটি টাকার মধ্যে আমরা সেখানে বলেছিলাম যে নেপথা যেটা দরকার সেটা ৭ মিলিয়ন টনস করতে হবে এবং সেই ৭ মিলিয়ন টনস যদি পাওয়া যায় তাহলে সেখানে ৩০০ থেকে সাড়ে ৩০০ কোটি টাকার মূলধন বিনিয়োগ হবে। হলদিয়া সিপ বিল্ডিং ইয়ার্ডের পরিকল্পনায় ৪০ লক্ষ টাকা বিনিয়োগের কথা আছে। এ্যালয়েড ষ্টিল প্ল্যাণ্টে তিন গুণ বিনিয়োগ করবে ভারত সরকার সিদ্ধান্ত নিয়েছে, আরও প্রায় ১০০ কোটি টাকা মূলধন পাওয়া যাবে। এই ছাড়া গার্ডেন রিচ ওয়ার্কসপে কিছু দিন আগে সিপিং মিনিষ্টার রাজবাহাদুর এসেছিলেন এবং সেখানে কথা হয়েছে ২৫ মেট্রিক টন সিপ করবার।

[2-20—2-30 p.m.]

এছাড়া ধরুন আপনারা খবরের কাগজে নিশ্চয় দেখেছেন আমরা ঘোষণা করেছি যে আমরা কাল পরশু পর্যন্ত প্রায় ৩৪০ কোটি টাকার মধ্যে মূলধন নিয়োগের প্রস্তাব পেয়েছি রিফাইনারী যদি হয়, দুর্গাপুরে যদি ডবল প্রডাকসান করতে পারি আর হলদিয়ায় যদি Shipyard and other things তাহলে মূলধন পাওয়া অসম্ভব হবে না।

**Mr. Speaker :** Questions *35 and *50 may be taken together.

## মহম্মদবাজার ব্লকে বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২২) **শ্রীনিতাইপদ ঘোষ ঃ** বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০-৭১ ও ১৯৭১-৭২ সালে মহম্মদবাজার ব্লকে কয়টি গ্রাম বৈদ্যুতীকরণ করার কথা ছিল ;

(খ) তন্মধ্যে ঐ দুই বৎসরে কয়টি গ্রাম বৈদ্যুতীকরণ করা হইয়াছে এবং কয়টিতে হয় নাই ,

(গ) বৈদ্যুতীকরণে দেরি হওয়ার কারণ কি , এবং

(ঘ) ঐ গ্রামগুলিকে কবে নাগাত বৈদ্যুতীকরণ করা হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :**

(ক) ১৯৭০-৭১ সালে মহম্মদপুর থানার কোন গ্রাম বৈদ্যুতীকরণের কথা ছিলনা।
১৯৭১-৭২ সালে মহম্মদপুর থানা অন্তর্গত ৯টি ( নয়টি ) গ্রাম বৈদ্যুতীকরণের কথা ছিল।

(খ) ১৯৭১-৭২ সালে পাঁচটি গ্রাম বৈদ্যুতীকরণ করা হইয়াছে এবং বাকী ৪টিতে হয় নাই।

(গ) সেই সময় বীরভূম জেলায় আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছিল। নক্সাল হামলার কোন শ্রমিক গ্রামে যাইয়া কাজ করিতে ইচ্ছুক ছিল না।

(ঘ) ৩১শে ডিসেম্বর ১৯৭২।

## মহম্মদবাজার ব্লকে বৈদ্যুতীকরণ

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯) শ্রীনিতাইপদ ঘোষ: বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহা অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহম্মদবাজার ব্লকে বৈদ্যুতীকরণের কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(খ) থাকিলে তাহা কবে নাগাত কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) ইতিমধ্যেই মহম্মদপুর থানার অন্তর্গত ১০টি মৌজার বৈদ্যুতীকরণ করা হইয়াছ ১৯৭৩ সালের ৩১শে মার্চের মধ্যে অতিরিক্ত ১৮টি মৌজার বৈদ্যুতীকরণের কাজ সম্পূর্ণ হইবে।

**শ্রীনিতাইপদ ঘোষ:** মন্ত্রীমহাশয় জানাবেন কি ১৯৭২-৭৩ সালে এবং ১৯৭৩-৭৪ সা এই মহম্মদবাজার থানায় কতগুলো গ্রাম বিদ্যুৎকরণ করা হবে?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী:** কমপ্লিট পিকচার ব সম্ভব নয়।

**Mr. Speaker:** He has got no blockwise figure. So he is not in possessio of breakage of figures.

**শ্রীনিতাইপদ ঘোষ:** আমি তো স্যার ব্লক ওয়াইজই দিয়েছি।

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী:** এর মধ্যে গভর্ণমেণ্ট কমি করেছেন যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎকরণ করা হবে। সেটা ফেস করছি। আপনারা হয়ত অবগ আছেন যে এর মধ্যে টাকা পয়সার কথা আছে। বেশীরভাগ টাকা রুর‍্যাল ডেভোলাপমে করপোরেশান থেকে আসে এবং আমরা হিসাব করে দেখেছি ১০ হাজার গ্রামে বিদ্যুতীকরণের জ যত টাকা লাগবে তার ফিফটি পারসেণ্ট টাকা আশা করছি রুর‍্যাল ডেভোলাপমেণ্ট করপোরেশা থেকে, বাকি ফিফটি পারসেণ্ট গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া থেকে টাকা পাবার ব্যবস্থা হচ্ছে এবং বিভি ব্যাঙ্ক থেকে ধার করার চেষ্টা হচ্ছে এবং আমরা আশা করছি টাকা পাবো। যেমন যেমন ফা পজিসন হবে তেমন তেমন এগিয়ে যাবো।

**শ্রীনিতাইপদ ঘোষ:** আমরা দেখেছি ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ সালে এখানে কোন গ্রা বৈদ্যুতীকরণ করার কোন পরিকল্পনা ছিলনা। আমার জিজ্ঞাস্য সরকার যখন ১০ হাজার গ্রা

বৈদ্যুতীকরণ করার পরিকল্পনা নিয়েছেন সেখানে পূর্বেকার যে সমস্ত plan ছিল তার কোন পরিবর্তন করেছেন কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** আমি বলেছি ইতিমধ্যে মহম্মদপুর থানার অন্তর্গত ১০টি মৌজায় বৈদ্যুতীকরণ করা হইয়াছে। ১৯৭৩ সালের ৩১শে মার্চের মধ্যে অতিরিক্ত ১৮টি মৌজায় বৈদ্যুতীকরণের কাজ সম্পূর্ণ হবে। এই plan আমরা already নিয়ে নিয়েছি। তার মানে এই নয় যে ঐ থানায় আমরা বৈদ্যুতীকরণ করবনা।

**শ্রীনিতাইপদ ঘোষঃ** ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালের আগেকার বাজেটে ঠিক করেছিলেন যে ঐ এলাকায় বৈদ্যুতীকরণ করা হবে না। আমার জিজ্ঞাস্য হচ্ছে আগেকার ব্যবস্থার পরিবর্তন করে ১০ হাজার এই যে কোটা করেছেন তার ভাগের ভাগে সেখানে হবে কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** বর্তমান অবস্থায় ১০টা থানা takeover করা হয়েছে। ১৯৭৩ সালের মার্চের মধ্যে আরও ১৮টা নেওয়া হবে। That is definite.

**শ্রীনিতাইপদ ঘোষঃ** ১৯৭১-৭২ সালে যেগুলি হয়েছে তার পরেও ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ সালে আমাদের ঐ গ্রামে কটা জায়গায় বৈদ্যুতীকরণ করার কথা হয়েছিল ?

**Mr. Speaker :** He has not stated that. He has stated that already there has been electrification in respect of some villages and that they will complete electrification of 18 more mouzas within 1973 You say that this programme was taken long before this Ministry came into power. You say that this programme was taken up one or two years earlier. Is that your question ?

**শ্রীনিতাইপদ ঘোষঃ** Yes.

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ** আমরা ১০ হাজার গ্রামের programme নিয়েছি। এই programme-এর মধ্যে Rural Electrification Corporation-এর কাছ থেকে আমরা 50% টাকা পেয়েছি। এই টাকা তারা একসঙ্গে দেয়না। তারা phase হিসেবে দেয়। However আমরা 50% টাকা যোগাড় করছি। সেজন্য একটা complete picture ১০ হাজার গ্রামের A. B. C. D. করে রাখতে পারছিনা। আমরা programme তৈরী করেছি।

[2-30—2-40 p.m.]

**শ্রীনিতাইপদ ঘোষঃ** মিঃ স্পীকার, স্যার, আমরা ডিস্ট্রীক্ট অফিসে দেখেছি ১৯৭২-৭৩, ১৯৭৩-৭৪ সালের জন্য মহম্মদবাজার ব্লকের কোন গ্রামে বৈদ্যুতিক করণের কথা নেই, অন্যান্য ব্লকের গ্রামে বৈদ্যুতিক করণের কথা আছে। আমার প্রশ্ন হচ্ছে এর কোন অদল বদল করবেন কিনা ?

**Mr. Speaker**: The question is about the present electrificat programme that you will electrify 18 more villages within 1973. Is thi part of the programme in which it has been proposed that 10 thous villages will be electrified or it is a programme accepted 2/3 ye earlier ?

**শ্রীনিতাইপদ ঘোষ ঃ** আমার কোয়েশ্চেন সেটা নয়। যদি টাকার অভাব হয় তা ১০ হাজারের জায়গায় ৫ হাজার করুন, সেটা আমার কোয়েশ্চন নয়। নতুন সরকার আ পর ১০ হাজার গ্রামে বৈদ্যুতিকরণ করার স্কীম করা আছে, এতে দেখা যাচ্ছে কোন দুটি, কোন ব্লক একটি আবার কোন ব্লকে তিনটি করা হচ্ছে। এটা অদল করবেন কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** This is also a part of th programme.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন ইহা কি সত্য ইলেকট্রিফিকেসান করার কাজে অনেক সময় ডিলে বা বিলম্ব ঘটছে তার একমাত্র মূল কারণ এই কাজ ইমপ্লিমেণ্ট করতে যাওয়ার জন্য যেসমস্ত আইন বিধানগুলি আছে সেগুলি মেনে চলতে অনেক সময় দেরী এবং বিলম্ব হচ্ছে ?

**Mr. Speaker** : That has already been answered. They are expect money from two sources—50 per cent from the Central Government a another 50 per cent from the Corporation. As and when the money will available they will chalk out the programme according to the resources. If t fund is available then they will include more moujas. That answer has alrea been given by the Minister.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আমি এই কথা বলতে চাই এই ইলেকট্রিফিকেসান ক জন্য যেসমস্ত বিধানগুলি মানতে হয়, নিয়মাবলী মানতে হয় সেই নিয়মাবলী এবং বিধান মানতে ি ইলেকট্রিফিকেসান করার ক্ষেত্রে বিলম্ব ঘটার কারণ কি ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** আপনার সাজেসান মনে রাখ তবে আপনাকে বলতে চাই আমরা রিজিডলি কিছু ফলো করার আগে তাড়াতাড়ি যাতে প্রগ্রেস হয় ত চেষ্টা করছি এবং করব।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** ইলেকট্রিফিকেসান করার জন্য যেসমস্ত বিধান এবং নিয়মাব মানতে হয় সেই সমস্ত বিধান নিয়মাবলী মানতে গিয়ে···

**Mr. Speaker** : **He wants a better distribution of electrifying villages, i almost all the blocks, as far as possible.**

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** ইট ইজ নট এ্যান ওপিনিয়ান, স্যার। আমার একটা পজিটিভ প্রশ্ন ছিল। ইলেকট্রিফিকেশান স্কীমকে ইমপ্লিমেণ্টেশান করতে গেলে যেসমস্ত নিয়ম এবং নিয়মাবলী সরকারী দপ্তর থেকে মানতে হয় এগুলি মানতে গিয়ে বিলম্ব ঘটছে, এটা কি এই বিলম্ব ঘটার একটা কারণ ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী :** ডেমোক্রেটিক সেট-আপে আইন কানুন থাকবে, আইন-কানুন মেনে চলতে হবে।

**শ্রীশচীনন্দন সাউ :** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন নক্সালী হামলার জন্য বীরভূম জেলায় কাজ হয়নি, আমরাও জানি নক্সালী হামলার জন্য অনেক জায়গায় ইলেকট্রিফিকেশানের কাজ পিছিয়ে গেছে। এই ব্যাপারে একটা প্রশ্নের উত্তরে বলেছেন ৯টি জায়গায় ৪টি করতে পেরেছেন, বাকিগুলি ত্বরান্বিত করার চেষ্টা করছেন কি ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী :** ডেফিনিটলী করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** আমি আমার প্রশ্নের উত্তর পাইনি। আমি যেটা বলতে চেয়েছি সেটা আমার ব্যাপার নয়, এটা একটা দপ্তরের ব্যাপার, এবং পশ্চিমবাংলার ব্যাপার। আমি পজেটিভ প্রশ্ন করছি যে, ইলেকট্রিফিকেসন স্কীমকে ইমপ্লিমেণ্টেসন করতে গেলে যে সমস্ত নিয়মাবলী ওই দপ্তরকে মানতে হয় সেটা মানতে গিয়ে বিলম্ব ঘটছে কিনা এবং সেটা যদি সত্য হয় তাহলে সেই নিয়মাবলী পরিবর্তনের ব্যবস্থা করবেন কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী :** আমি যা বলেছি তার বেশী আর কিছু বলতে পারবনা।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মন্ত্রীমহাশয় বললেন এর বেশী আমি আর কিছু বলতে পারবনা। মাননীয় স্পীকার মহাশয়, আপনি রুলিং দিন আমার প্রশ্নটা কি তাহলে ইররেলেভেণ্ট ছিল ? আমি জানতে চেয়েছি ইলেট্রিফিকেসন স্কীমকে বাস্তবে রূপায়িত করবার জন্য যে বিলম্ব ঘটছে তার কারণের মধ্যে রয়েছে ওই দপ্তরের নিয়মাবলী এটা সত্য কিনা ?

**Mr. Speaker** : The Minister has already told that in the democratic set up they must follow some pattern of rules and there is no way out. So I cannot at the present moment force him to give any further elucidation on the point. You cannot and I cannot force any Minister to give answers to our likings.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** As a Member of the House I am bound to say that the answer is not up to the question.

কোশ্চেনটা ছিল রুলসগুলি সম্বন্ধে। অর্থাৎ উনি এই ব্যাপারে রি-একজামিন করবেন কিনা এবং পরিবর্তনের কোন প্রয়োজন আছে কিনা। তার উত্তর তিনি দেননি। তিনি বললেন রুলস

আছে এবং রুলস মানতে হবে। যে রুলস আছে প্রয়োজন হলে তাকে কারেক্ট করা যা কাজেই এই ব্যাপারে মন্ত্রীমহাশয় যদি বলেন আমি দেখব তাহলেই তো ব্যাপা ফুরিয়ে যায়।

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** ইট ইজ নট ডিক্টেটরসি ডিক্টেটরসিপে কাজ করার অনেক সুবিধা আছে, আরবিট্রারিলি কাজ করা যায়। ইট ইজ ডেমোক্রেটিক সেট আপ। দেয়ার আর সাম রুলস্ এবং সেই রুলস্ মানতে গেলে ইনএভিটেবলী খানি দেরী হয়।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** রুলস্‌গুলি যদি ভুল থাকে এবং যদি দেখা যায় রুলস্-এর জন্য বি ঘটছে তাহলে সেই রুলস পরিবর্তন করবেন কিনা ?

**মিঃ স্পীকার ঃ** উই পাস ওভার টু দি নেক্সট কোশ্চেন।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** স্যার, উই আর নট স্যাটিসফাইড উইথ দি এ্যানসার। উনি বল পারবনা—একি কথা ?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** ডিক্টেটরসিপের কথা এখানে শুনলাম। আমরা জানি ডেমোক্র ব্যুরোক্রেসী বলে কথা আছে। যাহোক, আমার কথা হচ্ছে রুলস ঠিক আছে কিনা সেটা বলুন প্রয়োজনে রুলস্ রি-একজামিন করবেন কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ** যদি আমরা দেখি কোন বাধাবিঘ্ন ঘটছে তাহলে সেটা ওভভিয়াসলী বদল করবার চেষ্টা করব।

## ভূমিরাজস্ব খাতে টাকা আদায়ের পরিমাণ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি :** ভূমির সদ্ব্যবহার সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ সালে ভূমিরাজস্ব খাতে কত টাকা আদায় হইয়াছে, এবং

(খ) উক্ত টাকা আদায় করিতে কর্মচারীদের মাহিনা, ভাতা ও অন্যান্য খরচ বাবত মোট টাকা খরচ হইয়াছে ?

**Shri Gurupada Khan** :

(ক) মোট ৪,৭১,৪৩,৯৯১ টাকা।

(খ) মোট ১,৫৭,১৩,৫৪৪ টাকা।

**শ্রীপ্রদ্যোৎ মহান্তি ঃ** মন্ত্রীমহাশয়ের জবাবে আমরা জানতে পারছি এই বিভাগ থে প্রায় নেট ৩ কোটি টাকা সরকার পাচ্ছেন এবং নূতন যে আইন তৈরী হল তার দ্বারা ৪ কোটি টা

পাবেন—অর্থাৎ মোট আমরা ৭ কোটি টাকা পাচ্ছি। আমার প্রশ্ন হল এই বিভাগের যারা সর্ব্বনিম্ন কর্মচারী সেই তহশীলদার, মোহরার এবং পিওনদের বেতন এবং ভাতা বৃদ্ধির কথা আপনারা চিন্তা করছেন কিনা ?

**শ্রীগুরুপদ খান :** এই প্রশ্নটা ছিল টাকা আদায়ের ব্যাপারে, সুতরাং এর সঙ্গে মাননীয় সদস্যর প্রশ্নের কোন সঙ্গতি আছে বলে আমি মনে করিনা।

**শ্রীসরোজ রায় :** এই টাকা আদায় করে কারা ?

**শ্রীগুরুপদ খান :** তহশীলদাররা।

**শ্রীসরোজ রায় :** এই তহশীলদারদের দাবী মাইনা বাড়ান, ভাতা এবং তাদের ক্লাস হিসাবে গণ্য করা। টাকা আদায়ের সুবিধার জন্য আপনারা এদের বিষয়ে কোন চিন্তা করছেন কি ?

**শ্রীগুরুপদ খান :** এ সম্বন্ধে পৃথক প্রশ্ন দেবেন, উত্তর দেব।

-40—2-50 p.m.]

## বর্ধমান শহরে ব্যাহত বিদ্যুৎ সরবরাহ

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২৪) **শ্রীঅশ্বিনী রায় :** বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান শহরে ১৯৭২ সালের জানুয়ারী মাস হইতে ১৩ই জুন পর্যন্ত প্রতি মাসে কতবার বিদ্যুৎ সরবরাহ বন্ধ হইয়াছিল, এবং

(খ) বন্ধের সময়কাল কত ছিল ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :**

(ক) প্রতিমাসে বিদ্যুৎ সরবরাহ বন্ধের সূচী নিম্নরূপ :—

জানুয়ারী ১৯৭২—৫ বার।

ফেব্রুয়ারী ১৯৭২—১৬ বার।

মার্চ ১৯৭২—১৮ বার, তন্মধ্যে ১১ বার ডি. ভি. সি.-র বিদ্যুৎ সরবরাহ বন্ধের জন্য।

এপ্রিল ১৯৭২—১৪ বার, তন্মধ্যে ১২ বার ডি. ভি সি.-র বিদ্যুৎ সরবরাহ বন্ধের জন্য।

মে ১৯৭২—৩৬ বার, তন্মধ্যে ২৫ বার ডি. ভি. সি-র বিদ্যুৎ সরবরাহ বন্ধের জন্য।

জুন ১৯৭২—২৫ বার, তন্মধ্যে ২৪ বার (১৩ই জুন পর্য্যন্ত) ডি. ভি. সি.-র বিদ্যুৎ সরবরাহ বন্ধের জন্য।

(খ) ১ মিনিট হইতে ১০ ঘন্টা ২১ মিনিট পর্য্যন্ত বিভিন্ন সময়ে বিদ্যুৎ সরবরাহ বন্ধ ছিল। বিভিন্নবার বিদ্যুৎ সরবরাহ বন্ধের সময়কালের একটি তালিকা সভায় টেবিলে স্থাপন করা হইয়াছে।

Partial/Total interruption of power supply at Burdwan due to fault on line from 1-1-72 to 20-4-72

| Sl. No. | Date | Feeder | Duration | Cause |
|---|---|---|---|---|
| 1 | 10-1-72 | Burdwan local | 1 min | Transient fault |
| 2 | 25-1-72 | do | 1 min | do |
| 3 | 27-1-72 | Police line & E. Rly | 10 min | Fault in O. C. B. |
| 4 | 28-1-72 | Burdwan local & E. Rly. | 2 min | Trausient |
| 5 | 29-1-72 | Power House Feeder | 1 min | do |
| 6 | 2-2-72 | Power House | 1 hr. 10 min | Line fault |
| 7 | 3-2-72 | E. Rly. & Burdwan local | 3 min | Transient |
| 8 | 3-2-72 | Power House Feeder | 1 hr. 31 min | Line fault |
| 9 | 4-2-72 | Rly. Feeder | 1 hr. 8 min | Line fault (Cyclonic weather) |
| 10 | 7-2-72 | Burdwan Local | 1 min | Transient |
| 11 | 9-2-72 | Burdwan Local | 1 min | do |
| 12 | 11-2-72 | Burdwan local & Police Line | 10 hrs. 21 min | O C. B break down |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | 13-2-72 | Local | — | 1 min | Transient |
| 14 | 17-2-72 | Burdwan Local | | 1 min | do |
| 15 | 18-2-72 | do | | 1 min | do |
| 16 | 19-2-72 | do | | 1 min | do |
| 17 | 20-2-72 | Police line | | 8 min | Blowing off fuse |
| 18 | 23-2-72 | Burdwan Local | | 2 min | Transient |
| 19 | 25-2-72 | do | | 2 min | do |
| 20 | 27-2-72 | do | | 1 min | do |
| 21 | 29-2-72 | do | | 1 min | do |
| 22 | 5-3-72 | Burdwan Local | | 1 min | do |
| 23 | 6-3-72 | do | | 1 min | do |
| 24 | 8-3-72 | do | | 3 min | do |

| Sl. No. | Date | Feeder | Duration | Cause |
|---|---|---|---|---|
| 25 | 9-3-72 | Burdwan Local | 1 hr. 27 min | Line fault |
| 26 | 12-3-72 | Power House | 19 min | Bird fault |
| 27 | 24-3-72 | Local | 6 min | Transient |
| 28 | 25-3-72 | do | 2 min | do |
| 29 | 8-4-72 | do | 3 hrs 13 min | Break down |
| 30 | 13-4-72 | Local, Police line & Power House | 5 min | Transient |
| | | Total : | 20 hrs. 04 min. | |

**Local Shedding**

From 27-3-72 to 30-4-72—No. of occasions—23

**Total duration**—3 hrs. 54 minutes.

**Statement of Partial/Total failure of power supply at Burdwan from 1-5-72 to 31-5-72**

(**Excluding** momentary interruption of 1 minute duration due to tripping of O.C.B. owing to transient fault)

| Date | Time From | Time To | Feeder attached | Remarks |
|---|---|---|---|---|
| 2-5-72 | 7-45 | 7-50* | All Feeders | Load shedding by DVC |
| | 9-04 | 9-09* | do | do |
| | 12-15 | 12-20* | do | do |
| | 17-16 | 18-15 | Police line | Line fault |
| 3-5-72 | 8-50 | 8-55* | All Feeders | Load shedding by DVC |
| | 8-03 p.m. | 9-32 | Railway | Break down (Jumper snapped) |
| 10-5-72 | 6-56 | 7-08 | Police Line | Shut down for new line |
| | 16-05 | 16-35 | do | Shut down for new line |
| 14-5-72 | 8-35 | 9-12 | Police Line | Shut down |
| | 11-25 | 11-55 | do | Shut down for new line |
| 15-5-72 | 8-04 | 9-24 | Railway | Bird fault |

| Date | Time From | Time To | Feeder attached | Remarks |
|---|---|---|---|---|
| 18-5-72 | 13-40 | 14-43 | Police Line | Break down due to fault in DTW line (Men made) |
| 19-5-72 | 14-40 | 15-40 | do | |
| 18-5-72 | 14-30 | 14-35* | All Feeders | Load Shedding |
| | 19-42 | 19-47* | do | do |
| 19-5-72 | 9-05 | 9-08* | do | do |
| | 9-35 | 9-38* | do | do |
| | 11-31 | 11-33* | do | do |
| | 14-50 | 14-55* | do | do |
| | 21-20 | 21-25* | do | do |
| 20-5-72 | 9-06 | 9-11* | do | do |
| | 9-39 | 9-50* | do | do |
| | 19-45 | 19-50* | do | do |
| 21-5-72 | 7-05 | 9-52 | Police Line | Break down for DTW |

| | | | | |
|---|---|---|---|---|
| 22-5-72 | 12-55 | 13-00* | All Feeders | Load shedding by D.V.C. |
| | 14-50 | 14-54* | All Feeders | do |
| | 19-06 | 19-10* | do | do |
| | 20-40 | 20-45* | do | do |
| 23-5-72 | 12-52 | 12-57* | do | do |
| | 13-55 | 14-00* | do | do |
| | 15-05 | 15-10* | do | do |
| 25-5-72 | 14-20 | 14-45 | All Feeders | Break down (Bad wheather) |
| 29-5-72 | 9-09 | 9-14* | do | Load shedding |
| | 12-55 | 13-00* | do | do |
| 30-5-72 | 9-35 | 9-40* | do | do |
| 31-5-72 | 10-26 | 10-32* | do | do |

indicates Load Shedding

Total occasions—25

Average duration—5 minutes

**Local load shedding from D.V.C. to Burdwan Town and taking shut down of power during June, 1972.**

| Date | From | To | |
|---|---|---|---|
| 3-6-72 | 8-57 a.m. | 9-01 a.m. | |
| ,, | 9-26 a.m. | 9-31 a.m | |
| ,, | 11-42 am. | 11-47 a.m. | |
| ,, | 1-30 p.m. | 1-35 p.m. | |
| ,, | 4-42 p.m. | 4-47 p.m. | |
| 5-6-72 | 8-17 a.m. | 8-22 a.m. | |
| | 9-12 a.m. | 9-17 a.m. | |
| 6-6-72 | 4-02 a.m. | 5-35 a.m. | Emergency shut down |
| | 2-00 p.m. | 2-05 p.m. | |
| | 6-34 p.m. | 6-39 p.m. | |
| | 7-34 p.m. | 7-38 p.m. | |
| | 9-05 p.m. | 9-10 p.m. | |
| 7-6-72 | 8-15 p.m. | 8-20 p.m. | |
| 8-6-72 | 7-29 p.m. | 7-33 p.m. | |
| | 8-50 p m. | 8-55 p.m. | |
| 10-6-72 | 9-24 p.m. | 9-29 p.m. | |
| | 10-55 p.m. | 11-00 p.m. | |
| 11-6-72 | 3-02 a.m. | 3-39 a.m. | |
| | 3-40 a.m. | 4-19 a.m. | |

| Date | From | To |
|---|---|---|
| 11-6-72 | 4-21 a.m. | 4-26 a.m. |
| | 4-38 a.m. | 4-42 a.m. |
| | 4-54 a.m. | 6-08 a.m. |
| 13-6-72 | 7-40 p.m. | 7-45 p.m. |
| | 9-55 p.m. | 10-00 p.m. |
| | 10-37 p.m. | 10-42 p.m. |

No. of occasions—25

**Schedule of load shedding by D.V.C. at Katwa Road Sub-station.**

| Date | Period | Nature of Interruption |
|---|---|---|
| 27-3-72 | 10-45 a.m. to 10-55 a.m. | Load shedding by D.V.C. |
| | 11-25 a.m. to 11-40 a.m. | do |
| | 11-57 a.m. to 12-07 p.m. | do |
| | 7-22 p.m. to 7-32 p.m. | do |
| 28-3-72 | 2-55 p.m. to 3-05 p.m. | do |
| | 6-21 p.m. to 6-31 p.m. | do |
| | 7-55 p.m. to 8-05 p.m. | do |
| 30-3-72 | 6-07 p.m. to 6-17 p.m. | do |
| | 6-45 p.m. to 7-00 p.m. | do |
| | 7-40 p.m. to 7-45 p.m. | do |
| 31-3-72 | 10-25 p.m. to 11-46 p.m. | do |

| Date | Period | Nature of Interrupion |
|---|---|---|
| 2-4-72 | 6-12 p.m. to 6-25 p.m. | Load shedding by D.V.C. |
| 3-4-72 | 12-20 a.m. to 12-55 a.m. | do |
| 10-4-72 | 8-10 a.m. to 8-15 a.m. | do |
| | 8-39 a.m. to 8-49 a.m. | do |
| | 9-47 a.m. to 9-52 a.m. | do |
| | 6-02 p.m. to 6-07 p.m. | do |
| | 6-40 p.m. to 6-45 p.m. | do |
| | 7-25 p.m. to 7-30 p.m. | do |
| 18-4-72 | 13-25 p.m. to 13-30 p.m. | do |
| | 15-00 p.m. to 15-05 p.m. | do |
| | 18-45 p.m. to 18-50 p.m. | do |
| 30-4-72 | 7-55 p.m. to 8-00 p.m. | do |

**Breakdown in power generation units**

*43. (Admitted question No. *41.) **Shri Rajanikanta Doloi :** Will tl Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the number of incidents of break-down in power generation units West Bengal during the months of March, April and May, 1972,

(b) the number of cases in which sabotage is suspected by the Govern ment, and

(c) steps taken by the Government in the matter ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :**

(a) There were altogether 23 incidents of break-down during March t May, 1972. Monthwise break-up is as below :

| | | |
|---|---|---|
| 1. | March '72 | 5 |
| 2. | April '72 | 12 |
| 3. | May '72 | 6 |

(b) None except one about which investigation is in progress.

(c) Steps will be taken by the appropriate authorities after the result of investigation is out.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে ব্যাপারগুলি হচ্ছে এগুলি কি স্যাবোটেজ এবং স্যাবোটেজ যদি হয় তাহলে কি কোন পলিটিক্যাল পার্টি ইনভলভড আছে ?

**শ্রীআবুল বরকত আতাউল গণি খান চৌধুরী ঃ** কমপ্লিট পিকচার আমাদের কাছে এখনও আসে নি।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** ষ্টেট গভর্নমেন্ট-এর ডি. ভি. সি., ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ড, ক্যালকাটা কর্পোরেশনে এই যে ব্রেকডাউন হচ্ছে সে খবর কোন সংবাদপত্রের কাছে দেওয়া হয় নাই এটা কি সত্য ?

**শ্রীআবুল বরকত আতাউল গণি খান চৌধুরী ঃ** এ খবর আমার জানা নেই।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** এই কয়মাস ধরে এই সমস্ত ব্রেকডাউনের খবর নিতে গেলে সাংবাদিকদের জানান হয় না এটা কি মন্ত্রীমহাশয় জানেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গণি খান চৌধুরী ঃ** আমার জানা নেই।

**Mr. Speaker** : Held over starred question No. 45 is held over.

## মেদিনীপুর জেলার বিভিন্ন গ্রাম বৈদ্যুতিকরণ

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জুন, ১৯৭২ পর্যন্ত মেদিনীপুর জেলার কোন্ কোন্ ব্লকের একটি গ্রামেও বিদ্যুৎ-সরবরাহ এখনও পর্যন্ত হয় নি ; এবং

(খ) মেদিনীপুর জেলায় ঐ রকম কোন্ কোন্ ব্লকে বর্তমান বৎসরে বিদ্যুৎ-সরবরাহের পরিকল্পনা আছে ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury** :

(ক) নিম্নলিখিত থানাগুলি ১।৬।৭২ পর্যন্ত বৈদ্যুতিকরণ হয় নাই :—

মোহনপুর, কেশিয়ারী, খেজুরী, ভগবানপুর, পটাশপুর, ময়না, নন্দীগ্রাম, বিনপুর, গোপীবল্লভপুর এবং নয়াগ্রাম।

[ পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষতের হিসাব ব্লক ভিত্তিত রাখা হয় না, থানা ভিত্তিক রাখা হয় ]

(খ) উপরি-উক্ত থানাগুলির মধ্যে নিম্নলিখিত থানাগুলির অন্তর্গত মৌজাগুলি বর্তমান·ব· বৈদ্যুতিকরণের ব্যবস্থা হইয়াছে :—

| | |
|---|---|
| কেশিয়ারী | ১৭ টি মৌজা |
| পটাশপুর | ৭১ ,, ,, |
| ময়না | ১৫ ,, ,, |
| বিনপুর | ৩১ ,, ,, |
| গোপীবল্লভপুর | ২২ ,, ,, |
| নয়াগ্রাম | ৭ ,, ,, |
| | মোট—১৬৩ টি মৌজা |

**শ্রীপ্রদ্যোৎ কুমার মহান্তি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় ১৯৭২-৭৩ সালে মেদিনীপুর জে যে কয়েকটি থানায় বৈদ্যুতিকরণের পরিকল্পনা নিয়েছেন বলে উত্তরে বলেছেন, কিন্তু তিনি বলা কি এই ১৯৭২ সালের এই চার মাসের মধ্যে সেখানে ইলেট্রিফিকেশনের কাজ আরম্ভ হ কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গণি খান চৌধুরী ঃ** নোটিশ চাই।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** দাশপুরে ব্লক ওয়ান এবং ব্লক টু, কোথায়ও ইলেকট্রিসিটি দে হয়নি কেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গণি খান চৌধুরী ঃ** আমরা ব্লক হিসাবে দিই থানা হিসাবে দিই।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** থানা হিসাবেও দাশপুর এখনও ইলেকট্রিসিটি পায়নি কেন ?

**শ্রীআবুল বরকত আতাউল গণি খান চৌধুরী ঃ** দাশপুর থানা এখানে দেখ না, নোটিশ দিলে জানাবো।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়কে যে সব অফিসাররা রিপোর্ট লিখে সেই ষ্টেটমেণ্ট এখানে তিনি পড়েন এবং এর দ্বারা তিনি আমাদের মিসগাইড করছেন কিনা ?

**শ্রীআবুল বরকত আতাউল গণি খান চৌধুরী ঃ** মিসগাইড করার প্রশ্ন না আমি আগেও বলেছি এবং এখনও বলছি উই হ্যাভ টেকেন আপ। আমি আগেই এক্সপ্লেন করে

অনারেবেল মেম্বার বোধ হয় শোনেননি, আমি বলেছি যে আমরা যেমন যেমন টাকা পাবো তেমনি তেমনি এগুবো।

## আসানসোল মহকুমায় বিদ্যুৎ সরবরাহ

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ বিদ্যুৎবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে আসানসোল মহকুমার কতগুলি গ্রামে সরকার বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করিয়াছেন ; এবং

(খ) উক্ত মহকুমার আসানসোল, বারাবনী ও সালানপুর উন্নয়নব্লকের কতগুলি গ্রামে এ পর্যন্ত সরকার বিদ্যুৎ সরবরাহ করিয়াছেন ?

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :**

(ক) নিম্নলিখিত সাতটি মৌজায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে।

| | | |
|---|---|---|
| (১) | অণ্ডাল | ৪ |
| (২) | কুলটি | ২ |
| (৩) | কাঁকসা | ১ |
| | মোট— | ৭ |

(খ) নিম্নবর্ণিত মোট ৬১টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে।

| | | |
|---|---|---|
| (১) | আসনসোল | ২৪ |
| (২) | বারাবনী | ১৫ |
| (৩) | সালানপুর | ২২ |
| | মোট— | ৬১ |

(উপরোক্ত তথ্য কেবলমাত্র থানা ভিত্তিক, ব্লক ভিত্তিক নহে।)

## মার্টিন রেলওয়ে

*২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০) শ্রীমহম্মদ সফিউল্লাঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবঙ্গ সরকার মার্টিন লাইট রেলওয়ে পরিচালনার ভার গ্রহণ করতে সম্মত হয়েছেন ;

(খ) সত্য হলে, ঐ রেল কবে নাগাত চালু হতে পারে ;

(গ) মার্টিন লাইট রেলওয়ের পরিচালনা ভার কেন্দ্রীয় রেলওয়ে বোর্ডকে গ্রহণ করতে সম্মত করার জন্ত পশ্চিমবঙ্গ সরকার কোন প্রচেষ্টা চালিয়েছেন কি না ; এবং

(ঘ) চালিয়ে থাকলে, এ বিষয়ে কোন সিদ্ধান্ত হয়েছে কি না ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :**

(ক) নীতিগতভাবে স্বীকৃত হইয়াছে এবং আর্থিক সাহায্য ও কারিগরী সহায়তার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট লেখা হইয়াছে।

(খ) বর্তমানে নির্দিষ্ট তারিখ বলা সম্ভব নয়।

(গ) প্রচেষ্টা চালিয়েছিল।

(ঘ) কেন্দ্রীয় রেলওয়ে বোর্ড এই দায়িত্ব গ্রহণ করিতে সম্মত হয় নাই।

**শ্রীমহম্মাদ সফিউল্লা ঃ** ১৯৪৮ ও ১৯৫৬ সালে সরকারের শিল্পনীতিতে পরিষ্কার বলা হয়েছে ভারতের সমস্ত রেলপথ কেন্দ্রীয় সরকারের সম্পত্তি অথচ মার্টিন লাইট রেলওয়ে এখনও প্রাইভেট কোম্পানী হয়ে থাকার কারণ কি ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ :** সেটা বলতে পারি না যে এটা অতীতে কার সম্পত্তি ছিল তবে এখন এটা বন্ধ হয়ে আছে। আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি এবং এটা চালু করতে গেলে ১২ লক্ষ টাকার মত প্রয়োজন সেই টাকা কেন্দ্রীয় সরকার দিন। কেননা আমাদের বর্তমান অবস্থায় তা দেওয়া সম্ভব নয়। তারজন্য আমাদের মুখ্যমন্ত্রী এবং আবেদিন সাহেব দিল্লীতে গিয়েছিলেন এবং ১৫ই এবং ১৬ই জুন কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের মন্ত্রির সঙ্গে দেখা করেছিলেন, আলোচনা করেছিলেন এবং তারপর ফিরে এসে কেন্দ্রের কাছে চিঠি লিখেছেন তাদের অনুরোধ করেছেন একটা এক্সপার্ট টিম পাঠাবার এবং কিভাবে মার্টিন লাইট রেলওয়ে চালু করা যায় সেই টিমকে ভাল করে দেখে, ষ্টাডি করে তাদের মতামত জানাবার জন্য অনুরোধ করা হয়েছে।

[2-50—3-00 p.m.]

**শ্রীমহম্মাদ সফিউল্লা :** মাননীয় মন্ত্রীমহাশয়, (ক) প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে নীতিগত ভাবে এটা স্বীকৃতি দিয়েছেন। কেন্দ্রীয় সরকারকে কি পরিমাণ টাকা ও কারিগরী সাহায্যের জন্য লিখেছেন জানাবেন কি দয়া করে ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** প্রথম বৎসর চালু করতে গেলে ১২ লক্ষ টাকার মত লাগবে ইমিডিয়েটলি। তাছাড়া দু তিন বছর না গেলে লাভজনকে পরিণত করতে পারবো না। প্রথম বছর আমাদের ১২ লক্ষ টাকা লাগবে তারমধ্যে ক্যাপিটাল ইনভেস্টমেন্ট সাড়ে বত্রিশ লক্ষ টাকা, প্রেসিং ডিবেটস যে সমস্ত আগের তারজন্য উনিশ লক্ষ আঠার হাজার টাকা এবং ওয়ারকিং ক্যাপিটাল

৩১-৩-৭৩ পর্যন্ত ২০ লক্ষ টাকা লাগবে এবং সব মিলিয়ে প্রায় ৭১ লক্ষ ৬৮ হাজার টাকা লাগবে।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে মার্টিন রেল ব্যাপার অগাধ জলে কি না?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** It is a matter of opinion.

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে তিনি কোন্ বিভাগের কাছে টাকার জন্য জানিয়েছেন?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** রেল দপ্তরের কাছে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** রেল দপ্তর নিজে পরিচালনার ভার নিলেন না অথচ পশ্চিমবঙ্গ সরকারকে টাকা দেবেন এটা কি রকম—এটা মন্ত্রীমহাশয় জানাবেন কি?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আমি আগেই বলেছি যে কেন্দ্রীয় সরকার বলেছেন আমরা দিতে পারব না, তা সত্ত্বেও আমরা হাল ছেড়ে দিই নি, আমরা চেষ্টা করছি যাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাই।

**শ্রীআফতাবুদ্দিন মণ্ডল ঃ** কেন্দ্রীয় সরকার যদি টাকা না দেন তাহলে ষ্টেট গভর্ণমেণ্ট নিজে টাকা দিয়ে মার্টিন রেল চালাবেন কি না?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** এ পর্যায়ে বলা সম্ভব নয়।

**শ্রীআফতাবুদ্দিন মণ্ডল ঃ** এই পর্যায়ে কেন বলা সম্ভব নয় আমি জানি না, আমরা এই বিষয়ে অ্যাসেম্বলীতে কোশ্চেন করেছি এবং আমরা খবরের কাগজের মাধ্যমে দেখেছি যে মন্ত্রীমহাশয় জানিয়েছেন যে সবুজ সংকেত, লাল সংকেত ইত্যাদি নানান কথা জানিয়েছেন, অথচ আজকে তো দেখছি একেবারে লাল সংকেত হয়ে গেল যে কেন্দ্রীয় সরকার টাকা না দিলে ষ্টেট গভর্ণমেণ্ট কি করবেন সেটা জানাতে পারছেন না। তাহলে আমার প্রশ্ন হচ্ছে, এই সার্ভে করার কি প্রয়োজন ছিল। আমরা হাওড়া, হুগলি এতগুলি এম. এল. এ. আমাদের কনষ্টিটিউয়েন্সীতে গিয়ে মানুষের কাছে মুখ দেখাতে পারছি না। আপনারা একটা ডেট দিন, আপনারা একটা মিনিমাম টাইম দিয়ে বলুন যে এক, দুই বা তিন বৎসরের মধ্যে ট্রেণ চালাতে পারব। আপনারা বলুন ট্রেণ চলবে কিনা—ইয়েস অর নো।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আমরা প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি এবং যে প্রচেষ্টা চালাচ্ছি তার বিবরণ আমি দিয়েছি। মানবিকতার দিক থেকে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। আশা করি মাননীয় সদস্যরা এটা বুঝবেন। সঠিক কিছু বলা সম্ভব নয় যে অমুক তারিখে বা অমুক দিনের মধ্যে করে দেব। টাকা পেলে বা যোগাড় করতে পারলেই চালু করব। এক্ষণি বলা সম্ভব নয়।

**শ্রীআফতাবুদ্দিন মণ্ডল ঃ** রেলওয়ে বোর্ড যদি দায়িত্ব গ্রহণ না করে—কারণ রেলওয়ে বোর্ড কোন এলাকাতেই যে টাকা দেন নি সেকথা বিশ্বনাথ বাবুর কাছ থেকে শুনলাম। আমার মনে হচ্ছে যে তারা টাকা দেবে না। তাহলে ষ্টেট গভর্ণমেণ্ট কি প্রসিডিওরে এটা চালু করবেন সেটা জানাবেন কি ?

( নো রিপ্লাই )

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** স্যার, আমরা আন্তরিকতার অনেক কথা শুনেছি—খবরের কাগজের মাধ্যমে বিভিন্ন সময়ে মন্ত্রীমহাশয় অনেক কথাই বলেছেন, কিন্তু আজ পর্যন্ত তার কোন নিদর্শন পাই নি। এটা আমাদের কাছে অত্যন্ত দুঃখের কথা—আমরা ষ্টেট গভর্ণমেণ্টের কাছ থেকে জানতে চাই যে কেন্দ্রীয় সরকার টাকা না দিলে ষ্টেট গভর্ণমেণ্ট সেই টাকা কত দিনে যোগাড় করে চালাবেন এবং সেই চেষ্টা করবেন কিনা—এটাই আমরা জানতে চাই।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আমি আগেই বলেছি যে এই পর্যায়ে বলা সম্ভব নয়। কেন্দ্রীয় সরকার টাকা না দিলে কোথা থেকে টাকা যোগাড় করা হবে সেকথা এখন বলা সম্ভব নয়।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** স্যার, এটা অত্যন্ত জরুরী ব্যাপার—আমরা ৭ জন হাওড়া এবং হুগলীর এম. এল. এ. এর সঙ্গে জড়িত। এখন অন্য কথা বলছেন যে নীতিগতভাবে এটা স্বীকার করেন। এখন যদি এই উত্তর হয় তাহলে আমাদের সরকারের কি নীতি বলুন, কারণ বিষয়টা অত্যন্ত জরুরী।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** আমার কোয়েশ্চেন হচ্ছে এই যে গভর্ণমেণ্ট এখনও মনস্থির করতে পেরেছেন কিনা যে তারা চালাবেন কিনা—অর্থাৎ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাবার চেষ্টা করছেন—পেলে ভাল—না পেলে নিজেরা চালাবেন কিনা ?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** আমি আগেই বলেছি যে আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাবার জন্য আপ্রাণ চেষ্টা করছি। এটা ২১ লক্ষ টাকার ব্যাপার নয় এবং শুধু এ বছরের জন্য নয়, এর পরের বছরেও অর্থের প্রয়োজন এবং তার পরের বছরেও অর্থের প্রয়োজন হবে। এখন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা না পেলে কোথা থেকে টাকা জোগাড় করা হবে তা এখন বলা সম্ভব নয়—তবে আমরা আশা করি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাবো।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ** তাহলে মনস্থির করতে পারেন নি চালাবেন কিনা—যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা না পান তাহলে চালাবেন কিনা এটা এখনও মনস্থির করতে পারেন নি।

**শ্রীঅতীশচন্দ্র সিংহ ঃ** মনস্থির করতে পেরেছি কিনা It is a matter of opinion. আপনি যা মনে করেন।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** আমি অনেক উদাহরণ দিতে পারি যে কেন্দ্রীয় রেলওয়ে বোর্ড অনেক ছোট ছোট রেলপথ নিয়ে নিয়েছে যেমন দার্জিলিং হিমালয়ান রেল যেখানে বছরে বছরে লোকসান হচ্ছে। আর এখানে মার্টিন রেল্ পথ যেখানে ২/২॥ লক্ষ অধিবাসী উপকৃত হচ্ছে সেখানে

কেন্দ্রীয় রেলওয়ে বোর্ডের উপর চাপ সৃষ্টি করতে আপনারা পারছেন না কেন? তাহলে কি ঠিক মত চেষ্টা হচ্ছে না?

**শ্রীঅতীশচন্দ্র সিংহ:** চেষ্টা হচ্ছে কিনা সেটা ম্যাটার অব ওপিনিয়ন। আমি এই কথা বলতে পারি যে চাপ সৃষ্টি যতদূর সম্ভব করা হচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পাবার জন্য আপ্রাণ চেষ্টা করা হচ্ছে।

(Noise and interruptions)

**Mr. Speaker** : Honourable Members, please take your seat. So far as I have understood the Minister, he has given a clear answer that Government is trying to get the money from the Central Government but at the present moment it is not possible for him to give a categorical answer as to whether the Central Government will give us money or not The next question that has been put by Shri Biswanath Mukherjee is that if the Central Government refuses to give any money, whether the West Bengal Government has taken any decision categorically that the Government will themselves spend money from the State ex-chequer for running the railway. That question has also been answered by the Minister that at the present moment it is not possible for him to give any categorical answer but the matter is receiving Government's anxious consideration. This is, no doubt, a vital matter concerning the districts of Howrah and Hooghly and many Members are agitated over this question. I know that. But if the Members are not satisfied with the answer and if they want more information or elucidation on this point, I think the best course would be to place a motion for half an hour discussion and I shall give my consideratlon to that motion.

(Noise and interruptions)

Starred question No. 49 will be treated as unstarred question.

## Starred Questions

(to which written answers were laid on the table)

## সেণ্ট্রাল গ্লাস অ্যাণ্ড সিরামিক রিসার্চ ইনস্টিটিউট

*৩১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৫) **শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী:** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে সেণ্ট্রাল গ্লাস অ্যাণ্ড সিরামিক রিসার্চ ইনস্টিটিউটের অপটিক্যাল গ্লাস প্ল্যাণ্ট উক্ত প্ল্যাণ্টের সম্প্রসারণ পশ্চিমবঙ্গে না করিবার সিদ্ধান্ত লইয়াছেন; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি কি দেখান হইয়াছে ; এবং

(২) এ রাজ্যের বেকার সমস্যার কথা চিন্তা করিয়া সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Commerce and Industries :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## উত্তর বাংলায় ফ্লাড প্রোটেকশন ও ইরিগেশন স্কীম

*৩১১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৯) শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ১লা জানুয়ারী হইতে ২৮শে জুন পর্যন্ত উত্তর বাংলায় ফ্লাড প্রোটেকশন ও ইরিগেশন স্কীম-এ কোন্ জেলায় কত টাকা খরচ হয়েছে,

(খ) ১৯৭২-৭৩ সনে ফ্লাড প্রোটেকশন স্কীম ও ইরিগেশন স্কীম-এ উত্তর বাংলায় কোন্ জেলায় কত খরচ করার প্রোগ্রাম আছে ; এবং

(গ) পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমায় এ বাবদ বর্তমান বৎসরে কোন টাকা খরচ করা হবে কি না ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) ঐ সময়ে উত্তর বাংলায় বন্যাপ্রতিরোধ ও সেচ প্রকল্পে জেলাওয়ারী খরচের হিসাব নীচে দেওয়া হল :—

| জেলা | বন্যাপ্রতিরোধ প্রকল্প (লক্ষ টাকা) | সেচ প্রকল্প (লক্ষ টাকা) |
|---|---|---|
| জলপাইগুড়ি | ৮৮·৯৩ | ০·০২ |
| কুচবিহার | ২৪·৭৬ | — |
| দার্জিলিং | ৬·৬২ | ১·৫১ |
| মালদা | ২১·৫০ | — |
| পঃ দিনাজপুর | ৯·০০ | — |

(খ) ১৯৭২-৭৩ সনে বন্যাপ্রতিরোধ ও সেচ প্রকল্পের জন্য উত্তর বাংলায় খরচের কার্যক্রমের জেলাভিত্তিক হিসাব নীচে দেওয়া হল :—

| জেলা | বন্যাপ্রতিরোধ প্রকল্প ( লক্ষ টাকা ) | সেচ প্রকল্প ( লক্ষ টাকা ) |
|---|---|---|
| জলপাইগুড়ি | ১১৬·০০ | ৫০·০৫ |
| কুচবিহার | ৩৬·০০ | ০·২৮ |
| দার্জিলিং | ৮·০০ | ৪·৪২ |
| মালদা | ১৫৭·০০ | — |
| পঃ দিনাজপুর | ৪·৫০ | — |

(গ) বন্যাপ্রতিরোধ প্রকল্পের জন্য বর্তমান বৎসরে ১·৭০ লক্ষ টাকা খরচ করা হবে। সেচ প্রকল্পের জন্য কোন বরাদ্দ নাই।

## সরকারী খাস জমি

*৩১১। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৪১ ) **শ্রীনরেশচন্দ্র চাকী**ঃ ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ৩১শে মে, ১৯৭২ পর্যন্ত কি পরিমাণ খাস জমি সরকারের হাতে আসিয়াছে ;

(খ) ইহার মধ্যে কত জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হইয়াছে ; এবং

(গ) বাকি জমি বিতরণ না হইবার কারণ কি ?

**The Minister for Land Utilisation and Reforms :**

| | | | |
|---|---|---|---|
| (ক) | কৃষি জমি | ... | ৯·২৫ লক্ষ একর |
| | অকৃষি জমি | ... | ৫·৩৫ ,, ,, |
| | বনভূমি | ... | ৯·৪৯ ,, ,, |
| | | মোট | ২৪·০৯ ,, ,, |

(খ) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনের ৪৯ ধারা মতে ভূমিহীন ও স্বল্প জমির মালিকের মধ্যে কৃষি জমি বিতরণ করা হইয়াছে মোট ৩·৬৫ লক্ষ একর এবং উন্নয়ন কাজের জন্য বিভিন্ন দপ্তরে হস্তান্তরিত করা হইয়াছে মোট ০·৪৮ লক্ষ একর জমি।

(গ) সরকারে ন্যস্ত কৃষি জমির মধ্যে বিতরণের অনুপযুক্ত জমির পরিমাণ প্রায় ১·৩৭ লক্ষ একর এবং বিভিন্ন আদালতের ইনজাংশনের আওতায় জমির পরিমাণ প্রায় ১·৬৪ লক্ষ একর। অবশিষ্ট জমি ব্লক ভিত্তিক ভূমি সংস্কার উপদেষ্টা কমিটির মারফত বিতরণ ত্বরান্বিত করিবার ব্যবস্থা করা হইয়াছে।

### Electrification of Villages under Jhargram Subdivision

***313.** (Admitted question No *578.) **Shri Birendra Bijoy Malladeb** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether there is any scheme of electrification of the villages of Jhargram subdivision this year ; and

(b) if so, the blockwise numbers of the villages to be electrified ?

**The Minister for Power :**

(a) Yes.

(b) Police Station-wise number of villages to be electrified this year (1972-73) is as follows :

| Name of P. S. | No. of Villages |
|---|---|
| Jhargram | 36 |
| Jamboni | 30 |
| Binpur | 31 |
| Gopiballavpur | 22 |
| Sankrail | 17 |
| Nayagram | Nil |
| Total | 136 |

(Only P.S.-wise figures are maintained at Board's end)

### আমন ফসলের জন্য সেচের জল সরবরাহ

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৯) শ্রীঅশ্বিনী রায়ঃ সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর আমন ফসলের বৃহৎ নদী পরিকল্পনায় ( কংসাবতী, ময়ূরাক্ষী ও দামোদর ভ্যালী ) নির্দিষ্ট সময়ে সেচের জন্য জল সরবরাহ করা হইবে কিনা , এবং

(খ) না হইলে, (১) ইহার কারণ কি , এবং

(২) কোন সময় হইতে জল সরবরাহ করা হইবে ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) অতিরিক্ত খরার জন্য জলাধারে যথেষ্ট জল না থাকিলেও এ সম্বন্ধে যথাসাধ্য চেষ্টা করা হবে।

(খ) (১) কংসাবতী প্রকল্প সম্পর্কে বলা যায় যে চাষীরা ঠিক সময়ে জল নেওয়ার জন্য বেঙ্গল ইরিগেশান এ্যাক্ট ১৮৭৬ অনুযায়ী লীজ চুক্তি করেনি। ময়ূরাক্ষী ও দামোদর ভ্যালী প্রকল্প সম্পর্কে বলা যায় যে প্রচণ্ড খরা পরিস্থিতি, দেরীতে বৃষ্টি ও গত বোরো চাষের জন্য বেশী জল সরবরাহ করার দরুন জলাধারে জলের পরিমাণ সামান্য ছিল।

(২) কংসাবতী প্রকল্প হইতে ১৫ই জুলাই, ময়ূরাক্ষী প্রকল্প হইতে ২৩শে জুলাই এবং দামোদর প্রকল্প হইতে ২রা জুলাই থেকে জল সরবরাহ করা হইতেছে।

## Berhampore Electric Supply Company Limited

*315. (Admitted question No. *638.) **Shri Kumardipti Sengupta :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the Government is aware that the functions of the Berhampore Electric Supply Company Limited is very poor causing extreme hardship to the people ,

(b) whether the Government is aware of the demand of the local people for taking over of the Berhampore Electric Supply Company Limited by the State , and

(c) if the answers to (a) and (b) be in the affirmative the action taken in this regard ?

**The Minister for Power :**

(a) Yes.

**(b) Yes.**

(c) The West Bengal State Electricity Board have served Notice on the Company for taking over the undertaking on expiry of the term of their licence on the 8th February 1973.

## খড়গ্রাম নির্বাচন কেন্দ্রের গ্রামসমূহে বৈদ্যুতিকরণ

*৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫২) **শ্রীহরেন্দ্রনাথ হালদার:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়গ্রাম নির্বাচন কেন্দ্রের বিভিন্ন গ্রামে ইলেকট্রিসিটি দেওয়ার কি কোন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ;

(খ) গ্রহণ করা হইয়া থাকিলে, কোন্ কোন্ মৌজা ঐ আওতায় পড়িয়াছে ; এবং

(গ) কবে নাগাদ উহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Power :**

(ক) হ্যাঁ।

(খ) খড়গ্রাম থানার অন্তর্গত নিম্নলিখিত গ্রামগুলি বৈদ্যুতিকরণ করা হইয়াছে।

| | | |
|---|---|---|
| (১) | বেলে | জে, এল, নং ১৫২ |
| (২) | কান্দুরী | ,, ,, ,, ১১০ |
| (৩) | খড়গ্রাম | ,, ,, ,, ১৩৯ |
| (৪) | কীর্তিপুর | ,, ,, ,, ৯৫ |
| (৫) | নাগর | ,, ,, ,, ৮৫ |

[ পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের হিসাব থানা-ভিত্তিক রাখা হয় ]

(গ) বেলে, কান্দুরী এবং খড়গ্রাম এই তিনটি গ্রামে বর্তমান বৎসরেই বৈদ্যুতিকরণের কাজ আরম্ভ হইবে। বাকী দুইটি গ্রামে বৈদ্যুতিকরণের কাজ আগামী বৎসর আরম্ভ হইবে।

### Foreign Airlines

*317. (Admitted question No. *52.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Tourism) Department be pleased to state—

(a) whether the State Government has made any correspondence with the Government of India in the matter of persuading the Foreign Airlines to touch Calcutta Airport ; and

(b) if so, the result of such correspondences ?

**The Minister for Home (Tourism)** :

(a) & (b) We have requested the Ministry of Tourism and Civil Aviation to do whatever is possible in persuading Foreign Airlines, who had pulled out of Calcutta, to operate their services through Calcutta again. We are persuing the matter with the Government of India.

## সাঁইথিয়া ব্লকে গ্রাম বৈদ্যুতিকরণ

*৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০) **শ্রীনিতাইপদ ঘোষ :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁইথিয়া ব্লকে ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালের জন্য বৈদ্যুতীকরণের কোনও পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কবে নাগাদ কার্য্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Power** :

(ক) ১৯৭২-৭৩ সনের জন্য 'হ্যাঁ', ৪১টি মৌজার বৈদ্যুতীকরণের জন্য একটি প্রকল্প আছে ;

(খ) মঞ্জুরীকৃত কার্য্য হাতে লওয়া হইয়াছে। ১৯৭৩ সনের ৩১শে মার্চের মধ্যে এগুলি সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়।

## বেকার যুবকদের সমবায় সমিতির জন্য সরকারী জমি

*৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৩) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে বেকার যুবকরা সমবায় প্রথায় গ্রামাঞ্চলে কোন প্রকল্প চালু করতে চাইলে সরকার তাঁদের প্রয়োজনীয় জমি দেবার ব্যবস্থা করবেন ;

(খ) সত্য হইলে, ঐ জমির মালিকানা সমবায় সংগঠনগুলির হবে কি না ?

**The Minister for Land Utilisation and Reforms** :

(ক) যদি গ্রামাঞ্চলে কোথায়ও সরকারের খাস অকৃষি জমি থাকে এবং বেকার যুবকেরা রেজিষ্টার্ড সমবায় সমিতি গঠন করে সেখানে কোন প্রকল্প চালু করতে চান তবে সরকার সে সমিতিকে প্রয়োজনীয় পরিমাণ জমি দীর্ঘমেয়াদী বন্দোবস্তের ভিত্তিতে দিতে পারেন।

(খ) দীর্ঘমেয়াদী বন্দোবস্ত সাধারণতঃ ৩০ বৎসরের জন্য দেওয়া হয়। পরে অনুরূপ মেয়াদের জন্য বন্দোবস্ত পুনরায় নবীকরণ করা যেতে পারে।

## রাণাঘাট ২নং ব্লকে ট্যাংরা খাল খনন

*৩২০। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩) শ্রীনিতাইপদ সরকারঃ গত ৫ই মে, ১৯৭২ তারিখে প্রদত্ত অতারকিত ১৩০ নং (অনুমোদিত প্রশ্ন নং ৬১১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

উক্ত ট্যাংরা খাল খননের ব্যাপারে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন ?

**The Minister for Irrigation and Waterways :**

ট্যাংরা খাল খনন প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার চেষ্টা চলিতেছে।

## চণ্ডীতলা ও জাঙ্গীপাড়া থানা অন্তর্গত গ্রাম বৈদ্যুতিকরণ

*৩২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪০) শ্রীমহম্মদ সফিউল্লাঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার চণ্ডীতলা থানার অন্তর্গত কতগুলি গ্রামে এ পর্যন্ত (১) সম্পূর্ণভাবে এবং (২) আংশিকভাবে বিদ্যুৎ ব্যবস্থা চালু হয়েছে ; এবং

(খ) ১৯৭২ সালের মে এবং জুন মাসের প্রতি মাসে সরকার কয়েক শত গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার যে পরিকল্পনা গ্রহণ করেছেন তার মধ্যে হুগলী জেলার চণ্ডীতলা ও জাঙ্গীপাড়া বিধানসভার নির্বাচন ক্ষেত্র এলাকার গ্রামগুলি অন্তর্ভূক্ত না হওয়ার কারণ কি ?

**The Minister for Power :**

(ক) ৩১টি গ্রামে।

একটি গ্রামেও সম্পূর্ণভাবে বিদ্যুৎ চালু হয় নাই।

(খ) প্রতিমাসে বৈদ্যুতিকরণের কর্মসূচী গ্রহণ করিবার সময় লক্ষ্য রাখা হয় যাহাতে যথা সম্ভব বেশী সংখ্যক বিধানসভা কেন্দ্রকে কর্মসূচীর আওতায় আনা যায়। কাজেই সমস্ত এলাকা কর্মসূচীর আওতায় আনা সম্ভব হয় না।

## পুরুলিয়া জেলায় তারাগনা ও কাঁড়িওর নদী বাঁধানো পরিকল্পনা

*৩২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৯) শ্রীশরৎচন্দ্র দাসঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলার পাড়া থানার তারাগনা নদী এবং ঝালদা থানার অন্তর্গত কাঁড়িওর নদী বাঁধানোর পরিকল্পনা প্রস্তুত হইয়াছে ;

(খ) সত্য হইলে, কবে নাগাদ উহাদের কাজ আরম্ভ হইবে ; এবং

(গ) উপরোক্ত দুইটি পরিকল্পনার কোনটিতে কত টাকা ব্যয় করা হইবে ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) পাড়া থানার অন্তর্গত তারাগোনিয়া সেচ পরিকল্পনাটি এখনও প্রস্তুত হয় নাই এবং বর্তমানে ইহার অনুসন্ধান চলিতেছে। ঝালদা থানার অন্তর্গত কড়িয়ার সেচ প্রকল্পটি মোটামুটি প্রস্তুত হইয়াছে। কিছু খুঁটিনাটি বিষয় এখনও পরীক্ষা চলিতেছে।

(খ) পরিকল্পনা দুইটির কারিগরী সম্ভাব্যতা উপযুক্ত বিবেচিত হইলে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান করিতে পারিলে উহাদের কাজ আরম্ভ করা যাইবে।

(গ) প্রথমটির জন্য আনুমানিক ব্যয় ৩০ লক্ষ টাকা এবং দ্বিতীয়টির জন্য আনুমানিক ব্যয় ৫·৮৫ লক্ষ টাকা।

## কাঁকর ও পাথুরে মাটির নীচে চাষযোগ্য জমি

*৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৫) শ্রীকাশীনাথ মিশ্রঃ ভূমি সদ্ব্যবহার ও ...র বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বাঁকুড়া জেলার বিভিন্ন জায়গায় কাঁকর ও পাথুরে মাটির বেশ কয়েক ফুট নিম্নে চাষযোগ্য প্রচুর জমি আছে,

(খ) অবগত থাকিলে, (১) এ বিষয়ে সরকার কোন সমীক্ষা করিয়াছেন কিনা এবং করিলে তাহার ফলাফল ; এবং (২) সরকার ঐরূপ জমির সদ্ব্যবহারের জন্য কোন পরিকল্পনা করিয়াছেন কি ?

**The Minister for Land Utilisation and Reforms :**

(ক) বাঁকুড়া জেলার বিভিন্ন জায়গায় কাঁকর ও পাথুরে মাটির কয়েক ফুট নিম্নে প্রচুর চাষযোগ্য জমি আছে এরূপ কোন তথ্য সরকারের নিকট নাই।

(খ) (১) এ পর্যন্ত বিরাই এলাকায় ৬০,০০০ একর এবং জয়পানডা এলাকায় ৩০,০০০ একর জমিতে সমীক্ষার ফলে জানা গিয়াছে যে পরীক্ষিত জমির নিম্নদেশে চাষযোগ্য জমি নাই। তবে শুশুনিয়ার নিকটবর্তী লক্ষ্মণপুর গ্রামে এক হইতে তিন ফুট তলদেশে কিছু চাষযোগ্য জমি থাকার সম্ভাবনা আছে। বাঁকুড়া জেলার পশ্চিমাংশে এখানে সেখানেও ওরূপ জমি পাওয়া যাইতে পারে।

(২) না।

## দুর্গাপুর—গোপালপুর নৌবহ খাল

*৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪১২) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ সেচ এবং পথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর থেকে গোপালপুর পর্যন্ত যে নৌবহ খাল আছে তাহা কতদিন আগে সম্পূর্ণ হইয়াছে ;

(খ) এই খালটিতে ব্যবসায়িক ভিত্তিতে মাল পরিবহণের কোন পরিকল্পনা আছে কি ;

(গ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকর করা হইবে বলিয়া আশা করা যায় ;

(ঘ) সরকার কি অবগত আছেন যে এই খালটি হইতে "লিফ্‌ট ইরিগেশন" মারফত হাজার হাজার জমিতে জল সেচ করা সম্ভব ; এবং

(ঙ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) ১৯৬৩ সালে সম্পূর্ণ হইয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) প্রথমে ১৯৬৫ সালে "হিন্দুস্থান সিপিং কোম্পানী" কে এইখানে নৌবহন কার্য্যের ভার দেওয়া হয়। উহারা অকৃতকার্য্য হইবার পর ১৯৭০ সালের জুলাই মাস হইতে সেণ্ট্রাল ইনল্যাণ্ড ওয়াটার ট্রান্সপোর্ট করপোরেশন লিমিটেড (কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন সংস্থা) পরীক্ষামূলকভাবে এই খাল দিয়া মাল পরিবহনের কাজ করিতেছে। পাকাপাকিভাবে এই পরিকল্পনা কতদূর কার্য্যকর হইবে তাহা এখনও বলা যায় না।

(ঘ) খালের পাশের উচ্চ জমি লিফ্‌ট ইরিগেশন দ্বারা সেচকার্য্য সম্ভব।

(ঙ) এই খাল হইতে চেন নং ১১২, ৩১৪, ৪০০, ৪৯৬ এবং ৫০৮ দাগে মোট ৫টি নদীসেচ প্রকল্প গ্রহণ করা হইয়াছে।

## আসানসোল পৌর এলাকায় বৈদ্যুতিকরণ

*৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৬) **শ্রীনিরঞ্জন ডিহিদার :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে আসানসোল পৌর এলাকার অধিকাংশ এলাকায় এখনও বৈদ্যুতিকরণ করা হয় নাই ; এবং

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি, এবং (২) সরকার উক্ত এলাকায় বৈদ্যুতিকরণের জন্য কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Power :**

(ক) আসানসোল পৌর এলাকার কোন কোন স্থানে এখনও বৈদ্যুতিকরণ করা হয় নাই।

(খ) (১) গ্রাহক সাধারণের চাহিদার ভিত্তিতে নূতন নূতন এলাকায় বৈদ্যুতিকরণ হইয়া থাকে।

(১) বৈদ্যুতিকরণের জন্য গ্রাহকদের ঐ এলাকায় যে বে-সরকারী সংস্থা বিদ্যুৎ সরবরাহ করিয়া থাকে তাহাদের নিকট প্রয়োজন জানাইতে হইবে।

**Distribution of Vested Land**

*326. (Admitted question No. *580.) **Shri Birendra Bijoy Malladeb :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms Department be pleased to state—

(a) the policy of the Government of West Bengal regarding the distribution of the vested lands ,

(b) what steps the Government of West Bengal proposes to take in connection with the forcible occupation of lands during the period 1967-68 and 1969-70 ,

(c) if it is a fact that the names of the Members of the Land Reforms Committee has not yet been announced ; and

(d) if not, the reasons thereof ?

**The Minister for Land Utilisation and Reforms** :

(a) Distribution of vested agricultural land is made in terms of section 49 of the West Bengal Land Reforms Act read with Rule 20A of the West Bengal Land Reforms Rules.

(b) Of the persons who had forcibly occupied vested agricultural lands, those who are not eligible for settlement of such land are to be evicted from the land occupied by them while the occupation by those who belong to the eligible categories may be regularised on the recommendation of the Block-level Land Reforms Advisory Committees.

(c) No.

(d) Does not arise.

**ফ্রেজারগঞ্জে সমুদ্রের ধারে বাঁধ**

*৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪২১) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ফ্রেজারগঞ্জে সমুদ্রের ধারে বাঁধ নির্মাণের জন্য ১৯৬৮ সাল হইতে কয়েক বার টাকা মঞ্জুর করা হইয়াছিল ; সত্য হইলে,

(১) কোন সালে কত টাকা মঞ্জুর করা হইয়াছিল ; এবং

(২) উক্ত বাঁধের জন্য এখন পর্যন্ত কত টাকা ব্যয় করা হইয়াছে,

(খ) বর্তমানে উক্ত বাঁধ কি অবস্থায় আছে,

(গ) এই বাঁধের ব্যাপারে কোন তদন্ত হইয়াছে কিনা, এবং

(ঘ) হইয়া থাকিলে উহার রিপোর্ট কি ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) হ্যাঁ।

(১) ফ্রেজারগঞ্জে সম্প্রান্তস্থানে Revetment এবং doorbundhs নির্মাণের জন্য ১৯৬৯-৭০ সনে ১৪,৬৫,০০০ টাকা এবং ১৯৭০-৭১ সনে ১২,৫২,০০০ টাকা মঞ্জুর করা হইয়াছিল।

(২) ২১,৫২,৯৩৮ টাকা।

(খ) ১৯৭১ সনে বন্যায় ফ্রেজারগঞ্জে উক্ত বাঁধের প্রায় ৭৫০০ ফিট ক্ষতিগ্রস্ত হয় এবং তাহা সেই অবস্থাতেই আছে। তবে ক্ষতিগ্রস্ত বাঁধের অর্ধমাইল পিছনে circuit বাঁধ যাহা Hara Wilson Road বলে পরিচিত, মজবুত করার ব্যবস্থা হইতেছে। ইহাতে গ্রামাঞ্চলে রক্ষা পাইবে।

(গ) হ্যাঁ।

(ঘ) পূর্বতন স্থানে বাঁধ দৃঢ়ভাবে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করা বহু ব্যয় সাপেক্ষ। তবে পূর্বের নির্মিত Retired line রক্ষণাবেক্ষণ করা উচিত এবং সেই অনুসারে প্রস্তুত প্রকল্প বিবেচনাধীন আছে।

## ক্ষুদ্র ক্ষুদ্র প্লটের জমির মালিকের জমি সরকারে ন্যস্ত

*৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৩) **শ্রীনরেশ চন্দ্র চাকী:** ভূমি সংস্কার এবং সদ্ব্যবহার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে (১) প্রাক্তন যুক্তফ্রন্ট সরকারের আমলে বহু কম জমির মালিকের জমিও সরকারের খাসে আসিয়াছিল,

(২) ঐরূপ জমির মালিকগণ মামলায় জয়লাভ করা সত্ত্বেও এখন পর্যন্ত তাঁহাদের জমির দখল পান নাই;

(খ) সত্য হইলে, (১) ঐরূপ কত জমি সরকারের খাস হইয়াছে ;

(২) নদীয়া জেলার কতজন মালিক মামলায় জয়লাভ করিয়াও জমি পান নাই ; এবং

(গ) এ বিষয়ে বর্তমান সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Land Utilisation and Reforms :**

(ক) (১) কিছু কম জমির মালিকের জমি সরকারের খাসে আসিয়াছিল।

(২) এইরূপ কোন তথ্য বা অভিযোগ নাই।

(খ) (১) ইহার কোন পৃথক হিসাব নাই।

(২) এইরূপ কোন তথ্য বা অভিযোগ নাই।

(গ) আদালতের হুকুম অনুযায়ী কাজ করা হইতেছে।

## Basantanala at Bharatpur

***329** (Admitted question No. *636.) **Shri Kumardipti Sengupta** : Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government has any proposal for—

(i) the excavation of Basantanala at Bharatpur as measures for both irrigation purposes and flood control ;

(ii) the resectioning of the rivers in Kandi subdivision as a step towards flood control ;

(b) if so, when the works are expected to be started ; and

(c) the steps taken or proposed to be taken by the Government for controlling the floods in Kandi subdivision ?

**The Minister for Irrigation and Waterways :**

(a) (i) Yes, Resectioning of Basantanala aims at quicker post-monsoon drainage only. The scheme is not meant for irrigation or flood control directly.

(ii) There is a proposal for resectioning the river Babla in Kandi subdivision for quicker monsoon at post-monsoon drainage only.

(b) The schemes are yet to be finalised. It is not known when it can be started.

(c) For formulating technically sound flood protection scheme in Kandi

subdivision necessary field data have been collected and model experiments are bei g conducted

**Revival and Growth of Small-Scale Sector**

***330.** (Admitted question No. *62.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) whether it is a fact that the volume of orders received by Small-Scale sectors from the Large-Scale sectors declined in West Bengal from Rs. 1,394 crores in 1964-65 to Rs. 598 crores in 19.9-70 , and

(b) if so, what the Government is contemplating to do to ensure revival and growth of Small-Scale sector in the State ?

**The Minister for Cottage and Small-Scale Industries** :

(a) There had been a fall in the volume of orders received by the small-scale sector from the large scale sector in West Bengal during the last few years. But the extent of the fall for the years 1964-65 to 19 9-70 is not exactly known to the Department.

(b) (i) The State Govt. have launched a programme to set up 2000 small-scale industries within a period of one year under the 16-point programme for ensuring revival and growth of small-scale industries.

(ii) A proposal is under consideration for development of areas in Haldia, Kharagpur, Purulia and Kolaghat for the purpose of setting up industrial estates for small-scale industries with infra-structure facilities. It is contemplated that all the districts of the State should have at least one estate either industrial or commercial.

(iii) The W. B. S. I. C. Ltd is being organised to operate—

(1) as a raw material bank on large scale ;

(2) to act as cleaning house for obtaining contracts from large houses and distributing them to small houses ;

(3) to develop export of product of small industries ; and

(4) to work as an ancillary contracting agency in consultation with large scale units.

(iv) It is contemplated to remove the problems of the small-scale industries to a great extent by ensuring regular supply of raw materials, increasing the flow of bank finance and extending the marketing facilities.

(v) The area of operation of the project for intensive development of small industries in rural areas will be gradually extended during the subsequent plan periods to cover all the districts of the State by making the Rural Industries Project areas cotter-minus with the District Administrative areas.

(vi) The existing district industrial set-up and the system of control of the Directorate will be strengthened and streamlined to make them effective for promotion and development of small-scale industries in this State.

(vii) The State Govt. are contemplating to set up small-scale ancillary industries around the large-scale industries with a view to ensuring regular flow of orders from the large-scale sector.

(viii) It is proposed to launch an intensive campaign and to set up a task force composed of bank officials and the officials of the Directorate of C & S S. I. for development and promotion of industries.

(ix) The following Centrally-sponsored schemes for the benefit of the educated unemployed are being implemented in this State :—

(a) Industrial Estates ;

(b) Commercial Estates ;

(c) Technicians' Co-operatives ;

(d) Equity Participation ;

(e) Hire-Purchase of Machinery.

## কলিকাতায় অনিয়মিত বিদ্যুৎ সরবরাহ

*৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫) **শ্রীনিতাইপদ সরকার**ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কলিকাতা মহানগরীতে বিদ্যুৎ সরবরাহ অনিয়মিত হওয়ায় জনজীবনে সংকট সৃষ্টি হইয়াছে, এবং

(খ) অবগত থাকিলে, সরকার এই সংকট নিরসনের জন্য কি কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Power :**

(ক) হ্যাঁ, মহাশয়।

(খ) বিদ্যুৎ সরবরাহের উন্নতির জন্য নিম্নলিখিত ব্যবস্থাদি গ্রহণ করা হইয়াছে :—

১) ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের চারটি ইউনিট প্রয়োজন অনুসারে একসাথে চালু করা,

(২) দুর্গাপুর প্রকল্পের বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি,

(৩) দামোদর ভ্যালি করপোরেশন হইতে বিদুৎ সরবরাহ নিয়মিতকরণ,

(৪) সাঁওতালদি তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিটটি যতশীঘ্র সম্ভব চালু করা,

(৫) সন্ধ্যায় যে সময় বিদ্যুতের চাহিদা সর্ব্বাধিক সে সময় কলকারখানাগুলির বিদ্যুৎ ব্যবহার সীমিতকরণ।

## নিম্ন দামোদর প্রকল্প

*৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৪) **শ্রীমহম্মদ সফিউল্লা** : সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নিম্ন দামোদর প্রকল্পের দ্বারা হুগলী জেলার বন্যাবিধ্বস্ত অঞ্চলগুলি বন্যার কবল থেকে রক্ষা পাবে, এবং

(খ) সত্য হইলে, হুগলী জেলার জঙ্গীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত আঁকুনি, বাঁদপুর, শোভাহরিপুর প্রভৃতি গ্রামগুলি এবং চণ্ডীতলা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কানাইডাঙ্গা, ভাদুয়া, কুমীমোড়া প্রভৃতি গ্রামগুলি বন্যার কবল থেকে এ বছর রক্ষার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) হ্যাঁ। নিম্ন দামোদর উন্নয়ন প্রকল্প দ্বারা হুগলী জেলার দামোদর বন্যা বিধ্বস্ত অঞ্চল-গুলির অনেকাংশ বন্যার কবল হইতে রক্ষা পাইবে আশা করা যায়।

(খ) নিম্ন দামোদর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্য্যন্ত জংগীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত আঁকুনি, বাঁদপুর প্রভৃতি গ্রাম উপকৃত হইবে না। আর চণ্ডীতলা বিধানসভার অন্তর্গত কানাইডাঙ্গা, ভাদুয়া, কুমীমোড়া প্রভৃতি গ্রামগুলি এই প্রকল্পের অন্তর্গত নয়। এই গ্রামগুলি রক্ষার জন্য "সরস্বতী প্রকল্প" নামে একটি ভিন্ন প্রকল্পের অনুসন্ধান কার্য্য চলিতেছে।

**Small-Scale Paper Mill near Jhargram**

*333. (Admitted question No. *581 ) **Shri Birendra Bijoy Malladeb** : Vill the Minister-in-charge of the Commerce and Industries Department be leased to state—

(a) if it is a fact that the proposal for establishment of Small-Scale Paper Mill (Public Sector) near Jhargram has been abandoned by the Government ,

(b) if so, the reason thereof ;

(c) whether there is any scheme of opening other Paper Mills in Private Sector or any other Mills and Factories in Jhargram subdivision ,

(d) if so, the nature of Factories ; and

(e) the probable date by which those are expected to be started ?

**The Minister for Commerce and Industries : (a), (b), (c), (d) and (e)** West Bengal Industrial Development Corporation is not proposing to establish any paper mill. But Vikram Paper Mills have proposed establishment of 15 tonnes per day paper plant producing various types of special paper at Jhargram. This is being examined by WDIDC.

**খাদি বোর্ডের সোসাইটি**

*৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩১) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ কুটির এবং ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যে কোন জেলায় খাদি বোর্ডের তৈয়ারী কয়টি সোসাইটি আছে ;

(খ) ঐ সমস্ত সোসাইটি সমূহের মধ্যে বর্তমানে কয়টি চালু এবং কয়টি বন্ধ আছে ; এবং

(গ) এই সমস্ত সোসাইটি সমূহকে জেলাওয়ারী ভাবে গত তিন বৎসরে কত টাকা ঋণ ও অনুদান বাবদ দেওয়া হইয়াছে ?

**The Minister for Cottage and Small-Scale Industries :**

(ক), (খ) ও (গ) প্রশ্নের উত্তর সম্বলিত বিবরণী নিম্নে দেওয়া হইল :—

| ক্রমিক সংখ্যা | জেলা | চালু সংস্থা | বন্ধ সংস্থা | মোট | গত তিন বৎসরে (১-৪-৬৯ হইতে ৩১-৩-৭২ পর্য্যন্ত) বোর্ড কর্তৃক প্রদত্ত ঋণ ও অনুদানের পরিমাণ ঋণ টাকা | অনুদান টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১ | কলিকাতা ও ২৪-পরগণা | ২৯ | ৭৩ | ১০২ | ৯,৪১,১৮৪·০০ | ২,৩৭,৮৯৫·০০ |
| ২ | মেদিনীপুর | ৪৪ | ৬৭ | ১১১ | ২,৬৭,৫৮৬·০০ | ২,১২,৩৩৬·০০ |
| ৩ | নদীয়া | ৬ | ৫৭ | ৬৩ | ৪৫,৫৩৬·০০ | ৩১,৮৯০·০০ |
| ৪ | মুর্শিদাবাদ | ৯ | ৩১ | ৪০ | ১,০৩,৯৭৬·০০ | ২৬,৪২৪·০০ |
| ৫ | বর্দ্ধমান | ৯ | ১৪ | ২৩ | ৭৮,২৫০·০০ | ১৭,৪৬৫·০০ |
| ৬ | বীরভূম | ৭ | ১১ | ১৮ | ১১,৭৫০·০০ | ২,৭৫০·০০ |
| ৭ | বাঁকুড়া | ৮ | ১০ | ১৮ | ৬৭,৬৩৮·০০ | ১৫,৫৪০·০০ |
| ৮ | হাওড়া | ৩ | ৫ | ৮ | ১৮,৩৫০·০০ | ১০,২২১·০০ |
| ৯ | হুগলী | ৬ | ১৮ | ২৪ | ২৬,৩০৮·০০ | ১৫,২৯৫·০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০ | দার্জিলিং | ২ | ৪ | ৬ | ২৫,০০০·০০ | — |
| ১১ | জলপাইগুড়ি | ৪ | ৩ | ৭ | ২৭,৮৬৫·০০ | ২,৮২৫·০০ |
| ১২ | কুচবিহার | ২ | ৯ | ১১ | — | ৩,৫০৭·০০ |
| ১৩ | মালদহ | ৫ | ১২ | ১৭ | ৩৪,১৮৮·০০ | ২৫,৭৯২·০০ |
| ১৪ | পুরুলিয়া | ৬ | ৮ | ১৪ | ২,০০০·০০ | ১,২০০·০০ |
| ১৫ | পশ্চিম দিনাজপুর | ৭ | ১৫ | ২২ | — | — |
| | মোট ... | ১৪৭ | ৩৩৭ | ৪৮৪ | ১৬,৪৯,৬৩১·০০ | ৬,০৩,১৪০·০০ |

## অর্থাভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণ ব্যাহত

*৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৫) ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অর্থাভাবে গ্রামে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প বন্ধ হইবার উপক্রম হইয়াছে,

(খ) সত্য হইলে, দুই বৎসরে দশ হাজার গ্রামে বিদ্যুৎ সংযোগের যে কথা আছে তাহা কার্যকরী করার জন্য কোন ব্যবস্থা করিয়াছেন কিনা ; এবং

(গ) করিয়া থাকিলে, তাহা কি কি ?

**The Minister for Power :**

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) এ প্রশ্ন ওঠে না।

## ফরাক্কা বাঁধ

*৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৪) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফরাক্কা বাঁধের নির্মাণ কার্য্য বর্তমানে কি অবস্থায় আছে ;

(খ) ইহা কি সত্য যে, গঙ্গা নদীর জলকে ভিন্নমুখে প্রবাহিত করে কলকাতা ও হলদিয়া বন্দরকে কম জল সরবরাহ করা হচ্ছে ; এবং

(গ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) (১) মূল বাঁধ নির্মাণের কাজ শেষ হয়েছে,

(২) Up stream lock এবং কালিন্দি রেগুলেটার নির্মাণের কাজ চলছে,

(৩) জংগীপুর বাঁধের কাজ শেষ হয়েছে কিন্তু বাঁধের মুখে দরজা বসানোর কাজ চলছে,

(৪) Feeder Canal খনন-কার্যের শতকরা প্রায় ৭০ ভাগ শেষ হয়েছে।

(খ) গঙ্গার জলকে ভাগীরথীতে না আসতে দিয়ে অন্য কোন মুখে পাঠানোর সম্বন্ধে কোন নির্দ্দিষ্ট তথ্য পশ্চিমবঙ্গ সরকারের জানা নাই।

(গ) কলকাতা বন্দরকে রক্ষা করার জন্যে যাতে সর্বদা প্রয়োজনীয় জল পাওয়া যায় তার জন্য পশ্চিমবঙ্গ সরকারের উচ্চতম মহল এই ব্যাপারটি নিয়ে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মহলের সঙ্গে আলাপ আলোচনা করছেন।

## লাক্ষা ধুইবার মেসিন

*৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫) শ্রীশরৎচন্দ্র দাস: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, সরকারের ১৩-৫-৭২ তারিখে মেমো নং ৯৯(১)এলসি-৪সি/৭২ একটি নির্দেশে পুরুলিয়া জেলায় তুলিন গ্রামে লাক্ষা ধুইবার যে মেসিন আছে সেইটি মুর্শিদাবাদ জেলায় সত্বর স্থানান্তর করার জন্য বলা হয়েছে,

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) সরকার কি অবগত আছেন যে উক্ত মেশিনের দ্বারা স্থানীয় ছোট ছোট লাক্ষা কারখানা-গুলির বিশেষ উপকার হয়; এবং

(ঘ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Cottage and Small-scale Industries:**

(ক) হ্যাঁ, ইহা সত্য যে শুধুমাত্র লাক্ষা ধুইবার যন্ত্রটি নহে, তুলিন লাক্ষা কেন্দ্রটিই মুর্শিদাবাদ জেলায় স্থানান্তরের প্রস্তাব রাখা হইয়াছে। সংশ্লিষ্ট সমিতির মতামত লইয়া এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

(খ) ১৯৬৩ সালের পর হইতেই এই কেন্দ্রটিকে স্থানীয় লাক্ষা উৎপাদনকারী ক্ষুদ্র প্রতিষ্ঠান-গুলির কাজে লাগাবার চেষ্টা করা হইয়াছে—কিন্তু স্থানীয় সমবায় সমিতির অন্তর্দ্বন্দ্বের ফলে বিগত কয়েক বৎসরে বিশেষ কাজ হয় নাই। গত ৩ বৎসরে এই কেন্দ্রে মাত্র ৭০৫২ কিলোগ্রাম ছড়ি লাক্ষা, দানালাক্ষায় রূপান্তরিত হইয়াছে, যেথানে বার্ষিক কমপক্ষে ১,২৮,০০০ কে, জি, হওয়া উচিত ছিল। কাজেই কেন্দ্রটি এখানে রাখার কোন যৌক্তিকতা আছে বলিয়া মনে হয় না। আর একটি অন্যতম প্রধান কারণ যে স্থানীয় সংরক্ষণশীল লাক্ষা চাষী ও ক্ষুদ্রলাক্ষা উৎপাদন কারখানাগুলি এই কেন্দ্রের সাহায্য লয় না। কারণ লাক্ষা ধুইবার মেশিন চালু করিলে একেবারে অন্তত ১৬ মন ছড়ি লাক্ষা চাপাইতে হয়। ক্ষুদ্র লাক্ষা উৎপাদকগণ কত পরিমাণ ছড়ি লাক্ষায় দানা লাক্ষার রূপান্তরের জন্য আসে এবং কথনই পরস্পরের লাক্ষার পরিমাণ এক সঙ্গে মিশাইয়া মেসিনে চাপাইতে রাজী হয় না। কারণ প্রত্যেকেই মনে করেন তাঁহার ছড়িই সর্ব্বোৎকৃষ্ট এবং অপরের ছড়ির সহিত না মিশাইলে উৎপন্ন দানা লাক্ষার পরিমাণ বেশী হইত, ফলে ব্যক্তিগতভাবে রূপান্তরের থরচ বেশী পড়ে এবং এই দানা লাক্ষার দাম বেশী হয়।

(গ) সরকার অবগত আছেন যে প্রভূত চেষ্টা সত্ত্বেও স্থানীয় ছোট কারথানাগুলি ঐ কেন্দ্রের বা মেশিনের সাহায্য লয়না, সুতরাং বিশেষ উপকারের প্রশ্ন উঠে না।

(ঘ) বর্ত্তমান পরিস্থিতিতে ব্যবস্থা লওয়ার প্রশ্ন উঠে না।

## ফরাক্কা প্রকল্প

*৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯২) শ্রীনরেশচন্দ্র চাকী: সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফরাক্কা পরিকল্পনা কোন্ উদ্দেশ্যে করা হইয়াছিল ;

(খ) ইহাতে মোট কত টাকা ব্যয় হইয়াছে ;

(গ) এই বাঁধ হইতে কলিকাতা বন্দরের এবং গঙ্গানদীর কি কি সুবিধা পাওয়ার কথা ছিল ,

(ঘ) এই সব সুবিধাগুলি পুরাপুরি পাওয়া যাইবে কিনা ; এবং

(ঙ) পাওয়া না যাইলে, কারণ কি এবং রাজ্যসরকার এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সহিত যোগাযোগ করিয়াছেন কিনা এবং করিলে, তাহার ফলাফল কি ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) কলিকাতা বন্দরের সংরক্ষণের জন্য।

(খ) যেহেতু এই পরিকল্পনা ভারত সরকারের এক্তিয়ারভুক্ত সেইজন্য ব্যয়ের সঠিক হিসাব আমাদের জানা নাই। তবুও যতদূর জানা গিয়াছে, পরিকল্পনাটির জন্য ১০০ কোটি টাকার উপর খরচ হইয়া গিয়াছে।

(গ) গঙ্গা নদী হইতে ভাগীরথী-হুগলীর মূল খাতে পলিমুক্ত যথেষ্ট পরিমাণ জল আনিয়া কলিকাতা বন্দরকে রক্ষা করাই এই পরিকল্পনার মূল উদ্দেশ্য ছিল। অন্যান্য আরও কিছু কিছু সুযোগ-সুবিধা হইল :—

(১) হুগলী নদীর লবণাক্ততা কমানো এবং তাহার ফলে কলিকাতা শহরের ও তৎপার্শ্ববর্তী এলাকার জলসরবরাহের পরিকল্পনাগুলির উন্নতিসাধন,

(২) ভাগীরথী-হুগলী নদীর নাব্যতার পুনরুদ্ধার সাধন,

(৩) জলনিষ্কাশন ও পয়ঃপ্রণালী ব্যবস্থার উন্নতিসাধন।

(ঘ) পরিকল্পনার উদ্দেশ্য কতখানি সফল হবে, সে সম্বন্ধে সংশ্লিষ্ট সরকার অর্থাৎ ভারত সরকার এখন কোন কিছু জানান নি।

(ঙ) (ঘ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

## Cocoon Rearers

***339.** (Admitted question No. *680.) **Shri Kumardipti Sengupta** : Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) if any scheme has been prepared by the Government for assisting the cocoon rearers of the Murshidabad district ;

(b) if so, the nature of the scheme ;

(c) how much monetary assistance have been provided to the cocoon growers in the said district in 1971-72 and up to June, 1972, and

(d) if the Government has any scheme to provide monetary assistance to the mulberry cultivators ?

**The Minister for Cottage and Small-Scale Industries ;**

(a) For assisting the cocoon rearers of the district Government has implemented the following schemes :

(i) Supply of improved grafts to mulberry cultivators from the nursery at Kumarpur ;

(ii) Supply of disease-free layings to rearers from the grainages at Berhampore, Ballaspur and Kumarpur ;

(iii) Supply of seed from the Berhampore Central Sericultural nursery ,

(iv) Supply of fly-proof nets, free to the rearers.

(b) Nature of the above scheme is as follows :—

(i) The Kumarpur Nursery aims at growing grafts for cultivation of improved type of mulberry leaves for feeding silk-worms and supplying the same to rearers free of cost.

(ii) The grainages at Berhampore, Ballaspur and Kumarpur produce and store disease-free layings (eggs) for supply to the rearers at a very reasonable price for production of better type of cocoons ;

(iii) As above.

(iv) In order to protect the cocoon from pastes, fly-pastes, fly proof nets are supplied to the rearers free of cost under the scheme ;

(c) There is no provision for giving monetary assistance to the sericulturists under any sericulture scheme. But the cocoon rearers may apply for an under the B.S.A.I A.

During 1971-72, a sum of Rs. 5 lakhs was given to the Silk artisans of the Murshidabad district seriously affected by flood, as a measure of relief. Of this Rs. 2·70 lakhs represents grant and the balance amount of Rs. 3·10 lakhs as loan.

(d) No.

**Notes on possible supplementaries on Starred Assembly Question No. 680.**

Normally, no scheme is formulated and taken up keeping in view a particular district. The schemes are generally drawn up for development of Sericulture in the State as a whole and particular schemes are located in a district according to the local condition, suitability and necessity of that particular district.

In the district of Murshidabad several schemes have been taken up for development of sericulture and benefit of the Sericulturists. The benefit which is now being derived by the sericulturists under various schemes are mentioned below.

Up to the year 1971-72, fly proof nets worth Rs. 60,000 were supplied to 170 cocoon rearers of Murshidabad district and 632 rearers of the Malda district. Mulberry cultivators are provided with irrigation facilities, free supply of mulberry plants, etc. During 1971-72, the cultivators were provided with free supply of 9,000 seedlings, 20,000 grafts, 28 quintals of mulberry cuttings and 1 Kg. seed valued at Rs. 2,113. 50 bighas of mulberry land of the district were also irrigated in 1971-72.

As per existing policy, there is no provision for giving monetary assistance to the sericulturists. However, as an incentive, the sericulturists, selected rearers get a bonus at Rs. 2·50 per thousand for ensuring supply of disease-free layings to the commercial rearers. A sum of Rs. 243·00 and a sum of Rs, 165 were paid to such rearers during 1970-71 and 1971-72 respectively.

**Use of synthetics and effect on Jute Industry**

*49. (Admitted question No. *46.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge af the Commerce and Industries Department be pleased to state—

(a) if the Government has any idea/estimate of the likely effect on the jute industry in the State, of the present trend of changing over from jute to synthetics ;

(b) if the Government has any proposal to decelerate this trend ; and

(c) what the Government is contemplating to do to prevent erosion of buyer's confidence in the jute industry's capacity to maintain stable exports ?

**The Minister for Commerce and Industries :**

(a) Government is aware that jute industry is facing competition from synthetics but the effect cannot be precisely estimated at present.

(b) & (c) Government of India sent a delegation to the U.S.A., Canada, U K. and West Europe under the leadership of Shri Y. T. Shah, Additional Secretary, Ministry of Foreign Trade and the report of that delegation is being awaited for remedial measures.

**Unstarred Questions**

(to which written answers were laid on the table)

**Supply of Power**

154. (Admitted question No. 74.) **Shri Rajani Kanta Doloi :** ; Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that despite a very low level of rural electrification in West Bengal, we are already in the grip of power famine ; and

(b) what the Government is contemplating to do to increase the power generating capacity of this State ?

**The Minister for Power:** (a) It is true that the availability of power in the State is not adequate compared to the demand and there have been instances of load shedding, especially in Calcutta.

(b) Some short and long term measures for augmenting the power generating capacity of the State are under contemplation of Government. The measures are as follows :—

(1) Installation of 4 Nos. of 120 MW each power generating units at Santaldih Thermal Power Station of which work in respect of 2 x 120 MW units (first phase) is in progress.

(2) Installation of 2 x 20 MW Gas Turbine Sets to meet peak demand.

(3) Additional generation of power by installation of five 200 MW s at different points.

(4) Installation of 2 Nos. 120 MW units under Central Sector at Dalkhc for meeting power requirement of North Bengal and North Bih:

**Consumers' Co-operatives**

155. (Admitted question No. 84.) **Shri Rajani Kanta Doloi** ; W the Minister-in-charge of the Co-operation Department be pleased to state, the Government has any proposal to increase the number of Consumers' C operatives in Midnapore district to supply agricultural inputs and consume goods at reasonable prices to the small cultivators and other rural people ?

**The Minister for Co-operation** : No.

**রিফিউজী রিভিউ কমিটি**

১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০) **শ্রীনিতাইপদ সরকার** ঃ উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাস বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত বিষয়টি পর্যবেক্ষ করিবার জন্য "রিফিউজি রিভিউ কমিটি" নিয়োগ করিয়াছেন ;

(খ) সত্য হইতে উক্ত কমিটি তাহার প্রতিবেদনে পশ্চিমবঙ্গের উদ্বাস্তুগণের অর্থনৈতি পুনর্বাসনের জন্য কি কি মৌলিক সুপারিশ করিয়াছেন ; এবং

(গ) উক্ত সুপারিশগুলি কার্যকরী করিবার কি কি ব্যবস্থা সরকার করিয়াছেন ?

**The Minister for Refugee Relief and Rehabilitation :**

(ক) হঁ্যা।

(খ) আংশিক পুনর্বাসনপ্রাপ্ত ও নবাগত (অর্থাৎ যাঁহারা ১৯৬৪ সালের ১লা জানুয়ারীর পর এবং ১৯৭১ সালের মার্চ মাসের পূর্বে এই রাজ্যে আসিয়াছেন) শরণার্থিগণের অর্থনৈতিক পুনর্বাসনের উদ্দেশ্যে কমিটি অব্ রিভ্যু নিম্নোক্ত সুপারিশ করিয়াছেন :

(১) পরিত্যক্ত শিবিরাঞ্চলে জবরদখলকারী শরণার্থী পরিবারগণের জন্য ক্ষুদ্র ব্যবসায় ঋণ ;

(২) কৃষিজীবী পরিবারগণের জন্য কৃষিঋণ ও অন্তর্বর্তীকালীন ভরণপোষণ সাহায্য ;

(৩) সরকারী ব্যবস্থাপনায় মুর্গিপালন ও তন্নিমিত্ত আহার্য বস্তু উৎপাদন কেন্দ্র এবং ঋণ ও প্রযুক্তি-শিক্ষাদানের সাহায্যে এক হাজার পরিবারকে স্ব স্ব গৃহে মুর্গিপালনে সহায়তা ;

(৪) মহিলা শরণার্থিগণের জন্য বৃত্তিমূলক শিক্ষণ কেন্দ্র স্থাপন, এবং

(৫) সাতটি শিল্প উপনগরী ও তিনটি শিল্পাঞ্চল গড়িয়া তুলিয়া ক্ষুদ্র শিল্পের মাধ্যমে প্রায় ৬,০০০ ব্যক্তির কর্মসংস্থান।

(গ) সুপারিশগুলি ভারত সরকারের মঞ্জুরীসাপেক্ষ। একমাত্র পরিত্যক্ত শিবিরাঞ্চলে ও ভবঘুরে আবাসে বসবাসকারী পরিবারগণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে মঞ্জুরী পাওয়া গিয়াছে তদনুসারে অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা কার্যকর করা হইতেছে। অপরাপর সুপারিশগুলি এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন।

## নদীয়া জেলায় তাঁত শিল্প

১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৩) **শ্রীনিতাইপদ সরকার:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, শান্তিপুর, নবদ্বীপ সহ নদীয়া জেলার তাঁতশিল্পীরা সুতার অভাবে সংকটের সম্মুখীন হইয়াছেন, এবং

(খ) অবগত থাকিলে, ঐ তাঁতিদের ন্যায্যমূল্যে সুতা সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

(ক) হ্যাঁ।

(খ) তাঁতিদের ন্যায্যমূল্যে সুতা সরবরাহ করিবার জন্য সত্বর একটি স্টেট টেক্সটাইল কর্পোরেশন গঠনের কথা সরকারের বিবেচনাধীন আছে।

## জেলাওয়ারী বিভিন্ন গ্রাম বৈদ্যুতিকরণ

১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪) **শ্রীনিতাইপদ সরকার:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার ১৯৭৩ সালের মধ্যে নূতন ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহের প্রকল্প গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে উক্ত প্রকল্পভুক্ত জেলাওয়ারী কতগুলি গ্রামে মে, ১৯৭২ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে?

**The Minister for Power:**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৭২ সালের মে পর্যন্ত গ্রাম বৈদ্যুতিকরণের জেলাভিত্তিক হিসাব নিম্নে দেওয়া হইল

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১) বাঁকুড়া | ... | ... | ... | ... | ১৯৯ |
| (২) বীরভূম | ... | ... | ... | ... | ১৩৮ |
| (৩) বর্ধমান | ... | ... | ... | ... | ৬১৫ |
| (৪) কুচবিহার | ... | ... | ... | ... | ২২ |
| (৫) দার্জিলিং | ... | ... | ... | ... | ১৬০ |
| (৬) হুগলি | ... | ... | ... | ... | ৪৪৯ |
| (৭) হাওড়া | ... | ... | ... | ... | ১৬৭ |
| (৮) জলপাইগুড়ি | ... | ... | ... | ... | ১৭২ |
| (৯) মালদা | ... | ... | ... | ... | ১০৫ |
| (১০) মেদিনীপুর | ... | ... | ... | ... | ৩৩৮ |
| (১১) মুর্শিদাবাদ | ... | ... | ... | ... | ৩০৯ |
| (১২) নদীয়া | ... | ... | ... | ... | ৪৬৭ |
| (১৩) চব্বিশপরগণা | ... | ... | ... | ... | ৫৭৪ |
| (১৪) পুরুলিয়া | ... | ... | ... | ... | ৭৮ |
| (১৫) পশ্চিম দিনাজপুর | ... | ... | ... | ... | ১৯ |
| | | | | মোট ... | ৩,৮১২ |

## সালানপুর ব্লকে শিল্পাঞ্চল বৈদ্যুতিকরণ

১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৬) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার সালানপুর ব্লকের ডাবর, আছড়া, শিয়াকুলবেড়িয়া, হরিশাঁডি, মল্লারডি, চয়নপুর, কালীসাঁকো, উত্তর রামপুর, জিতপুর, কল্যা, কীর্তনশালা, ঢাড়াশপুর ও থিয়াডোবা প্রভৃতি শিল্পাঞ্চল ঘেরা গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা না থাকায় বহু কুটিরশিল্প স্থাপন ও চালনা করা সম্ভব হইতেছে না ; এবং

(খ) অবগত থাকিলে সরকার ঐ গ্রামগুলি বৈদ্যুতিকরণের কোন ব্যবস্থা করিয়াছেন কিনা এবং করিলে কবে নাগাদ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Power:**

(ক) না।

(খ) কেবলমাত্র ডাবর ও হরিশাড়িতে বিদ্যুৎ সরবরাহ আছে। ইহা ব্যতীত উক্ত অঞ্চলে বৈদ্যুতিকরণের বর্তমানে অন্য কোন পরিকল্পনা নাই।

## Surplus Power from Orissa

160. (Admitted question No. 371.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government has approached the Government of Orissa for supply of surplus power to this State ,

(b) if so, what is the stand of the Government of Orissa on this matter , and

(c) what amount of power is likely to be supplied to West Bengal from Orissa ?

**The Minister for Power :** (a) Yes, Sir.

(b) The Orissa State Electricity Board has recently informed that after the setting in of monsoon, it might be possible to spare some quantum of power.

(c) Not known yet.

## Calcutta State Transport Corporation

161. (Admitted question No. 397.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state the following particulars relating to the Calcutta State Transport Corporation—

(i) number of routes ;

(ii) route lengths ;

(iii) number of vehicles ;

(iv) average No. of vehicles put on road per day ;

(v) average No. of persons employed per year ;

(vi) total kilometres run ;

(vii) total passengers served ; and

(viii) total earnings and expenditures during the years 1967-68, 1968-69 1969-70, 1970-71 and 1971-72 ?

**The Minister for Home (Transport) :**

| | 1967-68 | 1968-69 | 1969-70 | 1970-71 | 1971-7 |
|---|---|---|---|---|---|
| (i) Number of routes ... | 29 | 29 | 29 | 29 | 2 |
| (ii) Route length ... (in k.m.) | 387·5 | 387·5 | 387·5 | 387·5 | 362·7 |
| (iii) Numher of vehicles | 1,106 | 1,131 | 1,093 | 1,059 | 1,12 |
| (iv) Average number of vehicles put on route. | 655 | 592 | 561 | 493 | 47 |
| (v) Number of persons employed per year. | 13,532 | 13,303 | 13,171 | 12,996 | 12,90 |
| (vi) Kilometre run ... (in lakhs). | 408 | 342 | 310 | 259 | 24 |
| (vii) Total passengers served (in lakhs). | 3,963 | 3,726 | 3,509 | 2,899 | 2,55 (Approx.) |
| (viii) Total earnings (in rupees lakhs). | 607·74 | 614·38 | 571·11 | 517·20 | 549·2 (estimated) |
| Total expenditure (in rupees lakhs). | 820·35 | 883·16 | 937·68 | 922·19 | 1,017·0 (estimated. |

## Jaldhaka Projects

162. (Admitted question No. 408.) **Shri Rajani Kanta Doloi :** Will th Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the Commission, which had inquired into the Jaldhak Project affairs, had made any adverse comments ;

(b) if so what are the comments ; and

(c) what action has been taken or proposed to be taken in the matter ?

**The Minister for Power :** (a) Yes.

(b) The comments of the Enquiry Commission in short are as follows :

(1) The Tender Sub-Committee of the West Bengal State Electricity Board failed to exercise reasonable caution in dealing with the tenders and allotting most items of major works to a single contractor.

(2) The advice of the consultant Engineering Firm and the Central Water Power Commission had not always been observed.

(3) The contractor firm who was entrusted with most items of major works failed to complete utmost all items of work according to their contractual oblgations.

(4) The Board adopted an appeasing attitude towards the contractor and granted liberal extensions of time thereby contributing to the delay in completing the project.

(5) The increase in the actual cost for construction of main power house, etc., from 23/24 lakhs to 35 lakhs was mainly for the extra work that had to be done owing to the wide difference in the soil classification.

(6) The responsibility for the excess expenditure of the project over the original estimated cost and for the inordinate delay in commissioning the plant must be shared by—

(i) The Central Water and Power Commission,

(ii) The West Bengal State Electricity Board, and

(iii) The main contractor firm.

(c) The report of the Commission is still under examination of the Government.

## পাওয়ারলুম কো-অপারেটিভ

১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫১) শ্রীনিতাইপদ সরকার: কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার পাওয়ারলুম কো-অপারেটিভকে অর্থ সাহায্য ও ঋণ মঞ্জুর করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে গত তিন বৎসরে এরূপ কয়টি কো-অপারেটিভকে মোট কত টাকা সাহায্য এবং ঋণ মঞ্জুর করিয়াছিলেন ; এবং

(গ) উক্ত পাওয়ারলুম কো-অপাটেভগুলির মধ্যে কতগুলি বর্তমানে বন্ধ আছে ?

**The Minister for Cottage and Small-Scale Industries :**

(ক) হ্যাঁ।

(খ) বিগত তিন বৎসরের মধ্যে কেবলমাত্র ১৯৭১-৭২ সালে ৫৭টি পাওয়ারলুম কো-অপারেটিভকে ঋণ বাবদ সর্ব্বমোট ১৬,০৮,০০০'০০ টাকা দেওয়া হইয়াছে। অনুদান বাবদ কোন অর্থ ঐ সময়ে কো-অপারেটিভগুলিকে দেওয়া হয় নাই।

(গ) দুইটি।

## বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতাল

১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৫) **শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কতজন রোগী বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি আছেন ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত হাসপাতালে শয্যাসংখ্যা অপেক্ষা ভর্তি রোগীর সংখ্যা বেশী; এবং

(গ) সত্য হইলে ঐ বর্ধিত সংখ্যক রোগীর জন্য প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার, নার্স, জি ডি এ. এবং ঔষধ প্রভৃতির কোন ব্যবস্থা সরকার করেছেন কি ?

**The Minister for Health :**

(ক) ১৪-৭-৭২ তারিখে ৬৬০ জন রোগী ভর্তি ছিলেন।

(খ) হ্যাঁ।

(গ) ঔষধ ও পথ্যের ব্যবস্থা আছে। তবে অতিরিক্ত ডাক্তার, নার্স, ও জি, ডি, এ-র ব্যবস্থা নেই। হাসপাতালে কর্মরত ডাক্তার, নার্স ও জি ডি এ-রাই বাড়তি রোগীর চিকিৎসা ও পরিচর্য্যা করেন। বর্ধিত সংখ্যক রোগীর জন্য কিভাবে ব্যবস্থা হবে গভীরভাবে সরকার চিন্তা করছেন।

## খরা এলাকায় চাষীদের খাজনা মকুব

১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮১) **শ্রীআবদুল বারি বিশ্বাস :** ভূমিসংস্কার এবং সদ্ব্যবহার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে খরা পীড়িত এলাকার চাষীদের খাজনা মকুবের কোন প্রস্তাব আছে কিনা ;

(খ) থাকিলে কোন্ কোন্ জেলার ক্ষেত্রে ঐরূপ প্রস্তাব আছে ; এবং

(গ) কবে নাগাদ উক্ত প্রস্তাবটি কার্য্যকরী করা হবে ?

**The Minister for Land Utilisation and Reforms :**

(ক) এখনও পর্য্যন্ত কোন জেলা শাসকের নিকট হইতে এই বিষয়ে প্রস্তাব পাওয়া যায় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

## গ্রামীণ বৈদ্যুতিকরণ

১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৯) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও রাণীনগর ২নং ব্লকের অন্তর্গত গ্রামে বিদ্যুৎ সরবরাহের কোন পরিকল্পনা আছে কি ;

(খ) থাকিলে কোন্ ব্লকের কোন্ কোন্ গ্রামের জন্য পরিকল্পনা আছে ; এবং

(গ) কবে নাগাদ এই প্রকল্প চালু করা হবে ?

**The Minister for Power :**

(ক) হঁ্যা, শুধুমাত্র রানীনগর থানার জন্য।

(খ) রানীনগর থানার অন্তর্গত নিম্নবর্ণিত গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইবে :—

(১) ইসলামপুর,

(২) হরহরি চক,

(৩) চক্রমারী,

(৪) কসবা গোয়াস,

(৫) হেরামপুর,

(৬) রাণীপুর।

(গ) এক হইতে পাঁচ নম্বরে বর্ণিত উপরি-উক্ত গ্রামগুলিতে কাজ সমাপ্ত হইয়াছে। শেষোক্ত গ্রামটিতে এই বছরে বৈদ্যুতিকরণ হইবে।

## গৌরীপুর লেপ্রসি কলোনী

১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৭) **শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় গৌরীপুর লেপ্রসি কলোনীতে বর্তমানে কয়জন সূত্রধর (ছুতার মিস্ত্রি) কাজ করিতেছেন ;

(খ) তাঁহারা কোন্ সময় হইতে নিযুক্ত আছেন এবং এপর্যন্ত ঐ কলোনীতে কি কি কাজ করিয়াছেন ; এবং

(গ) উঁহাদের শিক্ষাগত যোগ্যতা কি ?

**The Minister for Health :**

(ক) দু'জন।

(খ) একজন ২৭-৩-৬৮ তারিখ থেকে এবং আর একজন ১-৪-৬৮ তারিখ থেকে আছেন। একজন ওয়ার্ডে কাজ করেন এবং অন্যজন বিদ্যুৎ লাইনের দেখাশুনা করেন।

(গ) একজন অষ্টম শ্রেণী পর্যন্ত এবং আর একজন দশম শ্রেণী পর্য্যন্ত পড়েছেন।

## বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ

১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫১২) **শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে বর্তমানে কোন এনকোয়ারী অফিস নাই ;

(খ) সত্য হইলে ইহার কারণ কি,

(গ) সরকার কি অবগত আছেন যে, গ্রামের অর্ধশিক্ষিত এবং অশিক্ষিত জনসাধারণকে এনকোয়ারী অফিস না থাকার জন্য চরম দুর্গতির মধ্যে পড়তে হয় ; এবং

(ঘ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Health :**

(ক) সত্য নহে।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

**Irrigation in Jhargram Subdivision**

**169.** (Admitted question No. 588.) **Shri Birendra Bijoy Malladeb** : Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) what steps have been taken by the Government of West Bengal for irrigation in the vast area of Jhargram Subdivision which will not be covered by the Kangsabati Project ;

(b) when the work of the Kangsabati Project is expected to be completed ;

(c) the amount of money allotted for this Project for the current year (1972-73) ; and

(d) what are the names of the places where new markets will come up by Central Government assistance as proposed in the Budget statement ?

**The Minister for Irrigation and Waterways** : (a) In Jhargram Subdivision works on the three irrigation schemes in police-station Gopiballavpur, viz., (i) Shyamtarangi Khal Irrigation Scheme, (ii) Pat Bundh Irrigation Scheme and (iii) Torki Khal Irrigation Scheme, have already been taken up for execution. About 5,516 acres of cultivable land will come under the command of the said three schemes. These schemes are outside the command area of Kangsabati Project. Besides, two more schemes, viz., (1) Dolong Irrigation Project and (2) Muralikhal Bundh Schemes, are now under investigation. About 13,675 acres of land is expected to be benefited from the execution of the schemes, it is contemplated.

(b) In June, 1976.

(c) Rs. 3·30 crores.

(d) The names of the proposed market places are as follows : (1) Amdanga, (2) Sarenga, (3) Basudebpur and (4) Panchmura in Bankura district and (i) Pirkata, (ii) Goaltor, (iii) Jhakra, and (iv) Chandrakona in Midnapur district.

**Schemes of Irrigation**

**170.** (Admitted question No. 591.) **Shri Birendra Bijoy Malladeb** : Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government of West Bengal have any plan to take up the following schemes of irrigation :

(1) Devnadi Bandh,

(2) Palpata Bandh,

(3) Nahar Khal,

(4) Routh Bandh, and

(5) Rangamatia Bandh ;

(b) if so, the probable date/dates by which the works are expected to be taken up ?

**The Minister for Irrigation and Waterways** :

(ক) (১) এই প্রকল্প সম্বন্ধে তদন্ত করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(২) পলপাতা খাল সেচ প্রকল্প নামে একটি প্রকল্প গ্রহণ করা হইয়াছিল। কিন্তু প্রকল্পটি কংসাবতী প্রকল্পের সেচ এলাকাভুক্ত বলিয়া সম্প্রতি পরিত্যক্ত হইয়াছে।

(৩) ইহা কংসাবতী প্রকল্পের সেচ এলাকাভুক্ত বলিয়া পৃথকভাবে কোন প্রকল্পের প্রয়োজন নাই।

(৪) ইহা একটি বেসরকারী বাঁধ বলিয়া ইহার সম্পর্কে কোন প্রকল্প সরকার গ্রহণ করেন নাই।

(৫) প্রকল্পটি তদন্তাধীনে আছে।

(খ) (১) হইতে (৪) পর্যন্ত উপরোক্ত তথ্যের ভিত্তিতে এই সমস্ত প্রশ্ন ওঠে না।

(৫) প্রকল্পটি উপযোগী বিবেচিত হইলে পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা যাইতে পারে।

## টি বি হাসপাতাল

১৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৬১০) **শ্রীনিতাইপদ সরকার** : স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, টি বি হাসপাতালে ভর্তির জন্ম প্রতিদিনই বহু সংখ্যক আবেদনপত্র জমা পড়িয়া থাকে ;

(খ) সত্য হইলে প্রতিমাসে গড়ে কত আবেদনপত্র জমা হইয়া থাকে ;

(গ) ১৯৭১-৭২ সালের প্রতিমাসে গড়ে কত রোগী ভর্তি হইয়াছে ; এবং

(ঘ) টি বি হাসপাতালে শয্যা সংখ্যা বাড়াইবার কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা ?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) ২৬০টি।

(গ) ১৩৬ জন।

(ঘ) করা হচ্ছে।

### Employees of Calcutta State Transport Corporation

**172.** (Admitted question No. 622.) **Shri Rajanikanta Doloi :** Will the Minister-in.charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether it is a fact that a section of the employees of Calcutta State Transport Corporation, have been deliberately abstaining from duties for a pretty long time, and

(b) if so,—

(i) the reasons thereof, and

(ii) what action the Government is contemplating to take in the matter ?

**The Minister for Home (Transport):** (a) It is fact that about 90 workmen of the Calcutta State Transport Corporation have still been absenting themselves from duties since March/April last. They have sent a number of representations both individually and through the Union to which they owe allegiance alleging that they are unable to attend to their duties due to coercion and intimidation by a section of the workmen both inside the depot/workshp/office premises and outside.

(b) (i) As stated above.

(ii) Since it appeared that a number of the Calcuta State Transport Corporation employees were not attending to their duties due to various contingencies, steps were taken by the Calcutta State Transport Corporation Authorities for sending notice to the absenting employees on 2nd June, 1972, for reporting for duty and Police postings outside the depot/workshop/office gates were arranged. About 20 of the absentees resumed duties.

Most of the concerned workmen numbering about ninety have moved the Hon'ble Calcutta High Court and in terms of High Court orders Police postings have again been made.

### Security arrangements in Calcutta State Transport Corporation Depot Stores

**173.** (Admitted question No. 624.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government has any information of lacunae in the existing security arrangements in respect of the Calcutta State Transport Corporation Depot Stores; and

(b) if so, what steps the Government are contemplating to take to tighten the seeurity arrangement for these Stores to prevent pilferage and theft of store materials?

**The Minister for Home (Transport)** : (a) There is no lacunae in the existing security arrangements in respect of the Calcutta State Transport Corporation Depot Stores. The security arrangement are adequate.

(b) Does not arise.

### Calcutta Electric Supply Co. Ltd.

174. (Admitted question No. 625.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the Government is considering any proposal for taking over of the management of Calcutta Electric Supply Corporation Ltd., and

(b) if so, when the Calcutta Electric Supply Corporation Ltd. is likely to be taken over by the Government ?

**The Minister for Power**: (a) Yes.

(b) The timing of the decision will depend upon many factors which are also under examination.

### বন্যার্ত এলাকার খাজনা মকুব

১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭০) **শ্রীনিতাইপদ সরকার :** ভূমির সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার গত বৎসরের বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার জন্য খাজনা মকুবের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন ; এবং

(খ) সত্য হইলে, এই সিদ্ধান্তের সংবাদ ক্ষতিগ্রস্ত সব জেলায় জানান হইয়াছে কি ?

**The Minister for Land Utilization and Reforms :**

(ক) ও (খ) হাঁ।

**State-owned Cottage Industries**

**176.** (Admitted question No. 684.) **Shri Kumardipti Sengupta :** Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries be pleased to state—

(a) if the Government has any plan to start State-owned Cottage Industries at Block-level to relieve the pressure of unemployment by starting new avenue for providing jobs , and

(b) is so, what is the plan ?

**The Minister for Cottage and Small-Scale Industries :** (a) No.

(b) Does not arise.

**Bell-metal Industries**

177. (Admitted question No. 687.) **Shri Kumardipti Sengupta :** Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) if any scheme has been prepared by the Government for revitalising the bell-metal industries of the district of Murshidabad ;

(b) if so, the nature of the scheme ; and

(c) how much financial assistance has been provided for the promotion of the above industry in 1971-72 ?

**The Minister for Cottage and Small-Scale Industries :** (a) No.

(b) and (c) Do not arise.

**তালপুর গ্রামে স্বাস্থ্যকেন্দ্র**

১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৩) **শ্রীবলাইলাল শেঠ :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তারকেশ্বর অঞ্চলের অন্তর্গত তালপুর গ্রামে স্বাস্থ্যকেন্দ্রটি এখনও চালু না হওয়া কারণ কি ; এবং

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রটি কবে নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Health :**

(ক) ডাক্তার নিয়োগ করা যায় নি বলে স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা যায় নি।

(খ) পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ পেলে ডাক্তার নিয়োগ করা হবে এ স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা হবে।

বিশেষ ব্যবস্থা অনুযায়ী এড হক চাকরীর ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## পদ্মা কোল্ড স্টোরেজ

১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৫) **শ্রীবলাইলাল শেঠ ঃ** কৃষিবিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার সিঙ্গুর এলাকায় পদ্মা কোল্ড স্টোরেজের বর্তমান মালিক কে,

(খ) ইহা কি সত্য যে, ঐ কোল্ড স্টোরেজটি বর্তমানে অচল অবস্থায় পড়িয়া আছে, এব

(গ) সত্য হইলে, (১) ইহার কারণ কি ; এবং (২) ঐ কোল্ড স্টোরেজটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Agriculture :**

(ক) পশ্চিমবঙ্গ সরকার।

(খ) হ্যাঁ।

(গ) (১) সরকারী হিমঘরে আলু বীজ সংরক্ষণের পরিকল্পনা পরিত্যক্ত হওয়ায় এই হিমঘর এখনও চালু করা হয় নাই ;

(২) বিষয়টি সরকারের বিচারাধীন।

## কল্যাণী স্পীনিং মিল

১৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৪) **শ্রীনিতাইপদ সরকার ঃ** পাবলিক আণ্ডারটেকিংস্ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে "কল্যাণী স্পীনিং মিলে" দীর্ঘদিন যাবত লোকসান যাইতেছে ;

(খ) সত্য হইলে ইহার কারণ কি ; এবং

(গ) উক্ত লোকসান যাহাতে না হয়, তাহার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Public Undertakings :**

(ক) হ্যাঁ।

(খ) লোকসানের কারণগুলি এইরূপ—

(১) শতকরা ২৫ থেকে ৪০ ভাগ টাকুকে ( স্পিণ্ডল্ ) অলস রাখতে বাধ্য হওয়া।

(২) ব্যাপকহারে কর্মীদের অনুপস্থিতির ফলে অলস টাকুর সংখ্যা বৃদ্ধি।

(৩) টাকুপ্রতি উৎপাদনের স্বল্পতা।

(৪) অন্যান্য মিলের তুলনায় শ্লথগতিতে টাকু চালানোর ফলে উৎপাদন হ্রাস।

(৫) অতিরিক্ত টাকুপ্রতি খরচ।

(৬) নিকৃষ্ট মানের সুতা ক্রয় করার ফলে সুতার অপচয়ের হার ( পার্সেণ্টেজ অফ ওয়েস্ট ) বৃদ্ধি।

(৭) সুতা বিক্রয় করার জন্য কোম্পানীর নিজস্ব সংস্থার অভাব।

(৮) ১৯৭০ সাল হইতে সুতার তুলনায় তুলার দামের অস্বাভাবিক বৃদ্ধি।

(৯) ১৯৬৭ সালে হাবড়ায় কল্যাণী স্পিনিং মিল্‌স-এর দ্বিতীয় ইউনিট চালু করার সময় কোম্পানীর অতিরিক্ত সংরক্ষিত মূলধন উক্ত ইউনিটে নিয়োগ করার ফলে কোম্পানীর আর্থিক অবস্থার অবনতি।

(১০) দ্বিতীয় ইউনিটের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি বিদেশ হইতে ডেফার্ড পেমেন্ট ব্যবস্থা ( ডেফার্ড পেমেন্ট অ্যারেঞ্জমেন্ট ) অনুসারে ক্রয় করার ফলেও কোম্পানীর উপর যথেষ্ট আর্থিক চাপ সৃষ্টি।

(১১) প্রতিকূল আপেক্ষিক আর্দ্রতা।

(১২) প্রয়োজনীয় মূলধনের অভাব।

(গ) লোকসানের কারণগুলি দূর করার জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করিয়াছে—

(১) সমস্ত অলস টাকুগুলিকে চালু করার জন্য কল্যাণী স্পিনিং মিল্‌স কর্তৃপক্ষকে একটি সময়সাপেক্ষ পরিকল্পনা প্রণয়ন করিতে অনুরোধ করা হইয়াছে।

(২) ব্যাপক অনুপস্থিতিজনিত অসুবিধা দূর করার জন্য কোম্পানীর হাবড়া ইউনিটে বদলি প্রথা অনুসারে শ্রমিক নিয়োগের ব্যবস্থা করিবার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে এবং কর্মী ইউনিয়নের সহযোগিতার প্রতিশ্রুতি লওয়া হইয়াছে।

(৩) হাবড়া ইউনিটের প্র্যান্ট মেসিনের গতিবেগ ৯.৫০০ আর, পি, এম, হইতে ১২,০০ আর, পি, এম, পর্যন্ত বৃদ্ধি করা হইয়াছে এবং ইহার ফলে স্পিণ্ডল্ প্রতি উৎপাদ ১ আউন্স হইতে ১·১৭ আউন্স বৃদ্ধি পাইয়াছে। কল্যাণী ইউনিটের রিং ফ্রেমের গতিবেগ অনুরূপভাবে বৃদ্ধি করা যায় কিনা তাহা পর্যবেক্ষণ করার জন্য একটি এক্সপা কমিটি গঠন করার জন্য সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(৪) উৎকৃষ্ট মানের তুলা ক্রয় করার জন্য ম্যানেজিং ডাইরেক্টর, সেক্রেটারী, ইউনিয়ন প্রতিনিধি এবং একজন নিরপেক্ষ তুলা বিশেষজ্ঞকে লইয়া টেণ্ডার কমিটি গঠন করার ব্যবস্থা নেওয়া হইয়াছে এবং কোম্পানীর স্বার্থে একজন দক্ষ তুলা বিশেষজ্ঞ নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।

(৫) কোম্পানীর বিক্রয় বৃদ্ধি করার জন্য এপেক্স কো-অপারেটিভ সোসাইটিকে অধিক পরিমাণে সূতা ক্রয় করার জন্য অনুরোধ করা হইতেছে।

(৬) কোম্পানীর যন্ত্রপাতি ঠিকমত রক্ষণাবেক্ষণ এবং মেরামতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে এবং স্পেয়ার পার্টসের ঘাটতি দূর করার জন্য একটি সংরক্ষণ কেন্দ্র গঠন করার কথাও চিন্তা করা হইতেছে।

(৭) উৎপাদিত সূতার মান উন্নীত করার জন্য কোম্পানীর কোয়ালিটি কণ্ট্রোল এবং স্থানীয় ম্যানেজার, কোয়ালিটি কণ্ট্রোল বিভাগের প্রতিনিধি ও শ্রমিক প্রতিনিধিকে লইয়া একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(৮) ফিনিসিং সেক্সানের ৩০ জন কর্মীকে কাজে লাগাইয়া হাবড়ায় কোম্পানীর অব্যবহৃত ৯,২৪০টি স্পিণ্ডলকে স্থাপন করার চেষ্টা চলিতেছে।

(৯) প্রতিকূল আপেক্ষিক আর্দ্রতাজনিত অসুবিধা দূর করার জন্য কোম্পানীর হিউমিডি-ফিকেশন প্ল্যান্টটি ব্যবহারের উপযোগী করিয়া তোলার বিষয়টি বিচার-বিবেচনা করিয়া দেখা হইতেছে এবং এই উদ্দেশ্যে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(১০) শ্রমিক ও কর্তৃপক্ষের মধ্যে সম্পর্ক স্বাভাবিক করার দিকে বিশেষ নজর দেওয়া হইয়াছে এবং শ্রমিকদের কাজে উৎসাহদানের জন্য ইনসেণ্টিভের পরিমাণ বৃদ্ধি করা হইয়াছে।

### Manufacture of Agricultural Implements

**181.** (Admitted question No. 686.) **Shri Kumardipti Sengupta** : Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) if there is any scheme for manufacturing agricultural implements through State-owned Small-Scale Industries for Kandi subdivision at Salar ; and

(b) if so, when the scheme is likely to be implemented ?

**The Minister for Cottage and Small-Scale Industries** (a) No.

(b) Does not arise.

## জেলাভিত্তিক ক্ষুদ্র শিল্প ও কুটির শিল্প

১৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৬) **শ্রীনিতাইপদ সরকার :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বর্তমানে ক্ষুদ্র শিল্প ও কুটির শিল্পের মোট সংখ্যা কত,

(খ) মোট কত শ্রমিক কর্মচারী উক্ত শিল্পে কর্মরত আছেন, এবং

(গ) এই রাজ্যে ক্ষুদ্র শিল্প ও কুটির শিল্পের উন্নয়নের জন্য সরকার কি কি প্রকল্প গ্রহণ করিবার বিষয় বিবেচনা করিতেছেন ?

**The Minister for Cottage and Small-Scale Industries :**

(ক) ও (খ) :

| জেলার নাম | ক্ষুদ্র ও কুটিরশিল্প | শ্রমিক কর্মচারী |
|---|---|---|
| (১) কলিকাতা ... ... ... | ৩৫,৪৯০ | ১,০৮,৩৯০ |
| (২) হুগলী ... ... .. | ৪২,৩৬০ | ৮৮,৭১০ |
| (৩) হাওড়া ... ... ... | ১৬,৭৪০ | ৪৭,০৭০ |
| (৪) ২৪-পরগণা ... ... ... | ৯৫,৩৭০ | ২,৫৪,০৯০ |
| (৫) নদীয়া ... ... ... | ৪৭,৭৮০ | ৯৮,০২০ |
| (৬) মুর্শিদাবাদ .... ... ... | ২৬,৯৬০ | ৭৮,১৩০ |
| (৭) মালদা ... ... ... | ১৩,৯৪০ | ২৪,০৪০ |
| (৮) মেদিনীপুর ... ... ... | ১,২৪,২০০ | ২,২৬,২১০ |
| (৯) পুরুলিয়া ... ... ... | ১৮,৬৪০ | ৩৭,০১০ |
| (১০) [illegible] | [illegible] | [illegible] |

| জেলার নাম | ক্ষুদ্র ও কুটীরশিল্প | শ্রমিক কর্মচারী |
|---|---|---|
| (১১) বীরভূম ... ... ... | ২৭,৩৯০ | ৫১,২৮ |
| (১২) বর্দ্ধমান ... ... ... | ৩৮,১২০ | ৩৮,৩৬ |
| (১৩) পঃ দিনাজপুর .. .. ... | ২৪,৪৩০ | ৩৯,৫৭ |
| (১৪) জলপাইগুড়ি ... — ... | ৯,৮৪০ | ১৮,৬৮০ |
| (১৫) কুচবিহার ... ... ... | ১২,৯১০ | ৬৪,৯৪০ |
| (১৬) দার্জিলিং ... ... ... | ৪,১৬০ | ৪,২৯০ |
| | ৫,৭২,৫৬০ | ১২,৬৩,৬০০ |

(গ) (১) পশ্চিমবঙ্গের তাঁত শিল্পীদের মধ্যে ন্যায্য মূল্যে এবং নিয়মিতভাবে সূতা সরবরাহের জন্য একটি টেক্সটাইল কর্পোরেশন স্থাপন করিবার বিষয় সরকারের বিবেচনাধীন রহিয়াছে। প্রস্তাবিত এই সংস্থা সুতা ক্রয় এবং তাঁত শিল্পীদের মধ্যে বিতরণ করিবে ও তাহাদের উৎপাদিত বস্ত্র বিপণনের ব্যবস্থাও করিবে।

(২) বর্তমান বৎসরে ৫০০ বিদ্যুৎ চালিত তাঁত সমবায় সমিতিগুলিকে দেওয়া হইবে এবং ১,৫০০ তাঁত সমবায় সমিতি বহির্ভূত জনসাধারণের মধ্যে বণ্টন করা হইবে। সরকার বিদ্যুৎ চালিত তাঁত বস্ত্রের উৎপাদন কেন্দ্রসমূহের উন্নয়নের কথাও চিন্তা করিতেছেন।

(৩) শিক্ষিত বেকারদের উপকারের জন্য শিল্প ও বাণিজ্য নগরী স্থাপন, দক্ষ কারিগরদের সমবায় সমিতি প্রতিষ্ঠা, ইকুয়িটি শেয়ার গ্রহণ, সীডমানি প্রদান এবং ভাড়া-খরিদ পদ্ধতিতে দেশী য যন্ত্রপাতি ক্রয় প্রভৃতি কর্মপ্রকল্পের অধীনে কিছু প্রকল্প রূপায়ণের বিষয় সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(৪) এই রাজ্যে নিবন্ধভুক্ত ক্ষুদ্রায়তন শিল্প সংস্থাগুলিকে বাঁচাইবা রাখিবার জন্য যাহাতে কাঁচা মাল সরবরাহ ও ব্যাঙ্ক হইতে নিয়মিতভাবে টাকা যোগাইবার ব্যবস্থা অব্যাহত থাকে তাহার জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবার কথা বিবেচনা করিতেছেন।

(৫) ক্ষুদ্রায়তন শিল্প সংস্থাগুলিকে উন্নয়ন ও প্রসারের জন্য বর্তমানে জেলাভিত্তিক যে প্রশাসন রহিয়াছে তাহাকে জোরদার করা এবং শিল্প অধিকারের নিয়ন্ত্রণ ব্যবস্থাকে আরও সুষ্ঠু করার চেষ্টা করা হইতেছে।

(৬) হলদিয়া, খড়্গপুর, পুরুলিয়া ও কোলাঘাটে কয়েকটি উন্নত শিল্প এলাকা সৃষ্টির প্রস্তাব সরকারের বিবেচনাধীন রহিয়াছে। রাজ্যের প্রত্যেক জেলায় অন্ততঃ একটি শিল্প বা বাণিজ্যনগরী গড়িয়া তুলিবার বিষয়ও সরকারের বিবেচনাধীন আছে।

(৭) রাজ্য সরকারের অনুরোধে কেন্দ্রীয় রেশম পর্ষদ কাঁচা রেশমের মূল্যের স্থিতি স্থাপনের উদ্দেশ্যে একটি প্রকল্প গ্রহণ করিয়াছেন।

(৮) পঞ্চবার্ষিক যোজনাকালে গ্রামীণ শিল্প প্রকল্প কর্মসূচীর অধীনে মালদহ, মুর্শিদাবাদ, পশ্চিম দিনাজপুর এবং পুরুলিয়ায় ক্ষুদ্র শিল্পের নিবিড় উন্নয়ন সাধনের প্রচেষ্টা করা হইবে।

(৯) এই রাজ্যের ক্ষুদ্র শিল্পের উন্নতির জন্য নিবিড় প্রচার অভিযান পরিচালনা ও ব্যাঙ্ক এবং কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকারের যৌথ কর্মবাহিনী (টাস্ক ফোর্স) গঠনের কর্মসূচী গ্রহণ করা হইয়াছে।

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker :** I have received five notices of calling attention on the following subjects, namely :—

1. Rise in price of essential commodities like rice, mustard oil, sugar, cloth, etc.— from Shri Mohammad Dedar Baksh.
2. Starvation deaths in the district of Malda—from Shri Sukumar Bandyopadhyay.
3. Relay hunger-strike by the employees of Messrs. Indian Standard Wagon, Burnpur, since 14-7-72—from Shri Niranjan Dihidar.
4. Present position of the South Dum Dum Municipality—from Shri Lal Bahadur Singha.
5. Dwellers being dispossessed due to construction of the overbridge at Kasba in Ballygunge—from Shri Satya Ghosal.

I have selected the notice of Shri Niranjan Dihidar on the subject of relay hunger-strike by the employees of Messrs. Indian Standard Wagon, Burnpur, since 14-7-72. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if posible, or give a date.

**Shri Gyan Singh Sohanpal :** On the 31st, Sir.

[3-00—3-10 p.m.]

## Mention Cases

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** মাননীয় স্পীকার মহাশয়, কালকে আমি এই হাউসে আপনার অনুমতি নিয়ে বলেছিলাম যে আমার বিরুদ্ধে মাননীয় সদস্য গঙ্গাধর প্রামানিক মহাশয় যে

অভিযোগ করেছিলেন যে, ১৯৬৭ সালে আমি নাকি ঝা মার্ডার কেসের আসামীদের যাতে বে হয় তারজন্য তৎকালীন মুখ্যমন্ত্রীকে চাপ দিয়ে তাঁকে রাজি করিয়েছিলাম। আমি সে অস্বীকার করার সময় বলেছিলাম তৎকালীন মুখ্যমন্ত্রী বর্তমান আইন সভারও সদস্য, অতএ তিনি বলতে পারেন আমি এ বিষয়ে তাঁকে প্রভাবিত করেছিলাম কিনা, চাপ দিয়েছিলাম কিনা অন্যায় করেছিলাম কিনা। তিনি সেটা বলতে পারেন, তিনি রয়েছেন এই হাউসে, আমি আপনার মাধ্যমে সেটা জিজ্ঞাসা করছি।

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়ঃ** একথা আদৌ সত্য নয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কোলকাতার ন্যাশনাল মেডিক্যাল কলেজ এবং হাসপাতাল যা পশ্চিমবঙ্গবাসীর কাছে খুব সুপরিচিত এবং যেখানে প্রায় ৭/৮ শো লোক প্রত্যহ চিকিৎসার জন্য যায় সেখানে ৬টি এক্সরে মেসিনের মধ্যে ৫টি এক্সরে মেশিনই বিকল হয়ে রয়েছে। সেখানে ইলেকট্রো কারডিওগ্রাফির কোন মেশিন নেই এবং ৫টি মেসিন যা ছিল সেই ৫টি মেসিনই বিকল হয়ে রয়েছে। সেখানে ক্যানসার পেসেন্টদের জন্য যে ডিপ এক্সরে দেবার ব্যবস্থা আছে তা রোগীদের দেওয়া হয় না। রোগীদের ডাক্তারদের বাড়ীতে গিয়ে অর্থ দিয়ে সেই ডিপ এক্স-রে নিতে হয়। এই যে এক্স-রে মেশিন এবং ই সি জি মেসিন যা বিকল হয়ে রয়েছে তার কোনটার হয়ত টিউব নেই, কোনটার নাটবোল্ট নেই ইত্যাদি। দীর্ঘদিন ধরে ন্যাশনাল মেডিকেল কলেজের এক্স-রে বিভাগ এবং ই সি জি বিভাগ সম্পূর্ণ বিকল হয়ে রয়েছে, অথচ ডাক্তারদের সেই বাবদ মাহিনা এবং অন্যান্য সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে। ফলে সেখানে গরিব মানুষরা কোন চিকিৎসার সুযোগ পাচ্ছে না। স্যার, এর পর আর একটা অভিযোগ পেয়েছি যে স্বাস্থ্য বিভাগ নাকি একটি মোবাইল হাসপাতাল নর্থ বেঙ্গলে পাঠিয়েছিলেন। সেই মোবাইল হাসপাতালটি জার্মানি থেকে এসেছিল, কিন্তু সেটার কোন খোঁজ পাওয়া যাচ্ছে না।

**শ্রীঅসমঞ্জ দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজ যখন পশ্চিমবঙ্গে চরম বিদ্যুৎ সঙ্কট গ্রামের সমস্ত পাম্প বন্ধ হয়ে চাষ আবাদ সম্পূর্ণ অচল হয়ে যাচ্ছে, শিল্প কারখানায় উৎপাদন ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে —গত দুদিনে দেখেছি ব্যারাকপুর মহকুমার শিল্পাঞ্চলে সমস্ত শিল্প কারখানা বন্ধ রাখতে হয়েছে, যখন কলকাতায় ইলেকট্রিসিটির অভাবে হাসপাতালে অপারেশন বন্ধ হয়ে যাচ্ছে, ঠিক সেই সময় আমরা দেখতে পাচ্ছি কলকাতার এক বিশেষ শ্রেণীর বাবু মহাশয়দের জন্য একটা পুরো মার্কেট বা বাজার এয়ার কনডিশাণ্ড করা হল। আমি এক নং সেক্সপিয়ার সরণীর ফুলি এয়ার-কনডিশাণ্ড মার্কেটের কথা বলছি। আমি আজকে সেখান থেকে আসছি, ওখানে গিয়েছিলাম পরিচয় গোপন করে। ওখানে গিয়ে দেখলাম গ্রাউণ্ড ফ্লোরে ৬৯টা রুম রয়েছে ১৪০ স্কোয়ার ফিটের, ফার্স্ট ফ্লোরে ৩৬টা রুম রয়েছে ৮০ স্কোয়ার ফিটের, সেকেণ্ড ফ্লোরে ৮২টা রুম রয়েছে ৬০ স্কোয়ার ফিটের, তা ছাড়া দুটো বিগ সপ রয়েছে এবং ঘরগুলিই শুধু যে এয়ার কণ্ডিশাণ্ড করা হয়েছে তাই নয়, প্যাসেজও এয়ার-কণ্ডিশাণ্ড করা হয়েছে। আমার প্রশ্ন কার স্বার্থে এয়ার-কণ্ডিশাণ্ড? কালো টাকার স্তুপে যারা বসে আছে তাদের স্বার্থ দেখার জন্য? আজকে যখন পশ্চিমবঙ্গ সরকার বিহার সরকারের কাছে বিদ্যুতের সাহায্য চাইছে তখন কেন এই ডিউজ ইলেকট্রিসিটি কনজামসানের অনুমতি দেওয়া হচ্ছে? আমার সবচেয়ে বড় প্রশ্ন সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে যে যেখানে সমস্ত উৎপাদন ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে সেখানে কালো টাকার স্তুপে

যারা বসে আছে, যারা লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা খরচ করতে পারে তাদের জন্য কেন এত হিউজ ইলেকট্রিসিটি কনজামসানের অনুমতি দিয়ে কলকাতার ১ নং সেক্সপিয়ার সরণীতে ঐ এয়ার-কণ্ডিশানও মার্কেট গড়ে তোলা হল? আমি দাবী করছি সরকার অবিলম্বে অনুসন্ধান করুন এবং তা করে সেই বিদ্যুৎ শক্তির অপচয় যাতে না ঘটে সেইজন্য বিদ্যুৎমন্ত্রী ওয়াকিবহাল হয়ে যথোচিত ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর উত্তরটা কি হল? স্যার, এখানে তো মন্ত্রী মহাশয় রয়েছেন, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার মন্ত্রী মহাশয়কে একটু বলে দিতে বলুন না আপনি।

**মিঃ স্পীকার**ঃ They have taken note of it.

**শ্রীসুধীরচন্দ্র বেরা**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি চৌর অপশাসনের দিকে আনতে চাই। অভিযোগ উঠেছে বলেই আমি চৌর অপশাসন বলছি যাকে বলে পৌর প্রশাসন —আমি এর নাম দিয়েছি চৌর অপশাসন, যার না আছে শাসন, প্রশাসন, না আছে কোন কিছু। আজকের যুগান্তরের দিকে দৃষ্টি দিলে দেখতে পাবেন যে ২০ কোটি টাকা অনাদায়ী আর ১। কোটি টাকা তামাদী পাওনা হয়েছে, অথচ সেখানে স্টাণ্ডিং ফাইন্যান্স কমিটি ছিল, স্ট্যাণ্ডিং এ্যাকাউন্টস কমিটি ছিল। ডেপুটি চেয়ারম্যান বর্তমানে উপস্থিত আছেন এবং সেখানে এ্যাকাউন্টস ডিপার্টমেন্টস ইত্যাদি নানা রকম ডিপার্টমেণ্ট থাকা সত্ত্বেও কি করে এই ২০ কোটি টাকা অনাদায়ী এবং ১।। কোটি টাকা তামাদী হয়ে গেল বুঝতে পারছি না। অথচ টাকার জন্য আমরা যখন প্রায় ভিক্ষা করছি বলতে গেলে, সেনট্রাল গভর্ণমেণ্টের কাছে বার বার ধর্ণা দিচ্ছি, টাকার জন্য আমরা মার্টিন রেল চালু করতে পারছি না, ঠিক সেই সময় কলকাতা কর্পোরেশনে ২০ কোটি টাকা অনাদায়ী ও ১।। কোটি টাকা তামাদী হয়ে পড়ে আছে। তাই এই চৌর অপশাসনের অবসান করতে আপনি একটা কিছু বিহিত করুন।

**শ্রীবীরেশ্বর রায়**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলায় প্রায় ৪/৫ হাজার লোক বেকার হয়ে পড়েছে। সেখানে লেবার, রাজমিস্ত্রীরা কাজ পাচ্ছে না বহুদিন ধরে, কারণ সিমেণ্ট পাওয়া যাচ্ছে না। ওয়াগনের অভাবের জন্যই সিমেণ্ট নাকি আনা যাচ্ছে না। কিন্তু আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে একটি সাজেসান দিচ্ছি যে লরীতে করে সেখানে সিমেণ্ট নিয়ে যাওয়া সম্ভব হবে। লরীতে গেলে ভাড়া একটু বেশী পড়বে বটে, কিন্তু জনসাধারণ বেশী ভাড়া দিয়ে সিমেণ্ট নিয়ে যেতে প্রস্তুত আছে এবং সিমেণ্ট যদি সেখানে সরবরাহ করা হয় তাহলে বহু বেকার আজকে বেকারীর হাত থেকে বেঁচে যেতে পারবে। ওখানে কোন ইণ্ডাস্ট্রী নেই, যার জন্য ৪/৫ হাজার লোক বেকার হয়ে আছে। সেই জন্য আপনার মাধ্যমে আমি অনুরোধ করবো সেখানে যেন তাড়াতাড়ি লরীতে করে সিমেণ্ট আমদানী করার ব্যবস্থা করেন।

**শ্রীমহম্মদ দেদার বক্স**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সদস্য এবং মন্ত্রীমণ্ডলী এবং বিশেষ করে সংশ্লিষ্ট মন্ত্রীর (কিন্তু সংশ্লিষ্ট মন্ত্রী আজ অনুপস্থিত) দৃষ্টি আকর্ষণ করছি। ভগবানগোলা বিধানসভা কেন্দ্র দুটি ব্লক নিয়ে গঠিত। এর মধ্যে ২ নং ব্লকে একটি মাত্র হেলথ সেণ্টার আছে, যেটার নাম হচ্ছে নসিপুর প্রাইমারী হেলথ সেণ্টার এবং যেটা প্রায় ১।।/২ লক্ষ লোকের জন্য এই একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—সেখানে

মাত্র একজন ডাক্তার আছেন। পুনঃপুনঃ আবেদন করা হয়েছে সরকারের কাছে, কিন্তু ' পর্য্যন্ত তার ব্যবস্থা হয়নি। সেখানে ওষুধপত্র প্রয়োজনের তুলনায় কিছুই নেই। তার উপর আ রাণীনগর পি. এস. থেকে সেখানে লোক আসে এবং সেখানে বিনা চিকিৎসায় তারা ফিরে য সকাল থেকে সন্ধ্যা পর্য্যন্ত না খেয়ে না দেয়ে গরীব জনসাধারণ এসে কোন রকম সুযোগ সু না পেয়ে বাড়ী ফিরে যায় এবং এই ভাবে তারা তিলে তিলে ক্ষয়ে ক্ষয়ে মৃত্যু বরণ করছে। সেই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ করে সেখানে কোন বৈদ্যুতিকরণ করা হয়নি, ( কানেকশান পাওয়া যায় নি। ৫ মাইল দূরে গিয়ে ফোন করলে তবে এ্যাম্বুলেন্স গাড়ী পাঠ ফোন করতে যেতে যেতেই এদিকে রোগী শেষ হয়ে যায়, উপরন্তু সেখানে কোন যানবাহনের ব্য নেই। সুতরাং সেখানে প্রথমতঃ একজন অতিরিক্ত ডাক্তার দেওয়া হোক এবং সেখানে য বাহনের ব্যবস্থা করে প্রয়োজনীয় ওষুধপত্র সরবরাহ করা না হলে এই হেলথ সেন্টারটি রাখার ( যুক্তিই থাকতে পারে না। তাই আমি এ বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের আকর্ষণ করছি।

**শ্রীইন্দ্রজিৎ মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি দেখেছি যে খরার জন্য ইং পূর্ব্বে পশ্চিমবঙ্গ সরকার গ্রাম ও সহরে অনেক টিউবওয়েল দিয়েছেন। কিন্তু গ্রাম এবং সহ মাঝখানে যে সহরতলী অঞ্চল রয়েছে তার জন্য সরকার কোন ব্যবস্থা করেননি। সহরতলীর জ অনেক চেষ্টা করার পর মন্ত্রী মহাশয় বলেছিলেন যে আমরা দেব। কিন্তু দেখতে পাচ্ছি ম মহাশয় মাছের তেলেই মাছ ভাজছেন। কারণ, আমাদের প্রাপ্য অকট্রয়ের টাকা থেকে নাকি এব কেটে নেবেন। অথচ মহারাষ্ট্র অঞ্চলে দেখেছি শতকরা ১০০ ভাগই অকট্রয়ের অংশ দেওয়া হয় আর এখানে দেওয়া হচ্ছে ৫০ ভাগ। এই টাকা থেকে একটি অংশ নিচ্ছেন অথচ আমাদে মিউনিসিপ্যালিটিগুলির যে দুরবস্থা হয়েছে টাকার জন্য—টাকা না পেলে মিউনিসিপ্যালিটিগু চালানো একেবারে অসম্ভব হয়ে পড়বে।

[3-10—3-20 p.m.]

**শ্রীশচীনন্দন সাউ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে বীরভূম জেলা সিউড়ি সদর হসপিটালে যে ঘটনা ঘটেছে গত ১৪।১৫ জুলাই থেকে সেই ব্যাপারে আপনার দৃ আকর্ষণ করছি। এই বীরভূম জেলার সিউড়ি সদর হাসপাতালে ২১০টি seat আছে এবং সেখা ৪৬০ থেকে ৪১০টি রুগী রাখা হয়। এই পশ্চিমবঙ্গের রাষ্ট্রমন্ত্রী শ্রীগোবিন্দ চন্দ্র নস্কর মহাশয় তি সেখানে গিয়ে দেখে এসেছেন। তিনি বীরভূম জেলায় ২রা জুন গিয়েছিলেন এবং সেখানে বিভি জেলায় বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্র ঘুরে দেখেছেন। সেই সিউড়ি সদর হাসপাতালে এক একটি seat এ ২টি ৩টি করে রুগী শয্যা গ্রহণ করে আছে, এ জিনিষ তিনি দেখে এসেছেন। সেখানে কোন ডাক্তা নেই। যে ডাক্তার ছিলো কয়েকদিন আগে একটা ঝগড়া হবার ফলে তিনি চলে এসেছেন। এ হসপিটালে ২১০টি যেখানে আসন সেই অনুপাতে ১৬ থেকে ১৭ জন ডাক্তার সেখানে দরকার সেখানে মাত্র ৬ থেকে ৭ জন ডাক্তার আছেন এবং এখানে emergency wardএ কোন ডাক্তা থাকে না। Fistula রুগী নিয়ে যাওয়া হয়েছে এবং সেই রুগী নিয়ে যাবার ২/৩ ঘণ্টা পরে ডাক্তা এসেছেন এবং যারা নিয়ে গিয়েছিলেন তাদের সঙ্গে ডাক্তারের হাতাহাতি হয়। আরো লক্ষ্য কর গেছে যে সিউড়ি সদর হাসপাতালে কোন lady ডাক্তার নেই। সেখানে emergency wardএ ডাক্তার থাকে না, ঔষধ থাকে না, মাননীয় গোবিন্দ নস্কর মহাশয়, তিনি স্বচক্ষে দেখে এসেছেন। সেই

হাসপাতালে কোন ambulance নেই, যেখানে তারা বলেছিলেন যে এক মাসের মধ্যে ambulance পাঠাবেন। আপনি জানেন যে বোলপুরে শান্তিনিকেতনে সেখানকার স্বাস্থ্যকেন্দ্রে কোন ambulance নেই। বীরভূম জেলায় বহু স্বাস্থ্যকেন্দ্র আছে, সেখানে ডাক্তার নেই। প্রায় ৩০ থেকে ৩৫ জন ডাক্তারের অভাব। এই জিনিষ সরেজমিনে তদন্ত করা সত্ত্বেও আজকে ২৬শে জুলাই হয়ে গেল অবস্থার কোন পরিবর্তন ঘটেনি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই গুরুত্বপুর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআক্তাবুদ্দিন মণ্ডল ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। বাউরিয়া স্টেশনের কাছে যে বগলবাই জুটমিল আছে সেই জুটমিলে কয়েকদিন ধরে শ্রমিকদের মধ্যে একটা অশান্তি দেখা দিয়েছে এবং তার পরিণতি হিসাবে Marxbadi Communist Party অধীনে যে Union আছে, সেই শ্রমিকদের Union ঐ মিলে লাগাতর ধর্মঘটের notice দিয়েছে। অথচ এটা লক্ষ্য করার বিষয় যে ঐ মিলের শতকরা ৯০ জন শ্রমিক কাজে যোগদান করতে ইচ্ছুক। গতকালের একটা শোচনীয় ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই যে শতকরা ৯০ জন শ্রমিক, তারা যখন মিলের কাজে যোগদান করার জন্য আসছিলো তখন বিভিন্ন পথ-প্রান্তরে গ্রামে গিয়ে ঐ Marxbadi Communist Partyর নামধারী গুণ্ডারা সেই সমস্ত শান্তিপূর্ণ শ্রমিকদের উপর আক্রমণ চালায় এবং ৩ জন গুরুতরভাবে আহত হয়ে উলুবেড়িয়ার হাসপাতালে রয়েছে। আমি এর আগে আমার বক্তব্যে বলেছি এবং অনুরোধ করেছি যে কর্তৃপক্ষ মিলটি বন্ধ করে দেবার হুমকি দিয়েছে। মাননীয় লেবার মন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন রাখছি এই শান্তিপূর্ণ শ্রমিকদের উপর হামলা যাতে বন্ধ করা যায় তার জন্য ব্যবস্থা অবলম্বন করুন এবং যাতে এটা immediately করা হয় তার ব্যবস্থা করুন। আমি Labour Minister-এর কাছে আরো আবেদন করছি তিনি এটা দেখুন যাতে মিলটি বন্ধ হয়ে গিয়ে শ্রমিকদের রুজি-রোজগারের অন্তরায় না হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিরঞ্জন ডিহিদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ এবং উদ্বেগজনক অবস্থার কথা আপনার মাধমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। কুলটি থানার অন্তর্গত গঙ্গাটিয়া গ্রামে গত কয়েকদিন ধরে ক্ষেতমজুররা বেতন বৃদ্ধির জন্য আন্দোলন করেছিলেন। গত ২৩ তারিখে সেই ক্ষেতমজুরদের আন্দোলন দমনের জন্য সেখানকার আন্দোলনের যে নেতা কনক সেন এবং সেখানকার যুবনেতা অনুপ এদেরকে সেখানে কিডন্যাপ করে নিয়ে যায়। পুলিশে খবর দেওয়া হয়। পুলিশে খবর দেবার পরে দেখা যায় যে রাত্রিবেলা খুঁজতে খুঁজতে একটা ভাঙ্গা মন্দিরে তাদের ২ জনকে হাত পা বাঁধা অবস্থায় পাওয়া যায়। কিন্তু পুলিশ দোষীদের কাউকে গ্রেপ্তার করেনি। এই ঘটনার পরে, আজ সকালে ট্রাঙ্ককলে খবর পেলাম যে গতকাল আবার একদল গুণ্ডা অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে আবার ক্ষেত মজুরদের আক্রমণ করে এবং তাতে ৬৭ জন ক্ষেতমজুর, বিভিন্ন নেতারা সেখানে আক্রান্ত হয়ে গুরুতরভাবে আহত হয়। তারা সকলে হাসপাতালে রয়েছেন।

সেখানকার মহকুমা হাকিম এই সমস্ত দোষীদের গ্রেপ্তার করার জন্য নির্দেশ দেওয়া সত্ত্বেও কুলটি থানার ও. সি. এবং সেখানকার বি. ডি. ও এবং জে. এল. আর. ও তারা এবং কোন প্রভাবশালী ব্যক্তির সঙ্গে মিলে তারা সেখানে যাতে পুলিশ নিষ্ক্রিয় ভুমিকা অবলম্বন করে সেই পথ নিয়েছে। যার ফলে গোটা এলাকায় একটা ভয় ও সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়েছে। আমি একটু এখানে উল্লেখ করতে চাই যে এই সরকার এখানে প্রতিশ্রুতি দিয়েছিলেন গরীবি হঠাবার জন্য চেষ্টা করবেন।

যদি ক্ষেতমজুরদের এই আন্দোলনকে ঠেকানোর জন্য পুলিশ এইভাবে গুণ্ডাদের প্রশ্রয় দেয় এ গুণ্ডারা যদি এইভাবে গুণ্ডামী করে যায় তাহলে এর চেয়ে আর লজ্জার কিছু থাকতে পারে না আমি তাই সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো অনতিবিলম্বে এর একটা প্রতিকার করা হোক এ এই বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বন করা হোক।

**শ্রীমদন মোহন মাহান্ত**ঃ মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে এক বিশেষ গুরু পূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রী তথা পশ্চিমবঙ্গ সরকারের কাছে উপস্থিত করছি। আপনি জানে পুরুলিয়া জেলাতে খরার শেষে দু-এক পশলা বৃষ্টি এসেছিল। তাতে চাষী এবং চাষীমজুররা চাষে কাজে নেমেছিলেন, এক বিরাট আশা এবং আকাঙ্খা নিয়ে। তাদের সেই আশা এবং আকাঙ্খ নিরাশায় পরিণত হতে চলেছে, কেন না বর্তমানে বৃষ্টি একেবারে হয়নি বললেই চলে। পুরুলিয়া একমাত্র ফসল ধান, তার চারাগুলি শুকিয়ে যাচ্ছে। চাষী এবং চাষীমজুররা কাজের অভাে হতাশায়, বেকার অবস্থায়, অর্দ্ধাহারে, অনাহারে মৃত্যুর দিন গুনছে। কাজেই সরকারের কাছে আমা অনুরোধ অনতিবিলম্বে পুরুলিয়া জেলার প্রতি দৃষ্টি দিন, চাষী এবং চাষীমজুরদের প্রতি বিশেষ নজ দিন এবং যারা অন্ধ, খঞ্জ, পঙ্গু এবং অনাহারক্লিষ্ট, তাদের জন্য খয়রাতি সাহায্যের ব্যবস্থা করুন, এ বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসরোজ রায়**ঃ মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ঘটনার কথ এখানে রাখছি, বিষয়টা হলো প্রভিডেন্ট ফাণ্ড সম্পর্কে। কিন্তু প্রথমে বলি যে কার কাছে বিষয়টি বলব, এখানে লেবার মিনিষ্টার নেই। কয়েকদিন আগে এই প্রশ্নটা প্রিভিলেজ হিসাবে আপনার কাছে এসেছিল, যে অন্ততঃ যখন আমরা এই সব বিষয়গুলি তুলি তখন দয়া করে পাঁচ মিনিটের জন্য যদি মন্ত্রীর উপস্থিত থাকেন, তাহলে আমরা উদ্ধার হব। কিন্তু আমাদের উদ্ধার তাঁরা করবেন না। বাং দেশের মানুষের কাছে যে দায়িত্ব, সেটুকু অন্ততঃ তাঁরা পালন করুন। এটা অত্যন্ত বেদনার কথ এখানে পাবলিক হেল্থের কথা উঠেছে, ওয়ার্কিং ক্লাশের কথা উঠেছে, নানা রকম ইমপর্টেন্ট কথ উঠছে, এখানে কি তাদের থাকার দরকার নেই? খালি হাসি গল্প ওখানে চলে, এবং সিম্পলি সময় এখানে নষ্ট হচ্ছে। হয় এর একটা ডিশকাশন হোক, যে এটা তুলে দেওয়া হোক, মেনশেনের সম তুলে দেওয়া হবে এবং তাতে অনেক সময় পাওয়া যাবে কিম্বা যদি হয় তাহলে সিরিয়াসলী এটাে মেনটেন করা হোক। আমার বক্তব্য হলো, আপনি জানেন মাননীয় স্পীকার মহোদয়, যে গত দুবছ আগে স্যাক্সবি ফার্মার আমাদের সরকার থেকে অধিগ্রহণ করা হয়েছে এবং গত দুবছরের এই সময়টা হচ্ছে ১৯৭০ সালের আগষ্ট থেকে আজ পর্য্যন্ত। আমি যা জানি ওখানে প্রভিডেন্ট ফাণ্ডের টাক নিয়মিত ভাবে জমা দেওয়া হচ্ছে এবং বোধ হয় সেই জমা টাকা প্রভিডেন্ট ফাণ্ড কমিশনার অফিসে বোধ হয় জমা পড়ছে, কিন্তু অত্যন্ত বেদনার কথা— ঘটনার জবাব পেলে ভাল হতো, সেই টাকা কেউ কেউ বলছে যে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা যেটা জমা দেওয়া হচ্ছে, সেটাকে প্রভিডেন্ট ফা অফিসে জমা পড়ছে না। যার ফলে হচ্ছে কি, যে সমস্ত শ্রমিক রিটায়ার করছে বা চাকুরী ছে দিচ্ছে—সাধারণ ভাবে একটা নিয়ম থাকে, এদের ৬ মাস পর্য্যন্ত না দিলেও পারেন, কিন্তু ৬ মাসে পর যদি এই টাকা দিতে হয়—কিন্তু আজ পর্য্যন্ত ৬ মাস কেন, ৯ মাস, ১১ মাস হয়ে গিয়েছে, তা বহুবার এ্যাপ্লাই করেছে, কিন্তু টাকা পাওয়া যাচ্ছে না। এই প্রশ্নটা অত্যন্ত সিরিয়াস, আমা এখানে প্রভিডেন্ট ফাণ্ডের বিষয়ে আলোচনা করেছি আগে এবং আজকেও করছি, এখানে এমন মিসার প্রশ্নও উঠেছে এই ব্যাপারে, অথচ এটা আমাদের সরকারী ব্যবস্থাপনায় নেওয়া হয়েছে এ আপনি জানেন বোর্ড অফ ডিরেক্টর যেটা হয়েছে, তার যিনি চেয়ারম্যান, তিনি আমাদের

একজন রাষ্ট্রমন্ত্রী, এই নিয়ে অনেক প্রশ্ন বাজারে, ঘাটে উঠেছে এবং কোন কোন কাগজেও উঠেছে।

[3-20—3-40 p.m. including adjournment.]

আজকের খবরের কাগজে আছে, আনন্দবাজার পত্রিকায় পড়েছি, এমন কি কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছেন বিভিন্ন জায়গায়, যদি কোন মালিক এটা না মানে তাহলে তাকে জেলে দেওয়া হবে। আমাদের দেশে একটা কথা আছে 'নিজেরে আচরি ধর্ম অপরে শেখায়', আজকে মানুষ প্রভিডেণ্ট ফাণ্ড ইত্যাদির ব্যাপারে এই সমস্ত কথা তুলবে সেইজন্য জিনিসটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটার একটা জবাব হওয়া দরকার, তানাহলে বাইরের লোকের সমালোচনার সামনে আমাদের গভর্ণমেণ্টকে দাঁড়াতে হবে।

**ডাঃ এ, এম, ও, গণি ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা প্রিভিলেজ আপনার সামনে তুলতে চাই। আপনি জানেন স্যার, বাজেট ডিসকাশান হবার সময় সংশ্লিষ্ট মন্ত্রী এখানে উপস্থিত থাকেন এবং কোশ্চেন এ্যান্সার এর সময়ে সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয় থাকেন, উত্তর দেন। আপনি দয়া করে আমাদের মেনশন করবার জন্য একটু সময়ের পারমিশন দিয়েছেন, কিন্তু তার কোন বাবা মা নেই। অন্তত সেই সময় যদি সংশ্লিষ্ট মন্ত্রী ৫ মিনিটের জন্য থাকেন তাহলে তিনি শুনতে পান। আমি একটা উদাহরণ দিচ্ছি, আমি সেদিন দুটো স্কুল সম্বন্ধে একটা মেনশন করেছিলাম এবং লিখিতভাবে আপনার অফিসে দিয়েছিলাম, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী তিনি এখন চলে গিয়েছেন, তাকে জিজ্ঞাসা করলাম তিনি বললেন যে তিনি পান নি। পরশু আমি উর্দু খবরের কাগজ থেকে একটা মেনশন করেছিলাম এবং কাউকে না পেয়ে আমি সেটা সাত্তার সাহেব— তিনি হাউসের লিডার তাই তাকে দিয়েছি, জানি না এটার কিছু হয়েছে কি না? আপনার কাছে আমি এটা বলছি যে আপনি দয়া করে আমাদের যে প্রিভিলেজ দিয়েছেন সেই প্রিভিলেজ মন্ত্রী মহাশয়দের বিবেচনা করা উচিত এবং তারা যদি এখানে উপস্থিত থাকেন তাহলে অন্তত: শুনতে পান, তা নাহলে অন্য কোন মন্ত্রী দায়িত্ব নিন মেনশন গুলি তাদের কাছে পৌঁছে দেবার।

**শ্রীআবদুস সাত্তার ঃ** স্যার, ব্যাপারটা হচ্ছে সকল মন্ত্রীর সব সময় উপস্থিত থাকা সম্ভব হয় না। আমাদের জয়েণ্ট রেসপনসিবিলিটি আছে, মোটামুটি ৪/৫ জন এখানে থাকে। উনি যেটা বলেছেন বা আমাকে দিয়েছিলেন সেটা আমি পাস ওভার করে সুব্রত মুখার্জীকে দিয়েছি, জানিনা রেজাল্ট কি হয়েছে। আপনি যেটা স্পীকার কে দিয়েছেন সেটা জেনারেলী মন্ত্রীর কাছে যাবে। কিন্তু সব মন্ত্রীর এখানে উপস্থিত থাকা সম্ভব নয় কারণ কাজ নিয়ে অনেকেই ব্যস্ত থাকেন। তবে এইটা ঠিক আমরা যেটা পাচ্ছি সেটার এ্যাকশন আমরা নিচ্ছি এবং নেব এই কথা বলছি।

**Mr. Speaker :** Mr. Ghani, I think that the sentiment which you have expressed is also the sentiment of other honourable Members. The Minister, Shri Sattar, has also just now expressed that they also want to co-operate in the matter. But it is not possible for all the honourable Ministers to be present all the time and that some senior Ministers may always remain present in the House. Now, the matter, I think, can be discussed in the Business Advisory Committee as to whether mention on some particular subjects can

be allotted on some particular dates as is done in the case of questions. If this is done then the Ministers-in-charge of those particular departments connected with the mention cases can be present e. g., the respective Ministers connected with Law and Order, Public Health, Education etc. etc. can be present on the particular dates when something is expected to be mentioned on the subjects related to the above departments. But there is one difficulty that there are some urgent and important matters which the Members would like to mention .....

**Shrimti Ila Mitra :** এটা পারটিকুলার ডেটে হলে আমাদের আপত্তি আছে।

**Mr. Speaker :** If you do not agree then it is not possible. At the same time it is not possible for all the Ministers also to be present in the House for the entire period. Let 4/5 Members of the Council of Ministers be present in the House during Mention Cases and they will take notes and pass on the same to the respective departments. That can be worked out and I think that will satisfy the Members.

( At this stage the House was adjourned for 15 minutes. )

( After adjournment. )

[3-40—3-50 p.m]

## VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand for Grant No. 29

Major Heads : 37--Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on Other Works--Community Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works.

**Shri Abdus Sattar** . Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,50,68,000/ be granted for expenditure under Grant No. 29, Major Heads : "37—Community Development Projects, National Extension Service and Local Development Works", "109—Capital Outlay on Other Works—Communlty Development Projects, National Extension Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works"

**( This is inclusive of Rs. 3,16,89,000/ already voted on account in March, 1972.)**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, জনগণের উদ্যোগ ও সক্রিয় সহযোগিতায় উন্নততর জীবনযাত্রার মান বাড়িয়ে তুলতে সমষ্টি উন্নয়ন কর্মসূচী একটি বলিষ্ঠ পদক্ষেপ। এটি হোল এমন একটি প্রথা, যার দ্বারা গ্রামীণ সমাজের জীবনযাত্রা গতানুগতিকতা থেকে মুক্ত হয়ে প্রগতিশীল হয়ে ওঠে।

একটি প্রকল্পের ভিত্তিতে ১৯৫২ সালে ৮টি সমাজ উন্নয়ন কেন্দ্রে এই কার্যসূচীটি প্রথম নেয়া হয়েছিল। বর্তমানে এ রাজ্যের সমগ্র গ্রামীণ এলাকায়, ৩৩৫টি সমষ্টি উন্নয়ন ব্লক আছে। এমনি এক একটি ব্লকের দুটি করে পর্যায় আছে, ১নং পর্যায় ও ২নং পর্যায়। প্রত্যেকটি পর্যায় ৫ বছরের মেয়াদী। প্রথম পর্যায়ে ১২ লক্ষ টাকা এবং দ্বিতীয় পর্যায়ে ৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়ে থাকে। দ্বিতীয় পর্যায়ের শেষে ব্লক গুলোর উন্নয়ণমূলক কাজের আবহাওয়া অব্যাহত রাখার জন্যে সমষ্টি উন্নয়ন কার্যসূচীর পরিকল্পনা অনুযায়ী প্রতিটি ব্লককে বার্ষিক ৪০,০০০ টাকা আর্থিক সাহায্য দেওয়া হয়।

এই কর্মসূচী রূপায়ণের জন্যে সারা ভারতে প্রশাসনের একটি স্থায়ী ব্যবস্থা হিসেবে জাতীয় সম্প্রসারণ কৃত্যক নামে বিশেষজ্ঞদের একটি সংগঠন খোলা হয়। এই সংগঠনে রয়েছেন বিভিন্ন বিভাগের সম্প্রসারণ আধিকারিক এবং গ্রামসেবক। বিবিধ কার্যসূচীর মধ্যে যথাযথ সমন্বয় ও তার রূপায়ণ নিশ্চিত করে তুলতে এই সংগঠনের নেতৃত্ব করছেন সমষ্টি উন্নয়ন আধিকারিকরা। উন্নত ধরণের চাষের প্রচার এবং অন্যান্য জনকল্যাণকর কার্য ছাড়াও লোক গণনা, সাধারণ নির্বাচন, খাদ্য শস্য সংগ্রহ, সাহায্যমূলক কার্য্যাদি এবং অন্যান্য ধরণের বড় কাজের ব্যাপারেও এই সংগঠন খুব সহায়ক।

সমষ্টি উন্নয়নের প্রাথমিক অবস্থায় যখন আর্থিক তহবিল যথেষ্ট ছিল তখন বরাদ্দ অর্থে উন্নয়ন ব্লকগুলোতে নানা কল্যাণকর কাজ হয়েছে। কৃষি বিষয়ে নিম্নলিখিত কাজগুলো করা হয়েছে: (ক) কৃষকের জমিতে পরীক্ষা নিরীক্ষা, (খ) উন্নত ধরণের কৃষি যন্ত্রপাতি, মুরগি পালনে ডিম ফোটানোর যন্ত্রাদি এবং শস্য রক্ষার যন্ত্রপাতি, কারখানা প্রকল্পের (ওয়ার্কশপ স্কীম) রূপায়ণ (গ) উন্নতধরণের মুরগির বাচ্চা বিতরণ, (ঘ) পশুচিকিৎসালয় স্থাপন (ঙ) ফলের চাষ, বাড়ির আনাচে-কানাচে তরী তরকারির বাগান, তুলোর চাষ, মৌমাছি পালন ইত্যাদির উন্নতির জন্যে বিবিধ কৃষি প্রকল্প, (চ) সেচ-ঋণ, পতিত জমির পুনরুদ্ধার, ভূমি ক্ষয় রোধ এবং (ছ) কৃষি ও পশুপালনের উন্নয়নের কাজ সমূহ।

শিক্ষার ক্ষেত্রে কাজগুলো সীমিত ছিল বিদ্যায়তন সমূহের উন্নয়ন, সমাজ শিক্ষা কেন্দ্র স্থাপন, প্রদর্শনী, পুরস্কারের ব্যবস্থা, বিনোদনমূলক কর্মসূচী, শিশুউদ্যান নির্মাণ, খেলার মাঠ এবং চলচ্চিত্র প্রদর্শন ইত্যাদি প্রচারের মধ্যে। স্বাস্থ্য ও গ্রামীণ কার্যসূচীতে নলকূপ বসানো, পাতকুয়ো খনন, পাকা কুয়ো তৈরী এবং জল নিকাশের কাজ ইত্যাদি অন্তর্ভুক্ত ছিল। তাছাড়া গ্রামে কাঁচা ও পাকা রাস্তা তৈরীর কার্যসূচীও এর মধ্যে ছিল। শিল্পের ক্ষেত্রে নানা বিষয়ে প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র স্থাপনের কর্মসূচী ছাড়াও সমষ্টি উন্নয়ন কর্মীদের গৃহ নির্মাণ এবং গ্রামিণ গৃহ নির্মাণের জন্যে ঋণ মঞ্জুরের ব্যবস্থা ওই কার্যসূচীতে ছিল।

কিন্তু তৃতীয়, পাঁচশালা পরিকল্পনার শেষভাগে সমষ্টি উন্নয়ন কার্যসূচীর জন্যে নির্ধারিত পরিকল্পনা যখন কঠোর ভাবে হ্রাস করা হোল, তখন এই বিভাগ নির্দিষ্ট অধিকাংশ কাজ ছেড়ে দিতে বাধ্য হোল এবং মাত্র কয়েকটি প্রকল্পের মধ্যেই এই বিভাগের কাজ সীমাবদ্ধ ছিল। বর্তমানে

ফুলের কলম ও গুটি, সবজির বীজ ও চারা, মুরগির বাচ্চা, দুধেল গরু, ছাগল, ভেড়া, শূকর লাঙল, কৃষি যন্ত্রপাতি, সাইকেল ভ্যান ইত্যাদি কেনার জন্যে, যোগাযোগের প্রয়োজনে গ্রামে কালভার্ট ও সেতু তৈরীর জন্য, পানীয় জল সরবরাহ বাবদ, পুরস্কার বিতরণ বাবদ এবং যাত্রা ইত্যাদি সাংস্কৃতিক খাতেও আর্থিক সাহায্য দেয়া হচ্ছে।

সমষ্টি উন্নয়ন বিভাগের অভিজ্ঞতায় দেখা গেছে যে, যথাযথ লাভের পক্ষে প্রতিকূল কাজের প্রথা ও নিয়মকানুনের জটিলতার জন্য সমাজের দুর্বলতর অংশ এবং অনুন্নত শ্রেণীর লোকের সমষ্টি উন্নয়ন বিভাগের প্রথম তিনটি পাঁচশালা পরিকল্পনায় আশানুরূপ সুফল পাননি। সেজন্য যাতে সমাজের দুর্বল এবং অনুন্নত শ্রেণীর লোকের পক্ষে এই কার্যসূচী ঠিকমতো উপকারে আসে, সেদিকে লক্ষ্য রেখে সরকার প্রথা ও নিয়মাদি সহজ সরল করেছেন।

সমষ্টি উন্নয়ন বিভাগের অর্থে পরিচালিত প্রকল্পগুলো ছাড়াও অন্যান্য জাতিগঠনমূলক বিভাগগুলিও ব্লকসমূহের মাধ্যমে তাদের উন্নয়ন কর্মসূচী রূপায়িত করছেন।

রাজ্য পরিকল্পনা ব্যয় বরাদ্দের সার্বিক ঘাটতি হওয়াতে পরিকল্পনার কাজ গত তিন বছর ধরে ব্যাহত হয়েছে। বিভিন্ন পর্যায়ের ব্লকের বাজেটের ভিত্তিতে বর্তমান বছরে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার খাতে ৩৩৮·২০ লক্ষ টাকা প্রাপ্য, কিন্তু পাওয়া গেছে মাত্র ৬৪·০০ লক্ষ টাকা। থেকে এ সামগ্রিক ঘাটতির একটা অনুমান পাওয়া যাবে। যাহোক এই সীমিত অর্থ পাওয়ার ফলে এই পরিকল্পনার কাজ অনেকাংশে ব্যাহত হবে।

সরকারের নীতি হচ্ছে অধিকতর কাজের দায়িত্ব ব্লক সংস্থার ওপর অর্পণ করা। সেই অনুসারে জনস্বাস্থ্য বিভাগের গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের রূপায়ণের দায়িত্বও এই বছর ব্লকের উপর ন্যস্ত হয়েছে। এই কাজের জন্য সমষ্টি উন্নয়ন আধিকারিকের নেতৃত্বে স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে একটি সংস্থা গঠিত হয়েছে। ব্লকে তারজন্য দরকার মত কর্মীও নেওয়া হয়েছে। এই ব্যবস্থায় সন্তোষজনক ফল দেখা গেছে। এ পর্যন্ত ৫৩৭২টি নতুন নলকূপ বসানো হয়েছে, ৩৩৮টি বসানোর কাজ চলছে, ৪০১৮টি নলকূপ পাল্টে বসানো হয়েছে, ৩৪৭টি পাল্টে বসানোর কাজ চলছে এবং ১৬৩৫৪টি নলকূপ মেরামত করা হয়েছে। তাছাড়া ৮৯৫টি পাকা কূপ তৈরী করা হয়েছে। ১৪৫৩টি তৈরীর কাজ চলছে, ৬২১৬টি মেরামত হয়েছে এবং ৩১৯টি মেরামতী চলছে। ৬৩৩৫টি গভীর নলকূপ তৈরী করা হয়েছে এবং ৬৩৫টি বসানোর কাজ এগিয়ে চলেছে।

এও স্থির হয়েছে যে, হুগলী, পশ্চিমদিনাজপুর এবং দার্জিলিঙের ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থা প্রকল্প এবং বাঁকুড়া ও পুরুলিয়ার প্রান্তিক চাষী ও কৃষি মজুর সংস্থা প্রকল্পগুলির কাজ ব্লকের সাহায্যে হচ্ছে।

বর্তমানে পঞ্চায়েত সংস্থাগুলোকে ক্ষমতার দিক থেকে সঙ্কোচ করা হয়েছে, কিন্তু বর্তমান প্রস্তাবিত বিল অনুমোদিত হলে পঞ্চায়েতের ক্ষমতার আরো প্রসার হবে। তবে পঞ্চায়েতের যেসব কর্মসূচী রূপায়ণের কথা, তা ব্লকের মাধ্যমে করা হবে, কেননা এইসব কাজ সম্পন্ন করার মতো সংগঠন পঞ্চায়েতের নেই।

[3-50 —4-00 p m.]

গ্রামীণ কর্মবিনিয়োগের যে জরুরী প্রকল্পটির কাজ এতোদিন উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের

কর্তৃত্বে জেলা সমাহর্তা বা উপ-মহা অধিকর্তার (ডেপুটি কমিশনর) মাধ্যমে পরিচালিত হোত, বর্তমানে তা কৃষি ও সমষ্টি উন্নয়ন দপ্তরের অধীনে এসেছে। এই কর্মসূচী অনুযায়ী শ্রম বিনিয়োগের দ্বারা উৎপাদন বাড়িয়ে তোলা যায় এবং গ্রামে স্থায়ী সম্পদ গড়ে তোলা যায়, এমন কতকগুলো প্রকল্পের মাধ্যমে গ্রামাঞ্চলের আধা বেকার ও বেকারের কর্মসংস্থানের সুরাহা হতে পারে। প্রধানত এই প্রকল্পের কাজ হবে কৃষিভিত্তিক। প্রকল্পানুসারে প্রতি জেলায় সর্বোচ্চ ১০০০ লোককে অথবা প্রতি ব্লকে ১০০ জনকে বছরের একটানা দশমাস চাকুরী দেয়া যাবে বলে আশা করা যাচ্ছে। যে সব পরিবারে কোনো প্রাপ্তবয়স্ক চাকুরিজীবী ব্যক্তি নেই, তাঁদেরই চাকুরীতে অগ্রাধিকারের কথা ভেবে প্রকল্পটি রচিত। যেহেতু বর্তমানে এই প্রকল্পের প্রশাসনভার কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের ওপর এসেছে, সেহেতু ব্লকের মাধ্যমেই এর কাজ রূপায়িত হবে। এ পর্যন্ত বিভিন্ন জেলায় ৬ কোটি টাকার কতগুলো প্রকল্প মঞ্জুর হয়েছে এবং তার কাজও ভালোভাবে এগিয়ে যাচ্ছে।

সমষ্টি উন্নয়ন পরিকল্পনার অন্যতম মূল নীতি হলো গ্রামীণ জনসাধারণের এই কাজে বেশি করে অংশগ্রহণ করা। জনসাধারণের উৎসাহ ও সমর্থনের মাধ্যমে গ্রামের লোকেরা এই কর্মসূচীর সঙ্গে সামিল হবেন। এমন কথা অনেক সময় শোনা যায় যে, সমষ্টি উন্নয়ন কর্মসূচীর উদ্দেশ্য সফল হয়নি। আংশিকভাবে একথা সত্য হলেও বাস্তবিক পক্ষে এই কর্মসূচী গ্রামের মানুষের প্রয়োজনের ব্যাপারে এবং নিজেদের চেষ্টায় নিজেদের ভাগ্যোন্নতি ঘটাবার ব্যাপারে সচেতন করে তুলতে বহুলাংশে সক্ষম হয়েছেন। গ্রামাঞ্চলে জনসাধারণের মধ্যে আধুনিক প্রথায় চাষবাস সম্বন্ধে জানার গভীর আগ্রহ দেখা যাচ্ছে। সার, কীটনাশক ওষুধ, উন্নত জাতের বীজ ইত্যাদির চাহিদা ক্রমেই বেড়ে চলেছে। অগভীর নলকূপ, পাম্পসেট ইত্যাদির চাহিদাও প্রচুর। এতেই বোঝা যাচ্ছে যে, ব্লকের সম্প্রসারণ কর্মসূচীর ফলে গ্রামীণ জনমানসে বিশেষ করে যারা কৃষিজীবী তাদের মধ্যে একটা জাগরণ এসেছে এবং নিজেদের ভাগ্যোন্নতি ঘটাবার জন্য তাঁদের আগ্রহ ও উৎসাহ বেড়েছে। এই পরিপ্রেক্ষিতে গ্রামাঞ্চলের জনসাধারণের সাহায্য ও সহযোগিতার পরিচয় খুব ভালভাবে পাওয়া যাচ্ছে। কারণ গ্রামের লোকেরা সুরু থেকে বর্তমান কাল পর্যন্ত নগদ অর্থে, অন্যান্য জিনিসের এবং শ্রমের দ্বারা যে সাহায্য করেছেন তার আর্থিক মূল্য প্রায় ৬·২৫ কোটী টাকা। এইসব ঘটনা থেকে বোঝা যায় যে সমগ্র উন্নয়ন পরিকল্পনার সার্থকতা কতখানি। এখন পর্যন্ত ৯·৭ লক্ষ মেট্রিক টন রাসায়ন ও জৈব সার এবং ১ লক্ষ টনেরও বেশী উন্নত জাতের বীজ ব্লকের মাধ্যমে বিলি করা হয়েছে। তাছাড়া ৫ লক্ষ হেক্টর জমি সেচের অধীনে আনা হয়েছে। ২ লক্ষ হেক্টর জমি চাষের জন্য পুনরুদ্ধার করা হয়েছে এবং পানীয় জলের জন্য ৩৭ হাজার কূপ ও নলকূপ খনন করা হয়েছে। ৫৬ হাজার কিলোমিটার কাঁচারাস্তা তৈরী অথবা সংস্কার করা হয়েছে, ৪৭ হাজার খাটা পায়খানা এবং ৮·৫ লক্ষ মিটার দীর্ঘ জলনিকাশী নালাও তৈরী করা হয়েছে।

তৃতীয় পাঁচশালা পরিকল্পনার শেষ ভাগ পর্যন্ত কেন্দ্রীয় সাহায্য প্রাপ্ত প্রকল্প অনুযায়ী সমষ্টি উন্নয়ন ব্লকের কাজ ছাড়াও এই খাতে কূপ নির্মাণের ব্যাপারে ব্যয় বরাদ্দের ব্যবস্থা আছে। এই প্রকল্প অনুসারে পানীয় জল সরবরাহের জন্য খরচের শতকরা ৫০ ভাগ সংশ্লিষ্ট অঞ্চলের ব্যক্তিদের নিয়ে গঠিত সংস্থাকে সাহায্য হিসাবে মঞ্জুর করা হয়।

বর্ধমান জেলার মেমারীতে কেন্দ্রীয় সাহায্য পুষ্ট ক্ষুদ্রায়তন প্রকল্পের অধীনে একটি গবেষণা অনুসন্ধান কেন্দ্র খোলা হয়েছে। এর কাজ হচ্ছে সংশ্লিষ্ট এলাকার উন্নয়ন অঞ্চলগুলি খুঁজে বের করা এবং এলাকার সর্বাত্মক উন্নতির জন্য গঠনমূলক প্রয়োজনীয় কাজের নির্দেশ দেওয়া। এই ক্ষুদ্রায়তন প্রকল্প গবেষণা পরিকল্পনার যাবতীয় খরচ গঠনমূলক কাজের খরচসহ কেন্দ্রীয় সরকার বহন করবেন।

সরকার এবং গ্রামীণ জনসাধারণের মধ্যে বহু সংস্থা বর্তমানে গুরুত্বপূর্ণ সংযোগসূত্র। বর্তমানে ব্লককে বাদ দিয়ে জেলা প্রশাসনের কাজ কল্পনা করা যায় না। উন্নয়ন ও প্রশাসনের প্রাথমিক পর্যায় হচ্ছে ব্লক সংস্থা এবং সরকারের যাবতীয় কার্যাবলী রূপায়িত হচ্ছে এই সংস্থার মাধ্যমেই। উন্নয়নমূলক কাজের বাইরে ব্লকের কর্মীবৃন্দ বর্তমানে গ্রামের জনসাধারণের কাছে বন্যা, খরা, ও দুর্ভিক্ষের মতো প্রাকৃতিক বিপর্যয়ে নীতি নির্ধারক এবং পথ প্রদর্শকরূপে গণ্য। গ্রামবাসীদের কাছে সরকারী সাহায্য পৌঁছে দেবার জন্য সরকারকে ব্লক সংস্থার ওপর নির্ভর করতে হয়। ব্লকের কোন কোন কর্মীর বিরুদ্ধে মাঝে মাঝে নানা সূত্র থেকে অভিযোগ পাওয়া যায়। এতে অবশ্য সন্দেহ নেই যে কর্মীদের কারো কারো সম্বন্ধে এ অভিযোগ সত্য হলেও হতে পারে। তবে আমি এই সভাকে নিশ্চিত আশ্বাস দিতে পারি যে এ জাতীয় অবাঞ্ছিত কর্মীদের ব্লক থেকে অপসারিত করতে আমি কোন দ্বিধা করবো না। এবং তাঁদের জায়গায় প্রচারমূলক কাজে উৎসাহী, ত্যাগের আদর্শে বিশ্বাসী এবং জনসাধারণের সঙ্গে ঘনিষ্টভাবে সহযোগিতার মধ্য দিয়ে কাজ করতে ইচ্ছুক এমন ধরণের উন্নয়ন মানসিকতা সম্পন্ন কর্মীদের নেওয়া হবে।

এই বলে আমি আমার বক্তব্য সভার বিবেচনার জন্য এবং ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের হাউসের সামনে প্রায় সাড়ে নয় কোটি টাকা সমষ্টি উন্নয়ন খাতে বরাদ্দের জন্য সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় এনেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের দেশ স্বাধীন হবার পর বহু পরীক্ষা নিরীক্ষা হয়েছিল, বহু চিন্তা ভাবনা চলেছিল, কি করে ভারতবর্ষের লোককে একটা স্বাধীন দেশের নাগরিক হিসাবে গড়ে তোলা যায়। সেই করতে গিয়ে বহু ত্যাগী কর্মী, বহু বিশেষজ্ঞদের নিয়ে এক পর্যন্ত স্থির হয়েছিল যে ভারতবর্ষে যে গ্রামগুলো আছে তাদের উন্নতিই হবে সারা ভারতের উন্নতির মাপকাঠি। তাই ৪/৫ বছর ধরে বিভিন্নভাবে গবেষণা করবার পর এই গ্রামগুলির উন্নতি করবার জন্য ভারত সরকারের দ্বারা সমষ্টি উন্নয়ন ব্লককে প্রবর্তিত হয়েছিল। মন্ত্রীমহাশয় তাঁর ব্যয় বরাদ্দের দাবী উত্থাপনের সময় যে বক্তব্য রেখেছেন তার মধ্যে তিনি বলেছেন যে আমাদের পশ্চিম বাংলায় ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী সমষ্টি উন্নয়ন ব্লকের যে কাজ আমরা আরম্ভ করেছিলাম তার প্রধান নির্ভরতা ছিল সেন্ট্রাল গভর্ণমেন্টের সাহায্য। সেই সাহায্যের দ্বারা এবং এই সাহায্য পাব এই ভরসায় উৎসাহিত হয়ে শুধু পশ্চিমবঙ্গ সরকার নয়, ভারতবর্ষের প্রতিটি প্রদেশের সরকারের এই সংস্থা সমষ্টি উন্নয়ন কাজ আরম্ভ করেছিলেন। কিন্তু আমরা আমাদের পশ্চিম বাংলায় কি দেখলাম? না, ১৯৫২ সাল থেকে আরম্ভ করে ১৯৭২ সাল পেরিয়ে গেল তখনও পর্যন্ত সারা পশ্চিমবাংলায় এই সমষ্টি উন্নয়নের যে কেন্দ্র ব্লক সেটা সমস্ত পশ্চিমবাংলাকে কভার করতে পারল না। তাহলে চিন্তা করে দেখুন কি মন্থর গতিতে এই সমষ্টি উন্নয়নের কাজ চলতে থাকে। ভারতবর্ষের গ্রামগুলির উন্নতি করবার জন্য এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনা যে গ্রাম ভারতবর্ষের শতকরা ৮০ ভাগ জুড়ে রয়েছে। ব্লকগুলি হল এবং এই যে ব্লকগুলি হল তাকে বলা হয়েছিল ইন্টিগ্রেটেড প্রোগ্রাম। এটা বলা হয়েছিল পিপলস অরিএন্টেড প্রোগ্রাম এবং এটাও বলা হয়েছিল যে পিপলস্ পার্টিসিপেশন সরকারের কাজের সঙ্গে যাতে অধিকতরভাবে পাওয়া যায় এই সমষ্টি উন্নয়ন সংস্থাগুলি হবে তার ভিত্তিস্বরূপ। এইভাবেই ব্লকের প্রতিষ্ঠা হয়েছিল সমষ্টি উন্নয়নের জন্য। কিন্তু আজকে সেই ব্লকের কাজের গুরুত্বকে অবহেলা করতে করতে সেটা এমন পর্যায়ে এসে পৌঁছেছে যে জনসাধারণের দ্বারা সরকারের কাজের সঙ্গে যুক্ত হওয়া দূরের কথা আজকে জনসাধারণের মনে এই সন্দেহ দেখা দিয়েছে যে গ্রামে গ্রামে এই ব্লকগুলি থাকার প্রয়োজনীয়তা আছে কিনা। আজকে জনসাধারণ বলছে এই ব্লক হবার আগে একজন সার্কেল অফিসারের যে অফিস ছিল সেই অফিসের

দ্বারা ৩টি এবং এমন কি ৪টি থানা পর্যন্ত তার ডেভেলপমেন্ট বলুন, এ্যাডমিনিসট্রেসন বলুন—পুলিশের কাজ বাদ দিয়ে সমস্ত কাজ হোত, সমস্ত কাজ তাঁরা করতেন। কিন্তু আজকে একটি থানায় ২টি করে ব্লক হওয়া সত্ত্বেও দেখা যাচ্ছে একজন সার্কেল অফিসারের অফিসে একজন কেরাণী এবং একজন পিওনের দ্বারা যে কাজ হত আজকে ব্লকে ৩০/৩২ জন কর্মচারী থাকা সত্ত্বেও এবং সাজসরঞ্জামের অভাব না থাকা সত্ত্বেও সেই কাজ পাওয়া যাচ্ছে না।

[4-00—4-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন যে ব্লকের উন্নতি করতে হবে এবং ব্লকের মাধ্যমেই আমাদের দেশ উন্নত হবে। আজকে ব্লকের প্রধান স্তম্ভই ছিল পঞ্চায়েত। মাননীয় মন্ত্রীমহাশয় একটা জেলার সর্বোচ্চ যে পঞ্চায়েত সংস্থা সেই পঞ্চায়েত সংস্থার সঙ্গে তিনি অনেক দিন যুক্ত ছিলেন। তিনি জানেন, ১৯৬৭ সালের পরে পঞ্চায়েতগুলিকে পঙ্গু করে রাখা হয়েছিল, যার ফলে যেটুকু ব্লকের সঙ্গে জনসাধরণের যোগাযোগ ছিল এই পঞ্চায়েতের মাধ্যমে সেই পঞ্চায়েতকে পঙ্গু করে রাখার ফলে আজকে জনসাধারণের সঙ্গে ব্লকের সঙ্গে কোন যোগাযোগ নাই। আজকে ব্লক একটা স্বয়ংশাসিত স্বয়ম্ভূরূপে কাজ করে চলেছে এবং এমন ভাবে চলছে, এমন সরকারী অব্যবস্থা যেগুলিতে কাজ কর্ম হচ্ছে কি হচ্ছে না তা ঠিক নেই। একেই তো টাকা নেই, মন্ত্রীমহাশয় নিজেই স্বীকার করেছেন এবং বলেছেন যে ভারত সরকারের কাছ থেকে ৩৬৮.২০ লক্ষ টাকা তারা চেয়েছিলেন, সেখানে পেয়েছেন ৬৪ লক্ষ টাকা। অতএব টাকার অসুবিধার জন্য এবং যেটুকু টাকা পাওয়া গেছে, সেইটুকু টাকার সদ্‌ব্যবহার হচ্ছে 'কিনা', সেই টাকা ঠিক সময়ে পৌঁছাচ্ছে কিনা, যে কাজের জন্য দেওয়া হচ্ছে সেই কাজে সেই টাকা ব্যয়িত হচ্ছে কিনা তা দেখবার কোন ব্যবস্থা নেই। আমি এবং আপনারাও এটা বিশ্বাস করেন যে নতুন সরকার গঠিত হবার পরে মন্ত্রীমহাশয় হয়ত অন্য কাজে ব্যস্ত থাকার জন্য তিনি বিভিন্ন ব্লকে যেতে পারেন না, কিন্তু মাননীয় রাষ্ট্রমন্ত্রী কোলকাতার কাছাকাছি অনেকগুলি ব্লক যা আছে তা তিনি স্বচক্ষে দেখে এসেছেন সেটা আমরা দেখেছি এবং তাঁর যে অভিজ্ঞতার কথা বলেছেন সেই অভিজ্ঞতার সঙ্গে আমরা একমত। ব্লকের যে বর্তমান শাসন ব্যবস্থা, ব্লকের যে এ্যারেনজমেন্ট তার পরিবর্তন না করলে টাকা বরাদ্দ করা সত্ত্বেও যে কাজ পাবার জন্য সরকার টাকা দেবেন সেই কাজ পাওয়া যাবে না। অতএব ব্লকে কি হচ্ছে তা মন্ত্রীমহাশয় তাঁর বক্তব্যের মধ্যে রেখেছেন। বিভিন্ন বিভাগের টাকা এই ব্লকের মাধ্যমে খরচ করার ব্যবস্থা করা হয়েছে, কিন্তু বিভিন্ন ডিপার্টমেন্টের লোককে সেই ব্লকের মধ্যে প্রত্যেকটি লোককে গেজেটেড অফিসার করে দিলাম আর প্রত্যেকটি লোকের কর্তা থাকলেন জেলা হেডকোর্টারে, আর তাঁদের ক্যাপ্টেন করে দিলাম, বি. ডি. ওকে এডমিনিষ্ট্রেশানের যে ভার দেওয়া হয়েছে তাতে ব্লক ডেভেলাপমেন্ট অফিসার ইজ নাথিং বাট এ হেল্পলেস ক্রিচার। কিছুই করবার ক্ষমতা তাঁর নাই। গ্রামসেবকরা গ্রামে যেতে না চাইলেও বি. ডি ও'র কোন ক্ষমতা নাই তাদের পাঠাবার। এগ্রিকালচারাল এক্সটেনসান অফিসার তাঁকে যদি টুর না দেন তাঁর সি. সি. রোল খারাপ করে দেবার বা তার বিরুদ্ধে রিপোর্ট করে দেবার বি. ডি. ও-র ইণ্ডাষ্ট্রিজ অফিসার বসে আছেন, যে টাকা ইণ্ডাষ্ট্রিজকে দেওয়া হয় সে টাকা মন্ত্রীমহাশয় খোঁজ নিয়ে দেখবেন বছরের পর বছর ফেরত চলে যাচ্ছে। গ্রামে কোন ইণ্ডাস্ট্রীজ করা হচ্ছে না। প্রভাক্সান কাম ইণ্ডাস্ট্রীজ এই স্কীমগুলি আজ ৫/৭ বছর ধরে বন্ধ, সেই জন্য কোন টাকা বরাদ্দ করা হচ্ছে না। গ্রামসেবিকা কিছু রাখা হয়েছে, কোথাও আছে কোথাও নাই, তারা শহরের মানুষ, পাড়াগ্রামে রাস্তাঘাট নাই, তার উপর তাদের নিরাপত্তার ব্যবস্থাও অনেক ক্ষেত্রে নাই; সেইজন্য তারা দুপুরবেলা ভাত খেয়ে গ্রাম-এর ভেতরে বেরিয়ে যায় আর সন্ধ্যার আগেই তাদের নিজেদের নিরাপত্তা রক্ষার জন্য বাড়ী ফিরে আসতে বাধ্য হয়। এইভাবে পাড়াগাঁ-এ

তারা কতটুকু কাজ করতে পারে? এদের রাখা হয়েছে মহিলাদের নিরক্ষতা দূর করার জন্য, মহিলা সমিতি তৈরি করার জন্য, কাগজে পত্রে সব ঠিকই আছে। কিন্তু প্রকৃতপক্ষে তাদের দ্বারা কাজ কিছুই হচ্ছে না এবং এদের দ্বারা কাজ করানোর অনেক অসুবিধাও আছে।

এদিকে আমরা ব্লকের জন্য টাকা পাচ্ছিনা। যে সমস্ত ডিপার্টমেন্টকে ট্যাগ করে দিচ্ছেন, সেই এক ডিপার্টমেন্টের সংগে আর এক ডিপার্টমেন্টের কিন্তু কোঅর্ডিনেশনের ব্যবস্থা করতে পারেননি। যাকে ক্যাপ্টেন করে দিয়েছেন তিনি অসহায়, তাঁর কথা কেউ শুনতে চায় না এবং তাকে সুপারভাইস করবার জন্য যখন প্রত্যেক জেলায় একজন অতিরিক্ত জেলা শাসক রেখেছেন ডেভালপমেণ্ট দেখবার জন্য, তিনি ব্লকে কখনো কোথাও গেলে সেখানে এক কর্মচারীর সঙ্গে আর এক কর্মচারীর ঝগড়া মিটাতেই তাঁর সময় চলে যায়। সেখানে গ্রামের লোকের সংগে ব্লকের লোকের যোগাযোগ আছে কিনা, সেখানে উন্নয়ন খাতে টাকা খরচ হল কিনা বা খরচ হচ্ছে কিনা বা হলে তার মধ্যে কত টাকা খরচ হয়েছে বা হচ্ছেনা তা সেই অতিরিক্ত জেলা শাসকের দেখবার সময় নেই। অতএব আজকে যে টাকাই বরাদ্দ করা হোক না কেন ব্লকের এ্যাডমিনিষ্ট্রেশনের মধ্যে যদি কো-অর্ডিনেশন না আনা যায়, জনসাধারণের সঙ্গে যদি ব্লকের কর্মচারীদের যোগাযোগ স্থাপন না করা যায়, তাহলে যে টাকাই বরাদ্দ করা হোক না কেন সেই টাকা শুধু কর্মচারীদের বেতনের জন্য এবং সমষ্টি উন্নয়নের নামে ব্যয় করা হবে এবং কোনক্রমে সেই টাকা যে কাজের জন্য দেওয়া হচ্ছে সেই কাজে লাগবে না। আর একটা জিনিষ আমরা দেখতে পাচ্ছি যে ব্লক ডেভালাপমেন্টে যারা কাজ করছে তাদের নিরাপত্তার খুবই অভাব। জেলা শাসকের কাছে গেলে বলেন যে মশায়, টাকা নেই কড়ি নেই, লোন যে দেবার কথা সেই লোন দিতে পারলেন না, সার যখন পৌঁছানর কথা তখন সার পৌঁছাতে পারলেন না, ইলেকট্রিসিটি দেবেন তাও দিতে পারলেন না, জল দেবেন সেই জলও ঠিক সময়মত দিতে পারলেন না। যখন রিলিফ দেবার কথা সেই রিলিফ গিয়ে পৌঁছাল তার অনেক দিন পরে। টিউবওয়েল আছে আর, ডবলিউ, এস, ডিপার্টমেন্টের হাতে, সেই আর, ডবলিউ, এস, ডিপার্টমেণ্ট যদি কাজ না করে তাহলে বি, ডি, ও,কে চুপচাপ বসে থাকতে হয়। কাকে লিখবেন জানেন না। আর, ডবলিউ, এস,-এর যে ষ্টাফ থাকে সে কোন দিন অফিসে আসে কোন দিন অফিসে আসেনা। তাকে রিপোর্ট করতে হলে মেদিনীপুরের কোন ইনটিয়র গ্রামে—আপনার সূতাহাটা ব্লক ডেভালাপমেন্ট অফিসারের আণ্ডারে আর, ডবলিউ, এস, অফিসার আছে, তার বিরুদ্ধে যদি কোন অভিযোগ করতে হয় তাহলে বাঁকুড়ায় তার যে এ্যাসিষ্টাণ্ট ইঞ্জিনিয়ার আছে তাকে দরখাস্ত করতে হবে, তার কাছে গিয়ে অভিযোগ করতে হবে এবং তার কাছ থেকে উত্তর আসতে আসতে দেখা গেল সেই ভদ্রলোক যিনি মেকানিক আছেন আর, ডবলিউ, এস,-এর তিনি বদলি হয়ে চলে গেলেন, তার বিরুদ্ধে কোন এ্যাকশন নেওয়া গেল না। অতএব ব্লকে এই টাকা ঠিক সময় না যাবার জন্য, ঠিক সময় জল না যাবার জন্য, ঠিক সময় সার না পৌঁছানর জন্য, ঠিক সময় ঋণ না পৌঁছানর জন্য বিভিন্ন ডিপার্টমেন্টের টাকা দেখা যাচ্ছে প্রায় বৎসর শেষ হবার সময় পৌছায় এবং তাড়াহুড়া করে, রাতদিন করে, এই অবস্থার মধ্যে সব লোন রিলিফ সমস্ত বিলি করতে হয় যার ফলে জনসাধারণের দুর্গতি হচ্ছে তেমনি সঙ্গে সঙ্গে ঠিকমত ব্যয় বরাদ্দ করা যাচ্ছে না। সারা বৎসর ধরে জনসাধারণের অসন্তোষের ভাগী হচ্ছে ব্লক ডেভালপমেণ্ট অফিসার যাকে আমি আগেই বলেছি হি ইজ নাথিং বাট এ হেল্পলেস ক্রিচার। আমরা যারা রাজনীতি করি আমরা এটা শিখেছি যে জোর জুলুম করে কিছু লোককে নিয়ে গিয়ে চাপ দিতে পারলে কিছু না কিছু একটা টাকাই হোক বা অন্য কিছু হোক একটা কথা অন্ততঃ বের হবে। আর যদি কথা বের না করতে পারে তাহলে অশ্রাব্য গালাগালি করতে পারলে খুব বাহাদুরী করলাম, রাজনীতির দিক থেকে এগিয়ে গেলাম বলে আমরা মনে করি। সেই জন্য দেখতে পাচ্ছি এই সমস্ত অফিসাররা বসে আছে, টাকা নেই, কড়ি নেই, ষ্টাফ তার কন্ট্রোলে নেই

অথচ রাজনীতির দিক থেকে চাপ দিয়ে—সমস্ত ভদ্রলোকের ছেলে, উচ্চ শিক্ষিত লোক, যাঁরা সম্মানীয় লোক ব্লক ডেভালাপমেন্ট অফিসারের কাজ করছেন, সৎভাবে কাজ করলেও, তাঁরাও বিভিন্ন দিক থেকে হ্যারাষ্ট হচ্ছে এই সরকারের অব্যবস্থার জন্য। অতএব, আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বরাদ্দ চেয়েছেন সেই বরাদ্দ খুবই সামান্য এবং আমি জানি যেটুকু বরাদ্দ চেয়েছেন সেই বরাদ্দ সেই উন্নয়ন বিভাগের কর্মচারীদের খাতে ব্যয় হবে বেশীর ভাগ। কেন? না, সেন্ট্রাল গভর্ণমেন্টের কোন সাহায্য এসে পৌছায়নি। এটা তাঁর বক্তৃতার মধ্যেই আছে। যাই হোক না কেন, আজকে যেটুকু উন্নয়ন করবার চেষ্টা তিনি করুন না কেন, আপনার মাধ্যমে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ব্লককে বিভিন্ন সরকারী কর্মচারীদের সঙ্গে কো-অর্ডিনেশন করবার ব্যবস্থা, বিভিন্ন গ্রামের লোকের সঙ্গে ব্লকের কর্মচারীদের যোগাযোগের ব্যবস্থা, এই সমস্ত ব্যবস্থা না করে টাকা বরাদ্দ করার মানে এই টাকা অপচয় করা অর্থাৎ যে কাজের জন্য দেওয়া হচ্ছে সেই কাজ না করা। সেইজন্য এই বরাদ্দের বিরোধিতা করে আমি কাট মোশন দিয়েছি এবং আমি আমার এই বক্তব্য রেখে আমার কাট মোশনকে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাকে বলতে দেবার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

[4-10 to 4-20 p.m.]

**শ্রীগৌতম চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমষ্টি উন্নয়ন পরিকল্পনা খাতে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি আমার পার্টির পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি। সমষ্টি উন্নয়ন পরিকল্পনার মূল যে লক্ষ্য গ্রামে সমাজ জীবনে এবং পল্লীর অর্থনীতির যে কার্যধারা সেই কার্যধারার যাতে আরও বেশী উন্নতি হয় সেই কারণে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার আওতার মধ্যে আনা হয়েছে। স্বামী বিবেকানন্দের সেই মহান বাণী আমাদের আজ মনে পড়ে—হে ভারতবাসী তুমি ভুলিও না মূর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, চণ্ডাল ভারতবাসী আমার ভাই—ভারতবর্ষের লক্ষ লক্ষ কোটি কোটি অসহায় মানুষ যারা বাংলা দেশের গ্রাম থেকে গ্রামান্তরে ছড়িয়ে আছে আজকে আমাদের popular Government-কে আমাদের জনপ্রিয় সরকারকে সামাজিক যে সমস্ত কর্মপন্থা নিয়েছেন সেই সমস্ত কাজের সম্বন্ধে যদি গ্রামের মানুষকে আমরা বোঝাতে না পারি—একদিকে private sector-এ যে সমস্ত কাজ চলেছে তা জাতীয়করণ করছি আর একদিকে গ্রামের উন্নতি করতে গিয়ে গ্রামের মানুষের নতুন দৃষ্টি ভঙ্গির সাথে যদি এগিয়ে না আসি তাহলে সত্যিকারের এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনা ব্যর্থ হয়ে যাবে। এই সম্পর্কে আজকে এখানে অনেকে বক্তব্য রেখেছেন। আমি একটা কথা বলতে চাই যে, সমষ্টি উন্নয়ন পরিকল্পনার সাথে সাথে গ্রামের মানুষকে বুঝিয়ে দেওয়া দরকার যে আগামী দিনে আমরা ভারতবর্ষের গ্রামের লোকের উন্নতি করতে চাই। আমরা দেখেছি যে যুক্তফ্রন্টের আমলে ১৯৬৭-৬৯ সালে B.D.O. অফিসগুলি ছিল একটা পার্টির অফিস অর্থাৎ সেটা একটা পার্টির local office-এ পরিণত হয়েছিল। আমরা এও দেখেছি যে B.D.O.-র কর্মচারীরা একটা party-র Agent হয়ে দাঁড়িয়েছিল, ঐ B.D.O.-র কর্মচারীরা সারা বাংলার গ্রাম থেকে গ্রামান্তরে আছে সেখানে যে সন্ত্রাসের রাজত্ব ছড়িয়ে পড়েছিল এই সমস্ত আগুনে তারা সহযোগিতা করেছিল। যুক্তফ্রন্ট-এর আমলে যে সমস্ত গ্রামসেবক এবং সেবিকারা ছিলেন তাদের আমরা গ্রামের শোষকরূপে দেখতে পেয়েছি। আজকে আমি সেই জন্য বলতে চাই যে এই সমস্ত গ্রামসেবক সেবিকাদের সমর শিক্ষা দেওয়া যায় কিনা বাধ্যতামূলকভাবে সে কথা চিন্তা করতে হবে, ও National Service Scheme-এর যে সমস্ত ছাত্র ছাত্রী তাদের গ্রামসেবক এবং গ্রামসেবিকার কাজে নেওয়া যায় কিনা এই মনোভাব নিয়ে আজকে আমাদের দেখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহাত্মা গান্ধী যে চিত্র দেখিয়েছিলেন গ্রামের উন্নতি কর, গ্রামের উন্নতি করলেই শহরের উন্নতি হবে—যে

কথা আমরা শুনতে পাই মহান বিপ্লবী মাও সে তুং-এর কণ্ঠে—গ্রাম থেকে শহর ঘেরো, যাতে গ্রামের মানুষের আরও নূতন করে চেতনা জাগে। সেই গ্রামের মানুষের কথা যদি সত্যকারের চিন্তা করতে হয় তাহলে B.D.O.-র যে সমস্ত unit আছে cultural unit সেগুলি যদি party unit হিসাবে জড়িত না হয়ে যদি সত্যকারের নিরপেক্ষ দৃষ্টি ভঙ্গি নিয়ে গ্রামের লোকের কাছে ছড়িয়ে দেন তাহলেই এর সত্যকারের উপকার হবে ও বিরাট কাজ হবে। আমরা কিছুদিন আগে যুবকংগ্রেসের বন্ধুরা এবং ছাত্র পরিষদের বন্ধুরা বিভিন্ন গ্রামে গিয়ে ভয়াবহ চিত্র দেখেছি। গ্রাম উন্নয়ন পরিকল্পনার জন্য ঐ B D.O.-র কর্মচারীদের সাথে সম্পর্ক ভাল নয়। আজকে যদি গ্রামের লোকের কথা চিন্তা করতে হয় যদি সমষ্টি উন্নয়ন-এর কাজ করতে হয় তাহলে যে সমস্ত কর্মচারী আছেন তাদের গ্রামের মানুষের সঙ্গে আরও ওতপ্রোতভাবে ও নিবীড়ভাবে মিশতে হবে। আমরা জানি আমাদের popular Government আসার পর বাংলাদেশের বুক থেকে এসব জিনিষ উঠে যাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে এটা জানাতে চাইছি যে আপনি দেখেছেন যে গ্রামবাংলার বহু জায়গায় যেখানে তপশীলিজাতি এখনও পর্যন্ত আছে এবং সেই সমস্ত তপশীলীজাতির মধ্যে এখনও এমন প্রতিভা লুকিয়ে আছে যাকে আমরা একবারেজ করতে পারি তাহলে আমরা অনেক কাজ করতে পারবো। আমি এখানে বক্তব্য রাখতে চাচ্ছি তাদের মধ্যে যে সমস্ত প্রতিভা আছে তাদের কলকাতায় এনে একটি প্রোগ্রামের মাধ্যমে তাদের পুরস্কার দিয়ে উৎসাহিত করতে পারি তাহলে যে সমস্ত ট্রাইব্যাল উপজাতি আছে তারা উৎসাহিত হয়ে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার সাথে সাথে নিজেদের জড়িত করে তুলতে পারবে। আর একটি বক্তব্য রাখতে চাইছি যে ভূমি সংস্কারের নীতি যদি আমরা ঠিকমত কার্যকরী করতে না পারি তাহলে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার কাজ ঠিকভাবে হতে পারবে না। তাই আপনার কাছে অনুরোধ করছি পরবর্তীকালে তিনি যখন এই বাজেট প্রকাশ করবেন অর্থাৎ সমষ্টি উন্নয়ন পরিকল্পনা করবেন যেন তার সাথে সাথে ভূমি সংস্কার ও স্বাস্থ্য দপ্তর-এর সংগে সহযোগিতা করে সমষ্টির উন্নয়ন পরিকল্পনা করেন—তাহলে প্রকৃত সমষ্টি উন্নয়ন পরিকল্পনা হতে পারবে। সবশেষে আমি আমার সরকারকে এবং মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে আমরা যখন বলেছিলাম গ্রামের মানুষ এগিয়ে আসুন, সরকারের সঙ্গে হাত মিলান এবং সরকারও নিশ্চয় আপনাদের সংগে হাতে হাত মিলাবে. সেখানে দেখতে পাচ্ছি যে আজকে যে সমস্ত ওয়াটার সাপ্লাই স্কীম হয়েছে সেখানে বহু গ্রামের মানুষ প্রতিনিধিত্ব করতে পারছে এবং আরও দেখেছি যে সমষ্টি উন্নয়ন পরিকল্পনা ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে কমিটি নিয়োগ করেছেন, যেভাবে গ্রামের অশিক্ষিত মানুষ দরিদ্র মানুষকে নিয়ে সেই সমস্ত কমিটি করেছেন যেখানে তারা আলোচনা করতে পারে তা সত্যিই প্রশংসার যোগ্য। তাই আমি মন্ত্রী মহাশয়কে স্বাগত জানাই এবং আজকের এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশক্তিকুমার ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বাজেট মাননীয় মন্ত্রী মহাশয় রেখেছেন সমষ্টি উন্নয়ন সম্বন্ধে তাকে আমি সম্পূর্ণরূপে এবং সর্বান্তঃকরণে সমর্থন করছি। এবং এই বাজেটে যে সমস্ত ছোট ছোট ত্রুটি বিচ্যুতি আছে সে সম্বন্ধে আমি কিছু আলোচনা করতে চাই। আজকে ২০ বছর প্রায় হোল এই সমষ্টি উন্নয়ন ব্লক আমাদের এই পশ্চিমবাংলায় হয়েছে। এই সমষ্টি উন্নয়নের ব্লকের মাধ্যমে বাংলাদেশে জনসাধারণ মনে করেছিলেন যে তারা গ্রামের উন্নয়ন সর্বাঙ্গীণভাবে করতে পারবেন এবং দেশকে গড়ে তুলতে পারবেন। কিন্তু সেখানে যেসব সরকারী কর্মচারী রয়েছেন এবং তাদের যে বৈষম্যমূলক ব্যবস্থা রয়েছে তার জন্য আজকে সেই পরিকল্পনা সম্পূর্ণ রূপে বানচাল হয়ে গেছে। কিছু কিছু জায়গায় অল্প অল্প কাজ হয়েছে বটে, কিন্তু গ্রামের মানুষ

সেই উন্নয়ন তাঁদের চোখে কিছুই দেখতে পাচ্ছে না। সেই ইউনিয়ন বোর্ডের আওতারে যেভাবে গ্রামের অবস্থা ছিল সেইভাবেই রয়েছে। তবে কিছু কিছু জায়গায় উন্নত ধরণের নলকূপ বসানো হয়েছে। কিন্তু আজকে গ্রামের রাস্তার যে রকম অবস্থা সেখানে এমনই কাদা যে মানুষ সেখান দিয়ে যেতে পারে না। আজকে গ্রামের রাস্তায় যে কালভার্ট তৈরীর ব্যবস্থা হচ্ছে শুনলাম আমরা এখনও দেখছি সেখানে সেই কালভার্ট তৈরার কোন ব্যবস্থা নেই। টেষ্ট রিলিফের মাধ্যমে যে রাস্তা হয়েছে সেই রাস্তাগুলিতে কালভার্ট যদি না হয় তাহলে আচিরে সেই রাস্তাগুলি ধ্বংসপ্রাপ্ত হয়ে যাবে। আমার এলাকায় আমি নিজে এম. এল. এ. হিসাবে বলতে সেখানে বর্ষার জলের চাপে সমস্ত রাস্তা একেবারে নষ্ট হয়ে যাচ্ছে। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় কালভার্টের জন্য যেভাবে টাকা মঞ্জুর করেছেন তাতে সেই টাকা জেলা ওয়ারী যদি ভাগ করা যায় তাহলে একটি করে কালভার্ট হবে কিনা সেটা আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে একটু ভেবে দেখতে অনুরোধ জানাচ্ছি।

[4-20—4-30 p.m.]

দ্বিতীয় কথা হচ্ছে এই যে ড্রেনেজের ব্যবস্থা। এই ড্রেনেজের ব্যবস্থা আজও গ্রামাঞ্চলে দেখতে পাওয়া যায় না। এই ড্রেনেজ ব্যবস্থার উন্নতি করার জন্য যে পরিমাণ টাকা বরাদ্দ করা হয় তাতে ড্রেনেজ ব্যবস্থা হতে পারে বলে আমি মনে করি না। ডিপ টিউবওয়েল যেগুলি বসানো হয়েছে সেগুলির পরিচালানার অভাবের জন্য কৃষকরা মাঠে জল পায় না। যে ডিপ টিউবওয়েল-গুলি বসানো হয়েছে তাতে অর্থশালী বা বিত্তশালী ও বেশী জমির মালিকদের জমিতেই বসানো হয়েছে এবং তারাই এগুলির সুখ করছে। অথচ গরিব চাষীদের জল পেতে হলে তারা ঘুস না দিলে জল পায় না। তাছাড়া যে সমস্ত অপারেটাররা রয়েছে তাদের মধ্যেও দুর্নীতি রয়েছে। যারা ধনী চাষীর কাছ থেকে জমি নিয়ে ভাগে চায় করছে তাদের জল দিয়ে তাদের বাঁচিয়ে রাখার চেষ্টা করা হয়। এগুলি বন্ধ করা দরকার। অপারেটারদের ডিউটি হচ্ছে ৮ ঘন্টা, এই ৮ ঘন্টার পর তারা আর জল দিতে চায় না। তাদের ৮ ঘন্টা ডিউটির যে বক্তব্য সেটা নামা বক্তব্য। কাজেই সেখানে দু জন করে অপারেটার নিয়োগ করা দরকার যাতে চাষীরা ঠিক সময় মত জল পায়। আমি এ ব্যাপারে ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। তারপর সোশ্যাল ওয়ার্কের জন্য যে টাকা দেওয়া হয় তা এত সামান্য টাকা যে তাতে সোশ্যাল ওয়ার্ক হয় না। এগুলি আবার ফেরত চলে যায়। সেদিন আমি ব্লকে খোঁজ নিয়ে দেখেছি হরিণঘাটা ব্লক থেকে লক্ষ টাকা ফেরত চলে গিয়েছে, কোন কাজ হয়নি নানা রকম অসুবিধার জন্য। তারপর অঞ্চলের অফিস যেগুলি রয়েছে সেগুলির উপর অনেক আশা ভরসা ছিল, কিন্তু সেগুলি বসেই রয়েছে, সেগুলি ভেঙ্গে দেওয়া দরকার। গ্রাম পঞ্চায়েৎ যেগুলি রয়েছে সেগুলিও ঠিকমত কাজ করে না। এজন্য আমাদের অন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার। গ্রামসেবকদের উপর অনেক কিছু নির্ভর করে। গ্রামসেবকদের দিয়ে ব্লকের যাবতীয় কাজ করানোর চেষ্টা করা হয়, ফলে কোন কাজই তারা করে উঠতে পারে না। রিলিফ বণ্টন করবে ঐ গ্রামসেবক, টি. আর.-এর কাজ দেখবে ঐ গ্রামসেবক, জমির উৎকর্ষতা দেখবে ঐ গ্রামসেবক, এইভাবে গ্রামসেবকদের উপর সমস্ত দায় দায়িত্ব দেওয়া হয়েছে, ফলে তারা এইসব কাজ করতে পারে না। তারা খালি রিলিফ নিয়েই ব্যস্ত থাকে, যাতে কিছু উপার্জন হয়। তারপর ডিপ টিউবওয়েল থেকে যে জল দেওয়া হয় তার টাকা জমা দিতে গেলে গরিব চাষীদের আবার কিছু তাদের পকেটে দিতে হয়। তা না দিলে সেই টাকা জমা হয় না। তা ছাড়া যে অফিসাররা রয়েছেন সেই টাকা জমা নেবার জন্য তারা আবার সেই টাকা অফিসে জমা নেন না, তাদের বাড়ীতে বসে টাকা জমা নেন। এটা কি কারণে করেন সেটা খোঁজ নেবার জন্য মন্ত্রী মহাশয়কে

অনুরোধ করবো। তারপর কৃষি ঋণ বা সারের ঋণ যা গরিব কৃষকদের দেওয়া হয় তা অতি সা: তাতে চাষের উপকার হয় না। যেমন গ্রুপ লোন দেওয়া হয় ৫০ টাকা করে, তাতে চাষীরা চ কোন কাজ করতে পারে না। সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। তারপর গরু কেনার জন্য যে দেওয়া হয় তাতে একটা করে গরু কেনা যায় না, সে দিকেও দৃষ্টি দেওয়া দরকার।

সারের লোন ঠিক ঐ অবস্থাতেই রয়ে গেছে। কাজেই লোন যখন দেওয়া হবে তখন চাষীর উপকার হয় সেটা দেখা উচিত এবং চাষী যাতে লোন নিয়ে সর্বাঙ্গীণ উন্নতি করতে প তার ব্যবস্থা করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। সোসাল ওয়ার্কের ভিতর আর একটি জি রয়েছে— ঘর পোড়া সম্বন্ধে। ঘর পড়ে গেছে বা ঘর পুড়ে গেছে এই রকম লোকদের সাহায্য করা হ এই সাহায্য এত অল্প যে সেই সাহায্য দিয়ে তাদের কিছুই হয় না। এর জন্য তাদের ১৫/১৬ টা করে সাহায্য দেওয়া হয়। এই ১৫/১৬ টাকায় ঘর উঠতে পারে না। মন্ত্রী মহাশয় বললেন, বর্তমা ফলের কলম ও গুটি, সবজির বীজ ও চারা, মুরগির বাচ্চা, দুধেল গরু, ছাগল, ভেড়া, শূকর, কাঃ কৃষি যন্ত্রপাতি, সাইকেল ভ্যান ইত্যাদি কেনার জন্যে, যোগাযোগের প্রয়োজনে গ্রামে কালভার্ট সেতু তৈরীর জন্য, পানীয় জল সরবরাহ বাবদ, পুরস্কার বিতরণ বাবদ এবং যাত্রা ইত্যাদি সাংস্কৃ খাতেও আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে। কিন্তু বলতে গেলে আমরা গ্রামে গিয়ে একটিও দেখ পাই না, এই অবস্থা হয়েছে। আমরা এখানে কাগজে দেখে যাচ্ছি, ওখানে গিয়ে দেখছি কোথ মুরগির বাচ্চা, কোথায় ফোটানো ডিমের ব্যবস্থা ইত্যাদি—এগুলি মন্ত্রী মহাশয় একটু অনুসন্ করে দেখবেন। আমরা ব্লকে গিয়ে এগুলি খুঁজে পাই না। আমাকে ব্লক কমিটির মেম্বার ক হয়েছে। আমাকে খুব বিপদগ্রস্ত অবস্থায় ফেলা হয়েছে। আমি হরিণঘাটা ব্লক থেকে আসছি হরিণঘাটা ব্লকে আজ পর্য্যন্ত নলকূপ মেরামতের কোন ব্যবস্থা হয়নি। বি ডি. ও-কে এই ক বললে তিনি বলেন ইঞ্জিনিয়ার আসছেন, ঠিক মত করেন নি, আমি কি করতে পারি। ইঞ্জিনিয়ার সঙ্গে বি.ডি.ও.-র কোন যোগাযোগ নেই। এই কথা আমি আগেও বলেছি এবং এখন আবা বলছি যে ইঞ্জিনিয়ারের সাথে বি ডি ও-র যোগাযোগ করার ব্যবস্থা করা হোক। যদি সেখা ইঞ্জিনিয়ার যোগাযোগ না করে তাহলে তাকে শাস্তি দেবার ব্যবস্থা গ্রহণ করা হোক, এই অনুর আমি জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশরৎচন্দ্র দাস**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমাজ উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং এই মর্মে ২/৪টি কথা নিবেদ করতে চাচ্ছি। বর্তমানে ব্লক উন্নয়ন অফিস সম্বন্ধে তিনি বলেছেন গ্রামীণ জনগণের সঙ্গে ব্লক সংস্থ সরকারের একটি যোগসূত্র। কিন্তু সত্যিই কি তাই? আমি জানি মাননীয় বিভাগীয় মন্ত্রী তিনি গ্রামে যান এবং গ্রামের লোকদের সংগে তাঁর খুব মেলামেশা আছে এবং তাদের সুখ দুঃখের ব্যথা বেদনার কথা তিনি ভালভাবেই জানেন। তিনি সত্যিই কি এটা স্বীকার করেন যে গ্রামের জনগণের সংগে যোগসূত্রের সেতু হিসাবে ব্লক অফিসগুলি কাজ করছে? কোন কোন ব্লকে লক্ষাধিক লোক আছেন, কিন্তু সেখানে একজন বি. ডি. ও. আছেন। তাকে অজস্র কাজের ভার দেওয়া হয়েছে। কৃষি, সমবায়, সমাজ শিক্ষা, মৎস্য, ত্রাণ, পানীয় জল, পশু চিকিৎসা, জি আর টি আর, পঞ্চায়েত, লোন, গ্রামীণ শিল্প, রাস্তা, সেচ এগুলি ছাড়াও লিখিত এবং অলিখিত বহু কাজ তাঁকে করতে হয়। একটি বি ডি ও-কে দিয়ে এতগুলি কাজ করাতে গেলে তার কাছ থেকে আমরা কতটুকু উচ্চ আশা পোষণ করতে পারি সে সম্বন্ধে আমি বুঝতে অক্ষম। বি ডি ও-কে দিয়ে ত্রাণের কাজ করানো হয়। ত্রাণের কাজ করার পর এসে যায় খরা—আমার জেলা এবারে খরা পীড়িত। সেখানে টি আর, জি আর নিয়ে তিনি ব্যস্ত থাকেন, লোন নিয়ে ব্যস্ত থাকেন। বাকি আছে ব্লক

উন্নয়ন। এই ব্লক উন্নয়নের জন্য আমার জেলায় ২২ শে মার্চ টাকা পৌঁছেছিল এবং বলা হল ৩১ শে মার্চের মধ্যে টাকা খরচ করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এক একটি ডিসট্রিক্টে বিশেষ করে আমার জেলায় গত বছর ১০ হাজার টাকা তিনি দিয়েছিলেন, যেখানে ১৬ লক্ষ হচ্ছে পপুলেশন এবং ২৭ স্কোয়ার মাইল এরিয়া। সেখানে ১০ হাজার টাকা দিয়েছিলেন কালভার্ট তৈরী করতে এবং তার ভিতর ৬ হাজার টাকা ফিরে এসেছে ৪ হাজার টাকা খরচ হয়েছে ব্লক উন্নয়ন অফিস যেভাবে কাজের আশা আমরা করছিলাম সেই ভাবে কাজ হচ্ছে না।

[4-10—4-40 p.m.]

এতে একটি BDO ছিল, তার উপর আমরা আর ভরসা রাখতে পারছি না। অনুন্নত সম্প্রদায় ও দুর্বল সম্প্রদায় যারা বহুদিনের অবহেলিত এবং অনুন্নত তাদের কাজও এদের সাপোর্ট করতে হচ্ছে। এই BDO সাহেবেরা দুর্বল সমাজের জন্য কি ভাবে কাজ করবেন সেদিক থেকে আমরা আশংকা করছি। এ কাজে Tribal Welfare Officer এর মাধ্যমে যে দুর্বল এবং অনুন্নত শ্রেণীর সেবা এবং সরকারের কাছে সেটা আবার BDOর হাতে দিলে তা স্বরূপ হবে এবং যে কাজ বাকী ছিলো তা সেদিন BDOর কাছে সেই সব কাজ হবে কিনা সে সম্পর্কে যথেষ্ট সন্দেহ আছে। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে পুরুলিয়ায় বাঁকুড়ায় Margiral Farmar and Agricultural Labourer Development Agencyর কাজ এখানে চলছে এবং সেটা ব্লকের মাধ্যমে চলছে। আমি সেই Committeeর একজন Member। গত বৎসর মাঘ মাসের ভিতর এবং এ বছর May মাসের ভিতর ৫ হাজার কুঁয়া এখানে Margiral Farmer and Agricultural Labourer Development Agencyর মারফত হওয়ার কথা ছিলো। কিন্তু দেখা গেল যে ২/৩ বছরে অনেক প্রয়াসে মাত্র ১শত কুঁয়া হয়েছে এবং তার মধ্যে কিছু incomplete রয়েছে। সেই কাজও BDOকে দেওয়া হয়েছে এবং তাদের মারফতই সেটা হচ্ছে। এ ছাড়া আর একটি কাজ তাদের হাতে দেওয়া হয়েছে, সেটা হচ্ছে rural works programe, এটাও BDOর মাধ্যমে হবে। অবশ্য এটা এখনও আরম্ভ করেনি এবং আরম্ভ করতে এখনও দেরী আছে। মাননীয় মন্ত্রীমহাশয়কে কয়েকটি কথা এই BDO সম্বন্ধে বলে আমার বক্তব্য শেষ করবো। এই BDO এবং Extention Officer যারা আছেন তাদের আপনি জানান এবং তারা যেন একটি Scheme book রাখেন। মাননীয় মন্ত্রী মহাশয় যান বা কোন MLA যান বা কোন officer যান এই Scheme book থেকে তারা বুঝতে পারবেন যে কোন্ কোন্ Scheme কোন্ block এ তারা গ্রহণ করেছেন এবং কত দিনের মধ্যে সেই Schemeটার কতটুকু কাজ করবেন, এবং কোন্ কোন্ Schemeএর কাজ করবেন এক বছরের মধ্যে, আর কোন কোন মাসে সেই Schemeএর কতটুকু কাজ করবেন সেই এইটুকু নির্দেশ যেন থাকে। তাহলেই আমরাও বুঝতে পারবো, আপনারাও বুঝতে পারবেন, DCDDও বুঝতে পারবেন যে B.D.Oদের দ্বারা ব্লকের কতটুকু কাজ অগ্রসর হলো। তা না হলে কোন রকমের উন্নতি আমাদের পক্ষে আশা করা বৃথা হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরবীন্দ্র নাথ বেরা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সমষ্টি উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দের জন্য এনেছেন তাকে সমর্থন জানাই। সমর্থন জানাই এই কারণে আমাদের যে সীমাবদ্ধ অর্থনৈতিক অবস্থা তার মধ্যে বাধ্য হয়ে তাকে এই বাজেট আনতে হয়েছে। তবে কিছুক্ষণ আগে আমাদের বিরোধী মাননীয় বন্ধু শ্রীপ্রদ্যোৎ মহান্তি মহাশয় যে অবহেলার কথা বললেন

আমি তাকে বলবো যে এর আগের আগের সরকার এ সম্পর্কে যথেষ্ট অবহেলা প্রদর্শন করেছে আমাদের মন্ত্রীমহাশয় বা মন্ত্রীসভার এই সরকার সেই দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করে আজকে গ্রা উন্নয়নের জন্য বা যে উদ্দেশ্যে সমষ্টি উন্নয়ন পরিকল্পনা, সারা ভারতবর্ষে যেখানে শতকরা ৮০ ভ লোক যে উন্নয়ন পরিকল্পনার দিকে তাকিয়ে আছে, সেই উন্নয়ন পরিকল্পনায় যদি তিনি তার দৃষ্টিভঙ্গ পরিবর্তন করতেন তাহলে আজকে সারা ভারতবর্ষের জনসাধারণ এই মন্ত্রীসভাকে আরো বেশী স্বা জানাতেন। আর একটি কথা হচ্ছে ১৯৫২ সালে যখন সমষ্টি-উন্নয়ন পরিকল্পনা তৈরী হয়েছিল এ তাতে যে কাজ আরম্ভ হয়েছিলো ব্লকে ব্লকে, সেই সব কাজ যেমন রাস্তাঘাটের কাজ বা কি কিছু উন্নয়নমূলক কাজ হয়েছিলো তার চিহ্ন আছে কিনা সন্দেহ আছে। কাজেই আমি মন্ত্রীমহাশে কাছে এই অনুরোধ রাখবো যে গ্রামে যেখানে রাস্তাঘাট আজকে শেষ হয়ে যাচ্ছে, নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে সেই রাস্তাঘাট Pipe এবং Culvertগুলি অন্তত অবিলম্বে তৈরী করার ব্যবস্থা যেন করা হয় এই সীমিত অর্থনৈতিক অবস্থার মধ্যে সেই ব্যবস্থা যেন তিনি করেন। আর সবচেয়ে বড় ক হচ্ছে, এই যে ব্লক উন্নয়ন বিভাগের কর্মচারীর যে সংখ্যা ছিলো সেটা কিছু কিছু বেড়েছে এবং আ একটা জিনিষ আমরা দেখছি যে ব্লকের কর্মচারীদের মধ্যে প্রায় ৭১৮ জনকে gazetted officerএ rankএ তুলে দেওয়া হয়েছে।

এটা গ্রামের কাছে অত্যন্ত দৃষ্টিকটু ঠেকছে। সেই সংগে সংগে আমরা গ্রামবাংলাকে এ সমষ্টি উন্নয়নের মাধ্যমে কোন কাজ দিতে পারি নি, যখন ১২ লক্ষ টাকার প্রজেক্ট ছিল, বর্তমা তাকে পাঁচ লক্ষ টাকা করা হয়েছে, তারপর দ্বিতীয় পর্য্যায়ের পরে আর কোন কাজ যে এই ব্লব উন্নয়নের মাধ্যমে হয়েছে, আমাদের চোখের সামনে বা আমাদের গ্রামবাংলার লোকদের সামনে মনে পড়ে না। সেই জন্য আমাদের কথা যে অন্তত: লক্ষ্য রাখা উচিত যতটুকু টাকা আছে তা যাতে রাস্তাঘাট এবং ব্লকের যে জায়গাগুলো প্রপার জায়গায় গিয়ে কিছু কিছু শহর টাইপ এর গঞ্জ গড়ে উঠছে, সেখানে যাতে ড্রেন-এর ব্যবস্থা, পাইখানার ব্যবস্থা করে গ্রামের মানুষকে দেখা যায় যে আমরা সমষ্টি উন্নয়নের মাধ্যমে কিছু কিছু অগ্রগতির দিকে এগিয়ে যাচ্ছি। এইরক পরিকল্পনার সাহায্যে এই বরাদ্দের মাধ্যমে যাতে গ্রহণ করা যায়, আমি মন্ত্রী মহাশয়ের কাছে সে বিষয়ে অনুরোধ করবো। আমার ৩ নং কথা হচ্ছে যে ৪৭ হাজার খাটা পাইখানার কথা বল হয়েছে। আমি ব্লকের সংগে বিশেষভাবে সংশ্লিষ্ট। এইরকম খাটা পাইখানার চিহ্ন কোথাও দেখ যায়না এবং এখানকার কোন মাননীয় সদস্যও মনে করতে পারছেন কি না জানি না। এই রক অন্তত: কিছু যাতে পাইখানা বা প্রস্রাবাগার করা যায় প্রপার জায়গায়, সেই রকম ব্যবস্থা যাতে ব্যয় বরাদ্দের মধ্যে থাকে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিজন কুমার মাহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সমষ্টি উন্নয়ন খাতে ব্যয় বরাদ্দ দাবী মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন। আমি এই প্রসংগে বলছি যে যত টাকা মন্ত্রী মহাশ আশা করছিলেন সেই রকম অর্থ বরাদ্দ হয়নি, ঠিক মত বরাদ্দ হলে আমরা আরও খুসী হতাম গ্রাম বাংলায় যত কিছু কাজ হয়েছে এই সংস্থার মাধ্যমে, তার ত্রুটি বিচ্যুতি থাকা সত্বেও এ সংস্থার মাধ্যমেই হয়েছে এবং হচ্ছে। কাজে কাজেই শহরে, যেমন কলকাতার উন্নয়নের জন্য সি. এম. ডি. এ. এবং অন্যান্য পৌর সংস্থাগুলির জন্য পৌর কমিটি এবং অন্যান্য সংস্থা গঠিত হয়েছে তেমনি গ্রাম বাংলার উন্নয়নের জন্য এটাই হলো একমাত্র সংস্থা। কাজেই গ্রাম বাংলার উন্নয়নের জন্য এ পর্য্যন্ত যে রাস্তাঘাট, শিক্ষা, সমাজ শিক্ষা, কৃষি, শিল্প, পশু চিকিৎসা যাবতীয় ব্যাপারে যদি এই সংস্থার মাধ্যমে সুষ্ঠুভাবে পরিচালিত করতে হয় তাহলে সামান্য যে টাকা বরাদ্দ করা হয়েছে তাতে গ্রামবাংলার কিছুই কাজ হবে না। আমি আশা করবো যে এই সমষ্টি উন্নয়নের সংস্থাগুলির সামগ্রিক কল্যাণের জন্য এবং গ্রামবাংলার সামগ্রিক উন্নয়নের জন্য আরও অধিক অর্থ যাতে বরাদ্দ

করা হয় সেদিকে সরকার যেন বিশেষ ভাবে দৃষ্টি দেন। কারণ আমরা যতই বলিনা কেন, যতই ত্রুটি বিচ্যুতি হয়ে থাকুক না কেন এই সংস্থাগুলি আমাদের সর্বদিক দিয়ে দুর্নীতিমুক্ত করে তুলতে হবে, এ ছাড়া আমরা গ্রামবাংলার খুব বেশী একটা কল্যাণ করতে পারবো না। এই জন্য আমরা যদি সকলে মিলে এই সংস্থাগুলিকে দুর্নীতিমুক্ত করে সকলে গ্রামের কাজে এগিয়ে যাই তাহলে নিশ্চয়ই গ্রামবাংলার কিছু কল্যাণ সাধিত হবে।

[4-40—4-50 p.m.]

আমি আবার এই খাতে যে অর্থ দাবী করা হয়েছে তাকে সমর্থন জানাচ্ছি এবং আমাদের মন্ত্রীমহোদয় যে আশ্বাস দিয়েছেন যে কোন দুর্নীতিপরায়ণ কর্মচারী যারা কোন উন্নয়ন কাজে বাধা সৃষ্টি করছেন—তাদের যায়গায় আমাদের অনেক বেকার যুবক ভাই আছেন, তাদের মধ্যে অনেকের দেশপ্রেম আছে, তারা স্বার্থ ত্যাগ করতে প্রস্তুত। এই ধরনের শিক্ষিত যুবকদের নিয়োগ করলে আমরা সুখী হব। এই রকম দুর্নীতিপরায়ণ কর্মচারী ও অফিসারদের সরিয়ে দিয়ে শিক্ষিত বেকার যুবকদের চাকুরীর ব্যবস্থা করা হোক এইটা আমি দাবী করছি।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমষ্টি উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী গ্রান্ট নং ২৯এ যে ব্যয় বরাদ্দের দাবী এনেছেন তার প্রতি আমি আন্তরিক এবং পূর্ণ সমর্থন জানিয়ে আমার কিছু বক্তব্য রাখছি। প্রথমে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমষ্টি উন্নয়নের উদ্দেশ্য হলো পশ্চিমবাংলার গ্রামীণ উন্নয়ন সাধন। গ্রাম-বাংলার সামগ্রিক উন্নতি বলতে সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক সব দিক দিয়ে উন্নতি সাধন করা। এই উন্নতিসাধনের জন্য ব্লক পর্যায় ব্লকের উপর ভার দেওয়া হয় এবং সেই ব্লক ডেভোলপমেন্ট অফিসারকে গ্রামীণ উন্নতি সাধনের কর্তা করে তার অধীনে কিছু কর্মচারী দেওয়া হয়। সেখানে পঞ্চায়েত এক্সটেনশন অফিসার, এগ্রিকালচারাল এক্সটেনশন অফিসার, সোসিয়াল এডুকেশন অফিসার মুখ্য সেবক, গ্রামসেবক, সেবিকা ইত্যাদি রয়েছে যাতে করে তারা—এই ব্লক ডেভোলপমেন্ট অফিসের অধীন কর্মচারীরা, গ্রামে গ্রামে গিয়ে লোকের সংগে মেলামেশা করে তাদের বুঝিয়ে দিতে পারে এবং এইটাই গ্রামসেবকদের কর্তব্য। তারা বুঝিয়ে দেবে গ্রামের লোকদের কি ভাবে সার দিতে হবে, কোন সময় জমি চাষ করতে হবে এবং কোন সময় জমি চাষ করলে চাষীর উন্নতি সাধন হতে পারে। কিন্তু দেখা যায় গ্রামীণ উন্নতি সাধনের কর্তা বা বি, ডি,ওকে সাজিয়ে রাখা হয়েছে, সেখানে তাকে একটা জিপ গাড়ী দেওয়া হয়েছে, সেই গ্রামে ভাল রাস্তা নেই, যে ন্যাশনাল হাইওয়ে আছে সেই রাস্তা ধরে বিকালে সিনেমা দেখতে যায়, আর অন্যান্য সময় তাস খেলে কাটায়। লোকে সেখান থেকে ফিরে আসে কোন কাজ পায় না। আর সেখানে কোন কিছু দেবার প্রোগ্রাম থাকলে—লোন দেবার প্রোগ্রাম থাকলে লোন নিতে গিয়ে লোকে ফিরে আসে। বি, ডি, ও আসে না, গ্রামসেবক গ্রামে যান না তবু এদের কেন মাসে মাসে বেতন দেওয়া হয় আমি বুঝতে পারছি না? মন্ত্রী মহাশয় গ্রামবাংলার লোক, আমি তাই তাঁর দৃষ্টি আকর্ষণ করছি তিনি এই বিষয়ে যেন বিশেষভাবে অনুসন্ধান করেন এবং অনুসন্ধান করে এর একটা ব্যবস্থা করেন। না হলে এই ডিপার্টমেন্ট তুলে দেওয়াই ভাল। তারপর এগ্রিকালচারাল এক্সটেনশন অফিসার; তাদের যে কর্তব্য তারাও তা সুষ্ঠুভাবে পালন করেন না। এদের যে উদ্দেশ্যে নেওয়া হয়েছিল গ্রামের লোকের উন্নতিসাধন—সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, কিন্তু তারা এই গরীব অশিক্ষিত অর্ধশিক্ষিত লোকেদের অজ্ঞতার সুযোগ নিয়ে এদের নৈতিক মানের অবনতি ঘটাচ্ছে—মুরগী, ডিম ইত্যাদি ঘুষ নিয়ে তাদের নৈতিক মানের অধঃপতন ঘটাচ্ছে।

তাই আমি বলছি এবং এই ব্যাপারে আমি নিবেদন করবো মন্ত্রীমহাশয়ের নিকট যে ব্লককে একটা নির্বাচিত প্রতিনিধির অধীনে যেন দেওয়া হয় এবং বি, ডি, ওকে যেন একজন সেক্রেটারী হিসাবে কাজ করতে হয়। তাহলে গ্রামীণ উন্নয়ন সাধিত হবে এবং সমষ্টি উন্নয়নের যে উদ্দেশ্য তাও সাধিত হবে। তা যদি না করেন তাহলে কিছুই হবে না। অবশ্য আমাদের সীমিত অর্থ। এই সব বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রীআলী আনসার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলায় যে কটি উন্নয়ন-মূলক বিভাগ আছে তার মধ্যে প্রধান এবং অন্যতম বিভাগ বলে সমষ্টি উন্নয়ন বিভাগকে। এই বিভাগের কার্যকলাপ সম্পর্কে বেশিরভাগ সদস্য অবহিত আছেন। তাঁরা নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে এতেই পশ্চিমবাংলার গ্রামগুলোর চিত্র পাওয়া যাবে। আমি বলতে চাই যে এই যে ব্লক ডেভোলপমেন্ট অফিস যাকে কেন্দ্র করে পশ্চিমবাংলার গ্রামের শ্রমিক, কৃষক, ক্ষেতমজুর সমস্ত মানুষের জীবনের সব কিছু সমস্যা জড়িয়ে আছে. তাদের শিক্ষা, তাদের খাদ্য, রাস্তাঘাট, তাদের পানীয় জলের সমস্যা বলতে গেলে সব কিছু সমস্যা, এই ব্লককে কেন্দ্র করে আছে। কিন্তু তার যে সিষ্টেম সেটা যেন একটা গাড়ীর সঙ্গে চারিদিক থেকে ঘোড়া জুতে দেওয়া। সেখানে দেখা যায় যে বি, ডি ওর তিনজন ষ্ট্যাফ আছেন, একজন টাইপিষ্ট, একজন পিয়ন, আর সমষ্টি উন্নয়ন অফিসার আছেন। তবে তিনি উপরতলার কর্মকর্তা বা আমলাতন্ত্রের নির্দেশে চলেন। এটা আমি ৮ বছর অঞ্চল প্রধান হিসাবে অভিজ্ঞতা থেকে বলছি। বি, ডি, ও সেখানে অসহায়। অনেক সদস্যই বলেছেন এই যে ব্যবস্থা এই যে সিষ্টেম তাতে যতই গ্রামসেবক দুর্নীতি করুক, যতই এগ্রিক কালচার এক্সটেনসান অফিসার লোন নিয়ে ছিনিমিনি খেলুক তার কিছু প্রতিবিধান করা যায় না। আমি হাওড়া জেলার যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই কেন্দ্রে এখনও এমন জায়গা আছে যে অঞ্চলের নাম হাটোরা। সেখান থেকে বি. ডি, ও অফিস যোগাযোগ করতে হলে কয়েক মাইল হেটে যেতে হয় এবং বেশ কয়েক টাকা খরচ হয় এই অঞ্চলটা হাওড়া ও মেদিনীপুর জেলার সীমানায় অবস্থিত। অথচ এই গ্রামে যে ঘর পুড়ে গিয়েছে তার টাকা এখনও দেওয়া হয় নি এবং গ্রামসেবক পর্যন্ত সেখানে যায় নি, এত রকম দুর্নীতি সেখানে রাস্তাঘাট-এর ব্যবস্থা নেই, এখনও পর্যাপ্ত টিউবওয়েল আমরা বসাতে পারি নি তাই আমি বলতে চাই এই সমস্ত উন্নয়ন ব্লক, সমষ্টি উন্নয়ন খাতে যে ব্যয় বরাদ্দ করা হয়েছে সেই ব্যয় বরাদ্দ যাতে যথোচিতভাবে ব্যয়িত হয় তা হলে আমি আশা করবো কিছুটা পরিবর্তন আনাতে পারে। সেইদিকে মন্ত্রী মহাশয়কে আমি দৃষ্টি দিতে অনুরোধ করছি। আমি জানি সার কেনার জন্য ঋণ দেওয়া হয়েছে, সেটা এখনও পর্যন্ত কৃষকরা এখনও পায় নি। এই ঋণের ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ব্লক লেভেলে যে সমস্ত ঋণ দেওয়া হয়, যেমন সার ক্রয় বাবদ, বলদ কেনার, জমি উন্নয়ন ইত্যাদি—এইসব ঋণ না দিয়ে কৃষি উন্নয়ন ঋণ-এর ব্যাপারে এটা বরাদ্দ করা উচিত। আমাদের অভিজ্ঞতা থেকে বলতে পারি যারা ঋণের জন্য দরখাস্ত করে তারা চাষের উন্নতির জন্য দরখাস্ত করে।

[4-50—5-00 p.m.]

আমরা দেখছি ৮টা অঞ্চলের জন্য মাত্র ৬ হাজার টাকা বরাদ্দ হয়েছে। অর্থাৎ এখন থেকে দরখাস্ত করে রাখতে হবে কৃষি ঋণ বা বলদ ঋণের জন্য। সুতরাং আমরা জানি মন্ত্রী মহাশয় এদিক থেকে একটু চিন্তা করে দেখবেন। ঋণেরও নানা রকম ফ্যাকড়া আছে। বলদ ক্রয় এটা না রেখে কৃষি ঋণ বলে যদি ঋণের ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। ঋণ বিলি বণ্টন ব্যাপারে

আমরা দেখেছি কে defaultar, কে defaultar নয় এসব দেখতেই ১ মাস কেটে যায়। B.D.O. অফিসে গিয়ে বলছি যে আমরা যে priority list দিলাম তার কি হল? তিনি বলেন যে A.R.O. অফিসে দিয়েছি, কে defaultar এবং কে defaultar নয় তা দেখার জন্য। কিন্তু এতে অনেক দেরী হয়, তারাও সময় মত ঋণ পায় না। গ্রামে ration card-এর ব্যাপারে B.D.O.-এর ক্ষমতা দেওয়া হয়েছে approve করার। কিন্তু আসলে inspector-রা verify করে দিলে অঞ্চল প্রধানরা ration card দিতে পারবে। অথচ অঞ্চল প্রধানের হাতে এ রকম ক্ষমতা নেই। Inspector-রা বলে দেন এই ভাবে লেখা ঠিক হয়নি, এ ভাবে লিখতে হবে। এর ফলে ... বছরেও তা পাওয়া যায় না। B. D. O.-দের মধ্যে এমন অনেকে আছেন যাঁরা অনেক দায়িত্ব নিয়ে কাজ করেন। Relief distribution-এর ব্যাপারে আমরা অনেক কিছু দেখেছি। হাওড়া জেলায় ভাটরা, ঝাপিতে যখন বন্যা হয়েছিল তখন দেখেছি এ বিষয়ে যিনি officer তাঁর কোন দায়িত্ব নেই। Social Welfare Officer-এর দায়িত্ব নেই। সেজন্য বলতে চাই যে এ বিষয়ে মন্ত্রী মহাশয় একটু নজর দেবেন। এই যে প্রশাসনিক ব্যর্থতা সমষ্টি-উন্নয়ন ব্লকে আছে সেই ব্যর্থতার কথা গ্রামের সাধারণ মানুষ, কৃষক সবাই জানে। ব্লক বলতে ব্লক অফিসগুলো টাউটদের বোঝায় এবং তাদের কাজ হচ্ছে loan পাইয়ে দেবার ব্যাপারে চেষ্টা করা। এ দিক থেকে বক্তব্য হচ্ছে এই ব্যয় বরাদ্দ সঠিকভাবে ব্যয়িত করতে হলে জনসাধারণের উপর দায়িত্ব দিয়ে এই কাজ পরিচালনা করা হোক এবং স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষে এই ব্যয় বরাদ্দ যাতে সঠিক ভাবে ব্যয়িত হয় সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীরামকৃষ্ণ বর :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সমষ্টি উন্নয়ন খাতে মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের প্রস্তাব করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি ২/৪টি কথা বলব। স্যার, পশ্চিম বাংলায় ৩৪১টি উন্নয়ন ব্লক আছে ... এর সুদূর গ্রামাঞ্চলে মানুষ ... বাস করেন। সেজন্য এর ব্যয় বরাদ্দ আরও প্রচুর পরিমাণে হলে আমরা সুখী হতাম। এই ব্লকগুলির উন্নয়নের দায়িত্ব B. D. O.-এর তাঁর অধীনে যে সমস্ত Extension Officer আছেন তাঁদের উপর ... এই ব্যয় বরাদ্দ যদি সুষ্ঠুভাবে ব্যয়িত হয় তাহলে গ্রামের সর্বাঙ্গীণ উন্নতি অনেকখানি হতে পারে।

বিভিন্ন ব্লকে নানা রকমের দুর্নীতির কথা আমরা শুনেছি। সারা রাজ্যে যখন ব্লক প্রতিষ্ঠিত হয়েছিল তখন থেকে এই কাজ সুষ্ঠু ভাবে হত। তারপর ১৯৬৭ সালে যখন আমাদের রাজ্যে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছিল সেই সময় ব্লকে যে ... তৈরি হয়েছিল তার বিলোপ ঘটিয়ে দেওয়ার পর ব্লকে যাঁরা বি.ডি.ও এক্সটেনশান অফিসার ছিলেন তাঁরা তাঁদের স্বেচ্ছায় কাজ কর্ম চালাতেন, গ্রামের জনসাধারণের সংগে কোন সংযোগ রাখতেন না, অথচ তাদের যে দায় দায়িত্ব পালন করা উচিত ছিল তা পালন করতেন না। সেজন্য আজকে জনপ্রিয় সরকার প্রতিষ্ঠিত হবার পর মাননীয় মন্ত্রী মহাশয় প্রত্যেক ব্লকে একটা এ্যাডভাইসারি কমিটি গঠন করার প্রস্তুতি নিয়েছেন। এই এ্যাডভাইসারি কমিটির নির্দেশ মত, তাঁদের সাজেসান অনুযায়ী সমস্ত ব্লকে উন্নয়নমূলক কাজ যাতে ত্বরান্বিত হয় সেই বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্লকগুলিকে ৩টি পর্য্যায়ে ভাগ করা হয়েছে। প্রথম পর্যায়ে ১২ লক্ষ, দ্বিতীয় পর্যায়ে ৫ লক্ষ এবং তৃতীয় পর্যায়ে প্রত্যেক ব্লকে উন্নয়নমূলক কাজকে জিইয়ে রাখার জন্য মাত্র ৪০ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি ৩টি পর্যায়ে প্রত্যেক ব্লকে উন্নয়নের জন্য এই যে সামান্য অর্থ—এই অর্থ আদৌ সংগত হয়নি, প্রত্যেক ব্লকে উন্নয়নের জন্য ৫/১০ লক্ষ টাকা ধরা উচিত বলে মনে করি। ব্লকে বি. ডি. ও.-র অধীনে এক্সটেনশান অফিসার আছেন কিন্তু গ্রামের সাধারণ মানুষের সংগে সংযোগ রাখেন না। যিনি গ্রামসেবক তিনি নাকি গ্রামে থাকেন না, গ্রামের মানুষের

সংগে তাঁর কোন যোগ নেই। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে গ্রাম-সেবক যাঁরা তাঁরা নাকি শহরের বাসিন্দা, গ্রামের মানুষ যাঁদের কৃষি কার্য সম্বন্ধে অভিজ্ঞতা আছে তাঁরা নাকি গ্রামসেবকের কাজ পান না, গ্রামের মানুষ যাতে গ্রাম সেবকের চাকরি পায় তার ব্যবস্থা তিনি যেন করেন। প্রত্যেক ব্লকে যতগুলি গ্রামসেবক আছেন তাঁরা যাতে গ্রামে থাকেন, গ্রামের যারা নিরক্ষর চাষী বাসী মানুষ তাদের প্রয়োজনের কথা তাঁরা যাতে বি.ডি.ও.-র সামনে তুলে ধরতে পারেন তার সম্যক ব্যবস্থা গ্রহণ করার জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসংগে বলতে চাই এখনই কিছু কিছু ব্লকে যে কৃষি ঋণ দেওয়ার ব্যবস্থা হয়েছে সেই ঋণ পাওয়ার ক্ষেত্রে চাষীদের কাছে অন্তরায় দেখা দিয়েছে। কেননা, কৃষকদের ঋণ নিতে হলে যে জমির উপর ঋণ গ্রহণ করতে হয় সেই জমির খাজনার দাখিলা দেখাতে হয়। কিন্তু বর্তমানে ৩ একর জমির খাজনা মকুব করার যে ব্যবস্থা আমরা গ্রহণ করেছি তাতে চাষীরা খাজনার দাখিলা এক্সটেন-শান অফিসারের কাছে দেখাতে পারে না। এই ব্যবস্থা যাতে সংশোধিত হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশিশিরকুমার ইসোর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমষ্টি উন্নয়ন মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করি। এই প্রসঙ্গে আমি কিছু কিছু বক্তব্য রাখার প্রয়োজন মনে করছি। আজকে যে কমিউনিটি প্রোজেক্ট এবং সমষ্টি উন্নয়ন সংস্থা আছে সেটা বহু অবস্থার মধ্য দিয়ে বর্তমান অবস্থায় এসেছে। এই সম্বন্ধে বহু সমালোচনা হয়েছে, বহু দোষ ত্রুটির মধ্য দিয়ে আজকে এই অবস্থায় এসেছে।

[5-00—5-10 p.m.]

একটা জিনিস পরিষ্কার এবং আমরাও অনুভব করছি যে সমষ্টি উন্নয়ন সংস্থা মানুষের জীবনে, গ্রাম বাংলার জীবনে একান্তই প্রয়োজনীয়। আজকে এই সমষ্টি উন্নয়ন সংস্থা নাহলে যে চলবে না এটা প্রত্যেক মানুষই অনুভব করেন। যে বহুবিধ পরিকল্পনা নিয়ে এই সমষ্টি উন্নয়ন সংস্থা প্রথম প্রতিষ্ঠিত হয়েছিল সেই পরিকল্পনা সম্পূর্ণ স্বার্থক না হলেও একেবারে যে ব্যর্থ হয়েছে একথা বলা চলে না। আমরা দেখেছি এটা অনেকাংশেই স্বার্থক হয়েছে। বর্তমান সমষ্টি উন্নয়ন সংস্থাগুলির কতগুলি জিনিস আলোচনা করা প্রয়োজন যে জিনিসগুলির অভাব আমরা অনুভব করি। উন্নয়নের বিভিন্ন দিক এই সমষ্টি উন্নয়ন সংস্থার উপর ন্যস্ত আছে। কিন্তু সেই অনুযায়ী এদের জন্য কোন অর্থ বরাদ্দ করা হয়নি বলে উন্নয়নমূলক কাজ যেভাবে হওয়া উচিত সেগুলি আমরা এই সংস্থার মাধ্যমে করিয়ে নিতে পারছি না। আজকে বাংলাদেশে জনপ্রিয় সরকার গঠিত হয়েছে এবং এটা দেখা গেছে যে এই জনপ্রিয় সরকার গঠিত হবার আগে যে লোক্যাল সেলফ ডিপার্টমেন্ট বা স্বায়ত্ত-শাসন বিভাগগুলি ছিল তাদের কার্যভার এই সমষ্টি উন্নয়ন ব্লকের উপর ন্যস্ত এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজ এই ব্লকের উপর ন্যস্ত। কিন্তু আজকে এই ব্লক পরিচালনার জন্য যে অর্থ ব্যয় হয়, কর্মচারীদের পোষণের জন্য যে অর্থ ব্যয় হয় আজকে সমষ্টি উন্নয়ন সংস্থায় যে ডেভেলপমেন্ট ওয়ার্ক হয় তারজন্য সেই তুলনায় অর্থ ব্যয় হয় বলে আমার মনে হয় না। বর্তমানে যে কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক রয়েছে সেগুলিকে এ্যাডমিনিসট্রেশনের বেস্‌ড্‌ ইউনিট হিসাবে ধরে নেওয়া যায়। মন্ত্রী মহাশয় কিছুক্ষণ আগে বলেছেন যে লোয়েষ্ট ইউনিট হিসেবে ধরে আজকে সমস্ত কাজ হচ্ছে। এই প্রসংগে আমার কনস্টিটিউএনসির কথা এসে পড়ে এবং সেই প্রসংগে কিছু বলতে চাই। সাধারণতঃ ৭০/৮০/৯০ হাজার লোক নিয়ে একটা ব্লক গঠিত হয়। কিন্তু আমার এলাকার একটি ব্লক রয়েছে এবং তার ফলে

সেখানকার সাধারণ মানুষ নানাভাবে বঞ্চিত হতে চলেছে। রাইটার্স বিল্ডিংস থেকে অনুমোদন দেওয়া হয়েছে টিউবওয়েল দেওয়া হবে। আমাদের ওখানে একটি ব্লকে মাত্র ৩৫টি টিউবওয়েল দেওয়া হল অথচ সিতাইতে ৬০/৭০ হাজার লোকের মধ্যে ৬০টি টিউবওয়েল দেওয়া হল। আমি মনে করি অনেক দিক থেকে পপুলেসনের ভিত্তিতে এই কাজ পরিচালনা হওয়া দরকার। এই বিষয়ে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সমাজ উন্নয়নের জন্য এর যে প্রয়োজনীয়তা আছে এবং সমাজের নানা উন্নয়ন মূলক কাজ করতে গেলে এর যে দরকার আছে সে কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহাদেব মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে সমষ্টি উন্নয়ন দপ্তরের যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন সেটা আমি সমর্থন করছি। সমর্থন করতে উঠে আমি দু একটি কথা বলতে চাই। সমষ্টি উন্নয়ন-এর মাধ্যমে সত্যিকারের গরিব জনসাধারণের প্রকৃত উন্নতি হয়েছে তা আমি মনে করি না। আজ গরিব জনসাধারণের সমষ্টি উন্নয়নের যে মূল কথা যে সোশ্যাল এডুকেশান সেন্টার নিরক্ষরতা দূরীকরণ, আমাদের দেশের অজ্ঞ মানুষ যারা আছে তাদের সামাজিক শিক্ষা দেওয়া তা খুব বেশী দূর এগিয়েছে বলে আমি মনে করি না। এর ভেতরে যে আনন্দের ব্যবস্থা ছিল দেখা যাচ্ছে সেখানে কিছুই হচ্ছে না। আমাদের ওখানে সোশ্যাল এডুকেশান সেনটার এখনও হয়নি। আমি যে ব্লক থেকে দাঁড়িয়েছি—পুঁড়শুড়া ব্লক, সেখানে স্যালো টিউবওয়েল অনেক হয়েছে, ব্লকের মাধ্যমে কৃষি খাতে ব্যয় হয়েছে যার জন্য স্যালো টিউবওয়েল বসেছে, আরামবাগ মহকুমাতে প্রায় ৭০০ স্যালো টিউবওয়েল বসেছে কিন্তু শুধু স্যালো টিউবওয়েল বসলেই হবে না বিভাগীয় দিক থেকে দেখা যাচ্ছে কোন সমন্বয় নাই, যারজন্য আমরা যে বৈদ্যুতিকরণের কথা বলছি, সেটা এত দীর্ঘসূত্রতা এবং যদি সত্যি বৈদ্যুতিকরণ করা হয় তাহলে আমি বিশ্বাস করি সবুজ বিপ্লব হবে। আজকে সমষ্টি উন্নয়নের মাধ্যমে সেখানে যদি স্যালো টিউবওয়েলগুলিতে বৈদ্যুতিকরণ করা হয় এবং যে সমস্ত ডিপ টিউবওয়েল করা হয়েছে সেগুলিতেও বৈদ্যুতিকরণ করা হয়নি, যদি এই সমস্তগুলিতে বৈদ্যুতিকরণ করা যায় তাহলে সবুজ বিপ্লব হবে বলে আমি বিশ্বাস করি। পাওয়ার মিনিষ্টার যেভাবে বৈদ্যুতিকরণের ব্যবস্থা করছেন তাতে আমি খুব একটা আশা দেখছি না। কাজেই পারস্পরিক বিভাগীয় দিক থেকে যদি কাজের অগ্রগতি না হয় তাহলে আমরা যতই স্বপ্ন দেখি না কেন তা সার্থক হবে বলে আমি মনে করি না। তারপরে আমাদের গরিব দেশের জন্য যে ওয়ার্কশপের কথা বলা হয়েছে আমাদের ওখানে একটা ওয়ার্কশপও হয়নি, আমাদের ওখানে যত ডিপ টিউবওয়েল এবং রিভার পাম্প বসানো হয়েছে এবং সেই সমস্ত মেকানিকের কাজ এবং যন্ত্রপাতির কাজ মেরামতির কাজ করে ওয়ার্কশপ চালু করা যায় তাহলে গ্রামের বহু স্থানীয় বেকার লোকের কাজ হতে পারে। আমার কেন্দ্রে ১১০টি রিভার পাম্প বসেছে এবং ১২৫টী ডিপ টিউবওয়েল বসেছে। কিন্তু সেখানে এখনও পর্যাপ্ত কোন লোক নিয়োগ করা হয়নি। সেখানে যন্ত্রপাতি সব পড়ে আছে কিন্তু লোক নিয়োগের কোন ব্যবস্থা হচ্ছে না। সেখানে যদি সিলেকশান কমিটি করে চিফ ইঞ্জিনিয়ার, এসিসটেন্ট ইঞ্জিনিয়ার, এস ডি ও, এম. এল. এ এবং সরকার মনোনিত প্রতিনিধি নিয়ে যদি সিলেকশান কমিটি করা হয় তাহলে যে ১০০ মত ভেকেনসী আছে তাতে স্থানীয় বেকার ছেলেদের চাকরি হতে পারে। সরকারের বিভিন্ন অনেক কমিটি হয়েছে, কিন্তু সিলেকশান কমিটি হয়নি, তাই মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে আপনারা যে সবুজ বিপ্লবের কথা বলছেন যদি তাড়াতাড়ি বৈদ্যুতিকরণের ব্যবস্থা করা হয় তাহলে সবুজ বিপ্লব ত্বরান্বিত হবে। সেইজন্য আমি আপনাদের সচেষ্ট হতে অনুরোধ করছি এবং এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p m.]

**শ্রীপ্রবোধ কুমার সিংহরায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় তাঁর বিভাগের যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে ২।১টি কথা, এই বিভাগের অবস্থা সম্প্রতিকালে যা দেখেছি এবং গত পাঁচ বছরে যা দেখেছি সেগুলি বিবেচনা ও বিচার করার জন্য আলোচনা করছি। আজকে দেশের শতকরা ৮০ ভাগ জনসাধারণের গ্রাম বাংলায় বসবাস করে যেদিন এদের কল্যাণ করবার কর্মসূচী নিয়ে এই সমষ্টি উন্নয়ন সংস্থাগুলিকে ব্লকের পর্যায়ে প্রতিষ্ঠিত করা হলো সেদিন গ্রাম বাংলার মানুষেরা এর পাশে যারা এসে দাঁড়িয়েছিল এবং এই সমষ্টি উন্নয়ন সংস্থাগুলির উপর ভরসা করেছিল কিন্তু আজকে গত '৬৭ সালের পর থেকে কি কারণে, কেন আজকে মানুষ আর এর উপর ভরসা রাখতে পারছে না একথা অনুসন্ধান করে দেখবার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর কাছে বিশেষ করে অনুরোধ রাখছি। আমি যা দেখেছি তাতে '৬৭ সালের পর থেকে এই বিভাগের কর্মচারীদের যে কার্যকলাপ বিশেষ করে আমি আমার নির্বাচনী এলাকা কুমারগঞ্জ ব্লকের কথা বলতে পারি, গ্রাম বাংলার অধিকাংশ সংস্থাগুলির একই অবস্থা, আমরা দেখেছি জনসাধারণের প্রকৃত সেবক হচ্ছে গ্রামসেবক, এরা '৬৭ সালের পর দুর্নীতির এমন স্তরে গিয়ে পৌঁছায় যে মানুষের সব প্রতিশ্রুতি ভুলে গিয়ে তারা পার্টিবাজী সুরু করে। সরকারের বিরুদ্ধে, বর্তমান সরকারের বিরুদ্ধে বিশেষ বিশেষ রাজনৈতিক দলের সক্রিয় কর্মী হিসাবে খাতায় নাম লেখায়। অত্যন্ত দুঃখের কথা মানুষ বিশেষ প্রয়োজনে যখন এই সমস্ত কাছে ছুটে গিয়েছে তখন দেখা গিয়েছে এই সব গ্রামসেবকরা গ্রাম থেকে গ্রামান্তরে পার্টির কাজে ঘুরে বেড়াচ্ছে, তাদের প্রচারে ঘুরে বেড়াচ্ছে। আপনাকে কয়েকটি দৃষ্টান্ত দিই—গত নির্বাচনের সময় এই সংস্থার কর্মিগণ, গ্রুপ লোন প্রভৃতি সরকারী অর্থ নিয়ে যথেচ্ছভাবে ছিনিমিনি খেলেছে। গ্রামে-গ্রামে রাতের অন্ধকারে মানুষকে গিয়ে বলেছে যে কম্যুনিষ্ট পার্টিকে যদি ভোট দাও তাহলে তোমাদের লোন স্যাংশন করাব, এমন কথা দাও। বহু জায়গায় আমাদের কর্মীরা ঘুরে ঘুরে তাদের ধরেছে। এমন কি লিখে পর্যন্ত দিয়েছে যে হাঁ, তারা অন্যায় করেছে। অনেক ঘটনা আমার এলাকার ভিজিলেন্স কমিশনকে দিয়েছি এখন আবার এই অধিবেশনে মন্ত্রীমহাশয়ের দৃষ্টিগোচরে আনতে চাই। মিথ্যা সাক্ষী দিয়ে লোককে প্রতারিত করা হয়েছে। শুনলে আশ্চর্য হবেন যে গ্রুপ লোন স্যাংশন অন্য লোকের নামে করিয়ে সেই সব টাকা আত্মসাৎ করা হয়েছে। এর চেয়ে লজ্জার কথা এই বিভাগের আর কিছু আছে কিনা জানিনা। আর একটা কথা মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টিগোচরে আনতে চাই। এই বহুমুখী উন্নয়ন যদি করতে হয় তাহলে বিভাগীয় সমন্বয় থাকা দরকার এর অভাব আছে। এই কারণে আমি আপনার কাছে কয়েকটি সাজেশন রাখতে চাই সেটা হচ্ছে যে B.D.O should be absolutely the direct controlling officer over all Extension Officers.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার কয়েকটা সাজেশান আপনার মাধ্যমে রাখতে চাই যাতে এই প্রতিকূল অবস্থার উন্নতি হয়। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এটির প্রতি নজর দেবেন। সকল সম্প্রসারণ কর্মচারীদের direct controlling officer যদি B.D.O. হতেন তাহলে ভাল হত। আমার আর একটা সাজেশান যে ব্লকের বরাদ্দের টাকা মার্চ মাসের শেষে তাড়াহুড়া করে বন্টন না করে এটা যাতে যথাযথ ভাবে বন্টন করা হয় তার চেষ্টা করা ও এই তাড়াহুড়া করে বণ্টনের চেষ্টা রহিত করতে হবে। আমার তৃতীয় সাজেশান হচ্ছে যে ঐ সকল ব্লক কর্মচারীকে বাড়ীতে নিশ্চয়ই থাকতে হবে এবং এই সম্পর্কে বাড়ীভাতা সংক্রান্ত নিয়মের কিছু পরিবর্তন সংস্কারের কথা বিবেচনা করা উচিত যে কথা মাননীয় সদস্যরা তুলে ধরেছেন এবং আমিও বলতে চাই, কারণ নিজের এলাকায়

এ জিনিষ দেখেছি। নিজের বাড়ীতে অথবা ভাড়া বাড়ীতে থাকলে কর্মচারীরা ভাড়ার টাকা পান, কিন্তু ব্লকের বাড়ীতে থাকলে তাদের উলটে ভাড়ার টাকা কেটে নেওয়া হয়, তারা ভাড়া বাবদ কোন টাকা পান না। এখানে আমার বক্তব্য হচ্ছে যে, এখানে ভাড়া না কাটা না দেওয়ার নীতি হওয়া উচিত। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলতে চাই যে গ্রামসেবকদের অবশ্যই নিজ নিজ এলাকায় থাকতে হবে। এবং এ ব্যাপারে একই জায়গায় যাঁরা বহুদিন আছেন তাদের কথাও এর সঙ্গে ভাবতে হবে। এই সঙ্গে আমি আর একটি কথা বলতে চাই যে সমষ্টি উন্নয়ন অফিসগুলিতে দীর্ঘ দিন ধরে যে সমস্ত পদ খালি আছে এবং যে সমস্ত অসুবিধা আছে সেগুলির প্রতি নজর দেওয়া উচিত। এটা দেখা উচিত যে কোন ক্ষেত্রেই যাতে সম্প্রসারণ অফিসারের পদ খালি না থাকে। আমাদের অর্থ যখন সীমিত যখন বেশী অর্থ ব্যয় করা সম্ভব নয়, তখন আমি অনুরোধ করবো যে জাতীয় ব্যাঙ্কগুলির শাখা প্রতি ব্লক এলাকায় খুলে যাতে চাষীরা তার মাধ্যমে সুযোগ সুবিধা পায় সেই কর্মসূচীকে দ্রুত রূপায়িত করার ব্যবস্থা করা হোক এই অনুরোধ রেখে ব্যয় বরাদ্দের দাবী সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Prem Oraon :**

माननीय डिप्टी स्पीकर महाशय, इस ब्लाक डवलपमेण्ट को कार्य करते हुए, लगभग २० वर्ष बीत चुका है। जिस समय इस विभाग ने काम शुरु किया था, उस समय ग्राम ग्राम में किसान भाइ लोगों को—मजदूर भाई लोगों को खूब खुशी हुई थीं। लेकिन बड़े दुख के साथ बोलना पड़ता है कि ब्लाक के कर्मचारी —बीं० डी० ओ० या ग्राम पंचायत या ग्राम सेवक इत्यादि ठीक से काम नहीं कर सके। सरकार ने कहा था कि ग्राम ग्राम में नाइट स्कुल चालू होगा लेकिन बड़े दुख की बात है कि नाइट स्कुल जो खुले थें, वे बन्द होने जा रहे हैं। किसान लोग जो सी० पी० लोन, सार लोन और ग्रूप लोन के लिए पीटीशन करते हैं, उसके लिए बी० डी० ओ० आफिस बार बार उन्हें जाना पड़ता है। किन्तु बार बार जाने बावजूद बो० डी० ओ० दोष लगा देते हैं, ग्राम पंचायतके उपर। लाचार होकर किसान दूसरी ओर देखने लगता हैं और वह जोतदार के साथ संबंध करने लगता है। जब बी० डी० ओ० आफिस से उसे लोन नहीं मिलता हैं तो वह लाचार होकर जोतदार से लोन लेता है। जोतदार से जब किसान भाई ३० रु० लोन लेता है, तो उसे उसके बदले में ३० रु० मन पाट देना पड़ता है। अभी मैं कल-परसों मे जलपाईगुड़ी डिस्ट्रिक् से इस तरह की बातें सुनकर आया हूं। विधाम सभा के मेंम्बर होने के कारण मुझे इस बात को विधान सभा में बोलना पड़ता है। अगर किसान भाई जोतदार से ३० रु० लेना है तो उसके बदले में उसे ३० रु० मन पाट देना पड़ता है। और आज के जमाने में बाजार में पाट ३० रु०—३५ रु० मन बिकता है। मैं समझता हूं, इन्हीं सब कारणों से किसानों की हालत दिन पर दिन खराब होती जा रही है। लोन के बिषय में ब्लाक आफिस के

अन्दर जाने पर बी० डी० ओ० रुपया नहीं देते हैं, कहते हैं कि मैं रुपया कहाँ से, दूँ। मैं सरकार से अनुरोध करता हूं कि वह इधर नजर दे और गरीब किसान भाइयों को आवश्यकताये पुरी करे। सरकार की ओर से लोन न मिलने के कारण किसानों की जमीन उनके पास से चली जा रही है। लोन न मिलने के कारण वह ठीक ढंग से काम भी नहीं कर पाता हैं।

हम हमारी कंस्टिटयूएन्सी मेटली की बात कहना चाहते हैं। वहाँ जंगल है—फोरस्ट हैं, इसलिए किसानों के घर को हाथी आकर जाएगिर देते है किन्तु देखा गया है कि २-३ महीना बीत जाता हैं: फिर भी बी० डी० ओ० की तहफ से कोई इन्तजाम नहीं होता है। जलपाईगुड़ी में नगराकाटा फारेस्ट के किनारे होने के कारण हाथी आकर घर गिरा जाते हैं, इसके लिए बार-बार अनुरोध करने पर भी सरकारकी ओर से किसी तरह का सहयोग नहीं मिलता हैं। सरकार को इस ओर फौरन ध्यान देना चाहिए।

मैं सरकार से अनुरोध करुँगा कि वह नाइट स्कुल को ग्राम-ग्राम में जरूर खोले। क्यों कि हम लोग आपने बच्चों को दिन में पढ़ा नहीं सकते हैं। रास्ता-घाट भी अच्छा नहीं हैं, साथ ही रास्ते में छोटी छोटी नदियाँ पड़ती हैं, जिनको पार करके बच्चे ४—५ मील की दूरी पर स्कुल जा नहीं सकते हैं।

किसान भाई लोग जब बी० डी० ओ० आफिस में जाते हैं तो बी० डी० ओ० का वे लोग दर्शन तक नहीं कर पाते हैं। जब कि बी० डी० ओ० ब्लाक आफिस में बैठे रहते हैं। किसान जब लोन के लिए पीटीशन करता हैं तो उसे बी० डी० ओ० आफिस से क्योंनहीं मिलता हैं? उसे बी० डी० ओ० क्यों नहीं देते है—क्यों टाल-बहाना करते हैं? किसान लोग जलूस लेकर बी० डी० ओ० आफिस में गये और माँग किस कि उन्हें शी. पी. लोन—सार लोन और ग्रप लोन जरुर मिलना चाहिए। मगर बी० डी० ओ० उनसे देखा न करके भाग गये। लाचार होकर किसान लोग जलूस लेकर चले आये। मैं सरकार से अनुरोध करुँगा कि वह इधर नजर दे ता कि बी० डी० ओ० ब्लाक आफिस में बैठे रहने पर किसानों की सुने और उनके दुख-दर्द को दूर करने की कोशिश करें।

ऐसा देखा गया हैं कि ग्राम पंचायत के कुछ अध्यक्ष लोग कुछ रुपया मंजूरी करा लेते हैं और वह रुपया जिसे मिलने का हक होता हैं, उसे नहीं मिलता हैं बाल्के अध्यक्ष आपने आपसी आदमी को रुपया देते हैं। इस तरह में गरीब किसान भाई को

जिसे लोन की जरूरत होती हैं, उसे लोन नहीं मिलता हैं। इसी लिए मुझे आज यहाँ बोलता पड़ा हैं। इसके लिए मैं हिंसा नहीं करता हूं और ततो बिरोध ही करता हूं। मगर इतना अबश्य कहूंगा कि गरीब किसान भाइयों को लोन जरुर मिलना चाहिए। सरकार की और से सहयोगिता मिलने पर गरीब किसानों का दुख-दर्द दूर होगा और किसान जापनी उन्नति कर सकेगा-उसकी जमीन उसके पास रह जायगी।

इतना ही बोलकर मैं इस बजट का समर्थन करता हूं।

[5-20—5-30 p.m ]

**শ্রীকান্তিরঞ্জন চ্যাটার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের প্রিয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন সেটাকে আমি সমর্থন জানাই এবং সমর্থন করতে গিয়ে এই কথা বলছি যে আমরা সমাজতান্ত্রিক পথে সমাজকে আগিয়ে নিয়ে যাচ্ছি। এবং তার বলিষ্ঠ পদক্ষেপ হিসাবে ১৯৫২ সালে এই সমষ্টি উন্নয়ন পরিকল্পনার সৃষ্টি হয়। মহাত্মা গান্ধী বলেছিলেন যে ভারতবর্ষের ৭ লক্ষ গ্রামের মধ্যে এই উন্নয়ন পৌঁছে দিতে হবে এবং তার প্রচেষ্টাও কিছুটা সার্থক হয়েছে—আজ প্রায় ৫ লক্ষ গ্রামে এই সমষ্টি উন্নয়ন ব্লক হয়েছে। কিন্তু দুঃখের বিষয় সেখানে যে পরিকল্পনা চালিয়েছে তাতে সমস্তই আছে—কিন্তু ঐ নৈবিদ্যের মত সমস্ত স্তরের কিছু কিছু দেওয়া আছে। আসলে তার উন্নয়ন সম্যকভাবে হচ্ছে না।

আজকে যে নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা গ্রামকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি সেই দৃষ্টিভঙ্গীতে আমি মনে করি আমাদের বর্তমান পরিকল্পনার কিছু সংশোধন দরকার। আজ কিছু কিছু বক্তা বলে গিয়েছেন যে আমাদের বর্তমান সমাজ উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে যে সব কাজ করা হয় তা বহুবিধ এবং বি. ডি. ও-দের প্রকৃতপক্ষে লোন দেওয়া, এগ্রিকালচারের কাজ করা, এত বহুবিধ কাজ করতে হয় যাতে কোন কাজই সুষ্ঠভাবে হয় না। তাই আমি মনে করি যেমন ইণ্ডাস্ট্রীর বেলায় ঐ ইনফ্রাষ্ট্রাকচারের মতন আমাদের সমাজ কল্যাণ করতে হলে মৌলিক কিছু করতে হবে। গ্রামের প্রাইমারী শিক্ষাকে আজকে ব্লকের উন্নয়নের হাতে দেওয়া দরকার। গ্রামের যে রুরাল হাউসিং আমরা লক্ষ্য করেছি বন্যায় বাড়ী ভেঙ্গে গিয়েছে, সরকার থেকে টাকা এসেছে, ১০/১৫/২০/১০০ টাকা করে আমরা দিয়েছি, কিন্তু ঘরের সমস্যার সমাধান হয়নি। কাজেই গ্রামের উন্নয়নকল্পে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নেওয়া দরকার, মৌলিক দৃষ্টিভঙ্গী নেওয়া দরকার। গ্রামের লোকের সঙ্গে শহরের লোকেরা যোগাযোগ যাতে করতে পারে সেটা দেখা দরকার। তাছাড়া প্রতিটি ব্লকে একটি করে শিক্ষাকেন্দ্র এমনভাবে গড়ে তোলা দরকার যাতে করে কৃষিশিক্ষা দেওয়া যেতে পারে। কাজেই গ্রামের হাউসিং, ইলেকট্রিসিটি, প্রাইমারী এডুকেশান এই ব্লকের মধ্যে যদি আনা যায় তাহলে যে উদ্দেশ্য নিয়ে আমরা এগিয়ে চলেছি আগামী দিনে তা আমরা সফল করতে পারবো। স্যার, এই দিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করে তাঁর ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীআব্দুস সাত্তার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমষ্টি উন্নয়ন খাতে ব্যয় বরাদ্দের উপর মাননীয় যেসব সভ্য বক্তব্য রেখেছেন আমি মনোযোগ সহকারে তা শুনেছি। তাঁরা যে সব অভিযোগ করেছেন আমি বলছি না যে সমস্ত অভিযোগই অসত্য। এটা ঠিক, আমিও গ্রামে

বাস করি, এই ব্লকের অনেক কর্মচারীর বিরুদ্ধেই গ্রামের মানুষের অনেক অভিযোগ আছে। এটা অস্বীকার করে লাভ নেই। আমাদের মাননীয় সদস্য গৌতমবাবু যে কথা বলেছেন যে ১৯৬৭ সালে এটা একটা বিশেষ রাজনীতির কর্মস্থল হয়ে পড়েছিল, গ্রামের কাজ ছেড়ে দিয়ে তারা রাজনীতিতে মত্ত হয়ে পড়েছিলেন আমার মনে হয় এটা অনেকটা সত্য। যে উদ্দেশ্যে কমিউনিটি ডেভালপমেন্ট প্রজেক্ট নেওয়া হয়েছিল সেই উদ্দেশ্য ব্যাহত হয়েছে অস্বীকার করছি না। কিন্তু তার সঙ্গে আমি বলব যে আশানুরূপ না হলেও আজকে সমস্ত প্রশাসনকে যদি দেখা যায়, একেবারে গোড়ার দিক থেকে যদি দেখা যায় তাহলে ব্লক ছাড়া প্রশাসনকে চিন্তা করা যায় না। আজকে গ্রামের যে উন্নতি, যে-কোন বিভাগ থেকেই হোক না কেন, বি. ডি. ও. ও তাঁর বিভিন্ন এক্সটেনসান অফিসার আছেন তাঁদের সাহায্যেই করতে হয়। ব্লকের মাধ্যমে যে কাজ এই কাজ করতে গিয়ে গ্রামের অনেক মানুষ অনেক সময় দেখেছেন যে তারা সেখান থেকে সহযোগিতা পান না। আমি এ ব্যাপারে বলছি যে কিছু কিছু কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ আছে এবং সেটা সত্য। তবে যে সমস্ত কর্মচারীর কথা আমরা বলছি তারা কেউ আমাদের ভাই, কেউ বন্ধু, কেউ ছেলে, তারা সেখানে আছেন।

[5-30—5-40 p.m.]

আজকে গ্রামের সর্বাঙ্গীণ উন্নতির জন্য নিজেরা যদি সেইভাবে ফিলজফি গ্রহণ না করেন তাহলে আমি বলব আপনারা সেই রকম অভিযোগ নিয়ে আসুন সেই সমস্ত অফিসারদের সেই ব্লকেই রাখবো না। আমরা চাই ব্লকে যারা থাকবেন তারা গ্রামের লোকের সঙ্গে সহযোগিতা করে কিভাবে গ্রামের মানুষের উন্নতি হয়, কিভাবে গ্রামে যে সমস্ত উন্নয়নমূলক কাজ আছে তার নির্দেশ দেওয়া যেতে পারে এই ব্যাপারে তারা সাহায্য করবেন। কিন্তু এই ব্যাপারে অনেক বাধা বিপত্তি হয়েছে আমরা জানি। তবুও বলছি গ্রামের মানুষ আজকে জেগেছে, কৃষি কাজের পদ্ধতি পাল্টাচ্ছে দিন দিন এবং আমরা উচ্চ ফলনশীল বীজ লাগিয়ে ফসল উৎপাদন করার জন্য চেষ্টা করছি। ফার্টিলাইজার লোন, ইত্যাদি বিভিন্ন রকম লোন আজকে ব্লক থেকে আসছে এবং সেখানে এসে তারা খোঁজ খবর নিচ্ছে। গ্রামের মানুষের যাতে কোন রকম অভিযোগ না থাকে সেই জন্য আমরা একটি ব্লক ডেভেলোপমেন্ট কমিটি করেছি যেখানে তারা প্রধান থাকবেন এবং প্রত্যেক অঞ্চল থেকে একজন করে প্রতিনিধি থাকবেন, যারা এইসমস্ত উন্নয়নমূলক কাজ কিভাবে হচ্ছে না হচ্ছে মাসে একদিন মিটিং করে ব্যবস্থা অবলম্বন করবেন এবং সেখানকার যিনি লোকাল এম. এল. এ. আছেন তিনি কিম্বা তাঁর নমিনি সেখানে থাকবেন। এইভাবে আমরা ব্যবস্থা নিয়েছি। এছাড়া আপনারা জানেন রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম অনুসারে যেভাবে জল সরবরাহ হত সেটার পদ্ধতিও আমরা পাল্টেছি। এখন সেটা ব্লকের উপর ভার দেওয়া হয়েছে। আমি আমার বক্তব্যের মধ্যেই বলেছি এই পদ্ধতি পাল্টানোর ফলে দেখা গেছে আগে যেটা সম্ভব হয়নি এখন সেটা সম্ভব হয়েছে, যার সংখ্যা আমি আপনাদের দিয়েছি এ পর্যন্ত যে হিসাব পাওয়া গেছে তাতে ৫ হাজার ৩৭২টি নতুন নলকূপ ব্লক ডেভেলাপমেন্ট অফিস মারফত বসেছে এবং এর সঙ্গে সেই ব্লকের যারা প্রতিনিধি কিম্বা সেই ব্লকের জনগণ সেই কাজে সহযোগিতা করেছেন। আর ৩৩৮টি বসানোর কাজ চলছে। আর রি-সিংকিং-এর সংখ্যা হল ৪ হাজার ১৮টি এবং আরো ৩৪৭টি রি-সিংকিং-এর কাজ চলছে। এছাড়া মেরামতের মোট সংখ্যা হল ১৬ হাজার ৩৫৪টি। এছাড়া ৮৯৫টি পাকা কূপ তৈরী করা হয়েছে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** অন এ পয়েন্ট অব ইনফর্মেশন স্যার, আমি যে স্কীমটির কথা বলেছি সেটা আপনি গ্রহণ করেছেন, না বর্জন করেছেন সে সম্বন্ধে একটু বলবেন।

**শ্রীআব্দুস সাত্তার :** এইভাবে বিভিন্ন নলকূপ বসানোর কাজ চলছিল। মাননীয় সদস্য যে কথা বলেছেন সে সম্বন্ধে এটুকু বলছি যে অনেক স্কীমই আছে এবং আমি আনন্দের সঙ্গে বলছি যে অনেক স্কীমের কথা আপনাদের কাছে জানিয়েছি। বাঁকুড়াতে যে মারজিন্যাল ফারমার'স স্কীম আছে, আপনি নিজে সেখানকার সভ্য আছেন, তার অবস্থা আপনি ভালই জানেন। আমি বলছি বাঁকুড়া ও পুরুলিয়ায় ফারমার'স স্কীম হয়েছে ১৩ হাজার ৬৩৭টি এবং সেখানে গভর্নমেণ্ট কন্ট্রিবিউশন এখন পর্যন্ত স্যাংসান হয়েছে ১১ লক্ষ ১৫ হাজার টাকা এবং খরচ হয়েছে ৮ লক্ষ ৯৪ হাজার টাকা। সর্ট টার্ম লোন পাওয়া গেছে ১ লক্ষ ৮৬ হাজার টাকা এবং এমনি টার্ম লোন হচ্ছে ২ লক্ষ ১৪ হাজার টাকা। ব্যাঙ্কের ব্রাঞ্চ না থাকার ফলে সেখানে এই লোন আসছে না, সেই হিসাবে কিছু বাধা বিঘ্ন ঘটছে এবং ৫টি জেলায় এই সমস্ত প্রোজেক্ট আছে। বাঁকুড়া ও পুরুলিয়া স্মল মার্জিন্যাল ফারমার'স প্রোজেক্ট, দার্জিলিং, ওয়েষ্ট দিনাজপুর ও হুগলীতে এই স্মল ফারমার'স প্রোজেক্ট আছে এবং প্রতিটি প্রোজেক্টের জন্য মারজিন্যাল ফারমারসের ব্যাপারে ১ কোটি টাকা সেনট্রাল গভর্ণমেণ্ট থেকে স্যাংসান আছে এবং স্মল ফারমারসদের জন্য ১৷৷ কোটি টাকা। এই টাকা ব্যাঙ্কের ব্রাঞ্চ থেকে পেতে অসুবিধা হচ্ছে যেহেতু তাদের ল্যাণ্ড নেই এবং আমরা এখন সেই অসুবিধা কাটিয়ে উঠেছি। কেন না এখন ল্যাণ্ড মর্টগেজ না দিয়েও ২৷৷ হাজার টাকা পর্যন্ত ব্যাঙ্ক লোন পেতে পারবে, এটা সেদিনকার মিটিং-এ ঠিক হয়েছে।

সুতরাং আমি একথা বলছি যে scheme আমরা নিয়েছি সেই scheme-এ কাজ হবে আশা করি। তাছাড়া আমরা crash programme হাতে নিয়েছি তাতে প্রায় ৬ কোটি টাকার মত আছে। এই ৬ কোটি টাকায় আশা করি গ্রামে যে সমস্ত বেকার আছে তাদের খানিকটা সমস্যার সমাধান হবে। প্রতি ব্লকে একশত জন করে লোক যাতে ১০ মাস কাজ পায় এই programme সামনে রেখে, এই প্রকল্প নেওয়া হয়েছে। আমরা যে কাজ হাতে নিয়েছি আমাদের plan period-এর ভিতরে আমরা সেই টাকা খরচ করতে সক্ষম হবো। এ ছাড়া আরো অনেক programme আছে সেটা ব্লকের মাধ্যমে আমরা করছি। ব্লকে দোষত্রুটি আছে তা সত্ত্বেও আমি বলছি ব্লকে যে কাজগুলি এখন হচ্ছে আমার মনে হয় এতে গ্রামের লোকের সঙ্গে নিশ্চয়ই একটা সম্পর্ক সহযোগিতা গড়ে উঠতে পারবে, এই বিশ্বাস আমার আছে। তবে এইটুকু মাননীয় সদস্যদের বলতে চাই আজকে সমষ্টি উন্নয়নের যে সহযোগিতা আমাদের সভার দেখছেন প্রায় হাউস ফাঁকা হয়ে গেছে। কাজেই এখানে যদি সহযোগিতা না থাকে তাহলে ব্লকের লোকজনের সহযোগিতা পাওয়া কঠিন হবে। তাই আমি বলছি সমষ্টি উন্নয়নের যে বাজেট সেখানে মাননীয় সভ্য যারা গ্রাম থেকে এসেছেন অধিকাংশই গ্রামের সদস্য আজকে এখানে অনুপস্থিত। তারা আজকে গ্রামের প্রতিনিধি হয়ে এসেছেন, সুতরাং আজকে তাদের যদি গ্রামের community development এর কাজ সম্পর্কে এই ধারণা হয় তাহলে গ্রামের লোকের পক্ষে এটা সম্ভব হবে না। সেজন্য বলছি এই বাজেট আলোচনার সময় কোরাম থাকতে না পারে, কিন্তু আমি আশা করেছিলাম গ্রাম থেকে যারা এসেছেন, যাদের সঙ্গে এই ব্লকের সম্পর্ক আছে তাদের grievanceটা অন্ততঃ এখানে ভাল করে জানাতে পারবেন। কিন্তু দেখা যাচ্ছে হাউস ফাঁকা, শুধুমাত্র কোরামের যত সংখ্যা আছে এটা অত্যন্ত দুঃখের কথা। তাই বলছি আপনারা ব্লকের সঙ্গে সহযোগিতা করুন। যদি কোন রকম দুর্নীতি দেখতে পান তাহলে বলুন নিশ্চয়ই তার প্রতিকার হবে। আমরা চাই যে সমস্ত মানুষ এখনও উন্নয়নের সুযোগ পায়নি তারা যাতে পায় সেই চেষ্টা আমাদের সকল সভ্যদের করার জন্য আহ্বান জানাচ্ছি। এই কথা বলে এই ব্যয়বরাদ্দকে মঞ্জুরী করার জন্য আপনাদের কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমনোরঞ্জন প্রামানিক ঃ** স্যার, অন এ পয়েন্ট of previlege. মাননীয় মন্ত্রী আব্দুস সাত্তার মহাশয় বললেন যে. সদস্যরা হাউসে উপস্থিত নেই। এর একটা কারণ আমি বলতে পারি। আমরা দেখতে পাচ্ছি হাউস একটার সময় আরম্ভ হয় এটা যদি ১১টার সময় আরম্ভ করা হয় তাহলে সুবিধা হয়।

**Mr. Deputy Speaker** : Mr. Pramanik, after the Minister's speech no point of order or anything like that can be raised. I would not allow it Please take your seat.

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abdus Sattar that a sum of Rs 9,50,68,000 be granted for expenditure under Grant No. 29, Major Heads : "37—Community Development Projects, National Extension Service and Local Development Works" "109—Capital Outlay on other Works—Community Development Projects,—National Extension .Service and Local Development Works, and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works'', was then put and agreed to.

[5-40—5-50 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ এই পয়েন্টটা কালকে আমি তোলবার চেষ্টা করেছিলাম যে হাউসে মাননীয় সদস্যদের উপস্থিতির সংখ্যা আস্তে আস্তে কমে যাচ্ছে। আমরা যাঁরা সদস্য আছি, আমরাও মানুষ। আমাদের সকাল ১০টার সময় বেরোতে হয়, রাইটার্স বিল্ডিংসের কিছু কাজ সারতে হয়, তারপর আমাদের এখানে আসতে হয় এবং রাত আটটা, নয়টা, দশটা পর্যন্ত থাকতে হয়। আমার আপনার কাছে বিনীত নিবেদন—যাঁরা সরকারী কর্মচারী এখানে আছেন, তাঁদের দিকে তাকিয়ে দেখুন, তাঁরাও ৯।। টার সময় বেরিয়েছেন এবং রাত ১০।। টার সময় বাড়ী যাবেন। এই যে একটা অসুবিধা এখানে দেখা দিচ্ছে এর জন্য অনেকখানি অশান্তি ভোগ করতে হচ্ছে, তাই আমি আপনার কাছে অনুরোধ করবো যে বিজিনেস এ্যাডভাইসারী কমিটির কাছে আপনি আমাদের হয়ে অনুরোধ রাখুন যে এই হাউসের সময়টা বেলা একটা থেকে যেন ১১।। টায় পেছিয়ে নিয়ে আসা হয়, অন্যথায় আমাদের পাঁচটা থেকে সাড়ে পাঁচটার মধ্যে ছেড়ে দেবার ব্যবস্থা করা হোক।

**Mr. Deputy Speaker** : Honourable Members, I will refer this matter to the Business Advisory Committee for their consideration.

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** এইরকম অবস্থায় বাজেট সেসান আরম্ভ হবার পর থেকেই চলছে, উইদাউট কোরামে বাজেট পাশ হচ্ছে দিনের পর দিন। আপনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য শ্রীপুরঞ্জয় প্রামাণিক যে কথা বললেন যে

উইদাউট কোরামে বাজেট পাশ হচ্ছে, এটা সত্য ঘটনা নয়, মেম্বারদের উপস্থিতির সংখ্যা পুরণ হয়েছে এটা বলতে পারেন।

**Mr. Deputy Speaker** : I have already said that I will refer this matter to the Business Advisory Committee.

**Shri Gurupada Khan** : Sir, yesterday Shri Biswanath Mukherjee, honourable Member of this House, while speaking on demands of the Home Department referred to the case of one Shri Gopal Chandra Guha alias Amiya Guha of village Gopalpur, Police Ptation Haroa, District 24-Parganas, and said that he owned 2 lakhs bighas of land. In view of the seriousness of the allegation and the fact that it came from a very responsible Member of this House, the Chief Minister in his reply straightaway suggested that a Commission should be immediately appointed to find out the exact position. The Chief Minister also suggested that Shri Biswanath Mukherjee should form the One-Man Commission to enquire into the matter and give the Government his report within a short time. Accordingly, the Chief Minister passed an order yesterday appointing the One-Man Commission consisting of Shri Biswanath Mukherjee, M.L.A and referring to his certain issues.

The matter is extremely serious and Government is greatly concerned with the statement made by Shri Biswanath Mukherjee. If, upon enquiry, it is found that this Gopal Guha owns 2 lakh bighas of land, Government would certainly take steps and see to it that the excess land is straightaway distributed amongst the landless

This morning Shri Biswanath Mukherjee had a discussion with the Chief Minister with regard to this Commission of Enquiry and he said that having regard to the gravity of the matter it would be better if somebody else also assisted him in the Commission. The Chief Minister agreed to this, and it has now been decided that the Commission will consist of Shri Biswanath Mukherjee, M.L.A. and Shri Arun Maitra, M.L.A. The services of a gazetted officer with revenue experience are being placed at the disposal of the Commission and the Commission will be given every assistance for the purpose of holding a proper enquiry. If the report of the Commission discloses large tracts of land being held clandestinely by an individual, Government feels that others may also come forward with similar information as a result of which it may be possible for the Government to have large areas of land for distribution to the poor landless agriculturists of the State. The resolution which the Government of West Bengal has adopted for this purpose is as follows :—

"Whereas the Governor is of the opinion that it is necessary to hold an inquiry into a mattar of public importance, namely, the allegation that one

Shri Gopal Chandra Guha alias Shri Amiya Guha of village Gopalpore, Police Station, Haroa, District 24-Parganas owns 2 lakh bighas of land ;

Now, therefore, the Governor is pleased hereby to direct Shri Biswanath Mukherjee, M.L.A. and Shri Arun Maitra, M.L.A. to hold an inquiry into the aforesaid matter with reference to the following points, namely :—

(a) what is the extent of land owned by the said Shri Gopal Chandra Guha alias Shri Amiya Guha ;

(b) what is the nature of such land ,

(c) what are the records to show that he is the owner of such land ,

(d) what part of the land is held illegally and under which provisions of the law ; and

(e) what part of the land should vest in the State and under which provisions of the law ?

Shri Mukherjee and Shri Maitra shall take up the inquiry immediately and submit their reports to the State Government embodying their findings and recommendations on the aforesaid matter by the 15th September 1972."

## DEMAND FOR GRANT No. 13

### Major Head : 21—Administration of Justice

**Shri Abdus Sattar** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,49,62,000 be granted for expenditure under Grant No. 13, Major Head : "21—Administration of Justice".

(This is inclusive of Rs. 83,21,000 already voted on account in March, 1972.)

মহাশয়,

প্রারম্ভেই রাজ্যের বিচার সংক্রান্ত প্রশাসনে যে গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটেছে আমি তার উল্লেখ করতে চাই। তা হচ্ছে শাসন বিভাগ থেকে বিচার বিভাগের পৃথকীকরণ। যদিও এ বিষয়টি একটা নির্দেশাত্মক নীতি হিসাবে আমাদের সংবিধানের ৫০ অনুচ্ছেদের অন্তর্ভুক্ত হয়েছিল তবুও দীর্ঘদিন ধরে এই নীতি অবহেলিত হয়েছে। অবশ্য ১৯৬৮ সালের গোড়া থেকেই এই রাজ্য শাসন বিভাগ থেকে বিচার বিভাগকে পৃথক করার জন্য জোর চেষ্টা চালিয়ে যাচ্ছে। বস্তুতঃ গত ১৫ মাসের মধ্যে এই পৃথকীকরণ ব্যবস্থা বীরভূম, নদীয়া, জলপাইগুড়ি, দার্জিলিং, মালদহ, দিনাজপুর এবং মেদিনীপুরে কার্যকর করা হয়েছে। ২৪-পরগণা ছাড়া আর সমস্ত জেলাতেই এই

পৃথকীকরণ প্রকল্পের অধীনে আনা হয়েছে। আপনারা অবগত আছেন যে দেওয়ানী আদালতে এবং ফৌজদারী আদালতের দায়রা মামলার ক্ষেত্রে যে সকল বিচারক বিচারকার্য পরিচালনা করেন তাঁরা সকলেই হচ্ছেন বিভাগের আধিকারিক। বিচার বিভাগের পৃথকীকরণের অর্থ হচ্ছে এই যে, এখন থেকে ফৌজদারী আদালতে বিচার বিভাগের আধিকারীকরাই বিচারকারী ম্যাজিষ্ট্রেটের স্থলাভিষিক্ত হবেন। যদিও এটা খুবই সাধারণ বা সহজ মনে হয়, কিন্তু এর ফল হবে সুদূরপ্রসারী। এই ব্যবস্থা গ্রহণের ফলে ফৌজদারী আদালতের বিচার কার্য পরিচালনাকারী আধিকারিকরা এখন থেকে তাঁদের বদলি, পদোন্নতি প্রভৃতি ব্যাপারে আর জেলা ম্যাজিষ্ট্রেট বা অন্য কোন প্রশাসন কর্তৃপক্ষের উপর নির্ভর করবেন না। দ্বিতীয়তঃ তাঁরা বাদী ও বিবাদী উভয়ের ক্ষেত্রেই নিরপেক্ষতা বজায় রাখতে পারবেন। তাঁরা সম্পূর্ণভাবে প্রধান বিচারালয়ের (হাইকোর্টের) নিয়ন্ত্রণ ও নির্দেশাধীনে থাকবেন, এবং তাঁদের স্বাধীনতা পুরোপুরি রক্ষিত হবে। ইংরেজদের প্রবর্ত্তিত যে শাসন পদ্ধতি দু'শো বছরের বেশী কাল ধরে চালু ছিল, এই নতুন ব্যবস্থা তার পরিবর্তন ঘটান হয়েছে। এই পরিবর্তন সাধনের কাজে কঠোর পরিশ্রম স্বীকার করতে হয়েছে। আমার এ বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নাই যে, এই নতুন ব্যবস্থার অধীনে আমাদের ফৌজদারী আদালতসমূহ এক গৌরবোজ্জ্বল অধ্যায়ের সূচনা করবে।

[5-50— 6-00 p.m.]

এই সঙ্গে আমি একথাও বলব যে আমরা এ পর্যান্ত যা করতে পেরেছি আমাদের লক্ষ্যের তুলনায় তা অনেক কম। অর্থের অভাব, স্থানাভাব, প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীর অভাব এ ব্যাপারে প্রচণ্ড অসুবিধার সৃষ্টি করেছে। বিচার বিভাগীয় শাসকদের সংখ্যাবৃদ্ধি উপযুক্ত সংখ্যক বিচারগৃহ এবং আরও বেশী সংখ্যায় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের ব্যবস্থা করা হলে এই পদ্ধতিতে কর্মদক্ষতা বিশেষ বৃদ্ধি পাবে সে বিষয়ে সন্দেহ নাই। ভবিষ্যতে এর জন্য যথাসাধ্য প্রয়াস করা হবে। সদস্যগণ নিশ্চয়ই একথা উপলব্ধি করবেন যে এগুলি জেলায় এই ব্যবস্থা প্রবর্তনের ফলে বর্তমানে সেখানে বিচার বিভাগীয় আধিকারিকদের উপর যথেষ্ট চাপ পড়ছে— যদিও তাঁদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়েছে। কিন্তু এক সঙ্গে খুব বেশী সংখ্যক লোক নিয়োগের ফলে আবার গুণগত মান হ্রাসের আশঙ্কাও থেকে থাকে। এই সমস্ত দিক বিবেচনা করে সরকার এ ব্যাপারে সতর্ক হয়ে চলার নীতি গ্রহণ করেছেন। কিন্তু সেই সঙ্গে তাড়াহুড়ো না করে যাতে এই কর্মপন্থা দ্রুত রূপায়িত করা যায় তারজন্য সর্বতোভাবে চেষ্টা করে যাচ্ছেন। এই কারণেই ২৪-পরগণা জেলার পৃথকীকরণ ব্যবস্থা অতি দ্রুত প্রবর্তন করা হয়নি। এ কাজ করতে দরকার হবে বহু আধিকারিক, অফিস ঘর, কর্মচারী প্রভৃতি। অবশ্য এই জেলাতেও অদূর ভবিষ্যতে এই ব্যবস্থা যাতে পুরোপুরি চালু করা যায় সরকার সেজন্য যথাসাধ্য চেষ্টা করবেন।

এরপর, আমরা শীঘ্রই যে সমস্ত বিধানিক ব্যবস্থা প্রবর্তন করতে চাই সে সম্পর্কে আপনাদের বলব।

(ক) পুলিশ রিপোর্টের ভিত্তিতে যে সকল মামলা দায়ের করা হয় সে সম্পর্কে ব্যবস্থা করার কথা ১৮৯৮ সালের ফৌজদারী প্রক্রিয়া সংহিতার ২৫১ক ধারায় বলা হয়েছে। এই ধারায় বাদী পক্ষের সাক্ষীকে আদালতে হাজির হবার জন্য সমন দেবার ক্ষমতা বিচারকারী ম্যাজিষ্ট্রেটকে দেওয়া হয়নি। এই ধারামতে সাক্ষীসহ প্রমাণ উপস্থাপনের দায়িত্ব অভিযোগ দায়েরকারী অর্থাৎ

পুলিশের। এর ফলে কোন ক্ষেত্রে সাক্ষীরা আদালতে উপস্থিত না হলে অথবা অন্যভাবে বলা যায় অভিযোগ দায়েরকারীর সাক্ষীদের আদালতে সাক্ষীদের হাজির করাতে ব্যর্থ হলে সে ক্ষেত্রে সংশ্লি ম্যাজিস্ট্রেট ঐ সংহিতার ২৫১ক ধারায় (১১) উপ-ধারা মতে অভিযুক্ত ব্যক্তিকে মুক্তি দিতে পারবেন। এই আইনগত অসুবিধা দূর করার জন্য এরূপ সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ফৌজদারী প্রক্রিয়া সংহিতার ২৫১ ধারার (৬) উপ-ধারা প্রয়োজন মত সংশোধন করে বিচারের তারিখের পূ বাদি পক্ষ থেকে যে দরখাস্ত করা হয় তাতে উল্লিখিত সাক্ষী, নথিপত্র বা দ্রব্যাদি হাজির করার জন্য সম দেবার জন্য কিছু স্ববিবেচনাধীন ক্ষমতা ম্যাজিস্ট্রেটদের দেওয়া হবে। সংশোধনী বিধেয়কটি শীঘ্রই বিধা. সভায় উত্থাপিত করা হবে।

(খ) প্রাদেশিক ছোট আদালত আইন, ১৮৮৭ এর ১৫ ধারার (২) উপ-ধারামতে শিয়ালদহ ছোট আদালত এবং পূর্বোক্ত আইনমতে স্থাপিত অন্যান্য ছোট আদালতগুলি সাধারণত: কেবল ৫০০ টাকা পর্যন্ত মূল্যের মামলার বিচার করতে পারেন। সরকার এতৎপক্ষে বিশেষ ক্ষমতা প্রদান করলে ঐরূপ আদালতসমূহ উক্ত আইনের ১৫ ধারার (৩) উপ-ধারা মতে ১০০০ টাকা পর্যন্ত মূল্যের মামলাগুলিও বিচার করতে পারেন। বর্তমানে শিয়ালদহে ছোট আদালতের ১০০ টাকা পর্যন্ত মূল্যের মামলা বিচার করার বিশেষ আর্থিক ক্ষেত্রাধিকার আছে। টাকার ক্রয় ক্ষমতা কমে যাওয়ায় এবং দ্রব্যমূল্য বৃদ্ধির দরুন সমস্ত ছোট আদালতের আর্থিক ক্ষেত্রাধিকার, যেমন, শিয়ালদহে ছোট আদালতের ক্ষেত্রে ১০০০ টাকা এবং অন্যান্য ছোট আদালতের ক্ষেত্রে ৫০০ টাকা পর্যাপ্ত নয় বলে দেখা গেছে। এই কারণে পূর্বোক্ত আইনমতে স্থাপিত রাজ্যের সমস্ত ছোট আদালতের সাধারণ আর্থিক ক্ষেত্রাধিকারের সীমা ৫০০ টাকা থেকে বাড়িয়ে ২৫০০ টাকা এবং ঐরূপ কোন আদালত সম্পর্কে সরকার আদেশদ্বারা যে বিশেষ আর্থিক ক্ষেত্রাধিকার অর্পণ করেন তার সীমা ১০০০ টাকা থেকে বাড়িয়ে ৫০০০ টাকা করার জন্য আইন প্রণয়নের সিদ্ধান্ত করা হয়েছে। এর ফলে সরকার শিয়ালদহে ছোট আদালতে বর্তমান বিশেষ আর্থিক ক্ষেত্রাধিকারের সীমা ১০০০ টাকা থেকে বাড়িয়ে ৫০০০ টাকা পর্যন্ত করতে পারবেন। ক্ষেত্রাধিকারের প্রস্তাবিত সীমাবৃদ্ধির ফলে মামলাকারী ব্যক্তিদের অসুবিধা দূর হবে। ঐ মর্মে একটি বিধেয়ক শীঘ্রই বিধানসভায় উত্থাপন করা হবে।

(গ) ভারত সরকার, সর্বজনীন ওয়াকফের অংশীভূত স্থাবর সম্পত্তির দখল পুনরুদ্ধার সম্পর্কিত মামলার ক্ষেত্রে তামাদির কাল বৃদ্ধির উদ্দেশ্যে সর্বজনীন ওয়াকফ (তামাদির কালবৃদ্ধি) আইন, ১৯৫৯, বিধিবদ্ধ করেন। সময়ে সময়ে সংশোধন করে তামাদির কাল ৩১-১২-৭০ পর্যন্ত বাড়ানো হয়েছিল। অতঃপর ভারত সরকার সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেন যে—উক্ত আইন মতে তামাদির কাল আর বৃদ্ধি করা তাদের পক্ষে সম্ভব হবে না। এবং অবৈধভাবে দখল করা যে সকল ওয়াকফ সম্পত্তি এখনও পুনরুদ্ধার করা যায়নি সে সব ক্ষেত্রে যদি তামাদির কাল আরও বৃদ্ধি করার প্রয়োজন হয়—তবে রাজ্য ওয়াকফ পর্ষদ ঐ আইনের স্থানীয় সংশোধন করার জন্য সংশ্লিষ্ট রাজ্য সরকারের কাছে আবেদন করতে পারবেন। ওয়াকফ কমিশনার জানিয়েছেন যে সাম্প্রদায়িক হাঙ্গামার সময় এই রাজ্যে সময় সময় অনেক লোক আতঙ্কগ্রস্ত হয়ে ওয়াকফ সম্পত্তি হস্তান্তর করেছেন এবং অনেককে জোর করে ওয়াকফ সম্পত্তি থেকে দখলচ্যুত করা হয়েছে এবং এ ধরনের কত ঘটনা ঘটেছে তার প্রকৃত সংখ্যা এখনও পর্যন্ত স্থির করা যায়নি। এই ধরনের অনেক ঘটনার কথা—দখল পুনরুদ্ধারের জন্য মামলা করার মেয়াদ উত্তীর্ণ হবার পর গোচরে এসেছে। বিষয়টির সমস্ত দিক বিবেচনা পূর্বক সর্বজনীন ওয়াকফ (তামাদির কাল বৃদ্ধি) আইন, ১৯৫৯, যথাযথভাবে সংশোধন করে তামাদির কাল ৩১-১২-৭৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্রসঙ্গত বলা যায় কেরালা ও হরিয়ানা প্রভৃতি বিভিন্ন রাজ্য সরকার ইতিমধ্যেই পূর্বোক্ত আইন স্থানীয়ভাবে সংশোধন করেছেন। সংশোধনী বিধায়কটি অচিরেই বিধানসভায় উত্থাপন করা হবে।

আমি, পশ্চিমবঙ্গ উচ্চতর বিচার কৃত্যক (সিনিয়রিটি নির্ধারণ) নিয়মাবলী ১৯৬০-এ যে সংশোধন করা হয়েছে তারও উল্লেখ করতে চাই। লোকনিয়োগের নিয়মাবলীতে উক্ত কৃত্যকের ক্যাডার পদগুলি শতকরা ২৫ ভাগ বার-এর সদস্যদের দিয়ে পূরণ করা হয় যাদের বয়স ৩৫- ৫ বৎসরের মধ্যে এবং যাঁদের অন্ততঃ সাত বছরের আইন ব্যবসায় অভিজ্ঞতা আছে। অবশিষ্ট ৭৫ ভাগ পদ অধঃস্তন বিচারকদের মধ্য থেকে প্রমোশন দিয়ে পূরণ করা হয়। সিনিয়রিটির ক্ষেত্রে প্রমোশনপ্রাপ্ত ব্যক্তিদের ১৯৬০ সালে পূর্বোক্ত নিয়মাবলীর দ্বারা তিন বছরের বিশেষ সুবিধা দেওয়া হয়েছিল। অর্থাৎ এই নিয়মানুসারে সিনিয়রিটি উদ্দেশ্যে কোন প্রমোশনপ্রাপ্ত ব্যক্তিকে পশ্চিমবঙ্গ উচ্চতর বিচার কৃত্যকে স্থায়ী করার তারিখ, তাঁকে ঐরূপ স্থায়ী করার প্রকৃত তারিখ থেকে তিন বছর পূর্ব থেকে ধরা হবে। প্রধান বিচারালয়ের (হাইকোর্টের) সুপারিশক্রমে উক্ত নিয়মাবলীতে এই বিশেষ সুবিধার ব্যবস্থা করা হয়েছিল। পূর্বে ধরে নেওয়া হয়েছিল যে, অধঃস্তন বিচারকরা (সাব-জাজ) ৫০ বছর বয়স নাগাদ জেলা বিচারকের পদে প্রমোশন পাবেন। অপর পক্ষে, সরাসরি নিযুক্ত ব্যক্তিদের বয়স—নিয়োগের সময় ৪৫ বছরের মধ্যে থাকবে। সুতরাং ঐরূপ সুবিধা দান বাঞ্ছনীয় বলে মনে করা হয়েছিল। কিন্তু অভিজ্ঞতা থেকে দেখা গেছে যে প্রমোশনপ্রাপ্ত ব্যক্তিদের বয়স প্রমোশনের সময়ে ৪৫ বছরের মধ্যে থাকে অর্থাৎ সরাসরি নিযুক্ত ব্যক্তিদের নিয়োগের সময়ে যে বয়স সীমা থাকে—ঐরূপ প্রমোশনপ্রাপ্ত বিচারকরাই সেই বয়স সীমার মধ্যেই থাকেন। সুতরাং সরকার মনে করেন যে প্রমোশনপ্রাপ্ত ব্যক্তিদের সিনিয়রিটি নির্ধারণের ক্ষেত্রে তিন বৎসরের যে বিশেষ সুবিধা দেওয়া হয়েছিল তা অযৌক্তিক। সরকারের সঙ্গে একমত হয়ে প্রধান বিচারালয়ও (হাইকোর্টও) বিশেষ সুবিধাদান নিয়ম বাতিল করার সুপারিশ করেছেন এবং এরপর সম্প্রতি সরকার এই বিশেষ সুবিধাদান রহিত করে দিয়েছেন।

পরিশেষে আমি বিচারাধীন বকেয়া মামলা এবং বিচার প্রশাসনে বিলম্ব সম্পর্কিত বিষয়টি উল্লেখ করতে চাই। বিষয়টি আমাদের সকলকেই চিন্তিত করে তুলেছে। এটা কেবল এই দেশেরই বিশেষ সমস্যা নয় সমগ্র বিশ্ব দীর্ঘকাল ধরে এই ব্যাধিতে ভুগছে। কেবল অধঃস্তন আদালতগুলিই নয়, প্রধান বিচারালয়গুলিও (হাইকোর্টগুলিও) এর থেকে মুক্ত নয়। এই সমস্যাটি নিঃসন্দেহে খুবই জটিল এবং এর কোন সহজ সমাধান নেই। সম্প্রতি হাইকোর্ট এরিয়ার্স কমিটি, ১৯৭২—নামে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি পরীক্ষামূলকভাবে কতিপয় সুপারিশ করেছেন। বিলম্ব ঘটার কারণের মধ্যে আছে জনস্ফীতি এবং তার ফলে মামলার সংখ্যা বৃদ্ধি এবং সেই সঙ্গে আইন, নিয়ম ও উপনিয়ম ইত্যাদি প্রনয়ণ বৃদ্ধি। সামাজিক ও অর্থনৈতিক সংস্কার বিরাট কর্মসূচী গ্রহণের ফলে অধিক সংখ্যায় বিধি প্রনয়ণ করতে হয়েছে। বিচার প্রশাসনের বিলম্ব ঘটার কয়েকটি কারণ হলো আপীলের ব্যবস্থা, কর্মচারী ও বিচারকের অপ্রতুলতা, দীর্ঘ প্রক্রিয়া, মামলা তদন্ত কার্যে বিলম্ব ইত্যাদি। কমিটির গোচরে একটি উল্লেখযোগ্য তথ্য এসেছে এবং আমাদের সাধারণ অভিজ্ঞতাতেও তার সমর্থন মেলে, তাহলো—রায় ও আজ্ঞপ্তির প্রমাণিত প্রতিলিপি প্রদানে অহেতুক বিলম্ব। হাইকোর্টের সঙ্গে পরামর্শক্রমে সরকার যতদূর সম্ভব সকল প্রকার অহেতুক বিলম্ব দূর করার ব্যাপারে ব্যবস্থা গ্রহণে দৃঢ় সংকল্প। প্রমাণিত প্রতিলিপি দ্রুত পাওয়া এবং দ্রুত নোটিশ জারির ব্যবস্থা গ্রহণের দ্বারা যাতে শুনানীর বিলম্ব হ্রাস করা যায় সেদিকে সরকার বিশেষ নজর দেবেন। প্রধান

বিচারালয়ে ( হাইকোর্টে ) মামলার ভিড় যাতে কমানো যায়—সেজন্য অন্তত: পক্ষে ৩০,০০০ টাকা পর্য্যন্ত মূল্যের মামলা আপীলের শুনানার জন্য জেলা বিচারকদের ক্ষমতা বৃদ্ধি করার উদ্দেশ্যে সরকার একটি বিধেয়ক উত্থাপনের কথাও ভাবছেন। প্রশাসনিক বিলম্ব হ্রাস এবং দুর্নীতি দূর করার জন্য সরকার জেলা বিচারকদের অধীনে রেজিষ্ট্রার ( নিবন্ধক ) নিয়োগের ব্যবস্থা করেছেন। জেলা আদালতসমূহ সর্বদা পরিদর্শনের জন্য প্রধান বিচারালয়ে দুইজন পরিদর্শনকারী বিচারক নিয়োগেরও ব্যবস্থা করা হয়েছে।

কিন্তু সদস্যদের আমি এই আশ্বাস দিচ্ছি যে সরকার এই ব্যাপারে সর্ব্বতোভাবে চেষ্টা করবেন এবং কোন চেষ্টারই ত্রুটি হবেনা। তবে সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আমি হৃদয়ঙ্গম করতে বলব যে—মামলা নিষ্পত্তি ব্যাপারে বিলম্ব হ্রাস করা এমন একটি কাজ যাতে সংশ্লিষ্ট সকলে অর্থাৎ আদালত, আধিকারিক, মামলাকারী ব্যক্তিগণ, এবং আইনজীবী প্রত্যেকের সহযোগিতা প্রয়োজন। আইনজীবীরা যে বার বার মামলা মুলতবি রাখার জন্য আবেদন পেশ করে থাকেন এবং মামলায় হেরে যাওয়ার পর সংশ্লিষ্ট পক্ষ যে সাধু বা অসাধু উপায়ে ডিক্রীজারী বানচাল করার চেষ্টা করেন সেকথা সকলেরই সুবিদিত এবং ঐগুলির পুন: উল্লেখ নিষ্প্রয়োজন।

কিন্তু যদিও আমরা জানি যে বিচারে বিলম্ব মানেই বিচারের উদ্দেশ্য ব্যর্থ হওয়া, তবু যথোপযুক্ত বিচার বিশ্লেষণ না করে সংক্ষেপে বিচার কর্ম সমাধা করলেও তাও মূল্যহীন হয়ে পড়ে।

[6-00—6-10 p.m.]

আমাদের সমাজের চিন্তাশীল ব্যক্তিদের আমি এই কথা মনে রাখতে অনুরোধ করব যে আইনের প্রক্রিয়া অতি স্বাভাবিক কারণে কিছুটা মন্থর হতে বাধ্য। আইনের নিয়মানুগ গঠন এবং তার সাধারণ প্রকৃতির জন্য আইনের পক্ষে সমাজের দ্রুত পরিবর্তনের সঙ্গে তাল রেখে চলা সময় সময় কঠিন হয়ে পড়ে। আমাদের বিচার ব্যবস্থায় নিঃসন্দেহে অনেক ত্রুটি থাকা সত্ত্বেও আইনের শাসনের প্রতি সর্বাধিক মূল্য দেবার জন্য আমি প্রত্যেককে অনুরোধ করব। বাতাস এবং জলের অভাব হলে তার মূল্য যেমন আমরা বুঝতে পারি—তেমনি আইন শৃঙ্খলার অভাব হলে যে কি অবস্থার উদ্ভব হয়—তখনই আমরা তাহা বুঝতে পারি। এই কিছু দিন আগেও যখন আমাদের সীমান্তের ওপারে আইন শৃঙ্খলা সম্পূর্ণ অবসান ঘটেছিল, তখন আমরা প্রত্যক্ষ করেছিলাম এক নিদারুণ বিভীষিকার তাণ্ডব। সেখানে জীবন ও সম্পত্তির কোন নিরাপত্তা ছিলনা, ছিলনা নারীর সম্মান, মানুষ বিস্মৃত হয়েছিল মানবিক মূল্যবোধ। এমনকি সমাজ থেকে সামগ্রিকভাবে সুস্থ চিন্তা পর্য্যন্ত লোপ পেয়েছিল এই রাজ্যেও আইন শৃঙ্খলার সাময়িক অবনতির ফলে আইন এবং বিচার বিহীন জীবন কেমন হতে পারে তার স্বাদ আমরা কিছুটা অনুভব করেছি। এই সব কথা মনে রেখে, এই রাজ্যে আইনের শাসন প্রতিষ্ঠার ব্যাপারে সাহায্য করার জন্য সংশ্লিষ্ট সকলকে আমি অনুরোধ জানাচ্ছি। আমি আপনাদের আশ্বস্ত করতে পারি যে—আমরা এমন একটি বিচার ব্যবস্থা গড়ে তুলতে এবং রক্ষা করতে চেষ্টা করব যাতে ভয় বা অনুগ্রহের অধীন না হয়ে সুবিচার করা হবে, যেখানে আইন কোন ব্যক্তি বিশেষকে সম্মান করবেনা এবং যেখানে ধনী দরিদ্র নির্বিশেষে সকলেই সমভাবে একজন নাগরিক হিসাবে গণ্য হবেন।

মহাশয়, এই বক্তব্য নিবেদন করে আমি আমার প্রস্তাব অনুমোদনের জন্য সভায় পেশ করছি।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে বিচার মন্ত্রীমহাশয় আমাদের কাছে এ্যাডমিনিষ্ট্রেসান অব জাষ্টিস-এর ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন, আমি আপনার মাধ্যমে তাঁর কাছে কিছু বক্তব্য রাখবার জন্য দাঁড়িয়েছি। যে বক্তব্য তিনি রাখলেন এই ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করে একে কোন যুগান্তকারী পরিবর্তনের আখ্যা দেওয়া চলে না, তবে যে পরিকল্পনার কথা তিনি এর মধ্যে ব্যক্ত করেছেন তাতে অনেকখানি সুরাহা হবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু আমি যে বক্তব্য রাখতে চাই সেই বক্তব্য হচ্ছে এই যে, বিচার বিভাগের উন্নতির মাপকাঠি হওয়া উচিত আমার পশ্চিমবাংলার অধিকাংশ লোক গরীব মধ্যবিত্ত সেই গরীব মধ্যবিত্তদের কাছে সস্তায়, সহজে বিচার বিভাগকে পৌঁছে দিতে পারছি কিনা সেটাই হবে মাপকাঠি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা যদি ম্যাগনা কার্টার দিকে তাকাই তাহলে দেখব বিচার বিভাগের উন্নতি বলছে তাকে যদি সস্তায়, কম হ্যারাসমেন্টে এবং কাছে বিচারকে পৌঁছে দিতে পারা যায়, সেই বিচার ব্যবস্থা ঠিক ব্যবস্থা বলে পরিগণিত হয় এবং বিশেষ করে ভারতবর্ষে যেখানে পার্লামেন্টারী ডেমোক্র্যাসি সেখানে এই বিচার ব্যবস্থা হচ্ছে রক্ষা কবচ। কিছুদিন আগে আমাদের একটা প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী মহোদয় বলেছিলেন যে জাবগায় মেদিনীপুর জেলায় ১ বছরে ৬ শো কেস দায়ের করা হয়েছে সেখানে প্রায় ১২৩টি মামলা ফৌজদারী কোর্টে নিষ্পত্তি হয়েছে। অর্থাৎ দেখা যাচ্ছে গরীব লোকেরা যেসমস্ত কেস করে বছরের পর বছর বিচার বিভাগের এমন অব্যবস্থা এমন বিচারকের স্বল্পতা যার ফলে গরীব লোকেরা সেই সমস্ত কেস থেকে সরে দাঁড়াতে বাধ্য হয় এবং সেইসব কেসের ডিগ্রি তাদের বিরুদ্ধে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজকাল মার্ডার কেস নেই বললেই চলে, খুব কম হচ্ছে। আমি ১৯৬৭ থেকে ১৯৭১ সালের কথা বাদ দিলাম, এখন মার্ডার কেস কমে গেছে। কিন্তু মার্ডার কেস ছাড়া আজকে দেখা যাচ্ছে গরীব চাষীদের জমি ছিনিয়ে নেবার জন্য অনেক বিত্তশালী অর্থাৎ বেশী জমির মালিকরা এক একজন গরীব চাষীর বিরুদ্ধে ৩/৪টি মামলা ৩/৪টি কোর্টে দায়ের করে দিচ্ছে। কোর্টে যে বিচার ব্যবস্থা তাতে চাষী সর্বস্বান্ত হয়ে যায়, ২/১ বিঘা যে জমি আছে তা বিক্রি করে দিতে চাষী বাধ্য হয়, না হলে যে জমির জন্য সে মামলা করছে সেই জমির জন্য মামলা না করে কেস তুলে নেয়, জমি বিকিয়ে যায় যাক।

আজকে যদি এই গরীব লোকদের সত্যিকারের রিলিফ দিতে হয় বিচার ব্যবস্থার মাধ্যমে তাহলে সরকার যখন বিচার ব্যবস্থাকে পৃথক করছেন তখন মামলা দায়ের করার সঙ্গে সঙ্গে যদি বিচারক নিয়োগ করতে না পারেন তাহলে এই সমস্ত গরীব লোক যারা বাধ্য হয়ে মামলা করতে যাচ্ছে বিত্তশালী লোকদের জন্য অর্থাৎ বিত্তশালীলোকেরা তাদের মামলার সঙ্গে জড়িয়ে ফেলেছে তাদের কিন্তু কোন উপকার করতে পারবেন না। আপনাদের যদি আইনের সাহায্য দেবার ব্যবস্থা না থাকে তাহলে পশ্চিমবাংলার গ্রামের লোকের কোন উপকার করা যাবেনা। আমরা জানি জাষ্টিস ডিলেড, জাষ্টিস ডিনাইড। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখছি প্রত্যেক জায়গায় হাইকোর্ট থেকে আরম্ভ করে, ডিষ্ট্রিক্ট জাজেজ্ কোর্ট থেকে আরম্ভ করে ছোট আদালত পর্যন্ত প্রত্যেক জায়গায় এক একটি কেস ১০/১২ বছর ধরে ঝুলছে। চার্জসিট দেবার পরও দেখছি মামলা বছরের পর বছর পড়ে থাকছে। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে প্রস্তাব রাখছি আপনারা এই যে বিচার বিভাগকে পৃথকীকরণ করছেন—সব জায়গাতেই হয়েছে, শুধু ২৪-পরগণাতে হয়নি—এটা হলেই কিন্তু বিচার ব্যবস্থায় সুব্যবস্থা হলনা যদি না আপনারা বিচারক নিয়োগ করতে পারেন এবং বিচার যাতে বিলম্বিত না হয় সেই ব্যবস্থা করতে পারেন। আজকে আমরা দেখতে পাচ্ছি ভাল ভাল আইনজ্ঞদের আমরা বিচার বিভাগে এ্যাট্রাক্ট করতে পারছিনা, যারা ব্রিলিয়ান্ট ল গ্রাজুয়েট তাদের আমরা বিচার বিভাগে আকৃষ্ট করতে পারছিনা। আমরা দেখছি তাঁরা ব্যবসা বা প্রাকটিস

করবার জন্য ব্যস্ত। তাঁদের যদি আমরা সুযোগ সুবিধা বেশী দিতে না পারি তাহলে কেন তাঁরা এখানে আসবেন? একজন হাইকোর্টের এ্যাডভোকেট বা ব্যারিস্টার যিনি মাসে ৩০ হাজার টাকা রোজগার করেন তিনি কেন ৩/৪ হাজার টাকায় এখানে আসবেন যদি না তাঁর সম্মানের আকাঙ্খা থাকে। এটা দেখা যায় হাইকোর্টের প্রাকৃটিস ছেড়ে যদি কাউকে জজের কাজে নিযুক্ত করা হয় তাহলে তাঁকে আকৃষ্ট করা যাচ্ছেনা। এর কারণ হচ্ছে তাঁদের জন্য যে মাইনের ব্যবস্থা করা হয়েছে, তা হাইকোর্টের জজ-ই বলুন আর মহকুমা কোর্টের হাকিমই বলুন তাঁদের বাসস্থান, মাইনের যে ব্যবস্থা করা হয়েছে তা অপ্রচুর। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে প্রস্তাব রাখছি যে, ভাল ভাল ব্রিলিয়ান্ট ল গ্রাজুয়েটদের যাতে বিচার বিভাগে আকৃষ্ট করা যায় তারজন্য তাঁদের ভাতা এবং বাসস্থানের ব্যবস্থা করুন, গরীব লোক যাতে সস্তায় বিচার পায় এবং হ্যারাসমেণ্ট না হয় তার ব্যবস্থা করুন এবং গ্রামের মধ্যে যাতে আরও কোর্ট স্থাপন করতে পারেন তার ব্যবস্থা করুন। আমি এইসব প্রস্তাব রাখছি এবং আশা করছি এগুলি আপনারা গ্রহণ করবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক**ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বিচার বিভাগের মন্ত্রী-মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা নিবেদন করব। সেপারেসন অব জুডিসিয়ারী ফ্রম এক্সিকিউটিভ সম্বন্ধে তিনি বললেন কয়েকটি জায়গায় করেছেন। সুখের কথা। কিন্তু যাতে তাড়াতাড়ি সমগ্র পশ্চিমবাংলার প্রতিটি জেলায় এই সেপারেসনের কাজ হয় সেদিকে দৃষ্টি দেওয়া একান্ত দরকার। আমরা দেখছি মফঃস্বলে হাকিমের খুবই অভাব। আমাদের বর্ধমান সদর কোর্টে দেখেছি ১৯৭১ সালের জুলাই মাসে সেকেণ্ড কোর্টের ম্যাজিষ্ট্রেট পি. কে. সেন বদলী হয়েছেন কিন্তু ১৯৭২ সাল পর্যন্ত সেখানে কোন লোক যায়নি। এইভাবে যদি বিচারক প্রেরণ করা হয় তাহলে দেখব বিচারের নামে প্রহসন ছাড়া আর কিছু হচ্ছেনা। আমরা দেখছি লোক আসছে এবং ফিরে যাচ্ছে। এক এক জায়গায় দেখছি যাঁকে বিচারক হিসেবে নিয়োগ করা হচ্ছে তিনি সকালে মুনসিফ এবং বিকালে ম্যাজিষ্ট্রেটের কাজ করছেন।

[6-10—6-20 p.m.]

এই রকম একটা অবস্থা আমাদের বর্ধমান জেলায় দেখতে পাচ্ছি। সেজন্য এই বিষয়ে আমাদের নজর দেয়া দরকার, কেন না মামলা ক্রমশঃ দিনের পর দিন জমে যাচ্ছে এবং সেপারেসন অব জুডিসিয়ারী হবার পর ফৌজদারী আদালতে ভালভাবে কাজ চালাবার জন্য জুডিসিয়াল এক্সপিরিয়েন্সের জন্য সময় লাগছে। আমরা দেখতে পাচ্ছি এক বর্দ্ধমানে ফৌজদারীতে ১৫ হাজারের অধিক মামলা পড়ে আছে। সেজন্য বিচারক নিয়োগ করা একান্ত কর্তব্য। তা ছাড়া আমরা আর একটা জিনিস দেখতে পাচ্ছি যে অধিকাংশ কেসের জন্য হাইকোর্টে যখন লিগ্যাল রিম্যামব্রানসারের কাছে পাঠান হয় য়্যাপীল য়্যাড্‌মিসনের অধিকারের জন্য, কিন্তু প্রায়ই বলে দেয়া হয় ইট ইজ নট ফিট কেস ফর মোশান য়্যাণ্ড য়্যাপীল। তার কারণ আমরা জানতে পেরেছি যে লিগ্যাল রিম্যামব্রানসারের ঘরে কতকগুলি প্যানেল প্লিডার আছে তাদের সঙ্গে কিছু আর্থিক ব্যবস্থা করলেই তারা এইভাবে রেখে দেবার ব্যবস্থা করেন কিম্বা অনেক জায়গায় দেখা যাচ্ছে যারা আগে নিযুক্ত হয়েছে তাদের সুবিধার জন্য তারা এইভাবে প্রত্যেকটি কেসে লিখে দেন। বর্দ্ধমান জেলায় আসানসোল মহকুমায় শ্রী এস. কে. দাস যখন ম্যাজিষ্ট্রেট ছিলেন—তিনি যখন একটি কেসে তাড়াতাড়ি বিচার শেষ করবেন বলে ঠিক করলেন সেখানকার কোর্ট ইন্সপেক্টর ৫২৪ ধারা সি. আর. পি. সি অনুযায়ী তার হাত বন্ধ করবার জন্য আবেদন করলেন। তা সত্ত্বেও তিনি বিচার করে দিলেন।

আমরা জানতে পেরেছি তার বিচারের ক্ষমতা ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা কেড়ে নেয়া হয়েছে। কিন্তু সেই মামলা যখন লিগ্যাল রিমামব্রানসারের কাছে এল তখন বলে দেওয়া হল যে ইট ইজ নট ফিট কেস ফর অ্যাপীল অথচ একদিনে বিচার করে রায় দিয়ে তিনি খালাস করে দিয়েছেন। প্রতিটি মফঃস্বলে যে সমস্ত প্যানেল প্লীডার আছেন তারা ফ্রন্ট গভর্ণমেন্টের আমল থেকেই আছেন এবং এখনও ফ্রন্ট গভর্ণমেন্টের আইন কানুনের মনোভাব নিয়ে চলছেন এবং সব শেষে আমি একটি জিনিস বলব যেটা খুব জরুরী ব্যাপার—এর আগে মন্ত্রীমহাশয় বলেছেন যে abolition in Higher Judicial Service is a dangerous move which will strike the root of the administration of Judiciary. আমি এই সম্বন্ধে বলব উনি আমাকে বললেন যে হাইকোর্ট থেকে রুলিং দিয়েছে। তিন বছরের যে সুবিধা দেয়া হয় প্রোমোশন পেয়ে যারা আসে মুনসেফ থেকে জজ হয়ে—২০ বছর চাকরী করার পর তারা জজ হয়। যে সুযোগ দেয়া ছিল তা আজকে তুলে দিচ্ছেন এবং এর আগে এটা বহুবার হয়েছে। ১৯৪৭-৪৮ সালের স্বাধীনতার পর একবার এই রকম হয়েছিল। এখন যিনি প্রধান বিচারপতি হতে যাচ্ছেন শ্রীশঙ্কর প্রসাদ মিত্র তিনি তখন জুডিসিয়াল মিনিষ্টার ছিলেন, তিনি তখন বুঝেছিলেন কিন্তু করেন নি। ১৯৫৭ সালে পুনরায় যখন এই আইন করার চেষ্টা করা হল তখন আমাদের মুখ্যমন্ত্রী তিনি তখন জুডিসিয়াল মিনিষ্টার ছিলেন, তখন তিনি করেন নি—মাত্র ১৫ পার্সেন্ট ডাইরেক্ট রিক্রুটমেন্ট করেছিলেন তা সত্ত্বেও এখন আমরা দেখতে পাচ্ছি ওয়েটেজ প্রথা তুলে দিচ্ছেন। এখানে মন্ত্রীমহাশয় হাইকোর্টের নজির দেখাচ্ছেন। আমি তাঁকে সুপ্রিম কোর্টের নজীর দেখাচ্ছি। The Supreme Court has ruled in several cases that a provision for weightage in favour of promotees is not unjust or arbitrary or inequitable but is well founded on reasons and is not discriminatory in any sense: A. I. R. 1962 S.C. 36 and A.I.R. 1967 S.C. 1427 and other cases. এ ছাড়া আমার কেসেস ও আরো কেস আছে। সেজন্য আমি আপনার কাছে নিবেদন করছি যে শুধু হাইকোর্টের নজির দেখালে হবে না, এই হাইকোর্টের নজির আমাদের জানা আছে—হাইকোর্টের নজির দিনের দিন পাল্টায়। একটা ২০৫ ধারার কেসে আমরা দেখছি ভালভাবে উকিল প্লেস করলে রুল পাওয়া যায়, আবার রুল অ্যাবসোলিউটও হয়। আমি তাই নিবেদন করব সুপ্রীম কোর্টের ডিসিসান নিন। এই রাজারাম বিশ্বাস যারা গেলেন তারা এই আশাতেই যারা গেলেন যে ভবিষ্যৎ জীবনে তারা একটা ফল পাবেন, হাইয়ার···

( লাল বাতী জলে উঠে )

জুডিসিয়াল সার্ভিসে চান্স পাবেন। আর একটা কথা আমি বলব যে কোর্টে ন্যাশানাল ড্রেস করা হোক। এদিকে যেন মাননীয় মন্ত্রীমহাশয় দৃষ্টি দেন। এই আবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅজিতকুমার বসু ঃ** স্পীকার মহোদয়, অভিজ্ঞ আইনজীবী হিসাবে আপনি জানেন এবং বিশ্বাসও করেন জাষ্টিস ডিলেড ইজ জাষ্টিস আনডান। অথচ আমাদের দেশে এই অপকর্মটি দীর্ঘদিন ধরে হয়ে আসছে, আজও চলছে এবং দুঃখের ব্যাপার যে আমাদের সামনে যে বক্তব্য রাখলেন বিভাগীয় মন্ত্রী মহাশয় তিনি সেখানে উল্লেখ করে বললেন যে এর কোন সমাধান নেই। তিনি যেভাবে জিনিসটা রেখেছেন যে অভিজ্ঞ ক্যাডার নেই, জায়গার অভাব ইত্যাদি ইত্যাদি। আমাদের দেশে আমরা সহজ জ্ঞান থেকে জানি, আমরা অভিজ্ঞ আইনজীবী নই, অভিজ্ঞ অনভিজ্ঞ কিছুই নই, আমরাও জানি আমাদের দেশে অনেক অভিজ্ঞ আইনজীবী রয়েছেন তাঁরা বিচারক হতে চান না এটা ঠিক কথা নয়, তাঁদের মধ্যে থেকে ৩৫ ভাগ বিচারক ঠিক করা হচ্ছে সেই সংখ্যাটি

বাড়ান। আমাদের দেশে মহকুমা সহরে, জেলা সহরে, এবং কলকাতা সহরে মোটামুটি বাড়ীর অভাব নেই, কিছু বাড়ী আপনারা রিকুইজেশন করুন, কিন্তু এই যে অপকর্মটা দীর্ঘদিন ধরে চলে আসছে এর প্রতিবিধান আজকে হওয়া দরকার। তা না হলে মোটামুটি বিচারের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাচ্ছে। বিচার বিভাগের মন্ত্রীমহাশয় এটা নিজেই বলেছেন। আমি নিজে জানি অথচ এর সমাধান নেই বলে বলছেন বলে আমাদের কথাটা তুলতে হচ্ছে, আমি নিজে জানি আমাদের একজন সহ আসামী, ডাকাতির কেসের আসামী তাকে ৩॥ বৎসর জামীন দেওয়া হয়নি। সেই ৩॥ বৎসর মকর্দ্দমা চলার পর তিনি ছাড়া পেয়ে গেলেন। কি রকম মকর্দ্দমা, ৩৯৫-র কেস, সেসনে যায়নি তার হিয়ারিংএর পিরিয়ডের সময় দেখা গেল সমস্ত কেসটাই মিথ্যা এবং সেটা সেসনে পাঠান হলনা কাজেই ৩৯৫-র কেস লোয়ার কোর্টের হিয়ারিং পিরিয়ডে ঝাড়া প্রমাণ হয়ে গেল যে একেবারে মিথ্যা কেস। এমন একটা গুরুত্বপূর্ণ কেসের জন্য ৩॥ বৎসর তাকে জেলে থাকতে হল যেহেতু জামীনের অযোগ্য অপরাধ এবং এই ৩॥ বৎসর পর বিচারে খালাস পেলো এবং বাইরে বেরিয়ে এলো। এর ফলে এর সমস্ত সংসার সর্বনাশ হয়ে গেল, বাপ মারা গেল, ভাই মারা গেল, সে সরকারী চাকরী করতো সেই চাকরী চলে গেল, আজ তারা পথের ভিখারী। কাজেই এই বিচারটা যত সহজভাবে বলে ফেলছেন যে কি করা যাবে এর ত কোন প্রতিকার নেই, কিন্তু এর প্রতিকার আছে। মন্ত্রীমহাশয় একটু ভেবে দেখুন—দেশে প্রচুর অভিজ্ঞ আইনজীবী রয়েছেন, পাকা বাড়ীর অভাব নেই এবং দেশে ঐসব কাজ কর্ম্ম যারা করে অর্থাৎ চাকরী করে ঐসব কাজ করবার লোকের অভাব আছে বলে আমার মনে হয় না। অধ্যক্ষ মহাশয়, ইংরাজ আমলে আইনে ভাল ভাল কথা ছিল, সকলের সমান অধিকার ইত্যাদি ইত্যাদি। কিন্তু আমরা সকলেই জানি ইংরাজ আমলের আইন ইংরেজদের কায়েমী সাম্রাজ্যবাদী স্বার্থকে রক্ষা করে গিয়েছে। এ চিরকাল আইনের ধর্ম, অর্থাৎ আমাদের এখানে শ্রেণী ভিত্তিক সমাজে আমরা মনে করি। আমি এই সম্বন্ধে অল্প সময়ের মধ্যে তা বিশ্লেষণ করতে পারবো না। ধরুন আমাদের আইনের ভিত্তি হচ্ছে ইনভায়োলেবিলিটি অব প্রাইভেট প্রপার্টি, এই যখন হবে তখন সে কায়েমী স্বার্থকে সুবিধা দিতে বাধ্য। কাজেই এই রকম একটা ক্ষেত্রে যখন আমরা সমাজবাদের কথা বলছি তখন নিশ্চয়ই জুডিশিয়ারির মধ্যে নতুন দৃষ্টিভঙ্গী আনতে হবে। কেননা আমরা এটা লক্ষ্য করেছি ইনভায়োলেবিলিটি অব প্রাইভেট প্রপার্টি থাকার জন্য বহু জায়গাতে ঠিক সুবিচার করা যায়না সাধারণ মানুষের সম্বন্ধে, তলার মানুষের জন্য সুবিচার করা যায়না। কাজেই নিউ ওরিয়েন্টশনের জন্য এটা দরকার, জুডিসিয়ারির মধ্যে এটা আনা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে।

[6-20—6-30 p.m.]

আমাদের শ্রেণী বিভক্ত সমাজে আগে ছিল দুর্বলের প্রতি সবলের অত্যাচার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্বল শ্রেণীর লোক রাজদ্বারে গিয়ে দাঁড়াতে পারে না, তার খরচ করবার পয়সা নেই, তার লোক বল নেই, ২।৪ জন লোককে জড় করে নিয়ে যাবে তাও সে যোগাড় করতে পারে না, সে কোর্টের কায়দা কানুন কিছুই জানে না। এই যে অবস্থা এই অবস্থায় দুর্বল শ্রেণীর লোকের—সেই দুর্বল সমাজের উপর সবলের অত্যাচার সাধারণ মানুষের রাজদ্বারে গিয়ে দাঁড়াবার কত বাধা কত প্রতিবন্ধকতা রয়েছে আমি এইসব জিনিষের দিকে মন্ত্রী সভার নতুন করে দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই সব কথা আজকে ভেবে দেখতে হবে, আজকে সব নতুন করে ঢেলে সাজাতে হবে, যাতে করে justice সে পায়, ন্যায় বিচার সে পেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা আজকে চিন্তা করতে হবে যে পৃথিবীর কোথাও এই বিচারের জন্য একটি পয়সাও খরচ হয় না, আর আমাদের দেশে আজ কি অবস্থা, আমাদের দেশে এতটা না হোক, তার যাতে কিছুটা সুরাহা হয় সেটা দেখা দরকার।

সেই ইংরেজ আমলের সময় বলা হয়েছিল সকলের সমান অধিকার পাওয়ার কথা, কিন্তু তা পায়নি, আজও সকলে সমান অধিকার পায় না কোর্টে, আজকে Judiciary-কে যথেষ্ট গুরুত্ব দিয়ে ভাবতে হবে। আপনারা Executive থেকে Judiciary কে আলাদা করবার কথা অনেকদিন ধরে ভেবেছেন, এখন সেটা কোন কোন জায়গায় হয়েছে যদিও অনেক বাকি আছে। আমি এই কথা মনে করিয়ে দিই যে এই বিচার বিভাগের উপর Executive-এর প্রভুত্ব সেই আমলা তন্ত্রের যুগ থেকে চলে আসছে। এই যে colonial system পুলিশ বাহিনী সেই ইংরেজ আমল থেকে আমলা তন্ত্রের বাহন হয়ে চলেছে ও তারই স্বার্থ রক্ষা করে কায়েমী স্বার্থের প্রতিভু হয়ে তা পালন করে চলেছে। আমরা জানি Executive-এর কি হচ্ছে। আমরা দেখেছি যে Judiciary কে Executive-এর প্রভাবমুক্ত করবার জন্য যেখানে চেষ্টা চলেছে সেখানে আমরা দেখেছি ঐ চাষীর বিরুদ্ধে জোতদার মামলা করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজেও জানেন যে চাষীর কোর্টে গেলে কি অবস্থা, তার কি সাধ্য আছে এই সমস্ত বাধা অতিক্রম করবার? কোর্টে তাকে নানান রকম মিথ্যা জালিয়াতি কেসে ঐ জোতদার জড়িয়ে দেবার চেষ্টা করে। ফলে রাজদ্বারে গিয়েও সে সুষ্ঠ বিচার পায় না। তাই আমি বলব যে সাধারণ মানুষের কাছে বিচার ব্যবস্থা যাতে আরও সহজ হয় সেটা দেখা দরকার, এখানে new orientation আসা দরকার কারণ আইনে আছে সকলের সমান অধিকার।

সকলে কোনদিন সমান অধিকার পায় না। আমরা আইন করি—বহু আইন করেছি, কিন্তু আইনের যে মূল উদ্দেশ্য আছে দুর্বলকে এবং অত্যাচারীকে রক্ষা করা সেটা হয় না। সকলের প্রতি সমানভাবে দেখার যে আইনের উদ্দেশ্য—আমরা মুখে বলি দুর্বলকে অত্যাচারীকে রক্ষা করা আইনের মূল উদ্দেশ্য, কিন্তু সেই উদ্দেশ্য বিচারের মাধ্যমে আর থাকে না। তাই আমরা মনে করি নিউ ওরিয়েণ্টেসন আসবে। একটা কথা এখানে রেখে যাই এবং আমরা মনে করি যে এটা ঠিক বলছি যে আপনারা ইলেক্টেড জাজেস-এর কথা ভাবছেন কি? জানি না আপনারা ভাবছেন কিনা—তবে আমরা মনে করি এটা ভেবে দেখা উচিত। কেন না আজকের দিনে জুডিসিয়ারী বিচারকরা কিছু কিছু ভাল বিচারক আছে—কিন্তু তারা জনসাধারণের কাছে কাছে নাই তারা কেউই সাধারণ মানুষের কাছে দায়িত্বশীল নয়। তাই আমি বলছি ইন সাম ফর্ম অর আদার যদি তাদের ইলেকসনের মারফত নিয়ে যাওয়া হয় সে লেজিসলেশনের মারফতই হোক বা অন্য কোন ফর্মে তাদের যদি নিযুক্ত করা হয় আমার মনে হয় কাজ ভাল হবে। এই নিউ ওরিয়েণ্টসনের কথা আপনারা একটু ভেবে দেখবেন এবং জুডিসিয়ারী দিক থেকে নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে আপনারা একটু ভেবে চিন্তে দেখুন। এই কথা বলে মন্ত্রী মহাশয় যে গ্রাণ্ট এনেছেন তাকে আমি সমর্থন করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ দাবী পেশ করেছেন সেই দাবীকে সমর্থন জানিয়ে আমি আপনার মাধ্যমে দু একটি কথা রাখতে চাচ্ছি। আজকে আমাদের সমাজে মোটামুটি চাই যে মানুষ যাতে বিচার পেতে গেলে তাদের যে আর্থিক ব্যয় হয় সেটা যতটা সম্ভব কম হয় এবং যতটা সম্ভব স্বচ্ছ ও সুন্দর হয়, আইন মাফিক বিচার পায় এবং সংগে সংগে সাধারণ মানুষ যাতে দুর্দশা ও হতাশা কাটিয়ে উঠতে পারে তার ব্যবস্থা থাকা দরকার। মন্ত্রী মহাশয়ের বাজেট স্পীচে তিনি স্বীকার করে নিয়েছেন এবং তিনি বলেছেন যে এই সমস্যা নিঃসন্দেহে বলা যায় যে খুবই জটিল। এবং এর কোন সহজ সমাধান নাই। এটা অবশ্য সকলেই জানেন এবং সরকারও ভাবছেন যে কঠিনভাবে—কিভাবে এ সমস্যাকে সমাধান করা যাবে। কিন্তু তার কোন ইঙ্গিত কোন সহজ সমাধানের পথ মন্ত্রীমহাশয় দেননি, দিয়েছেন শুধু হতাশার ছাপ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ডিষট্রিকট কোর্টে প্রাকটিস করি, সেখানে আমি দেখছি প্রচুর মামলা পড়ে রয়েছে। ৭এ ফর্মের জন্য প্রায় ৮ হাজার মামলা এবং ১০ নং ফর্মের জন্য গত বছরের

পেণ্ডিং বহু কেস পড়ে রয়েছে। এই পেণ্ডিং কেসগুলি সম্পর্কে যদি পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা কর যায় তাহলে দেখা যাবে যে তার কোন সঠিক জবাব পাওয়া যাবে না। আজকে ২২ বছর ধরে আইন মন্ত্রী এসেছে তাঁদের বাজেট স্পীচ পড়ে দেখেছি—বক্তৃতার সময় তাঁরা প্রত্যেকেই একটি কথা বলেছেন, হয়রানি অবসান করার জন্য প্রয়াস চালিয়ে যাচ্ছেন এবং একটা দৃঢ়ভাবে প্রয়াস নিয়ে সঠিক পথে যাতে সমস্যার সমাধান করতে পারা যায় তার জন্য তারা চেষ্টা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই অবস্থার কি করে অবসান হবে এবং কি করে কি হবে তা আমি বুঝতে পারছি না। মন্ত্রী মহাশয় বলেছেন যে কতগুলি কারণে মামলার নিষ্পত্তি হয় না। মামলার নিষ্পত্তি করতে হলে আইনজীবীদের সহযোগিতার প্রয়োজন। কিন্তু স্যার, আমি জানি পুলিশ যদি কোন মামলা দায়ের করে এবং তারা যদি একটি দরখাস্ত কোন রকমে দেয় তাহলে ম্যাজিস্ট্রেটের দিন না দিয়ে উপায় নাই।

[6-30—6-40 p.m.]

এইভাবে দিনের পর দিন ঘুরছে। আমরা জানি, ফৌজদারী মামলায়—মার্ডার কেস রেপ কেস, ডাকাতি কেস যাতে ফরেনসিক ল্যবরেটারীতে পরীক্ষা নিরীক্ষার দরকার হয়, এইসমস্ত কেসে নিশ্চয় আমাদের প্রয়োজন। কিন্তু স্যার, ৩৫৪/৩৪১/৩৪২ এই সমস্ত সাধারণ মকদ্দমা—যেমন ভাবে ৩৪২ এর মকদ্দমা, ১৪৭ এর মকদ্দমা ৩২৩এর মকদ্দমা। আপনি একজন অভিজ্ঞ আইনজীবী আপনি জানেন, এইসমস্ত ক্ষেত্রে বিচার দ্রুত এগিয়ে যাচ্ছে না। এগুলি আমাদের ভেবে দেখতে হবে। শুধু একদিকে বললেই হবে না অর্থনৈতিক ক্ষতিগ্রস্ততার হাত থেকে যদি সাধারণ মানুষকে বাঁচাতে হয় তাহলে আমাদের ভেবে দেখতে হবে। একবার জামিন দিয়ে ছেড়ে আর একবার চার্জসিট দিয়ে অন বল বলে দেওয়া উচিত এবং চার্জ সিট হলে আসবে কোথায়, বিচারাধীন চার্জ সিটের আগের মুহূর্ত পর্যন্ত ৫০/৬০টি মামলার দিন পড়লো, অনেক টাকার ক্ষতি হয়ে গেল, এটা আমাদের দেখতে হবে। তারপর স্যার, এই বিভাগের অন্যান্য যে সমস্ত ত্রুটি বিচ্যুতি আছে সেগুলি বলতে গেলে অনেক সময় লাগবে, আমি বলছি না, কেবল বলছি আইনের অনেক পরিবর্তনের কথা উঠেছে। এই প্রসঙ্গে বলি, ক্যাটেল ট্রেসপাস এ্যাক্ট—এটা ১৮শো কত সালের এ্যাক্ট—ফসল খাওয়ার পর একশোটাকে ধরে নিয়ে গেল খোঁয়াড়ে, ১০০ টাকা জরিমানা। স্যার আজকে যেখানে সমাজের অনেক পরিবর্তন হয়েছে সেখানে ফসলের উপর অত্যাচার করের জন্য একটা ভাল আইন পাব আমরা আশা করেছিলাম। কিন্তু এই ২৫ বছরের মধ্যে তা পেলাম না। ফসল তৈরী করার জন্য আমরা কোটি কোটি টাকা খরচ করছি, কিন্তু সেই ফসল রক্ষার জন্য সরকার কি চিন্তা করছেন সেটা আমাদের জানা দরকার। তারজন্য কি ক্যাটেল ট্রেসপাস এ্যাক্টের এ্যামেণ্ডমেণ্ট কিম্বা পরিবর্তনের কথা সরকার চিন্তা করছেন ? তারপর স্যার, এই যে ল্যাংগুয়েজ কমিশন হয়ে গেল ১২ই ফেব্রুয়ারী তারিখে আমাদের এই সরকার আসার আগে, সেখানে রিটায়ার্ড লোকদের নিয়ে—হোটেলের মালিক, বড় বড় ভাড়া বাড়ীর মালিকদের নিয়ে যা করা হল এটা কি হচ্ছে, স্যার। সেখানে আবার লেজিসলেটিভ ডিপার্টমেণ্টের এক্স-সেক্রেটারীকে চেয়ারম্যান করা হল। স্যার, আমাদের সার্ভিসের মধ্যে অনেক ভালো উপযুক্ত লোক আছে। কিন্তু ১২ই ফেব্রুয়ারী তারিখে ২০৭/এল নং অর্ডারের অনুসারে সেটা গভর্ণারকে দিয়ে সই করিয়ে নেওয়া হল। আমার মনে হয় এগুলি ভালো ভাবে বিচার বিবেচনা করা উচিত।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে সভায় মাননীয় বিচারমন্ত্রী যে ব্যয়বরাদ্দ

পেশ করেছেন সভার একজন সদস্য হিসাবে আমি প্রথমেই তাকে স্বাগত জানাচ্ছি। স্যার, পশ্চিমবঙ্গের বঞ্চিত, নিপীড়িত মানুষ যাদের উপর অন্যায় অত্যাচার চলেছে দিনের পর দিন ধরে, তাদের স্বার্থ রক্ষার জন্যই এই বিচার ব্যবস্থা, এই মহামান্য আদালত। কিন্তু যাদের স্বার্থ রক্ষার জন্য এই আদালতের প্রতিষ্ঠা তারা কিন্তু এই বিচারালয়ের দোরগোড়াতেও যেতে পারছে না। এর সবচেয়ে বড় কারণ, এক নম্বর হেভি এক্সপেনসেস এ্যাণ্ড নাম্বার টু ফ্যাক্ট হচ্ছে ডিলে ইন ডিসপোজাল অব কেসেস। হেভি এক্সপেনসেস বলতে আমি সরকারকে দোষারোপ করছি না, আমি বলছি না কোর্ট ফিস বেশী বা গভর্ণমেন্টাল ডিউস বেশী, যেটা সবচেয়ে বড় important component in securing legal aid, which is protracted and always in a high stem. আমরা জানি পৃথিবীতে বিচারের সূত্রপাত হয়েছিল রোমে। এই রোমান জুরিষ্ট এ্যাণ্ড কাউনসিলস তখন তারা কি করতেন--তারা জাষ্ট লাইক স্পেশ্যাল এ্যাণ্ড ডেডিকেটেড ওয়ার্কারস্ বঞ্চিত মানুষদের সাহায্য দিতেন। কিন্তু তারপর the selling of knowledge of law became a profession. কারণ Since then it imbibed all sorts of imperfection. সেখানে মনোপলিস্টিক ট্রেণ্ড বেশী, কমপিটিসান ট্রেণ্ড বেশী, ট্রেণ্ড অব ইমপারফেকসান বেশী, even black money already poured হচ্ছে। তারপর দেখছি একদিকে বড় বড় আইনবিদরা হাজার হাজার লক্ষ লক্ষ টাকা আয় করছেন, আর অন্যদিকে জুনিয়ার লইয়াররা একটা ব্রিফের জন্য ১০ বছর ধরে জুতোর শুকতলা ক্ষইয়ে ফেলছে। আজকে মেডিক্যাল প্রফেসানের সঙ্গে লিগ্যাল প্রফেসানের সবচেয়ে বড় তফাত মেডিক্যাল প্রফেসান গরিব মানুষকে চ্যারিটেবল ডিসপেনসারী বা হাসপাতালে সাহায্য দিতে পারে, কিন্তু লিগ্যাল প্রফেসানের কাছে সাহায্য নেবার মত কোন প্রতিষ্ঠান নেই। আমি সেজন্য সাজেষ্ট করবো পশ্চিমবঙ্গ সরকার লিগ্যাল এড কমিটি যেটা defunct and paper organisation সেটাকে ব্রড বেসড এডভাইসারী কমিটি করা হোক।

এবং সেটা ব্রড বেসড প্যানেল অব লইয়ারস করা হোক। সেখানে গভর্ণমেন্ট সুড এ্যাফোর্ড হেলপ টু দি লিগ্যাল এড কমিটি এবং দিস প্যানেল অব লইয়ারস-এর কাছ থেকে এই গরীব লোকেরা সাহায্য নিয়ে তাদের ন্যায়ের স্বার্থ রক্ষা করতে পারে। এইটা আমি বলতে পারি ইট ইজ ওয়ান সর্ট অব ট্রেনিং ইন দিস ভেরি লিগ্যাল প্রফেসন—দ্বিতীয় কথা হচ্ছে এ্যাপয়েন্টমেণ্ট অব জাজেস ফ্রম দি প্রফেসন অব লইয়ারস। আমরা দেখছি ৭৫% অনারেবল মিনিষ্টার বলেছেন এ্যাপয়েন্টমেণ্ট অব জাজেস ফ্রম দি প্রফেসন অব লইয়ারস। সেখানে আমরা দেখতে পাচ্ছি যারা জাজেস হচ্ছেন তাদের একটা জুনিয়র নেট-ওয়ার্ক থাকে। সেখানে ইম্পার্সিয়্যালিটি ইজ টোটালি ডিসকার্ডেড। সেইজন্য বিচার বিভাগের স্বাতন্ত্র, স্বাধীনতা ইম্পার্সিয়্যালিটি রক্ষা করবার জন্য আমি দাবী করছি। যদি ৭৫% প্রফেসন অব লইয়ারস না থাকে তাহলে যেন ক্যাডার সার্ভিস থেকে হয়। নাম্বার থ্রি হচ্ছে হ্যারোলড ল্যাস্কি যা বলেছিলেন আজকে মিনিষ্টার বলছেন ফর ইনডিপেনডেনস্ অব জুডিসিয়্যারি ফ্রম দি এক্‌জিকিউটিভ— আজকে সেখানে কি হয়েছে? এই জুডিসিয়্যারির ইনডিপেনডেনস্ রক্ষা করতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন কোর্টে কেসের তুলনায় জুডিসিয়ালে ম্যাজিষ্ট্রেট নিয়োগের পরিমাণ কত হয়েছে। হাওড়াতে দেখতে পাচ্ছি বিফোর সেপারেসন ১৩ জন ম্যাজিষ্ট্রেট ছিলেন, আফটার সেপারেসন ৫ জন হলেন। আমি খোঁজ নিয়েছি ২৯ হাজার কেস স্টিল পেণ্ডিং ইন হাওড়া কোর্ট। এই ২৯ হাজার কেস শুধু স্টিল পেণ্ডিং ইন হাওড়া কোর্ট নয়, বর্ধমানেও দেখা যাচ্ছে বহু কেস পড়ে রয়েছে, অথচ ম্যাজিষ্ট্রেটের সংখ্যাটা একবার চিন্তা করে দেখুন। সেখানে বিফোর সেপারেসন ৭ জন ছিলেন, আফটার সেপারেসন ৩ জন হলেন। ওখানে ডিসপোজাল অব কেসেস

লক্ষ দেখছি। সাক্ষী পাওয়া যাচ্ছে না, যারা যাচ্ছে, নেপাত্তা হয়ে যাচ্ছে, কি করে জাসটিস মেনটেন হবে, ইম্পার্সিয়্যালিটি মেনটেন হবে আমার মাথায় ঢুকছে না। সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দাবী করছি গরীব মানুষদের স্বার্থ রক্ষা করবার জন্য, বিচারের ব্যবস্থা করবার জন্য জুডিসিয়্যাল ম্যাজিস্ট্রেটের সর্টেজ মিট করে অবিলম্বে ফিল আপ করা হোক ফ্রম দি ব্রাইট ব্রিলিয়্যান্ট ল গ্রাজুয়েটস এবং এতে তাদের এমপ্লয়মেন্টও হবে, আর সেই সঙ্গে জাসটিসও হবে এবং এটা যদি হয় তাহলে মেন্টীনেন্স অব জাসটিস টু দি পুওর এণ্ড পভার্টি-ষ্ট্রিকেন পিপল যারা তাদের সবচেয়ে বেশী স্বার্থ রক্ষা করা যাবে। আমরা সমাজবাদের কথা বলি। এই সমাজবাদ যদি আনতে হয় তাহলে বিচার ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে, তাছাড়া বাঁচাবার কোন পথ নেই, এটাই হচ্ছে একমাত্র পথ। এই কথা বলে আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে এবিষয়ে দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমল পাইক**ঃ মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় আইন মন্ত্রী প্রশাসন বিভাগে কিছু টাকা ব্যয় করবেন সেইজন্য দাবী তুলেছেন: তবে দাবী সমর্থন করবো কিনা সেটা আমি আবার উপসংহারে বলছি। যদি এই কথা প্রমাণিত হয় যে দেশে আইনের কোন প্রয়োজনীয়তা নেই, দেশে বিশৃঙ্খলা চলুক এইটা যদি ইস্যু হয় তাহলে দেশের টাকা দেবার দরকার নেই, দেশে আইন থাকবার প্রয়োজনীয়তা নেই। যদি আজকে এইটা সাব্যস্ত হয় যে দেশে প্রশাসনের জন্য, শৃঙ্খলা রক্ষা করার জন্য আইনের প্রয়োজনীয়তা আছে, তাহলে সেই আইন সুষ্ঠুভাবে পরিচালনা করবার জন্য নিশ্চয় তিনি টাকা দাবী করতে পারেন। মাননীয় মন্ত্রী মহোদয় এই কথা জানিয়েছেন যে বিচার বিভাগকে একজিকিউটিভ থেকে পৃথক করে দেবেন, এজন্য সত্যি ধন্যবাদ জানাচ্ছি সেই রবীন্দ্রনাথের ভাষায় 'বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে'। জাস্টিস ওয়াজ সোল্ড এণ্ড ব্রট বাই দি হাইয়েষ্ট বিচার। জামিন আনতে গেলে সেখানে ম্যাজিষ্ট্রেট জামিন দেবে কিনা—তার প্রয়োজনীয়তা সম্পর্কে অনেক কথা হয়ে গেছে। সেই প্রয়োজনীয়তার জন্যই জুডিসিয়্যারি একজিকিউটিভ থেকে পৃথক হয়েছে। সত্যি আজকে এই ভরসা আছে যে পশ্চিমবাংলার মানুষ অন্ততঃ একটু বিচার পাবে। তবে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলে আমার ধারণা হয়েছে, সে সম্বন্ধে কয়েকটি কথা বলব। কোন জায়গায় মুনসেফকে ৩/৫/৭ হাজার টাকা পর্যন্ত পিকিউনিয়ারী জুরীসডিকসান দেওয়া হয়েছে। আবার ৭ হাজার টাকা পেরিয়ে গেলেই ডিষ্ট্রিক্ট জাজের আদালতে চলে যায়। মন্ত্রী মহাশয়কে বলছি ধরুন একটি স্পেসিফিক পারফরমেন্স অব কনট্রাকটরস কেস তাতে যেখানে প্রিন্সিপ্যাল ২ হাজার টাকা হয়, যেখানে প্রিন্সিপ্যাল ১০ হাজার টাকা কেসের পার্টিসুট মোকদ্দমা হয় তার যে প্রিন্সিপ্যাল সেটা যদি ৩ হাজার হয়, ৩৩ হাজার হয় তাহলে আমি বলব এই রকম পিকিউনিয়ারি জুরিসডিকসান তুলে দিয়ে—যদি একই জিনিসের হয়ে থাকে তাহলে সেটা মুনসেফের উপর ভার দিয়ে দিলে ভাল হয়। কারণ, তাহলে ডিষ্ট্রিক্ট জাজের উপর এতোটা চাপ আর পড়ে না।

[6-40—6-50 p.m.]

কারণ সেখানে principalটা একই। আমরা জানি ১৯৫৭ সালের পূর্বে Hindu Successio Act পাশ হবার পূর্বে restitutional conjugal right এগুলিতে মুন্সেফের উপর চাপ পড়বে কিন্তু আজকে হয়ে গেল restitutional of conjugal right যার কোন শক্ত কিছু interpritatio নেই। Divorse Caseও শক্ত কিছু নেই। অথচ সেগুলি District Judge চালিয়ে যাচ্ছেন

ং তার ফলে লোকের অর্থের অপচয় হচ্ছে, time নষ্ট হচ্ছে। সেজন্য আমি বলি এগুলি একটু বে চিন্তে করুন।

দ্বিতীয়তঃ Land Reform সম্পর্কে কিছু suggession দেবো। Land Reform-এর যে pplicationগুলি উনি S. D. O র উপর দিয়েছেন সেখানে আমি অনুরোধ করবো যে S. D. O. Executive Officerরা অনেক কাজে ব্যস্ত থাকেন, কাজেই এগুলি যেন মুন্সেফের উপর দিয়ে দেন। র Land Reform-এ ভাগচাষের যে Caseগুলি সেই Caseগুলিকে কোন একজন আইনজ্ঞকে দিয়ে চার করবার ব্যবস্থা করুন। কেন না, এখানে অনেক আইনের প্রশ্ন থাকে। আর একটা uggession বেনামী transaction প্রভৃতি সম্পর্কে দেবো। প্রত্যেক Subdivision-এ যেটা District Judge Court থেকে দূরে সেখানে অন্ততঃ একটা Additional District Judge Court দান দরকার। যেমন আমাদের কাঁথী, তমলুকের কথা বলছি। কাঁথী থেকে দূর অঞ্চলে ৬৮ থেকে ০ মাইল রাস্তা হেঁটে District Judge Court-এ আসতে হয় এবং এসে হয়ত দেখা গেল সেখানে দান case চলছে। ফলে সাক্ষীসাবুদ নিয়ে তাদের ফিরে যেতে হচ্ছে। তার ফলে দেখা যাচ্ছে নেক অর্থ ব্যয় হয়ে যাচ্ছে। তাই আমি মনে করি প্রত্যেকটি মুন্সেফ কোর্টে যেগুলি দূরে আছে সগুলিতে অন্ততঃ Additional District Judge বসান হোক। তাহলে মানুষের অর্থ বেশী অপচয় বে না। আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন এটা রেন, এতে মানুষের উপকার হবে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় যে টাকা দাবী করেছেন, যে কা ব্যয় বরাদ্দের জন্য পেশ করেছেন তাকে সর্ব্বতোভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সভ্যরা যে কথা বলেছেন মোটামুটি বিচার করতে গেলে দেখা যাচ্ছে যে সকলেই বিচারের বিলম্ব একথা বলেছেন। বিচারের বিলম্ব কেন হয়, কি কারণে হয় আমি আমার প্রাথমিক বক্তব্যে সে কথা বলেছি। আমার মনে হয় সেটা পরিষ্কার হয়েছে বিচারের বিলম্ব হয় অনেক সময় অফিসারের অপ্রতুলতা হেতু। আবার এটাও দেখা গেছে অনেক সময় অনেক মামলা—যেটা আমাদের বারি সাহেব বলেছেন যে এতো মামলা—অনেক সময় গ্রামে সামাজিক এমন একটা অবস্থা যে শত্রুতাবশতঃ মিথ্যা করে মামলা এটা খুব বেশী করে হয় এবং এর ফলে দেখা যায় যে যিনি মামলা করেন শেষের দিকে তিনি আর থাকেন না এবং এই ভাবে মামলা দায়ের হয়ে যায়। আজকে আমাদের সামাজিক যে অবস্থা এর থেকে দালালরা মামলা করার জন্য কিছু লোককে সংগ্রহ করেন এবং এতে অনেক সময় বলা ঠিক ভাবে হয়না। যারা ব্যবহারজীবী আছেন তাদের কন্টিবিউশান আছে এবং আমরাও অনেকটা দায়ী, আমাদের কিছু কন্ট্রিবিউশান আছে। তাছাড়া কোর্টও অনেক সময়ে সময় দিয়ে দেন সে জন্য দেরী হয়। আর একটি কথা বলা হয়েছে যে কষ্ট অব এ্যাডমিনিষ্ট্রেশান হ্যাজ ইনক্রিজ অর্থাৎ খরচ বেড়ে গেছে। এটা ঠিক বেড়েছে, তবে আমি আপনাদের বলছি কোর্ট ফি বাড়ান হয়নি। কোর্ট ফি আগে যা ছিলো এখনো সেটাই আছে। আর একটা হচ্ছে গরীব মানুষের জন্য কি ব্যবস্থা করেছি। গরীব মানুষের জন্য লীগ্যাল এইড কমিটি হয়েছে এবং প্রত্যেকটি জেলাতে আছে। তবে দুঃখের বিষয় এটার কোন পাবলিসিটি নেই। আমি খবর নিয়ে জানতে পারলাম যে গরীব মানুষের সাহায্যের জন্য একটা লীগ্যাল এইড কমিটি হয়েছে জেলা জজকে প্রেসিডেন্ট করে। কিন্তু সেটা না জানার জন্য যে সামান্য টাকা, এক হাজার, দেড় হাজার টাকা সেটাও খরচ হচ্ছে না। আমি মাননীয় সভ্যদের বলছি একটা লীগ্যাল এইড কমিটি আছে, কলকাতায়ও আছে এবং মফঃস্বলেও আছে। এই কমিটিতে যাতে সত্যিকারের কাজ হয় তার জন্য সকলের কাছে আমি সহযোগিতা কামনা করি। তারপর অফিসারের অভাবের

ব্যাপারে আমি আগেই বলেছি সেজন্য আমরা ব্যবস্থা অবলম্বন করবো। করাপশনের কথা বলা হয়েছে। করাপশান ইন দি ডি এল আর অফিস, এই ব্যাপারে যদি কোন মাননীয় সদস্য স্পেসিফিক কেস দেন তাহলে নিশ্চয়ই ইনকোয়ারী করবো। কি ধরনের করাপশান নিশ্চয়ই সেটা ইনকোয়ারী হবে আর একটা হচ্ছে oppression of the poor by the rich অর্থাৎ ধনী লোকেরা গরীব মানুষের প্রতি অত্যাচার করছে। এটা কোর্টের বিচারের মাধ্যমে সমস্যার সমাধান হবে না। এটা সামাজিক ন্যায় বিচার, সমাজকে যদি সেই ভাবে গড়তে না পারি তাহলে এর সমাধান হবে না। আমাদের দরকার গরীব লোক যাতে বড় লোকের দ্বারা অত্যাচারিত না হয় সেজন্য আমাদের এগিয়ে আসতে হবে।

The motion of Shri Abdus Sattar that a sum of Rs. 2,49,62,000 be granted for expenditure under Grant No. 13, Major Head : "21—Administration of Justice", was then put and agreed to.

## Demand for Grant No. 47.

Major Heads ; 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on other Works.

**Shri Bholanath Sen** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 17,79,41,000 be granted for expenditure under Grant No. 47, Major Heads: "71—Miscellaneous—Other Miscellaneous Expenditure" and "109—Capital Outlay on other Works".

মাননীয় অধ্যক্ষ মহাশয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ৪৭নং অনুদানের অধীনে, মুখ্যখাত "১০৯—অন্যান্য নির্মাণকার্য্য সম্পর্কে মূলধনী ব্যয়" এবং "৭১—বিবিধ—অন্যান্য বিবিধ ব্যয়" বাবদ ১৭,৭৯,৪১,০০০ টাকা মঞ্জুর করা হোক। (১৯৭২ সালের মার্চ মাসে ভোট অন এ্যাকাউন্টে ইতিপুর্বে মঞ্জুরীকৃত ৫,২০,১৪,০০০ টাকাও এর মধ্যে ধরা হয়েছে।) উপরোক্ত অনুদানের অধীনে নিম্ন বর্ণিত দুটি মুখ্যখাতে ব্যয় করা হবে—

(১) ১০৯—অন্যান্য নির্মাণকার্য সম্পর্কে মূলধনী ব্যয়।

(২) ৭১—বিবিধ—অন্যান্য বিবিধ ব্যয়।

'১০৯—অন্যান্য নির্মাণকার্য সম্পর্কে মূলধনী ব্যয়' এবং '৭১—বিবিধ—অন্যান্য বিবিধ ব্যয়' বাবদ অনুদান এবং উপযোজনের জন্য ইতিপুর্বে ভোট অন এ্যাকাউন্টে মঞ্জুরীকৃত টাকা সমেত যথাক্রমে ৬,১১,২৭,০০০ টাকা এবং ১১,৬৮,১৪,০০০ টাকার দাবী পেশ করা হচ্ছে।

মুখ্যখাত '১০৯—অন্যান্য নির্মাণকার্যে মূলধনী ব্যয়'।

'১০৯—অন্যান্য নির্মানকার্যে মূলধনী ব্যয়'—এই মুখ্যখাত সংশ্লিষ্ট 'উন্নয়ন প্রকল্পের' জন্য দাবী হচ্ছে, মোট ১,৮০,২২,০০০ টাকা এবং 'অন্যান্য প্রকল্পের' জন্য মোট ৪,৩১,০৫,০০০ টাকা। এই মুখ্যখাতের অধীনে যে সব বড় বড় প্রকল্প, পরিকল্প (প্রোজেক্ট) গ্রহণ করা হয়েছে তার মধ্যে কয়েকটির উল্লেখ করছি :

(ক) গৃহনির্মাণ—৪র্থ পরিকল্পনাকালে গৃহনির্ম্মাণ প্রকল্প রূপায়ণের জন্য যে অর্থ বরাদ্দ করা য়েছে আবাসন সমস্যার কথা বিবেচনা করলে প্রয়োজনের তুলনায় তা অনেক কম। আবাসন বিভাগের ন্য ৪র্থ পরিকল্পনায় ৬১৬.৬৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে জীবন বীমা কর্পোরেশন কে ঋণ হিসাবে যে ৫ কোটি টাকা পাওয়া যাবে তাও ধরা হয়েছে। এই টাকা ৪র্থ পরিকল্পনার মোট য়ের প্রায় শতকরা ২ ভাগ।

১৯৭১-৭২ সালের শেষ পর্যন্ত প্রায় ৪২১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। চলতি বছরে 'ঋণ ও গ্রিম টাকা প্রদান' খাতে মঞ্জুরীকৃত টাকা সমেত ১২৬.৯১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। ফলে ৪র্থ রিকল্পনার শেষ বছরের জন্য মাত্র ৬৮.০০ লক্ষ টাকা অবশিষ্ট থাকবে। পরিকল্পনায় যা বরাদ্দ আছে র বাইরে ব্যয় করার জন্য আরও ৭৫ লক্ষ টাকার ব্যবস্থা রাখা হয়েছে। বন্যা ও অগ্নিকাণ্ডের ফলে তিগ্রস্ত ঘরবাড়ীর নির্ম্মাণ ও পুনর্নির্মাণের জন্য জীবন বীমা কর্পোরেশন বিশেষ ঋণ হিসাবে ১ কোটি কা দিয়েছেন। এই টাকা দিয়ে আবাসন বিভাগ জলপাইগুড়ি, মালদহ, নদীয়া প্রভৃতি বন্যাপীড়িত ঞ্চলে গৃহনির্ম্মাণের জন্য প্রকল্প রচনা করছেন। উক্ত বিশেষ ঋণ থেকে ১৫ লক্ষ টাকা, দার্জিলিং-এ গ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ী পুনর্নির্মাণের জন্য আলাদা করে রাখা হয়েছে। আগে যে বরাদ্দের কথা না হল তা ছাড়াও সি, এম, ডি, এ ভাড়া-ক্রয়ের (হায়ার-পার্চেজ) ভিত্তিতে বিক্রয়ের জন্য ১ জার ৪৮টি ফ্ল্যাট নির্মাণবাবদ ১৭৪.৫৯ লক্ষ টাকা ঋণ হিসাবে দিতে রাজী হয়েছেন। হাওড়ার ন্দুল রোডে একটি ভূমি উন্নয়ন প্রকল্পের জন্য সি, এম, ডি, এ আরও ৩২ লক্ষ টাকা দিয়েছেন। খানে প্লটগুলি উন্নয়নের পর বিক্রয় করা হবে। সি, এম, ডি, এ-র টাকা থেকে লবনহ্রদ এলাকায় ড়া-ক্রয়ের ভিত্তিতে বিক্রয়ের জন্য ২৫০টি ফ্ল্যাট (প্রথম পর্যায়ে) নির্মাণের একটি কর্মসূচীও নুমোদিত হয়েছে। সি, এম, ডি, এ-র প্রতিনিধি হিসাবে এই বিভাগ অর্থনৈতিক দিক থেকে াজের দুর্বল অংশ এবং শিল্প-শ্রমিকদের জন্য ২০৪৮টি ফ্ল্যাট নির্ম্মাণ করছে। কালীদহে ভাড়া-য়ের ভিত্তিতে বিক্রয়ের জন্য ৮০৮টি ফ্ল্যাট নির্ম্মাণ এবং ১৩২টি বাস্তুজমির প্লট উন্নয়নের উদ্দেশ্যে ১৭৫ ক টাকা ঋণ হিসাবে সাহায্য পাওয়ার নিমিত্ত আবাসন বিভাগের একটি প্রস্তাব, ভারত সরকার র্তৃক গঠিত আবাসন এবং শহরাঞ্চল উন্নয়ন কর্পোরেশনের বিবেচনাধীন আছে। ৪র্থ পরিকল্পনার দ্দ অনুযায়ী গৃহনির্ম্মাণ বিভাগের প্রকৃত লক্ষ্যসীমা হচ্ছে ৭১০০টি ফ্ল্যাট নির্ম্মাণ। তার মধ্যে ৪০০০টি াট নির্ম্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। আরও ২৫০০টি ফ্ল্যাট নির্ম্মাণের কাজ চলছে, আশা করা যাচ্ছে বর্তমান বছরের শেষাশেষি সেগুলির নির্মাণ কার্য সম্পূর্ণ হবে। সি, এম, ডি, এ-র কর্ম্মসূচী সমেত রকল্পনা বহির্ভূত বরাদ্দের হিসাব ধরে আশা করা যায় যে ৪র্থ পরিকল্পনাকালের মধ্যে ১২,০০০টি াটের নির্ম্মাণকার্য সম্পূর্ণ হবে এবং সমগ্র বিনিয়োগের পরিমাণ দাঁড়াবে ১৩ কোটি টাকারও বেশী। কার যাতে গৃহনির্ম্মাণের একটি বৃহৎ কর্ম্মসূচী রূপায়িত করতে পারেন সেজন্য রাজ্য সরকার একটি বন্ধ গৃহনির্ম্মাণ পর্ষদ স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ঐ পর্ষদ বিভিন্ন সংস্থা থেকে আর্থিক হায্য নিতে এবং বাজার থেকে ঋণ সংগ্রহ করতে পারবেন। এই সম্পর্কে একটি বিলের খসড়া করা াছে এবং তা সভার বিবেচনার জন্য পেশ করা হবে। সরকারী ও বেসরকারী ক্ষেত্রে বহুতলবিশিষ্ট ট বাড়ি নির্ম্মাণের উৎসাহ দেওয়ার জন্য রাজ্য বিধানসভার গত অধিবেশনে 'পশ্চিমবঙ্গ কক্ষ-বাসের মালিকানা বিল, ১৯৭২' এবং 'পশ্চিমবঙ্গ কক্ষ নিবাস (নির্ম্মাণ ও হস্তান্তর প্রনিয়ন্ত্রণ) বিল, ৭২' নামে দুটি বিল গৃহীত হয়েছে। এই বিল দুটি ভারতের রাষ্ট্রপতির সম্মতি লাভ করেছে এবং া৭১ তারিখের কলিকাতা গেজেটের অতিরিক্ত সংখ্যায় ঐ বিল দুটি যথাক্রমে পশ্চিমবঙ্গ ১৬/১৭ নং ইনরূপে প্রকাশিত হয়েছে।

·50—7-00 p.m ]

(খ) লবন হ্রদ অনুরুদ্ধার প্রকল্প

১৯৬২ সালে এই প্রকল্প গৃহীত হয়েছিল। ৬ বর্গমাইল এলাকা জুড়ে বিভিন্ন সেক্টারে

পুনরুদ্ধার ও উন্নয়নের কাজ সুরু করা হয়েছিল। প্রথম সেক্টারের কাজ সম্পূর্ণ হওয়ার মুখে এবং অন্য দুটি সেক্টারের কাজ এগিয়ে চলেছে। এই সব কাজের জন্য বর্তমান বছরের বাজেটে ২০১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পে ১৯৭২ সালের মে মাস পর্যন্ত ২৫ কোটি ১১ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

২। ৪১৫৮টি প্লট উন্নয়ন করে ইতিমধ্যে বিলি করা হয়েছে এবং এগুলির সেলামী বাবদ এপর্যন্ত ৯৩২ লক্ষ টাকা পাওয়া গেছে। এ ছাড়াও বেশ কিছু একর জমি বিভিন্ন বিভাগ, সংস্থা প্রভৃতিকে বিলি করা হয়েছে।

৩। সেণ্ট্রাল পার্ক এলাকায় একটি আধুনিক ষ্টেডিয়াম নির্মাণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

### (গ) পর্যটন

এই রাজ্যে পর্যটনের উন্নতিকল্পে বর্তমান বৎসরের বাজেটে রাজ্য পরিকল্পনার খাতে ৯.৯০ লক্ষ টাকা এবং রাজ্য পরিকল্পনা বহির্ভূত খাতে ৭.৬৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

২। এই বিভাগের কর্ম-প্রকল্পগুলির মধ্যে আছে,—পর্যটকদের আকর্ষণীয় স্থানসমূহের উন্নয়ন, বাসস্থান ও চিত্ত বিনোদনের সুযোগ সুবিধার প্রসার, যাতায়তের পথ এবং পরিবহণ ব্যবস্থার উন্নয়ন এবং বন্য প্রাণীদের জন্য শরণাবাস (স্যাংচুয়ারি) স্থাপন ও যুব-ছাত্রাবাস (ইউথ হোষ্টেল) ইত্যাদি নির্মাণ। রাজ্যের দর্শনীয় স্থানসমূহ পর্যটকদের কাছে আকর্ষণীয় করার উদ্দেশ্যে দৈনিক ও সাময়িক পত্রিকাগুলিতে বিজ্ঞাপন দেওয়া হচ্ছে। শোভন-প্রচার পুস্তিকা ছাপানো হচ্ছে এবং চিত্তাকর্ষক দলিল ছায়াচিত্র (ডকুমেণ্টারি ফিল্ম) নির্মাণ করা হচ্ছে। এরূপ একটি ছায়াচিত্র রাষ্ট্রপতির স্বর্ণ পদক লাভ করেছে।

৩। এ ধরণের প্রকল্পগুলিই হাতে নেওয়া হয়েছে যেগুলি থেকে অতি অল্প সময়ে এবং আনুপাতিকভাবে বেশী ফল পাওয়া যায় এবং সঙ্গে সঙ্গে স্থানীয় অধিবাসী তথা পার্বত্য অঞ্চলের বাসিন্দারাও উপকৃত হতে পারেন। যে সকল প্রকল্প রূপায়িত করা হচ্ছে তার মধ্যে আছে দার্জিলিং-এ যুব ছাত্রাবাস নির্মাণ, দার্জিলিং-এর পর্য্যটক আবাসে অতিরিক্ত বাসস্থানের ব্যবস্থা, দার্জিলিং-এ পর্যটকদের ব্যবহারের জন্য জীপ ও মিনিবাস ক্রয়, হিলং-এ পর্যটক আবাস নির্ম্মাণ এবং জলদাপাড়ায় বন্য প্রাণীদের জন্য শরণাবাস স্থাপন। কালিংপঙ, দীঘা, বকখালি, শান্তিনিকেতন ও অন্যান্য স্থানে পর্যটক আবাসসমূহ এবং সেগুলির সুযোগ সুবিধা সম্প্রসারণ করা ছাড়াও বক্রেশ্বরে ধর্ম্মশালা ধাঁচের আবাসগৃহ স্থাপন, মাসাঞ্জোড়ে দিব-আবাস (ডে সেলটার) এবং শিলিগুড়ির কাছে জাতীয় জারপথের ধারে হোটেল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হবে।

### (ঘ) শ্রমিক ও শ্রমিক কল্যাণ

এই বাবদ মোট বরাদ্দ হচ্ছে ৩.৭৩ লক্ষ টাকা। এর মধ্যে রয়েছে, জলপাইগুড়ি গনদাপাড়া এবং হুগলির গোন্দলপাড়াতে আদর্শ কল্যাণ কেন্দ্র ও দীঘাতে হলিডে হোম নির্মাণ এবং দার্জিলিং-এ হলিডে হোম স্থাপনের জন্য যে বাড়ী কেনা হয়েছে তার মেরামত ও সংস্কার সাধনের জন্য বরাদ্দ টাকা। এছাড়াও তারাতলায় বয়লার পরীক্ষার উদ্দেশ্যে ল্যাবোরেটারির জন্য কিছু যন্ত্রপাতি ইত্যাদি ক্রয় বাবদ ১.৬৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

### (ঙ) পশুপালন

এই বাবদ বর্তমান বছরে ১০·১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে রয়েছে গবাদি পশু উন্নয়ন সূচীর অধীনে বিভিন্ন নির্ম্মাণ কার্য, যেমন গৃহ ও শেড নির্ম্মাণ, ব্যাপকভাবে গো-মহিষাদি উন্নয়ন ব্লক স্থাপন, গো-মহিষাদি পালন কেন্দ্র স্থাপন এবং পশুখাদ্য উৎপাদন কেন্দ্রের সম্প্রসারণ বাবদ বরাদ্দ ৩·১০ লক্ষ টাকা। হাঁস, মুরগী উন্নয়নের বিভিন্ন প্রকল্পের অধীনে ৪·৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর দ্বারা গুদাম তৈরী, সীমানা পাঁচিল নির্ম্মাণ, হাঁসমুরগীর থাকবার ঘর তৈরী, পোলট্রি ড্রেসিং প্লাণ্ট প্রভৃতি নির্মাণ এবং ডীপ লিটার হাউস এবং ব্রুডারের জন্য বৈদ্যুতিকরণ ব্যবস্থা করা হবে। এ ছাড়া শূকর পালন আবাস উন্নয়নের অধীনে ০·৫০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

### (চ) স্বাস্থ্য

বর্তমান বছরের বাজেটে কেন্দ্রপোষিত প্রকল্প (নূতন প্রকল্প) মতে, পরিবার পরিকল্পনা, প্রসূতি এবং শিশুকল্যাণ বাবদ ২০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর দ্বারা ৭টি প্রধান গ্রামীণ পরিবার পরিকল্পনা কেন্দ্র এবং কর্ম্মচারীদের আবাস সমেত ৮১টি গ্রামীণ পরিবার পরিকল্পনা উপকেন্দ্র নির্মাণ ও সেই সঙ্গে কল্যাণীতে একটি আঞ্চলিক পরিবার পরিকল্পনা কেন্দ্র নির্ম্মাণ করা যাবে।

### (ছ) বিশেষ পরিকল্প

দুর্গাপুর অঞ্চলে শিল্প স্থাপনে আগ্রহী ব্যক্তিদের জন্য এবং দুর্গাপুরে সার কারখানার জন্য জমি দখল ও উন্নয়ন করে সেই জমি তাঁদের মধ্যে বিলির উদ্দেশ্যে বিশেষ প্রকল্পের অধীনে পাঁচ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

### ২। মুখ্য খাত ঃ— ৭১—বিবিধ—অন্যান্য বিবিধ ব্যয়

মুখ্য খাত "৭১—বিবিধ—অন্যান্য বিবিধ ব্যয়"-এর অধীনে কয়েকটি প্রধান কর্ম প্রকল্প/পরিকল্পের উল্লেখ করা হচ্ছে :—

### (ক) স্থানীয় প্রতিষ্ঠানের জন্য অনুদান

হাওড়া শহর উন্নয়নের জন্য ২·৭০ লক্ষ টাকার সহায়ক অনুদানের একটি কর্ম প্রকল্প গৃহীত হয়েছে।

পৌর সংঘ, নগর কমিটি এবং প্রজ্ঞাপিত অঞ্চল কর্তৃপক্ষকে আর্থিক সহায়তা দানের উদ্দেশ্যে—রাস্তা, নর্দমা ও রাস্তার আলো ব্যবস্থার উন্নতি সাধন এবং অন্যান্য উন্নয়নমূলক কাজের জন্য যে কর্ম প্রকল্প অনুমোদিত হয়েছে সেই বাবদ ব্যয়ের ⅔ অংশ পর্যন্ত অর্থ সাহায্যকল্পে আরও ২৪·২০ লক্ষ টাকার ব্যবস্থা করা হয়েছে। বাকি ⅓ ভাগ তাঁদের নিজেদের সংস্থান থেকে বহন করতে হবে। জেলা আধিকারিকদের তাদের নিজ নিজ জেলার অধীন পৌর এলাকার জনসংখ্যার ভিত্তিতে এই অনুদান ভাগ করে দেওয়া হয়েছে। ১৯৭০-৭১ সাল থেকে সি. এম ডি.এ এলাকা বহির্ভূত পৌর সংঘ, নগর কমিটি ইত্যাদিকে পুরা টাকাটা মঞ্জুর করা হয়েছে, কারণ সি. এম. ডি.এ এলাকার অন্তর্ভুক্ত এরূপ প্রতিষ্ঠানগুলি পণ্য প্রবেশ করের সুবিধা পেয়ে থাকেন।

(খ) বিশেষ কর্ম্ম সংস্থান সূচী

গ্রামীণ এলাকায় কর্মসংস্থানের জন্য অন্যান্য কর্মসূচীর সঙ্গে ভারত সরকার, একটি নূতন বি কর্ম্মসূচী গ্রহণ করেছেন,—যেমন ছোট ও প্রান্তিক (মার্জিনাল) কৃষিজীবীদের জন্য প্রকল্প, গ্রা সংস্থানের জন্য 'দ্রুত রূপায়ণ-কর্মসূচী' (ক্র্যাশ স্কীম) ইত্যাদি এবং এজন্য তাঁরা তাঁদের ১৯৭১- সালের বাজেটে বিশেষ বরাদ্দ রেখেছেন। এই কর্ম্মসূচীর অধীনে বিভিন্ন প্রকল্প রূপায়ণের এই রাজ্যকে ২১৮ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং তদনুযায়ী রাজ্যের ১৯৭২-৭৩ সালের বাজে সমপরিমাণ অর্থ ব্যয়ের ব্যবস্থা করা হয়েছে।

২। ভারত সরকার এরূপ স্থির করেছেন যে, এই কর্ম্মসূচীর দ্বারা গ্রাম ও শহরের শি এবং অশিক্ষিত কর্মপ্রার্থীদের জন্য কর্মসংস্থানের সুযোগ সুবিধার ব্যবস্থা করা হবে এবং এর সর্বাধিক কর্ম্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হবে। এই কর্ম্মসূচী উন্নয়নমূলক হবে এবং পরিকল্প লক্ষ্যের সাথে তার সামঞ্জস্য থাকবে। আরও সুপারিশ করা হয়েছে যে, এই কর্মসূচীর ধরণ এ হবে যেন অবিলম্বে তা শুরু করা যায় এবং এক বছর বা ঐরকম সময়ের মধ্যে তা সম্পূর্ণ হয়।

৩। ভারত সরকারের নির্দ্দেশিত পন্থা সামনে রেখেই এই প্রকল্পগুলি রচনা করা হয় এই প্রকল্প অংশগ্রহণকারী সংশ্লিষ্ট।

[7-00—7-10 p.m.]

বিভিন্ন বিভাগের সঙ্গে আলোচনা করার পর, প্রকল্পগুলি শীঘ্রই পরিকল্পনা কমিশনের ব পাঠানো হবে। আশা করা যাচ্ছে যে, কমিশনের অনুমোদন সেপ্টেম্বরের মধ্যেই পাওয়া যাবে সেক্ষেত্রে সম্পূর্ণ বরাদ্দের সদ্ব্যবহারে কোনরূপ বাধা থাকবে না।

(গ) সমাজ কল্যাণ

বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অধীনে সমাজ কল্যাণের জন্য বাজেটে, বার্ধক্যহেতু ১০৩৫ পেনশনভোগীকে পেনশন প্রদান, উদ্ধার আশ্রম, ভবঘুরে আশ্রম প্রভৃতি কয়েকটি প্রতিষ্ঠ রক্ষণাবেক্ষণ এবং শারীরিক অক্ষম ব্যক্তিদের সহায়তা দান বাবদ ব্যয় নির্বাহের উদ্দেশ্যে মোট ৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

আমার এই বক্তব্য নিবেদন করে, ইতিমধ্যে যে দাবীগুলি সভায় পেশ করেছি তা অনুমো জন্য সভাকে অনুরোধ জানাচ্ছি।

**Dr. Kanai Lal Sarkar:** আমরা Speech-এর বাংলা Copy পাইনি। English Copy পেয়েছি।

**Shri Bholanath Sen:** স্যার, in fact আমার speech টা Originaly Eng এ করা হয়েছিল, কিন্তু তারপর ওটার হুবহু বাংলা নকল করে আমি এখানে পড়লাম।

**Mr. Speaker:** We have received copies of the English version of speech though the speech has been made here in Bengali. This has the difficulty for us and that is why it has not been circulated.

**Shri Bholanath Sen** : Sir, on the last occasion, in presenting the P.W.D. budget I delivered the speech in English and circulated copies thereof but I found that some of the Members felt difficulty in appreciating the English speech. Therefore, this time I have prepared the original speech in English but I got one copy translated in Bengali which I have read in the House.

**Mr. Speaker** : If there is no objection of honourable Members, copies of the English version of the speech delivered in Bengali by the Hon'ble Minister may be circulated but without going through both I cannot say whether the English version is the exact translation of the Bengali speech.

**Shri Bholanath Sen** : It is almost the exact translation in Bengali.

**Mr. Speaker** : As the Hon'ble Minister says that it is almost the exact translation, I am passing order to my Secretariate to distribute copies of the English version of the speech to Members.

**শ্রীকানাই লাল ভৌমিক** ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় যে বক্তৃতা করলেন তাতে বিভিন্ন বিভাগের টাকাকড়ি তাঁর দপ্তরের মাধ্যমে খরচ করার দায়িত্ব পড়েছে। কিন্তু তাঁর বক্তৃতার মাধ্যমে আমরা জানতে পারলাম না এই যে এত টাকা বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে তাঁর বিভাগে বরাদ্দ করা হচ্ছে এই সমস্ত টাকা খরচের ব্যাপারে, সময় মত কাজ শেষ করার ব্যাপারে এবং এই টাকা যাতে ন্যায্যভাবে খরচ হয়, দুর্নীতি না হয় এবং সত্যিকারে যে উদ্দেশ্যে খরচ করার কথা সেই উদ্দেশ্যে খরচ হয় সেই সম্পর্কে তিনি কি ব্যবস্থা নিচ্ছেন। আমরা জানতে পারলাম না ইতিমধ্যে যে ব্যবস্থা আছে তার কোন পরিবর্তনের কথা ভাবছেন কিনা, যে ব্যবস্থা আছে যার সম্বন্ধে ইতিপূর্বে আইন সভায় বহু সমালোচনা হয়েছে সেগুলি বিচার করে নতুন কোন পদ্ধতির কথা ভাবছেন কিনা। একমাত্র তিনি যে পদ্ধতির কথা রেখেছেন সেটা হচ্ছে তিনি গৃহ নির্মাণ পর্ষৎ তৈরি করবেন এবং সেই পর্ষতের হাতে ক্রমশ ক্রমশ কিছু কিছু দায়িত্ব দেবেন। কিভাবে পর্ষৎ হবে, কি ধরণের তার রচনা হবে সেটা এলে সে সম্বন্ধে নিশ্চয়ই মন্তব্য করব, কিন্তু আজকে যে বাজেট রেখেছেন নিশ্চয়ই এই বাজেটকে সমর্থন না করার কোন প্রশ্ন উঠে না। কেননা এটা বিভিন্ন বিভাগের টাকা, সেই টাকা ওঁকে দেওয়া হয়েছে যেহেতু ওঁর হাতে সমস্ত নির্মাণ দপ্তর আছে, উনি সেই টাকা খরচ করবেন। এতে ওঁর দপ্তরের খুব বেশী কৃতিত্ব নেই, কৃতিত্ব বিভিন্ন বিভাগ থেকে যে টাকা নিচ্ছেন সেই টাকা সময় মত খরচ করতে পারছেন কিনা এই খরচ করার উপর নির্ভর করছে, নির্ভর করছে অন্যান্য দপ্তরের ডেভেলপ্‌মেণ্ট কত তাড়াতাড়ি হবে তার উপর। ধরুন স্বাস্থ্য দপ্তর, ফরেষ্ট বিভাগ, টুরিস্ট ডিপার্টমেণ্ট বিভিন্ন দপ্তরের কাজ হাতে নিয়েছেন। উনি যদি সময়মত করে দিতে পারেন তাহলে সেই দপ্তরের ডেভেলপ্‌মেণ্ট হতে পারে। কাজেই ওঁর হাতে সমস্ত সূত্র থেকে যাচ্ছে, সেই সূত্র যদি ঠিকমত পরিচালিত না হয় যথা সময়ে না হয় তাহলে সমগ্র দেশের ডেভেলপ্‌মেণ্ট ক্ষতিগ্রস্ত হবে, বিভিন্ন ডিপার্টমেণ্টের অগ্রগতি ক্ষতিগ্রস্ত হবে। সেই দিক থেকে এই ডিপার্টমেণ্টের যে খরচ সেই খরচ যথা সময়ে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে করার ব্যবস্থা কি করছেন সেই বিষয়ে কোন নীতি নেই। দ্বিতীয় কথা হচ্ছে সময় মত খরচ হচ্ছে না বলে সমস্ত জায়গায় যে অভিযোগ এসেছে সেই অভিযোগ সম্পর্কে তিনি কি করবেন, কিভাবে

তাড়াতাড়ি করবার চেষ্টা করবেন সে সম্বন্ধে কিছু বলেন নি। তৃতীয় কথা হচ্ছে তাঁর সমস্ত কাজ হচ্ছে কন্ট্রাক্টারের মাধ্যমে। এখানে বিরাট এমপ্লয়মেন্টের সুযোগ আছে, অনেক লোককে এমপ্লয় করা যেতে পারে। কিন্তু সেই এমপ্লয়মেন্ট বাড়ানর দিক থেকে এত কোটি টাকার নির্মাণ কার্য পরিচালনার মাধ্যমে নতুন নতুনভাবে স্কীম করে নতুন নতুন যুবকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে কিনা সে সম্বন্ধে কোন ইঙ্গিত তাঁর বাজেট বক্তৃতায় পাওয়া গেল না তিনি হয়ত ভাবছেন পুরাতন দিনের মত কন্ট্রাকটার পদ্ধতিতে যেমন চলেছে সেইভাবে চালাবার চেষ্টা করবেন, এত কোটি টাকা খরচ করা সত্ত্বেও নতুন কর্ম সংস্থানের কোন পথ খুলবে না। এই বিভাগের কাজকর্ম নিয়ে নানা অভিযোগ তাঁর দপ্তরে এসেছে। এই ৫/৬ মাসের মধ্যে না এলেও ইতিপূর্বে তাঁর দপ্তরে এসেছে। তিনি যদি ফাইলগুলি খুলে দেখেন তাহলে দেখতে পাবেন কত ধরণের অভিযোগ আসে। সেই অভিযোগগুলির প্রতিকারের জন্য যাতে তাড়াতাড়ি একটি কমিটি নিযুক্ত হয় এবং তার মাধ্যমে তাড়াতাড়ি অভিযোগগুলির যাতে ফয়সলা হয় সেই জিনিসটা দেখা দরকার। তাঁর সমস্ত কাজের মধ্যে এই ইঙ্গিত থাকলে ভাল হত যে জনসাধারণের সহযোগিতা কিভাবে তিনি এর সঙ্গে যুক্ত করবেন। জনসাধারণ জানে না তাঁর বিভাগে যে কাজ হয় তারজন্য কত টাকা বরাদ্দ হয়, কত টাকা মঞ্জুরী দেওয়া হচ্ছে, কিসের জন্য কত পরিমাণ সিমেণ্ট কত বালি মেশান হচ্ছে এই সমস্ত জিনিস পাবলিকের জানবার উপায় নেই এবং পাবলিকের রিপ্রেজেনটেটিভ হিসাবে এম.এল.এ.দেরও জানবার উপায় নেই, একমাত্র জানে কণ্ট্রাক্টার এবং উপরতলার অফিসার। যে সমস্ত জায়গায় এই সমস্ত কাজ হয় সেই সমস্ত জায়গায় সাধারণ লোক, ব্লক অফিসার, অঞ্চল পঞ্চায়েতের প্রধান, বিভিন্ন যে সমস্ত স্থানীয় প্রতিনিধি কেউই এই সমস্ত জিনিস জানে না। ফলে সেই সমস্ত উন্নয়নমূলক কাজ, যেমন ঘর তৈরি হবার ১/১। বছর পরে দেখা যায় সেই সমস্ত ঘরের দেওয়াল ফেটে যাচ্ছে, ছাদ ফেটে যাচ্ছে, জল পড়ছে। কোয়েশ্চেন আওয়ারের সময় এই কথা উঠেছে যে নতুন ঘর তার মধ্যে এখনও কাজ আরম্ভ হয়নি কিন্তু সেই ঘরের দেওয়াল ফাটতে আরম্ভ করছে, ছাদ ফাটতে আরম্ভ করেছে।

[7-10—7-20 p.m.]

এই সমস্ত দুর্নীতির অনেক অভিযোগ আছে। কাজেই মন্ত্রীমহাশয়ের উপর বিরাট দায়িত্ব রয়েছে কারণ বিভিন্ন ডিপার্টমেণ্টের টাকা তাঁর হাত দিয়ে খরচ করবার প্রভিসন তিনি নিচ্ছেন এবং সেই টাকার পরিমাণ কম নয়। কোটি কোটি টাকা তাঁর দপ্তরের হাতে তুলে দেওয়া হচ্ছে এবং উনি এগুলি কার্যকরী করবেন। এই প্রসঙ্গে নূতন নূতন যে সমস্ত সাজেসন তাঁর কাছে আমরা রাখব সেগুলি তিনি বিচার বিবেচনা করে দেখবেন। এই সাজেসনের মধ্যে প্রথম সাজেসন হবে এমনিভাবে পরিকল্পনাগুলিকে সাজাবেন যাতে করে নূতন নূতন কর্মসংস্থান কিভাবে করা যায় সেটা ভেবে দেখবেন। মুষ্টিমেয় কণ্ট্রাক্টরের মাধ্যমে এবং তাদের দলের পেটোয়া কয়েকজন লোকের মাধ্যমে এবং বরাবর যেমন একদল লোক তারা যা তৈরী করে রেখেছে তাদের মাধ্যমে কাজ চালাচ্ছেন এটা যাতে আর না হয় সেটা তিনি করবেন এবং নূতন নূতন লোক যাতে নেওয়া হয় তার ব্যবস্থা করবেন। আমার দ্বিতীয় কথা হচ্ছে এমন ঘটনা যদি ঘটে যে একটা ঘর নির্মাণের জন্য যেখানে ১ নম্বর ইট দেবার কথা সেখানে যদি ৩ নম্বর ইট দেয় এবং যে পরিমাণ বালির সঙ্গে যে পরিমাণ সিমেন্ট দেবার কথা সেটা না দেয় তাহলে এক্ষেত্রে যে অভিযোগকারী তার সামনে তদন্ত হওয়া দরকার। অনেক সময় দেখা গেছে অভিযোগ এসেছে, কিন্তু তার ডিপার্টমেণ্টাল এনকোয়ারী হয়েছে। ডিপার্টমেণ্টাল এনকোয়ারী মানে হচ্ছে যার বিরুদ্ধে অভিযোগ তিনিই হলেন বিচারক, আমার বক্তব্য হচ্ছে এই বিচারের ব্যাপারে যিনি অভিযোগকারী তার সামনে যাতে তদন্ত হয় এবং

যাতে বলবার অধিকার থাকে সেই রকম একটা সিস্টেম করুন এবং জনসাধারণ যাতে প্রতিটি নির্মাণের ব্যাপারে লক্ষ্য রাখতে পারে এবং তাদের কথা শোনে এবং যদি কিছু অবিচার হয় তাহলে তার যাতে ব্যবস্থা হতে পারে সেই রকম ব্যবস্থা করুন। তারপর তিনি যখন গৃহ নির্মাণ পর্ষৎ গঠন করবার পরিকল্পনা নিয়েছেন তখন সেটা গঠন করবার জন্য তার বিভিন্ন দিক তিনি নিশ্চয়ই বিচার করবেন। বিভিন্ন কর্পোরেশন হয়েছে এবং নানা ডিপার্টমেন্ট এরকম কর্পোরেশন যা তৈরী করছে সেই কর্পোরেশন গঠিত করবার অভিজ্ঞতা কি, এতে এফিসিয়েন্সী বাড়ে কিনা বা লস্ বাড়ে কিনা বা কিভাবে কাজ হয় সেটা পুঙ্খানুপুঙ্খরূপে অনুসন্ধান করে তারপর পর্ষৎ গঠন করা উচিত। শুধু একটা নিয়ম মাফিক পর্ষৎ করলেই হবেনা। যে সমস্ত ডিফেক্ট পূর্বে দেখা গিয়েছে সেগুলি বন্ধ করে এমনভাবে পর্ষৎ তৈরী করবেন যে পর্ষৎ দ্রুত কাজ করতে পারবে এবং মানুষের অগ্রগতিতে সাহায্য করতে পারবে এবং পর্ষৎ নির্মাণের সময় এই কথাটা তিনি যেন ভেবে দেখেন। সর্বশেষে আমি বলতে চাই তাঁর হাত দিয়ে এই যে কোটি কোটি টাকা খরচ হবে সেই খরচের ব্যাপারে এখন পর্যন্ত যা সিষ্টেম রয়েছে তার মধ্যে একমাত্র দেখা যায় যে মিনিষ্টেরিয়াল লেভেল-এর পরে যেটুকু ব্যবস্থা আছে সেই ব্যবস্থাই যথেষ্ট। কনট্রাক্টর সিষ্টেমের মাধ্যমে, টেণ্ডার কল করার মাধ্যমে যে জিনিস চলে এবং তার যে সিষ্টেম আছে তার মাধ্যমে যে ধরনের কারচুপি হওয়ার পদ্ধতি আছে সেগুলির পরিবর্তন হওয়া দরকার। এমনও দেখা যায় বড় বড় অফিসারদের সঙ্গে কারসাজিতে হয়ত কম রেটে টেণ্ডার দিয়েছে সেটা গৃহীত না হয়ে যারা বেশী টাকার টেণ্ডার দিয়েছে সেটা গৃহীত হয় এবং নানা রকম দুর্নীতি চলে, ভাগ বখরা চলে। এগুলি যাতে বন্ধ হয় সেটা আপনি দেখুন এবং প্রায় ৫০% টাকা যেটা ব্যয় হতে পারত ন্যায্য ট্যাক্সের সেই ফিফ্‌টি পারসেন্ট টাকা যেটা এই দুর্নীতির মাধ্যমে চলে যায় সেটা বন্ধ করবার জন্য যদি আপনি মেসিনারি তৈরী করতে পারেন তা হলে উন্নয়নের দিক থেকে আমরা অনেক উপকার পাব। আপনার ডিপার্টমেন্টের মাধ্যমে যে টাকা খরচ হবে সেটা যাতে সুষ্ঠুভাবে খরচ হয় এবং যথা সময়ে খরচ হয় এই আবেদন জানিয়ে আমি আপনার ব্যয় বরাদ্দ সমর্থন করছি।

**শ্রীহেমন্ত কুমার দত্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে ওয়েষ্ট বেঙ্গল হাউসিং বিলটা এই সভার সামনে উপস্থিত করেছেন তা আমি সমর্থন করতে গিয়ে দু একটি কথা আপনার মাধ্যমে রাখতে চাই। মানুষের খাদ্য বস্ত্রের সংগে তার বাসস্থানের মাথা গুঁজবার সমস্যা একটা প্রধান সমস্যা। রবীন্দ্রনাথের ভাষায় বলতে হয় ধন নয়, মান নয়, একটুখানি বাসা। এটাই মানুষের পরম কাম্য। আমাদের গ্রামের মানুষ বলে থাকবার জায়গা যদি পাওয়া যায় খাবারের যে কোন রকমে সংস্থান করতে পারা যায়। এটা গ্রামে প্রচলিত আছে। তাই আমরা দেখি মানুষ কলকাতায় পেভমেন্টে বাস করে, আর একদিকে দেখি অনেক তল বিশিষ্ট বাড়ী নির্মাণ করে এই বাসস্থান সমস্যার সমাধান করবার জন্য। আজকে আমাদের সামনে যে বিল রাখা হয়েছে তার সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি একটু আকর্ষণ করতে চাই। আমাদের এই হাউসিং স্কীমে যে অর্থ ব্যয় করা হয় তা যেন যাদের প্রয়োজন আছে তাদের জন্য করা হয় এটা যেন খানিকটা প্রডাকশন ওরিয়েনটেড হয় সেদিকে দৃষ্টি দিতে হবে। দুর্গাপুর, হলদিয়া, কল্যাণী যে সমস্ত শিল্পাঞ্চল আছে সেই সমস্ত স্থানে বাড়ী তৈরী করতে হবে এবং এমনভাবে তৈরী করতে হবে যেখানে মিডল বা লো ইনকাম গ্রুপ তাদের আয়ের রেঞ্জের মধ্যে থাকে সেইভাবে আমাদের পরিকল্পনা নিতে হবে। তাহলে যে সমস্ত লোকেরা যে সমস্ত কাজে নিযুক্ত থাকেন সেই জায়গায় তাদের থাকবার জায়গার যদি সুবিধা করে দেয়া হয় তাহলে প্রডাকশনের দিক দিয়ে এফিসিয়েন্সী বাড়বে। আমি মনে করি রাত্রে শ্রমিক যদি থাকবার ভাল জায়গা না পায় তাহলে দিনের বেলায় তার কর্মশক্তি কমে যাবে এটা আমরা ধরে নিতে পারি। আমাদের প্রথম পরিকল্পনা হওয়া উচিত যে সমস্ত জায়গায় শিল্পাঞ্চল গড়ে উঠতে

যাচ্ছে সেখানে তাদের সাহায্য করা এবং সেই সমস্ত লোকদের থাকার ব্যবস্থা করা উচিত। অনে সময় দেখা যায় শহর ঘেঁষা আরবান স্কীমে টাকা খরচ করা হয় এবং সেখানে থাকার ব্যবস্থা কর জন্য গ্রামের লোক চলে আসে। সেজন্য আমাদের এমন ব্যবস্থা করতে হবে যেখানে গ্রামে তেমা বা চৌমাথার মোড়ে গ্রামের লোকের যাতায়াতের সুবিধা হয় বা যেখানে বাস ষ্টাণ্ড আছে বা চায়ে দোকান গড়ে উঠেছে তার আশপাশে যদি ছোট ছোট শিল্প গড়ে তোলা যায় এবং সেখানে গ্রামে লোক ছোট ছোট শিল্প ফ্যাক্টরীতে কাজ করে সেই সব জায়গায় যদি উপযুক্ত ব্যবস্থা করা হয় তাহ আর শহরের দিকে লোকের দ্রব্য কিনতে আসতে হবে না বা সেদিকে লোকের ঝো থাকে না।

( লাল বাতী )

এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-20—7-29 p.m ]

আর একটা কথা হচ্ছে অল্প আয়ের লোক যারা, ৩/৪, ৪/৫ শত টাকা আয় করে তারা অনে সময় এমন অসুবিধায় পড়ে যায়, বস্তিতে থাকতে হয় যা স্বাস্থ্যের অনুকূল নয়, অথবা বাধ্য হ অনেকে এমন বাড়ী ভাড়া নেয় যা তাদের ক্ষমতার মধ্যে, আয়ত্বের মধ্যে, রিসোর্সে কুলায় না আমরা দেখতে পাই। সেই সমস্ত লোক কিছু দিনের মধ্যে পপার হয়ে যায় বা ঋণ করে তাদের দি চলে যায়। সুতরাং সেই সব ক্ষেত্রে অল্প আয়ের লোকদের জন্যে কিছু বাড়ী করা দরকার তাছাড়া হায়ার-পার্চেজ স্কীম যেটা আছে সেই স্কীম অনুসারে তাদের নিজেদের বাড়ী নিজেদের করবা জন্যে ব্যবস্থা করা উচিত বলে আমি মনে করি। আর একটা হচ্ছে টুরিজিম-এর যে ব্যবস্থা ক হয়েছে সেই টুরিজিমে দেখা যাচ্ছে অনেক ক্ষেত্রে যে সমস্ত টুরিষ্টদের জন্য ঘর তৈরী করা হয়ে যেমন বোলপুর, মালদহ, বহরমপুর বা অন্যান্য জায়গায় তাতে ক্ষতি হয়ে গিয়েছে। কিন্তু আমাদ কিছুদিন ষ্টাডি করবার পরে, অবজারভেশন করবার পরে দেখতে পেয়েছি যে যেসব জায়গায় পর্যটকদে ভীড় হয় সেই সমস্ত জায়গায় যে সমস্ত বাড়ীঘর করা হয়েছে সেখানে আরো তা বাড়ান দরকার ব মনে করি। কেননা, অনেক জায়গায়, আমি দেখলাম খবরের কাগজে, যে দীঘাতে যে বাড়ীগু তৈরী করা হয়েছে সেগুলি লসে যাচ্ছে না। কিন্তু বোলপুর, মালদহ, বহরমপুরে যে সমস্ত টুরিষ্ট লজ করা হয়েছে তাতে ক্ষতি হচ্ছে। আমরা দেখবো যে এই হাউসিং এর জন্য যদি কোন টাকা খর করতে হয় তাহলে সেটা এ্যাট অল প্রফিটেবল হচ্ছে কিনা, পেয়িং হচ্ছে কিনা সেদিকেও আমাদে খানিকটা দৃষ্টি দিতে হবে। শুধু খালি হাউসিং করতে হবে ফর হাউসিংস্ সেক এটা না করে এ দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের করা উচিত বলে আমরা মনে করি। হিমালয়ে, দার্জিলিং-এ এটা কর উচিত। আমি শুনেছি যে, যে সমস্ত ফরেনার্স আসে তারা দীঘার সাগর ও দার্জিলিং দেখবার জ আসে এবং এটা একটা বিশ্বের বিস্ময়, এর একটা আলাদা স্বভাবজাত আকর্ষণ আছে বলে আমি ম করি। তাছাড়া দার্জিলিং-এ যেসমস্ত ফরেন টুরিষ্ট আসে তাদের একটা পারমিট নিতে হয়, তা অনেক দেরী হয়ে যায় এবং এই দেরী হওয়ার জন্য অনেকে সেখানে ইচ্ছা থাকা সত্ত্বেও যেতে চায় না আর দীঘার যে সমস্ত ডেভালপমেণ্ট হচ্ছে, এসব সেক্টরে যে নিউ টাউনশিপ গড়ে উঠছে, সেখা প্লট কেনা হয়েছে সরকারী টাকা ব্যয় করে কিন্তু এখন সেখানে জমিদারি সিষ্টেম, জোতদারি সিষ্টে উঠে যাওয়ার ফলে মধ্যবিত্ত সম্প্রদায়ের মেরুদণ্ড ভেঙ্গে গিয়েছে, সেখানে টুরিষ্ট লজে ৩০ টাকা ভা দিয়ে কেউ থাকতে পারে না। সুতরাং এটা এমনভাবে করে দিতে হবে যাতে উইদিন মিড ইনকাম গ্র প লোকদের রিচের মধ্যে থাকে। সুতরাং আমি এই যে সব সেক্টরে গভর্ণমেণ্ট যেসব জা

এ্যাকোয়ার করেছেন সেই জমি নিয়ে তিনি যেন টুরিষ্ট ডিপার্টমেন্টের জন্য বাড়ী এমনভাবে করে দেন যাতে এই সব লোকেরা সেইরকম ভাড়া দিয়ে সেখানে থাকতে পারবে। এই নিবেদন করে আমি এই ওয়েষ্ট বেঙ্গল হাউসিং বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভোলানাথ সেন ঃ** অধ্যক্ষ মহাশয়, আমি কানাই বাবু এবং হেমন্তবাবুর কথা শুনলাম এবং নিশ্চয়ই আমি মনে রাখবো সেই সব কথা। দুর্নীতি বন্ধ করার আমি চেষ্টা করছি এবং অনেকেই জানেন যে এই সম্বন্ধে আমি সচেতন। আর এই খারাপ কাজ, ভাল কাজ পৃথিবীতে একটা লোক পারে না ঠিক করতে। সেইজন্য কনট্রাক্টর ভাল কাজ করলো কিনা তা একজনের সার্টিফিকেটের উপর হয়না। সুতরাং এর চেকস্ এ্যাণ্ড ব্যালান্স থেকে সেই সমস্ত জায়গায় একটু লুফহোলস্ থাকবে, সেই সমস্ত বিষয় সচেতন হতে হবে এবং আমি সর্বদাই সকলকে বলি। শিল্পাঞ্চলের ঘরের কথা হেমন্তবাবু বলেছেন। শিল্পাঞ্চলে ঘরের ব্যবস্থার জন্য আমাদের স্কীম আছে, ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং স্কীম। তবে আপনারা জানেন কিনা জানিনা যে আমাদের সি এম. ডি এ এরিয়াতে ৩ লক্ষ বাড়ী এরিয়ার আছে, ব্যাকলগ যাকে বলে আর ৫৩ হাজার বাড়ী আমাদের দরকার প্রতি বৎসর জনতা বাড়তির সঙ্গে মিলিয়ে। আমাদের প্রাইভেট সেক্টার ও পাবলিক সেক্টার মিলিয়ে মাত্র ২৫ হাজার করছি। আমাদের টাকার অভাব, যে টাকা পাই আমরা বাড়ী করার জন্য সেটা ধার নিয়ে করতে হয়, সুদ দিতে হয় এবং এই শিল্পাঞ্চলে যারা কাজ করে বা শ্রমিক যারা তাদের পক্ষে অত সুদ দিয়ে বাড়ী করা বা নেওয়া আমার মনে হয়না খুব বেশী সম্ভব। সেই জন্য আমি আশা করি যে এই যে হেমন্তবাবু যে কথা বললেন যে শ্রমিকরা যদি ভালভাবে থাকবার জায়গা পায় তাহলে পর তাদের কর্ম ক্ষমতা বাড়বে, আমিও এটা বিশ্বাস করি এবং আমার মনে হয় যে শিল্পপতিরা যদি এটা বোঝেন, তাঁরাও যদি এই কাজে হাত দেন তাহলে দেশের অনেক উন্নতি হবে। আর হিমালয় সম্বন্ধে যেটা বলেছেন সেটা বলতে পারি আমি চেষ্টা করছি যে ভালুট এবং সন্দকপুর অবধি যাতে একটা রাস্তা যায় এই রাস্তা হলে ওখানকার লোকেরা একটা জীবিকার পথ পাবে। ভালুট-সন্দকপুর রাস্তাটি যদি হয়ে যায় তাহলে নিশ্চয়ই সমস্ত লোক সেখানে গিয়ে দেখতে পারবে এবং সেই ব্যবস্থা হলে বিশ্বের সমস্ত লোক সেখানে গিয়ে দেখতে পারবে লগ হাটস্ যাকে বলে, সূর্য উদয় দেখতে পারবে কাঞ্চনজঙ্ঘার উপর থেকে। এবং ওখানকার লোকেরা যারা টুরিষ্টের উপর নির্ভর করে তাদেরও কিছু কাজ হবে, উপকার হবে, কিছু রোজগার করতে পারবে। আর পারমিটের কথা, পারমিটের কথা অনেকেই জানেন না হয়ত এটা রিল্যাক্স করে দেওয়া হয়েছে অনেকটা। এখন বিদেশী পাবলিক ১৫ দিন পর্যন্ত তারা পারমিট পেতে পারে। সুতরাং অনেকটা সুবিধা হয়েছে। ১৫ দিনের বেশী আমার মনে হয়না কোন বিদেশী টুরিষ্ট, বিশেষ করে যার পয়সা দেবার সামর্থ আছে তার নিশ্চয়ই সময় দেবার সামর্থ নেই, সেই জন্য ১৫ দিনের বেশী সময় তাদের লাগার কথা নয়। ১৫ দিন পর্যন্ত থাকতে পারে কোন অসুবিধা নেই। আমরা চেষ্টা করছি দেশের উন্নতি করতে।

যে পারমিটের কথা বলা হয়েছে সেই পারমিট অনেকটা রিলেক্স করা হয়েছে বিভিন্ন জায়গায়। ১৫ দিন পর্য্যন্ত কোন বিদেশী টুরিষ্ট থাকতে পারবেন। যদি কোন টুরিষ্ট দেখার জন্য আসেন ও তাকে পয়সা খরচ করে থাকতে হয় তাহলে তিনি এই ১৫ দিনের বেশী হয়তো থাকতে চাইবেন না। আমরা চেষ্টা করছি যাতে ঐ সমস্ত টুরিস্ট কোয়ার্টারের উন্নতি করা যায়। আজকে বক্তব্য শেষ করবার আগে আমি একটি ছোট তথ্য দিতে চাই। যুক্তফ্রন্টের আমলে ১৯ মাসে ১ হাজার ১২ টা প্রজেক্ট নেওয়া হয়েছিল কিন্তু আমরা এই ৪ মাসে যে প্রজেক্ট নিয়েছি তার সংখ্যা হল ১,১৫০। আমরা এই ৪ মাসেই সেংশান যা করেছি যুক্তফ্রন্ট ১৯ মাসেও তা করতে পারেনি। সুতরাং

আপনারা বুঝতে পারছেন আমাদের সিনসিয়ারিটি অফ্ পারপাস কতটা। আমরা নূতন উদ্যে চেষ্টা করছি, আমাদের যে রেটে ফাইল ডিস্পোস্ড হয় তা দেখলে আশ্চর্য্য হবেন। আমি অ করবো যে বাজেট আমি পেশ করেছি সেটা নিশ্চয়ই অনুমোদন করবেন।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** বাড়ীর মালিক হওয়ার ব্যাপারে ঐ প্রশ্নটা তোলা হয়েছিল উত্তর আপনি দিলেন না।

**শ্রীভোলানাথ সেন ঃ** আমার সময় খুব অল্প ছিল তাই আমি জবাব দিতে পারি আমি এইটুকু বলতে চাই আমরা এই জিনিষটার ভিতরে গেছি যে সমস্ত ভাড়াটে আছেন নো নো গেন পারপাসে তারা যদি কিনতে রাজি হন তাহলে আমার ব্যক্তিগত ভাবে আপত্তি নেই, কোন লোকের উপকার হয় বিশেষ করে আজকালকার আধুনিক যে সমস্ত বাড়ি হচ্ছে তা অনেকে করবার ক্ষমতা নেই এই ভাবে হলে আপত্তি নেই।

The motion of Shri Bholanath Sen that a sum of Rs. 17,79,41 0( be granted for expenditure under Grant No. 47, Major Heads: "71—Mi cellaneous—Other Miscellaneous Expenditure" and "109- Capital Outl on Other Works", was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7-29 p.m. till 1 p. m. on Thursda the 27th July, 1972, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the ?7th July, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 7 Ministers, 7 Ministers of State, 3 Deputy Ministers and 157 Members.

– 1-10 p m.]

### Oath or Affirmation of Allegiance

**Mr. Speaker :** Honourable Members, if any of you have not yet made n oath or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

### Starred Questions
(to which oral answers were given)

**মিঃ স্পীকার ঃ** The question No. *340 is held over.

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ** মাননীয় স্পীকার স্যার, এই প্রশ্নটা held over হলো। ন্ত এটা খুব গুরুত্ব সম্পন্ন প্রশ্ন বলে আমি মনে করি। তাই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি— ld over হওয়া সত্ত্বেও তিনি এ বিষয়ে কিছু আমাদের বলতে পারেন কি না—একটু বিবেচনা করে ন। আমার মনে হয় মাননীয় স্পীকার মহাশয় অনুমতি দিলে বোধ হয় কিছু বলতে পারেন।

**Mr. Speaker :** I can allow him to give the answer if he is prepared to swer the question. But I am told that he is not prepared to give the answer d I have been requested to held over this question.

**Dr. Gopaldas Nag :** Sir, I have not received any official intimation in s connection,

তবে unofficially আমি কিছু বলতে পারি of the record যদি আপনি স্যার অনুমতি দেন।

**Mr. Speaker :** You may please discuss the matter with her, in your amber, unofficially.

**Shrimati Geeta Mukherjee :** এই প্রশ্নটা তাহলে held over থাকলো স্যার ?

**Mr. Speaker :** I have already declared it. Now starred question No. *. (The question was not put) Next I pass over to the question *342.

## পশুচিকিৎসকদের ফি ও টি এ

*৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫২।) **শ্রীআবদুল বারি বিশ্বাস :** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিভিন্ন জেলার বিভিন্ন ব্লকে যে সমস্ত পশু চিকিৎ আছেন তাহাদের পশু চিকিৎসার জন্য কল দিলে ফি ও টি এ দিতে হয় ;

(খ) অবগত থাকিলে কোন্ কোন্ ক্ষেত্রে এই ফি ও টি এ দিতে হয় ;

(গ) এই প্রকার ফি ও টি এ তুলিয়া দেবার কোন প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং

(ঘ) এই সমস্ত পশু চিকিৎসকদের কোন্ প্রকারের চিকিৎসককে মাসিক মাহিনা ও ভাতার কত টাকা দেওয়া হয় ?

**শ্রীসীতারাম মাহাতো :** (ক) হ্যাঁ, অবগত আছেন।

(খ) ব্লক ডিস্‌পেনসারির সহিত যুক্ত পশু চিকিৎসককে মালিকের বাড়িতে চিকিৎসার লইয়া গেলে নির্দ্ধারিত হারে ফি দিতে হয়। ইহা ছাড়া মালিকের বাড়ীর দূরত্ব এক মাইলের হইলে পশু চিকিৎসককে যাতায়াতের প্রকৃত খরচ দিতে হয়। ধর্মীয়, দাতব্য এবং কল্যাণমূ প্রতিষ্ঠান থেকে কোন ফি বা যাতায়াত খরচ নেওয়া যাবে না।

(গ) না।

(ঘ) ব্লক ডিস্‌পেনসারিগুলিতে কেবলমাত্র ভেটেরেনারি এ্যাসিস্টেন্ট সার্জেনরাই নিযুক্ত হই থাকেন। উহাদের বেতনক্রম ৩০০ টাকা হইতে ৬০০ টাকা। যাহারা ডিগ্রিধারী তাহারা প্রারম্ভি ৪০০ টাকা বেতন পাইয়া থাকেন। ইহা ছাড়া তাঁহারা বর্ত্তমানে ১০ টাকা দুর্মূল্য ভাতা, ৮ টাঃ ৩৫ মেডিকেল ভাতা এবং ২০ টাকা স্পেশাল পে পাইয়া থাকেন। উপরন্তু যাঁহাদের বেতন মাসিক ৫ টাকা পর্য্যন্ত তাঁহারা বেতনের শতকরা ১০ টাকা বাড়ী ভাড়া পাইয়া থাকেন।

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, (ক) প্রশ্নের উত্তরে বলেছেন 'হ্যাঁ' এ (খ) উত্তরেও বলেছেন, 'হ্যাঁ—ফি এবং টি এ দিতে হয়'। এখন আমার প্রশ্ন হচ্ছে—এক মাইলের ঊ কি হারে তাদের ফি ও টি-এ দিতে হয়—অর্থাৎ কত টাকা হারে ঐ ফি ও টি-এ দিতে হয় ?

**শ্রীসীতারাম মাহাতো :** এক মাইলের উর্দ্ধে গেলে পরে দু টাকা করে ফি লাগে এবং এই ফি ছাড়াও যাতায়াতের খরচা লাগে টি-এ।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই সমস্ত যে পশু চিকিৎসক আছেন তাদের মাইনে দিয়ে আমরা পুষি এবং সাধারণ মানুষের কল্যাণের জন্যই পুষি ; তারপরেও এদের ফী এবং টি এ-র ব্যবস্থা কেন এবং কী কারণে ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** কারণ আগে থেকেই এই ব্যবস্থা আছে—সেই ব্যবস্থা এখনও পর্যান্ত চলছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** এই অব্যবস্থা কেন—তারা ৩০০ থেকে ৬০০ টাকা মাইনে পান এবং আলাদা যে এমোলিউমন আছে তাও পান, তবুও তাদের টি এ এবং ফি দিতে হবে—কেন দিতে হবে তা উনি বলতে পারছেন না। এই রকম ধরনের টি এ এবং ফি তুলে দেবার প্রস্তাব আছে কি না—আর এটাও জানতে চাইছি যে এই রকম আরও যাঁরা সরকারী কর্মচারী আছেন তাদের টি এ বা ফি-এর ব্যবস্থা আছে কি নেই ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** আপনি যেটা বলেছেন টি. এ. বা ফি তুলে দেবার ব্যবস্থা আছে কি না তাতে আমি এই কথা বলতে পারি যে, আমরা চেষ্টা করছি কি করে এটা করতে পারা যায়—আপাততঃ এই রকম ধরনের ব্যবস্থা নেই।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকম প্রস্তাব এখনও নাই। এটা জনসাধারণের পক্ষে অত্যন্ত অসংগতিপূর্ণ কাজ হচ্ছে। আমরা যে সরকারী কর্মচারীদের রেগুলার মাইনে দিয়ে রাখছি, যাদের মিনিমাম মাইনে হচ্ছে ৩০০ টাকা এবং ৬০০ টাকা পর্যান্ত তারা আমাদের বাড়ীতে গিয়ে চিকিৎসা করবে না—তাদের আবার ফি দিতে হবে গরু, হাঁস, মুরগি, ছাগল ইত্যাদি দেখাবার জন্য। একটা মুরগীর দাম দু টাকা—সেই মুরগীর চিকিৎসার জন্য ফি দিতে হবে ২ টাকা। এই রকম ব্যবস্থাকে আমি প্রকৃত জনস্বার্থ বিরোধী বলে মনে করি। তাদের টি. এ. এবং ফি বাবদ যে অর্থ দেওয়া হচ্ছে সেই অর্থ দেওয়া বন্ধ হবে কি না ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** এটা আমরা বিবেচনা করছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** আপনি বলেছেন মাইলের উপর ২ টাকা ফি দিতে হয়- তাহলে ৫০০ মাইল গেলে সে ক্ষেত্রে ফি কত দিতে হবে ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** বর্তমানে যে নিয়ম আছে তাতে ওরা নিজেদের এরিয়ার মধ্যে চিকিৎসা করতে পারবেন। এবং সেই এরিয়া হচ্ছে ৫ মাইল—অর্থাৎ তারা ৫ মাইল এ্যালাউড, তার বাইরে ওরা যেতে পারবেন না।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত ঃ** তাহলে ১ মাইলের উপরে হোলে কি হবে ? তাদের ফি কত হবে ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** ঐ ২ টাকাই হবে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** বর্তমানে যে ব্যবস্থা আছে - ভিলেজে এবং ব্লকে যে সব চিকিৎসক আছেন সেখানে চিকিৎসার জন্য যদি গরু এবং মহিষকে নিয়ে যাওয়া হয়, সেখানে তাদের রাখবার ব্যবস্থা নাই। এই ফি তুলে দেবার উপায় হচ্ছে ব্লকে ব্লকে বা ভিলেজে ভিলেজে যেখানে ঐ গরু

এবং মোষ নিয়ে যাওয়া হয় যেখানে ডাক্তার থাকেন, সেখানে তাদের রাখবার ব্যবস্থা করবেন কি না

**মিঃ স্পীকার ঃ** It is a request for action·

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ফি এবং টি. এ. দিতে হবে এখানে গ্রাম বাংলার অনেক সদস্য আছেন তাঁরা জানেন যে এই গ্রাম বাংলার যে সব গরু মো ছাগল ভেড়া ইত্যাদি আছে তার মধ্যে অনেক সময় খুরো রোগ হয়, তাতে ঐ সমস্ত জন্তু হাঁটতে পারে না। এই সমস্ত পশুর চিকিৎসার জন্য আপনারা কি ব্যবস্থার কথা ভাবছেন ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** আমরা আরও সেন্টার বাড়াবার চেষ্টা করছি।

**শ্রীএক্রামুল হক বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে যে সমস্ত ফি ঐ পশু চিকিৎসকরা পান সেই ফি কি সরকারী খাতে জমা পড়ে এবং জমা পড়ে থাকলে কত টাকা এ বাবদ জমা পড়েছে ?

**মিঃ স্পীকার ঃ** The question does not arise.

[1-10—1-20 p.m.]

**Overtime in Factories**

*343. (Admitted question No. *400) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether there is any proposal for discontinuance of the system of overtime work in the factories in West Bengal ; and

(b) if so, when the proposal is expected to be implemented ?

**Dr. Gopaldas Nag :** (a) There is no proposal to discontinue overtime work. But an appeal has been made by the Minister of State for Labour and Sick and Closed Industries to the employers and employees requesting both the parties to slash down the overtime work and to make new recruitment wherever possible.

(b) Does not arise.

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ওভার টাইম বন্ধ করে আমরা যদি নতুন এ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করি তাহলে আমাদের দেশে যে বেকার ছেলেরা রয়েছে তাদের প্রভাইড করতে পারবো, এ সম্পর্কে সরকার চিন্তা করছেন কিনা ?

**ডাঃ গোপাল দাস নাগ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অভিমতের ব্যাপার। আমরা মনে করি না, কেবলমাত্র ওভারটাইম বন্ধ করলেই যথেষ্ট পরিমাণে নতুন লোক নেওয়া যাবে।

**Mr. Speaker** : Mr. Doloi, you know that one motion has been admitted and that will be debated next week in which this question will be discussed and you will have ample opportunity to speak on this particular subject. I understand, date for discussion of that motion has already been fixed. The motion had been given notice of by Shri Mrigendra Mukherjee and Shri Sukumar Bandyopadhyay. The time allotted for it is 2 hours and it has already been shown in the bulletin.

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, পশ্চিমবংগ সরকারের ওভার টাইম সম্পর্কে বর্ত্তমানে নীতি কি—অর্থাৎ একজন ফ্যাকটরীর শ্রমিক তিন মাসে বা একটা কোয়ার্টারে কত ঘন্টা ওভার টাইম থাটতে পারেন ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওভারটাইমের কোন নিয়ম নাই। সাধারণতঃ সপ্তাহে ৪৮ ঘণ্টার বেশী যদি শ্রমিকদের কাজ করতে হয় তাহলে যে অংশটুকু ৪৮ ঘণ্টার উপরে তাকে ওভার টাইম বলা হয়। যে সমস্ত কারখানায় নিয়মিত সপ্তাহে ৪৮ ঘণ্টার বেশী কাজ করানো হয় সেই সমস্ত কারখানাকে ফ্যাক্টরী এ্যাক্টের ৫ নং ধারা অনুযায়ী পশ্চিমবংগ সরকারের কাছ থেকে একজেমসানের অনুমতি চাইতে হয়। সাধারণ ভাবে পশ্চিমবংগ সরকার এ রকম ধরণের একজেমসান দিবার পক্ষপাতি নয়। কয়েকটি ক্ষেত্রে অনিচ্ছা সত্ত্বেও পশ্চিমবংগ সরকারকে এই একজেমসান দিতে হয়েছে ভারতসরকারের নিদেশ অনুযায়ী এবং বিশেষ করে ডিফেন্স ডিপার্টমেণ্টের যে কারখানা আছে যেখানে সবচেয়ে বেশী ওভার টাইম চালু আছে সেগুলিতে অনিবার্য কারণ থাকার জন্য একজেমসান দেওয়া হয়েছে। ব্যাপকভাবে যেখানে ওভার টাইম হয় সেখানে সাধারণতঃ এই ফ্যাক্টরী এক্টের ৫ নং ধারা অনুযায়ী একজেমসান নেওয়া হয়। এ ছাড়া সাধাণতঃ ওভার টাইম বলে ২/৪ ঘণ্টা যেখানে কাজ করানো হয় সেখানে একজেমসান চাওয়া হয় না, সেখানে কাজের প্রেসার দেখে লোক্যাল ম্যানেজমেণ্টই ঠিক করেন কে কবে কত ঘণ্টা করবেন। কাজেই সাধারণভাবে ওভার টাইমের কোন নিয়ম নেই। ফ্যাক্টরী এ্যাক্টের ৫ নং ধারা অনুসারে যেখানে অনবচ্ছিন্ন মাসের পর মাস এটা চলে সেই রকম ক্ষেত্রে পশ্চিমবংগ সরকারের কাছে কিছু তথ্য আছে। বাকি এই একজেমসান না নিয়ে যেখানে ওভারটাইম হয় সে সম্বন্ধে পশ্চিমবংগ সরকারের কাছে কোন তথ্য নাই।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** পশ্চিমবংগের বিভিন্ন কলকারখানায় পশ্চিমবংগ সরকারের অনুমতিক্রমে একটা কোয়ার্টারে অর্থাৎ তিন মাসে একজন শ্রমিক মাত্র ৫০ ঘণ্টা ওভার টাইম থাটতে পারেন এ নিয়ম চালু ছিল বলে আমার জানা আছে। পশ্চিমবংগের বিভিন্ন কলকারখানায় স্টাটিসটিকস নিয়ে দেখা গিয়েছে যে কোথাও পশ্চিমবংগ সরকারের অনুমতি নিয়ে আবার কোথাও না নিয়ে একজন শ্রমিক একটা কোয়ার্টারে ৩৫০/৪০০ ঘণ্টা ওভার টাইম থেটেছেন। আমার প্রশ্ন এই পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই ৩৫০/৪০০ ঘণ্টা ওভার টাইম যদি বন্ধ করা যায় তাহলে সত্যি সত্যি বেকার সমস্যার সমাধান করা যায় কিনা ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** পশ্চিমবাংলা সরকারের বিনা অনুমতিতে অর্থাৎ ফ্যাক্টরি এ্যাক্টের ৫ ধারায় একজেমসান না পাওয়া সত্ত্বেও যদি রেগুলারলি এই রকম ধরণের ওভারটাইম খাটানো হয় তাহলে সেটা আইনতঃ দণ্ডনীয়। যদি মাননীয় সদস্য মহাশয় এই তথ্য আমাকে

জানান তাহলে সেই কোম্পানীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা আমরা নিশ্চয় অবলম্বন করবো। যে কারখানায় সাধারণভাবে প্রোডাকসানের কাজ অব্যাহত রাখার জন্য খুব হাই রেট অব প্রিসি বা স্কিল দরকার হয় না, সেখানে এই রকম ওভার টাইম বন্ধ করে দিলে নিশ্চয় কিছু লো কর্ম সংস্থান হবে। কিন্তু ডিফেন্স ডিপার্টমেন্টের যে সমস্ত ফ্যাক্টরিজ আছে সেখানে এত প্রিসিসন এবং স্কিল দরকার—সাধারণতঃ ডিফেন্স ডিপার্টমেণ্ট এই বিতর্ক তোলেন, যে ধরণের কু কারিগর সব সময় বাজারে পাওয়া যায় না। সেই জন্য তাদেরই ট্রেণ্ড কারিগরদের অধিকাংশ স রেগুলার ওভারটাইম দিয়ে কাজ করাতে বাধ্য হন। আর যারা একজেমসান না পেয়ে এই বা করে চলেছেন তারা অন্যায়ভাবে করে চলেছেন। তথ্য পেলে আমরা প্রসিকিউট করবো এবং সে যাতে নূতন লোকের কর্মসংস্থান হতে পারে তার ব্যবস্থা করবো।

*344 (The question was not called.)

## পশ্চিমবঙ্গে বনভূমি

*৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৭) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বনবিভাগের মন্ত্রীমহ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বনভূমির পরিমাণ কত;

(খ) কোন্ কোন্ জেলায় বনভূমি জবরদখল হইয়াছে; এবং

(গ) দখলীকৃত বনভূমি উদ্ধার করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**Shri Sitaram Mahato:** (ক) পশ্চিমবঙ্গে সরকারের পরিচালনাধীন বনভূমির পরি ১১,৬৩৪ বর্গ কিলোমিটার।

(খ) বর্ধমান, মেদিনীপুর, পুরুলিয়া, বীরভূম, বাঁকুড়া, মালদহ, কুচবিহার ও জলপাইগু জেলার বনভূমি জবরদখল হইয়াছে।

(গ) এই বিষয়ে বিগত ২৬শে জুন ১৯৬৯ তারিখে মন্ত্রীমণ্ডলীর বৈঠকে সিদ্ধান্ত হইয়া সেই অনুসারে যে সব বনভূমি জবরদখল হইয়াছে তাহা জরীপ হইতেছে এবং উক্ত সিদ্ধান্ত অনুস বিষয়গুলি বিবেচিত হইতেছে।

**শ্রীমহম্মদ সফিউল্লা:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, পশ্চিমবঙ্গে প্রাইভেট ফরে পরিমাণ কত?

**শ্রীসীতারাম মাহাতো:** প্রাইভেট ফরেষ্ট সম্পর্কে এখানে কিছু নেই বলে লিখি দিলে বলা মুসকিল আছে।

**শ্রীমহম্মদ সফিউল্লা:** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন—আনন্দমার্গ যে বনভূমি জব দখল করেছিলেন সে সম্বন্ধে কোন অভিযোগ করা হয়েছে কি?

**শ্রীসীতারাম মাহাতো:** এই বিশেষ প্রশ্ন সম্পর্কে নোটিস না দিলে বলা খুব মুশ্ আছে।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন—২৪-পরগণা জেলার সুন্দরবন অঞ্চলে লক্ষ লক্ষ মূল্যবান বৃক্ষ, যেমন সুন্দরী, গোলপাতা ইত্যাদি চুরি হচ্ছে এবং সেগুলি চোরাপথে কলকাতায় চালান দিচ্ছে, এ খবর কি জানেন ?

**শ্রীসীতারাম মাহাতো :** কাঠ চুরি হবার খবর অবশ্য আছে। কিন্তু কি ধরনের কাঠ চুরি হচ্ছে বিশেষভাবে সে কথা উল্লেখ নেই। কাঠ চুরির ঘটনা জানা আছে।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন যে, বহুগুলি মূল্যবান বৃক্ষ সুন্দরবন এলাকা থেকে চুরি হয়ে যাচ্ছে। আমার যতদূর জানা আছে সেখানে আপনার দপ্তরের লঞ্চ আছে, অফিসারও আছেন, ইত্যাদি সমস্ত রকম ব্যবস্থাই আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন সেখানকার লোকাল অফিসাররা এই কাজে নিয়োজিত আছে এবং তাদের সঙ্গে শলাপরামর্শ করে সব সময় এই সমস্ত কাঠ চোরাই পথে চুরি হয়ে আসছে ?

**শ্রীসীতারাম মাহাতো :** সেরকম খবর আমার কাছে অবশ্য এখন এসে পৌঁছায় নি।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, বনভূমি জবরদখল হয়েছে। সেই জবরদখল কি ভাবে হয়েছে, সেখানে কি ঘরবাড়ী তৈরী হয়েছে, না চাষবাসে লাগানো হয়েছে এবং এই যে জরিপ করছেন সরকার, সেটা কি তাদের বন্দোবস্ত দেওয়ার জন্য করছেন, না কি উদ্দেশ্যে জরিপ করছেন, সেটা বলবেন ?

[1-20—1-30 p m.]

**শ্রীসীতারাম মাহাতো ঃ** যেগুলো জবরদখল হয়েছে সেগুলো চাষের ক্ষেত্রে জবরদখল হয়েছে, বাস্তবাড়ী হিসাবে খুব কম জবরদখল হয়েছে। জরীপের উদ্দেশ্য হচ্ছে যেখানে জবরদখল আছে সেখানে জরীপের পর যদি দেখা যায় যে সেটা চাষযোগ্য ভূমি, তাহলে সেই জমি বন্দোবস্ত দেবার ব্যবস্থা করা হবে, আর যারা ঘর করেছে তারও বন্দোবস্ত করা হবে।

## বিভিন্ন শিল্পে কর্মরত বাঙ্গালী ও অবাঙ্গালী শ্রমিক

*৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৬) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্পে কর্মরত বহিরাগত শ্রমিকের সংখ্যা কত, এবং

(খ) উক্ত শিল্পসমূহে কর্মরত শ্রমিকদের মধ্যে শতকরা কয়জন বাঙ্গালী ?

**Dr. Gopaldas Nag ঃ** (ক) বিভিন্ন শিল্পে কর্মরত বহিরাগত শ্রমিকের আনুমানিক সংখ্যা :—

| | |
|---|---|
| (১) সুতীশিল্প | ২২,২২৮ |
| (২) পাট শিল্প | ১,৬৩,৩৬৭ |

| | | |
|---|---|---|
| (৩) | ইঞ্জিনীয়ারিং শিল্প | ১,০৬,৬০৫ |
| (৪) | লৌহ ও ইস্পাত শিল্প | ২২,৯০৯ |
| (৫) | মুদ্রণ শিল্প | ৪,৬৫৭ |
| (৬) | রাসায়নিক শিল্প | ১১,৯৮৩ |
| (৭) | কাগজ শিল্প | ১০,৯৬৯ |
| (৮) | রবার শিল্প | ১০,৪৭০ |
| (৯) | কাঁচ শিল্প | ৫,৪৭৮ |
| (১০) | অন্যান্য | ৭৩,৩৩০ |

(খ) বিভিন্ন শিল্পে কর্মরত বাঙ্গালী শ্রমিকের সংখ্যার শতকরা হার :—

| | | শতকরা হার |
|---|---|---|
| (১) | সূতী শিল্প | ৪৭·৮৯ |
| (২) | পাট শিল্প | ২৭·২৭ |
| (৩) | ইঞ্জিনীয়ারিং শিল্প | ৫৮·৯৯ |
| (৪) | লৌহ ও ইস্পাত শিল্প | ৩৯·৪৩ |
| (৫) | মুদ্রণ শিল্প | ৭৫·০৭ |
| (৬) | রাসায়নিক শিল্প | ৫৯.৯০ |
| (৭) | কাগজ শিল্প | ১৯·৬০ |
| (৮) | রবার শিল্প | ৬৭·৬৭ |
| (৯) | কাঁচ শিল্প | ৩৯·৪৭ |
| (১০) | অন্যান্য | ৪৭·৬০ |

উপরের বিবরণীতে পশ্চিমবঙ্গে জন্মগ্রহণ করিয়াছে এইরূপ শ্রমিককে "বাঙ্গালী শ্রমিক" বলিয়া ধরা হইয়াছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রীমহাশয় বিভিন্ন শিল্পে কর্মরত বাঙ্গালী এবং অবাঙ্গালী শ্রমিকদের যে সংখ্যা দিলেন তাতে আমি অবাক হয়ে যাচ্ছি এবং সেটা খুবই ভয়াবহ। সোনার পশ্চিমবাংলায় নেপোয় যারা দই মারছে তাদের সংখ্যা খুব বেশী। মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাস

করছি যে প্রদেশে ৩০/৪০ লক্ষ লোক বেকার সেখানে বহিরাগত শ্রমিকদের আগমন বন্ধ করে স্থানীয় বেকারদের কর্মের সুযোগ দেবার জন্য সরকার কি ব্যবস্থা করছেন ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** এখনও পর্যন্ত কোন সুনির্দিষ্ট পন্থা সরকার গ্রহণ করেন নি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** বিহারের মুখ্যমন্ত্রী বিহারে বিহারীদের চাকুরী দাও ছাড়া অন্য কিছু স্বীকার করেন না, সেইরকমভাবে পশ্চিমবঙ্গ সরকার কি বিহারের মুখ্যমন্ত্রী শ্রীপাণ্ডেকে অনুসরণ করবেন ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি মনে করেন, স্থানীয় বেকারদের চাকুরী দেবার ব্যাপারটি বাধ্যতামূলক করে আইন কানুন করা উচিত ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** এটা প্রশ্ন নয়—ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

**শ্রীপুরঞ্জয় প্রামানিক :** বেকারদের জন্য বেকার ভাতা দেবার ব্যবস্থা করছেন কি ?

**মিঃ স্পীকার ঃ** দি কোশ্চেন ডাজ নট এ্যারাইজ।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মন্ত্রীমহাশয় বললেন, পাট শিল্পে শতকরা ২১ জন বাঙালী, সেখানে এত বেকার যুবক থাকতেও এদের কি কারণে নেওয়া হচ্ছে না মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** এমপ্লয়মেন্ট-এ ম্যাটার বিটুইন দি ওয়ার্কাস এ্যাণ্ড দি এমপ্লয়ার্স, এ সম্বন্ধে সরকারের এতদিন কোন সুনির্দিষ্ট পলিসি ছিল না। এ সম্বন্ধে সরকারের কোন নির্দিষ্ট পলিসি এতদিন ছিল না, এমপ্লয়মেন্টটা পলিসির দ্বারা গভার্ণ হয়নি। সুতরাং যারা নিয়োগ করেছেন এবং যারা নিযুক্ত হয়েছেন এটা সম্পূর্ণরূপে তাদের পারস্পরিক ব্যাপার। যে কোন কারণেই হোক পাট শিল্পের প্রথম দিন থেকেই—প্রায় ১৯০৫ সাল থেকে আমরা দেখছি যে পাট শিল্পে বহিরাগতের সংখ্যা বেশী, এটা আরো কম ছিলো, পশ্চিমবাংলার মানুষের পাট শিল্পে কর্মসংস্থানের হার আরো অনেক কম ছিলো।

এইটা আরও কম ছিল। পশ্চিমবঙ্গের মানুষ পাটশিল্পের সঙ্গে সংযুক্ত অনেক কম ছিল, গত ২/৩ বছরের মধ্যে ১৯৬৯ সালের পর থেকে এখন ২১·২১ এসে পৌছিয়েছে। আজকে যে ধরনের মাইনে ও মেশিন নিযুক্ত করা হয়েছে তাতে হয়ত ভবিষ্যতে এই হার আরও বাড়তে পারে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, এই সমস্ত পাট শিল্প,

সুতি শিল্প ইত্যাদিতে যে হিউজ পরিমাণে বহিরাগতদের এ্যামপ্লয়মেণ্ট দেওয়া হচ্ছে সেই সব শি যারা মালিক তারাও কি অধিকাংশ বহিরাগত বা অবাঙালী ?

**শ্রীগোপালদাস নাগ ঃ** অধিকাংশ পাট শিল্পগুলি, পশ্চিমবাংলার মানুষ বলতে আ যা বুঝি তাদের পরিচালনাধীন নয়। কিন্তু সুতি শিল্পে অনেক যায়গায় বাঙালী মালিক আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যদি তাই হয় যে পাট শিল্পের অধিকাংশ মালিক বহিরা তাহলে আমরা কি এই কথা জানতে পারি যে যেহেতু তারা বহিরাগত সেই হেতু সেই দৃষ্টিভ উপর নির্ভর করে ঐ কল-কারখানায় কাজে লোক নেওয়া হচ্ছে ?

**শ্রীগোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় ব্যাপা ঠিক তা নয়।

**শ্রীকানাই ভৌমিক ঃ** এই যে বহিরাগত এবং বাঙ্গালী এইটা কি ভাবে ধরা হ যারা এখানে ১০ থেকে ১৫ বছর বাস করছে তারাও কি বহিরাগত বলে গণ্য হবে— অবাঙ্গালী ত ১০/১৫ বছর পশ্চিমবাংলায় বাস করছে ?

**শ্রীগোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটা ছিল বাঙ্গালী অবাঙ্গালী এবং প্রশ্নের উত্তর দিতে গিয়ে আমি বলেছি যারা পশ্চিমবাংলায় জন্ম গ্রহণ করে তাদেরই আমরা বাঙ্গালী বলে ধরি না, কিন্তু সরকারের যে নীতি আমরা বাজেট বিতর্কে জবাব দে সময় বলেছিলাম পশ্চিমবাংলায় জন্মগ্রহণ না করলেও বাংলা ভাষা মাতৃভাষা স্থানীয় তারা এবং পশ্চিমাবাংলায় একটা নির্দিষ্ট সময় বাস করছেন ফর দিস পারপাস তাদের ওয়েষ্ট বেঙ্গলের লো লোকদের যে অধিকার তার চেয়ে কোন কম অধিকার থাকবে না।

**শ্রীসুকুমার বন্দোপাধ্যায় ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে পশ্চিমবাংলায় বসবাস কর বা নির্দিষ্ট সময় যদি বসবাস করে তাদের স্থানীয় বলে ধরা হবে এই নির্দিষ্ট সময়টা কি ?

**শ্রীগোপালদাস নাগ :** সরকার নির্দিষ্ট সময় এখনও ঠিক করেন নি, কিন্তু য এই সম্পর্কে একটা কমিটি নিযুক্ত করা হয়েছিল (এক্সপার্ট কমিটি) তাদের সকলেই প্রায় এক মত (সম্পূর্ণ এক মত নয়) রেকমেণ্ড করেছিলেন যে ১০ বছর নিরবচ্ছিন্নভাবে যে পরিবার পশ্চিমবাং বাস করছে তাদের পশ্চিমবাংলার লোকাল পিপল আখ্যা দেওয়া হোক এবং তাদের সকলের স্ব পশ্চিমবাংলার স্থানীয় লোকদের স্বার্থের মত দেখা হোক।

*৩৪৭। (প্রশ্ন কর্তা অনুপস্থিত।)

[1-30—1-40 p.m.]

## জয় ইঞ্জিনীয়ারিং ওয়ার্কসের শ্রমিকদের প্রভিডেণ্ট ফাণ্ড

*৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৯) **শ্রীরাধারমণ সাহা :** শ্রমবিভাগের মন্ত্রিমহা অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জয় ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস-এর কর্মচারীদের প্রভেডেন্ট ফাণ্ডের ২·৪৯ কোটি টাকা এখনও পর্যন্ত সরকারের নির্দিষ্ট তহবিলে জমা পড়ে নাই, এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**Dr. Gopal Das Nag :**

(ক) মহামান্য কলিকাতা হাইকোর্টের ইণ্ডিয়ান ট্রাস্ট এ্যাক্ট অনুসারে বিচারাধীন একটি মামলায় কোম্পানী জানাইয়াছেন যে কর্মচারী প্রভিডেন্ট ফাণ্ড ও পরিবার পেন্সন ফাণ্ড আইন অনুযায়ী নির্দিষ্ট তহবিলে তাহাদের দেয় টাকার পরিমাণ ২,৬৯,৪৩,১৪৯ টাকা (দুই কোটি উনসত্তর লক্ষ ৪৩ হাজার একশত উনপঞ্চাশ টাকা।)

(খ) বিষয়টি একটি বিচারাধীন মামলার আওতাভুক্ত হওয়ার ফলে আইনগত অসুবিধার দরুন আঞ্চলিক প্রভিডেন্ট ফাণ্ড কমিশনারের পক্ষে আইনগত ব্যবস্থা অবলম্বন করা সম্ভব হয় নাই।

**শ্রীশরৎচন্দ্র দাস**ঃ মন্ত্রী মহাশয় বললেন যে দু কোটি টাকার বেশী টাকা ওখানে জমা আছে বা জমা দেওয়া হয়নি। কিন্তু আমরা যতদূর জানি একজন প্রভিডেণ্ড ফাণ্ড কমিশনার আছেন যে টাকা জমা দেওয়া হচ্ছে কিনা সেটা দেখার জন্য। সে কমিশনার কি করছিলেন যে এতটাকা বাকি পড়ে গেলো?

**ডাঃ গোপালদাস নাগ**: এই জয় ইঞ্জিনিয়ারিং ওয়াকস লিমিটেড আগে একজামশানের ক্যাটাগরিতে ছিলেন। এরা এম্পলয়িস প্রভিডেণ্ড ফাণ্ড এ্যাক্ট ১৯৫২ সালের আওতার মধ্যে ছিলেন না। তারজন্য প্রভিডেণ্ড ফাণ্ড কমিশনারের আওতার বাহিরে ছিল। ৩১-৩-১৯৬৮ তারিখে ভারত সরকারের নির্দেশ অনুযায়ী এটা এই একজামশানের বাহিরে হয়ে যাওয়ার দরুন এরা প্রভিডেণ্ড ফাণ্ড কমিশনারের আওতার মধ্যে এসেছেন। তার পরবর্তীকালে হাইকোর্টে মামলার জন্য আইনগত কোন ব্যবস্থা অবলম্বন করতে পারেননি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**ঃ মন্ত্রীমহাশয় কি জানাবেন যে যারা প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা ফাঁকি দিচ্ছে তাদের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার কোন ব্যবস্থা গ্রহণ করছেন কিনা?

**ডাঃ গোপালদাস নাগ**ঃ এটা পশ্চিমবঙ্গ সরকারের সম্পূর্ণ দায়ীত্ব নয়। প্রভিডেণ্ড ফাণ্ড কমিশনারের যিনি রিজিওন্যাল প্রতিনিধি আছেন তিনি এর কাস্টোডিয়ান। তিনি যদি ব্যবস্থা অবলম্বন করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে অনুমতি চান প্রসিকিউসানের বা অন্য কোন ব্যবস্থা করবার জন্য তাহলে সাধারণতঃ পশ্চিমবঙ্গ সরকার তাকে অনুমতি দিয়ে থাকেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়**: মন্ত্রীমহাশয় জানাবেন কি, প্রভিডেণ্ড ফাণ্ড কমিশনারের কাছ থেকে প্রভিডেণ্ড ফাণ্ড ফাঁকি দেওয়ার ব্যাপারে এ পর্যন্ত কতগুলো অভিযোগ এসেছে?

**ডাঃ গোপালদাস নাগ** : এই ব্যাপারে আজকে একটা কোশ্চেন আছে।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি যে কয়লাশিল্প যেটা পশ্চিমঃ সরকারের নয়, কিন্তু অধিকাংশ নিয়োজিত শ্রমিক বাংলাদেশের সেই সমস্ত শ্রমিকের টাকা কি হ মালিক ফাঁকি দিয়েছেন তা আমরা জানি। সুতরাং সেই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কি কেন্দ্র সরকারের সাথে আলাপ-আলোচনা করেছেন ব্যবস্থা গ্রহণের জন্য ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য প্রচু সারটিফিকেট কেস, প্রসিকিউসান কেস করেছেন এবং নীলাম পর্যন্ত করেছেন। তার তালিকা মুখ্যমঃ পেশ করেছেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** ইতিপূর্বে মন্ত্রীসভার পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে যে সমস্ত অসাধু মালিক শ্রমিকদের প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা ফাঁকি দেবেন তাদের গ্রেপ্তার করা হবে মন্ত্রীমহাশয় কি জানাবেন এ পর্যন্ত কত জনকে এই আইনে গ্রেপ্তার করা হয়েছে ?

**Mr. Speaker :** The Bill has not been given assent to by the President of India. So that question does not arise.

Now, starred question No. *349. .. (pause) .. The Member is not present in the House. So I call the next question—starred question No. *350.

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা প্রিভিলেজের ব্যাপার। কোন মাননীয় সদস্য না থাকলে যে কোন মাননীয় সদস্য তা উত্থাপন করতে পারতেন। তাহলে সমস্ত সদস্য জানতে পারতেন। যদি প্রশ্নকারী মাননীয় সদস্য উপস্থিত নেই বলে আপনি প্রশ্ন করতে না দেন তাহলে মুশকিল হয়ে যাবে।

**মিঃ স্পীকার :** কিছু মুশকিল হবে না। অনেক কোশ্চেন আছে।

I will try to take all the questions which stand in the names of such persons, who are present in the House. Later on I will again call the remaining questions and of the Members who are now absent are then present in the House they will be allowed to put their questions.

## টিটাগড় ব্রিটানিয়া কারখানা

*৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৬।) **শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্রিটানিয়া কারখানা (টিটাগড়) খোলার ব্যাপারে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন ;

(খ) কবে নাগাদ উক্ত কারখানা খুলিবে বলিয়া আশা করা যায় ;

(গ) ব্রিটানিয়া কারখানা বন্ধ থাকার দরুন ঐ কারখানায় কত শ্রমিক-কর্মচারী বেকার আছেন; এবং

(ঘ) এই কারখানার মালিকের অধীনে আর কোন কারখানা আছে কিনা এবং থাকিলে কি কি ?

**Dr. Gopaldas Nag :**

(ক) ১৯৭১ সালে কেন্দ্রীয় সরকার Industries (Development and Regulation) Act এর ১৫ ধারা অনুযায়ী এর তদন্ত করিয়া ঠিক করেন যে এই কোম্পানী পরিচালনার ভার সরকার গ্রহণ করিবেন না। পশ্চিমবঙ্গ সরকার এই বিষয়টি পুনর্বিবেচনার জন্য কেন্দ্রীয় সরকারকে সুপারিশ করিয়াছেন।

(খ) চেষ্টা চলিতেছে, কিন্তু কবে খোলা সম্ভব হইবে তাহা এখনই বলা সম্ভব নয়।

(গ) প্রায় ২০০০।

(ঘ) ইহা একটি পাবলিক লিমিটেড কোম্পানী। যে গোষ্ঠি এই প্রতিষ্ঠান পরিচালনা করেন, তাহাদের পরিচালনাধীন অন্যান্য কোম্পনীর নাম রাজ্য সরকারের নিকট নাই।

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** এই কারখানার শ্রমিক কর্মচারীদের Insurance ও Provident Fund-এর টাকা ঠিকমত জমা আছে কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** না।

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** যদি জমা না থাকে তাহলে তার জন্য কি ব্যবস্থা করা হয়েছে জানাবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** এ বিষয়ে Provident Fund Commissioner যা করার করবেন। তাছাড়া কোন ব্যবস্থা করা হয়নি।

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** কারখানার মালিককে টাকা দিয়ে ঐ কারখানা খোলান যায় না ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** জবরদস্তিভাবে খোলান যেতে পারে, কিন্তু সরকারকে জামীন হয়ে তাদের জন্য ৩ কোটি টাকা সংগ্রহ করে দিতে হবে। আমি নিশ্চয় ভাবছি না যে মাননীয় সদস্য সেকথা চিন্তা করবেন।

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** এই মালিকের আর কতগুলি কারখানা আছে তাতে ২ হাজার শ্রমিককে সাময়িকভাবে নিয়োগ করার জন্য চাপ সৃষ্টি করার কথা চিন্তা করছেন কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** এই চাপ সৃষ্টি করার আইনতঃ কোন ক্ষমতা আমার নেই।

**শ্রীলক্ষ্মীকান্ত বসু ঃ** ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কারখানার শ্রমিকরা মুখ্যমন্ত্রীর বাসভবনের সামনে অনশন করলে তিনি তাদের লিখিতভাবে জানিয়েছিলেন যে সরকার এটা শীঘ্র খোলার চেষ্টা করছেন। সরকার কি চেষ্টা করছেন এবং আশা দিতে পারবেন কি খোলা সম্পর্কে ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** সরকার চেষ্টা করছেন একথা উত্তরে বলেছি।

**শ্রীকানাইলাল ভৌমিক ঃ** এই কারখানার মালিক যখন Provident Fund এবং Insurance-এর টাকা জমা দেয়নি তখন তাদের Misa-তে আটক করা হবে কি ?

**মিঃ স্পীকার ঃ** This supplementary does not arise.

(* question Nos. 351 and 352 were not put as the Members concerned were absent.)

*353. (Held over)

(* question No. 354 was not put as the Member concerned was absent.)

**Messrs. Eastern India Trading Co**

***355.** (Admitted question No. *724) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that Messrs. Eastern India Trading Co. of Rajarghat, P.O. Dhappa, Calcutta-39, has recruited a few new hands and refused to give employment to ex-workers ;

(b) if so, what action by Government has since been taken in this regard ;

(c) if the Assistant Labour Commissioner (Implementation) recommended any action against the above firm ; and

(d) if so, what are the recommendations ?

**Dr. Gopaldas Nag :**

(a) Yes, but majority of the ex-workers (retrenched) have not been taken back in employment.

(b), (c) & (d) Assistant Labour Commissioner (Implementation) attempted to persuade the management to take back all the retrenched workmen but his efforts were not successful. He recommended for prosecution of the

[1-40—1-50 p.m.]

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যখন ফার্ম্ম বন্ধ করা হয়েছিল তখন ম্যানেজমেন্ট এবং এমপ্লয়ীদের মধ্যে একটা এগ্রিমেন্ট হয়েছিল যে যখন ফার্ম্ম আবার খোলা হবে তখন যেসমস্ত এমপ্লয়ী কাজ করছিল তাদের কাজ দেওয়া হবে, এই রকম এগ্রিমেন্ট হয়েছিল কিনা ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** ১৮-৯-৭১ তারিখে যে দ্বিপাক্ষিক চুক্তি হয় তাতে এই রকম সেটেলমেন্ট হয়েছিল।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** কিন্তু দেখা গেল যখন এই ফার্ম্ম রি-ওপেন হল তখন বাইরে থেকে এমপ্লয়ী নিয়ে এসে তাদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হল, যারা এক্স-এমপ্লয়ী ছিল তাদের দেওয়া হয়নি একথা কি সত্য ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** আমি উত্তরে বলেছি সত্য।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে এ্যাসিস্ট্যাণ্ট লেবার কমিশনার রেকমেণ্ড করেছিলেন ষ্ট্রং এ্যাকসান নেওয়ার জন্য, সেটা কেন নেওয়া হয়নি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** ষ্ট্রং এ্যাকসান নয়, ডেফিনিট এ্যাকসান, প্রোসিকিউসান। সুতরাং কেন নেয়া হয়নি প্রশ্ন উঠে না। কারণ, প্রোসিকিউসানের অর্ডার দেওয়া হয়েছে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** হাই অফিসিয়াল লেবার ডিপার্টমেণ্টের হস্তক্ষেপের ফলে জিনিষটা হচ্ছে তাহলে কোনরকম প্রোসিকিউসানের ব্যবস্থা নেওয়া হচ্ছে না কেন ?

**ডাঃ গোপাল দাস নাগ ঃ** প্রোসিকিউসান হয়েছে, প্রোসিকিউসান অর্ডার হ্যাজ বিন স্যাংকসাণ্ড। সুতরাং এ প্রশ্ন উঠে না।

## উত্তরবঙ্গের জঙ্গলে দুষ্প্রাপ্য পশু শিকার

*৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩২।) **শ্রীনিতাইপদ সরকার ঃ** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গের বিভিন্ন জঙ্গলে শিকারীরা অবৈধভাবে গণ্ডার প্রভৃতি দুষ্প্রাপ্য মূল্যবান পশু হত্যা করিতেছেন :

(খ) সত্য হইলে, কোন্ কোন্ জঙ্গলে ঐরূপ কত পশু হত্যা করা হইয়াছে : এবং

(গ) ইহা বন্ধের কোনরূপ ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা ?

**Shri Sitaram Mahato :**

(ক) হ্যাঁ।

(খ) এই বৎসর জলপাইগুড়ি জেলাস্থিত জলদাপাড়া অভয় অরণ্য ও তদ্‌সংলগ্ন এলাকায় ১০টি এবং গরুমারা অভয় অরণ্য ও তদ্‌সংলগ্ন এলাকায় ৬টি গণ্ডার হত্যার ঘটনা ঘটেছে।

(গ) এজন্য বিভাগীয় কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করা হয়েছে এবং জলদাপাড়া অভয় অরণ্য পাহারা দেবার জন্য সশস্ত্র হোমগার্ড নিয়োগ করা হয়েছে।

তাছাড়া গণ্ডার এবং অন্যান্য মূল্যবান ও দুষ্প্রাপ্য পশুর অবৈধ হত্যা অপরাধীদের জন্য কঠোর শাস্তির ব্যবস্থার জন্য পার্লামেণ্টকে নূতন আইন প্রণয়ন করবার ক্ষমতা দেওয়া হয়েছে। ফরেস্ট ডিপার্টমেণ্ট কর্তৃক নিজস্ব সশস্ত্র প্রহরী নিয়োগের কথাও চিন্তা করা হচ্ছে।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জরিমানার পরিমাণ এবং জেলে শাস্তির মেয়াদ বৃদ্ধি করবেন কি?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** সে সম্পর্কে আমাদের সরকারের বিশেষ বিবেচনা হচ্ছে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে অবৈধভাবে অনেকগুলি গণ্ডার মারা গেছে। আপনার ডিপার্টমেন্ট যে ওখানে আছে তারা এই ব্যাপারে কাউকে ধরতে পেরেছেন কিনা?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** হ্যাঁ, এই ব্যাপারে অনেকগুলি কেস আছে এবং কিছু পুলিশের কাছে আছে এবং কিছু কোর্টে আছে। কোর্টে আছে ১৬টি, পুলিশের কাছে আছে ১টি এবং আর ১টি কোর্টে সাবজুডিস আছে। এই মোট ১৮টি কেস আছে।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** যারা গণ্ডার মেরেছে তারা বহিরাগত, না, স্থানীয়?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** সবাই স্থানীয়।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** এই যে জঙ্গলে গণ্ডার মারা যাচ্ছে অবৈধভাবে নিশ্চয়ই আমাদের দেওয়া লাইসেন্সের বলে যে আগ্নেয়াস্ত্র পাচ্ছে তার দ্বারা মারছে। এই সমস্ত আগ্নেয়াস্ত্র সীজ করার জন্য কোন ব্যবস্থা সরকার করেছেন?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** না, এই বিষয়ে আমার জানা নেই।

**শ্রীকানাই ভৌমিক ঃ** এই যে অবৈধভাবে গণ্ডার দুষ্প্রাপ্য মূল্যবান পশুর হত্যা চলছে এটা কত বছর ধরে চলছে এবং এই হত্যার মধ্যে যারা জড়িত তার মধ্যে কোন অফিসার আছে কি?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** না, এরকম কোন রিপোর্ট আমার কাছে নেই।

**শ্রীকানাই ভৌমিক ঃ** এই যে অবৈধভাবে পশু হত্যা চলছে এটা কত বছর ধরে চলছে জানাবেন কি?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** আমি দেখেছি কিছুদিন ধরে চলছে।

**শ্রীবীরেন্দ্র বিজয় মল্লদেব ঃ** এই ব্যাপারে কতজন কনভিক্টেড হয়েছে এবং বর্তমানে কত গণ্ডার আছে তার কোন পরিসংখ্যান আছে কি ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** আমি আগেই বলেছি ১৮টি কেস চলছে এবং সেই সমস্ত কেস-এর ফাইনাল শুনানী হয়নি তার রিপোর্ট আমার কাছে আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম যে সমস্ত আগ্নেয়াস্ত্র দ্বারা এই সমস্ত পশু হত্যা করা হচ্ছে সেগুলি সিজ করা হয়েছে কিনা। তার উত্তরে উনি বললেন আমার কাছে কোন হদিশ নেই। আমরা জানি মানুষকে যদি মানুষ আগ্নেয়াস্ত্র দিয়ে হত্যা করে তাহলে তারজন্য কেস নেবার বিধান আছে। আমি জিজ্ঞাসা করছি আমরা লক্ষ লক্ষ টাকা খরচ করে এই যে পশু সংরক্ষণ করছি সেই রেসট্রিকটেড এলাকার মধ্যে যে সমস্ত শিকারী অবৈধভাবে প্রবেশ করে তাদের হত্যা করছে তাদের লাইসেন্সগুলিতে এই পশু হত্যা করবার জন্য পারমিসন দেওয়া আছে কিনা এবং যদি না থাকে তাহলে এগুলি কেড়ে নেওয়া হচ্ছেনা কেন ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** পারমিসন দেওয়া হয়নি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** যদি পারমিসন দেওয়া না থাকে তাহলে দেখা যাচ্ছে অ্যাটলিস্ট ক্রিমিন্যালি ট্রেসপাশ হচ্ছে এবং এইভাবে হত্যা করছে। আমি জিজ্ঞাসা করছি এই সমস্ত শিকারী যাদের বিরুদ্ধে ১৮টি কেস হয়েছে তাদের আগ্নেয়াস্ত্র কেড়ে নেবার মত কোন ব্যবস্থা হয়েছে কিনা এবং যদি না হয়ে থাকে তাহলে হবে কিনা ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** এই সমস্ত কাজ যাতে না হয় তারজন্য ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

**শ্রীরজনীকান্ত দলুই ঃ** মন্ত্রীমহাশয় বললেন অনেকদিন ধরে উত্তরবঙ্গের জঙ্গলে অবৈধভাবে পশু হত্যা করা হচ্ছে। আমি জিজ্ঞাসা করছি ডিউরিং ইউ. এফ. রেজিম এই হত্যাকাণ্ড বেশী করা হয়েছে কিনা ?

**মিঃ স্পীকার ঃ** দিস কোশ্চেন ডাস নট এ্যারাইস।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আমার একটা সাপ্লিমেণ্টারী প্রশ্ন আছে স্যার। ১৮টি কেস হয়েছে অবৈধ শিকারীদের বিরুদ্ধে সে সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করবেন কিনা ?

**Mr. Speaker** : Mr. Bari hear me first. Who says that they are licensed Shikaries ? They are poachers and they are not Government licensed persons. They tresspass into the jungle at night, kill the animals and fly away.

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** ১৮টি কেস যাদের বিরুদ্ধে করা হয়েছে সেই সমস্ত

লোকেরা যে আগ্নেয়াস্ত্র ব্যবহার করেছিল এই সমস্ত কেস-এ সেই সমস্ত আগ্নেয়াস্ত্র সংশ্লিষ্ট আছে কিনা ?

**মিঃ স্পীকার ঃ** ইট গোজ উইদাউট সেয়িং।

## ইণ্ডিয়ান রবার ম্যানুফ্যাকচারার্স ফ্যাক্টরী

*৩১৭। ( অনুমোদিত প্রশ্ন নং *৭৩০। ) **শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** বন্ধ ও দুর্ব্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, লিলুয়ার ইণ্ডিয়ান রাবার ম্যানুফ্যাকচারার্স ফ্যাক্টরী সরকার নিজের পরিচালনাধীনে লইবার সিদ্ধান্ত করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে—

(১) এইরূপ সিদ্ধান্ত লওয়ার কারণ কি ;

(২) এ বিষয়ে কোন তদন্ত হইয়াছিল কিনা ; এবং হইয়া থাকিলে, তাহার রিপোর্ট কি ; এবং

(গ) ঐ ফ্যাক্টরী সরকারের পরিচালনাধীনে এখনও পর্যন্ত না আনার কারণ কি ?

**Dr. Gopaldas Nag :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) কোন শিল্প সরকারী পরিচালনাধীনে আনার সম্পূর্ণ ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে। রাজ্য সরকারের কোন আইনগত ক্ষমতা নাই। রাজ্য সরকারের সুপারিশে কেন্দ্রীয় সরকার এই শিল্প প্রতিষ্ঠানটি সম্বন্ধে তদন্তের জন্য একটি কমিটি গঠন করেন। উক্ত কমিটির রিপোর্টে কোম্পানী পরিচালনার বিশেষ ত্রুটি ও অন্যান্য দুর্নীতি কার্য্যাদির উল্লেখে কোম্পানীটি সরকারের পরিচালনাধীনে আনার সুপারিশ করা হয় বলিয়া জানা গিয়াছে। কেন্দ্রীয় সরকার এই কোম্পানী পরিচালনার জন্য আই. আর. সি. আই, নর্থ, সাহায্য করিবেন কিনা এ বিষয়ে উক্ত প্রতিনিধিকে বিচার করতে বলেন। আই. আর. সি. আই এর সিদ্ধান্ত এখনও কেন্দ্রীয় সরকার পান নাই। ঐ সিদ্ধান্ত পাইলে কেন্দ্রীয় সরকার এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত লইবেন এরূপ আশা করা যায়।

[1-50—2-00 p.m.]

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** মুখ্যমন্ত্রী মহাশয় জুন মাসের বেতার ভাষণে উল্লেখ করেছিলেন যে এই কারখানা জুন মাসের মধ্যে রাজ্য সরকার গ্রহণ করবেন। এই সম্বন্ধে কি বলবেন কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংবাদ আমার জানা নেই।

## বাঁকুড়া জেলার বনজ সম্পদ হইতে সরকারী আয়

*৩৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৮।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার বনজ সম্পদ হইতে পশ্চিমবঙ্গ সরকার (১) ১৯৬৭ হইতে ১৯৬৯, (২) ১৯৭০-৭১ এবং (৩) ১৯৭১-৭২-এর জুন মাস পর্যন্ত কি পরিমাণ 'রেভিনিউ' আদায় করিয়াছেন ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** বাঁকুড়া জেলার বনজ সম্পদ হইতে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক আদায়ীকৃত রাজস্ব আর্থিক বছর অনুযায়ী নিম্নরূপ :—১৯৬৭-৬৮ সালে ১৯ লক্ষ ৭৩ হাজার ৯২৮ টাকা, ১৯৬৮-৬৯ সালে ২০ লক্ষ ৮১ হাজার ৫৩৯ টাকা, ১৯৬৯-৭০ সালে ২০ লক্ষ ৯০ হাজার ১২৬ টাকা, ১৯৭০-৭১ সালে ২৩ লক্ষ ৩১ হাজার ৯৭৫ টাকা, ১৯৭১-৭২ সালে ৩২ লক্ষ ১৮ হাজার ৫৫৩ টাকা, ১৯৭২ সালের জুন মাস পর্যন্ত ৩ লক্ষ ৬ হাজার ৬১৬ টাকা।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, কি কি বনজ সম্পদ হইতে এই রেভিনিউ আদায় হয় ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** সাধারণতঃ বিড়ি পাতা এবং তাছাড়া কাজুনাট, গ্রাস ইত্যাদি আছে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** বিড়ি পাতা হইতে কত রেভিনিউ আদায় হয় জানাবেন কি ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** পার্টিকুলার বিড়িপাতা সম্পর্কে বলা মুস্কিল।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** এই বনজ সম্পদকে বাড়ানোর জন্য বর্তমান সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন জানাবেন কি ?

**মিঃ স্পীকার ঃ** দিস্ কোশ্চেন ডাস্ নট এ্যারাইস্।

## বন্যপ্রাণী সংরক্ষণ

*৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে কি কি বন্যপ্রাণী সংরক্ষণের ব্যবস্থা আছে,

(খ) বর্তমানে উক্ত সংরক্ষিত বনসমূহে বন্যপশু হত্যা বন্ধ হইয়াছে কিনা ; এবং

(গ) জলদাপাড়ার অভয় অরণ্যে বর্তমানে গণ্ডারের আনুমানিক সংখ্যা কত ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** কলিকাতা এবং হাওড়া জেলা ব্যতীত সমস্ত জেলাতেই সংরক্ষিত বনসমূহে বন্য শূকর, ভল্লুক ও ঘোষিত নরখাদক ব্যাঘ্র এবং চিতাবাঘ ও মাংসাশী পশু

( ব্যাঘ্র ও চীতাবাঘ ব্যতীত ) এবং সুন্দরবনের কুমীর ছাড়া সকল প্রকার বন্যপ্রাণী ( পক্ষী সমেত ) হত্যা এবং ধরা নিষিদ্ধ আছে। সংরক্ষিত বনাঞ্চলের বাহিরে ব্যাঘ্র ও চিতাবাঘ ( ঘোষিত নরখাদক ব্যতীত ) হত্যা করাও নিষিদ্ধ হইয়াছে।

এতদ্‌ভিন্ন পশ্চিমবঙ্গের ৮টি অভয়ারণ্য ও ৩টি মৃগদাব আছে এবং ওইগুলিতে সকল প্রকার বন্যপ্রাণী ও পক্ষী সংরক্ষিত হয়। ওই সকল অভয়ারণ্য এবং মৃগদাব এবং ওইগুলিতে যেসকল বন্যপ্রাণী বিশেষভাবে দ্রষ্টব্য তাহাদের বিবরণ নিম্নে বর্ণিত হইল :—

দার্জিলিং জেলাস্থিত—

(১) সেনচল অভয়ারণ্য—সেরো, ভল্লুক, গোড়াল ও মৃগ।

(২) মহানদী অভয়ারণ্য—ব্যাঘ্র, হস্তী, গউর সমেত বিভিন্ন জাতীয় হরিণ, শূকর, পক্ষী ও মৎস্য।

জলপাইগুড়ি জেলাস্থিত—

(৩) চাপড়ামারি (৪) গরুমারা (৫) জলদাপাড়া অভয়ারণ্য—গণ্ডার, হস্তী, ব্যাঘ্র, বিভিন্ন জাতীয় হরিণ, শূকর, গউর।

২৪-পরগণা জেলাস্থিত—

(৬) লোথিয়ান আইল্যাণ্ড ও হ্যালিডে আইল্যাণ্ড অভয়ারণ্য- ব্যাঘ্র, শূকর, হরিণ ও নানাজাতীয় পক্ষী।

(৮) সজনাখালি অভয়ারণ্য—বিভিন্ন প্রকারের পক্ষী ও সরীসৃপ।

মৃগদাব—

(১) ২৪-পরগণা জেলার পারমাদন,

(২) নদীয়া জেলার বেথুয়াডহরী, এবং

(৩) বীরভূম জেলার বল্লভপুর—বিভিন্ন প্রকারের হরিণ।

গণ্ডার ভিন্ন অন্য পশুর ক্ষেত্রে বলা চলে যে পশুহত্যা বন্ধ হইয়াছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রীমহাশয় কি জানেন যে জলদাপাড়ায় যেটা সবচেয়ে বড় গণ্ডার ছিল সেটাকে হত্যা করা হয়েছে ?

**শ্রীসীতারাম মাহাতোঃ** হত্যা করা হয়েছে ঠিকই তবে সবচেয়ে বড় ছিল কিনা জানি না।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পশ্চিমবঙ্গে রয়েল বেঙ্গল টাইগার এবং গণ্ডার যে গণনা করার কথা ছিল সেটা গণনা হয়েছে কিনা ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** এখনও গণনা চলছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে পশ্চিমবঙ্গ থেকে গণ্ডার ও রয়েল বেঙ্গল টাইগার বাইরে পাঠান হচ্ছে বলে কি আপনি জানেন ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** এ খবর আমার জানা নেই।

**শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব ঃ** নূতন গেম স্যাংচুয়ারী করবার পরিকল্পনা কি আপনাদের আছে।

**শ্রীসীতারাম মাহাতো ঃ** নূতন স্যাংচুয়ারী করবার প্রস্তাব আমাদের আছে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** জলদাপাড়ায় যে ৫০টি গণ্ডার আছে বলে মন্ত্রীমহাশয় যে বললেন এই গণনার উপায় কি ? এটা লোক মারফত করা হয়, কিভাবে করা হয়—এর পদ্ধতিটা কি ?

**শ্রীসীতারাম মাহাতো ঃ** এটা সেন্সাসের মাধ্যমে করা হয়। মাননীয় সদস্য যদি বিস্তারিতভাবে জানতে চান তাহলে পরে জানাতে পারি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আমি জিজ্ঞাসা করছি মানুষের সেন্সাস তো মানুষ করে, গণ্ডারদের সেন্সাস কে করে ? উই উড লাইক টু বি এনলাইটেণ্ড কে করে—এনুমারেটর কে ?

**মিঃ স্পীকার ঃ** ফরেষ্ট ডিপার্টমেন্টের এমপ্লইরা করে।

**শ্রীলক্ষ্মীকান্ত বোস ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি গণ্ডারের চামড়াওয়ালা অনেক লোক আছে আমরা শুনি—সেটা কি ব্যাপার ?

**মিঃ স্পীকার ঃ** দি কোশ্চেন ইজ ডিসয়্যালাউড।

**ডঃ এ, এম, ও, গনি ঃ** আমরা শুনেছি গণ্ডারের শিং দিয়ে একটা বিশেষ অসুখ সারানোর জন্য এই শিং ব্যবহার করা হয় এটা কি মন্ত্রীমহাশয় জানেন ?

**শ্রীসীতারাম মাহাত ঃ** হ্যাঁ, আমি শুনেছি, তবে আমি ঠিক জানি না।

## Increase in price of wheat at Kharagpur

*302. (Admitted question No. *1005.) **Shri Rajanikanta Doloi** : Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that in industrial towns like Kharagpur, the retail price of wheat has started soaring up to Rs. 100 and Rs. 120 per quintal , and

(b) if the answer to (a) be in the affirmative—

(i) the cause for such increase in prices ; and

(ii) the steps the Government has taken or is contemplating to take to bring down the prices ?

( The question was not called by the Member concerned )

**Shri Kashikanta Maitra** :

(a) Wheat is being supplied in all modified rationing areas of this State at Re. 0·90 per kg. at the scale of 2,000 gms. per adult per week and half the quantity per child to all categories of cardholders. According to our information in the open market at Kharagpur, wheat sold between Rs. 86·00 (minimum) and Rs. 97·00 (maximum) per quintal wholesale during the period from 1-5-72 to 23-7-72, the retail price being Rs. 200 to Rs. 300 per quintal higher than the wholesale price.

(b) (i) & (ii) During lean months no doubt there is a tendency towards price rise. But Government is trying its best to maintain regular supply of wheat to all categories of rationees throughout the year at the aforesaid scale and rates so that the rationees do not have to fall back on the open market to meet their requirements of wheat.

[2-00—2-10 p.m.]

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছেন যে তিনি চেষ্টা করছেন যাতে আটা বা গমের দাম ঠিকমত রাখা যায়। সেটা কিভাবে চেষ্টা করছেন মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় সদস্য প্রশ্নটা ঠিক বোধহয় ফলো করেননি। বলা হয়েছে যে সমস্ত ক্যাটিগোরি অব র‍্যাশন কার্ড হোল্ডারদের—ক, খ, গ, ঘ, ঙ, প্রত্যেককেই প্রতি সপ্তাহে ২ হাজার গ্রাম করে গম সরবরাহ করা হয়ে থাকে প্রাপ্তবয়স্কদের বেলায়, শিশুদের বেলায় তার অর্ধেক। এটা দেবার ফলে যেহেতু সমস্ত র‍্যাশন কার্ড হোল্ডাররাই নিয়মিতভাবে এই গ্যারান্টিড সাপ্লাইটা প্রতি সপ্তাহে পেয়ে থাকেন সেইজন্য খোলা বাজারে যদি দাম বাড়েও, খোলা বাজারে গমের জন্য লোককে ছুটতে হবেনা, কারণ তাদের চাহিদা র‍্যাশনের মাধ্যমেই মেটান সম্ভব।

**Mr. Speaker** : Question hour is over. Starred questions 341, 344, 347, 349, 351, 352, 354 and 361 will be treated as unstarred questions.

## শ্রীজ্যোতি বসুর বিলাত ভ্রমণের ব্যয়ভার

*৩৬৫। (শর্ট নোটিস) (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৪) **শ্রীলক্ষ্মীকান্ত বসু ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে শ্রীজ্যোতি বসুর বিলাত ভ্রমণের ব্যয়ভার বহন করছেন শ্রীজীৎপাল যিনি (১) আমিন চাঁদ প্যারেলাল কোম্পানার মালিক ও (২) কলিকাতায় পার্ক হোটেলের মালিক ; এবং

(খ) সত্য হইলে, এই পার্ক হোটেল খোলার অনুমতি কে দিয়াছিলেন ?

**Mr. Speaker**: Short notice starred question No. 365 of Shri Lakshmikanta Bose is held over.

**Shri Abdul Bari Biswas :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা দেখুন, জ্যোতি বসু মহাশয় বিলাতে গিয়েছেন এবং এই প্রশ্নটা হচ্ছে সেই সংক্রান্ত ব্যাপারে। যাঁরা গণতন্ত্রের বিরুদ্ধে ওখানে প্রচার করতে গিয়েছেন লড়াই করবার জন্যে এবং তার সঙ্গে কলকাতার একটা স্বনামধন্য বিখ্যাত একটা হোটেলের মালিক জড়িত, এখানে মাননীয় মন্ত্রী মহাশয় আছেন তিনি কিছু বলুন।

**Mr. Speaker**: The question was received only yesterday and so the Minister could not prepare himself with the answer. It will be taken up on the next rotational day.

( Noise and interruptions )

**Shri Gyan Singh Sohanpal**: Sir, it may be taken up on Monday.

**Mr. Speaker :** Very well, the Parliamentary Minister says that it can be taken up on Monday next.

## প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা না দেওয়ার অভিযোগ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৮) **শ্রীনিতাইপদ সরকার** : শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্রমিক-কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ডে মজুত অর্থ বহু মালিক এখনও জমা দিতেছেন না ; এবং

(খ) সত্য হইলে, ঐ সকল মালিকদের বিবরণ এবং উক্ত অর্থ যাহাতে অবিলম্বে তাহারা জমা দেয় সে সম্পর্কে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Dr. Gopaldas Nag :**

**শ্রীকানাই ভৌমিক** : এই যে প্রভিডেন্ট ফাণ্ড বাকী রেখেছে, এটা কি বৎসরে বৎসরে জমা দেবার পদ্ধতি, না যে কোন সময়ে, দু'তিন বৎসর অন্তরও জমা দেওয়া যায়, পদ্ধতিটা কি ? যদি বৎসর বৎসর জমা দেওয়ার পদ্ধতি থাকে তাহলে বছরের পরেই যদি বাকী থাকে তা নিয়ে তাগাদা দেওয়া হয় কি ?

**ডাঃ গোপালদাস নাগ** : জমাটা বছরে বছরেই দেবার কথা। আমি আগেই বলেছি যে এর কাস্টোডিয়ান পশ্চিমবঙ্গ সরকার নয়, প্রভিডেন্ট ফাণ্ড কমিশনার এবং তার প্রতিনিধি হিসাবে

পশ্চিমবঙ্গ রিজিয়োনাল প্রভিডেন্ট ফাণ্ড কমিশনারের সঙ্গে যুক্ত আছেন। ওঁরা কিভাবে তাগাদা দেন তাও আমাদের জানা নেই। তবে এই প্রসিকিউশন করার আগে ওঁরা আমাদের অনুমতি চান, চাইলে আমরা বুঝতে পারি যে কে ডিফল্ট করেছে এবং তার কাছ থেকে স্বাভাবিকভাবে আদায় হচ্ছে না।

**Shri Netaipada Ghosh :** এই প্রভিডেন্ট ফাণ্ডের টাকা আদায় করবার জন্য Inspecter-রা আছেন, অন্যান্য কর্মচারীরা আছেন, regular Provident Fund জমা না দেবার জন্য fine এর ব্যবস্থা, তা সত্ত্বেও কি করে এত টাকা বছরে বাকি পড়তে পারে এই প্রভিডেন্ট ফাণ্ডের ?

**Dr. Gopaldas Nag :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেও যা বলেছি, আবার এখনো বলছি—এই প্রভিডেন্ট ফাণ্ডের custodian হচ্ছে ভারত সরকারের Provident Fund কমিশনার—পশ্চিমবাংলা সরকার নন্। তাঁদের Inspecter-ও সেই কমিশনারের আণ্ডারে। পশ্চিমবঙ্গ সরকারের আণ্ডারে নয়। তাদের কাজের সুপারভিসন পশ্চিমবঙ্গ সরকার করেন না। আমাদের সঙ্গে তাদের সম্পর্ক হচ্ছে প্রভিডেন্ট ফাণ্ডের কমিশনার কোন কেস্ হলে আমাদের কাছে পাঠান—কোন কেসের সার্টিফিকেটে বা ফৌজদারী মামলা হলে তা আমাদের দপ্তরের মাধ্যমে হয়—day to day work inspection বা supervision সেগুলি সবই প্রভিডেন্ট ফাণ্ড কমিশনার বা তাঁর অধীনস্থ ভারপ্রাপ্ত কর্মচারীর Regional কমিশনারদের দায়িত্ব।

**Shri Netaipada Ghosh :** যে সমস্ত অফিসারের গাফিলতির জন্য দু-তিন বছর ধরে এই Provident ফাণ্ডের টাকা বাকি পড়ে আছে, তাদের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের কোন অভিযোগ আপনার দপ্তরে আনা হয়েছে কি ?

**Dr. Gopaldas Nag :** অধিকাংশ ক্ষেত্রে এই বাকি হচ্ছে পুরাতন বাকি, যে বাকিগুলি exempted category প্রতিষ্ঠানগুলির, তারা এই টাকা জমা দেয় নাই exemption cancellation হয়ে যাবার পর—trusteeship যারা exempted categoryর প্রতিষ্ঠান নয়—তারা বন্ধ হয়ে থাকলে বা চালু থাকলেও বেশীর ভাগ বাকী নাই—তাদের certificate case হয় ফৌজদারী কেস্ হয়। ইতিমধ্যে মহামান্য হাইকোর্ট একটা আদেশ জারী করেছেন Provident Fund এর টাকা জমা না দিয়ে খরচ করে ফেললে breach of trust হবে—তাতে সন্দেহ তুলেছেন। সুতরাং আগে যে procedure ছিল তা পরিবর্তন করে নূতন procedure করতে হচ্ছে। তার জন্য অনেক সময় আদায় করতে দেরী হয়ে যাচ্ছে।

**Shri Radha Raman Saha :** এই যে প্রভিডেন্ট ফাণ্ডের টাকা বিভিন্ন কোম্পানীর কাছ থেকে জমা পড়ছে না—, এই ব্যাপারে প্রভিডেন্ট ফাণ্ড কমিশনার ঠিকমত কাজ করছেন না—বলে কি আপনি মনে করেন ?

( No reply )

**Shri Sankar Das Paul :** মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যানরা এই Provident ফাণ্ডের টাকা জমা দেওয়া দূরের কথা—কর্মচারীদের বেতন payment করতে পারছেন না—টাকার অভাবে, সেখানে চেয়ারম্যান কোন ব্যবস্থা অবলম্বন করবেন ?

**Dr. Gopaldas Nag :** মাননীয় সদস্য নিজে একজন মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান—, মিউনিসিপ্যালিটীর কর্মচারীদের প্রভিডেন্ট ফাণ্ড Employees Provident Fund Act অনুযায়ী নয়, West Bengal Municipal Act আছে, তার সেই রুল অনুযায়ী প্রভিডেন্ট ফাণ্ডের custodian

হচ্ছেন চেয়ারম্যান নিজে। কাজেই তিনি ভাল জানেন Account rules কীভাবে টাকা বাকী পড়ছে, কেন তাঁরা দেন না—, না দিলে কি করা উচিত—? আমি এবিষয়ে আর কি উত্তর দেব।

**Shri Netaipada Ghosh :** মালিক হয়ত প্রভিডেন্ট ফাণ্ডের টাকা জমা দিয়েছে অথচ দেখা যায় কোন কর্মচারী মারা যাবার পর ঠিক যে সময় টাকা দেওয়া উচিত তারা সেই সময় পাচ্ছে না, সরকারী কর্মচারীর গাফিলতির জন্য দু-তিন বছর টাকা পাচ্ছে না, তার বিরুদ্ধে মিসা প্রয়োগের ব্যবস্থা সরকার কেন নিচ্ছেন না ?

**Dr. Gopaldas Nag :** মাননীয় সদস্য যে অভিযোগ করেছেন তা খাঁটি। অনেক সময় গাফিলতির জন্য টাকা সময়মত পাওয়া যায় না। এমনও ঘটনা আছে—যিনি প্রভিডেন্ট ফাণ্ডের টাকার অধিকারী—তিনি মারা গেছেন, তার নমিনিও অনেক দিন ধরে টাকা পাচ্ছেন না। সে সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের যা করণীয় তা করার চেষ্টা করা হচ্ছে। এবং আমি যতদুর জানি ক্যাবিনেটেও পশ্চিমবঙ্গ সরকারের যেসব প্রভিডেন্ট ফাণ্ড পড়ে আছে তাদের যাতে দ্রুত দিয়ে দেবার ব্যবস্থা হয় সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় বিশেষভাবে লক্ষ্য করছেন।

[2-10—2-20 p.m.]

## বেকারদের চাকরি

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৫) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের বেকার যুবকদের চাকরি দেওয়ার ব্যাপারে সরকার কি কি কার্যকরী কর্মপন্থা গ্রহণ করছেন ?

**Dr. Gopaldas Nag :** পশ্চিমবঙ্গের কর্মপ্রার্থী যুবকদের জন্য কর্মসংস্থানের ব্যাপারে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। বিভিন্ন বিভাগ হইতে এতৎসম্পর্কে প্রাপ্ত তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## কর্মসংস্থান কেন্দ্রে তালিকাভুক্ত বেকারের সংখ্যা

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৮) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ স্থানে কর্মসংস্থান কেন্দ্র (এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ) আছে এবং সেগুলির প্রতিটিতে ৩০এ জুন, ১৯৭২ পর্যন্ত কতজন বেকারের নাম তালিকাভুক্ত করা হইয়াছে ; এবং

(খ) ১৯৭২ সালের মে মাস পর্যন্ত উক্ত কর্মসংস্থান কেন্দ্রগুলির মাধ্যমে কতজন বেকারের চাকরি হইয়াছে ?

**Dr. Gopaldas Nag :**

(ক) পশ্চিমবঙ্গে মোট ৩৩টি কর্মসংস্থান কেন্দ্র আছে (পঙ্গু ব্যক্তিদের জন্য বিশেষ কর্মসংস্থান

কেন্দ্র ছাড়া)। ঐসমস্ত কর্মসংস্থান কেন্দ্রগুলির অবস্থান এবং উহাদের প্রত্যেকটিতে ৩০-৬-৭২ তারিখে মোট তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপ :—

| ক্রমিক সংখ্যা | কর্মসংস্থান কেন্দ্রের নাম | ৩০-৬-৭২ তারিখে তালিকা ভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা |
|---|---|---|
| (১) | রিজিওনাল এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, কলিকাতা | ১,৩৯,৫২৫ |
| (২) | সাব্-রিজিওনাল এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, উত্তর কলিকাতা | ৩৮,৮২৫ |
| (৩) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, দঃ কলিকাতা | ১৫,৮২৩ |
| (৪) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, পূঃ কলিকাতা | ৭,৫২৬ |
| (৫) | সাব্-রিজিওনাল এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, খিদিরপুর | ৮২,৬৭৬ |
| (৬) | প্রফেসানাল এবং এক্সিকিউটিভ্ অফিস, কলিকাতা | ৬,৩৭০ |
| (৭) | সাব্-রিজিওনাল এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, ব্যারাকপুর | ৬৮,৯৫৯ |
| (৮) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, দমদম | ৫৭ ৮২৮ |
| (৯) | সাব্-রিজিওনাল এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, হাওড়া | ৫১,২৯৮ |
| (১০) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, শ্রীরামপুর | ২৫ ৯৭২ |
| (১১) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, চুঁচুড়া | ১৯,১৭২ |
| (১২) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, বর্দ্ধমান | ৪২,৭৪০ |
| (১৩) | সাব্-রিজিওনাল এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, দুর্গাপুর | ১,০০,১৮৮ |
| (১৪) | সাব্-রিজিওনাল এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, আসানসোল | ৪২,৪৬৯ |
| (১৫) | কোল ফিল্ড এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, রাণীগঞ্জ | ৬,০৩৮ |
| (১৬) | কোল ফিল্ড এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, সীতারামপুর | ৭,৫১৭ |
| (১৭) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, সিউড়ি | ১৬,৯৮৫ |
| (১৮) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেন্ট্ এক্সচেঞ্জ, বাঁকুড়া | ২১,৬৭২ |

| ক্রমিক সংখ্যা | কর্মসংস্থান কেন্দ্রের নাম | ৩০-৩-৭২ তারিখে তালিকা ভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা |
|---|---|---|
| (১৯) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, খড়গপুর | ২৫,২৪৫ |
| (২০) | প্রোজেক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, হলদিয়া | ৫২,৭৮৮ |
| (২১) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, পুরুলিয়া | ১৪,৯৯৪ |
| (২২) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, কল্যাণী | ৪৭,৯১৭ |
| (২৩) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, বহরমপুর | ২০,৭২৪ |
| (২৪) | প্রোজেক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, ফারাক্কা | ১০,৭৩৭ |
| (২৫) | সাব-রিজিওনাল এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, দার্জিলিং | ৫,৪৫৯ |
| (২৬) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, শিলিগুড়ি | ১১,৩৫৬ |
| (২৭) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, জলপাইগুড়ি | ১২,১৭৬ |
| (২৮) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, কুচবিহার | ২৫,৮৩৮ |
| (২৯) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, রায়গঞ্জ | ১২,৫৫৮ |
| (৩০) | ডিস্ট্রীক্ট্ এমপ্লয়মেণ্ট্ এক্সচেঞ্জ, মালদা | ১৬,৫৪৪ |
| (৩১) | ইউনিভার্সিটি এমপ্লয়মেণ্ট্ ইন্‌ফরমেশান এণ্ড গাইডেন্স ব্যুরো, কলিকাতা বিশ্ববিদ্যালয় | ৭৬০ |
| (৩২) | ইউনিভার্সিটি এমপ্লয়মেণ্ট্ ইনফরমেশান এণ্ড গাইডেন্স ব্যুরো, যাদবপুর বিশ্ববিদ্যালয় | ৫১৩ |
| (৩৩) | ইউনিভার্সিটি এমপ্লয়মেণ্ট্ ইনফরমেশান এণ্ড গাইডেন্স ব্যুরো, বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় | ৫৬০ |

(খ) ১৯৭২ সালের ১লা জানুয়ারী হইতে ৩১শে মে, ১৯৭২ পর্যন্ত ১১,২০০জন কর্মপ্রার্থীর চাকুরী হইয়াছে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিসংখ্যান দিলেন এবং বর্তমান এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে যে নাম দেখানো হয়েছে তার সংখ্যা নিশ্চয় ১০ লক্ষ ছাড়িয়ে গিয়েছে। এবং

মন্ত্রী মহাশয় বলেছেন যে ১৯৭২ সালের ১লা জানুয়ারী হইতে ৩১শে মে ১৯৭২ পর্য্যন্ত ১১,২০০ জন কর্মপ্রার্থীর চাকুরী হয়েছে—আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি উক্ত সময়ের মধ্যে কত চাকুরী খালি ছিল ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** বিনা নোটিশে এটার উত্তর দেওয়া সম্ভব নয়।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, পশ্চিমবঙ্গের বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান চাকরি দেবার ব্যাপারে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের তালিকার তোয়াক্কা করে না, তাদের নিজেদের মর্জি মাফিক করেন ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ১১ হাজার ২ শত লোকের যে চাকরি হয়েছে সেটা নিশ্চয় সব পাবলিক সেকটার, আণ্ডারটেকিং বা পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে হয়নি। এরমধ্যে অধিকাংশ চাকরিই হয়েছে শিল্প বা বেসরকারী কর্মসংস্থান কেন্দ্রে।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরি দেবার ব্যাপারটা বাধ্যতামূলক করার জন্য সরকার কোন আইন প্রণয়ন করবেন কিনা ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** এটা কেন্দ্রের আইন—এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এ্যাক্ট। সেই আইনের রিকোয়ারমেণ্ট হচ্ছে ভেকেন্সীস টু বি নোটিফায়েড। সুতরাং এই আইনের যেভাবে বিন্যাস করা হয়েছে এখন তাতে একটা জিনিস মনে হয় এই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলি এমপ্লয়মেণ্ট প্রোভাইড করার জন্য নয়, এমপ্লয়মেণ্ট মার্কেটে একটা ষ্টাডি করার জন্য, ষ্টাটিসটিকস গ্রহণের জন্য। যদি ভারত সরকার মনে করেন যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলিকে এমপ্লয়মেণ্ট সিকিওর করে দেবার কাজে লাগাতে হবে তাহলে নিশ্চয় তাঁরা আইনের উপযুক্ত পরিবর্তন করবেন, এ্যামেণ্ডমেণ্ট করবেন যাতে করে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে প্রত্যেক সংস্থায় লোক রিক্রুট করতে হবে ফ্রম দি লোক্যাল মার্কেট। এ পর্য্যন্ত যে আইন আছে সে আইনে কোন এমপ্লয়ারকে বাধ্যতামুলকভাবে এই নির্দেশ দেওয়া যায় না যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকেই কেবলমাত্র লোক নিতে হবে। এই আইনটা কেন্দ্রীয় সরকারের তথাপি পশ্চিমবঙ্গ সরকার সরকারীভাবে না হলেও বেসরকারীভাবে নানা রকম উপরোধ অনুরোধের মাধ্যমে অনেক মালিককে বেসরকারী ক্ষেত্রে রাজী করাতে পেরেছেন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে লোক নেওয়ার একটা রেগুলার প্রসেস অব এমপ্লয়মেণ্ট করতে। অনেক জায়গায় পশ্চিমবঙ্গ সরকারের এই অনুরোধ কার্যকরী হয়েছে। বিশেষ করে বড় বড় কোম্পানীগুলি, যেগুলি এখনও পর্য্যন্ত বিদেশী পরিচালনাধীনে আছে—ডানলপ, আই. সি. আই প্রভৃতি এগুলিতে এটা হয়েছে। দুর্গাপুরের পাবলিক সেকটার আণ্ডারটেকিংগুলি এগুলি প্রায় নিয়মিত ভাবে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যম ছাড়া বাইরে থেকে লোক নেন না। এইজন্য এ বছর এমপ্লয়মেণ্টের প্লেসমেণ্টের সংখ্যা এর মধ্যেই এনকারেজিং দেখা যাচ্ছে, ১৯৭১ সালে কিন্তু অত্যন্ত দুঃখজনক সংখ্যা ছিল।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** পশ্চিমবঙ্গের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলির কর্মতৎপরতা সম্পর্কে পশ্চিমবঙ্গের জনসাধারণের অনেক অভিযোগ এবং সন্দেহ আছে। এই পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বেকারদের চাকরি দেবার মত গুরুত্বপূর্ণ ব্যাপার কেবলমাত্র এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের অফিসারদের উপর ফেলে না রেখে প্রত্যেকটা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে জনসাধারণের পক্ষ

থেকে প্রতিনিধি নিয়ে একটা করে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এ্যাডভাইসারী কমিটি করার কথা মন্ত্রী মহাশয় ভাবছেন কিনা, ভাবলে কবে নাগাদ সেটা বাস্তবে রূপায়িত হবে ?

[2-20—2-30 p.m.]

**ডাঃ গোপালদাস নাগ ঃ** সরকার এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এ্যাডভাইসারি কমিটি নিয়োগের কথা ভাবছেন। ভাবার কথা এটা নয়, আইনানুগ ব্যবস্থা করতেই হবে। তবে এই এ্যাডভাইসারী কমিটি বলতে মাননীয় সদস্য যে কথা ভাবছেন ঠিক এই এ্যাডভাইসারী কমিটি হয়তো ঐ এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের দৈনিক কার্যের উপর সুপারভিসন নয়। এটা মোটামুটি একটি ষ্টাডি এবং ষ্টাটিসটিকসের ব্যাপার। আমরা চেষ্টা করছি ঐ স্টাডির মধ্যে এ্যাডভাইসারি কমিটিকে সুপারভিসনের পাওয়ার দেওয়া যায় কিনা সেটাকে দেখবার জন্য—দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় সদস্য দুর্নীতি ইত্যাদি ইত্যাদি সম্বন্ধে অভিযোগ করেছেন। এতো সরকারী কর্ম্মচারীদের সম্বন্ধে সরকারের সব দপ্তরেই সাধারণভাবে এই রকম অভিযোগ শোনা যায়। কিন্তু তা সত্ত্বেও এদের নিয়ে আমাদের কাজ করতে হবে। তাই আমরা চেষ্টা করছি যতটা সম্ভব এটাকে পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে কাজ করানো যায় এবং আমার মনে হয় আগে যত অভিযোগ আসতো এই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের দৈনন্দিন কার্যকলাপ সম্বন্ধে, এখন তার থেকে কিছু কমেছে এবং এক-একটি ক্ষেত্রে আমরা শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করেছি যেখানে সত্যিকারে দোষত্রুটি পাওয়া গেছে। আমরা চেষ্টা করছি শুধুমাত্র এই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের সঙ্গে সরকারী ভাবেই হোক বা বেসরকারী ভাবেই হোক কিছু জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি এম. এল. এ ট্রেড ইউনিয়ন নেতা এবং মালিক পক্ষের প্রতিনিধিদের সংযুক্ত করিয়ে দিয়ে এই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের কার্য প্রণালীগুলিকে ষ্টীম লাইন করার জন্য এবং সাধ্যমত জনসাধারণের আস্থাভাজন করার জন্য চেষ্টা করছি।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলির নাম পাঠানোর যে ব্যবস্থা আছে তার মধ্যে কোন নিয়ম আছে কিনা প্রথম প্রশ্ন এবং দ্বিতীয় হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কিনা—ধরুন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে অনেক আগে থেকে অনেকের নাম লেখা আছে, কিন্তু এমপ্লয়মেণ্ট অফিসাররা তাদের কিছু পেটুয়া ২/৪ জন লোকের নাম পাঠিয়ে দেয়, সেখানে সিনিয়রিটি মানা হয় না। তারা কেন এই ক্রমিক সংখ্যাটিকে মানে না, সে সম্বন্ধে মন্ত্রী মহাশয় কি অবগত আছেন ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** নিয়ম হচ্ছে সিনিয়রিটি বেসিসে পাঠাবেন। তবে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে যে রেকর্ড রাখা হয় সেটা মাস্টার রোল নয় এবং প্রত্যেক ইয়ারের জন্য সেপারেট রেজিষ্টার আছে। তাই যখন ওরা পাঠান ওদের একটা অপসান আছে। কোয়ালিফিকেসন এবং এজ অনুযায়ী এক লোককে এক জায়গায় পাঠান এবং সেখানে যদি তার চাকুরী না হয় তাহলে সেকেণ্ড চান্সে তাকে পাঠানো হয় না, অন্য লিষ্ট থেকে পাঠানো হয়। তবে প্রত্যেক ইয়ার থেকে কিছু কিছু পাঠাতে গিয়ে হয়ত কিছু গোলমাল হয়ে যেতে পারে। তবে যদি কোন অভিযোগ থাকে যেখানে অন্যায় করা হয়েছে, ইনজাসটিস করা হয়েছে সেখানে নিশ্চয় সংশোধন করে দেওয়া হবে। কিন্তু সাধারণভাবে নিয়ম হচ্ছে সিনিয়রিটি বেসিসে এ্যাটলিষ্ট ওয়ান চান্স প্রত্যেক রেজিষ্টার্ড ব্যক্তিকেই দেওয়া হয় এই হচ্ছে নিয়ম।

**শ্রীতুহিন কুমার সামন্ত ঃ** মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে পশ্চিমবঙ্গের কর্ম্মসংস্থান

কেন্দ্রগুলিতে কর্ম্মতৎপরতা দেখাবার জন্য অনেক সময় ফলস্ কলের মাধ্যমে ভাঁওতা দেওয়া হয় বেকার যুবকদের, এ সম্বন্ধে মন্ত্রী মহাশয় কি অবগত আছেন?

**ডাঃ গোপালদাস নাগ:** না, আমি অবগত নই। মাননীয় সদস্য আমাকে বিশেষ ঘটনা দিলে আমি নিশ্চয় অবগত হবো।

**শ্রীপ্রবোধকুমার সিংহরায়:** এই কর্ম্মসংস্থান কেন্দ্রগুলিতে সাধারণতঃ বেকার ছেলেরাই নাম রেজিষ্ট্রী করবার জন্য যায়। তার মানে আমরা ধরে নিতে পারি যে তাদের আর্থিক সামর্থ্য নেই। কিন্তু জেলায় একটিমাত্র কর্ম্মসংস্থান কেন্দ্র আছে। গ্রামাঞ্চলে বহু ছেলে আছে যাদের কোন আর্থিক সামর্থ্য নেই, কারন তাদের কোন রোজগার নেই, বেকার ছেলে এবং তার জন্য তারা ওখানে গিয়ে নাম রেজিষ্ট্রী করাতে পারছে না। সাধারণ ঘরের ছেলেরা যাতে তাদের নাম রেজিষ্ট্রী করাতে পারে সেজন্য মহকুমা ভিত্তিক এই কর্ম্মসংস্থান কেন্দ্র খোলার পরিকল্পনা মন্ত্রী মহাশয়ের আছে কিনা সেটা জানাবেন?

**ডাঃ গোপালদাস নাগ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা আগেই এই হাউসে ঘোষণা করেছি। আমি আবার মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, এটা ঠিক নয় যে পশ্চিমবাংলার সর্বত্রই জেলাওয়ারি একটি কেন্দ্র আছে। যেখানে চাকুরির বাজার ভাল অর্থাৎ ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়াগুলিতে প্রচুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে, বাকি জায়গায় হয়ত জেলাওয়ারী একটি করে আছে। আমি বাজেট বিতর্কের সময় বলেছি যে আগামী সময়ে আমরা প্রত্যেক মহকুমা সহরে একটি করে দেবো করবো যাতে করে এই অসুবিধা না থাকে। দ্বিতীয় কথা হচ্ছে রেজিষ্ট্রেশন করবার জন্য একবারই ঐ কেন্দ্রে যেতে হয়, আর পোষ্ট অফিসের মাধ্যমে অল্প পয়সায় রিনিউ করা যেতে পারে। প্রত্যেক মহকুমা সহরে একটি করে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ প্রতিষ্ঠা করার জন্য আমরা সাধ্যমত চেষ্টা করছি। কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কেন্দ্র প্রতিষ্ঠা করার পিছনে দীর্ঘ যে আইন সেটার মর্ম্মকথা আমি আগেই বলেছি।

একটা এক্সপেকটেশন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করার সঙ্গে সঙ্গে মনে আসে কর্ম্মহীন ব্যক্তির, সেই এক্সপেকটেশন কোন দিন পুরণ হবে না, আজ পর্যন্ত যে আইন ব্যবস্থা আছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ যদি এমপ্লয়ারদের মধ্যে সেই ব্যবস্থা চালু থাকে। আমরা যে এক্সপেকটেশন তাদের মনে জাগাচ্ছি বাড়ীর কাছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নিয়ে গিয়ে তাকে নাম রেজিষ্ট্রি করতে উদ্বুদ্ধ করে, সেই এক্সপেকটেশন যদি পরিপুরণের ব্যবস্থা সরকারী ভাবে না করতে পারি, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সংখ্যা বাড়িয়ে একটা শুধু হতাশা সৃষ্টি করা হবে। সেই জন্য আমরা সাইমালটেনাসলি চাইছি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে মোটামুটিভাবে বাধ্যতামূলকভাবে না হলেও নীতিগত ভাবে, আইনগত ভাবে যাতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে এমপ্লয়মেন্ট দেন, সেই রকম একটা ব্যবস্থা করে নিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ব্রাঞ্চ বাড়ানো আরো ভাল হবে বলে মনে করি।

**শ্রীপঙ্কজ ব্যানার্জী:** অন্যান্য প্রদেশ থেকে লোক এখানে এসে চাকরি পেয়ে যাচ্ছে, সেই হিসাবে কি ডোমিসাইল্ড সার্টিফিকেট না থাকলে কেউ কোন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রী করাতে পারবে না, ডোমিসাইল্ড সার্টিফিকেট বলতে অন্ততঃ ১০ বছর কোন প্রদেশে আছে, এই রকম কোন তথ্য না থাকলে নাম রেজিষ্ট্রীভুক্ত করা হবে না, এ সম্বন্ধে সরকার কি কিছু চিন্তা করছেন?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** এটাই বর্ত্তমান প্রসিডিয়োর যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রীভুক্ত করতে গেলে হয় রেশন কার্ড, না হয় চেয়ারম্যান, কমিশনার, এম. এল এ ইত্যাদিদের একটা সার্টিফিকেট ইন সাপোর্ট অব রেসিডেন্সিয়াল কোয়ালিফিকেসন নিয়ে যেতে হয়। মাননীয় নির্বাচিত সদস্যরা যদি বিধান সভার সদস্য হন বা মিউনিসিপ্যালিটি সদস্য হন, তাঁরা যদি বশাসলি স্ক্রুটিনি করে সার্টিফিকেট দেন তাহলে যে অসুবিধার কথা মাননীয় সদস্য বলেছেন সেটা দূর হবে।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে বাই পোস্ট কার্ড রিনিউ করা যায়, কিন্তু আমাদের কাছে এই রকম হাজার হাজার উদাহরণ আছে যে ইচ্ছা করে কার্ডগুলো ল্যাপ্‌স করিয়ে দেওয়া হয়েছে। ছেলেরা চারদিন আগে কার্ড ফেলেছে কিন্তু ১০ দিন বাদে তাদের জানানো হল যে তোমাদের কার্ড ল্যাপস হয়ে গেছে, ডিউ টাইমে না পাওয়ার জন্য। এই কার্ডগুলো রিনিউ করার বিষয় মন্ত্রী মহাশয় চিন্তা করেছেন কি ?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করবো এই রকম কেসগুলো সরাসরিভাবে মিনিষ্টার অব ষ্টেট-এর কাছে পাঠিয়ে দিলে তিনি নিশ্চয়ই উপযুক্ত ব্যবস্থা নেবেন যাতে রিনিউ হয়, কারণ তিনি এই বিভাগটা দেখেন।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে যে ভুতুড়ে কাণ্ড চলে, পাঁচ নং কাউন্সিল হাউস ষ্ট্রীট, তা এনকোয়ারী করবার জন্য তিন চার জন এম. এল. এ. নিয়ে একটা কমিটি করে দেবেন কি না, যাতে ঐ ভুতুড়ে কাণ্ড উদ্‌ঘাটিত হয় ?

(No reply)

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মন্ত্রী মহাশয় কিছুক্ষণ আগে বললেন যে বিভিন্ন এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে ডোমিসাইল্ড সার্টিফিকেট এম. এল. এ, কমিশনার ইত্যাদির কাছ থেকে নিয়েই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রিভুক্ত করা হয়। আমি যতদূর জানি এই ষ্টেটমেণ্টটা হয়তো অসত্য ভাষণ হয়েছে। দুর্গাপুর এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে আমি একদা নাম রেজিষ্ট্রীভুক্ত করেছিলাম, সেখানে কিন্তু নাম রেজিষ্ট্রিভুক্ত করতে গিয়ে শুধুমাত্র কোন একজন বিধান সভার সদস্যের পরিচিতি পত্র নিয়ে গেলেই রেজিষ্ট্রীভুক্ত করা যায়. কোন ডোমিসাইল্ড সার্টিফিকেটের প্রয়োজন হয় না। বর্তমানে দুর্গাপুরের এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে রেশন কার্ড না থাকা সত্ত্বেও হাজার হাজার ছেলের নাম রেজিষ্ট্রীভুক্ত করা হচ্ছে এবং তারা ৪০ থেকে ৫০ পার্সেণ্ট পশ্চিমবঙ্গের বাসিন্দা নন। আমি মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য এটা জানালাম, তিনি অবিলম্বে যে অভিযোগ বিধানসভায় এসেছে, পশ্চিমবঙ্গের বাইরের বাসিন্দা যারা তারা আজকে ওখানে পশ্চিমবাংলার বর্তমান অর্থনৈতিক অবস্থার সুযোগ নিয়ে নাম রেজিষ্ট্রীভুক্ত করে পশ্চিমবঙ্গে সুযোগ নিতে চাইছে। আমরা চাইছি সরকার এই বিষয়ে সচেতন হোন এবং এই বিষয়ে কি ব্যবস্থা করেছেন মন্ত্রী মহাশয় আমাদের জানান।

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ভাষণ অসত্য প্রমাণ করতে গিয়েই নিজেই প্রমাণ করেছেন যে আমার উক্তিটা সত্য। তিনি বলেছেন কোন বিশেষ এম. এল.এ. পরিচিতি পত্র নিয়ে গেলেই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রীভুক্ত করা হয়, আমিও ঠিক সেই কথা বলেছিলাম যে এম. এল, এ. কমিশনার, চেয়ারম্যান, এম. পি. বা কোন বিশিষ্ট নাগরিকের সার্টিফিকেট না নিয়ে গেলে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রীভুক্ত করা হয় না। এবং আজও

যদি পশ্চিমবঙ্গের বাইরের লোক বা যার দুর্গাপুরে নাম আইনগত ভাবে রেজিস্ট্রীভুক্ত হওয়া উচিত নয়, এমন কোন লোকের নাম রেজিস্ট্রি হয়ে থাকে তাহলে আমার দৃঢ় বিশ্বাস ঐ চ্যানেলেই সেটা হয়েছে, মাননীয় সদস্য ঐ জায়গার নির্বাচিত সদস্য, দুর্গাপুর এক্সচেঞ্জে নিজে যেতে পারেন এবং ঐ জেলার নেতা, যিনি রাষ্ট্রমন্ত্রী তাঁকে যদি বলেন, তিনি ভার নিতে পারেন। কিন্তু আমার নিজের বিশ্বাস যে বিনা সার্টিফিকেটে কোন রেজিস্ট্রেশন হচ্ছে না এবং সেই সার্টিফিকেট আমাদের মত নির্বাচিত প্রতিনিধিরা দিচ্ছেন। সুতরাং আমরা যদি নিজেরা কশাস হয়ে এই সার্টিফিকেট দিই তাহলে ঐ আন-অথরাইজড রেজিস্ট্রেশন কমে যেতে বাধ্য।

[2-30—2-40 p.m.]

এই বিভাগের রাষ্ট্রমন্ত্রী তাকে আপনি বিশেষ ঘটনা দিন, তিনি অনুসন্ধান করে দেখবেন। কিন্তু আমার বিশ্বাস বিনা সার্টিফিকেটে কোন রেজিস্ট্রেশন হচ্ছে না। আমরা নির্বাচিত প্রতিনিধিরা যখন সেই সার্টিফিকেট দিচ্ছি তখন আমরা যদি নিজেরা কসাস হয়ে স্ক্রুটিনি করে সারটিফিকেট দিই তাহলে ঐ ইল্লিগাল (আন-অথরাইজড) রেজিস্ট্রেশনের সংখ্যা কমে যেতে বাধ্য।

(Several Members stood up simultaneously and tried to speak.)

**Mr. Speaker :** Honourable Members, I am on my legs, please take your seat. I have already allowed more than 15 minutes on this particular question Since the Members are very eager to know facts, I have not restricted it to five minutes. I have allowed more than 15 minutes. But now I sha'l allow only four Members to put supplementaries, i. e., Shri Jyotirmoy Mojumdar, Shri Sudhirchandra Bera, Shri George Albert Wilson-De Roze, and Shri Abdul Bari Biswas. Not more than four supplementaries will be allowed and after that we will pass on to the next item.

**শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এখানে আমাদের জানালেন যে মোটামুটিভাবে সরকার ঠিক করেছে যারা এই রাজ্যে ১০ বছর বসবাস করছে তাদের স্থানীয় বাসিন্দা হিসাবে ধরে নেওয়া হবে এবং যদি আমরা সার্টিফাই করি তাহলে তাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রী করতে দেওয়া হবে, কিন্তু আমি বলছি যারা এখানে ১০ বছর বাস করেনি অথচ সার্টিফিকেট নিয়ে নিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রী করছে—১০ বছর বসবাস করার প্রয়োজন হয় না আমাদের একটা সারটিফিকেট নিয়ে গিয়ে নাম রেজিস্ট্রী করছে বা রেশন কার্ড নিয়ে গিয়ে করছে। এতে পশ্চিমবাংলার বেকার সমস্যা আরও বেড়ে যাচ্ছে, এই জন্য সরকার কি করছেন?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** মাননীয় সদস্য বিধান সভায় কি বলা হয় ঠিকমত শোনেন না। আমি আগে কখনই বলিনি পশ্চিমবাংলা সরকার সিদ্ধান্ত নিয়েছেন ১০ বছরের বাসিন্দাদের ব্যাপারে। আমি বলেছি এইটা ঐ কমিটি তারা ইউনানিমাসলী রেকমেণ্ড করেছিলেন যারা ১০ বছর পশ্চিমবাংলায় বাস করছেন তাদের লোকাল পিপল বলে রেকগনাইস করা হোক। সরকার আজও পর্যন্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্ট্রেশন-এর ব্যাপারে কোন সিদ্ধান্ত নেন নি। এমপ্লয়মেন্ট

এক্সচেঞ্জ এ্যাক্ট অনুযায়ী তারা যেভাবে রেজিষ্ট্রেশন করে আসছেন আজকেও সেই ভাবে রেজিষ্টেশন। এই সম্পর্কে সরকার কোন নতুন সিদ্ধান্ত নেন নি, সরকারের নতুন সিদ্ধান্ত হলে নিশ্চয়ই আমরা সেই অনুসারে কার্য্যকলাপ পরিচালনা করব।

**শ্রীসুধীরচন্দ্র বেরা :** এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ-এর ৫নং কাউন্সিল হাউস ষ্ট্রীটে যে অফিস আছে সেখানে এমন জিনিস হয় যে সেটা তদন্ত করবার জন্য আমাদের এম এল. এ. দের নিয়ে কিম্বা একটা জুডিসিয়াল এনকোয়ারী করতে রাজি আছেন কিনা, কেন না সেখানে ৫ বছর ধরে নাম লিখিয়ে রাখা সত্বেও ইনটারভিউ পায় না, আবার একদিনের মধ্যে ইণ্টারভিউ পেয়েছে।

**ডাঃ গোপালদাস নাগ ঃ** হাউসের সকলেই যদি এক মত হন তাহলে কাউন্সিল হাউস ষ্ট্রীটের কার্য্যকলাপ সম্পর্কে অনুসন্ধান এর ব্যবস্থা সেই মত আমি গ্রহণ করব এবং অনুসন্ধানের জন্য আমি হাউসের সদস্যদের নিয়ে কমিটি করতে প্রস্তুত আছি।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করবার ব্যাপারে যদি রেশান কার্ড বা এম. এল্. এ. কিম্বা অঞ্চল পঞ্চায়েতের রেসিডেনসিয়াল সার্টিফিকেট নিয়ে যাওয়া হয় তাহলে রেজিষ্ট্রী হবে এবং এই সঙ্গে এই কথা বলেছেন যে ডোমিসাইল্ড হতে হবে। আমার প্রশ্ন হচ্ছে যে আমরা যদি রেসিডেনসিয়াল সার্টিফিকেট দিই তবে সেটা কি ডোমিসাইল্ড সার্টিফিকেট বলে গৃহিত হবে? রেসিডেনসিয়াল সার্টিফিকেট আর ডোমিসাইল সার্টিফিকেট এক জিনিষ নয়। ডোমিসাইল সার্টিফিকেটের জন্য আলাদা বিধান আছে এবং সেটা আমরা কি করতে পারব?

**ডাঃ গোপালদাস নাগ ঃ** ডোমিসাইল সার্টিফিকেটের কথা বলিনি। রেসিডেনসিয়াল সার্টিফিকেটেই এখনও পর্য্যন্ত এনরোলমেণ্ট হচ্ছে। যদি ডোমিসাইল্ডের ভিত্তিতে সরকার এনরোলমেণ্ট চালু করেন তাহলে সেটা নিশ্চয় হবে। এখন যা আছে তাতে এক বছরের অধিককাল থাকার রেসিডেনসিয়াল সার্টিফিকেট থাকলেই সেটা হবে।

**শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** আমি অঞ্চল প্রধানের সার্টিফিকেট থাকলেই যদি রেজিষ্ট্রী করেন তাহলে তো যে-কোন লোক যে-কোন সময় একটা সার্টিফিকেট দিলেই নাম রেজিষ্ট্রী হয়ে যাবে।

**Mr. Speaker** : That procedure is being followed at present and no domicile certificate is required.

**Shri George Albert Wilson De-Roze :** Will the hon'ble Minister kindly tell us as to the mobility of these Employment Exchanges. ? If information is received in, say, Durgapur Employment Exchange, from local employers there as to employment, is that information is made available to the Employment Exchanges in other districts ? I mean, do the boys registered at Kharagpur Employment Exchange, get information regarding vacancies in Durgapur Employment Exchange ? Do the Employment Exchanges pass on information

to other Employment Exchanges in West Bengal or not. The employers give information to one centre but are people registered in other centres entitled to apply for the same job ?

**Dr. Gopaldas Nag** : The normal procedure is that, the Employment Exchanges concerned where vacancies are notified and wherefrom the requisitions are made usually try to submit the number of candidates required by the employer from their own registered lists. If they find it difficult to get persons with adequate and suitable qualifications as required by the employer in their lists, then they seek help from the other Employment Exchanges by sending the requisition to the adjacent Employment Exchanges or to the Calcutta Council House Street Employment Exchange. Sometimes Employment Exchanges wherefrom requisitions are made may also advise the employer that persons of such and such qualifications and experience are not available here, you may contact such and such Employment Exchange. This is the usual procedure but ordinarily the Employment Exchanges concerned try to submit the names from their own panel of registered unemployed youth. They seldom go beyond their registers unless they find that such persons are not available there.

## Starred Questions

(to which written answers were laid on the table )

## মীরার সরকারী গুদামের ষ্টোরিং এজেন্ট

*৩৪১। ( অনুমোদিত প্রশ্ন নং *৬৯৭। ) **শ্রীশিবশংকর বন্দ্যোপাধ্যায়ঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় মীরার সরকারী গুদামের স্টোরিং এজেন্ট কত বৎসর ধরিয়া আছেন এবং এতদিন থাকা সরকারী আইনসম্মত কি না ; এবং

(খ) ঐ স্টোরিং এজেন্টের স্বনামে বা বেনামে কোন হোলসেলারশিপ লাইসেন্স আছে কিনা, এবং থাকিলে, তাহা আইনসম্মত কি না ?

**The Minister for Food and Supplies Department :**

(ক) নদীয়া জেলার মীরা ( পলাশী ) সরকারী গুদামের ষ্টোরিং এজেন্টের নাম শ্রীরামগোপাল আগরওয়ালা। তিনি সরকারী গুদামটি ভাড়া লইয়া পূর্বে পশ্চিমবঙ্গ সরকারের অধীনে ষ্টোরিং এজেন্ট ছিলেন। বিগত ১২।১২।৬৬ তারিখ হইতে ফুড কর্পোরেশন সরকারের সংগ্রহ ও বণ্টন সংক্রান্ত কার্য্যভার গ্রহণ করার পর হইতে শ্রীআগরওয়ালা ফুড কর্পোরেশনের সহিত নূতন এক চুক্তি বলে ওখানেই ষ্টোরিং এজেন্ট হিসাবে কাজ করিয়া যাইতেছেন। এই চুক্তির কোন নির্দিষ্ট মেয়াদ নাই। তবে যে-কোন পক্ষই যথোপযুক্ত নোটিশ দিয়া চুক্তির অবসান ঘটাইতে পারেন।

(খ) যতদুর খবর পাওয়া গিয়াছে, শ্রীরামগোপাল আগরওয়ালার স্বনামে বা বেনামে ঐ এলাকায় কোনও হোলসেলারশিপ লাইসেন্স নাই। তবে তাঁহার ভ্রাতা শ্রীবদ্রীদাস আগরওয়ালা দেবগ্রামে লাইসেন্স লইয়া ব্যবসা করিতেছেন।

প্রত্যেক ষ্টোরিং এজেন্টকে চাল মজুত রাখিতে হয় বলিয়া "সরকারী এজেন্ট" হিসাবে একটি লাইসেন্স লইতে হয়। আইনগত বাধা না থাকিলেও কোন এক ব্যক্তিকে একই জায়গায় এই ধরণের বড় ব্যবসায় দুইটি লাইসেন্স দেওয়া হয় না এবং একজন ষ্টোরিং এজেন্টকে একই এলাকায় হোলসেলারশিপ (এম আর ডিষ্ট্রিবিউটারশিপ) দেওয়ার উপর সরকারী নিষেধাজ্ঞা আছে। কেন না সরকারের মূল নীতি হইল কেহই যেন কোন প্রকারের একচেটিয়া অধিকার খাদ্যশস্যের ব্যবসায়ে না পায়।

## মুড়ির ধান আমদানীর জন্য লাইসেন্স প্রাপ্ত সমবায় সমিতি

*৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬০।) শ্রীরামকৃষ্ণ বর: খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ চব্বিশপরগনার বিষ্ণুপুর থানায় কতগুলি সমবায় সমিতিকে মুড়ির ধান্য আমদানী করিবার লাইসেন্স দেওয়া হইয়াছে, এবং

(খ) উক্ত সমিতিগুলির কাহাকে কত পরিমাণ ধান্য আমদানী করিবার লাইসেন্স দেওয়া হইয়াছে?

**The Minister for Food and Supplies Department :**

(ক) উনিশটি সমবায় সমিতিকে কর্ডনিংভুক্ত সুন্দরবন এলাকা হইতে মুড়ির ধান্য আমদানী করিবার লাইসেন্স দেওয়া হইয়াছে।

(খ) সমিতিগুলির সাপ্তাহিক ধান্য আমদানীর অনুমোদিত পরিমাণ এইরূপ :—

| সমিতির নাম | ধান্যের পরিমাণ |
|---|---|
| (১) বিষ্ণুপুর সমবায় এ্যাগ্রিকালচার মারকেটিং সোসাইটি লি: | ১৫০ কুইন্টাল। |
| (২) বড়গগন গোহালিয়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি: | ১৫০ ,, |
| (৩) কল্যানগর বিষ্ণুপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি: | ১৫০ ,, |
| (৪) চন্দনদহ সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি: | ১৫০ ,, |
| (৫) জয়চণ্ডী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি: | ১৫০ ,, |

| সমিতির নাম | ধান্যের পরিমাণ |
|---|---|
| (৬) চণ্ডী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ কুইন্টাল |
| (৭) আমতলা কৃপারামপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |
| (৮) উদয়রামপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |
| (৯) মৌখালি সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |
| (১০) কেওরাডাঙ্গা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |
| (১১) শ্যামলী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |
| (১২) গোবিন্দপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |
| (১৩) গোন্তলাহাট সমবায় মুড়ি ভাজুনি সোসাইটি লিঃ | ১৫০ ,, |
| (১৪) গন্ধবাদুলি সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |
| (১৫) গঙ্গারামপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |
| (১৬) ২৪-পরগণা হোলসেল ফুড প্রোডিউসারস সোসাইটি | ১৫০ ,, |
| (১৭) বিষ্ণুপুর থানা মুড়ি প্রস্তুতকারী সমবায় ইণ্ডাষ্ট্রিয়াল সোসাইটি লিঃ | ১৫০ ,, |
| (১৮) কংগনবেরিয়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ৯০ ,, |
| (১৯) ঘোড়াহাট মুকুন্দপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিঃ | ১৫০ ,, |

## পশ্চিমবঙ্গে চাল ও গমের বাৎসরিক প্রয়োজনীয়তা

*৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৪।) **শ্রীনরেশচন্দ্র চাকী**: খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে প্রতি বৎসর কি পরিমাণ চাল ও গম প্রয়োজন হয় ;

(খ) পশ্চিমবাংলায় কি পরিমাণ চাল ও গম উৎপন্ন হয়,

(গ) এই দুইয়ের মধ্যে কোন ঘাটতি আছে কিনা, এবং

(ঘ) থাকিলে, এই ঘাটতি অংশ পূরণের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Food and Supplies Department :**

(ক) পশ্চিমবাংলায় তণ্ডুলজাতীয় খাদ্যের প্রয়োজন ছিল ১৯৭০ সালে ৭২·০২ লক্ষ টন এবং ১৯৭১ সালে ৭৩·৫৮ লক্ষ টন, ১৯৭২ সালে প্রয়োজন হইবে ৭৫·৭৯ লক্ষ টন।

(খ) Bureau of Applied Economics and Statistics এর Sample Survey অনুযায়ী পশ্চিম বাংলায় তণ্ডুল জাতীয় খাদ্যের উৎপাদন হয় ১৯৭০ সালে ৫৭·৮৩ লক্ষ টন ও ১৯৭১ সালে ৫৭·৩৭ লক্ষ টন; ১৯৭২ সালে মোটামুটি হিসাবে উৎপাদন হইবে আনুমানিক ৫৫·৫৩ লক্ষ টন। বীজ ও অপচয় ইত্যাদি বাবদ যে ১০ শতাংশ ধরা হয়, তাহা বাদ দিলে উৎপাদনের নীট পরিমাণ দাড়াইবে যথাক্রমে ৫২·০৫, ৫১·৩৬ ও ৪৯·৯৮ লক্ষ টন। এর মধ্যে চালের নীট উৎপাদন হইল যথাক্রমে ৪৯·৬৯, ৪৮·৪৩ ও ৪৫·৯৪ লক্ষ টন এবং গমের যথাক্রমে ১·৩০, ২·১২ ও ৩·০৬ লক্ষ টন। বাকী অংশ অন্যান্য তণ্ডুল জাতীয় খাদ্য।

(গ) ঘাটতি যথেষ্ট আছে। ঘাটতির পরিমাণ ১৯৭০ সালে ১৯·৯৭ লক্ষ টন, ১৯৭১ সালে ২২·২২ লক্ষ টন ও ১৯৭২ সালে আনুমানিক ২৫·৮১ লক্ষ টন।

(ঘ) ঘাটতি পূরণের জন্য প্রয়োজনীয় চাল ও গম কেন্দ্রীয় সরকার সরবরাহ করিয়া থাকেন; অন্যান্য রাজ্য হইতেও খোলা বাজারে চাল বাদে অন্যান্য তণ্ডুল জাতীয় খাদ্য ব্যবসায়িক সূত্রে আসার কোন বাধা নাই এবং আসিয়াও থাকে।

## সহরতলী এলাকায় দুগ্ধ সরবরাহ

*৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪১।) ডঃ ভূপেন বিজলী : পশুপালন এবং পশু চিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হরিণঘাটায় সরকারী ডেয়ারী প্রতিষ্ঠিত হবার পর কলিকাতায় ঐ ডেয়ারী কর্তৃক দুগ্ধ সরবরাহ ছাড়া শহরতলী এলাকায় নিয়মিত দুগ্ধ সরবরাহের অধিক কোন ব্যবস্থা না থাকায় শহরতলী এলাকায় জনসাধারণের বিশেষ অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, দক্ষিণ চব্বিশপরগণায় সরকারী ডেয়ারী স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা, এবং থাকিলে, কোথায় স্থাপন করা হইবে ?

**The Minister for Animal Husbandry and Veterinary (Dairy Development) Department :**

(ক) হ্যাঁ, অবগত আছেন। কারণস্বরূপ বলা যাইতে পারে যে হরিণঘাটা ও বেলগাছিয়া

ডেয়ারী দুইটির উৎপাদন ক্ষমতা সীমিত হওয়ায়, অধিক এলাকায় দুগ্ধ সরবরাহ ব্যবস্থা সম্প্রসারিত করা যায় নাই। তবে, এই সরকার কার্য্যভার গ্রহণ করার পর কয়েকটি ক্ষেত্রে সহরতলীতে দুগ্ধ সরবরাহ আরম্ভ করিয়াছেন, উদাহরণ স্বরূপ দক্ষিণ ২৪-পরগণার সন্তোষপুর, গড়িয়া এবং পশ্চিম পুটিয়ারী।

(খ) দক্ষিণ ২৪-পরগণায় আপাততঃ কোন সরকারী ডেয়ারী স্থাপনের পরিকল্পনা নাই সুতরাং স্থাপনের স্থান নির্বাচনের কোন প্রশ্ন উঠে না। তবে দুগ্ধ সরবরাহ ব্যবস্থা সমগ্র বৃহত্তর কলিকাতায় সম্প্রসারিত করিতে বেলগাছিয়া ডেয়ারীর উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা হইতেছে এবং হুগলী জেলার ডানকুনীতে আর একটা ডেয়ারী স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। এই প্রকল্পগুলি সম্পন্ন হইলে বৃহত্তর কলিকাতা বর্তমানে প্রত্যহ ১,৫২,০০০ লিটার হইতে ৭,৫০,০০০ লিটার বৃদ্ধি করা যাইবে। সেই অবস্থায় সরকারী দুগ্ধ সরবরাহ ব্যবস্থা দক্ষিণ ২৪-পরগণার বারুইপুর পর্য্যন্ত সম্প্রসারিত করা সম্ভবপর হইবে।

## অঞ্চলভিত্তিক রেশন দোকান

*৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৭।) **শ্রীফণীভূষণ সিংহবাবু**ঃ খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অঞ্চলভিত্তিক কয়টি রেশন দোকান অনুমোদন দেওয়া হয়,

(খ) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে অঞ্চলভিত্তিক রেশন দোকান অনুমোদন পাইতে ডিলারদের বহুক্ষেত্রে হয়রানি হইতে হয়; এবং

(গ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Food and Supplies Department :**

(ক) বিধিবদ্ধ রেশনিং এলাকায় অঞ্চল ভিত্তিক রেশন দোকান দেওয়া হয় না।

সংশোধিত রেশনিং এলাকায় অঞ্চল ভিত্তিক কয়টি রেশন দোকান দেওয়া হইবে এ বিষয়ে সরকারী নির্দেশ নাই। রেশন দোকানের সংখ্যা নির্ভর করে অঞ্চলের বিস্তৃতির উপর। প্রত্যেক মৌজায় অন্ততঃ একটি করিয়া রেশন দোকান খোলার সরকারী নির্দেশ আছে।

(খ) যেহেতু অঞ্চলভিত্তিক রেশন দোকান দেওয়া হয় না—তাই এই প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## বস্ত্র শিল্প প্রতিষ্ঠান

*৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯১।) **শ্রীনিতাইপদ সরকার**ঃ বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ হইতে যে পর্যন্ত কত শিল্প বন্ধ হইয়াছে,

(খ) উক্ত সময়ের মধ্যে লে-অফের কতগুলি ঘটনা ঘটিয়াছে ; এবং

(গ) উক্ত সময়ের মধ্যে কারখানা বন্ধ ও লে-অফের জন্য কতজন শ্রমিক বেকার হইয়াছেন ?

**The Minister for Labour (Closed and Sick) Department :**

(ক) ৩৭টী।

(খ) ৫৯।

(গ) বন্ধের ফলে ১,৫৭৪ জন

লে অফের ফলে ৩৩,২৭৯ জন

৩৪,৮৫৩ জন

## কর্মচারী রাজ্যবীমা কর্পোরেশন

*৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৯।) **শ্রীমতী ইলা রায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, "কর্মচারী রাজ্যবীমা কর্পোরেশন" বিভিন্ন হাসপাতালে টাকা না দেওয়ায় বীমাভুক্ত কর্মচারীদেব চিকিৎসা বন্ধ হয়ে আছে ;

(খ) অবগত থাকিলে. টাকা না দেওয়ার কারণ কি ; এবং

(গ) বিভিন্ন হাসপাতালের বকেয়া টাকার পরিমাণ কত ?

**The Minister for Labour Department :**

(ক) ইহা ঠিক নয় যে বীমাভুক্ত কর্মচারীদের চিকিৎসা বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

(খ) দুইটি হাসপাতালের—চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতাল এবং সরকারপুল মানসিক চিকিৎসালয়ের বিলগুলি পরীক্ষাধীন রহিয়াছে।

(গ) বকেয়া টাকার পরিমাণ—

(১) চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতাল—১,০৮,২৭৪টা. ৬৫প.

(২) সরকারপুল মানসিক হাসপাতাল—৯৭,১৩০ টাকা।

## রাজ্য কর্ম্মচারী বীমা কর্পোরেশনের ঔষধের দোকান

*৩৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১১১০।) **শ্রীমতী ইলা রায়ঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে রাজ্য কর্মচারী বীমা কর্পোরেশনের ঔষধের দোকানগুলিতে প্রয়োজনীয় ঔষধ প্রায়ই পাওয়া যায় না ;

(খ) অবগত থাকিলে, ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন ; এবং

(গ) সরকার কি রাজ্য বীমা ব্যবস্থা প্রত্যাহারের কোন পরিকল্পনা করিয়াছেন ?

**The Minister for Labour Department :**

(ক) এইরূপ অভিযোগ মাঝে মাঝে পাওয়া যায়।

(খ) বিভিন্ন এলাকায় সরকারী পরিচালনাধীন রাজ্যবীমা ঔষধালয় খোলা হইয়াছে।

(গ) না।

## বাটা সু কোম্পানীর সেল্‌স অফিস

*৩৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯২) **শ্রীশিশিরকুমার ঘোষঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাটা সু কোম্পানী ৬এ, এস, এন, ব্যানার্জী রোড, কলিকাতায় অবস্থিত তাহাদের সেলস্‌ অফিস বিকেন্দ্রীকরণের নামে পশ্চিমবঙ্গের বাহিরে উহা স্থানান্তরিত করার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) অবগত থাকিলে, পশ্চিমবঙ্গের বেকার সমস্যার কথা বিবেচনা করিয়া সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Labour Department :**

(ক) এরূপ কোন সংবাদ সরকারের জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## সংরক্ষিত বনাঞ্চল

*৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩৮) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্‌ কোন্‌ স্থানে রিজার্ভড ফরেষ্ট আছে ;

(খ) উক্ত ফরেস্টে কোন্‌ কোন্‌ জন্তু আছে ;

(গ) উক্ত জন্তুদের রক্ষণাবেক্ষণের কি কি ব্যবস্থা আছে ;

(ঘ) ইহা কি সত্য যে, সুন্দরবনের "দি রয়াল বেঙ্গল টাইগার" ও গণ্ডারের গণনা করা হইয়াছে ;

(ঙ) সত্য হইলে, উক্ত বাঘ ও গণ্ডারের সংখ্যা কত, এবং

(চ) উক্ত বাঘ ও গণ্ডার বিদেশের কোন চিড়িয়াখানায় পাঠানো হইয়াছে কিনা এবং হইলে, কয়টি ও কোথায় কোথায় ?

**The Minister for Forest Department :**

(ক) পশ্চিমবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগণা, হুগলী, বর্দ্ধমান, বীরভূম এবং পুরুলিয়া জেলায় রিজার্ভ ফরেস্ট আছে।

(খ) উত্তর বঙ্গের উক্ত ফরেষ্টে বিভিন্ন প্রকার জন্তুর মধ্যে উল্লেখযোগ্য গণ্ডার হস্তী, ব্যাঘ্র, ভল্লুক, নউর, শূকর ও হরিণ এবং বিভিন্ন জাতীয় পক্ষী এবং ২৪-পরগণা জেলার সুন্দরবনে জন্তুর মধ্যে উল্লেখযোগ্য ব্যাঘ্র, শূকর ও হরিণ এবং বিভিন্ন জাতীয় পক্ষী ও কুমীর আছে।

(গ) বন্যশূকর, ভল্লুক, মাংসাশী পশু এবং কুমীর বাদে সমস্ত প্রকার জন্তু (পক্ষী সমেত) হত্যা ও ধরা নিষিদ্ধ আছে। ইহা ছাড়া ১৯৭০ সনের সেপ্টেম্বর মাস হইতে ঘোষিত নরখাদক ব্যতীত ব্যাঘ্র ও চিতা বাঘ হত্যা আপাততঃ ৫ বৎসরের জন্য নিষিদ্ধ হইয়াছে।

এতদ্‌ভিন্ন দার্জিলিং জেলায় ২টি ও জলপাইগুড়ি জেলায় ৩ অভয়ারণ্য এবং ২৪-পরগণা জেলায় ১টি মৃগদাব ও সুন্দরবনে ৩টি অভয়ারণ্য ও নদীয়া এবং বীরভূম জেলায় ১টি করিয়া মৃগদাব আছে।

(ঘ) সুন্দরবনে দি রয়্যাল বেঙ্গল টাইগার গণনা করা হইয়াছে। এখানে গণ্ডার নাই।

(ঙ) সুন্দরবনের বাঘ গণনার ফলাফল এখন সংকলন করা হইতেছে।

(চ) না।

## Unstarred Questions

(to which written answers were laid on the table)

## রানাঘাট মহকুমা স্বাস্থ্যকেন্দ্র

১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭) **শ্রীনিতাইপদ সরকার ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার নদীয়া জেলায় রাণাঘাটে মহকুমা স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের প্রকল্প গ্রহণ করিয়াছেন ;

(খ) সত্য হইলে, উহা নির্মাণের জন্য সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ; এবং

(গ) কবে নাগাদ উহার নির্মাণ কার্য সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) গৃহাদি নির্মাণের কাজ প্রায় শেষ হয়ে এসেছে।

(গ) ১৯৭২-৭৩ সালের মধ্যেই নির্মাণ কার্য শেষ হবে বলে আশা করা যায়।

## দ্বিতীয় হুগলী সেতু

১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৮২) **শ্রীনিতাইপদ সরকার**ঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দ্বিতীয় হুগলী সেতুর নির্মাণ প্রকল্পের কিছু রদবদল করা হইয়াছে, এবং

(খ) সত্য হইলে, প্রকল্পের কিরূপ রদবদল করা হইয়াছে?

**The Minister for Development and Planning :**

(ক) প্রকল্পের মৌলিক কোন পরিবর্তন করা হয় নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

## পাঞ্চেত ড্যাম

১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫১) **শ্রীশরৎচন্দ্র দাস**ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, (১) পাঞ্চেত ড্যামে জল আটক রাখার জন্য নদীর লেভেল হইতে মাত্র ৪২৫ ফুট উচ্চতা পর্যন্ত জমি সরকার অধিগ্রহণ করিয়াছেন, (২) বর্ধমানের বন্যাপ্রতিরোধের জন্য পাঞ্চেত ড্যামে জল আটক করার ফলে ৪৩৫ ফুট অর্থাৎ অধিকৃত জমি হইতে ১০ ফুট উঁচুতে জনসাধারণের জমি ডুবিয়া যায়, যার ফলে প্রত্যেক বৎসর স্থানীয় চাষিগণ ক্ষতিগ্রস্ত হন;

(খ) অবগত থাকিলে, সরকার স্থানীয় চাষীদের জন্য কি ব্যবস্থা করিয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, ঐ এলাকায় গত ১৯৬৮, ১৯৬৯ ও ১৯৭১ সালের অধিকৃত জমির বিশেষতঃ চেলিয়ামা ব্লকের নিম্নলিখিত ক্ষতিগ্রস্ত গ্রামগুলির অধিবাসীদের ক্ষতিপূরণ আজও পর্যন্ত দেওয়া হয় নাই—যথা (১) ইছর, (২) কারগালী, (৩) শ্বেত-পলাশ, (৪) তুলসীবাড়ী, (৫) লালপুর, (৬) গুরুডি, (৭) তেলকুপি, (৮) মালগড়া, (৯) ঘুটতোড়া, (১০) জামুয়াডি, (১১) চাঁনদড়া, (১২) খড়িকাবাইদ, (১৩) লখিয়াড়া, (১৪) পাথুরিয়াডাঙ্গা; এবং

(ঘ) সত্য হইলে, ইহার কারণ কি এবং সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) (১) ডি ভি সি পাঞ্চেত জলাধারে ই এল ৪২৫ পর্যন্ত সমস্ত জমি অধিগ্রহণ করিয়াছে এবং ই এল ৪৩৫ পর্যন্ত শুধু বাড়িঘর অধিগ্রহণ করিয়াছে, কিন্তু জমি অধিগ্রহণ করে নাই।

(ক) (২) ইহা সত্য যে, অববাহিকা অঞ্চলে প্রবল বর্ষণের ফলে পাঞ্চেত জলাধারে জলের সীমা অধিকৃত জমির সীমা অর্থাৎ ই এল ৪২৫ অতিক্রম করে। কিন্তু প্রতি বৎসর এই সীমা অধিকৃত সীমা হইতে ১০ ফুট উঁচুতে উঠে না। বস্তুতঃপক্ষে ১৯৫৯ সালে জলাধারে জলরাশি ই এল ৪৩৬ পর্যন্ত, ১৯৬১ সালে ই এল ৪৩২.৩, ১৯৬৮ সালে ই এল ৪২৯.৭৪, ১৯৭০ সালে ই এল ৪৩৩.২৩ এবং ১৯৭১ সালে ই এল ৪৩১.৪৪ পর্যন্ত উঠেছিল।

(খ) অধিকৃত জমির সীমা ছাড়িয়ে জলরাশি উঠার ফলে ফসলের ক্ষতি হইলে, ডি ভি সি ক্ষতিগ্রস্ত চাষীদের ফসলের ক্ষতিপূরণ দিয়ে থাকে।

(গ) ও (ঘ) ইহা ঠিক নহে। প্রকৃত অবস্থা এই যে, ১৯৬৮ সালে মালুগুড়া (মালগড়া নহে) ও পাথুরিয়াডাঙ্গা গ্রাম ছাড়া উল্লিখিত সমস্ত ক্ষতিগ্রস্ত গ্রামগুলির অধিবাসীদের ফসলের ক্ষতিপূরণ ডি ভি সি দিয়াছে। ডি ভি সি কর্তৃপক্ষ ও রাজ্যসরকারের অফিসারদের যুগ্ম অনুসন্ধানে প্রকাশ যে, উক্ত গ্রাম দুইটির ফসল ১৯৬৮ সালে ক্ষতি হয় নাই। ১৯৬৯ সালে ফসলের কোনও ক্ষতি হয় নাই, কারণ জলাধারের জলরাশি অধিকৃত জমির সীমা অর্থাৎ ই এল ৪২৫ অতিক্রম করে নাই। সুতরাং ক্ষতিপূরণের প্রশ্ন উঠে না। ১৯৭০ সালের ক্ষতিপূরণ প্রদান আগামী ২২শে জুলাই থেকে শুরু হইবে। ১৯৭১ সালের ক্ষতিপূরণের রিপোর্ট তৈরি হইতেছে এবং উহা এই বৎসরের আগস্ট মাসের মধ্যেই প্রস্তুত হইবে। অতঃপর ক্ষতিপূরণ দেওয়া হইবে।

## খরা এলাকায় পানীয় জল

১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৯) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্য (পল্লী জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় খরা পরিস্থিতি মোকাবিলা করিতে পানীয় জল সমস্যার স্থায়ী সমাধানের কাজে সরকার কিরূপ অগ্রসর হইয়াছেন ?

**The Minister for Health (Rural Water Supply) :**

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার খরাপরিস্থিতির মোকাবিলা করিতে প্রতি ব্লকে অন্ততঃ ৩৫টি করিয়া নলকূপ/কূপ স্থাপন বা পুনঃস্থাপনের ব্যবস্থা করা হইয়াছে। এই বাবদ ১১,৪৪৫টি, নলকূপ/কূপের জন্য মোট ২,২৮,৭৫,০০০ টাকা বরাদ্দ করা হইয়াছে।

স্থায়ী সমাধানের জন্য পরিকল্পনা ভারত সরকারের বিবেচনাধীন।

## বাঁকুড়া জেলায় প্যাটেল ব্লক

১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৬) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার গৌরীপুর লিপ্রোসি কলোনী প্যাটেল ব্লক নির্মাণের জন্য সর্দার বল্লভভাই প্যাটেল স্মৃতি তহবিল হইতে কি পরিমাণ অর্থ দেওয়া হইয়াছিল ;

(খ) প্যাটেল ব্লক নির্মাণ কবে সম্পূর্ণ হইয়াছে ;

(গ) প্যাটেল ব্লক কি কি উদ্দেশ্য সাধনকল্পে নির্মিত হইয়াছে ; এবং

(ঘ) বর্তমানে ঐ ব্লকটি কিভাবে ব্যবহৃত হইতেছে ?

**The Minister for Health :**

(ক) ১ লক্ষ ৭৫ হাজার টাকা।

(খ) ১৯৬০ সাল নাগাদ।

(গ) কুষ্ঠ রোগীদের থাকার জন্য এবং পৃথক অপারেশন রুম হিসাবে ব্যবহারের জন্য।

(ঘ) কয়েকটি রুম ল্যাবরেটরি, স্টোরস এবং ফিজিওথেরাপি সেকশন হিসেবে ব্যবহৃত হচ্ছে।

## লেপ্রোসি কলোনীতে শয্যাসংখ্যা

১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৯) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গৌরীপুর লেপ্রোসি কলোনীতে বর্তমানে শয্যাসংখ্যা কত ;

(খ) কতজন রোগী বর্তমানে ঐ চিকিৎসালয়ে ভর্তি আছেন ;

(গ) ঐ চিকিৎসালয়ের আউটডোর-এ গড়ে প্রতিদিন কতজন রোগী চিকিৎসিত হন ,

(ঘ) ঐ সংস্থা ছাড়া বাঁকুড়া জেলায় আর ঐরূপ কোনও সংস্থা আছে কিনা ;

(ঙ) থাকিলে, কোথায় এবং তাহার বর্তমান অবস্থা কিরূপ ; এবং

(চ) গৌরীপুর হাসপাতালে নেগেটিভ রোগীর সংখ্যা কত এবং তাঁহাদের পুনর্বাসনের কি ব্যবস্থা লওয়া হইয়াছে ?

**The Minister for Health :**

(ক) ৫৩০।

(খ) ৫০৪ জন (৫-৭-৭২ তারিখে)।

(গ) ২৬০ জন।

(ঘ) ও (ঙ) গৌরীপুর কুষ্ঠ কলোনী ছাড়া বাঁকুড়ায় ব্রাইয়ন্স লেপ্রোসি হোম অ্যাণ্ড হসপিটাল নামক একটি প্রতিষ্ঠান আছে। পুরুলিয়ার লেপ্রোসি মিশন ইহার পরিচালনা করেন। মিশন কর্তৃপক্ষ ইহা চালাতে ইচ্ছুক নন।

(চ) বর্তমানে ৪৫ জন নেগেটিভ রোগী আছে। পিয়ারডোবা রিফিউজী ক্যাম্পে এবং মেটালডোবা লেপ্রোসি আফটার কেয়ার সোসাইটিতে এদের পুনর্বাসনের পরিকল্পনা পরীক্ষাধীন আছে।

## বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে টেলিফোন

১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫১১) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালের সহিত উক্ত হাসপাতালের ষ্টুডেন্টস হোস্টেল, হাউস-স্টাফ কোয়ার্টারস এবং নার্সেস কোয়ার্টারস-এর সহিত টেলিফোনের যোগাযোগ ব্যবস্থা না থাকায় বিশেষ অসুবিধা হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Health** :

(ক) হ্যাঁ, ছাত্রাবাস, হাউসস্টাফ কোয়ার্টার্স এবং নার্সদের কোয়ার্টারসে টেলিফোন যোগাযোগ ব্যবস্থা নাই।

(খ) এই বিষয়ে হাসপাতাল সুপারিনটেণ্ডেণ্ট একটি প্রস্তাব দিয়েছেন। প্রস্তাবটি সরকারের পরীক্ষাধীন আছে।

## গৌরীপুর কুষ্ঠ কলোনী

১৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৮) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গৌরীপুর কুষ্ঠ কলোনীতে কতজন সমাজসেবক আছেন ; এবং

(খ) উহাদের কি ধরণের কাজ করিতে হয় ?

**The Minister for Health** :

(ক) তিন জন।

(খ) এঁরা অন্তর্বিভাগের এবং বহির্বিভাগের রোগীদের সামাজিক সমস্যাবলীর তদারক করেন। অফিসের রেকর্ড'স সংরক্ষণেও এঁরা সহায়তা করেন।

## বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে সেড নির্মাণ

১৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৭) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালের আউটডোর বিভাগে চিকিৎসার জন্য সুদূর পল্লী অঞ্চল হইতে বহু গ্রামবাসী ঐ হাসপাতালে আসেন;

(খ) অবগত থাকিলে উক্ত হাসপাতাল প্রাঙ্গণে ঐসকল গ্রামবাসীদের বিশ্রাম ও প্রয়োজন বোধে অবস্থানের জন্য সেড (আচ্ছাদন)-এর ব্যবস্থা আছে কিনা, এবং

(গ) সেড-এর ব্যবস্থা না থাকিলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) বিশ্রামাগার ও প্রয়োজনবোধে রাত্রে থাকার জন্য একটি ডর্মিটারি নির্মাণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## ভূমিহীন কৃষককে জমি বিলি

১৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭১) **শ্রীনিতাইপদ সরকার:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মে মাস পর্যন্ত মোট কতজন ভূমিহীন কৃষককে মোট কত একর জমি বন্টন করা হইয়াছে;

(খ) ঐ সময়ে বাস্তুভিটার জন্য কতজন ক্ষেতমজুরকে জমি প্রদান করা হইয়াছে, এবং

(গ) সমস্ত ভূমিহীন ক্ষেতমজুরকে বসতভিটা প্রদানের পরিকল্পনা সরকারের আছে কি?

**The Minister for Land Utilisation and Reforms :**

(ক) ভূমি সংস্কার আইনের ৪৯ নং ধারানুযায়ী ভূমিহীন কৃষক ছাড়াও স্বল্প জমির (এক হেক্টরের কম) মালিকগণকেও সরকারে ন্যস্ত জমি বিলি করা হয়। মোট কতজন শুধুমাত্র ভূমিহীন কৃষককে জমি বিলি করা হইয়াছে তাহার কোন আলাদা হিসাব সরকারের কাছে নাই। গত মে মাস পর্যন্ত মোট প্রায় ৩,৬৫,০০০ একর জমি বিলি করা হইয়াছে।

(খ) বাস্তুভিটার জন্য ক্ষেতমজুর ছাড়াও ভূমিহীন কৃষক এবং গৃহহীন স্বল্পজমির মালিককেও মোট প্রায় ৫,০০০ একর জমি বিলি করা হইয়াছে। এক্ষেত্রেও শুধুমাত্র ক্ষেত-মজুরদের কত জমি বিলি করা হইয়াছে তাহার কোন আলাদা হিসাব নাই।

(গ) গ্রামাঞ্চলে ভূমিহীন ক্ষেতমজুর, কৃষক ও স্বল্পজমির মালিকদের বসতবাটীর জন্য জমি দেওয়ার সিদ্ধান্ত আছে।

## জে এল আর ও অফিস

১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮০২) **শ্রীশঙ্করদাস পাল**ঃ ভূমির সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে জে এল আর ও অফিসগুলিতে কর্মরত তহশীলদারের মোট সংখ্যা কত;

(খ) ইঁহাদের দিয়া ভূমিরাজস্ব আদায় করা ব্যতীত আরও কি কি ধরনের কাজ করানো হয়;

(গ) ইঁহারা কোন্ পর্য্যায়ভুক্ত সরকারী কর্মচারীর আওতায় পড়েন,

(ঘ) ইঁহাদের নিয়মিত সরকারী কর্মচারী বলিয়া গণ্য করিবার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঙ) থাকিলে, কতদিনের মধ্যে তাহা কার্যকরী করা হইবে?

**The Minister for Land Utilisation and Reforms:**

(ক) ৫,৬৮৮।

(খ) কোন কোন জেলায় জলকর আদায়ের ভারও এই তহশীলদারগণের উপর দেওয়া হইয়াছে। ইহা ছাড়া, অতিরিক্ত পারিশ্রমিক দিয়া তাঁহাদিগকে ভূমিরেকর্ড সংশোধন এবং কৃষিগণনার কাজেও নিয়োগ করা হইতেছে।

(গ) ইঁহারা খণ্ডকালিক সরকারী কর্মচারী।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন ওঠে না।

## ফিসারী এক্সটেনশন অফিসার

১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৫) **শ্রীরূপসিং মাঝি**ঃ মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া জেলার বরাবাজার ব্লকে বহুদিন যাবত ফিসারী এক্সটেনশন্ অফিসার না থাকায় ঐ ব্লকের সমস্ত মৎস্য বিভাগের কাজকর্ম অচল অবস্থায় পৌঁছিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত পদে কর্মচারী নিয়োগের ব্যাপারে সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Fisheries :**

(ক) পুরুলিয়া জেলার বরাবাজার ব্লকে গত ৩১-১-১৯৭০ হইতে ফিসারি এক্সটেনশন অফিসার নাই। কিন্তু ঐ ব্লকের মৎস্য বিভাগের সমস্ত কাজকর্ম অচল অবস্থায় পৌঁছিয়াছে বলিয়া সরকারের কাছে কোন খবর নাই। পার্শ্ববর্তী বান্দোয়ান ব্লকের ফিসারী এক্সটেনশন অফিসার উক্ত ব্লকেরও মৎস্য বিভাগীয় কাজকর্ম দেখাশোনা করিতেছেন।

(খ) ফিসারী এক্সটেনশন অফিসারের শূন্যপদগুলিতে লোক নিয়োগের জন্য একটি প্যানেল প্রস্তুত করা হইয়াছিল। কিন্তু বর্তমানে সরকার স্থির করিয়াছেন যে, ঐ প্যানেল বাতিল করিয়া দেওয়া হইবে এবং ছাটাই শিবির কর্মচারী এবং লোকগণনার কর্মচারীদের মধ্য হইতে ঐ সকল শূন্যপদে লোক নিয়োগ করা হইবে। ঐসকল ছাটাই কর্মচারীদের মধ্য হইতে উপযুক্ত প্রার্থী বাছাই করিয়া নিয়োগ করিতে কিছু সময় লাগিবে।

## পাইলট স্কীম

১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮১) **শ্রীদাশরথি সরেন :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার নয়াগ্রাম থানার উন্নয়ন কাজের জন্য একটি পাইলট স্কীম প্রস্তুত হইয়াছে ;

(খ) সত্য হইলে, এই স্কীমে মোট কত টাকা ব্যয়বরাদ্দ ধরা হইয়াছে : এবং

(গ) কবে নাগাত ইহার কাজ আরম্ভ হইবে ?

**The Minister for Development and Planning :**

(ক) হ্যাঁ। নয়াগ্রাম ব্লকে একটি পাইলট গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প চালু করার জন্য সমীক্ষা আরম্ভ করা হইয়াছে।

(খ) কেন্দ্রীয় সরকার ইহার জন্য ১০ লক্ষ টাকার বরাদ্দ করিয়াছেন।

(গ) নভেম্বর মাস হইতে কাজ আরম্ভ হইবার কথা আছে।

## কান্দী ব্লকে রুরাল ইলেকট্রিফিকেশন

১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬১) **শ্রীআদ্যাচরণ দত্ত ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলাতে কান্দী ব্লকে কোন রুরাল ইলেকট্রিফিকেশন স্কীম গ্রহণ করা হইয়াছে কিনা ;

(খ) হইয়া থাকিলে, উক্ত স্কীম অনুযায়ী কোন্ কোন্ গ্রামে বৈদ্যুতীকরণ করা হইবে ; এবং

(গ) কবে নাগাদ উহার কাজ আরম্ভ হইবে ?

**The Minister for Power :**

(ক) হ্যাঁ, একটি স্কীম গ্রহণ করা হইয়াছে।

(খ) নিম্নোক্ত গ্রামগুলিতে বৈদ্যুতীকরণ করা হইবে—

| গ্রামের নাম | | জে, এল, নং |
|---|---|---|
| (১) বোলতালি | ... | ৬২ |
| (২) জামুনা | ... | ২১ |
| (৩) মহালন্দী | ... | ২০ |
| (৪) মোতারা | ... | ৩৬ |

(গ) ইতিমধ্যেই কাজ আরম্ভ হইয়া গিয়াছে।

## ফায়ার ব্রিগেড স্টেশন

১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৪) শ্রীমধুসূদন রায়ঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেখলীগঞ্জ শহরে ফায়ার ব্রিগেড ষ্টেশনটি অদ্যাবধি চালু না হইবার কারণ কি ; এবং

(খ) কবে নাগাদ ঐ ফায়ার ব্রিগেড ষ্টেশনটি চালু হইবার সম্ভাবনা ?

**The Minister of State-in-charge of the Municipal Services :**

(ক) উপযুক্ত ভাড়া বাড়ি না পাওয়াই মেখলীগঞ্জে ফায়ার ষ্টেশন চালু না হওয়ার কারণ।

(খ) শীঘ্রই ঐ ফায়ার ষ্টেশনটি চালু হইবার সম্ভাবনা আছে, কারণ ঐ শহরে একটি উপযুক্ত ভাড়া বাড়ি পাওয়া গিয়াছে এবং ভাড়া-সংক্রান্ত শর্তাদি প্রায় স্থির হইয়াছে।

## পশু হাসপাতাল

১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৩) শ্রীমধুসূদন রায়ঃ পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেখলীগঞ্জ শহরে পশু হাসপাতাল স্থাপন করিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে তাহা সংস্থাপিত হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services :**

(ক) হ্যাঁ, আছে।

(খ) যাহাতে শীঘ্র হাসপাতালটি স্থাপন করা যায়, তাহার চেষ্টা করা হইতেছে।

## Panchayat Staff

199. (Admitted question No. 1146.) **Shri Ajit Kumar Basu :** W the Minister-in-charge of the Panchayats Department be pleased to state—

(a) the steps the Government is contemplating to take for improveme of the working conditions of the Chowkidars, Dafadars a Panchayat Secretaries ;

(b) whether there is any proposal to increase their emoluments , and

(c) if the answer to (b) be in the affirmative—

(i) proposed pay, and

(ii) the date of implementation of the proposed revised scales of pa

**The Minister of State-in-charge of the Panchayats :** (a) The Governme do not contemplate to take steps for improvement of the working conditions the Chowkidars, Dafadars and Panchayat Secretaries till the proposed W Bengal Panchayat Bill is passed into Act.

(b) No.

(c) Does not arise.

## বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে শিক্ষক

২০০। (অনুমোদিত প্রশ্ন নং ৫১০) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহা জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের বিভিন্ন বিভ শিক্ষক না থাকায় ঐ কলেজে এক জটিল অবস্থার সৃষ্টি হইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে,

(১) ঐ কলেজের কোন বিভাগের কয়জন শিক্ষকের পদ কতদিন যাবত শূন্য আছে ;

(২) শিক্ষক না থাকার কারণ কি ; এবং

(৩) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**The Minister for Health :**

(ক) কিছুকাল পূর্ব পর্যন্ত শিক্ষকের স্বল্পতা হেতু এই কলেজের অবস্থা কতকটা জটিল ছিল। ইতিমধ্যে কয়েকজন শিক্ষক উক্ত কলেজে যোগ দেওয়ায় অবস্থার অনেকাংশে উন্নতি হয়েছে।

(খ) (১) খালি পদের বিবরণী নীচে দেওয়া হল :—

| বিভাগের নাম | শূন্যপদের সংখ্যা | কতদিন যাবত শূন্য |
|---|---|---|
| এ্যানাস্থেসিয়োলজি ... ... | ১টি | দীর্ঘকাল যাবত। |
| কেমিষ্ট্রি ও বায়োকেমিষ্ট্রি ... ... | ১টি | ১৯৭০ সালের নভেম্বর মাস হইতে। |
| ডেন্টিষ্ট্রি ... ... ... | ১টি | দীর্ঘকাল যাবত। |
| ভেনারিয়েলজি ও সেক্সুয়াল ডিজ্অর্ডার ... | ১টি | ১৯৭০ সালের অক্টোবর হইতে। |

(২) এবং (৩) বিভাগ অনুযায়ী শিক্ষকের স্বল্পতার কারণ এবং পরিকল্পিত ব্যবস্থা নিম্নে বর্ণিত হইল :—

এ্যানাস্থেসিয়োলজি - হেল্থ সার্ভিস এ্যানাস্থেটিষ্টের সামগ্রিক স্বল্পতার জন্য এই পদ খালি আছে। কলিকাতায়ও অনেক এ্যানাস্থেটিষ্টের পদ খালি আছে।

পাবলিক সার্ভিস কমিশনকে ৪০ জন এ্যানাস্থেটিষ্ট মনোনয়ন করার জন্য অনুরোধ করা হইয়াছে। উক্ত এ্যানাস্থেটিষ্ট পাওয়া যাইলে শূন্যপদ পূরণ করা হইবে।

কেমিষ্ট্রি ও বায়ো-কেমিষ্ট্রি—এই বিভাগে দুই জন শিক্ষকের পদ আছে। কিন্তু কলিকাতা মেডিক্যাল কলেজ ও নীলরতন সরকার মেডিক্যাল কলেজের উক্ত বিভাগে একটি করিয়া পদ আছে। মেডিক্যাল কলেজের শিক্ষক অবসর গ্রহণ করায় বাঁকুড়া হইতে একজনকে তথায় বদলি করা হয়। সব কলেজের পদগুলির একই রিক্রুটমেণ্ট রুল্‌স করিবার প্রশ্ন বিবেচনাধীন থাকায় এই পদ পূরণ করা সম্ভব হয় নাই। রিক্রুটমেণ্ট রুল্‌স প্রণয়ন সম্পন্ন হইলেই পদগুলি পুনরায় বিজ্ঞাপিত হইবে।

ডেন্টিষ্ট্রি—পরপর কয়েকবার পদগুলি বিজ্ঞাপিত হওয়া সত্ত্বেও কোন উপযুক্ত প্রার্থী না পাওয়ায় পদগুলি পূরণ করা সম্ভব হয় নাই। ইতিমধ্যে ডেণ্টাল কাউন্সিল অফ ইণ্ডিয়ার সুপারিশ অনুযায়ী এই পদগুলির রিক্রুটমেণ্ট রুলস পরিবর্তন করা হইতেছে। একই কারণে কলিকাতার কলেজগুলির অনুরূপ কয়েকটি খালি পদ পূরণ

করা সম্ভব হয় নাই। রিক্রুটমেণ্ট রুল্‌স সম্পন্ন হইলেই পদগুলি আবার বিজ্ঞাপিত হইবে।

ভেনারিয়োলজি ও সেক্সুয়াল ডিজ্‌অর্ডার—কলিকাতা হইতে একজন শিক্ষককে ১৯৭০ সালের ডিসেম্বর মাসে উক্ত পদে বদলি করা হয়। ঐ শিক্ষক তাহার বদলির আদেশের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করিয়াছেন। সেই মামলার এখনও নিষ্পত্তি হয় নাই।

## বাঁকুড়া জেলায় পানীয় জল

২০১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪২) **শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য (রুরাল ওয়াটার সাপ্লাই) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন্ কোন্ থানায় এবং কোন্ কোন্ গ্রামে পানীয় জলসরবরাহের কি ব্যবস্থা আছে ; এবং

(খ) পানীয় জল সরবরাহের জন্য এ বৎসর কোন বেসরকারী সংস্থাকে অংশগ্রহণ করানো হয়েছে কিনা ও হইয়া থাকিলে, সংস্থার নাম কি ?

**The Minister for Health (Rural Water Supply) :**

(ক) ব্লক ভিত্তিক বিবরণী নিম্নে উপস্থাপিত করা হইল। গ্রাম ভিত্তিক বিবরণী দেওয়া যাচ্ছে না।

(খ) এই বৎসর হতে গ্রামীণ জলসরবরাহের দায়িত্ব জেলা শাসক ও ব্লক ডেভেলপমেণ্ট অফিসারের উপর ন্যস্ত হয়েছে। বেসরকারী সংস্থা হিসাবে 'কাশী বিশ্বনাথ সেবা সমিতি'-কে উক্ত জলসরবরাহ পরিকল্পনায় সাহায্য করবার জন্য নিয়োজিত করা হয়েছিল।

*Statement referred to in reply to clause* (Ka) *of unstarred question No. 201*

### DISTRICT BANKURA

| Serial No. | Name of block | | No. of running tubewell | No. of running well | Remarks |
|---|---|---|---|---|---|
| 1 | Bankura I | ... ... | Nil | 130 | Non-tubewell area. |
| 2 | Bankura II | ... ... | 23 | 155 | |
| 3 | Raipur I | ... ... | 14 | 170 | |

| Serial No. | Name of block | No. of running tubewell | No. of running well | Remarks |
|---|---|---|---|---|
| 4 | Raipur II ... ... | 15 | 185 | |
| 5 | Simlapal ... ... | 20 | 170 | |
| 6 | Taldangra ... ... | 3 | 151 | |
| 7 | Khatra I | Nil | 120 | Non-tubewell area. |
| 8 | Khatra II ... ... | Nil | 112 | |
| 9 | Onda ... ... | 40 | 367 | |
| 10 | Ranibandh ... ... | Nil | 173 | |
| 11 | Barjora ... ... | 24 | 207 | |
| 12 | Mejhia ... ... | 3 | 139 | |
| 13 | Gangajalghati ... ... | Nil | 214 | Non-tubewell area. |
| 14 | Saltora ... ... | Nil | 210 | |
| 15 | Chatna ... ... | Nil | 293 | |
| 16 | Indpur ... ... | Nil | 181 | |
| 17 | Bishnupur ... ... | 103 | 148 | |
| 18 | Sonamukhi ... ... | 158 | 157 | |
| 19 | Patrasayar ... ... | 135 | 121 | |
| 20 | Indus ... ... | 280 | 63 | |
| 21 | Kotulpur ... ... | 172 | 129 | |
| 22 | Joypur ... ... | 66 | 155 | |

## বেতন বাদে মন্ত্রীদের অন্যান্য খরচ

২০২। (অনুমোদিত প্রশ্ন নং ৫০১) **শ্রীআবদুল বারি বিশ্বাস**ঃ অর্থ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বেতন বাদে বর্তমানে মন্ত্রিসভার কোন্ কোন্ মন্ত্রীর জন্য কি কি বাবদ মার্চ হইতে জুন, ১৯৭২ পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে ?

**The Minister for Finance :**

সম্ভবতঃ মাননীয় সভ্য মহোদয় মার্চ ১৯৭২ হইতে জুন ১৯৭২ পর্যন্ত মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী ও উপমন্ত্রী মহোদয়ের বেতন বাদে হাউস অ্যালাউন্স, সামচুয়ারি অ্যালাউন্স, মোটরকার অ্যালাউন্স ও ডেইলি অ্যালাউন্স বাবদ যাহা খরচ হইয়াছে তাহার তথ্য চাহিয়াছেন। ইহার একটি বিশদ বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

## খরা এলাকায় ফসলহানি

২০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৪) **শ্রীনিতাইপদ সরকার**ঃ কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত খরায় পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত টাকা মূল্যের ফসল হানি ঘটিয়াছে, এবং

(খ) সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

**The Minister for Agriculture :**

(ক) এতৎসংক্রান্ত বিবরণী (বিবরণী নং ১) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) পশ্চিমবঙ্গের বিভিন্ন খরাকবলিত জেলাসমূহের খরা দুর্গত চাষীদের মধ্যে বিতরণের জন্য পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ হইতে ১ কোটি ৮৫ লক্ষ টাকা সার ক্রয় ঋণ, ১৮ লক্ষ টাকা বলদ ক্রয় ঋণ, ২৫ লক্ষ টাকা অগভীর নলকূপ খননের জন্য ঋণ এবং ত্রাণ বিভাগ হইতে ৫৭ লক্ষ ৫৪ হাজার টাকা কৃষি ঋণ ইতিমধ্যেই মঞ্জুর করা হইয়াছে এবং জেলা কর্তৃপক্ষগণ ঐ সকল ঋণ নিয়মানুগভাবে বিলি করিতেছেন।

এতৎসংক্রান্ত জেলাওয়ারী বিবরণী (বিবরণী নং ২) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## New Bus Route Permits

**204.** (Admitted question No. 1147.) **Shri Abdul Bari Biswas:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the R.T.A., Calcutta, has issued any new bus route permit to the private persons for Calcutta during the period from February, 1972 to 30th June, 1972 ; and

(b) if so, the names and addresses of the persons who have been granted such permits by the R.T.A , Calcutta, during the last 5 months ?

**The Minister for Home (Transport) :** (a) Yes, the R.T.A., Calcutta, has issued 68 new bus permits during this period out of a total of 307 offer letters issued in this regard.

(b) A list containing the names and addresses of the persons who have been granted permits has been laid on the Library Table.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker** : I have received two notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Situation prevailing in drought hit villages in West Bengal—from Shri Md. Dedar Baksh

(2) Serious situation in Malda and West Dinajpur districts as a sequel to drought—from Shri Sukumar Bandyopadhyay.

I have selected the notice of Shri Sukumar Bandyopadhyay on the subject of serious situation in Malda and West Dinajpur districts as a sequel to drought.

The Hon'ble Minister in charge may please make a statement on the subject to-day, if possible, or give a date.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, on the 31st.

### Mention Cases

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংস্কৃতে একটা কথা আছে, 'হসন্নপি নৃপ হন্তি:' অর্থাৎ রাজা হাসতে হাসতে বধ করেন। পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তর এবং পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আজকে Calcutta Glass and Silicate Works কর্মীরা যে অবস্থার মধ্যে দাঁড় করিয়েছেন তা সেইভাবে সেটা করেছেন বলতে পারা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সাল থেকে এই কারখানা বন্ধ, শ্রমিকের সংখ্যা ছ'শোর মতো। বাজার অত্যন্ত ভালো ছিল। ক্যালকাটা কেমিক্যাল, পি. কে. সেন এ্যাণ্ড কোং, সাধনা ঔষধালয়, ঢাকা ঔষধালয় বিভিন্ন জায়গা থেকে এর অর্ডার আসতো। এটা বন্ধ হয় ১৯৭১ সালে এবং সেই সময় থেকে শ্রমিকরা লেবার কমিশনারকে জানিয়েছেন, শ্রম মন্ত্রীকে চারটি চিঠি দিয়েছেন, মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন, টেকনিক্যাল ম্যানেজার, আই, আর, সি-কে চিঠি দিয়েছেন। কিন্তু কোন পক্ষ থেকেই কোন সাহায্য আসে নি।

[2-40—2-50 p.m.]

এই দুর্গত শ্রমিকরা নিজেদের রক্ষা করার জন্য পশ্চিমবঙ্গে সর্বপ্রথম নিজেরা একটা নজির সৃষ্টি করেছেন। শ্রমিকরা নিজেরা যখন দেখছেন যে, কোন দিক থেকে কোন সাহায্য আসছে না, তাঁরা তখন নানান দিক থেকে ২০ হাজার টাকা ঋণ সংগ্রহ করে এই কারখানা চালাচ্ছেন। বর্তমানে এখানে ১৮০ জন শ্রমিক কাজ পেয়েছেন এবং বেতন হিসাবে তাঁরা ৩০/৩৫ টাকা নিচ্ছেন। মালিক এখানে কোন টাকা invest করেননি। শুধু permission দিয়েছেন। শ্রমিকদের অবস্থা এমন যে এখানে ৩ জন মারা গেছেন এবং তাঁদের পরিবারের ৮/৯টি শিশু বিনা চিকিৎসায় ও খাদ্যের অভাবে মারা গেছে। এই যে ৬০০ জন শ্রমিক রয়েছেন এঁদের রক্ষা করার দায়িত্ব সরকারের নেওয়া উচিত। কিন্তু এই Calcutta Glass and Silicate Works-এর কর্মচারীরা একটা নূতন দৃষ্টান্ত স্থাপন করেছেন। এঁদের সম্বন্ধে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করার জন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীললিত গায়েন:** স্যার, আমি একটা জরুরী বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দুঃখের বিষয় কৃষ্ণা গ্লাস নিয়ে আমরা শুধু Assemblyতেই বলে যাচ্ছি, কিন্তু আজ পর্যন্ত তার দরজা খোলার কোন ব্যবস্থা দেখছি না। দীর্ঘ ১৮ মাস হল এখানে অচল অবস্থা চলছে। সেখানকার ১৭ জন শ্রমিক মৃত্যুমুখে পতিত হয়েছে। তাদের সংসারের কি অবস্থা সেটা যদি মন্ত্রিমহাশয় এবং বিধান সভার সভ্যরা দেখেন তাহলে আশ্চর্য হবেন। আমরা যদি বেশ কয়েক দিন ক্ষুধার্ত থাকি তাহলে আমরা বুঝতে পারি এর জ্বালা কি। সেজন্য আর কোন উপায় না দেখে আগামী ২রা আগস্ট আমি, পঙ্কজ এবং এক্রামুল হক এই বিধান সভায় অনশন করব। আমরা এ নিয়ে অনেক বলেছি, কিন্তু কিছুই হচ্ছে না। আমি শ্রম মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই এ সম্বন্ধে তিনি কি ব্যবস্থা করছেন? Mention-এর উপর কোনকিছু বলে তাঁর উপর নির্ভর করা যায় না উভয়ের। আজ আশা করব তিনি Krishna Glass সম্বন্ধে কোন কিছু আশ্বাস দিন যাতে আমরা তাদের কাছে গিয়ে কিছু বলতে পারি। শেষে অনুরোধ করবো যে আপনি এদের জন্য কিছু করুন।

(Several Members stood up simultaneously; noise and interruptions.)

**মিঃ স্পিকার:** Hon'ble Members, please take your seat. The Hon'ble Minister is on his legs now.

**শ্রীপ্রদীপ ভট্টাচার্য্য:** স্যার, Krishna Glass Factory সম্পর্কে আমাদের কাছে এর আগে কয়েকবার যাঁরা আজকে এই সভায় মন্তব্য করছেন তাঁরা এসেছিলেন। সমস্ত জিনিসটা সরকার বিবেচনা করছেন, তবুও এই House-এর সদস্যদের উদ্বেগের জন্য আগামী ২রা August আপনাদের কাছে একটা বিস্তৃত বিবরণ রাখব।

**শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী:** স্যার, সমস্যা সমাধানের দিক এটা নয়। সরকার খোলার কি ব্যবস্থা করবেন সেটাই আমাদের কাছে বড় প্রশ্ন।

**শ্রীএক্রামুল হক বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে আমাদের মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে। আজকে পশ্চিম দিনাজপুর, মালদহের খরা জনিত পরিস্থিতির কথা উল্লেখ করা হয়েছে, তার পার্শ্ববর্তী

মুর্শিদাবাদ জেলাতেও অনুরূপ খরা পরিস্থিতি চলছে। সেখানে মজুরদের কোন কাজ নেই, চাষীরা আকাশের দিকে চেয়ে বসে আছে। সামান্ত যে বৃষ্টি হয়েছিল তাতে আউস ধান এবং পাট লাগিয়েছিল কিন্তু সেগুলি শুকিয়ে যাচ্ছে। চারিদিকে হাহাকার উঠেছে। আমরা যখন কনষ্টিটিউয়েন্সিতে যাচ্ছি তখন আমাদের চারি দিক থেকে ঘিরে ধরছে। সেজন্য আমি মুখ্যমন্ত্রী এবং ত্রাণ মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি মালদহ ও পশ্চিম দিনাজপুর জেলার সঙ্গে সঙ্গে মুর্শিদাবাদ জেলাকেও যেন খরাজনিত জেলা বলে ঘোষণা করা হয়।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের, মন্ত্রী মণ্ডলীর সদস্যদের এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয় যদিও অনুপস্থিত তথাপি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে দিনের পর দিন নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে চলেছে, যেমন চাল, ডাল, সরষের তেল, চিনি কাপড়-চোপড় ইত্যাদি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ভাল করে জানেন, বন্যায় এবং খরায় পশ্চিমবঙ্গের বিশেষ করে গ্রাম বাংলার লোক অত্যন্ত ক্ষতিগ্রস্ত, তাদের অর্থনৈতিক কাঠামো সম্পূর্ণ ভেংগে গেছে। মাননীয় খাদ্যমন্ত্রীমহাশয় নিজেই একদিন এই সভায় স্বীকার করেছেন যে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা তাদের বাইরে চলে গেছে। আমি এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমহম্মদ ইদরিস আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত বছর অর্থাৎ ১৩৭৮ সালে মুর্শিদাবাদ বানে বিধ্বস্ত হয়ে যায় এবং বর্তমান বছরে মুর্শিদাবাদ জেলা খরাক্লিষ্ট এলাকায় পরিণত হয়েছে। আউস ধান, পাট, জলের অভাবে মরে যাচ্ছে, আমন ধান লাগাবার কোন ব্যবস্থা করতে পারা যাচ্ছে না। গৃহস্থদের ঘরে খাবার নেই, তারা হতাশায় দিন গুনছে। দিনমজুররা খাবার সুযোগ পাচ্ছে না, দেশের মানুষ মরতে আরম্ভ করেছে। মুর্শিদাবাদ জেলায় দুর্ভিক্ষ আরম্ভ হয়ে গেছে। সরকার যেন এখন এইদিকে দৃষ্টি দেন।

**শ্রীরজনীকান্ত দোলুই ঃ** মিঃ স্পীকার, স্যার, পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে প্রতি জেলার জেলা ম্যাজিষ্ট্রেটদের নির্দেশ দেওয়া হয়েছে, যে সমস্ত ভেকেন্সি রয়েছে সেই সমস্ত ভেকেন্সিতে এক্স-ক্যাম্প সার্ভিস ম্যান, এক্স সেনসাস ম্যান দিয়ে যেন পূরণ করা হয়। এই যদি করা হয় তাহলে মেদিনীপুর জেলায় এক্স ক্যাম্প সার্ভিস ম্যান ৩৫ জন, এক্স সেনসাস ম্যান ৭০ জন রয়েছে, তাহলে মেদিনীপুর জেলার প্রতি অবিচার করা হবে এবং মেদিনীপুরের পাশে পুরুলিয়া, বাঁকুড়া জেলার প্রতিও অবিচার করা হবে। সেজন্য আমার বক্তব্য এই সার্কুলার সম্বন্ধে আপনারা আবার চিন্তা করুন। কারণ, মেদিনীপুর জেলায় কয়েক লক্ষ বেকার রয়েছে, তাদের চাকুরির ব্যবস্থা না করে যদি এই সমস্ত ভেকেন্সিতে ওদের দিয়ে পূরণ করা হয় তাহলে অবিচার করা হবে। আমি এই আবেদন আপনার মাধ্যমে সরকারের কাছে রাখছি।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া জেলার ঝালদা থানায় ১৯৫৬ সাল থেকে বহু সাধ্যসাধনার পরে দেড় লক্ষ লোক অধ্যুষিত পৌরসভায় একটা প্রাথমিক হেল্‌থ সেণ্টার তৈরী হচ্ছিল গত মার্চ মাস থেকে, কিন্তু মে মাসে হুড়মুড় করে সেই হাসপাতালটি পড়ে যায়। সৌভাগ্যের বিষয় সেখানে কোন রোগী ছিল না, নির্মিয়মাণ অবস্থায় হাসপাতালটি হুড়মুড় করে পড়ে যায়। আমাদের আশা ছিল গভর্ণমেণ্ট হাসপাতালটি কেন পড়ে গেল সে সম্বন্ধে একটা তদন্ত করবেন। আশ্চর্যের বিষয় সেখানে একটা চালা ঘর ছিল, সেটা ভাঙ্গল না কিন্তু হাসপাতালটি ভেঙ্গে গেল। আমি আশা করব সরকার এই বিষয়ে একটা তদন্ত করবেন যে কি দোষে ভেঙ্গে

গেল। আমরা আরো একটা উদ্বেগজনক খবর পেলাম যে ঐ হাসপাতালের যে বুনিয়াদ ছিল তা উপর হাসপাতাল করছেন। আমি সরকারকে অনুরোধ করব হাসপাতালে রোগী থাকবে, হাসপাতাল তৈরী হবে সেটা যেন উড়ে না যায়।

[2-50—3-00 p.m.]

**শ্রীআবদুল বারি বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজ দীর্ঘ ২৫ বছরে আমাদের দাবি দাওয়া যে উপেক্ষি হচ্ছে সেটা বুঝতে পারছি। অর্থাৎ আমার বক্তব্য হচ্ছে সরকারের বিভিন্ন দপ্তরে এবং বিধানসভার মধ্যে বাংলাভাষা প্রবর্তন করা বাংলাদেশের মানুষের এই যে দাবী এটার ক্ষেত্রে আমরা দেখছি আশা বদলে হতাশায় পরিণত হচ্ছে। আমরা আশা করেছিলাম সরকারী কর্মচারীরা বিভিন্ন দপ্তরের মধ্যে সংশ্লিষ্ট কাজগুলি বাংলা ভাষাতেই করবেন। কিন্তু এখন দেখছি তার শতাংশও এগোয়নি। আজকে যদি বাংলা ভাষার প্রবর্তন হোত তাহলে বাংলা ভাষাভাষী লোকদের মধ্যে যারা বেকার আছে এ সমস্ত জায়গায় কাজ পেত। কিন্তু এই বাংলা ভাষা ব্যবহৃত না হওয়ার জন্য একদিকে এই সমস্ত বেকাররা কাজ পাওয়ার দিক থেকে বঞ্চিত হচ্ছে এবং অপরদিকে বাংলাভাষা উপেক্ষিত হচ্ছে। আমি এই বিষয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, অনতিবিলম্বে বিচার বিভাগ থেকে আরম্ভ করে, প্রশাসন বিভাগ, অন্যান্য সমস্ত বিভাগ এবং এমন কি বিধান সভার মধ্যেও এই বাংলা ভাষায় প্রবর্তন করা হোক। আমি এই বিষয়ে একটি ঘটনা উল্লেখ করতে চাই। আমাদের এখানে যে ল্যাংগোয়েজ কমিশন তৈরী করা হচ্ছে। আমি গতকালও এই ব্যাপারে বলবার চেষ্টা করছিলাম এই মন্ত্রীসভা আসার আগে ১২ই ফেব্রুয়ারী মহামান্য রাজ্যপাল ধাওয়ান সাহেবকে দিয়ে একটা অর্ডার করিয়ে নেওয়া হল এবং তার নম্বর হচ্ছে ২০৭ এল. যে আমাদের লেজিসলেটিভ ডিপার্টমেন্টের যিনি রিটায়ার্ড সেক্রেটারী তিনি সেখানকার চেয়ারম্যান নিযুক্ত হলেন এবং তাঁর মাইনে হচ্ছে আড়াই হাজার টাকা। অনেক ডিপার্টমেন্ট-এ এবং আমাদের লেজিসলেটিভ ডিপার্টমেন্টেও ভাল ভাল দক্ষ লোক রয়েছে, কিন্তু তাঁদের না নিয়ে সেখানে একজন রিটায়ার্ড লোককে বসান হল এবং এই সঙ্গে সঙ্গে দেখবেন সেখানকার সদস্য সংখ্যাও বাড়ান হল। তার মধ্যে কলিকাতার একটি বৃহৎ হোটেলের মালিক যার নাম হচ্ছে এস. পি. ঘোষ, এই হোটেলটি হচ্ছে মির্জাপুর স্ট্রীটে এবং নাম হচ্ছে ইণ্ডিয়া হোটেল এবং আর একটি বড ভাড়াটে বাড়ীর মালিক যার নাম হচ্ছে এ. সি. গাঙ্গুলী এবং যার বাড়ীর নীচে একটা দোকান আছে যার নাম হচ্ছে বসবিনো, এই রকম ধরণের লোকদের এই কমিশনের আওতায় আনা হয়েছে। আমাদের প্রচুর দক্ষ লোক রয়েছেন, আইনজ্ঞ রয়েছেন, বিচারক রয়েছেন তাঁদের মধ্য থেকে লোক এনে এই ল্যাঙ্গোয়েজ কমিশনে বসান হোক এবং ল্যাঙ্গোয়েজ কমিশনের পোটেনসিয়ালিটি বাড়ান হোক। রিটায়ার্ড লোকদের নিয়ে এসে দুর্নীতি করা হচ্ছে বলে আমাদের মনে হচ্ছে কাজেই এটা পরিহার করা উচিত। পরিশেষে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যে, বাংলা ভাষা প্রবর্তনের ব্যাপারে তিনি একটা ষ্টেটমেণ্ট দিন যাতে বাঙ্গালীরা বুঝতে পারেন যে সরকার এই ব্যাপারটা দ্রুত কার্যকরী করবেন বা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে চলেছেন।

**শ্রীগঙ্গাধর প্রামানিক :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন হেমন্ত বসু, অজিত বিশ্বাস এবং নেপাল রায় আজ এক বছরের উপর হল খুন হয়েছেন প্রকাশ্য দিবালোকে। যদিও কিছু কিছু কেস আরম্ভ হয়েছে, কিন্তু সাধারণ মানুষের একটা ধারণা হয়েছে যে, একটা গোপন ইতিহাস এই ব্যাপারে একটা ধুম্রজাল সৃষ্টি

রয়েছে, যার জন্য আসল যারা হত্যাকারী তাদের সরকার খুঁজে বার করতে পারছেন না। প্রকাশ্য দিবালোকে এরকম রাজনৈতিক নেতারা খুন হয়েছিল এবং যে স্বরাষ্ট্র বিভাগের জন্য আমরা এত ব্যয় বরাদ্দ দিয়েছি, যাদের আমরা নানা রকম প্রশংসা করেছি তাঁরা যদি এই সমস্ত কাজ ঠিকমতভাবে পালন করতে না পারেন তাহলে বড়ই দুঃখের কথা। এর মধ্যে কি আছে সেটা জানবার জন্য সাধারণ মানুষ আগ্রহী। কাজেই তাদের খুঁজে বার করা হোক কিংবা এর ভেতরে কি আছে, তার কারা আছে, যারা এই সমস্ত ধুম্রজাল সৃষ্টি করে রেখেছে, সেই সম্বন্ধে একটা বিবৃতি স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় আমাদের দিন এবং এই ব্যাপারে মানুষের কৌতুহলের অবসান করুন।

**শ্রীমতী গীতা মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে পশ্চিমবাংলার গুরুতর বিদ্যুৎ সঙ্কট, বর্তমানে যে বৈদ্যুতিক পরিস্থিতি। আজকে খবরের কাগজে দেখলাম যে অনেক বিভিন্ন কলকারখানাকে পিক্ আওয়ার সিফ্‌ট যখন হবে সেই সিফ্‌ট আওয়ারে বন্ধ করবার জন্য বলা হবে। ইতিপূর্বে আমাদের ঘরে এবং বাড়ীতে পিক আওয়ার সিফ্‌ট বন্ধ থাকছে। মাননীয় মন্ত্রী মহাশয় শ্রীজয়নাল আবেদিন মহাশয় একটা বিবৃতি পরশুদিন দিয়েছেন। তিনি যা বলেছেন তা তে বোঝা যাচ্ছে যে তাঁর মতে এখন নাকি বিশেষ কিছু করার নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সব শুনে আমরা একেবারে সন্তুষ্ট হতে পারছি না এবং বিদ্যুতের উপর একটা পূর্ণ আলোচনা যাতে পাওয়া যায় তারজন্য আপনার কাছে আবেদন করছি। আমি মনে করি এই অবস্থার উন্নয়নের যথোপোযুক্ত যে ধরণের প্রচেষ্টার প্রয়োজন আছে তাতে আমাদের পরামর্শ ইত্যাদি যথাযথভাবে শোনা মন্ত্রীমহাশয়ের প্রয়োজন আছে এবং এই অবস্থার মোকাবিলার জন্য এবং আরো গুরুতর কার্যাবলী গ্রহণ করার প্রয়োজন আছে। তা না হলে ছোট ছোট কলকারখানা মারা যাবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। তাই মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনাকে অনুরোধ করছি যে এই বিদ্যুতের প্রশ্ন নিয়ে বিধানসভায় একটা আলোচনা যাতে হতে পারে তার জন্য আপনি ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রীহবিবুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে আমাদের মুর্শিদাবাদ জেলার লোকদের খরা এবং বন্যার প্রতিযোগিতায় একটা হা-হুতাশ লেগে রয়েছে। আজকে পদ্মার জল ফেঁপে উঠেছে। পদ্মার ভাঙ্গন যথাদস্তুর চলছে, আবার একদিকে খরার দরুন আউস ধান চাষীরা যা বুনেছিল তা মরতে বসেছে। আবার আমন ধান বোনার মরশুম পার হয়ে যাচ্ছে। চাষীরা তা বুনতে পারছে না। যে সমস্ত মজুর ছিল তারা কাজ না পেয়ে অনাহারে দিন কাটাচ্ছে। দিন-মজুররা কচুপাতা ও অখাদ্য গাছ পাতা খেয়ে কোনরকমে দিন কাটাচ্ছে। আজকে আমার এলাকার তিন চারজন ভদ্রলোক এসে আমাকে খবর দিলেন দুই নম্বর ব্লকে নিশিপুর গ্রামে ৪/৫ জন লোক অনাহারে মারা গিয়েছে। গতকে তারা ৩/৪টি পরিবারের অনাহারের খবর বি. ডি. ও-কে দিয়েছেন কিন্তু তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। আজকে যদি মুর্শিদাবাদ জেলাকে খরাপীড়িত অঞ্চল বলে ঘোষণা করা না হয় সেখানে যদি ব্যাপকভাবে টি. আর., জি. আর. প্রভৃতি সাহায্য না করেন, তাহলে অনতিবিলম্বের মধ্যেই সেখানে দুর্ভিক্ষ দেখা দেবে, কারণ সেখানে মানুষ এখন ব্যাপকভাবে মরতে শুরু করেছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের এই বিষয়ে বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরামদাস ব্যানার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি

আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, তা হচ্ছে আসানসোল মহকুমায় কুলটি থানায় বিভিন্ন গ্রামে কৃষক সভার সদস্যগণ কর্তৃক পরিচালিত কতিপয় ব্যক্তি সেখানে কৃষি শ্রমিকদের মজুরী বৃদ্ধির দাবীতে অরাজকতার সৃষ্টি করেছেন। সেখানকার অবস্থা এমন হয়েছে যে, কয়েকটি গ্রামে চাষের কাজ সম্পূর্ণভাবে বন্ধ হয়ে গিয়েছে। বিশেষ করে গাংটিয়া নামে গ্রামে ১৫ দিন যাবৎ সমস্ত চাষের কাজ বন্ধ হয়ে আছে। যে সমস্ত গরীব চাষী এবং ভাগচাষী তারা মজুরীতে করতে যাচ্ছে তাদের টাঙী, বর্শা নিয়ে আক্রমণ করা হচ্ছে। বীজধান এবং সেচের অভাবে চাষ শুকিয়ে যাচ্ছে। ২৫শে জুলাই তারিখে সেখানে ভীষণ হাঙ্গামার সৃষ্টি হয় এবং কয়েকজন ভাগচাষীকে আক্রমণ করা হয়। একজনের জখম অত্যন্ত গুরুতর। তাকে হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ অত্যন্ত দ্রুততার সঙ্গে এই অবস্থা আয়ত্তে আনে, কিন্তু অবস্থা এমনি যে যে কোন মুহূর্তে সেখানে দাঙ্গা হাঙ্গামার সৃষ্টি হতে পারে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং ব্যবস্থা গ্রহণের জন্য দাবী করছি।

তাই আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, এই যে আন্দোলন এই আন্দোলন যদি ধ্বংস হয়ে যায় বা বিনষ্ট হয়ে যায় তাহলে সমগ্র বর্ধমান জেলায় সন্ত্রাসের সৃষ্টি হবে, তখন আমার মনে হয় এই মরশুমে চাষের কাজ সম্পূর্ণরূপে ব্যাহত হবে।

[3-00—3-10 p m.]

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ ইনল্যাণ্ড ওয়াটার ট্রান্সপোর্ট থেকে ১৯৬৪ সালে একটা মেরিন ডাইরেক্টরেট খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত তাকে কার্যকরী করা হয়নি। অথচ আমরা দেখছি পশ্চিমবঙ্গে ইনল্যাণ্ড ওয়াটার ট্রান্সপোর্ট ডেভালপমেন্টের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক নিয়োজিত ভগবতী কমিটির সুপারিশ অনুযায়ী ২,৭৭,৭২,০০০ টাকা বরাদ্দ করা হয়েছিল এবং সেই স্কীমকে কার্যকরী করার জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের গার্ডেনরিচ অফিসে এই সমস্ত বরাদ্দ এবং বিবৃতি পাঠানর জন্য জানিয়েছিল, কিন্তু রাজ্য সরকারের স্কেলিটন অফিস তা না পাঠাতে পারার ফলে সেই প্রাপ্য টাকা আমরা পাইনি। সেই টাকা পেলে কলকাতার জেটিতে কলকাতার চাঁদপাল ঘাট এবং অন্যান্য জায়গায় প্যাসেনজার সার্ভিস এবং কার্গো সার্ভিস চালু করতে পারতাম এবং তাহলে অন্য জায়গার প্যাসেঞ্জারের রাস আরো কমতো, ইনল্যাণ্ড ট্রান্সপোর্ট কনভেয়েন্স কষ্ট কম্প্যারেটিভলি কমতো এবং যাত্রীগণও অনেক সুযোগ সুবিধা পেতো। শুধু তাই নয়, তারাতলা মেরিন ইঞ্জিনিয়ারিং থেকে যেসব মেরিন ইঞ্জিনিয়াররা বের হচ্ছে এবং খড়্গপুর আই, আই, টি, থেকে যে নেভাল আর্কিটেক্ট বের হচ্ছে, এদের উচিত তাদের এমপ্লয়মেন্ট দিয়ে ইউটিলাইজ করা। পশ্চিম বাংলায় তিন হাজার কিলোমিটার ওয়াটার কোষ্টাল এরিয়া আছে। সেই নদীগুলি নাব্যতার দিক দিয়ে কি অবস্থায় আছে। সেই সব রিভার নূতন করে সার্ভে করা দরকার এবং নূতন এমপ্লয়মেণ্ট অপারচুনেটি ক্রিয়েট করার জন্য, নদীগুলির নাব্যতা না থাকার জন্য রিভার সার্ভে করা দরকার; এবং এই কেন্দ্রীয় সরকারের কাছে প্রাপ্য টাকা আদায়ের জন্য, পশ্চিমবঙ্গে ওয়েষ্ট বেঙ্গল ওয়াটার ট্রান্সপোর্ট এবং মেরিন ডাইরেক্টোরেট অবিলম্বে খোলার জন্য আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এতদিন জানতাম যে কারখানা লক আউট হলে মাইনে পায় না, ক্লোজার হলে মাইনে পায় না, কিন্তু চালু কারখানাতেও মাইনে পাওয়া

যায় না এমন ঘটনাও আপনার মাধ্যমে এই সভার সামনে রাখছি। হাওড়ায় দাসনগরে ইণ্ডিয়ান মেশিনারি বলে একটা কারখানা আছে। সেই কারখানায় ৩ মাস যাবত কোন শ্রমিককে বেতন দেওয়া হচ্ছে না। কারণ হচ্ছে যে আমাদের যে প্রশাসনযন্ত্র তার মাধ্যমে সব খবর বেরিয়ে যায়। সেখানকার জনৈক আমলা জানিয়ে দিয়েছেন মালিক এবং শ্রমিকদের যে এই কারখানাটি সরকার নিয়ে নিয়েছে। এই সংবাদ জানবার সঙ্গে সঙ্গেই ঐখানকার বিপ্লবী ট্রেড ইউনিয়ন নেতারা, তাদের মধ্যে একজন হচ্ছে যুক্তফ্রন্ট সরকারের প্রাক্তনমন্ত্রী, খানিকটা বুঝাচ্ছেন যে তোমাদের চিন্তা করতে হবেনা, বেতন দেবার দরকার নেই, সরকার এলে সব বেতন মিটিয়ে দেবেন। মালিকরা সেই অজুহাতে দেখছেন যে সরকারের হাতে যদি কারখানা চলে যায় তাহলে আমরা আর টাকা দেবো কেন, তারাও বকেয়া রাখছে। মাঝখান থেকে শ্রমিক যারা তারা ৩/৪ মাস এর দুয়ারে তার দুয়ারে ঘুরে বেড়াচ্ছে। এখানে কি আমাদের আইনে কোন বাধা আছে যে আমরা হস্তক্ষেপ করতে পারিনা। তাই, স্যার, আমি আপনার মাধ্যমে—মাননীয় শ্রমমন্ত্রী এখানে নেই, মন্ত্রীসভার কাছে জানাচ্ছি, অনুরোধ করছি যে এই কারখানাটিকে যদি নিয়ে নিতে চান তাহলে অবিলম্বে নিয়ে নিন, আর যদি না নিতে চান তাহলে ঘোষণা করুন। কারণ শ্রমিকরা মার খেয়ে মারা যাচ্ছে, বেতন পাচ্ছে না। ট্রেড ইউনিয়ন নেতার সঙ্গে সরকারী আমলাদের যোগসাজসে এই সমস্ত খবর বেরিয়ে যাচ্ছে, মালিক মাল সরিয়ে নিচ্ছে, টাকা সরিয়ে নিচ্ছে, শ্রমিকদের বেতন দিচ্ছে না। এই রকম অবস্থা চলুক তা আমরা এই সরকারের কাছে আশা করি না। তাই আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রীহেমন্ত দত্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি অত্যন্ত একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা একদিন শুনেছিলাম যেদিন আচার্য প্রফুল্লচন্দ্র রায় বলেছিলেন যে Bihar for Biharis, Punjab for Punjabis, Madras for Madrasis but Bengal for all. এটা এইজন্য আমি উল্লেখ করছি যে সেদিন ১৯শে জুলাই, বুধবার, আমাদের বিহারের মুখ্যমন্ত্রী শ্রীকেদার পাণ্ডে মহাশয়, তিনি কলকাতায় এক শিল্পপতিদের সভায় তাঁর বক্তব্য রাখলেন যে বিহারের সমস্ত চাকরী বিহারীরাই পাবে। এটা তিনি কলকাতার বুকে এবং কলকাতার শিল্পপতিদের একটা সভায় বলেছিলেন, কিন্তু আমরা দেখছি বিহার ফর বিহারীস, পাঞ্জাব ফর পাঞ্জাবীস এই যদি হয় তাহলে পশ্চিমবাংলা পশ্চিমবঙ্গবাসীদের জন্য হবেনা কেন? পশ্চিমবাংলার লোকসংখ্যা অনেক বেশী এবং এটা হল একটা ট্রাংকেটেড স্টেট। পশ্চিমবাংলার রিসোর্সেস অনেক কম অথচ এখানে সমস্ত ভারতবর্ষের লোক এসে জমায়েত হচ্ছে এবং চাকরী সবাই এখানে পেয়ে যাচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় প্রায় ২০ লক্ষ বেকার আছে, শিক্ষিত বেকারদের জ্বালায় আমরা থাকতে পারছি না। নির্বাচনের পূর্বে আমরা এই ঢালাও প্রতিশ্রুতি দিয়েছিলাম যে তাদের সমস্যার সমাধান করবো।

বেকার সমস্যা সমাধান করবো—সেজন্য বিভিন্ন মন্ত্রী—তাঁদের, দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন রকমে আমাদের বেকার যুবকদের সামনে তাঁদের বক্তব্য বলেছেন—আমরা বেকার সমস্যা সমাধান করবার চেষ্টা করছি। কিন্তু আমরা যদি তা সমাধান করতে না পারি তাহলে সে একটা বড়ই দুঃখের বিষয় হবে। আমি খবরের কাগজ থেকে একটা পরিসংখ্যানের উদ্ধৃতি এখানে দিচ্ছি। সেটা হলো এই কলকাতায় ও তার পার্শ্ববর্তী কলকারখানা প্রায় শতকরা ৫৮ জন কর্মীই অবাঙ্গালী। চা, পাট, কয়লা ও ইঞ্জিনিয়ারিং শিল্পে নিযুক্ত শ্রমিকরা মনি অর্ডারে বছরে ৭১ কোটী টাকা পশ্চিমবঙ্গের বাইরে চালান করে দেয়। চটকলে শতকরা ৭৪ জন কর্মী অন্য রাজ্যের সন্তান। অন্যান্য ভারী শিল্পে শতকরা ৬২ জন ভিন্ন রাজ্যের অধিবাসী, ছোটখাট ব্যবসা-

বাণিজ্যে নিযুক্ত শতকরা ৬৭ জন পশ্চিমবঙ্গের বাইরের লোক। চা শিল্পে শতকরা ৫৮ ভাগ, সুতাকলে শতকরা ৫০ ভাগ এবং কয়লাখনিতে শতকরা ৬০ জন লোক পশ্চিম বঙ্গের বাইরের লোক কাজ করে। What Bengal thinks today the whole of India things tomorrow.

পশ্চিমবঙ্গের ছেলেরা চালাক ও বুদ্ধিমান। তারা গত যুদ্ধেও শক্তিমত্তার পরীক্ষা দিয়েছে, কোন ক্ষেত্রেই আমাদের বাঙ্গালী যুবকেরা আজ পিছিয়ে নাই।

**Mr. Speaker**. Mr. Dutta, please take your seat. I cannot allow you to make a statement.

### Demand for Grant No. 12

Major Head : 19—General Administration.

**Shri Subrata Mukhopadhyay** : Mr. Speaker, Sir, with you permission, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs 8,44,81,000 be granted for expenditure under Grant No 12, Major Head "19—General Administration".

(This is inclusive of Rs. 2,81,61,000 already voted on account in March, 1972.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১২ নং অনুদান "১৯—সাধারণ প্রসাশন" মুখ্য খাতে ১৯৭২-৭৩ সালের ব্যয় বরাদ্দের জন্য ৮,৪৪,৮৪,০০০ টাকা মঞ্জুরীর প্রস্তাব উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করিতেছি। এই ব্যয় বরাদ্দের মধ্যে ইতিপূর্বে গত মার্চ মাসে ২,৮১,৬১,০০০ টাকা ভোট অন য়্যাকাউন্ট হিসাবে মঞ্জুর করা হইয়াছে।

অধ্যক্ষ মহাশয়, 'সাধারণ প্রশাসন" এই খাতটি বহুমুখী ও প্রশাসনের সর্বাঙ্গপোষক। এই খাতের বরাদ্দের মধ্যে সরকারের প্রায় সববিভাগের প্রশাসনিক ব্যয় অন্তর্ভুক্ত। ১৯৭২-৭৩ সালের সিভিল বাজেট এষ্টিমেট, পার্ট ওয়ান (নীল রং-এর পুস্তিকা) এর ১৬৮ পৃষ্ঠা থেকে ২৪৫ পৃষ্ঠায় বিভিন্ন বিভাগের জন্য মোটামুটি বরাদ্দগুলি দেখানো হয়েছে এবং এক্সপ্ল্যানেটরী মেমোরাণ্ডামে অন বাজেট (লাল রং-এর পুস্তিকা) এর ৬৭ পৃষ্ঠায় পূর্ববর্তী কয়েক বৎসরের বরাদ্দের সহিত বর্তমান বৎসরের (১৯৭২-৭৩) বরাদ্দের একটি তুলনামূলক হিসাব দেওয়া হইয়াছে।

অধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসন খাতের এই আয়-ব্যয়টির উপর প্রতি বৎসরই প্রায় একই প্রকারের সমালোচনা উপস্থাপিত হয়।

১৯৬৭ সালের পর হইতে আমাদের সরকার প্রতিষ্ঠার পূর্ব পর্যন্ত এই রাজ্যের অবস্থা সকলেই অবগত আছেন। নৈরাজ্য দূরীকরণ, সুস্থ জনজীবন, সমাজতান্ত্রিক শাসন ব্যবস্থা ও উন্নততর জীবনযাত্রার মান আমাদের লক্ষ্য। এই লক্ষ্যে পৌছিবার জন্য আমরা শ্রম ও

অধ্যবসায়ের সহিত অগ্রসর হইতেছি। জন কল্যাণ রাষ্ট্রের পক্ষে বহুমুখী উন্নয়ন পরিকল্পনা ও তাহার সম্প্রসারণ সুষ্ঠুভাবে করিবার জন্য বিভিন্ন বিভাগের মধ্যে সামঞ্জস্য সাধন করিবার জন্য সর্বপ্রকার ব্যবস্থা হইতেছে।

উন্নয়ন ব্লকগুলি যাহাতে বিভিন্ন বিভাগের কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করিতে পারে তাহার জন্য সাধারণ প্রশাসন বিভাগের অধীনে ন্যস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।

জেলাস্তরে সমস্ত কাজ যাহাতে সুষ্ঠুভাবে করা যায়, তাহার জন্য জেলা-শাসকদের অধিকতর ক্ষমতা প্রদান করা সমীচীন কিনা তাহা এখন সরকারের বিবেচনাধীন আছে। এবিষয়ে সরকার একটি উচ্চ অফিসার পর্যায়ের কমিটি গঠন করিয়াছিলেন। উক্ত কমিটির রিপোর্ট এখন সরকার বিবেচনা করিতেছেন। তবে লক্ষণীয় যে কোনও কর্মচারীর উপর অবিচার বা ক্ষতি না করেই এই বিবেচনা গৃহীত হবে।

যে কোন রকম জনকল্যাণমূলক কাজ করিতে হইলে শাসনযন্ত্রকে দুর্নীতিমুক্ত করা অবশ্য কর্তব্য।

[3-10—3-35 p.m, including adjournment]

সরকার একথা স্বীকার করেন এবং সরকার এই দুর্নীতি মুক্ত করিতে বদ্ধপরিকর। সর্বস্তরে সরকারী সাধারণ ও পদস্থ কর্মচারীদের বদলী ও নিয়োগ সম্বন্ধে দীর্ঘ দিন ধরে নানা অভিযোগ ও অসন্তোষের সংবাদ শোনা যায়। যুক্তফ্রন্ট সরকার এই বদলী ও নিয়োগক্ষেত্রে দলীয় ও সংকীর্ণ নীতি গ্রহণ করেছিলেন। কর্মচারীদের এতদিন পর্যন্ত শুধু সিনিয়রিটি বিচার করে পদোন্নতি করা হোত। তাতে বহু অযোগ্য ব্যক্তি বহু গুরুত্বপূর্ণ পদে আসীন হতেন। এই সরকার বর্তমানে এই নীতি পরিবর্তন করে শুধু সিনিয়রিটির বিচারের পরিবর্তে সিনিয়রিটি ও মেরিট বিচার করে পদোন্নতির নীতি নির্ধারণ করেছেন। এই সরকার এই ক্ষেত্রে কোন প্রকার পক্ষপাতিত্ব ও স্বজন পোষণ বরদাস্ত করবেন না এবং নিয়োগ, বদলী ও পদোন্নতির ক্ষেত্রে স্বজন পোষণ পক্ষপাতিত্বকে অপরাধ বলে গণ্য করবেন। এই সরকার মাত্র কয়েক মাসের মধ্যে সবচেয়ে বড় যে নজীর স্থাপন করেছেন তা হোল ভাতা বাড়ানোর চেয়ে অবিচার ও অন্যায় প্রতিরোধের উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। অধ্যক্ষ মহাশয়, আমাদিগকে বিপুল সংখ্যক—আড়াই লক্ষাধিক—কর্মচারী লইয়া এই সরকারের কার্য পরিচালনা করিতে হয়। ইঁহাদের সকলেই সৎ সুদক্ষ হইবেন—ইহা দাবী করা বোধ হয় যুক্তিসঙ্গত হইবে না। ইঁহাদের মধ্যে সৎ অসৎ প্রকৃতির ভেদ ও যোগ্যতা ও দক্ষতার প্রভেদ থাকিবে। দুর্নীতিপরায়ণ কর্মচারীদের উপর নজর রাখা, তাহাদের খুঁজিয়া বাহির করা ও দুর্নীতিমূলক কাজের জন্য প্রয়োজনীয় শাস্তি বিধানের ব্যবস্থা অবলম্বন করার জন্য ১৯৪৭ সালে এই রাজ্যে দুর্নীতি নিরোধ বিভাগ স্থাপিত হয়। ১৯৬৫ সালের জানুয়ারী মাস পর্যন্ত এই বিভাগটি সুষ্ঠুভাবে ইহার কার্য করিয়া আসিয়াছে। ১৯৬৫ সালের ফেব্রুয়ারী মাসে এই দুর্নীতি নিরোধ বিভাগটিকে কেন্দ্রীয় ভিজিলেন্স কমিশন-এর ছাঁচে পুনর্গঠিত করিয়া একটি ভিজিলেন্স কমিশন গঠিত হইয়াছে। সম্প্রতি একজন অবসরপ্রাপ্ত অতি উচ্চ পদাধিকারী আই. সি. এস. অফিসারের অধীনে এই কমিশন ন্যস্ত আছে। এই কমিশনকে সম্পূর্ণ বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ এই কমিশন পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত করেন। তদন্তের ফলে প্রয়োজনীয় প্রমাণাদি সংগৃহীত হইলে সংশ্লিষ্ট

কর্মচারীদের বিরুদ্ধে হয় আদালতে অভিযোগ দায়ের করা হয় অথবা বিভাগীয় তদন্তের ব্যবস্থা করা হয় এবং যথাবিহিত শাস্তি প্রদান করা হয়। ভিজিলেন্স কমিশন গঠিত হইবার বহুপূর্ব হইতেই বিভাগীয় তদন্ত পরিচালনা করিবার জন্য দুইজন অবসরপ্রাপ্ত জেলা জজকে তদন্তকারী অফিসার পদে নিযুক্ত করা হইয়াছে। ইহারা এখন ভিজিলেন্স কমিশনের অধীনে কার্য করিতেছেন। এই কমিশনের কার্য ক্রমশ বৃদ্ধি পাওয়ায় একজন উচ্চ পর্যায়ের আই এ এস অফিসারকে নিয়োগ করা হইয়াছে। গত ১৯৭১ সালে ভিজিলেন্স কমিশন-এর কার্যের হিসাব দেওয়া হইল। কমিশনকে অধিকতর শক্তিশালী করিবার জন্য কেন্দ্রীয় লোকপাল ও লোকাযুক্ত ধরণের আইন প্রণয়নের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। তাছাড়া পে কমিশনের বিভিন্ন সুপারিশ যা এ পর্যন্ত কার্যকরী হয় নি তা সরকারের বিবেচনাধীন আছে। জনকল্যাণ রাষ্ট্রের শাসন ব্যবস্থার কার্যাবলী সম্বন্ধে অনেক কিছু বলিবার আছে। মূল কথা সরকার ও সরকারী কর্মচারীরা আমরা সবাই জনসাধারণের সেবা করার জন্য বিরাট দায়িত্ব গ্রহণ করেছি। এবং এ এক কঠিন কাজ। এই সরকার সব দায়িত্ব পালন করিতে পারে না যদি সকল কর্মচারীরা আমাদের সক্রিয় সহযোগিতা না করেন। এক্ষেত্রে ভ্রাতৃত্বের মনোভাব নিয়ে উভয়কে কাজ করতে হবে। আমি আর আপনাদের মূল্যবান সময় নষ্ট করবো না। মাননীয় সদস্যরা আমার বক্তব্য নিশ্চয় শুনেছেন। প্রসঙ্গক্রমে আমি আপনার মাধ্যমে আরও জানাই যে বেশ কয়েক বৎসর পর জনপ্রিয় জনপ্রতিনিধি-মূলক এই সরকার কার্যভার গ্রহণ করার পর সরকারী কর্মচারীদের মনে নূতন করে আশার সঞ্চার হয়েছে।

এবং সরকারী কর্মচারীদের মধ্যে যে নিয়মানুবর্তিতার অভাব যুক্তফ্রন্টের সময় চূড়ান্ত পর্যায়ে গিয়েছিল তা থেকে অবস্থার আস্তে আস্তে উন্নতি হচ্ছে। এ ব্যাপারে সরকারী কর্মচারীদের কাছ থেকে আমরা যথেষ্ট সহযোগিতা পাচ্ছি এবং আশা করছি ভবিষ্যতে আরো সহযোগিতা আমরা লাভ করবো। এই কয়েকটি কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি অনুরোধ করছি যে সাধারণ প্রশাসন খাতের উত্থাপিত ব্যয়বরাদ্দটি মঞ্জুরীকৃত হোক।

**Mr. Speaker :** There are two cut motions to this Grant. They are in order and taken as moved

The motion of Shri Prodyot Kumar Mahanti that the amount of the demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Nasiruddin Khan that the amount of the demand be reduced to Re. 1 was then put and lost.

( At this stage the House was adjourned for 15 minutes. )
(After adjournment )

[3-35—3-45 p m.]

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ সরকারের রাষ্ট্রমন্ত্রী আমাদের কাছে জেনারেল এ্যাডমিনিষ্ট্রেসান খাতের যে ব্যয় বরাদ্দ-এর দাবী রেখেছেন সেই দাবীর বিরোধিতা করি এবং সেই বিরোধিতার সমর্থনে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার

াধ্যমে কয়েকটি কথা আমি হাউসে রাখতে চাই। এই খাতে টাকার বরাদ্দ বাড়লো কি কমলো সেটা আমার কাছে বড় প্রশ্ন নয়, আমার কাছে যেটা বড় জিনিষ বলে মনে হয়েছে সেটা হচ্ছে, যার জন্য এই বরাদ্দের দাবী মাননীয় রাষ্ট্রমন্ত্রী রেখেছেন সেই যে প্রশাসন, সেই প্রশাসনের দৃষ্টিভঙ্গীর কোন পরিবর্তন হয়েছে কিনা। আমরা দেখতে পাচ্ছি মাননীয় রাষ্ট্রমন্ত্রী সরকারের পক্ষ থেকে ব্যয়বরাদ্দের দাবী রাখতে গিয়ে যে বক্তব্য রেখেছেন আমাদের কাছে তার মধ্যে তিনি বলেছেন যে জনকল্যাণ রাষ্ট্র আমাদের সরকার গড়তে চান।

আমাদের সরকারের লক্ষ্য হল সমাজতান্ত্রিক সমাজ গঠন করা। আমাদের আজকে ভেবে দেখতে হবে যে প্রশাসনযন্ত্রের দ্বারা সরকার জনকল্যাণমূলক রাষ্ট্র গড়তে চান, সমাজতান্ত্রিক সমাজ গঠন করতে চান সেই প্রশাসন এই সমাজ গঠনের পক্ষে, রাষ্ট্র গঠনের পক্ষে উপযোগী কি না। আমরা দেখছি বিভিন্ন জায়গায় এই প্রশাসন সেই আমলাতান্ত্রিক ধাঁচেই চলেছে। প্রতিটি পদে পদে র লাল ফিতার বাঁধন, যার জন্য সরকারের সাধু সংকল্প থাকলেও, সেই সাধু সংকল্পকে কার্য্যকরী করা চ্ছে না, যেহেতু এই প্রশাসনযন্ত্রে সেই দৃষ্টিভঙ্গীর কোন পরিবর্তন আসেনি। মাননীয় উপাধ্যক্ষ হোদয়, আজকে সারা পৃথিবীতে বিকেন্দ্রীকরণের নীতি গৃহীত হয়েছে। কিন্তু আমরা দেখছি যে গ্রামবাংলায় শতকরা ৮০ ভাগ লোক বাস করেন—প্রধান প্রধান যেসমস্ত শাসন বিভাগ আছে তার াণকেন্দ্র হয়ে দাঁড়িছে এই কলকাতা সহর। গ্রামের লোককে যদি এই প্রশাসনের সঙ্গে যুক্ত করতে পারা যায়, গ্রামের লোক যদি সহজে প্রশাসনের সুবিধা ভোগ করতে না পারে, সরকারী সুবিধা গুলি প্রশাসনের মাধ্যমে যায়, তাহলে সমাজতন্ত্রই বলুন আর জনকল্যাণ মুখী রাষ্ট্রের কথাই বলুন, কিছুতেই করা যাবে না। জনকল্যাণমূলক রাষ্ট্র তৈরী করতে গেলে সরকারের প্রশাসন বিভাগের র্মচারীদের জনকল্যাণমুখী মনোভাব থাকা দরকার। আমরা কিছুদিন আগে দেখেছি শিক্ষা ভাগকে কলকাতা থেকে নিয়ে গিয়ে প্রত্যেক জেলায় জেলায় যাতে গ্রাণ্ট করা যায়, যাতে প্রুভ্যাল দেওয়া যায় শিক্ষকদের, তাই হয়েছিল। কিন্তু কর্ম্মচারীর অভাবে এবং উপযুক্ত সরকারী র্দেশের অভাবে সেই ব্যবস্থা আজকে বানচাল হতে চলেছে এবং কারো কারো মুখে শোনা যাচ্ছে ননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি বলতে পারবেন যে সেই পুরানো ব্যবস্থাতেই ফিরে যাবে, এই বস্থাতে নাকি কার্য্যকরী করা যাবে না। আমার মনে হয় যদি পুরানো ব্যবস্থায় ফিরে যাওয়ার ান মনোভাব সরকারের থাকে তো সেই ঐ আমলাদেরই মনোভাবের জন্য হচ্ছে। এটা সত্যি কি থ্যা তা আমি জানি না। আজকে যে বিকেন্দ্রীকরণের মনোভাব দেখা যাচ্ছে এই মনোভাবের রা গ্রামবাংলায় যে কল্যাণমূলক রাষ্ট্র তৈরী করা যাবে সরকারের সেই পরিকল্পনাকে আজকে ভিল করে দিতে বসেছে এই আমলাতান্ত্রিক ধাঁচের সরকারী যন্ত্র। মাননীয় রাষ্ট্রমন্ত্রী তাঁর বক্তব্যের ধ্য রেখেছেন, আমরা যে সরকার গঠন করেছি সেই সরকার দুর্নীতি দূর করতে বদ্ধপরিকর। ার এই উক্তির জন্য রাষ্ট্রমন্ত্রী তথা পশ্চিমবঙ্গ সরকারকে আমি ধন্যবাদ জানাই। কিন্তু দুর্নীতি ক্ত করার অভিপ্রায়ই বড কথা নয়, যদিও ইনিসিয়্যালি দুর্নীতি মুক্ত করতে গেলে যে ব্যবস্থাগুলি ওয়া প্রয়োজন সেই ব্যবস্থা নেওয়া যাচ্ছে না বা বহুদিনের গলদ যেরকমভাবে হয়ে আছে তাতে র সেই কার্য্যক্রম করা যাচ্ছে না সরকার পক্ষ থেকে। দুর্নীতি দূর করতে গেলে আগে সরকারের কিছু সংস্কার করা দরকার। আমরা জানি সরকারী কর্ম্মচারীরা দুর্নীতি করলে সরকারের নিয়ম নুযায়ী সেটা ভিজিলেন্সের কাছে রেফার করা হয়।

আমরা দেখেছি যে ভিজিলেন্সে অনেকগুলো কেস যায় কিন্তু ভিজিলেন্স থেকে সেই কেসগুলো কোয়ারী হয়ে আসতে আসতে সরকার বদল হয়ে যায়। আজকে যে সরকার যে সরকারী কর্মচারীর র্নীতির জন্য

কমিশনের কাছে সেই জিনিসগুলো বেশীদিন পড়ে থাকার জন্য- আমাদের সাংবিধানিক নিয় অনুযায়ী একটা সরকার পাঁচ বছর থাকেন, আর যদিও সেই সরকার পাঁচ বছর বাদে ফিরে আসে তখন যে মন্ত্রী ভিজিলেন্স কমিশনে পাঠিয়েছিলেন, তখন সেই দপ্তরে হয়তো তিনি থাকেন না, যার ফ যে কোন কারণে তাদের ভিজিলেন্স কমিশনে পাঠানো হোক, পরবর্তী পাঁচ বছরে তখন সেই দৃষ্ট বা মনোভাব থাকে না। এই যে আমলাতন্ত্রের একটা চক্র, যার ফলে ভিজিলেন্স কমিশনে সরকা পাঠালেও, সেই দুর্নীতিপরায়ণ কর্মচারীদের শাস্তি দিতে চাইলেও, এমনই ব্যবস্থা, এমনই বিল এমনই দীর্ঘসুত্রতা, যার জন্য এই দুর্নীতি বন্ধ করা যায় না। একই অফিসারের বিরুদ্ধে হয়ে ভিজিলেন্সের ফাইল ঘুরছে, তিনি বারে বারে এক মন্ত্রীসভার পতনের পর আর এক মন্ত্রীসভা কি করে ম্যানেজ করে সেই জিনিসটাকে ধামাচাপা দিয়ে বছরের পর বছর চালিয়ে যাচ্ছেন মাননীয় রাষ্ট্রমন্ত্রী আরও বললেন যে সরকারী কর্মচারীদের প্রতি যেন অবিচার না হয় এই সরকা তা দেখার জন্য বদ্ধপরিকর। নিশ্চয় সরকার তাদের কাজ করবেন, সরকার দেখবেন কি দেখতে গিয়ে দেখা যাচ্ছে বহু ক্ষেত্রে সেই আমলাতন্ত্রের চক্র সরকারের দৃষ্টির বাইরে থেকে এ ভাবে চালাচ্ছে যার ফলে দেখা যাচ্ছে যে সরকারী কর্মচারীদের, অফিসারদের রক্ষা করা যাচ্ছে অনেক ক্ষেত্রে তাদেরকে হাইকোর্টে গিয়ে আদালতের আশ্রয় নিয়ে বাঁচবার চেষ্টা করতে হচ্ছে, সরকা তাদের রক্ষা করতে পারছেন না। আমি কোন স্পেসিফিক কেসের মধ্যে যাচ্ছি না, তবু সরকার দৃষ্টি আকর্ষণ করার জন্য আমি দু একটা কথা এই হাউসে আপনার মাধ্যমে রাখতে চাই। ইরিগেশ ডিপার্টমেন্টের একজন এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার তিনি ১৪ বছর ধরে টেম্পোরারী ভাবে কাজ ক চলেছেন। তার প্রবেশনারী পিরিয়ড এক্সটেণ্ড করতে করতে ১৪ বছর পেরোতে, তাকে ১৪ মাসে মাইনে দেওয়া হলোনা, বলা হলো না যে তোমার চাকরী গেল, অথচ ১৪ মাস তাকে কাজ কর দেওয়া হলো, অথচ ১৪ মাসের মাইনে দেওয়া হলো না। মাইনে না দিয়ে কাজ করানো হলে ১৪ মাস পরে তার কাছে একটা ডিসচার্জ লেটার গেল। খোঁজ নিয়ে জানা গেল এক তা অফিসে, তিনি বলছেন যে ফাইলে একথা তো লেখা নেই যে ১৪ বছর ধরে টেম্পোরারী কাজ ক আসছে। আমি তো জানি ৪/৫ বছর টেম্পরারী হিসাবে কাজ করছে। এই যে দীর্ঘসূত্রতা যেভাবে কেস দেওয়া হল, যার ফলে তাকে হাইকোর্টে বা আদালতে যেতে হচ্ছে সুবিচারের জন্য আমি বিচার বিভাগের সমালোচনা করছি না, কোন সাবজুডিস কেস সম্বন্ধে আলোচনা করছি না আমি এই কথা বলছি যে মিছি মিছি সরকারকে আইন আদালতে জড়িয়ে ফেলা হচ্ছে এবং সে হচ্ছে আমলাতন্ত্রের কাজ ঠিকমত না হওয়ার জন্য। ঠিকমত কেস কনটেষ্ট না করার জন্য। কেস কনটেষ্ট করতে গিয়ে যে সমস্ত কাগজপত্র দরকার হয় সেই সমস্ত কাগজপত্র ঠিকমত সরকারে কাছে বা সরকারী উকিলের কাছে না পৌঁছে দেবার জন্য বহু ক্ষেত্রে দেখা যাচ্ছে অর্থব্যয় কর পরে সরকারকে সেই কেসে হেরে ফিরে আসতে হচ্ছে। তার ফলে কর্মচারীদের মাহিনা দি হচ্ছে, উকিল, মুহুরীদের জন্য খরচ করতে হচ্ছে, সেটা অপব্যয় হচ্ছে, তা হচ্ছে শুধু এই আমলা চক্রের জন্য। আজকে প্রশাসনকে দুর্নীতি মুক্ত করতে গেলে মন্ত্রীমহাশয়কে আমলাতন্ত্রের উপ সতর্ক দৃষ্টি রাখতে হবে। আমরা জানি এই কাজ বড় শক্ত কাজ, কারণ এই যে ব্যুরোক্রাসী এ এমন একটা জিনিস যে নিজেকে মনে করে মন্ত্রীসভার উপরে তার স্থান। তারা মনে করেন একটা মন্ত্রীকে হাতের কব্জার মধ্যে আনতে হলে কিছুদিন অপেক্ষা করতে হয়। নতুন মন্ত্রীস আসার সঙ্গে সঙ্গে তারা ভয় পেয়ে চুপ করে থাকে কিছুদিন, তারপর আস্তে আস্তে এমন জাল বিস্ত করে যে মন্ত্রীদের চোখে ধুলো দিয়ে, বিভিন্ন ফাঁক দিয়ে, মন্ত্রীসভাকে ফাঁকি দিয়ে এমন সমস্ত ক করেন যার ফলে সরকারের সাধু উদ্দেশ্য সফল হতে পারে না। সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশ এই ব্যয় বরাদ্দ নেবার সংগে সংগে আপনার মাধ্যমে মন্ত্রীসভাকে অনুরোধ করবো যে মন্ত্রীসভা যে এই আমলাতন্ত্রের দৃষ্টিভঙ্গী বদলাবার জন্য সজাগ এবং সতর্ক দৃষ্টি রাখেন।

[3-45—3-55 p.m ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মেদিনাপুর জেলার রিফিউজি রিলিফ এণ্ড রিহ্যাবিলিটেশন নিয়ে বহু কথাবার্তা হয়েছে। কিছুদিন আগে শালবনীতে যে রিফিউজী ক্যাম্প ছিল সেই রিফিউজি ক্যাম্পে বহু বিদেশে প্রস্তুত ত্রিপল যার মূল্য প্রায় লক্ষ টাকা একটা লোকের গোডাউনের মধ্যে পাওয়া গেল, পুলিশ উদ্ধার করল। আজকে দেখতে হবে ক্যাম্প উঠে গেল, বহু বিদেশী ওষুধ পত্র ত্রিপল ইত্যাদি বহু জিনিস, কয়েক লক্ষ টাকার জিনিস, কার তদারকিতে থাকল? মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় বলেছেন যে জেলা শাসকদের উপর আরও বেশী ক্ষমতা বা সব বিভাগের কাজের তদারকি ক্ষমতা দেওয়া হবে। কিন্তু এইটা সরকারকে গভীর ভাবে বিবেচনা করে দেখতে হবে,— আমরা মনে করি এইটা মন্ত্রীর সভার সুবিধার জন্য এবং যাতে সরকারের নির্দ্দেশ এবং নীতি যথাযথভাবে পালিত হয় সেই জন্য কিন্তু সঙ্গে সঙ্গে এইটা দেখা দরকার যে সমস্ত ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট আছে যেসমস্ত এডুকেশনাল ডিপার্টমেন্ট আছে সেগুলি দেখার ভার ম্যাজিষ্ট্রেটকে দেওয়া ঠিক হবে না। সেটা যেন সেই এক্সপার্ট অপিনিয়নকে ভায়োলেট করে যায় না জেনারেল সুপারভিশন ছাড়া। একজন আই. এ. এস ক্যাডারের লোক তিনি টেকনিক্যাল কিছুই বোঝেন না বা এডুকেশনের দায়িত্ব তার উপর ছেড়ে দেওয়া যায় না, কেননা তাহলে যেটুকু প্রশাসন আছে সেটুকুও নষ্ট হয়ে যাবে। তিনি একজন নন টেকনিক্যাল ম্যান জেলা শাসকের কোন তদারকি ক্ষমতা না থাকে এই ব্যবস্থা সরকারের রাখতে হবে। আজ এই ব্যয় বরাদ্দ গ্রহণ করার আগে মাননীয়, রাষ্ট্রমন্ত্রী তথা সরকারকে প্রস্তাব করব যে আজ যে সাধু উদ্দেশ্য নিয়ে সরকার চলতে আরম্ভ করেছেন সেই সাধু উদ্দেশ্য বা নীতি সার্থক হবে না যদি এই আমলাতন্ত্রের মাধ্যমে এই প্রশাসন যন্ত্র চলে। আজকে দেখা যাচ্ছে কি, না একটা বিভাগে কাজ নাই, সেখানে মেয়েরা বসে সোয়েটার বুনছে আর ছেলেরা খেলা দেখতে যাচ্ছে বা ডিপার্টমেন্টের ভিতর খেলা করছে, গান শুনছে. আর একটা ডিপার্টমেন্টে লোকের অভাব অথচ কাজ, কিন্তু টাকা বরাদ্দ নেই তাই লোক নেই। অতএব সকলের মো দৃষ্টি থাকা দরকার। যেখানে কাজ নেই সেখানকার এমপ্লইকে সরিয়ে এনে যেখানে লোকের অভাব সেখানে নিয়োগ করতে হবে। যদি সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন করতে চান, জনকল্যাণ মূলক রাষ্ট্র গঠন করতে চান বা প্রকৃত সেই ইচ্ছা থাকে তাহলে প্রশাসন যন্ত্রকে ঢেলে সাজাতে হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই ঢেলে সাজাবার দাবী আমি এই ব্যয় বরাদ্দে মাননীয় রাষ্ট্রমন্ত্রী তথা মন্ত্রীসভার কাছে আপনার মাধ্যমে রেখে এবং আমাকে বলতে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল বারি বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সাধারণ প্রশাসন খাতে যে ব্যয় বরাদ্দের দাবী করা হয়েছে আমি তাকে সমর্থন করতে গিয়ে একটা প্রথমেই মনে আসছে যে বরাবর এই বিভাগের যে ব্যয় বরাদ্দ তা সাধারণত মাননীয় মুখ্যমন্ত্রীরা পেশ করে থাকেন, কিন্তু আজকে একজন যুবক নেতা এবং আমাদের রাষ্ট্রমন্ত্রী এই প্রশাসন বিভাগের ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন এবং তিনি যে সমস্ত বক্তৃতা রেখেছেন যুবক হিসাবে, আগামী দিনে আশা করি এই প্রচেষ্টা সার্থক হবে এবং সেই জন্য আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন করতে গিয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের যে বর্তমান সমাজ ব্যবস্থা বা আমরা আজকে যে আশার উপর দাঁড়িয়ে বক্তৃতা করছি এবং যদি একটু পুরানো দিকে তাকিয়ে দেখি ১৯৬৯ সালের দিকে।

১৯৬৭ সালের আগের মুহূর্ত্ত পর্যন্ত আমাদের দেশে গণতান্ত্রিক উপায়ে রচিত বিধানস দ্বারাই কোন না কোন দল এসেছেন মিনিষ্ট্রিতে এবং তখন একটা গণতান্ত্রিক সরকার দ্বারাই ব চালিত হয়ে আসতো। ১৯৬৭ সালের পরে পশ্চিমবাংলার বুকে একটা রাজনৈতিক ঝড় বলবো যেন একটা কালো ছায়া পশ্চিম বাংলার বুক দিকে চলে গেলো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আ জানেন ১৯৬৭ সালের পশ্চিম বাংলার বুকে কি কৃষিতে, কি শিল্পে, কি স্বাস্থে, কি শিক্ষায়—সমস্ত দেখলে দেখতে পাবো সে দিনের প্রকৃত অবস্থা কি ছিল। আপনাকে একটা কথা স্মরণ কা দেবো। সেটা হচ্ছে আইনগত পন্থায় গণতান্ত্রিক পন্থায় রচিত নিজেদের সংবিধান দ্বারা ক্ষম আসীন হবার পর সমস্ত গণতান্ত্রিক পন্থা ভেংগে চুরমার করে দিয়ে, আইনগত পন্থা অনুসরণ না ক তা ভেংগে দেওয়ার একটা অন্যায় নীতি হিসাবে চলেছিল। গ্রামাঞ্চলের দিকে যদি তাকান তাহলে দেখবেন কিভাবে আইনগুলোকে বেআইনী রূপ দেওয়ার চেষ্টা হয়েছে। সেখানের আই গলায় দড়ি বেঁধে জ্যোতি বসুর ঘরে রেখে দেওয়া হয়েছিল। বাংলা দেশের মানুষকে স্মরণ ক হবে সেদিনকে জমির ক্ষেত্রে যে তাণ্ডবলীলা চলেছে তাতে আমার বহু ভাইকে আত্মাহুতি দিতে হয়ে জীবন দিয়েছে। গ্রামের মানুষ গ্রামে থাকতে পারনি জমি নিয়ে নেওয়ার জন্য সামান্য জ মালিককে মাথায় মেরে মেরে দেওয়া হয়েছে। সেখানে আইনের কাঠামো ছিল না। জমির ক্ষে যে অত্যাচার, অবিচার অনাচার চলছিল এই সরকার আসার পর তা আজকে প্রশমিত বললে ভুল হ তার একটা আমূল পরিবর্ত্তনের পরিবেশ গড়ে উঠেছে। আজকে দিক নির্ণয় করতে চাই। পুলিশ ক্ষেত্রে কি ছিল? আইন শৃঙ্খলার ক্ষেত্রে পুলিশকে আত্মহত্যা করতে হয়েছিল বলবো না আত্মাহ করতে হয়েছিল। আজকের বিধান সভায় দাঁড়িয়ে যদি একবার সেদিনকার প্রসিডিংসের দিকে তা দেখেন যুক্তফ্রন্ট সরকারের আমলের দিকে তাহলে দেখবেন বিধানসভার সদস্যদের এখানে আসার প নিরাপত্তা ছিল না। সদস্যদের অনেককে রাস্তায় দাঁড়িয়ে টিকিট দেখতে চাওয়া হয়েছিল অব কর্ণা হয়েছিল। আজকে ক পশ্চিমবাংলায় সেই অবস্থা দেখা যাচ্ছে? নিশ্চয় দেখা যাচ্ছে না। দিন গ্রামাঞ্চল থেকে সব জায়গায় একটা অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়েছিল। আজকে অনুধাবন কর যে কলকাতার রাজপথে যেসব মা বোনেরা সেদিন সন্ধ্যার পর সোনার গহনার অলঙ্কার পরে রাস্ত বেরোতে পারতো না, নিরাপত্তা রেখে চলতে পারতো না, তারা আজকে চলে ফিরে বেড়া পারছেন। আজকে যদি সেই সব মা বোনেদের জিজ্ঞাসা করা যায় যে আজকে পশ্চিমবঙ্গে সে অবস্থা আছে নাকি যে কলকাতার রাজপথে ট্যাক্সি থেকে নামিয়ে গলার হার ছিনিয়ে নেওয়ার স অবস্থা? আজকে কি সে অবস্থা আছে? তারা বলবেন, নিশ্চয়ই তা নেই। শিক্ষার দিকে তাক বলবো সে ক্ষেত্রে কি অবস্থা হয়েছিল? কলকাতার বুকে শুধু নয় প্রতিটি স্কুলের স্কুল মাষ্টারকে ছু ফেলে দিয়ে দলীয় লোককে বসিয়ে দেওয়া হয়েছিল হেড মাষ্টার, এ্যাসিসটেন্ট হেডমাষ্টার করে, কি মাষ্টার করে। তখন শিক্ষার ক্ষেত্রে এবং মাষ্টার মশাইদের যে নিরপত্তার অভাব ছিল তা আর দেখ পাওয়া যাবে না—এটা যদি বলি বিধান সভায় তাহলে সেটা অসত্য কথা কি অন্যায় কথা বলব ন সেদিন শ্রমিকদের দাবী-দাওয়ার নামে লক আউট, লে-অফ, ক্লোজার করিয়ে দেওয়া হয়েছিল অবস্থা আজ নেই। সেই লক-অউট, লে-অফ, ক্লোজার তুলে দিয়ে ত্রিপাক্ষিক কিংবা দ্বিপাক্ষি আলোচনার মাধ্যমে শান্তিপুর্ণ অবস্থা পশ্চিমবাংলার ক্ষেত্রে এবং তার শিল্পের অগ্রগতিকে অব্যা রাখতে চেষ্টা চলেছে। পশ্চিমবংগের শিল্পপতি, শ্রমিক আজকে উৎপাদন বৃদ্ধির জন্য চেষ্টা করে চলেছে

[3-55—4·05 p.m.]

সেজন্য আমি বলব সমালোচনার জন্য যদি সমালোচনা করতে হয় নিশ্চয় সমালোচনা সেখা সমালোচনা অগ্রাধিকার পাবে। সাধারণ প্রশাসন মানে ত্রুটি বিচ্যুতি থাকবে একথা কেউ অস্বীকা

করে না। এই কথা বলে অতীত দিনের কথা স্মরণ করিয়ে দিয়ে পশ্চিমবঙ্গ অধিবাসীদের অনুরোধ করব এই ৪ মাসে আপনারা যা দেখেছেন তাতে আগামী ৫ বছর আমাদের সুযোগ দিতে হবে এবং তাহলে আমরা একটা শান্তিপূর্ণ পরিবেশ এখানে সৃষ্টি করব। দুর্নীতি মুক্ত প্রশাসন আমরা চাই। কিন্তু Writers Bldgs.-এ প্রশাসনের মাথার উপরে যাঁরা বসে রয়েছেন তাঁদের সেখানে দুর্নীতি চলছে। আজ স্বাস্থ্য বিভাগের যিনি Secretary রয়েছেন তার মধ্যে দুর্নীতি ভর্তি রয়েছে। promotion-এর ক্ষেত্রে তিনি স্বজনপোষণ দেখিয়ে এসেছেন, সে সমস্ত বিষয়ে যদি বলতে যাই তাহলে অনেক সময় লাগবে। তিন তিনটা রাজ্যপাল এ সম্বন্ধে অনেক মন্তব্য করে গেছেন। কিন্তু সে সব file কেন বন্ধ হয়ে আছে? শরণার্থীদের ঔষধ কেনার ব্যাপারে টাকা কোথায় চলে গেছে সেসব দেখতে হবে। এই খাতে আলোচনা করতে গিয়ে Vigilance Commission-এর কথা বলা হয়েছে। Vigilance Commission-এর কথা আলোচনা করতে গিয়ে দেখা যাবে যে সেখানে Enquiry করতে গিয়ে অনেক delay করা হয়। আজ একথা ঠিক যে Vigilance Commission-এ অত্যন্ত দক্ষ লোক বসাতে হবে এবং খুব speedy কাজ করতে হবে। দুর্নীতির ব্যাপারে যারা জড়িত থাকবে তাদের ব্যাপারে হস্তক্ষেপ করে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। আজ ভূমি রাজস্ব বিভাগে যদি দেখি তাহলে একথা মনে পড়বে যে, যে সমস্ত বর্গাচাষী, ছোট ছোট চাষী, ক্ষেতমজুর তাদের স্বার্থ রক্ষণা-বেক্ষণ করার জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ এবং তারজন্য আইন তৈরী হয়েছে। আজ বলা হয়েছে যে ৭৫/২৫ ভাগ ফসল বর্গাচাষী পাবে। কিন্তু আজ দেখতে পাওয়া যাচ্ছে ২৪-পরগণা, বর্দ্ধমান ইত্যাদি অনেকটা জায়গায় কোন কোন রাজনৈতিক দলের দ্বারা সাহায্যপুষ্ট হয়ে কেউ কেউ একটা গণ movement করার চেষ্টা করছে যে এ জিনিস হবে না। তারা নিশ্চয় কংগ্রেসের লোক নয়, প্রগতিশীল মোর্চার লোক নয়। C.P.I. Congress-এর নাম করে অন্য এক শ্রেণীর লোক যা জোতদারদের হাত শক্ত করার উদ্দেশ্যে বর্গাচাষী উচ্ছেদ করার একটা অপপ্রয়াস চালিয়ে যাচ্ছে এবং এতে করে এই সরকারকে জনসাধারণের কাছে হেয় প্রতিপন্ন করার জন্য চেষ্টা করছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করব যে, আপনি স্বরাষ্ট্র মন্ত্রীও বটে, আপনার হাতে অনেক ক্ষমতা আছে, আপনি দয়া করে এই দিকে নজর দিন, আপনার প্রশাসনকে বলুন বর্গাচাষী, ছোট ছোট চাষীদের স্বার্থ যাতে সংরক্ষিত হয় তারজন্য তারা যেন ৭৫/২৫ ভাগ ফসল দেওয়ার জন্য জনসাধারণের সামনে একটা প্রচারের ব্যবস্থা করেন। কেননা জনসাধারণের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা চলেছে। আমরা যে আইন তৈরী করেছি সেই আইনকে বাস্তবে রূপ দেওয়ার জন্য সরকার জনসাধারণকে সহযোগিতা করবেন সেই বিশ্বাস রেখে সেই সাহায্য চেয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকানাই ভৌমিক:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বাজেটের বিভিন্ন খাতের বরাদ্দের আলোচনা শেষ করার পর প্রায় শেষ দিকে সাধারণ প্রশাসনের আলোচনা এসেছে। স্যার আপনি জানেন যে আমাদের এই পশ্চিমবাংলা নানা সমস্যায় জর্জরিত। এখানে বেকার সমস্যা এত বেশী, নানা দিকে এত সমস্যা আছে যে এখানে যতই ভাল সিদ্ধান্ত গ্রহণ করি না কেন, যত টাকা বরাদ্দ করি না কেন, যদি সাধারণ প্রশাসন যন্ত্র ঠিকমত জনসাধারণের স্বার্থে যে কথা বলে আমাদের এই পি. ডি. এফ. সরকার, ১৭ দফা কর্মসূচীর মধ্যে প্রশাসনকে দুর্নীতি মুক্ত করা, পক্ষপাতিত্ব মুক্ত করা, দলবাজী মুক্ত করা, দেশের উইকার সেকসানের দিকে নজর দিয়ে ভেস্টেড ইন্টারেস্টের বিরুদ্ধে সংগ্রাম পরিচালনার যে কর্মসূচী নিয়েছি এবং যে কর্মসূচীর উপর দাঁড়িয়ে একেবারে বাজেটে যেসমস্ত কথা যেসমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছে সেই প্রতিশ্রুতি পূরণ করার উপযোগী শাসন কাঠামো যদি আমরা বদলাতে না পারি তাহলে সমস্ত প্রতিশ্রুতি শুধু কথার কথা থেকে যাবে, সেই দুর্নীতি, অন্যায়,

সেই পক্ষপাতিত্ব সেই ঘুষ, সেই আমলাতন্ত্রের শাসন চলবে যার জন্য আমি খুব মনোযোগ সহক শুনছিলাম যে আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় কি বলেন। আমি বলতে বাধ্য কাঠামো নিয়ে আমাদের সরকারকে চলতে হবে সেই কাঠামোর গুরুতর পরিবর্তন ছাড়া যতই ভাল কথা বলা হোক না কেন, তা যে হতে পারে না এই কথা তিনি পরিষ্কারভাবে বলতে পারেন বৃটিশ আমলের তৈরী করা আই সি এস ব্যবস্থার মাধ্যমে আমলাতান্ত্রিক কাঠামোর মাধ্যমে আমা বাংলাদেশের শাসন যন্ত্র চলছে, যার জন্য আমাদের জনগণের শাসন না হয়ে আজকে আমলাতন্ত্রের শা পরিণত হয়েছে যে শাসন যন্ত্রের বিরুদ্ধে সাধারণ মানুষ শুধু নয় যারা জনসাধারণের প্রতিনিধি আ যারা এম. এল. এ. রা এখানে এসেছি তারা প্রতিদিন প্রতিনিয়ত বলে যাচ্ছি। শাসন যন্ত্রের ঔবহেল বিরুদ্ধে, দুর্নীতির বিরুদ্ধে অমানুষিক ব্যবহারের বিরুদ্ধে আমরা বলে যাচ্ছি। সেই কাঠামো ভাঙ্গবার জন্য, পরিবর্তন করবার জন্য কি ব্যবস্থা তিনি নেবেন তার কোন ইংগিত তাঁর বক্তৃ আমরা পাইনি। আমি এই কথা বলতে চাই কোন সরকার যদি তাঁর নীতি কার্যকরী করতে চ তাহলে যে যন্ত্র দিয়ে তিনি কার্যকরী করবেন সেই শাসনযন্ত্র তার ইচ্ছামত করে তৈরী করতে না পার হবে না। আমরা জানি যে লক্ষ্য আমরা রেখেছি যে পশ্চিমবঙ্গকে আমরা নানা দিক দিয়ে গড় পশ্চিমবাংলার যেসব অসুবিধা হয়েছে, মাননীয় আবদুল বারি বিশ্বাস মহাশয় বলেছেন যে যুক্তফ্র আমলে কিছু কিছু অন্যায় অবিচার হয়েছে, তার প্রতিকার করবার জন্য এই সরকার বি . . করবেন।

[4-05—4-15 p.m.]

যে পুরানো কাঠামোর মধ্য থেকে এই সমস্ত জিনিষ হয়েছে, যে আইনের গণ্ডীর মধ্য দিয়ে এ সমস্ত আই, সি, এস অফিসাররা, এই সমস্ত ম্যাজিসট্রেটরা কাজ করে গেছেন সেটা তাঁরা এখ কিভাবে করবেন তার শক্তি কোথায়? আমরা জানি পশ্চিমবাংলাকে নূতন পরিবর্তনের দিকে নি যাবার জন্য আজকে জনসাধারণ এত বেশী সংখ্যায় পি, ডি, এফ-কে ভোট দিয়েছেন। আমরা জা পশ্চিমবাংলার মানুষ আর পুরানো ভাবে বাঁচতে চায়না। ১৯৬৭ সালে তারা অতুল্য ঘোষের যু কংগ্রেসকে ছেড়ে দিয়েছিল যুক্তফ্রন্ট সরকার রচনা হয়েছিল। কিন্তু তারাও যখন অন্যায় করেছে জনসাধারণের আশা পূরণ করতে পারেনি তখন জনসাধারণ তাঁদেরও বদলাল। তাঁরা অবশ্য কি কিছু কাজ করেছিলেন, কিন্তু মূলতঃ যে জিনিষ বাংলাদেশের মানুষ চেয়েছিলেন সেটা তাঁরা পূ করতে পারেননি বলে জনসাধারণ যুক্তফ্রন্ট সরকারকে বদলাল এবং পি ডি এফ-কে সমর্থন করল আজকে চালিকা শক্তি একজন আই সি এস অফিসার নয়, আজকে চালিকা শক্তি হচ্ছে বাংলাদেশে গণসচেতন মানুষ, বিপ্লবী মানুষ, সংগ্রামী মানুষ। সেইজন্য আমি বলতে চাই আই সি এস ব্যব যেটা রয়েছে সেটা রোধ হবে কি? তাঁদের হাতে যে ক্ষমতা দেয়া হয়েছে বৃটিশ আমলের তৈরী ক শাসনযন্ত্রের মাধ্যমে সেটা বদলান হবে কি? যে শিক্ষা পদ্ধতি রয়েছে সেই শিক্ষা পদ্ধতি বদলান হ কি এবং তার বদলে নুতন ধরণের দেশপ্রেম আমাদের দেশের ওই সমস্ত কর্মচারীদের ট্রেনিং এ মধ্যে দেওয়া হবে কি? আমাদের দেশের আই সি এস্ এবং আই এ এস্ অফিসারদের সাত্যিকারে জনসাধারণের সেবক হিসাবে গড়ে তোলার জন্য কোন কোর্স তৈরী করা হবে কি এবং তাকে কার্যক করবার জন্য কোন ব্যবস্থা হবে কি? আমরা জানি এবং প্রতিদিনই দেখছি এই আমলাতন্ত্রের হা কি ক্ষমতা আছে। আমি বেশী দূর যাবনা, সম্প্রতি মালদহ এবং পশ্চিম দিনাজপুরে যে খরা দে দিয়েছে সে সম্বন্ধে আমাদের মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে ভীষণ খরা দেখা দিয়েছে এব এমন কি অনাহারে মৃত্যু পর্যন্ত ঘটেছে। এই ব্যাপারে তিনি মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছেন, রিলি মিনিষ্টারকে বলেছেন এবং বোধ হয় ক্যাবিনেটেও আলোচনা করেছেন এগুলি আমরা খবরে

কাগজে দেখেছি। কিন্তু বাস্তবে কি দেখছি? মন্ত্রীর রিপোর্টের উপর ভরসা নেই, এম এল এ-র রিপোর্টের উপর ভরসা নেই, দেখা হচ্ছে ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট কি রিপোর্ট দিলেন। ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বললেন খরা হয়েছে বটে, কিন্তু অনাহারে মৃত্যু প্রভৃতি হিসাব হয়নি। একজন ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের রিপোর্ট এবং একজন মন্ত্রীর চিঠির মধ্যে যখন আমরা দেখি পশ্চিমবাংলার শাসন ব্যবস্থার মধ্যে একজন মন্ত্রীর রিপোর্টে, একজন মন্ত্রীর বিবৃতির চেয়ে একজন ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের বিবৃতির উপর গুরুত্ব দেওয়া হয় তখন বলার আর কি থাকতে পারে। ডিসট্রিক্ট ম্যাজিষ্ট্রেট কিন্তু নিজে এসে খবর আনেন না। তিনি এস ডি ওকে বলেন এবং এস ডি. ও. আবার বি. ডি. ও-কে বলেন। বি. ডি. ও. তখন বলেন, যাও হে, দেখ এস তো অনাহারে মরেছে না শাকপাতা খেয়ে মরেছে। এইভাবে যে রিপোর্ট আসে সেই রিপোর্ট দেওয়া হয়েছে কিনা সেই প্রশ্ন আমার মনে আসছে। আমরা চোখের সামনে দেখছি শাসনযন্ত্র জনপ্রতিনিধিদের উপর নির্ভরশীল না হয়ে আমলাতন্ত্রের উপর নির্ভরশীল হয়ে রয়েছে এবং এইভাবে তাঁরা চালাচ্ছেন। তারপর আপনারা লক্ষ্য করুন আমরা এম এল এ-রা এখানে প্রতিদিন যে সব অভিযোগ করছি তার কোন প্রতিকার হচ্ছে কি এই সিসটেমে? এই সিসটেম না বদলালে এর কোন প্রতিকার হবে না। আমাদের এই সমস্ত কথা ওই সমস্ত ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, এস ডি. ও-র কাছে যাবে এবং তাঁদের বলা হবে, বল, এগুলি ঠিক কিনা? তাঁরা সুন্দরভাবে পালিশ করে কথা বলবেন এবং কিভাবে জনসাধারণের প্রতিনিধিদের দূরে রাখা যায় সেইভাবে রিপোর্ট পাঠাবেন। বর্তমানে যে অবস্থা দেখছি তাতে তাঁরাই সরকার চালাবেন এবং সেইভাবে কাজ করবেন।

তারপরে দেখুন সরকার সিদ্ধান্ত নিয়েছেন অনেক বড় বড় অফিসার আছেন, কিন্তু সেই সিদ্ধান্তকে কার্যকরী করবার জন্য আমাদের অফিসারদের দায়িত্ব, না কার দায়িত্ব তা বোঝাবার উপায় নেই। গত ডেমোক্রাটিক কোয়ালিশন ফ্রন্ট সরকারের পর কতকগুলি সিদ্ধান্ত নিয়েছিলেন যে কৃষকদের উপর যে সমস্ত ফ্লিমজি গ্রাউণ্ডে কেস করা হয়েছে তা ভেরিফাই করে উইথড্র করতে হবে। কিন্তু আজ পর্যন্ত একটা কেসও উইথড্র হয়নি। তারপরে এক বছর চলে গেল আমাদের নতুন গভর্ণমেণ্ট আসার পর বারে বার সেসব কথা উঠেছে কিন্তু তা আজও কার্যকরী করা যাচ্ছে না, সেই সমস্ত কৃষকদের ফ্লিমজি গ্রাউণ্ডে হয়রানি করা হচ্ছে। জোতদারেরা বা ভেষ্টেড ইন্টারেষ্টরা যে সমস্ত কেস করেছে, যার জন্য কৃষকদের হয়রানি হতে হচ্ছে এই সরকারও সিদ্ধান্ত করেছিল কেসগুলি তুলে নেবার জন্য, কিন্তু তাও আজ পর্যন্ত কার্যকরী হয়নি এমনি আমাদের শাসনযন্ত্র। এমনি করেই আমাদের উপরতলার শাসনযন্ত্র চলছে। মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে একথা বুঝাতে হবে, আপনি যতই চেষ্টা করুন কিছুই করতে পারবেন না, এমন ধরণের কাঠামো হয়ে রয়েছে। ঠিক তেমনি আমরা বলছি যে সারপ্লাস ল্যাণ্ড থেকে যাতে ভাগচাষীরা উচ্ছেদ না হয় এবং বর্গাদারদের উপর ভেষ্টেড ইন্টারেষ্টের তরফ থেকে যে সমস্ত আক্রমণ হচ্ছে তাকে বন্ধ করতে হবে। কিন্তু কি যন্ত্র দিয়ে করবেন? ভেষ্টেড ইন্টারেষ্টের বিরুদ্ধে যে যন্ত্র দিয়ে তদন্ত করবেন সেসব যন্ত্র ভেষ্টেড ইন্টারেষ্টের পক্ষে। সুতরাং আপনি যদি সেই শাসনযন্ত্রকে আমুল পরিবর্তন করতে না পারেন, আপনার যতই বলিষ্ঠ নীতি থাকুক না কেন, তা আসলে কার্যকরী হবে না। আজকে কথা উঠেছে ডি. এম-দের ক্ষমতা দিতে হবে। ডি. এম. রা আরো বেশী ক্ষমতা চেয়েছে। আমি বলব যে ক্ষমতা তাদের হাতে আছে একবার দয়া করে রিভিয়্যু করবেন কি, তাদের হাতে যে দায়িত্ব আছে তারা তা প্রতিপালন করছেন কিনা, কিভাবে করছেন, কেন করতে পারছেন না, তাদের হাতে আরো দায়িত্ব দিলে তারা সেটা কার্যকরী করতে পারবেন কিনা? আমরা সবাই জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ভাল করেই জানেন যে একজন ডি. এম.-এর তার কাজের শেষ নাই। তিনি বোধ হয় কত গণ্ডা কমিটির চেয়ারম্যান তা ঠিক নেই। তিনি প্রত্যেক কমিটির চেয়ারম্যান, না হয় কনভেনার এবং তার কাজ একদিকে ম

এণ্ড অর্ডার, আর একদিকে শাসন পরিচালনা করা এই সমস্ত মিলিয়ে তার কাজ। তারপর আবার ভার দেওয়া হচ্ছে টেকনিক্যাল এক্সপার্টদের, টেকনিক্যাল এক্সিকিউটিভ অফিসারদের উপর তদারক করবার। এই রকম কথা ভাবা হচ্ছে। তাদের কনফিডেনসিয়াল রিপোর্ট তিনি লিখবেন। তার হাতে শাসনযন্ত্রের আওতারে সমস্ত টেকনিক্যাল ষ্টাফের উপর তদারকের ভার দেওয়া হচ্ছে, সেই অনুযায়ী চিন্তা ও বিবেচনা করা হচ্ছে। শাসনযন্ত্রের মধ্যে তারা পরিবর্তন করবার জায়গা পেলেন শুধু ডি. এম.-দের ক্ষমতা বাড়িয়ে—জনগণের হাতে ক্ষমতা দেবার জন্য কোন পরিবর্তন নয়। তাকি অনুরোধ করে বলব যে সমগ্র শাসনযন্ত্রের মধ্যে যেখানে চাবিকাঠি জনসাধারণকে ক্ষমতায় আনা, তার ব্যবস্থা করুন। তা নয়, একদিকে বক্তৃতা দেবেন জনসাধারণ আমাকে কো-অপারেট করুন। আমরা জনসাধারণের কো-অপারেশন চাই। এমন জায়গায় আপনারা বেঁধে রেখেছেন যে কি করে কো-অপারেশন হবে? আজকে জনসাধারণ যদি একটা স্কীম পাশ করতে চায় তাহলে তার পদ্ধতিটা কি? পদ্ধতি হচ্ছে বি. ডি. ও. থেকে আরম্ভ করে রাইটার্স বিল্ডিংসে যেতে হবে। প্রথমে এস. ডি. ও.র কাছে যেতে হবে, তারপর তাকে যেতে হবে ডি. এম এর কাছে, তারপর কমিশনারের কাছে, তারপর রাইটার্স বিল্ডিংসে যাবে, সেখানে সেক্রেটারি দেখবেন, ডেপুটি সেক্রেটারি দেখবেন, তারপর মন্ত্রীর কাছে যাবে এবং শেষে তিনি অর্ডার দেবেন এবং শেষে আবার ঐ চ্যানেলে ঘুরে আসবে। আমি বলছি কেন সরলীকরণ করা যায় না? দুনিয়াতে বিভিন্ন দেশে, বিভিন্ন রাষ্ট্রে যদি সরলীকরণ চলে, সেই রকম আমাদের এখানে কেন সরলীকরণ করা যায় না? জনসাধারণ ডাইরেক্টলি অথারিটির কাছে যেতে পারে তার জন্য ব্যবস্থা করা যায় না? রাইটার্স বিল্ডিংসে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করে রাখতে হবে? এই যে শাসনযন্ত্রের মধ্যে বটলনেক হয়ে আছে এটা সরলীকরণ করা দরকার।

[4-15—4-25 p.m.]

সেই জিনিস হবে কবে? সেই জিনিস না করে কি আপনি এই সমস্ত শাসন ব্যবস্থার পরিবর্তন আনতে পারবেন? তার চেয়েও গুরুতর কথা দায়িত্ব, এটা হচ্ছে না। গভর্ণমেণ্ট সিদ্ধান্ত করছেন জনসাধারণের টাকা আসছে—ট্যাক্সের টাকা, সেই টাকা খরচ হবে কাকে আমি দায়ী করবো? আমাদের ল্যাণ্ড রিফর্ম হলনা, আমাদের সারপ্লাস জমি পাওয়া গেল না, আমাদের ভাগচাষীদের ন্যায্য অধিকার দেওয়া হলনা, আমি কাকে দায়ী করবো? মন্ত্রীকে দায়ী করবো? তিনি বলবেন অফিসারকে করবো, সেক্রেটারীকে বলেছি। সেক্রেটারীকে বললে তিনি বলবেন যে আমি ডিষ্ট্রীকট ম্যাজিষ্ট্রেটকে বলেছি। কে দায়ী, কেন কাজ হচ্ছে না? প্রত্যেকটি ডিপার্টমেণ্ট কার দায়িত্বে আছে? আমাদের অফিসারের অভাব নেই, আমাদের কর্মচারীর অভাব নেই। আমাদের শাসনতন্ত্র টপ হেভি, সবাই বলেছেন মাথা ভারি শাসনযন্ত্র, কিন্তু ধরবার কারো উপায় নেই। কাকে ধরবেন? কেন আমাদের পশ্চিমবঙ্গে আজকে ১৯৬৩ থেকে ২৫ একরের জমির সিলিং আইন থাকা সত্ত্বেও কেন আজকে জমি বের হচ্ছে না, কে দায়ী? আজকে কেন আমাদের ফর্ম দেবার কথা সত্ত্বেও যারা জমির মালিক তারা দেয় না। কে দায়ী, কাকে ধরে আমি সেই ব্যবস্থা অবলম্বন করতে পারি? কাউকে ধরবার কোন উপায় নেই। অথচ সব আছে, অফিসার আছে, তার কেরাণী আছে, তার সমস্ত জিনিস আছে, কিন্তু কার দায়িত্ব তা ধরবার কোন উপায় নেই। সেই জন্য শাসনযন্ত্রের মধ্যে এমন জিনিস আনতে হবে, এমন সিসটেম আনতে হবে যেন জনসাধারণ বুঝতে পারে, ধরতে পারে, কোন লোকের জন্য আমি জমি পাচ্ছি না। এই লোকের জন্য, এই অফিসারের জন্য আমাদের এই জিনিস হচ্ছে একথা জনসাধারণ জানতে পারে, পশ্চিমবাংলার জনসাধারণ সেই অফিসারকে—সে যত বড় অফিসারই হোক, অথবা

মন্ত্রীই হোক বা ক্ষমতাশালী ব্যক্তিই হোক, তার বিরুদ্ধে লড়াই করে সেই দাবী আদায় করতে পারবে। তারপর ধরুন, আমাদের এখানে কমিশনার আছে। খামাখা কমিশনার কেন? এটা আজকের কথা নয়, ১৯৫২ সাল থেকে প্রসিডিংস পড়ে আসুন সমস্ত এই জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশনের বক্তৃতা, সবাই বলেছেন কমিশনারের পদ তুলে দেওয়া উচিত। খামাখা এই ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং রাইটার্স বিল্ডিং-এর মধ্যে কমিশনার কেন? এ পর্যন্ত সেই সিদ্ধান্তটুকুও হয়নি। খামাখা দেরী হচ্ছে আমাদের ডিসিশন নিতে। অথচ সেই পথ আছে, এবং সেই সমস্ত ব্যবস্থা করা যায়। অপর দিকে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের ক্ষমতার কেন ডিষ্ট্রীবিউশন হবে না? এস, ডি, ওর ক্ষমতা, ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা, এই তিন ক্ষমতার মধ্যে কেন ডিসট্রিবিউট করে দেওয়া যায়না যাতে করে জনসাধারণ যে স্তরে যার কাছে গেলে সোজাসুজি নির্দেশ পেতে পারে, সোজাসুজি তার বরাদ্দ পেতে পারে, সোজাসুজি প্রশ্নের জবাব পেতে পারে সেই জিনিস এখানে কেন পারবেন না, এই ধরণের ব্যবস্থা কেন করা যায়না? এই সব পরিবর্তনের জন্য কোন বাধা নেই। এই সমস্ত জিনিস কেন করা হবেনা? তারপর ধরুন আমাদের এখানে দুটি ডিপার্টমেন্ট দু ভাগে ফাংশন করছে, সেক্রেটারিয়েট আছে, ডাইরেকটরেট আছে। ডাইরেকটরেট এবং সেক্রেটারিয়েট একই দপ্তর দু ভাবে কাজ করছে। ডাইরেকটরেট এবং সেক্রেটারিয়েট আর আলাদাভাবে রাখার দরকার আছে কিনা সেটা ভেবে দেখা দরকার। এই নিয়ে প্রশ্ন দীর্ঘদিন উঠেছে যে সেক্রেটারিয়েট এবং ডাইরেকটরেট দুই দফায় এই রকম করা উচিত কিনা, আরো সহজ করা যায় কিনা এবং সেই দিক থেকে অনেক প্যারাফার্নেলিয়া কমিয়ে দেওয়া যায় কিনা। এবং রাইটার্স বিলডিং-এ অনেক ভাল ভাল অফিসার যারা এখন এফিসিয়েন্ট বলে পরিচিত তাদের গ্রামাঞ্চলে বিভিন্ন ডিষ্ট্রীক্ট এ্যাডমিনিষ্ট্রেশনে এবং বিভিন্ন সাব ডিভিশনাল এ্যাডমিনিষ্ট্রেশনে বিভিন্ন দিকে পাঠান যায় কিনা। এখানে রাইটার্স বিল্ডিং-এ যত রকম বন্ধন, লাল ফিতার যত রকম কেরামতি ঐ লাল ঘরে হয়ে আসছে এবং সেই লাল ঘর থেকে যত কেরামতি চলছে। অথচ সেই লাল ঘরের কেরামতি ভাঙ্গবার জন্য কথা উঠেছে কিন্তু সেই অনুযায়ী কোন প্রচেষ্টা নেওয়া হয়নি। আমরা আশা করেছিলাম যে নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে এই পি, ডি, এফ, সরকার নতুনভাবে চালাবার চেষ্টা করবেন এবং সেই নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে সেই দিক থেকে নতুনভাবে পদক্ষেপ করবেন কিন্তু তাঁরা কি নিয়ে এলেন? দু একটি ঘটনা দেখতে পাচ্ছি সেই ঘটনা বরং একটু আশংকা সৃষ্টি করেছে।

প্রথমে তাঁরা বললেন ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেটের হাতে আরো বেশী ক্ষমতা তুলে দেবেন। এই সম্পর্কে তাঁরা একটু বিচার বিবেচনা করলেন না, রিভিউ করলেন না, সেই পরিকল্পনার ফলাফল কি হতে পারে না পারে।

আবার এখন শুনছি তাঁরা নাকি ও-সির হাতে আরো ক্ষমতা তুলে দিতে যাচ্ছেন খবরের কাগজে দেখলাম। আজ সমগ্র বাংলাদেশে বিভিন্ন সময়ে সে ইউ-এফ গভর্ণমেন্টই হোক বা অন্য কোন গভর্ণমেন্ট হোক—যে কোন সময়ে যদি কোন জায়গায় কোন পরিবর্তনের কথা ওঠে সব সময় কথা হলো থানা লেভেলে ক্ষমতা দেবার কথা উঠেছে—ও-সিকে ক্ষমতা দেওয়ার কথা ভাবা হচ্ছে। তার মানে কি? এমনিই দারোগার জ্বালায় জনগণ অস্থির, এমনি তারা কায়েমী স্বার্থবাদীর পক্ষে দাঁড়িয়েছে। তাদের সেই ক্ষমতা ভাঙ্গবার জন্য অনেক বেশী জনসাধারণের popular control স্থাপন করতে হবে। তার উপর আবার যদি তাদের হাতে বেশী ক্ষমতা দেওয়া হয়, তাহলে সর্বনাশ কাণ্ড হবে।

এখন আবার খবরের কাগজে দেখা যাচ্ছে এম. এল. এ মাত্রেই ৩০ জনকে চাকরী দিতে পারবেন। তার তালিকা নাকি বেরিয়েছে। কিন্তু আজ অবধি গভর্ণমেন্টের পক্ষ থেকে এর কোনরূপ

প্রতিবাদ করছেন না যে না, এ রকম দলবাজী ও পক্ষপাতিত্ব চলবে না। একটা দলের চাকরী দেওয়া মানে কী? চাকরীর ক্ষেত্রে দলীয় নীতি, চাকরীর ক্ষেত্রে পক্ষপাতিত্বের নীতি। আগেকার সিষ্টেম ছিল, যে ধারণা ছিল এ সম্পর্কে তা ভাঙ্গা উচিত। এই গভর্ণমেন্ট সেই ধারণা ভাঙ্গতে চায় তাঁরা সে কথা বলেছেন তাঁরা স্বজন পোষণ, স্বজন তোষণ করবেন না, দলবাজী বা পক্ষপাতিত্ব করবে না। সকলকে সমানভাবে বিচার করবেন—ন্যায় বিচার করবেন। কিন্তু এখন দাড়িয়েছে কী? জনকে এক একজন এম. এল. এ চাকরী দিতে পারবে। এই পদ্ধতিতে দলবাজির দলীয় পক্ষপাতিত্বে রাজনীতি প্রশ্রয় দেবে। আমি অনুরোধ করবো এই সরকারকে তাঁরা যেন এই পথে না যান আমাদের P. D. F. সরকারের এই কয়েক মাসের মধ্যে তাদের কাজের জন্য যে ইমেজ রচিত হয়ে তা যেন নষ্ট না হয়, তাঁরা যাতে আরো নতুন নতুন দিকে সরকারকে এগিয়ে নিয়ে যেতে পারেন তা প্রচেষ্টা যেন করেন।

আবার আসছে Police Verification, এই পুলিশ ভেরিফিকেসন আসছে কর্মচারীদে ক্ষেত্রে। তার মানে কী? তাঁরা বলছেন—মুখ্যমন্ত্রী বলেছেন পুলিস ভেরিফিকেসন কেন? যারা সাবোটেজ করবে এবং যারা সরকারের বিরোধিতা করবে, শত্রুতা করবে জনসাধারণের। যার anti-social elements তাদেরকে বেছে বের করবার জন্য দরকার। কেন? আপনাদের যে সাধারণ আইন আছে। যদি কেউ অন্যায় করেন, তাদের শাস্তি দিতে পারেন, 'মিসা' আইন আ ধরে রাখুন। চাকরী ক্ষেত্রে আবার পুলিশ ভেরিফিকেসন কেন? পুলিশ রিপোর্ট স্থানীয় দারোগাকে দিতে হয়—এই রিপোর্ট দেওয়ার ক্ষেত্রে ঘুষ ইত্যাদি নানা রকম লেনদেন পক্ষপাতিত্ব চলে। সেদিন থেকে এই পুলিশ রিপোর্ট দেওয়ার যে পদ্ধতি তাতে হাজার হাজার পশ্চিমবাংলার নিরপরাধ যুবকে হয়ত এই পুলিশ রিপোর্টে চাকরী হবে না। এই রিপোর্টের ফলে তারা সারাজীবন পরিকল্পনা করা করতে শেষ হয়ে যাবে। এই আমলাতান্ত্রিক পুলিশ রিপোর্টের ফল কোনদিন ভাল হয়নি, ভাল হ না, সেদিন আজ চলে গেছে। এই সম্পর্কে পরিবর্তন আসার দরকার আছে, এই জিনিস বিবেচন করার প্রয়োজন আছে।

তারপর দেখা যাচ্ছে আমাদের বর্ত্তমান যে কাঠামো এর মধ্যে ফাইন্যান্স ডিপার্টমেন্ট হচ্ছে স ডিপার্টমেন্টের উপরে বসে আছে। এখানে বাজেট বরাদ্দ পাশ করলে হবে না, আর একবার এ Finance Department-এর মধ্য দিয়ে পাশ করাতে হবে। শংকরবাবু এখন নাই। তিনি বলছে তবে তা কার্য্যকরী হবে। এই Finance Department সর্বোপরি কর্ত্তৃত্ব করছে। একটা জায়গা থেকে কন্ট্রোল করার যে পুরানো আমলাতান্ত্রিক পদ্ধতি ছিল, তা আজকে ভাঙ্গতে হবে। ভাঙ্গা হবে কিনা সে বিষয় চিন্তা করতে হবে। আজকে আমাদের সমস্ত শাসনযন্ত্রকে নতুন ভাবে ঢেলে সাজাতে হবে। আমরা তো জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিয়েছি। আমাদের সে প্রতিশ্রুতিও কার্যকরী করতে হবে। শুধু প্রতিশ্রুতি দিলেই হবে না, ভাল ভাল কথা বললেই হবে না আমরা clean administration করবো এই রকম বড় বড় কথা বললেই হবে না। বাস্তবে তা রূপায়িত করতে হবে।

[4-25—4-35 p.m.]

সর্ব্বশেষে আমি আবেদন করবো যে আমাদের এ বছর স্বাধীনতার ২৫তম উৎসব প্রতিপালিত হতে যাচ্ছে। আমাদের স্বাধীনতার ২৫ বছর পার হয়ে গেল। কিন্তু এখনও পর্যন্ত আমাদের সেই বৃটিশ আমলের যে কনডেমদ শাসন ব্যবস্থার যে আড়াকাঠি সেই ব্যবস্থা থেকে আমরা মুক্ত হতে

পারি নি। সেইজন্য বলছি আসুন আমরা স্বাধীনতার ২৫ বাৎসরিক পুর্তি থেকে আরম্ভ করি সাধারণ প্রশাসন খাতের শাসন ব্যবস্থাকে আমরা নতুন করে গড়ে তুলি। আমাদের পশ্চিম বাংলার যে চাহিদা আমাদের যে প্রমিজ সেই অনুযায়ী সেই উইকার সেকশনকে নতুন শাসন ব্যবস্থার মাধ্যমে সুস্থ সবল করে গড়ে তোলার চেষ্টা করি। এই আশা রেখে এই বাজেট বরাদ্দকে আমি সমর্থন করছি।

**শ্রীবিমল পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাদের রাষ্ট্রমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। আমি মনে করি যে এই বিধান সভায় বহু বাজেট পেশ করা হোল পুলিশ খাত, শিক্ষা খাত, কমিউনিটি ডেভেলপমেন্ট খাত, স্বাস্থ্য খাত, কিন্তু আমার মনে হয় সমস্ত বাজেটের মধ্যে আজকের এই বাজেট সব থেকে ইমপর্টেন্ট - খুবই গুরুত্ব আছে। পুলিশ খাতে বাজেট বরাদ্দ আমরা করেছি। এ কথা সত্য যে পুলিশ না থাকলে দেশের কোন প্রশাসন চলতে পারে না। সেই জন্য পুলিশ খাতে টাকা দিয়েছি। আমার মনে পড়ছে ১৯৬৭ সালের কথা যখন আমরা এখানে সদস্য হয়ে এসেছিলাম এই বিধান সভায় তখন দেখেছিলাম কি অবস্থা - মনে হত না যে দেশে একটা গভর্ণমেন্ট আছে। পুলিশের সামনে গুণ্ডারা আমাদের অপমান করছে, তারা নিষ্ক্রিয় হয়ে দাঁড়িয়ে আছে। আমাদের বর্তমান শিক্ষা মন্ত্রী শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় মহাশয় পুলিশ দাঁড়িয়ে গুণ্ডারা তার কাপড় ছিঁড়ে দিয়েছে তাকে গালিগালাজ করেছে, কিন্তু কোন ফল হয়নি। তখন ঐ প্রদ্যোৎ মহান্তিও আমাদের দলের লোক ছিলেন। আমরা দক্ষিণ গেট দিয়ে যাচ্ছি তখন গুণ্ডারা কি অত্যাচারই না করেছে। এই সব কথা যখন জ্যোতি বসুকে গিয়ে বললাম যে এই রকম অবস্থা হচ্ছে আপনার পুলিশ সেখানে দাঁড়িয়ে আছে—সেই পুলিশের সামনে অপমান করে—তারা কিছুই করছে না। তখন তিনি আমাদের বললেন যে, আপনারা ঐ গেট দিয়ে যান কেন। তখন তার উত্তর আমরা দিয়েছিলাম যে, যদি কোন কর্মচারী ঘুষ খায় তাহলে আপনি নিশ্চয় বলবেন যে ঐ কর্মচারীকে দিয়ে আপনারা কাজ করান কেন। প্রতি দিন তারা আমাদের জামা কাপড় তছনচ করে দিয়েছে। অতএব দেখা যাচ্ছে যে পুলিশ না থাকলে দেশের শান্তি শৃঙ্খলা কিছুই বজায় রাখা যায় না। তাই পুলিশ খাতে টাকা বরাদ্দ এবং ব্যয় করা দরকার। তবে পুলিশ যে কাজ করবে তা দেশের কল্যাণমূলক কাজ হওয়া চাই। আমার বাড়ীর পাশে থানা। আমার সংগে দারোগার গল্পচ্ছলে একটা কথা হয়েছিল। তিনি বললেন যে, তিনটি মার্ডার কেস এলেই তিন পুরুষ বসে খাওয়া যাবে। অর্থাৎ একটা মার্ডার কেসে হয়তো কেউ মার্ডার করেছে সে হয়ত গরীব লোক কি কেউ করে সরে পড়েছে। ওয়ারেন্ট বেরিয়ে গেল যত বড় বড় লোক আছে তাদের নামে—নন বেলেবল সেকসন। ভদ্রলোক, বড় লোকের ছেলে, ছয় মাস এক বছর তাকে জেলে থাকতে হবে। অমনি দু এক হাজার ঘুষ এসে গেল। অতএব পুলিশ যেখানে শান্তি আনতে পারে সেখানে আবার অরাজকতাও আনতে পারে। এই দিকে আমি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিনি যেন পুলিশকে কল্যাণমূলক কাজে নিয়োজিত করেন। স্বাস্থ্য বিভাগে আমরা টাকা দিয়েছি কারণ ঔষধ না খেলে বাঁচবে না। অথচ হাসপাতাল-গুলিতে যেখানে ঔষধ আছে সেখানে ডাক্তার নাই আবার যেখানে ডাক্তার আছে সেখানে ঔষধ নাই। এমনও আছে ডাক্তার নাই নার্স ঘুমাচ্ছে—লোক সেখানে গিয়ে চিকিৎসা পাচ্ছে না ঔষধ পাচ্ছে না। গতকাল আমরা বিচার বিভাগের টাকা বরাদ্দ করেছি। আপনি গিয়ে দেখে আসুন পেশকার বাবু বসে আছেন বহুদিনের কেস—লোকে সেই কেস নিয়ে হয়রানি হচ্ছে—সেখানে অপর পক্ষ ১০/২০ টাকা দিয়ে দিল—সেই কেসের দিনই পড়লো না। এই ভাবে লোকে দিনের পর দিন হয়রানি হচ্ছে—তার দিনই আর পড়ছে না।

আর নথীপত্র চান দেখবেন পেশকার হাকিমের সামনে বসে আছেন, তিনি এত কাজে ব্যস্ত যে আপনি নথীপত্র পাবেন না। [illegible]

যাবে। এইভাবে শিক্ষার দিকে দেখুন, শিক্ষা না হলে দেশের লোক মূর্খ হয়ে থাকবে, তারজ টাকার দরকার, মৃত্যুঞ্জয় বাবু টাকা চেয়েছিলেন আমরা সে টাকা মঞ্জুর করেছি। এই প্রসংগে দিন আমি বলেছিলাম যে এই শিক্ষার নামে টাকা নিয়ে কোথাও রাতারাতি সম্পাদক তিন ত বাড়ী করে ফেলেছেন, কোথাও হেড মাষ্টারের মোটা ব্যাংক ব্যালান্স হয়েছে। আমার নিজে জীবনের অভিজ্ঞতা থেকে বলছি যে একজন মাষ্টারকে ডিসমিস করা হয়েছে. প্রেসিডেন্ট ি টাকা নিয়ে বললে এটা ইললিগ্যাল, আর সেক্রেটারী বললেন এটা লিগ্যাল, এটা কি ক সম্ভব ? কাজেই সমস্ত দিকে আজকে আমাদের দৃষ্টি রাখতে হবে। প্রত্যেকটি খাতে যে টাকা আ বরাদ্দ করছি সেটা যাতে সৎব্যয় হয় সেটা আমাদের দেখতে হবে। আমাদের আবদুল বারি বি মহাশয় বলেছেন এই যে ল্যাণ্ড রিফর্মসে ভাগচাষী অফিসাররা বসে রয়েছেন সেখানে গর বর্গাদাররা ১২ আনা পয়সা নিয়ে কেস করতে এসে দেখলো সেই ভাগচাষী অফিসার বড় জোতদারদের কাছ থেকে টাকা নিয়ে তাদের উচ্ছেদ করে দিল। তাদের উপর ডিগ্রি চাপি বসল। আমার সময় সংক্ষেপ, ইতিমধ্যেই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আলোর সংকেত দিয়েছে আমি আমার বক্তৃতা দীর্ঘ করবো না, খালি রাষ্ট্রমন্ত্রীকে বলব যে, যে ব্যয় বরাদ্দ করা হচ্ছে ব্যয় বরাদ্দের প্রতিটি পয়সা যেন সদ্ব্যবহার হয়। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানি আমি শেষ করলাম।

**শ্রীশচীনন্দন সাউ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবংগের স্বরাষ্ট্র দপ্ত মাননীয় রাষ্ট্রমন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন জানাই। তিনি বক্তব্য রেখেছেন তাতে আমরা দেখেছি আমরা বিভিন্ন যে প্রতিশ্রুতি দিয়েছি তা আমরা পরি করতে চাই। স্যার, যুক্তফ্রন্টের আমলে আমরা লক্ষ্য করেছি সেই সময় পুলিশের কি অবস্থা ছি পুলিশ, মানুষকে চোখের সামনে দিনের বেলায় মেরেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জা বীরভূম জেলাতে পুলিশের কি তাণ্ডব চলেছিল। জনসাধারণ থানায় গিয়েছে এই বলতে যে অ মেরেছে বা খুন করেছে, পুলিশ যায়নি, পুলিশ চুপচাপ ছিল। আজকে এই সরকার হবার স সংগে আমাদের জেলার মানুষ শান্তিতে, স্বস্তিতে বাস করছে। যে বীরভূমের সিউড়ি বা বোলপ মানুষ রাত্রি বেলা দূরের কথা দিনের বেলাতেও যেতে পারতো না সেখানে আজকে শান্তি ফি এসেছে। স্যার, পুলিশের মধ্যে দোষ ত্রুটি আছে নিশ্চয়, কিন্তু সেটা শোধরাবার দায়িত্ব আমরা নিয়ে এবং তা নিয়েছি বলেই আজকে দক্ষ এবং সৎ কর্মচারীর প্রয়োজন আছে। সেদিকে আমা সরকার সজাগ রয়েছেন, চিন্তা করছেন এবং আমাদের মন্ত্রীমণ্ডলী সেই পথেই এগুচ্ছেন। আজ পুলিশ রিপোর্ট সম্বন্ধে শুনলাম। পুলিশ রিপোর্ট যদি না নেওয়া হয় তাহলে কি করে জানা যে কারুর ব্যক্তিগত জীবনে কি আছে না আছে। কাজেই সেটা যদি জানতে হয় তাহলে পু রিপোর্টের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। সুতরাং আমাদের সরকারের সিদ্ধান্তকে আমি পুরো সমর্থন করি। বিভিন্ন প্ল্যানের ব্যাপারে আমরা দেখছি জেলা সমাহর্তা—আগের সরকারের আ দেখা গিয়েছে এক দপ্তরের সংগে অন্য দপ্তরের সুপারইনটেনডেন্টের সংগে যেমন ইরিগেসান ডিপ মেন্টের সুপারইনটেনডেন্টের ডি. এম.-এর সংগে পরামর্শ করছেন না, এগ্রিকালচার ডিপার্টমে যিনি হেড তিনি ডি. এম.-এর সংগে পরামর্শ করছেন না ইত্যাদি। কাজেই আমাদের সর আজকে জেলার প্রশাসনকে এক জায়গায় আবদ্ধ করার জন্য ডি. এম.-কে ক্ষমতা দিয়েছেন। মিনিষ্ট্রেসানে আমরা লক্ষ্য করছি নতুন দিন ফিরে এসেছে।

[4-35—4-45 p.m.]

আজকে পরিষ্কার কথা সরকার এগিয়ে চলেছে এবং সমস্ত দিক থেকে দুর্নীতিপরায়ণ

সমস্ত অভিযোগ ইতিপূর্বে উত্থাপিত হত সেই দুর্নীতিপরায়ণের বিরুদ্ধে কোন স্টেপ নেওয়া হত না, কিন্তু আমাদের এই সরকার সেই দুর্নীতিপরায়ণতার বিরুদ্ধে প্রতি ক্ষেত্রে কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করছেন। গতকাল আমি হেলথ ডিপার্টমেন্টের ব্যাপারে আমার জেলার স্বাস্থ্য দপ্তরের কথা বলেছিলাম। গোবিন্দচন্দ্র নস্কর মহাশয় সেখানে গিয়েছিলেন। তিনি হুকুম দিয়েছেন সরকারী কর্মচারীরা তা পালন করেননি। কিন্তু আমি দেখলাম তিনি সো কজ করেছেন, এক্স-প্ল্যানেসন চেয়েছেন যে কেন এই জিনিস হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় রাষ্ট্র মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আমরা যে দায়িত্ব নিয়েছি সেই দায়িত্ব পালন করবো এবং সেই পথেই আমাদের এই সরকার চলেছেন। দুর্নীতিমুক্ত সমাজ গঠন করতে আমরা বদ্ধপরিকর, জনহিতকর কাজ করতে আজকে বদ্ধ পরিকর, মানুষের জীবনের মানোন্নয়ন করতে আমরা আজকে বদ্ধপরিকর, সেই ভাবেই আমাদের সরকার পরিকল্পনা নিয়েছেন এবং সেই পরিকল্পনাকে স্বার্থক করে তোলার জন্য আমরাও বদ্ধপরিকর এবং সেই ভাবেই আমরা এগিয়ে চলেছি। আমাদের সরকারও সেইভাবে একটির পর একটি নজির স্থাপন করছেন যা নাকি ইতিপূর্বে এখানে আর কোন সরকার করেননি। তাই আমি আজ এই ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীতুহিনকুমার সামন্ত ঃ** শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সাধারণ প্রশাসন খাতে ব্যয় বরাদ্দ মঞ্জুরী বাজেটকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলব। বাজেট যখন পাশ করাতেই হবে তখন কয়েকটি চিত্র তুলে ধরি। হ্যাঁ, একটি অফিস একটি চিত্র। অফিস-এ চেয়ার আছে। চেয়ারের উপর একটি কালো কোট আছে অথবা একটি চাদর আছে। গ্রামের সাধারণ মানুষ কোন কাজের জন্য গিয়ে অফিসে জিজ্ঞাসা করলো—উনি কোথায় গেলেন? এই মাত্র বেরিয়ে গেলেন, আসছেন। কখন আসবেন? এক ঘণ্টা পরে আসবেন। এক ঘণ্টা পরে আবার যাওয়া হল। উনি এই মাত্র বেরিয়ে গেলেন। কখন আসবেন? একটু পরে আসবেন। সকাল ১০টা থেকে কোট কিন্তু ঠিক চেয়ারে ঝুলছে, ৫টার সময় পর্যন্ত চেয়ারের লোক পাওয়া যায় না। গ্রাম বাংলার সাধারণ মানুষ কিন্তু এই এ্যাডমিনিসট্রেসনে হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। এই প্রশাসনের উপর সাধারণ মানুষের কোন আস্থা নেই। তারা জেনে নিয়েছে যে এই প্রশাসন দিয়ে সাধারণ মানুষের কোন কাজ হতে পারে না। গ্রামের গরীব মানুষেরা যখন একটি পচা বের করতে যাবে তখন তাদের দিকে হাত বের করেই থাকে, এটা আমরা দেখেছি। আবার তাদের মধ্যে যদি কেউ খালি গায়ে কোন চাষী ভাই যায় তাহলে ১০/১২ বার বাবু বাবু করেও সাড়া পাওয়া যায় না। পাঞ্জাবী পরা বাবু গেলে তবু দু একটা কথা বলে। এবার আমি রাইটার্স বিল্ডিংসের চিত্রের দিকে আসি। একজন এম. এল. এ কে হয়ত কোন অফিসারের ঘরে স্লিপ দিয়ে ঢুকতে হয় কোন গুরুত্বপূর্ণ কাজে এবং আমি দেখেছি সেখানে অধিকাংশ ক্ষেত্রেই তার কোন নিরসন হয় না। সেখানে অমুক দিন, তমুক দিন, দিন, সেকশান ইত্যাদি ইত্যাদি দেখানো হয়। তাই আমি বলতে চাই এই রাইটার্স বিল্ডিং থেকে আরম্ভ করে গ্রামের শেষ প্রান্তে অবস্থিত জে. এল. আর. ও. অফিস পর্যন্ত যদি ক্ষমতা—পাওয়ার ডিসেণ্ট্রালাইজ করা না যায় তাহলে এই প্রশাসন ব্যবস্থায় কিছু হবে না। রাইটার্স বিলডিংসেই সমস্ত ক্ষমতা একীভূত হয়ে আছে, এক-কেন্দ্রীকরণ হয়ে গেছে। টেকনিক্যাল, নন-টেকনিক্যালের ব্যাপারে প্রদ্যোৎবাবু উল্লেখ করেছেন, সে বিষয়ে আমি আর বলতে চাই না। প্রশাসন বিভাগকে যদি আমরা এক্সপার্টাইজ করতে না পারি তাহলে প্রশাসনই চলতে পারে না। রাইটার্স বিলডিংসে ২ জন সেক্রেটারী যদি থাকে এক জন সেক্রেটারীকে সেই ডিপার্টমেণ্টে এক্সপার্টাইজ হতে হবে। এই পদ্ধতি নিয়ে যদি

আমরা না চলি তাহলে প্রশাসন চলতে পারে না। কমন পিপল বি. এ., এম. এ. পাশ আই. এ. এস. অফিসার হয়ে গেছেন, এক্সপার্টাইজ হতে পারেন নি। তার দ্বারা সমস্ত বিষয়, জিনিস বোঝা সম্ভব নয়। তিনি হয়তো এগ্রিকালচার বুঝতে পারেন, কিন্তু এডুকেশান নাও বু পারেন। আমরা ধরে নিই যেহেতু তিনি আই. এ. এস. অফিসার সেহেতু তিনি সব কিছু জা কেন না তিনি রাইটার্সের আই. এ. এস. অফিসার।

চক্রের কথা বলি privilege class তারা, Secretary এবং Commissioner সম্বন্ধে কিছু আগে কথা হয়েছে। আগে Secretary থেকে Commissioner rank পর্যন্ত যেত। অনেক IAS. Commissioner হতে চাননা কারণ,—Writers' Buildings থেকে বে যেতে হবে। সরকারী প্রশাসন খাতে আমরা নিশ্চয়ই টাকা বরাদ্দ মঞ্জুর করবো, কিন্তু এটা এই ভাবে হবে? Secretary Commissioner হতে চান না, Writers' Buildings ছা চান না। Next manকে proposal দেওয়া হল, তিনিও যেতে চান না, আগে মুখ শুঁকাশুঁকি হয়ে আছে। তারপর এক জনকে বলা হল, তিনিও গেলেন না। তারপর বছরের junior officer, তিনি Commissioner হয়ে গেলেন। সঙ্গে সঙ্গে সেই স IAS. officerরা নিজেরা বসে একটা আলোচনা করে দাবী দাওয়া করে গেল Commissioner এর post এ বেশী মাইনে পায়। তারা বললেন যে আমরা senior offic junior officerরা Commissioner হয়ে গেল, আমাদের থেকে ৫০০ টাকা বেশী মাইনে পাবে এবং আমরা senior officer ৫০০ টাকা কম মাইনে পাবো? আমাদের মাইনে বাড়িয়ে দ এবং তারা নিজেরা সেটা vote এ census করে মাইনে বাড়িয়ে নিলেন, বছরে ১৪ লক্ষ টাকা ভাবে গেল। প্রশাসন যন্ত্র কি এই ভাবে চলবে? প্রশাসন যন্ত্রের এই তুঘলকী ব্যবস্থার অব চাই। file এর অবস্থা দেখুন, আমি জানিনা কোন Commissioner বা Secretaryর ক file ঠিক ভাবে noting হয় কি না। Department এর অধঃস্তন clerk actual গুরুত্ব অনুব তারা note দেয়। অনেক সময় দেখা যায় তার noting ঠিক হচ্ছে না। এই যদি অবস্থা হ আমরা যে প্রশাসনকে popularise করতে চাই, তা করা যাবে না। তাই আমি বলবো গণতান্ত্রিক যুগে প্রশাসন জনোপযোগী, যুগোপযোগী হবে, না এই ভাবে চলবে? আমি জানি অ Secretary বলেন আমরা Government চালাই, সব সময় মন্ত্রীরা যা বলবে তাই আমাদের শুন হবে? এমন অনেক হুমকী মাঝে মাঝে শুনতে পাওয়া যায়। আজকে তাই মাননীয় রাষ্ট্রমন্ত্রী আবেদন করতে চাই DM এর হাতে power কে centralise করবেন না। ২০ বছর বাদে চি করুন, তখন লোক সংখ্যা দ্বিগুণ হবে, এবং এইগুলো দৃষ্টান্ত হয়ে থাকবে। সেই administration যদি আমরা ঠিক সময়োপযোগীভাবে এবং সমানভাবে জনসাধারণের মধ্যে বিভাজন করতে না পা একটি A.D.M, একটি D.M. আলাদা আলাদা ভাবে থাকবে, না শুধু একজন D.M. এর উপ সমস্ত ক্ষমতা অর্পণ করবেন। এটা করলে কি হবে, তিনি expert নন, অন্যান্য যে সমস্ত distri officer আছেন, senior officer হিসাবে ৮/১০ বছর ধরে কাজ করছেন, তাদের মধ্যে compl দেখা দেবে, তারা co-operation করবে না, তাদের মধ্যে হতাশা আসবে। ঠিক সেই কার হতাশা আসবে বলে, তারা সেই administrationকে সাহায্য করতে পারবে না। তাই মানন রাষ্ট্রমন্ত্রীকে বলবো D.M. এর উপর সমস্ত ক্ষমতা দেবেন না, committee তৈরী করুন। বিভি জেলায় বিভিন্ন উচ্চ পদস্থ officerদের নিয়ে ছোট ছোট করে committee করে তাদে মাধ্যমে কাজ চালাবার বন্দোবস্ত করুন। তাহলে development এর কাজ চালানো যাবে, এব D.M. এর পক্ষে করা সম্ভব নয়, কারণ সমস্ত developmentএর ব্যাপারে তিনি expert নন সামান্য IAS. officer মাত্র। এই অসুবিধার কথা চিন্তা করে আগামী দিনে সেই সাধার

মানুষগুলো যাতে প্রকৃত পক্ষে প্রশাসন যন্ত্রকে নিজেদের বলে মনে করতে পারে, এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-45—4-55 p.m.]

**শ্রীসত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে আমরা জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশনের উপর বক্তব্য রাখছি। এই যে জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন আমাদের গণতান্ত্রিক সরকার পেয়েছেন এইটা একটা ঘুণধরা ক্ষতবিক্ষত অবস্থায়। দু-দুবার যুক্তফ্রন্ট হয়েছে এবং যুক্তফ্রন্টের প্রথম কাজ ছিল জনসাধারণের প্রগতির নামে, জনসাধারণের উন্নতির নামে প্রশাসনযন্ত্রকে হাত করে, প্রশাসন যন্ত্রকে ধ্বংস করে, প্রশাসন যন্ত্রের শ্মশান যাত্রা করে দিয়ে তারা চলে গিয়েছে। আমরা এই রকম প্রশাসন যন্ত্র নিয়ে মাত্র এক মাসের মধ্যে যতটুকু কাজ করেছি, যদিও অতিরিক্ত কিছু নয় তবুও বলব কিছু উন্নতি হয়েছে। কিন্তু তার আগে একটা কথা মনে পড়ে যে প্রশাসন যন্ত্র শুধু একটা সাজান কাঠামো নয়। আই. এ. এস., আই. পি. এস অফিসার যারা রাইটার্স বিলডিংস-এর ইম্পার্টেন্ট পোষ্টে বসে থাকেন—আমরা যুক্তফ্রন্টের আমলে দেখেছি কি না এই সমস্ত আই. এ. এস., আই পি. এস অফিসাররা অল্প দিনের মধ্যে কুক্ষিগত হয়ে গেল মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি নেতাদের হাতে। নিম্নস্তরের কর্মচারিরা কিছু কিছু সংগ্রাম করে চলল তাদের ন্যায় নীতির দাবীতে কিন্তু এই অফিসাররা অল্প দিনের মধ্যে সম্পূর্ণ বিরুদ্ধে চলে গেল তার ফলাফল হলো কি, না প্রশাসন যন্ত্র ভেঙ্গে গেল। দু দুবার যুক্তফ্রন্টের ফলে প্রশাসন যন্ত্র যা ছিল তাও আজ নেই। আগেই ভাঙ্গা ছিল এর, তাকে এমন জায়গায় নামানো হলো তাতে পার্টি যন্ত্র হয়ে গেল, সেই পার্টি যন্ত্রকে আজকে আবার ভাল ভাবে প্রশাসন যন্ত্র করে গড়ে তোলবার চেষ্টা করছে এই আমাদের জনপ্রিয় সরকার। প্রশাসন যন্ত্রের বিরুদ্ধে আমাদের সব চেয়ে বেশী অভিযোগ হলো এই রাইটার্স বিলডিংস এর বিরুদ্ধে। যারা কোন দিন এইখান থেকে ট্রানসফার হননি তাদের সম্বন্ধে আমার বক্তব্য রাষ্ট্রমন্ত্রীর কাছে যে এই সরকারী আমলাতন্ত্রকে রাইটার্স বিলডিংস থেকে সরিয়ে ট্রানসফারেবল সারভিস করে দিন, এই চক্রকে ভেংগে দিন, যে চক্র আমাদের সমস্ত দৃষ্টিভংগিকে নষ্ট করে দিচ্ছে, কিন্তু আমরা কাজ করতে এসেছি কাজ করবার চেষ্টা করছি। আমরা আজকে দেখছি, যে আমলাতন্ত্র চক্র ২০ বছর ধরে বসে আছে সেই চক্রকে আজকে ভেংগে দিতে হবে। তাদের জায়গায় যারা আজকে—যে সমস্ত সরকারী কর্মচারীরা গ্রামে কাজ করছেন তাদের এনে বসান হোক। রাইটার্স বিলডিংস এর এক শ্রেণীর সরকারী কর্মচারীরা কেবল শহরের সুযোগ সুবিধা ভোগ করছেন, আর এক শ্রেণীর সরকারী কর্মচারী যারা কুচবিহার, জলপাইগুড়ি, পাথরপ্রতিমা, সাগর প্রভৃতি যায়গায় রয়েছে তারা চিরকাল এই সব সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। তাই আমি আজকে একটা প্রস্তাব রাখতে চাই এবং আমার প্রথম কথা হলো যে এই ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং সাবডিভিশনাল অফিসারদের উপর এম. এল. এ এবং এম. পি দের নিয়ে প্রতিটি ক্ষেত্রে একটা করে বেসরকারী তদারকি সংস্থা করা হোক। আমরা দেখেছি ব্লকের স্কুল মাষ্টার মহাশয়রা যখন বিল করতে যান তখন সাব ইন্সপেক্টরকে মাসে মাসে টাকা দিতে হয়, তবে কাজ হয়। আমি আইন ব্যবসায়ী, আমি দেখেছি কি. না স্কুলের বিল ভাংগাতে গেলে টাকা না দিলে হয় না। যদি প্রত্যেক ক্ষেত্রে আমাদের লোক থাকে, এম. এল. এ. থাকে, তাহলে তাদের কাজ কর্ম সুষ্ঠুভাবে হতে পারবে। তাই আমি বলছি যে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং সাবডিভিসনাল অফিসারদের কাজ কর্ম তদারকি করবার জন্য এম. এল. এ. এবং এম. পি. দের নিয়ে তদারকি কমিটি করা দরকার, তাহলে আমাদের কাজ অনেক এগিয়ে যাবে। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলব, যুক্তফ্রন্টের আমলে আমাদের কিছু সরকারী কর্মচারী ভাইরা কো-অর্ডিনেশন কমিটির

বিরুদ্ধে ফেডারেশন করত, তাদের উপর কি রকম অত্যাচার হয়েছে তা আমরা জানি ২৪-পরগণার ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট শ্রীরথীন সেনগুপ্ত মহাশয়, তিনি চলে যাবার কিছু আগে ৮০ লোককে এ্যাপয়েন্টমেন্ট দিয়ে চলে গেলেন কাদের, না যারা কো-অর্ডিনেশন করে তাদের লোক আর যে সমস্ত সরকারী কর্মচারী রিটায়ার করেছেন তাদের ছেলেরা কোন সুযোগও পেল না সেখানকার রিটায়ার্ড জে এল, আর. ও, তার ছেলের জন্য চেষ্টা করেছিলেন। তিনি একমাত্র অর্নি মেম্বার অফ দি ফ্যামিলি, চাকুরি হয়নি। সেখান থেকে যখন ডি. এম. চলে গেলেন তিনি তখন সেখানে ৮০টি এটম বোম্ব রেখে গেলেন।

তিনি ভাবলেন আমি যাচ্ছি, তখন এই C.P.M.-এর বীজগুলিকে ঢুকিয়ে দিয়ে যাই, এ সরকারী প্রশাসন যন্ত্রকে বিকল করবে। এখন ভাবলাম যে প্রশাসন যন্ত্র বোধ হয় ঠিকই আছে কিন্তু তা নয়—ওরা জোঁকের মত আছে—বর্ষার জল পেলেই মাথা চাড়া দিয়ে উঠবে। ত সরকারকে অনুরোধ করব যে সচেতন হন। Writers' Buildings-এ এবং প্রতি জেলায় জেলা Co-ordination Committee ভাঙ্গুন। এই সঙ্গে চিন্তা করুন যে সময় যারা Federatic করত তাদের কথা। সাধন সেনগুপ্ত যে Federation-এর Secretary তাকে এই D. M transfer করলেন। তার অপরাধ কিনা যে Federation করত। আমরা তারজন্য লড় করছিলাম। তার অপরাধ কিনা যে federation করত co-ordination-এর বিরুদ্ধে এইসা তাদের সকলকে দূরে দূরে transfer করে দিলেন। আর একজন সুরেশ মজুমদার তাকেও pen transfer করে দেওয়া হয়েছে। Free School Street-এ গিয়ে দেখবেন এটা সবচেয়ে বড় ঘাঁ ছিল co-ordination committee-র। আমি নিজে দেখেছি—D.P.S. একটা file সই করলেন তাতে একটা recommendation ছিল, কিন্তু সেই file পাওয়া যাচ্ছেনা। কোথায় এই প্রশা যন্ত্র যাচ্ছে? সুতরাং যাতে প্রশাসনযন্ত্র সক্রিয় হয় সেজন্য তাদের দূরে দূরে সরিয়ে দিতে হব আর একটা কথা বলব অত্যন্ত নবীন হয়ে আজ এই ব্যয় বরাদ্দ মঞ্জুর করার জন্য মন্ত্রীমহা দাবী জানিয়েছেন। সেজন্য আজ আনন্দের সঙ্গে আশা করব এই গণতান্ত্রিক সরকার সতেজ ও সম হয়ে এই প্রশাসনযন্ত্রকে দুর্নীতিমুক্ত করুন।

**শ্রীবারিদবরণ দাস** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ সাধারণ শাসন খাতে ব্যয় বরাদ্দ এই সভায় রাখা হয়েছে তাকে সমর্থন করছি। ইংরেজী ভাষায় একটা কথা use হয়ে থাকে "Pro"—যেমন Pro-C.P.M , Pro-Congress, Pro-C.P.I., Pro R.S.I প্রশাসনকে "Pro" ইংরাজীতে বলি, বাংলায় একে শাসন বলি। ভারতবর্ষের মাটিতে যে শাস স্থাপনের কথা আমরা চেয়েছিলাম সেটার বদলে শোষণ ও অত্যাচার এসেছে। শোষিত মানবের মুক্তির আন্দোলন করার কথা এই প্রশাসনে নেই। আমরা ভারতবর্ষের মাটিতে সেই দৃষ্টিভঙ্গি থেকে সেই প্রশাসন আজও আনতে পারিনি এবং তারজন্য আজ আমাদের এই শাসন শোষ রূপান্তরিত হয়েছে। প্রশাসন ব্যবস্থা সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমার কমুনিষ্ট বন্ধু শ্রীকানা ভৌমিক বলে গেছে আমি তার repetition করতে চাইনা। Finance Department- গিয়ে যদি দেখি তাহলে দেখব যে Finance Department-এর হাতে একাধিক ক্ষমতা আছে যে ব্যয় বরাদ্দগুলি আমরা পাশ করছি সেই ব্যয় বরাদ্দ সম্পর্কে Finance Department এ সব tenchnical point রাখে যাতে করে অনেক Development project-এ delay হ যায়। একটা দপ্তরের পক্ষে ৪০টা দপ্তরের file deal করা is completely impossible. এর পরিপ্রেক্ষিতে আমাদের এই বিভাগকে decentralisation করা দরকার। এমন কাঠামোর মধ্যে এই ব্যবস্থা করতে হবে যাতে কাজ দ্রুততর হয় এবং এইসব ব্যবস্থা এমন করতে হবে যাতে কা

াকা পাবার জন্য একটা দপ্তরের কাছে বার বার যেতে যেন না হয়। একটা কথা খবরের কাগজে দখি যে কেউ transfer হলে সঙ্গে সঙ্গে দেখলাম বিরাট news হয়ে গেল যে অমুক ব্যক্তি অমুক জায়গায় বদলী হয়ে গেলেন।

4-55—5-05 p.m.]

যিনি সরকারী চাকুরী করতে আসেন এটা পরিষ্কার জেনে আসছেন যে সরকারী চাকুরী সেটা ান্সফারেবল, সেটা ট্রান্সফার হতেই হবে। বদলী হওয়াটা খবর কেন—খবর এই কারণে যে জকে বদলী হওয়ার যে নিয়ম, যে সিষ্টেম, যে নিয়মাবলী নিয়মিতভাবে হওয়া উচিত ছিল সেটা হচ্ছে া বলে। আজকে কেউ বদলী হলে আমাদের কাছে খবর হয়ে দাঁড়াচ্ছে। এই বদলী হওয়ার িয়মাবলী নিয়মিত করতে হবে এই কারণে যে এটা না হওয়ার দরুন বিভিন্ন জায়গায় যারা বদলী চ্ছেন বিভিন্ন ভেষ্টেড ইন্টারেষ্ট সেখানে গ্রো করে যাচ্ছে। আমরা একটা শ্লোগান তুলেছি ামাদের যুব কংগ্রেসের তরফ থেকে, ছাত্রপরিষদের তরফ থেকে যে আমলাতন্ত্রকে আমরা ধ্বংস রবোই। কিন্তু আমরা একথা বাস্তবে জানি, অত্যন্ত কট্টোর কমুনিষ্ট দেশেও আমলা আছে, সক্রেটারি আছে, অফিসার আছে। কিন্তু আমরা কি বলতে চাইছি? যা কিছু বর্তমান জনগণের র্থ তা সামনে রেখে, মানুষ-এর কথা সামনে রেখে যারা আমলা হয়েছেন তাদের সেইভাবে এগোতে রে। বাস্তবে কিন্তু তা হয়নি। আজ আমাদের আইনের প্যাঁচে, যুক্তির প্যাঁচ আমাদের এমনভাবে বঁধে রেখেছে যে সেই ব্যূহ ভেদ করতে আমাদের আরো সংগ্রামের শপথ নিতে হবে। তাই মি পরিশেষে বলতে চাই একটা কলেজ ৩।। লক্ষ টাকা গভর্ণমেন্ট অব ওয়েষ্ট বেঙ্গল থেকে স্যাংসান পয়েছে। সেই ৩।। লক্ষ টাকা তারা যে স্যাংসান পেয়েছে, সেটার মধ্যে ২ লক্ষ ৫০ হাজার টাকা বল্ডিং রিপেয়ারে, আর ১ লক্ষ টাকা পেয়েছে maching share of the U.G.C. ইউ. জি. সির. নিয়ম অনুযায়ী টু ইজ টু ওয়ান টাকা দিয়ে ম্যাচিং শেয়ার হয়। তারা শুধু বলেছে যে মাদের ৫০ হাজার টাকা ফর রিপেয়ারস দাও, আর ৩ লক্ষ টাকা দাও ম্যাচিং শেয়ারের জন্য, াহলে ম্যাচিং শেয়ার অব দি ইউ. জি. সি. ৬ লক্ষ টাকা দেবে। ইউ. জি. সি. অলরেডি প্রস্তুত আছে ৬ লক্ষ টাকা দিতে। এই ৩।। লক্ষ টাকার চেক রিসিভ করা হয়েছে, কিন্তু কিছুই করতে পারছে না আমলাতান্ত্রিক কাঠামোর জন্য। একটা ভাল ইনষ্টিটিউসান এই মুহূর্তে প্রয়োজন, বিল্ডিং রিপেয়ার আজও সেটা হচ্ছেনা। প্রায় ৬ মাস ধরে এই ধরনের আমলাতান্ত্রিক কাঠামোর জন্য দেরী হচ্ছে। আজও যদি এইটা চলে তাহলে আজকে নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে সরকার এসেছেন, য সংগ্রামকে বাহিরে রাখা হয়েছে সেই সংগ্রামকে এখানে আনতে বাধ্য হতে হবে। এই সংগ্রাম ানার প্রয়োজন আছে। আর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে বলব। আমি জানিনা, সাধারণ প্রশাসনের এটা অন্তর্ভুক্ত হয় কিনা। হওয়া উচিত বলে আমি মনে করি। সেটা হচ্ছে কবির ভাষায় বলতে গেলে, কেউ কেউ কবি, সব কবি, কবি নয়, কেউ কেউ কবি, এই সভার মাঝে সাংবাদিকরা আছেন, তারা হয়ত আমাদের কথা শুনে আঁৎকে উঠবেন। সব সাংবাদিক সাংবাদিক নয়, কেউ কেউ সাংবাদিক। আধুনিক কালে দেখা যাচ্ছে কয়েকটি ভুঁইফোঁড় সাপ্তাহিক পত্রিকা আমাদের সরকারের বিরুদ্ধে চক্রান্ত করা সুরু করে দিয়েছে। তারা দুবেলা লিখে চলেছেন আজকে অমুক মন্ত্রী পদত্যাগ করছেন, কাল অমুক মন্ত্রী পদত্যাগ করবেন বলে সংবাদ বেরোচ্ছে। মুখ্যমন্ত্রীকে তারা চার বার পদত্যাগ করিয়ে দিলেন, সরকারের পতন ঘটিয়ে দিলেন। ১৬ জন এম. এল. এ-র মধ্যে দলাদলি করিয়ে দিলেন। তারা সব সময় স্বপ্ন দেখছেন এই সরকার গেল গেল। এই সাংবাদিকতা আছে। আমি বলছি না এই সাংবাদিকতার বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য। আমাদের ইনফর্মেসান এণ্ড পাবলিক রিলেসন ডিপার্টমেন্ট আছে। সেই

ইনফর্মেসান এণ্ড পাবলিক রিলেশনকে পিপলের কাছে অনেক বেশী সক্রিয়ভাবে এগিয়ে যেতে কারণ এই সরকার দীর্ঘ ৪ মাস ধরে এমন কাজ করেছেন যেগুলি প্রশংসার অপেক্ষা রাখে প্রশংসা প্রাপ্য। যে কংগ্রেস সরকার আগে ছিল, যাদের বিরুদ্ধে লড়াই করে আমরা জি সেই সরকার যা করতে পারেনি আজকে আমরা কয়েক মাসের মধ্যেই অনেকগুলো বলিষ্ঠ কা নিয়েছি, কিন্তু জনসাধারণের সামনে সেগুলো বলা হচ্ছেনা। পশ্চিমবঙ্গ পত্রিকা আছে। আ কথা কয়েকটি দৈনিক পত্রিকাও লিখেছেন, অনেক দৈনিক পত্রিকা প্রশংসা করেছেন। সংবাদ সংগ্রহ করছেন এবং পরিবেশন করছেন। কিন্তু এই সমস্ত সাপ্তাহিক পত্রিকাগুলো স সংগ্রহের দিকে যাচ্ছে না, পরিবেশন করে ফুল চন্দন দিয়ে। তাতে কিন্তু সমগ্র পশ্চিমবঙ্গের অনিবার্য। এই জন্য ইনফর্মেসন এণ্ড পাবলিক রিলেশন ডিপার্টমেণ্টকে অনেক বেশী এ্যা হতে হবে। অনেক সময় দেখা গিয়েছে কেন্দ্রীয় সরকারের আমলে এই কলকাতার দেও বাংলাদেশের দেওয়ালে মণীষিদের বাণী লাগানো হয়েছিল। অনেকে বলেন এর এফেক্ট কি হ জানিনা, কিন্তু আমি বলব এর অনেক এফেক্ট হয়েছে। তখন মণীষিদের মূর্তি ভেঙ্গে দে হচ্ছিল, সরিয়ে ফেলা হচ্ছিল। তখন এর একটা এফেক্ট পাবলিকের মনে এসেছিল। অল পশ্চিমবঙ্গ অনেক বেশী সার্কুলেসন বাড়িয়ে ফেলেছে। এই পশ্চিমবঙ্গকে অনেক বেশী এ্যা হতে হবে, আরো বেশী সক্রিয়ভাবে কাজ করতে হবে। সবশেষে আমার একটা বলার আছে ৪ বছর ধরে ল এণ্ড অর্ডার ব্রেক করেছিল, তার পরিপ্রেক্ষিতে আমরা দেখেছিলাম প্রশা অনেক জায়গায় পুলিশ অরিয়েন্টেড হয়ে গিয়েছিল। আমরা সে বিষয়ে নির্দেশ দিয়েছি প্রয়োজনের খাতিরে যদি কাউকে প্রয়োজন দেখা যায় সরকার গুলি করে মারবে। কিন্তু আ মনে হয় প্রতিটি পুলিশ ফায়ারিং-এর এ্যাডমিনিষ্ট্রেটিভ এনকোয়ারি হওয়া উচিত। কারণ, গিয়েছে যেই পুলিশ ফায়ারিং হল অমনি আমাদের সরকারের বিরুদ্ধে চক্রান্ত কর জন্য অতি কম হলেও একদল সক্রিয় শক্তি, যারা আমাদের সরকারকে বি ফেলবার জন্য অনেক ভুল করবে, এগুলো এ্যাডমিনিষ্ট্রেটিভ এনকোয়ারি হলে খুঁজে পা যেতে পারে।

আজকে পানিসমেণ্ট এণ্ড রিওয়ার্ড বলে একটা কথা সরকারের মানা উচিত। আমরা ব বলছি এই সরকারের যারা কর্মচারী তাদের মধ্যে ৯৫ ভাগ কর্মচারী সৎ, তাদের যদি সৎ বল চাই তাহলে ৫ ভাগ যারা ডিসিপ্লিন মানছে না তাদের পানিসমেণ্ট দিতে হবে আর ৯৫ ভাগ য ডিসিপ্লিন মানছে তাদের মধ্যে এ্যাকর্ডিং টু মেরিট যাতে আরো বেশী করে মানে তার তাদের রিওয়ার্ড দিতে হবে। এই সিসটেম সরকারের ফলো করা উচিত। সর্বশেষে অ সাধারণ প্রশাসন যাতে সাধারণ মানুষের স্বার্থে লাগে সেই কথা বলে আমার বক্ত শেষ করছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এ মন্ত্রীসভার স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আমাদের কাছে সাধারণ প্রশাসন বাজেট উত্থাপ করেছেন। উত্থাপন করার সময় তিনি অনেক স্বপ্ন অনেক কল্পনা নিয়ে এই বাজেট আমাদের সাম রেখেছেন। আমাদের মত একজন অত্যন্ত নিম্ন মধ্যবিত্ত ঘরের ছেলে পশ্চিমবঙ্গের মন্ত্রী সভ যোগদান করে তিনি যে স্বপ্ন এবং যে কল্পনা নিয়ে এই বাজেট উত্থাপন করে আগামী দিনে কা করতে চাইছেন এই মুহূর্তে আমি তাঁকে কতকগুলি রূঢ় কঠিন বাস্তব সত্যের সম্মুখীন করাে চাইছি। আমি চাইছি তাঁর সামনে কতকগুলি বাস্তব সত্যকে তুলে ধরতে যে বাস্তব সত্যে

ব্যতিক্রম করতে পারলে তাঁর স্বপ্ন সার্থক হবে, নতুবা হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে রাজনৈতিক দলের সদস্য সেই রাজনৈতিক দলের একটা ইতিহাস আছে। সেই ইতিহাসকে যদি আমরা একবার স্মরণ করি তাহলে দেখতে পাই স্বাধীনতার পরে মহাত্মা গান্ধী উচ্চারণ করেছিলেন, আহ্বান জানিয়েছিলেন কংগ্রেস ভেঙ্গে দাও, কংগ্রেস ভেঙ্গে দিয়ে তৎকালীন নেতাদের মধ্যে কিছুকে আহ্বান জানিয়ে ছিলেন তোমরা শাসন ক্ষমতায় এগিয়ে এস, আর বাকি সংখ্যাকে বলেছিলেন তোমরা সমাজ সেবার দায়িত্ব নিয়ে সমাজের নিম্ন স্তরে বৃহত্তর অংশের দিকে এগিয়ে যাও। এর পিছনে একমাত্র কারণ ছিল প্রশাসনের সাথে সমাজ জীবনের নিষ্ঠ যোগাযোগ স্থাপন করা। তিনি আরো বলেছিলেন গণদেবতার কাছে প্রশাসনিক ক্ষমতা অধিকতর তুলে দিতে হবে এবং পূর্ণ স্বরাজ নিয়ে আসতে হবে। কিন্তু যে কোন কারণে হোক মহাত্মা গান্ধীর সেই নির্দেশ মানা হয়নি। স্বাধীনতার ২৫ বছর পরে সেই প্রশাসনকে একটি মাত্র ব্যাখ্যা দেওয়া যেতে পারে সেটা হচ্ছে একটা রিকেট অর্থাৎ তার মাথার ওজন ৬ পাউণ্ড, মাথা বাদ দিয়ে বাকি দেহটার ওজন দেড় পাউণ্ড। এই রিকেট—মাথা সর্বস্ব বুরোক্র্যাটিক প্রশাসন ব্যবস্থাকে নিয়ে যাদের আমরা নানারকম প্রতিশ্রুতি দিয়ে এই বিধান সভায় বক্তব্য রাখার অধিকার পেয়েছি অর্থাৎ গরীবী হঠাও অর্থাৎ গণতান্ত্রিক সমাজতন্ত্রের প্রতিষ্ঠা করা এই আশা দুরাশা, দুরাশা, দুরাশা। এই প্রশাসনিক কাঠামোকে নিয়ে কখনও গরীবী হঠাও আন্দোলনকে সফল করা যেতে পারে না, এই কাঠামোকে নিয়ে কখনও আমরা গণতান্ত্রিক সমাজতন্ত্র প্রতিষ্ঠার স্বপ্ন দেখতে পারি না। কারণ, এই প্রশাসনিক কাঠামোর মধ্যে প্রতিটি স্তরে যে সমস্ত ব্যক্তি, অফিসার বসে রয়েছেন তাঁদের চরিত্র হচ্ছে—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমার চেয়ে অভিজ্ঞ, আপনি নিশ্চয়ই জানেন, আমার সঙ্গে একমত হবেন, এইসব অফিসারদের চরিত্র হচ্ছে কি করে প্রোমোশন পাওয়া যায়, কি করে তার নিজের সংসারের অর্থনৈতিক উন্নয়ন ঘটান যায়, কি করে কোন মন্ত্রীর মন জুগিয়ে কাজ করলে বা কোন ব্যক্তির প্রিয় হতে পারলে আরো বেশী প্রোমোশন পাব, এই ধরণের চিন্তাধারা নিয়ে যাঁরা আছেন তাঁরা গরীবী হটাও বোঝেন না, তাঁরা সমাজতান্ত্রিক সমাজবাদ বোঝেন না, তাঁরা বাংলাদেশের কোটি মানুষের ব্যথা, বেদনা, যন্ত্রণার বিন্দুমাত্র অংশীদার নন। তাঁরা যেখান থেকে ডব্লু. বি. সি. এস. আই. এ. এস. পাশ করে বেরিয়ে আসেন সেখানকার এনভায়রণমেন্ট তাঁদের গরীবী হঠাও আন্দোলন বুঝতে দেয় না, বুঝতে দিতে পারে না। আমি জানি তাঁরা অনেকে আমার বক্তব্য শুনে মুচকে মুচকে হাসবেন, হয়ত বলবেন এই সমস্ত এম.এল.এ. মন্ত্রীদের কথা শুনে আমাদের চলতে হবে? সেকথা আমি জানি, কিন্তু আমরা একথা তাঁদের বলে দিতে চাই, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে যে আমরা যে প্রতিশ্রুতি দিয়েছি, গরীবী হঠাও, গণতান্ত্রিক সমাজবাদ প্রতিষ্ঠার যে স্বপ্ন নিয়ে আজকে রাষ্ট্রমন্ত্রী ক্ষমতায় এসেছেন সেই প্রতিশ্রুতি আমরা রাখতে বদ্ধপরিকর, প্রয়োজন হলে আমরা অন্য পথ গ্রহণ করতে বাধ্য হব। তাই প্রশাসনিক কাঠামোতে যেসব অফিসার রয়েছেন তাঁদের দুই একটা উদাহরণ আমি তুলে ধরার প্রয়োজন মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন এঁদের চরিত্রটা কি। বর্দ্ধমান জেলায় ১৯৬৯ সালে জেলা সমাহর্তা মহাশয়, তৎকালীন সুপারিন্টেনডেন্ট অব পুলিশ বর্দ্ধমানের সাঁইবাড়ীর নারকীয় ঘটনার নায়ক।

[5-05—5-15 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার নিশ্চয়ই মনে আছে তারজন্য একটা তদন্ত কমিশন বসেছিল এবং সেই তদন্ত কমিশনে তৎকালীন জেলা সমাহর্তা এবং এস. পি-র বিরুদ্ধে রিপোর্ট দেওয়া হয়েছিল। তদন্ত কমিশন রায় দিয়েছেন। কিন্তু তা সত্তেও আমরা দেখছি সেই জেলা সমাহর্তা আজকে

ফুড ডিপার্টমেন্টের জয়েন্ট সেক্রেটারী এবং সেই এস্. পি. বর্দ্ধমান থেকে সরে মুর্শিদাবাদে গেছেন। আমরা শুনতে পাচ্ছি তাঁকে নাকি আপলিফট্‌মেন্ট দেওয়া হচ্ছে, তাঁর প্রোমোশন হচ্ছে। ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যে সমস্ত ব্যক্তিরা তাদের হিংসার রাজনীতি আমদানী করে সমগ্র পশ্চিমবাংলায় খুনোখুনি, কাটাকাটি, মারদাঙ্গা আমদানী করেছিলেন তাদের বিরুদ্ধে যখন আমাদের সরকার এই মাথাভারি এ্যাডমিনিষ্ট্রেসন নিয়ে ব্যবস্থা গ্রহণ করতে যাচ্ছেন তখন কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই সমস্ত ঘটনায় যাঁরা উস্কানি দিয়েছেন, যাঁরা সহায়তা করেছেন, তাঁদের পেছনে যেহেতু একটা ডেজিগনেশন আছে, ডি. এম., এস্ পি., না হয় ডবলিউ বি সি এস্, আই সি এস্ সেই হেতু তাদের শাস্তি হচ্ছেনা। বরং আমরা দেখছি তারা প্রোমোশন পাবেন, তাদের ষ্ট্যাটাস্ বাড়বে, তাদের গাড়ীর নম্বর পাল্টাবে। আমি আশা করি রাষ্টমন্ত্রী আজকের দিনে এ্যাডমিনিষ্ট্রেসনের কথা চিন্তা করে এই সমস্ত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় সাধারণ প্রশাসন বলতে আমরা আজকের দিনে যে জিনিস উপলব্ধি করাতে যাচ্ছি এবং উপলব্ধি করছি আমাদের রাষ্ট্রমন্ত্রী তার ব্যতিক্রম নয়, তাঁরও এটা উপলব্ধি হয়েছে। আমরা চাই সমগ্র পশ্চিমবাংলার ৪ কোটি মানুষকে প্রতিটি বিভাগ সম্বন্ধে অবহিত করাতে যে আজকে সরকার কি অবস্থায় আছেন, কি কি কাজ করছেন। সরকারে এঁদের প্রতিনিধিত্বের প্রয়োজন আছে। জনসাধারণ ছাড়া কখনও গণতান্ত্রিক সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারে না। আজকে সমস্ত ক্ষমতা কেন্দ্রীভূত করা হয়েছে হয় সরকারী কর্মচারীদের হাতে, আর না হয় কতগুলি ব্যুরোক্রেটদের হাতে, যারা মানুষের দুঃখ, দারিদ্র্যে, বেদনায় বিন্দুমাত্র অংশ নেন না। সেইজন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি আগামীদিনে প্রশাসন ব্যবস্থা নূতন করে ঢেলে সাজাবার যে পরিকল্পনা চলেছে সেখানে যেন প্রতি জেলায় জেলায় জনপ্রতিনিধিত্বমূলক প্রশাসন ব্যবস্থা প্রবর্তন করা হয় এবং সেদিকে তিনি যেন লক্ষ্য রাখেন। বন্দেমাতরম্ ; জয়হিন্দ।

**শ্রীশিশিরকুমার ঘোষঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আর কয়েকদিন পর আমরা স্বাধীনতার রজত জয়ন্তী উৎসব পালন করতে যাচ্ছি। কিন্তু দুঃখের বিষয় এখনও আমরা সেই সাম্রাজ্যবাদী যে প্রশাসন কাঠামো তাদের স্বার্থে যে গড়ে তুলেছিল নিশ্চয়ই সেকথা নিশ্চয়ই এই হাউসের কোন সদস্যের অজানা নয়। এখান থেকে রেভিনিউ আদায় করবার জন্য এবং এখানকার ল এ্যাণ্ড অর্ডার রাখার জন্য যে প্রশাসন কাঠামো তৈরী করা দরকার সেইভাবেই তাঁরা প্রশাসন কাঠামো তৈরী করেছিলেন। তাঁরা চেষ্টা করেছিলেন কখনও যেন প্রগতিশীল বস্তু বা স্বাধীনতাকামী মানুষের আওয়াজ বা আন্দোলন না উঠতে পারে এবং সেইজন্য যেভাবে প্রশাসন কাঠামো তৈরী করা দরকার সেইভাবেই তাঁরা এটা তৈরী করেছিলেন আমার বক্তব্য হচ্ছে সেই প্রশাসন কাঠামো যদি চলে তাহলে যে অগ্রগতি বা কৃতিত্বের কথা বলছেন, যেভাবে নিজেদের এগিয়ে নেবার কথা বলছেন সেটা কি সম্ভব হবে ? আমি মনে করি সেটা সম্ভব নয়। কারণ ১৯৪৭ সালের পর যে পলিটিক্যাল মটিভেসন-এর ক্যাম্পেনের দরকার ছিল সেই ক্যাম্পেন কিন্তু আমরা করতে পারিনি এবং সেটা না পারার জন্য কেবলই আই, সি, এস-এর নামের পরিবর্তে আমরা আই, এ, এস, করেছি। তাঁদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের দরকার ছিল, তাঁদের মাস্ অরিয়েনটেড হবার দরকার ছিল। কিন্তু তাঁরা সেটা হলেন না।

সুতরাং হবার জন্য কি দেখা গেল। পুরানো ধাঁচে পুরানো কায়দায় আমাদের দেশে শাসনযন্ত্র চলছে। এখনও এইভাবে যদি শাসন ব্যবস্থা চলে তাহলে যথেষ্ট অসুবিধা আছে আমি বলতে চাই শাসনব্যবস্থায় যারা আছেন তারা এই নবজাগরণে উদ্বুদ্ধ হন নি। আমরা জানি

কারণ আজকে আমাদের এই শাসনযন্ত্রের ভিতরে অনেক প্রবীণ আই. সি. এস. এবং আই. এ. এস. অফিসার আছেন, তারা এই নবজাগরণে উদ্বুদ্ধ হন নি। কিন্তু আমি এখানে বলতে চাই কিছুদিন আগে একজন আই. সি. এস.-এর বেতার ভাষণ আমি খুব মনোযোগ দিয়ে শুনেছি। কিন্তু এটা একটা ব্যতিক্রম। কারণ, যে ট্রেণিং এদের দরকার ছিল যে দৃষ্টিভঙ্গী নিয়ে এদের চালনা করার দরকার ছিল সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এখন এদের ট্রেণিং-এর ব্যবস্থা হয়নি এবং এই নূতন যুগে এদের ট্রেনিং এর ব্যবস্থা যদি না করতে পারি আমাদের সেই পুরানো ট্রেণিং যদি পরিবর্তন করতে না পারি পরিশোধন করতে না পারি, নতুন করে সংযোজনের প্রয়োজন যদি অনুভব করতে না পারি তাহলে পুরানো যে ধাঁচে শাসনকার্য পরিচালিত হচ্ছে আগামী দিনেও এইভাবে পরিচালিত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা ঠিক যে অল ইণ্ডিয়া ক্লাস ওয়ান সার্ভিস-এ যারা পরীক্ষা দেয়, যারা পাশ করে তারা অত্যন্ত মেধাবী এবং এর সঙ্গেও এই কথা বলতে হবে যে নতুন যুগে ন্যাশন্যাল একাডেমী বা মাউন্ট আবুতে যে ন্যাশন্যাল পুলিশ এ্যাকাডেমি আছে, তাতে যে পাঠ্যক্রম পঠিত হয় তাতে আর যাই থাক গরীব ভারতবাসীর প্রতি মমত্ববোধ, গরীব ভারতবাসীর প্রতি মায়া, তাদের উন্নত করবার জন্য যে সদিচ্ছা সেটা কিন্তু এদের মনে গড়ে উঠতে পারে না। তাই এই পুঁজিবাদী সমাজব্যবস্থায় বড় লোকদের আর সমাজবাদী ব্যবস্থায় গরীবদের কি পার্থক্য, কি অসুবিধা, কি তাদের দুর্দশা তাই যখন এরা প্রশাসনের হেডে আসেন তারা বুঝতে পারেন না। তারা এই দুটোর মধ্যে পার্থক্য না বুঝার জন্য যত সদিচ্ছার কথাই বলা হোক না কেন, যতই বলা হোক না কেন আমাদের দেশ সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছে, আমাদের দেশকে সমাজতান্ত্রিক ব্যবস্থার দিকে আমরা নিয়ে যেতে চাই তাতে এরা মোটেই উদ্বুদ্ধ হন না। যখন আমরা সমাজতন্ত্রের কথা বলছি এবং একে বাস্তবে রূপায়ণের জন্য সুদক্ষ এবং নতুন চেতনায় উদ্বুদ্ধ একদল কর্মীবাহিনী গড়ে তুলতে হবে। এবং এর জন্য ট্রেনিং-এর ব্যবস্থা করতে হবে। এবং এই এখনকার ট্রেনিং ব্যবস্থার আমূল পরিবর্তন করতে হবে। সামগ্রিকভাবে প্রশাসনকে ঢেলে সাজাতে হবে। শুধু কয়েকজন উচ্চ পদস্থ অফিসার নিয়ে কমিটি গঠন করলেই হবেনা। সরকারী এবং বেসরকারী প্রতিনিধিদের নিয়ে এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিটি গঠন করতে হবে। এই কমিটিতে তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের অংশ গ্রহণ করার ব্যবস্থা করতে হবে। কারণ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী এদের কথা যদি না ভাবি আমরা যদি না চিন্তা করি তাহলে এদের সৃজনশীলতা নিশ্চয় আমরা কাজে লাগাতে পারব না। কিন্তু উচ্চ পদস্থ অফিসাররা যে কমিটি সুপারিশ করেছেন এবং আমরা যেটা কাগজে দেখেছি তাতে আমরা মোটেই সুখী হতে পারছি না। ডি. এম.-দের হাতে আরো বেশী ক্ষমতা দিলে তাতে বর্তমান ভেঙে পড়া প্রশাসন ব্যবস্থার কোন উন্নতি হবে বলে আমি মনে করি না। আমি মনে করি না ডি. এম.-দের এবং উচ্চ পদস্থ অফিসারদের হাতে দিনের পর দিন যদি ক্ষমতা বাড়িয়ে দেওয়া হয় এবং উচ্চ পদস্থ অফিসাররা যদি সমস্ত ক্ষমতা নিজেদের হাতে রাখেন তাহলে সব সমস্যার সমাধান হবে একথা আমি বিশ্বাস করিনা।

[5-15—5-25 p.m.]

তাই আমরা মনে করি জেলার আইন শৃঙ্খলা এবং সাধারণ প্রশাসন এটা যার হাতে থাকে সেখানে উন্নয়নের ব্যবস্থা, উন্নয়নের কার্য্যসূচী অন্যের হাতে দেওয়া হোক। যিনি প্রশাসন দেখবেন যিনি রেভিনিউ দেখবেন, যিনি আইন শৃঙ্খলা দেখবেন তিনি তাই দেখুন তাহলে এটা আরো সুন্দর হবে, সুষ্ঠু হবে। আজ দেশে যে বিরাট উন্নয়ন কর্ম্মসূচী, যে উন্নয়ন কর্মসূচীর উপর নির্ভর করছে এই গণতান্ত্রিক সোর্কার অস্তিত্ব এবং পশ্চিমবাংলা ও এই দেশের ভবিষ্যৎ সেই উন্নয়

পরিকল্পনার জন্য আলাদা ব্যবস্থা গ্রহণ করুন যাঁরা কেবলমাত্র পশ্চিমবাংলার উন্নয়নের কথা ভাববেন, কেবলমাত্র পশ্চিমবাংলার উন্নয়নের জন্য সর্বক্ষণ সুন্দর ও সুষ্ঠু দৃষ্টি নিয়ে বিচার করবেন। সেইজন্য এই বিষয়টার উপর আমি বলতে চাই যে অবিলম্বে আমাদের যেটা করা দরকার সেটা হচ্ছে এই যে ফাইল. অর্থাৎ সরকারী অফিসে একটা ফাইল এলে সেই ফাইলের কি অবস্থা হয় আমরা যারা রাইটার্স বিল্ডিংএ যাই, আমাদের মধ্যে যাদের ফাইলের পিছনে পিছনে ছুটতে হয় অন্যের কাজের জন্য আমাদের সকলেরই সেই অভিজ্ঞতা আছে এবং এই ফাইলের অবস্থা যে কি মারাত্মক হয়, আমি আমার নির্বাচন ক্ষেত্রের একটি মাত্র উদাহারণ, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার সামনে রাখলে আপনি বুঝতে পারবেন। আপনার মনে আছে গত পরশুদিন আমি হাউসে একটা মেনশন কেস দিয়েছিলাম, এই মেনশনে ছিল যে নব ব্যারাকপুর পৌর অঞ্চলে গত ১৫ দিনের মধ্যে পক্সে ২০ জন লোক মারা গিয়েছে। সেখানে অত্যন্ত শোচনীয় অবস্থা, অবিলম্বে সরকারের দৃষ্টি দেওয়া উচিত। আমি যখন মেনশন করলাম মেনশন করার পর মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করলাম, তিনি বললেন আমি অবগত নই। আমি তখন এখান থেকে বেরিয়ে একজিকিউটিভ অফিসার অব নিউ ব্যারাকপুর মিউনিসিপ্যালিটিকে ফোন করলাম যে আপনি কেন জানাননি এবং অবিলম্বে চিঠি দিন, এ্যাম্বুলেন্স চান. তিনি বললেন যে আমার ত সে ক্ষমতা নেই, আমি ত মিনিষ্টারকে চিঠি দিতে পারিনা। আমি যখন তাঁকে বললাম যে তাহলে মিনিষ্টারদের জানাবেন না, তিনি বললেন, হ্যাঁ যথাযথ সময় টেলিগ্রাম পাঠিয়েছি, কিন্তু মিনিষ্টারদের কাছে হয়ত পৌঁছায়নি। কি অবস্থা! এতবড় একটা মারাত্মক বিষয় যা এ্যাসেম্বলীতে পর্যন্ত রেফার করলাম, মেনশন করলাম। যে জিনিষ, যেখানে আমাদের প্রাণ নিয়ে সমস্যা সেই জিনিস পর্যন্ত ফাইলের ক্রটিতে, প্রশাসনযন্ত্রের ক্রটিপূর্ণ ব্যবস্থার জন্য এই রকম অবস্থা ঘটছে। তাই, মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমাদের নিশ্চিত সিদ্ধান্ত নেওয়া উচিত, এমন আইন হওয়া উচিত যে ১৫ দিনের মধ্যে—যদি বিশেষ গুরুত্বপূর্ণ না হয়, তার একটা সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা যায় তারজন্য একটা ব্যবস্থা থাকা উচিত। আর একটা যেটা দরকার সেটা হচ্ছে প্রত্যেক অফিসে যে সমস্ত অনিয়মিত কর্মী আছে, যারা ঠিক সময় হাজিরা দেয়না, যারা ঠিক সময় অফিসে আসেনা, যারা সরকারের নিয়মকানুন ঠিকমত পালন করেনা, যারা জনসাধারণের সঙ্গে যথাযথ ব্যবহার করেনা তাদের সম্পর্কে কঠোর সিদ্ধান্ত নেওয়া দরকার এবং এটা খালি নীচের কর্মচারীদের জন্য হওয়া উচিত নয়। এটা খালি সাধারণ কর্মচারীদের উপর বর্তাবেনা, এটা বর্তাবে বড় বড় অফিসার থেকে আরম্ভ করে নিম্নতম কর্মচারী পর্যন্ত যে দোষী হবে, জনসাধারণের কাজে যে গাফিলতি করবে, তার নিশ্চিত বিচার হওয়া দরকার এবং সেই বিচারের প্রয়োজন আছে। সেই বিচার যদি আপনারা করতে চান, সেইভাবে যদি লক্ষ্য রাখেন তাহলে অফিসের মধ্যে দুর্নীতি হবেনা, অফিসের মধ্যে ক্লিক হবেনা, এই অফিসের মধ্যে একটা চক্র গড়ে উঠবেনা। এই দিকে যদি প্রশাসন নজর না দেয় তাহলে এই সরকারী যন্ত্রকে দিয়ে সঠিকভাবে কাজ করান যাবেনা। আমাদের দেখতে হবে কোরাপশন এবং ব্রাইবারি। সমস্ত জায়গায় এক আওয়াজ এক আওয়াজ। আমাদের রাষ্ট্রমন্ত্রী সেদিন বলেছিলেন যে পুলিশকে সকলে অসামাজিক করে রেখেছে। আমি তাঁকে আর একটা কথা বলি যে প্রত্যেকটা অফিসে প্রত্যেকটি সরকারী কর্মচারীকে এইভাবে ঘৃণা করে জনসাধারণ। তারা জানে সেখানে যদি যাই. যদি ঘুষ না দিই, তাহলে তাদের কোন কাজ করার সময় নেই।

দেখুন P.W.D-তে কি ঘটনা ঘটছে। কে না জানে। এই সমস্ত ঘটনা সকলের চোখের সামনে ঘটছে। ইরিগেশন, কো-অপারেশন ইত্যাদি বিভাগে তো এই ঘুষ নেওয়া দেওয়ার ঘটনা ঘটছে। আরো অন্যান্য জায়গায়ও ঘটতে পারে। চোখের সামনে ঘটছে। কোর্ট কাছারিতে

হামেশা ঘটছে, লোকে দেখছে। বহু আইনজীবী বন্ধু বলেছেন সেখানে ঘুষের রাজত্ব কী ভাবে চলছে। অনুরোধ, এই সব কার্যকলাপ বন্ধ করতে হবে। এ সব ধরবার জন্য ব্যবস্থা হওয়া দরকার। ধরে তাকে সাসপেণ্ড করতে হবে, অন্যত্র ট্রান্সফার করতে হবে। এই corruption-এর চক্র permanently বন্ধ করতে হবে। তার জন্য সমস্ত রকম ব্যবস্থা করতে হবে যাতে তারা বুঝতে পারে জনসাধারণের সেবক রূপে তাদের কর্তব্য আছে। সমস্ত দায় দায়িত্ব তাদের উপরেও যাতে বর্তায় তার ব্যবস্থা করতে হবে।

আর একটা জিনিষ চিন্তা করে দেখুন, আপনার সরকারী কর্মচারীরা বছরের পর বছর আপনাকে সেবা করে চলে গেছেন। চলে যাবার পর দিনের পর দিন তাঁরা ঘুরছেন তাঁদের পেনসনের জন্য। রাইটার্স বিল্ডিংসের চৌহদ্দির মধ্যে ঢুকতে গেলে অনুমতি চাই। আবার কার্ড সিস্টেম চালু হয়েছে। পেনসনের বহু কেস বহু দিন ধরে পড়ে রয়েছে। বহুদিন তাঁরা চাকরী থেকে চলে গেছেন—retire করেছেন—কিন্তু পেনসনের ব্যবস্থা দীর্ঘ দিনেও হলো না। কেন পেনসনের ব্যবস্থা চলে যাবার সঙ্গে সঙ্গে হয় না। কেন এই পেনসন পেতে delay হয় বৃদ্ধ বয়সে? তার জন্য সরকারের কী কৈফিয়ৎ থাকবে? অবিলম্বে সেই পেনসনের যাতে ব্যবস্থা হয় তার জন্য বলতে হবে—retirement-এর এক মাসের মধ্যে তাদের পেনসন দিয়ে দিতে হবে। এই ব্যবস্থাটা যদি আপনি করতে পারেন, তাহলে তাঁরা অনেক harassment-এর হাত থেকে বাঁচবেন।

একটু আগে বললাম অর্থ বিভাগের কথা। এই দপ্তর—এই সেক্রেটারিয়েট একটা চক্র হয়ে দাঁড়িয়েছে। W.B.C.S. অফিসারদের যোগ্যতার সঠিক পরিমাপ মন্ত্রী মহাশয় করবেন। এরা সেখানে নিজেদের স্বার্থ বজায় রাখবার জন্য চক্র গড়ে তোলেন। সেই চক্র ভেদ করবার ক্ষমতা পাবলিকের তো নাই-ই, এমন কি অন্যান্য সরকারী কর্মচারীরাও হিমসিম খেয়ে যান। তাই আমার প্রস্তাব হচ্ছে আমাদের সেক্রেটারিয়েটের গেজেটেড ও নন্-গেজেটেড প্রত্যেকটি কর্মচারীর inter-departmental transfer হওয়া দরকার। যিনি অর্থ দপ্তরে আছেন, তিনি অন্য কোন দপ্তরে গিয়ে বুঝুন—অন্য দপ্তরের অফিসাররা কি কি সুবিধা অসুবিধা ভোগ করেন। এই ভাবে যদি বদলি করেন তাহলে এই চক্র—এই clique ভেঙ্গে যাবে। আগামী দিনের প্রশাসন সম্বন্ধে আমরা জনগণকে বলেছি—কলুষমুক্ত প্রশাসনের ব্যবস্থা আমরা করবো। আমরা এই staff-রা জনসাধারণের সেবা করছে কিনা তা যেমন একদিকে দেখবো, তেমনি অপরদিকে তাদের সমস্যাদি যোগ্যভাবে গৃহ সমস্যা ইত্যাদি সমাধান করতে হবে। তাদের medical relief যে হারে সেনট্রাল গভর্ণমেণ্ট দিয়ে থাকেন সেই হারে দেওয়ার ব্যবস্থা করতে হবে। বিভিন্ন জায়গায় যেমন rank অনুসারে rest house বা holiday home-এর ব্যবস্থা আছে, তেমনি আমাদেরও ব্যবস্থা তাদের জন্য করতে হবে, তাহলে আমাদের সরকারী কর্ম্মচারীরা উদ্বুদ্ধ হতে পারবে। আমাদের employer-দের উচিত কর্মচারীদের জন্য এইসব amenities ব্যবস্থা করা।

কর্মচারীদের গ্রাচুইটি ও পেনসনের হার বৃদ্ধি করা উচিত। পে-কমিটির রিপোর্টে যে সমস্ত anomaly আছে সে সব অবিলম্বে দূর করতে হবে। হেল্‌থ ডিপার্টমেন্টের একজন ফোন অপারেটার যে স্কেল পায়, দেখা যাবে এসেম্বলীর ফোন অপারেটারের বেতনের স্কেল অন্য রকম। এই রকম সব পার্থক্য বা anomaly থাকা উচিত নয়। এই পে-কমিশনের রিপোর্ট যথাযথভাবে বিচার বিবেচনা করে সব অসামঞ্জস্য দূর করা উচিত। এর জন্য একটা review কমিটি গঠন করা উচিত। তারা পরীক্ষা করে দেখবেন এই পে-কমিশনের implementation সঠিক হয়েছে কি হয় নাই।

তারপর বাংলা ভাষার কথা আপনাদের মনে রাখতে হবে। সরকারী কাজে বাংলাভাষা যেন সমস্তে আমাদের মন্ত্রীসভায় প্রয়োগ করেন। অনেক বিল এসেছে কিছু বাংলায় কিছু ইংরেজীতে। আমি সরকারকে অনুরোধ করবো সরকারী ভাবে বাংলা ভাষা সমস্ত কাজে ব্যবহার যেন আমরা করতে পারি। মন্ত্রী মহাশয়রা সেদিকে তৎপর হোন এবং আশা করবো আগামী সেসনে সমস্ত বিষয়ের কাজে আমরা যেন বাংলা ভাষা ব্যবহার করতে পারি।

[5-25— 5-35 p.m.]

**শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসন খাতে যে ব্যয় বরাদ্দের দাবী এখানে আনা হয়েছে তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। ১৯৬৭ সালের পর থেকে পর পর দুটি বর্বর ও অসভ্য সরকার বাংলাদেশের শান্তি শৃঙ্খলা শব দেহের উপর প্রেত নৃত্য করে গেছে। তারপর মাত্র ৪ মাসে আমাদের দেশের আমাদের সরকার যে পরিমাণ শান্তি ও শৃঙ্খলা ফিরিয়ে এনেছে তার জন্য সত্যিই তাঁরা প্রশংসার যোগ্য। তবে এর জন্য আত্মশ্লাঘা উপলব্ধি করার কোন কারণ নাই। আমাদের দেশের বিদেশী শক্তির শাসন ও শোষণের ফলে ভারতবর্ষে যে বুরোক্রেসী তৈরী করে দিয়ে গিয়েছিল, সেই বুরোক্রেসী আজকের দিনে স্বাধীন ভারতবর্ষে কল্যাণব্রতী রাষ্ট্রে তা অচল শুধু নয়, আজকে আমাদের প্রশাসনকে নানা কমিশন করে পরিবর্তনের কথা বলা হচ্ছে। এই যে অঙ্গরাগের কথা বলা হচ্ছে আমার মনে হয় অঙ্গরাগে কিছুই হবে না—নব কলেবর করার প্রয়োজন আছে। তাই আজকে আমাদের যে শাসন ব্যবস্থা রয়েছে, তার দ্বারা দেখতে পাচ্ছি যে চাষীরা বীজ ধান যেখানে চৈত্র মাসে পাবার কথা সেখানে তারা তা পাচ্ছে তার পরের বছরের অগ্রহায়ণ মাসে। যে শাসন ব্যবস্থায় রাইটার্স বিল্ডিংসের এক ঘর থেকে আর এক ঘরে ফাইল যেতে এক বছর সময় লাগে, যে শাসন ব্যবস্থায় রোগীর শ্রাদ্ধবাসরে টি. বি. হাসপাতালের সিটের চিঠি আসে সেই গতিহীন, হৃদয়হীন শাসন ব্যবস্থাকে ভেঙ্গেচুরে তছনছ করে দিতে হবে। এবং সেখানে আবেগ সঞ্চার করতে হবে, গতির সঞ্চার করতে হবে—এই কথা আমি এখানে রাখতে চাই। আর একটা কথা বলি—আমাদের এলাকায় ডিপ টিউবওয়েল আছে। এই ডিপ টিউবওয়েলের ৫ টাকার একটা সকেট বা স্পেনডেল ভেঙ্গে গেলে সেই সকেট বা স্পেনডেল পরিবর্তন করতে গেলে কি অবস্থা হয় সে কথা একটু বলি। যখন ভেঙ্গে গেল তখন অপারেটার খবর দেয় তার ওভারসিয়ারকে, ওভারসিয়ার খবর দেয় বি. ডি. ও-কে বি.ডি.ও খবর দেয় এসিস্টেন্ট ইঞ্জিনিয়ারকে, এসিস্টেন্ট ইঞ্জিনীয়ার খবর দেন ইঞ্জিনীয়ারকে। তারপর তিনি লোক পাঠান দেখবার জন্য—তারপর লোক আসে। এই ৫ টাকার মাল আনতে ২৫ টাকা খরচ—১০০ টাকার উপর টি. এ. খরচ এবং এই গোটা ব্যবস্থায় ৬ মাস চলে যায়। তাতে চাষীদের লক্ষ লক্ষ টাকার ফসল নষ্ট হয়ে যায়। কেন এই ব্যবস্থা? এর কি ব্যবস্থা হয় না আমি এইটুকু মাত্র জানতে চাই। এর জন্য প্রতি ব্লকে ব্লকে একটি করে টেকনিক্যাল স্কোয়াড পার্টি থাকা উচিত, যেখানে যখন কিছু খারাপ হবে সঙ্গে সঙ্গে একদিনের মধ্যে এই সমস্ত পরিবর্তন করে দিতে পারবে। এই ব্যবস্থা কি হয় না? আমি এটা জানতে চাই। আমি আর একটা কথা বলতে চাই মাননীয় প্রশাসন বিভাগের রাষ্ট্র মন্ত্রী জেনে রাখুন—আজকে বি.ডি ও. এবং এ.ই.ও.-র সং। ভাসুর ভাদ্রবৌ সম্পর্ক। আজকে যদি স্যালো টিউবওয়েলের প্রয়োজন হয় তাহলে দরখাস্ত করতে হয় বি.ডি.ও.-র কাছে। বি. ডি. ও. স্যাংসন করেন স্যালো টিউবওয়েলের। কিন্তু স্যালো টিউবওয়েলের যে পাম্প দরকার—তার জন্য দরখাস্ত করতে হয় এ. ই. ও.-র কাছে। এবং এ.ই.ও. পাঠান ই.ও.-র কাছে। স্যাংসন হবার পরে দেখা যায় স্যালো হয়েছে—পাম্প পায় নি। অর্থাৎ

স্যালো তাদের জমিতে বসেনি। চাষীর বুকের রক্তে বসেছে। আমি জানতে চাই কেন এই ব্যবস্থা ঠিকমত হয় না যে স্যালো এবং পাম্প একই ব্যবস্থাধীনে থাকবে? একথা আমি জানতে চাই। এবং এর বিহিত করার প্রয়োজন আছে। একটা গণতান্ত্রিক রাষ্ট্রে, একটা কল্যাণব্রতী রাষ্ট্রে এর বিহিত হওয়ার প্রয়োজন আছে। আমি বলি এটা খুবই লজ্জার কথা। প্রাইমারী ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টার অব স্কুল করা হোল, সেকেণ্ডারী ডিষ্ট্রিক্ট ইন্সপেক্টার অব স্কুল করা হোল। উদ্দেশ্য খুবই ভাল—মাষ্টার মহাশয়রা সময়ে মাইনে পাবেন স্কুলগুলি ভাল করে পরিদর্শন ইত্যাদি কাজ ভালভাবে হবে। কিন্তু শিব গড়তে গিয়ে বাঁদর গড়া হোল এটা কেউ দেখলেন না। আমরা দেখতে পাচ্ছি আগের সব কিছু ভেঙে দেওয়া হল - কিন্তু তার জন্য আলাদা আলাদা অফিস করা হোল না। নদীয়া জেলার কথা আমি জানি একটা ঘরে একখানা চেয়ারে দুজন ডি. আই.-এর বসার ব্যবস্থা ছিল। তারপর দেখা গেল যে একজন ডি.আই. আর একজন ডি. আই.-কে সরিয়ে দিয়েছে তার চেয়ারে বসার জন্য—এ কোন শাসন ব্যবস্থায় আমরা এলাম? এর বিহিত করার নিশ্চয় প্রয়োজন আছে। আমি একটা কথা বলি একটা সত্য কথা নিবেদন করি। প্রাইমারী ইন্সপেকটার ডি. আই.-এর অধীন আছেন - তার এস আই. এ. ডি. আই. এবং ষ্টাফ যারা আছেন তার উপর সেকেণ্ডারীর কোন কনট্রোল নাই। অথচ অন্য ব্যবস্থা করতে গেলে এই সেকেণ্ডারী ষ্টাফকে নিতে হয় এবং তাদের যে টি. এ. বিল হবে তা প্রাইমারী ইন্সপেক্টররা কিছুতেই গ্রাণ্ট করছে না।

আমি একটি ছোট্ট নজির দিচ্ছি। নদীয়া জেলায় স্কুল বোর্ডের একটা জিপ ছিল। প্রাইমারীর ইন্সপেকটার সেটা কনট্রোল করতেন। সেকেণ্ডারী এডুকেশানের এগজামিনেসান চলছিল, সেকেণ্ডারীর ডি. আই. বললেন, আমাকে জীপটা একটু দিন, আমি শহরে কোশ্চেনগুলি বিলি করবো। প্রাইমারীর ইন্সপেকটার বললেন, নাট, আমার দরকার আছে, তিনি জীপটি গ্যারেজে পাঠিয়ে দিলেন। এ যেন দুটো আলাদা নেশান, দুটি বিলিজারেন্ট নেশান। এই রকম অবস্থা সেখানে চলছে, কোন বিহিত হয়নি, শাসন ব্যবস্থার মধ্যে কোন সংগতি আসেনি একথা জানার প্রয়োজন আছে। আরো অনেক কথা বলবার আছে, কিন্তু আমার সময় কম আমি শুধু এইটুকু অনুরোধ করবো মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে যে আপনি যদি শাসন ব্যবস্থায় প্রাণ আনতে না পারেন, দক্ষতা আনতে না পারেন, গতি আনতে না পারেন, বা শৈথিল্য ভাঙতে না পারেন তাহলে আমাদের সকল আশা আকাঙ্খা, উচ্চাশা ব্যর্থ হবে। কিন্তু আমি বিশ্বাস করি আমাদের আশা সফল হবেই।

**শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি নিয়ম মাফিক তা সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। স্যার নিয়মমাফিক কথাটা বললাম এই জন্য যে বৃটিশ সরকার ভারতবর্ষে তাদের শাসন পরিচালনা করবার জন্য সমাজের বাছা বাছা কিছু লোক নিয়ে আই. সি. এস., আই. পি. এস. ছাপ দিয়ে তাদের প্রশাসন যন্ত্রকে ভারতবর্ষের জনতার উপর চাপাবার জন্য যে বিশেষ সমাজের সৃষ্টি করেছিলেন আমরা স্বাধীনতার ২৫ বছর যাবং যদিও সংগ্রাম করে বৃটিশ সিংহকে হটিয়ে দিয়েছি, তার পরিবর্তে যেমন আমাদের রাষ্ট্র চিহ্নে তিনটি সিংহ'এর আমদানী করেছি তার সাথে সাথে বৃটিশের সেই পোষা যন্ত্রকে আমাদের মাথার মনি করে রেখে দিয়েছি। বৃটিশ তাদের রেখে ছল একটা ব্যয়বহুল ব্যবস্থাকে বজায় রাখার জন্য এবং বৃটিশ প্রশাসন যন্ত্র যে কত শক্তিশালী সেটা বোঝাবার জন্য। তারা প্রশাসন যন্ত্রের বিউটি স্পট হিসাবে তাদের রেখে দিয়েছিলেন এবং এখনও তাদের আমরা সমানভাবে বহন করে চলেছি। স্যার, আমি যেখানে থাকি সেখানকার মুখ্য প্রশাসক জেলাশাসক তাঁর বাড়ী ৬ একর

জমির উপর। ৪/৫টি অলিন্দ পার হয়ে মহামান্য ডি. এম-এর দর্শন পেতে হয়। কোন ব্যক্তি যদি তাঁর দর্শন পেতে চান বা আবেদন তাঁর কাছে পৌঁছে দিতে চান, তাহলে তাকে ৬টি দালান পেরিয়ে যেতে হয়। তাছাড়া সেই দালানগুলি যারা পাহারা দিচ্ছে তাদের মনোরঞ্জনের প্রশ্নও আছে। স্যার, আমার এলাকায় অর্ধলেংটা, খেটে খাওয়া মানুষ তাঁর সেই দরবারে প্রবেশের অনুমতি পায় না। কয়েকজন মাত্র ব্যক্তি যারা সৌভাগ্যবান তাঁরা সেখানে ঘোরাফেরা করতে পারেন। কাজেই দাবী দাওয়া কতটুকু পৌঁছতে পারবে সেটা ভাববার কথা। স্যার, আজকে আমাদের তরুণ মন্ত্রী তাঁর তারুণ্যের উচ্ছ্বাসে যে বক্তব্য রেখেছেন তাকে যথাযথ রূপ দেওয়া যেতে পারে যদি তাঁর চিন্তাধারাকে আজকে প্রশাসনের মধ্যে ছড়িয়ে দিতে পারেন। ইংরাজীতে বলতে গেলে বলতে হবে র‍্যাশনালাই-জেসান অব দি এ্যাডমিনিস্ট্রেসান। র‍্যাশনালিটি যদি না আনা যায় সেখানে যদি বৈপ্লবিক চিন্তাধারা বা পরিবর্তন না আনা যায় তাহলে যত গালভরা প্রতিশ্রুতিই মাননীয় মন্ত্রীমহাশয় দিন না কেন আমরা সরকারী সদস্য হিসাবে হয়ত তাঁর আনিত ৮। কোটি টাকার ব্যয় বরাদ্দ সমর্থন করবো, কিন্তু সেটা করবো অত্যন্ত বেদনাদায়ক হৃদয়ে। কারণ আমরা বুঝবো একটা বছর শেষ হবে, ৮। কোটি টাকা খরচ হবে কিন্তু ঐ মদটা পুরানো মদের বোতলে না থেকে বোতলটা পরিবর্তন হবে অর্থাৎ তার বাইরেটা পরিবর্তন হবে তার চেয়ে বেশী করা তার পক্ষে সম্ভব নয়। মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে এ বিষয়ে গভীরভাবে উপলব্ধি করবার চেষ্টা করুন। স্যার, আমরা দেখেছি, প্রশাসনযন্ত্রকে সংস্কারমুক্ত, কলুষমুক্ত করবার জন্য দিনের পর দিন আমরা বড় বড় কথা বলেছি কিন্তু যদি নিম্ন আদালতে আপনি বা কোন মাননীয় সদস্য যান দেখতে পাবেন—স্যার, আমার যাবার সৌভাগ্য বা দুর্ভাগ্য হয়েছিল, সৌভাগ্য হয়েছিল এই জন্য যে সেখানে গিয়ে আমি তাদের জালিয়াতী নিজের চোখে দেখেছি, আর দুর্ভাগ্য এইজন্য যে বিচারালয়ে সশরীরে হাজির হতে হয়েছিল বিচার পাবার জন্য।

বিচার কতটুকু পেয়েছি জানি না। কিন্তু এক একটি অলিন্দ পার হয়েছি আর একটি করে অদৃশ্য হস্ত এসে হাত পেতেছে, ৪/৫ আনা নিয়েছে। আমি নিজে ৮০/৯০ পয়সা গুঁজে দিয়েছি, একটি করে রঙীন কাগজ গুঁজে দেওয়া হয়েছে। কোথাও বলা হয়েছে আমাদের দিতে বাধ্য, ২ টাকা দিয়েছি। সাধারণ মানুষকে হাকিমের ঘরে ঢুকতে হলে এক টাকা, আর রিপোর্ট চাইলে তার জন্য ৫০ পয়সা দিতে হয়। আমাদের সমাজের বেশীর ভাগ মানুষ যেখানে দুস্থ সেখানে তারা যদি বিচার পেতে যান, রাইটার্সের ভিতর যদি ঢুকতে যান তাহলে তাদের যে কি অবর্ণনীয় দুঃখ দুর্দশা ভোগ করতে হয় মাননীয় সদস্যরা কেউ কেউ হয়ত তা জানেন। তাই আজকে সমস্ত কাঠামোকে বদলাতে হবে। উপর তলার অফিসার, উপরতলার শাসন, প্রশাসনে যারা আছেন তাদের নিয়মমাফিক কাজের তালিকা কর্ণে প্রবেশ করিয়ে দিতে হবে, নীচের তলার মানুষ যাতে আজকে প্রত্যক্ষভাবে তাদের মুখোমুখী হয়ে দেখা দিতে পারে তার ব্যবস্থা করতে হবে। তাদের অভাব, অভিযোগ, দলন, নির্যাতন, নিষ্পেশন ইতিহাসের কথা আমরা যদি ভাবতে না পারি তাহলে যতই বৈপ্লবিক চিন্তাধারার কথা প্রকাশ করবার চেষ্টা করি না কেন, আমার চিন্তাধারা যতই প্রগতিশীল, সুস্থ, সাবলীল হোক না কেন, ইন্দিরা গান্ধী যতই আমাদের ইনসপিরেশন দিন না কেন, সমস্ত রকম প্রচেষ্টা ব্যর্থতায় পর্য্যবসিত হতে বাধ্য সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি তাই তরুণ মন্ত্রীকে বলব তিনি যেখানে গেছেন সেখানে আমরা দেখতে পাচ্ছি তাঁর মধ্যে আজকে তারুণ্য প্রতিধ্বনিত হয়েছে এবং যৌবনের যে জয়গান আমরা দিকে দিকে ছড়িয়ে দিয়েছি, আসুন সকলে মিলে সমাজের আমূল পরিবর্তন সাধন করার জন্য এই প্রশাসনযন্ত্রের অব্যবস্থাকে উচ্ছেদ করি। আজকে আমরা দেখতে পাচ্ছি উচ্চ পদস্থ অফিসাররা অপরাধ করছেন। অপরাধ প্রমাণিত হবার পরেই তাঁর ভাগ্যে শিকে ছিঁড়ে গেল। তখনই হয়ত তাঁকে ট্রান্সফার করা হল। তিনি বর্ধমানে হয়ত অপরাধ

করলেন, সেখান থেকে তাঁকে ২৪-পরগনায় ট্রান্সফার করা হল, দেখা গেল সেখানে তাঁর পদোন্নতি হয়েছে। তিনি যদি অপরাধী বলে সাব্যস্ত হন তাহলে তাঁকে তখনই সেই পদ থেকে পদত্যাগ করতে হবে, এই নিয়ম হওয়া উচিত। কারণ, তিনি যেহেতু বর্ধমানে অপরাধ করেছেন সেহেতু তাঁকে ২৪-পরগনায় ট্রান্সফার করলে সেখানে তিনি যে আর অপরাধ করবেন না, এমন তো নয়, সেখানে নিশ্চয়ই অপরাধ করবেন। কারণ, তিনি জানেন, 'রবীন্দ্র নাথের ভাষায়, 'বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে' অপরাধ করলে বিচার হয় না, প্রোমোশন হয়। সেইজন্য অপরাধ করার প্রবণতা দেখা দেবে। আজকে মাননীয় সভ্যদের এই কথা চিন্তা করতে লজ্জা হয় প্রশাসনে এমন একটা গলদ রয়ে গেছে যেখানে অপরাধ করলে আমরা স্পটে দাঁড়িয়ে তখনই বিচার করতে পারি না। আমি তাই রাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করবো আগামী দিনে কোন উচ্চ পদস্থ সরকারী কর্মচারী যদি চোরাকারবারী কিম্বা কোন রকম অসামাজিক কার্য কলাপের সংগে যুক্ত থাকেন তবে ঘটনাস্থলেই তদন্ত করে সঙ্গে সঙ্গে যেন স্পটে বিচার করা হয়। তাহলে সেটা একটা ইনষ্ট্যান্স হয়ে থাকবে এবং আগামী দিনে সরকারী কর্মচারীদের কোন রকম কিছু করার সাহস থাকবে না। যতদিন তা না করতে পারছি, আমাদের এই সরকারের প্রগতিশীল নীতিগুলি যতদিন না প্রশাসনযন্ত্রের রন্ধ্রে রন্ধ্রে ঢুকিয়ে দিতে পারছি ততদিন পর্যন্ত এই ঘুণ ধরা বস্তাপচা প্রশাসনের মধ্যে আমাদের থাকতেই হবে। একজন জেলা ম্যাজিস্ট্রেটকে দেখতে পাই টেবলে ৮/৭টি পাইপ সাজানো রয়েছে। এক একটি পাইপ মুখে তুলে খালি ধোঁয়া ছাড়ছে। মাঝে মাঝে মিষ্টি মধুর হাসি হেসে বলছেন দেখছি, দেখা উচিত, দেখা যাবে। নেতিবাচক ছাড়া, ইতিবাচক কথা একটিও নেই। যতগুলি অভাব অভিযোগ আমার অঞ্চলের নিয়ে গেছি আমার এই ছোট জীবনে আমি এই তিক্ত অভিজ্ঞতা পেয়েছি। তাই আমি আজকে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও স্বরাষ্ট্র দপ্তরের স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ জানাবো একজন ডি. এম-এর যে ক্ষমতা আছে আজকে সেটাকে রিভাইজ করা হল না। তাঁর উপর যে দায়িত্ব ন্যস্ত আছে সেটা তিনি পুরোপুরি রক্ষা করতে পারছেন কিনা সেটা দেখতে হবে। তাঁর উপর অনেকগুলি দায়িত্ব সেন্ট্রালাইজ করা আছে। এর আগে একজন সদস্য বললেন ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে হবে। সেই ক্ষমতা বিকেন্দ্রীভূত না করে যে ক্ষমতা দেওয়া আছে সেটাকে আরো কেন্দ্রীভূত করে নূতন নূতন দায়িত্ব দেওয়া হচ্ছে। আজকে যিনি ইঞ্জিনীয়ার আছেন তিনি এবং ডিষ্ট্রিক্ট ইঞ্জিনীয়ারকে নিয়ে যদি একটা কমিটি করে দেন, এক্স-অফিসিও মেম্বার ডি এম. থাকতে পারেন, ডিস্ট্রিক্ট সার্জেন আর সিভিল সার্জেনকে নিয়ে একটি কমিটি করে দেন ও তার উপরে ডি. এম-কে এক্স-অফিসিও মেম্বার করে রাখেন তাহলে ভাল হয় এবং এই ভাবে টেকনিক্যাল কমিটি করা উচিত। টেকনিক্যাল কমিটি লোকদের প্রশ্রয় না দিয়ে, তাদের চিন্তাধারার সঙ্গে না মিশে খালি যদি ডি. এম-কে আরো বেশী ক্ষমতা দেওয়া হয় তাহলে আমার এই সামান্য অভিজ্ঞতা নিয়ে এই কথা পরিষ্কার করে বলতে চাই যে, এখন যদিও কিছু কাজ পাচ্ছি আগামী দিনে তাও হয়ত পাব না। আমি শেষ সময়ে এইটুকু আবেদন রাখতে চাই যে আগামী দিনে যে প্রচ্ছন্ন প্রশাসনের স্বপ্ন দেখছি সেই প্রশাসন ব্যবস্থাকে যদি সুস্থ সাবলীল না করা যায়, শক্তিশালী না করা যায়, বিকেন্দ্রীভূত না করা যায় তাহলে আমাদের সেই স্বপ্ন কিন্তু বিনষ্ট হয়ে যাবে, কখনই বাস্তবে রূপায়িত হবে না। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী স্বরাষ্ট্র দপ্তরের যে ব্যয় বরাদ্দ দাবী রেখেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। প্রাঞ্জল ভাষায় তিনি যে মূল নীতিগুলি রেখেছেন সেইগুলি অভিনন্দন যোগ্য। আজকে এই কথা পরিষ্কার- একটা পুরানো প্রবাদ আছে for forms of Government let fools contest. The Government is best which is administered best. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গে কোন্ তন্ত্র আসবে, সেট

পরে ভাবা যাবে, তার থেকে আজকে আগে ভাবতে হবে প্রশাসন যন্ত্র সম্পর্কে যে প্রশাসন যন্ত্রগুলোর উপর সরকারী নীতিগুলোর রূপায়ণ নির্ভর করছে। সেই প্রশাসন যন্ত্রকে কতটা মজবুত, এবং মজবুত কিনা তার বিচারের মানদণ্ড হল সামাজিক, অর্থনৈতিক, এবং রাজনৈতিক পরিবেশ যে পরিবেশ, পরিস্থিতি সমাজকে এগিয়ে নিয়ে যাবে। বহুদিন ধরে এই পশ্চিমবঙ্গের প্রশাসন যারা চালাচ্ছেন সেই সচিব কিংবা বড় বড় officer যারা I.P.S , I.C S. তকমা এঁটে যারা বসে আছেন এবং পশ্চিমবঙ্গে ২নং ৩নং ৪নং officer আছেন—আজকে পশ্চিমবাংলায় রাজনৈতিক অবস্থার যে পরিবর্তন এসেছে, সেই পরিবর্তনের সঙ্গে তারা খাপ খাইয়ে নিতে পারেন নি। কয়েকটি officer-এর নাম করে বলতে পারি, যেমন B. C. Ganguly, যিনি Development Commissioner, তিনি যুদ্ধের সময় যুদ্ধে গিয়েছিলেন। ইংরাজ সরকার যুদ্ধের পর যে সব সৈন্য মারা গিয়েছিল তাদের কবরস্থ করেছিল আর গাড়ীগুলোকে disposalএ বিক্রি করে দিল, আর যারা যুদ্ধে মরেনি ফিরে এসেছেন, তাদের West Bengal Busketএ ফেলে দেওয়া হল। তারাই হলেন ICS cadre যার মধ্যে আছেন B. C. Ganguly, J. C. Talukdar ইত্যাদি। এই সমস্ত officerদের যদি civil list দেখা যায় তাহলে দেখা যাবে কেউ 3rd divisionএ Matric, 3rd divisionএ I. A. B. C. Ganguly সম্বন্ধে আমি জানি 3rd divisionএ Matric, I. A. compartmental, pass courseএ B. A এই সমস্ত লোককে আমরা মাষ্টার রাখি না। তারা Primary teacher হবার যোগ্য নন তারা হয়ে গেছেন Development and Country Planning-এর Commissioner. আমরা অমুক জায়গায় প্রস্তাব নেবে, Parliamentary Committee, সেই সিদ্ধান্ত রূপায়ণ করবেন এই সমস্ত অর্ধশিক্ষিত Commissionerএর দল। এর যদি পরিবর্তন না হয় তাহলে সরকারকে আমরা কি করে এগিয়ে নিয়ে যাবো ? আমরা অনেক পরিবর্তনের কথা বলি, পশ্চিমবাংলায় কারিগরী শিল্পে অনেক পরিবর্তন এসেছে, অর্থনীতিতে এসেছে, রাজনীতিতে এসেছে, সুব্রত মুখার্জী মহাশয় এই বয়সে স্বরাষ্ট্রমন্ত্রী হতে পারেন, কিন্তু স্বরাষ্ট্র সচীব বা মুখ্য সচীব হতে পারেন কি ? যারা সচীব তারা সবচেয়ে বেশী বৃদ্ধ, অর্থাৎ সবচেয়ে বেশী experienced, এইভাবে বিচার করা হলে সর্ব জ্যেষ্ঠ কে নিয়ে দেখতে হবে, এটাকে আমরা পরিবর্তন বলি না। আজকে technocratদের সঙ্গে burocratদের যে সংঘাত পশ্চিমবঙ্গে এসেছে—আমরা technocratদের পিছিয়ে দিচ্ছি। Engineer, Doctor যারা রয়েছেন তাদের Subordinate officer করে রেখে দিয়েছেন, তার উদাহরণ ঐ CMDA. CMPO, সুব্রত মুখার্জী জানেন চিন্ময় মুখার্জীর বিরুদ্ধে কি অদ্ভুত ধরণের ষড়যন্ত্র করা হয়েছে। বিশ্ববিখ্যাত একজন বৈজ্ঞানিকের চাকরী নষ্ট করে দিচ্ছেন একজন আমলা, যে আমলার মনোরঞ্জন করতে না পারলে চাকরী করা যাবে না। এখন আবার শুনছি DM.রা কর্তা হবেন। তারা confidential report রাখবেন District Engineer এর। কতটা রাস্তা হবে সেটা একজন IAS. ঠিক করবেন। তার কর্তৃত্বটা মেনে নিতে হবে। আর একজন আছেন S. R. Das—এরা হচ্ছেন কখনও Healh Secretary, কখনও Irrigation Secretary কখনও আবার Durgapur-এর General Manager, এক officerকে আমরা বিভিন্ন জায়গায় নিয়ে যাচ্ছি। তাদের কাছ থেকে কি করে আশা করবো, এই অবস্থায় যে তারা পরিবর্তনশীল সমাজকে এগিয়ে নিয়ে যাবে। আমাদের বর্তমান যে উন্নয়ন পরিকল্পনা তাকে কাজে লাগাতে গেলে আমাদের চেষ্টা করতে হবে technocratদের এগিয়ে নিয়ে আসা। আমাদের চেষ্টা করতে হবে specialistদের এগিয়ে নিয়ে আসা। এই generalistদের, IAS.দের প্রতি আমাদের যে মোহ, এই মোহ আজকে ছেড়ে দেবার দিন এসেছে। প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর একটা উক্তি এখানে রাখছি। তিনি বলেছিলেন রুরকী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে—

The brightest of our young men and women choose engineering and medicine. If they happen to go to Government they are very soon overtaken

by the general administrators. This must change and I am trying to chang it এই কথা তাঁর পিতা পণ্ডিত নেহেরুও বলেছিলেন The future of the country will depen more on engineers rather than administrators.

[5-45 5-55 p.m.]

আজকে পশ্চিমবাংলার উন্নয়নে Engineers এবং specialists যারা আছেন তাদের বেশ মূল্য দিতে হবে। উত্তরবঙ্গে আমরা গিয়ে দেখলাম একটা এইরকম বাস্তব সত্য। বিভিন্ন জেলা DM যেখানে বাঙালী নয়, আমি কোনরকম সঙ্কীর্ণতার কথা বলছি না যে গরীব লোক, সাধার লোক, অর্দ্ধশিক্ষিত অশিক্ষিত লোক সেখানে যদি অবাঙালী SP বা DM রাখা হয় তাহলে তারা কি করে বুঝবে সাধারণ গরীব লোকের ভাষা। আর একটা প্রশ্ন তুলে ধরছি দুর্নীতি দমনের জন্য Vigilance Commission এর উপরে আমরা নির্ভর করছি। আমরা আশা করতে পারি না যে Vigilance Commission খুব একটা কাজ করতে পারবে। কারণ IASদের proffessiona brotherhood আছে। Vigilance Commission এ যাবার সঙ্গে সংগে এদের আলাপ আলোচন হয়ে যায়। তাই আমার প্রস্তাব হল এই Vigilance Commission এ বিধান সভার সদস্যদে প্রবেশাধিকার দিতে হবে। তবে আমরা দুর্নীতিমুক্ত প্রশাসন তৈরী করতে পারবো। এই প্রবেশাধিকার দিলে আমি আশা করি এই বাজেট বরাদ্দের সংগে সংগে সরকার একটা প্রশাসনিক সংস্কার কমিশন তৈরী করবেন এবং বর্তমান পরিস্থিতিতে সময়োপযোগী যে প্রশাসন যন্ত্র তৈরী করবেন। এই আশা ব্যক্ত রেখে এই বাজেট বরাদ্দকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্য ঘোষাল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমার একটা কথা মনে পড়ছে—এইটা আমার কথা নয় সেক্সপিয়ারের কথা, তিনি একটি জায়গায় লিখেছেন Show more tha thou haveth and say less than thou knoweth সাধারণ প্রশাসনের মত একটা গুরুত্বপু খাতে যা মন্ত্রী আছেন তার চেয়ে অনেক কম এসেছেন, আমাদের অনেকে আছেন কিন্তু সময়ে দে দেন না, ঐ বোধ হয় আর এক জন এলেন এবং টাকা খুব কম আছে সেই জন্য Show more tha thou haveth and say less than thou knoweth যা জানি তার চেয়ে কম বলতে হবে কার সময় আমার কম। আমি বলতে গিয়ে আগেই বলব যে Government without goo management is a house built on sand যে গভর্ণমেন্টের ভাল ম্যানেজমেন্ট নাই সে গভর্ণমেন্ট, বালি দিয়ে তৈরী করলে বাড়ী যেমন পড়ে যাবে তেমনি সমস্ত সদিচ্ছা থাকলেও ম্যানেজমে যদি খারাপ হয় তাহলে সব পড়ে যাবে। এই ঐকাটা আমাদের নেই—এই ঐকাটা হচ্ছে আমেরিকা কংগ্রেসে একটা ভাষণ, সেই ভাষণটা হচ্ছে প্রেসিডেন্ট রুজভেল্টের। আমি আজকে খুব দুঃখে সংগে বলছি, কয়েকদিন ধরে লক্ষ্য করছি এবং আজকেও দেখলাম সাধারণ প্রশাসন সম্পর্কে বলতে গিয়ে সকলেই বলেছেন যুক্তফ্রন্টের সম্পর্কে, যুক্তফ্রন্টের আমলে অনেক কিছুই খারাপ হয়েছে এব এই ব্যাপারে বিশেষ কিছু বলার নেই। কিন্তু আমি একটা নতুন প্রশ্ন তুলি যে যুক্তফ্রন্ট কত দি ছিল, মাত্র ২২ মাস, তাকে নিয়ে আমরা এত কাণ্ড করছি। খারাপ ছিল বলেই যুক্তফ্রন্টে মুখ্যমন্ত্রী আজকে কংগ্রেস দলে, খারাপ যদি না হয় তাহলে যুক্তফ্রন্টের শরিক পার্টি আমরা যুক্তফ্রন্টে সংগে না থেকে প্রগতিশীল মোর্চার শরিক কেন ?

কিন্তু আমি একটা অনুরোধ করব যে মূল জায়গা থেকে দৃষ্টিকে সরিয়ে নিয়ে গিয়ে ২২ মাসে

কুকীর্তির কথা বলি এবং যা কিছু খারাপ সব ঐ ২২ মাসের যুক্তফ্রন্টের শাসনে হয়েছিল একথা যদি বলি তাহলে এমন যে কিছু খারাপ ঘটতে পারে তা আমরা দেখতে পারব না। এর ফলে ঐ পাগলা মেহের মালি'র মত বলতে হবে "তফাৎ যাও, তফাৎ যাও"। আমি মন্ত্রীমহাশয়কে আবেদন করব যে তিনি নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে তাঁর বক্তব্য রাখার চেষ্টা করেছেন। কিন্তু আপনাকে অন্য দিক থেকেও চিন্তা করতে হবে। যুক্তফ্রন্টের সমস্ত দোষ ত্রুটি থাকা সত্ত্বেও একটা ভাল কাজ তারা সুরু করেছিল এবং সেটা হচ্ছে প্রশাসন যন্ত্রকে জনমুখী করার চেষ্টা। কিন্তু C. P. M. তার সংখ্যা গরিষ্ঠতার জোরে সেই জিনিষকে নষ্ট করেছিল এবং এর ফলে প্রশাসনিক যন্ত্র যেটা জনমুখী হবার প্রচেষ্টা হয়েছিল সেটা হারিয়ে গেল। আমরা আশা করব আবার সেই দিকে নিয়ে যাবার জন্য চেষ্টা করবেন এবং সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের চলতে হবে। একটা কথা মনে রাখতে হবে বিমান পোত ওড়ে শূন্যে, কিন্তু তার দৃষ্টি থাকে মাটির তলায়—অর্থাৎ যেখানে তেল থাকে। সুতরাং যদি নীচের দিকে দৃষ্টি না থাকে তাহলে কিছুই হবে না। ঠিক সেইরকম ভাবে প্রশাসন যন্ত্রের নজর যদি সাধারণ মানুষের কল্যাণের দিকে না থাকে তাহলে সমস্ত ব্যর্থ হয়ে যাবে। কিন্তু এই নজর কারা রাখবে? I C. S., I. A. S.—আমি জানি প্রথম কথা উঠবে যে I. C. S., I. A. S. হলেই খারাপ লোক হয় না। কে না জানে সুবিখ্যাত দু'য়র কথা—রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ, রমেশ দত্ত। কাজেই আমি একথা বলছি না এটা কারুর ব্যাক্তির না, এটা ২/১টা লোকের ব্যাপার নয়। I C. S I. A. S., একটা institution. এরা একটা service সুতরাং সামগ্রিক ভাবে সবটা দেখতে হবে। এই I C S., I. A. S. সম্পর্কে এমন একজন লোকের নাম করব যিনি কোন কালেই প্রগতিশীল ছিলেন না। যিনি আমাদের দেশকে ভাগ করেছিলেন সেই কার্জন সাহেবের একটা লেখা পড়ে দিই। তাঁর মতে হলেন "No spark of imagination strikes upon their mind, no spark of inspiration springs from their breast. If left to themselves they will instinctively oppose all sorts of reforms". কার্জন সাহেবের মত প্রতিক্রিয়াশীল মনে করতেন যে কোন নূতন কিছু করার ব্যাপারে এরা বাধা সৃষ্টি করে। ১৯৪৭ সালে রাউলাট কমিটি বলেছিল প্রশাসন সংস্কারের জন্য। তিনি ছিলেন একজন উচ্চপদস্থ কর্মচারী। তিনি এই প্রশ্ন করেছিলেন যে সমস্ত administration machinery হল one against all reforms. They lack imagination they lack the spirit of adventure, they lack the spirit of new enterprise. ১৯৪৭ সালে রাউলাট এই কথা বলেছিলেন। এটা আমার বক্তব্য নয়। প্রশাসনে দুটো জিনিস দেখা যায়- একটা হল commercialism, efficeincy, আর একটা হল revolutionary sweep বৈপ্লবিক প্রেরণা। Commercialism plus revolutionary sweep যদি দুটো মিলিয়ে চলে তাহলে প্রশাসন ঠিকভাবে চলবে এবং তাকে আমরা জনকল্যাণ মুখী করতে পারব। সেজন্য আমার বক্তব্য ঐ দৃষ্টিভঙ্গী থেকেই উপস্থিত করছি। কিন্তু আমাদের প্রশাসনের ব্যাপারে সেই জিনিষ হচ্ছে কি না?

[5-55—6-05 p.m.]

লক্ষ্য করে দেখুন আমাদের দেশ স্বাধীন হওয়ার পর নূতন সরকার রয়েছে, কিন্তু এতদিন পরেও সরকারের তরফ থেকে প্রশাসনিক সংস্কারের জন্য বিশেষ কোন চেষ্টা হয় নি। কেন্দ্র থেকে কোন সময় কোন কোন কমিটি বসেছে বা কমিশন বসেছে। ফোর্ড ফাউনডেশান থেকে ১৯৫৬ সালে একটা রিপোর্ট দিয়েছিল। প্রথম লোকসভার একটা হিসাবরক্ষক কমিটি একটা প্রতিবেদন দিয়েছিলেন। হনুমন্তিয়ার নেতৃত্বে যে প্রশাসনিক সংস্কার কমিটি হয়েছিল তার কথা আমরা জানি। শান্তনম কমিটির রিপোর্টের কথাও আমরা জানি। এই সমস্ত কিছুই কেন্দ্র থেকে হয়েছে। স্বাধীনতার আগে রাওলাট

ব্যাপার ছাড়া কিছু হয় না। এখন রাজস্ব আদায় হচ্ছে ৩৪২ কোটি টাকা, কিন্তু তখন ৩০ কোটি টাকার বেশি হতো না। তিন তিনটে পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হয়েছে এবং চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাও শেষ হতে চলেছে এবং এই অবস্থায় পরিবর্তন দেখা দিয়েছে। এর জন্য আমরা নিজেদের তৈয়ারী হয়েছি কি? যদি না হতে পারি তাহলে কেবল আমাদের রাজস্ব আদায়ের দৃষ্টিভংগী থাকলেই চলবে না, তাতে জনকল্যাণ হবে না। প্রশাসনের মূল লক্ষ্য হওয়া উচিত জনকল্যাণ এবং সেই দৃষ্টিভংগীতেই আমাদের প্রশাসন ব্যবস্থা পরিচালনা করা উচিত। অত্যন্ত দুঃখের সঙ্গে এই বক্তব্য রাখতে হচ্ছে। আমি এক একটা করে উদাহরণ রাখছি। আয়ের ব্যাপারে যে বাজেট পেশ করা হচ্ছে সেই বাজেটের ঘোষণা পদ্ধতি এই বাজেট থেকে বুঝতে পারা যাবে কি? কিছু লেখাপড়া করেছে এই রকম লোকও কিছু বুঝতে পারবে না। এটা সঠিক হল কি সঠিক নয় সেটা যাতে জনসাধারণ বুঝতে না পারে বা বের করতে না পারে বা কিছুতেই বুঝতে না পারে সেইজন্য এই রকম করে করা হয়। আমি তো কিছু পড়াশুনা করেছি। কিন্তু আমার পক্ষে এই বইগুলো পড়ে বুঝা সম্ভব নয়। সেইজন্য আমি একটা বইয়ের নাম করছি। এটা সুপারিশ করেছেন রাষ্ট্রসংঘ। এই বইটার নাম হচ্ছে A Manual for Economic Foundation and Classification. এই বইটায় আছে গভর্ণমেন্ট-এর অর্থনৈতিক ব্যবস্থা তার কথা। মাননীয় স্পীকার মহাশয়, সদ্য স্বাধীনতাপ্রাপ্ত অনেক দেশ - ব্রহ্মদেশ, মিশর—এরা এই কায়দায় বাজেট রচনা করছেন। অথচ আমাদের এখানে পারফরমেন্স অফ বাজেট সেই পুরোনো আমলের মতো বৃটিশের কায়দায় চলছে। আই, সি এস-দের কথা একটু আগে বলেছি। এই প্রসঙ্গে আর কিছু বলবো না। কারণ আই, সি, এস-রা আজকাল আর বেশি নেই। I A.S. দের সম্বন্ধে কিছু বলবো। উপরতলার অফিসারদের অনেক দুর্নীতির কথা অনেকে বলেছেন। আমি সেদিকে যেতে চাই না। আমি অন্য কয়েকটি কথা বলবো। এরা কিভাবে এসে থাকেন? একদল আসেন ভারতীয় সেনা বিভাগ থেকে। কিছু এসেছেন প্রতিযোগিতা মূলক পরীক্ষার মাধ্যমে। কিছু এসেছেন প্রাদেশিক স্তর থেকে প্রমোশনের মাধ্যমে। এদের মধ্যে বেশ রেষারেষি আছে। কিন্তু এদের জনসাধারণকে দেখার দৃষ্টিভংগী এক। এরা প্রত্যেক জনসাধারণ বা সাধারণ মানুষকে দেখে থাকেন ফাইলের মধ্য দিয়ে। এদের নিজেদের আলাদা ক্লাব আছে নিজেরা সেগুলো ভালভাবে ব্যবহার করে থাকেন। আর সাধারণ মানুষকে দেখে থাকেন ফাইলের মধ্য দিয়ে, মানুষের মনের বাইরে। এরা ব্যক্তিগত খেয়াল মতোই বেশি চলে থাকেন। যদি বলি প্রাজমেটিক তাহলে হয়তো কেউ কেউ রাগবেন। সেইজন্য আমি আমেরিকার কথা বলছি, ওয়াশিংটনের কথা বলছি। এই সমস্ত বুরোক্রেটরা সব সময় আসতে চায় সেন্ট্রালে। কারণ এখানে এসে they do not grow but they swell. অর্থাৎ স্ফীত হয়ে ওঠে। আমাদের মফস্বলের তারা এখানে আসতে চায়। কারণ তারাও এখানে আসতে পারলে স্ফীত হয়ে ওঠে। They do not grow but they swell. অবশ্য প্রাদেশিক সিভিল সারভিসের যারা তাদের অবস্থা থারাপ আগেকার জৌলুষ নেই, নিষ্প্রভ। এদের আলাদা এসোসিয়েশান আছে। এরা ডেপুটি সেক্রেটারী পর্য্যন্ত হতে পারে। এর পরে আছে কেরাণাকুল। লোয়ার ডিভিসন এ্যাসিসটেন্ট আপার ডিভিসান এ্যাসিসটেন্ট—এরা এ্যাসিসটেন্ট সেক্রেটারী পর্যন্ত চেষ্টা করলে উন্নতি করতে পারবেন।

ডিপার্টমেন্টে কতরকম অপদার্থ, দুর্নীতি ঘটে সেটা ভেবে দেখতে হবে। কারণ কি, বৃটিশ আমলের যে আইন, কনডাক্ট রুল, এই কনডাক্ট রুলের শিকড়ে সব আষ্টেপৃষ্ঠে বাঁধা আছে। চ্যাপম্যান ম্যানুয়েলে লেখা আছে একজন লোয়ার ডিভিসন ক্লার্ককে ৫টা ফাইলে নোট প্রিপেয়ার করে তার উর্ধতন অফিসারের কাছে দিতে হবে। সেটা যদি না দেয় তাহলে তার এগেনষ্টে ব্যবস্থা নেয়া যায়। সেই নোট প্রিপেয়ার করে দেবার পর তার উর্ধতন অফিসার তার উপর রিমার্ক করবেন। যদি কে

দোষ পরে হয় তাহলে তার জন্য কোন অফিসার দায়ী হবেন না. সমস্ত দোষ চাপবে এই গরীব কেরাণীর ঘাড়ে। তারপরে আমরা সকলে এ. জি. বি-র কথা জানি। এ্যাকাউন্টেন্ট জেনারেল, ওয়েষ্ট বেঙ্গল, একটা সাংঘাতিক জিনিস। এক ভদ্রলোক পেনসনের জন্য ১৯৬৪ সালে দরখাস্ত করেছেন, আজ ১৯৭২ সাল চলছে, এখনও হয়নি, এখনও এ জি বি-তে আছে। এর জন্য দোষ চাপে কিন্তু গরীব কেরাণীর ঘাড়ে। কারণ ডিলিং এসিস্ট্যান্টের উপর ভার থাকে, তিনি ফাইল তৈরী করে পাঠিয়ে দিলেন ব্লক অফিসে, ব্লক অফিসের কেরাণী পাঠিয়ে দিলেন জে এল. আর. ও অফিসে, সেখান থেকে চলে এল এস. ডি.ও অফিসে এস ডি ও থেকে ডি.এম অফিস থেকে কমিশনারস অফিসে, কমিশনারস অফিস থেকে এ. জি. বিতে। তারপর এ. জি. বি থেকে পেনসনের অর্ডার হয়ে যখন এই প্রসেসের মধ্য দিয়ে ব্লক অফিসে গেল তখন দেখা গেল সেই পেনসন নেবার জন্য আর কেউ বেঁচে নেই, সে বেচারী মারা গেছে। এই সভার পুরানো সদস্য ছিলেন ডঃ জ্যোতিষ ঘোষ মহাশয়, তাঁর কাছে একটা গল্প শুনেছিলাম, কোন এক জেলখানায় একজন বন্দী টেলিগ্রামে তার বাবার অসুখের সংবাদ পেয়ে প্যারোলে ছুটি চেয়েছিলেন। মাস চার পরে খবর এল গভর্ণমেণ্ট কনসিডারিং লিভ। এই খবর আসার আগেই তার বাবা মারা গেল। সুতরাং তাকে লিখতে হয় পোষ্টপোন ফাদার্স ডেথ, গভর্ণমেণ্ট কনসিডারিং লিভ। এ ছাড়া তার উপায় নেই। তার বাবার মৃত্যুকে স্থগিত রাখতে হবে। তারপর দেখুন ব্লক অফিসে একটা টেবিল কিনবার উপায় নেই। ব্লক অফিসে টেবিল কিনলেন, তার ভাউচার চায় না, ভাউচার যদিওবা দিলেন এ জি. বি জিজ্ঞাসা করবেন টেণ্ডার দিয়েছিলেন কিনা, লোয়েষ্ট টেণ্ডার য়্যাকসেপ্ট করেছিলেন কিনা। একটা টেবিল কিনবার জন্য কত কাণ্ড, কত ফাইল লেখালেখি অথচ দয়া করে দেখে এলেন না সত্যসত্যই টেবিল কেনা হয়েছে কি হয় নি। তাহলে ঝামেলা মিটে যেত। এই কায়দায় যদি অফিস চলে তাহলে যে সব জনকল্যাণমূলক কাজ আমরা করতে চাই সেই সব কাজ কি করে করব? তারপর দেখুন অনেকে বলেছেন একজন নন-টেকনিক্যাল ম্যান টেকনিক্যাল লোকদের মাথায় বসে আছেন, চীফ ইঞ্জিনীয়ারের মাথায় বসে আছেন একজন আই এ এস সেক্রেটারী। অথচ বাসু কমিটির রেকমেণ্ডেসন ছিল স্বাস্থ্য, ইরিগেসন, পি. ডব্লু. ডি ডিপার্টমেণ্টের মাথায় নন-টেকনিক্যাল ম্যানকে বসান উচিত নয়। তারপর ফাইনান্স ডিপার্টমেণ্ট সম্বন্ধে অনেকে বলেছেন। আমিও বলব হাজার রেফারেন্স ফাইনান্স ডিপার্টমেণ্টে হয়। ১৯৪৪ সালে রাউল্যাণ্ড সাহেবের একটা রিপোর্ট পড়ছি—উই হ্যাভ বিন টোল্ড দ্যাট ইন দি ক্যালেণ্ডার ইয়ার অফ ১৯৪৪ দেয়ার ওয়ার নো ফিউয়ার দ্যান ২৬ থাউজ্যাণ্ড আনঅফিসিয়াল রেফারেন্সেস টু দি ফাইনান্স ডিপার্টমেণ্ট ১৯৪৩ সালে নট লেস দ্যান ২৬ থাউজ্যাণ্ড, আর আজকে ১৯৭২ সালে নিশ্চয়ই সেটা নট লেস দ্যান ৬২ থাউজ্যাণ্ড টু ৬২ ল্যাক্স। তিনি তখন সুপারিশ করেছিলেন একে অবিলম্বে উঠিয়ে দেয়া হোক। অনেকে হয়ত বলবেন সরকারী টাকা এতে অপচয় হতে পারে কিন্তু আমি বলব তার জন্য তো একাউন্টেণ্ট জেনারেল, পাবলিক একাউণ্টস কমিটি, এসটিমেট কমিটি রয়েছে। কিন্তু কথা হচ্ছে ফাইনান্স ডিপার্টমেণ্ট তার কর্তৃত্ব ছাড়বেন কি? কেন্দ্রে তো দেখেছি দেশমুখ সাহেব পদত্যাগ করতে চেয়েছিলেন। ফাইনান্স ডিপার্টমেণ্টের একজন সামান্য কর্মচারীর দাপটে অন্য দপ্তরের মন্ত্রীর কলম থেমে যায়। এত করিতকর্মা তারা? এই যে ফাইল চলাচলের ব্যাপার সেটা কি রকম দেখুন— প্রথমে ডিলিং এসিস্টেন্ট ফাইলটা প্রিপেয়ার করে হেড এসিসট্যাণ্টকে দিল, হেড এসিসটেন্ট টু এসিসট্যাণ্ট সেক্রেটারী, সেখান থেকে সেক্রেটারী। এইভাবে ফাইলটা ঘুরতে ঘুরতে চলে অথচ সেটা হাতটা একটু বাড়িয়ে দিলেই চলে যায়।

[6-05—6-15 p.m.]

ওটা আর হাত বাড়িয়ে দিতে পারেনা, এইভাবে ঘুরে ঘুরে যাচ্ছে। সেইজন্য স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি প্রশাসনের এই যে শৈথিল্য একে ভাঙ্গুন, নাহলে নোঙর তোলা হবেনা। প্রশাসন

ব্যবস্থা ভাল করবার জন্য, জনকল্যাণ করবার জন্য হাল চালাচ্ছেন, পাল তুলেছেন, নৌকা বাইবার চেষ্টা করছেন। কাজেই নোঙর তুলে এই যে নূতন জোয়ার এসেছে, সেই জোয়ারকে সার্থক করবার জন্য প্রশাসন ব্যবস্থা নূতনভাবে চালান। আমাদের এই সমস্ত সাজেসনস্ বিবেচনা করুন, প্রশাসন ব্যবস্থা ঢেলে সাজান এবং নূতন প্রাণের স্পন্দনে নূতন জোয়ারে দেশকে এগিয়ে নিয়ে যান।

**শ্রীশৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় পশ্চিম বাংলার প্রশাসন বিভাগে শান্তির আবহাওয়া পুনঃপ্রতিষ্ঠা করবার জন্য যে আন্তরিকতা দেখিয়েছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আজকে সবচেয়ে বিতর্কিত বিষয় হচ্ছে জেলা শাসকদের ক্ষমতা বৃদ্ধি করা হবে কি না। একথা সত্য জেলার সমস্ত রকম উন্নয়ন এবং প্রশাসনের দায়িত্ব এই জেলা শাসকদের উপরেই পড়ে। তাঁরা জনসাধারণের সংগে যোগাযোগ করেন, তাদের অভাব অভিযোগের বিচার করেন, আমরাও বিভিন্ন কাজের জন্য তাঁদের সংগে যোগাযোগ করি, বিভিন্ন দপ্তরের মন্ত্রীরাও তাঁদের সংগে বৈঠকে মিলিত হন এবং বিভিন্ন দপ্তর কি কি কাজ কর্ম হচ্ছে সেই সমস্ত বিচার বিবেচনা করবার ভার তাঁদের উপর থাকে। অথচ বিভিন্ন দপ্তরের উপর এই জেলা শাসকদের কোন কর্তৃত্ব নাই। পাবলিক ওয়ার্কস, মেডিকেল, পাবলিক হেলথ, ইরিগেশন এ্যাণ্ড এডুকেশন প্রভৃতি বিভিন্ন দপ্তরের কোন অফিসারকে জেলা শাসক তাঁর সংগে সংযোগ করবার জন্য হুকুম দিতে পারেন না বা কোন খবর জোগান করে তাঁর কাছে পৌছে দেবার জন্য তাঁদের বাধ্য করাতে পারেন না। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে জেলার উন্নয়নের জন্য জেলা ম্যাজিস্ট্রেটকে মাধ্যম করে জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট বিভাগের কর্ম কর্তাদের সংগে একটা ঘনিষ্ঠ সংযোগ যাতে স্থাপন করা যায় তার ব্যবস্থা করা উচিত। এখানে একটা প্রশ্ন আছে যে, এত বড় দায়িত্ব নেবার মত ক্ষমতা সকল জেলা শাসকের আছে কি না? আমি গুরুদায়িত্ব নিয়ে বলতে পারি অধিকাংশ জেলা শাসক কোন রকম গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে ভয় পান। নিজেদের কর্ম জীবনে কোন রকম কালির দাগ না রেখে, সমস্ত রকম সংঘাত পরিত্যাগ করে জীবনে প্রতিষ্ঠিত হওয়াটাই তাঁদের জীবনে কাম্য। তাঁরা কোন কোন লোককে কিছু সুযোগ সুবিধা দেন, কিন্তু কোন রকম ঝুঁকি নিতে চান না। তাঁদের এই মনোভাব অন্যান্য প্রশাসন দপ্তরের সকল স্তরে নেমে এসেছে এবং একটা অস্বাভাবিক অবস্থা সৃষ্টি হয়েছে। আমি সেইজন্য রাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি এই অস্বাভাবিক অবস্থার প্রতিবিধান করে যাতে মানসিক অবস্থা বৃদ্ধি পায় তার ব্যবস্থা করুন। এ কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় সাধারণ প্রশাসন খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন আমি তা সমর্থন করছি। স্যার, আপনি জানেন গণতন্ত্রের সবচেয়ে বড় কনডিসন হচ্ছে জনসাধারণের কাছে বেশী ক্ষমতাকে ভাগ করে দেওয়া। আপনি জানেন সেই ক্ষমতা বিকেন্দ্রীকরণ না করতে পারলে প্রশাসনকে সুষ্ঠু করা যাবে না, সফল করা যাবে না। আপনি জানেন স্যার, আমরা যখন স্বাধীনতা আন্দোলন করেছি, যখন ইংরাজকে তাড়াবার সংগ্রাম করেছি তখন আমাদের দেশের জাতীয়তাবাদী নেতৃবৃন্দ একথা ঘোষণা করেছিলেন যে আমাদের দেশ যখন স্বাধীন হবে তখন ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করব। আমরা এখন নূতন বাংলা দেশ গড়ার কথা বলছি, কিন্তু তার প্রশাসনিক ক্ষমতাকে বিকেন্দ্রীকরণের কথা ঠিক মত ভাবছি না। ওয়ারেন হেষ্টিংসের আমল থেকে এই প্রশাসনিক কাঠামোকে ম্যামেণ্ড করে যাচ্ছি। সাম্রাজ্যবাদীর হাত থেকে যে প্রশাসনিক কাঠামো আমরা পেয়েছি সেই প্রশাসনিক কাঠামোকে মাঝে মাঝে সংশোধন করে নিয়েছি ভারতবর্ষ স্বাধীন হওয়ার পর থেকে, কিন্তু তাতে মানুষের আশা আকাংক্ষা রূপায়িত হয়নি। আজ আমাদের মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উপস্থাপিত

করেছেন তাতে আমরা নিশ্চয়ই সম্মতি দেব কিন্তু সংগে স গে রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আজকে পশ্চিমবংগের মানুষ তাকিয়ে আছে এই সরকারের দিকে। আমি বলতে চাই বিশেষ করে গত ২৫ বছর ধরে যে ধরণের প্রশাসন ব্যবস্থা চলছে তার আমূল পরিবর্তন করতে হবে এবং এই বিধান সভার মাননীয় সদস্য যারা আছেন তাঁরাও চান এবং তাঁরাও জানিয়েছেন যে এই প্রশাসন ব্যবস্থার পরিবর্তন করতে হবে এবং সেজন্য আমি বলব এই দিকে লক্ষ্য রেখেই আমাদের কর্মসূচী ঠিক করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে পশ্চিমব'গে প্রশাসনিক সংস্কার কমিটি তৈরী করা হবে কিন্তু আমি এখানে জানাতে চাই যে গান্ধীজী যে স্বপ্ন দেখেছিলেন, পঞ্চায়েতী রাজের মধ্য দিয়ে যে স্বপ্ন দেখেছিলেন, ১৯৬৫ সালের পর এই কংগ্রেসী সরকার সেই স্বপ্নকে বাস্তবে রূপায়িত করবার জ্য কতদূর চেষ্টা করেছেন। আজকে প্রশাসনিক কাঠামোর বৈপ্লবিক পদ্ধতির মধ্য দিয়ে পরিবর্ত করার প্রয়োজন আছে। আমি এখানে সব ডিপার্টমেন্টের কথা বলতে চাই না, শুধু দু একা ডিপার্টমেন্টের কথা আপনার মাধ্যমে এখানে উল্লেখ করতে চাই—আমরা লক্ষ্য করেছি যে বিভি ডিপার্টমেন্টে এবং বিশেষ করে ইরিগেশন ডিপার্টমেন্টে ৭ জন রিটায়ার্ড লোককে এখনও কাজে রাখ হয়েছে। একজন ভদ্রলোক যিনি রিটায়ারমেন্টের পরে প্ল্যানিং এবং ডিজাইন ডিপার্টমেন্টে আছে তিনি সবসময় মনে করেন যে তার সময় শেষ হয়ে গেছে। পশ্চিমবাংলা যেখানে বন্যায় ভেসে যাচ্ছে সেইখানে প্ল্যানিং এবং ডিজাইনের যার উপরে ভার আছে সেই ভদ্রলোক সব সময় মনে করছেন যে তার সময় শেষ হয়ে গেল—সেজন্য তিনি গুছিয়ে কোন কাজ করতে পারছেন না। আপনি জানেন স্যার, পশ্চিম বাংলার প্রশাসনকে তিনটে ভাগে ভাগ করা যায়। একটা হচ্ছে নীচের তলায় যারা U. D., L. D, পিওন ইত্যাদি আর মাঝখানে W. B. J C. S. এবং W.B.C.S. এই স্তর পর্যন্ত আর তার উপরে I.A.S., I. P. S —এই মাঝের স্তরে যারা আছেন তারা কিছু কাজ করার চেষ্টা করেন, আর নীচের তলায় যারা আছেন তাদের নিয়ে নানারকম ভাবে রাজনীতি করা হয়।

[6-15—6-25 p.m. ]

কিন্তু মাঝখানের এই যে স্তর তার দিকে দৃষ্টি দেওয়া হয়নি। তাই আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ জানাবো এই মাঝখানের যে স্তর তার দিকে লক্ষ্য দেওয়ার দরকার আছে। এরাই হচ্ছে ব্যাকবোন আমাদের অ্যাডমিনিস্ট্রেশনের। I. C. S. ও I. P. S.-দের দিকে যেমন নজর দেওয়া হয় এদের জন্যও সেই ধরণের একটা ব্যবস্থা করার দরকার আছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসনিক খাতের ব্যয় বরাদ্দের যে দাবী এসেছে তাকে আমি সমর্থন করছি। এই প্রসংগে আমি কিছু বলতে চাই। আমরা সমাজতন্ত্রের কথা অনবরতই বলছি এবং যার জন্য জমিদারী প্রথা অ্যাবলিশন করলাম, জমির সিলিং ঠিক করে দিলাম, শহরের সম্পত্তির সিলিং করবার চেষ্টা করছি। আমার মনে হয় সরকারী কর্মচারীদের বেতনেরও একটা সিলিং করা দরকার। কারো ১০০০ টাকার বেশী মাইনে হবেনা, চিফ মিনিষ্টারেরও না, এবং লোয়েষ্ট ২০০ টাকা। ১০০০ টাকার উপর যাদের মাইনে আছে তাদের ১০০০ টাকা পে এবং বাকীটা অ্যালাউন্স হিসাবে দেওয়া যেতে পারে। এই ভাবে বিল পাশ করাতে হবে যাতে কারো বেতন ১০০০ টাকার উপর না হয়। সমাজতন্ত্র শুধু মুখে বললেই এই সমাজতন্ত্র আসার সম্ভাবনা নাই। উপাধ্যক্ষ মহাশয়, এই স্কেল অব পে নানা রকম আছে আর এটা নির্ভর করে ফাইনান্স ডিপার্টমেন্টের উপর। আমার বক্তব্য হচ্ছে ৪টা গ্রেড করতে হবে—

২০০—৪০০, ৪০০—৬০০, ৬০০—৮০০ আর ৮০০—১০০০ টাকা। এই ৪ রকমের মধ্যে যে কোন কর্মচারীকে ফেলতে হবে এবং মেরিটের উপর প্রমোশন দেবার ব্যবস্থা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার আমি সরকারী কর্মচারীদের সি. সি. আর সম্বন্ধে বলবো। এই কনফিডেনশিয়াল ক্যারেকটার রোলের উপর বেসিস করে সরকারী কর্মচারীদের প্রমোশন হয়। কিন্তু এই সি. সি. আর. দুর্নীতিকে সাহায্য করছে। আমি একটা একজাম্পল দিচ্ছি। একজন সুপারেনটেণ্ডিং ইঞ্জিনিয়ার কনট্রাকটারের কাছে ঘুষ নিয়ে তার একটা টেণ্ডার এ্যাকসেপ্ট করলো। কনট্রাকটার কাজ করতে গেলে সেখানে খারাপ মেটিরিয়াল দিলো যার ফলে তার আণ্ডারে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার থাকলেও সাব এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার কাজ দেখেন এবং তিনি আপত্তি করলেন এবং এই নিয়ে উপরওয়ালার সংগে ঝগড়া হওয়ায় তার সি. সি. আর. খারাপ হয়ে গেল। এইভাবে একজন অনেষ্ট হওয়া সত্ত্বেও তার প্রমোশন আটকে গেল। ২ নং, কোন কাজ না করে অনেকে উপরওয়ালাকে তাল দিয়ে ভাল সি.সি.আর. পাচ্ছে। ৩ নং. উপরওয়ালার সঙ্গে কোন রকম গোলমাল হতে নীচের কর্মচারীরা সৎ হলেও তাদের সি.সি. আর. খারাপ হয়ে যায় যার ফলে ভবিষ্যতে তাদের প্রমোশন হ্যামপার করে।

আর একটা জিনিস হচ্ছে বর্তমানে C.C.R-এর ব্যাপারে কাজের সঙ্গে কোন সম্বন্ধ নাই, কে কি কাজ করলো না করলো তা assessment করা হয় না। তাই আমার suggestion হচ্ছে প্রত্যেক কর্ম্মচারীকে তাঁর work assessment-এর yearly report submit করতে হবে। সে রিপোর্ট একটা কমিটি পরীক্ষা করবেন। সেই কমিটিতে থাকবেন S. D. O., ডিপার্টমেণ্টাল হেড, local representative তাদের কাছে রিপোর্টটা পৌঁছে দিতে হবে প্রত্যেক ডিপার্টমেন্ট থেকে। তাঁরা সেই রিপোর্ট দেখে বুঝবেন কে কি কাজ করেছে না করেছে। তারপর সেই কমিটি একটি রিপোর্ট দেবেন। সেই রিপোর্টটির উপর base করে departmental head তার service book লিখবেন এবং এই লেখার উপরে তার promotion depend করছে। এখন যে system আছে C.C.R. লেখার তা abolish করতে হবে। এটা করলে পাবলিকের সঙ্গে সরকারী কর্মচারীরা দুর্ব্যবহার করতে সাহস পাবে না। কারণ জনসাধারণের একজন প্রতিনিধি এই প্রমোশনের ব্যাপারে জড়িত থাকছেন। কোন appointment-এর ব্যাপারে সরকারী কর্ম্মচারীর এই কমিটির মাধ্যমে suggestion যাতে যায় তার ব্যবস্থা নিতে হবে এই কমিটির মাধ্যমে। যে কোন promotion-এর ব্যাপার deal করবে S.D.O , Departmental head এবং একজন local representative আমি এটা কেন বলছি জানেন স্যার? কারণ আমরা toiling mass-কে oiling করে এখানে এসেছি। এই toiling mass-এর দিকে কোন সরকারী কর্ম্মচারী তাকায় না। দিনের পর দিন তাদের এরা harass করে। একজন প্রতিনিধি যদি এদের উপরে থাকে তাঁদের উপর যদি কর্ম্মচারীটীর promotion depend করে, তাহলে যে অন্যায় অবিচার পাবলিকের উপর তাঁরা করছেন, সেটা বন্ধ হবে। তা নাহলে উপায় নাই।

একটা ব্যাপার এখানে উল্লেখ করছি। উত্তরবঙ্গে জলপাইগুড়িতে যখন বন্যার ধ্বংসলীলা চলছে, তখন সেখানে সেচ দপ্তরের সেক্রেটারী এ কে মজুমদার। তাঁর দুষ্কর্মের জন্য লক্ষ লক্ষ টাকা তছরুপ হয়েছে এবং অনেক মানুষ গরু মোষ মারা পড়েছে। চাষীরা চরম ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই কর্ম্মচারীকে শাস্তি না দিয়ে আজকে তাকে স্বাস্থ্য দপ্তরের সচিব করে রেখে দেওয়া হয়েছে। এই রকম যদি চলে তাহলে দুর্নীতি কি করে বন্ধ করবেন? তাঁকে আজ মানুষের সেবা করে যে ডাক্তাররা তাঁদের মাথার উপর বসিয়ে দেওয়া হয়েছে। ডাক্তারদের উপর এই রকম অন্যায় অত্যাচার হচ্ছে।

এই রকম dishonest অফিসারকে immediately suspend করা উচিত। এই সেক্রেটারীকে অবিলম্বে suspend করে তার বিরুদ্ধে আমাদের যথাযথ ব্যবস্থা নেওয়া দরকার। এই রকম ব্যবস্থা করলে জনসাধারণ বুঝবে আমরা দুর্নীতি দমনের চেষ্টা করছি। এই ব্যাপারটা vigilence কমিশনের কাছে পাঠান উচিত।

শেষকালে আমি অনুরোধ করবো C.C.R. প্রথা abolish করুন এবং আমি যে কমিটি গঠনের suggestion দিলাম, যে কমিটির মাধ্যমে promotion, appointment ও transfer deal হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ দেদার বক্স** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ সাধারণ প্রশাসন বিভাগের যে ব্যয় বরাদ্দ আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রী পেশ করেছেন, তাকে আমি সর্বান্তঃকরণে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি এবং তিনি যে বক্তব্য রেখেছেন, সেটা আমি ব্যক্তিগতভাবে উপলব্ধি করে অত্যন্ত আনন্দিত হয়েছি। তারজন্য বিশেষ তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এই ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যে সন্ত্রাসের রাজত্ব চলেছিল, আপনি জানেন স্যার, তদানীন্তন মুখ্যমন্ত্রী অজয় মুখার্জীর ভাষায় বর্বর সরকার, সেই বর্বর সরকারের রাজত্বে পশ্চিমবাংলার নরনারী নিরাপত্তা কী জিনিস তাঁরা তা ভুলে গিয়েছিলেন।

[6-25—6-35 p.m ]

যেখানে ছেলের জন্য মায়ের ক্রন্দন স্বামীর জন্য স্ত্রীর ক্রন্দন পশ্চিমবাংলার আকাশ বাতাসকে ভারাক্রান্ত করেছে। আজকে আমাদের জনপ্রিয় সরকার তার থেকে লোক মুক্ত করেছে। আজকে এই জনপ্রিয় সরকারের বলিষ্ঠ নেতৃত্বে দেশের বর্তমান অবস্থায় শান্তিশৃঙ্খলার যথেষ্ট উন্নতি হয়েছে কিন্তু তাই বলে আমাদের আত্মতুষ্টি লাভ করলে চলবে না। আমি ব্যক্তিগতভাবে মনে করি যে যুক্তফ্রন্ট সরকারের আমলে প্রশাসন যন্ত্র যেভাবে চলেছিল তাতে এক অংশ প্রাণভয়ে তাদের দাস হিসাবে কাজ করেছিল আর অন্য এক অংশ তাদের নিজেদের রাজনীতির মধ্যে জড়িয়ে ফেলেছিল আজকে দেখছি সেই অবস্থা অনেক পরিবর্তনের দিকে। আশা করি এটা আরও উন্নততর হবে এবং আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখবো যে তিনি যেন তীক্ষ্ণ দৃষ্টি রাখেন যেন এই শাসন ব্যবস্থার মধ্যে যে সব সরকারী কর্মচারী আছেন তারা যেন রাজনীতির মধ্যে না আসেন এবং তার জন্য যেন তিনি কঠোর ব্যবস্থা গ্রহণ করেন। দ্বিতীয় প্রস্তাব রাখছি—রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র হিসাবে আমি বলতে পারি যে জেলার শাসন ব্যবস্থা হচ্ছে ভারতের শাসন ব্যবস্থার প্রাণকেন্দ্র। তাই জেলার শাসন ব্যবস্থাকে প্রাণবন্ত করে তুলতে হবে এবং সেইজন্যই জেলাকে প্রভুত ক্ষমতা দিতে হবে। আর সেই দৃষ্টিভঙ্গি নিয়েই আমাদের এই জনপ্রিয় সরকার জেলার হাতে প্রভুত ক্ষমতা অর্পণ করছেন। আমি আমার ব্যক্তিগত ক্ষমতায় বলতে পারি এইভাবে সেখানে যদি প্রভুত ক্ষমতা দেওয়া হয় এবং তার উপর যদি একটি প্রতিনিধিত্বমূলক সংস্থা না দেওয়া হয় তাহলে খুব অসুবিধা হবে। মুর্শিদাবাদ জেলার মাননীয় জেলা শাসক গৃহনির্মাণ বাবদ যে অনুদান পেয়েছিলেন তা ২৬টি ব্লকের জন্য কিছু কিছু রাখতে পারতেন—কিন্তু আমি জানি আমার মুর্শিদাবাদ জেলায় ২৬টি যে ব্লক আছে সেখানে গৃহ নির্মাণের যে অনুদান গেল তাতে দেখা গেল যাদের বাড়ী পড়লো তাদের কিছু দেওয়া হোল না—তারা বৃষ্টির জলে ভিজছে, অন্য লোকেরা বাড়ীর জন্য অনুদান পেল যাদের বাড়ী পড়েনি। তাই

সেখানে যদি প্রতিনিধিত্বমূলক সংস্থা থাকে তাহলে তারা সেই ত্রুটিবিচ্যুতিগুলি লক্ষ্য করবে এবং তার প্রতিবিধানের জন্য চেষ্টা করবে। আমার আর একটি কথা বলার আছে। এই প্রশাসনযন্ত্রকে জনসাধারণের কাছে পৌঁছে দিতে হবে। তাই রাইটার্স বিল্ডিংস থেকে জেলা ও ব্লক পর্য্যায়ে যেসব কর্মচারী আছেন তারা জনসাধারণের পয়সায় মোটা মোটা বেতন পান তাদের মনে রাখতে হবে তারা জনসাধারণের দাস. জনসাধারণই তাদের প্রভু তারা জনসাধারণের প্রভু নয়। পশ্চিমবাংলার শিক্ষিত অশিক্ষিত গরীব জনসাধারণ তাদের কাজের জন্য এসে তাদের কাছে প্রভূত হয়রান হয়। এই দিকে দৃষ্টি দিতে সরকারকে আমি অনুরোধ করছি। তারপর আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করবো যে আমাদের দেশে বহু শিক্ষিত ও অর্ধ শিক্ষিত বেকার ছেলে ১/২ বছর ধরে বেকার হয়ে পথে পথে ঘুরে বেড়াচ্ছে তারা হতাশ হয়ে বসে আছে— এ বিষয়ে তিনি যেন দৃষ্টি দেন। আমি পুনরায় এই খাতে যে ব্যয় বরাদ্দ এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে আমায় বক্তৃতা দিয়েছেন বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**Shri George Albert Wilson De-Roze :** Mr. Deputy Speaker, Sir, we are in the position here of criticising our own administration. I would say, Sir, we ourselves are in a position of being carpenters who are blaming their own tools. After all, in the last analysis the officers and men of the administration are tools which are being used by the Cabinet The Cabinet in the last analysis is a Committee of this House and, therefore, in the last analysis we are in a position of criticising our own tools. The criticism which has been levelled in the House is valid. The tools do not perform the job that they are intended to do undoubtedly. Our administration is resisting any change but, Sir, it is our duty to shape the tools to do the job that we are intending to do. We must remember that Writers' Buildings was constructed at the time of the old administrtion The entire administration dates back to the time of East India Company. Sir, the entire administration was shaped for a different purpose suitable to a foreign administration and to the zemindary set up. Now, Sir, in the first session of the House one of the Hon'ble Ministers in the Treasury Benches said that they intend to bring in socialism at break neck speed Sir, I hope that in the process of bringing in socialism nobody's neck would be broken. But we can only proceed to bring in socialism if we can shape this administration to be able to handle the problems that a socialist State has to handle. Sir, the immensity of the problem of the administration is bigger than anything that a business man has to face. Today, Sir, no business man thinks of attempting to go into any business venture without experts' aid and help and today they manage their business entirely on scientific basis. Modern organisation has become highly technical matter. There are efficient experts of various kinds. They go in for time motion studies, they try in the best ways the work to be done in the shortest time. They shape all norms of work output ; they have Organisation and Method men in every administration. In these things they go into detail like the best kind of accommodation for the staff, arrangement for more output of work and the distribution and control of

work. Sir, I will give an example. It has been recently ordered that the District Magistrates are to handle the entire administration of the districts Now, whether this is physically feasible, whether it can be done, what are the administrative possibilities and limits of the services, these are all strictly technical matters What I am suggesting, Sir, is this. This is no longer a matter of handling at an immature level, it is no longer a matter for one trying to solve his own administrative problems. I suggest, Sir, that an Administrative Reforms Commission be set up comprising technical experts and Members of this House to go into the entire working of the administration to modernise it, to place this administration in a position where the tools fit the hands of master craftsmen.

With these words, Sir, I conclude my speech.

[6-35 – 6-45 p m]

**শ্রীতপন চ্যাটার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই সাধারণ প্রশাসন খাতের ব্যয়বরাদ্দকে সমর্থন জানাচ্ছি। স্যার, এই সভার অনেকেই আই.এ.এসদের গালাগালি করেছেন, আমি আর অধিক গালাগালি দিতে চাই না। তবে একথা ঠিক আই এ এস,-রা সবজান্তা নয়। তেমনি আমরা যারা রাজনীতি করি আমাদের নির্বাচনের প্রতিক গরু হলেও আমরা গরু নই। তাই আমরা যারা রাজনীতিবিদ তাদের বুদ্ধি এবং আই.এ.এস'দের অভিজ্ঞতার সমন্বয় চাই। স্যার, দেশ স্বাধীন হবার পরও বৃটিশ কায়দায় আমরা দেশ চালাচ্ছি। আমাদের প্রশাসনের সংস্কার অবিলম্বে প্রয়োজন। আমলাদের সবচেয়ে বড় দোষ মাটি ও মানুষের সংগে তাদের যোগ নেই। তাই সমাজতন্ত্রের কর্মসূচী তাদের বোঝানো যাবে না বা তাদের দ্বারা তা বাস্তবে রূপায়িত করা যাবে না।

টেকনিক্যাল হ্যাণ্ডের সঙ্গে বুরোক্রাটদের একটা ঝগড়া আছে। টেকনিক্যাল কাজে আই.এস.এস'-দের নিয়োগ করা উচিত নয় বলে আমি মনে করি। প্রশাসন বিকেন্দ্রীকরণ প্রয়োজন অনেকে জেলা শাসকদের ক্ষমতাদানের কথা উল্লেখ করেছেন; আমার মনে হয় জেলা শাসকদের কিছু কিছু ব্যাপারে অধিক ক্ষমতাদান করা উচিত। জেলা পর্য্যায়ে কোন সমন্বয় নেই। সমন্বয় যদি না থাকে তাহলে সরকারের কোন কাজই ত্বরান্বিত করা যায় না। দুর্নীতি দমন করার জন্য আমলাদের উপর নির্ভর না করে জেলা ভিত্তিক জনপ্রতিনিধিদের নিয়ে কমিটি গঠন করা উচিত। মন্ত্রীদের শুধু বড় বড় আমলাদের সঙ্গে আলাপ আলোচনা না করে নিম্নশ্রেণীর কর্মচারীদের সঙ্গেও মাঝে মাঝে আলোচনা করা উচিত। শুধুমাত্র উচ্চ পর্যায়ের অফিসারদের সঙ্গে আলোচনা করা উচিত নয়। আমলাদের সম্বন্ধে যে সমস্ত কথা বলা হয়েছে, এছাড়াও আদালতে যে সমস্ত কাণ্ড-কারখানা চলেছে, বিচারের নামে যে প্রহসন চলেছে তা অবিলম্বে বন্ধ হওয়া দরকার। তা না হলে দিনের পর দিন মানুষের আস্থা এই প্রশাসনের উপর থেকে চলে যাবে। পুলিশের উপর অধিক ক্ষমতা দেওয়া হয়েছে। পুলিশকে যদি কণ্ট্রোল না করা হয় তাহলে এই পুলিশ যেমন বৃটিশকে ডুবিয়েছে, কংগ্রেসকে ডুবিয়েছে, যুক্তফ্রন্টকে ডুবিয়েছে, তেমনি আমাদেরকেও ডোবাবে। আমি আমার নির্বাচনী ক্ষেত্রের একটি ঘটনা এখানে উল্লেখ করছি। ১৬ তারিখে সেখানে একটি মর্মান্তিক ঘটনা ঘটে। থানা থেকে পুলিশ গিয়ে ২৬/২৭ বছরের এক যুবতী মহিলাকে প্রচণ্ডভাবে প্রহার করে এবং তারপর তাকে

থানায় নিয়ে যাওয়া হয়। তার বাবাকে বলে চলো থানায় গিয়ে বিচার করা হবে। তারপর তার উপরও প্রচণ্ড প্রহার করা হয়। আমি সেই কথা শুনে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে যাই এবং তীব্র প্রতিবাদ জানাই। আমরা সভ্য জগতে বাস করছি, সমাজতন্ত্রের আদর্শকে দেশে রূপায়িত করতে যাচ্ছি, কিন্তু বাস্তবের সঙ্গে তার একটা বিরাট ফারাক থেকে যাচ্ছে। গরীবদের কোন সংস্থান নেই, যেহেতু তারা গরীব, তারা লেখাপড়া জানে না, তাই তাদের উপর পুলিশের চরম অত্যাচার হচ্ছে। আমরা যেমন পুলিশের হাতে ক্ষমতা দিচ্ছি আইন শৃঙ্খলার উন্নতি করার জন্য তেমনি সেই সঙ্গে সঙ্গে রাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করবো পুলিশ যেন কিছুতেই বাড়াবাড়ি না করে। পুলিশকে এমন ভাবে পরিচালন করতে হবে যাতে আমাদের সরকারের মুখে মসীলেপন করতে না পারে। ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্ট সম্পর্কে বহু ঘটনা আমি জানি। জে. এল. আর ও'র নোটিশ পেয়ে আমি ঝড়ের বেগে সেখানে গেলাম। উদ্দেশ্য হচ্ছে গরীব চাষীদের মধ্যে জমি বিতরণ করা হবে। গিয়ে শুনলাম ১৯৫৮ সালে সেই জমি বিলি হয়ে গেছে। জে এল আর.ও আমলারা মোটা মোটা টাকা ঘুষ খেয়ে সেই জমি বিলি করার ষড়যন্ত্র করছে। আমরা সিলিং বেঁধে দিয়েছি। আমরা জমিদারী প্রথা উচ্ছেদ করেছি। খাতা কলমে আমরা জমি পেয়েছি বটে, কিন্তু বাস্তবে জমি পাইনি। ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টের বহু ঘটনা এই রকম ঘটছে। স্বত্বাধিকারী মারা গেছে, কিন্তু তাকে এখন চেক পেমেণ্ট করা হচ্ছে। জমি ৬/৫ করে এ্যাকুইজিসন করা উচিত ছিল, কিন্তু ৮/৩ করে তাকে একেবারে উল্টে দিয়েছেন এবং এইভাবে ঘুষ খেয়ে এ্যাকুইজিসন ডিপার্টমেণ্ট আর জে.এল. আর.ও. অফিসাররা দিনের পর দিন সমাজের বুকে এই জিনিস করে যাচ্ছে। তাই আমি মন্ত্রী-মহাশয়কে অনুরোধ করবো যে সমাজের স্বার্থে, দেশের স্বার্থে এবং দেশে সমাজতন্ত্রকে কায়েম করবার জন্য প্রশাসন ব্যবস্থাকে আরো দ্রুততার সঙ্গে ক্ষিপ্রগতিতে প্রগতিমূলক দৃষ্টিভঙ্গী নিয়ে এগিয়ে যাওয়া উচিত এবং অবিলম্বে প্রশাসনিক সংস্কার কমিটি গঠন করা উচিত। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীঅর্দ্ধেন্দুশেখর নস্কর:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার আজকে খুব আনন্দ হচ্ছে এই জন্য যে এই Houseএ প্রথম প্রশাসন খাতে ব্যয়বরাদ্দ দাবী করেছেন আমাদের মন্ত্রীসভার একজন রাষ্ট্রমন্ত্রী, এই রকম সুযোগ আর কখনও এই Houseএ মাননীয় সদস্যদের আসেনি। আমি এই Houseএ দেশ বিভাগের আগে থেকে ১৯৬৭ সাল পর্যন্ত ছিলাম এবং এই প্রশাসন বিভাগে অংশ গ্রহণ করবারও সুযোগ হয়েছিল এবং আলোচনায় অংশ গ্রহণও করেছি। আজকে বিশেষ-ভাবে লক্ষ্য করেছি যে প্রশাসন খাতে আমাদেরই একজন তরুণ বন্ধু রাষ্ট্রমন্ত্রী তাঁর ভাষণে যে সমস্ত কথা রেখেছেন, এমন সুন্দরভাবে কারোর কাছ থেকে আমরা এতদিন আশা করিনি বা শুনতে পাইনি। আমার মনে আছে এই Houseএ একবার প্রশাসন খাতে ১৯৪৪ সালে, মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, আপনি যে Chairএ বসে আছেন, ওখানে মুরুল আমিন তদানীন্তন Speaker বসেছিলেন। উপরে Governor's Benchএ তদানিন্তন Governor Sir Borrows বসে আছেন, মুখ্যমন্ত্রীর আসনে সারওয়ার্দি বসে আছেন। আমরা oppositionএ বসে আছি; ডানদিকের আসনে সমস্ত ইংরাজ এবং Treasury Benchএর পেছনে, যে সমস্ত পদস্থ কর্ম্মচারীরা বসে রয়েছেন, ওখানে লালমুখোরা বসেছিলেন। আমরা বিরোধী দলে বসেছিলাম—তখন খুব বেশী সুযোগ ছিল না, কারণ ওপর থেকে লালচক্ষু চেয়ে আছে Speakerএর দিকে, মুখ্যমন্ত্রীর আসনে বসে আছেন সারওয়ার্দি, বিভিন্ন খাতে একটার পর একটা brute majority নিয়ে পাশ করে নিয়ে গেছেন, আমাদের সুষ্ঠুভাবে বলবার কোন সুযোগ ছিল না। আমার মনে আছে, আমি তখন এই Houseএর সদস্য, কোন একটি সরকারী কাজে, মুসলীম লীগ মিনিষ্টারদের কাছে Writers' Buildingsএ গেছি

আমারই এক বন্ধু বিরোধী দলের সদস্যকে সঙ্গে করে নিয়ে আমাদের অঞ্চলে একটা হাসপাতাল হবে, সেই সম্পর্কে তদানিন্তন স্বাস্থ্যমন্ত্রী হবিবুল্লাবাহার সাহেবের ঘরে গিয়েছি। তাঁর Secrctary, আমার নামটি কি মনে নেই লালমুখো ইংরাজ ঘরে ঢুকতেই মন্ত্রীমহাশয় Chair ছেড়ে উঠে দাঁড়িয়েছিলেন। দেশ বিভাগের আগের কথা আমি বলছি, আমরাও সঙ্গে সঙ্গে উঠে দাঁড়ালাম, মন্ত্রীমহাশয় যখন উঠে দাঁড়াচ্ছেন। ব্যাপারটা জানবার জন্য খুব উৎসুক হলাম। তারপর Secretary বসলেন, মন্ত্রী মহাশয়ও বসলেন, আমাদের কাজের কথা হ'ল আমাদের আবেদন রাখলাম, তিনি কাজটা হাতে করে নিয়ে দেখলেন, তখনকার দিনে প্রশাসন মন্ত্রীসভা যে decision নিত, তার জন্য Secretaryর সঙ্গে মন্ত্রীসভার যদি মতান্তর হতো, Governor তার final decision নিত। সুতরাং মন্ত্রীসভা যাই decision নিন Secretaryর সঙ্গে মতান্তর হলে Governorকে decision নিতে হত। Governor তখন লালমুখো ইংরাজ ছিলেন, তিনি ইংরাজ I.C.Sএর কথাই শুনতেন. এটা দেশ-বিভাগের আগের কথা, তাদের কথাতেই প্রশাসন চলতো। ১৯৪৭ সালে আমরা যখন স্বাধীন হলাম, মাননীয় ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ মুখ্যমন্ত্রী হলেন, শক্ত মানুষ তিনি, কঠোর হস্তে কাজ চালাবার চেষ্টা করেন, কিন্তু এমন চক্রের মধ্যে তিনি পড়ে গেলেন, আমরাই তখন কংগ্রেসীদলের সদস্য ছিলাম. আমরা তাঁকে সরিয়ে দিয়ে ডাঃ বিধানচন্দ্র রায়কে ১৯৪৮ সালে নিযুক্ত করলাম। একজন শক্ত মানুষ ছিলেন তিনি, যিনি পশ্চিমবাংলার কথা, গ্রামবাংলার কথা, শহরের কথা ভালভাবে চিন্তা করতেন এবং করবার চেষ্টা করেছিলেন ১৯৪৮ সাল থেকে ১৯৬৩ সাল পর্যান্ত। তাঁর সঙ্গে কাজ করবার সুযোগ পেয়েছি। প্রশাসন দপ্তর তিনি নিজে নিজেই দেখতেন। আমি সারওয়াদিকে দেখেছি প্রশাসন দপ্তরের কাজ চালাতে, ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষকে দেখেছি বিধানচন্দ্র রায়কে দেখেছি, শ্রীপ্রফুল্লচন্দ্র সেনকেও দেখেছি, আমার আজকে সেইজন্য আনন্দ হচ্ছে. ১৯৫৮ সালের কথা মনে পড়ে মাননীয় সিদ্ধার্থ শঙ্কর রায় যখন ডাঃ বিধানচন্দ্র রায়ের সঙ্গে মতান্তর হয়ে, আমাদের পরিত্যাগ করে চলে গিয়েছিলেন। তখন আমরা কয়েকজন তরুণ বন্ধু, যাঁরা ওঁর গুণমুগ্ধ ছিলাম, ওঁকে গিয়ে এই কথাই বলেছিলাম যে আপনি আমাদের ছেড়ে চলে গেলেন? কিন্তু আজকে ডাঃ বিধানচন্দ্র রায়ের পরে বাংলাদেশের আশা ভরসা সমস্ত আপনার উপর নির্ভর করছি—আমরা তাঁর বাড়ীতে গিয়েছিলাম স্বর্গত দেবেন্দ্রচন্দ্র দে আমাদের সঙ্গে ছিলেন, আমরা বহু অনুরোধ করেছিলাম, আজকে আমাদের সেই স্বপ্নগুলো সার্থক হয়েছে আজকে তিনি আমাদের মুখ্যমন্ত্রী হয়েছেন এবং তাঁর দুই বাহু শক্ত করেছেন আমার দুই তরুণ বন্ধু সুব্রত ভাই এবং ডাঃ জয়নাল হক সাহেব। আজকে সুব্রত ভাই, যে প্রশাসন যন্ত্রের দায়িত্ব নিয়েছেন, আজকে তার সামনে দু একটি কথা রাখি। এই প্রশাসন যন্ত্রকে দেখেছি যুক্তফ্রন্টের আমলে, আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, একদিন হরেকৃষ্ণ কোনার মহাশয় এই Houseএ বলেছিলেন, যখন তিনি ভূমিরাজস্ব মন্ত্রী ছিলেন, ২৪-পরগণার নস্কর পরিবার এবং বর্দ্ধমানের সাঁই পরিবারকে তিনি দেখে নেবেন। তখন থেকে আমি সজাগ হয়ে গিয়েছিলাম। যুক্ত ফ্রন্ট মন্ত্রীসভা গঠন হবার পর এক মাসের মধ্যে, আমার নিজের বাস্তুভিটা এবং গৃহদেবতা ছাড়া সমস্ত তারা লুণ্ঠন করে নিয়ে গিয়েছিল। বাড়ীর চারিদিকে petrol দিয়ে পুড়িয়ে দিয়েছিল। আমার বিরোধী দলের কংগ্রেস সদস্য যাঁরা ছিলেন তাঁদের কাছে বলেছিলাম, ১৯৬৭ সালে আমি পরাজয় বরণ করেছিলাম. আমি এই Houseএ বলার কোন সুযোগ পাইনি, তাঁরাও বলেছিলেন তুমি মন্ত্রী থাকাকালীন তোমার কাছে বিরোধীদলে যারা ছিলেন তারা এসে কাজ নিয়ে যেতেন। তুমি কেন আজ তাদের কাছে গিয়ে তোমার দুঃখের কথা জানালে না, আমি যাই নি, একজন সাধারণ নাগরিক হিসাবে যা করা উচিত আমি তাই করেছিলাম। আমি জেলাশাসক এবং S.P.র কাছে গিয়েছিলাম। আজ যে প্রশাসন খাতে ব্যয়বরাদ্দ দাবী রাখা হচ্ছে, তারাও আগের সেই প্রশাসনে ছিলেন। আমি দেখেছি জেলাশাসক লাল টাই পরে বসে আছেন, tableএ তার একতাড়া গণশক্তি, visitors যারা যাচ্ছেন একটা করে দিচ্ছেন। আমাদের দলের লোক যদি তাদের কাছে অনুরোধ করে, তখন তারা সেদিকে ফিরেও তাকায় না, চিন্তাও করে না, আমাদের একটা আইন দেখিয়ে

দেন। প্রশাসন সম্বন্ধে যাই বলুন আমি এই কথা বলবো শক্ত হাতে চালিয়ে যেতে হবে, এত বাড় বেড়ে গিয়েছিল যে DM পর্য্যন্ত লাল টাই পরে বসেছিল এবং গণশক্তি তার table-এ দেখেছি।

[6-45—6-55 p.m.]

নাম আমি কারও করতে চাইনা কারণ নাম করলে তাদের হাউসে কিছু বলবার সুযোগ থাকে না। সেই জন্য বলা উচিত নয়। আমি এই কথা বলব আমার বন্ধুদের আপনার মাধ্যমে ডা: বিধানচন্দ্র রায়ের আমলে দেখেছি মন্ত্রীসভার প্রতি সদস্য উপস্থিত থেকে প্রতিটি বক্তব্য শুনতেন। প্রশাসন চালাতে গেলে আমাদের এখানে সকলকে উপস্থিত থাকতে হবে, না হলে প্রশাসন ঢিলে হয়ে যাবে। এইটা কর্তব্য বাজেট আলোচনার সময় সকলের উপস্থিত থেকে প্রতিটি বক্তব্য শোনা। তাই আমি অনুরোধ জানাব আমাদের তরুণ রাষ্ট্রমন্ত্রীকে যে তিনি শক্ত হাতে প্রশাসন যন্ত্রকে পরিচালনা করে দেশের কাজে এগিয়ে যাবেন এবং তিনি যে এত বড় দায়িত্ব নিয়ে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার জন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি।

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সাধারণ প্রশাসন বিষয়ে যে ব্যয় বরাদ্দের দাবী রাখা হয়েছে তার উপর বিভিন্ন সদস্যর বক্তৃতা আমি বেশ মনোযোগ দিয়ে শুনেছি। মোটামুটি সদস্যরা যে বক্তৃতা রেখেছেন তাতে সকলেই একমত যে আমরা অন্তত: এই প্রশাসন যন্ত্রকে জনসাধারণের কল্যাণমূলক কাজে যাতে জনসাধারণকে সহযোগি বন্ধু হিসাবে পাই সে দিকে সচেষ্ট হব। আমার দৃঢ় বিশ্বাস আছে এবং সদস্যরা আমাদের উপর আস্থা রেখেছেন, যদিও অনেক সদস্যের মন:পুত না হলেও এইটা সর্বজনবিদিত যে বিগত যুক্তফ্রন্টের আমলে প্রশাসন যন্ত্রকে যেভাবে পঙ্গু করে দেওয়া হয়েছিল, আইন শৃঙ্খলা ভেঙ্গে চুরমার করে দেওয়া হয়েছিল এবং দলীয় রাজনীতি আনা হয়েছিল, সেটাকে আবার নতুন করে সুষ্ঠুভাবে জনকল্যাণমূলক কাজে প্রয়োগ করতে একটু সময় লাগবে এই বিষয়ে কোন সন্দেহ নাই। অনেক সদস্যই অভিযোগ করেছেন প্রশাসন যন্ত্রে এই যে I A S, I P S যারা আছেন তাদের যে শিক্ষা দেওয়া হয় সেটা হেরিডিটারি ভাবে ঐ বৃটিশ আমলের যে শিক্ষা সেই শিক্ষা ব্যবস্থা এখনও চলে আসছে।

তাদের মনের পরিবর্তন আনা দরকার। আমরা স্বীকার করছি হয়ত আমাদের অনেক ক্রটি বিচ্যুতি আছে। আমাদের যে কিছু ক্রটি বিচ্যুতি নেই তা নয়, আমরা সেই বিষয়ে সচেষ্ট হচ্ছি যাতে আমরা যারা অফিসার আছেন তাদের শিক্ষার ব্যবস্থা যা আছে মাউন্ট আবুতে হোক বা মুশৌরীতে হোক সেখানে কিছু পরিবর্তন করবে। আমাদের ভারতবর্ষে পারিপার্শ্বিক গ্রামীণ অবস্থা যা আছে, অর্থনৈতিক অবস্থা যা আছে এবং গ্রামীণ মানুষের সাথে থাপ খাইয়ে যাতে প্রশাসন যন্ত্রে যারা আছে তারা চলতে পারে সেদিকে আমাদের নজর দিতে হবে, সে দিকে আমাদের সচেষ্ট হতে হবে। তবে মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে, এটা রাতারাতি সম্ভব নয়, এটা সময় সাপেক্ষ ব্যাপার। আমাদের দীর্ঘ মেয়াদী পরিকল্পনার প্রয়োজন। আমরা সেদিকে সচেষ্ট হব। অনেক সদস্য, যেমন মাননীয় আবদুল বারি মহাশয় এবং কানাই ভৌমিক মহাশয় এবং আরো অনেকে অভিযোগ করেছেন যে পুলিশকে ক্ষেত মজুর এবং ভাগচাষীদের বিরুদ্ধে প্রয়োগ করা হচ্ছে এবং ক্ষেত মজুররা সাহায্য পাচ্ছে না, এটা ঠিক নয়। আপনারা সকলেই জানেন আমাদের গণতান্ত্রিক মোর্চার নীতি হিসাবে আমরা ১৭ দফার কর্মসূচীর ভিত্তিতে যুক্ত যে মোর্চা করেছিলাম তাতে পরিষ্কার ভাবে বলা হয়েছিল এবং বিধান সভায় আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন এবং আমরা বারবার বলেছি পুলিশ

প্রশাসন কোনদিনই ভাগচাষী বা ক্ষেত মজুরদের বিরুদ্ধে প্রয়োগ হতে দেব না, শুধু ভাগচাষী নয় যদি বেআইনীভাবে জমি গরীব দখল করে থাকে তবুও তাকে উচ্ছেদ করা হবে না, যতক্ষণ পর্যন্ত না জমির ডিসপুটটার ব্যাপারে ট্রাইবুনালে বা ল্যাণ্ড রিফর্মস কমিটিতে তারা সিদ্ধান্ত নেয় যে সত্যই বেআইনী দখল কিনা। আমরা পরিষ্কার বলে দিয়েছি যে বর্ত্তমান জমি যার দখলে আছে তার দখলেই থাকবে যতক্ষণ পর্য্যন্ত না ফয়শালা হচ্ছে সত্যিই কার দখলে রাখা দরকার। তাকে উচ্ছেদ করা চলবে না। এটা পরিষ্কার ইনসট্রাকসন দেয়া আছে। সেই রকম হচ্ছে না—সেই রকম যদি কোন ঘটনা ঘটে থাকে, দু একটা ঘটনা ঘটতেও পারে, আমি অস্বীকার করছি না, তবে মাননীয় সদস্যদের বলছি যে আমাদের দৃষ্টি গোচরে আনলে নিশ্চয়ই যথোপযুক্ত ব্যবস্থা করব এটুকু আশ্বাস নিশ্চয়ই দিতে পারি। (শ্রীকানাই ভৌমিক: আপনারা সবাইকে জানিয়ে দিয়েছেন?) আমি তো হাউসে বলেছি এবং ডিপার্টমেন্টেও বলে দিয়েছি। আর একটা কথা বলছি অনেক সদস্য ডিসট্রিক্ট ম্যাজিসট্রেটদের ক্ষমতা দেওয়া সম্পর্কে আশংকা প্রকাশ করেছেন। অনেকে যারা আশংকা প্রকাশ করেছেন আমি বুঝলাম না তারা কেন এটা করলেন। আশংকা যারা প্রকাশ করবার যেমন ইঞ্জিনীয়ার্স য়্যাসোসীয়েসন বা টেকনিক্যাল য়্যাসোসীয়েসন তাদের তরফ থেকে আপত্তি আসলেও আসতে পারে। আমাদের সদস্যরা এতে এত উদ্বিগ্ন কেন বুঝতে পারলাম না। আমরা যেটা করতে চাচ্ছি সেটা সমস্তই এখনও আলোচনার স্তরে আছে। একটা কমিটি করেছিলাম এবং সেই কমিটির মতামত পেয়েছি এবং তারপর আমরা আলোচনা করেছি, এখনও সিদ্ধান্ত নিইনি, D. M.-কে ক্ষমতা দিয়ে আমরা তাদের টেকনিক্যাল অফিসার বানাচ্ছি না। আপনারা সকলেই জানেন ডিষ্ট্রিক্টে ডেভেলপমেন্ট ওয়ার্ক হোক, খরা পরিস্থিতি হোক, বন্যা পরিস্থিতি হোক যে-কোন বিষয়ে আমাদের সর্বপ্রথমে D. M-কে জিজ্ঞাসা করতে হবে যে কি অবস্থা বন্যার, খরায় ক্ষতি কি হচ্ছে না হচ্ছে, কোথায় বাঁধের কাজ হচ্ছে কিনা, রাস্তা হচ্ছে কিনা। কিন্তু বর্ত্তমান অবস্থায় D M এমন অবস্থায় নেই তারা জানতে পারে কোথায় কি কাজ হচ্ছে, বিভিন্ন ডিপার্টমেন্ট যা ডিষ্ট্রিকটে আছে তাদের সঙ্গে কোঅর্ডিনেসন নেই, কোরিলেসন নেই—যে যার মত চলে। আমরা সেটা এক জায়গায় নিয়ে আসতে চাই। D M-এর কোঅর্ডিনেসনে নিয়ে আসতে চাই যাতে D M সমস্ত জিনিসটা জানতে পারেন এবং আমাদের জানাতে পারেন। আমরা কাকে গিয়ে ধরব ডিষ্ট্রিকটে? এমন একজন অফিসারকে রাখতে চাইছি যার মাধ্যমে সমস্ত ডিপার্টমেন্টের খবরাখবর পেতে পারি—তার মানে এই নয় যে তাকে আমরা টেকনিক্যাল হ্যাণ্ড বানিয়ে দিচ্ছি অর্থাৎ D M-কে ডাক্তার বানিয়ে দিয়ে বলছি না যে আপনি মহাশয়, হসপিটালে গিয়ে রোগী দেখুন, রোগীর কি কি ইনজেকসন লাগবে সেটা আপনি বাতলিয়ে দিবেন বা ইঞ্জিনীয়ার বানিয়ে দিয়ে বলিনি কোথায় কি ব্রীজ হচ্ছে আপনি গিয়ে বলবেন এই লাগবে, না, এই লাগবে। ইঞ্জিনিয়ার, ডাক্তার যারা আছেন তারা এখনকার মত কাজ করবেন। কোথায় হাসপাতালে ঠিকমত ডাক্তার নাই, হাসপাতাল ঠিকমত চলছে কিনা সেই সব বিষয়ে অন্ততঃ D M-এর নোটিশে থাকা দরকার যার মাধ্যমে আমরা মন্ত্রীসভা জানতে পারি কি দরকার না দরকার এবং তারপর রেসপিকটিভ ডিপার্টমেন্টকে বলে তাদের ব্যবস্থা নেয়াতে পারি। D M-কে কোন টেকনিক্যাল হ্যাণ্ড বানিয়ে কোন খবরদারীর কথা বলছি না, সেইজন্য আমাদের সদস্যদের অমূলক আশংকার কোন কারণ থাকতে পারে না। মোটামুটি অনেক সদস্য অনেক কথাই বলেছেন, সাঁইবাড়ির কথা বলেছেন। মাননীয় সদস্যদের জানা আছে সাঁইবাড়ির ব্যাপারে মুখার্জি তদন্ত কমিশন হয়েছিল, তাতে আমরা অফিসারদের লিফট দিই নি বা প্রমোশন দেয়া হয় নি। ওখানকার S D O-কে সাসপেণ্ড করা হয়েছে, তার বিরুদ্ধে একটা কেস চলছে এবং কেসের ফয়সালা হলে রায় বেরুলে আমরা পরবর্তি ষ্টেপ নেব। আমরা কোন ডিসিসন নেইনি, সেখানকার যিনি S P ছিলেন তাকে D. I. G. করা হয়নি এবং তাকে সুপারসীড করে অন্য আর একজনকে D. I. G. করা হয়েছে, আনডিউ য়্যাডভ্যানটেজ কোন অফিসারকে দেয়া হয় নি। এই

সব ধারণা অমূলক। যে সমস্ত কাট মোশান এসেছে আমি তার বিরোধিতা করি এবং এই খাতে প্রশাসনের ব্যায় বরাদ্দের জন্য যে দাবী এসেছে আমি তা সমর্থন করি এবং আমার বক্তব্য শেষ করছি।

[6-55—7-05 p.m.]

**শ্রীসুব্রত মুখার্জি:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা হচ্ছে। এই আলোচনায় আমার চেয়ে যাঁরা দীর্ঘদিন ধরে এখানে আছেন অভিজ্ঞ তাঁরা নিশ্চয় সাক্ষী হয়ে আছেন যে চিরাচরিত প্রথায় এবং বাঁধা ধরা নিয়মে সেই আলোচনা হয়নি। আলোচনা যদি সেভাবে হত তাহলে আমার মতন তরুণ যারা মন্ত্রীসভার সঙ্গে যুক্ত তারা প্রেরণা পেতাম না। আজ সব চেয়ে বড উপকার হয়েছে এখানে আমরা নূতন কাজের দায়িত্ব নিয়ে নূতন ভাবে বক্তব্য শুনে দ্বিগুণ প্রেরণা নিয়ে যাচ্ছি। পরিবর্ত্তন কোথায়? আমাদের এই House-এর মধ্যে পরিবর্ত্তন হয়েছে। সরকারী ভাবে যে বিল উত্থাপন করা হয়েছে প্রথা অনুসারে সরকার পক্ষের সদস্য তার সমর্থনে শুধু মাত্র বক্তব্য রেখেই শেষ করতেন। এটাই ছিল নিয়ম। আজ সদস্যরা অনেক গুরুত্বপূর্ণ এবং গঠনমূলক প্রস্তাব দিয়েছেন এবং সেই প্রস্তাবগুলি সত্যি সত্যিই মৌলিক সমস্যা সমাধানের পথ বলে মনে করি। আমি এগুলি সম্বন্ধে পরে আলোচনা করব। ব্যয় বরাদ্দের উপরে আমার আলোচনা আগে শুরু করছি। ১৯৭২-৭৩ সালের যে ব্যয় বরাদ্দ আপনাদের সামনে উত্থাপন করা হয়েছে সেটা তুলনামূলক ভাবে বিচার করে নিই। বস্তুত: পক্ষে একজন ছাড়া কোন সদস্যই এর বিরোধিতা করেননি। কাজেই ধারাবাহিকভাবে এর বিশ্লেষণ করার প্রয়োজন ছিল না। তবে গণতন্ত্রের নিয়মে একজন সদস্য যেহেতু এর বিরোধীতা করেছেন সেহেতু এর বিশ্লেষণ করা দরকার। কয়েক বৎসরের ব্যয় বরাদ্দ যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখব প্রদ্যোৎবাবু যে দলের আছেন সেই দলের নেতৃত্বে যখন সরকার ছিল তা যদি পর্যালোচনা করে দেখেন তাহলে দেখবেন প্রতি বছর এই খাতে ব্যয় বরাদ্দ বেড়েছে। আমি শেষ দিক ১৯৬৫-৬৬ সাল থেকে যদি আরম্ভ করি তাহলে দেখব ১৯৬৫-৬৬ সালে ৪ কোটি ৫২ লক্ষ ২২ হাজার টাকা ব্যয় হয়েছিল, ১৯৬৬-৬৭ সালে সেটা বেড়ে হল ৫ কোটি ২৭ লক্ষ ৭০ হাজার টাকা, ১৯৬৭-৬৮ সালে হল ৬ কোটি ৪ লক্ষ ৩৮ হাজার টাকা এবং ১৯৬৮-৬৯ ও ১৯৭০-৭১ সালেও সেটা বেড়ে যায়। এর পর ১৯৭০-৭১ সালে যেটা revenue estimate ছিল ৮ কোটি ১৭ লক্ষ ৮৮ হাজার টাকা সেটা এবার ১৯৭২-৭৩ সালে কয়েক লক্ষ মাত্র সেখানে বেড়েছে, যা এমন বিরাট কিছু বাড়েনি। যাতে তিনি বিরোধীতা করতে পারেন। এ সব সামগ্রিক ভাবে পর্যালোচনা করা ছাড়াও যদি অন্যান্য প্রদেশের—পশ্চিমবঙ্গের চেয়ে ছোট—সঙ্গে তুলনামূলকভাবে আলোচনা করি তাহলে দেখবেন যে কোন প্রদেশের চেয়ে মহারাষ্ট্রের মত প্রদেশে ১৯৭০-৭১ সালে ৩.৫% এই খাতে ব্যয় বরাদ্দ হয়েছিল যেটা আমাদের চেয়ে অনেক বেশী।

আমাদের সেখানে ১৯৭১-৭২ সালে ২.৩ পার্সেন্ট ব্যয় বরাদ্দ হয়েছিল। কাজেই বরাদ্দের উপর যদিও অন্যান্য সদস্যরা কোন বক্তব্য রাখেননি কিন্তু তবুও আশা করব মাননীয় সদস্য যিনি এটা রেখেছেন তাঁর কাছে এটা পরিষ্কার হয়ে যাবে। আমি এই প্রস্তাব উত্থাপন করার পর বহু মাননীয় সদস্য বক্তব্য রেখেছেন, আমি এক কথায় বলতে গেলে কোন অভিযোগ এবং বক্তব্যকে সরাসরি উড়িয়ে দিচ্ছি না এবং দিতে পারি না। আমিও যদি দায়িত্বে না থেকে এমনি করে সদস্যদের ভূমিকা নিয়ে বক্তব্য রাখতাম তাহলে হয়ত অনেক সদস্যের সঙ্গে সুর মিলে যেত। কিন্তু তবুও একটা

তফাৎ যেটা আপনার কাছে বিচার করতে বলছি সমস্ত কিছু আপনাদের উড়িয়ে না দিয়ে সেটা হল C P.I এর কানাই বাবু অথবা আমাদের অর্ধেন্দু বাবু অথবা আমার যুব বন্ধুরা যে সমস্ত কথা বলেছেন সকলের মূল কথা কিন্তু একটা যে আমরা কাঠামোর পরিবর্ত্তন চাই। আমাদের বিচার করতে হবে যে এই সরকার অথবা এই সরকারের যে দলীয় নীতি তা সত্যিকারে এই কাঠামোর পরিবর্ত্তন চাচ্ছে কিনা এবং সুরু করেছেন কিনা। আদি কংগ্রেস থেকে বেরিয়ে এসেছিলেন শ্রীমতী গান্ধী নেতৃত্বের মূলগত পার্থক্যের জন্য, ব্যক্তিগত পার্থক্যের জন্য নয়। অমুক লোকের সাথে অমুক লোকের কি পার্থক্য তাতে কিছু এসে যায় না, মূল পার্থক্য হল যেটা আমরা বলেছিলাম এবং বলি আমাদের নেতৃত্বে আমাদের নেতা সেই পরিবর্ত্তনের কাজ সুরু করেছেন। আমরা যারা এখানে সদস্য হিসাবে এসেছি আমরা তো কেউ গলাকাটা নীতিতে বিশ্বাস করি না, আমরা স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষে বলতে চাই যে আমরা র‍্যাডিক্যাল পরিবর্ত্তন চাই। কিন্তু তবুও আমরা বলব সমস্ত ব্যবস্থাকে মেনে নিয়ে পরিবর্ত্তন আনা দরকার। I. A. S. অফিসার, O C-দের গলা কেটে পরিষ্কার করে দিয়ে যদি একটা কিছু ব্যবস্থা করে দিতে পারতাম তবুও কি আমরা সেটা বিশ্বাস করি? না বিশ্বাস করি না। আমরা বিশ্বাস করি একটা দীর্ঘ মেয়াদী পরিকল্পনা নিয়ে এই কাঠামোর মধ্যে থেকে এই কাঠামোর পরিবর্ত্তন করার নীতিতে। আমি জানি এই কাঠামোর মধ্যে পরিবর্ত্তন করার সময়টা সুখকর নয়, কিন্তু কেমন করে অস্বীকার করব যে বিধান সভা থাকবে, I. A. S., এ্যাডমিনিষ্টেটিভ অফিসার থাকবে না? এগুলি দরকার এবং অত্যন্ত ন্যায়সংগতভাবে দরকার। মনের পরিবর্ত্তন করাতে হবে। এই মনের পরিবর্ত্তন করাতে গেলে আসল জায়গায় আমরা ফিরে যাই। আজকে সবচেয়ে খুশির দিন, বিধান সভায় প্রায় সব সদস্যই বক্তব্য রেখেছেন, তাঁরা একটা জায়গায় একমত হয়েছেন যে একটা পরিবর্ত্তন চাই। শুধু উপরে উপরে M. L. A. হিসাবে কাজ করতে গিয়ে ঠেক গেছি শুধু বিচ্ছিন্নভাবে সেইটুকুর পরিবর্ত্তন নয়, আসল জায়গায় পরিবর্ত্তন চাই। সেই পরিবর্ত্তন যদি চাইতে হয় তাহলে আমাদের চিন্তা হওয়া উচিত এই কাঠামোর মধ্যে থেকে কি করে আমরা নৈতিক মানকে উন্নত করতে পারি। বিচ্ছিন্নভাবে কোন I A.S. অফিসার কোথায় কি করলেন, O. C. কোন M L. A.-র চেয়ে বেশী ক্ষমতা প্রয়োগ করে দিয়েছেন সেটা কথা নয়, কথা হল আমাদের সর্বস্তরে সরকারের সংগে বিশেষভাবে যারা প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে যুক্ত তাদের সবচেয়ে আগে নৈতিক মান উন্নত করতে হবে। তা যদি না করতে পারা যায় তাহলে I.A.S. অফিসারদের যতই গালাগালি দিন যতই সমালোচনা করুন এদের জন্য যতই আইন প্রণয়ন করুন যতই বক্তৃতা করুন আমরা কিন্তু মূল সমস্যার সমাধান করতে পারব না

[7-05—7-15 p.m.]

বিচ্ছিন্নভাবে প্রত্যেক মাননীয় সদস্য যে বক্তব্য এখানে রেখেছেন আমি সেই বক্তব্য শুধু শুনিনি, আমি নিজে তা নোট করেছি। আমার উদ্দেশ্য হল যে সমস্ত অভিযোগ পাওয়া গেছে সেগুলি তদন্ত করা হবে এবং সে সম্বন্ধে ব্যবস্থা করা হবে। আমি এই বিল উত্থাপন করবার সময় যে ভাষণ পাঠ করেছি সেটা অত্যন্ত সংক্ষিপ্ত ভাষণ ছিল এবং তার কারণ হচ্ছে আপনারা সকলেই জানেন এই খাতের বরাদ্দ হয়েছে প্রায় সমস্ত বিভাগকে সংযুক্ত করে, এর কোন বিশেষ খাত নেই। প্রশাসন বিভাগ এমন একটি কথা যার মধ্যে শিক্ষা আছে, স্বাস্থ্য আছে, যার মধ্যে পাবলিক আণ্ডারটেকিং আছে, যার মধ্যে কৃষি আছে অর্থাৎ সমস্ত কিছু জড়িত রয়েছে এর মধ্যে। সুতরাং সংক্ষিপ্ত ভাষণে প্রত্যেক ডিপার্টমেন্টের অভিযোগ শুনে এখানে উত্থাপিত করা সম্ভব হয়নি এবং সেটা সম্ভব নয়। তবে একটি কথা সংক্ষিপ্ত হলেও রেখেছি যে আমরা সমাজতান্ত্রিক

ঁাচে জনকল্যাণমূলক সরকার প্রতিষ্ঠিত করব। আমরা বর্তমান সরকারের নীতি ঘোষণা করেছিলাম যে, সমাজতান্ত্রিক ধাঁচে আমাদের সরকার চলবে, সমাজতান্ত্রিক চিন্তা স্থাপিত হবে সারা বাংলাদেশে এবং জনকল্যাণমূলক প্রতিনিধিত্ব করবার যে অঙ্গীকার আমরা করেছি তাকে রূপায়িত করবার কথাও আমরা ঘোষণা করেছিলাম। কিন্তু সেটা সম্ভব হবে না যদি না সরকারের সঙ্গে যাঁরা যুক্ত আছেন তাঁদের কাজ সমাজতান্ত্রিক বা জনকল্যাণমূলক দৃষ্টিভঙ্গীতে গঠিত না হয়। এই সরকারের এখনও ৪ মাস পূর্ণ হয়নি কিন্তু এই ৪ মাসের মধ্যে আমরা নিজেরাই স্বীকার করেছি যে একটা ট্রেণ্ড এই ৪ মাসের মধ্যে জেগেছে। আমরা নির্বাচনের আগে যেসব কথা বলেছি তাতে নির্বাচনের পর এই ৪ মাসে আমরা স্বীকার করি যে আমরা অনেক কিছুই করতে পারিনি এবং পরিবর্তনের অঙ্কের কোঠা অনেক দূরে পৌঁছে দিতে পারিনি। তবে একটা দাবী করি যে একটা ট্রেণ্ড জেগেছে যে আমরা ওইদিকে যাচ্ছি। শ্রীমতী ইন্দিরা গান্ধীকে ভারতবর্ষের কোটি কোটি মানুষ এই জন্যই সমর্থন করেছিল। তিনি রাতারাতি গরিবী হঠাও করতে পারেননি, কিন্তু তিনি যে পথে চলেছেন তাতে আস্তে আস্তে ওটা হবে। আমাদের মনে এবং কোটি কোটি মানুষের মনে একটা আস্থার ভাব এসেছে এবং সেইজন্যই সকলে ইন্দিরা গান্ধী জিন্দাবাদ বলছে, আমরাও বলছি। আমাদের সরকারও আমাদের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সেই জিনিস দেখাতে চলেছেন সেই দাবী আমরা করছি। আমরা ইউ এফ গভর্ণমেণ্টের মত সস্তার রাজনীতি করি না এবং সরকারী কর্মচারীদের বাহবা পাবার জন্য পে কমিশন বসাও এবং মাইনে বাড়াও এটা করি নি। আমরা শ্রমিকদের স্বার্থে এই কাঠামোর মধ্যে থেকে এমন এমন গোটা কতক আইন পাশ করেছি যেটা ভারতবর্ষের মধ্যে নজির হয়ে থাকবে। আমরা কয়েকমাস আগে যখন একবার এসেছিলাম তখন করেছিলাম গোটাকতক জিনিস। তারপর ক্লোজার, গ্রাচুয়িটি নিয়ে এবং এমন কি মালিক দুষ্ট হলে, অসৎ হলে তাদের দমন করবার জন্য, গুণ্ডা দমন করবার জন্য, সমাজ বিরোধীদের দমন করবার জন্য মিসা প্রয়োগ করবার ব্যাপারে আমরা আইন সভাতে আইন পাশ করেছি। ভারতবর্ষে এমন কোন প্রদেশ আছে কি বা যাঁরা শ্রমিকদের সমস্ত এজেন্সা নিয়েছিলেন তাদের স্বার্থ রক্ষা করবার জন্য তাঁরা আজকে মিলিয়ে দেখতে পারেন যে এমন প্রস্তাব তাঁরা শ্রমিকদের স্বার্থে নিয়েছিলেন কিনা? সি. পি. আই-র যে সমস্ত বন্ধুরা আছেন তাঁরা প্রস্তাব দিয়েছিলেন এবং সেই প্রস্তাবের খসড়া পর্যন্ত তৈরী করেছিলেন এই শ্রমিকদের স্বার্থে।

আমাদের তদানীন্তন সি. পি. আই নেতারা যারা দায়িত্বে ছিলেন তারা তা করেন নি। আজকে বিচার করতে হবে সেদিক থেকে আমরা পরিবর্তনের সুরটাকে গ্রহণ করেছি কিনা। আজকে শুধুমাত্র শ্রমিকদের জন্য নয়, শ্রমিকদের সামনে বলে দেয়া হয়েছে যুক্তফ্রণ্টের আমলে যে কম কাজ কর, উৎপাদন কম কর, আর চারগুণ মজুরী চাও। এইভাবে উৎপাদন বন্ধ করে দেওয়া হয়েছিল। আর আজকে আমরা নূতন করে কারখানায় কারখানায় উৎপাদন দুগুণ তিনগুণ করার চেষ্টা করছি। শ্রমিকদের সামনে গিয়ে অত্যন্ত বলিষ্ঠভাবে বলছি যে শ্রমিকদের স্বার্থ এবং পশ্চিমবাংলাকে যদি বাঁচাতে হয় তাহলে উৎপাদন চাই, উৎপাদন বাড়াতে হবে। সমাজতান্ত্রিক দেশের নমুনা আপনাদের সামনে তুলে ধরে আমি বলতে চাই যে আজও রাশিয়ায় সেখানে নো ওয়ার্ক নো পে—পাঁচ মিনিট লেট করে আসলে আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি রাশিয়ায় আলমাটা শহরে পাঁচ মিনিট আমাদের সঙ্গে কথা বলেছিল, তাতে লেট হয়ে গিয়েছিল, আমরা দেখলাম তার সাতদিন নো ওয়ার্ক নো পে হয়ে গেল। আজকে আমাদের দেশকে এমন করে দেয়া হয়েছে যে শ্রমিকদের পাঁচ মিনিট কেন পাঁচ ঘণ্টা যদি লেট করে এবং যদি শাস্তির কথা বলি তাহলে আমাকে মালিকের দালাল বলা হবে। উৎপাদন করতে হবে না এই শ্লোগান এই নীতি কার্যকরী হয়ে গিয়েছিল। আমরা শ্রমিকদের স্বার্থের দিকে যেমন নজর দিচ্ছি আবার

ক্লোজারের তালা খোলবার চেষ্টা করছি। শ্রমিকদের পেনসনের টাকা প্রফিডেন্ট ফাণ্ডের টাকা মেরে দিচ্ছে, তার বিচার করবার জন্য আইন পাশ করছি, অপর দিকে শ্রমিকদের কাছে আবেদন করছি সস্তা রাজনীতির জন্য নয়, আর একবার মন্ত্রীত্ব করবার জন্য নয়, পরিষ্কারভাবে বলে দিচ্ছি উৎপাদন চাই। এখানে কোন আপোষ নাই। মালিকের স্বার্থে নয়, কোন বিশেষ লোকের স্বার্থে নয় বাংলাদেশের এবং ভারতবর্ষের কোটি কোটি মানুষের স্বার্থ রক্ষা করবার জন্য। এটা অত্যন্ত বলিষ্ঠ নীতি এবং প্রগতিশীল নীতি বলে গণ্য হবে এবং হয়েছে বলে আমার বিশ্বাস। কৃষকদের ক্ষেত্রে ভূমি বন্টনের ক্ষেত্রে যুক্তফ্রণ্টের আমলে বলা হল কৃষকদের যে যত জমি দেখছ সব জমি তোমাদের। আর কংগ্রেসী আর সি. পি. আই-এর লোকদের গলাগুলি কেটে দাও—তাহলে জমি সমস্যার সমাধান হয়ে যাবে। আমরা সেকথা বলিনি। আমরা একদিকে যেমন আই. এ. এস, আই. সি. এস তাদের লাগামের মধ্যে নেই, অপরদিকে সি. পি. এম-এর যুক্তফ্রণ্ট যে সমস্ত ভুল নীতি গ্রহণ করেছিল সেদিকে আমরা যাই নি। একদিন আমি খাঁটি কংগ্রেসের আমলে শুনেছিলাম যে কংগ্রেসী মন্ত্রীরা বলতেন—একটা ছোট্ট ঘটনার কথা বলব কারো নাম না করে, অনেক মন্ত্রী বলতেন যে আমরা আর কি মন্ত্রী, আমরা রাইটার্স বিল্ডিংসে গেলাম, চেয়ারে থপ থপ করে বসলাম, একজন আই. এ. এস অফিসার এসে আমাদের উল্টে দিল, আমরা পাঁচটা অবধি থাকলাম, যেই পাঁচটা বাজলো অমনি আই. এ. এস অফিসাররা এসে আমাদের উল্টে দিল, আমরা থপথপ করে বাড়ী চলে গেলাম। আমরা সেই রকম কচ্ছপ হয়ে থাকতে চাই না। এটাও যেমন ঠিক সি. পি. এমের নেতৃত্বে যে জিনিস আমরা দেখেছি তারা বলেছিল পরিবর্তন চাই, আমলাদের রুখতে হবে, প্রতিক্রিয়াশীলদের বিরুদ্ধে কায়েমী স্বার্থের বিরুদ্ধে লড়াই করতে হবে, আর আমাদের মুখ্যমন্ত্রী কি মন্ত্রী করে দাও এই হচ্ছে তাদের নীতি। আমরা বলছি এই কাঠামোর মধ্যে থেকেই আমরা পরিবর্তন চাই—সেই পরিবর্তন আমাদের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে অত্যন্ত গতিশীলভাবে এগিয়ে চলেছে। (শ্রীকানাই ভৌমিক: এই কাঠামোর মধ্যে কি হবে?) আপনারা তাই তো বিশ্বাস করেন, তা নাহলে ইন্দিরা গান্ধী জিন্দাবাদ বলেন কেন, আপনারা তাই বিশ্বাস করেন বলেই তো এম. এল এ. হয়ে এসেছেন। একথা আমরা বিশ্বাস করি এবং এখানকার সমস্ত সদস্য তাই বিশ্বাস করেন।

[7-15—7-25 p.m.]

তা নাহলে এই কংগ্রেসের সংগে অন্য কংগ্রেসের পার্থক্য ছিলনা। পরিবর্তন এনেছেন শ্রীমতী গান্ধী, পরিবর্তন আমাদের আজকে এসেছে বলেই আজকে তাঁরা আমাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে এক সাথে পতাকা নিয়ে আজকে বিভিন্ন আন্দোলনে এগিয়ে যাচ্ছে। আমরা অরাজক অবস্থা থেকে আস্তে আস্তে উঠে আসছি, প্রশাসন ব্যবস্থাকে নিশ্চয়ই জন প্রতিনিধিত্ব সরকারের কব্জায় রাখা হয়েছে এবং তা হয়েছে বলেই নূতন করে স্কুলএ পরীক্ষা সুরু হয়েছে, কলকারখানার চাকা ঘুরতে সুরু করেছে, চিমনীতে ধুয়া উঠছে। আজকে রাত্রি ১২টার সময়েও রাস্তায় লোক দেখা যাচ্ছে, বর্ষায় আজকে চাষীরা ক্ষেতে যাচ্ছে গলা কাটবার মনোভাব না নিয়ে। যে নৃশংস হত্যার ছবি আমরা প্রতিদিন কাগজে গণ্ডায় গণ্ডায় দেখেছিলাম তা আজকে নেই এবং স্কুল কলেজ বোমা তৈরীর কারখানা থেকে অনেক দূরে সরে এসেছে এবং আজকে উৎপাদন বন্ধ হয়ে যাচ্ছে না ঘেরাওএর দ্বারা। সুতরাং প্রশাসন আই, সি, এস ও আই, এ, এস অফিসাররা শুরু করে দিতে পারেনি। আই, সি, এস অফিসারদের, আই, এ, এস অফিসারদের সচেতন হয়ে থাকতে হবে আমাদের সরকার কি চায়। আমি মানি আই, সি, এস, ও আই, এ, এস অফিসারদের উপর সম্পূর্ণ নির্ভর করে এই সরকার চলছেনা এবং এও বিশ্বাস করি যদি আই, সি, এস ও আই, এ, এস অফিসাররা আমাদের সাহায্য এবং

সহযোগিতার মনোভাব থেকে দূরে সরে গিয়ে আমাদের কন্ট্রোল করার মন নিয়ে এগিয়ে আসেন তাহলে সরকারের সাথে, অন্ততঃ এই সরকারের সাথে তাঁদের প্রতিদিন কনফ্লিক্ট এবং কনফ্রন্টএ আসতে বাধ্য হবে। যেহেতু সেটা দেখছি না সেহেতু আমরা মনে করি যে আমাদের যে দৃষ্টিভংগী সেই দৃষ্টিভংগীতেই তাঁরা আপাততঃ চলেছেন। এটা ঠিক ঘুষের কথা যাঁরা বলেছেন প্রশাসনে এটা অত্যন্ত লজ্জার কথা, অত্যন্ত ঘৃণার কথা। আমার যে বন্ধু টালিগঞ্জ থেকে নির্বাচিত হয়েছেন, শ্রীপঙ্কজ ব্যানার্জী বলেছেন যে একটা ঘুষের কথা—ঠিক কথা, ঘুষ কোথায়ও কোথায়ও প্রথা হয়ে দাঁড়িয়েছে। রেলওয়েতে ঘুষ দিচ্ছে কাজ করতে গেলে, আই, পি, এস ও আই, এ, এস অফিসারাও হয়ত কাজ করতে গেলে ঘুষ নিচ্ছেন। সেই ঘুষটা হয়ত এম, এল, এ দের কাছে চলে আসবে। এটা যেন একটা প্রথা হয়ে দাঁড়িয়েছে। কিন্তু এই ঘুষ শুধু এক জায়গায় বিচ্ছিন্ন ঘটনা নয় এবং একথা যদি মন্ত্রীরা অস্বীকার করতে চান তাহলে আমরা ভুল করবো। এই ঘুষ রোধ করতে হবে এবং এই সরকার এই ক্ষেত্রে কোন আপোষ করবে না। তবে এটা চার মাসে সম্ভব নয়। আমরা আশা করছি এর সূচনা সুরু হয়েছে। যেহেতু সূচনা সুরু হয়েছে একদিন এর পরিসমাপ্তি হবেই। এই বিশ্বাসটুকু যদি নিজেদের মধ্যে না রাখতে পারি আমরা তাহলে আমরা আমাদের টারগেটে, আমাদের ঘোষিত নীতিতে আমরা কোনদিনই পৌছাতে পারবো না। এছাড়া আমি বলছি, চাকরী দেবার ব্যাপারে এম, এল, এ-রা নাকি চাকরী দিচ্ছেন, আমি জানিনা আমার কাছে এই রকম কোন সংবাদ নেই যে এম, এল, এ-রা চাকরী দিয়ে দিচ্ছে। তবে একটা কথা ঠিক যে আমাদের সরকার পরিষ্কার ভাবে গোপন না করে, ঘোষণা করতে চায় যে প্রশাসনের সঙ্গে যেহেতু এম, এল, এ-রা প্রত্যক্ষভাবে যুক্ত সেহেতু চাকরী ছাড়াও অন্যান্য ব্যাপারে তাঁদের সাজেশন এবং তাঁহাদের সহযোগিতা আমরা আশা করবো। এবং চাকরী দেবার ব্যাপারে সহযোগিতা নেওয়া যদি পাপ হয় এই সরকার বারবার, লক্ষবার সেই পাপ করতে রাজী আছে এবং করবে। আমরা কারো প্রতি এখানে দলীয় মনোভাব রাখিনি। সি, পি, আই, এম, এল, এ-দেরও বলেছি এই সহযোগিতা করুন। মুখ্যমন্ত্রী বলেছেন, আমরাও বলছি যে মুসলীম লীগের যাঁরা আছেন, আদি কংগ্রেসের যাঁরা আছেন, তাঁদেরও বলেছি এই আমাদের পলিসি চাকুরী সংক্রান্ত ব্যাপারে এবং এতে সহযোগিতা করুন। এম, এল, এ-রা সই করে কাউকে চাকরী করে দিচ্ছেনা। তাঁরা সহযোগিতা করছেন মাত্র আইন বাঁচিয়ে যতটুকু সহযোগিতা করা দরকার। আইন ব্রেক করে যদি এম, এল, এরা শুধুমাত্র যুক্তফ্রন্ট সরকারের মত জ্যোতি বাবুর সই থাকলে কিম্বা আলিমুদ্দিন স্ট্রীটের প্যাড থাকলেই চাকরী হয়ে যাবে সেই রকম যদি হয়, কংগ্রেস ভবন থেকে যদি চাকরী হয়, এম, এল, এ,দের প্যাড দিয়ে যদি কখনো চাকরী হয় সেদিন যেন প্রতিবাদ করেন এবং আমি সেই প্রতিবাদ মাথা পেতে গ্রহণ করবো। এর পরে আমি ঘোষণা করছি—সময় অত্যন্ত সংক্ষিপ্ত, আমরা স্বজন পোষণের বিরুদ্ধে।

আমি ঘোষণা করছি আমরা স্বজন পোষণের বিরুদ্ধে, আমরা দুর্নীতির বিরুদ্ধে এবং আমরা সরকারী কর্মচারীদের ক্ষেত্রে স্বজন পোষণকেও দুর্নীতি ও অপরাধ বলে গণ্য করবো।

এই কথা কয়টী বলে আমি যে দাবী উত্থাপন করেছি সরকার পক্ষ থেকে আমি আপনাদের কাছে প্রার্থনা করছি, সেটা আপনারা পাস করে দেবেন এবং যে কাট্‌মোসান আনা হয়েছে তার আমি বিরোধিতা করছি।

The motion of Shri Pradyot Kumar Mahanti that the amount of the Demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Nasiruddin Khan that the amount of the Demand be reduced to Re. 1, was then put and lost.

The motion of Shri Subrata Mukhopadhyay that a sum of Rs. 8,44,84,000 be granted for expenditure under Grant No. 12, Major Head : "19—General Administration", was then put and agreed to.

**Shri Abdul Bari Biswas :** On a point of order, Sir, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী উত্তরদান কালে এই রকম একটা কথা বললেন যে দেখা যায় এম-এল-এরা-ও ঘুষ দেয়। আমি বলতে পারি এখানে মন্ত্রী ও এম-এল-এ-কেউই ঘুষ দেয় না। ঘুষ দেওয়াতে আমি বিশ্বাসও করি না।

**Mr. Speaker :** Mr. Biswas, you are a senior Member of this House and you know that there is no point of order involved in it. I am sorry that although you are a senior Member you raised the point of order on flimsy ground.

**Demand For Grant No. 39**

Major Head : 65—Pensions and other retirement benefits and 120—Payments of commuted value of pensions.

**Shri Sankar Ghose :** Mr. Speaker, Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,89,47 000 be granted for expenditure under Grant No. 39, Major Heads : "65—Pensions and other retirement benefits" and "120—Payments of commuted value of pensions".

(This is inclusive of Rs. 1,29,82,000 already voted on account in March, 1972.)

Sir, I understand that there will be no debate on this Demand. If there is no debate then I would not inflict the speech that I have prepared.

**Mr. Speaker :** There is one Member, Shri Kashi Nath Misra who is willing to participate in the discussion.

**Shri Kashinath Misra :**

**Mr. Speaker :** In that case the statement of the Minister is taken as read and it is being circulated. I now put his motion to vote.

The motion of Shri Sankar Ghosh that a sum of Rs. 3,89,47,000 be granted for expenditure under Grant No. 39, Mojor Heads : "65—Pensions and other retiremeat benefits" and "120—Payments of communted value of pension", was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7-25 p.m. till 1-00 p.m. on Friday, the 28th July, 1972, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the th July, 1972, at 1 p. m.

**Present :**

Mr. Speaker ( Shri APURBA LAL MAJUMDAR ) in the Chair, 14 nisters, 8 Ministers of State, 3 Deputy Ministers and 184 Members.

00—1-10 p m.]

**Oath or Affirmation of Allegiance**

**Mr. Speaker** : Honourable Members, if any of you have not made an h or affirmation of allegiance, you may kindly do so.

(There was none to take oath.)

**Starred Questions**
(to which oral answers were given)

*366. (The Member concerned being absent, the question was not called).

### রাজস্বখাত হইতে বাঁকুড়া জেলা পরিষদকে দেয় অনুদান

*৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৪) শ্রীকাশীনাথ মিশ্র : পঞ্চায়েত বিভাগের মন্ত্রি ায় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সাল হইতে ১৯৭১-৭২ সাল পর্যন্ত বাঁকুড়া জেলা পরিষদ রাজস্বখাত হইতে বাৎসরিক কি পরিমাণ অনুদান পাইয়াছেন ; এবং

(খ) উক্ত বৎসরগুলিতে উক্ত রাজস্বখাত হইতে বাঁকুড়া জেলা পরিষদের বাৎসরিক কি পরিমাণ অর্থ পাইবার কথা ছিল ?

**Shri Prafulla Kanti Ghosh :**

(ক) ১৯৬৪-৬৫ সাল হইতে ১৯৭১-৭২ সাল পর্যন্ত বাঁকুড়া জেলা পরিষদ ভূমিরাজস্ব

খাত হইতে মোট ৫,২৩,২৬৯ টাকা অনুদান পাইয়াছেন। প্রতি বৎসর অনুদানের পরিমাণ নিম্নে দে
হইল :—

| | | | | টাকা |
|---|---|---|---|---|
| ১৯৬৪-৬৫ | ... | ... | ... | ৭১,২০০ |
| ১৯৬৫-৬৬ | ... | ... | ... | ৭১,২০০ |
| ১৯৬৬-৬৭ | ... | ... | ... | ৭১,২০০ |
| ১৯৬৭-৬৮ | ... | ... | ... | ৫৯,১৯৪ |
| ১৯৬৮-৬৯ | ... | ... | ... | ৫৭,৭১২ |
| ১৯৬৯-৭০ | ... | ... | ... | ৭৩,৯৪৪ |
| ১৯৭০-৭১ | ... | ... | ... | ৬৮,২৫৬ |
| ১৯৭১-৭২ | ... | ... | ... | ৫০,৫৬৩ |
| | | | | ৫,২৩,২৬৯ |

(খ) যে পরিমাণ অর্থ বাঁকুড়া জেলা পরিষদের পাইবার কথা ছিল সেই পরিমাণ অর্থই উপরে হিসাব অনুযায়ী উক্ত জিলা পরিষদকে দেওয়া হইয়াছে।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** এই যে ১৯৬৭-৬৮ সাল থেকে যে টাকা বরাদ্দ করলেন, আ থেকে তা কমে যাবার কারণ কি, সেটা মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** এর উত্তর এখনই দেওয়া আমার পক্ষে কিছুটা অসুবিধা আ আমি কথাটা নোট করে নিলাম, মাননীয় সদস্যকে এর উত্তর আমি জানিয়ে দেবো।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** এই টাকা কি কি খাতে ব্যয় করা হচ্ছে, সেটা মন্ত্রিমহা জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** আমি মাননীয় সদস্যকে উত্তরের সব কটি কথা পড়ে শুনি দিচ্ছি। কোন নির্দিষ্ট হারে প্রতি বৎসর জেলা পরিষদগুলিকে ভূমি রাজস্ব অনুদান দেওয়া না। সংশ্লিষ্ট জেলার চলতি ভূমি রাজস্ব চাহিদার পূর্বের তিন বৎসর ভূমি রাজস্ব বাবদ আদায়কৃ অর্থের গড়ের ৫ শতাংশ হারে গত ১৯৬৪-৬৫ সাল হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত সেই জেলা পরিষ ভূমি রাজস্ব অনুদান দেওয়া হইয়াছে। কিন্তু ১৯৬৯-৭০ হইতে ১৯৭১-৭২ পর্যন্ত সমগ্র রাজ্যে ভূমি রাজস্ব বাবদ আদায়কৃত অর্থের গড়ের ৫ শতাংশ জেলা পরিষদগুলির পরিচালনা বাবদ ব্যয়ে আনুপাতিক হারে এই অনুদান প্রদান করা হয়, in proportion to the staff cost দেওয়া হয় ভূমি রাজস্ব আয় কমিয়া যাওয়ায় ১৯৬৬-৬৭ হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত প্রতি বৎসর ভূমি রাজস্ব অনুদানের পরিমাণ কমিয়া যায়।

আপনি যে প্রশ্ন করেছেন তার উত্তর এখানে রয়েছে। এই কয় বৎসর শুধুমাত্র বাঁকুড়া জেলাতে ায়কৃত ভূমি রাজস্বের সমপরিমাণ অর্থ বাঁকুড়া জেলা পরিষদকে অনুদান হিসাবে প্রদান করা । ১৯৬৯-৭০ সাল হইতে এই অনুদান সমগ্র রাজ্যে আদায়কৃত অর্থের গড়ের ৫ শতাংশ বাঁকুড়া না পরিষদের পরিচালন বাবদ ব্যয়ের আনুপাতিক হারে এই অনুদান প্রদান করা হয়, এবং সেই ণে এই অনুদানের পরিমাণ ১৯৬৮-৬৯ সালে যেখানে ৫৭ হাজার ৭১২ টাকা ছিল ১৯৬৯-৭০ ন তাহার পরিমাণ বৃদ্ধি পাইয়া দাঁড়ায় ৭৩ হাজার ৯৪৪ টাকা, যদিও বাঁকুড়া জেলায় চলতি র উপর ভূমি রাজস্ব আদায়ের পরিমাণ ১৯৬৯-৭০ সালে পূর্ব বৎসর হইতে কম হয়। চলতি র উপর বাঁকুড়া জেলায় ১৯৬৪-৬৫ হইতে ১৯৭০-৭১ পর্যন্ত ভূমি রাজস্ব আদায়ের পরিমাণ ছিল রূপ—আপনি যদি এটা জানতে চান আমি দিতে পারি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ভূমিরাজস্বের আয় কমে গিয়েছে। নীয় মন্ত্রীমহাশয় তার কারণ জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** তার উত্তর তো আমি পড়ে শোনালাম। আপনি জানেন, এটা য়া যায় টোট্যাল কালেকসানের ৫ পারসেণ্ট।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আয় কমল কেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** তার কারণ কালেকসান হয়নি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কেন হয়নি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** মাননীয় সদস্য মহাশয় জানেন যে সারা পশ্চিমবাংলায় গত ৪ র ধরে কি পরিস্থিতি গিয়েছে। সুতরাং কেন হয়নি সেটা আমার থেকে মাননীয় সদস্য হয়ত ই জানেন।

**শ্রীপ্রবোধকুমার সিংহ রায় ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, বাঁকুড়া জেলা ষদকে ভূমিরাজস্ব খাতের অনুদান ব্যাতীত আর অন্য কি কি খাতের অনুদান দেওয়া হয় ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** নোটিশ চাই।

*368. (The Member concerned being absent, the question was not called.)

*369. (The Member concerned being absent, the question was not called.)

*370. (The Member concerned being absent, the question was not called.)

## মেদিনীপুর ও টি রোডের পাশে পি ডবলু ডি-এর জমি দখল

*৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১১০০) শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ পূর্তবিভাগের : মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে একতারপুর-তকীনগর মৌজায় মেদিনীপুর জেলায় ও রোড-এর পাশে পি ডবলু ডি-এর জমি জবরদখল করিয়া একটি রাজনৈতিক দল তাহা অফিস ঘর করিয়া বর্তমানে সেখানে অফিস চালাইতেছেন ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত জবরদখলকারীদের উচ্ছেদের জন্য সরকার কি ব্যবস্থা লইয়াছেন

**Shri Bholanath Sen :**

(ক) ও টি. রোডের পাশে জমির উপর ভারতীয় কম্যুনিস্ট পার্টির স্থানীয় শাখা কয়েকদিন পূ একটি ঘর নির্মাণ সুরু করে।

(খ) জমির মালিকানা সম্পর্কে অনুসন্ধান সাপেক্ষে পূর্ত বিভাগের স্থানীয় কর্তৃপক্ষ উ রাজনৈতিক দলের স্থানীয় শাখাকে যে ঘরটির নির্মাণকার্য বন্ধ রাখিতে অনুরোধ করিয়াছে অনুসন্ধানের ফলাফলের পরিপ্রেক্ষিতে প্রয়োজনবোধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

[1-10—1-20 p.m.]

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কিছুদিন পূর্বে রাজনৈতিক দ ঘরটি আরম্ভ করেছে। কিন্তু ২ বছর পূর্ব থেকে ঘরটি আরম্ভ হয়েছে। মন্ত্রীমহাশয় কি এই ভূমি মালিকানা সম্পর্কে অনুসন্ধান ত্বরান্বিত করবার জন্য ব্যবস্থা করবেন ?

**শ্রীভোলানাথ সেন ঃ** অনুসন্ধান চলছে এবং আমার যতদূর খবর জানা আছে তাতে বলতে পারি যে ২ বছর পূর্বে অন্তত: ঘরটি তৈরী হয়নি। আমার খবর হচ্ছে সেটা কমপ্লিট হয়নি এবং সেটা কিছুদিন আগে সুরু হয়েছিল, বন্ধ হয়েছে। অনুসন্ধান চলছে। সুতরাং ত্বরান্বিত নিশ্চয় হবে খুব একটা বেশী ডিফিকাল্ট হবে না।

**শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি ঃ** মন্ত্রীমহাশয় বললেন যে ২ বছর আগে আরম্ভ হয়নি। যে কথা বললেন সেটা ঠিক যে ঘরটি সম্পূর্ণ হয়নি। কিন্তু কিছুদিন পূর্বে অর্থাৎ ২ বছর পূর্বে আরম্ভ হয়েছিল, সে সম্বন্ধে কি মন্ত্রীমহাশয় অবগত আছেন ?

**শ্রীভোলানাথ সেন :** আমার কাছে যে কাগজ আছে তার খবর অনুসারে দেখা যাচ্ছে এটা কিছুদিন আগে আরম্ভ হয়েছে এবং যখন তৈরী হচ্ছিল সেই অবস্থায় বলা হয়েছে যে আপনারা করবেন না।

**শ্রীমতী গীতা মুখার্জী ঃ** রাস্তার পাশেই ইতিপূর্বে অনেকেই অনেকদিন ধরে ঘর বার চলেছে, এটা কি সত্যি ?

**শ্রীভোলানাথ সেন ঃ** এটা আমি ঠিক জানি না, কারণ এই প্রশ্নের উত্তরে এটা আসে না। কিন্তু তবুও আমি আপনাদের এটা বলতে পারি যে আমাদের দেশের একটা ম্যালাডি হচ্ছে যেখানেই রাস্তা তৈরী হয় সেখানেই একটা জবর দখল করার টেনডেন্সি তাদের থাকে এবং সুযোগ সন্ধান পেলেই করে এবং এমন একটা হেডএক এর জন্য রেগুলার রাস্তা দেখা দরকার হচ্ছে, রেগুলার মিট করতে হচ্ছে, রেগুলার অপোজিসন দিতে হচ্ছে। তবে মাননীয় সদস্যরা যদি আমাদের সঙ্গে সহযোগিতা করেন তাহলে এই কাজটি নির্বিঘ্নে সম্পূর্ণ করা যায়। আইন অনুসারে আমরা রাস্তা পরিষ্কার রাখতে বাধ্য, তা না হলে এটা বেআইনী হয়ে যায়।

**শ্রীমতী গীতা মুখার্জী ঃ** মন্ত্রীমহাশয় যে অভিমত প্রকাশ করেছেন সেই অভিমতের সঙ্গে স্বভাবতঃই সকলেই সহানুভূতিশীল হবেন। এই পরিস্থিতিতে এই রকম জবর দখল বন্ধ করতে হয় তাহলে সামগ্রিকভাবে বন্ধ করতে না পারলে খুবই অসুবিধা দেখা দেয়। তাই এই বিষয়ে আপনি সকলকে ডেকে তাদের সঙ্গে আলাপ আলোচনা করে কি ব্যবস্থা গ্রহণ করা যায় সে রকম কোন চিন্তা করছেন কি ?

**শ্রীভোলানাথ সেন ঃ** ব্যাপারটি হচ্ছে আমাদের হাইওয়ে এ্যাক্টে আছে এবং আমাদের একটা ডাইরেকসন আছে যে সামগ্রিকভাবে কাজ হবে যাতে সমস্ত রাস্তাই পরিষ্কার রাখা যায় এবং যাতে নির্বিঘ্নে সেখানে কাজ হয় সেই জন্য আমাদের বলা আছে যখনই দরকার তখনই লোকাল এম. এল এ. কিম্বা লোকাল লোকেদের সঙ্গে সহযোগিতা করে যেন কাজ করা হয়।

**শ্রীসরোজ রায় ঃ** বড় বড় রাস্তার গায়ের পাশেই যেখানে পি. ডবলিউ. ডি.-র জমি আছে—যেমন আমি একটি রাস্তার কথা বলছি আর. এন. রোড, এর পাশে অনেক পি. ডবলিউ. ডির জমি রয়ে গেছে যেটা নাকি পি. ডবলিউ. ডির রাস্তা হিসাবে কাজে লাগে না, অথচ বাড়ী-ঘর হতে পারে, এই রকম খবর কি আপনার জানা আছে ?

**শ্রীভোলানাথ সেন ঃ** এই রকম পার্টিকুলার রাস্তার কথা আমি বলতে পারব না। তবে এটা ঠিক যে প্রত্যেক রাস্তার পাশেই কিছু জমি থাকে। কারণ, রাস্তাটি যদি ঠিকমত রাখতে হয় তাহলে একটু বেশী বড় করে রাখতে হয়, কেন না বর্ষায় ধুয়ে গেলে আবার মেরামত ইত্যাদি করতে হয়। তাই একটু বেশী জমি এ্যাকুইজিসন করা হয়। যতটা জমি এ্যাকুইজিসন করা হয় ততটা যদি প্রয়োজন না হয় তাহলে যার কাছ থেকে এ্যাকুইজিসন করা হয়েছে তাকেই আবার ফিরিয়ে দেওয়ার চেষ্টা করা হয় এবং বেশীর ভাগ ক্ষেত্রেই তাই হয়ে থাকে।

*372 and *373. (The Members concerned being absent, the questions were not called.)

## কলিকাতা-দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে

*৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪০) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা হইতে দুর্গাপুর পর্যন্ত এক্সপ্রেস হাইওয়ের নির্ম্মাণ কার্য বর্তমানে কি অবস্থা আছে ;

(খ) ইহা সম্পূর্ণ করিতে কতদিন সময় লাগিবে ;

(গ) ইহার জন্য এ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে এবং আরও কত টাকা খরচ হইবে ; এব

(ঘ) ইহার নির্মাণ কার্য কবে শুরু হইয়াছিল ?

**Shri Bholanath Sen** :

(ক) প্রথম পর্যায় হিসাবে কলিকাতা-দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের কলিকাতা-পালসিট অংশে কাজ চলিতেছে এ পর্য্যন্ত ৩৯ মাইল জমি দখল, ৩১½ মাইল মাটির কাজ এবং শতকরা ২৯ ভাগ ছোট ছোট সেতু সম্পন্ন হইয়াছে। তাহা ছাড়া ১১ মাইল প্যাভমেন্টের কাজ (সিংগল লেন) শেষ হইয়াছে এবং শতকরা ১৫ ভাগ মালমশলা সংগৃহীত হইয়াছে।

(খ) প্রয়োজনীয় অর্থ পাওয়ার উপর নির্ভর করিতেছে।

(গ) এই বছরের মার্চ মাস পর্য্যন্ত ২ কোটির অধিক টাকা খরচ হইয়াছে এবং আরও ৯ কোটি টাকা খরচ হইবে বলিয়া অনুমান করা হইতেছে ;

(ঘ) ১৯৬১ সালে।

**ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন এখনও এই express highway-র কাজ চালু আছে কি না ?

**শ্রীভোলানাথ সেনঃ** হাঁ, এখনও Express highway-এর কাজ চালু আছে। কথা হচ্ছে, এই pavament-এর কাজ চলছে মাল মশলা যা আছে only difficulty হচ্ছে এই যে সমস্ত কাজ চলছে, আমাদের protection করতে হচ্ছে। ১১ কোটি টাকা দরকার এই Calcutta Durgapur Asansol Express Highway যেটা করা হচ্ছে। এর ultimate object হচ্ছে Six lane রাস্তা তৈরী করা। সেখানে ৩টি করে গাড়ী এদিক থেকে এবং ৩টি করে গাড়ী ওদিক থেকে যাতায়াত করতে পারবে। কাজেই এই হিসাবে কাজ চলছে। Central Government টাকা দেবার কথা চিন্তা করছেন। ওদের মতে কলকাতা থেকে পালসিট অবধি ১৩॥ কোটী টাকা লাগবে। আমাদের ধারণা ১১ কোটী থেকে ১১॥ কোটী টাকায় হবে। এই নিয়ে কথাবার্তা চলছে তবে টাকা পাওয়া যাবে বলে আশা করছি। এবং এটা নিয়ে আমি নিজে মন্ত্রীবর্গের সঙ্গে আলোচনা করেছি, হয়ত পাওয়া যাবে এবং কাজ এগিয়ে যাবে। এই pavement-এর কাজে রক্ষণাবেক্ষণ করতে হচ্ছে, আমরা আশা করছি হয়ত করতে পারবো।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, ১৯৬ সালে এটা আরম্ভ হয়েছে। কিন্তু পরিকল্পনার সময় একটা target ছিল যে অমুক সালে এটা complete করবো। কাজেই এই রকম কিছু আছে কিনা জানাবেন ?

**শ্রীভোলানাথ সেন ঃ** ব্যাপারটা হচ্ছে আপনি হয়ত জানেন অশ্বিনী বাবু, ১৯৬১ সালে West Bengal Development Corporation বলে একটা Corporation তৈরী হয়। এই Corporation-এর হাতে এই কাজ দেওয়া হয়েছিলো। ৫ বছর কাজ করার পর সেই Corporation liquidation-এ চলে যায় এবং সবকিছু নষ্ট হয়ে যায়। তারপর এটা P.W.D. take over করে। তারপরে আজ পর্যান্ত ২ কোটি টাকা খরচ হয়ে গেছে এরা যা বলছেন, কিন্তু ৯॥ কোটি টাকা আনতে গেলে Central Government-এর ওরা যা বলছেন ১১॥ কোটি টাকা আরো লাগবে। এটা আনতে গেলে facts and figures দিতে হবে। সেগুলিও দেওয়া হয়েছে; সামান্য কিছু বাকী আছে, আশা করছি পাবো।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন ঐ রাস্তার জন্য যে জমি দরকার সবটাই কি requisition করা হয়েছে throughout the length ?

**শ্রীভোলানাথ সেন ঃ** Calcutta Palsit section-এ সেটা হয়েছে।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বর্দ্ধমান থেকে দুর্গাপুরেরটা জানাবেন কি ?

**শ্রীভোলানাথ সেন ঃ** না, সেটা হয়নি। কারণ এটা by stages করার কথা। কলকাতা-পালসিট, পালসিট-দুর্গাপুর, দুর্গাপুর-আসানসোল। কলকাতা-পালসিট নিয়ে পড়েছি তাতে ২ কোটি চলে গেছে। আরো ১১ কোটি থেকে ১১॥ কোটি টাকার মধ্যে ৯ কোটি টাকা লাগবে। ওটা রাজবাহাদুর, মন্ত্রী এটা sanction করে দেন তাহলে বাকী যা আছে তা নিয়ে কথা হচ্ছে, এটা আগে হবে এবং তারপর in phases হবে।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এই কলকাতা-দুর্গাপুর express highway-র মোট দৈর্ঘ্য কত ?

**শ্রীভোলানাথ সেন ঃ** এটার মোট দৈর্ঘ্য কত এখন বলা মুস্কিল। কলকাতা-দুর্গাপুর Express highway নয়। কলকাতা-পালসিট, পালসিট-দুর্গাপুর, দুর্গাপুর-আসানসোল Express highway যেটা ওখানকার সমস্ত industrial belt-এ serve করবে। সেজন্য এখনই ঠিক বলা সম্ভব নয়। কারণ আমার কাছে তার Exact figure নেই। তবে এটুকু বলতে পারি কলকাতা থেকে পালসিট ৩৫ মাইল।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন এই ৩৫ মাইল রাস্তা তৈরী করতে কত বছর সময় লাগবে ?

**শ্রীভোলানাথ সেন ঃ** আপনি হয়ত খেয়াল করেননি সমস্ত টাকা Central Government এর কাছ থেকে নিতে হচ্ছে। আমাদের সরকারের এই রকম সঙ্গতি নেই যে পুরো গ্রহণ করবো। তবে তারা দিতে রাজী হয়েছে, তারা দিলেই এটা হবে। কাজেই ওদিকের জন্য

## বোলপুর মহকুমা গঠন

*৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১০২।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বোলপুর, ইলামবাজার, নানুর ও লাভপুর থানা লইয়া বোলপুর মহকুমা গঠনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কতদিনের মধ্যে সরকার এই সিদ্ধান্ত ঘোষণা করিবেন ?

**Dr. Md Fazle Haque :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীহরশংকর ভট্টাচার্য ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, এই সম্পর্কে বোলপুর মহকুমা গঠনের পরিকল্পনা বীরভূম জেলা Magistrate-এর কাছ থেকে আপনার দপ্তরে এসেছে কি না ?

**ডাঃ মহম্মাদ ফজলে হক ঃ** বীরভূমের D. M. এর কাছ থেকে এই রকম একটি proposal এসেছে।

**শ্রীহরশংকর ভট্টাচার্য্য ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের মুখ্যমন্ত্রী নির্বাচনের পূর্বে এবং পরে এই বিষয়ে জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন কিনা ?

**ডাঃ মহম্মাদ ফজলে হক ঃ** ওখানে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, মুখ্যমন্ত্রীর কাছে Memorandum Submit করা হয়েছে।

(*376 Shrimati Ila Roy being absent the question was not put.)

## বাঁকুড়া জেলায় দলপুর-মহেশানা রাস্তা

*৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৬।) **শ্রীকমলাকান্ত হেমব্রম ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার দলপুর-মহেশানা রাস্তা (ভায়া – কমলপুর) উন্নয়নের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহা কবে নাগাদ রূপায়িত করা হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Bholanath Sen :**

(ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই রাস্তার জন্য ইতিমধ্যে জমি acquire রা হয়েছে কিনা ?

**মিঃ স্পীকার ঃ** যখন কোন পরিকল্পনা নেই, তখন এই প্রশ্ন ওঠে না।

[-20—1-30 p.m ]

## সাঁইবাড়ী হত্যাকাণ্ডের তদন্ত

*৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯১।) **শ্রীপুরঞ্জয় পরামানিকঃ** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৭০ সালের মার্চ মাসে বর্দ্ধমান সহরের সাঁইবাড়ী হত্যাকাণ্ডের তদন্তের জন্য গঠিত মুখার্জী তদন্ত কমিশন বর্দ্ধমানের তৎকালীন জেলাশাসক ও পুলিশ সুপারের বিরুদ্ধে রায় প্রদান করিয়াছিলেন কিনা ; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**Dr Md. Fazle Haque :**

(ক) হ্যাঁ।

(খ) সাঁইবাড়ী হত্যাকাণ্ড ব্যাপারে ইতিপূর্বে আদালতে একটি মামলা দায়ের করা হইয়াছে। হা এখন বিচারাধীন। ইহার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট অফিসারদের বিষয়ে বর্তমানে কোন ব্যবস্থা গ্রহণ রা সমীচীন হইবে না বলিয়া সরকার মনে করেন।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার ঃ** ১৯৭০ সালে বর্দ্ধমান শহরের সাঁইবাড়ীতে নারকীয় ঘটনার রে মুখার্জী তদন্ত কমিশন অনুষ্ঠিত হয়েছে। সেই কমিশনের রায় প্রকাশ করতে বাধা কোথায়, কেন না মরা যতদূর জানি এই Assembly পরিপূর্ণ ভাবে out of court ওখানকার তদন্ত কমিশন সেটা Government sponsored, এই ক্ষেত্রে তদন্ত কমিশনের নির্দেশ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা, সেটা মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** মাননীয় সদস্য যেটা বললেন, রায় প্রকাশ করতে বাধা কোথায়, সটা তো প্রকাশ হয়েই গেছে। সাঁইবাড়ীর তদন্ত কমিশনের রায়, সেটা ইতিমধ্যে প্রকাশ হয়ে গছে। আমি যেটা বলেছি, ব্যবস্থা গ্রহণ করতে পারছি না, যেহেতু এই বিষয়ে case বিচারাধীন অবস্থায় রয়েছে, সেই case-এর ফয়শালা হবার পরে সেটা সিদ্ধান্ত দেওয়া হবে।

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মন্ত্রী মহাশয় বলবেন কি, সাঁইবাড়ীর হত্যাকাণ্ডের সময় বর্দ্ধমানে যিনি জলা শাসক এবং Poliee Super ভারপ্রাপ্ত ছিলেন, তারা এখন কোথায় এবং কি পদে বহাল মাছেন ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** বর্দ্ধমানের তদানিন্তন D. M.-কে Food Department এর Joint Secretary করা হয়েছে এবং S. P.কে মুর্শিদাবাদে Transfer করা হয়েছে।

**শ্রীজ্যোতির্ম্ময় মজুমদার ঃ** যে জেলা সমাহর্ত্তার অধীনে বর্দ্ধমান শহরে এই রকম নারকীয় ঘটনা ঘটে গেল, সেই জেলা সমাহর্ত্তাকে খাদ্য বিভাগের Joint Secretary করা, এটা কি promotion নয় ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** এই ঘটনা যখন ঘটে, তারপর সেখান থেকে তাকে বদলি করা হয় Joint Secretary postএ, এটা promotion basis নয়, এটা same rankএর post.

**শ্রীসুব্রত মুখার্জী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, যে বর্দ্ধমানের ঐ জেলা-শাসক—তিনি খাদ্য দপ্তরের যুগ্ম সচিব হিসাবে কাজ করছেন, তাহলে কি আমরা ধরে নিতে পারি যে এই ধরনের নারকীয় হত্যাকাণ্ডের জন্য প্রত্যক্ষভাবে যে দায়ী তাকে পুরস্কৃত করা হচ্ছে ?

**মিঃ স্পীকার :** The qcestion is not clear ধরে নেবার কথা নয়, আপনি যা ইচ্ছা ধরে নিতে পারেন।

**শ্রীমনোরঞ্জন প্রামানিক ঃ** বর্দ্ধমানের পুলিশ সুপারেনটেণ্ডট রমেন ভট্টাচার্য্য মহাশয়—তিনি বর্ত্তমানে মুর্শিদাবাদে আছেন, তাকে কি প্রমোশন দিয়ে ডি. আই. জি. করবার একটা পরিকল্পনা সরকারের ছিল ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** আমি আগেও বলেছি আবার বলছি যে মাননীয় সদস্য যে কথা বলছেন, আমরা কোন অফিসারকে প্রমোশন বা লিফট দিয়েছি এইটা ঠিক নয়। কারণ ঘটনা ঘটবার সঙ্গে সঙ্গে তাদের দেওয়া হয়েছে, ঐ তদন্তের রিপোর্ট পাবার পর নয়, তার অনেক আগেই তাদের ট্রান্সফার করা হয়। এক জনকে মুর্শিদাবাদের এস. পি. এবং আর এক জনকে জয়েন্ট সেক্রেটারী পদে এইটা প্রমোশন নয়। তদন্তের রায় পাবার পর কোন প্রমোশন দেওয়া হয়নি। কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এই কথা বলা হচ্ছে না। এই বিষয়ে একটা কেস পেণ্ডিং আছে, সুতরাং ব্যাপারটা সাবজুডিস বলে কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** 'ক' প্রশ্নের উত্তরে বলেছেন যে সংশ্লিষ্ট কর্মচারী যারা ঐ হত্যাকাণ্ডের সঙ্গে সংশ্লিষ্ট ছিল তাদের বিরুদ্ধে একটা মামলা দায়ের করা হয়েছে, জানাবেন কি ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** সংশ্লিষ্ট এস. ডি. ও-র বিরুদ্ধে মামলা চলছে এবং তিনি আণ্ডার সাসপেনসন আছেন।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্পীকার স্যার, প্রশ্ন যেটা আছে সেটা অত্যন্ত স্পেসিফিক প্রশ্ন, দুজন অফিসার সম্পর্কে আমরা জানতে চাইছি, কিন্তু মন্ত্রীমহাশয় যা উত্তর দিচ্ছেন তা অত্যন্ত অস্পষ্ট উত্তর। আমরা জানতে চাইছি সেখানে দুইজন অফিসার-এর বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ ছিল প্রশাসনের পক্ষ থেকে—সেখানে সুপারেনটেণ্ডট অফ পুলিশকে মুর্শিদাবাদ জেলার এস. পি. আর একজনকে খাদ্য বিভাগের যুগ্ম সচিব করা হয়েছে, আমরা জানতে চাইছি যে তাদের যখন প্রমোশন দেওয়া হলো তখন সেটা সরকারের নীতির পক্ষে ঠিক কিনা ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখনও বলছি কাউকে প্রমোশন দেওয়া হয়নি। বর্দ্ধমানের যিনি এস, পি, ছিলেন তাকে মুর্শিদাবাদের এস, পি, করা হয়েছে। আর

কজন, ডি, এম-কে ফুড ডিপার্টমেন্টের জয়েন্ট সেক্রেটারী করা হয়েছে। এইগুলি সব সেম পোষ্ট, উকে প্রমোশন দেওয়া হয়নি।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** ডি, এম-কে যুগ্ম সচিব করা এইটা প্রমোশন কি?

**ডাঃ মহম্মদ ফজলে হকঃ** এইটা প্রমোশন নয়, একই রেংকের মধ্যে পড়ে।

**শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ** উনি প্রথম প্রশ্নের উত্তরে হ্যাঁ বলেছেন, আর ২য় প্রশ্নের রে এই অফিসারদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন এইটা কি উনি জানাবেন?

**ডাঃ মহম্মদ ফজলে হকঃ** আমি আবার বলছি, এস, ডি, ও যিনি ছিলেন তিনি আণ্ডার পেনসন আছেন, তার বিরুদ্ধে একটা কেস চলছে, সেই কেস-এর রায় না পাওয়া পর্য্যন্ত কোন ন্তর সিদ্ধান্ত নেওয়া যাবে না।

**মিঃ স্পীকারঃ** (ক) ইহা কি সত্য যে ১৯৭০ সালের মার্চ মাসে বর্দ্ধমান শহরে সাঁইবাড়ী কাণ্ডের তদন্তের জন্য গঠিত মুখার্জী তদন্ত কমিশন বর্দ্ধমানের তৎকালীন জেলাশাসক ও পুলিশ রের বিরুদ্ধে রায় প্রদান করিয়াছিলেন: এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The answer is 'Yes'. Then as admitted the Commission has given its iict against the District Magistrate and the Superintendent of Police, and it been admitted—'Yes'. But now the simple question that has been asked— t action has been taken against the District Magistrate and the Superinten- t of Police?

—1-40 p.m.]

**ডাঃ মহম্মদ ফজলে হকঃ** আমরা বলেছি যে মুখার্জী তদন্ত কমিশন শুধু দুজন জেলা ও এবং এস. পি-র বিরুদ্ধে রায় দেননি, ছয় জন অফিসারের বিরুদ্ধে রায় দিয়েছেন।

**মিঃ স্পীকারঃ** আপনি, ইহা কি সত্য যে ১৯৭০ সালের মার্চ মাসে বর্দ্ধমান শহরে সাঁই র হত্যাকাণ্ডে তদন্তের জন্য গঠিত মুখার্জী তদন্ত কমিশন বর্দ্ধমানের তৎকালীন জেলাশাসক ও সুপারের বিরুদ্ধে রায় প্রদান করিয়াছিলেন, এর উত্তরে বলেছেন 'ইয়েস'। The Reply is এবার আপনি 'খ' প্রশ্নের উত্তরটা বলুন।

**ডাঃ মহম্মদ ফজলে হকঃ** সাঁইবাড়ির হত্যাকাণ্ডের ব্যাপারে ইতিপূর্বে আদালতে একটি দায়ের করা হইয়াছে উহা এখন বিচারাধীন। ইহার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট অফিসারদের বিষয়ে নে কোন ব্যবস্থা গ্রহণ করা সমীচীন হইবে না বলিয়া সরকার মনে করেন।

**শ্রীশরৎচন্দ্র দাস** ঃ আমরা জানতে চাইছি এই দুজনের উপরে কি করা হয়েছে ? জেলা শাসক ও এস. পি-র বিরুদ্ধে কমিশন রায় দিয়েছে। এদের বিরুদ্ধে কি করেছেন ?

**মিঃ স্পীকার** ঃ উনি বলেছেন, সাঁইবাড়ী হত্যাকাণ্ড ব্যাপারে ইতিপুর্ব্বে আদালতে একটি মামলা দায়ের করা হইয়াছে। উহা এখন বিচারাধীন। ইহার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট অফিসারদের বিষয়ে বর্তমান কোন ব্যবস্থা গ্রহণ করা সমীচীন হইবে না বলিয়া সরকার মনে করে। It is still sub judice. As it is sub judice no action whatsoever could be taken against these two officers. That is your answer. Since it is sub judice the department thought it justified not to take any action. That is clear, I think.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়** ঃ মন্ত্রীমহাশয় বলেছেন যেহেতু বর্দ্ধমানের জেলা শাসক ও পুলিশ সুপারের বিরুদ্ধে মামলা চলছে এবং ব্যাপারটা বিচারাধীন সেজন্য কিছু করতে পারছেন না কিন্তু মন্ত্রী মহাশয় জানাবেন কি ঐ হত্যাকাণ্ডের ব্যাপারে বর্দ্ধমানের মহকুমা শাসকের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয়েছিল কিনা ?

**ডাঃ মহম্মদ ফজলে হক** ঃ আমি বলিনি জেলা শাসক বা পুলিশ সুপারের বিরুদ্ধে কেস চলছে। সেই এস, ডি, ও আণ্ডার সাসপেনশন। সেই এস, ডি, ও-র বিরুদ্ধে কেস চলছে সেটার ফয়সালা না হওয়া পর্য্যন্ত এই ব্যাপারে কিছু করা সরকার সমীচীন বলে মনে করছেন না।

**শ্রীশরৎচন্দ্র দাস** ঃ আপনি যে দুজনের সম্পর্কে কোশ্চেনের উত্তরে 'ইয়েস' বলেছেন তাদের বিরুদ্ধে কি করেছেন বলুন ?

**মিঃ স্পীকার** ঃ The matter is sub judice in respect of the incident regarding Sain Bari, and the matter being sub-judice, the Government has not taken any action.

**শ্রীশরৎচন্দ্র দাস** ঃ অধ্যক্ষ মহাশয়, উনি এস, ডি, ও-র বিরুদ্ধে কেস চলছে বলেছেন এদের বিরুদ্ধে কিছু বলছেন না।

**মিঃ স্পীকার** ঃ The Minister has never said that there is any case against the District Magistrate or the Superintendent of Police. He has only said that a case is pending against the S. D. O. At the same time he has said that in respect of the incident of crime at Sain Bari the matter is still sub-judice and as the matter is still sub-judice no action has been taken against the D. M. and the S. P.

**শ্রীমনোরঞ্জন প্রামানিক ঃ** এস. পি এবং ডি. এম.-এর বিরুদ্ধে কমিশন রায় দিয়েছেন কিন্তু কেন তাদের সাসপেনড করা হল না ?

**মিঃ স্পীকার ঃ** The answer is that the entire matter is still sub-judice.

**শ্রীমনোরঞ্জন প্রামানিক ঃ** এস, ডি, ও-র বিরুদ্ধে কেন এ্যাকশন নেওয়া হল না ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** এস. ডি, ও আণ্ডার সাসপেনসন আছেন। সেই ব্যাপারে যে কেস চলছে।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি একই ঘটনার সাথে এস, ডি, ও, এবং এই সমস্ত অফিসাররা ওতপ্রোতভাবে জড়িত থাকা সত্ত্বেও কোন কারণে এস, ডি, ও-কে সাসপেনড করা হল এবং দুজনকে বাঁচানো হল ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** হত্যাকাণ্ডের পর এস, ডি, ও, সাসপেনশনে ছিল। এবং সেই কেস চলছে। এর পরে আমরা মুখার্জী তদন্ত কমিশনের রিপোর্ট পাই। বর্তমানে মামলা বিচারাধীন থাকায় কোন ব্যবস্থা গ্রহণ করা সমীচীন বলে সরকার মনে করছেন না।

## চৌকিদারদের পোষাক

*৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪০।) **শ্রীঅজিতকুমার বসু ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৬৭-৬৮ সাল হইতে ১৯৭১-৭২ সাল পর্যন্ত চৌকিদারদের পোষাক বাবদ প্রতিবছর কত টাকা খরচ হইয়াছে :

(খ) সরকার কি অবগত আছেন যে, চৌকিদারেরা বিগত কয়েক বৎসর যাবৎ কোন পোষাক পায় নাই ;

(গ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি ,

(২) কবে নাগাদ উহারা পোষাক পাইবে , এবং

(ঘ) অঞ্চল সেক্রেটারীদের সরকারী কর্মচারীদের সহিত সমমর্যাদা দিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে কবে নাগাদ তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Prafulla Kanti Ghose :**

(ক) এই পর্য্যন্ত ১২টি জিলা হইতে প্রয়োজনীয় তথ্য পাওয়া গিয়াছে তাহা হইতে দেখা যায় যে, ঐ ১২টি জিলাতে মোট ৫,৩১,৫৬৭ টাকা ৩৪ পয়সা খরচ হইয়াছে। বাৎসরিক খরচ নিম্নে দেওয়া হইল :—

| সাল | টাকার পরিমাণ |
|---|---|
| ১৯৬৭-৬৮ | ১,৭২,৯৬৬'৫৫ |
| ১৯৬৮-৬৯ | ৭৫,৭১১'৮৭ |
| ১৯৬৯-৭০ | ১,২৮,৮০২'৪৮ |
| ১৯৭০-৭১ | ৬২,২৮৪'৫৩ |
| ১৯৭১-৭২ | ৯১,৮০১'৮৬ |
| | ৫,৩১,৫৬৭'৩৪ |

(খ) না, উপরোক্ত হিসাব থেকে জানতে পারবেন পাঁচ লক্ষ একত্রিশ হাজার পাঁচশত সাতষট্টি টাকা চৌত্রিশ পয়সা খরচ হয়েছে ,

(গ) (১) (২) প্রশ্ন উঠে না।

(ঘ) এইরূপ কোন পরিকল্পনা সরকারের নাই। প্রশ্ন উঠে না।

**শ্রীঅজিতকুমার বসু ঃ** চৌকিদারদের পোষাক বাবদ প্রতি বছর টাকা দেওয়া হচ্ছে, কিন্তু তারা পোষাক পাচ্ছে না এটা জানেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** পোষাক নিশ্চয় পাচ্ছে—তবে যতটা পাওয়া উচিত যে পাচ্ছেনা সটা আমার হিসাব থেকেই বুঝতে পারছেন।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** দার্জিলিং-এ যেসমস্ত চৌকিদার আছেন তাঁরা বিগত বর্ষে কোনরকম জামা কাপড় পেয়েছিলেন কিনা জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** দার্জিলিং জেলায় কোন Union Board না থাকায় পূর্ব থেকে কান চৌকিদার দফাদার ছিল না। উক্ত জেলায় অঞ্চল পঞ্চায়েৎ স্থাপন হবার পর কয়েকজন মাত্র ঐ পদে নিযুক্ত হয়েছেন।

**শ্রীদেদার বক্স ঃ** অঞ্চল থেকে দফাদার চৌকিদারদের টাকা দেওয়া হচ্ছে, কিন্তু অনেক জায়গায় দেখা যাচ্ছে তারা পোষাক পাচ্ছে না—পেলেও অনিয়মিতভাবে পাচ্ছে। এটা নিয়মিত করবেন কিনা এবং প্রতিবছর দেওয়া হবে কিনা ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** দেওয়া হবে। পঞ্চায়েতের নির্বাচন ১০।১২ বছর হয়নি। তা না হবার ফলে Union Board বা পঞ্চায়েতে কিছু অনিয়ম দেখা দিয়েছে একথা অস্বীকার করা যায় না। সেজন্য আমরা যতদূর সম্ভব পঞ্চায়েৎ নির্বাচনের চেষ্টা করছি এবং আশা করি নির্বাচন হবার পর নব-নির্বাচিত সদস্য যাঁরা আসবেন তাঁরা এই অনিয়ম হতে দেবেন না।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** দার্জিলিং জেলায় বর্তমানে কয়েকটি অঞ্চল পঞ্চায়েৎ স্থাপনের পর যে কজন চৌকিদার নিযুক্ত হয়েছেন তাদের কোনরকম পোষাক দেওয়া হয়েছে কিনা ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** আমি যেটুকু তথ্য সংগ্রহ করেছি তাতে জানি সামান্য কিছু দেওয়া হয়েছে।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** আমার অভিজ্ঞতায় জানি পোষাক তাঁরা পাননি। আপনি বললেন কিছু জনকে দেওয়া হয়েছে। কিন্তু কতজনকে দেওয়া হয়েছে জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** আপনি আমাকে নোটিশ না দিলে এই ধরণের উত্তর দেওয়া সম্ভব নয়। তবে মাননীয় সদস্যের কাছে নিশ্চয়ই কৃতজ্ঞ যখন তিনি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে একটা কথা এই বিধানসভায় রাখলেন। আমি এই সম্বন্ধে নিশ্চয়ই খোঁজ করব এবং যথাযথ পরবর্তীকালে যাতে উত্তর দিতে পারি তার ব্যবস্থা নিশ্চয়ই করব।

## কুমারগঞ্জ ও গঙ্গারামপুর ব্লকে পাকা রাস্তা

*৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৪।) **শ্রীপ্রবোধ কুমার সিংহরায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) চতুর্থ যোজনা কালে পশ্চিম দিনাজপুর জেলার কুমারগঞ্জ ব্লকে এবং গঙ্গারামপুর ব্লকে কয়টি পাকা রাস্তা মঞ্জুর করা হইয়াছে ;

(খ) উক্ত মঞ্জুরী প্রাপ্ত রাস্তাগুলির কাজ আরম্ভ হইয়াছে কিনা, এবং

(গ) রাস্তাগুলির জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত ?

[1-40—1-50 p.m.]

**Shri Bholanath Sen :**

(ক) কুমারগঞ্জ ব্লক ও গঙ্গারামপুর ব্লকে চতুর্থ পরিকল্পনায় কোন রাস্তা অন্তর্ভুক্ত হয়নি।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীপ্রবোধকুমার সিংহরায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন চতুর্থ যোজনার বাকি সময়ের মধ্যে এইরকম কোন রাস্তা পরিকল্পনার কথা তাঁর বিবেচনাধীন আছে কিনা ?

**শ্রীভোলানাথ সেনঃ** সব এলাকা এখন বিবেচনাধীন আছে।

**শ্রীপ্রবোধ কুমার সিংহরায়ঃ** আমি সেই পার্টিকুলার এলাকার কথা রাখছি।

**শ্রীভোলানাথ সেনঃ** সেইসব এলাকার মধ্যে নিশ্চয়ই আপনার এলাকা পড়ে।

## পুরুলিয়া পৌর এলাকার পুকুরগুলিতে মৎস্য চাষ

*৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৭।) **শ্রীশরৎচন্দ্র দাসঃ** পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্তমান বৎসরে (১৯৭২) অত্যধিক খরার জন্য পুরুলিয়া পৌর এলাকায় মৎস্যজীবীদের বন্দোবস্ত দেওয়ায় পুকুরগুলির জল অস্বাভাবিকভাবে কমে যায় এবং উক্ত পুকুরগুলির মাছ স্থানীয় জনসাধারণ বেআইনীভাবে ধরিয়া লইবার ফলে ঐ মৎস্যজীবীগণ প্রভূত ক্ষতিগ্রস্ত হইয়াছেন, এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি ?

**Shri Praphulla Kanti Ghosh :**

(ক) এই বৎসর অত্যধিক খরার ফলে পুরুলিয়া পৌর এলাকায় অধিকাংশ পুকুরের জলের গভীরতা খুবই কমিয়া যায়। কিন্তু 'সুচাবাঁধ' নামে একটি পুকুর ব্যতীত আর কোনও পুকুরে বে-আইনীভাবে মাছ ধরার ফলে মৎস্যজীবীগণ ক্ষতিগ্রস্ত হইয়াছেন বলিয়া কোনও সংবাদ সরকার পান নাই।

(খ) যে মৎস্যজীবীকে উক্ত 'সুচাবাঁধ' নামে পুকুরটি বন্দোবস্ত দেওয়া হইয়াছিল তাহাকে কিছু আর্থিক সাহায্যদানের প্রস্তাব জেলা মৎস্য অধিকর্তা মহাশয় বিবেচনা করিতেছেন।

**শ্রীশরৎচন্দ্র দাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন একটা পুকুর ক্ষতিগ্রস্ত হয়েছে এবং যে মৎস্যজীবীরা নিয়েছিল তাদের ক্ষতিপুরণ দেওয়ার জন্য জেলা সমাহর্তা বিবেচনা করছেন। বিবেচনা কতদিন তিনি করবেন এবং তাদের ক্ষতিপুরণ দেওয়ার কোন ব্যবস্থা এল. এস. জি ডিপার্টমেণ্ট থেকে করা হবে কিনা ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষঃ** সুচাবাঁধ নামে একটি পুকুরে বে-আইনীভাবে মাছ ধরার ফলে যে মৎস্যজীবী ক্ষতিগ্রস্ত হয়েছেন তাহার নাম সুধীর ধীবর। তাকে আর্থিক সাহায্য দান অথবা ঋণ মঞ্জুরীর জন্য কোন প্রস্তাব মৎস্য বিভাগে এখন পর্যন্ত আসেনি, তাই তাকে কিছু দেওয়া এখন পর্যন্ত সম্ভব হয়নি।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মৎস্যমন্ত্রী মহাশয়কে আমি ব্যক্তিগতভাবে এই ব্যাপারে বলেছি। ওখান থেকে যিনি মৎস্য আধিকারিক তিনি পাঠিয়েছেন ফিসারি ডাইরেক্টরেটে, অথচ মন্ত্রী মহাশয় বলছেন পাঠান হয়নি, আপনারা অস্বীকার করছেন। এই সম্বন্ধে আপনি আমাদের একটু আলোকপাত করুন।

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ ঃ** মাননীয় সদস্য যেকথা জানালেন আমি নিশ্চয়ই মৎস্য মন্ত্রীর সঙ্গে এই সম্বন্ধে আলোচনা করব এবং যদি তিনি কোন রকম প্রস্তাব পেয়ে থাকেন তাহলে সরকারের তরফ থেকে অচিরে তার যেন ডিসিসান করে তার কথা তাঁর কাছে রাখব।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** এই যে পুকুরগুলি বন্দোবস্ত দেওয়া হয় পৌরসভা থেকে এবং পৌরসভা এই বাবদ তাদের কাছ থেকে বাৎসরিক টাকা নেয়। সেজন্য আমি পৌরসভা মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তারা ১ বছরের জন্য টাকা দিয়ে নিলাম নিয়েছিল, সেই টাকাটা মাফ করবেন কিনা? এই ব্যাপারে আবেদন পত্র মন্ত্রী মহাশয়ের কাছে দেওয়া হয়েছে।

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** মাননীয় সদস্য জানাবেন যে নিবেদনপত্র তিনি মন্ত্রীমহাশয়কে দিয়েছেন। তিনি যদি এটা আমার হাতে দিতেন তাহলে নিশ্চয়ই আমি এখানে দাঁড়িয়ে উত্তর দিতাম।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মন্ত্রীমহাশয় জানিয়েছেন যে বেআইনীভাবে মাছ ধরা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে বিধানসভায় এই প্রশ্ন দেবার পর কি আপনি এই বিষয় জানতে পারলেন, না বিধানসভায় এই প্রশ্ন দেবার আগেই আপনি স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে এই বে-আইনী মাছ ধরার কথা জানতে পেরেছিলেন ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** নিশ্চয়ই আগে থেকে জানতে পেরেছিলাম, নাহলে এখানে দাঁড়িয়ে আপনাদের সামনে উত্তর দিলাম কি করে।

## নবদ্বীপ ব্লকে পাকা রাস্তা

*৩৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯১) **শ্রীরাধারমণ সাহা ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চতুর্থ যোজনাকালে নবদ্বীপ ব্লকে কতগুলি পাকা রাস্তা মঞ্জুর হইয়াছে ,

(খ) উক্ত মঞ্জুরীকৃত রাস্তাগুলির মধ্যে কতগুলি রাস্তার কাজ শেষ হইয়াছে ; এবং

(গ) যেগুলির কাজ এখনও শেষ হয় নাই সেগুলির কাজ কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীভোলানাথ সেন ঃ** (ক) কোন রাস্তা মঞ্জুর হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীরাধারমণ সাহা ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, ওখানে কোন রাস্তা তৈরী করা পরিকল্পনা আছে কিনা ?

**শ্রীভোলানাথ সেন ঃ** আমি এর আগে একজন মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানিয়েছি যে, সমস্ত এলাকার কথা বিবেচনাধীন আছে।

## তালড্যাংরা অঞ্চল পঞ্চায়েত

*৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৫) **শ্রীফণিভূষণ সিংহবাবু :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে তালড্যাংরা ব্লকের তালড্যাংরা অঞ্চল পঞ্চায়েত ১৯৭১-৭২ সাল থেকে অনুদান পায় নাই ;

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি , এবং

(২) ঐ অঞ্চলকে বর্ত্তমানে থোক অনুদান দিবার কোন পরিকল্পনা আছে কি ?

**Shri Prafulla Kanti Ghosh :** (ক) হঁ্যা।

(খ) (১) পশ্চিমবঙ্গের সমস্ত অঞ্চল পঞ্চায়েতের অন্তর্ভুক্ত গ্রাম পঞ্চায়েতগুলিতে উন্নয়নমূলক কার্য্যের জন্য প্রতি অঞ্চল পঞ্চায়েতকে মোট ১৩০০ টাকা হিসাবে থোক অনুদান দেওয়া হইয়া থাকে। আইনত ঐ অর্থ অঞ্চল পঞ্চায়েতের অন্তর্ভুক্ত সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলির মধ্যে উন্নয়নমূলক কার্যের জন্য সমভাবে বণ্টন করিবার কথা। কিন্তু অডিট আপত্তি জানান সত্ত্বেও তালড্যাংরা অঞ্চল পঞ্চায়েত গত কয়েক বৎসর যাবৎ ঐ অর্থ গ্রাম পঞ্চায়েতগুলিকে বণ্টন না করিয়া নিজেই অন্য প্রয়োজনে ব্যয় করিয়া আসিতেছেন। এই কারণে ১৯৭১-৭২ সালে ঐ অঞ্চল পঞ্চায়েতকে কোন থোক অনুদান দেওয়া হয় নাই।

(২) বর্ত্তমান বৎসরে (১৯৭২-৭৩) এই অঞ্চল পঞ্চায়েতকে থোক অনুদান না দেওয়ার কোন সিদ্ধান্ত করা হয় নাই।

গত বৎসরের (১৯৭১-৭২) বকেয়া অনুদান দেওয়া সম্পর্কে জেলা পঞ্চায়েত আধিকারিকের প্রস্তাব পাওয়া গেলে সরকার ইহা বিবেচনা করিবেন।

**শ্রীফণিভূষণ সিংহবাবু :** মন্ত্রীমহাশয় "ক"—তে বললেন যে, ওই অঞ্চল পঞ্চায়েতকে বার্ষিক ১৩০০ টাকা করে দেওয়া হয়। "খ"—তে বলেছেন সেই অঞ্চল পঞ্চায়েতে আজ পর্যন্ত অডিট হয়নি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে সেই অঞ্চল পঞ্চায়েতের অডিট বহুদিন আগেই হয়েছে এবং এই টাকা অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম পঞ্চায়েতে বিলির যে ব্যবস্থা ছিল তাতে দেখছি আজ পর্যন্ত সেই অনুদান তাঁরা পাননি। মন্ত্রীমহাশয় এর কারণ বললেন অডিট। কিন্তু আমি জানি এর অন্য কারণ আছে।

**মিঃ স্পিকার :** নো স্টেটমেন্ট প্লিজ। ( নো রিপ্লাই )

*384 (The Member concerned being absent, the question was not lled.)

*385 (The Member concerned being absent, the question was not lled.)

## সরকারী সংরক্ষণে পুরাকীর্তি

*৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫০) শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পূর্ত বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে সরকারের তত্ত্বাবধানে কি কি পুরাকীর্তি আছে,

(খ) গত দুই বৎসরে ও বর্তমান আর্থিক বৎসরে উক্ত পুরাকীর্তিগুলি সংরক্ষণের নিমিত্ত সরকার কি পরিমাণ অর্থ বরাদ্দ করিয়াছেন; এবং

(গ) ইহা কি সত্য যে রক্ষণাবেক্ষণ ও সংস্কারের অভাবে বহু পুরাকীর্তি নষ্ট হইয়া যাইতেছে; এবং

(ঘ) সত্য হইলে, তাহা বন্ধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

[1-50—2-00 p.m.]

**Shri Bholanath Sen:** (ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক সংরক্ষিত ৬৬টি পুরাকীর্তির একটি তালিকা দেওয়া হইল।

(খ) পুরাকীর্তি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ বাবদ বাজেটে বরাদ্দ নিম্নে পেশ করা হইল:—

| | |
|---|---|
| ১৯৭০-৭১ | ১,২০,০০০ টাকা |
| ১৯৭১-৭২ | ১,২০,০০০ টাকা |
| ১৯৭২-৭৩ | ৫০,০০০ টাকা |

(গ) পশ্চিমবঙ্গ প্রত্নতত্ত্ব আইনে পুরাকীর্তির সংজ্ঞা ব্যাপক। কাজেই পুরাকীর্তি অসংখ্য। এমতাবস্থায় সীমিত বাজেটে বরাদ্দের মধ্যে গুরুত্বপুর্ণ পুরাকীর্তি সমূহের সংরক্ষণের জন্য সরকার যথাসাধ্য প্রচেষ্টা চালাইতেছেন। ইহা ছাড়া জাতীয় গুরুত্বপূর্ণ পুরাকীর্তিসমূহ ভারত সরকারের প্রত্নতত্ত্ব দপ্তর তাঁদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সংরক্ষণ করেন।

(ঘ) উত্তরের (গ) অংশ দ্রষ্টব্য।

## পশ্চিমবঙ্গ সরকারের সংরক্ষণাধীন পুরাকীর্তি সমূহের তালিকা

### জেলা—২৪-পরগণা

(১) থানা—বীজপুর, গ্রাম—হালিশহর — নন্দকিশোর মন্দির

### জেলা—হাওড়া

(২) থানা—আমতা, গ্রাম—আমরাগুড়ি — রায় পরিবারের দধিমাধব মন্দির

(৩) থানা—বাগনান, গ্রাম—মেলক — গোপালজীউ মন্দির

### জেলা—হুগলী

(৪) থানা ও গ্রাম—শ্রীরামপুর — হেনরী মার্টিন্স প্যাগোডা

(৫) থানা হরিপাল, গ্রাম—দ্বারহাট্টা — রাজরাজেশ্বরের মন্দির

(৬) থানা—পুরশুরা, গ্রাম—দেউলপাড়া — চণ্ডী মন্দির

(৭) থানা—পুরশুরা, গ্রাম—বাথরপুর — শিব মন্দির

(৮) থানা—আরামবাগ, গ্রাম—পারুল — জোড় বাংলা মন্দির

(৯) থানা—গোঘাট, গ্রাম—বালিদেওয়ানগঞ্জ — জোড় বাংলা মন্দির

(১০) থানা—আরামবাগ, গ্রাম—পারুল — রঘুনন্দন মন্দির

(১১) থানা গোঘাট, গ্রাম—বাজুয়া — মসজিদ

(১২) থানা—জঙ্গীপাড়া, গ্রাম—আঁতপুর — রাধাগোবিন্দ মন্দির

(১৩) থানা—জঙ্গীপাড়া, গ্রাম—হরিরামপুর — শিব মন্দির

(১৪) থানা—জঙ্গীপাড়া, গ্রাম—কোটালপুর — রাজরাজেশ্বর মন্দির

### জেলা—মেদিনীপুর

(১৫) থানা—খড়্গপুর, গ্রাম—মালঞ্চ — দক্ষিণাকালী মন্দির

(১৬) থানা—কেশিয়ারী, গ্রাম—কুড়ুমবেড়া — দুর্গ

(১৭) থানা—কাঁথি, গ্রাম—ভিহি-বাহিরি — জগন্নাথ মন্দির

| | |
|---|---|
| (১৮) থানা—চন্দ্রকোণা, গ্রাম—চন্দ্রকোণা | জোড় বাংলা মন্দির |
| (১৯) থানা—চন্দ্রকোণা, গ্রাম—চন্দ্রকোণা | শান্তিনাথ শিব মন্দির |
| (২০) থানা—ঘাটাল, গ্রাম—রাধানগর | রঘুনাথ মন্দির |

জেলা—বাঁকুড়া

| | |
|---|---|
| (২১) থানা—ওঁদা, গ্রাম—সোনাতাপল | সূর্য্য মন্দির |
| (২২) থানা—ইন্দপুর, গ্রাম—আটভাইচণ্ডী | বাসুলি মন্দির |
| (২৩) থানা—বিষ্ণুপুর, গ্রাম—ধরাপাত | শ্যামচাঁদ মন্দির |
| (২৪) থানা—জয়পুর, গ্রাম—গোকুলনগর | গোকুলচাঁদ মন্দির |
| (২৫) থানা—তালডাঙ্গা, গ্রাম—দেউলভীড়া | জৈন মন্দির |

জেলা—বীরভূম

| | |
|---|---|
| (২৬) থানা—বোলপুর, গ্রাম—সুপুর | শিব মন্দির |
| (২৭) থানা—বোলপুর, গ্রাম—ইটাণ্ডা | কালী মন্দির |
| (২৮) থানা—নানুর, গ্রাম—ব্রাহ্মণদীহি | নবরত্ন মন্দির |
| (২৯) থানা—ইলামবাজার, গ্রাম—ইলামবাজার | গৌরাঙ্গ মন্দির |
| (৩০) থানা—রাজনগর, গ্রাম—রাজনগর | মতিচুর মসজিদ |
| (৩১) থানা—ময়ূরেশ্বর, গ্রাম—রামনগর | শিব মন্দির |
| (৩২) থানা—দুবরাজপুর, গ্রাম—হেতমপুর | দেওয়ানজী শিব মন্দির |
| (৩৩) থানা—দুবরাজপুর, গ্রাম—হেতমপুর | চন্দ্রনাথ শিব মন্দির |
| (৩৪) থানা—খয়েরাসোল, গ্রাম—পাঁচড়া | শিব মন্দির |
| (৩৫) থানা—খয়েরাসোল, গ্রাম—রহা | শিব মন্দির |

জেলা—পুরুলিয়া

| | |
|---|---|
| (৩৬) থানা—পারা, গ্রাম—পারা | দুর্গা মন্দির |
| (৩৭) থানা—পারা, গ্রাম—হরকতোড় | টিবি |

| | |
|---|---|
| (৩৮) থানা—রঘুনাথপুর, গ্রাম—চেলিয়াসা | রাধাগোবিন্দ মন্দির |
| (৩৯) থানা—কাশীপুর, গ্রাম—কোশজুড়ি | শিব মন্দির |
| (৪০) থানা—পুঞ্চ, গ্রাম—পাকবীরা | জৈন মন্দির |
| (৪১) থানা—আর্ষ, গ্রাম—আর্ষ | বাসুদেব মন্দির |
| (৪২) থানা—আর্ষ, গ্রাম—আর্ষ | জৈনমন্দিরের ধ্বংসাবশেষ ও জৈন মূর্তি |
| (৪৩) থানা—বাগুমুণ্ডি, গ্রাম—সুইসা | জৈন ও অন্যান্য প্রস্তর মূর্তি |

জেলা—বর্ধমান

| | |
|---|---|
| (৪৪) থানা—মেমারী, গ্রাম—আসদপুর | গোপাল মন্দির |
| (৪৫) থানা—কালনা, শহর—কালনা | ইদ বকরিদ মসজিদ |
| (৪৬) থানা—কালনা, গ্রাম—বৈদ্যপুর | ইষ্টক-নির্মিত মন্দির |
| (৪৭) থানা—কাটোয়া, গ্রাম—জগদানন্দপুর | রাধাগোবিন্দ মন্দির |
| (৪৮) থানা—কাটোয়া, গ্রাম—শ্রীবাটী | তিনটি শিব মন্দির |
| (৪৯) থানা—মঙ্গলকোট, গ্রাম—নূতনহাট | বাদশাহী বা হুসেনশাহী মসজিদ |
| (৫০) থানা—ভাতার, গ্রাম—বনপাস | শিব মন্দির |
| (৫১) থানা—কেতুগ্রাম, গ্রাম—কুলুটিয়া | হুসেনশাহ মসজিদ |
| (৫২) থানা—আউসগ্রাম, গ্রাম—গোস্বামীখণ্ড | উৎখনিত পুরাকীর্তি |

জেলা—নদীয়া

| | |
|---|---|
| (৫৩) থানা—কৃষ্ণনগর, গ্রাম—দিগনগর | রাঘবেশ্বর শিব মন্দির |
| (৫৪) থানা—রাণাঘাট, গ্রাম—বীরনগর | চণ্ডীমণ্ডপ |
| (৫৫) থানা—শান্তিপুর, শহর—শান্তিপুর | শ্যামচাঁদ মন্দির |
| (৫৬) থানা—কালিগঞ্জ, গ্রাম—পলাশী | যুদ্ধক্ষেত্রের সীমানা নির্দ্ধারক স্তম্ভসমূহ |

জেলা—মুর্শিদাবাদ

| | |
|---|---|
| (৫৭) থানা—মুর্শিদাবাদ, গ্রাম—নাগিনাবাগ | নবাব শকরাজ খাঁর সমাধি |
| (৫৮) থানা—জিয়াগঞ্জ, গ্রাম—বরাগর | গঙ্গেশ্বরী শিব মন্দির |
| (৫৯) থানা—বরওয়ান, গ্রাম—যুগশ্বরা | শিব মন্দির |

জেলা—মালদহ

| | |
|---|---|
| (৬০) থানা—মালদহ, পুরাতন মালদহ | পৌরসংস্থার অন্তর্গত জামি মসজিদ |
| (৬১) থানা—গাজল, পাণ্ডুয়া | শহরের দুর্গের ধ্বংসাবশেষ |
| (৬২) থানা—গাজল, গ্রাম—শদিনা | পাঠান রাজপ্রাসাদের ধ্বংসাবশেষ |

জেলা—পশ্চিমদিনাজপুর

| | |
|---|---|
| (৬৩) থানা—কুশমুণ্ডী, গ্রাম—বাহিরহাটা | একডালা দুর্গের ধ্বংসাবশেষ |
| (৬৪) থানা—রায়গঞ্জ, গ্রাম—বিণ্ডল | ভৈরবী মন্দির |

জেলা—জলপাইগুড়ি

| | |
|---|---|
| (৬৫) থানা—ময়নাগুড়ি, গ্রাম—পূর্বডহর | জটিলেশ্বর শিব মন্দির |

জেলা—কুচবিহার

| | |
|---|---|
| (৬৬) থানা—কুচবিহার, গ্রাম—ধনিয়াবাড়ী | সিদ্ধনাথ শিব মন্দির |

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রীমহাশয় বললেন পুরাকীর্তি মানে আমাদের গৌরবোজ্জ্বল অতীত। মন্ত্রীমহাশয় কি জানেন যে, বাংলা-বিহার উড়িষ্যার শেষ নবাব সিরাজদ্দৌলার খোসবাগে যে সমাধিস্থল আছে সেটি আজকে সম্পূর্ণভাবে অবহেলিত অবস্থায় আছে এবং তার রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা হয়নি? এই সমস্ত জিনিস যদি সম্পদ বলে মনে করেন তাহলে এর রক্ষণাবেক্ষণের কি ব্যবস্থা আপনারা করছেন?

**শ্রীভোলানাথ সেন:** নবাব সিরাজদ্দৌলার অনেক কিছু আমাদের দেশে এখনও আছে যা সংরক্ষণ করা এই মুহূর্তে সম্ভব নয় এবং তার কারণ হল অর্থ। এরকম অনেক কিছু জিনিস আমাদের দেশে আছে এবং [illegible]

কয়েকটি জিনিষ সংরক্ষণ করবার চেষ্টা করছি। তবে শেষ পর্যন্ত কত দূর কি হবে জানিনা। অর্থ পেলে দেখা যাবে, এত অর্থ আমাদের নেই।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রীমহাশয় বললেন আমাদের দেশে অনেক কিছু আছে কিন্তু সংরক্ষণ করা যাচ্ছেনা। আমি মন্ত্রীমহাশয়কে বলতে চাই সিরাজদ্দৌলার ব্যাপার খুব গুরুত্বপূর্ণ, কারণ তিনি শেষ স্বাধীন নবাব শুধু নয়, তিনি ইংরেজের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন। কাজেই তাঁর সমাধিস্থল অত্যন্ত পবিত্র জিনিস। এটাকে সংরক্ষণ করবার জন্য কি ব্যবস্থা করছেন, এটা অনেক কিছুর মধ্যে একটা নয়।

**শ্রীভোলানাথ সেনঃ** আপনি সিরাজদ্দৌলার কোন কোন জিনিস সম্বন্ধে জানতে চান সে সম্বন্ধে যদি প্রশ্ন করেন তাহলে আমি ডিপার্টমেন্ট থেকে জেনে আপনাকে জানাব।

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের অন্যতম লোক, সিপাহী বিদ্রোহের নায়ক মংগল পাণ্ডের সমাধি ক্ষেত্র রক্ষা করার কি ব্যবস্থা করেছেন?

**মিঃ স্পীকারঃ**—ইট ইজ নট পসিবেল টু এ্যানসার ইণ্ডিভিজুয়াল কেসেস of details।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে, বাঁকুড়া পুরাকীর্তি নামক যে পুস্তিকা প্রকাশ করা হয়েছে তাতে অনেক ভুল রয়েছে এবং তার ফলে সরকারের সুনাম নষ্ট হচ্ছে? আমার প্রশ্ন হচ্ছে এরজন্য দায়ী ব্যক্তিদের শাস্তি দেবেন কি?

**শ্রীভোলানাথ সেনঃ** আমি শাস্তি দেবার কথা চিন্তা করিনি। আমারও ব্যক্তিগতভাবে অনেক কিছু ধারণা ছিল এবং আমি বইটি পড়েছি। আমার জ্ঞান অবশ্য বেশী নয়, কিন্তু আমার কথা হল আপনি যদি বিশেষ কোন জায়গা দেখিয়ে দেন যে কোথায় ভুল আছে তাহলে ভাল হয়। কারণ আমি একটা ভুল বলব এবং আপনি একটা ভুল বলবেন, এতে কোন ফল হবে না।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** আপনি যদি সাময়িক পত্রিকা দেখেন তাহলে দেখবেন সমস্ত ভুল তালিকাবদ্ধভাবে দেখান হয়েছে।

**শ্রীভোলানাথ সেনঃ** আপনি তালিকা দেখালে আমি দেখব।

**শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ** জলপাইগুড়ি জেলার কুচবিহার ডিভিসনের অন্তর্ভুক্ত চিলাপাতায় যে অরণ্য আছে সেখানে দুহাজার বছর আগেকার গুপ্ত যুগের নর রাজার গড় নামে একটা পুরাকীর্তি পাওয়া গিয়েছিল যেটা ১৯৬৭ সালে তৎকালীন সরকার উদ্ধার করেছিলেন। আমার প্রশ্ন হচ্ছে সেটা এখন কি অবস্থায় আছে জানাবেন কি?

**শ্রীভোলানাথ সেনঃ** বহুকাল ধরে বহু পুরাকীর্তি বহু জায়গায় আছে পার্টিকুলার কোশ্চেন পড়লে আমি নিশ্চয়ই আপনাকে পরে খবর দিতে পারবো।

**শ্রীশরৎচন্দ্র দাস ঃ** পশ্চিমবঙ্গে সংরক্ষণ করবার প্রয়োজনীয়তা আছে এইরকম পুরাকীর্তি কতগুলো আছে মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীভোলানাথ সেন ঃ** এটার কোন ঐতিহাসিককে বা প্রত্নতাত্ত্বিক বিশেষজ্ঞ লোককে প্রশ্ন করলে তারা বলতে পারবে। তবে আমি বিভাগীয় মন্ত্রী হিসাবে বলতে পারি—বহু-বহু-বহু।

(*387, *388 was not put Members being absent)

## নবদ্বীপে ফায়ার ব্রিগেড স্টেশন

*৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৪।) **শ্রীরাধারমণ সাহা ঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নবদ্বীপে একটি ফায়ার ব্রিগেড ষ্টেশন স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, (১) তাহা বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং (২) কবে নাগাদ তাহার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**Shri Prafulla Kanti Ghosh :**

(ক) ও (খ) নবদ্বীপে দমকল কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা এখনও করা হয় নাই, তবে অসামরিক প্রতিরক্ষা এলাকার বাহিরে অবস্থিত কতকগুলি শহরে দমকল কেন্দ্র স্থাপন করিবার জন্ম অগ্রাধিকার ভিত্তিতে একটি তালিকা সরকার প্রস্তুত করিয়াছেন এবং সেই তালিকায় নবদ্বীপের নাম এখন ষষ্ঠ স্থান অধিকার করিয়াছে। ঐ শহরগুলিতে সরকারের আর্থিক সামর্থ্য অনুযায়ী একে একে দমকল কেন্দ্র স্থাপন করা হইবে। বর্তমানে প্রথম স্থানাধিকারী পুরুলিয়াতে দমকল স্থাপনের ব্যবস্থা করা হইতেছে। এমতাবস্থায় নবদ্বীপে দমকল স্থাপনের কাজ কবে সুরু হইবে তাহা বলা সম্ভব নয়।

**শ্রীরাধারমণ সাহা ঃ** নবদ্বীপে ফায়ার ব্রিগেড না থাকার জন্য প্রতি বৎসর ওখানে অনেক ঘরবাড়ী পুড়ে যাচ্ছে এবং ওখানে বহু পাটগুদাম আছে। সেই পাটগুদামে আগুন লেগে বহু পাট পুড়ে যাচ্ছে। এর জন্য এখনই কোন ব্যবস্থা মাননীয় মন্ত্রীমহাশয় অবলম্বন করবেন কি ?

**শ্রীপ্রফুল্ল কান্তি ঘোষ ঃ** আমি তো এখনই উত্তর দিলাম যে আপনাদের সরকার কতকগুলি পরিকল্পনা নিয়েছেন। সেই পরিকল্পনার মধ্যে নবদ্বীপও অন্তর্ভুক্ত হয়েছে, কিন্তু সবটাই নির্ভর আর্থিক সাহায্যের উপর। আমরা প্রথমে যে দমকল স্থাপন করার কথা ভাবছি সেটা হচ্ছে পুরুলিয়াতে।

**শ্রীরাধারমণ সাহা ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে নবদ্বীপে কতকগুলি পাটের গুদাম ও ঘরবাড়ী আগুন লেগে পুড়ে গেছে এবং প্রত্যেক সাব-ডিভিশনে একটা করে ফায়ার ব্রিগেড রাখা উচিত কিনা ?

**মিঃ স্পীকার ঃ** Answer is already there.

(*390 held over)

[2-00—2-10 p.m.]

**External Agencies**

***391.** (Admitted question No. *1076.) **Shri Rajani Kanta Doloi**: Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) whether the Government is aware that some external agencies are trying to frustrate the attempts of the Government for an all-round development of this State ; and

(b) if so, what action Government proposes to take in curbing the activities of the said agencies ?

**Dr. Md. Fazle Hoque :** (a) State Government have no information

(b) Does not arise.

**শ্রীরজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এটা কি সত্য, যে কয়েকদিন আগে পশ্চিমবঙ্গ প্রদেশের কংগ্রেসের সাধারণ সম্পাদক শ্রীপ্রিয়রঞ্জন দাসমুন্সী মহাশয় একটি ষ্টেটমেন্টে বলেছেন যে এখানে সি. আই. এ. এজেন্টরা গভর্ণমেন্টের কাজে ব্যাঘাত সৃষ্টি করছে এবং গভর্ণমেন্টের বিভিন্ন বিভাগে করার চেষ্টা করছে।

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** এ রকম খবর আমার জানা নাই।

**শ্রীরজনী কান্ত দলুই ঃ** যে সমস্ত নকশাল এ্যাকটিভিটিস এখানে ডেভালাপমেন্ট হয়েছে বিভিন্ন এজেন্সীর মারফৎ চীনেরা এই সমস্ত এ্যাকটিভিটিসকে এবং এদেরকে সাহায্য করছে।

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** এই রকম খবর আমার জানা নাই। তবে আপনি স্পেসিফিক কোন খবর দিলে আমি আপনাকে জানাতে পারি।

**Mr. Speaker :** He has already said that Government have no such information.

**শ্রী অসমঞ্জ দে ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, সরকারের ইনফরমেশন ডিপার্টমেন্ট দৈনিক আইনসম্মত প্রকাশিত সংবাদপত্রের সংবাদগুলি ওয়াকিবহাল থাকে কিনা ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** দৈনিক সংবাদপত্রগুলিতে যা প্রকাশিত হয় তা আমরা নিশ্চয়ই দেখি।

**শ্রী অসমঞ্জ দে ঃ** যদি সরকারের ইনফর্মেশন ডিপার্টমেন্ট দৈনিক সংবাদপত্রে প্রকাশিত সংবাদ সম্পর্কে ওয়াকিবহাল হন তাহলে ঐ প্রকাশিত মিঃ প্রিয়দাস মুন্সীর বিবৃতি সম্পর্কে ওয়াকিবহাল আছেন কিনা ?

**Mr. Speaker** : Definitely he will require notice. Mr. De question hour is over. Starred questions Nos. 366, 368, 369, 370 372, 373, 376, 385, 387 and 388 will be treated as unstarred questions. Now held over questions.

*197 (held over)

**Mr. Speaker :** This question is held over.

**Shri Puranjoy Pramanik** : স্যার, ৩৯৩ নং কোশ্চেনটা উইথ হেল্ড করে রাখতে বলছি। এটা নেক্সট রোটেশনাল ডে-তে দেবেন। কারণ এটা দুর্গাপুরে যে ভীষণ কাণ্ড হয়ে গেল তার উপরে এই কোশ্চেনটা। এটা রিটিন কোশ্চেন হিসাবে দিলে আমাদের আর সাপ্লিমেন্টারি করার সুযোগ থাকবে না।

**Mr. Seaker** ; I tried my level best to reach your question but I am unfortunate. However, it will be treated as untarred question.

**Wagon-breakers**

***202** (Admitted question No. *894.) **Shri Abdul Bari Biswas** : Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Hon'ble Chief Minister has received recently any application containing 33 names with their addresses of wagon-breakers of different districts, wherein serious allegations have also been made against some Police Officers ; and

(b) if so, what steps have been taken or proposed to be taken by the Government in this regara ?

**Dr. Md. Fazle Haque** : (a) No. (b) Does not arise.

**Shri Abdul Bari Biswas** : মাননীয় মন্ত্রী মহাশয় আমার (এ) প্রশ্নের জবাবে নো বললেন। এই রকম দরখাস্ত যদি আপনার কাছে আসে তাহলে আপনি কি তার বিরুদ্ধে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করবেন।

**Dr. Md. Fazle Haque :** এই রকম খবর এলে নিশ্চয়ই গ্রহণ করবো।

**Mr. Speaker :** This question is held over.

**Dr. Md. Fazle Haque** : স্যার এই কোশ্চেনটা আমাদের হোম ডিপার্টমেন্টের নয়, প্ল্যানিং ডিপার্টমেন্টের। ভুল করে আমাদের কাছে পাঠান হয়েছে।

**Mr. Speaker** : Secretary to take note. It may be sent to the respective department to which this question relates and it will be taken up on the next rotational day.

## গ্রামশালিকা-মজলিশপুর রোড

*২১৪ (অনুমোদিত প্রশ্ন নং *৮০০।) **শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক** : পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রামশালিকা-মজলিশপুর রোডের উন্নয়নকার্য গত তৃতীয় বার্ষিক পরিকল্পনার সময়ে আরম্ভ হইয়া কিছুদিন চলিবার পর পুনরায় বন্ধ হইয়া গিয়াছে ;

(খ) সত্য হইলে—

(১) উক্ত রাস্তাটি কি পরিত্যক্ত হইয়াছে, এবং

(২) পরিত্যক্ত হইলে তাহার কারণ কি ,

(গ) ঐ রাস্তাটির কাজ পুনরায় শুরু করার বিষয় সরকার কি ব্যবস্থা করিয়াছেন ;

(ঘ) গ্রামশালিকা-মজলিশপুর রোডে ময়ূরাক্ষীর উপর যে ব্রিজ হইবার কথা ছিল সেই ব্রিজ কতদিনে আরম্ভ হইবে ; এবং

(ঙ) ময়ূরাক্ষীর কোন্ জায়গায় ব্রিজটি নির্মাণ করিবার কথা হইয়াছে ?

**শ্রীভোলানাথ সেন** : রাস্তাটি তৃতীয় পরিকল্পনার অন্তর্ভুক্ত। পথরেখা চূড়ান্তভাবে গৃহীত না হওয়ায় রাস্তা নির্মাণের কাজ হয়নি। শুধুমাত্র কিছু মাল মশলা সংগ্রহ করা হয়েছে। প্রথম যে পথরেখা অনুসরণ করার কথা ছিল তা পুনর্বিবেচনায় সংশোধিত করার প্রশ্ন বিবেচিত হচ্ছে।

প্রাক্কলন অনুমোদিত হলে রাস্তা নির্মাণের কাজ শুরু করার কথা ভাবা হবে। ময়ূরাক্ষীর ওপর সেতু নির্মাণের প্রস্তাব আছে বটে, তবে প্রাক্কলন অনুমোদিত না হলে কোন্ জায়গায় সেতু হবে তা সঠিক বলা যাবে না।

**শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক** : এই রাস্তা সেকেণ্ড প্ল্যানে ছিল, ফোর্থ প্ল্যানে আসতে কত দিন লাগবে ?

**শ্রীভোলানাথ সেন** : এই রাস্তাটা তৃতীয় পরিকল্পনায় ছিল, এর পথরেখা চূড়ান্তভাবে গৃহীত হতে খানিকটা দেরি হচ্ছে।

**শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক** : কেন হয়নি, কতদিনে হবে ?

**শ্রীভোলানাথ সেন** : এই যে ময়ূরাক্ষী সেতু, এটা ইরিগেশন ডিপার্টমেন্টের, এদের সঙ্গে কথাবার্তা চলছে, তারপরে রাস্তা চূড়ান্তভাবে গৃহীত হবে।

**শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক ঃ** এই ময়ূরাক্ষী সেতু সম্বন্ধে আমি জানি, ১৯৬৫ সাল থেকে কোনখানে হবে এই নিয়ে নানা চেষ্টা চলছে, আজও তা নির্ণয় হলনা কেন ?

**শ্রীভোলানাথ সেন ঃ** মুস্কিল হচ্ছে, একদল বলছে বর্তমান বাদশাহী সড়ক বরাবর পথরেখা অনুসরণ করা উচিত, এই জন্য অসুবিধা হচ্ছে, আমার মনে হয়, আমরা যখন আরম্ভ করেছি, কাজ খুব বেশী দেরী হবে না।

**শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক ঃ** জনগণ যেটা বলছে, নাকি সরকারী এক্সপার্ট যেটা বলছে ?

**শ্রীভোলানাথ সেন ঃ** দুই দলের মতের সমন্বয়েই ব্রিজটা এবং রাস্তা করা উচিত, নইলে এটা জলে ভেসে যাবে।

**শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিক ঃ** আমি জানি ডিপার্টমেন্টের রাস্তা ঘুরিয়ে নেবার ব্যাপারে জনগণের প্রভূত আপত্তি আছে, কারণ এতে উৎকৃষ্ট জমি একুইয়ারের প্রশ্ন আছে, কাজেই জনগণ চাইছে, এটা কি রকম, আমি বুঝতে পাচ্ছিনা।

**শ্রীভোলানাথ সেন ঃ** এটা কোন প্রশ্ন হল না।

**Kakdwip Bazar Road**

***220.** (Admitted question No. *982) **Shri Basudeb Sautya** : Will the Minister-in-charge of the Panchayats Department be pleased to state--

(a) the steps taken by the Government of West Bengal for development of Kakdwip Bazar Road ; and

(b) the date of starting the work ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** (a) ২৪-পরগণা জিলা পরিষদের খাতায় কাকদ্বীপ বাজার রোড নামে কোন রাস্তা নেই, অবশ্য কাকদ্বীপ ষ্টীমার ঘাট রোড নামে একটি রাস্তা আছে। কাকদ্বীপ বাংলো থেকে ষ্টীমার ঘাট পর্যন্ত ঐ রাস্তার একটি অংশ গত জানুয়ারীতে জিলা পরিষদ সরকারী ঋণ থেকে মেরামত করেন। উক্ত অংশটির দৈর্ঘ্য ২১০৫ ফুট ও তাহাতে একটি সত্তর ফুট দীর্ঘ পুল আছে।

(b) এ প্রশ্ন উঠে না। উপরোক্ত রাস্তাটির পুনর্নিম্মাণ আরম্ভ হয় ১৪।১২।৭১ তারিখে এবং শেষ হয় ৫।১।৭২ তারিখে।

**শ্রীবাসুদেব সাউত্যা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি কাকদ্বীপের অন্যান্য রাস্তাগুলি কোন ডিপার্টমেন্টের অধীনে ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** আমি প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না।

**শ্রীবাসুদেব সাউত্যা ঃ** কাকদ্বীপ তো একটা বিরাট এরিয়া, এই রাস্তা ছাড়াও আরও অনেক রাস্তা রয়েছে, সেগুলি মেরামত করার দায়িত্ব কোন ডিপার্টমেন্টের সেটা তিনি দ করে জানাবেন কি ?

**শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ** কার দায়িত্ব বলা শক্ত, আমার দপ্তরের কতখানি দায়িত্ব আছে সেটা জানতে চাইলে, সময় দিলে আমি জানিয়ে দিতে পারব।

## মিসা আইনে আটক ব্যক্তি

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৮।) **শ্রীনিতাইপদ সরকার ঃ** স্বরাষ্ট্র (বিশেষ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মিসা আইনে মোট কতজন ব্যক্তি আটক আছেন, এবং

(খ) উহার মধ্যে কতজন (১) উগ্রপন্থী, (২) সমাজবিরোধী, (৩) কারখানা মালিক এব

(৪) জোতদার ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** (ক) ১০।৭।১৯৭২ তারিখে আটক ব্যক্তির সংখ্যা ৩২০১।

(খ) (১) ১৫।১৬ জন উগ্রপন্থী।

(২) ১৬১১ জন সমাজবিরোধী।

(৩) একজনও নয়।

(৪) বন্দীদের মধ্যে জোতদারের সংখ্যা কিরূপ সে সম্বন্ধে তথ্য সংগ্রহ করা হইতেছে।

[2-10—2-20 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই বন্দীদের মধ্যে জোতদার আছে কিনা ?

**ডাঃ মহম্মদ ফজলে হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জোতদার আছে কিনা সে সব তথ্য আমরা সংগ্রহ করছি থাকতেও পারে।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যারা প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা জমা দেয়নি তাদের মিসায় ধরা হয়েছে কি ?

**Mr. Speaker :** This question does not arise ; starred question No. 197 would be treated as unstarred question.

**Starred Questions**

(to which written answers were laid on the table)

## রাণাঘাট থানা এলাকায় পুলিশ রিপোর্টের ভিত্তিতে মামলা

*৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬০) **শ্রীনরেশচন্দ্র চাকী**ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০ সালের ১লা জানুয়ারী হইতে ৩০শে জুন, ১৯৭২ পর্যন্ত রানাঘাট থানার অন্তর্গত এলাকায় কতগুলি পুলিশ রিপোর্টের ভিত্তিতে মামলা হয়েছে ;

(খ) এইসব মামলায় মোট আসামীর সংখ্যা কত ;

(গ) এই আসামীদের মধ্যে কতজনকে পুলিশ গ্রেপ্তার করিয়াছে এবং কতজন আদালতে হাজির হইয়া জামীন লইয়াছে ; এবং

(ঘ) বাকী আসামীদের এখনও না ধরার কারণ কি ?

**The Minister for Home (Police) Department :**

(ক) ২১১৪টি।

(খ) ২৩৬০ জন।

(গ) ১৭১৪ জনকে পুলিশ গ্রেপ্তার করে ও ৪৮৯ জন আদালতে হাজির ও জামীন পায়।

(ঘ) বাকী ১৫৭ জন পলাতক থাকার দরুণ পুলিশ উহাদের গ্রেপ্তার করিতে পারে নাই। ইহা জানা গিয়াছে যে, উহাদের মধ্যে কিছু আসামী গ্রেপ্তার এড়াইবার জন্য বাংলাদেশে পলায়ন করেছে।

## বক্রেশ্বর নদীর ধারে মজুত ইট, পাথরকুচি ইত্যাদি

*৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৮।) **শ্রীনির্মলকৃষ্ণ সিংহ**ঃ পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) বীরভূম জেলায় আমোদপুরের নিকট বক্রেশ্বর নদীর ধারে টেকেড়াঘাটের উপর ইট, পাথর ও পাথরকুচি প্রভৃতি প্রচুর মালমশলা এবং (২) সিউড়ি থানার অন্তর্গত অবিনাশপুরে পাহাড়প্রমাণ মালমশলা দীর্ঘদিন যাবৎ পড়িয়া আছে ; এবং

(খ) অবগত থাকিলে, কি কি উদ্দেশ্যে ঐ সব মালমশলা জমা রাখা হইয়াছে ?

**The Minister for Public Works Department :**

(ক) (১) হঁ্যা ;

(২) হঁ্যা, তবে পাহাড় প্রমাণ নয়।

(খ) টেকাড্ডা ঘাটের উপরোল্লিখিত মাল মশলা আমোদপুর-কোপাই রাস্তার ও অবিনাশ-পুরের মাল মশলা অবিনাশপুর-সাহাপুর রাস্তা নির্ম্মাণের জন্য।

**Integration of the offices of B D.O. with General Administration**

*369. (Admitted question No. *1075) **Shri Rajanikanta Doloi** : Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) whether the Government is contemplating to integrate the offices of the Block Development Officers with the General Administration ; and

(b) if so, whether there is any proposal to give more powers and responsibilities to the Subdivisional Officers ?

**The Minister for Home (G. A.) Department** :

(a) Yes.

(b) This is under consideration of Government.

**কাঁথি শহরে অবস্থিত ট্রেঞ্চিং গ্রাউণ্ড**

*৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭৯।) **শ্রীসুধীরচন্দ্র দাস** ঃ মিউনিসিপ্যাল সার্ভিসেস বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কাঁথি শহরের পূর্ব্বদিকে কাঁথি মহাকুমা হাসপাতাল পর্য্যন্ত যে পিচ রাস্তা গিয়েছে তাহার পার্শ্বে যে ট্রেঞ্চিং গ্রাউণ্ড আছে তাহাতে ময়লা অনেক সময়ে খোলা পড়িয়া থাকায় দুর্গন্ধে জনসাধারণের যাতায়াতের পথে এক অস্বস্তিকর অবস্থা সৃষ্টি করিতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, ইহার প্রতিকারের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি না ?

**The Minister for Municipal Services Department :**

(ক) কাঁথি শহরের পূর্ব্বদিকে কাঁথি পৌর সভার যে ট্রেঞ্চিং গ্রাউণ্ড আছে তাহাতে ময়লা

ফেলিবার আধ ঘণ্টার মধ্যেই উহার ঢাকা দেওয়ার ব্যবস্থা করা হয়, ইহা সত্ত্বেও ট্রেঞ্চিং গ্রাউণ্ডের নিকট সম্পূর্ণরূপে গন্ধ নিবারণ করা সম্ভব নহে। শহরের মধ্যে ট্রেঞ্চিং গ্রাউণ্ড থাকিলে নাগরিকগণের যে অসুবিধা ভোগ করিতে হয় তাহা কমিশনারগণ অবহিত আছেন।

(খ) পৌর কমিশনারগণের ট্রেঞ্চিং গ্রাউণ্ডটি লোকালয় হইতে দূরে সরাইয়া লইয়া যাইবার জন্য পরিকল্পনা রহিয়াছে। পরিকল্পনাটি এখনও সরকারের নিকট পেশ করা হয় নাই।

## Recruitment of 1st grade players in Public Sectors

*372. (Admitted question No. *1082.) **Shri Kumardipti Sengupta**: Will the Minister-in-charge of the Education (Sports) Department be pleased to state—

(a) whether the Government has any scheme to recruit 1st grade footballers, cricketers and athletes in the Public Sector for raising the standard of games in West Bengal; and

(b) if so, (i) the details of the scheme and (ii) when the scheme is likely to be implemented?

**The Minister for Education (Sports) Department**:

(ক) এমন কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## কৃষ্ণনগর সদর (নর্থ) মহকুমার হেডকোয়ার্টার

*৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৫) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়ায় কৃষ্ণনগর সদর (নর্থ) মহকুমার হেডকোয়ার্টার দেবগ্রামে স্থাপনের কোন প্রস্তাব সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, কি নাগাদ তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) পূর্ববর্তন যুক্তফ্রন্ট সরকারের এই বিষয়ে কোন প্রস্তাব ছিল কিনা?

**The Minister for Home (G. A) Department**:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না।

## থিয়েটার বাবদ পৌর কর

*৬৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৮) শ্রীমতী ইলা রায়ঃ পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতা পৌরসভা সৌখিন নাট্য সম্প্রদায়ের নিকট হইতে যে থিয়েটার কর আদায় করেন বহু ক্ষেত্রে এই কর-আদায় থেকে কিছু কিছু দলকে রেহাই দেওয়া হয়;

(খ) সত্য হইলে, কোন কোন ক্ষেত্রে এইরূপ রেহাই দেওয়া হয়; এবং

(গ) এই করের কত অংশ নাট্যজগতের উন্নতির জন্য ব্যয়িত হয়?

**The Minister for Municipal Services Department** :

(ক) ও (খ) কলিকাতা পৌরসভা থিয়েটারের উপর লাইসেন্স ফি (Licence Fee) আদায় করে। কোন কর আদায় করে না। কোন কোন ক্ষেত্রে কিছু সৌখীন নাট্য সম্প্রদায়ের নিকট হইতে প্রতি প্রদর্শনীর জন্য মাত্র ১ টাকা হারে লাইসেন্স ফি আদায় করা হয়।

যে সকল সৌখীন নাট্য সম্প্রদায়ের প্রদর্শনী রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত হয় এবং কলিকাতা কালেক্টার কর্তৃক প্রোমোদ কর (amusement tax) হইতে রেহাই দেওয়া হয়, কেবলমাত্র তাহাদের ক্ষেত্রেই উক্ত হারে লাইসেন্স ফি আদায় করা হয়।

(খ) নাট্য জগতের উন্নতির জন্য লাইসেন্স ফি (Licence fee) আদায়ের কোন অংশ ব্যয়িত হয় না।

## দাসপুর থানার কল্মিজোড়-গোপীগঞ্জ রাস্তা

*৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩১) শ্রীসুধীরচন্দ্র বেরাঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় দাসপুর থানার কলমিজোড়-গোপীগঞ্জ রাস্তাটি বর্তমানে কি পর্যায়ে আছে;

(খ) সরকার কি অবগত আছেন যে এই বিস্তীর্ণ অঞ্চলে ঐ রাস্তা ছাড়া আর কোন রাস্তা না থাকায় ঐ রাস্তার অভাবে স্থানীয় জনসাধারণের বিশেষ অসুবিধা হইতেছে, এবং

(গ) অবগত থাকিলে, রাস্তাটির কাজ কবে নাগাদ সুরু হইবে?

**The Minister for Public Works Department** :

(ক) হইতে (গ)

রাস্তাটির কাজ শুরু হইয়াছে এবং কয়েকস্থানে মাটির কাজ শেষ হইয়াছে ও ইট সংগ্রহ করা হইয়াছে।

## পশ্চিম দিনাজপুর জেলায় শিবপুর-মহিপালদিঘি রাস্তা

*৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৪) শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় শিবপুর-মহিপালদিঘি রাস্তাটি চলতি বৎসরে নির্মাণের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) উক্ত রাস্তাটি শাটীমারী ( চণ্ডিপুর ) পর্যন্ত বর্ধিত করিবার পরিকল্পনা আছে কি ?

**The Minister for Public Works Department :**

(ক) নির্মীয়মান এই রাস্তাটিতে চলতি বৎসরে কোন কাজ চলার সম্ভাবনা কম ;

(খ) এরূপ একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

## সি, আর, পি, ও রিজার্ভ পুলিশবাহিনী

*৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৩) শ্রীনরেশচন্দ্র চাকিঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বর্তমানে মোট কতজন সি, আর, পি, আছে ;

(খ) ইহাদের বাবদ গড়ে বাৎসরিক কত টাকা ব্যয় হয় ; এবং

(গ) পশ্চিমবাংলায় নতুন রিজার্ভ পুলিশ বাহিনী গঠন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

**The Minister for Home (Police) Department :**

(ক) ৫৯ কম্পানী সি, আর, পি, এখন পশ্চিমবঙ্গে নিযুক্ত আছেন।

(খ) আনুমানিক ৩ কোটি টাকা।

(গ) বর্তমানে সরকারের এইরূপ কোন পরিকল্পনা নাই।

## ৬নং জাতীয় সড়ক হইতে মাদপুর স্টেশন পর্যন্ত রাস্তা

*৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৬) শ্রীঅজিতকুমার বসুঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়্গপুর ২নং ব্লকের অধীন এন এইচ ৬ রোড হইতে মাদপুর স্টেশন পর্যন্ত কোন পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা আছে কিনা , এবং

(খ) কবে নাগাদ উহার কাজ আরম্ভ হইবে ?

**The Minister for Public Works (Roads) Department :**

(ক) খসড়া চতুর্থ পরিকল্পনায় উহা অন্তর্ভুক্ত হইয়াছে ;

(খ) প্রয়োজনীয় অর্থ পাওয়ার উপর নির্ভর করিতেছে।

## দুর্গাপুর আর, ই, কলেজ

*৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯২) **শ্রীপুরঞ্জয় প্রামানিক ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে বর্ধমান জেলার দুর্গাপুর আর, ই, কলেজের ঘটনা সম্পর্কে গঠিত মুখার্জী তদন্ত কমিশনের রিপোর্ট সরকার পাইয়াছেন কি ,

(খ) পাইয়া থাকিলে, ঐ রিপোর্টে মুখার্জী কমিশন কি কি মন্তব্য করিয়াছেন , এবং

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিয়াছেন ?

**The Minister for Home (G. A.) Department :**

(ক) হাঁ।

(খ) মুখার্জী তদন্ত কমিটির রিপোর্ট ১৯৬৯ সালের ৩১শে জুলাই কলিকাতা গেজেট ( এক্সট্রা অর্ডিনারি ) তে প্রকাশিত হইয়াছে। ঐ রিপোর্টে যে যে মন্তব্য করা হইয়াছে তাহার মধ্যে প্রধান বিষয়গুলি ক্রোড়পত্রে উল্লিখিত হইল।

(গ) রাজ্যপালের আদেশানুসারে উক্ত রিপোর্টে উল্লিখিত ৬ জন পুলিশ অফিসারের পদচ্যুতি ঘটান হয়। আর-ই কলেজের ঘটনার পরিপ্রেক্ষিতে ডি এস. পি. শ্রীসুবোধচন্দ্র দত্তকেও পদচ্যুত করা হয়।

## ক্রোড়পত্র

(১) ২রা জুন তারিখে রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজে পুলিশের প্রবেশের কোন প্রয়োজন ছিল না। ঐ দিন উর্ধতন অফিসারদের আদেশ উপেক্ষা করে কলেজে গুলিচালনা, ছাত্রদের আক্রমণ করা এবং কলেজের জিনিষপত্র তছনছ করার জন্যে উচ্ছৃংখল পুলিশ বাহিনী সম্পূর্ণতঃ দায়ী। ঐদিনের অপ্রীতিকর ঘটনাবলীর ব্যাপারে ছাত্রদের আংশিক দায়িত্ব আছে।

(২) ১লা জুন তারিখে হাঙ্গামার জন্যে [ যথা ট্রাফিক পুলিশের কাজে অবাঞ্ছিত হস্তক্ষেপ, ফরিদপুর ইনভেষ্টিগেটিং সেন্টার (I. C.) আক্রমণ প্রভৃতি ] কলেজের ছাত্ররা সম্পূর্ণতঃ দায়ী।

(৩) উপরোক্ত ঘটনাবলীর জন্যে S. P., Additional S. P. এবং S.D.O. কে দায়ী করা যায় না।

(৪) ২রা জুনের ঘটনাবলীর জন্যে ছয়জন পুলিশ অফিসারকে দায়ী করা হয়।

**Link between Writers' Buildings and District Administration**

***394.** (Admitted question No. *1077.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state what steps the Government is contemplating to take to strengthen the link between Writers' Buildings and the District Administration ?

**The Minister for Home (G. A.) Department :**

Already there is direct and close link between the Secretariat and the District Administration. It has been decided to integrate the Block Administration with the General Administration. The question of giving enhanced powers to the District Magistrates with a view to making the District Administration more effective and strengthening the link is under consideration of Government.

**আসানসোল সহরে ষ্টেডিয়াম**

*৩৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮২) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** শিক্ষা (খেলাধুলা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল শহরে স্টেডিয়াম নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা বাস্তবে রূপায়িত হইবে ?

**The Minister for Education (Sports) Department :**

(ক) বর্তমানে সরকারের ঐরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠেনা।

**কলিকাতার রাস্তায় আলো**

*৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬০০) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায় :** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরের রাস্তাগুলির কত ভাগ (শতকরা) এখনও সম্পূর্ণরূপে আলোকিত করা হয় নাই ; এবং

(খ) সেগুলি আলোকিত করিতে কত টাকা খরচ হইবে ?

**The Minister for Municipal Services :**

(ক) কলিকাতা শহরের রাস্তাগুলির শতকরা প্রায় দশভাগে কোনরূপ আলোর ব্যবস্থা নাই এবং শতকরা প্রায় পনেরো ভাগে আংশিক আলোর ব্যবস্থা আছে।

(খ) সম্পূর্ণ অনালোকিত ও আংশিক আলোকিত রাস্তাগুলি আলোকিত করিতে প্রায় পঁচিশ লক্ষ টাকার প্রয়োজন হইবে।

## Unstarred Questions

(to which written answers were laid on the table)

### Flight of capital

205. (Admitted question No. 70.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister in-charge of the Commerce and Industries Department be pleased to state—if the Government has any idea/estimate of—

(i) the amount of capital which had gone out of West Bengal during the years 1967 to 1969 ;

(ii) the amount of capital, which has since then been brought back to West Bengal , and

(iii) the amount of capital which the Government hopes to bring back to West Bengal from other States in the near future ?

**The Minister for Commerce and Industries:** (i) and (ii) No proper estimation is available with this Government.

(iii) This State Government will make all-out efforts to make the maximum possible investment in industries of the State.

### Fertiliser Factory, Durgapur

206. (Admitted question No. 72 ) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to refer to the reply to question No. *165 (Admitted question No, *312) delivered in the House on 3rd May, 1972 and state—

(a) the amount of State/Central Government investment in the Fertiliser Factory at Durgapur ;

(b) if there is any possibility of growth of any other ancillary industries, and

(c) if so, the details of such industries ?

**The Minister for Commerce and Industries :** (a) The entire cost of the plant currently estimated at Rs. 52 crores is being invested by the Central Government.

(b) Yes.

(c) The following ancillary industries among others are being considered for development :

(i) polythene laminated jute bags,

(ii) woven high density polyethylene with low density polyethylene laminated bags,

(iii) valves and fittings for air, gas, steam and water, etc. both high pressure and low pressure,

(iv) manufacture of Chemical lime for water softening.

Besides, these, a number of auxiliary industries utilising the products and by-products of the fertiliser plant are also possible ;

(a) manufacture of mixed granulated NPK fertilisers,

(b) bottling of carbon dioxide gas for aerated water, etc.,

(c) manufacture of dry ice,

(d) manufacture of battery grade ammonium chloride,

(e) manufacture of urea formal dehyde moulding powders.

**Coking Industry**

207. (Admitted question No. 77.) **Shri Rajani Kanta Doloi** . Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government has received any indication/report that the Coking Industry in West Bengal is facing a crisis ; and

(b) if so, what the Government propose to do in the matter ?

**The Minister for Commerce and Industries** : (a) No.

(b) Does not arise.

**Agricultural modernisation**

**208.** (Admitted question No. 83.) **Shri Rajani Kanta Doloi** ; Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state— the steps the Government is contemplating to provide necessary infra-structure (power, roads, storage facility, servicing, centres, etc.) for sustaining the plans and programmes of agricultural modernisation and rapid industrial development ?

**The Minister for Commerce and Industries** : The West Bengal Industrial Development Corporation Ltd., a Government of West Bengal Undertaking under Commerce and Industries Department, has set up an infra-structure development cell for assisting entrepreneurs in the matter of necessary infra-structure facilities, e.g., land, water supply, power, etc., for rapid industrial development and for sustaining plans and projects.

**Districtwise percentage of literacy**

209. (Admitted question No. 111.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Education Department be pleased to state the percentage of literacy in each district as in 1961 and in 1971 ?

**The Minister for Education** :

| Name of district | Percentage of literacy 1961 | 1971 |
|---|---|---|
| Calcutta ... ... ... ... ... | 59·3 | 60·35 |
| Howrah ... ... ... ... ... | 36·9 | 39·67 |
| Hooghly ... ... ... ... ... | 34·7 | 38·60 |
| 24-Parganas ... ... ... ... | 32·5 | 37·98 |
| Burdwan ... ... ... ... ... | 29·6 | 34·44 |
| Darjeeling ... ... ... ... | 28·3 | 32·90 |
| Midnapore ... ... ... ... | 27·3 | 32·88 |

| Name of district | Percentage of litracy 1961 | 1971 |
|---|---|---|
| Nadia ... ... ... ... ... | 27·2 | 31·31 |
| Bankura ... ... ... ... ... | 23·1 | 26·21 |
| Birbhum ... ... ... ... ... | 22·1 | 26·39 |
| Cooch Behar ... ... ... ... | 21·1 | 21·99 |
| Jalpaiguri... ... ... ... ... | 19·2 | 24·22 |
| Purulia ... ... ... ... ... | 17·8 | 21·88 |
| West Dinajpur ... ... ... ... | 17·1 | 21·95 |
| Murshidabad ... ... ... ... | 16 0 | 19·57 |
| Malda ... ... ... ... ... | 13·8 | 17 25 |

## বাঁকুড়া জেলায় শিল্প

২১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩।) শ্রীফণীভূষণ সিংহবাবুঃ বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিল্পে অনগ্রসর বাঁকুড়া জেলায় শিল্প স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে তাহা কতদিনের মধ্যে হইবে ; এবং

(খ) ঐ নতুন শিল্প স্থাপনের ফলে কতজন বেকারের চাকুরী হইবার সম্ভাবনা ?

**The Minister for Commerce and Industries :**

(ক) ও (খ) বাঁকুড়ায় নতুন শিল্প স্থাপনের অনুমতি প্রার্থনা করিয়া শিল্প লাইসেন্সের জন্য ছয়টি দরখাস্ত পাওয়া গিয়াছে। ভারত সরকার ইতিমধ্যে দুইটি সংস্থাকে লেটার অব ইন্টেন্ট মঞ্জুর করিয়াছেন—

(১) মেসার্স ট্রাকো ট্রেডার্স (প্রাঃ) লিঃ-কে ক্যালসিয়াম কার্বাইড উৎপাদন করিবার জন্য এবং (২) শ্রী ডি. হালদারকে এইচ টি নাটস এবং এইচ টি বোল্টস উৎপাদনের জন্য।

বিনিয়োগের পরিমাণ প্রথমটিতে ১·৫ কোটি টাকা এবং দ্বিতীয়টিতে ১·৬৮ কোটি টাকা। প্রথমটিতে ১০৮ জন এবং দ্বিতীয়টিতে ১৩১ জন চাকুরী পাইবেন।

## বিদ্যুৎ ঘাটতি

২১১। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫।) **শ্রীনিতাইপদ সরকার:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পশ্চিমবঙ্গে বর্তমানে বিদ্যুৎ সরবরাহে ঘাটতি চলিতেছে;

(খ) সত্য হইলে, এই ঘাটতির পরিমাণ কত; এবং

(গ) এই ঘাটতি পূরণে সরকার কি কি প্রবন্ধ গ্রহণের বিষয় বিবেচনা করিতেছেন ?

**The Minister for Power :**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) প্রায় ৮৪ মেগাওয়াট।

(গ) উৎপাদন বৃদ্ধি করিবার নিমিত্ত নিম্নলিখিত দীর্ঘমেয়াদী প্রকল্পগুলি বিবেচনা করা হইতেছে :—

(১) সাঁওতালদি তাপবিদ্যুৎ কেন্দ্রে চারটি ১২০ মেগাওয়াট ও একটি ২০০ মেগাওয়াট ইউনিট স্থাপন,

(২) ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে একটি ২০০ মেগাওয়াট ইউনিট স্থাপন,

(৩) হলদিয়া-কোলাঘাট অঞ্চলে ২টি ২০০ মেগাওয়াট ইউনিট স্থাপন, এবং

(৪) দুর্গাপুর অথবা হলদিয়া-কোলাঘাট অঞ্চলে আরো একটি ২০০ মেগাওয়াট ইউনিট স্থাপন।

ইহা ভিন্ন কিছু স্বল্পমেয়াদী কার্যক্রমও হাতে লওয়া হইয়াছে।

## বেকারদের চাকুরী

২১২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৫।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আগামী পাঁচ বছরের মধ্যে পশ্চিমবঙ্গের দশ লক্ষ বেকারকে চাকুরী দেওয়ার জন্য সরকার পরিকল্পনা রচনা করেছেন;

(খ) সত্য হইলে, কি কি পরিকল্পনা করেছেন; এবং

(গ) উক্ত কর্মসূচী বাবদ কি পরিমাণ টাকার প্রয়োজন হবে এবং তাহার উৎস কি ?

**The Minister for Commerce and Industries** :

(ক) উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মতে বর্তমান বেকারের সংখ্যা ২৮ লক্ষ। পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে অর্থাৎ ১৯৭৯ সালের ৩১এ মার্চের মধ্যে আরও প্রায় ৬ লক্ষ নূতন কর্মপ্রার্থী যুক্ত হইবে। পঞ্চম পরিকল্পনার মধ্যে ১০ লক্ষ লোককে কর্মে নিয়োগ করা যায় কিনা এবং কি কি শিল্প, ব্যবসা ও বাণিজ্য মধ্যে ইহা সম্ভব তাহা দেখিবার জন্য বিশেষজ্ঞদের লইয়া একটি কমিটি গঠন করা হইয়াছে।

(খ) ও (গ) কি কি প্রকার শিল্প, ব্যবসা ও বাণিজ্যে ইহা করা সম্ভব তাহা জানা গেলে কি পরিমাণ অর্থ লগ্নীর প্রয়োজন তাহা বোঝা যাইবে। নিম্নলিখিত সংস্থাগুলি হইতে লগ্নীর অর্থ পাওয়া যায়—

(১) সরকার, রাষ্ট্রায়ত্ত ও যুক্ত শিল্পের জন্য,

(২) লগ্নীকারী সংস্থা,

(৩) রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক,

(৪) শিল্পে মূল উদ্যোক্তা,

(৫) শেয়ার বিক্রয় মারফত জনসাধারণের কাছ হইতে, এবং

(৬) যদি কোন বিদেশী সহযোগী থাকে তবে তাহাদের কাছ হইতে।

## সার বন্টনের লাইসেন্স

২১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৮) **শ্রীকাশীনাথ মিশ্র**: কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সার বন্টনের লাইসেন্স কোথা হইতে এবং কাহার মাধ্যমে দেওয়া হয়,

(খ) ইহা কি সত্য যে, বর্তমান ব্যবস্থায় সার ব্যবসায়ীরা সময়মত লাইসেন্স পাইতেছেন না এবং ফলে নানা ধরনের অসুবিধা দেখা দিয়েছে ; এবং

(গ) সত্য হইলে, সরকার ব্লক এবং জেলাস্তরে লাইসেন্স দেওয়ার কোন ব্যবস্থা করিতেছেন কিনা এবং করিয়া থাকিলে তাহা কি এবং কবে নাগাদ চালু হইবে ?

**The Minister for Agriculture** :

(ক) সংশোধিত ফার্টিলাইজার কন্ট্রোল অরডার, ১৯৫৭-এর বলে বর্তমানে সার বন্টনের জন্য কোন লাইসেন্স-এর প্রয়োজন হয় না। সে কারণ ঐ বাবদে কোথাও হইতে কোন লাইসেন্স দেওয়ার ব্যবস্থা নাই।

(খ) এই কন্ট্রোল অর্ডার অনুযায়ী সার ব্যবসায়ীগণ যে-কোন সময় সার ব্যবসা আরম্ভ করিতে পারেন। তবে সার ব্যবসা আরম্ভ করার ১৪ দিনের মধ্যে তাঁহাদের উপযুক্ত ফী যে-কোন ট্রেজারীতে জমা দিয়া উহার চালান সহ প্রকৃত ফরমে নাম রেজিস্টারীর জন্য রেজিস্টারীং-অথরিটির কাছে আবেদন করিতে হয়। অতএব পূর্ব্বেকার মত লাইসেন্স না লইয়া সারের ব্যবসা করা যাইবে না—এই পদ্ধতির দরুন যে অসুবিধার সৃষ্টি হইত, বর্তমান প্রথায় তাহার আর কোন কারণ নাই। রেজিস্টারীং অথরিটি সার ব্যবসায়ীদের আবেদনক্রমে নিয়মমাফিক তাঁদের নাম রেজিষ্টারী করিয়া একটি প্রমাণপত্র (সার্টিফিকেট) দিয়া থাকেন। নূতন এবং পুরাতন ব্যবসায়ীরা উপরোক্ত উপায় অবলম্বনে প্রতি বৎসরেই ব্যবসা করিতে পারেন।

(গ) প্রশ্ন উঠে না।

**Employment in Haldia Port**

**214.** (Admitted question No. 583) **Shri Birendra Bijoy Malladeb**: Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether a special quota of posts has been reserved for the youths of Jhargram subdivision for employment in the proposed Haldia Port:

(b) if so, what is the number of such quota: and

(c) if any special arrangement for registration of names of such youths in Employment Exchange of Kharagpur has been made?

**The Minister for Commerce and Industries:**

(a) and (b) No special quota of posts has been reserved for the youths of Jhargram subdivision for employment in the proposed Haldia Port. The Calcutta Port Commissioners are, however, committed to give preference to the persons displaced due to land acquisition at Haldia in all matters of employment, particularly in the Class III and Class IV Cadres.

(c) Kharagpur Employment Exchange caters to the need of employment seekers of Jhargram subdivision. As such the question of special arrangement does not arise.

**রানাঘাটে নূতন শিল্প**

**২১৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৭১) **শ্রীনরেশচন্দ্র চাকী:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট এলাকাতে নূতন শিল্প স্থাপনের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কি কি শিল্প স্থাপন করা হবে ?

**The Minister for Commerce and Industries :**

(ক) পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানের সাথে সাথে নদীয়াতেও নূতন শিল্প স্থাপনের ইচ্ছা সরকারের কিলেও এই মুহূর্তে রানাঘাটে কোন নূতন শিল্প স্থাপনের প্রস্তাব সরকারের নিকট আসেই , এবং

(খ) প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়।

## Industrially backward area Jhargram

**216.** (Admitted question No. 586.) **Shri Birendra Bijoy Malladeb** : Will e Minister-in-charge of the Commerce and Industries Department be pleased state—

(a) if it is a fact that the Government have declared the Jhargram sub-division as an industrially ' Backward Area" ; and

(b) if so, what action has been taken by the Government in this regard ?

**The Minister for Commerce and Industries** :

(a) and (b) Yes, the entire district of Midnapore has been declared indus-ally backward area.

This has encouraged new proposals for setting up industries in Midnapore, ., Nikram Paper Plant, etc.

## Industry in Murshidabad

**217.** (Admitted question No. 683.) **Shri Kumar Dipti Sengupta** : Will e Minister-in-charge of the Commerce and Industries Department be pleased state—

(a) if there is any scheme for setting up industry in the district of Murshidabad ; and

(b) if so, the details of the scheme ?

**The Minister for Commerce and Industries :**

(a) and (b) There is certainly an intention of this Government for setti up of industries in the district of Murshidabad, but as there is no speci proposal in the matter now, it cannot be possible to furnish reply to porti (b) of the question.

### মৎস্য বিভাগ দ্বারা নলকূপ

২১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৭) ডাঃ শেখ ওমর আলি ঃ মৎস্য বিভাগের মন্ত্রিমহা অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় জেলাওয়ারী মৎস্য বিভাগ কর্ত্তৃক দেয় পানীয় জলের নলকূপের সংখ কত ;

(খ) মেদিনীপুর জেলায় ব্লকওয়ারী ঐরূপ নলকূপের সংখ্যা কত ; এবং

(গ) পাঁশকুড়া ১নং ও ২নং ব্লকে মৎস্যজীবীদের জন্য ১৯৭২-৭৩ সালে কয়টি নলকূপ খন করার পরিকল্পনা আছে ?

**The Minister for Fisheries :**

(ক)

| জেলা | সংখ্যা |
|---|---|
| ২৪-পরগণা | ২৪ |
| মেদিনীপুর | ১৮ |
| হাওড়া | ১ |
| হুগলী | ৮ |
| বর্ধমান | ৫ |
| মুর্শিদাবাদ | ৪ |
| মালদা | ৫ |
| পশ্চিম দিনাজপুর | ৪ |
| নদীয়া | ১১ |
| কুচবিহার | ৬ |
| মোট | ৮৬ |

(খ)

| ব্লক | সংখ্যা |
|---|---|
| কাঁথি-১ | ৬ |
| রামনগর-২ | ২ |
| এগরা-২ | ১ |
| খেজুরী | ১ |
| পটাশপুর | ১ |
| নারায়ণগড় | ১ |
| দাশপুর | ২ |
| গোপিবল্লভপুর | ২ |
| ঘাটাল | ১ |
| খড়্গপুর | ১ |
| মোট | ১৮ |

(গ) উভয় ব্লকের প্রতিটিতে একটি করিয়া।

## রানাঘাট ব্লকে বৈদ্যুতীকরণ

২১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** বিদ্যুৎ বিভাগের মিন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতীকরণ পরিকল্পনায় নদীয়া জেলার রানাঘাট ১নং ব্লক অন্তর্ভুক্ত করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি, এবং

(খ) থাকিলে, কোন্ কোন্ গ্রাম কবে নাগাদ বৈদ্যুতীকরণ করা হইবে?

**The Minister for Power :**

(ক) বর্তমানে এ ধরনের কোন পরিকল্পনা নেই।

(খ) আর্থিক সঙ্গতি অনুযায়ী নদীয়া জেলার রানাঘাট থানা সহ গ্রামীণ বৈদ্যুতীকরণের বিস্তৃত পরিকল্পনা প্রস্তুত করা হইবে।

## পশ্চিমবঙ্গ সমবায় ইউনিয়ন

২২০। (অনুমোদিত প্রশ্ন নং ১০২৬।) **শ্রীবুধনচন্দ্র টুডু ঃ** সমবায় বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (পশ্চিমবঙ্গ সমবায় ইউনিয়ন) অফিসে একই কাজে নিযুক্ত ব্যক্তিগণের ভিন্ন ভিন্ন পে স্কেল চালু আছে ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ;

(গ) বহু বছর কাজ করা সত্ত্বেও এই স্কিমের কর্মচারীদের পার্মানেন্ট না করার কারণ কি ;

(ঘ) কো-অপারেটিভ ডেভেলপমেন্ট ফাণ্ডের টাকা স্টেট কো-অপারেটিভ ইউনিয়নের হাতে দেওয়ার কোন পরিকল্পনা আছে কি ; এবং

(ঙ) পরিকল্পনা না থাকিলে, ইহার কারণ কি এবং সমবায় আন্দোলনের প্রসারের কথা বিবেচনা করিয়া সরকার এ বিষয়ে কি সিদ্ধান্ত লইতেছেন ?

**The Minister for Co-operation** :

(ক) কোন কোন ক্ষেত্রে সত্য।

(খ) ভিন্ন ভিন্ন স্কিমে ভিন্ন ভিন্ন পদ মঞ্জুর হওয়ায় সর্বত্র পে স্কেলের সমতা সাধন সম্ভব হয় নাই।

(গ) ঐ কর্মচারীদের নিয়োগকর্তা পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়নের আয় অত্যন্ত সীমিত বলিয়া ঐ ইউনিয়নের পক্ষে কর্মচারীদের পার্মানেন্ট করা সম্ভব হয় নাই।

(ঘ) কো-অপারেটিভ ডেভেলপমেন্ট ফাণ্ডের সম্পূর্ণ টাকা স্টেট কো-অপারেটিভের ইউনিয়নের হাতে দেওয়ার কোন পরিকল্পনা নাই।

(ঙ) কারণ এই অর্থ বহুবিধ উদ্দেশ্যে ব্যবহৃত হয়, তাহার কোন কোন বিষয়ে রাজ্য সমবায় ইউনিয়নের আওতায় পড়ে না। প্রস্তাবিত পশ্চিমবঙ্গ সমবায় আইন পাশ হইবার পর সরকার এই বিষয় বিবেচনা করিবেন।

## জেলা সমবায় শিক্ষা নির্দেশক

২২১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩১।) **শ্রীবুধনচন্দ্র টুডু ঃ** সমবায় বিভাগের মন্ত্রী-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়নের অধীন জেলা সমবায় শিক্ষা নির্দেশকরা স্নাতক ডিগ্রিধারী হওয়া সত্ত্বেও এবং হায়ার ডিপ্লোমাপ্রাপ্ত হওয়া সত্ত্বেও তাহাদের পে স্কেল কো-অপারেটিভ অডিটরের পে স্কেল অপেক্ষা কম ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) ঐ কর্মচারীদের ক্ষেত্রে ১৫ বছর চাকুরী করার পরেও প্রভিডেন্ট ফাণ্ড চালু না করার কারণ কি ?

**The Minister for Co-operation :**

(ক) হ্যাঁ, জেলা সমবায় নির্দেশকদের পে স্কেল ২৭৫—৪১০, অডিটারের স্কেল ৭৫—৪২৫, জেলা সমবায় শিক্ষা নির্দেশকদের চাকুরীতে নিয়োগের জন্য ডিগ্রীধারী হইতে য়। চাকুরী করাকালীন কেহ কেহ কো-অপারেটিভ ট্রেনিং সেণ্টার হইতে হায়ার ডিপ্লোমা াইয়া থাকিতে পারেন।

(খ) জেলা সমবায় নির্দেশকরা সরকারী কর্মচারী নহেন। যেহেতু সরকার সমবায় উনিয়নকে অর্থ অনুদান করিয়া থাকেন, অর্থ বিভাগের পরামর্শক্রমে শিক্ষা নির্দেশকের পে স্কেল ডিটরের পে স্কেল অপেক্ষা সর্বোচ্চ স্তরে পনের টাকা কম করা হইয়াছে।

(গ) ঐ কর্মচারীদের নিয়োগকর্তা পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ইউনিয়নের আয় অত্যন্ত সীমিত বলিয়া ঐ ইউনিয়ন কর্মচারীদের ক্ষেত্রে প্রভিডেন্ট ফাণ্ড চালু করিতে সরকারের নিকট অর্থ সাহায্য চাহিয়াছে—উক্ত সরকারের বিবেচনাধীন আছে।

## রানাঘাট কোর্ট

২২২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬১।) শ্রীনরেশ চন্দ্র চাকী ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০ সালের ১লা জানুয়ারী হইতে ৩০শে জুন ১৯৭২ পর্যন্ত রাণাঘাট কোর্ট হইতে কতজনের বিরুদ্ধে ওয়ারেণ্ট দেওয়া হইয়াছে ;

(খ) ইহাদের মধ্যে রাণাঘাট থানা এলাকার কতজন ;

(গ) ইহাদের মধ্যে মোট কতজনকে পুলিশ গ্রেপ্তার করিয়াছে ; এবং

(ঘ) যাহারা অদ্যাবধি গ্রেপ্তার হয় নাই তাহাদের গ্রেপ্তার না হইবার কারণ কি ?

**The Minister for Home (Police):**

(ক) ১৬৯০ জনের বিরুদ্ধে।

(খ) ৪৫৫ জন।

(গ) ১১৩ জনকে।

(ঘ) যাহাদের গ্রেপ্তার করা যায় নাই তাহারা অধিকাংশই পলাতক আছে। কিছু সংখ্যক আসামী আদালতে আত্মসমর্পণ করিয়াছে।

## Jute Mills

223. (Admitted question No. 1224.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the Jute Mills in West Bengal are lagging behind in competition with the Jute Mills in Bangladesh in the overseas market due to want of modern equipments ;

(b) if so, whether the Government has any plan to modernise the existing Jute Mills in this State ; and

(c) what other steps the Government is contemplating to improve the productive capacity and increase the production of the Jute Mills in this State?

**The Minister for Commerce and Industries :** (a) It is a fact that jute industry in Bangladesh is comparatively new. But apart from this, there are other factors like superiority of raw jute, etc., which make the jute goods from Bangladesh more competetive in foreign markets.

(b) At the instance of the Government the industry has taken steps to modernise the existing Jute Mills.

(c) In addition to the modernisation of machinery by the industry, different schemes have been taken up by the Central Government for making available to the industry sufficient financial assistance at concessional terms through different financial institutions like Industrial Finance Corporation and Industrial Development Bank of India. Continuous efforts are also being made by Government to improve the productive capacity and increase the level of production by the Jute Mills in West Bengal. These steps include fuller utilisation of existing machine capacity, Sunday working of mills and adequate supply of raw jute to the industry.

## গ্রামীণ উন্নয়ন প্রকল্প

২২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৮।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** কৃষি বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) কৃষি উন্নয়ন জোরদার করার জন্য সমস্ত ব্লকের দায়িত্ব কৃষি বিশেষজ্ঞের হাতে দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন ?

**The Minister for Agriculture :**

(ক) কৃষিসহ অন্যান্য সকল প্রকার গ্রামীণ উন্নয়ন প্রকল্পগুলির রূপায়ণের ভার ব্লক সংস্থার উপর ন্যস্ত আছে।

(খ) উল্লিখিত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে কৃষি বিশেষজ্ঞের হাতে ব্লক সংস্থার ভার দেওয়ার কোনরূপ পরিকল্পনা সরকারের নাই।

## বাঁকুড়ায় পানীয় জল

২২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়ার পৌর এলাকায় বর্তমানে পানীয় জল সরবরাহের যে ব্যবস্থা আছে তাহা প্রতিটি ওয়ার্ডে প্রয়োজনীয় জল সরবরাহ করিতে পারে না ;

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা করিতেছেন কিনা ;

(গ) ইহা কি সত্য যে, বাঁকুড়া পৌরসভা পানীয় জল সরবরাহের জন্য কোন স্কীম সরকারের নিকট পেশ করিয়াছেন ,

(ঘ) সত্য হইলে, কত পরিমাণ অর্থের এবং কোন্ কোন্ স্কীম দিয়াছেন , এবং

(ঙ) সরকার এ বিষয়ে কি সিদ্ধান্ত লইয়াছেন ?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ), (গ), (ঘ) এবং (ঙ) পৌরসভার জল সরবরাহ প্রকল্পগুলি "স্যানিটারী প্রজেক্ট রুলস, ১৯৬৪" অনুসারে কার্যকরী করা হয়। এই রুল অনুসারে পৌরসভাকে যে প্রকল্পটি কার্যকরী করা দরকার সেটি পৌরসভার সদস্যগণের একটি সভায় অনুমোদন করে প্রয়োজনীয় ঋণের জন্য নির্দিষ্ট ফরমে আবেদন এবং এর সহিত কিভাবে পৌরসভা এই ঋণের দরুন সমস্ত ব্যয়ভার বহন করবে সেই সম্পর্কে বিস্তৃত তথ্যসহ প্রকল্পটি জেলাশাসক মারফৎ সরকারের নিকট পেশ করতে হয়। যথাযথভাবে সরকারের নিকট প্রকল্প পেশ করিবার পর সরকার মঞ্জুরী দেবার কথা বিবেচনা করেন। পৌরসভার আর্থিক অবস্থা পর্যালোচনা করে যদি দেখা যায় যে পৌরসভা ঋণ পরিশোধ এবং প্রকল্পটি চালু রাখবার বাৎসরিক খরচ বাবদ সমস্ত ব্যয়ভার বহন করতে সম্পূর্ণ সক্ষম তবেই প্রকল্পটি কার্যকরী করিবার জন্য সরকারী অনুমোদন দেওয়া হয়। প্রথমে ঋণ এবং পরে সরকারী অনুদান মঞ্জুর করা হয়।

বাঁকুড়া পৌরসভার বর্তমান জল সরবরাহ প্রকল্পের সরবরাহ বৃদ্ধি করিবার জ ১২,৭১,৩০০ টাকা ব্যয়ের একটি প্রকল্প এবং পাটকোলাঘাটের জলের উৎসটি নূতন ক নির্মাণের জন্য ১,০২, ০০০ টাকা ব্যয়ের আর একটি প্রকল্প প্রস্তুত করে ঐ পৌরসভাকে পাঠা হয়েছিল।

১২,৭১,৩০০ টাকা ব্যয়ের প্রকল্পটি এখনও পৌরসভার নিকট হইতে পাওয়া যায়নি ১,০২,০০০ টাকা ব্যয়ের প্রকল্পটি জনস্বাস্থ্য অধিকারের মুখ্য বাস্তুকার মারফৎ সম্প্রতি সরকারের নিকট পাঠানো হয়েছে। কিন্তু এর সহিত ঋণের জন্য আবেদনপত্র, কিভাবে ঋ শোধ করা হবে সেই সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি এবং জেলা শাসকের কোন সুপারিশ প্রভৃতি পেশ করা হয়নি। পরিকল্পনাটি বিবেচনা করতে হলে ঐগুলি প্রয়োজন। ঐগুলি পাঠাবার জন্য পৌরসভাকে বলা হচ্ছে।

## ভগবানপুর থানায় বিদ্যুৎ সরবরাহ

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৯)। **প্রোঃ অমলেশ জানা:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর থানার কোনও এলাকার "গ্রামীণ বিদ্যুৎ সরবরাহ পরিকল্পনায়" বিদ্যুৎ দেওয়ার পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কোন্ কোন্ গ্রামে কবে নাগাদ বিদ্যুৎ সরবরাহ করা হইবে ?

**The Minister for Power :**

(ক) হ্যাঁ। অতি সম্প্রতি ভগবানপুর থানার ৫৫টি গ্রামসহ মেদিনীপুর জেলার মোট ৩৬২ খানি গ্রাম বৈদ্যুতিকরণের একটি পরিকল্পনা নতুন দিল্লীস্থিত গ্রামীণ বৈদ্যুতিকরণ সংস্থা কর্তৃক মঞ্জুরীকৃত হইয়াছে।

(খ) কাজটি হাতে লওয়া হইয়াছে এবং ইহা ১৯৭৩-৭৪ সাল নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়। ভগবানপুর থানার প্রস্তাবিত ৫৫টি গ্রামের নামের তালিকা নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 226*

| গ্রামের নাম | | জে, এল, নং |
|---|---|---|
| (১) গোপিনাথপুর | ... | ৩৪ |
| (২) বড়ুরভেরী | ... | ৩৬ |
| (৩) কোঠাউরি | ... | ৮৬ |
| (৪) কুড়ালবর | ... | ৮৮ |

| গ্রামের নাম | | জে, এল নং |
|---|---|---|
| (৫) নোনালস্করপুর | ... | ৯০ |
| (৬) জনাদউরি | ... | ৯৩ |
| (৭) ধাণ্ডা | ... | ৯৪ |
| (৮) কাঁকড়া | . | ৯৬ |
| (৯) আবাসবেরিয়া | ... | ৯৭ |
| (১০) তাজপুর | ... | ৯৮ |
| (১১) বেঁদিয়া | ... | ১০৪ |
| (১২) ভীমচক | ... | ১৩৭ |
| (১৩) বেতুলিয়া চাকলাপুর | . | ১৩৮ |
| (১৪) বোরাইবর | ... | ১৩৯ |
| (১৫) চড়াবর | ... | ১৪৪ |
| (১৬) কোটবর | ... | ১৪৫ |
| (১৭) কোলাবেরিয়া | ... | ১৪৬ |
| (১৮) দলবর | ... | ১৬১ |
| (১৯) সরবেরিয়া | ... | ১৫০ |
| (২০) হিঞ্চাগেড়িয়া | ... | ১৪৭ |
| (২১) নারায়ণদাঁড়ি | ... | ১৫২ |
| (২২) জোঠবাড়ী | ... | ১৫৩ |
| (২৩) বাজকুল | ... | ১৫৪ |
| (২৪) পোড়াচিংড়া | ... | ১৫৫ |
| (২৫) কিস্মতবাজকুল | . | ১৫৬ |
| (২৬) মীর্জাপুর | . | ১৬০ |

| গ্রামের নাম | | জে, এল, নং |
|---|---|---|
| (২৭) কান্তগাবরি | ... | ১৫৮ |
| (২৮) কৃষ্ণপুর | ... | ৫৩ |
| (২৯) শংকরপুর | ... | ৬৮ |
| (৩০) জালিবিশানপুর | ... | ৬৯ |
| (৩১) কালুলবেহারি | ... | ৭৪ |
| (৩২) ভাঙ্গিপুর | ... | ৭৫ |
| (৩৩) ভগবানপুর | ... | ৮৫ |
| (৩৪) পাজলকুল | ... | ১০৫ |
| (৩৫) বড় ভগবানপুর | ... | ১০৭ |
| (৩৬) বিভীষণপুর | .. | ১০৮ |
| (৩৭) দ্বারিকাপুর | ... | ১০৯ |
| (৩৮ টোটানালা | ... | ১১০ |
| (৩৯) পূর্বমসুরিয়া | ... | ১১২ |
| (৪০) পশ্চিম টাঙ্গুরিয়া | ... | ১১৩ |
| (৪১) কিশোরপুর | .. | ১১৪ |
| (৪২) বনমালিপুর | ... | ১১৬ |
| (৪৩) সুনহাস্তা | ... | ১১৭ |
| (৪৪) খাজুরারী | ... | ১১৮ |
| (৪৫) কুলবেরিয়া | ... | ১২৪ |
| (৪৬) শিমুলিয়া | ... | ১২৫ |
| (৪৭) বরতিয়ার | ... | ১২৬ |
| (৪৮) ভাদুরপুর | ... | ১৩১ |
| (৪৯) উত্তরবর | ... | ১ |

| গ্রামের নাম | | জে, এল, নং |
|---|---|---|
| (৫০) পশ্চিমবর | ... | ৩ |
| (৫১) মহম্মদপুর | ... | ৭ |
| (৫২) গড়ভেরা | ... | ১৯ |
| (৫৩) মোবারকপুর | ... | ২০ |
| (৫৪) গুরগ্রাম | ... | ২৮ |
| (৫৫) রামপুর | ... | ১১৫ |

## পশ্চিমবঙ্গ সমবায় মৎস্যজীবী সমিতি

২২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৩) শ্রীনিতাইপদ সরকার : সমবায় বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সমবায় মৎস্যজীবী সমিতির প্রাথমিক ও কেন্দ্রীয় সংস্থার সংখ্যা কত ;

(খ) উক্ত সমিতিগুলিতে মৎস্যজীবীদের অংশীদার হিসাবে সভ্য সংখ্যা কত ;

(গ) সরকারী জলাভূমি বন্দোবস্তে সরকার উক্ত সমবায়গুলিকে কি কি সুযোগ সুবিধা দিয়া থাকেন ;

(ঘ) মৎস্যজীবী সমবায় সমিতিগুলির কার্য্যকলাপ সম্পর্কে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কিনা ; এবং

(ঙ) পাইয়া থাকিলে, কোন্ কোন্ সমিতির বিরুদ্ধে এবং তৎসম্পর্কে কি কি ব্যবস্থা লওয়া হইয়াছে ?

**The Minister for Co-operation :**

(ক) প্রাথমিক—৫৪৬

কেন্দ্রীয়—৭

(খ) প্রাথমিক—৩৫,৭১২

কেন্দ্রীয়—২১১

(গ) পশ্চিমবঙ্গ সরকারের এষ্টেট ম্যানুয়েল-এর ২৭৩নং রুল বলে—
জলাভূমির আয় অনুসারে কালেক্টর ঐ জলাভূমির খাজনা নির্ধারণ করেন। প্রতিটি জলা-

ভূমির জন্য ঐরূপ খাজনার উল্লেখ করিয়া সমবায় সমিতিসমূহের নিবন্ধকের সুপারিশক্রমে সমবায় সমিতিগুলির নিকট হইতে সীল করা টেণ্ডার আহ্বান করা হয়। যে সমিতি উচ্চতম মূল্য দিতে স্বীকৃত হয় এবং সে মূল্য যদি ধার্যমূল্য অপেক্ষা কম না হয় তাহা হইলে ঐ জলাভূমি ঐ সমিতির সহিত বন্দোবস্ত করা হয়। যদি সব সমিতির প্রদত্ত মূল্যই ধার্যামূল্যের নীচে হয় তবে ঐ জলাভূমি উক্ত সমিতিগুলির মধ্যে নীলাম করা হয়। নীলামের সর্বোচ্চ মূল্য যদি ধার্যমূল্যের শতকরা ৭৫ ভাগ-এর নীচে না হয় তবে ঐ জলাভূমিকে ঐ সর্বোচ্চমূল্য প্রদানকারী সমিতিকে বন্দোবস্ত দেওয়া হয়।

প্রথম বৎসরের বন্দোবস্তের সময়ই ঐ বৎসরের খাজনার টাকার শতকরা ২৫ ভাগ জমা দিতে হয় এবং বাকী টাকা বৎসর আরম্ভ হইবার পূর্বেই জমা দিতে হয়।

(ঘ) হাঁ।

(ঙ) এই প্রসঙ্গে বিস্তারিত তালিকা ইহার সহিত যুক্ত করিয়া দেওয়া হইল।

*Statement referred to in reply to clause (Unga) of unstarred question No 227.*

## তালিকা

(১) রামনগর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, কাঁথি—পরিচালন ব্যবস্থায় ত্রুটি থাকায় সমিতিটিকে লিকুইডেশনে দেওয়া হইয়াছে।

(২) কাঁথি দেশপ্রাণ মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ—সমিতির সভ্যদের অভিযোগক্রমে সমবায় আইনের ৮৪(১) ধারায় অনুসন্ধান করিয়া সমিতির দোষত্রুটি সংশোধনের নির্দেশ দেওয়া হইয়াছে।

(৩) রংসালাপুট মৎস্যজীবী কো-অপারেটিভ সোসাইটি লিঃ, মেদিনীপুর,- সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাংকের ঋণ পরিশোধ না করায়, ব্যাংকের অভিযোগক্রমে এবং অন্যান্য দোষত্রুটির জন্য সমিতিটিকে লিকুইডেশনে দেওয়ার কথা বিবেচনা করা হইতেছে।

(৪) নেতুরিয়া রাজবংশী সমবায় সমিতি লিঃ, কাঁথি,—সমিতির বর্তমান সম্পাদক ভূতপূর্ব সম্পাদকদের বিরুদ্ধে তহবিল তছরূপের অভিযোগ করায় কাঁথি মহকুমা শাসক মহাশয়কে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে অনুরোধ করা হইয়াছে।

(৫) দামোদর ভ্যালি কিসারম্যান কো-অপারেটিভ সোসাইটি লিঃ, পুরুলিয়া,—এই সমিতির বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তাধীন আছে।

(৬) পাগলাচণ্ডী মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, নদীয়া—এই সমিতির সম্পাদকের বিরুদ্ধে সভাপতি ও কিছু সভ্য তহবিল তছরূপ, সঠিকভাবে হিসাবপত্র না রাখা, সাধারণ সভা না ডাকা ইত্যাদি সম্বন্ধে অভিযোগ পেশ করেন। আবার সভাপতি এবং কার্যকরী কমিটির কয়েকজন সভ্যের বিরুদ্ধে সম্পাদক এবং অপর কিছু সভ্য তহবিল তছরূপ ইত্যাদি বিষয়ে অভিযোগ পেশ করিয়াছেন।

পাদক সমিতির খাতাপত্র ঠিকমত উপস্থিত করিতে না পারায় ৮৪(১) ধারা মতে তদন্ত সম্পূর্ণ করা ম্ভব হয় নাই। বিচার বিভাগীয় সমাহর্তাকে খাতাপত্র পাওয়ার জন্য পুলিশ মারফৎ ব্যবস্থা অবলম্বন রিতে অনুরোধ করা হইয়াছে।

(৭) নিচিন্তপুর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, নদীয়া—এই সমিতির বিরুদ্ধে উচ্চ হারে লকর বন্দোবস্ত লইয়াছে বলিয়া সাহেবনগর ইউনিয়ন ফিসারমেন্স কোঃ সোস ইটি লিঃ নামে অপর কটি সমিতি অভিযোগ করিয়াছে। এ বিষয়ে যথাযথ তদন্ত করা হইতেছে।

(৮) গঙ্গারামপুর-তপন মৎস্যজীবী সংঘ লিঃ বালুরঘাট—এই সমিতির বিরুদ্ধে আনীত ভিযোগগুলির আংশিক সমাধান সরকারী আদেশ বলে করা হইয়াছে। বাকীগুলির সম্বন্ধে তদন্ত লিতেছে।

(৯) বালুরঘাট ফিসারমেন্স কোঃ সোসাইটি লিঃ, বালুরঘাট—এই সমিতির কার্যকরী সমিতি ঠনের বিরুদ্ধে এবং আরও অনেক অভিযোগ পাওয়া গিয়াছে। তদন্ত করিয়া সরকারী আদেশ লে সরকারী অফিসারের তত্ত্বাবধানে কার্যকরী সমিতি পুনর্গঠনের ব্যবস্থা করা হইয়াছে। অন্যান্য ভিযোগগুলি তদন্ত করা হইতেছে।

(১০) রায়গঞ্জ রিফিউজি ফিসারমেন কোঃ সোসাইটি লিঃ—এই সমিতির বিরুদ্ধে বিভিন্ন কমের অভিযোগ পাওয়া গিয়াছে। তদন্ত চলিতেছে।

(১১) টোনা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, ভাঙড়, ২৪-পরগণা—সমিতির সভ্যগণ ম্পাদকের স্বেচ্ছাচারিতার অভিযোগ করিয়াছেন। এ বিষয়ে যথাযথ তদন্ত করিয়া সমবায় আইনের ১(১)(খ) ধারা বলে সমিতির বিশেষ সাধারণ সভা ডাকিয়া কার্যকরী সমিতি পুনর্গঠন করিবার াদেশ দেওয়া হইয়াছে।

(১২) কুন্দিপুর ফিসারমেন্স কোঃ অপারেটিভ সোসাইটি লিঃ—এর কর্মকর্তাদের বিরুদ্ধে উক্ত সমিতির এলাকাধীন প্রকৃত ও যোগ্য মৎস্যজীবীদের সভ্য না করার অভিযোগ পাইয়া উক্ত সমিতির র্মকর্তাদের উক্ত প্রকৃত মৎস্যজীবী যোগ্য ব্যক্তিদের সভ্যভুক্ত করার আদেশ দেওয়া হয়েছিল, সমবায় মাইনানুসারে। উক্ত আদেশ কার্যকরী না করায় কার্যকরী সমিতিকে বাতিল করিয়া ও চেয়ারম্যান ও সম্পাদকের ২ বৎসরের জন্য অযোগ্য সাব্যস্ত করিয়া আদেশ দেওয়া হইলে উহার বিরুদ্ধে মহামান্য াইকোর্টএ রিট আবেদন করায় এখন উক্ত কোর্টের বিচারাধীন আছে।

(১৩) বীজপুর মৎস্যজীবী সমিতির এলাকাধীন বসবাসকারী প্রকৃত ও যোগ্য মৎস্যজীবীদের ভ্যভুক্ত না করার অভিযোগ পাইয়া উক্ত সমিতিকে উক্ত সমিতির এলাকাধীন যোগ্য ও প্রকৃত ৎস্যজীবীদের সভ্যভুক্ত করার আদেশ দেওয়া হইয়াছে।

(১৪) মেদীয়া গভর্ণমেন্ট কলোনী উদ্বাস্তু মৎস্যজীবী সমবায় সমিতির ৫,৮০৭ টাকা ৭২ পয়সা হবিল তছরূপের অভিযোগ পাওয়া গিয়াছে এবং উহা তদন্ত করা হইয়াছে। তদন্তে বিধিবদ্ধ ব্যবস্থা েওয়া হইবে।

## মুর্শিদাবাদ জেলায় টেস্ট রিলিফ

২২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪।) **শ্রীশঙ্করদাস পাল:** ত্রাণ এবং সমাজ কল্যা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান খরাকবলিত জনগণের সাহায্যের জন্য মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ ব্লকে এ পর্যন্ত টেস্ট রিলিফ বাবদ কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(খ) বিভিন্ন ব্লকে অর্থ মঞ্জুর করার ব্যাপারে সরকার কি কি নীতি অনুসরণ করিয়াছিলেন?

**The Minister for Relief and Social Welfare:**

(ক) অত্র সংলগ্ন তালিকায় উপস্থাপিত করা হইল।

(খ) ব্লকের জনসংখ্যা, গ্রীষ্মকালীন ফসলের সামগ্রিক অবস্থা, অর্থনৈতিক দুর্দশা, কৃষি মিকের সংখ্যা এবং কর্মক্ষম বেকারদের সংখ্যা বিবেচনা করিয়া বিভিন্ন ব্লকে টেস্ট রিলিফ খাতে অর্থ ঞ্জুর করা হইয়াছে।

*Statement referred to in reply to Clause (Ka) of unstarred question No. 228*

| ব্লকের নাম। | টাকার পরিমাণ। |
|---|---|
| ১। বহরমপুর | ১,০২,৫০০·০০ |
| ২। বেলডাঙ্গা-১ | ৮৪ ৫০০·০০ |
| ৩। বেলডাঙ্গা-২ | ৬৭,৫০০·০০ |
| ৪। হরিহরপাড়া | ৭৮,৫০০·০০ |
| ৫। নওদা | ৭৪,৭০৭·০০ |
| ৬। ডোমকল | ৯৮,৫০০·০০ |
| ৭। জলঙ্গী | ৮৭,৫০৯·০০ |
| ৮। মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ১৯,০০০·০০ |
| ৯। লালগোলা | ১,১০,৩১৪·০০ |
| ১০। রাণীনগর-১ | ৮৮,৮০১·০০ |
| ১১। রাণীনগর-২ | ৮৩,০০০·০০ |
| ১২। ভগবানগোলা-১ | ৬৫,৭৪৪·০০ |

| ব্লকের নাম। | টাকার পরিমাণ। |
| --- | --- |
| ১৩। ভগবানগোলা-২ | ৭৯,০০০'০০ |
| ১৪। নবগ্রাম | ৮৪,১৪০'০০ |
| ১৫। রঘুনাথগঞ্জ-১ | ৬৬,৪০০'০০ |
| ১৬। রঘুনাথগঞ্জ-২ | ৭৪,৫৬৯'০০ |
| ১৭। সাগরদীঘি | ১,০৭,৬৮২'০০ |
| ১৮। সুতি-১ | ৩২,৩৫৫'০ |
| ১৯। সুতি-২ | ৪৭,১৪৩'০০ |
| ২০। সামসেরগঞ্জ | ২,১২,৫৩৮'০০ |
| ২১। ফরাক্কা | ১৭,২৭৭'০০ |
| ২২। কান্দী | ১,৩০,১৫৫'০০ |
| ২৩। ভরতপুর-১ | ১,০০,৯৭৯'০০ |
| ২৪। ভরতপুর-২ | ৭৫,২৯৪'০০ |
| ২৫। খড়গ্রাম | ১,৪২,০০৫'০০ |
| ২৬। বড়ঞা | ৯৩,৩৫০'০০ |
| | মোট—২৩,০৩,৪৬২'০০ |

## খয়রাতি ও টেষ্ট রিলিফ স্কিমে খরচ

২২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৩।) শ্রীআত্তচরণ দত্ত: ত্রা'ণ এবং সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত খরাজনিত অবস্থায় পশ্চিমবঙ্গে কোন্ জেলা কত টাকা খয়রাতি সাহায্য বাবদ ও টি আর স্কীম বাবদ পৃথক পৃথকভাবে কত খরচ করিয়াছেন ;

(খ) এই ব্যয়িত অর্থের দ্বারা গড়ে মাসে টি আর স্কীম বাবদ শ্রমিকরা জেলাওয়ারী কত দিন কাজ পাইয়াছেন ;

(গ) মুর্শিদাবাদ জেলায় নবগ্রাম ও জলঙ্গী বিধানসভা কেন্দ্রের প্রতি ব্লকে শ্রমিকরা গড়ে মাসে এ সময়ে কতদিন টি আর-এ কাজ পাইয়াছেন ; এবং এই জেলায় প্রতি ব্লকে গড়ে মাসে কত শ্রমিক টি আর স্কীমে কাজ পাইয়াছেন ; এবং

(ঘ) নবগ্রাম ও জলঙ্গী বিধানসভা কেন্দ্রের প্রতিটি ব্লকের কোন্ কোন্ অঞ্চলে কত টাকা টি আর, জি আর বাবদ পৃথক পৃথকভাবে আজ পর্যন্ত ব্যয় হইয়াছে ?

**The Minister for Relief and Social Welfare :**

(ক) ও (খ) ৩০শে জুন পর্যন্ত খরচের একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। (বিবরণী নং ১)।

(গ) নবগ্রাম জলঙ্গী বিধানসভা কেন্দ্রের প্রতি ব্লকে শ্রমিকরা গড়ে মাসে ২৫ দিন কাজ পাইয়াছেন। এই জেলায় প্রতি ব্লকে গড়ে মাসে ৩২,৩৮৯ জন শ্রমিক টি আর স্কীমে কাজ পাইয়াছেন।

(ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। (বিবরণী নং ২)।

## রাজ্যে সমবায় সমিতি

২৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যে কোন্ জেলায় কয়টি সমবায় সমিতি আছে ,

(খ) ঐ সমিতিগুলির মধ্যে বর্তমানে কয়টি চালু এবং কয়টি বন্ধ আছে ; এবং

(গ) ঐ সোসাইটিগুলিকে জেলাওয়ারীভাবে গত তিন বৎসরে কত টাকা ঋণ ও অনুদান বাবদ দেওয়া হইয়াছে ?

**The Minister for Co-operation :**

(ক) এই রাজ্যে গত ৩০শে জুন ১৯৭২ তারিখে জেলাভিত্তিক সমবায় সমিতির সংখ্যা নিম্নরূপ ছিল :—

| জেলা | সমবায় সমিতির মোট সংখ্যা |
|---|---|
| ১। কলিকাতা | ১,৬৫১ |
| ২। ২৪-পরগণা | ৩,১৫৮ |
| ৩। হাওড়া | ৭৫৫ |

| জেলা | সমবায় সমিতির মোট সংখ্যা |
|---|---|
| ৪। নদীয়া | ৯৯৯ |
| ৫। মুর্শিদাবাদ | ৯৫৭ |
| ৬। বর্ধমান | ১,২৭০ |
| ৭। হুগলী | ১,৪০৭ |
| ৮। মেদিনীপুর | ৩,৫৫৪ |
| ৯। পুরুলিয়া | ১,০৫৬ |
| ১০। বাঁকুড়া | ১,৩০৯ |
| ১১। বীরভূম | ১,১৮৬ |
| ১২। পশ্চিম দিনাজপুর | ৮০২ |
| ১৩। জলপাইগুড়ি | ৭১৬ |
| ১৪। কুচবিহার | ৪৯৩ |
| ১৫। মালদহ | ৭৪০ |
| ১৬। দার্জিলিং | ৪২৬ |

(খ) বর্তমানে চালু (ওয়ার্কিং) এবং বন্ধ (ডরম্যান্ট) সমিতিগুলির সংখ্যা জেলাওয়ারী স্তরে নিম্নরূপ :—

| জেলা। | | | চালু সমিতির সংখ্যা। | বন্ধ সমিতির সংখ্যা। | মোট। |
|---|---|---|---|---|---|
| কলিকাতা | ... | ... | ১,২০২ | ৪৪৯ | ১,৬৫১ |
| ২৪-পরগণা | ... | ... | ১,৯৭৯ | ১,১৭৯ | ৩,১৫৮ |
| হাওড়া | ... | ... | ৫৫৫ | ৪০০ | ৯৫৫ |

| জেলা। | | | চালু সমিতির সংখ্যা। | বন্ধ সমিতির সংখ্যা। | মোট। |
|---|---|---|---|---|---|
| নদীয়া | ... | ... | ৬৭৬ | ৩২৩ | ৯৯৯ |
| মুর্শিদাবাদ | ... | ... | ৪৮৪ | ৪৭৩ | ৯৫৭ |
| বর্ধমান | ... | ... | ৯৮৭ | ২৮৩ | ১,২৭০ |
| হুগলী | ... | ... | ১,১৬৬ | ২৪১ | ১,৪০৭ |
| মেদিনীপুর | ... | ... | ২,৭২২ | ৮৩২ | ৩,৫৫৪ |
| পুরুলিয়া | ... | ... | ৫১৪ | ৫৪২ | ১,০৫৬ |
| বাঁকুড়া | ... | ... | ৪৮৯ | ৮২০ | ১,৩০৯ |
| বীরভূম | ... | ... | ৮২৯ | ৩৫৭ | ১,১৮৬ |
| পশ্চিম দিনাজপুর | ... | ... | ৫৩৭ | ২৬৫ | ৮০২ |
| জলপাইগুড়ি | ... | ... | ৩৪৬ | ৩৭০ | ৭১৬ |
| কুচবিহার | ... | ... | ৩৪৯ | ১৪৪ | ৪৯৩ |
| মালদহ | ... | ... | ৪৫৪ | ২৮৬ | ৭৪০ |
| দার্জিলিং | ... | ... | ২৭৯ | ১৪৭ | ৪২৬ |

(গ) জেলাওয়ারীভাবে ঐ সোসাইটিগুলিকে গত তিন বৎসরে সমবায় বিভাগ হইতে ঋণ ও অনুদান (গ্র্যান্ট) বাবদ দেওয়া হইয়াছে। লাইব্রেরী টেবিলে ইহার বিবরণী উপস্থাপিত করা হইল।

## হিমঘর

২৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২৭।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৬ই জুন ১৯৭২ তারিখে হিমঘরের জেলাভিত্তিক সংখ্যা কত, তাহাদের নাম কি এবং ধারণক্ষমতা কত; এবং

(খ) কোন্ হিমঘরে মোট কতজন কর্মচারী নিযুক্ত আছেন?

**The Minister for Agriculture :**

(ক) হিমঘরের জেলাভিত্তিক সংখ্যা, তাহাদের নাম ও ধারণক্ষমতা-সম্বলিত একটি তালিকা লাইব্রেরী টেবিলে দেওয়া হইল।

(খ) বেসরকারী হিমঘরের অধীন কর্মচারী সম্পর্কিত কোন তথ্য এই বিভাগে নাই। সরকার পরিচালিত চারটি হিমঘরের কর্মচারীর সংখ্যা নিম্নে দেওয়া হইল :—

(১) কুকলীন হিমঘর, ২৪-পরগণা—২৫

(২) কানাইনাটশাল হিমঘর, বর্দ্ধমান—১৬

(৩) পদ্মা হিমঘর, হুগলী—২

(৪) গড়বেতা হিমঘর, মেদিনীপুর—শূন্য

(৩ এবং ৪নং হিমঘর দুইটি বর্তমানে চালু নাই।)

## Calling Attention to Matters of Urgent Public Importance.

**Mr. Speaker :** The Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the subject of police firing on peaceful hunger strikers at Kenda Colliery in Burdwan district,—called attention by Shri Aswini Roy on the 24th July, 1972.

**Dr. Md. Fazle Haque :** Mr. Speaker, Sir, in response to the notice served by Shri Aswini Roy, hon'ble Member of this House, calling my attention to a matter of urgent public importance, viz., alleged firing by Jamuria Police, district Burdwan, on peaceful hunger strikers in Kenda Colliery, I make the following statement :

On 21-7-72, at about 21-00 hours, the Resistance Group of Chora Colliery being armed with lethal weapons, viz., Tangi, valla, etc. intercepted

one outside car near pit Nos. 7 and 9 suspecting it to be that of dacoits. About 200/300 persons assembled at the spot and started shouting "dacoits, dacoits". They reportedly attacked the occupant of the car, Shri Amiya Dutta Munshi, on suspicion of his being a dacoit. Shri Munshi fired one round from his licensed pistol injuring Shri Bhola Singh, a worker of the Colliery. At this stage O. C., Jamuria Police Station, who was investigating cases in nearby Khas Kenda Colliery, P. S. Jamuria, arrived at the spot with two constables. On seeing the police party the riotous mob attacked them with bombs, etc. causing injury to two policemen. The O C. after giving proper warning fired one round from his revolver and the constables fired four rounds from their rifles in self defence and to disperse the mob. None was injured by police firing. Seven persons from amongst the riotous mob were arrested by the O.C., Jamuria P. S. In this connection, Ondal P. S. case No. 21 under appropriate sections of law was started. The situation is peaceful at present. Incidentally, there was a strike at Khas Kenda Colliery, which is very near to Chora Colliery. It is not a fact that the Jamuria police opened fire on peaceful hunger strikers.

**Mr. Speaker** : I have received six notices of Calling Attention on the following subjecis, viz.,

(1) Reopening of Howrah-Amta and Howrah-Sheakhala Light Railways —from Shri Ganesh Hatui.

(2) Kidnapping of a young girl from Mrinalini Cinema at Dum Dum —from Shri Sukumar Bandyopadhyay.

(3) Serious situation in Murshidabad district due to drought—from Shri Ekramul Haque Biswas.

(4) Reported non-sanctioning of T. R. Schemes in Murshidabad district—from Shri Abdul Bari Biswas, Shri Habubur Rahaman.

(5) G. R. and T. R. for the villagers affected by drought in Murshidabad district—from Shri Mohammod Dedar Baksh.

(6) Murder of 4 Trade Union workers at Chinakuri Colliery in Burdwan district on 27-7-1972—from Shri Aswini Roy.

I have selected the notice of Shri Aswini Roy on the subject of murder of 4 Trade Union workers at Chinakuri Colliery in Burdwan district on 27-7-1972. The Hon'ble Chief Minister, Shri Siddhartha Shankar Ray, may **please make a statement to-day.**

**Shri Siddhartha Shankar Ray :** Mr. Speaker, Sir, I am grateful to you for having selected this particular Calling Attention Motion. Indeed if this was not brought as Calling Attention Motion, I would have sought your permission to make a statement on this to-day The Socialist Party is not represented in this House. We shall, therefore, have to place their points of view as clearly as possible and see to it that nobody suffers because of lack of representation in this House. I very much regret that such an incident had taken place. This is against the policy of the Government and anybody who wants to masquerade as INTUC and Congress worker must realise that what he is doing is totally against our policies, totally against our wishes, totally against the decisions taken by the Government and totally against the very philosophy of an organised government.

Sir, on the 27th July, 1972 at about 15•45 hours Shri Kallol Mukherjee came to No. 3 pit of Chinakuri Colliery office under Kulti Police Station with 7 or 6 of his followers. It is alleged that a short while after Shri Kallol Mukherjee was called outside and slapped by 4 or 5 persons believed to be the supporters of S. S. P. Incidentally, the S. S. P. has a union in this colliery and the INTUC has also formed another union recently. Kollol is alleged to be a rowdy and was, until recently, a strong supporter of the C.P.I.M. He is said to have become a supporter of INTUC after the recent election.

Being agitated at the assault of Kallol it is alleged that his followers who had come with him brought about 50 persons from Dissergarh Power Supply Station and a few from the Chinakuri colony. Kallol is alleged to have taken command of this body of men who were armed with pipe guns, lathis, knives etc. At this instance this mob was allowed to have killed three persons namely Basu Sing, his son Abtar Singh and Shri Sing and injured several others. Of the injured persons Parsuram Singh died in L. M. Hospital. All these persons are said to be supporters of the S. S. P. The police went to the place at about 16-45 hours on being informed. The police could not be informed earlier by the colliery authorities as the telephone was not operating and one of them had to go to Dissergarh to phone the police.

Attempts were made to arrest all persons who were responsible for the murder. Intensive search was organised throughout the night and 22 persons were arrested including several persons named in the F. I. R.

Now, Sir, immediately I came to know this thing I myself got in touch with the Inspector General of Police and directed him that the strongest steps must be taken to apprehend the offenders no matter what their political affiliation may or may not be.

Kallol Mukherjee, however could not be found. Efforts are being made to trace him and I hope that he will be apprehended anytime.

The persons murdered are non-Bengalees and are followers of Sudhir Rudra who is the local leader of S. S. P. Many of the persons arrested are non-Bengalees although they were led by Kallol Mukherjee. Mustafa a rickshaw puller and a criminal who is believed to have stabbed Parsuram Singh to death has also been apprehended.

The situation is quiet now and Kulti Police Station case No. 31, dated 27-7-72 under section 302/34 of the Indian Penal Code has been started.

Sir, it is such a serious matter that a discussion should take place on this and the time be allowed so that the views of the Members can be taken into account. If this is repeated, there will be no difference between our Government and the Government to which Shri Jyoti Basu was a Member. Everyone must realise that this Government has come to power only for the purpose of maintaining the law and order and if in the name of INTUC or the congress they carry on these nefarious activities we cannot keep quiet and we shall have to take the sternest action against all concerned. I have no doubt whatsoever with regard to all these arrests. No M. L. A.—I have no doubt that the congress M. L. As. or the opposition M. L. As. will come to either me or to any Minister for the purpose of saying in favour or against those persons we are going to deal with this matter firmly and we shall, I assure you, bring all the offenders to book. That is the difference between Shri Jyoti Basu's Government and the Congress Government.

Sir, if you kindly allow, a time may be fixed for a debate. If an adjournment motion had been brought by anybody—of course, the party in power cannot do so but any member of the opposition can bring it—that could have taken up for discussion because I consider it as a very serious matter.

**Shrimati Geeta Mukhopadhyaya :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই বিবৃতি করার জন্য তাঁকে অভিনন্দন জানাই। বাস্তবিকই উনি যে নীতি ঘোষনা করেছেন, এই নীতি যে কোন সুস্থ দেশে হওয়া উচিৎ এবং এই বিষয়ে সকলকে বলার সুযোগ দিলে যাতে সকলেই এই নীতি গ্রহণ করতে পারেন তার জন্য ব্যবস্থা করলে আমরা খুব আনন্দিত হবো এবং আপনাকে ধন্যবাদ জানাবো।

**Mr. Speaker :** I assure the Members of this House,—as desired by the Leader of the House, time will be allowed for discussion on the matter just after the debate or discussion on budget is over, if the members are really serious.

[2-20—2-30 p.m.]

### Statement under Rule 346

**Shri Siddhartha Shankar Ray**: Shri Charu Majumdar, the top C.P.M L. leader was arrested by the Calcutta Police in the early hours of 16-7-72 from his shelter at 107/A, Middle Road, Calcutta. On being brought down to the Lalbazar Police Headquarters, he was examined among others by an eminent Heart Specialist, Dr. C. C. Kar. An E. C G. was done and all possible medical care taken During stay in Police custody, he was under constant medical attention and treatment as advised by the said specialist. Regular interviews were allowed to the family members of Shri Majumdar to see him in Police custody As the condition of Shri Majumdar had sudddnly deteriorated towards the afternoon of 27-7-72, Dr. Kar was summoned. He examined Shri Majumdar and as advised by him, Shri Majumdar was admitted to the Heart Block of the S. S. K. M. Hospital under Dr. Kar at .-30 p.m. on 27-7-72. Despite all possible medical care, Shri Majumdar expired at about 04-50 hours on 28-7-72. According to a 4—man panel of physicians including Dr. Kar and the Surgeon Superintendent of the S. S. K. M. Hospital, the cause of death of Shri Majumdar was due to "ISCHAEMIC Heart Disease with CONGESTIVE CARDIAC failure." The death certificate of the late Shri Majumdar, has been duly signed by these four physicians. The Magesterial inquest and Post-mortem examination touching the dead body of late Shri Majumdar are being held. Mrs. Majumdar has been officially informed of the death of her husband and she expressed her desire to come down to Calcutta as early as possible. She is expected to be in Calcutta late by this afternoon. The eldest daughter of the late Shri Majumdar has already seen the body of her late father. The last rites will take place after her arrival.

**শ্রীকাশীকান্ত মৈত্র**ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি জরুরী ব্যাপারে বিবৃতি দিতে চাই।

বিধান সভার সভ্যগণ অবগত আছেন যে, ১৯৭২ সালের জানুয়ারী মাস থেকে কেন্দ্রীয় সরকার ও চিনি কলগুলির মধ্যে এক 'ভদ্রলোকের চুক্তি' (gentleman's agreement) অনুযায়ী চিনির নিয়ন্ত্রিত বণ্টন আরম্ভ হয়। গত ৩০শে জুন, ১৯৭২ তারিখ পর্যন্ত ছ'মাস এই চুক্তি বলবৎ ছিল। এই চুক্তি অনুসারে রেশন দোকান মারফৎ বণ্টনের জন্য তাঁদের উৎপাদনের শতকরা ৬০ ভাগ চিনি কারখানা থেকে ১৫০ (এক শত পঞ্চাশ) টাকা কুইণ্টাল দরে ছাড়তে হত।

চিনি কারখানাগুলি ১৯৭২ সালের ৩০শে জুনের পরে এই চুক্তির মেয়াদ আর বাড়াতে অস্বীকার করায় ১৯৭২ সালের ১৫ই জুন ভারত সরকার ঘোষণা করলেন যে, ১লা জুলাই থেকে চিনি উৎপাদনের শতকরা ৬০ ভাগের উপর লেভি ধার্য করা হলো এবং বিভিন্ন অঞ্চলের জন্য চিনির কারখানার দর স্থির করা হলো কুইণ্টাল প্রতি ১২২.৮২ টাকা থেকে ১৮৩.৭৭ টাকা পর্যন্ত।

এই ব্যবস্থা অনুযায়ী ১৯৭২ সালের জুলাই মাসের বরাদ্দ ওই দরেই ছাড়ার আদেশ জারী করা হয়। উত্তর প্রদেশের কারখানাগুলি থেকে কুইন্টাল প্রতি চিনির দাম ধার্য্য করা হল মোটামুটি ১৩৫ টাকা, কিন্তু এই আদেশের প্রতিবাদে উত্তর প্রদেশের কয়েকটি চিনি কারখানা এলাহাবাদ হাইকোর্ট থেকে অন্তর্বর্তী আদেশ পেয়ে গেলেন যাতে তাঁরা ছাড়া লেভি চিনির শতকরা মাত্র ২৫ ভাগ কুইন্টাল প্রতি ১৫০ টাকা দরে বিক্রি করতে পারবেন। জানা গিয়েছে যে মহীশূর ও দিল্লী অঞ্চলের কিছু কিছু কারখানাও অনুরূপ আদেশ পেয়েছেন।

যদিও তামিলনাদের কারখানাগুলি এখনও আদালতে যাননি কিন্তু তাঁদেরও অনেকে চলিত শর্তে চিনি পাঠাতে অস্বীকার করেছেন এবং এমন কতগুলি শর্ত আরোপ করেছেন যাতে লেভি চিনির দাম বেড়ে যাবার আশংকা রয়েছে। এর ফলে এই কারখানাগুলি থেকে লেভি চিনি আনা মুশকিল হয়ে দাঁড়িয়েছে। এবার আমাদের রাজ্যের চিনির বরাদ্দ অর্ধেকের বেশি উত্তর প্রদেশ ও তামিলনাদের কারখানা থেকে ধার্য করা হয়েছে। সেই কারণে অবস্থা একটা গুরুতর চেহারা নিয়েছে। যদি অবিলম্বে ভারত সরকার এই সব বাধা দূর করার জন্য কোন কার্য্যকর ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে এই রাজ্যে লেভি চিনি ঘাটতি হবার আশংকা রয়েছে।

রাজ্য সরকার এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছেন এবং যতটা সম্ভব বেশি লেভি চিনি পাবার জন্য সম্ভাব্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। লেভি চিনির ঘাটতি এড়াবার জন্য আর কি কি ব্যবস্থা নেওয়া যায় তাও আমরা বিবেচনা করে দেখছি। ব্যাপারটি জনসাধারণের পক্ষে বিশেষ গুরুত্বপূর্ণ এবং সেই কারণেই আমি বিধান সভার সদস্যদের চিনির সুষ্ঠু বণ্টন ব্যবস্থায় যে প্রতিবন্ধকতা দেখা দিয়েছে সে সম্পর্কে বর্তমান অবস্থা জানাবার সুযোগ গ্রহণ করলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে অনুমতি এবং সুযোগ দিয়েছেন সেজন্য আপনাকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি।

## Mention Cases

**শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে বক্তব্য রাখতে চাই। স্যার, হরিণখোলাতে যে ফেরিঘাটটি আছে সেটা খুব বড় ফেরিঘাট। সেই ফেরিঘাট দিয়ে হুগলী, বর্ধমান, বাঁকুড়া, মেদিনীপুর জেলার বহু লোক যাতায়াত করেন। সেখানে মুণ্ডেশ্বরী নদীতে একটি কাঠের পুল আছে। সেখানে বন্যার সম্ভাবনা আছে, কারণ নদীতে জল বাড়ছে দেখে এসেছি। সেখানে সেই কাঠের পুলটি যদি তুলে দেওয়া না হয় তাহলে নৌকা চলাচল বা ফেরি পারাপারের দিক থেকে নৌকা-ডুবি হতে পারে বা জননিরাপত্তার দিক থেকেও বিপদ আসতে পারে। সেইজন্য আমি মেনসানে এই বক্তব্য রাখছি যে সেখানে D. M. বা S. D.O কে জানানো হয়েছে, এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, যাতে বিভাগীয় মন্ত্রী বন্যার আগেই এই কাঠের পুলটি বিমুক্ত করে দেবার ব্যবস্থা করেন সেই জন্য আবেদন রাখছি।

**শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমায় কর্ণজোড়াতে একটি ইনডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনসটিটিউটের বাড়ী ১৯৬৬ সালে কয়েক লক্ষ টাকা ব্যয়ে কমপ্লিট করা হয়েছে; স্যার, ঐ জেলাতে অন্য কোন ইণ্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনসটিটিউট নেই। তা সত্বেও ঐ I. T. I. আজ পর্যন্ত খোলা হয়নি। ঐ I.T.I. খুললে মোটর মেকানিজম, ওয়েলডিং

ইত্যাদি বেকার ছেলেরা শিখে নিজেরা রোজগার করতে পারতো। সেখানে বিল্ডিংটি পড়ে রয়েছে, কোন কাজ হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি যে তিনি যেন ঐ I. T. I.-টি যত শীঘ্র সম্ভব খোলার ব্যবস্থা করেন।

**শ্রীসুধীরচন্দ্র বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রবীন্দ্র ভারতীতে যে ধূমায়িত অসন্তোষ আছে সেটা সভার কাছে তুলে ধরতে চাই। স্যার, যখন সারা পশ্চিমবংগে সমস্ত স্কুল কলেজে, বিশ্ববিদ্যালয়ে ছাত্র অসন্তোষ এবং শিক্ষা নৈরাজ্যে ভরে গিয়েছিল তখন এই একটি বিশ্ববিদ্যালয় যেটা রবীন্দ্রনাথের নাম অনুসারে নামাংকিত, সেই রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে অসন্তোষ ছিল না। সে দিন আমরা দেখেছি ছেলেরা নিজেরাই পরীক্ষায় গার্ড দিচ্ছে, কর্তৃপক্ষের সহযোগিতায় এবং সেখানে শান্তিপূর্ণভাবে পরীক্ষা হচ্ছে। কিন্তু স্যার, আজকে সেখানে ছেলেরা অনশন সুরু করেছে। তাদের এই যে অসন্তোষ, এর কয়েকটি কারণ আছে। এ্যাকোমোডেসান নেই, বসবার জায়গা নেই, লাইব্রেরী ঘর নেই—বই সব গাদা হয়ে পড়ে রয়েছে, কোন ক্যান্টিন নেই, সেখানে খেলে যে কোন মূহূর্ত্তে কলেরা হতে পারে, জল খাওয়ার ব্যবস্থা নেই। সেখানে ৪ তলা বাড়ীতে এই কলেজ, সেখানে এ ছাড়া আরো অব্যবস্থা আছে। এ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং ১৯৬৫ সালে তৈরী করতে সুরু হয়েছিল কিন্তু হিরণ্ময় বন্দ্যোপাধ্যায়—ভাইস-চানসেলার চলে যাবার পর সেখানে আর কোন কাজ হয়নি। কাজেই স্যার, সেখানে এ্যাকোমোডেসান নেই, হোষ্টেল নেই, খাওয়ার ব্যবস্থা নেই, ছেলেদের বসবার জায়গা নেই, পড়বার জন্য লাইব্রেরী ঘর নেই, এতে যদি ছেলেরা অসন্তুষ্ট হয় তাহলে তার নিশ্চয় প্রতিকার করার ব্যবস্থা করা দরকার। তাই স্যার, আমি আপনার মাধ্যমে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের এই অবস্থার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-30—2-40 p.m.]

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বাঁকুড়ায় খরার পর আজ পর্যন্ত ৫% এর বেশী বৃষ্টি হয়নি। যার ফলে সেখানকার ছোট ছোট চাষী এবং কৃষকদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছে এবং তারা খুব দুরবস্থার মধ্যে পড়েছে। এই দুরবস্থার জন্য বাঁকুড়ার বেশির ভাগ জমিতেই চাষ হয়নি এবং ছোটখাট কৃষক ও ক্ষেতমজুররা মাঠে ঘাটে কাজ পাচ্ছে না। এ ছাড়া সেখানে বর্তমানে একটা চরম অসুবিধা দেখা দিয়েছে—যে চারা ধানগাছগুলি লাগানো হয়েছিল সেগুলি প্রায় হলুদ হয়ে গেছে এবং সেখানে একটা চরম অবস্থা দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখুনি একটা প্রতিকারের ব্যবস্থা না করলে এবং সেখানে উপযুক্ত টি. আর.-এর ব্যবস্থা না করলে সেখানকার অবস্থা আরো খারাপ হয়ে উঠবে।

**শ্রীঅসমঞ্জ দে ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকৃষ্ট করছি। সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের ডি. পি. আই থেকে সমস্ত বেসরকারী কলেজে একটি সারকুলার গেছে—যেখানে কলেজ কর্তৃপক্ষের ক্ষমতা থাকা সত্ত্বেও ১-১-৭২ তারিখের পরে নিযুক্ত কলেজ শিক্ষকদের ৪০ টাকার বেশি ভাতা দেওয়া চলবে না। এই প্রসংগে উল্লেখ্য যে পশ্চিমবংগের প্রায় ৮০% কলেজ এই ৪০ টাকা ডি এ দিয়ে থাকে। এই সারকুলার এনফোর্স করে ডি পি আই থেকে গত ১-১-৭২ তারিখে

বের করাবার পর সেই সমস্ত শিক্ষকরা অনুমতি পাননি এবং তাদের গভর্ণমেণ্ট ডিয়ারনেস অ্যালাওয়েন্স পর্য্যন্ত বন্ধ করে দিয়েছেন। যার ফলে ওখানে একজন শিক্ষক মাইনে ও ভাতা নিয়ে ১৪০+৪০ মোট ১৮০ টাকার বেশী পান না। অত্যন্ত দুঃখের বিষয় সেখানে কলেজের একজন সাব-ষ্টাফের চেয়েও তাদের কম মাইনে। এই প্রসংগে মাননীয় শিক্ষামন্ত্রীকে স্মরণ করিয়ে দেওয়া দরকার বিগত ১৯-৭-৭১ তারিখে রাষ্ট্রপতির শাসনে ওখানে সারকুলার গিয়েছিল এবং শিক্ষক সমাজের মিলিত আন্দোলনের চাপে পড়ে সেদিন এই সারকুলার প্রত্যাহার করে নিতে বাধ্য হয়েছিলেন। আজকে আমরা সমাজবাদের কথা বলছি, সমতার কথা বলছি, ইউনিফর্মিটির কথা বলছি, কিন্তু তা সম্ভব হচ্ছে না। এখন সবচেয়ে বড় কথা একটি কমিশন যখন প্রতিষ্ঠিত হয়েছে টু এনকোয়ার ইনটু দি কাইন্যানসেস অব দি প্রাইভেট কলেজেস তখন সেই কমিশনের রিপোর্ট যখন বেরোয় নি, রিপোর্টের অপেক্ষা না করে এই ধরণের সারকুলার দেওয়া শিক্ষক স্বার্থের বিরোধী বলে আমি মনে করি। সেই জন্য শিক্ষামন্ত্রীকে অবিলম্বে এই সারকুলার প্রত্যাহার করে নেবার জন্য আপনার মাধ্যমে দাবী জানাচ্ছি।

**ডাঃ এ, এম, ও, গণি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি মর্মান্তিক ট্রাজেডিক ঘটনা সম্পর্কে আপনার মাধ্যমে হাউসের মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। এটা একটি অতি গুরুত্ব-পূর্ণ ব্যাপার যার জন্য কালকে স্টেটসম্যান পত্রিকা প্রথম পাতায় এই খবরটি দিতে তারা যোগ্য মনে করেছিলেন। আমাদের কলকাতার একটি ব্রিলিয়্যাণ্ট ছাত্র পি বি চৌধুরী, তার নাম দিল্লীর রামদাস কলেজে ইকনমিকস্ (আর্টস)-এ দাখিল হয়েছিল। ১ সপ্তাহ ব্যাপী তাকে এমনভাবে র‍্যাগ করা হয় যে গত ২১ শে জুলাই সে নিজের বাপ-মায়ের বাড়ীতে ফিরে আসে। তখন সে বদ্ধ পাগল হয়ে গেছে, ঘুম নেই, সারা রাত চীৎকার করছে, এই ঘটনা ঘটেছে। এটা শুধু দিল্লীতেই ঘটে নি, আমাদের প্রদেশে যে আই আই টি হয়েছে সেখানেও এমনি ছোট খাট ঘটনা হয়েছে। তার কোন প্রতিকার হয়নি এর সংগে আমাদের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতি রয়েছে। কিছু যুবক অন্ধভাবে ইউরোপীয়ান ও আমেরিকান লাইফের জঘন্যতম চিত্র অনুসরণ করছে। এটা এখুনি বন্ধ হওয়া দরকার। এই স্যাডিজম যারা করে তাদের অত্যন্ত জঘণ্য ইনফ্লুয়েন্স হয় এবং আমাদের যুব-সমাজের একটা রূপ আছে এই র‍্যাগিং-এ, সেটা ওখান থেকে কপি করে—এটা ইমিডিয়েটলি বন্ধ করা দরকার। এদিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয় ও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবিরেশ্বর রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর খরায় বিধ্বস্ত হয়েছে, স্বাস্থ্য বিভাগেও দেখা যায় খরার লাল ছায়া পড়েছে। তার কারণ আজ থেকে প্রায় দেড় মাস আগে স্বাস্থ্যমন্ত্রী এই জেলা পরিদর্শন করেছেন। বালুরঘাটে একটি উচ্চমানের হাসপাতাল আছে। এই হাসপাতালে ৫টি বিভাগে বিশেষজ্ঞ প্রয়োজন। সেখানে X-ray হয় না। Electric Power-এর অভাব। যা X-ray হয় ডাক্তাররা diagnosis করতে পারে না। তাছাড়া এখানে blood bank দরকার, কারণ এখানে কোন blood bank নেই। তাই সুদূর মালদহ থেকে এসে চিকিৎসা করতে হয়। এছাড়া আর একটি অসুবিধার কথা বলছি। এখানে দুধের যে rate, Government-এর rate হচ্ছে ১ টাকা ৯ পয়সা, এই rate-এ এখানে দুধ পাওয়া যায় না। দুধ যা Supply হয় সেটা Contractor-রা supply করে, জল মেশানো দুধ, রুগীরা জল ছাড়া খুব বেশী দুধ পায় না। সেজন্য এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীআবদুলবারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমি বারবার বলেছি যে আমাদের মুর্শিদাবাদ

জেলায় খরা এবং বন্যা দারুনভাবে দেখা দেওয়ায় ঐ জেলার অর্থনৈতিক অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছে। আস্তে আস্তে এই অবস্থা শোচনীয় থেকে শোচনীয়তর হয়ে পড়ছে। বর্তমান অবস্থা হচ্ছে এই রকম। মুর্শিদাবাদ একটা বাগড়ী এলাকা আর একটা হচ্ছে রাঢ় এলাকা। রাঢ় এলাকায় চাষ হবে না যতক্ষণ পর্যন্ত বৃষ্টি পড়ছে। আর বাগড়ী এলাকায় যা চাষ হয়েছিল এখন বৃষ্টির অভাবে সেই সমস্ত জায়গায় চাষীদের আউস, আমন ধান, সেই আউস ধানের শীষ বেরুতে পারছে না। আমন ধানও মরতে বসেছে, পাটও মরতে বসেছে। এবং পশ্চিম অঞ্চলের সমস্ত চাষ বন্ধ হয়ে গেছে। এই রকম অবস্থার মধ্যে বিভিন্ন সংবাদপত্রে অনেক উদ্বেগজনক সংবাদ বেরোচ্ছে। এই বিধানসভায় আমাদের জেলার অন্যান্য মাননীয় সদস্যরা গতকাল এবিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন। আমাদের জেলায় এই প্রথম নয়, আমি এখন জানতে পারলাম যে মুর্শিদাবাদ জেলার জংগীপুর মহকুমার সুতি থানার বংশবাটি গ্রামে ৩ জন লোক খাদ্যের অভাবে মারা গেছেন, এই রকম খবর আমার কাছে এসেছে। সত্যাসত্য তদন্ত করলে নিশ্চয়ই জানা যাবে। কিন্তু President, Block Congress Committee-র সুতি এক নম্বর, শ্রীউমাপতি মণ্ডল, আমাদের বন্ধু সদস্য হবিবুর রহমানের কাছে পূর্ববংশবাটি গ্রাম পঞ্চায়েতের একটা resolution করে পাঠিয়েছে, সেই resolution-এর কপি MLA-র কাছে পাঠিয়ে অনুরোধ করা হয়েছে, আমি সেই নামগুলি এখানে পড়ে শুনিয়ে দিচ্ছি। শম্ভু মাল, বংশবাটি গ্রাম, অবলা মাল বংশবাটি থানা সুতি ২৫।৭।৭২তারিখে মারা গেছে। পাতলু মাঝি, বংশবাটি গ্রাম সুতি থানা, ২৬।৭।৭২ তারিখে মারা গেছে। এবিষয়ে একটা টেলিগ্রাম ২৬।৭।৭২ তারিখে D.M.-এর কাছে করা হয়েছে, কিন্তু এসম্পর্কে action নেওয়া হয়নি।

**Mr. Speaker** : Mr. Biswas, you please take your seat. We are not going to misuse the power or right, you have already made a long statement, you will not be allowed to make longer statement. I gave you three minutes time.

**শ্রীআবদুলবারি বিশ্বাস** : স্যার, এমন একটা গুরুতর অবস্থা হয়েছে আমরা আপনার কাছে নিবেদন করবো, এখন আমাদের হাউস চলছে, আজকে মুখ্যমন্ত্রীর কাছে মুর্শিদাবাদের সমস্ত MLA-র স্বাক্ষর করে বর্তমান অবস্থার কথা জানিয়েছেন। সেজন্য বলছি, যখন হাউস চলছে এবং বর্তমানে খরা পরিস্থিতি এই রকম আকার ধারণ করছে, আমাদের মন্ত্রীরা এখানে রয়েছে। তারা যদি একটি বিবৃতি দেন এই বিষয়ে।

**Mr. Speaker** : If you want to discuss that you may bring a motion for that. There is no scope for any discussion at this stage. I now call upon Shri Sukumar Bandyopadhyay to speak.

(At this stage Shri Sukumar Bandyopadhyay rose to speak.)

**শ্রীআবদুলবারি বিশ্বাস** : আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। আপনি স্যার, এদিকে একটু নজর দিয়ে মন্ত্রীকে বলুন, যেখানে আমাদের জেলায় এই রকম অবস্থা চলছে, আপনি একটু দয়া করে বলুন আমাদের কথা। এই রকম অবস্থা চলতে পারে না। এটা শুনতে হবে, মৃত্যুর খবর আসছে সেটা বিচার করে দেখবেন। মানবিকতার দিক থেকে, humanitarian ground-এর দিক থেকে আজকে লোক মরছে, particulars specific বলছি,

এবং সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনি মন্ত্রীদের একটা অনুরোধ করুন তারা যেন এই বিষয়ে একটা বিবৃতি দেন তা না হলে আমরা অস্বস্তি বোধ করছি।

**Mr. Speaker :** You are a senior Member of the House You know, it is not my business to force a Minister to speak. You have drawn the attention of the House. It is not the duty of the Chair to ask a Minister and force him to make a statement on the subject. I cannot do that. It is the duty of the House to take any action. It is not my duty to force a Minister to make a statement, and you know that.

[2-40—3-00 p.m. including adjournment]

**শ্রীআবদুলবারি বিশ্বাস :** Definitely Sir, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সঙ্গে আমি একমত, আজকে এতবড একটা গুরুত্বপুর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ কর ছ, এখানে মন্ত্রীগণ আছেন, সাধারণভাবে starvation death এর কথা বলছি না, এই রকম ঘটনা ঘটেছে। একটা resolution আমাদের Block কংগ্রেসের তরফ থেকে এসেছে, তাতে Block-এর উর্দ্ধতন কর্তৃপক্ষরা বলছেন যেখানে মৃত্যুর খবর পাওয়া সত্ত্বেও যে এটা তদন্ত করার কথা, একটা বিহিত ব্যবস্থা করে immediately relief পাঠানোর জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হবে। মাননীয় আবদুস সাত্তার মহাশয়কে হাউসে দেখলাম। এই উদ্বেগজনক পরিস্থিতি নিয়ে আজকে Cabinet-এ discussion ছিল। সেজন্য বারবার অনুরোধ করছি, মন্ত্রী মহাশয় এখানে আছেন, একবার আপনি অনুরোধ করুন on humanitarian ground-এ অন্ততঃপক্ষে মুর্শিদাবাদ জেলার ২৯ লক্ষ লোকের তরফ থেকে দাঁড়িয়ে, মন্ত্রী মহাশয়কে কিছু বলতে, কারণ আমরা এখানে অসহায় বোধ করতে পারি না।

Mr. **Speaker :** I call upon the Minister for Parliamentary Affairs to say something about it.

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, I share the views expressed by the hon'ble Members. Government is alive to the situation. Necessary measures are being taken to meet the challenge.

**শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহাভারতের শান্তিপর্বে আছে, সালঙ্কারা রমণী যদি রাস্তায় রাত বারটায় নিরাপদে বেডাতে পারেন তাহলে আইন শৃঙ্খলার উন্নতি হয়েছে বলে ধরে নেওয়া যেতে পারে। আইন শৃঙ্খলার উন্নতি খানিকটা হয়েছে ঠিক, কিন্তু আপনি শুনলে অবাক হয়ে যাবেন—আজকের যুগান্তর দেখলে দেখতে পাবেন, একজন যুবতী রমণীকে দমদমে সাত জন দুবৃত্ত জোর করে ধরে নিয়ে গিয়ে, সেই বোনের শ্লীলতা হানি করেছে। আজকে সভ্য জগতে এই রকম ঘটনা কলঙ্কজনক এবং লজ্জাজনক ঘটনা। যেসমস্ত নরপশু এই নারকীয় লজ্জাজনক আচরণ করল, তাদের কোনমতে ক্ষমা করলে আমি মনে করি আইন শৃঙ্খলায় শ্রদ্ধা পোষণ করা হবে না। আমাদের মা বোনেরা অনেকে রাস্তায় বেরিয়ে এসেছেন, কর্ম্মজগতে, শিক্ষা জগতে। তারা যদি নিরাপদে রাস্তায় না চলতে পারে তাহলে কি হবে। আজকে এই অসহায় রমণীকে এইরকম

াবে কোথাও ধরে নিয়ে গিয়ে পাশবিক অত্যাচার করবে। এই যদি আইনশৃঙ্খলার বর্তমান অবস্থা। তাহলে এর প্রতি শ্রদ্ধা থাকবে কি করে। আমি আপনার মাধ্যমে এই গুরুত্বপূর্ণ বিষয়টি উত্থাপন রলাম এবং আমি দাবী করছি এই রকম একটা জরুরী বিষয়ে মন্ত্রী মহাশয় একটা বিবৃতি দিন এবং নুরোধ জানাচ্ছি যাতে ভবিষ্যতে এইরকম আচরণ না হয় তার জন্য সমস্ত প্রতিকারের ব্যবস্থা বলম্বন করার জন্য সরকারকে অনুরোধ জানাচ্ছি। আশা করি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ্যাপারটির গুরুত্ব বিবেচনা করে মন্ত্রী মহাশয় একটা বিবৃতি দেবেন।

**শ্রীপ্রবোধকুমার সিংহ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার নির্ব্বাচনী এলাকা শ্চিম দিনাজপুর জেলার কুমারগঞ্জ অঞ্চলের জনসাধারণের জীবনের সঙ্গে জড়িত একটা গুরুত্বপূর্ণ ষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

সম্প্রতি এই স্বাস্থ্য কেন্দ্রটিকে বাসের অনুপযোগী বলে ঘোষণা করা হয়েছে এবং সেখানে কিৎসার যেসব সুযোগ-সুবিধা ছিল তার থেকে বঞ্চিত করা হচ্ছে। ইনডোর-এ যে সুযোগ-বিধা সাধারণ মানুষ পায় তাও তাদের দেওয়া হচ্ছে না। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার ধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে এই অনুরোধ রাখছি জেলার যখন চারিদিকে জীবন বিধ্বস্ত, পর্যন্ত হয়ে উঠেছে খরার ফলে তখন যেন তারা এই সাধারণ চিকিৎসার সুযোগটুকু না হারায়। ই বাসভবনের মেরামতি কার্য্য অবিলম্বে চালু করা হোক এই অনুরোধ করে আমি আমার বক্তব্য ষ করছি।

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ষয়ের প্রতি মাননীয় সদস্যের এবং শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। াপনি জানেন যে গত বন্যায় এই পশ্চিমবঙ্গের বিশেষ করে ১৩টি জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলির ঘর-ড়ীর ভীষণ ক্ষতি হয়েছে, কিছু প্রতিষ্ঠানের ঘর-বাড়ী আংশিকভাবে নষ্ট হয়, আর কিছু প্রতিষ্ঠানের রবাড়ী মাটিতে বসে যায় এই পরিস্থিতিতে অনুদান পাওয়ার জন্য তারা দরখাস্ত করেছে এবং কছু সংখ্যক প্রতিষ্ঠানের তদন্ত হয়েছে, আর কিছু সংখ্যক প্রতিষ্ঠানের দরখাস্ত করা সত্ত্বেও তদন্ত য়নি, আর যেগুলির তদন্ত করা হয়েছে তারা একটিও পয়সা পায়নি। সেইজন্য আমি আপনার ধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের শিক্ষা তিষ্ঠান চরে অবস্থিত, চরকুটি বাড়ী সেই বন্যায় মাটির সঙ্গে মিশে গিয়েছে। খরা এবং বর্ষায় সখানকার সেই সমস্ত ছাত্রদের খুব অসুবিধা হচ্ছে। সেই জন্য অনুরোধ করছি এইটা অবিলম্বে করা হোক।

(At this stage the House was adjourned till 3 p.m.)

(After adjournment)

[3-00—3-10 p.m.]

**Voting on Demends For Grants**

**Mr. Speaker :** To-day is the last day for voting on demand for grants. There are as many as 21 Heads of Demand for Grants for disposal. In con-

formity with the previous practice and in pursuance of rule 209(3) of the Ru of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Asseml I fix that the House will sit to-day up to 8 p.m. and I also fix that the guil tine will fall at 7 p.m. Immediately after 7 p m. I shall put all outstandi questions to vote without any debate. I hope that all the Members will t to be brief in their speeches.

**Demand For Grant No. 42**

Major Head : 70—Forests

**Shri Sitaram Mahato** : Mr. Speaker, Sir, on the recommendation of t Governor, I beg to move that a sum of Rs. 3,59,50,000 be granted for expend ture under Grant No. 42, Major Head : '70—Forests.''

(This is inclusive of Rs. 1,19,83,000 already voted on account March, 1972.)

উপরিলিখিত মোট ব্যয়-বরাদ্দের মধ্যে ২ কোটি ৪৮ লক্ষ ৬ হাজার টাকা বিভাগের সাধা কাজের জন্য আর অবশিষ্ট ১ কোটি ১১ লক্ষ ৪৪ হাজার টাকা উন্নয়নমূলক কাজের জন্য ধ হয়েছে।

৩ কোটি ৫৯ লক্ষ ৫০ হাজার টাকার মোট ব্যয় থেকে অন্যান্য রাজ্য সরকার, বিভাগ প্রভৃ মারফত মোট ৭ লক্ষ ৫৯ হাজার টাকার অনুমিত আদায় বাদ দিলে এই খাতে নীট ব্যয় হবে ৩ কো ৫১ লক্ষ ৯১ হাজার টাকা।

পশ্চিমবঙ্গে বনের মোট আয়তন ১১ হাজার ৮ শত ৩০ বর্গ কিলোমিটার যা রাজ্যে মোট ভূভাগের প্রায় ১৩ শতাংশ মাত্র, যেখানে দেশের স্বীকৃত মান অনুযায়ী এই আয়তন ৩৩ শতাংশ হওয়া উচিত ছিল। রাজ্যের বনভূমি মাথাপিছু হিসাবে মাত্র ০.০৩ হেকটর- সর্বভারতী মান ০.১৪ হেকটার এবং বিশ্বমান ১.২৫ হেকটারের তুলনায় এটি অত্যন্ত নগণ্য। জনসংখ্যা চাপ এ রাজ্যে খুবই বেশী ; কিন্তু এইটিই বনাঞ্চল কম হওয়ার একমাত্র কারণ হওয়া উচিত নয় কেরালা রাজ্যে জনসমষ্টির চাপ আরও অনেক বেশী হওয়া সত্ত্বেও সেখানে মোট ভূভাগের ৩৯. শতাংশ বনভূমি, এমনকি পশ্চিম জার্মানীর মত অতি উন্নত শিল্পপ্রধান দেশের পক্ষেও মো ভূভাগের ২৮.৯ শতাংশ জমিতে বন রাখা সম্ভব হয়েছে। সুতরাং উপরের দৃষ্টান্ত থেকে শিক্ষ নিয়ে রাজ্যের বন-এলাকা বাড়াবার উদ্দেশ্যে বনসৃজনের কাজে আমাদের সকল প্রচেষ্টা নিয়ো করতে হবে। রাজ্যে বনের পরিমাণ সামান্যই—সেকারণে প্রতি হেকটার বন থেকে অল্প ব্যয়ে অধিক আয় করতে হলে বনপরিচালন নীতিকে নবরূপে রূপায়িত করতে হবে। সেই সঙ্গে রাজ্যের বনসম্পদ বৃদ্ধির জন্য কৃষির অযোগ্য পতিত জমি ও অন্যান্য ফাঁকা জায়গায় ব্যাপকভাবে নূতন বন সৃজন করতে হবে।

পশ্চিমবঙ্গে বনজদ্রব্যের ওপর নির্ভরশীল শিল্পে নিয়োজিত মূলধনের পরিমাণ উল্লেখযোগ্য কিন্তু কাঁচামালের সরবরাহ কম থাকায় এই শিল্পে এক ভয়াবহ অবস্থা সৃষ্টি হয়েছে। কাগজশিল্পে

প্রয়োজনীয় কাঠের বার্ষিক চাহিদা যেখানে ১ লক্ষ ৭৫ হাজার টন, রাজ্যের আভ্যন্তরীণ সরবরাহের পরিমাণ সেখানে মাত্র ৩০ হাজার টন। দিয়াশলাই শিল্প, প্লাইউড শিল্প ও নির্মাণকার্যের জন্য কাঠের ক্ষেত্রেও অবস্থা সমান নৈরাশ্যজনক। এইসব কাজের জন্য প্রয়োজনীয় কাঠের বার্ষিক চাহিদা ৮ লক্ষ কিউবিক মিটার আর রাজ্যের মধ্য থেকে সংগৃহীত সরবরাহের পরিমাণ মাত্র ২ লক্ষ কিউবিক মিটার। কাঁচা মালের স্বল্পতা হেতু রাজ্যের কয়েকটি কারখানা বন্ধ হয়েছে এবং আরও কয়েকটির রাজ্যের বাইরে যেখানে কাঁচামালের যোগান পাওয়া সম্ভব, সেইসব জায়গায় স্থানান্তরের সম্ভাবনা আছে। এই পরিপ্রেক্ষিতে শিল্পে প্রয়োজনীয় ও অর্থকরী কাঠের সরবরাহ বৃদ্ধির জন্য বনসৃজনের প্রচেষ্টা অবশ্যই বাড়াতে হবে।

বনবিভাগের পরিকল্পনাগুলি শ্রমভিত্তিক। বনসম্পদ বৃদ্ধির জন্য এই কার্য্যে নিয়োজিত অর্থে দেশের জনগণের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার উন্নতিসাধনে উল্লেখযোগ্য ভূমিকা আছে। তৃতীয় পরিকল্পনাকালে বনবিভাগ বার্ষিক ১১ লক্ষ ৭ হাজার শ্রম-দিবসের কাজ সৃষ্টি করেছিল। পরবর্তী তিন বছরের (১৯৬৬-৬৭ থেকে ১৯৬৮-৬৯) পরিকল্পনাকালে এই কাজের মাত্রা ১৪ লক্ষ ৭ হাজার শ্রম-দিবসে উন্নীত হয়েছিল অধিক অর্থ বিনিয়োগের ফলে। কিন্তু চতুর্থ পরিকল্পনাকালে স্বল্পতা হেতু প্রস্তাবিত কাজের মাত্রা ৫ লক্ষ ৮০ হাজার শ্রম দিবসের বেশী করা সম্ভব হয়নি। পঞ্চম পরিকল্পনাকালে বনবিভাগের পরিকল্পনায় আরও অধিক অর্থ বিনিয়োগের প্রয়োজন, যাতে ১৯৬৬-৬৭ থেকে ১৯৬৮-৬৯ সালের তিন বছরের পরিকল্পনাকালে যে কাজের ব্যবস্থা করা সম্ভব হয়েছিল, তার চাইতে বেশী কাজ সংগ্রহ করা যায়।

বন-উন্নয়ন কাজে যে টাকা খরচ করা হয় মাথাপিছু হিসাবে সে টাকা এ রাজ্যে সব থেকে কম। আসামের মাথাপিছু খরচ ২ টাকা ৬২ পয়সা; মধ্যপ্রদেশের ২ টাকা ২০ পয়সা, গুজরাটের ১ টাকা ৫১ পয়সা, উত্তর প্রদেশের ১ টাকা ৪৮ পয়সা আর ওড়িষ্যার ১ টাকা ১৮ পয়সা—সে তুলনায় পশ্চিমবঙ্গের খরচ মাত্র ৪৮ পয়সা। পশ্চিমবঙ্গের মত রাজ্যে, যেখানে বনের আয়তন খুবই কম অপর পক্ষে জনসংখ্যার প্রচণ্ড চাপ ও শিল্পাদি বিশেষভাবে কেন্দ্রীভূত, পঞ্চম পরিকল্পনাকালে বনজসম্পদ বৃদ্ধির জন্য ও নতুন নতুন কাজের মাধ্যমে জনগণের সামাজিক ও অর্থনৈতিক মান উন্নয়নের জন্য অধিক অর্থ বিনিয়োগ করতেই হবে।

বনবিভাগের উন্নয়ন কাজগুলি সাধারণতঃ অনগ্রসর এলাকাতেই করা হয়—এতে চাষের কাজে যাঁরা পুরা কাজ পাননা এমন সব লোকদের নিয়োগ করা হয়—ফলে গ্রামবাসীর অর্থনৈতিক দুর্দশার অনেকটা লাঘব হয়। এ প্রসঙ্গে বলা অপ্রাসঙ্গিক হবে না যে বর্তমানে বন-এলাকার মধ্যে বসবাসকারী বন-শ্রমিকদের নিয়ে আমরা এক গুরুতর সমস্যার সম্মুখীন হয়েছি। এই সব শ্রমিক গত ১৯৬৭ সাল থেকে আন্দোলন করছেন এবং পরবর্তী সময়ে এই আন্দোলনের রূপ গুরুতর আকার ধারণ করে। বনসৃজনের কাজের জন্য এই সব শ্রমিকদের বনবিভাগ বিভিন্ন স্থান থেকে নিয়ে এসেছিল এবং কতকগুলো শর্তাধীনে তাঁদের কাজে নিয়োগ করা হয়েছিল। শর্তানুযায়ী তাঁদের ৯০ দিন বিনা পারিশ্রমিকে বিভাগের কাজ করতে হ'ত, পরিবর্তে তাঁদের বিনা খাজনায় চাষের ও গৃহনির্মাণের জমি, বিনা খরচায় চিকিৎসার ব্যবস্থা, ছেলেমেয়েদের জন্য বিনা বেতনে পড়াশুনার ব্যবস্থা ও অন্যান্য নানা সুযোগ-সুবিধা দেওয়া হোত। বর্তমানে যেহেতু শ্রমিকরা এই নিয়মে কাজ করতে ইচ্ছুক নন, সেজন্য ঐ ব্যবস্থা তুলে দিয়ে তাঁদের দৈনিক কাজের জন্য তিন টাকা হারে মজুরি দেবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফলে বনসৃজনের কাজে ব্যয়ের পরিমাণ বৃদ্ধি পাবে আর এতে বিভাগের মোট বরাদ্দ উল্লেখযোগ্যভাবে প্রভাবিত হবে।

বর্তমানে বনাঞ্চলের সন্নিহিত স্থানের বাসিন্দাদের দ্বারা বনভূমি বেদখলের অপচেষ্টা খুব বৃ পেয়েছে। এই সব লোক কৃষিকাজ বা বসতি স্থাপনের উদ্দেশ্যে বনভূমি দখল করছে। এই চেষ্টা ব করার জন্য জঙ্গল সীমানায় জরীপ ও জঙ্গল সুদৃঢ় করার কাজ হাতে নেওয়া হয়েছে। কিছু সংখ্য দুষ্কৃতকারী বেআইনীভাবে বনজ দ্রব্য অপসারণ করছে। এটি বন্ধ করে জঙ্গল রক্ষা করা আর এ গুরুতর সমস্যা হয়ে দাঁড়িয়েছে। বন-সংরক্ষণের জন্য উপযুক্ত ব্যবস্থাদি নেওয়া হচ্ছে, তবে এ ব্যাপা কর্মীসংখ্যা বাড়ানো দরকার। বেআইনীভাবে বৃক্ষচ্ছেদন ও অপসারণ এবং বন্যপ্রাণী নিধনকা রোধ করবার জন্য বর্তমানে মাত্র দুটি ভ্রাম্যমাণ দল আছে ; আরও অধিক সংখ্যায় এই দল গঠন করা হবে। গত তিন বছরে জলদাপাড়া অভয়-অরণ্যে বেআইনীভাবে গণ্ডার মারার ঘটনা বৃদ্ধি পেয়েছে আর এ রকম ঘটনা গরুমারা অভয় অরণ্যেও ঘট'ছ। 'Rhinoceros Preservation Act' এ শাস্তির ব্যবস্থা আছে তা মোটেই যথেষ্ট নয়—এই বিবেচনায় পার্লামেন্ট দ্বারা আইন পাশ কর কঠোর শাস্তির ব্যবস্থা করা হচ্ছে। এই সব বেআইনী কাজের মোকাবিলা করার জন্য অতিরিক্ত পাহারাদার নিয়োগ করতে হবে এবং এ কাজে সশস্ত্র পুলিশ, এন, ভি, এফ প্রভৃতির সাহায্য প্রয়োজন।

বন ও বন্যপ্রাণীর যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য জনগণের সহযোগিতা বিশেষভাবে প্রয়োজন এবং সেই কারণে স্থানীয় সরকারী ও বেসরকারী ব্যক্তিদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি বনবিভাগের স্থানীয় কর্তৃপক্ষকে বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চালাতে সাহায্য করবে। বনের উপকারিতা ও উপযোগিতা সম্পর্কে বহুল প্রচার মারফত জনমনে বনপ্রীতি জাগিয়ে তোলাও এই কমিটিগুলির অন্যতম মুখ্য কাজ হবে।

স্থানীয় লোকদের চাহিদা মেটাতে স্বল্পমূল্যে লাঙ্গল, যোল', ইষ প্রভৃতি সরবরাহের ব্যবস্থা করা হয়েছে ; বর্তমানে পরীক্ষামূলকভাবে এই সুবিধা কেবলমাত্র পুরুলিয়া জেলার কৃষিজীবীদের দেবার সিদ্ধান্ত হয়েছে।

জঙ্গলের উৎপাদনকারী ভূমিকা ছাড়া প্রতিরোধকারী আরও অনেক প্রয়োজনীয় কাজ আছে। মানুষ, আগুন ও গোচারণের সম্মিলিত কাজের ফলে রাজ্যের বহু স্থানে জঙ্গলের অবনতি ঘটছে। ফলস্বরূপ নানাস্থানে ধ্বংসের ঘটনা আজ স্পষ্টভাবে দেখা যাচ্ছে। বাঁকুড়া, পুরুলিয়া মেদিনীপুর, বীরভূম, বর্দ্ধমান, মালদা জেলার খর', দার্জিলিং জেলার ভূপাত আজ সুবিদিত ; এ সব ঘটনা আমাদের স্মরণ করিয়ে দেয় যে জঙ্গল না থাকলে বা যথাযথভাবে তার পরিচর্যা না হলে আমাদের কি বিরাট ধ্বংসের সম্মুখীন হতে হয়। এ সব প্রাকৃতিক বিপর্যয় উপযুক্ত সময়েই আমাদের সতর্ক করে দেয়।

এ সবকিছুকেই মনে রেখে বনবিভাগের কার্যক্রম স্থিরীকৃত হয়। বন জাতীয় সম্পদ, তাই দেশ ও জনগণের কল্যাণের কথা বিবেচনা করে এর তত্ত্বাবধান করা হয়। যে জনগণের মঙ্গলের জন্য এই বন রক্ষিত হয়, সেই জনগণের সক্রিয় সাহায্য ও সহযোগিতায় আমাদের এই কার্যক্রম সার্থক হয়ে উঠতে পারে।

বনের যে বহুমুখী কাজ আছে, যথা—উৎপাদনকারী, প্রতিরোধকারী ও সৌন্দর্য-সৃষ্টিকারী, তার যথাযথ রূপায়ণের জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করছি। এই চেষ্টার সব থেকে বড় অন্তরায় অবশ্য অর্থের স্বল্পতা। যাইহোক, সীমিত অর্থের দ্বারাই আমরা আমাদের নানা কার্যক্রম যথাযথ রূপায়ণের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।

শিল্পকাজের উপযোগী ও বাণিজ্যিক মূল্যযুক্ত বৃক্ষ রোপণের অগ্রাধিকার প্রসঙ্গে যোজনা পর্ষদের প্রস্তাবমত আমরা দুটি প্রকল্পের কাজ করছি—

(ক) 'সেগুন ও অন্যান্য মূল্যবান চারার সাহায্যে অর্থকরী বৃক্ষরোপণ' (Economic plantation of mainly teak and other valuable species), এবং

(খ) 'দ্রুতবর্দ্ধনশীল প্রধানতঃ ইউক্যালিপটাস বৃক্ষরোপণ' (Plantation of quick-growing species, mainly Eucalyptus)।

[3-10—3-20 p.m.]

এ দুটি প্রকল্পে বর্ত্তমান বৎসরে যথাক্রমে ৫০০ ও ৮০০ হেকটার জমিতে বনসৃজন করা হবে এবং ২য় প্রকল্পে আরও ১০০০ হেকটার জমি বনসৃজনের উপযোগী করে রাখা হবে।

নষ্ট বন পুনর্সৃজনের জন্য আর একটি প্রকল্প আছে। (Rehabilitation of degraded forests) এবং এর কাজ দক্ষিণ-পশ্চিমবঙ্গে করা হবে। সেজন্য ৪০০ হেক্টার পরিমিত জমি বনসৃজনের উপযোগী করবার প্রস্তাব আছে।

'কাষ্ঠ-সংগ্রহ ও বনজসম্পদের সম্যক ব্যবহার' (Timber operation and forest utilisation) এবং 'বনের অভ্যন্তরে যান চলাচলের উপযোগী রাস্তার উন্নয়ন' (Development of Forest Communication) আর দু'টি অতি প্রয়োজনীয় প্রকল্প। কাঠ ও অন্যান্য বনজদ্রব্য তখনই মূল্যবান যখন অল্প খরচায় তা সংগৃহীত হয়। এই পরিপ্রেক্ষিতে জঙ্গলের অভ্যন্তরে বিশেষতঃ উত্তরবঙ্গের পার্বত্য এলাকায় রাস্তা নির্মাণ, বৈদ্যুতিক ও যন্ত্রচালিত রজ্জুপথ স্থাপন প্রভৃতির ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে যাতে করে জঙ্গলের দুর্গম এলাকা থেকে বনজ দ্রব্যাদি আনবার পথ সুগম হয় এবং ন্যায্যমূল্যে বিভিন্ন বিপণন কেন্দ্রে ঐসব দ্রব্য পাঠাবার সুবিধা হয়। করাতকলের উন্নতসাধন, বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে কাঠকে শিল্পের উপযোগী করে তোলা ও সেগুলির বিক্রয়ের ব্যবস্থা প্রভৃতি কাজের সুষ্ঠু সমন্বয় সাধনও আমাদের লক্ষ্য।

'ফার্ম্ম ফরেষ্ট্রি ও জ্বালানী বৃক্ষ রোপণ' (Farm Forestry-cum-firewood plantation) নামে আর একটি প্রকল্পও আমরা সুরু করেছি। গ্রামবাসীদের চাহিদামত অল্প কাঠ জ্বালানী সরবরাহ বাড়াবার জন্য গ্রামের মধ্যে পতিত ও বেসরকারী জমিতে ছোট ছোট বনসৃজনই এর উদ্দেশ্য। এই প্রকল্পে গ্রাম্য এলাকায় রাস্তার দু'ধারে ও খালের পাড়ে গাছ লাগাবার প্রস্তাব আছে। এই বাবদ এই বৎসর প্রস্তাবিত বরাদ্দ ১ লক্ষ টাকা বন-মহোৎসব নার্সারী তৈরীর কাজে ও পথের ধারে গাছ লাগাতে খরচ করা হবে। দেশের স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষ উপলক্ষে এ বছর বন-মহোৎসব উপযুক্তভাবে প্রতিপালিত হচ্ছে এবং অনুষ্ঠান উপযোগী এক কর্মসূচীও গ্রহণ করা হচ্ছে।

সৌন্দর্য সৃষ্টির ক্ষেত্রেও আমাদের একটা প্রকল্প আছে 'প্রকৃতি সংরক্ষণ ও বন-বিনোদন' (Nature Conservation-cum-Forest Recreation) নামে। দৈনন্দিন জীবনের ক্ষয়কারী

কর্মব্যস্ততার পর প্রকৃতির সঙ্গে নিবিড় সংযোগ চিত্তবিনোদনের শ্রেষ্ঠ উপায়—অন্য কোন উপায়েই এই আনন্দ লাভ করা যায় না। জনমনের আনন্দের চাহিদা মেটাতে বনকে সুন্দরভাবে রূপ দেওয়া যায়। বন্যপ্রাণী প্রাকৃতিক সম্পদের একটি অংশ এবং কোন দেশই তা নষ্ট করতে চায় না। বন্য প্রাণী তার প্রাকৃতিক পরিবেশের মধ্যে থেকে লক্ষ লক্ষ মানুষকে আনন্দ দান করে। বর্তমানের অভয়-অরণ্য ও মৃগ-উদ্যানগুলির উন্নতিসাধন এবং আমাদের হাতে যেসব বাগিচা ও উদ্যান আছে সেগুলির সৌন্দর্য বৃদ্ধিকরণের কাজ আমরা এই প্রকল্পে করে চলেছি। অধুনা দার্জিলিং জেলার মহানন্দা নদীর ওপর সুকনা বাঁধটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। আশা করি, প্রাকৃতিক বন্য পরিবেশের মধ্যে এই সুন্দর স্থানটি শীঘ্রই শান্ত অবসর যাপন ও চিত্তবিনোদনের এক মনোরম আকর্ষণীয় স্থানে পরিণত হবে।

'বন-গবেষণা'ও (Forest Research) আমাদের প্রকল্পে একটা উল্লেখযোগ্য স্থান গ্রহণ করেছে। কাঠ ও জ্বালানীর বৃদ্ধি, জমির রস, ভূমি সংরক্ষণ বা নূতন কোন দ্রব্যকে শিল্পে কাঁচামাল রূপে সরবরাহে যে সব সমস্যার উদ্ভব হয়, তার মোকাবিলা করবার জন্য এই গবেষণার কাজ অপরিহার্য। এ সবের জন্য মৌলিক গবেষণার প্রয়োজন হয় এবং এ ছাড়া বন-উন্নয়নের কোন কাজই সম্ভব নয়। বর্তমান বর্ষে পরীক্ষামূলক অন্যান্য গবেষণা ও ভূমি-সংরক্ষণের কাজ ছাড়া আমরা সুন্দরবন এলাকার উন্নতি সাধন ও আমাদের জঙ্গলে নতুন জিনিসের সংযোজনের কাজে সমস্ত চেষ্টা কেন্দ্রীভূত করেছি।

লোকালয় থেকে বহুদূরে গভীর জঙ্গলের মধ্যে বনবিভাগের যেসব কর্মী বাস করেন, তাঁদের জন্য উপযুক্ত ও আরামদায়ক বাসস্থানের এবং অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। এ বছর এই বাবদ যে সীমিত অর্থ পাওয়া যাবে, তাতে আমরা ঐসব কর্মীদের জন্য বিভিন্ন বনাঞ্চলে গৃহনির্মাণ করব ও শিলিগুড়ি সরকারী করাতকলের শ্রমিকদের জন্য উপযুক্ত মাপের বাসস্থান নির্মাণের কাজ আরম্ভ করব।

জঙ্গলকে সুদৃঢ় ও সুরক্ষিত রাখবার জন্যও আমরা সম্পূর্ণ সজাগ আছি; বিশেষতঃ জঙ্গলে অনুপ্রবেশ রোধ করবার জন্যও কোন বিশেষ জঙ্গলের বৈজ্ঞানিক কর্ম-পদ্ধতি (Working Plan) প্রস্তুত করবার আগে চুরি, আগুন, গোচারণ প্রভৃতির হাত থেকে ঐ জঙ্গলকে রক্ষা করবার জন্য জঙ্গলের সীমানা যথাযথ নির্দ্ধারণ করতে আমরা সচেষ্ট। যতটুকু অর্থ এই বাবদ পাওয়া গেছে, তাই দিয়ে এসব সমস্যার সমাধান করতে আমরা যথাসাধ্য যত্নশীল হব ও সর্ববিষয়ে জনসাধারণের সহযোগিতা কামনা করব।

ভূমি-সংরক্ষণ প্রকল্পে আমরা রাজ্যের সর্বত্র বিক্ষিপ্তভাবে কাজ চালিয়ে যাচ্ছি। এ বাবদ রাজ্য ও কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্পগুলি থেকে অর্থ পাওয়া যায়। এ ব্যাপারে সব চেয়ে উল্লেখযোগ্য কাজ কেন্দ্রের সাহায্যে কংসাবতী নদীর ওপরদিকের তীরভূমির সংরক্ষণ।

বিভাগীয় সাধারণ কাজের জন্য অতিরিক্ত যে ব্যয় দেখান হয়েছে, তার কারণ প্রধানতঃ কর্মচারীদের বেতন বৃদ্ধি। এ ছাড়া, এ বছর গ্রাম-বৈদ্যুতীকরণ প্রকল্পে আমরা প্রায় এক লক্ষ শালখুঁটি সরবরাহের যে চেষ্টা করছি সেজন্য ব্যয়।

পরিশেষে আমার বক্তব্য এই যে, সুন্দর ও উজ্জ্বল পশ্চিমবঙ্গ গড়ে তুলতে হলে, সুখী

ও গৌরবময় সমাজ প্রতিষ্ঠিত করতে হলে এবং চাকুরী ও অন্যান্য সুযোগ-সুবিধা দিয়ে জনগণের জীবনযাত্রার মান উন্নীত করতে হলে বন-উন্নয়নের কাজে আমাদের শুধুমাত্র বর্তমানের চিন্তা ত্যাগ করে দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথা ভাবতে হবে।

অতএব, মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সভ্যবৃন্দের নিকট "৭০—ফরেষ্ট" খাতে ১৯৭২-৭৩ সালের ব্যয়-বরাদ্দের এ দাবী মঞ্জুরীর জন্য পেশ করছি।

**শ্রীজয়রাম সোরেণ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আজকে জঙ্গল সংক্রান্ত বিভাগের মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এই রাজ্যে বৃষ্টির আবহাওয়াকে স্বাভাবিক রাখতে হলে সমগ্র ভূভাগের শতকরা ৩৩ ভাগ যেখানে বনাঞ্চল থাকা উচিত সেখানে বর্তমানে আছে মাত্র শতকরা ১৩ ভাগ। অতএব আরও ২০ ভাগ বনাঞ্চলের দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা উচিত বলে আমি মনে করি। আমাদের ভূতপূর্ব সরকারের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে এই জঙ্গল সম্পর্কে আইন কানুন তৈরী করে সেই আইনের আওতায় বিভিন্ন জায়গায় যে সব ফরেস্টার নিয়োগ করা হয়েছে তাতে বাইরে থেকে লোক এনে নিযুক্ত করা হয়েছে। আমাদের জঙ্গল এলাকার মাননীয় সদস্যগণ অবগত আছেন যে এতে স্থানীয় জনসাধারণের অত্যন্ত বিক্ষোভ আছে।

[3-20—3-30 p m.]

জঙ্গল এলাকার জনসাধারণ তারা আজকে জঙ্গলে যাওয়ার কোন সুযোগ সুবিধা পাচ্ছে না। অন্য জায়গা থেকে জনগণ এসে এই জঙ্গলের রক্ষণাবেক্ষণ করছেন। এই আইনের জন্যই জঙ্গল বিনষ্ট হতে চলেছে। আমরা জঙ্গল এলাকার অধিবাসী এবং এখানে জঙ্গল এলাকার সদস্যগণ তারা জানেন যে আগে জঙ্গল সুন্দর ছিল জমিদার জোতদারদের আমলে। তারা ঘাটোয়াল সর্দারদের নিযুক্ত করতেন জঙ্গল সংরক্ষণের জন্য। তারা জঙ্গলের ফুল, ফল আগাছা লাগাত। এবং জমিদারদের আমলে একটা নিয়ম ছিল যে সপ্তাহের একটা ছাড়পত্র করত, তাহলে সপ্তাহ ধরে তারা জঙ্গলে থাকত, আগাছা তুলত, সকাল আটটা থেকে পাঁচটা অবধি তারা জঙ্গলে থাকত এবং বিভিন্ন আগাছা তুলত এবং তারা নিশ্চিন্তভাবে বিকাল পাঁচটায় বেরিয়ে আসত। কিন্তু এখন ফরেস্টার নিয়োগ করার ফলে জনসাধারণ আর যেতে পারে না, তারা জঙ্গলে তাড়াতাড়ি চলে যায় এবং কি জানি ফরেস্টার কখন এসে পড়বে, তারা তাড়াতাড়ি শাল কেটে পালিয়ে আসে। বর্তমান আইনের জন্যই এখন জঙ্গল সুন্দর হতে পারছে না। এই জঙ্গলকে সুন্দর করতে হলে স্থানীয় কয়েকজন বিশিষ্ট প্রতিনিধি নিয়ে সর্বদলীয় কমিটি করে তাদের উপর দায়িত্ব দিতে হবে এবং তাদের দ্বারাই ফরেস্ট গার্ড নিযুক্ত করতে হবে। যদি এটা করা যায় তাহলে জঙ্গল আবার সুন্দর হতে পারে। তাই আজকে আমরা যে প্রস্তাব দিয়েছি আশা করি তা কার্যকরী হবে এবং মাননীয় মন্ত্রীমহাশয় জঙ্গল এলাকার লোক, তিনি পুরুলিয়া বাঁকুড়ার লোক, তিনি জানেন জঙ্গল হচ্ছে সম্পদ—সেখানে গাছ লাগান হচ্ছে বটে তবে এখন আগাছা জন্মায় না। এই গাছগুলির মধ্যে যেমন মহুয়া, করমজা, নিম এই ফুল ফল দিয়ে অনেক ভাল জিনিস তৈরী হয়। এগুলি যদি লাগান যায় তাহলে সেই জঙ্গলের মধ্যে অনেক সম্পদ তৈরী হতে পারে এবং বিভিন্ন রকমের জিনিস তৈরী হতে পারে। ফরেস্টাররা গাছ রোপণ করে, তারা যাতে মহুয়া গাছ রোপণ করে তার জন্য ব্যবস্থা করতে হবে। মহুয়া, শাল, পিয়াশাল এবং আগাছা জন্মানোর ব্যবস্থা করতে হবে—তাহলে এখানে পশুও বাস করতে পারে। বনের মধ্যে

শৃগাল, বিড়াল যেগুলি থাকে সেই পশু পালন করবার দায়িত্ব সরকারের আছে। সুন্দরবন এলাকায় এত বড় জঙ্গল, কেন্দ্রীয় সরকার কোন পরিকল্পনা নেন তাহলে সুন্দরবনের জঙ্গল আরো সুন্দর হতে পারে, কিন্তু সেই রকম ভারত সরকারের কোন পরিকল্পনা নাই এবং পশ্চিমবঙ্গ সরকারের কি পরিকল্পনা আছে তা আমরা জানি না।

আর একটা কথা হচ্ছে, এই জঙ্গলগুলি, জমিদারের আমলে গরীব চাষীরা জমি এখানে কেটে বহুদিন ধরে ফসল ফলাত সেই জমিগুলি যাতে আবার তারা পায়, তাদের সঙ্গে মামলা মকর্দমা চলছে, মন্ত্রীমহাশয় অবশ্য আশ্বাস দিয়েছেন, এই চাষীরা বহুদিন ধরে কাজ করে আসছে, জোতদার জমিদারদের আমল থেকে বন্দোবস্ত নিয়েছে, তাদের বিরুদ্ধে মামলাগুলি যাতে প্রত্যাহার যেন করে নেওয়া হয় এইদিকে দৃষ্টি দেবেন। দ্বিতীয়তঃ, যে জায়গায় পাহাড় পর্বত আছে সেই জায়গাগুলিতে আমাদের নূতন করে জঙ্গল করা উচিত। যেহেতু গাছ না থাকলে বৃষ্টি হয় না, গাছ না থাকলে খরা দেখা দেয়। তাই প্রকৃতির সম্পদ জঙ্গল তাকে সুন্দর করে বাড়াবার জন্য যে পরিকল্পনা নিয়েছেন তাকে দ্রুতগতিতে যদি বাড়ান যায় সেদিকে লক্ষ্য রেখে পরিকল্পনা গ্রহণ করা উচিত। স্পীকার মহাশয় বনের মধ্যে কাজু বাদাম হয়। বড় বড় ব্যবসায়ীরা তারা অল্প মূল্যে কিনে শিল্পজাত করে আবার সেটা বিদেশে চালান দেয়। এই কাজু বাদাম সমবায়ের ভিত্তিতে স্থানীয় ছেলেদের সুযোগ দিয়ে ব্যবসা করান যায় তাহলে আমাদের দেশের ছেলেরা উপকৃত হবে এবং তাতে বেকার সমস্যারও সমাধান হবে। আর একটা কথা. বড় বড় জঙ্গল ব্যবসায়ীরা কমপিটিশনে ডেকে নেয়, সেটা আমরা স্থানীয় সমবায়ের ভিত্তিতে আমাদের ছেলেদের সুযোগ দিতে পারি। সর্ব্বনিম্ন যে ডাক হবে তাতেই তাদের দেওয়া উচিত, কারণ কমপিটিশনে তারা ডেকে নিতে পারবে না, সে সংগতি তাদের নেই। এর ফলে হবে কি, জঙ্গলের উপর তাদের দায়িত্ব আসবে, তারাও সুযোগ সুবিধা পাবে এবং জঙ্গলের রক্ষণাবেক্ষণের দায়িত্বও তারা নিতে পারবে। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে এবং সদস্যদের কাছে এই জিনিসটা বলতে চাই যে স্থানীয় লোকদের সমবায়ের ভিত্তিতে তাদের এই সুযোগ দিলে আমাদের জঙ্গল উপকৃত হবে। ৩নং হচ্ছে, আপনার যে জঙ্গল এলাকা ও জঙ্গল আছে তা রক্ষণাবেক্ষণ করতে হলে স্থানীয় কমিটি ও স্থানীয় লোকদের নিযুক্ত করতে হবে। কারণ তারা জানে কোন লোক কিরকম, কি তার চরিত্র এবং সেইভাবে তারা তাদের কন্ট্রোল করতে পারবে। বাইরে থেকে লোক নিয়ে আসলে তারা ক্ষুব্ধ হয়, তারা বলে যে আমরা জানি যে কি করে জঙ্গল রক্ষণাবেক্ষণ করতে হয়, ফলে তাদের সঙ্গে বাইরের লোকের গোলমাল ও মামলা মকর্দমা সুরু হয় ও নানাভাবে তারা হয়রান হতে থাকে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো এই স্থানীয় লোকদের এই সমস্ত রকম সুযোগ সুবিধা দিয়ে স্থানীয় ভিত্তিতে কাজ করা হোক। আমরা দেখেছি জোতদারদের জমিদারদের আমলে বন কত সুন্দর ছিল, বিভিন্ন ফুলে ফলের সুমধুর গন্ধে বন গম গম করতো, কিন্তু বিধান রায়ের আমলে সেই যে আইন করলেন তাতে মানুষ বিক্ষুব্ধ হয়ে জঙ্গল গায়েব করলো।

[3-30—3-40 p.m.]

যে জঙ্গল কাটা হচ্ছে, তার জায়গায় নূতন করে আর জঙ্গল তৈরী হচ্ছে না, বসতি হয়ে যাচ্ছে। যে জঙ্গল তৈরী হয় সেটা খুব সামান্য এবং নগণ্য। আমি আপনার মাধ্যমে এই হাউসের সদস্যদের কাছে এটা জানাতে চাই যে যেখানে যেখানে চাষ হবে না, ধান বা অন্য শস্য ফলবে না সেখানে সেই সব এরিয়াতে ফরেস্ট এরিয়া বেশী করে হয়, তার যেন চেষ্টা নেওয়া হয়। সেখানে জঙ্গলের গাছ যাতে

জন্মান হয় এটাই আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন জানাচ্ছি। বাঁকুড়া এবং পুরুলিয়াতে যেখানে জঙ্গল অঞ্চলে চাষীরা চাষ করত অনেক দিন ধরে, সেখানে কোন জঙ্গল নাই, অথচ সেখানে ফরেস্টাররা নানারকম ভাবে সেখানকার সেই চাষীদের উপর মামলা-মোকদ্দমা করেছে। আমি নাম করে বলছি আমাদের বেলপাহাড়ীতে বহুদিন ধরে চাষীরা জমি চাষ করে আসছে কিন্তু তাদের উপর হামলা হচ্ছে। এদিকে নজর দেবার জন্য আমি আবেদন রাখছি। আমাদের জঙ্গল এলাকার মানুষদের উপর যে আদেশ এসেছে সেটা শোনান হয়েছে। জঙ্গল যাতে রক্ষণাবেক্ষণ হয়, তার জন্য আমাদের মহান মন্ত্রীর মহান হাত দিয়ে যে আদেশ এসেছে, তাকে স্বাগত জানাচ্ছি। প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার যে স্থায়ী মন্ত্রিসভা গঠিত হয়েছে, বাংলাদেশের মানুষ যা আশা করেছিল সেই মন্ত্রিসভা পাবার, আশা করি প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সরকার জঙ্গল উন্নয়নের দিকে এগিয়ে যাবেন। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনারায়ণ ভট্টাচার্য্য:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় বন বিভাগের মন্ত্রিমহাশয় বন বিভাগের জন্য যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন, আমি তা সমর্থন করছি। কিন্তু একেবারে নির্দ্বিধায় সমর্থন করতে পাচ্ছি না। আমি শুধু সমালোচনা করা নয়, বাস্তব অবস্থা সম্বন্ধে বলে কিছু গঠনমূলক সাজেশন রাখতে চাই। অবশ্য আমি জানিনা, আমরা এই হাউসে বিভিন্ন সদস্যরা যখন কথা বলি, এবং যে সমস্ত প্রস্তাব রাখি, তার কতটা প্রাধান্য আমাদের বিভিন্ন মন্ত্রীমহাশয়দের কাছে পায়। তার কারণ আমি জানি, এখনও উপর তলার আমলারা যে ছক তৈরী করে দেন বা গণ্ডি তৈরী করে দেন, তার বাইরে তাঁরা যেতে পারেন না। তাই যে গণ্ডি টানা আছে, তার ভিতরে থাকলে আমি জানিনা কতটা কি হবে। প্রথমত এই বলে স্পীকার মহাশয়, আমি এখানে একটা পরিসংখ্যান দিচ্ছি। আমাদের পশ্চিমবঙ্গে ১৯৫৬-৫৭ সালে বন ভূমি ছিল ১৫,৩৩০ বর্গ কিলোমিটার, আজকে সেই বন ভূমির সীমা এসে দাঁড়িয়েছে ১১,৮৩০ বর্গ কিলোমিটারে। প্রায় ৪ হাজার বর্গ কিলোমিটার জমি নষ্ট হয়ে গেছে, সেই বন ভূমি আর নাই। জানিনা তা কোথায় গেছে। অথচ এর পাশাপাশি আর একটা পরিসংখ্যান দিচ্ছি। আমাদের সর্বভারতীয় ক্ষেত্রে, এই ভারতবর্ষে ১৯৫০-৫১ সালে বনভূমি ছিল চার কোটি এক লক্ষ হেক্টার। ১৯৬৭-৬৮ সালে তার পরিমাণ দাঁড়ায় সর্বভারতীয় ক্ষেত্রে ৬২ কোটি ৩৩ লক্ষ হেক্টার। তাতে দেখতে পাচ্ছি সর্বভারতীয় ক্ষেত্রে এই বনভূমির পরিমাণ বেড়ে গেছে দেড় গুণ, শতকরা ৫০ ভাগেরও বেশী বৃদ্ধি পেয়েছে। অথচ পশ্চিমবঙ্গে আমরা দেখতে পাচ্ছি এক-চতুর্থাংশেরও বেশী বনভূমি নষ্ট হয়ে গেছে। আজ মালদহে, পশ্চিম দিনাজপুরে খরা চলেছে, পশ্চিমবাংলার বিভিন্ন এলাকায় খরা চলেছে, আমার মনে হয়, বনভূমি নষ্ট হওয়াই এর প্রধান কারণ।

মাননীয় স্পীকার স্যার, আমি বিভিন্ন জেলা ঘুরে এসেছি। উত্তর বাংলার জেলাগুলিতে জলপাইগুড়ি, কুচবিহার ও আসামে অনেকগুলি জমিতে দেখেছি যে পর্য্যাপ্ত বনভূমি আছে। গত মে মাস থেকে সেখানে পর্য্যাপ্ত বৃষ্টি হচ্ছে। সরকারের হিসাব বা পরিসংখ্যান আছে কোথায় কত বৃষ্টি হয়েছে। সেখানে দেখা যাবে যে এখনও মালদহ ও পশ্চিম দিনাজপুরে পর্য্যাপ্ত বৃষ্টি হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বনভূমি আজকে লোপ পেতে বসেছে। মন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে বলেছেন যে বন সম্পদ সব লুঠ করে নিচ্ছে। আমার মনে হয় এক শ্রেণীর সরকারী কর্মচারী আছেন যাদের উপরে বনভূমির ভার ন্যস্ত আছে। সেখানে ডিভিশনাল ফরেস্ট অফিসার আছেন, তার উপর কনজারভেটার অফ ফরেস্ট আছেন, তার উপরে চিফ কনজারভেটার অফ ফরেস্ট আছেন। আমার মনে হয় এদের প্রত্যক্ষ না হোক পরোক্ষ সাহায্য ও সহায়তা পুষ্ট হয়ে বনভূমি বেদখল করা হচ্ছে এবং

কোটী কোটী টাকা বন সম্পদ বেদখল হয়ে যাচ্ছে, চুরি হয়ে যাচ্ছে। আমি অভিযোগ করেছি এ সম্বন্ধে। জলপাইগুড়ি জেলার বাক্সা ডিভিশনাল ফরেষ্ট, কার্তিক বিট ফরেষ্ট বলে একটা ফরেষ্ট হয়েছে। আমাদের বন বিভাগের মধ্যে ২ বছর হল এসেছে। সেই জমি চা বাগানের জমি ছিল। আগে ৫ বর্গ মাইল এলাকা চা বাগান ফরেষ্ট ছিল সরকার খাস করে সরকারের বনভূমি করেছে এবং রক্ষণাবেক্ষণ করবার জন্ম সেখানে ফরেষ্ট অফিস খুলেছেন, সেখানে লক্ষ লক্ষ টাকা খরচ করছেন ষ্টাফ এপয়েন্ট করা হয়েছে কিন্তু স্যার অবাক হবেন যে সমস্ত বনভূমি আছে তা বাহিরের লোক দখল করে নিচ্ছে এবং বনভূমির সমস্ত শাল গাছ শিমূল গাছ প্রভৃতি প্রতিদিন নিয়ে গিয়ে বাহিরে বিক্রি করছে এবং যে সমস্ত ডি. এফ. ও. আছেন তারা নির্বিকার দর্শকের মতন রয়েছে। আমি বাকসা ডিভিশনাল অফিসের কথা বলতে পারি। সেখানে আমি দুবার গিয়েছি তারা সেখানে কোন একশান নেন নি ঐ ডি এফ ও সাহেব। সেখান থেকে কাঠ চুরি হয়ে যাচ্ছে। রাজাভাতখাওয়া ও আটিয়াবাড়িতে শিমূলগাছ ও শালগাছ সব চুরি হয়ে যাচ্ছে।

(At this stage the red light was lit.)

**Mr. Speaker** : Mr. Bhattacharya, please take your seat. There is no scope for extending the time to-day because guillotine will fall just at 7 p.m. There are other speakers who will also speak. So you are depriving other Members. I am requesting you to take your seat as I will have to complete everything by 7 p.m.

**Shri Narayan Bhattacharya** : All right, Sir, I abide by your decision.

**শ্রীবীরেন্দ্র বিজয় মল্লদেব** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ফরেষ্ট মন্ত্রী মহাশয়, জঙ্গল সম্বন্ধে যে বাজেট এনেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। তিনি বাজেট বক্তৃতার মধ্যে গতানুগতিকতার পরিবর্তন এনেছেন। আমরা জানি মন্ত্রী মহাশয় আমাদের ফরেষ্ট অঞ্চলের লোক। জঙ্গল অঞ্চলের আশা করি তাঁর তত্ত্বাবধানে আমাদের পশ্চিমবাংলার জঙ্গলের অনেক উন্নতি হবে।

[3-40—3-50 p.m.]

আজকে জানতে হবে কেন এই বনভূমির অবলুপ্তি হচ্ছে। আমরা জানি ১৯৫৫ সালে যখন জমিদারী বিলুপ্ত হলো, তখন মানুষের মনে এই আশা দেখা দিয়েছিল যে এখন এই জঙ্গল থেকে মানুষ অনেক বেশী সুযোগ সুবিধা পাবে। অর্থাৎ জমিদাররা যেটুকু সুযোগ সুবিধা দিতেন তারচেয়ে অনেক বেশী সুযোগ সুবিধা সরকারী আমলে পাবেন—এই আশা সাধারণ লোকের মনে জেগেছিল। কিন্তু অত্যন্ত দুঃখের কথা—আমরা দেখলাম যে সমস্ত সুযোগ সুবিধা জমিদার দিতেন, সেগুলি সরকারী আমলে অবলুপ্ত হয়ে গেল। সেখানকার স্থানীয় মানুষ কাঠ কাটবার জন্য, বনজ সম্পদ উপভোগ করবার জন্য যে সব সুবিধা সুযোগ পেত তা থেকে তাদেরকে বঞ্চিত করা হলো সরকারী আমলে।

তারপর আর একটা জিনিষ দেখা গেল যাদের Contract দেওয়া হয় জঙ্গলের, তারা দিনের পর দিন জঙ্গল থেকে নির্বিচারে auction করে দিতে লাগলো। একটা প্লটে auction করে দিলে—

তার আশে পাশের প্লট থেকে নির্বিচারে কাঠ কাটা হতো। কারণ হাই রেটে টেণ্ডার দিয়ে জঙ্গলের cotract নিতো। সেটা পোষাবার জন্য এই আশেপাশের প্লটের জঙ্গল কেটে নিয়ে নেয়। তার ফলে জঙ্গল একেবারে নষ্ট হয়ে যেতে লাগলো। ১৯৪৭ সালে স্বাধীনতা প্রাপ্তির পরে যখন আমাদের শাসন ব্যবস্থার পরিবর্তন হলো, যুক্তফ্রন্ট ক্ষমতায় আসলেন তখন আমরা দেখলাম একটা বিশেষ রাজনৈতিক দল বনাঞ্চল থেকে বনসম্পদকে লুঠ করবার জন্য উস্কানি দিতে লাগলেন। তারই ফলে আজ বনের এই নিঃস্ব অবস্থা। পশ্চিমবঙ্গে যেখানে শতকরা ৩৩ ভাগ বন থাকার কথা ছিল, আজকে দেখছি সেটা কমে দাঁড়িয়েছে ১৩ পার্সেন্টে। এই সঙ্গে density of population ধরলে এবং সেই অনুসারে হিসেব নিকেশ করা চাই। করে দেখলে দেখা যাবে বর্তমানে ঐ ১৩ পার্সেন্টেরও নীচে নেমে গিয়েছে, ৮ পার্সেন্ট হয়ে গেছে। জঙ্গলের সাথে density count করতে হবে। জঙ্গলের জঙ্গলত্ব বলে আজ আর কিছু অবশিষ্ট নাই। এই জঙ্গলকে যদি আজ রক্ষা করতে হয়—তাহলে আজকে স্থানীয় লোককে সুযোগ সুবিধা দিতে হবে এর রক্ষণাবেক্ষণের ব্যাপারে। এই সম্পদকে বাঁচাবার জন্য স্থানীয় কমিটি করতে হবে। এর আগে জয়রামবাবু-জঙ্গল সম্বন্ধে যে সব কথা বলে গেছেন আমি তাঁর কথা সমর্থন করি। এই জঙ্গল শুধুমাত্র সরকারী কর্মচারীদের দ্বারা রক্ষা করা যাবে না। সেখানে যদি স্থানীয় লোকের সক্রিয় সহযোগিতা ও সহানুভূতি যদি না থাকে, তাহলে আজ আর এই জঙ্গলকে বাঁচান যাবে না।

আরো অনেক কথা এই প্রসঙ্গে বলবার ছিল—আমার বক্তৃতা শেষ করবার আলো জ্বলে গেছে। আমি ১০টি পয়েন্ট নিয়ে আলোচনা করবো—এই ইচ্ছে ছিল। আপনি স্যার, আর দু-চার মিনিট সময় আমাকে দিলে একটু বলতে পারতাম। এর একটা হচ্ছে deforestation চলছে ব্যাপকভাবে plantation এর নামে। এ সম্বন্ধে মন্ত্রীমহাশয় একটু খোঁজ খবর নিয়ে দেখে যথাবিহিত ব্যবস্থা করবেন।

**Shri Madan Mahon Mahato :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের শ্রদ্ধেয় বনবিভাগের মন্ত্রী মহোদয় আজকে হাউসে বনসম্পদ রক্ষার জন্য যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, সেই বরাদ্দকে আমি আন্তরিক সমর্থন জানাচ্ছি। বন সম্পদ রক্ষা করা এক অতি মহৎ প্রচেষ্টা। বৃক্ষ শুধু মানুষের বন্ধু নয়, সমস্ত জীবজগতের এক অকৃত্রিম বন্ধু। এই বৃক্ষরাজি তার জন্ম থেকে মৃত্যু পর্য্যন্ত এই জীব-জগতের অশেষভাবে সেবা করে আসছে। কাজেই এই বন সম্পদ রক্ষার জন্য যে ব্যয় বরাদ্দ মাননীয় মন্ত্রীমহোদয় এই হাউসে এনেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। কিন্তু দুঃখের বিষয় বনবিভাগ কর্তৃক বন গ্রহণ করবার পূর্বে অনেক জঙ্গল নষ্ট হয়ে গেছে। বিশেষ করে আমি পুরুলিয়ার কথা বলছি। সেখানে এখন জঙ্গল প্রায় নিঃশেষ হতে চলেছে। এই নিঃশেষ হবার প্রধান কারণ হলো বনবিভাগের কর্মচারীগণের শৈথিল্য এবং অবহেলা।

কাজেই বিশেষ কিছু বলবার নেই। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় পুরুলিয়ার এক জঙ্গল এরিয়া থেকে এসেছেন। তিনি জানেন যে পুরুলিয়া জেলার বন-সম্পদের বাস্তব অবস্থা কি। একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। বন রক্ষা করার জন্য আমরা যে প্রচেষ্টা করছি সে ব্যাপারে অনেক ত্রুটী আছে বলে আমি মনে করি। বর্তমানে সেখানে যে সমস্ত গাছ লাগানো হচ্ছে, সেগুলি হচ্ছে সেগুন, মেহগনি, ইউক্যালিপটাস ইত্যাদি, এতে দেখতে সুন্দর দেখাচ্ছে। কিন্তু সেই জঙ্গলে কোন লোক্যাল বৃক্ষ লাগানো হচ্ছে? শাল, পিয়াল, মহুয়া ইত্যাদি-গাছ এখানকার অধিবাসীদের সামাজিক জীবনের সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত। আমরা কাগজে দেখলাম যে ওখানকার পল্লী অঞ্চলের লোকেরা মহুয়া বীজ খায়। কিন্তু এটা ঠিক নয়, মহুয়া ফুল অনেক সাধারণ গরীব মানুষ খাদ্যরূপে

ব্যবহার করে, একথা অতি সত্য। আমরা যে জঙ্গল সৃষ্টি করবার প্রচেষ্টা করছি, সেখানে এই অঞ্চলে মহুয়া গাছ লাগানোর নিতান্ত প্রয়োজন আছে। আজকে পুরুলিয়ার কৃষকদের চাষের সাজ সরঞ্জাম দেওয়া হচ্ছে—কিন্তু বড়ই দুঃখের বিষয় সেই সব জঙ্গলে অর্জুন, সাল, পিয়াল ইত্যাদি বৃক্ষ লাগানোর কোন বিশেষ প্রচেষ্টা দেখতে পাচ্ছি না। আমাদের ঐ সব অঞ্চলে নূতন যে সমস্ত জঙ্গল করবার জন্য বৃক্ষ রোপণ করা হচ্ছে, সেই সমস্ত জায়গায় স্থানীয় লোকের চাহিদা মত গাছ বসানো হচ্ছে না। পুরুলিয়া জেলায় যে সমস্ত আদিবাসী ভাইবোনরা থাকে, তারা অনেক সময় গাছের পাতা বিক্রি করে তাদের জীবিকা অর্জন করে। সেই রকম বৃক্ষ রোপণ করা হচ্ছে না, যাতে বড় পাতা থাকে—এবং যার দ্বারা তারা পাতার বাসন তৈরী করে নিজেদের রুজিরোজগার করতে পারে। বর্ত্তমানে যে গাছ বসানো হচ্ছে, তাতে ঐ সমস্ত পাতার বাসন তৈরী করা সম্ভব নয়। সরকারের এই দিকে দৃষ্টি দেওয়া উচিত বলে আমি মনে করি। এই কয়টি কথা বলে, আবার মাননীয় মন্ত্রী মহাশয়ের আনীত ব্যয়বরাদ্দ সমর্থন করে, আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্।

**শ্রীমহম্মদ সফিউল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বন বিভাগের মন্ত্রী অরণ্য খাতে যে ব্যয় বরাদ্দের জন্য ৩,৫৯,৫০,০০০ টাকার দাবী উত্থাপন করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি। অত্যন্ত বেদনার সঙ্গে আমি লক্ষ্য করেছি যে, আমাদের অর্থ মন্ত্রী তাঁর ২৫ শে মার্চ বা ২৬শে জুনের বাজেট বক্তৃতায় বন বিভাগের নাম পর্যন্ত উল্লেখ করেন নি। অ.স্তবাসীর মত এই বিভাগটি একদিকে পড়ে আছে এবং চরম অবহেলার জন্য ক্রমশঃ অবনতির দিকে এগিয়ে চলেছে। তাই আজকে বনভূমি সংরক্ষণের জন্য রব উঠেছে এবং এজন্য ১৯৭১-৭২ সালে যে পরিমাণ টাকা বরাদ্দ করা হয়েছিল, ১৯৭২-৭৩ সালেও সেই সম পরিমাণ সেই ৫০,০০০ টাকাই বরাদ্দ করা হয়েছে। আমার জিজ্ঞাস্য গত বছরের অরণ্য সংরক্ষণের জন্য বরাদ্দকৃত টাকায় কতটুকু অরণ্য সংরক্ষণ করা হয়েছে? যদি আমি বলি, না মোটেই কাজ হয়নি, নিশ্চয়ই তা ভুল বলা হবে না, এই টাকা প্রয়োজনের তুলনায় নগণ্য হলেও আমার অনুরোধ এ টাকা যাতে কাজে লাগান যায় তার জন্য মাননীয় মন্ত্রীমহাশয় ব্যক্তিগত উদ্যম নিয়ে চেষ্টা করবেন। ফরেষ্ট রিসার্চের জন্য ১৯৭১-৭২ সালে ৩,২০,০০০ টাকা এবং এবছরে অর্থাৎ ১৯৭২-৭৩ সালে ৩,৪০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে। আমি আশা করবো এই টাকা যাতে সঠিকভাবে ব্যয় করা হয় তার জন্য মন্ত্রী মহাশয় চেষ্টা করবেন। আর একটি গুরুত্বপূর্ণ বিভাগ হলো সয়েল কনজারভেশন স্কীম—গত বছর যেখানে ৭,৫১,০০০ টাকা ব্যয় বরাদ্দ ছিল, এ বছর তা বাড়িয়ে করা হয়েছে ৪,৫০,০০০ টাকা। আমি আশা করবো মাননীয় মন্ত্রীমহাশয় এই টাকা যথাযথভাবে যাতে খরচ হয় তার চেষ্টা করবেন। আমার সাজেসন হচ্ছে, অর্কিড হাউসে বিভিন্ন জাতের অর্কিড সংগ্রহ করে, তার উৎকর্ষ সাধন করা এবং বিভিন্ন বিদেশের বাজারে রপ্তানি করে, কিছু আয় করার ব্যবস্থা করবেন। পশ্চিমবঙ্গের তরাই এবং ডুয়ার্স অঞ্চলে যে বন সম্পদ আছে, যে অর্কিড পাওয়া যায়, সিকিম সরকারের মত সেগুলি যদি আমাদের সরকার কালটিভেট করে বিদেশে চালান দেন, তাহলে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারবেন। ভূমিক্ষয় যাতে রোধ করা যায় তার চেষ্টা করতে আমি সরকারকে অনুরোধ করি। ফরেস্ট্রী স্কীম-এর জন্য এ বছর বরাদ্দ হয়েছে ২,৫০,০০০ টাকা। দ্রুত বৃদ্ধি প্রাপ্ত গাছ যদি রোপণ করা হয়, তাহলে অতি শীঘ্রই বনাঞ্চল সৃষ্টি হতে পারে। ঝাড়গ্রামে ইউক্যালিপটাস, দার্জিলিঙে ক্রিপটোমেরিয়া এবং শিলিগুড়িতে শাল, সেগুন বৃক্ষ রোপণ করা হয়েছে। কিন্তু তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত নগণ্য। আমার সাজেসন হচ্ছে এ বছর পরীক্ষামূলকভাবে কার্শিয়াং ও কালিম্পংয়ে শ্বেত ও রক্ত চন্দন বৃক্ষ রোপণের ব্যবস্থা করা হোক। বাজারে বিক্রি করে আমরা এর থেকে প্রচুর লাভবান হতে পারবো।

-50—4-00 p.m.]

ক্লাইমেট এবং কনডিসানের দিক থেকে কালিম্পং এবং কার্শিয়াং আদর্শস্থান বলেই আমার
শ্বাস। আর একটি সাজেসান হচ্ছে, কার্শিয়াং'এ সাউর বৃক্ষের অরণ্য সৃষ্টির প্রয়াস চালিয়ে যান।
ছাড়া বোটানিক্যাল গার্ডেন যেগুলি আছে তাতে যে সমস্ত গাছ আছে তার যা নাম তার
থে সাথে যদি আমরা দেশীয় নাম বসাতে পারি তাহলে একদিকে বোটানিক্যাল গার্ডেনের
কর্ষণ বাড়বে, অন্যদিকে এই বৃক্ষ সম্পর্কে জনসাধারণ আকৃষ্ট হবেন। স্যার, প্রাচীনকালে ভারতে
টি ফরেষ্ট ডিভিসান ছিল। সেগুলি হচ্ছে, প্রাচ্যবন বা মহাবন, করুষ বন, দবর্নকা বন,
মন বন, কলস বন, অপরান্তক বন, সৌরাষ্ট্র বন, পঞ্চানন্দ বন। এছাড়া রামায়ণের দণ্ডকারণ্য,
াভারতের নিমিষারণ্য এবং মহাকান্তার। সমুদ্রগুপ্তের এলাহাবাদ স্তম্ভের শিলালিপিতে এই
যোক্ত বনের সংবাদ আমরা দেখতে পাই। এছাড়া প্রাচীন যুগে অরণ্যকে সাধারণতঃ দু ভাগে
গ করা হোত। কুঞ্জরবন,—কুঞ্জরবন সাধারণতঃ গজবনকেই বলা হোত। গভীর অরণ্যগুলি
ধারণতঃ কুঞ্জরবন নামেই অভিহিত হোত। আর কণ্টকবন—ছোট কাঁটা ঝোপের জঙ্গল। আমি
বলব না, কেবল দার্জিলিং জেলা সম্বন্ধে কয়েকটি কথা বলব। দার্জিলিং-এর বনভূমির কথা বলতে
লে বলতে হয় ২০০ ফিটের তরাই বা ডুয়ার্সের গভীর জঙ্গলের সাথে ১২,০০০ ফিট উচ্চতায়
ালিয়া গিরি শিরির বনভূমির যথেষ্ট পার্থক্য আছে। দার্জিলিং'এর বনভূমিকে সাধারণতঃ দুই
গে ভাগ করা যায়। সমতলভূমির বনভূমি এবং পার্বত্য বনভূমি। সমতল ভূমির জঙ্গলের
ধ্য যেসব গাছ দেখতে পাওয়া যায় তার মধ্যে খয়ের, শিশু, শাল সাধারণতঃ বালুপ্রধান
টিতে এবং শিরিষ, শিমূল, টুন মাঝামাঝি স্থানে এবং চাঁপ ও মালগিরি আর্দ্রভূমিতে জন্মে।
ম্ন পর্বতের বনভূমিতে পাকাসাজ, চিলাউনি, টুন, চিকরাসী, প্রভৃতি মূল্যবান বৃক্ষ এবং চাপ,
নিসাজ, গোকুল, শিমূল, ময়নাকাঠ, গামারি, মান্দানি এবং কদম, শাল বৃক্ষের সাথে এইসব
র্বতের ঢালে জন্মায়। কার্শিয়াং বিভাগে শাল বৃক্ষের মধ্যে অন্যান্য বৃক্ষও দেখতে পাওয়া যায়।
র্বতের খাড়া ঢালে পাকাসাজ, চিলাউনি, ময়না, শিমূল, করস, গামারি, হারা, বরা, কিম্বু
ন্মে। সাধারণতঃ ২,৫০০ ফিটের উপর শাল গাছ দেখা যায় না। চেল নদীর গর্ভে শিরিস,
য়ের, শিশু এবং কুশীলা ঘাস জন্মে। কার্শিয়াং বিভাগের এই উচ্চতায় গাছপালার মধ্যে
খটুন, পানিসাজ, চিলাউনি, লাম্পাতি, সাউর, কিম্বু, আঙ্গরে, সিমকোলি, মালাগিরি, মান্দানি,
রিশ প্রভৃতি জন্মে। উচ্চ পর্বতের বনভূমির মধ্যে ওক, ম্যাগনোলিয়া, লরেল, বুক, ফালাত,
ংরেকাটুষ, চেষ্টনাট, কাটুস, কাউলা, চাঁপ, ঘোগচাঁপ, সিমকোলী ম্যাপল প্রভৃতি জন্মে।
ছে গাছে মস, লাইকেন এবং অর্কিডের সহারোহ। বহু মূল্যবান অর্কিড এই অঞ্চলে পাওয়া
য়। সবুজ ফার্ণের ঝোপ বনভূমির শোভাকে আরো বাড়িয়ে তোলে। আমার সাজেসান হচ্ছে
পা গাছের অরণ্য খুব সহজেই সৃষ্টি করা যেতে পারে। তারপর স্যার, আর একটা কথা
লব। কার্শিয়াং ফরেষ্টে শ্বেত সুগন্ধ পুষ্পের এক অর্কিড পাওয়া যায়। স্থানীয় নেপালী ভাষায়
কে থার্সাং বলে। সিলোজায়নী গোত্রের এই সুগন্ধী অর্কিড পুষ্পের নেপালী নাম থার্সাঙ্গ
থেকেই কার্শিয়াং নামের উৎপত্তি। বনভূমি ধ্বংস এবং রক্ষার উপায় সম্পর্কে বলতে গেলে
লতে হয় আপনি যদি বনভূমিতে যান দেখবেন ওয়ান্টন ডেসট্রাকসান অব ফরেষ্ট, সুন্দরবনের।
রেষ্টে দেখবেন মূল্যবান সব গাছের কি অবস্থা। আমি সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ
নাচ্ছি।

**শ্রীসীতারাম মাহাতো:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি প্রথমেই
ই সভার প্রতিটি সভ্যের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি এই বাজেটকে সমর্থন করে ভাষণ দিয়েছেন

বলে। স্যার, এই বাজেটকে সমর্থন করে আমাদের যেসমস্ত সদস্য তাঁদের বক্তব্য রেখেছে আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। প্রথমত: আমাদের প্রতিটি সদস্য মহাশয়ে কাছ থেকেই জানা গেল সে আমাদের যে বন সম্পদ আছে তার আরো বৃদ্ধি হও প্রয়োজন। আমি আপনার মাধ্যমে জানতে চাই যে আমাদের এই যে বাজেট এই বাজে সুস্পষ্টভাবে বলা আছে যে আমাদের দেশের বন সম্পদ বা বনভূমির যে পরিমাণ সেটা সত্য অত্যন্ত নৈরাশ্যজনক। এই বনভূমির পরিমাণ বাড়ানোর জন্য আমাদের সরকারের পক্ষ থেকে সুস্প পরিকল্পনা নেওয়া হবে।

দ্বিতীয়তঃ, বনভূমিতে যে ক্ষয় হয়েছে সে সম্পর্কে আমাদের সদস্যরা অনে কিছু বলেছেন, সে সম্পর্কে আমি কিছু বলতে চাই না। আমি যা বলতে চাচ্ছি তা আমাদের বাজেটে পরিষ্কার করে বলা আছে এবং আমরা কি করতে চাই, বর্তমা সরকারের দৃষ্টিভঙ্গী কি, সেটাও বাজেটে পরিষ্কার করে বলা আছে। মাননী অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের আমি এই আশ্বাস দিতে পারি যে বর্তমানে সরকারের বনভূমি সংক্রান্ত যে আইন তৈরী হয়েছে তা অত্যন্ত গণতান্ত্রিক এবং জনগণে কল্যাণকর। এই প্রসঙ্গে আমি আরও আশ্বাস দিতে পারি আমরা ইতিমধ্যেই যেসমস্ত কাজ করেছি তাও পরিষ্কার করে বলা আছে যে জনগণের সহযোগিতা ও সহানুভূতি নিয়ে জঙ্গল সৃজন করতে চাই, জঙ্গলকে রক্ষা করতে চাই এবং এটা বৃদ্ধি করতে চাই। এইজন্য বাজেটে পরিষ্কার করে বলা আছে যে আমরা একটি স্থানীয় কমিটি গঠন করেছি। আমাদের অনেক সদস্য স্থানীয় কমিটি সম্পর্কে উল্লেখ করেছেন, যা নাকি আমরা ইতিমধ্যেই করেছি এবং তাতে স্থানীয় লোকদের নেওয়া আছে। কাজেই আমি আশা করি আজ পর্যন্ত এই বনবিভাগে যা হচ্ছিল না, এই কমিটি হওয়াতে একটি বিরাট পরিবর্তন এই বিভাগে আসবে এবং এই কমিটির মাধ্যমে বন সম্পদকে আরো সুষ্ঠুভাবে রক্ষা করতে পারবো এবং বনসম্পদকে সুষ্ঠভাবে জনসাধারণের মধ্যে বিতরণ করতে পারবো। একটি কথা পরিষ্কারভাবে অনেক সদস্যের কাছ থেকে উঠেছে—যে বনসম্পদ আছে সেই বনসম্পদ এলাকার পাশে যারা পুরুষানুক্রমে বসবাস করছে অর্থাৎ যারা বনবাসী, তারা নাকি এই বনসম্পদ থেকে বঞ্চিত হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যারা বনবাসী বা যারা পুরুষানুক্রমে বনের কাছাকাছি বসবাস করে আসছে তারা যাতে সুযোগ পায় সেই ইঙ্গিতও আমার বাজেটের মধ্যে পরিষ্কার করে দেওয়া আছে। আমি এটুকু পরিষ্কার করে বলতে পারি আমাদের যে বাজেট দেওয়া হয়েছে তা অত্যন্ত আধুনিক এবং অত্যন্ত গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেট তৈরী করা হয়েছে। আমাদের সমাজের যে একটা বিরাট গোষ্ঠী আছে, সেই গোষ্ঠী এই বাজেটের দ্বারা বনসম্পদ থেকে বাঁচাবার সুযোগ সুবিধা লাভ করতে পারবে, এই আশ্বাসও দেওয়া আছে। আর একটি কথা মাননীয় সদস্যরা বলেছেন যে মন্ত্রী মহাশয়, আমলা ও প্রশাসনযন্ত্রের আওতার বাইরে থেকে কাজ করতে পারবেন না। আমি এটা পরিষ্কার করে বলতে পারি বনবিভাগের বাজেটের মধ্যে যে পরিবর্তন এসেছে সেই পরিবর্তন দেখলে আপনারা বুঝতে পারবেন যে মন্ত্রী মহাশয়ের নিজস্ব সত্বা আছে এবং সেই সত্বা নিয়েই তিনি কাজ করছেন। আমি আর কিছু বলতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সমস্ত সভ্যবৃন্দকে আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sitaram Mahato that a sum of Rs. 3,59,50,000 be granted for expenditure under Grant No. 42, Major Head : "70—Forests", was then put and agreed to.

**Demand for Grant No. 3**

Major Head : 10—State Excise Duties

1-00—4-10 p.m.]

**Shri Sitaram Mahato :** Sir, on the recommendation of the Governor beg to move that a sum of Rs. 1,2·,31,000 be granted for expenditure under Grant No. 3, Major Head : "10—State Excise Duties".

( This is inclusive of Rs. 40,44,000 already voted on account in March, 1972.)

মাননীয় অধ্যক্ষমহাশয়.

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৭২-৭৩ সালের জন্য রাজ্য অন্তঃশুল্ক থাতে প্রয়োজনীয় মোট বরাদ্দ মঞ্জুরীর জন্য ৩নং গ্রান্টের অন্তর্ভুক্ত "১০—রাজ্য অন্তঃশুল্ক" থাতে ১ কোটি ২১ লক্ষ ৩১ হাজার টাকা ব্যয়বরাদ্দের দাবী অনুমোদনের জন্য পেশ করছি। ভোট অন অ্যাকাউন্ট হিসাবে ১৯৭২ সালের মার্চ মাসে যে ৪০ লক্ষ ৪৪ হাজার টাকা অনুমোদিত হয়েছে, এর মধ্যে তা ধরা হয়েছে।

রাজ্যের আর্থিক অবস্থা মোটেই সন্তোষজনক নয়। রাজ্যের জন্য কেন্দ্রে অর্থ বরাদ্দও অপ্রতুল। এই অবস্থায় সরকারের রাজস্ব বিভাগগুলির কাছে জনসাধারণের প্রত্যাশা অনেক। রাজ্য অন্তঃশুল্ক বিভাগ দ্বিতীয় বৃহত্তম রাজস্ব বিভাগ হিসাবে জনগণের এই আশা আকাঙ্ক্ষা পুরণ করে জাতিকে যাতে উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণের এবং সমৃদ্ধির পথে নিয়ে যেতে পারে সেজন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি। অথচ অন্তঃশুল্ক বিভাগের রাজস্ব বৃদ্ধির কথা উঠলেই স্বাভাবিকভাবে মাদকদ্রব্য বৃদ্ধির ধারণা মনে এসে যায়। অন্তঃশুল্ক নীতি প্রণয়ন করতে গিয়ে তাই আমাদের যথেষ্ট সাবধানে অগ্রসর হতে হচ্ছে।

আমরা বিশ্বাস করি যে, মাদকদ্রব্যের বহুল প্রচারের সমর্থন না করেও বিভাগীয় সংগঠন ও আইনগত ত্রুটি-বিচ্যুতি শোধন করে নিলে বেশ কিছুটা পরিমাণ রাজস্ব বাড়ানো যায়। এ ছাড়া অন্তঃশুল্ক রাজস্বের পথে চিরকালীন যে বাধাগুলি রয়েছে সেগুলির অপসারণ করতে হবে।

অন্তঃশুল্ক রাজস্ব বৃদ্ধি বলতে স্বাভাবিক ভাবেই মাদকদ্রব্যের বিক্রয় বৃদ্ধি বোঝায়। বর্তমানে রাজ্য সরকারের প্রচলিত নীতি হ'ল মাদকদ্রব্য বিক্রয়ের জন্য শতকরা ২০ ভাগ নতুন লাইসেন্স প্রদান। এই নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সরকারের দৃষ্টিভঙ্গী খুব স্পষ্ট। জনসংখ্যার ক্রমবৃদ্ধির সাথে মোটামুটি সামঞ্জস্য রক্ষা করেই নতুন লাইসেন্স প্রদানের এই নীতি স্থিরীকৃত হয়েছে। নতুবা মাদকদ্রব্যের চোরাই এবং চোলাই কারবার বৃদ্ধি পাবে, যেহেতু লাইসেন্সধারী দোকানগুলির মাধ্যমে মাদকদ্রব্যের স্বাভাবিক ও বাড়তি চাহিদার যুগপৎ যোগান দেওয়া সম্ভব হবে না।

লাইসেন্স বিলি ব্যবস্থায় যথেষ্ট সতর্কতা অবলম্বন করা হয় যাতে একদিকে স্বাভাবিক রাজস্ব আদায়ের ফাঁকি না পড়তে পারে অথচ চোরাই এবং চোলাই ব্যবসায়কে যথাসম্ভব নিয়ন্ত্রিত

করা যায়। এর ফলে মাদকতার ব্যাপক বিস্তারও হ্রাস করা যাবে। এজন্য জেলাপর্য্যায়ে এক্সসাইজ লাইসেন্সিং বোর্ড গঠিত হয়েছে।

রাজ্য অন্তঃশুল্ক বৃদ্ধির পথে বিভিন্নমুখী বাঁধা আছে।

প্রথমতঃ, ঝোলাগুড় ও অ্যালকোহলের অভাব। গত বৎসর ঝোলাগুড় ও ডিনেচার্ড অ্যালকোহলের অভাব অন্তঃশুল্ক রাজস্ব বৃদ্ধির পথে সংকট সৃষ্টি করেছিল। এই বাধা বর্তমানে আরও প্রকট। সারা ভারতে ঝোলাগুড়ের সুষম বণ্টনের জন্য একটি সেন্ট্রাল মোলাসেস বোর্ড গঠন করা হয়েছে। উপদেষ্টা বোর্ড হিসাবেই এই বোর্ড কাজ করে থাকে—এর কোন বিধিবদ্ধ ক্ষমতা ( স্ট্যাটুটরি পাওয়ার ) নেই।

বিগত দিনে দেশব্যাপী ঝোলাগুড় ও অ্যালকোহলের অভূতপূর্ব সংকটের পরিপ্রেক্ষিতে রাজ্যসরকার বিদেশ থেকে এগুলি আমদানীর কার্যকরী প্রচেষ্টা চালিয়েছিলেন যার ফলে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে অ্যালকোহল এবং বাংলাদেশ থেকে ঝোলাগুড় আমদানীর যাবতীয় ব্যবস্থা সম্পূর্ণ হয়েছে। এখন অন্তঃশুল্ক রাজস্ব বৃদ্ধির ক্ষেত্রে প্রাথমিক ও অন্যতম প্রধান বাধা অপসারিত বলা যায়।

এ প্রসঙ্গে এটা পরিষ্কার বোঝা দরকার যে, অ্যালকোহলের মোট পরিমাণ দু' ভাগে কাজে লাগনো হয় এবং তার পরিমাণ নিম্নরূপ :—

(ক) শিল্পের প্রয়োজন—৪৫ মিলিয়ন বাল্‌ক লিটার ;

(খ) মাদক দ্রব্যের প্রয়োজনে—১০ মিলিয়ন বাল্‌ক লিটার,

মোট প্রয়োজন—৫৫ মিলিয়ন বাল্‌ক লিটার।

রাজ্যের অ্যালকোহলনির্ভর শিল্পগুলির প্রয়োজনে ( যার সংখ্যা প্রায় ১০০ ) অধিকাংশ অ্যালকোহল ব্যয়িত হয়। এর অভাবে বিগত দিনে রাজ্যের ডিস্টিলারিগুলো কাজ করতে পারে নি। অন্তঃশুল্ক রাজস্ব বিপর্যস্ত হয়েছিল। এই শিল্পগুলিতে প্রচণ্ড মন্দা দেখা দেওয়ায় নিকট অতীতে শিল্পক্ষেত্রেও অগ্রগতির পথে এক সংকট দেখা দিয়েছিল।

মাদক দ্রব্যের প্রয়োজনে যে পরিমাণ অ্যালকোহল ব্যয়িত হয় তার ৬০ পারসেন্ট উৎপন্ন হয় রাজ্যের চারিটি প্রধান ডিস্টিলারি থেকে। এর মধ্যে ৮০ পারসেন্ট উৎপন্ন হয় দেশী মদের জন্য এবং ২০ পারসেন্ট উৎপন্ন হয় ভারতে তৈরী বিলাতী মদের ( আই. এম, এফ, এল ) জন্য।

দ্বিতীয়তঃ, অন্তঃশুল্ক বৃদ্ধির সাথে তদারকী ব্যবস্থার উন্নতির প্রশ্ন আশু এবং অঙ্গাঙ্গিভাবে জড়িত। অন্তঃশুল্ক খাতে রাজস্ব বৃদ্ধির সাথে সাথে প্রশাসনিক ব্যয়ও বৃদ্ধি পাচ্ছে স্বাভাবিক-ভাবে। বিশেষতঃ নতুন লাইসেন্স প্রদানের মধ্য দিয়ে প্রশাসনিক ব্যয়বৃদ্ধি অনিবার্য হয়ে উঠছে। যদিও পরিসংখ্যান সহ দেখানো সম্ভব যে, বিগত আর্থিক বৎসরগুলিতে অন্তঃশুল্ক খাতে রাজস্ব আদায়ের তুলনায় প্রশাসনিক ব্যয় সামান্যই। যে ব্যয়বৃদ্ধি আপাতদৃষ্টে অধিক মনে হয় তা রাজস্ব আদায় এবং বাড়ানোর ক্ষেত্রে অপারহার্য।

গত কয়েক বৎসরের আবগারী খাতের রাজস্ব ও ব্যয় নিম্নরূপ :

| বৎসর | রাজস্ব কোটি টাকা | ব্যয় লক্ষ টাকা |
|---|---|---|
| ১৯৬৭-৬৮ | ১৩.১৮ | ৬৯.৯ |
| ১৯৬৮-৬৯ | ১৩.৬৮ | ৯৪.৪ |
| ১৯৬৯-৭০ | ১৬.০৮ | ১১৮.২ |
| ১৯৭০-৭১ | ১৭.০৮ | ১২০.৮ |
| ১৯৭১-৭২ | ১৮.৬৫ | ১২১.৩ |

তৃতীয়তঃ, চোলাই কারবার এবং চোরাই ব্যবসা অন্তঃশুল্ক রাজস্বের পথে অন্যতম প্রধান বাধা। সমাজের স্বাস্থ্য এবং উন্নতির পক্ষেও চোলাই এক বিভীষিকাময় অভিশাপ।

সমাজের এই ব্যাধি দূর করার জন্য প্রশাসনিক স্তরে নিয়মিত ও দ্রুত উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকে। চোলাই আড্ডাগুলিতে আবগারী 'রেড' চালানো হয় এবং অপরাধীদের আইনানুগ শাস্তিবিধান করা হয়।

রাজ্যসরকার এক্ষেত্রে মনে করেন জনসাধারণের সহযোগিতা ব্যতিরেকে এই ব্যাধি নির্মূল করা সম্ভব নয় এবং তদুপরি মাদক দ্রব্য ব্যবহারের অপকারিতা সম্পর্কে মানুষের মধ্যে যথোপযুক্ত সামাজিক শিক্ষার প্রয়োজনীয়তা আছে। ইতিমধ্যেই রাজ্যসরকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে মাদকদ্রব্য বর্জনের সপক্ষে ডিসপ্লে বিজ্ঞাপনের ব্যবস্থা করেছেন। এক্ষেত্রে একটি পূর্ণাঙ্গ তথ্যচিত্র নির্মাণের সুনির্দিষ্ট প্রস্তাব আবগারী বিভাগ থেকে করা হয়েছে এবং তা বর্তমানে তথ্য ও জনসংযোগ দপ্তরের বিবেচনাধীন আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই ব্যয়-বরাদ্দ মঞ্জুরীর জন্য সভ্যবৃন্দের নিকট পেশ করলাম।

**শ্রীহরশঙ্কর ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে আবগারী থেকে আয় এবং এই grant সম্পর্কে আলোচনার শুরুতে আমার একটা বিশেষ কথা মনে হচ্ছে। আমাদের সংবিধান কেন্দ্র ও রাজ্যের মধ্যে আর্থিক ক্ষমতা বণ্টনে যে প্রচণ্ড অসঙ্গতি রয়েছে, ত্রুটি আছে, এই আবগারী আলোচনায় আমার সেই কথা প্রথমে মনে হয়েছে। রাজ্যের অর্থ সংগ্রহের যে উৎসগুলি, সেই উৎসগুলি প্রধানতঃ স্থিতি স্থাপক। অথচ জনসাধারণের নিকটতম প্রয়োজন। তাদের জীবনের সবচেয়ে দরকারীগুলো হচ্ছে শিক্ষা, স্বাস্থ্য, এই সমস্ত কিন্তু রাজ্য সরকারের উপর। এদিকে রাজ্য সরকারগুলির ওপর জনসাধারণের চাপ খুব বেশী, প্রত্যাশাও খুব বেড়েছে আগের থেকে। অথচ অর্থের উৎস তেমন বাড়েনি। তাই এককালে যে সমস্ত রাজ্য যারা prohibition

নীতি অবলম্বন করেছিল, আজকাল কোন রাজ্য সেই prohibition রাখতে পারছে না। এ একে সমস্ত রাজ্য মোটামুটি আবগারী থেকে আয়ের উপর নির্ভর করছে। একদিকে ট প্রয়োজন, সেইজন্য আবগারী শুল্ক আমাদের বসাতে হয়েছে আবার অন্য দিকে ব্যক্তি বাইরে য অবাঞ্ছিত দিকে না যায়, সেই জন্য আবগারী শুল্ক আমাদের বসানো প্রয়োজন। মান উপাধ্যক্ষ মহাশয়, আমরা ভাবের ঘরে চুরি করে চলেছি। একটা দ্বিখণ্ডিত বিবেক আমাদের অ এবং এই দ্বিখণ্ডিত বিবেক থেকে রাজ্য সরকারের আবগারী শুল্ক থেকে আয় যাতে বাড়ে ( কথা চিন্তা করে চলেছি। ভাগ্যের কি পরিহাস দেখুন, মদের টাকায় School খুলতে হচ্ছে এবং ( আমাদের মোটামুটি মেনে নিতে হচ্ছে।

[4-10—4-20 p.m ]

১ কোটি টাকা খরচ করে ১৯ কোটি টাকা আয় এটা ছাড়া যায় না বা এটা কমান সেটাও : যায়না। আমরা ছাড়তে পারতাম যদি কয়লাখনিগুলি থেকে রয়ালটি আদায় হতো, চা-বাগানগু থেকে রয়ালিটি আদায় হতো. যদি আরও টাকা আমরা প্রত্যক্ষ কর বসিয়ে উচ্চ আয়ের শ্রে উপর থেকে আদায় করে নিতে পারতাম, তাহলে আমরা এই রাজ্য আবগারী শুল্কের সময় বল পারতাম যে প্রহিবিশন চালু করা হোক, দাবীও রাখতে পারতাম। মাননীয় উপাধ্যক্ষ মহা আমাদের নীতি হবে মিনিমাম কনসামশন উইথ ম্যাকসিমাম রেভিনিউ, কেমন করে এ দুটো করা যায়, যেমন কনসামশন ঠিক মিনিমাম হয় এবং রেভিনিউ মেকসিমাম এই দুটো বিপরী মুখী দাবী তবুও তার ভেতর দিয়ে আমাদের রাজ্যে আবগারী শুল্ক সম্পর্কে আলোচনা করতে হে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদিও আদায়ী খরচ খুব কম তবুও সামাজিক ব্যয়ভার খুব কম বা না। দরিদ্র ব্যক্তিরা যখন ভাল খাদ্য পাচ্ছে না তখন তারা চোলাই মদ খেয়ে দিনের শেষে ব পরিশ্রমের পর পড়ে থাকে, স্বাস্থ্য খারাপ হচ্ছে। আমরা এই দিকে বিদ্যুৎ শক্তি বাড়াবার চেষ্টা করছি, কিন্তু জনসাধারণের পেশীশক্তিগুলি দুর্বল হয়ে যাচ্ছে এইটা আমি জানি, ত মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দরিদ্ররা যেখানে খেতে পাচ্ছে না সেখানে এটা বন্ধ করা যায় না, সুত খাদ্যের চেষ্টা করতে হবে। তা না হলে পেটে ভাত দিতে পারি না কিল মারার গোঁসাই, তাই এ থাক। এবং রাজ্য আবগারী বিভাগ আদায় টাদায় করুক এইটা আমি চাই। আদায় বাড়া মূল সমস্যা হচ্ছে কাঁচা মালের সমস্যা। পশ্চিমবঙ্গ রাজ্যে ইক্ষু তৈরী হয় না। আমরা জ পশ্চিমবঙ্গে ৫৩ কোটি টাকার চিনি লাগে এবং এর মধ্যে মাত্র দেড় কোটি টাকার চিনি আমা এই রাজ্যে উৎপাদন হয়, আর বাকি সাড়ে ৫১ কোটি টাকার চিনি পশ্চিমবঙ্গের বাই রাজ্যগুলি থেকে, যথা বিহার, উত্তরপ্রদেশ এই সমস্ত জায়গা থেকে আনা হয়। জানিনা পশ্চিমব কৃষি বিভাগ স্বাধীনতার ২৫ বছর পরে কৃষির কি উন্নতি করেছেন, যে পশ্চিমবাংলার ইক্ষু চাষ বাড়া পারলেন না? তবে আজকে চিনি সঙ্কট সম্পর্কে খাদ্যমন্ত্রী একটা বিবৃতি দিয়েছেন। সুত চিনির উৎপাদন যদি না বাড়ে তাহলে কি করে এই আবগারী দ্রব্য তৈরী করা যাবে এইটা আ বুঝতে পারছি না। অন্যান্য রাজ্যে আগে প্রহিবিশন ছিল, সেই প্রহিবিশন তুলে দিয়ে সেখানক গুড় বা মোলাসেস সেইগুলি এখন আমাদের রাজ্যে বেশী পাঠাতে হচ্ছে না, সেইজন্য সমস্যা খু জটিল হয়ে উঠেছে। মন্ত্রী মহাশয়ের বিবৃতিতে দেখলাম বাইরে থেকে আমদানী এইটা বলা হয়ে এবং ভারত সরকার যদি জাভা থেকে আমদানী করতে পারে যে রকম আমেরিকা থেকে আমদা করছে এই রকম, তাহলে বোধ হয় আবগারী শুল্ক বাড়তে পারে। যেখানে মোলাসেস না সেখানে সরকার ডিসটিলারী করবে বলে কি করে? ডিসটিলারীতে না করে যদি এই রকম ফল-

াওয়া যায় আপেল টাপেল তাহলে সেখানে সরকারী ডিসটিলারী করা যায়। আমার মনে হয় ইটা ভাল হয় এবং মন্ত্রী মহাশয় এইটা একটু চিন্তা করে দেখবেন। আপেল ইত্যাদি ফল থেকে ্সটিলারী করা একেবারে অসুবিধা হবে না। সরকার অন্তত বর্ত্তমানের ক্রটিগুলি দূর করুন ইটা আমি চাইছি। সমস্যা যত আছে বর্তমানে তার মধ্যে প্রথম এবং প্রধান সমস্যা, ক্রটি হচ্ছে ্আইনি চোলাই। আগে মা আশীর্বাদ করতেন, বাবা তুমি দারোগা হও। এখন বলছেন, ্বগারী দারোগা হও। খোঁজ করলে দেখবেন দক্ষিণ ২৪-পরগণায় এই ইণ্ডাষ্ট্রি আছে ঘরে ঘরে। কুরপুকুর থেকে ডায়মণ্ডহার্বার পর্য্যন্ত এই ইণ্ডাস্ট্রী আছে যার মাধ্যমে এই আইনি চোলাই হচ্ছে এবং এইটা যে আবগারী বিভাগ জানে না এইটা কিন্তু আমার মনে ় না।

এই বেআইনী চোলাইয়ের দুটো ক্রটি হয়। এক, সরকারী আয় হচ্ছে না এবং দ্বিতীয়তঃ হেলথ ্জারড হচ্ছে। ওইসব দ্রব্য খেয়ে কত লোক মরে যাচ্ছে এটা আমরা খবরের কাগজে দেখতে ্চ্ছি। শুধু তাই নয় বেআইনী চোলাই ছাড়া আর একটা জিনিষ আছে। আমি কেন ্বগারী দারোগার কথা বললাম তা আপনি একটা হিসাব দিলেই বুঝতে পারবেন। আমাদের থানে বেআইনী চোলাই অন্তত পাঁচগুণ বৃদ্ধি পেয়েছে। কিন্তু এখানে আমি দেখছি ফাইন্— ত্যাদিতে আয় বাড়ছে না। বেআইনী চোলাই বাড়ছে অথচ তা থেকে ফাইন বাড়ছে না। ্র থেকে বোঝা যায় চোলাই বাড়ছে না তা নয়। আপনি দেখবেন জি. টি, রোডের দুই ধারে ্ন-লাইসেন্সড বার না চা, না পানের দোকান বুঝতে পারবেন না। সন্ধ্যে ৮টার পর রাত্রি ্টো পর্য্যন্ত জি, টি, রোডে হাটা যায় না। কোন ভদ্রলোক দোকানে ঢুকতে পারে না। সুতরাং ্ই আন-লাইসেন্সড বারগুলোকে কিছু পয়সা নিয়ে লাইসেন্স দিয়ে দিন। কিছু আয় বাড়ান। ্র কেন টোয়েন্টি পারসেন্ট করছেন এটা টু হানড্রেড পারসেণ্ট করে দিন। তাহলে আয় ্ড়বে। জানেন তো সবাই খাচ্ছে। কিছু আয় আসবে। পুলিশ অত্যাচার করছে না তা নয়। ্রামের মানুষরা তালের রস খায়। আজকে তালের রসের জন্য লাইসেন্স দিয়েছেন। সাধারণতঃ ্রীব লোকেরা সারাদিন খাটুনির পর একটু আধটু তালের রস খায়। তা ওই লাইসেন্স দেওয়ার ্ন্য যেসব লোক তালের গাছ কিনছে তাদের গাছে যেয়ে যদি গরীব লোকেরা একটু রস টস খায় ্াহলে তাকে জেলে নিয়ে যায়। গরীব মানুষ জেলে যাচ্ছে। মন্ত্রী মহাশয় একটা এক্সাইজ ্মিটির কথা উল্লেখ করেছেন। এই কমিটির কথা না উল্লেখ করলেই ভাল হতো। এই কমিটির ্ার হয়েছে সাইট সিলেকসানের উপর। নাম্বার সিলেক্সানের ক্ষমতা তার নেই, কে লাইসেন্স ্াবে সে ক্ষমতা বলার তার ক্ষমতা নেই। আজকে মন্ত্রীর কাছে দাবী করছি এই এক্সাইজ লাইসেন্স ্মিটির হাতে নিশ্চয় ভার দেওয়া উচিত—কে লাইসেন্স পাবে এবং সংখ্যার ভার দেওয়া উচিত এবং কে লাইসেন্স পাবে সেটার ভার না থাকলে দুর্নীতির সুযোগ আছে এবং যেটা এতদিন চলে এসেছে সেটা বন্ধ হবে না এবং এখনও মন্ত্রীমহাশয়ের কাছে সেই আশ্বাস আমি দাবী করছি। ফরেন লিকার সপগুলো মনে হয় অক্সন করাই ভালো। ফরেন লিকার যেগুলো আছে সেগুলো কোন অঞ্চলে কতটা বিক্রি হবে কতটা লাভ হবে, সেটা মোটামুটি অক্সনের দামের উপরই নির্ভর করবে। অক্সন করে দিলে আপনার কিছু আয় বাড়বে। যেখানে এক হাজার টাকা পান সেখানে তিন হাজার টাকা পাবেন। ফরেন লিকার নিশ্চয়ই auction করা উচিত। সন্ধ্যে হয়ে এসেছে, আমি আবগারী সম্পর্কে আর আলোচনায় যেতে চাই না। সুতরাং মন্ত্রীমহাশয়কে এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবলাইলাল শেঠ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয় যে রাজ্য অন্তঃ শুল্ক-এর ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছেন তার প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এর মাঝে দু একটা

আলোচনার প্রয়োজন আছে। এগুলো বিচার বিবেচনা করার জন্য বিভাগীয় মন্ত্রির দৃ আকর্ষণ করছি। প্রথমেই বলছি যে আমরা জানি গান্ধীজির যে আদর্শ ছিল তা হলো মাদ দ্রব্য বর্জন এবং তিনি তার জন্য ডাক দিয়েছিলেন এবং সেই ডাকে অনেক সাড়াও পাওয়া গিয়েছিল আজকে আমরা দেখছি সেই পথ থেকে আমাদের সরকারের রাজ্য অন্তঃ শুল্ক বিভাগ বাস্তবে অনেক দূ চলে গিয়েছে।

[4-20—4-30 p.m.]

ইতিপূর্বে যে বক্তা বললেন তাঁর বক্তব্যের কথা ধরে এখানে কথা বলা চলে। গ্রামাঞ্চলে তাল গাছ থেকে যে রস হয় সেখানকার দরিদ্র শ্রেণীর বেশির ভাগই সেই থেয়েই কাটিয়ে দেয়। সেখানে G.R ,T.R.-এর ব্যবস্থা থাকে না। সেই গাছগুলির উপর ১২ টাকা করে লাইসেন্স করা হয়েছে আমরা দেখতে পাই ঐ লাইসেন্স বেশির ভাগ গাছের করা নেই। এরজন্য Excise Deptt.-এর পুলিশের অফিসাররা এসে যার যা দরকার নিয়ে যায় এবং যাবার সময় টাকা নিয়ে চলে যায়। তাদের কাছে গ্রামের লোক case দিলে কোন প্রতিকার হয় না। অথচ ১টা গাছের tax আদায় করলে ১২ টাকা আদায় হয়। কিন্তু সেখানে ঐ গরীবের কাছ থেকে ২০/২৫/৫০ টাকা জরিমানা আদায় করা হয় বা ৩/৬ মাসের জন্য জেল দেওয়া হয়। শিল্পাঞ্চলে যে সমস্ত পান বিড়ির দোকান আছে সেখানে গেলেই দেখবেন যে সব সময় মাদক দ্রব্যের গন্ধ বের হচ্ছে। তারকেশ্বর থেকে আসার সময় যদি কোথাও জল খেতে হয় তাহলে সেই জল খেলেই মনে হয় মাদক দ্রব্য পান করছি। এজন্য সরকারী দপ্তরের কর্মচারীদের সজাগ করে দিতে হবে। জনসাধারণের সহযোগিতার কথা বলেছেন। পশ্চিমবাংলার যুব কংগ্রেস ও ছাত্র পরিষদ থেকে মাদক দ্রব্য বর্জনের একটা ডাক দিচ্ছে এবং এরজন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা 'চিঠিও পাঠান হবে। স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষ এবং ৯ই আগস্ট মাদক দ্রব্য বর্জন দিবস রূপে ডাক দিচ্ছে। সেজন্য ঐ দুদিন বিভাগীয় কর্তৃপক্ষ যদি জনসাধারণের সঙ্গে সহযোগিতা করার জন্য এগিয়ে আসেন তাহলে আমরা উপকৃত হব। এই জিনিসটা আমাদের সমাজের খুব অপকার করেছে। আমরা নকশাল পন্থীদের কথা বলি—যারা সব সময় চোঙা প্যান্ট পরে থাকে, ষ্টেনগান, ব্রেনগান নিয়ে থাকে—তাদের যদি পুলিশ ধরতে যায়—তাহলে দেখে যে তারা সবসময় মাদক দ্রব্য পান করে থাকে। কোন হিংসাত্মক কাজ করতে গেলে মাদক দ্রব্য পান করতে হয়। সুতরাং এটা একটা ভয়ঙ্কর সামাজিক ব্যাধি। এর জন্য ২/১টি সিনেমার তথ্য চিত্র করলে হবে না; ১টা selection committee করা হয়েছে। এটা করে কি হবে? কোথায় দোকান খোলা হবে এর জন্য M.L.R.-দের ডেকে নিয়ে এসে সারাদিন নষ্ট করার কি প্রয়োজন আছে জানি না। এই কমিটির উপর যদি ভার দেওয়া হয় যে যেখানে বেআইনী কার্য কলাপ হবে সে সম্বন্ধে এই কমিটির report যদি থাকে তাহলে তাকে শাস্তি দেবার ব্যবস্থা থাকা উচিত। এ না করলে কোন কাজ সফল হবে না। আমরা দেখতে পাচ্ছি আবগারি অফিসারদের জন্য অনেক খরচ বৃদ্ধি করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি ২·৬ লক্ষ টাকা যখন ব্যয় বেশী হচ্ছে তখন ১ কোটি টাকা আদায় হচ্ছে। আবার দেখতে পাচ্ছি ২·৫ লক্ষ টাকা আদায় করার জন্য খরচ করা হচ্ছে তখন ৫৭ লক্ষ টাকা আদায় হচ্ছে।

আরো একটা কথা আমি বলছি সেটা হচ্ছে গ্রামাঞ্চলে পচাইয়ের যে ভেণ্ডারগণ আছে তারা ঠিকমত একসাইজ ডিউটি দেয় না। মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে পশ্চিমবংগের বিভিন্ন পচাইয়ের ভেণ্ডারগণ সরকারের বিরুদ্ধে কেস করেছে, হাইকোর্টে সেই কেস চলছে এবং তাদের উপর যে

ট্যাক্স ফেলা হয়েছে সত্যিকারে সেই ট্যাক্স যদি আদায় করা হয় তাহলে আরো অনেক টাকা আদায় হবে। আমি বলব যখন ট্যাক্স ফেলা হয় তখন যেন চিন্তা করে ফেলা হয়। একসাইজ অফিসাররা অনেক সময় নিজেদের বাঁ পকেট কিছুটা ফলাও করবার জন্য সরকারকে ট্যাক্স বৃদ্ধির দিকে উস্কানি দিচ্ছে। আসলে উপযুক্ত ট্যাক্স যেটা পড়বে সেটা আদায় করতে হবে। এই যদি উদ্দেশ্য থাকে তাহলে মাদক দ্রব্য বর্জন করা সম্ভব হবে। শুধু জনসাধারণের সহযোগিতা থাকলে হবে না, তার সংগে অফিসারদের সহযোগিতা যদি থাকে তাহলে মাদক দ্রব্য বর্জন করা সম্ভব হবে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমোসলেহুদ্দিন আমেদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ আবগারী বিভাগের মন্ত্রী মহাশয় যে দাবী পেশ করেছেন তা আমি সমর্থন করি। এ সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। মাদক দ্রব্য বর্জন আমাদের কংগ্রেসের নীতি, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে এই মাদক দ্রব্য বর্জন করা তো দূরের কথা, দিনের পর দিন এই মাদক দ্রব্যের প্রসার বৃদ্ধি পাচ্ছে। ২০ বছর পূর্ব্বে যে মাদক দ্রব্য গ্রামে ব্যবহার করা হত আজ তার বহুগুণ বেড়ে গেছে। পূর্বে ছোট ছোট ছেলেরা মদ বা অন্য মাদক দ্রব্য গ্রহণ করত না, কিন্তু আজ আমরা দেখতে পাচ্ছি সেই ছোট ছোট ছেলেরা পর্যন্ত এই মাদক দ্রব্য গ্রহন করছে। এর কারণটা এই ছেলেরা সাধারণতঃ অনুকরণ প্রিয়। তার পিতা বা অভিভাবকগণ যে মদ, গাঁজা খাচ্ছে এই দেখে দেখে ছোট ছোট ছেলেদের এই মাদক দ্রব্যের প্রতি আকর্ষণ বেড়ে গেছে। এখানে আমাদের মন্ত্রীমহোদয় বলেছেন যে এটা আমরা করতে বাধ্য হয়েছি, তার কারণ হচ্ছে এই—তিনি এখানে এই কথা বলেছেন যে, এই অবস্থায় সরকারের রাজস্ব বিভাগগুলির কাছে জনসাধারণের প্রত্যাশা অনেক। রাজ্য অন্তঃশুল্ক বিভাগ দ্বিতীয় বৃহত্তম রাজস্ব বিভাগ হিসাবে জনগণের এই আশা আকাক্ষা পূরণ করে জাতিকে যাতে উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়নের এবং সমৃদ্ধির পথে নিয়ে যেতে পারে সেজন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি। উন্নয়ন-মূলক পরিকল্পনা অর্থাৎ এই কথা বলেছেন এতে যে আয় হয়, উনি একথা স্বীকার করে নিয়েছেন মাদক দ্রব্য বর্জন আমাদের উচিত, কিন্তু জাতির উন্নতির মূলে এটা আমাদের অপরিহার্য হয়ে পড়েছে। সেজন্য একথা বলেছেন এটা বর্জন করে অন্তঃশুল্কের অন্যান্য যে সব দপ্তর আছে সেখান থেকে এটা আলাদা করতে পারলে আমাদের জাতীয় চরিত্রের অনেকটা উন্নতি হত। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে জাতির চরিত্রের উন্নতি ব্যতিরেকে মানব জাতির উন্নতি হয় না। এবং মানব জাতির চরিত্রের যদি উন্নতি করতে হয় তাহলে আমি বলব মাদক দ্রব্য বর্জন একান্ত অপরিহার্য। মাননীয় মন্ত্রী মহাশয় হিসাব দিয়েছেন ১৯৬৭-৬৮ সালে আয় ছিল ১৩.১৮ কোটি টাকা, ব্যয় ছিল ৬৯.৯ লক্ষ টাকা। ১৯৬৮-৬৯ সালে আয় ছিল ১৩.৬৮ কোটি টাকা, ব্যয় ছিল ৯৪.৪ লক্ষ টাকা। দিনের পর দিন দেখা যাচ্ছে যে আয় বেড়ে যাচ্ছে। এর মূল কারণ আমরা বুঝতে পারছি দেশে লোকে বেশী করে মদ খাচ্ছে, তার ফলে আয় বেড়ে যাচ্ছে এবং এই যে মদ খাচ্ছে আগে আমাদের ছেলেরা চুরি করে মদ খেত, এখন আমরা দেখতে পাচ্ছি প্রকাশ্যে মদ খাচ্ছে।

[4-30—4-40 p.m.]

আর একটা জিনিস যা আমাদের চোখে পড়ছে সেটা হচ্ছে বড় বড় বাজার ও বন্দরগুলোর সামনে মদের দোকান খুলেছে। পশ্চিম দিনাজপুরের একটা বন্দরে এ রকম একটা দোকান খুলেছে যেটা সকলের চোখে এবং এমন কি ছোট ছোট ছেলেমেয়েদেরও চোখে পড়ছে যে লোকেরা মদ খাচ্ছে। বালুরঘাট এবং ইটাহারেও এরকম দোকান খোলা হয়েছে। আমার বক্তব্য

হচ্ছে বন্দরে এবং শহরে মানুষের চোখের অন্তরালে যেন এই দোকানগুলি করা হয়। একটি কথা আপনি বলেছেন যে এর মাধ্যমে আয় হচ্ছে। কিন্তু আমরা জানি এর চোরাকারবার বহু চলেছে এবং তার সংগে সরকারী কর্মচারীরা লিপ্ত আছেন। আমরা দেখেছি আদিবাসীদের প্রত্যেকটি বাড়ীতে এই চোলাইর কারবার চলে এবং তার সংগে আবগারি বিভাগের দারোগাবাবুদের সম্পর্ক আছে। তারা প্রকাশ্যে এই চোলাই মদ লোকের কাছে বিক্রি করে। তাদের সেই চোলাইর এক বোতলের দাম ২ টাকা, অথচ সেই মদ অন্য জায়গা থেকে আনতে গেলে হয়ত ৩/৪ টাকা লাগে। তারা এই মদ ২ টাকা করে বিক্রি করছে এবং এই চোরাকারবারের সংগে দারোগাবাবুরা সংশ্লিষ্ট আছেন। তারপর গ্রামে যে সমস্ত তালগাছ আছে সেগুলি নিলাম করে দেবার ফলে তার ফল পাচ্ছি না। আগে গ্রামের লোকেরা তালবনে গেলে ফল পেত, কিন্তু এখন সেই ফল পাওয়া যাচ্ছে না, এটা বন্ধ করা দরকার। সাধারণতঃ তালের রস লোকেরা খেত, কিন্তু এখন সেটা আয়ের পথে গেছে এবং তার ফলও লোকেরা পাচ্ছে না। কোথাও কোথাও দেখছি ফলও কমে যাচ্ছে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্য অন্তঃশুল্ক খাতে ১ কোটি ২১ লক্ষ ৩১ হাজার টাকার যে দাবী পেশ করা হয়েছে তাকে সমর্থন করছি এই কারণে যে, আজকে এই সরকার যে জিনিস বিলাস দ্রব্য পর্যায়ে পড়ে সেই পর্যায় থেকে অতিরিক্ত টাকা আদায় করছেন। আমরা দেখতে পাচ্ছি ক্রমশঃ এর আয় বাড়ছে, কাজেই এই আয় আমাদের ভাল কাজে লাগাতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা জানি এই জিনিস কোনদিন আইন করে বন্ধ করা যায় না, যারা মদ, গাজা খায় তারা এটা খাবেই। কাজেই এটা থেকে আমাদের যদি রাজস্ব আসে তাহলে সেটা আদায় করবার জন্য যে প্রচেষ্টা তাকে জোরদার করতে হবে। এই প্রচেষ্টাকে জোরদার করবার জন্য সরকারের কিছু করণীয় আছে। আমরা দেখতে পাচ্ছি এর মধ্যে কিছু বাধা আছে। অর্থাৎ এক্সাইজ ডিপার্টমেন্টের যে সমস্ত কর্মচারীরা আছেন তাঁরা এই সব ব্যাপারে একেবারে উদাসীন থাকেন। এটা থেকে সরকারের রাজস্ব আসে, কিন্তু সেই রাজস্ব আদয়ের জন্য চাপ সৃষ্টির যে ভূমিকা সেটা আমরা দেখছি না। আমরা দেখছি জেলায় জেলায় এক্সসাইজ ডিপার্টমেন্টের অফিস আছে, কিন্তু সেখানে কোন কাজ হয় না, তারা চুপচাপ বসে থাকে। কখনও কখনও হয়ত গাড়ীতে চড়ে রেড করতে যাচ্ছি বলছে, কিন্তু আসলে দেখা যায় রেড করে যে সমস্ত চোরাকারবার ধরছে, যে সমস্ত চোলাই মদ ধরছে তাদের কাছ থেকে পয়সা নিয়ে তাদের ছেড়ে দিচ্ছে। এই সব কর্মচারীরা এই যে চোরাকারবার ধরছে এবং ছাড়ছে তার কারণ বিশ্লেষণ করবার প্রয়োজন আছে। আমরা দেখতে পাচ্ছি এইসব কর্মচারীদের বেতন খুবই কম যার জন্য তাঁরা নিজেদের বাঁচাবার জন্য এইসব খারাপ মনোবৃত্তির মধ্য দিয়ে কিছু পয়সা রোজগার করবার চেষ্টা করেন।

সেই সব কর্মচারীদের উপর নজর দেয়া দরকার। তাছাড়া কিছুদিন আগে আমরা দেখেছি যে একসাইজ ডিপার্টমেন্ট থেকে লোক নেয়ার জন্য দরখাস্ত চাওয়া হয়েছিল। যদি মাননীয় মন্ত্রী মহাশয় এর থেকে কিছু বেশী উপার্জন করতে চান তাহলে এক্সসাইজ ডিপার্টমেন্টে লোক নিয়োগ করুন। যে আনএমপ্লয়মেন্ট দাঁড়িয়েছে এটাকে সলভ করতে গেলে আরো বেশী লোক নিয়োগের ব্যবস্থা করতে হবে। কিছুদিন আমরা দেখেছি দরখাস্ত নেয়া হয়েছিল, কিন্তু এখনও সেখানে লোক নিয়োগ করা হয়নি। অবিলম্বে লোক নিয়োগ করা দরকার এবং এর দ্বারা কিছু বেশী টাকা আসবে এবং সঙ্গে সঙ্গে বেকার ছেলেদেরও প্রভাইড করতে পারব। এই বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আর একটা ব্যাপারের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজন আছে বলে মনে করি এবং এখানে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে আমাদের এখানে কাঁচামালের অভাব

এবং তা পুরণ করবার চেষ্টা একান্ত দরকার। সেই কাঁচামালকে যদি পুরণ করতে পারি এবং এর উপর যদি চাপ সৃষ্টি করতে পারি তাহলে সমস্যার খানিকটা সমাধান হবে। আমাদের যুব কংগ্রেস এবং ছাত্রপরিষদ মাদকদ্রব্য বর্জন প্রগ্রাম নিয়েছে, সেই প্রগ্রামের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়কে নজর দিতে বলছি। আজকে যেভাবে এই বিভাগের ট্যাক্স ফাঁকি দিচ্ছে, মাদক দ্রব্যের জন্য ট্যাক্স দিচ্ছে না, যারা চোরাকারবারী করছে, দিনের পর দিন মুনফা লুঠছে তাদের কাছ থেকে টাকা আদায় করা একান্ত প্রয়োজন—তা যদি করতে পারি তাহলে মন্ত্রীমহাশয় যে বরাদ্দ দাবী করেছেন সে টাকাটা উঠে আসবে। তা না হলে যে ডাউনফল হচ্ছে, লোকসান হচ্ছে তা পূরণ করা সম্ভব নয়। তাছাড়া আমি বলতে চাই এই রেড করার ব্যাপারেও আরো জোরদার করা উচিত। কর্মচারীদের ডিউটী সম্বন্ধে সজাগ করে দেয়া উচিত। প্রত্যেকটি জায়গায় দেখেছি তাদের এ ব্যাপারে তাদের কোন নজর নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে লাইসেন্সের ব্যাপারেও অনেক গোলযোগ দেখা যায়। যাঁদের দেয়া দরকার তারা পাচ্ছে না। মন্ত্রীমহাশয় যে বোর্ড গঠন করেছেন তাদের কোন ক্ষমতা নাই। আমি মনে করি সরকার যদি কিছু আয় বাড়াতে চান—তারা বলছেন যে মদের দোকানের লাইসেন্স দেবেন প্রতি জেলায় জেলায়, তাহলে প্রত্যেক জেলার এম. এল. এ-দের রিপ্রেজেনটেটিভদের সঙ্গে পরামর্শ করে দেবেন। এই সব ব্যাপারে তদন্ত করা একান্ত দরকার। এবং আমরা মনে করি লাইসেন্স নীচু স্তরের লোকদের দেয়া উচিত। যাদের দুতিনটে লাইসেন্স আছে এবং যারা সরকারকে ট্যাক্স ফাঁকি দিচ্ছেন তাদের দেয়া উচিত নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যে বাধা বিপত্তি আছে এবং যারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে এবং সরকারের রাজস্ব ফাঁকি দিচ্ছে তাদের প্রতি বিশেষ নজর দেয়া উচিত। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসীতারাম মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এই বাজেটের পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্যগণ যে বক্তব্য রেখেছেন সেই সম্পর্কে কিছু বলতে চাই। আমি অবশ্য প্রথমেই কৃতজ্ঞতা সকলকে জানাই যে তারা আমার এই বাজেটকে সমর্থন করেছেন এবং সমর্থন করতে গিয়ে যে সমস্ত সাজেসসন দিয়েছেন বা সমালোচনা করেছেন সেই সম্বন্ধে আমি কিছু বলব। আসল কথা অনেকেই বলেছেন যে মাদকদ্রব্য বর্জন মানসিকতার দিক দিয়ে এর মূল্য অনেক বেশী এটা আমিও স্বীকার করি। কিন্তু সামাজিক যা পরিস্থিতি, সেই পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আমাদের বিচার করা দরকার যে সেই বর্জন নীতি আমরা ঠিকমত বাস্তবে রূপায়িত করতে পারব কিনা।

[4-40—4-50 p.m.]

অত্যন্ত মূল্যবান কথা—আমাদের জাতির জনক মহাত্মা গান্ধী মাদকদ্রব্য বর্জন আন্দোলন করেছিলেন আমরা জানি। কিন্তু আজকের সমাজের পরিস্থিতি যা সেই পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আমাদের এটা বিচার করা প্রয়োজন যে এই পরিস্থিতিতে এটা বর্জন করা সম্ভব কিনা। আমি যতদূর জানি এই মাদক দ্রব্য বর্জন করা বর্তমান পরিস্থিতিতে অত্যন্ত কঠিন। এবং এটা আরো সহজ হয় যদি সমাজের প্রতিটা মানুষ নিজের থেকে, তাদের বিবেক থেকে এই মাদক দ্রব্য বর্জন করার জন্য শপথ গ্রহণ করেন তবেই সম্ভব হবে, এছাড়া আইন করে এই সামাজিক ব্যাধিকে দূর করা যাবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের দেশে আমাদের সমাজের জন্য কল্যাণমূলক অনেক আইন তৈরী আছে, কিন্তু আমি জানি সেই সমস্ত আইন সমাজে এখনও অচল। কাজেই যতক্ষণ পর্যন্ত না মানুষের মানবিক দিক থেকে প্রস্তুতি আসে, যতক্ষণ পর্যন্ত না মানুষের সামাজিক বোধশক্তি

বৃদ্ধি হয়, সেই পর্যন্ত আইন করে এই মাদকদ্রব্য বর্জন করা যায় না। যাই হোক, এই সম্পর্কে অনেক সদস্য বলেছেন। তাছাড়া আমাদের দেশে অনেক রাজ্যে এই বর্জন সম্পর্কে আলাপ আলোচনা হয়েছে, কিন্তু দেখা গিয়েছে এই বর্জন নীতির উপর ঠিক করে থাকতে পারেনি। যাই হোক আমাদের বর্তমান পশ্চিমবঙ্গে এই এক্সসাইজ বিভাগের যে পরিস্থিতি তার থেকে যা দেখা যাচ্ছে আমাদের রাজ্যে কাঁচা মালের খুবই অভাব। যদিও আপনারা বাজেটে দেখেছেন এর থেকে প্রচুর আয় হয় সরকারের কিন্তু অত্যন্ত: দুঃখের কথা যার থেকে আয় পাচ্ছি তার কাঁচামাল আমাদের দেশে নেই। আজকে আমাদের কাঁচামালের জন্য সম্পূর্ণ নির্ভর করতে হচ্ছে অন্যান্য রাজ্যের উপর। কাজেই আমাদের দেশে এই যে আয় হচ্ছে এটাকে যদি ঠিক অব্যাহত রাখতে চাই তাহলে আমাদের কাঁচামাল সম্পর্কে বিশেষ সতর্ক হতে হবে। আমাদের কোন কোন সদস্য বলেছেন এই কাঁচামাল সম্পর্কে আমাদের অন্য রাজ্যের উপর নির্ভর না করে থেকে সেই সম্পর্কে গবেষণা করা দরকার এবং সেই সম্পর্কে আমাদের সরকার সজাগ আছেন। যাতে চেষ্টা করে এর খানিকটা পরিপুরণ করা যায় তার চেষ্টা করছি। অনেক সদস্য বলেছেন আমাদের যে ইনকাম হচ্ছে তার থেকে অনেক বেশী ইনকাম এই খাতে হওয়া সম্ভব যদি আমাদের আবগারী বিভাগ আর একটু সচেষ্ট হন, সৎ হন। সেই সম্পর্কে আমি, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের আশ্বাস দিতে পারি এই সম্পর্কে যথেষ্ট সাবধানতার সঙ্গে ব্যবস্থা অবলম্বন করবো।

যাতে সরকারী বিভাগে যে ত্রুটি বিচ্যুতি আছে তা যাতে দূর হয় এবং কাজ সম্পন্ন হয়, তার জন্য আমি আপ্রাণ চেষ্টা করব। এই আশ্বাস মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে, আমি এই সভায় দিচ্ছি। আমাদের কিছু সদস্য বলেছেন, তাল গাছের উপর ট্যাক্স আছে। যদিও এসম্বন্ধে আমার জানা নাই, তবু আমি এই সম্পর্কে খোঁজ খবর নেব এবং তাল গাছের ব্যাপারে যে সমস্ত বৈষম্য আছে, সে সম্পর্কে আমি যথাযথ ব্যবস্থা গ্রহণ করব। চোলাই মদের ব্যাপারে এটা আমরা সকলেই জানি, মাননীয় অনেক সদস্যও বলেছেন, যে সমস্ত লাইসেন্সপ্রাপ্ত দোকান আছে, তাছাড়াও বহু জায়গায় এই চোলাই মদ বিক্রী হয়, এটা আপনারা অনেকেই জানেন। এর প্রতিকার কোথায় সেটা ভেবে দেখতে হবে। অবশ্য আমি নিজে এই অল্প দিনের মধ্যে এই সম্পর্কে চিন্তা করছি, আমি প্রত্যক্ষভাবে জানি যে এই ধরণের বহু চোলাই হয়। তার জন্য আমি অবশ্য ব্যক্তিগতভাবে ব্যবস্থা গ্রহণ করেছি যাতে এই চোলাই মদ বিক্রী বন্ধ করতে পারা যায়। তার জন্য এক দিকে যেমন আবগারী বিভাগকে সচেষ্ট হতে বলেছি, তেমনি অন্য দিকে জনগণেরও সাহায্য এবং সহযোগিতা এবং সহানুভূতি অনিবার্য্য ভাবে প্রয়োজন। এ ছাড়া সব দিক থেকে মূল কথা হল, জনগণের সহযোগিতা এবং সহানুভূতি ছাড়া এই সমস্ত চোলাই মদ বন্ধ করা অসম্ভব। যাই হোক এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করেছি। আমাদের কাঁচামাল সম্পর্কে অনেকে বলেছেন। আমরা সরকারীভাবে চেষ্টা করছি যাতে আমাদের পশ্চিমবঙ্গে এই কাঁচামাল সম্পর্কে আমরা স্বনির্ভরশীল হতে পারি, সাবলম্বী হতে পারি। তার চেষ্টা আমরা করছি। আর অন্যান্য সদস্যরা যে সমস্ত কথা বলেছেন, সে সব কথাগুলি আমরা শুনেছি এবং সে সম্পর্কেও আমরা ব্যবস্থা গ্রহণ করব। আমি সবশেষে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে সমস্ত সদস্যদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sitaram Mahato that a sum of Rs. 1,21,31,000 be granted for expenditure under Grant No. 3, Major Head; "10—State Excise Duties" was then put and agreed to.

[4-50—5-00 p.m.]

**Demand for Grant No. 14**
Major Head : 22—Jails

**Shri Gyan Sing Sohanpal** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,97,75,000 (Rupees two crores ninety seven lakhs seventy-five thousand) only be granted for expenditure under Grant No. 14, Major Head : "22—Jails". This is inclusive of Rs. 99,25,000 (Rupees ninety-nine lakh twenty-five thousand) only already voted on account in March, 1972.

I take the opportunity to recount some important developments faced by the Jail Administration in the recent period. Perhaps it is for the first time in the history of Jails that a large number of prisoners in the Jails are quite distinct from the prisoners of the traditional type. These prisoners are extremist in their faith and desperate in character and are veritable source of disturbances in the Jails. Another important development is the phenomenal rise in prison population, which has created the problem of overcrowing in most of the Jails. The recent year have also been marked by a chain of jail-breaking incidents in some of the Jails in the State.

Two Commissions of Enquiry headed by a High Court Judge each were appointed to enquire into the two major jail-breaking incidents in Alipore Special Jail and Asansol Special Jail, respectively. Their findings have brought to the foresome of the inadequacies in the Jail administration, particularly in the context of recent developments. On a very careful consideration of their findings and recommendations, we have taken various steps to overcome the basic problems of Jail administration. In view of the pressing need of more accommodation, a Special Jail has recently been opened at Berhampore, exclusively for extremist prisoners with a capacity of 1000. It has been decided to set up a Special Jail of modern type at Durgapur. For this purpose 20 acres of land have been purchased from the Durgapur Development Authority. We are also considering proposals to establish Special Jails—one in North Bengal and another near Salua, district Midnapore. The Malda Sub Jail and Bankura Sub-Jail have recently been upgraded to the status of District Jails. Besides, the existing capacity of some of the Jails is being extended.

We have felt that the pattern of Jail administration should be reorganised if it has to be attuned to the requirements of changing times and particularly, the stress of the present day situation. We have taken some positive measures already and hope to adopt some others to reorient

the Jail administration and to plug the loopholes the Jail administration is at present plagued with. Security officers will be posted very shortly in all important Jails. For this purpose, 6 posts of Inspector of Police and 14 posts of Sub-Inspector of Police have been sanctioned. The post of DIG, Prisons ( Security ) which was so long held by an officer of the rank of Superintendent of Police is now proposed to be upgraded to that of DIG of Police. The District Magistrates have been asked to exercise close and effective supervision over the activities of the various Jails within their respective jurisdiction. The Jail Code will be suitably revised in order to meet the requirements of the present-day situation and also with a view to achieving the standard of Jail administration on the pattern of modern Correctional Services.

It has been found that the structures of many of the prisons are vulnerable to jail-breaking. Some measures have already been taken to strengthen the structures, which include raising the height of the perimeter walls, setting up watch-towers, sentry boxes, better lighting arrangements, etc. We have now taken up an Emergency Security Scheme for the important Jails with an eye to their security. We hope that the scheme which will cost about Rs. 9 lakhs will be implemented in the current financial year.

It is well-known that the concept of penological treatment of prisoners has undergone a basic change in the modern society, the main emphasis being shifted to the reformatory aspect of the prison-life. In order to acheive a better standard of life for prisoners, various welfare measures have been adopted in the Jails. Compulsory adult education has been introduced in all the Central and District Jails of the State. Prisoners up to 5o years of age who have been sentenced to R. I. for three months or above are now made to regularly attend classes for primary education in the Jails. Other prisoners-convicts or under trials have the option to attend the classes. The class-room teaching of prisoners is supplemented by the audio-visual method of imparting education by exhibition of educational and documental films. The object of the entire scheme is that every unlettered offender who goes to Jail for a period of 3 months or more must come out literate.

A system of payment of wages to convicts for their labour in Jails has been introduced in all the Central and District Jails. Prisoners sentenced to over three months' R. I. who perform the full task alloted to them get wages at prescribed rates. They are also paid a bonus if the output exceeds the alloted task by 25%. Out of the earn-

ings, the prisoners are allowed to buy tobaccos, sweets, etc. up to an amount not exceeding half the sum at their credit.

We are also aware of the need for providing increasingly, medical facilities for the prisoners. Recently a sum of Rs. 1,06,878 ( Rupees one lakh six thousand eight hundred seventy-eight ) only has been sanctioned for installation of an X-ray Unit at the Alipore Central Jail Hospital. This will obviate the necessity of transferring the prisoners in cases where X-ray examination is required. This hospital is also going to be provided with dental chair to facilitate the treatment of prisoners suffering from dental diseases. A Psychological Clinic has been functioning in this Jail hospital under the supervision of an expert. The Clinic enables the administration to assess the aptitude and capacity of the prisoners and guide them in their respective vocations.

Prisoners are given due facilities for prosecuting their studies in Jails and to appear at various examinations of the West Bengal Board of Secondary Education and different Universities in this State. 14 prisoners appeared in the School Final Examination and 26 in the Higher Secondary Examination this year from different Jails. A number of students have also appeared in the B.A., B Sc. and B.Com. Examinations.

The social and cultural aspects of the jail life are also being taken care of. The prisoners hold sports, comic skits and dramas on festive occasions. They are also allowed to use musical instruments on Sundays and jail holidays. They hear radio broadcast from All India Radio in some Jails. The Panchayet system among the prisoners has been introduced in all Central Jails and also in some District Jails. The object of the system is to provide greater facilities to prisoners for developing a sense of personal responsibility and to inspire enthusiasm in them. The Panchyet supervises the preparation and distribution of food, help in schooling of prisoners, organise recreations, games and exercise for the prisoners, look after sanitary arrangements and also deal with complaints from prisoners.

The Probation system has been extended to ten districts, under which an offender under 21 years of age is not to be sentenced to imprisoment except for reasons to be recorded in writing by the Court. This is a non-institutional method of treatment of offenders by keeping them in the midst of society under the supervision of Probation officers.

The measures described above are designed to stress the welfare aspects of prison life and to provide them with opportunities to reform

themselves in order that they can get back into the society as normal healthy citizens. I earnestly hope with your best co-operations, we shall be able to bring about a new look in our jail life and go ahead towards the goal we have set before us.

With these words, Sir, I command my motion for acceptance of the House.

[5-00—5-10 p.m.]

**শ্রীশিশিরকুমার ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ একটা পরিবর্তনের সামনে দেশ এগিয়ে চলেছে—সমস্ত জায়গায়, সমস্ত বাজেটে, সমস্ত বিলে আমরা বার বার একটা কথা স্মরণ করিয়ে দিতে চাইছি যে, যা কিছু করা হবে তা যেন যুগপোযোগী হয়। এই পরিবর্তনের সাথে সাথে মানুষের যে এগিয়ে যাবার রাস্তা, যে রাস্তায় তার এগিয়ে যাওয়ার প্রয়োজন, সেই দিকে নজর রেখে এগিয়ে যাওয়া উচিত। আজকে যে ব্যয় বরাদ্দের উপর বলতে এসেছি, সেই ব্যয় বরাদ্দের ব্যাপারে দেখেছি যে, সেটা সঠিক খাতে যদি প্রয়োগ করতে হয় তাহলে জেলে জেলে বরাদ্দকৃত যেটাকা তার খরচের দিককে পরিবর্তনমুখী করে গড়ে তুলতে হবে। এই পরিবর্তন হচ্ছে এখন যেভাবে সেই পুরাতন ব্যবস্থায় এই জেলের প্রশাসন যন্ত্র চলছে, সেই প্রশাসনকে বাতিল করে ফেলতে হবে। এবং তা যদি বদলাতে না পারি তাহলে আগামী দিনে আমাদের সামনে যে দায় দায়িত্ব আছে তা পালন করতে পারবো না। একজন বিচারাধীন বন্দীর জীবনের অভিজ্ঞতা আমার আছে। প্রথমে তাকে বন্দী করে নিয়ে আসা হয়, তারপর তাকে রাখা হয় ঐ থানার হাজতে। নরক কাকে বলে জানি না—তবে ঐ থানার হাজতখানাকে দেখে মনে হয় সত্যিই এটা নরক—দুর্গন্ধময়—সেই দুর্গন্ধে তাকে এনে রাখা হয়। তারপর তাকে চালান করা হয় জেলার জেল কাষ্টডিতে। ঐ বিচারাধীন বন্দীকে সেখানে বন্দী হয়ে থাকতে হয় বহুদিন—সে অপরাধী কিনা তা বিচার হলে তারপর অন্য কথা—কিন্তু ততদিন পর্যন্ত তাকে ঐ জেলখানায় থাকতে হয়। সেখানকার যে পরিবেশ সেই পরিবেশের দিকে তাকিয়ে এই কথা বলতে হয় যে এই পরিবেশে মানুষ থাকতে পারে না। এই পরিবেশের পরিবর্তন করা দরকার আছে। এই জেলখানার পরিবেশে মানুষ আরও অপরাধপ্রবণ হয়ে উঠে। সেইজন্যই বলছি এই পরিবেশের পরিবর্তন হওয়া একান্ত দরকার বলে আমি মনে করি। এখানে সাধারণ কয়েদীদের মত বিচারাধীন বন্দীদেরও জীবন যাপন করতে হয়। মন্ত্রী অবশ্য বলেছেন যে এটা ঠিক এবং এর পরিবর্তন করবেন। মন্ত্রী মহাশয় বলেছেন যে অন্য সময়ে এত সংখ্যক বন্দী কোন দিন কোন সময় ছিল না, যা এখন আছে। তিনি বলেছেন নূতন ব্যবস্থা করতে চান— —পরিবর্তন করতে চান। আমি বলতে চাই যে এতো সংখ্যক বন্দীতে যখন জেলখানা ভরে গেছে, তাদের যদি পরিবর্তন করার সুযোগ না দেন, তাদের পরিবর্তনমুখী না করে তোলেন, সেখানকার প্রশাসনিক ব্যবস্থার যদি পরিবর্তন না করতে পারেন, তাহলে ঐ যারা জেলখানায় এসেছে, তারা সেই জেলখানাতেই পড়ে থাকবে। তাই আমি বলছি তাদের পরিবর্তন করতে হবে, তাদের শিক্ষিত করে তুলতে হবে, দেশের গঠনমূলক কাজে তাদের এগিয়ে নিয়ে যাবার জন্য প্রশাসন যন্ত্রকে সেইভাবে কাজ করতে হবে। আমরা এতগুলি মানুষকে যদি সঠিক রাস্তায় নিয়ে যেতে পারি তাহলে এই জেলখানার জন্য আজকে যে ব্যয় বরাদ্দ সেই ব্যয় বরাদ্দ সার্থক হবে। আমি জানি অনেক রকম ব্যবস্থা আছে—এই পরিবর্তনকে এগিয়ে নিয়ে যাবার ব্যবস্থাও আছে

—তবে আমি মনে করি এই ব্যবস্থা সঠিক প্রয়োগ করা হচ্ছে না। এবং যা ব্যবস্থা আছে তা পর্যাপ্ত নয়। তারপর জেলখানায় যে খাদ্য সেদিকে একবার তাকিয়ে দেখুন—প্রথমতঃ যে খাদ্য দেওয়া হয় তা পর্যাপ্ত নয়, তার উপর কোন ভৌতিক কারণে সেই খাদ্য কম পড়ে যায় এবং সে খাদ্য এমনই যে তাকে খাদ্য বলা যায় না।

জেলে থাকার ব্যবস্থা খারাপ, জেলের স্যানিটেসান খারাপ, জেলের ঘরগুলি খারাপ এবং এর ফলে যে বিক্ষোভ ধূমায়িত হয়, যে বিক্ষোভ দেখা দেয় তাতে জেলের ভেতরের বন্দীদের সঙ্গে কারারক্ষীদের বিবাদ বাড়ে এবং তাতে আমরা দেখি সবচেয়ে দুঃখজনক ব্যাপার সেখানে গুলি চলে, মারামারি হয়। কাজেই এই যদি হয় তাহলে এই সভ্য সমাজে জেল সম্পর্কে আমরা কি জবাব দেব? স্যার, আমরা জানি, জেলের মধ্যে কেউ যদি যায় তাহলে সে সব চেয়ে সিকিয়োর্ড পারসেন—তার নিরাপত্তার অভাব থাকবে না। কিন্তু আজকে মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি কতগুলি লোক জেলের মধ্যে থাকাকালীন প্রাণ দিয়েছেন? তা ছাড়া জেলে এত বিক্ষোভ কেন? স্বাধীনতার আগে এবং পরে জেলের ভেতরে বিক্ষোভ দেখা দিয়েছে, কিন্তু কয়েকমাস ধরে বিশেষ করে গত বছর থেকে জেলের মধ্যে যে ঘটনা ঘটছে সেই ঘটনাগুলি সম্পর্কে নিশ্চয় তদন্ত হচ্ছে ঠিক, সেই তদন্ত সাপেক্ষে যে সমস্ত রাস্তা নেওয়া উচিত সেগুলি নিশ্চয় নেবেন—হয়ত গৃহ সমস্যা বা অন্যান্য সমস্যা আছে, সেগুলি মেটাবেন বা দূর করবেন, কিন্তু তার সাথে সাথে জেলে যাদের নিয়ে আসছেন সেই বন্দীদের, তারা অপরাধী কিনা জানি না, অপরাধ যদি তার থাকেও তাহলে তাকে আবার মনুষ্য সমাজে নিরপরাধ করে ফেরত যাতে পাঠাতে পারেন তার পরিকল্পনা করুন। এই পরিকল্পনাই হবে সার্থক পরিকল্পনা, দেশ গড়ার পরিকল্পনা। সেই জন্যই স্যার, আমি বার বার বলছি যে জেলের মধ্যে এমন ব্যবস্থা থাকা উচিত যাতে কয়েদীদের সাথে কারারক্ষীদের কোন বিবাদ না হয়, বন্দীরা নিরাপদ বোধ করতে পারেন এবং জেলের জীবন যাপন করবার পর যখন তারা নতুন করে সমাজে ফিরে আসবেন, তখন তাদের মনের মধ্যে যেন এমন কোন গ্লানির সৃষ্টি না হয় যাতে তারা স্বভাব অপরাধী হয়ে যায়। সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে এবং তা যদি পারি তাহলেই এই ব্যয়বরাদ্দ সার্থক হবে। স্যার, ঐ যে জেল কোড সেই জেল কোডের মধ্যে দেখতে হবে যে আমরা যে বন্দীদের নিরাপরাধী করতে চাই সেটা সম্ভব কিনা। তা ছাড়া জেলার বা সুপারইনটেনডেন্টকে যে বিপুল ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতার সদব্যবহার হচ্ছে কিনা। তারপর যে সমস্ত ছোট ছোট ছেলেমেয়েরা বন্দী হয়ে আসে রাজনৈতিক কারণে বা নানা রকম কারণে তারা ঠিক মত শিক্ষা পেয়ে এগিয়ে গিয়ে সমাজে যাতে মাথা তুলে দাঁড়াতে পারে সেটা দেখা দরকার। এটা সেখানে দেখা দরকার যে তারা যেন স্বভাব অপরাধী হয়ে না যায়। এইসব ব্যবস্থা পর্যাপ্ত কিনা সেটা দেখার জন্য সব সময় একটা কমিটি থাকা দরকার যে কমিটি সেটা বার বার পর্যবেক্ষণ করবেন, পর্যালোচনা করবেন, দরকার থাকলে সরকারকে পরামর্শ দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর সাথে সাথে একথাও মনে রাখতে হবে যে কারারক্ষীদের মধ্যে যে বিক্ষোভ সেটাও আমাদের দেখা দরকার। কারারক্ষীরা সাপ্তাহিক ছুটি পায়না, এর জন্য ব্যবস্থা করা উচিত, কারণ এটা তাদের অধিকার। এই অধিকার যাতে প্রতিষ্ঠিত হয় তার দিকে লক্ষ্য রাখা দরকার।

[5-10—5-20 p.m.]

এই কথা বারে বারে আমাদের মনে পড়ে আমরা যদি কাউকে শাসন করি, কাউকে যদি সঠিকভাবে পরিচালনা করতে চেষ্টা করি, তাহলে লক্ষ্য রাখতে হবে যে, তাকে এমনই ভাবে পরিচালনা

করবো যাতে সে আমাদের হয়ে যথাযথ কাজ করতে পারে। তার যাতে কোন অধিকার ক্ষুন্ন না হয় তার দিকে আমাদের সবসময় লক্ষ্য রাখতে হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ব্যয় বরাদ্দ সম্পর্কে বলতে গিয়ে বারে বারে আমার মনে পড়ে যে আমরা কি সভ্য সমাজে বাস করি—আমরা এই জেলের ভিতর অনেকগুলি প্রাণ নিয়েছি, যে প্রাণ নেওয়া সম্পর্কে আপনি যতই বলুন না কেন, আমাদের বারে বারে মনে হচ্ছে এই প্রাণ হয়ত যেত না যদি জেল কোড-এর পরিবর্তন হত, জেলের দিকে যথাযথ নজর থাকতো এবং সরকারী তত্ত্বাবধান যদি থাকতো—তাহলে হয়ত এতগুলি প্রাণ বলি, হতো না। আমার বারে বারে মনে হচ্ছে যে তারা হয়ত কোন রাজনৈতিক মতবাদের লোক, জেল কর্তৃপক্ষ, জেলের কারারক্ষী বা সাধারণ কয়েদীরা তাদের সহ্য করতে না পারার জন্যই তাদের এই প্রাণ দিতে হল। আজকে আমরা হয়ত তাদের বারে বারে বলি যে তারা উগ্রপন্থী। আমরা বৃটিশ আমলেও দেখেছি অনেক উগ্রপন্থীর সঙ্গে জেলের ভিতর বিবাদ বিসংবাদ হয়েছে, তাদের বিচার হয়েছে, শাস্তি পেতে হয়েছে, কিন্তু এমনটি হয় নি। কিন্তু এমন ঘটনা তখন ঘটেনি যে জেলের ভিতর বিচারাধীন বন্দীর প্রাণ গেছে, আহত হয়েছে বা বিচারাধীন বন্দী পালিয়ে গেছে। এর বিচার করতে হবে, তদন্ত করতে হবে এবং এর মূলে কোন রকম রাজনৈতিক কারণ আছে কিনা, এর মধ্যে কোন রকম হিংসা আছে কিনা এবং হিংসা-পরায়ণতার ভাব তাদের মধ্যে সৃষ্টি হয়েছিল কিনা, সেটা বিচার করে দেখতে হবে। এ যদি দেখতে না পারি, জেলের নিরাপত্তাবোধ যদি জাগিয়ে তুলতে না পারি, জেলের মধ্যে নতুন দিকে প্রশাসনকে এগিয়ে নিয়ে যেতে না পারি, তাহলে আজকে যে অভিযোগ আমরা তুলছি জেল প্রশাসন সম্পর্কে, আগামী দিনেও সেই একই অভিযোগ থেকে যাবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের বাজেট বেশ মনোযোগ সহকারে পড়েছি। তিনি মনে করেন যে আমাদের পরিবর্তন করতে হবে, যথোপযুক্ত প্রশাসন গড়ে তুলতে হবে, যে সমস্ত অসুবিধা আছে সেই সমস্ত অসুবিধাগুলি দূর করতে হবে এবং নতুন জেলখানা সৃষ্টি করতে হবে। আমরা অবশ্য আশা করি নতুন জেলখানা হয়ত সৃষ্টি করতে হবে না, আমরা হয়ত আশা করি আজ যে এত বন্দী দেখছি, আগামী দিনে হয়ত এত বন্দী থাকবে না। আমরা যে সমাজ গড়তে চাই সেখানে সমস্ত স্তরে প্রশাসনকে যদি সঠিক ভাবে এগিয়ে নিয়ে যেতে পারি এবং যে বন্দীদের জন্য আমরা নতুন জেলখানা তৈরী করতে এগিয়ে যাচ্ছি তাহলে সেখানে আর এত বন্দী হয়ত যাবে না। কিন্তু আমি তবুও বারে বারে বলব আপনি যতই এই বন্দীদের জন্য জেলখানা তৈরী করুন না কেন, এই বন্দী আরো বেড়ে যেতে পারে যদি এই প্রশাসনে ত্রুটি থেকে যায়। সেই জন্য আপনি প্রশাসনকে দুর্নীতিমুক্ত করুন। আপনি প্রশাসনকে সুন্দর ও সুস্থ করুন এবং ঐ জেলখানার কয়েদীদের খাদ্য যারা পাচার করে, কয়েদীদের খাদ্য যারা কম দেয় তাদের শাস্তিবিধানের ব্যবস্থা করুন। গণতান্ত্রিক আন্দোলনে যারা ধৃত হয় যারা গণতান্ত্রিক আন্দোলনে বন্দী হয়ে জেলখানায় হাজির হয়, তাদের যাতে সুযোগ সুবিধা আরো বাড়ে এবং তারা যে গণতান্ত্রিক আন্দোলনে কনভিক্টেড হয়ে যায় সেখানে তারা যাতে আরো বেশী সুযোগ পায় তার ব্যবস্থা রাখা দরকার এবং সেই ব্যবস্থা চালু করতে হবে, সেদিকে তীক্ষ্ম দৃষ্টি দিতে হবে আমাদের মন্ত্রী মহাশয়কে। আমি নিশ্চয় আশা করবো আগামীদিনে এই নজরগুলি রাখবেন।

**শ্রীসুব্রত মুখোপাধ্যায়:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এই বিধানসভায় মাননীয় কারামন্ত্রী যে ২ কোটি ৮৭ লক্ষ ৭৫ হাজার টাকা ব্যয় বরাদ্দের জন্য অনুমোদন চেয়েছেন সেই ব্যয় বরাদ্দ আমরা অনুমোদন করছি। আপনি টাকা খরচ করুন, কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, জেলখানার ভিতরকার যে পরিবেশ স্বাধীনতার আগে ছিল, এখন স্বাধীনতার ২৫ বছর পরেও সেই পরিবেশই থাকবে কিনা সেটা আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে নিবেদন করতে চাই। এটা ঠিক আগে যে সাম্রাজ্যবাদী শক্তি ছিল—তাদের উদ্দেশ্য ছিল আমাদের এই প্রাণশক্তিকে

নিংড়ে দেওয়া, পেষণ করা। আমরা আজকে আশা করবো আমাদের এই স্বাধীন দেশে নিশ্চয় সেই দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হবে। যারা অপরাধ করে সেই জেলখানায় গেছে আগামীদিনে তাদের যাতে সুষ্ঠু নাগরিক করে গড়ে তুলতে পারি তার জন্য জেলখানার ভিতর একটা সুস্থ মানসিকতার প্রয়োজন আছে। কিন্তু আমি বেদনার সঙ্গে জানাচ্ছি এই পশ্চিমবঙ্গে যে জেলখানাগুলি আছে সেই জেলখানার বাস্তব চিত্র যদি আমরা দেখি তাহলে দেখতে পাব একটি জেলখানায় ৬০০ কয়েদীর জায়গায় ১২০০ কয়েদী রেখে দেওয়া হয়েছে।

বর্দ্ধমান জেলখানার কথা বলছি, যেখানে ৬ শত কয়েদী থাকতে পারে সেখানে ১৩ শত কয়েদীকে ঢোকান হয়েছে। সেই কয়েদীরা কেউ মানুষের মত নেই, তারা আছে পশুর মত। তাদের খাবার দেওয়া হয় দুর্গন্ধযুক্ত খাবার। Contractor-দের সঙ্গে যোগসাজসে Jailor, Warder তাদের ভাগ আছে, বণ্টন আছে। সেখানে পশুর মত খাদ্য দেওয়া হচ্ছে। আজকে দেখা যায় একটা সুস্থ মানুষ সে যদি জেলখানার মধ্যে থাকে তারপর সেখান থেকে যখন বেরিয়ে আসে এখন দেখা যাবে যে একটা উন্মাদ মানুষে পরিণত হয়েছে। আজকে আমাদের ভুলে গেলে চলবে না, আমাদের মনে রাখা উচিত যে hate the sin not the sinner. অর্থাৎ পাপকে ঘৃণা করবো, পাপীকে নয়। আজকে জেলের প্রশাসনে যারা আছে তাদের মনে রাখা উচিত স্বাধীন দেশের কর্ত্তব্য এটা পাপকে ঘৃণা করা, পাপীকে নয়। এবং পাপীকে আজকে পাপ থেকে মুক্ত করে দিয়ে যাতে সুস্থভাবে আগামী দিনের নাগরিক যে কিভাবে হতে পারে তারজন্য উপযুক্ত শিক্ষা দেওয়া দরকার। আজকে কারামন্ত্রী যে বক্তব্য রেখেছেন, আমরা আশান্বিত হয়েছি, জেলখানার মধ্যে চলচ্চিত্র প্রদর্শন করার জন্য, সুচিকিৎসা দেবার জন্য, প্রাথমিক শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা হবে। আমি নিজে এক একটি জেলখানায় ঘুরে দেখেছি যে সেখানে কয়েদীরা দাঁড়িয়ে রয়েছে, warder-রা তাদের কথায় কথায় বেতের আঘাত মারছে। তাদের সঙ্গে অকথ্য ভাষায়, গালি গালাজ দেয়, অকথ্য অত্যাচার করে। সেখানকার বাস্তব অবস্থা নক্কারজনক, নিন্দাজনক। এই পরিস্থিতি আজকের দিনে কায়েম থাকা উচিত নয়। আমি দেখেছি এই জেলখানার ভিতরে নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। আমরা দেখলাম না। নূতন করে এই নিরাপত্তা ফিরিয়ে আনার জন্য D.I.G. পদ সৃষ্টি করা হচ্ছে। নূতন করে খয়েরখা আমলা তৈরী হবে। একটা D.I G. দিয়ে নিশ্চয়ই নিরাপত্তা রক্ষা করা সম্ভব নয়। আমরা দেখেছি কয়েকটি Sub-Inspector-এর পদ সৃষ্টি করা হচ্ছে। আর একজনকে promotion দেওয়া হবে। কিন্তু নিরাপত্তা এতে ফিরে আসতে পারেনা। নিরাপত্তার দায়িত্ব যারা গ্রহণ করে, অধস্তন কর্ম্মচারী তারা ঐ warders. তাদের সংখ্যা কত বৃদ্ধি করা হয়েছে তার উল্লেখ নেই। সুতরাং নিরাপত্তা যদি ফিরিয়ে আনতে হয় তাহলে ঐ D.I.G., S.I. দিয়ে হবেনা। অধস্তন কর্ম্মচারীর সংখ্যা বাড়ান দরকার, warder-এর সংখ্যা বৃদ্ধি করা দরকার, যারা নিজেদের জীবন বিপন্ন করে বাস্তবের সঙ্গে পাঞ্জা কসে নিরাপত্তার দায়িত্ব পালন করে। আমরা যদি হিসাব করে দেখি তাহলে দেখবো একটা D.I.G পদ সৃষ্টি করতে যে টাকা দরকার হয় সেই টাকা দিয়ে অনেক বেশী warders-এর পদ সৃষ্টি করা যায়। তা দিয়ে অনেক বেশী নিরাপত্তা ফিরিয়ে আনা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে আমি এই বক্তব্য রাখতে চাই. আজকে স্বাস্থ্য, মানবিকতা এই জেলখানার ভিতর ফিরিয়ে আনার দরকার আছে। তারপর জেলখানার ভিতর যে সমস্ত দুর্নীতি আছে, যে সমস্ত ব্যাভিচার আছে, যে সমস্ত বৈষম্য আছে তার মূলে কুঠারঘাত করা দরকার আছে। তার জন্য ব্যাপকভাবে তদন্ত হওয়া দরকার, এবং আমরা নিশ্চয়ই স্বীকার করবো। আজকের দিনে এই মূল দৃষ্টিভঙ্গী আমরা যদি ঠিক না রাখি তাহলে আমাদের আসল যে মূল উদ্দেশ্য, আমরা যে আগামী দিনে নূতন সমাজ গড়ে তুলতে চাচ্ছি, তখন আমাদের এই জেলের প্রশাসনের ভিতরেও সেই

দৃষ্টিভঙ্গী ঠিক মত রাখার প্রয়োজন আছে। এবং সেই দৃষ্টিভঙ্গী যদি রাখতে হয় তাহলে এই জেলের প্রশাসন ব্যবস্থার আমূল পরিবর্তন দরকার। এবং এই পরিবর্তন যদি করতে পারি তাহলে যেসব কয়েদী অপরাধ করে ঐ জেলের ভিতরে আছে, তারা জেল থেকে ফিরে সুস্থ মানুষ হয়ে বাঁচার প্রত্যাশা নিয়ে এগিয়ে আসবে। এবং আমার বিশ্বাস এই পরিবর্তনের অবিলম্বে প্রয়োজন আছে। কারণ যে একটা অপরাধ করে জেলে গেছে, তার চেয়ে জেলের বাইরে অনেক মুখোসধারী মানুষ আছে তারা এদের চেয়ে অনেক বেশী অপরাধী। আজকে যারা অপরাধ করে জেলখানার ভিতরে গেছে তারা জেলখানার ভিতরে আর্তনাদ করে স্বীকার করে যে, আমরা সুস্থভাবে বাঁচতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে এই আর্জি পেশ করতে চাই যে, এই মূল দৃষ্টিভঙ্গী ঠিক রাখেন। আমরা এই দক্ষ ব্যক্তিকে যখন মন্ত্রী হিসাবে পেয়েছি তখন আগামীদিনে ভরসা রাখি এই জেলের প্রশাসন ব্যবস্থার আমূল পরিবর্তন নিশ্চয়ই হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m ]

**শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কারা বিভাগের মন্ত্রিমহাশয়, ১৯৭২-৭৩ সালের ১৪নং grant-এ যে ২ কোটি ৯৭ লক্ষ ৭৫ হাজার টাকা ব্যয়বরাদ্দ চেয়েছেন তারপ্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সঙ্গে সঙ্গে কিছু বক্তব্য রাখছি তার বিচার বিবেচনার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকাল খবরের কাগজ খুললে দেখা যায় অমুক জেল থেকে কয়েদী পালিয়েছে, আবার দু একদিন যেতে না যেতে আবার খবর বেরোয় জেল থেকে কয়েদী পালিয়েছে। জেলখানা রক্ষা করবার জন্য প্রত্যেক জায়গায় কি এমন গলদ যার জন্য সত্যকারের কয়েদীরা পালিয়ে যায়। তাই আমি সর্বপ্রকারে কারা বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এরজন্য যে তদন্ত কমিশন বসেছে, এই তদন্ত কমিশনে যারা বাস্তবিক দোষী বলে সাব্যস্ত হয়েছে, তাদের ব্যবস্থা কি হয়েছে, আমি তাঁর কাছে জানতে চাইছি। আর দুর্নীতিপরায়ণ যেসমস্ত কর্মচারী রয়েছে এই জেল বিভাগের প্রশাসনে, তাদের এই দুর্নীতি যতক্ষণ পর্যন্ত দূর করা না যাবে ততক্ষণ পর্যন্ত শান্তি শৃঙ্খলা রক্ষা করা যাবেনা। তাই আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। অবশ্য তাঁর ভাষণে আমরা দেখেছি স্বাধীন হবার পর জেলখানা সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে, জেলখানায় যেসমস্ত কয়েদী যাচ্ছে তাদের জন্য প্রাথমিক থেকে আরম্ভ করে উচ্চতর শিক্ষার ব্যবস্থা রাখা হয়েছে। তিন মাসের বেশী যাদের কয়েদ হয়েছে তাদের পারিশ্রমিক দেবার ব্যবস্থা করা হয়েছে। তাদের সাংস্কৃতিক দিকে চিন্তা করার সুযোগ দেওয়া হয়েছে, তাদের মানসিক উন্নতি সাধনের জন্য ব্যবস্থা করা হয়েছে। তাদের স্থানাভাব ছিল, তার ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থা যদি সত্যিকারের কার্যে পরিণত হয় আপাততঃ, আমাদের মন্ত্রীমহাশয়কে সেই জন্য অনুরোধ জানাচ্ছি। এবং আমরা সেই আশা রেখে বাড়ী ফিরবো যে আমাদের দক্ষ কারামন্ত্রীর প্রতিটি কথা অক্ষরে অক্ষরে এই জনপ্রিয় সরকারের প্রশাসন যন্ত্রের সাহায্যে নিয়োজিত হবে। আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে জানাতে হচ্ছে, বর্তমানে জেলখানাতে যা দেখা যাচ্ছে—কয়েদীদের যে খাবার নির্ধারিত থাকে, তা তারা পায় না, তাদের পচা খাদ্য সরবরাহ করা হয়। তাদের বিছানা যা দেওয়া হয় তা অপরিষ্কার থাকে। মোটের উপর তাদের স্বাস্থ্যের দিক থেকে, খাদ্যের দিক থেকে—দেহটা রক্ষা করতে হবে, এইসব দিকে চিন্তা না করে, এই দুর্নীতিপরায়ণ কর্মচারীরা নিজেদের স্বার্থে তাদের তিলে তিলে মৃত্যুর মুখে এগিয়ে দিচ্ছে। আমি সেইজন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, এই যে দুর্নীতিপরায়ণ কর্মচারী রয়েছে, তাদের কঠোরহস্তে যেন দমন

করা হয়। তারপর আমি বলছি, এই যে সাধারণ কয়েদী এবং যারা উগ্রপন্থী, তাদের যদি আলাদা করে সরিয়ে না দেওয়া হয়, তাহলে উগ্রপন্থীদের যে উগ্রতা তারা দেখায় মাঝে মাঝে জেলখানায় তাতে অকারণে কিছু অমূল্য প্রাণ নষ্ট হয়ে যায়। তাই মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রস্তাব, তিনি যেন অতি সত্বর সাধারণ কয়েদীদের থেকে উগ্রপন্থীদের সরিয়ে নিয়ে আলাদা রাখার ব্যবস্থা করেন। আমি অনুরোধ রাখছি এবং আশা করছি মন্ত্রীমহাশয় এই যে বক্তব্য রেখেছেন, এটা যেন অক্ষরে অক্ষরে পালন করার চেষ্টা করেন। এই ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে যে বলবার সুযোগ দিয়েছেন এইজন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীবীরেশ্বর রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কারামন্ত্রী যে ব্যয়বরাদ্দ রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। বর্তমানে উনি যে ভাষণ দিয়েছেন যে প্রগতিশীল ভাষণ সেই ভাষণকে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। কিন্তু অভিনন্দন দেবার সঙ্গে সঙ্গে আমার এই কথা মনে পড়ে এবং জানতে ইচ্ছা করে যে আজ স্বাধীনতার রজতজয়ন্তী বৎসরে বৃটিশ আমলের সেই সব কারা আইন-কানুনের কোন পরিবর্তন হচ্ছে কিনা, জেলে যে সমস্ত বন্দি দুর্দশাগ্রস্ত অবস্থায় থাকে এবং বৃটিশ আমলে কয়েদীরা যেরকম দুর্দশাগ্রস্ত অবস্থায় থাকত তার বিশেষ কোন পরিবর্তন হচ্ছে কিনা? বাস্তব ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি সেই একই অবস্থা আছে, যে কতগুলি আইন কানুন আছে সেগুলি প্রতিপালিত হয় কিনা সে সম্পর্কে আমি প্রশ্ন রাখতে চাই, যেমন জেলে একজন করে পঞ্চায়েত উন্নয়নকারী দরকার, কিন্তু কোন জেলে সেই পঞ্চায়েত থাকে বলে আমার মনে হয় না। প্রত্যেক জেলে একটা করে মিল বুক মেনটেন করার নিয়ম আছে, কিন্তু সেখানে কোন জেলেই মিল বুক মেনটেন করা হয় না। মিল বুক থাকলে প্রতিটি বন্দী কি পরিমাণ দৈনিক খাদ্য পাচ্ছে বা তাদের কি পরিমাণ খাদ্য বরাদ্দ আছে সেগুলি আমরা দেখতে পাই, জানতে পারি, কিন্তু সেগুলি থাকে না। তা ছাড়া প্রতিটি বন্দীর জন্য যে সমস্ত মেনু নোটিশ বুক থাকে দৈনন্দিন সেগুলি মেণ্টেন করার নিয়ম অথচ এইগুলি থাকে না। এই ছাড়া যে সমস্ত জিনিসপত্র দৈনিক সাপ্লাই দেওয়া হয়, যে সমস্ত কনট্রাকটাররা সাপ্লাই দেয় সেগুলির হিসাব রক্ষা করা নিয়ম, কিন্তু সেগুলির হিসাব রক্ষা করা হয় না। সবচেয়ে বড় কথা জেলে যে সমস্ত বন্দী থাকে এবং তাদের প্রশাসনে যে সমস্ত প্রশাসক থাকে আমি মনে করি এই দুই স্তরের মধ্যে বিশেষ কোন পার্থক্য নাই। তার কারণ সমাজে যে সমস্ত অশিক্ষিত ব্যক্তি তারা চুরি ডাকাতি করে জেলে যায়, তারা সেই সমস্ত চুরি ডাকাতির জন্য কতটুকু দায়ী সেটা সকলেই জানেন। কিন্তু জেলে যে সমস্ত জেলার বা সাব-জেলার থাকে তারা কি পরিমাণে চুরি ডাকাতি করে, তা আমরা দৈনিক জীবনে লক্ষ্য করছি, কিন্তু তার জন্য তারা কতটুকু শাস্তি পান তা আমরা দেখতে পাইনা। আমাদের যে জেলার বা সাব-জেলার আছে তারা কনট্রাকটরের মাধ্যমে পুকুর চুরি করে সেগুলি সম্বন্ধে বিশেষ কিছুই উল্লেখ করা হয়নি। এই সম্পর্কে সরকারের বিশেষ ব্যবস্থা অবলম্বন করা উচিত বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রিমহাশয় তার ভাষণে যে সমস্ত উন্নয়নমূলক ব্যবস্থা অবলম্বন করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন, সেগুলি তিনি অক্ষরে অক্ষরে প্রতিপালন করবেন এই আশা আমি রাখি। আজকে প্রত্যেক জেলে যে সমস্ত কয়েদী থাকে তাদের শিক্ষা, খাদ্য, নৈতিক চরিত্রের উন্নয়ন এবং সিনেমা ইত্যাদি দেখার ব্যবস্থা করবেন বলেছেন, সেগুলি যাতে প্রতিটি জেলে করা হয় এবং তাদের নৈতিক চরিত্রের উন্নতি হয় সেদিকে লক্ষ্য রাখবার কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

**শ্রীঅহিন মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কারামন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা আমি সমর্থন করছি, যদিও ব্যক্তিগতভাবে আমি মনে করি জেল সভ্যতার একটা কলঙ্ক, মনুষ্যত্বের একটা অবমাননা। আমার হাতে যদি ক্ষমতা থাকতো তাহলে আমি সভ্যতার কলঙ্ককে দূর করতে একটা এয়ার বোম্বার্ড করে জেলকে উড়িয়ে দিতাম। যে রাষ্ট্র শাসন ব্যবস্থা চলছে সেই শাসন ব্যবস্থার মাধ্যমে লক্ষ লক্ষ মানুষকে শোষণ করে, নিরীহ মানুষকে সর্বশ্রান্ত করে তাকে অন্য পথে যেতে বাধ্য করা হয় এবং পরে সমাজ তার বিচার করে এবং জেলে পাঠায়। সেখানে প্রকৃত জেলে যার যাওয়া উচিত তাকে জেলে না পাঠিয়ে অন্য লোককে পাঠান হয়। সেখানে জেল আর জেলের প্রশাসন আমার মনে হয় বোথ আর ডিফারেন্ট থিংকস। জেলের প্রশাসনিক ব্যবস্থা জেল এ্যাড-মিনিসট্রেসান ডিউরিং বৃটিশ রিজিম সেই বিদেশী শাসন ব্যবস্থাকে কায়েম রাখা এবং অটুট রাখবার জন্য মানুষকে অপরাধী সাব্যস্ত করে জেলে পাঠানোর একটা ব্যবস্থা চলছিল। স্বাধীনতা প্রাপ্তির পর মানুষের এই প্রত্যাশা ছিল দেশের একটা মানুষকেও জেলে যেতে হবে না, জেলে যাওয়ার প্রয়োজন থাকবে না। কিন্তু দেখা যাচ্ছে দেশ স্বাধীন হওয়ার ২৫ বছর পরেও মন্ত্রীমহাশয় বলছেন জেল আরও বাড়াতে হবে, আরও ইনসপেক্টার নিয়োগ করতে হবে, আরও পয়সা চাই। ইট ইজ এ ডিসগ্রেস-ফুল। এটা হয় নি। আমরা হেরে গিয়েছি। আমরা মনুষ্যত্বের দিক থেকে পিছিয়ে গিয়েছি। আজকে জেলের সংখ্যা কমানোর দিকে এগোনো উচিত ছিল, কয়েদীর সংখ্যা কমানোর দিকে এগোনো উচিত ছিল, একটা দেশ এগোচ্ছে কি পিছচ্ছে বোঝা যাবে তার কয়েদীর সংখ্যা বাড়ছে কি কমছে তা দেখে। তা না করে জেলে সিনেমা দেখিয়ে বা কিছু মজুরী দিয়ে ভালো করা যাবে তা মনে হয় না। এটা তো বড়লোকেরাও করে থাকে। সারা বছর ধরে শোষণ করে একদিন পেট ভরে খাইয়ে দেওয়া হয়। গ্রামে শোষণ করে দরিদ্র ভোজন করান হয়। এটাও ঠিক সেই রকম প্রহসনের মতো। মানুষকে সর্বস্বান্তের একটা অবস্থায় এনে সেই ভিক্টর হুগোর লা মিজারেবেলের জাঁ ভালজার মতো। একটা মানুষকে সামান্য অপরাধে গ্রেপ্তার করে নিক্ষেপ করা হয়েছিল। ঠিক তেমনি আমাদের দেশে এই সামাজিক অবস্থার পরিবর্তন যতক্ষণ না করতে পারবো ততক্ষণ এই অবস্থা চলতে থাকবে। আমাদের জেল প্রশাসন আছে, তাতে আমাদের পার্লামেন্টারী ডেমোক্রেসী আছে, আমাদের জেলমন্ত্রী আছেন, বাজেট উত্থাপন করা হয় এবং আমাদের তা সমর্থন করতে হবে। কিন্তু আমি কখনও বিশ্বাস করি না যে কিছু কিছু সিনেমা দেখিয়ে, কিছু মজুরী দিয়ে, কি কিছু ক্লাস করে এই সমস্যার মৌলিক সমাধান করা যাবে। এতে পাঁচশো মানুষ বেরিয়ে আসবে, কিন্তু পাঁচ হাজার লোক আবার ঢুকবে। কি পাঁচ হাজার বেরিয়ে আসবে তো ১০ হাজার মহা সমুদ্রের মতো ঢুকতে দেখা যাবে। এর সম্বন্ধে বেশী কিছু বলতে চাই না। জেল পরিদর্শক হিসাবে আমার কিছু কিছু অভিজ্ঞতা হয়েছে। আমার মনে হয় দিস আর অল পেটি লিটল থিংকস। জেল যাতে না থাকে সেইদিকে আমাদের এগুতে হবে। আমার বিশ্বাস ফরাসী দেশের বিপ্লবের ইতিহাস সকলের মনে আছে। কারাগারে নিক্ষেপ করে সেদিনের ফরাসী শাসন ব্যবস্থা বিপ্লবকে ঠেকিয়ে রাখবে ভেবেছিল। কিন্তু সেদিন বাস্তিল দুর্গ ভেঙ্গে বেরিয়ে এসে পৃথিবীর প্রথম গণতান্ত্রিক বিপ্লব হয়েছিল। সুতরাং এটা অসম্ভব নয় যে আমাদের কারাগার ভেঙ্গে অসংখ্য মানুষ বেরিয়ে আসবে যেমন বাস্তিল দুর্গ ভেঙ্গে এসেছিল। আজকে একথা ভাবতে হবে যে এই সমাজ ব্যবস্থার পরিবর্তন করতে হবে। জেল বাড়ানোর পরিকল্পনা, টু এ্যাপয়েন্ট মোর অর মোর ইনসপেক্টারস করে হবে না। সেই রকম সামাজিক অবস্থার সৃষ্টি করা চাই এবং সেইটাই হচ্ছে মৌলিক উপায়, মৌলিক চিন্তা। এই কথা বলে বাজেটকে সমর্থন করছি।

**Shri Gyan Singh Sohanpal**: Mr. Deputy Speaker, Sir, I thank the honourable Members for supporting the demand for expenditure under Grant

No. 14. I have listened to their speeches with due attention. Some of them have really made valuable suggestions. I will keep those suggestions in mind while toning up the Jail Administration. I know that like any other Department of the Government there is corruption in the Jail Administration also. Let me assure the honourable Members that the Government is determined to root out corruption from the Jail Department and from all other Departments. Any employee who will act contrary to the declared policy of the Government will be seriously dealt with. Let there be no misgivings about it. Mr. Deputy Speaker, Sir, you know that I have visited quite a number of jails personally to have first-hand knowledge of the working of the Jail Administration and to see for myself what quality of food is being given to the prisoners. I can tell you, Sir, without hesitation that at no jail it has been complained to me that the quality of food supplied to them is not good. Still I personally feel that the food supplied to the prisoners is not up to the standard. There is enough room for improvement and the Government is seriously looking into this. We are equally interested in the welfare of the employees. In fact, I have met a number of times the representatives of these employees in my Chamber and in different jails where I visited. I had tried to solve a number of their problems but we could not solve a few problems even now because of the limited resources at our disposal. Sincere effort is being made to ameliorate their grievances and to alleviate their sufferings. Most of the honourable Members are non-official visitors to the various jails of the State. I request them to visit those jails personally, have a personal knowledge about the happenings in the jail and send in their suggestions, and I shall be happy if I can implement those suggestions. Mr. Sisir Ghosh has saidabout thana hajat. Perhaps he is not aware that this hajat is not under the Jail Administration. It would have been better if he had spoken about it on the Police Budget. He also spoke about the weekly rest of the employees. Let me tell him for his information that the Government has already issued orders for giving rest to these employees. Sir, there is nothing else which I should explain or answer. I once again thank the honourable Members and request them to accord their approval to the Grant. Thank you, Sir.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 2,97,75,000 be granted for expenditure under Grant No. 14, Major Head: "22—Jails" was then put and agreed to.

[5-40—5-50 p.m.]

**Demand For Grant No. 4**

Major Head: 11—Taxes on Vehicles

**Shri Gyan Singh Sohanpal:** Mr. Deputy Speaker, Sir, on the recommen-

dation of the Governor, I beg to move that a sum of Rs. 26,90,000 be granted for expenditure under Grant No. 4, Major Head : "11—Taxes on Vehicles."

(This is inclusive of Rs. 8,97,000 already voted on account in March, 1972.)

Sir, the demand for Rs. 26,90,000 is necessary to cover the expenditure on account of pay and allowances of the officers and the staff including payment of dearness allowance sanctioned with effect from 1st Octocer, 1971 together with the office expenses in respect of the Motor Vehicles Department and the Enforcement Organisation of the Home (Transport) Department in Calcutta and in the districts. In this connection I refer to the realisation of Road Tax under the Bengal Motor Vehicles Tax Act and collection of various fees on account of operation of motor vehicles in the State and also in inter-State routes under the Motor Vehiches Act, 1939.

The Public Vehicles Department, Calcutta, and the Motor Vehicles Department in the districts including the Enforcement Organisations are functioning for the administration and enforcement of the provisions of the Motor Vehicles Act and the Rules framed thereunder.

The total receipts on account of Road Tax and Motor Vehicles Act are estimated to be Rs. 530 lakhs and Rs. 155 lakhs respectively during the current year. The figures for the previous year were estimated to be Rs. 511·50 lakhs and Rs. 150 lakhs respectively. Thus, there has been some increase in the revenue yield from these sources. But we do feel that there is scope for raising the revenue still further and for the purpose, the Motor Vehicles Administration is being toned up.

Sir, the honourable Members are already aware that the Bengal Motor Vehicles Tax (Amendment) Bill, 1972, was recently passed by the State Legislature, with a view to raising the existing rates of tax on motor cars carrying passengers not plying for hire with unladen weight exceeding 1200 Kg and on goods vehicles. The additional revenue yield expected out of the impementation of this measure is Rs. 112·60 lakhs per annum and will make some positive contribution towards meeting the budget deficit of the State Government.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে ৪নং গ্রাণ্ট, মেজর হেড, ১১, ট্যাক্সেস অন ভেহিকিলস, এর জন্য যে ২৬ লক্ষ ৯০ হাজার টাকার ব্যয় বরাদ্দের মঞ্জুরী দাবি করেছেন

সে সম্পর্কে বলতে গেলে দেখতে হবে যে এই খাতে আয়টা কি হচ্ছে। মার্চ মাসে যে বাজেট প্লেস করা হয়েছিল তা থেকে দেখা যাচ্ছে যে আনুমানিক আয় আরো বাড়বে এবং সেটা ২৩ লক্ষ ৫০ হাজার টাকার মত বাড়বে।

এবং কিভাবে বাড়বে সে সম্পর্কে কিছুদিন আগে আমরা যে বিল পাশ করেছি সেই বিলে আমরা ভারি মালবাহী যে সমস্ত লরি আছে এবং কোম্পানীর যে সমস্ত বাস আছে যেগুলো প্যাসেঞ্জার বয় সেই সমস্ত বাস-এর উপরে মূলতঃ ট্যাক্স বাড়িয়ে এই টাকা সংগ্রহ করছি। এখন দেখা যাচ্ছে এটা আরও বাড়ান চলে আয়ের দিক থেকে। তারপর মনে হচ্ছে এই আইনে এক হাজার পাউণ্ড ওজনের উপর এবং তার নীচে যে সমস্ত লাক্সারি বাস, লাক্সারি কার এবং এ্যাম্বাসাডর ইত্যাদি রয়েছে সেখানে আমি ব্যক্তিগতভাবে বিবেচনা করেছি যে এটাতেও কিছু কিছু বাড়ান যেতে পারে এবং তার ফলে আরও আয় বাড়তে পারে। আর একটা জিনিস দেখছি আমরা যে লাইসেন্স দেই বাস রুট সেই লাইসেনসিং-এর ক্ষেত্রে দেখছি অল্প রাস্তা হয়ত ১০ মাইল যাবে তার যে লাইসেন্স ১০০ মাইল যে যাবে তারও সেই লাইসেন্স থাকছে। এখানে আমাদের দেখতে হবে কার দূরত্ব কত। অর্থাৎ যে রাস্তাতে আমরা মঞ্জুরী দিচ্ছি তার দূরত্ব কত এবং কতবার সে যাতায়াত করছে এটা দেখতে হবে। এখানে আমাদের ট্যাক্স হয়ত কমে যাচ্ছে কারণ অন্য মালিককে হয়ত রুট দিতে পারে। সেইজন্য আমি মনে করি সর্ট ডিষ্ট্যান্স এবং লং ডিষ্ট্যান্স লাইসেনসিং-দের ক্ষেত্রে একটা পার্থক্য থাকা উচিত। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই ট্যাক্স বাড়ানোর ক্ষেত্রে স্বাভাবিকভাবে একটা বিক্ষোভ আছে। প্রত্যেক রাজ্যেই এটা দেখা গেছে যে লোকেরা একটা সুযোগ চায়, আরাম চায়। বাসগুলোতে যদি সেই আরামের ব্যবস্থা করা যায় তাহলে নিশ্চয়ই সেই বিক্ষোভ আর থাকবে না। কোলকাতায় যে পরিবহণ ব্যবস্থা রয়েছে তাতে দেখছি সকাল ৯ টা থেকে বেলা ১১ টা পর্যন্ত এবং বিকেল সাড়ে তিনটা থেকে সন্ধ্যা সাতটা/সাড়ে সাতটা পর্য্যন্ত বাস-এ বসার জায়গা তো নেইই, লোকদের বাসের রড ধরে ধরে ঝুলে যেতে হয়। এই যদি ব্যবস্থাপনা হয় তাহ'লে সাধারণ মানুষের বিক্ষোভ পুঞ্জীভূত হবেই এক পয়সা ট্যাক্স বাড়াতে গেলে। কাজেই এ্যামিনিটিস্-এর কথা আমাদের ভাবতে হবে, বাসগুলোতে কি ধরণের সুযোগ সুবিধা দেওয়া যায় সেটা আমাদের ভাবতে হবে। আজকে একটা প্রশ্ন উঠেছে যে সরকার সমস্ত জায়গায় বাস পরিচালনা করতে পারছেন না বা দিতে পারছেন না, এবং সেই জন্য ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে বাস দিতে হচ্ছে। এই ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে আমরা দেখেছি প্রত্যেকটি জেলাতে একটি চক্র বহুদিন আগেই তৈরী হয়েছে এবং সেই চক্র বরাবর বিরোধিতা করে যাতে বাস-এর সংখ্যা রাস্তায় না বাড়ে এবং তারা মনোপলিভাবে সমস্ত রুটগুলি কন্ট্রোল করতে পারে। আমার বক্তব্য হচ্ছে এই মনোপলিটাকে আমাদের ভাঙ্গতে হবে। ছোট ছোট মালিকদের আমরা বহু রুট দিয়েছি কিন্তু তারা বড় মালিকদের সঙ্গে প্রতিযোগিতায় পারে না। কিছুদিন আগে আমাদের পরিবহণ মন্ত্রীমহাশয় ৬ পৃষ্ঠা ব্যাপী একটি যে বিবৃতি দিয়েছিলেন সেখানে তিনি বলেছিলেন যে আমরা এত রকম চেষ্টা করলাম কিন্তু দেখা যাচ্ছে সময় মত চাহিদা অনুযায়ী টায়ার, টিউব পাওয়া যাচ্ছেনা। কিন্তু আমরা দেখছি সেই টায়ার, টিউব পাওয়া যাচ্ছে ব্ল্যাক মার্কেটে। ছোট ছোট মালিকরা এই সমস্ত সাজসরঞ্জাম কিনতে গিয়ে বড় মালিকদের সঙ্গে কমপিট করতে পারে না।

[5-50—6-00 p.m.]

সেই জন্য এটা যেমন আছে যে যেসমস্ত আদার য়্যাকসেসরিজ বা মোটর পার্টস এগুলি পাওয়া যায় না, সেগুলি বেশী দামে কিনতে হয়। সেইজন্য সরকার যেমন ছোট ছোট মালিকদের লাইসেন্স

দিচ্ছেন, বাসরুট দিচ্ছেন তেমনি বাসের সাজসরঞ্জাম যেন সরকারী ক্ষেত্রে একটা বিতরণের ব্যবস্থা করেন। তাহলে এই একচেটিয়া চক্র যে গড়ে উঠেছে সেটা ভাঙ্গা যাবে। বর্তমানে আমরা দেখেছি একটা জেলায় যে সংখ্যক বাস আছে তার শতকরা ৫০ ভাগও রাস্তায় চলে না। তার কারণ হচ্ছে ছোট ছোট মালিকেরা বাস চালাতে পারছে না, রাস্তাগুলিও সময়মত মেরামত হয় না। এই সব কারণ যা রয়েছে তা যদি দূর করবার চেষ্টা আমরা করি তাহলে ট্যাক্স বাড়ান বা ভাড়া বাড়ান বা লাইসেন্স ফি বাড়ানোর ক্ষেত্রে লোকের খুব একটা অসুবিধা হবে না। এখনও পশ্চিমবাংলায় এমন রাস্তা আছে এবং আমার জেলায় দেখেছি সেখানে স্যাংসণ্ড রুট ১০/১৫ খানা বাস চলে, একটা রাস্তায় যেখানে ৭/৮ খানি বাস যাতায়াত করে অথচ একটু বৃষ্টি হলে সেই রাস্তা দিয়ে আর বাস যেতে পারে না, সেখানে প্যাসেঞ্জারদের একটা বিক্ষোভ আছে, মালিকদেরও একটা বিক্ষোভ আছে, রাস্তা মেরামতের ক্ষেত্রে সরকারের দৃষ্টি দেয়া উচিত। এই সমস্ত সুযোগ সুবিধা দিলেই এই খাতে আরো আয় বাড়তে পারে। এখন ছোট মালিক ছাড়াও আজকে বেকার সমস্যা দিনের পর দিন যেভাবে বেড়ে চলেছে, ইঞ্জিনিয়ার বেকারের সংখ্যাও কম নয়, তাদের কর্মসংস্থানের দিক থেকে আমরা যদি বেকার ইঞ্জিনিয়ার, টেকনিসিয়ান এদের নিয়ে কোঅপারেটিভ করি এবং তাদের যদি বাসরুট দিই তাহলে ব্যক্তিগত মালিকানায় যে বাস এবং সমবায় চালিত যে বাস এদের মধ্যে একটা প্রতিযোগিতা থাকে—তাহলে পরিবহণ ব্যবস্থায় বড় বড় মালিকদের ডিকটেসনে যেতে হয় না। এবং এই প্রতিযোগিতা থাকলে এবং যে সমস্ত অব্যবস্থা রয়েছে বাস চালনার ক্ষেত্রে সেগুলি সংশোধন করা যাবে। সেইজন্য এই কোঅপারেটিভ সেক্টরকে আজকের দিনে ডেভেলপ করার প্রয়োজন আছে। বেকার সমস্যার ব্যাপার নিয়ে এই যে বড় মালিকদের বিরুদ্ধে একটা পাল্টা ব্যবস্থা নিতে যাব সেখানে অনেক রকমের প্রতিবন্ধকতা আছে। সেই জন্য প্রথমেই আমাদের মোটর ভেহিকিল্স য়্যাক্টকে নূতন করে ঢেলে সাজান দরকার। প্রথমে একটা বাসরুট যখন তাকে দেয়া হল তার নিজের কোন বাস নাই, লাইসেন্স নিয়ে চালাতে লাগল, পাঁচ বছর পরে আইনে আছে নিজের বাস না থাকলেও তাকে লাইসেন্স রিনিউ করে দিতে হবে—তাকে লাইসেন্স না দিলে বে-আইনী হবে, সেটার পরিবর্তন করা দরকার, কারণ হাইকোর্ট রুলিং দিয়েছে যে বাস না থাকলেও সে অন্য বাস ভাড়া নিয়ে তার লাইসেন্স করতে পারে এবং সে পার্মানেন্ট রুট পেতে পারে এই অংশটা বদলানো উচিত। দ্বিতীয় নম্বর হচ্ছে যে সমস্ত লং রুট আছে সেগুলি ব্যক্তিগত মালিকানায় না দিয়ে ঐ ধরণের কোঅপারেটিভ যা আমি বললাম বা ষ্টেট সেক্টরে দেয়া উচিত। প্রত্যেক বছর আমরা দেখতে পাচ্ছি যে ষ্টেট বাসে লোকসান হচ্ছে,এই লোকসানকে লাভজনক করার জন্য আমি বলতে চাই যে ম্যানেজিং বোর্ডে শ্রমিক কর্মচারীদের নিতে হবে, প্রডাকসন বোর্ডে বা কন্ট্রোল বোর্ডে বা পার্টিসিপেসন ইন প্রডাকসন বোর্ডে তাদের আনা যায় কিনা, পার্টিসিপেসন ইন ম্যানেজমেন্টে তাদের আনা যায় কিনা এই বিষয়ে মন্ত্রীমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করি।

এটা যদি আনা যায় তাহলে আমার মনে হয় এই ষ্টেট ট্রান্সপোর্ট আমরা লাভজনক করতে পারবো। এবং এর জন্য মূলতঃ জনসাধারণের দীর্ঘদিন এই ষ্টেট ট্রান্সপোর্টের বিরুদ্ধে একটা মনোভাব গড়ে উঠেছে। তারপর কলকাতাতে কিছু কিছু মিনি বাস দেওয়া হয়েছে। এটা ভালই হয়েছে। এই মিনি বাস যেমন কলকাতায় দেওয়া হয়েছে তেমনি মফঃস্বল সহরে, বিশেষ করে জেলা সহরে, এই সমস্ত জায়গায় যেখানে প্রচণ্ড ওভার ক্রাউডিং আছে সেখানে আমরা মিনি বাস দিতে পারি। এবং এই মিনি বাস, একটা বড় বাসে যে পুঁজি নিয়োগ করতে হয় সেই পুঁজির তুলনায় কম লাগে। এবং এই মিনি বাস দেবার ক্ষেত্রে আমাদের লক্ষ্য রাখতে হবে যে ঐ কোঅপারেটিভ বা ইঞ্জিনিয়ার্স এ্যাসোসিয়েশান এই ধরণের কোন রকম সংস্থাকে দেওয়া যায় কিনা। ভবিষ্যতে এই রকম দৃষ্টিভঙ্গী যদি আমাদের না থাকে তাহলে ভবিষ্যতে কি হবে। আজকে যেমন বড় বড় মালিক

বাসের ক্ষেত্রে আছে, তারা যেমন একচেটিয়াভাবে কন্‌ট্রোল করছে, নিয়ন্ত্রণ করছে, তেমনভাবে এই মিনি বাস দেবার ক্ষেত্রেও আমরা যদি নজর না রাখি, সেই কো-অপারেটিভ বা ষ্টেট সেক্টারকে না দিই তাহলে সমস্ত পরিবহণ ব্যবস্থাটা তাদের নিয়ন্ত্রণে চলে যাবে। সেইজন্য এই সমস্ত অসুবিধাগুলি যদি আমরা দেখি, সেই দৃষ্টিভঙ্গী যদি আমরা নিই, নিয়ে পরিবহণ ব্যবস্থাটাকে যদি আমরা উন্নত করবার ব্যবস্থা করি তাহলে এই ট্যাক্স বাড়াবার কথাই বলুন আর ভাড়া বাড়াবার কথাই বলুন লোকের আর বিরোধিতা থাকবে না। লোকে রাজী হয়ে যাবে। আজকে দেখুন এক্সপ্রেস বাস, যেটাকে আমরা বলি লিমিটেড ষ্টপেজ, সেটাত কলকাতায় চলছে। সেখানে ১০ পয়সার জায়গায় ১৫ পয়সা লোকে দিচ্ছে। অথচ তাড়াতাড়িও লোকে পৌঁচাচ্ছে। এই ধরণের কতকগুলি ব্যবস্থা যদি করা যায় তাহলে লোকের অসন্তোষ থাকবে না। সেইরকম ভাবে আগামী দিনের দিকে দৃষ্টি রেখে এই পরিবহণ ব্যবস্থাকে এইভাবে উন্নত করা যায় কিনা তা আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। এবং এই কথা বলে এই বাজেটের ব্যয় বরাদ্দকে আমি সমর্থন করছি।

**শ্রীশংকরদাস পাল ঃ** মাননীয় স্পীকার, স্যার, আমি প্রথমেই আপনার মাধ্যমে অভিনন্দন জানাই পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে। তিনি এই হাউসে পরিবহণ খাতে বর্ত্তমান আর্থিক বছরের জন্য আয় ব্যয়ের যে বাজেট পেশ করেছেন তা দেখে আমরা বিশেষ আনন্দিত। গত বৎসরের ৬ কোটি ১৩।। লক্ষ টাকার স্থলে বর্ত্তমান বৎসরে ৬ কোটি ২১ লক্ষ টাকা আয়ের সম্ভাবনায় আমরা আশান্বিত। সেজন্য সশ্রদ্ধচিত্তে জানাই আমার অকুণ্ঠ সমর্থন। আজ আমাদের আশা হচ্ছে এই গুরুত্বপুর্ণ বিভাগ ও ব্যবসা আমাদের লাভজনক হতে চলেছে। এতদিন ধরে শুনে আসছি এই বিভাগে শুধুই লোকসান, আর লোকসান তাই এতে আমরা অত্যন্ত আগ্রহী। পরিবহণ ব্যবস্থা আমাদের জীবনে ওতঃপ্রোত ভাবে জড়িত। জীবন থেকে মৃত্যু পর্যন্ত কর্মক্ষেত্রের প্রতিটি স্তরে এর প্রয়োজন প্রশ্নাতীত। পরিবহণ জনজীবনে ভারসাম্য বজায় রাখছে। তাই আজ এ এসেনসিয়াল সার্ভিস বলে রাষ্ট্র ও জনগণের কাছে স্বীকৃতি পেয়েছে। জনগণের স্বার্থে আরো সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে যাতে এর পরিচালন ব্যবস্থাকে আরো উন্নততর পর্যায়ে নিয়ে যাওয়া যায় সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ জানিয়ে আয় ব্যয়ের ক্ষেত্রে আমি আমার বক্তব্য এই হাউসের সামনে রাখছি। প্রথম কথা স্থান, কাল, পাত্রের এতই পরিবর্তন হয়েছে যে তার সঙ্গে সংগতি রেখে ১৯৩৯ সালের এম. ভি. এ্যাক্টের পরিবর্তন হওয়া প্রয়োজন বলে মনে করি। ট্যাক্স অফিস আদায় করা ও জমা দেওয়া সহজ করা দরকার।

[6-00—6-10 p.m.]

এর জন্য পাঁচ জায়গায় খোসামোদ করে, সারাদিন সময় নষ্ট করতে হয় বলে অনেক ট্যাক্স ও ফিজ জমা পড়ে না, সরকার বঞ্চিত হন। ফিটনেস টেষ্টিং পদ্ধতি পরিষ্কার ও সহজ হওয়া দরকার এবং সরকার পরিচালনাধীন পরিবহণের ক্ষেত্রেও প্রাইভেট কার-এর ক্ষেত্রে এ ব্যবস্থা কড়াকড়ি ভাবে চালু করা প্রয়োজন। এই টেষ্টিং করার ক্ষেত্রকে দুর্নীতিমুক্ত করতে হলে এম. ভি এ্যাক্ট-এর সংশোধন করা প্রয়োজন। বর্ত্তমানের একমাত্র টেকনিক্যাল এম. ভি ইনসপেক্টার দ্বারা ফিটনেস টেষ্ট করার পরিবর্তে জয়েণ্ট ও রোটেটিভ ইনসপেকশন বাই মোর রেসপনসিবল অফিসার্স দ্বারা হওয়া দরকার।

তারপর আসা যাক মাল পরিবহণ করার ব্যাপারে। এর ক্যারিং লিমিট বাধা থাকে, তারপর এলাউয়েবল লিমিট থাকে। দেখা যায় খুব কম গাড়ীই এলাউয়েবল লিমিটের ট্যাক্স জমা দেয়, অথচ

তারা ২০০ মণের জায়গায় ৩০০।৪০০ মণ মাল ক্যারি করে। এই সব ক্ষেত্রে ট্যাক্স বসিয়ে আমরা টাকা আদায় করতে পারি। প্রয়োজনে ওয়েমেণ্ট ব্রীজ বসাতে পারি। কমার্শিয়াল ট্যাক্স চালু করার চেষ্টা হচ্ছিলের। এ সম্পর্কে ইন্টার ডিষ্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটি অব বাস ওনার্স-'রা সরকারের দৃষ্টি আকর্ষণ করেন। যদিও এই প্রথা ট্রান্সপোর্ট কমিশনার এক মিটিং-এ তুলে দেওয়া হবে বলে ঠিক হয়, তা কিন্তু আজ পর্যন্ত হয়নি। আজও বাংলার গাড়ীকে বিহার, উত্তরপ্রদেশ, রাজস্থান, পাঞ্জাব, এম পি প্রভৃতি রাজ্যে এই ট্যাক্স দিতে হচ্ছে। অথচ এই সমস্ত রাজ্য থেকে, এই রাজ্যে যে সমস্ত গাড়ী আসে, তাদেরকে এ ট্যাক্স দিতে হয় না। আমরাও এই ট্যাক্স আদায় করার প্রথা অনায়াসেই এ রাজ্যে চালু করতে পারি। এতে সরকারের আয় বাড়বে। আয় বাড়ানোর আর একটি উপায় হল চেঞ্জ অব এ্যাড্রেস এণ্ড ফিজ আণ্ডার সাবসেকশন টু অব সেকশন ২৯,এম.ভি. এ্যাক্ট চালু করা। এই সমস্ত ট্যাক্স ও ফিজ আদায় করতে হলে বর্তমান আর টি এ অফিসগুলিকে ঢেলে সাজাতে হবে, এতে হয়ত খরচ কিছু বাড়বে, তবে আয়ের তুলনায় তা নগন্য,প্রয়োজনীয় ষ্টাফের সংখ্যাও বাড়াতে হবে।

আজকাল টায়ার পাওয়া খুবই কঠিন ব্যাপার। বর্তমানের স্ক্রিনিং কমিটি উইথ নো সাপ্লাই এণ্ড ডিষ্ট্রিবিউশন, একটা প্রহসন। এক্ষেত্রে সেন্টারের সঙ্গে যোগাযোগ করে সাপ্লাই পজিশন বাড়াতে হবে এবং স্ক্রিনিং কমিটি মারফত এর ডিষ্ট্রিবিউশনের ব্যবস্থা করতে হবে। ডিমাণ্ডের তুলনায় গাড়ীর সাপ্লাই কম। সেখানেও দুর্নীতির সুযোগ রয়েছে। অবিলম্বে এর বিহিত ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই। পরিশেষে এই পরিবহণ ব্যবস্থার সঙ্গে যারা প্রত্যক্ষভাবে জড়িত যথা অপারেটরগণ, শ্রমিক কর্মচারী ও ট্রাভেলিং পাবলিকের সুযোগ সুবিধার ব্যবস্থা আরও প্রসারিত করতে অনুরোধ জানিয়ে, আমি আমার বক্তব্য শেষ করছি। ফিটনেস সম্বন্ধে আমি আগেই বলেছি। আপনি স্যার,জানেন ট্রাফিক মিকানিক্যাল সার্জেণ্ট ১২ বছর ধরে আছে, তাকে কি করে এক জায়গায় ১২ বছর ধরে রাখা আছে, এটা বুঝিনা। হয়ত কাগজে কলমে দেখা যাবে তাকে অন ডেপুটেশন পোষ্টিং রয়েছে, এক জায়গায় রাখা হয়নি কিন্তু কাজে সে এক জায়গাই রয়ে গেছে। ১২ বছর ধরে একই জায়গায়, এই যে ব্যবস্থা এটা যাতে এই রকম না হয়, এবং ফিটনেসের টেষ্টিং ঠিকমত হয়, এই ব্যবস্থা দুর্নীতিমুক্ত হয়, সেটা করতে হবে। এই ফিটনেস টেষ্টিং প্রাইভেট সেক্টারেও করতে হবে, প্রাইভেট গাড়ীর বেলায় ফিটনেস টেষ্টিং-এর ব্যবস্থা ইন্ট্রোডিউস যদি করতে পারেন তাহলে সরকারের অজস্র টাকা আদায় হবে। গাড়ীর ইন্সুরেন্স যদি কম্পালসরি করা হয়, তাতে যেমন এ্যাক্সিডেণ্ট কম হয়, তেমনি ফিটনেস টেষ্টিং ও এ্যাম্বাসাডার প্রভৃতিতে করা দরকার। আমি যে কথাগুলি বললাম পরিবহণের ব্যাপারে এই সমস্ত দিকে যদি সজাগ দৃষ্টি রাখেন, তাহলে পরিবহণ ব্যবস্থার যথেষ্ট উন্নতি হবে এবং আমি আশা করি এতে সরকারেরও যথেষ্ট আয়ের পথ সুগম হবে এবং পাবলিককেও যোগাযোগ পথে অনেকখানি এগিয়ে নিয়ে যাবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতির্ময় মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সরকারের পরিবহণ মন্ত্রী আজকে Demand for grant No. 4-এ যে ২৬ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে অনুমোদন করতে গিয়ে গ্রামবাংলার তথা বাংলাদেশের একটা প্রবাদ বাক্যের কথা আমার মনে পড়ে। একটা কথা আছে ঢাকের দায়ে মনসা বিক্রি। স্যার, কেন ঢাকের দায়ে মনসা বিক্রি কথা বলছিলাম, যেমন একটা গ্রামে একটা মনসা দেবীর পূজা হয়। যারা মনসা দেবীর পূজা করেছিলেন তাদের ইচ্ছা হয় অনেক ধুমধাম করে পূজা করবার জন্য। তাঁরা ১০০ টা ঢাকের ব্যবস্থা

করেন। পূজা শেষ হবার পর দেখা গেল যে ১০০টা ঢাকের খরচ দিতে গিয়ে তাদের পুঁজি আর কিছু থাকলো না। তখন উপরন্তু সেই মনসা দেবীকে বিক্রি করতে হয়েছিল ঢাকের টাকা দেবার জন্য। এই যে ২৬ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয় বরাদ্দের দাবী করা হয়েছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহণ বিভাগের যারা Tax Collector tax collect করেন তাঁদের বেতন দিতে গিয়ে কত টাকা যায় সেটা যদি মন্ত্রী মহাশয় বলতেন তাহলে বুঝতে পারতাম। এই ২৬ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয় বরাদ্দ অনুমোদন করতে গিয়ে যে সমস্ত আজ মনসা দেবীর মত বিক্রী হয়ে যাচ্ছে কাজেই আগামী দিনে এই পর্য্যায় থেকে যাতে মুক্তি পেতে পারি সেই জন্য মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি প্রস্তাব রাখছি। বিভিন্ন হাটে, গঞ্জে, বাজারে যে পরিবহণ ব্যবস্থা প্রচলিত আছে তার মধ্য থেকে সরকার Tax পেতে পারেন, আমরা লক্ষ লক্ষ টাকা কম Tax পাচ্ছি। তার কারণ কি? তার কারণ হল Tax ফাঁকি দেবার মনোবৃত্তি যেমন মানুষের মধ্যে পেয়ে বসেছে তেমনি Tax যারা সংগ্রহ করেন বা Tax collection করেন তাদের একটা আদায় না করার একটা প্রবৃত্তি প্রকট হয়ে উঠেছে। আশা করি পরিবহণ মন্ত্রী মহাশয় এ বিষয় নজর দেবেন। Tax collection পদ্ধতির তিনি পরিবর্তন করে নূতন করে ঢেলে সাজাবেন যাতে করে সরকারের সংগ্রহের পরিমাণ বাড়তে পারে। দ্বিতীয়তঃ, আমরা নির্বাচনের আগে সাধারণ মানুষকে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে পশ্চিম বাংলার অর্থনৈতিক পুনরুজ্জীবন ঘটাব। স্যার, বিশ্বের ইতিহাসে যে কোন দেশের অর্থনৈতিক পুনরুজ্জীবন ঘটাতে হলে যে প্রতিশ্রুতিটা প্রথমে চাই সেটা হচ্ছে পরিবহণ ব্যবস্থার উন্নতি। সেই পরিবহণ ব্যবস্থা যা তার যদি উন্নয়ন না ঘটে তাহলে সে দেশের অর্থনৈতিক পুনরুজ্জীবন ঘটতে পারে না। আমি আশা করি আমাদের প্রগতিশীল জনপ্রিয় সরকার নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন এবং এবিষয়ে চিন্তা করবেন কি করে পরিবহণ ব্যবস্থার উন্নতি ঘটানো যায়। পরিবহণ ব্যবস্থার উপর অর্থনৈতিক ব্যবস্থা কেন নির্ভর করে তার কারণ হচ্ছে যে গ্রামাঞ্চলে কাঁচা মাল সংগৃহিত হয় সেই কাঁচামাল যদি frequently দেশের সর্বত্র চলাচল না করতে পারে তাহলে দেশের অর্থনৈতিক পুনরুজ্জীবন ঘটতে পারে না। এই যানবাহন বা পরিবহণ ব্যবস্থার দিকে আমাদের প্রগতিশীল সরকার কোন দৃষ্টি দিয়েছেন বলে আমি দেখতে পাচ্ছিনা। যদি তা দিতেন তাহলে এই খাতে সরকারের আয় আরও বৃদ্ধি পেত এবং পশ্চিমবঙ্গ সরকারের দেয় প্রতিশ্রুতি ও অর্থনৈতিক পুনরুজ্জীবন ঘটানো সম্ভব হত। আমাদের এই সরকার, সাধারণ মানুষকে যে প্রতিশ্রুতি দিয়েছেন সেদিক থেকে এটা দেখতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সঙ্গে আপনি নিশ্চয়ই একমত হবেন যে যানবাহন ব্যবস্থার উপর শুধুমাত্র দেশের অর্থনৈতিক পুনরুজ্জীবন নির্ভর করে তা নয় দেশের মানুষের মানসিকতা, সংস্কৃতি সংমিশ্রনের যোগসূত্র স্থাপিত হয়। সেদিক থেকে সরকারের চেষ্টা থাকা সত্ত্বেও আমরা সে পথে এগোচ্ছি না, এবং তা এগোচ্ছি না বলে সরকারের এই খাতে যে টাকা সংগৃহিত হতে পারতো সেটা হতে পারছে না।

[6-10—6-20 p.m.]

তারপর চতুর্থতঃ—এই বিভাগের যে বক্তব্য মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের কাছে উপস্থাপিত করেছেন, এটা যদি একটু খুঁটিয়ে দেখে বিচার করি তাহলে দেখতে পাবো এর সাথে আরো অন্যান্য বরাদ্দের দাবীকেও গুলিয়ে দেওয়া হয়েছে, যাতে করে আমাদের কাছে আসল যে বরাদ্দের দাবী নিয়ে এই মুহূর্তে আলোচনা হচ্ছে, সেইভাবে অন্যান্য খাতের বরাদ্দের সঙ্গে একই ভাবে সংমিশ্রন করে দেবার জন্য সদস্যরাও বিভ্রান্ত হচ্ছেন। এদিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আলোচ্য খাতের এদিকটা আলাদা ভাবে দেখান উচিত ছিল।

পঞ্চমত:—আগামী দিনে সরকার যদি স্বচ্ছ দৃষ্টিভঙ্গী নিয়ে এই ব্যবস্থাকে ঢেলে সাজাতে চান তাহলে নিশ্চয়ই আর একদিকের কথাও তিনি চিন্তা করবেন। সেটা হচ্ছে এই যানবাহনকে কেন্দ্র করে পশ্চিমবাংলার প্রতিটি মফঃস্বল সহরেতে যে বিধি ব্যবস্থা আজকের দিনে প্রচলিত হচ্ছে, সেই প্রচলিত বিধি ব্যবস্থাকে ভাঙ্গতে হবে। কারণ এর উপর একচেটিয়া পুঁজিপতিদের অদৃশ্য শক্তি এতদিন ধরে কাজ করে আসছে। এটা বাস্তব সত্য। তাই আগামী দিনে এটাকে ভেঙ্গে দিয়ে যদি সাধারণ ভাবে এই সরকারে প্রগতিশীল চিন্তাধারার সাথে সংমিশ্রন করে নতুন দৃষ্টি কোণ থেকে কাজের ব্যবস্থা করা যায়, তাহলে সরকারে মুনাফার পরিমাণ বৃদ্ধি হবে। আশা করি আমার বক্তব্যগুলি মাননীয় পরিবহণ মন্ত্রী একটু বিচার বিবেচনা করে দেখে গ্রহণ করবেন। বন্দেমাতরম—জয়হিন্দ!

**শ্রীহরিশ্চন্দ্র মাহাতো:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহণ মন্ত্রী আজকে বিধানসভায় যে বাজেটের ব্যয় বরাদ্দের প্রস্তাব এনেছেন, তাকে আমি সম্পূর্ণ সমর্থন করি। এবং এই সমর্থন করতে উঠে এই প্রসঙ্গে আমার দু একটা বক্তব্য রাখছি।

আজকে পশ্চিমবাংলার মত অনুন্নত রাজ্যে পরিবহণ ব্যবস্থার যথেষ্ট গুরুত্ব আছে। এই পরিবহণ শিল্পের উন্নতি আমাদের কৃষির উন্নতির পক্ষে অপরিহার্য্য। এই পরিবহণ ব্যবস্থা পশ্চিম বাংলার একটা গুরুত্বপুর্ণ ব্যবস্থা এবং এই পরিবহণ শিল্পের উন্নতির দ্বারা অনেক মানুষের বেকারী দূরীভূত হতে পারে। এই শিল্পে কোটি কোটি টাকা নিয়োজিত হয়েছে এবং এই টাকার বিনিময়ে বহু বেকার মানুষের কর্ম সংস্থানের সুযোগ হতে পারবে। পশ্চাৎপদ এলাকার আমরা এই পরিবহণ শিল্পের বিস্তৃতির দ্বারা তার উন্নতি সাধন করতে পারবো। তাই এই পরিবহণ ব্যবস্থা আজকে পশ্চিম বাংলার পক্ষে খুব গুরুত্বপুর্ণ। এই পরিবহণ ব্যবস্থাকে যদি ঢেলে সাজাতে হয় তাহলে আমাদের বিশেষত: সরকারী ক্ষেত্রে ও বেসরকারী ক্ষেত্রের মধ্যে একটা Co-ordination থাকা দরকার। সেই Co-ordination passenger, transport-এর ক্ষেত্রে, goods transport-এর ক্ষেত্রে Inter State কিংবা Inter State Transport Industry-র ক্ষেত্রে যাতে সুচারুভাবে ও সুপরিকল্পিতভাবে চালানো যায় তার জন্য নিশ্চয়ই একটা পরিকল্পনা করার দরকার আছে। আমাদের এই সরকারী ক্ষেত্রে যে পরিবহণের ব্যবস্থার ত্রুটীর জন্য, যে mismanagement-র জন্য এবং অপদার্থতার এবং দুর্নীতির জন্য আমরা আজ লক্ষ লক্ষ টাকা লোকসান দিচ্ছি এবং এই যে লোকসান হচ্ছে এতে করে আমাদের শিল্প বিকাশের ক্ষেত্রে অনেক গুরুত্বপুর্ণ কাজ ব্যাহত হচ্ছে। সরকারী ক্ষেত্রে এই transport service এর লোকসান এড়াতে হলে এই transport service-কে সুষ্ঠুভাবে পরিচালিত করা প্রয়োজন। তারজন্য নিশ্চয়ই পরিবহণ মন্ত্রী সচেষ্ট হবেন। এই আশা রাখি, এই ভরসা রাখি।

আর একটা কথা goods transport এর ক্ষেত্রে সরকারী ব্যবস্থা খুবই সীমিত। এই goods transport সারা পশ্চিম বাংলায় যাতে সরকারী ক্ষেত্রে বাড়তে পারে তার জন্য আমাদের আরো চেষ্টা করা দরকার, আরো তৎপর হওয়া কর্ত্তব্য। বেসরকারী ক্ষেত্রে আমরা দেখছি এই goods transport ব্যবস্থাটা খুব সুপরিকল্পিতভাবে গড়ে ওঠেনি। যেখানে backward area তাকে উন্নত করতে গেলে তার সমৃদ্ধি আনতে গেলে যে সুষ্ঠু পরিবহণ ব্যবস্থা থাকা প্রয়োজন সেই ব্যবস্থা পরিকল্পনা অনুযায়ী গঠিত হয় নাই।

আশা করি মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয় এই দিকে দৃষ্টি দিবেন। পরিবহণ ব্যবস্থার বিভিন্ন সমস্যা আছে—যন্ত্রাংশ যাতে ঠিক মত এ্যাভেলেবল হয়—মূলধন জোগাড়ের ব্যাপারে যদি সাহায্য করা

যায় তাহলে নিশ্চয় এর আরো উন্নতি হবে। এবং এই ব্যবস্থাকে উন্নতির পথে এগিয়ে নিয়ে যেতে হলে সেদিকে বিশেষ দৃষ্টি দিতেই হবে। ছোট ছোট যে স্মল অপারেটারস আছে মনে হয় এই রকম ১০/১২টি ইউনিট আছে, সেগুলি যদি ঠিকমত গঠন করা যায়, তাদের যদি ব্যাঙ্ক থেকে ফাইনেন্সের ব্যবস্থা করা যায়, তাহলে নিশ্চয় দেশের শিল্প বিকাশের ক্ষেত্রে তারা যথেষ্ট সাহায্য করতে পারবে। আজকে পরিবহণ ব্যবস্থার যে সব সমস্যা আছে সেই সব সমস্যা সমাধান করার জন্য, সেগুলি ভালভাবে ষ্টাডি করার জন্য একটা স্পেশ্যাল ষ্টাডি গ্রুপ গঠন করার প্রয়োজন এবং তারা যে সমস্ত রেকমেণ্ডেশন দেবেন সেই অনুযায়ী সামনের পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় সেগুলি যদি রূপায়িত করা যায় তাহলে এই ট্রান্সপোর্ট সার্ভিসের নিশ্চয় উন্নতি করা যায় এবং তাহলে তারা তাদের দুর্বলতা কটিয়ে, তাদের ক্রটী বিচ্যুতি কাটিয়ে উঠতে পারবে এবং এই পরিবহণ শিল্পের তাতে শ্রীবৃদ্ধি ঘটতে পারবে। এবং এই পরিবহণ শিল্প প্লাউড ব্যাক হয়ে আমাদের জাতীয় জীবনে অর্থ নৈতিক জীবনে সেটা মূলধন স্বরূপ হয়ে দাঁড়াবে। এবং এই শিল্পের অর্থনৈতিক জীবন যদি পুনর্গঠিত হয় তাহলে এর দ্বারা আমরা আমাদের ভয়াবহ যে বেকার সমস্যা তার কিছুটা সমাধান করতে পারবো। আজকে এই শিল্পে যে সমস্ত লোক নিয়োজিত রয়েছে তাদের নিয়ে কো-অপারেটিভ সোসাইটি গঠন করে—R.T.A. ষ্টেট ট্রান্সপোর্ট অথরিটি—এদের যদি সেই রোড পারমিট ইস্যু করে উৎসাহ দেন তাহলে দেশে পরিবহণ শিল্প ক্ষেত্রে বিপ্লব সাধিত হবে এবং এর দ্বারা অনেক বেকার যুবক লাভবান হবে বলে মনে করি। এই কয়েকটি কথা বলে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker, Sir, you will be glad to find that there are no cut motions relating to this Grant. Sir, this itself is an indication that the honourable Members including the Members of the Opposition approve the policy followed by the present Government in relation to this Grant. I agree with the honourable Members that all is not well in this Department. There is enough room for improvement. We will certainly do our best to improve matters. In fact, things were running smoothly prior to 1967. With the change in the political climate of the State, the United Front Government having come to power, things started deteriorating and things started going from bad to worse.

[6-20—7-00 p.m. including adjournment]

There was complete indiscipline among the staff, there was complete chaos and confusion in the State. The services became most irregular. Though all these points do not come under this grant they relate to some different grants.

Unfortunately, I do not have facts and figures with me, otherwise I would have convinced them that from the time we had taken over position has improved considerably. Take for example the daily earnings of Calcutta State Transport. When we took over the daily earning was Rs. 99 thousand.

This has come up to now to Rs. 1,36,000 per day. Similarly, there is an increase in the earning of the Tramways to the tune of Rs. 1,75,000 per month. Sir, honourable Aswini Babu has given us some good and valuable suggestions. They are really worth examining and we will certainly look into these suggestions because, these suggestions, if worked out, may improve the finances of the Government. Though the other points mentioned by him do not exactly come under this grant but since he has mentioned about them I will inform him and the other Members of the House that Government have already written to all the R. T. As that hereinafter permits should be given to unemployed youths and co-operatives as far as possible and practicable. We want that unemployed youths should be self-employed in the State and Government will go all out to help these unemployed youths. We have also written to all the R. T. As that Government will not tolerate over-crowding in the buses. The respective R. T. As may give as many permits as they desire but the only restriction imposed by us is that permits will be issued to unemployed youths and co-operatives. He also mentioned about Mini buses.

**Mr. Speaker** : Mr. Sohanpal, I request you to take your seat for some time. I like to announce that some honourable Members approached me in my chamber that before the guillotine falls I should entertain them with tea this being the last day of budget grants. I have acceeded to their request to entertain them with tea and I invite all the honourable Members to a tea and for this purpose I adjourn the House for half an hour.

(The House was accordingly adjourned for half-an hour.)

(After adjournment)

[7-00—7-20 p.m.]

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I was speaking about the Mini Buses. Mr. Roy has suggested that permits for Mini Buses should also be issued in the districts as we have done in Calcutta. I have already told in this House in reply to questions that the R. T. As in the respective districts are competent to issue permits for Mini Buses in their areas. We do not stand in the way, we do not come in the picture at all. I have one or two announcements to make on this issue. Sir, through the good offices of the Government of India, we have been able to get a few chassis to be issued to unemployed youths who have secured permits for running buses on routes. Two-thirds of the supplies given to French Motor Car Company will be distributed through our Department and we have given instructions to the Director, Public Vehicles Department, that as far as possible and practicable these chassis should be given to

unemployed youths and co-operatives only because we sincerely want to help the unemployed youths. They have their limited resources, they are unable to pay the premium which is generally asked on these chassis in the private market. Also we are seriously .. ...

(At this stage the Guillotine Bell was rung.)

**Mr. Speaker :** Honourable Members, it is 7 p.m. I now put to vote the Demand for Grant No. 4.

The motion of Shri Gyan Singh Sohanpal that a sum of Rs. 26,90,000 be granted for expenditure under Grant No. 4, Major Head : "11—Taxes on Vehicles.", was then put and agreed to.

**Demand for Grant No. 11**

Major Head : "18—Parliament, State/Union Territory Legislature".

**Shri Gyan Singh Sohanpal :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,05,79,000 be granted for expenditure under Grant No. 11, Major Head : "18—Parliament State/Union Territory Legislature".

(This is inclusive of Rs. 35,26,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 54**

Major Head : "Loans and Advances by State/Union Territory Governments".

**Shri Sankar Ghosh** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,06,45,000 be granted for expenditure under Grant No. 55, Major Head : "Loans and Advances by State/Union Territory Governments".

(This is inclusive of Rs. 10,30,49,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demend for Grant No. 16**

Major Head : "26—Miscellaneous Departments—Fire Services".

**Shri Prafulla Kanti Ghosh** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,07,50,000 be granted for expenditure under Grant No. 16, Major Head : "26—Miscellaneous Departments—Fire Services."

(This is inclusive of Rs. 35,83,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 1**

Major Head : "4—Taxes on Income other than Corporation Tax".

**Shri Sankar Ghose** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,33,000 be granted for expenditure under Grant No. 1, Major Head : "4—Taxes on Income other than Corporation Tax".

(This is inclusive of Rs. 4,11,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 8.**

Major Head : "15—Registration Fees".

**Shri Abdus Sattar** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 86,73,000 be granted for expenditure under Grant No. 8, Major Head : "15—Registration Fees".

(This is inclusive of Rs. 28,91,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 36**

Major Head : "53—Ports and Pilotage".

**Shri Gyan Singh Sohanpal** : Sir, on the recommendation of the Govenor.

I beg to move that a sum of Rs. 20,37,000 be granted for expenditure under Grant No. 36, Major Head : "53—Ports and Pilotage".

(This is inclusive of Rs. 6,79,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 18**

Major Head : 27—Scientific Departments

**Shri Gyan Singh Sohanpal :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 77,000 be granted for expenditure under Grant No, 18, Major Head : "27—Scientific Departments".

(This is inclusive of Rs. 26,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 28**

Major Head : 35—Industries—Cinchona

**Shri Gyan Singh Sohanpal :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 70,56,000 be granted for expenditure under Grant No. 28, Major Head : "35—Industries—Cinchona".

(This is inclusive of Rs. 23, 52,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 40**

Major Head : 67—Privy Purses and Allowances of Indian Rulers

**Dr. Md. Fazle Haque :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs 20,000 be granted for expenditure under Grant No. 40, Major Head : "67—Privy Purses and Allowances of Indian Rulers."

(This is inclusive of Rs. 7,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 41**

Major Head : 68—Stationery and Printing.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,14,72,000 be granted for expenditure under Grant No, 41, Major Head : "68—Stationery and Printing".

(This is inclusive of Rs. 38,24,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 9**

Major Head : 16—Interest on Debt and Other Obligations

**Shri Sankar Ghosh** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,00,00,000 be granted for expenditure under Grant No. 9, Major Head : "16—Interest on Debt and Other Obligations".

(This is inclusive of Rs. 33,33,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 37**

Major Heads : 57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 85,45,000 be granted for expenditure under Grant No. 37, Major Heads : "57—Road and Water Transport Schemes" and "114—Capital Outlay on Road and Water Transport Schemes."

(This is inclusive of Rs. 28,49,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 5**

Major Head : 12—Sales Tax

**Shri Sankar Ghosh :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 89,43,000 be granted for expenditure under Grant No. 5, Major Head : "12—Sales Tax"

(This is inclusive of Rs. 29,81,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 6**

Major Head : 13—Other Taxes and Duties

**Shri Sankar Ghosh :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 94,70,000 be granted for expenditure under Grant No. 6, Major Head : "13—Other Taxes and Duties."

(This is inclusive of Rs. 31,57,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 7**

Major Head : 14—Stamps

**Shri Sankar Ghosh :** Sir, on recommendation of the Governor, I beg to move a sum of Rs. 28,87,000 be granted for expenditure under Grant No. 7, Major Head : "14—Stamps."

(This is inclusive of Rs. 9,62,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Demand for Grant No. 46**

Major Head : 71—Miscellaneous—Civil Defence

**Dr. Md. Fazle Haque :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,97,35,000 be granted for expenditure under Grant No. 46, Major Head : "71—Miscellaneous—Civil Defence."

(This is inclusive of Rs. 65,78,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

### Demand for Grant No. 49

Major Head : 78—Pre-partition Payments

**Shri Sankar Ghosh :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,0C0 be granted for expenditure under Grant No. 49, Major Head : "78—Pre-partition Payments."

(This is inclusive of Rs. 2,000 already voted on account in March, 1972.)

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** All the Demands for the current year have been voted. I am really thankful to the honourable Members for their co-operation. Copies of the Appropriation Bill are being distributed. Honourable Members will kindly collect their copies.

I have got to make an announcement. Tomorrow Appropriation Bill will be taken up in the morning. So, I invite you, including the members of the Press, to a Tea at 7-30 a.m. I hope the Members will participate in the Tea because that will be the last day of the Budget. I will request you to assemble in the Lobby where Tea will be served at 7-30.

### Adjournment

The House was then adjourned at 7-20 p.m. till 8 a. m. on Saturday, the 29th July, 1972, at the Assembly House, Calcutta.

# Index to the
# West Bengal Legislative Assembly Proceedings
## (Official Report)
## Vol. 53—No. 2—Fifty-third Session (June-August), 1972

(The 5th, 6th, 7th, 8th, 9th, 10th, 11th, 13th, 14th, 15th, 21st, 24th, 25th, 26th, 27th and 28th July, 1972).

[(Q.) **Stands for questions.**]


**Abdul Bari Biswas, Shri—**

**Demand** (s) **for Grant** (s)

21—Administration of Justice. pp. 1393-1394.
34—Co-operation. pp. 130-131.
19—General Administration. pp. 1475—1477.
35—Industries-Cottage Industries and 96—Capital outlay on Industrial and Economic Development—Cottage Industries. pp. 44-45.
9—Land Revenue, 76—Other Miscellaneons Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. pp. 215-219.
29—Medical, 30A—Family planning. pp. 786-787.
42—Multipurpose River Scheme, 43-Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. pp. 1082-1084.

23—Police. pp. 1218-1220.

**Mention Case** (s)

pp. 24, 29, 112, 253, 311, 426-27, 759, 1038, 1044, 1466, 1591-92.

New Bus Route Permits. (Q) pp. 1462-63.

Point of Privilege. p. 190

Wagon-breakers. (Q) p. 1547.

আততায়ীর আঘাতে জনৈক ছাত্রের মৃত্যু। (Q) pp. 945-46.

কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়। (Q) p. 391.

খরা এলাকায় চাষীদের খাজনা মকুব। (Q) p. 1338-39.

খাদি বোর্ডের সোসাইটি। (Q) pp. 1323-25.

গ্রামীন বৈদ্যুতিকরণ। p. 1339.

জিতপুর ফরেষ্ট-এর বিট্ হাউস। (Q) p. 745.

তুলা চাষ। (Q) p. 1035.

নূতনভাবে সেটেলমেন্ট-এর কাজ আরম্ভ। (Q) pp. 1275-77.

পশু চিকিৎসকদের ফি ও টি, এ। (Q) pp. 1410-12.

পশ্চিমবঙ্গে "হিপি"। (Q) p. 915

পানীয়জলের টিউবওয়েল। (Q) pp. 978-992.

প্রদেশ ও জেলাভিত্তিক ত্রাণ ও সমাজকল্যাণ কমিটি। (Q) pp. 1112-1113.

ফ্রেজারগঞ্জে সমুদ্রের ধারে বাঁধ। (Q) pp. 1317-18.

বাড়ির পৌরকর বাবত কেন্দ্রীয় ও রাজ্য সরকারের নিকট কর্পোরেশনের পাওনা টাকা। (Q) pp. 942-43.

বিভিন্ন জেলায় নূতন স্বাস্থ্যকেন্দ্র। (Q) pp. 1174-75.

বিভিন্ন জেলায় ষ্টেডিয়ম। (Q) p. 1029.

মুর্শিদাবাদ সুইমিং অ্যাসোসিয়েশন। (Q) p. 735.

রাজ্যে সমবায় সমিতি। (Q) pp. 1580-82.

শরনার্থীদের জন্য তাঁবু, ত্রিপল, ও কাপড় ক্রয়। (Q) pp. 1121-33.

হত্যাকাণ্ডের সমীক্ষা। (Q) p. 720.

**Abdur Rauf Ansari, Shri—**

**Demand (s) for Grant (s)**

51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital outlay on Greater Calcutta Development Scheme. pp. 885-887.

**Abdus Sattar, Shri—**

**Demand (s) for Grant (s)**

21—Administration of Justice. pp. 1384-1388, 1397-1398.

31—Agriculture-Agriculture and 95-Capital outlay on Schemes of Agricultural Improvement and Research. pp. 541-547, 575-579.

37—Community Development Projects, National Extension Service and local Development Works, 109-Capital outlay on other works-Community Development Projects, etc. pp. 1358-1362, 1379—1381.

15—Registration Fees. p. 1638.

**Abedin Dr. Zainal**

**Demand (s) for Grant (s)**

34—Co-operation. pp. 115-120, 131-134.

35—Industries-Cottage Industries and 96—Capital outlay on Industrial and Economic Development-Cottage Industries. pp. 37-41, 58-61.

Statement on a calling attention the subject of apprehended non-supply of power in Calcutta, Durgapur and Asansol Industrial belt due to breakdown of 2 units of Durgapur Project. pp. 1180-1182.

Statement on a calling attention notice on the subject of Subsidence of Village Jagatdihi, Asansol. pp. 533-534.

**Abul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri—**

**Demand (s) for Grant (s)**

42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage works (Commercial), 44—Irrigation, Navigation, Enbankment and Drainage works (non-Commercial), etc. pp. 1046-57, 1093-95.

Laying of Annual Accounts of the West Bengal Electricity Board for the year 1970-71. p 1045.

Laying Annual Administration Report of the West Bengal State Electricity Board for the year 1970-71. p.1045.

Laying of Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1972-73. p. 1045.

Laying of Statement of the Estimated Capital and Revenue Receipts and Expenditure (Budget Estimates) of the West Bengal State Electricity Board for the West Bengal State Electricity Board for the year 1972-73. p. 1045.

Statement on a calling attention on the subject of non-supply of D. V. C-Canal water in several districts. pp. 1036-1037.

Statement on the subject of shortage of Power. p. 202.

**Aich, Shri Triptimay**

**Demad for Grant**

**38—Labour and Employment. pp. 447-448.**

Government Resolution on the taken-over through an ordinance of the management of the Indian Iron and Steel Co., Ltd. by the Government of India for a period of two years. pp. 324-325.

**Ali Ansar, Shri—**

**Demand** (s) **for Grant** (s)

(37) Community Development Projects, National Extension Service and and local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, etc. pp. 1372-1373.

Mention Case : p. 109,

**Arrest of Members—** p. 753.

**Bandyopadhyay, Shri Shib Shankar—**

**Demand** (s) **for Grant** (s)

28—Education : pp. 693-694.

19—General Administration : pp. 1496-1497.

50—Public Works, 103—Capital Outay on Public Works. : pp. 264-265.

Mention Case : p. 1185.

কর্মসংস্থান কেন্দ্রে তালিকাভুক্ত বেকারের সংখ্যা (Q) pp. 1433-42.

কালীগঞ্জ থানায় আটক কালো অ্যাম্বাসাডার গাড়ি (Q) p. 723.

কৃষ্ণনগর সদর ( নর্থ ) মহকুমার হেড কোয়ার্টার (Q) p. 1553.

**Bandyopadhyay, Shri Ajit Kumar—**

**Demand** (s) **for Grant** (s)

38—Labour and Employment : pp. 454-455.

**Bandyopadhyay, Shri Sukumar—**

**Demand** (s) **for Grant** (s)

38—Labour and Employment : pp. 445-446.

9—Land Revenue, 76—Other Miscellaneons Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. pp. 224-225.

23—Police : pp. 1217-1218.

50—Public works, 103—Capital Outlay on Public Works. : pp. 265-267.

Mention Case : p. 27.
Mention Case (s) : pp. 109, 206, 250, 427, 428, 540, 754, 1037, 1041, 1352, 1463, 1592.

আভ্যন্তরীণ নিরাপত্তা আইনে আটক সমাজবিরোধী : (Q.) p. 744.
আসানসোল দমকল বিভাগের কার্যালয় ভবন : (Q.) p. 941.
আসানসোল ও দুর্গাপুর মহকুমায় ইউনিয়ন বোর্ডের নির্বাচন : (Q.) pp. 182-184.
আসানসোল মহকুমা হাসপাতালের অ্যাম্বুলেন্স (Q.) pp. 1016-1017.
আসানসোল মহকুমায় টেষ্ট রিলিফ : (Q) p. 524.
আসানসোল মহকুমায় ডেয়ারী : (Q.) p. 90-91.
আসানসোল মহকুমায় পানীয় জলের কুপ খনন : (Q.) p. 407.
আসানসোল মহকুমায় পানীয় জলের সমস্যা : (Q.) p. 385.
আসানসোল মহকুমায় পানীয় জলের সমস্যা : (Q.) pp. 1012-1014.
আসানসোল সরকারী হাসপাতাল : (Q.) p. 747.
আসানসোল সহরে ষ্টেডিয়াম : p. 1557.
ওয়াগণের অভাবে উন্নয়ন কাজ ব্যাহত : (Q.) pp. 1024-25.
কবি নজরুল ইসলাম : (Q.) pp. 1107-1108.
কর্মসংস্থান কেন্দ্রে তালিকাভুক্ত বেকারদের সংখ্যা : (Q.) p. 620.
কলিকাতার সিল-করা বোতলে দুগ্ধ সরবরাহ : (Q.) p. 527.
খরা এলাকায় পানীয় জল : p. 1451.
খরা পরিস্থিতি মোকাবিলার জন্য সরকারী সাহায্য : (Q.) pp. 1143-47.
চলচ্চিত্র শিল্প : (Q.) p. 909.
চিত্তরঞ্জনে দেশবন্ধু মহাবিদ্যালয়। (Q.) p. 1021.
জেল হইতে কয়েদী পলায়ন : (Q.) p. 516.
তিরাটবক্তার নগর গ্রামে সহায়ক স্বাস্থ্যকেন্দ্র : (Q.) p. 1171.
দোমহানী-লালগঞ্জ রাস্তা : (Q.) p. 924.
পশ্চিমবঙ্গ পুলিশের মোটরযান : (Q.) p. 916.
পশ্চিমবঙ্গে বেআইনী অস্ত্র পাচার। (Q) pp-939-40.
পঁচিশ একর ও তদূর্দ্ধ জমির মালিক। (Q) pp. 1262-66.
পুরুলিয়া জেলায় অগ্নিনির্বাপণ কেন্দ্র। (Q) pp. 184-185.
ফরাক্কা বাঁধ। pp. 1326-27.
বরাকর শহরে মিউনিসিপ্যালিটি গঠন। (Q) p. 941.
বন্যপ্রাণী সংরক্ষণ। (Q) pp. 1427-29.
বারাবনী থানার কার্য্যালয়। (Q) p. 930.
বাংলাদেশের মাছ। (Q) p. 1154.
বাঁকুড়া ও পুরুলিয়া জেলার পাথরকুচি। (Q) pp. 975-77.
বিভিন্ন শিল্পে কর্মরত বাঙ্গালী ও অবাঙ্গালী শ্রমিক। (Q) pp. 1415-18.
বেকার যুবকদের সমবায় সমিতির জন্য সরকারী জমি। (Q) p. 1313.
বেকারদের চাকুরি। (Q) p. 1433.

বেকারদের চাকরী। (Q) pp. 1562-63.
বেসরকারী প্রতিষ্ঠানের চড়া দামে বিদ্যুৎ বিক্রয়। (Q) p. 19.
ভারত সরকারের কতিপয় অফিসের স্থানান্তরকরণ। (Q) p. 935.
মদনপুর ফিউজ ফ্যাক্টরী। (Q) pp. 103-104.
মধুকুণ্ডার ইস্পাত কারখানা। (Q) p. 10.
মিনিবাস। (Q) p. 486.
রাণীগঞ্জ জল সরবরাহ প্রকল্প। (Q) p. 4C9.
রাণীগঞ্জ পৌরসভা। (Q) p. 936.
শিল্প জেলা গঠন। (Q) pp. 178-179.
শিল্পবিরোধ নিষ্পত্তির ব্যাপারে দীর্ঘসূত্রতা। (Q) pp. 99-102.
সরকারী কাজে বাংলা ভাষা। (Q) p. 944.
সরকারী ফার্মে পালিত গরু, মহিষ, ভেড়া ইত্যাদি। (Q) p. 613.
সরকারী সংরক্ষণে পুরাকীর্তি। (Q) pp, 1539-45.
সালানপুর ব্লকে শিল্পাঞ্চল বৈদ্যুতিকরণ। (Q) pp. 1334-35.
স্বল্পমূল্যে বনজাত দ্রব্য সরবরাহ। (Q) p. 106.
স্বাধীনতার রজত জয়ন্তী। (Q) p. 704.

**Banerjee, Shri Mrityunjoy—**

**Demand for Grant**

28—Education. pp. 639-653, 698-700.
Statement on a Calling Attention on the subject of fasting of the primary teachers in the Curzon Park (Surendranath Park), Calcutta. pp. 421-423.
Statement on a Calling attention motion on the subject of grants to the flood affected educational institution. pp. 833-835.
Statement on a Calling Attention on the subject of Strike-call by the students of the Calcutta University on 22nd July, 1972. p. 1036.
Statement on the withdrawal of hunger-strike by primary School teachers. p. 894

**Banerjee, Shri Pankaj Kumar—**

**Demand (s) for Grant (s)**

19—General Administration. pp. 1497-1499.
71—Miscellaneous-Irrecoverable loans to displaced persons, etc.,
64—Famine Relief. p. 358.
Mention Case. p. 29.

Mention Case. p. 1044.
সেণ্ট্রাল গ্লাস অ্যাণ্ড সিরামিক রিসার্চ ইনস্টিটিউট। (Q) pp. 1307-1308.

**Banerjee, Shri Ramdas—**

**Demand for Grant—**

38—Labour and Employment. pp. 456-458.
Mention Case. p. 1467.

**Bapuli, Shri Satya Ranjan—**

**Demand (s) for Grant (s,—**

19—General Administration. pp. 1487-1488.
50—Public works, 103-Capital outlay on Public works. pp. 274-275.
Mention Case. p. 204.

**Bar, Shri Ramkrishna—**

**Demand for Grant—**

37—Community Development Projects, National Extension Service and and local Development Works, 109-Capital outlay on other works—Community Development Projects, etc. pp. 1373-1374.
Mention Case. p. 251.
চব্বিশপরগণা জেলার বিভক্তিকরণ। (Q) p. 911.
বিষ্ণুপুর থানায় বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ। (Q) pp. 953-955.
মুড়ির ধান আমদানীর জন্য লাইসেন্স প্রাপ্ত সমবায় সমিতি। (Q) pp. 1443-1444.

**Basu, Shri Ajit Kumar (Singur)—**

**Demand (s) for Grants (s)—**

21—Administration of Justice. pp. 1391-1393.
71—Miscellaneous—Panchayats. pp. 862-864.
Electrifcation of Villages under
Kharagpur Local P. S (Q) pp. 951-952.
Mention Case. p. 540.
Panchayat Staff. (Q) p. 1458.
Vacancies in the Cottage and Small Scale Industry Department. (Q) pp. 949-950.
Vacancies in the different State Govt. Undertakings. (Q) pp. 1167-1169.
Vacancies in the Health (Rural Water Supply) Department. (Q) p. 632.
Vacancies in the Information and Public Relations Department. (Q) p. 928.

Vacancies in the Irrigtaion and Waterways Department. (Q) p. 1

Vacancies in the Judicial Department. (Q) p. 529.
Vacancies in the Legislative Deparment. (Q) p. 529.
Vacancies in the Power Department. (Q)
Vacancies in the Wakf and Wakf Board. (Q) p. 416.
চৌকিদারদের পোষাক। (Q) pp. 1533-1535.
৬নং জাতীয় সড়ক হইতে মাদপুর স্টেশন পর্য্যন্ত রাস্তা। (Q) pp. 1555-1556.

**Basu, Shri Lakshmi Kanta—**

**Demand (s) for Grant (s)—**

38—Labour and Employmeut. pp. 443-445.
23—Police. pp. 1208-1209.
কলিকাতা পুলিশের অধীন হোমগার্ড ও কনষ্টবল। (Q) p. 725.
শ্রীজ্যোতি বসুর বিলাত ভ্রমনের ব্যয়ভার। (Q) pp. 1430-1433.

**Bauri, Shri Durgadas—**

রঘুনাথপুর পৌর এলাকায় পানীয় জলের অভাব। (Q) p. 743.
রঘুনাথপুরকে মহকুমায় রূপান্তরিতকরণ। (Q) p. 923.

**Bera, Shri Rabindra Nath —**

**Demand for Grant—**

37—Community Development Projects, National Extension Service local Development works, 109-Capital outlay on other wc Community Development Projects, etc. pp.1369-1370.
Mention Case. p. 538.

**Bera, Shri Sudhir Chandra—**

**Demand for Grant—**

34—Co-operation. pp. 120-121.
Mention Case (s) pp. 28, 111, 536, 636, 756, 1040, 1352, 1589.
Point of Privilege. p. 525.
জয়েণ্ট এল, আর। (Q) p. 381.
ত্রাণকার্যে কাপড় জামা ক্রয়ের জন্য টেণ্ডার। (Q) p. 492.
দাসপুর থানার কল্মিজোড়-গোপীগঞ্জ রাস্তা। (Q) p. 1554.

**Besra, Shri Manik Lal—**

**Demand (s) for Grant (s)—**

29—Medical, 30A-Family Planning. pp. 814-815.

71—Miscellaneous-Irrecoverable loans to displaced persons, etc., 64—Famine Relief. pp. 351-352.

39—Miscellaneous—Social and Developmental Organisations-Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes. pp. 66-67.

**Bharati, Shri Ananta Kumar—**

**Demand (s) for Grant (s)—**

64—Famine Relief. p. 359.

51A—Greater Calcutta Development Scheme and 106A-Capital outlay on Greater Calcutta Development Scheme. pp. 880-881.

**Bhattacharjee, Shri Sakti Kumar—**

**Demand for Grant—**

37—Community Development Projects, National Extension Service and local Development works, 109-Capital outlay on other works—Community Development Projects, etc. pp. 1366-1368.

দূর্গাপুর দুগ্ধ প্রকল্প। (Q) p. 938.

মিল্ক কলোনিসমূহে লাইসেন্সধারী গো-মহিষ পালক। (Q) p. 607.

হরিণঘাটা দুগ্ধ প্রকল্প। (Q) p. 936.

**Bhattacharjee, Shri Shibapada—**

**Demand (s) for Grant (s)—**

71—Miscellaneous-Irrecoverable loans to displaced persons, etc, 64—Famine Relief. pp. 324-327.

23—Police. pp. 1214—1216.

বনহুগলি হাসপাতাল। (Q) pp. 999-1001.

বরাহনগরে উদ্বাস্তু কলোনি সমূহের উন্নয়ন। (Q) pp. 1119-1121.

বরাহনগর রবীন্দ্র হল। (Q) p. 1157.

**Bhattacharyya, Shri Susanta—**

Mention Case. p. 1043.

**Bhattacharyya, Shri Narayan—**

**Demand (s) for Grant (s)—**

70—Forests : pp. 1601-1602.

35—Industries—Industries and 96—Capital outlay on Industrial an Economic Development. : pp. 140-142.

**Bhttacharyya, Shri Hara Shankar—**

**Demand (s) for Grant (s)—**

28—Education : pp. 694-697.

35—Industries—Industries and 96—Capital outlay on Industrial an Economic Development. : pp. 158-160.

10—State Excise Duties : pp. 1609-1611.

বোলপুরে মহকুমা গঠন। (Q) p. 953.

বোলপুর মহকুমা গঠন। (Q) p. 1528.

বোলপুর স্বাস্থ্যকেন্দ্র। (Q) p. 630.

**Bhattacharyya, Shri Pradip—**

**Demand (s) for Grant (s)—**

38—Labour and Employment : pp. 472-474.

Statement made by—On the subject of Strikes and lock-outs in Indian Oxygen Ltd. : pp. 30-32.

**Bhowmik, Shri Kanai—**

**Demand (s) for Grant (s)**

19—General Administration. : pp. 1477-1483.

71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109-Cap outlay on other works. : pp. 1403—1405.

71—Miscellaneous—Panchayats : pp. 856-859.

**Bijali, Dr. Bhupen--**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Fisheries : pp. 590-591.

29—Medical.

30A—Family Planning. : pp. 810-811.

23—Police : pp. 1235-1236.

Mention Case : p. 206.

সহরতলী এলাকায় দুগ্ধ সরবরাহ। (Q) pp. 1445-1446.

**Biswas, Shri Kartick Chandra—**

**Demand (s) for Grant (s)—**

29—Medical.

30A—Family Planning. : pp. 811-812.

**Calling Attention (s)**

Notice of a—on the subject of alleged firing by Jamuria Police, district Burdwan, on peacetul hunger-strikers in Kenda Colliery. : pp. 1583-1584.

Notice of a—on the subject of apprehended non-supply of power in Calcutta, Durgapur and Asansol Industrial belt due to breakdown of 2 units of Durgapur Project. : pp. 1180-1182.

Statement on a—on the Subject of Supply of boiled rice and checking of ghost ration Cards in the Villages. : pp. 534-535.

Statement on a—notice on the subject of misappropriation of public money granted to certain Family Planning Centres. : p. 634.

Notice of a—on the subject of murder of 4 Trade union workers at Chinakuri Colliery in Burdwan district on 27-7-1972. : pp. 1585-1586.

Notice of a—on the subject of non-supply of D.V.C. Canal water in Several districts. : pp. 1036-1037.

Statement on a—on the subject of sending of grants to the flood affected educational institutions. : pp. 833-835.

Notice of a—on the subject of Strike-Call by the students of the Calcutta University on 22nd July, 1972. : p. 1036.

Statement on a—on the subject of fasting of the primary teachers in the Curzon Park (Surendranath Park), Calcutta. : pp. 421-423.

Statement on a—on the subject of the protection of Digha Sea Beach from heavy erosion. : pp. 22-23.

Statement on a—on the subject of reported attack on Shri Naresh Chandra Chaki, M L.A., on the 2nd July, 1972. : p. 201.

Statement on a—on the subject of subsidence of Village Jagatdihi, Asansol. : pp. 533-534.

Statement on a—on the subject of threatened clash between Bengali and Non-Bengali railway workers at Kanchrapara Railway workshop. : p. 753.

**Chaki, Shri Naresh Chandra—**

**Demand (s) for Grants (s)—**

34—Co-operation : pp. 129-130.

28—Education : pp. 669-670.

39—Miscellaneous—Social and Developmental organisations Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward classes. : pp. 291-292.

Mention Case : pp. 108, 252, 538.

অঞ্চল পঞ্চায়েত সচিব। (Q) p. 908.

আমদাবিল সংস্কার। (Q) p. 1028.

ক্ষুদ্র ক্ষুদ্র প্লটের জমির মালিকের জমি সরকারে ন্যস্ত। (Q) pp. 1318-1319.

জুনিয়ার হাইস্কুল শিক্ষকদের বর্ধিত বেতন। (Q) p. 510.

ডিপ টিউবওয়েল ও রিভার পাম্প। (Q) pp. 1160-61.

নদীয়া জেলার বেকারদের চাকুরী। (Q) p. 609.

পশ্চিমবঙ্গে চাল ও গমের বাৎসরিক প্রয়োজনীয়তা। (Q) pp. 1444-45.

পশ্চিমবঙ্গে বাংলাদেশ হইতে উদ্বাস্তু আগমন। (Q) pp. 1118-1119.

ফরাক্কা প্রকল্প। (Q) p. 1328.

মৎস্যচাষের জন্য খাল, বিল, পুকুর সংস্কার। (Q) : pp. 1150-51.

মাছের মূল্যবৃদ্ধি। (Q) p. 20.

রাণাঘাট কোর্ট। p. 1569.

রাণাঘাট থানা এলাকায় পুলিশ রিপোর্টের ভিত্তিতে মামলা। (Q) : p. 1551.

রাণাঘাট ব্লকে বৈদ্যুতীকরণ। (Q) : p. 1567.

রাণাঘাট ব্লকে স্যালোটিউবওয়েল। (Q) : pp. 1026-27.

রাণাঘাটে গেদে এলাকায় সমাজবিরোধীদের তৎপরতা। (Q) : p. 727.

রাণাঘাটে নূতন শিল্প। (Q) : pp. 1564-65.

সরকারী খাস জমি (Q) : pp. 1309-1310.
সি. আর. পি. ও রিজার্ভ পুলিশবাহিনী (Q) : p. 1555.
সিমেণ্টের দুষ্প্রাপ্যতা (Q) : pp. 185-189.
সিল্ক মিল (Q) : pp. 1171-1172.
সীমান্তবর্তী এলাকায় দুষ্কৃতকারীদের তৎপরতা (Q) : p. 742.

**Chakravartty, Shri Gautam—**

**Demand (s) for Grant (s)—**

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital outlay on other works—Community Development Projects, etc. ; pp. 1365-1366.

28—Education. : pp. 667-668.

29—Medical.

30A—Family Planning. : pp. 774-775.

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embankment and Drainage works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage works (non-Commercial), etc. : pp. 1070-1071.

**Chakravarty, Shri Bhabataran—**

**Demand (s) for Grant (s)—**

35—Industries—Cottage Industries and 96—Capital outlay on Industrial and Economic Development—Cottage Industries. : pp. 53-54.

Mention Case. : p. 757.

**Chatterjee, Shri Kanti Ranjan—**

**Demand (s) for Grant (s)—**

37—Community Development Projects, National Extension Service and Local Development works, 109—Capital outlay on other works—Community Development Projects, etc. : p. 1379.

71—Miscellaneons—Irrecoverable loans to displaced persons, etc ; 64—Famine Relief. : pp. 330-331.

50—Public Works, 103—Capital outlay on Public Works. : pp. 272-273.

**Chatterjee, Shri Tapan—**

**Demand (s) for Grant (s)—**

19—General Administration. : pp. 1510-1511.

51A—Greater Calcutta Development Scheme and
106A—Capital outlay on Greater Calcutta Development Scheme : pp. 883-884

35—Industries—Cottage Industries and 96—Capital outlay on Industria and Economic Development—Cottage Industries. : p. 49.

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial anc Economic Development. : pp. 148-149.

38—Labour and Employment. : pp. 446-447.

**Chattopadhyay, Dr. Sailendra Nath—**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes o Agricultural Improvement and Research : p. 556.

19—General Administration : p. 1505.

35—Industries—Industries and 96--Capital Outlay on Industrial an( Economic Development : pp. 150-151.

Mention Case. : p. 29.

অর্থাভাবে গ্রামীন বৈদ্যুতিকরণ (Q) : p. 1326.

কলিকাতা-দূর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে (Q) : pp. 1525-1527

জেলা পরিষদের রাস্তা (Q) : p. 90.

দূর্গাপুর গোপালপুর নৌবহ খাল (Q) : pp. 1315-1316.

পাকা রাস্তা তৈয়ারী করিতে প্লাজের ব্যবহার (Q): p. 712.

পাণ্ডুয়া থানায় সেচ বিভাগের কাজে কণ্ট্রাকটর (Q) : pp. 1273-1274.

প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ড (Q) : pp. 1110-1112.

বসন্ত রোগ (Q) : 977-978.

বিজ্ঞান মন্দির (Q) : pp. 1152-1153.

বিভিন্ন প্রকল্পের জন্য বরাদ্দকৃত কেন্দ্রীয় অর্থ (Q). : pp. 1006-1009.

বীজ বণ্টন (Q) : pp. 1015-1016.

মিউনিসিপ্যালিটীর কর্মীদের প্রভিডেন্ট ফাণ্ড (Q) : p. 742.

রেড রোডে "মার্কারি" বাতি। (Q) : p. 939.
সার উৎপাদন কারখানা। (Q) : p. 398.

**Das, Shri Barid Baran—**

**Demand (s) for Grant (s)—**

34—Co-operation. : pp. 128-129.
28—Education. : pp. 676-678.
19—General Administration. : pp. 1488-1490.
71—Miscellaneous—Sports. : pp. 302-303.

**Das, Shri Bijoy—**

**Demand (s) for Grant (s)—**

28—Education. : p. 670.

**Das, Shri Bimal—**

**Demand (s) for Grant (s)—**

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries. : pp. 41-44.
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : pp. 226-229.
23—Police. : pp. 1220-1222.

বুলবুলচণ্ডী গ্রামের শিক্ষক খুন। (Q pp. 722, 923.

**Das, Shri Jagadish Chandra—**

**Demand (s) for Grant (s)—**

28—Education. : pp. 683-684.
29—Medical,
30A—Family Planning. : pp. 792-793.
71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc.,
64—Famine Relief : pp. 350-351.

**Mention Case :** p. 310.

208

**Das, Sri Sarat—**

**Demand (s) for Grant (s)—**

37—Community Development Projects, National Extension Service and local Development works, 109—Capital outlay on other works—Community Development Projects. etc. : pp. 1368-1369.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons etc., 64—Famine Relief : pp. 357-358.

39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes : pp. 73-74.

Mention Case : pp. 30, 312, 426, 1465.

Motion regarding committee on the welfare of Scheduled Caste and Scheduled Tribes : p. 34.

কেরানীদের প্রমোশন। (Q) : p. 927.

ঝালডা-বাঘমুণ্ডি রোড। (Q) : p. 922.

পাঞ্চেত ড্যাম। (Q) : pp. 1450-1451.

পুরুলিয়া জেলায় তারাগনা ও কাঁডিওর নদী বাঁধানো পরিকল্পনা। (Q) : pp. 1314-131

পুরুলিয়া জেলায় পর্যটন নিবাস। (Q) : p. 7.

পুরুলিয়া জেলায় পৌর এলাকায় ও সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে দমকলের ব্যবস্থা। (Q) : p. 740

পুরুলিয়া জেলায় রেফ্রেক্টরী ও বিয়ার কারখানা। (Q) : pp. 1261-1262.

পুরুলিয়া পৌর এলাকার পুকুরগুলিতে মৎস্য চাষ। (Q) : pp. 1535-1537.

পুরুলিয়া মিউনিসিপ্যালিটির পুষ্করিনী। (Q) : p. 745.

পুরুলিয়ার রিটায়ার্ড ডিষ্ট্রীক্ট ইঞ্জিনিয়ার। (Q) : p. 928.

মধুকুণ্ডায় মিশ্র ইস্পাত কারখানা। (Q) : p. 11.

লাক্ষা ধুইবার মেসিন। (Q) : p. 1327.

সাহেববাঁধ ও রাণীবাঁধে মৎস্যচাষ। (Q) : p. 485.

**Das, Shri Sudhir Chandra—**

**Demand (s) for Grant (s)—**

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc on the abolition of the Zamindari System. : pp. 221-222,

71—Miscellaneous—Panchayats. : pp. 866-867.

কাউরচণ্ডী গ্রামে জনৈক বিশিষ্ট ব্যক্তি লাঞ্ছিত। (Q) : p. 912.

কাঁথি শহরে অবস্থিত ট্রেকিং গ্রাউণ্ড। (Q) : pp. 1552-1553.

**Das Mahapatra, Shri Kamakhyanandan—**

**Demand (s) for Grant (s)—**

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1089-1092.

**Daulat Ali, Shri Sheikh—**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research : pp. 567-568.

**De, Shri Asamanja—**

**Demand (s) for Grant (s)—**

21—Administration of Justice. pp. : 1394-1395.

34—Co-operation : pp. 121-123.

28—Education : pp. 672-674.

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries : pp. 45-47.

38—Labour and Employment : pp. 464-465.

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1081-1082.

50—Public Works, 103—Capital Outlay on Public Works : pp. 269-270.

Mention Case : pp. 26, 309-310, 755, 1040, 1184, 1352, 1468, 1589.

**Demand (s) for Grant (s)—**

21—Administration of Justice : pp. 1384-1398.

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research : pp. 541-582.

31—Agriculture—Fisheries : pp. 582-593.

33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme : p. 970.

124—Capital Outlay on Schemes of Government Trading : pp. 961-969.

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, etc. : pp. 1358-1382.

34—Co-operation : pp. 115-134.

28—Education : pp. 639-702.

64—Famine Relief : pp. 320-324.

70—Forests : pp. 1594-1606.

19—General Administration : pp. 1470-1520.

51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme : pp. 869-894.

35—Industries—Cinchona : p. 1639.

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries : pp. 37-61.

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development : pp. 134-167.

16—Interest on Debt and other obligations : p. 1640.

22—Jails. : pp. 1617-1627.

38—Labour and Employment. pp. : 430-480.

9—Land Revenue, 176—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System : pp. 208-248.

Loans and Advances by State/Union Territory Governments. p. 1637.

29—Medical, 30A-Family Planning. : pp. 761-812, 814-821.

71—Miscellaneous—Civil Defence. : p. 1641.

71—Miscellaneous—Contributions. : pp. 835-846, 847-849.

26—Miscellaneous Departments—Fire Services. : p. 1638.

26—Miscellaneous—Excluding Fire Services. : p. 970.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons written off, 71-Miscellaneous—Expenditure on displaced persons, 71-Miscellaneous—

Relief to Refugees from Bangladesh, 109-Capital outlay on other works—Expenditure on displaced persons, and Loans and Advances to displaced persons. : pp. 316-320, 324-365.

71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109-Capital outlay on other works. : pp. 1398-1408.

71—Miscellaneous—Panchayats. : pp. 849-869.

39—Miscellaneous Social and Developmental Organisations excluding welfare of Scheduled Tribes and Castes and other Backward classes. : pp 287-294.

39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes : pp. 62-84.

71—Miscellaneous—Sports. pp 295-304.

42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44-Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), etc. : pp. 1046-1095.

13—Other Taxes and Duties. . p. 1641.

18—Parliament, State/Union Territory Legislature. : p. 1637.

65—Pensions and other retirement benefits and 120—Payments of commuted value of pensions. . p. 1520.

23—Police. : pp. 1187-1255.

53—Ports and Pilotage. : p. 1638.

78—Pre-partition Payments : p. 1642.

67—Privy Purses and Allowances of Indian Rulers. : p. 1639.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 254-286.

15—Registration Fees. : p. 1638.

57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes. : p. 1640.

12—Sales Tax. : p. 1641.

27—Scientific Departments. : p. 1639.

14—Stamps. : p. 1641.

10—State Excise Duties. : pp. 1607-1616.

68—Stationery and Printing. : p. 1640.

4—Taxes on Income other than Corporation Tax. : p. 1638.

11—Taxes on Vehicles. : pp. 1627 - 1636.

**Dihidar, Shri Niranjan—**

**Demand (s) for Grant (s)—**

38—Labour and Employment. : pp. 438-443.

39—Miscellaneous Social and Developmental Organisations Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes. : pp. 289-291.

Mention Case. : pp. 27, 109, 315, 637, 1040, 1186, 1355.

আসানসোল পৌর এলাকায় পানীয় জল সরবরাহ। (Q) : p. 898.

আসানসোল পৌর এলাকায় বৈদ্যুতিকরণ। (Q) : pp. 1316-1317.

আসানসোল শব-ব্যবচ্ছেদাগার। (Q) : p. 629.

আসানসোল সেটিলাইট টাউনশিপ ওয়াটার ওয়ার্কস। (Q) : p. 914.

কয়লাখনিতে শ্রমিক ছাটাই। (Q) : pp. 93-94.

দামোদা কয়লাখনিতে সি, আর, পি ক্যাম্প। (Q) : p. 731.

দূর্গাপুর কোকওভেন কারখানায় কর্মী নিয়োগ। (Q) : pp. 1260-1261.

দূর্গাপুরে শান্তিশৃঙ্খলা। (Q) : p. 711.

দূর্গাপুরে সংঘটিত খুনের হিসাব। (Q) : p. 734.

নর্থ-ইষ্ট সালানপুর কয়লাখনিতে পুলিশ ক্যাম্প। (Q) : p. 730.

ঢাকেশ্বরী সূতাকল। (Q) : pp. 102-103.

সেন-র‍্যালে সাইকেল কারখানা। (Q) : p. 612.

**Division (s)—**

pp.579-582, 701-702.

**Doloi, Shri Rajani Kanta—**

Agricultural modernisaton. (Q) : p. 1560.

Application of MISA against employees. (Q) : p. 170.

Appoinment of ex-Census and Camp Employees. (Q) : p. 935.

Assembly Proceedings. (Q) : p. 752.

Bengal Battalion/Regiment. (Q) : p. 732.
Berhampore Special Jail. (Q) : p. 1019.
Blackmerketing of Truck and Bus Chassis. (Q) : pp. 1027-1028.
Breakdown in power generation units. (Q) : pp. 1300-1301.
Calcutta Electric Supply Co. Ltd (Q) : p. 1344.
Calcutta State Transport Corporation. (Q) : pp. 1335-1336.
Calcutta Tramways Co. Ltd. (Q) : pp. 1018-1019.
Change of the name of this State. (Q) : p. 703.
Coking Industry. (Q) : pp. 1559-1560.
Commission for Medical College. (Q) :pp. 998-999.
Conference of Chief Secretaries of Eastern States. (Q) : p. 934.
Confidential Assistants. (Q) : p. 413.
Consumers' Co-operatives. (Q) : p. 1332.
Cotton Textile Mills. (Q) : p. 199.
Crime figures. (Q) : p. 925.
Decrease in factory employment in West Bengal. (Q) p. 615.
Declaration of industrial undertakings as relief undertakings. (Q) : p. 618

**Demand (s) for Grant (s)—**

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc, 64—Famine Relief. : pp. 327-328, 356.
39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes. : pp. 77-79.
42—Multipurpose River Scheme,43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44-Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1077-1079.
Different Categories of officers in the West Bengal Police Services. : (Q) p. 925.
Disqualification for employment in Government Service on grounds of political association. (Q) : p. 924.
Districtwise irrigated and non-irrigated areas. (Q) : p. 746.
Districtwise percentage of literacy. (Q) : pp. 1560-1561.

Disturbances in different jails. (Q) : pp. 1019-1020.

Drought relief. (Q) : p. 520.

Effect of power shortage on Jute Industry. (Q) : pp. 1257-1258.

Employees of Calcutta State Transport Corporation. (Q) : p. 1343.

Enquiry into the affairs of the Calcutta National Medical College. (Q) : p. 391.

Escape of prisoners from Burdwan District jail. (Q) : pp. 1020-1021.

External Agencies. (Q) : pp. 1546—1547.

Fertiliser Factory, Durgapur. (Q) : pp. 1558-1559.

Figures of unemployed as recorded in Employment Exchanges. (Q) : p. 948.

Film Industry in West Bengal. (Q) : p. 728.

Flight of Capital. (Q)

Foreign Airlines. (Q) : P. 1312-1313.

Foreign Mission Cultural Centres. (Q). : p. 932.

Forests of Midnapore District. (Q) : p. 411.

Forged Transport Permits. (Q) : p. 942.

Government control over recruitments in Private Sectors. (Q) : p. 932.

Government employees for polling duties. (Q) : p. 931.

Haldia Dock. (Q) : p. 414.

Hospitals and Health Centres in the State. (Q) : p. 630.

Howrah and Calcutta Ferry Service. (Q) : p. 514.

I. A. S. and I. P. S. Officers. (Q) : p. 930.

Incident in Burdwan District Jail. (Q): pp. 1021-1022.

Increase in price of wheat at Kharagpur. (Q) : pp. 1429-1430.

Industrialisation of districts in West Bengal. (Q) : p. 199.

Integration of the offices of B. D. O. with General Administration. (Q) ; p. 1552.

Jail warders. (Q) : pp. 1101-1102.

Jaldhaka Project. (Q) : pp. 1336-1337.

Jute Mills. (Q) : p. 1576.

Lift Irrigation Schemes. (Q) : pp. 1023-1024.

Link between Writers' Building and District Administration. p. 1557.

Malpractices in the distribution of food and essential commodities. (Q) : pp. 95-99.

Mention Cases. pp. 312,1465.

Messrs Eastern India Trading Co. (Q) : pp. 1422-1423.

Minority Community Commission. (Q) : p. 914.

MISA against persons holding land in excess of the beiling. (Q) : pp. 170-172.

Misappropriation of money for evacuees from Bangladesh. (Q) : p. 483

Multistoried Building for M. S. As. (Q) : p. 1170.

Outbreak of cholera in Kharagpur Municipality. (Q) : p. 618.

Overtime in Factories. (Q) : pp. 1412-1414.

Pay Scales of workers of C. T. C. Ltd. (Q) : p. 1154.

Prevention of damages due to flood. (Q) : p. 199.

Ranking of districts according to Indices of Economic Developments. (Q) : p. 1179.

Revival and growth of Small Scale Sector. pp. 1320-1321.

Rural Electrification. (Q) : p. 749.

Rural employment under crash programmes. (Q) : p. 367.

Rural water Supply Scheme. (Q) : p. 411.

Schemes for Elementary Health Services. (Q) : p. 400.

Security arrangements in Calcutta State Transport Corporation Depott Stores. (Q) : p. 1344.

Shortage of wagons. (Q) : p. 623.

Slow-moving vehicles. (Q) : p. 1148.

Small Industrial Units. (Q) : p 106.

Small Scale Industrial Units. (Q) : pp. 948-949.

Soil salinity in Midnapore district. (Q) : p. 528.

State Transport. (Q) : p. 751.

Strikes, lockout and closures. (Q) : p. 85.

Strikes and lockouts in the factories. (Q) : p. 933.

Supply of Power. (Q) : pp. 1331-1332.

Surplus power from Orissa. (Q) : p. 1335.

Taxes on Motor Vehicles. (Q) : p. 942.

Taxi Permits. (Q) : p. 1027.

Transport facilities for celebration of the 25th Anniversary of Independance. (Q) : pp. 950-951.

Use of synthetics and effect on Jute Industries. : pp. 1330-1331.

Vested Land. (Q) : p. 413.

Violation of the Provident Fund Scheme. (Q) : p. 595.

West Bengal State Lotteries. (Q) : p. 409.

**Dolui, Shri Harisadhan—**

**Demand (s) for Grant (s)—**

39—Miscellaneous Social and Developmental Organisation—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes. : pp. 80-81.

**Duley, Shri Krishna Prasad—**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on schemes of Agricultural Improvement and Research. : pp. 571-572.

39—Miscellaneons Social and Developmental Organisation—Welfare of Scheduled Tribes and Castes and other Ba ckward Classes. : pp. 79-80.

Mention Cases. p. 206.

পঞ্চায়তি নির্বাচনী এলাকা নির্ধারণ। (Q) : p. 909.

**Dutt, Dr. Ramendra Nath—**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 569-570.

19—General Administration. : pp. 1506-1508.

29—Medical,

30A—Family Planning. : pp. 807-808.

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Naivgation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1079-1080.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 276-277.

Mention Cases. : pp. 110, 1588.

উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থা। (Q) : p. 513.

উত্তরবঙ্গে চালু পাওয়ার-লুম। (Q) : p. 15.

উত্তর বাংলায় ফ্লাড প্রোটেকশন ও ইরিগেশন স্কীম। (Q) : pp. 1308-1309.

রায়গঞ্জ ব্লকে পাকা রাস্তা। (Q) : p. 912.

রায়গঞ্জ ও বালুরঘাট মিউনিসিপ্যালিটি। (Q) : p. 920.

রায়গঞ্জ মহকুমার বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ। (Q) : pp. 1280-1281.

রায়গঞ্জে রবীন্দ্র ভবন। (Q) : p. 482.

সরকারী জমিতে বায়নানামা স্কীমে পুনর্বাসন। (Q) : p. 523.

**Dutta, Shri Adya Charan—**

অঞ্চল-ভিত্তিক মঞ্জুরীকৃত ক্যালভার্ট। (Q) pp. 1165-1167.

খয়রাতি ও টেষ্ট রিলিফ স্কিমের খরচ। (Q) : pp. 1579-1580.

**Datta, Shri Hemanta—**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Fisheries : pp 591-592.

71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on other Works. : pp. 1405-1407.

Mention Cases : p. 1469.

**Ekramul Haque Biswas, Dr.—**

**Demand (s) for Grant (s)—**

29—Medical,

30A—Family Planning. : pp. 804-806.

Mention Cases : pp. 757, 1464.

খরা পরিস্থিতিতে খয়রাতি সাহায্য। (Q) : p. 507.

গ্রামাঞ্চলে কুটির ও ক্ষুদ্র শিল্প। (Q) : pp. 1274-1275.

প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র। (Q) : pp. 993-996.

**Fazle Haque, Dr. Md.—**

**Demand** (s) **for Grant** (s)—

19—General Administration : pp. 1513-1515.

71—Miscellaneous—Civil Defence. : p. 1641.

23—Police. : pp. 1241-1242.

67—Privy Purses and Allowances of Indian Rulers. : p. 1639.

Satement on a Calling Attention on the subject of alleged firing by Jamuria Police, district Burdwan, on peaceful hunger strikers in Kenda Colliery. : pp. 1583-1584.

Statement on a Calling Attention on the subject of the protection of Digha Sea Beach from heavy erosion. : pp. 22-23.

Statement on a Calling Attention on the subject of reported attack on Shri Naresh Chandra Chaki, M. L. A., on the 2nd July, 1972. p. 201.

Statement on the ownership of the black Ambassador Car reffered to in the answer to the starred question No. 176 of the 14th July,1972. p. 874

**Fulmali, Shri Lalchand—**

**Demand** (s) **for Grant** (s)—

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc, on the abolition of the Zamindari system. : pp. 231-233.

23—Police. : pp. 1232-1234.

**Ganguly, Shri Ajit Kumar.—**

**Demand** (s) **for Grants** (s)—

31—Agriculture—Agricultur and 95—Capital Outlay on Schemes of Improvement and Research. : pp. 556-559.

34—Co-operation. : pp. 123-126

29—Medical,

30A—Family Planning. : p. 806

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc.
64—Famine Relief. : pp. 346-347.

23—Police. : pp. 1234-1235.

Mention Cases. : pp. 113, 207, 314-315, 537, 1464.

Personal Explanation : p. 856.

**Ghiasuddin Ahmad, Shri—**

**Demand** (s) **for Grant** (s)—

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. : pp. 160-161

71—Miscellaneous—Panchayats . : p. 860

23—Police : pp. 1222-1223

Mention Cases. : pp. 638, 1042.

**Ghosal**, **Shri Satya—**

**Demand** (s) **for Grant** (s)—

19—General Administration : pp. 1501-1505.

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. : pp. 144-148

29—Medical,

30A—Family Planning. : pp. 788-792.

মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় স্থাপন। (Q) : p. 1119.

**Ghosh, Shri Sankar—**

**Demand** (s) **for Grant** (s)—

51A—Greater Calcutta Development Scheme and 106—Capital Outlay on Greater Calcutta Development Scheme : pp. 869-873, 892-894.

16—Interest on Debt and Other obligations. : p. 1640.

Loans and Advances by State/Union Territory Governments. : p. 1637.

13—Other Taxes and Duties. : p. 1641.

65—Pensions and Other retirement benefits and 120—Payments of Commuted value of pensions. : p. 1520.

78—Pre-Partition Payments. : p. 1642.

12—Sales Tax. : p. 1641.

14—Stamps. : p. 1641.

4—Taxes on Income othar than Corporation Tax. : p. 1638.

Statement under rule 346 on the travelling of Ministers : p. 760.

**Ghosh, Shri Nitaipada—**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvment and Research. : pp. 572-574.

আহম্মদপুর স্গার মিল। (Q) : pp. 1258-1259.

মহম্মদবাজার ব্লকে বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ। (Q) : pp. 1285-1286.

মহম্মদবাজার ব্লকে বৈদ্যুতীরকণ। (Q) : pp. 1286-1290.

মহম্মদবাজার স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন। (Q) : p. 407.

মহম্মদবাজার স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিক পাখা। (Q) : p. 370.

সাঁইথিয়া ব্লকে গ্রাম বৈদ্যুতিকরণ। (Q) : p. 1313.

**Ghosh, Shri Prafulla Kanti—**

**Demand (s) for Grant (s)—**

71—Miscellaneons—Contribution. : pp. 835-842, 847-849.

26—Miscellaneous Departments—Fire Services. : p. 1638.

71—Miscellaneous—Panchayats. : pp. 849, 851-856, 868-869.

71—Miscellaneous—Sports. : pp. 295-297, 303-304.

**Ghosh, Shri Rabindra—**

Construction of roads under Bongaon-Bagdaha P. S. (Q) : p. 709.

Electrification of villages under Bagdah-Bongaon Block. (Q) : p. 9.

Hospital under Bongaon-Bagdah Block. (Q) : p. 396.

চাঁদপুর মৌজায় নলকূপ খনন। (Q): p. 1173.

তুলা চাষ। (Q): pp. 1162-1163.

বনগাঁ-বাগদা ব্লকে প্রাথমিক বিদ্যালয়। (Q): p. 490.

বাগদহ-বনগাঁ ব্লকে মঞ্জুরীকৃত পাকা রাস্তা। (Q): pp.177-178.

শ্যামপুর থানায় ভিলেজ রোড। (Q): p. 739.

**Ghose, Shri Sisir Kumar—**

**Demand (s) for Grant (s)—**

19—General Administration.: pp. 1492-1496.

22—Jails.: pp. 1620-1622.

71—Miscellaneous—Sports. pp. 299-300.

Mention Cases.: pp. 203, 1183.

ইণ্ডিয়ান রবার ম্যানুফ্যাকচারার্স ফ্যাক্টরী। (Q): p. 1426.

টিটাগড় ব্রিটানিয়া কারখানা। (Q): pp. 1420-1422.

বাটা সু কোম্পানীর সেলস্ অফিস।: p. 1448.

**Ghosh, Shri Tarun Kanti—**

**Demand (s) for Grant (s)—**

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development.: pp. 134-139, 163-167.

**Ghosh Moulik, Shri Sunil Mohan—**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research.: pp. 560-561.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. pp. 273-274.

কান্দি মহকুমায় রাস্তাঘাট। (Q): p. 707.

গ্রামশালিকা-মজলিশপুর রোড। (Q): pp. 1548-1549.

**Goswami, Shri Paresh Chandra—**

**Demand (s) for Grant (s)—**

28—Education. : pp. 660-662.

71—Miscellaneous—Panchayats. : pp. 861-862.

Mention Cases. : p. 756.

**Goswami, Shri Shambu Narayan—**

**Demand (s) for Grant (s)—**

28—Education. : pp. 670-671.

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. : pp. 161-162.

Mention Cases. : pp. 32, 203, 427.

**Government Resolution—**

On the taking over through an ordinance of the management of the Indian Iron and Steel Co., Ltd. by the Government of India for a period of two years. : pp. 821-826.

Guillotine. : p. 1637.

**Gyan Singh Sohanpal, Shri—**

**Demand (s) for Grant (s)—**

35—Industries—Cinchona. : p. 1639.

22—Jails. : pp. 1617-1620, 1626-1627.

18—Parliament, State/Union Teritory Legislature : p. 1637.

53—Ports and Pilotage : p. 1638.

57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes : p. 1640.

27—Scientific Departments : p. 1639.

68—Stationery and Printing : p. 1640.

11—Taxes on Vehicles : pp. 1627-1628, 1635-1636.

**Habibur Rahman, Shri—**

**Demand (s) for Grant** (s)—

28—Education : pp. 688-689.

Mention Cases : pp. 113, 1467.

জঙ্গিপুর মহকুমায় চুরি ডাকাতি। (Q) : p. 906.

**Hajra, Shri Basudeb—**

**Demand** (s) **for Grant** (s)—

29—Miscellaneons Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward classes : pp. 67-69.

Mention Cases : pp. 251, 759.

খড়গ্রাম নির্বাচন কেন্দ্রের গ্রাম সমূহে বৈদ্যুতিকরণ। (Q) : p. 1312.

"মিসা" প্রয়োগ। (Q) : p. 716.

**Halder, Shri Kansari—**

**Demand** (s) **for Grant** (s)—

23—Police. : pp. 1224-1226.

**Halder, Shri Monoranjan—**

Mention Cases : p. 638.

**Hatui, Shri Ganesh Chandra—**

**Demand** (s) **for Grant** (s)—

28—Education : p. 676.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : p. 239.

Mention Cases. : pp. 428, 639, 1183.

চণ্ডীতলা ও জাঙ্গিপাড়া ব্লকে বৈদ্যুতিকরণ। (Q) : pp. 1277-1280.

প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ। (Q) : pp. 1113-1115.

**Hembram, Shri Kamala Kanta—**

বাঁকুড়া জেলায় দলপুর-মহেশানা রাস্তা। (Q) : pp. 1528-1529.

**Isore, Shri Sisir Kumar—**

**Demand (s) for Grant (s)—**

37—Community Development Projects, National Extension Servic and Local Development Works, 109—Capital Outlay on Other Works—Community Development Projects, etc. : pp. 1374-1375.

**Jana, Shri Amalesh—**

**Demand (s) for Grant (s)—**

38—Labour and Employment. : pp. 455-456.

ভগবানপুর থানায় বিদ্যুৎ সরবরাহ। (Q) : pp. 1572-1575.

শিববাজার ( বৈউদিয়ার ) নিকট খালের উপর সেতু। (Q) : p. 908.

**Kar, Shri Sunil—**

**Demand (s) for Grant (s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improv. ment and Research. : p. 560.

**Karan, Shri Rabindra Nath—**

**Demand (s) for Grant (s)—**

38—Labour and Employment. : pp. 451-454.

**Khan, Shri Gurupada—**

**Demand (s) for Grant (s)—**

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and

Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : pp. 208-213, 246-248.

Statement made by—on the appointment of a Commission of Inquiry to enquire into the alleged possession of two lakh bighas of land by one Shri Gopal Chandra Guha alias Shri Amiya Guha of Village Gopalpur, Police-station Haroa, District 24 Parganas. : pp. 1383-1384.

**Khan Nasiruddin, Shri—**

**Demand** (s) **for Grant** (s)—

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 562-567.

28—Education. : pp. 653-660.

51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme. : pp. 887-888.

71—Miscellaneons—Irrecoverable loans to displaced persons, etc., 64—Famine Relief. : pp. 338-342.

71—Miscellaneous—Panchayats. : pp.859-860.

**Khan Samsul Alam, Shri—**

Blocks without B. D. O. (Q) : p. 398.

Earning of Calcutta State Transport Corporation. (Q) : pp. 1117-1118.

Employment in Registered Factories. (Q) : p. 752.

Mention Cases. : p. 1043.

Per capita Income in the State. (Q) : p. 1158.

**Kolay, Shri Akshay Kumar—**

**Demand** (s) **for Grant** (s)—

29—Medical, 30A—Family Planning. : pp. 794-796.

**Laying of—**

Annual Accounts of the West Bengal Electricity Board for the year 1970-71. : p. 1045.

Annual Administration Report of the West Bengal State Electricity Boar(
for the year 1970-71. : p. 1045.

Budget Estimates of the Damodar Valley Corporation for the yea
1972-73. : p 1045.

Statements of the Estimated Capital and Revenue Receipts and Expendi
ture ( Budget Estimates ) of the West Bengal State Electricity Boar
for the year 1972-73. : p. 1045.

**Lohar, Shri Gour Chandra—**

**Demand (s) for Grant (s)—**

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assigı
ments, and 92—Payment of Compensation to Land-holders, etc
on the abolition of the Zamindari System. : pp. 230-231.

**Mahabubul Haque, Shri—**

**Demand (s) for Grant (s)—**

34—Co-operation. : pp. 126-127.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, et(
64—Famine Relief. : pp. 356-357.

Mention Cases. : p. 309.

**Mahanti, Shri Pradyot Kumar—**

**Demand (s) for Grant (s)—**

21—Administration of Justice. : pp. 1389-1390.

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes
Agricultural Improvement and Research. : pp. 547-551.

37—Community Development Projects, National Extension Serv
and Local Development works, 109—Capital Outlay on other works
Community Development Projects, etc. : pp. 1362-1365.

28—Education. : pp. 678-682.

19—General Administration. : pp. 1472-1475.

29—Medical, 30A—Family Planning. : p. 769.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc., 64—Famine Relief. : pp. 333-335.

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embankment and Drainage works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage works (non-Commercial), etc. ; pp. 1060-1064.

23—Police. : pp. 1190-1196.

Government Resolution on the taking-over through an ordinance of the management of the Indian Iron and Steel Co., Ltd, by the Government of India for a period of two years. : p. 324.

Re-employment of Retired Government officers. (Q) : p. 626.

এম, আর, টি, আর এবং জি, আর ডিলারদের বিতরণ কেন্দ্রে মাল পৌছানোর জন্য দেয় খরচের হার। (Q) : pp. 88-90.

দাঁতন ১নং এবং ২নং ব্লকে গভীর নলকূপ। (Q) : p. 370.

পি, ডাবলিউ, ডি-এর জায়গায় অবস্থিত আদিবাসীদের ঘরবাড়ী। (Q) : pp. 179-182.

প্রাথমিক বিদ্যালয় গৃহ উন্নয়ন ও মেরামত বাবত মেদিনীপুর জেলা স্কুল বোর্ডকে দেয় অর্থ। (Q): pp. 1102-1105

বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা, পুল নির্মাণকল্পে বিভিন্ন জেলা পরিষদকে সাহায্য দান। (Q) : pp. 172-176.

বয়স্কদের শিক্ষাকেন্দ্র। (Q) : p. 498.

ভূমিরাজস্ব খাতে টাকা আদায়ের পরিমাণ। (Q) : pp. 1290-1291.

মেদিনীপুর ও টি রোডের পাশে পি, ডবলু ডি-এর জমি দখল। (Q) : pp. 1524-1525

মেদিনীপুর জেলার বিভিন্ন গ্রাম বৈদ্যুতিকরণ। (Q) : pp. 1301-1303.

মেদিনীপুর জেলায় টেষ্ট রিলিফ। (Q) : p. 751.

মেদিনীপুর জেলায় নূতন জে, এল, আর. ও, অফিস। (Q) : pp. 1271-1273.

মেদিনীপুর জেলায় বিভিন্ন আদালতে ফৌজদারী কেস। (Q) : p. 948.

মেদিনীপুরে টেষ্ট রিলিফে পে-মাষ্টার ও মুহুরীদের বকেয়া পাওনা। (Q) : p. 517.

হাসপাতাল ও হেল্থ সেণ্টারগুলির উপদেষ্টা বোর্ড। (Q) : p. 416.

**Mahapatra, Shri Harish Chandra—**

**Demand (s) for Grant (s)—**

29—Medical, 30A—Family Planning. : p. 786.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 277-278.

11—Taxes on Vehicles. : pp. 1634-1635.

Mention Cases : p. 639.

**Mahato, Shri Kinkar—**

**Demand (s) for Grant (s)—**

28—Education. : pp. 690-691.

**Mahata, Shri Thakurdas—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 561-562.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc., 64—Famine Relief. : pp. 348-349.

**Mahato, Shri Madan Mohan—**

**Demand(s) for Grant(s)—**

70—Forests. : pp. 1603-1604.

Mention Cases. : p. 1356.

**Mahato, Shri Sitaram—**

**Demand(s) for Grant(s)—**

33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme. : p. 970.

70—Forests. : pp. 1594-1599, 1605-1606.

10—State Excise Duties. : pp. 1607-1609, 1615-1616.

**Maiti, Shri Braja Kishore—**

**Demand(s) for Grant(s)—**

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons etc., 64—Famine Relief. : pp. 352-353.

**Maitra, Shri Kashi Kanta—**

**Demand(s) for Grant(s)—**

124—Capital outlay on Schemes of Government Trading. : pp. 961-969.

26—Miscellaneous—Excluding Fire Services. : p. 970.

Statement on a Calling Attention notice on the subject of supply of boiled rice and checking ghost ration cards in the village. : pp. 534-535.

Statement on the supply of sugar. : pp. 1587-1588.

**Maity, Shri Prafulla—**

**Demand(s) for Grant(s)—**

23—Police. : pp. 1209-1210.

**Majhi, Shri Rup Sing—**

**Demand(s) for Grant(s)—**

28—Education. : pp. 671-672,

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari system. : pp. 233-234.

39—Miscellaneous Social and Developmental Organisation—Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes. : pp. 72-73.

23—Police. : pp. 1223-1224.

Mention Cases. : pp. 110, 426.

ফিসারী এক্সটেনশন অফিসার। (Q) : pp. 1455-1456.

**Maji, Shri Sakti Pada—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 570-571.

**Majumdar, Shri Indrajit—**

Mention cases. : pp. 206, 1354.

**Malladeb, Shri Birendra Bijoy—**

Basic Education College for women. (Q) : p. 1150.

Bridge on the River Subarnarekha near Kuthighat. (Q) : p. 715.

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Fisheries. : pp. 587-588.

70—Forests. : pp. 1602-1603.

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. : p. 163.

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1092-1093.

Distribution of vested land. (Q) : p. 1317.

Electrification of Villages under Jhargram subdivision. (Q) : pp. 1310-1311.

Employment in Haldia Port. (Q) : p. 1564.

Forest products of Jhargram subdivision. (Q) : p. 598.

Industrially backward area of Jhargram. (Q) : p. 1565.

Irrigation in Jhargram subdivision. (Q) : p. 1341.

New Primary Schools. (Q) : pp. 1116-1117.

Regular payment to the Secondary School teachers. (Q) : p. 1156.

'Sal' seeds as food. (Q) : p. 99.

Schemes for construction of certain roads in Midnapore district. (Q) : p. 741.

Schemes of irrigation. (Q) : pp. 1341-1342.

Small-scale Paper Mill near Jhargram. (Q) : p. 1323.

**Mandal, Shri Arabinda—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. : p. 157.

**Mandal, Shri Jokhi Lal—**

**Demand(s) for Grant(s)—**

23—Police. : pp. 1213-1214.

**Mandal, Shri Nrisinha Kumar—**

**Demand for Grant—**

28—Education : pp. 691-692.

**Mondal, Shri Prabhakar—**

**Demand(s) for Grant(s)—**

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-helders, etc., on the abolition of the Zamindari System. : pp. 225-226.

Mention Case. p. 757.

**Md. Safiullah, Shri—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Fisheries. pp. 588-590.

70—Forests. : pp. 1604-1605.

আভ্যন্তরীণ নিরাপত্তা আইন প্রয়োগ। (Q) : p. 718.

আর, টি, এ,। (Q) : p. 489.

আলিয়া মাদ্রাসায় অধ্যাপকের শূন্য পদগুলি পূরণের ব্যবস্থা। (Q) : p. 515.

কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে দুর্নীতি। (Q) : pp. 1266-1269.

কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকায় নিম্নমানের চাল। (Q) : p. 602.

গ্রামীণ বৈদ্যুতীকরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান। (Q) : p. 927.

চণ্ডীতলা ও জাঙ্গিপাড়া থানা অন্তর্গত গ্রাম বৈদ্যুতীকরণ। (Q) : pp. 1314-1315.

জনাই-বাক্সা-কৃষ্ণরামপুর রাস্তা। (Q) : p. 738.

নিম্ন দামোদর প্রকল্প। (Q) : pp. 1322-1323.

পশ্চিমবঙ্গে বনভূমি। (Q) : pp. 1414-1415.

বিধানসভার সদস্যদের সরকারী বাসে যাতায়াতের জন্য পাশ প্রচলন। (Q) : pp. 1148-1149.

মার্টিন রেলওয়ে। : pp. 1303-1307.

**Medda, Shri Madan Mohan—**

**Demand(s) for Grant(s)—**

29—Medical,

30A—Family Planning. : pp. 796-797.

**Mention Case(s)—**

pp. 24-32, 108-115, 203-207, 249-254, 309-316, 424-430, 536-541, 636-639, 754-759, 1037-1045, 1182-1186, 1351-1357, 1463-1470, 1588-1593.

**Misra, Shri Ahindra—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 551-553.

22—Jails. : p. 1626.

**Misra, Shri Chandranath—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. p. 143.

**Misra, Shri Kashinath—**

**Demand(s) for Grant(s)—**

38—Labour and Employment. : pp. 462-464.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to land-holders, etc., on the abolition of the Zamindari System. : p. 224.

10—State Excise Duties. : pp. 1614-1615.

Mention Case (s) : pp. 28, 249, 428, 537, 756, 1589.

অগ্নিকাণ্ডের ফলে গৃহহীনদের পুনর্বাসন ব্যবস্থা। (Q) : p. 1148.

কল্যাণী কৃষিকলেজ। (Q) : pp. 1025-1026.

কল্যাণী বিশ্ববিদ্যালয়। (Q) : p. 1026.

কাঁকর ও পাথুরে মাটির নীচে চাষযোগ্য জমি। (Q) : p. 1315

গ্রামীণ উন্নয়ন প্রকল্প। (Q) : pp. 1570-1571.

গৌরীপুর কুষ্ঠ কলোনী। (Q) : pp. 1453-1454.

গৌরীপুর লেপ্রসি কলোনী। (Q) : p. 1340.

গৌরীপুর লেপ্রসি কলোনী। (Q) : p. 1017.

পি, ডাবলিউ, ডি ( বাঁকুড়া ) ক্রীড়া পিচ। (Q) : p 916.

পুরুলিয়া জেলার প্রাথমিক শিক্ষক। (Q) : p. 524.

ফিসারি এক্সটেনশন অফিসার। (Q) : pp. 1032-1034.

বাঁকুড়া কো-অপারেটিভ রাইস মিল। (Q) : pp. 1269-1271.

বাঁকুড়া জেলা পরিষদের কর্মচারী। (Q) : p. 921.

বাঁকুড়া জেলার বনজ সম্পদ হইতে সরকারী আয়। (Q) : p. 1427.

বাঁকুড়া জেলায় অনাহারে মৃত ব্যক্তি ও গবাদি পশু। (Q) : p. 1153.

বাঁকুড়া জেলায় কূপের সংখ্যা। (Q) : p. 408.

বাঁকুড়া জেলায় খয়রাতি সাহায্য। (Q) : pp. 1105-1107.

বাঁকুড়া জেলায় গভীর নলকূপ। (Q) : pp. 974-975.

বাঁকুড়া জেলায় টেষ্ট রিলিফ। (Q) : p. 518.

বাঁকুড়া জেলায় পানীয় জল। (Q) : pp. 1460-1462.

বাঁকুড়া জেলায় পানীয় জলের নলকূপ। (Q) : pp. 1001-1002.

বাঁকুড়া জেলায় প্যাটেল ব্লক। : p. 1452.

বাঁকুড়া জেলায় মাঠ কুয়া ( স্যালো ওয়েল )। : p. 409,

বাঁকুড়ায় পানীয় জল। (Q) : pp. 1571-1572.
বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় খরাত্রাণ। (Q) : p. 1121.
বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতাল। (Q) : p. 1338.
বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে জেনারেটরের অভাব। (Q) : p. 749.
বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে সেড নির্মাণ। (Q) : p. 1454.
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ। (Q) : p. 1340.
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে টেলিফোন। (Q) : p. 1453.
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ শিক্ষক। (Q) : pp. 1458-1460.
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল। (Q) : p. 748.
বেকার কৃষিস্নাতক। (Q) : p. 1025.
রাজগ্রাম-বিষপুরিয়া রাস্তা। (Q) : p. 910.
রাজনৈতিক নির্য্যাতিত ( স্বাধীনতা সংগ্রামী ) ব্যক্তিদের সাহায্য। (Q) : p. 372.
রাজস্বখাত হইতে বাঁকুড়া জেলা পরিষদকে দেয় অনুদান। (Q) : pp. 1521-1523.
লেপ্রোসি কলোনীতে শয্যা সংখ্যা। (Q) : pp. 1452-1453.
শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ ও বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়। (Q) : p. 729.
সংরক্ষিত বনাঞ্চল। (Q) : pp. 1448-1449.
সার বণ্টনের লাইসেন্স। (Q) : pp. 1563-1564.

**Mitra, Shrimati Ila—**

**Demand(s) for Grant(s)—**

28—Education. : pp. 663-667.
71—Miscellaneous—Contributions. : pp. 842-843.
Mention Cases. : pp. 637, 1043, 1185.
Personal Explanation. : pp. 662-663.

**Mohammad Dedar Baksh, Shri—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 573-574.
37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, etc. : pp. 1371-1372.

19—General Administration. : pp. 1508-1509.

22—Jails. : pp. 1624-1625.

71—Miscellaneous—Panchayats. : pp. 865-866.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 275-276.

Mention Cases. : pp. 251, 313, 537, 757, 1353, 1465, 1593.

অচল ও দুঃস্থ ব্যক্তিদের জন্য ভাতা। (Q) : p. 1150.

আউশ, আমন ধান ও পাটের বীজ সরবরাহ। (Q) : p. 390.

বহরমপুর সেন্ট্রাল জেলের ডাক্তার বদলী। (Q) : pp. 1108-1110.

ভগবানগোলা থানা এলাকায় টি, আর এবং জি, আর স্কীম। (Q) : p. 515.

ভগবানগোলা থানায় কৃষিঋণ। (Q) : p. 525.

ভগবানগোলা থানায় গবাদি পশু ক্রয় ও অন্যান্য ঋণ বাবদ অর্থের পরিমাণ। (Q) : p. 394.

মুর্শিদাবাদ জেলা পরিষদের অবসরপ্রাপ্ত ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার। (Q) : p. 739.

মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড। (Q) : pp. 495, 1155.

মুর্শিদাবাদ জেলায় বন্যায় নিহত গবাদি পশু। (Q) : pp. 947-948.

সীমান্তবর্তী আখেরীগঞ্জে স্থায়ী পুলিশ ক্যাম্প। (Q) : p. 709.

**Mohammad Idris Ali—**

**Demand for Grant—**

29—Medical,
30A—Family Planning. : p. 796.

Mention Case : p. 1465.

**Mahanta, Shri Bijoy Krishna—**

**Demand for Grant—**

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, etc. : pp. 1370-1371.

**Mojumdar, Shri Jyotirmoy—**

**Demand(s) for Grant(s)—**

19—General Administration : pp. 1490-1492.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc., 64—Famine Relief : pp. 331-333.

71—Miscellaneous—Panchayats : pp. 864-865.

71—Miscellaneous—Sports. : pp. 300-302.

11—Taxes on Vehicles : pp. 1632-1634.

**Mondal, Shri Aftabuddin—**

**Demand(s) for Grant(s)—**

28—Education. : pp. 697-698.

23—Police. : pp. 1226-1227.

Mention Case. : pp. 1183, 1355.

**Mondal, Shri Amarendra Nath—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 559-560.

39—Miscellaneous—Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes. : pp. 76-77.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 278-279.

Mention Case. : p. 110.

জামুরিয়া ইলেকট্রিক সাপ্লাই কোং প্রাইভেট লিমিটেড। (Q) : p. 201.

জামুড়িয়া-দরবারডাঙ্গা ভাঙ্গা রাস্তা। (Q) : p. 527.

দোমহানী-চুরুলিয়া রাস্তা। (Q) : p. 527.

**Mandal, Shri Anil Krishna—**

**Demand(s) for Grant(s)—**

34—Co-operation. : p. 129.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : pp. 236-237.

**Mondal, Shri Gopal—**

**Demand for Grant—**

38—Labour and Employment. : p. 461.

**Moslehuddin Ahmed, Shri—**

**Demand for Grant—**

10—State Excise Duties. : pp. 1613-1614.

**Motahar Hossain, Dr.—**

**Demand(s) for Grant(s)—**

29—Medical,

30A—Family Planning : pp. 803-804.

**Motion—**

Regarding Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes. : pp. 32-36.

**Mukherjee, Shri Bhabani Sankar—**

**Demand(s) for Grant(s)**

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. : pp. 149-150.

38—Labour and Employment. : pp. 461-462.

71—Miscellaneous—Sports. : pp. 297-299.

**Mukherjee, Shri Biswanath—**

**Demand(s) for Grant(s)—**

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : pp. 241-246.

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embank-

ment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1071-1077

23—Police. : pp. 1198-1207.

Mention Cases. : pp. 24-26, 424-425, 536, 540, 1351.

Personal Explanation. : p. 1240.

**Mukherjee, Shri Mahadeb—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 568-569.

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Prjects, etc. : p. 1375.

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries. : p. 57.

38—Labour and Employment. : p. 468.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : pp. 237-239.

29—Medical,

30A—Family Planning. : p. 816.

Mention Cases. : pp. 28, 112, 1588.

**Mukherjee, Shri Mrigendra—**

Attack on D. M. O. of Burdwan Bijoy Chand Hospital (Q) : p. 407.

**Demand(s) for Grant(s)**

19—General Administration : pp. 1499-1501.

38—Labour and Employment. : pp. 459-461.

Mention Case. : p. 1468.

Satyabala Debi Hospital (Q) : p. 384.

বিভিন্ন উন্নয়নমূলক বিভাগের কর্ম্মকর্ত্তাদের নাম ও শিক্ষাগত যোগ্যতা। (Q) : p. 737.

বিভিন্ন বিভাগের সচিব পদে নিযুক্ত আই, এ, এস, অফিসার। (Q) : p. 713.

ভারতীয় মেডিক্যাল হলের বিরুদ্ধে তহবিল তছরূপের অভিযোগ। (Q) : p. 605.

হলদিয়া উন্নয়ন প্রকল্প। (Q) : p. 401.

**Mukherjee, Shri Sanat Kumar—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries. : pp. 54-55.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : pp. 234-235.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 282-283.

**Mukherjee, Shri Shibdas—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries. : pp. 47-49.

**Mukherjee, Shri Subrata** (Katwa)—

**Demand(s) for Grant(s)—**

22—Jails. : pp. 1622-1624.

**Iukhopadhyaya, Shri Ajoy Kumar—**

**Demand(s) for Grant(s)—**

42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1057-1060.

**Mukhopadhyaya, Shri Subrata—**

**Demand(s) for Grant(s) –**

19—General Administration. : pp. 1470-1472, 1515-1519.

51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital outlay on Greater Calcutta Development Scheme. : pp. 889-892.

23—Police. : pp. 1242-1246.

Statement on a Calling Attention motion on the subject of threatened clash between Bengali and No-Bengali railway workers at Kanchrapara Railway Workshop. : p. 753.

Statement on the clash between police and public who came to the maidan for collecting tickets of Mohan Bagan and East Bengal football charity match on the 14th July, 1972. : pp. 846-847.

**Mukhopadhyaya, Shrimati Geeta—**

**Demand(s) for Grant(s)—**

51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme. : pp. 874-878.

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries. : pp. 55-57.

42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1064-1070

Mention Case. : p. 1467.

Motion regarding Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes. : p. 34.

Revised pay-scale to State Government Employees. (Q) : p. 398.

**Mukhopadhyaya, Shri Girija Bhusan—**

**Demand(s) for Grant(s)—**

29—Medical, 30A,—Family Planning. : pp. 800-803.

**Murmu, Shri Rabindra Nath—**

**Demand for Grant—**

39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes. : pp. 74-76.

Motion regarding Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes. : p. 35.

**Nag, Dr. Gopal Das—**

**Demand for Grant—**

38—Labour and Employment. : pp. 430-438, 475-480.

Government Resolution on the taking over through an Ordinance of the management of the Indian Iron and Steel Co., Ltd. by the Government of India for a period of two years. : pp. 822-823.

**Nahar, Shri Bijoy Singh—**

Mention Case. : p. 1042.

**Naskar Shri Arabinda—**

Motion regarding Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes. : p. 35.

**Nasker, Shri Ardhendu Sekher—**

**Demand(s) for Grant(s)—**

19—General Administration. : pp. 1511-1513.

23—Police. : pp. 1230-1232.

**Nurunnesa Sattar, Shrimati—**

**Demand(s) for Grant(s)—**

29—Medical, 30A—Family Planning. : pp. 799-800.

42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1080-1081

Mention Case. : p. 205.

**Obaidul Ghani, Dr. Abu Asad—**

**Demand(s) for Grant(s)—**

51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme. : pp. 881-883.

29—Medical,
30A—Family Planning. : pp. 775-781.

Government Resolution on the taking over through an Ordinance of the management of the Indian Iron and Steel Co., Ltd. by the Government of India for a period of two years. : p. 324.

Mention Cases. : pp. 429, 1039, 1357, 1590.

**Omar Ali, Dr.—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries. : pp. 50-52.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders etc., on the abolition of the Zamindari System. : pp. 213-215.

23—Police. : pp. 1236-1237.

জল নিকাশের অভাবে ফসল নষ্ট। (Q) : pp. 1172-1173
মৎস্য বিভাগ দ্বারা নলকূপ। (Q) : pp. 1566-1567.

**Oraon, Shri Prem—**

**Demand(s) for Grant(s)—**

37—Community Development Projects, National Extension Service and Local Development Works, 109—Capital Outlay on other Works—Community Development Projects, etc. : pp. 1377-1379.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 259-260

**Paik, Shri Bimal—**

**Demand(s) for Grant(s)—**

21—Administration of Justice. : pp. 1396-1397.

28—Education. . pp. 674-676.

19—General Administration. : pp. 1483-1484.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System . : pp. 222-224.

**Panda, Shri Bhupal Chandra—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Fisheries. : pp. 586-587.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 279-282,

Mention Case. : p. 1184.

**Panja, Shri Ajit Kamar—**

**Demand(s) for Grant(s)—**

29—Medical, 30A—Family Planning. : pp. 761-768, 816-820.

Statement on a Calling Attention notice on the subject Misappropriation of public money granted to certain Family Planning Centres. : p. 634.

Statement under rule 346 regarding Asansol L. M. Hospital and on the spurious drugs deposited by Shri Sudhir Chandra Bera, M. L. A., in the House. : pp. 114-115.

**Paul, Shri Shankardas—**

**Demand(s) for Grant(s)—**

38—Labour and Employment. : pp. 471-472.

11—Taxes on Vehicles. : pp. 1631-1632.

Institute of Technology. (Q) : p. 415.

জে. এল. আর. ও অফিস। (Q) : p. 1455.
পশ্চিমবঙ্গ রাজ্য লটারী। (Q) : pp. 1159-1160.
বহরমপুর রাও জে এন রায় হাসপাতাল। (Q) : p. 200.
মুর্শিদাবাদ জেলায় খরা অঞ্চলে নলকূপ। (Q) : p. 628.
মুর্শিদাবাদ জেলায় স্টেট রিলিফ। (Q) : pp. 1576-1579.
মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন হেল্থ সেণ্টার। (Q) : p. 627.
রাস্তাঘাট, কালভার্ট মেরামত। (Q) : p. 1162.
লক্ষণপুর মৌজার মঞ্জুরীকৃত কালভার্ট। (Q) : p. 200.

**Personal Explanation—**

p. 1240.

**Point of Privilage—**

pp. 190-198, 525, 960.

**Pramanik, Shri Gangadhar—**

Khas Mahal Officer. (Q) : p. 14.

**Demand(s) for Grant(s)—**

29—Medical, 30A—Family Planning. : pp. 793-794.
39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes. : pp. 69-72.
23—Police. : pp. 1239-1240.
Mention Case. : p. 1466.
Motion regarding Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes. : p. 33.
New appointments of Scheduled Castes and Scheduled Tribes in Public Undertakings. (Q) : p. 1.
Scheduled Castes and Scheduled Tribes Candidates in Govt. Services. (Q) : pp. 1097-1101.

**Pramanik, Shri Monoranjan—**

**Demand(s) for Grant(s)—**

21—Administration of Justice. : pp. 1390-1391.

28—Education. : pp. 668-669.

39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward classes. : pp. 65-66.

23—Police. : pp. 1207-1208.

**Pramanik, Shri Puranjoy—**

**Demand(s) for Grant(s)—**

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 267-268.

Mention Case. : p. 638.

দুর্গাপুর আর. ই. কলেজ। (Q) : pp. 1556-1557.

সাঁইবাড়ী হত্যাকাণ্ডের তদন্ত। (Q) : pp. 1529-1533.

**Quazi Abdul Gaffar, Shri—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : p. 567.

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development : pp. 142-143.

**Question(s)—**

Abbressive and Costing Factory Ltd. at Bally. : pp. 1161-1162.

Agricultural modernisation. : p. 1560.

Amount sanctioned for sinking and resinking of tubewells. : p. 944.

Application of MISA against employees : p. 170.

Appointment of ex-Census and Camp Employees. : p. 935.

Assembly Proceedings. : p. 752.

Attack on D. M. O. of Burdwan Bijoy Chand Hospital. : p. 407.

Basantanala at Bharatpur. : pp. 1319-1320.

Basic Education College for Women. : p. 1150.

Bell-metal Industries. : p. 1315.

Bengal Battalion/Regiment. : p. 732.

Berhampore Electric Supply Company Limited. : p. 1311.
Berhampore Special Jail. : p. 1019.
Blackmarketing of Truck and Bus Chassis. : pp. 1027-1028.
Blocks without B. D. O. ; 398.
Breakdown in Power Generation Units. : pp. 1300-1301.
Bridge on the river Subarnarekha near Kuthighat. : p. 715.
Calcutta Electric Supply Co. Ltd. : p. 1344.
Calcutta State Transport Corporation. : pp. 1335-1336.
Calcutta Tramways Co. Ltd. : pp. 1018-1019.
Change of the name of this State. : p. 703.
Closed and Sick Mills. : pp. 1164-1165.
Cocoon Rearers. : pp. 1328-1330.
Coking Industry. : pp. 1559-1560.
Commission for Medical College. : pp. 998-999.
Conference of Chief Secretaries of Eastern States. : p. 934.
Confidential Assistants. : p. 413.
Construction of roads under Bongaon-Bagdaha P. S. : p. 709.
Consumers' Co-operatives. : p. 1332.
Cost of sinking and resinking of tubewells. : pp. 997-998.
Cotton Textile Mills. : p. 199.
Crime figures. : p. 925.
Decrease in factory employment in West Bengal. : p. 615.
Declaration of Industrial Undertakings as Relief Undertakings. : p. 618.
Devastating fire in Darjeeling. : p. 907.
Different Categories of Officers in the West Bengal Police Service. : p. 925.
Disqualification for employment in Government Service on grounds of political association. : p. 924.
Distribution of Vested Land. : p. 1317.
Districtwise irrigated and non-irrigated areas. : p. 746.
Districtwise percentage of literacy. : pp. 1560-1561.
Disturbances in different Jails. : pp. 1019-1020.
Drought relief. : p. 520.

Earnings of Calcutta State Transport Corporation. : pp. 1117-1118.
Effect of power shortage on Jute Industry. : pp. 1257-1258.
Elections to the Managing Committees of Higher and Higher Secondary Schools. : p. 509.

Electrification of villages under Bagdah -Bongaon Block. : p. 9.
Electrification of villages under Jhargram subdivision. : pp. 1310-1311.
Electrification of villages under Kharagpur Local P. S. : pp. 951-952.
Employees of Calcutta State Transport Corporation. : p. 1343.
Employment in Haldia Port. : p. 1561.
Employment in Registered Factories. : p. 752.
Enquiry into the affairs of the Calcutta National Medical College. : p. 391.

Escape of prisoners from Burdwan District Jail. : pp. 1020-1021.
Expenditure on Vigilance Department. : p. 746.
External Agencies. : pp. 1546-1547.

Fertiliser Factory, Durgapur. : pp. 1558-1559.
Figures of unemployed as recorded in Employment Exchanges. : p. 948.
Film Industry in West Bengal. : p. 728.
Financial assistance to the retired players. : p. 743.
Flight of capital. : p. 1558.
Foreign Airlines. : pp. 1312-1313.
Foreign Mission Cultural Centres. : p. 932.
Forest products of Jhargram subdivision. : p. 598.
Forests of Midnapore district. : p. 411.
Forged Transport Permits. : p. 942.

Government control over recruitments in Private Sectors. : p. 932.
Government employees for polling duties. : p. 930.

Haldia Dock. : p. 414.
Hospitals and Health Centres in the State. : p. 630.
Hospital under Bongaon-Bagdah Block. : p. 396.
Howrah and Calcutta Ferry Services. : p. 514.

I. A. S. and I. P. S. Officers. : p. 930.
Incident in Burdwan Distrtct Jail. : pp. 1021-1022.
Increase in price of wheat at Kharagpur. : pp. 1429-1430.
Industrialisation of districts in West Bengal. : p. 199.
Industrially backward area Jhargram. : p. 1565.
Industry in Murshidabad. : pp. 1565-1566.
Institute of Technology. : p. 415.
Integration of the offices of B.D.O. with General Administration. : p. 155
Irrigation in Jhargram subdivision. : p. 1341.

Jail warders. : pp. 1101-1102.
Jaldhaka Projects. : pp. 1336-1337.
Jute Mills. : p. 1570.

Kakdwip Bazar Road. : pp. 1549-1550.
Khas Mahal Officer. : p. 14.

Lift Irrigation Schemes. : pp. 1023-1024.
Link between Writers' Buildings and District Administration. : p. 1557

Malpractices in the distribution of food and essential commodities. : pp. 95-9
Manufacture of Agricultural Implements. : pp. 1148-1149.
Messrs. Eastern India Trading Co. : pp. 1422-1423.
Metalling of Bharatpur-Salar Road and construction of a bridge the river Kuyan. : p. 720.
Minority Community Commission. : p. 914.
MISA against persons holding land in excess of the ceiling. : pp. 170-17
Misappropriation of money for evacuees from Bangladesh. : p. 483.
Multi-storied Building for M. L. As. : p. 1170.

New appointments of Scheduled Castes and Scheduled Tribes in Publ Undertakings. ; p. 1.
New Bus Route Permits. : pp. 1462-1463.

New Primary Schools. : pp. 1116-1117.

Outbreak of Cholera in Kharagpur Municipality. : p. 618.
Overtime allowance in the Durgapur Projects Ltd. : p. 634.
Overtime in Factories. : pp. 1412-1414.

Panchayat Staff. : p. 1458.
Pay-scales of workers of the C.T.C. Ltd. : p. 1154.
Per capita income in the State. : p. 1158.
Prevention of damages due to flood. : p. 199.

Rankings of districts according to Indices of Economic Developments. : p. 1179.
Recruitment of first grade players in Public Sectors. : p. 1553.
Re-employment of Retired Government Officers. : p. 626.
Regular payment to the Secondary School Teachers. : p. 1156.
Revised Pay-scale to State Government employees. : p. 398.
Revival and growth of Small-Scale Sector. : pp. 1320-1321.
Rural Electrification. : p. 749.
Rural employment under Crast Programmes. : p. 367.
Rural Industries Project in Midnapore. : p. 104.

Rural water-supply scheme. : p. 411.

"Sal" seeds as food. : p. 997.
Satyabala Debi Hospital. : p. 384.
Scheduled Castes and Scheduled Tribes candidates in Govt. Services. : pp. 1097-1101.

Schemes for construction of certain roads in Midnapore district. : p. 741.

Schemes for Elementary Health Services. : p. 400.
Schemes of irrigation. : pp. 1341-1342.
Security arrangements in Calcutta State Transport Corporation Depot Stores. : p. 1344.
Shortage of wagons. : p. 623.

Small Industrial Units. : p. 106.

Small-scale Industrial Units. : pp. 958-959.

Small-scale paper mill near Jhargram. : p. 1323.

Soil salinity in Midnapore district. : p. 528.

State-owned cottage industries. : p. 1345.

State Transport. : p. 751.

Strikes, lockouts and closures. : p. 85

Strikes and lockouts in the factories : p. 933.

Slow moving vehicles. : p. 1148.

Supply of power. : pp. 1331-1332.

Surplus power from Orissa. : p. 1335.

Taxes on motor vehicles. : p. 942.

Taxi permits. : p. 1027.

Transport facilities for celebration of the 25th Anniversary of Independence. : pp. 950-951.

Use of synthetics and effect on jute industry. : pp. 1330-1331.

Vacancies in the Cottage and Small-scale Industries Department. : pp. 949-950

Vacancies in the different State Govt. Undertakings. : pp. 1167-1169.

Vacancies in the Health (Rural Water Supply) Department. : p. 632

Vacancies in the Information and Public Relations Department. : p. 928

Vacancies in the Irrigation and Waterways Department. : p. 1169.

Vacancies in the Judicial Department. : p. 529.

Vacancies in the Legislative Department. : p. 529.

Vacancies in the Power Department. : p. 950.

Vacancies in the Wakf Branch and Wakf Board. : p. 416.

Vested Land. : p. 413.

Violation of the Provident Fund Scheme. : p. 595.

Wagon-breakers. : p. 1547.

West Bengal State Lotteries. : p. 409.

অকেজো গভীর নলকূপ। : p. 410.

অগ্নিকাণ্ডের ফলে গৃহহীনদের পুনর্বাসন ব্যবস্থা। : p. 1148.

অচল ও দুঃস্থ ব্যক্তিদের জন্য ভাতা। : p. 1150.

অঞ্চল পঞ্চায়ত সচিব। : p. 908.

অঞ্চলভিত্তিক মঞ্জুরীকৃত কালভার্ট। : pp. 1165-1167.

অঞ্চলভিত্তিক রেশন দোকান। : p. 1446.

অর্থ কমিশনের সুপারিশ তথা কেন্দ্রীয় অর্থবণ্টন নীতি। : pp. 1002-1006.

অর্থাভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণ। : p. 1326.

অবৈতনিক শিক্ষা ব্যবস্থা। : pp. 1028-1029.

আউশ, আমন ধান ও পাটের বীজ সরবরাহ। : p. 390.

আততায়ীর আঘাতে জনৈক ছাত্রের মৃত্যু। : p. 945.

আভ্যন্তরীণ নিরাপত্তা আইন প্রয়োগ। : p. 718.

আভ্যন্তরীণ নিরাপত্তা আইনে আটক সমাজবিরোধী। : p. 744.

আমদাবিল সংস্কার। : p. 1028.

আর, টি, এ। : p. 489.

আলিয়া মাদ্রাসায় অধ্যাপকের শূন্য পদগুলি পূরণের ব্যবস্থা। : p. 515.

আসানসোল দমকল বিভাগের কার্যালয় ভবন। : p. 941.

আসানসোল ও দুর্গাপুর মহকুমায় ইউনিয়ন বোর্ডের নির্বাচন। : pp. 182-184.

আসানসোল মহকুমা হাসপাতালের অ্যাম্বুলেন্স। : pp. 1016-1017.

আসানসোল মহকুমায় ডেয়ারী। : pp. 90-91.

আসানসোল মহকুমায় পানীয় জলের কূপ খনন। : p. 407.

আসানসোল মহকুমায় টেষ্ট রিলিফ। : p. 524.

আসানসোল মহকুমায় পানীয় জলের সমস্যা। : pp. 385, 1012-1014.

আসানসোল পৌর এলাকায় পানীয় জল সরবরাহ। : p. 898.

আসানসোল পৌর এলাকায় বৈদ্যুতিকরণ। : pp. 1316-1317.

আসানসোল শব ব্যবচ্ছেদাগার। : p. 629.

আসানসোল সরকারী হাসপাতাল। : p. 747.

আসানসোল সহরে ষ্টেডিয়াম। : p. 1557.

আসানসোল সেটিলাইট টাউনশিপ ওয়াটার ওয়ার্কস। : p. 914.

আহম্মদপুর সুগার মিল। : pp. 1258-1259.

ইছামতী নদীর উত্তরাংশ খননের ব্যবস্থা। : p. 18.

ইণ্ডিয়ান রবার ম্যানুফ্যাকচারার্স ফ্যাক্টরী। p. 1426.

ইন্দপুর থানা এলাকাধীন গ্রামসমূহে বৈদ্যুতীকরণ। : p. 926.

উচ্চতম সরকারী কর্মচারী বরখাস্ত। : pp. 943-944.

উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতাল ভবন। : p. 748.

উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থা। : p. 513.

উত্তরবঙ্গে চালু পাওয়ারলুম। : p. 15.

উত্তরবঙ্গের জঙ্গলে দুষ্প্রাপ্য পশু শিকার। : pp. 1423-1426.

উত্তর বাংলায় ফ্লাড প্রোটেকশন ও ইরিগেশন স্কীম। : pp. 1308-1309.

উদ্বাস্তু শিবিরে ডোল চালু। : p. 1149.

এফ, সি, আই কর্তৃক সরবরাহকৃত চাউল ও গম। : pp. 1009-1011.

এম, আর, টি, আর এবং জি, আর ডিলারদের বিতরণ কেন্দ্রে মাল পৌছানোর জন্য দেয় খরচের হার। : pp. 88-90.

ওয়াগনের অভাবে উন্নয়ন কাজ ব্যাহত। : pp. 1024-1025.

কৃষি আয়কর। : p. 401.

কবি নজরুল ইসলাম। : pp. 1107-1108.

কর্মচারী রাজ্যবীমা কর্পোরেশন। : p. 1447.

কমলপুর ও আমড়দহ স্বাস্থ্যকেন্দ্র। : pp. 992-993.

কর্মসংস্থান কেন্দ্রে তালিকাভুক্ত বেকারদের সংখ্যা। : pp. 620, 1433-1442.

কল্যাণী কৃষি-কলেজ। : pp. 1025-1026

কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়। : p. 399.

কল্যাণী বিশ্ববিদ্যালয়। : p. 1026.

কল্যাণী বিশ্ববিদ্যালয়কে কৃষি-বিদ্যালয়ে রূপান্তরিতকরণ। : p. 1025.

কল্যাণী স্পীনিং মিল। : pp. 1346-1348.

কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে দুর্নীতি। : pp. 1266-1269.

কলিকাতা কর্পোরেশনে ভুতুড়ে কর্মচারী। : p. 744.

কলিকাতা-দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে। : pp. 1525-1527.

কলিকাতা পুলিশের অধীন হোমগার্ড ও কনষ্টেবল। : p. 725.

কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকায় নিম্নমানের চাল। : p. 602.

কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের বাস। : pp. 1153-1154.

কলিকাতার রাস্তায় আলো। : pp. 1557-1558.

কলিকাতায় সিল-করা বোতলে দুগ্ধ সরবরাহ। : p. 527.

কলিকাতায় অনিয়মিত বিদ্যুৎ সরবরাহ। : p. 1322.

কলিকাতায় ষ্টেডিয়াম। : p. 903.

কয়লা খনিতে শ্রমিক ছাঁটাই। : pp. 93-94.
কাউরচণ্ডী গ্রামে জনৈক বিশিষ্ট ব্যক্তি লাঞ্ছিত। : p. 912.
কান্দি মহকুমায় রাস্তাঘাট। : p. 707.
কাঁকর ও পাথুরে মাটির নীচে চাষযোগ্য জমি। : p. 1315.
কাঁথি শহরে অবস্থিত ট্রেঞ্চিং গ্রাউণ্ড। : pp. 1552-1553.
কালীগঞ্জ থানায় আটক কালো অ্যাম্বাসাডার গাড়ি। : p. 723.
কুপার্স', রূপশ্রী-পল্লী শিবিরের ঘর। : p. 1018.
কুমারগঞ্জ ও গঙ্গারামপুর ব্লকে পাকা রাস্তা। : pp. 1535-1536.
কৃষি ঋণ। : pp. 1175-1177.
কৃষ্ণনগর সদর (নর্থ) মহকুমার হেডকোয়ার্টার। : p. 1553.
কেরানীদের প্রমোশন। : p. 927.
কোচবিহার জেলায় থানাভিত্তিক গ্রামে বৈদ্যুতীকরণ। : pp. 955-958.
খড়গ্রাম নির্বাচন কেন্দ্রের গ্রামসমূহে বৈদ্যুতিকরণ। : p. 1312.
খয়রাতি ও টেষ্ট রিলিফ স্কিমে খরচ। : pp. 1579-1580.
খরা এলাকায় ফসলহানি। : p. 1462.
খরা এলাকায় চাষীদের খাজনা মকুব। : pp. 1338-1339.
খরা এলাকায় পানীয় জল। : p. 1451.
খরা পরিস্থিতিতে খয়রাতি সাহায্য। : p. 507.
খরাত্রাণে সরকারী ব্যবস্থা। : p. 625.
খরাত্রাণে ষ্টাডি টিমের সুপারিশ। : p. 624.
খরা পরিস্থিতি মোকাবিলার জন্য সরকারী সাহায্য। : pp. 1143-1147.
খরা পরিস্থিতি মোকাবিলায় নলকূপ খনন। : p. 397.
খরায় মৃত্যু। : p. 624.
খাদি বোর্ডের সোসাইটি। : pp. 1323-1325.
ক্ষেত-মজুরদের ন্যূনতম মজুরি। : p. 619.
ক্ষুদ্র ক্ষুদ্র প্লটের জমির মালিকের জমি সরকারে ন্যস্ত। : pp. 1318-1319.
গড়বেতা থানার অন্তর্গত বিভিন্ন গ্রামের রাস্তা। : p. 913.
গ্রামশালিকা-মজলিশপুর রোড। : pp. 1548-1549.
গ্রামাঞ্চলে কুটীর ও ক্ষুদ্রশিল্প। : pp. 1274-1275.
গ্রামীন উন্নয়ন প্রকল্প। : pp. 1570-1571.
গ্রামীন বেকারদের কর্মসংস্থান। : p. 609.
গ্রামীন বৈদ্যুতিকরণ। : p. 1339.

গ্রামীন বৈদ্যুতীকরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান। : p. 927.
গৌরীপুর কুষ্ঠ কলোনী। : pp. 1453-1454.
গৌরীপুর লেপ্রসি কলোনী। : p. 1340.
গৌরীপুরে লেপ্রসি কলোনি। : p. 1017.

চটকলে নূতন কর্মসংস্থান। : pp. 92-93.
চণ্ডীতলা ও জাঙ্গিপাড়া থানা অন্তর্গত গ্রাম বৈদ্যুতীকরণ। : pp. 1314-1315.
চণ্ডীতলা ও জাঙ্গিপাড়া ব্লকে বৈদ্যুতিকরণ। : pp. 1277-1280.
চব্বিশপরগণা জেলার বিভক্তিকরণ। : p. 911.
চলচ্চিত্র উন্নয়ন সংস্থা। : p. 910.
চলচ্চিত্র শিল্প। : p. 909.
চাঁদপুর মৌজায় নলকূপ খনন। : p. 1173.
চিত্তরঞ্জনে দেশবন্ধু মহাবিদ্যালয়। : p. 1021.
চৌকিদারদের পোষাক। : pp. 1533-1535.

জঙ্গিপুর মহকুমায় চুরি ডাকাতি। : p. 906.
জনাই-বাক্সা-কৃষ্ণরামপুর রাস্তা। : p. 738.
জল নিকাশের অভাবে ফসল নষ্ট। : pp. 1172-1173.
জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসের শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ড। : pp. 1418-1420.
জয়নগর ব্লকে নলকূপ। : p. 1159.
জয়নগর ব্লকে সেচের ব্যবস্থা। : pp. 1259-1260.
জয়েন্ট এল, আর। : p. 381.
জাতীয় সড়ক। : p. 939.
৬নং জাতীয় সড়ক হইতে মাদপুর স্টেশন পর্য্যন্ত রাস্তা। : pp. 1555-1556.
জামুরিয়া ইলেকট্রিক সাপ্লাই কোং প্রাইভেট লিমিটেড। : p. 201.
জামুরিয়া-দরবারডাঙ্গা ভাঙ্গা রাস্তা। : p. 527.
জিতপুর ফরেষ্ট-এর বিট্ হাউস। : p. 745.
জুনিয়র হাইস্কুল। : p 415.
জুনিয়ার হাইস্কুল শিক্ষকদের বর্ধিত বেতন। : p. 510.
জে. এল. আর. ও অফিস। : p. 1455.
জেল থেকে কয়েদী পলায়ন। : p. 516.
জেলা পরিষদের রাস্তা। : p. 900.
জেলা সমবায় শিক্ষা নির্দেশক। : pp. 1568-1569.
জেলাওয়ারী বিভিন্ন গ্রাম বৈদ্যুতিকরণ। : pp. 1333-1334.

জেলাভিত্তিক ক্ষুদ্র শিল্প ও কুটির শিল্প। : pp. 1349-1351.
শ্রীজ্যোতি বসুর বিলাত ভ্রমণের ব্যয়ভার।: pp. 1430-1433.

ঝালদা-বাঘমুণ্ডি রোড।: p. 922.

টি. বি. হাসপাতাল।: pp. 1342-1343.
টিটাগড় ব্রিটানিয়া কারখানা।: pp. 1420-1422.

ডিপ টিউবওয়েল ও রিভার পাম্প। : pp. 1160-1161.

ঢাকেশ্বরী সূতাকল। : pp. 102-103.

তপসিলী জাতিদের জন্য গৃহ নির্মাণ। : pp. 1155-1156.
তালড্যাংরা অঞ্চল পঞ্চায়েত। : pp. 1538-1539.
তালড্যাংরা কেন্দ্রে লিফ্‌ট ইরিগেশন। : p. 526.
তালপুর গ্রামে স্বাস্থ্যকেন্দ্র। : pp. 1345-1346.
তুলা চাষ। : pp. 1035, 1162-1163.
তুলা ও চীনাবাদাম চাষ। : 390, 1011-1012.

ত্রাণকার্যে কাপড় জামা ক্রয়ের জন্য টেণ্ডার। : p. 492.
থিয়েটার বাবদ পৌর কর। : p. 1554.

দামোদা কয়লাখনিতে সি, আর, পি ক্যাম্প। : p. 731.
দাসপুর থানার কল্লিজোড় গোপীগঞ্জ রাস্তা। : p. 1554.
দাঁতন ১নং এবং ২নং ব্লকে গভীর নলকূপ। : p. 370.
জিরাট-বক্তারনগর গ্রামে সহায়ক স্বাস্থ্যকেন্দ্র। : p. 1171.
দুর্গাপুর আর, ই, কলেজ। : pp. 1556-1557.
দুর্গাপুর কোক-ওভেন কারখানায় কর্মী নিয়োগ। : pp. 1260-1261.
দুর্গাপুর দুগ্ধ উৎপাদন কেন্দ্রে কর্মচারী। : p. 596.
দুর্গাপুর দুগ্ধ প্রকল্প। : p. 938.
দুর্গাপুর গোপালপুর নৌবহ খাল। : pp. 1315-1316.
দুর্গাপুরে শান্তিশৃঙ্খলা। : p. 711.
দুর্গাপুরে সংঘটিত খুনের হিসাব। : 734.
দোমহানী-চুরুলিয়া রাস্তা। : p. 527.
দোমহানী-লালগঞ্জ রাস্তা। : p. 924.

নদীয়া জেলার বেকারদের চাকুরী। : p. 609.
নদীয়া জেলায় তাঁতশিল্প। : p. 1333.

নদিয়া জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা। : p. 737.
নদিয়া পেপার মেসিনারি লিমিটেড। : p. 528.
নবদ্বীপ ব্লকে পাকা রাস্তা। : 1537-1538.
নবদ্বীপে ফায়ার ব্রিগেড স্টেশন। : p. 1545.
নর্থ-ইষ্ট সালানপুর কয়লাখনিতে পুলিশ ক্যাম্প। : p. 730.
নলকূপ। : p. 1157.
নিম্ন দামোদর প্রকল্প। : p. 1322-1323.
নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি। : p. 386.
নূতন ডেয়ারী স্কীম। : p. 616.
নূতনভাবে সেটেলমেণ্ট-এর কাজ আরম্ভ। : pp. 1275-1277.

পঞ্চায়ত নির্বাচনী এলাকা নির্ধারণ। : p. 909.
পদ্মেরহাট-চালতাবেড়িয়ায় প্রাথমিক হাসপাতাল। : pp. 1170-1171.
পশুচিকিৎসকদের ফি ও টি এ। : pp. 1410-1412.
পশু হাসপাতাল। : pp. 1457-1458.
পশ্চিম দিনাজপুর জেলার ওয়াক্‌ফ এষ্টেট। : pp. 948-949.
পশ্চিম দিনাজপুর জেলায় টি, আর স্কীম। : pp. 1133-1142.
পশ্চিম দিনাজপুর জেলায় টোল কর। : p. 906.
পশ্চিম দিনাজপুর জেলায় শিবপুর মহিপাল দিঘি রাস্তা। : p. 1555.
পশ্চিমবঙ্গ পুলিসের মোটরযান। : p. 916.
পশ্চিমবঙ্গ রাজ্য লটারী। : pp. 1159-1160.
পশ্চিমবঙ্গ সমবায় ইউনিয়ন। : p. 1568.
পশ্চিমবঙ্গ সমবায় মৎস্যজীবী সমিতি। : pp. 1575-1577.
পশ্চিমবঙ্গে চাল ও গমের বাৎসরিক প্রয়োজনীয়তা। : pp. 1441-1445.
পশ্চিমবঙ্গে নিযুক্ত সি, আর, পি। : pp. 946-947.
পশ্চিমবঙ্গে বনভূমি। : pp. 1414-1415.
পশ্চিমবঙ্গে বাংলাদেশ হইতে উদ্বাস্তু আগমন। : pp. 1118-1119.
পশ্চিমবঙ্গে বিদেশী গোয়েন্দা সংস্থা। : p. 703.
পশ্চিমবঙ্গে বেআইনী অস্ত্র পাচার। : pp. 939-940.
পশ্চিমবঙ্গে "হিপি"। : p. 915.
পঁচিশ একর ও তদূর্দ্ধ জমির মালিক। : pp. 1262-1266.
পাইলট স্কীম। : p. 1456.

পাওয়ারলুম কো-অপারেটিভ। : pp. 1337-1338.
পাকা রাস্তা তৈয়ারী করিতে শ্লাজের ব্যবহার। : p. 712.
পাঞ্চেত ড্যাম। : pp. 1450-1451.
পাটের দর। : p. 400.
পানীয় জলের টিউবওয়েল। : pp. 978-992.
পাণ্ডুয়া থানায় সেচ বিভাগের কাজে কন্‌ট্রাক্টর। : pp. 1273-1274.
পি, ডাবলিউ, ডি-এর জায়গায় অবস্থিত আদিবাসীদের ঘরবাড়ী। : pp. 179-182.
পি, ডাবলিউ, ডি (বাঁকুড়া) ক্রীড়া পিচ। : p. 916.
পুরুলিয়া জেলার পৌর এলাকায় ও সাঁওতালদি তাপবিদ্যুৎ কেন্দ্রে দমকলের ব্যবস্থা। : p. 740.
পুরুলিয়া জেলার প্রাথমিক শিক্ষক। : p. 524.
পুরুলিয়া জেলায় অগ্নিনির্বাপণ কেন্দ্র। : pp. 184-185.
পুরুলিয়া জেলায় তারাগনা ও কাঁড়িশ্বর নদী বাঁধানো পরিকল্পনা। : pp. 1314-1315.
পুরুলিয়া জেলায় পর্যটন নিবাস। : p. 7.
পুরুলিয়া জেলায় রেফ্রেক্টরী ও বিয়ার কারখানা। : pp. 1261-1262.
পুরুলিয়া পৌর এলাকার পুকুরগুলিতে মৎস্য চাষ। : pp. 1535-1537.
পুরুলিয়া পৌর কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক শিক্ষক বরখাস্ত। : p. 920.
পুরুলিয়া মিউনিসিপ্যালিটির পুষ্করিণী। : p. 745.
পুরুলিয়া রিটায়ার্ড ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ার। : p. 928.
প্রদেশ ও জেলাভিত্তিক ত্রাণ ও সমাজ কল্যান কমিটি। : pp. 1112-1113.
প্রাথমিক বিদ্যালয় গৃহ উন্নয়ন ও মেরামত বাবত মেদিনীপুর জেলা স্কুল বোর্ডকে দেয় অর্থ। : pp. 1102-1103.
প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ। : pp. 1113-1115.
প্রাথমিক শিক্ষকগণের প্রভিডেণ্ট ফাণ্ড। : p. 1163.
প্রাথমিক শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড। : pp. 1110-1112.
প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র। : pp. 993-996.

ফরাক্কা প্রকল্প। : p. 1328.
ফরাক্কা বাঁধ। : pp. 1326-1327.
ফরাক্কার মাধ্যমে পশ্চিমবঙ্গে জল সরবরাহ। : p. 200.
ফায়ার ব্রিগেড স্টেশন। : p. 1457.

ফিসারি এক্সটেনশন অফিসার। : pp. 1032-1034, 1455-1456.
ফ্রেজারগঞ্জে সমুদ্রের ধারে বাঁধ। : pp. 1317-1318.
বক্রেশ্বর নদীর ধারে মজুত ইট, পাথরকুচি। : pp. 1551-1552.
বর্ধমান শহরে ব্যাহত বিদ্যুৎ সরবরাহ। : pp. 1291-1300.
বনগাঁ-বাগদা ব্লকে প্রাথমিক বিদ্যালয়। : p. 490.
বনহুগলি হাসপাতাল। : pp. 999-1001.
বন্যপ্রাণী সংরক্ষণ। : pp. 1427-1429.
বন্যার্ত এলাকার খাজনা মকুব। : pp. 1344-1345.
বন্যানিয়ন্ত্রণ ও ত্রাণের জন্য কেন্দ্রীয় সাহায্য। : p. 514.
বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা, পুনর্নির্মাণকল্পে বিভিন্ন জিলা পরিষদকে সাহায্য দান। : pp. 172-17
বন্ধ কলকারখানা খোলার ব্যবস্থা। : p. 599.
বন্ধ শিল্প প্রতিষ্ঠান। : pp. 1446-1447.
বরাকর শহরে মিউনিসিপ্যালিটী গঠণ। : p. 941.
বরাহনগর রবীন্দ্র হল। : p. 1157.
বরাহনগরে উদ্বাস্তু কলোনি সমূহের উন্নয়ণ। : pp. 1119-1121.
বসন্ত রোগ। : pp. 977-978.
বহরমপুর সেণ্ট্রাল জেলের ডাক্তার বদলী। : 1108-1110.
বহরমপুরে রাও জে. এন. রায় হাসপাতাল। : p. 200.
বড় জোতের মালিকের সংখ্যা। : p. 4.
বয়স্কদের শিক্ষাকেন্দ্র। : p. 498.
বাগদহ-বনগাঁ ব্লকে মঞ্জুরীকৃত পাকা রাস্তা। : pp. 177-178.
বাটা সু কোম্পানীর সেলস অফিস। : p. 1448.
বাতিল মিউনিসিপ্যালিটী। : p. 945.
বারাবনী থানার কার্যালয়। : p. 930.
বালুরঘাট শহরে আত্রেয়ী নদীর উপর সেতু। : p. 915.
বাড়ির পৌরকর বাবত কেন্দ্রীয় ও রাজ্যসরকারের নিকট কর্পোরেশনের পাওনা টাকা। : pp. 942-94
বাংলাদেশের মাছ। : p. 1154.
বাঁকুড়া কো-অপারেটিভ রাইস মিল। : pp. 1269-1271.
বাঁকুড়া জেলা পরিষদের কর্মচারী। : p. 921.
বাঁকুড়া জেলায় প্যাটেল ব্লক। p. 1452.

বাঁকুড়া জেলার বনজ সম্পদ হইতে সরকারী আয়। : p. 1427.
বাঁকুড়া জেলায় অনাহারে মৃত ব্যক্তি ও গবাদি পশু। : p. 1153.
বাঁকুড়া জেলায় কূপের সংখ্যা। : p. 408.
বাঁকুড়া জেলায় খয়রাতি সাহায্য। : pp. 626, 1105-1107.
বাঁকুড়া জেলায় গভীর নলকূপ। : pp. 974-975.
বাঁকুড়া জেলায় টেষ্ট রিলিফ। : p. 518.
বাঁকুড়া জেলায় দলপুর মহেশানা রাস্তা। : pp. 1528-1529.
বাঁকুড়া জেলায় পানীয় জল। : pp. 1460-1462.
বাঁকুড়া জেলায় পানীয় জলের নলকূপ। : pp. 1001-1002.
বাঁকুড়া জেলায় মাঠ কূয়া ( স্যালো ওয়েল ) : p. 409.
বাঁকুড়া জেলায় শিল্প। : p. 1561.
বাঁকুড়া-ঝাড়গ্রাম রাস্তা। : p. 913.
বাঁকুড়া ও পুরুলিয়া জেলার পাথরকুচি। : pp. 975-977.
বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় খরাত্রাণ। : p. 1121.
বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতাল। : p. 1338.
বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে জেনারেটরের অভাব। : p. 749.
বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে সেড নির্মাণ। : p. 1454.
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ। : p. 1340.
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ শিক্ষক। : pp. 1458-1460.
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল। : p. 748.
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতাল টেলিফোন। : p. 1453.
বাঁকুড়ায় পানীয় জল। : pp. 1571-1572.
বিজ্ঞান মন্দির। : pp. 1152-1153.
বি, টি, ট্রেনিং-এর সুযোগ। : p. 523.
বিদ্যুৎ ঘাটতি। : p. 1562.
বিধানসভা সদস্যদের আবাসগৃহ। : p. 901.
বিধানসভার সদস্যদের সরকারী বাসে যাতায়াতের জন্য পাশ প্রচলন। : pp. 1148-1149.
বিভিন্ন উন্নয়নমূলক বিভাগের কর্মকর্তাদের নাম ও শিক্ষাগত যোগ্যতা। : p. 737.
বিভিন্ন জেলায় নূতন স্বাস্থ্যকেন্দ্র। : pp. 1174-1175.
বিভিন্ন বিভাগের সচিব-পদে নিযুক্ত আই, এ, এস অফিসার। : p. 713.
বিভিন্ন শিবিরে উদ্বাস্তু পরিবার। : pp. 1017-1018.
বিভিন্ন জেলায় ষ্টেডিয়াম। : p. 1029.

বিভিন্ন শিল্পে কর্মরত বাঙ্গালী ও অবাঙ্গালী শ্রমিক। : pp. 1415-1418.
বিভিন্ন প্রকল্পের জন্য বরাদ্দকৃত কেন্দ্রীয় অর্থ। : pp. 1006-1009.
বিষ্ণুপুর থানায় বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ। : pp. 953-955.
বীজ বন্টন। : pp. 1015-1016.
বুলবুলচণ্ডী গ্রামের শিক্ষক খুন। : pp. 722, 923.
বেকার কৃষিস্নাতক। : p. 1025.
বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য সরকারী প্রকল্প। : pp. 1282-1285.
বেকার যুবকদের সমবায় সমিতির জন্য সরকারী জমি। : p. 1313.
বেকারদের চাকরি। : pp. 1433, 1562-1563.
বেসরকারী প্রতিষ্ঠানের চড়া দামে বিদ্যুৎ বিক্রয়। : p. 19.
বোলপুরে মহকুমা গঠণ। : pp. 953, 1528.
বোলপুর স্বাস্থ্যকেন্দ্র। : p. 630.
রেড রোডে "মার্কারি" বাতি। : p. 939.
ভগবানগোলা থানা এলাকায় টি, আর এবং জি, আর স্কীম। : p. 515.
ভগবানগোলা থানায় কৃষিঋণ। : p. 525.
ভগবানগোলা থানায় গবাদি পশু ক্রয় ও অন্যান্য ঋণবাবদ অর্থের পরিমাণ। : p. 391.
ভগবানপুর থানায় বিদ্যুৎ সরবরাহ। : pp. 1572-1575.
ভারত সরকারের কতিপয় অফিসের স্থানান্তরকরণ। : p. 935.
ভারতীয় মেডিক্যাল হলের বিরুদ্ধে তহবিল তছরূপের অভিযোগ। : p. 605.
ভূমিরাজস্ব খাতে টাকা আদায়ের পরিমাণ। : pp. 1290-1291.
ভূমিহীন কৃষককে জমি বিলি। : pp. 1451-1455.
মদনপুর ফিউজ ফ্যাক্টরী। : pp. 103-104.
মধুকুণ্ডার ইস্পাত কারখানা। : p. 10.
মধুকুণ্ডায় মিশ্র ইস্পাত কারখানা। : p. 11.
মন্ত্রীদের ঘরভাড়া, রাহা খরচ ইত্যাদি। : p. 530.
মনুষ্যত্ব সংস্থা। : p. 946.
মহম্মদবাজার ব্লকে বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ। : pp. 1285-1286.
মহম্মদবাজার ব্লকে বৈদ্যুতীকরণ। : pp. 1286-1290.
মহম্মদবাজার স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন। : p. 407.
মহম্মদবাজার স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিক পাখা। : p. 370.
মৎস্য আমদানি। : pp. 1030-1031.

মৎস্য চাষের জন্য খাল, বিল, পুকুর সংস্কার। : pp. 1150-1151.
মৎস্যজীবী। : pp. 1029-1030.
মৎস্যজীবীদের সরকারী সাহায্য। : pp. 1034-1035.
মৎস্যবিভাগ দ্বারা নলকূপ। : pp. 1566-1567.
মাছের মূল্যবৃদ্ধি। : p. 20.
মার্টিন রেলওয়ে। : pp. 1303-1307.
মাধ্যমিক শিক্ষকগণের মহার্ঘভাতা। : p. 1143.
মানসাই নদীর উপর সেতু। : p. 721.
মিউনিসিপ্যালিটীর কর্মীদের প্রভিডেন্ট ফাণ্ড। : p. 742.
মিনি বাস। : p. 486.
মিল্ক কলোনি সমূহে লাইসেন্সধারী গো-মহিষ পালক। : p. 607.
মিসা আইনে আটক ব্যক্তি। : p. 1550.
"মিসা" প্রয়োগ। : p. 716.
মুর্শিদাবাদ জেলা পরিষদের অবসরপ্রাপ্ত ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার। : p 739.
মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড। : pp. 495, 1155.
মুর্শিদাবাদ জেলায় টেষ্ট রিলিফ। : pp. 1578-1579.
মুর্শিদাবাদ জেলায় খরা অঞ্চলে নলকূপ। : p. 628.
মুর্শিদাবাদ জেলায় বন্যায় নিহত গবাদি পশু। : pp. 947-948.
মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন হেল্‌থ সেণ্টার। : p. 627.
মুর্শিদাবাদ সুইমিং অ্যাসোসিয়েশন। : p. 735.
মুড়ির ধান আমদানীর জন্য লাইসেন্স প্রাপ্ত সমবায় সমিতি। : pp. 1443-1444.
মেদিনীপুর ও, টি, রোডের পাশে পি ডবলু ডি-এর জমি দখল। : pp. 1524 1525.
মেদিনীপুর জেলার বিভিন্ন গ্রাম বৈদ্যুতিকরণ। : pp. 1301-1303.
মেদিনীপুর জেলায় টেষ্ট রিলিফ। : p. 751.
মেদিনীপুর জেলায় নূতন জে. এল. আর. ও অফিস। : pp. 1271-1273.
মেদিনীপুর জেলায় বিভিন্ন আদালতে ফৌজদারী কেস। : p. 918.
মেদিনীপুরে টেষ্ট রিলিফে পে-মাষ্টার ও মুহুরীদের বকেয়া পাওনা। : p. ·17.
মেদিনীপুরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় স্থাপন। : p. 1119.

রঘুনাথপুর পৌর এলাকায় পানীয় জলের অভাব। : p. 743.
রঘুনাথপুরকে মহকুমায় রূপান্তরিতকরণ। : p. 923.
রাজগ্রাম বিষপুরিয়া রাস্তা। : p. 910.
রাজনৈতিক নির্যাতিত (স্বাধীনতা সংগ্রামী) ব্যক্তিদের সাহায্য। : p. 372.

রাজস্বখাত হইতে বাঁকুড়া জেলা পরিষদকে দেয় অনুদান। : pp. 1521-1523.

রাজ্য কর্মচারী বীমা কর্পোরেশনের ঔষধের দোকান। : pp. 1447-1448

রাজ্য সমবায় সমিতি। : pp. 1580-1582.

রানাঘাট কোর্ট। : p. 1569.

রানাঘাট-গেদে এলাকায় সমাজবিরোধীদের তৎপরতা। : p. 727.

রানাঘাট থানা এলাকায় পুলিশ রিপোর্টের ভিত্তিতে মামলা। : p. 1551.

রানাঘাট ২নং ব্লকে ট্যাংরা খাল খনন। : p. 1314.

রানাঘাট ব্লকে বৈদ্যুতীকরণ। : p. 1567.

রানাঘাট ব্লকে স্যালো টিউবওয়েল। : pp. 1026-1027.

রানাঘাট মহকুমা স্বাস্থ্যকেন্দ্র। : pp. 1449-1450.

রানাঘাটে নূতন শিল্প। : pp. 1564-1565.

রাণীগঞ্জ জলসরবরাহ প্রকল্প। : p. 409.

রাণীগঞ্জ পৌরসভা। : p. 936.

রাসায়নিক সার বিতরণ-পদ্ধতি। : pp. 996-997.

রাস্তাঘাট, কালভার্ট মেরামত। : p. 1162.

রায়গঞ্জ ব্লকে পাকা রাস্তা। : p. 912.

রায়গঞ্জ ও বালুরঘাট মিউনিসিপ্যালিটি। : p. 920

রায়গঞ্জ মহকুমার বিভিন্নগ্রামে বৈদ্যুতীকরণ। : pp. 1280-1282.

রায়গঞ্জে রবীন্দ্র ভবন। : p. 482.

রিফিউজী রিভিউ কমিটী। : pp. 1332-1333.

লক্ষণপুর মৌজায় মঞ্জুরীকৃত কালভার্ট। : p. 200.

লবণ হ্রদে ষ্টেডিয়াম। : p. 903.

লাক্ষা ধুইবার মেসিন। : p. 1327.

লাম্প গ্রাণ্ট প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়। : p. 1024.

লেপ্রোসি কলোনীতে শয্যা সংখ্যা। : pp. 1452-1453.

শরণার্থীদের জন্য তাঁবু, ত্রিপল ও কাপড় ক্রয়। : pp. 1121-1133.

শ্রমিক কর্মচারী ও শিক্ষকগণের প্রভিডেণ্ট ফাণ্ড। : p. 1174.

শ্যামপুর থানার মৎস্যজীবীদের সাহায্য দান। : pp. 1115-1116.

শ্যামপুর থানার "মৌলা নেতাজী বিদ্যালয়ে" অগ্নিকাণ্ড। : p. 722.

শ্যামপুর থানায় জেলা বোর্ডের রাস্তা। : p. 741.

শ্যামপুর থানায় ভিলেজ রোড। : p. 739.

শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ ও বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয়। : p. 729.
শিক্ষা উপদেষ্টা কমিটি গঠন। : p. 493.
শিববাজার ( বেউদিয়ার ) নিকট খালের উপর সেতু। : p. 908.
শিবির কর্মচারীদের পুনর্নিয়োগ। : p. 511.
শিলিং-এর আওতায় ফলের বাগান। : p. 1257.
শিল্প জেলা গঠন। : p. 178-179.
শিল্পবিরোধ নিষ্পত্তির ব্যাপারে দীর্ঘসূত্রতা। : pp. 99-102.
সদরঘাটে দামোদরের উপর সেতু। : pp. 169-170.
সরকারী কাজে বাংলা ভাষা। : p. 944.
সরকারী খাস জমি। : pp. 1309-1310.
সরকারী জমিতে বায়নানামা স্কীমে পুনর্বাসন। : p. 523.
সরকারী ফার্মে পালিত গরু, মহিষ, ভেড়া ইত্যাদি। : p. 613.
সরকারী সংরক্ষণে পুরাকীর্তি। : pp. 1539-1545.
সরকারের পরিচালনাধীন কৃষিক্ষেত্র। : p. 399.
সহরতলী এলাকায় দুগ্ধ সরবরাহ। : pp. 1445-1446.
সংরক্ষিত বনাঞ্চল। : pp. 1448-1449.
সাব-ইন্সপেকটর অব স্কুলস এবং প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষক। : pp. 1149-1150.
সার উৎপাদন কারখানা। : p. 398.
সার বণ্টনের লাইসেন্স। : pp. 1563-1564.
সালানপুর ব্লকে শিল্পাঞ্চল বৈদ্যুতিকরণ। : pp. 1334-1335.
সাহেববাঁধ ও রাণীবাঁধে মৎস্য চাষ। : p. 485.
স্বল্পমূল্যে বনজাত দ্রব্য সরবরাহ। : p. 106.
স্নাতকোত্তর বিভাগে ভর্তির পদ্ধতি। : p. 513.
স্বাধীনতার রজত জয়ন্তী। : p. 704.
স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের অভাব। : p. 376.
সাঁইথিয়া ব্লকে গ্রাম বৈদ্যুতিকরণ। : p. 1313.
সাঁইবাড়ী হত্যাকাণ্ডের তদন্ত। : pp. 1529-1533.
সি. আর. পি. ও রিজার্ভ পুলিশবাহিনী। : p. 1555.
সিমলাপাল থানার কো-অপারেটিভ রাইস মিল। : p. 105.
সিমেন্টের দুষ্প্রাপ্যতা। : pp. 185-189.
সিল্ক মিল। : pp. 1171-1172.
সীমান্তবর্তী আখেরীগঞ্জে স্থায়ী পুলিশ ক্যাম্প। : p. 709.

সীমান্তবর্তী এলাকায় দুষ্কৃতকারীদের তৎপরতা। : p. 742.
সেন র‍্যালে সাইকেল কারখানা। : p. 612.
সেণ্ট্রাল গ্লাস অ্যাণ্ড সিরামিক রিসার্চ ইনস্টিটিউট। : pp. 1307-1308.
স্পোর্টস কাউন্সিল। : pp. 1177-1179.

হত্যাকাণ্ডের সমীক্ষা। : p. 720.
হরিণঘাটা দুগ্ধ প্রকল্প। : p. 936.
হরিসভা হিন্দু উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। : p. 488.
হলদিয়া উন্নয়ন প্রকল্প। : p 401.
হাওড়া জেলায় টেষ্ট রিলিফ। : p. 496.
হাসপাতাল ও হেল্‌থ সেন্টারগুলির উপদেষ্টা বোর্ড। : p. 416.
হাসপাতালে রোগী ভর্তির সমস্যা। : pp. 971-974.
হিমঘর। : p. 1583.
হিমঘরে চালু প্রভিডেন্ট ফাণ্ড। : p. 419.
হুগলী সেতু। : p. 1450.

**Rai, Shri Deo Prakash—**

**Demand(s) for Grant(s)—**

29—Medical, 30A—Family Planning. : pp 781-782
Devastating fire in Darjeeling. (Q) : p. 907.

**Ram, Shri Ram Peyare—**

**Demand(s) for Grant(s)—**

38—Labour and Employment. : pp. 450-451.

**Report of the Business Advisory Committee.** :
pp. 1238-1239.

**Ray, Shri Siddhartha Shankar—**

**Demand(s) for Grant(s)—**

23—Police. : pp. 1187-1190, 1246-1255.

Government Resolution on the taken over through an Ordinance of th

management of the Indian Iron and Steel Co., Ltd. by the Government of India for a period of two years. : pp. 821-822.

Statement on a Calling attention on the subject of murder of 4 Trade Union Workers at Chinakuri Colliery in Burdwan District on 27.7.1972. : pp. 1585-1586.

Statement on the death of Shri Charu Majumdar. : p. 1587.

Statement on a Privilege motion. : p. 960.

Statement on the taken over through an Ordinance of the management of the Indian Iron and Steel Co. Ltd. by the Government of India for a period of two years. : pp. 812-813.

**Roy, Shri Ananda Gopal—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Cottage Industries and 95—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries. : p. 47.

**Roy, Shri Aswini Kumar—**

Abbressive and Costing Factory Ltd. at Bally. (Q) : p. 1161-1162.

Closed and Sick Mills. (Q) : pp. 1164-1165.

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research. : pp. 553-556.

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1085-1088.

11—Taxes on Vehicles. : pp. 1628-1631.

Mention Cases. : pp. 429-430.

Overtime allowance in the Durgapur Projects Ltd. (Q) : p. 634.

কৃষি আয়কর। (Q): p. 401.

ক্ষেত মজুরদের ন্যূনতম মজুরি। (Q): p. 619.

খরা পরিস্থিতি মোকাবিলায় নলকূপ খনন। (Q): p. 397.

গ্রামীণ বেকারদের কর্মসংস্থান। (Q): p. 609.

চলচ্চিত্র উন্নয়ন সংস্থা। (Q): p. 910.

তুলা ও চীনাবাদাম চাষ। (Q): pp. 390, 1011-1012.

দুর্গাপুর দুগ্ধ উৎপাদন কেন্দ্রে কর্মচারী। (Q): p. 596.

বর্ধমান শহরে ব্যাহত বিদ্যুৎ সরবরাহ। (Q): pp. 1291-1300.

বড় জোতের মালিকের সংখ্যা। (Q): p. 4.

বিধানসভা সদস্যদের আবাসগৃহ। (Q): p. 901.

মৎস্য আমদানি। (Q): pp. 1030-1031.

রাসায়নিক সার বিতরণ পদ্ধতি। (Q): pp. 996-997.

লবন হ্রদে ষ্টেডিয়াম। (Q): p. 903.

সদরঘাটে দামোদরের উপর সেতু। (Q): pp. 169-170.

স্নাতকোত্তর বিভাগে ভর্তির পদ্ধতি। (Q): p. 513.

হরিসভা হিন্দু উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। (Q): p. 488.

হিমঘর। (Q): p. 1583.

হিমঘরে চালু প্রভিডেন্ট ফাণ্ড। (Q): p. 419.

**Roy, Shri Bireswar—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development.: p. 157.

22—Jails.: p. 1625.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc., 64—Famine Relief.: pp. 329-330.

23—Police.: pp. 1216-1217.

50—Public Works, 103—Capital Outlay on Public Works.: p. 282.

**Mention Cases.**: pp. 1352, 1590.

পশ্চিম দিনাজপুর জেলার ওয়াক্‌ফ এস্টেট। (Q) : pp. 948-949.
পশ্চিম দিনাজপুর জেলায় টোল কর। (Q) : p. 906.
বালুরঘাট শহরে আত্রেয়ী নদীর উপর সেতু। (Q) : p. 915.

**Roy, Shrimati Ila—**

**Demand(s) for Grant(s)—**

71—Miscellaneous—Contributions. : pp. 843-844.
Mention Cases. : pp. 110, 536-537.

কর্মচারী রাজ্যবীমা কর্পোরেশন। (Q) : p. 1447.
থিয়েটার বাবদ পৌর কর। p. 1554.
রাজ্য কর্মচারী বীমা কর্পোরেশনের ঔষধের দোকান। (Q) : pp. 1447-1448.

**Roy, Shri Jagadananda—**

**Demand(s) for Grant(s)—**

23—Police. : pp. 1210-1212.

**Roy, Shri Jatindra Mohan—**

পশ্চিম দিনাজপুর জেলায় টি, আর, স্কীম। (Q) : p. 1133-1142.
পশ্চিম দিনাজপুর জেলায় শিবপুর-মহিপালদিঘি রাস্তা। (Q) : p. 1555.
সরকারের পরিচালনাধীন কৃষিক্ষেত্র। (Q) : p: 399.

**Roy, Shri Krishnapada—**

**Demand(s) for Grant(s)—**

51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme. : p. 885.

মনুষ্যত্ব সংস্থা। (Q) : p. 946.

**Roy, Shri Madhu Sudan—**

**Demand(s) for Grant(s)—**

29—Medical, 30A—Family Planning. : pp. 815-816.
Mention Cases. : pp. 313, 757.

কোচবিহার জেলায় থানা ভিত্তিক গ্রামে বৈদ্যুতীকরণ। (Q) : pp. 955-958.

পশু হাসপাতাল। (Q) : pp. 1457-1458.

ফায়ার ব্রিগেড স্টেশন। (Q) : p. 1457.

মানসাই নদীর উপর সেতু। (Q) : p. 721.

**Roy, Shri Santosh Kumar—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Fisheries. : pp. 582-586, 592-593.

64—Famine Relief. : pp. 320-324, 360-365.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons writte off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, 71—Misce laneous—Relief to Refugees from Bangladesh, 109—Capital Outla on other Works—Expenditure on displaced persons, and Loans an Advances to displaced persons. : pp. 316-320, 360-365.

39—Miscellaneous Social and Developmental Organisations—Welfar of Scheduled Tribes and Castes and other Backward classes. : pp. 62-65, 81-84, 287-289, 293-294

Motion regarding Committee on the Welfare of Scheduled Castes an Scheduled Tribes. : pp. 32-33, 35.

Statement to correct certain figures quoted by him on the 9th July, 197 in course of the reply to the discussion on the Demand for Gra No. 38. p. 424.

**Roy, Shri Saroj—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial a Economic Development. : pp. 151-154.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, et 64—Famine Relief. : pp. 353-355.

Mention Case. : p. 1356.

গড়বেতা থানার অন্তর্গত বিভিন্ন গ্রামের রাস্তা। (Q) : p. 913.

**Saha, Shri Dwijapada—**

Mention Case. : p. 205.

**Saha, Shri Nirod Kumar—**

**Demand(s) for Grant(s)—**

28—Education. : pp. 692-693.
Mention Case. : p. 253.

জয়নগর ব্লকে নলকূপ। (Q) : p. 1159.
জয়নগর ব্লকে সেচের ব্যবস্থা। (Q) : pp. 1259-1260.
পদ্মেরহাট চালতাবেড়িয়ায় প্রাথমিক হাসপাতাল। (Q) : pp. 1170-1171.

**Saha, Shri Radharaman—**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries. : pp. 57-58.
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc.. on the abolition of the Zamindari System. : pp. 235-236.
Mention Case. : p. 250.

জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসের শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ড। (Q) : pp. 1418-1420.
নবদ্বীপ ব্লকে পাকা রাস্তা। (Q) : pp. 1537-1538.
নবদ্বীপ ফায়ার ব্রিগেড স্টেশন। (Q) : p. 154[illegible].

**Samanta, Shri Tuhin Kumar—**

**Demand(s) for Grant(s)—**

19—General Administration. : pp. 1485-1487.

Mention Case. : p. 32.

**Saren, Shri Dasarathi—**

পাইলট স্কীম। (Q) : p. 1456.

**Sarkar, Dr. Kanailal—**

**Demand(s) for Grant(s)—**

51A—Greater Calcutta Development Scheme and **106A—Capital Outla**
on Greater Calcutta Development Scheme. ; pp. 878-880.

29—Medical, 30A—Family Planning : pp. 782-786.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc.
64—Famine Relief. : pp. 349-350.

Elections to the Managing Committees of Higher and Higher Secondar
Schools. (Q) : p. 509.

Mention Cases. : pp. 113, 314.

**Sarkar, Shri Nilkamal—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes o
Agricultural Improvement and Research. : pp. 574-575.

**Sarkar, Shri Nitai Pada—**

**Demand(s) for Grant(s)—**

28—Education. : pp. 684-688.

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc
64—Famine Relief. : pp. 335-338.

Mention Cases. : pp. 424, 757, 1044.

অকেজো গভীর নলকূপ। (Q) : p. 410.

অর্থ কমিশনের সুপারিশ তথা কেন্দ্রীয় অর্থ-বণ্টন নীতি। (Q) : pp. 1002-1006.

অবৈতনিক শিক্ষা ব্যবস্থা। (Q) : pp. 1028-1029.

ইছামতী নদীর উত্তরাংশ খননের ব্যবস্থা। (Q) : p. 18.

উচ্চতম সরকারী কর্মচারী বরখাস্ত। (Q) : pp. 943-944.

উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতাল ভবন। (Q) : p. 748.

উত্তরবঙ্গের জঙ্গলে দুষ্প্রাপ্য পশু শিকার। (Q) : pp. 1423-1426.

উদ্বাস্তু শিবিরে ডোল চালু। (Q) : p. 1149.

এফ, সি, আই কর্তৃক সরবরাহকৃত চাউল ও গম। (Q) : p. 1009-1011.
কল্যাণী বিশ্ববিদ্যালয়কে কৃষি-বিদ্যালয়ে রূপান্তরিতকরণ। (Q) : p. 1025.
কল্যাণী স্পীনিং মিল। (Q) : pp. 1346-1348.
কলিকাতা কর্পোরেশনে ভুতুড়ে কর্মচারী। (Q) : p. 744.
কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের বাস। (Q) : pp. 1153-1154.
কলিকাতায় অনিয়মিত বিদ্যুৎ সরবরাহ। (Q) : p. 1322.
কলিকাতায় ষ্টেডিয়াম। (Q) : p. 903.
কুপার্স, রূপশ্রী-পল্লী শিবিরের ঘর। (Q) : p. 1018.

খরা এলাকায় ফসলহানি। (Q) : p. 1462.
খরাত্রাণে সরকারী ব্যবস্থা। (Q) : p. 625.
খরাত্রাণে স্টাডি টিমের সুপারিশ। (Q) : p. 624.
খরায় মৃত্যু। (Q) : p. 624.

চটকলে নূতন কর্মসংস্থান। (Q) : pp. 92-93.
জাতীয় সড়ক। (Q) : p. 939.
জেলাওয়ারী বিভিন্ন গ্রাম বৈদ্যুতিকরণ। (Q) : pp. 1333-1334.
জেলাভিত্তিক ক্ষুদ্রশিল্প ও কুটিরশিল্প। (Q) : pp. 1349-1351.
জুনিয়র হাই স্কুল। (Q) : p. 415.
টি, বি, হাসপাতাল। (Q) : pp 1342-1343.

নদীয়া জেলায় তাঁত শিল্প। (Q) : p. 1333.
নদীয়া জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা। (Q) : p. 737.
নদীয়া পেপার মেসিনারি লিমিটেড। (Q) : p 528.
নলকূপ। (Q) : p. 1157.
নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি। (Q) : p. 386.
নূতন ডেয়ারী স্কীম। (Q) : p. 616.

পশ্চিমবঙ্গ সমবায় মৎস্যজীবী সমিতি। (Q) : pp. 1575-1577.
পশ্চিমবঙ্গে নিযুক্ত সি. আর. পি.। (Q) : pp. 946-947.
পশ্চিমবঙ্গে বিদেশী গোয়েন্দা সংস্থা। (Q) : p. 703.
পাওয়ারলুম কো-অপারেটিভ। (Q) : pp. 1337-1338.
পাটের দর। (Q) : p. 400.
প্রাথমিক শিক্ষকগণের প্রভিডেন্ট ফাণ্ড। (Q) : p. 1163.

পুরুলিয়া পৌর কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক শিক্ষক বরখাস্ত। (Q) : p. 920.

ফরাকার মাধ্যমে পশ্চিমবঙ্গে জল সরবরাহ। (Q) : p. 200.

বন্যার্ত এলাকার খাজনা মকুব। (Q) : pp. 1344-1345.

বন্যানিয়ন্ত্রণ ও ত্রাণের জন্য কেন্দ্রীয় সাহায্য। (Q) : p. 514.

বন্ধ কল-কারখানা খোলার ব্যবস্থা। (Q) : p. 599.

বন্ধ শিল্প প্রতিষ্ঠান। (Q) : pp. 1446-1447.

বাতিল মিউনিসিপ্যালিটি। (Q) : p. 945.

বি, টি, ট্রেনিং-এর সুযোগ। (Q) : p. 523.

বিদ্যুৎ ঘাটতি। (Q) : p. 1562.

বিভিন্ন শিবিরে উদ্বাস্তু পরিবার। (Q) : pp. 1017-1018.

বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য সরকারী প্রকল্প। (Q) : pp. 1282-1285.

ভূমিহীন কৃষককে জমি বিলি। (Q) : pp. 1454-1455.

মন্ত্রীদের ঘরভাড়া, রাহা খরচ ইত্যাদি। (Q) : p. 530.

মৎস্যজীবী। (Q) : pp. 1029-1030.

মৎস্যজীবীদের সরকারী সাহায্য। (Q) : pp. 1034-1035.

মাধ্যমিক শিক্ষকগণের মহার্ঘভাতা। (Q) : p. 1143.

মিসা আইনে আটক ব্যক্তি। (Q) : p. 1550.

রাণাঘাট ২নং ব্লকে ট্যাংরা খাল খনন। (Q) : p. 1314.

রাণাঘাট মহকুমা স্বাস্থ্যকেন্দ্র। (Q) : p. 1449-1450.

রিফিউজী রিভিউ কমিটি। (Q) : pp. 1332-1333.

লাম্প গ্রান্ট প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়। (Q) : p. 1024.

শ্রমিক, কর্মচারী ও শিক্ষকগণের প্রভিডেন্ট ফাণ্ড। (Q) : p. 1174.

শিক্ষা উপদেষ্টা কমিটি গঠন। (Q) : p. 493.

শিবির কর্মচারীদের পুনর্নিয়োগ। (Q) : p. 511.

শিলিং-এর আওতায় ফলের বাগান। (Q) : p. 1257.

স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের অভাব। (Q) : p. 376.

স্পোর্টস কাউন্সিল। (Q) : pp. 1177-1179.

হাসপাতালে রোগীভর্তির সমস্যা। (Q) : pp. 971-974.

হুগলী সেতু। (Q) : p. 1450.

**Sau, Shri Sachinandan—**

**Demand(s) for Grant(s)—**

31—Agriculture—Fisheries. : p. 588.

19—General Administration. : pp. 1484-1485.

42—Multipurpose River Scheme, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (non-Commercial), etc. : pp. 1084-1085

23—Police. : pp. 1229-1230.

Mention Cases. : pp. 110, 252, 1354.

**Sautya, Shri Basudeb—**

Kakdwip Bazar Road. (Q) : pp. 1549-1550.

**Sen, Shri Bholanath—**

**Demand(s) for Grant(s)—**

71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on other Works. : pp. 1398-1402, 1407.

50—Public works, 103—Capital Outlay on Public Works. : pp. 254-258, 283-286

**Sen, Shri Sisir Kumar—**

**Demand(s) for Grant(s)—**

28—Education. : p. 698.

Mention Cases. : pp. 253, 539.

কমলপুর ও আমড়দহ স্বাস্থ্যকেন্দ্র। (Q) : pp. 992-993.

তপসিলী জাতিদের জন্য গৃহ নির্মাণ। (Q) : pp. 1155-1156.

শ্যামপুর থানার মৎস্যজীবীদের সাহায্য দান। (Q) : pp. 1115-1116.

শ্যামপুর থানার "মৌলা নেতাজী বিদ্যালয়ে" অগ্নিকাণ্ড। (Q) : p. 722,

শ্যামপুর থানায় জেলা বোর্ডের রাস্তা। (Q) : p. 741.

সাবইন্সপেক্টর অব স্কুলস এবং প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষক। (Q) : pp. 1149-1150.

হাওড়া জেলায় টেষ্ট রিলিফ। (Q) : p. 496.

**Sen Gupta, Shri Kumar Dipti—**

Amount sanctioned for sinking and resinking of tubewells. (Q) : p. 944.

Basantanala at Bharatpur. (Q) : pp. 1319-1320.

Bell-metal Industries. (Q) : p. 1345.

Berhampore Electric Supply Company Ltd. (Q) : p. 1311.

Cocoon Rearers. : pp. 1328-1330.

Cost of sinking and resinking of tubewells. (Q) : pp. 997-998.

**Demand(s) for Grant(s)—**

23—Police. : pp. 1196-1198.

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 270-272

Expenditure on Vigilance Department. (Q) : p. 746.

Financial assistance to the retired players. (Q) : p. 743.

Industry in Murshidabad. (Q) : pp. 1565-1566.

Manufacture of Agricultural Implements. (Q) : pp. 1348-1349.

Metalling of Bharatpur-Salar Road and Construction of a bridge on the river Kuyan. (Q) : p. 720.

Recruitment of 1st. grade players in Public Sectors. (Q) : p. 1553.

State-owned Cottage Industries. (Q) : p. 1345.

**Sheth, Shri Balailal—**

**Demand(s) for Grant(s)—**

28—Education. : p. 691.

23—Police. : pp. 1212-1213.

10—State Excise Duties. : pp. 1611-1613.

Mention Case. : p. 1182.

তালপুর গ্রামে স্বাস্থ্যকেন্দ্র। (Q) : pp. 1345-1346.

**Shukla, Shri Krishna Kumar—**

**Demand(s) for Grant(s)—**

71—Miscellaneous—Irrecoverable loans to displaced persons, etc., 64—Famine Relief : pp. 343-346.

**Singh, Shri Lal Bahadur—**

**Demand(s) for Grant(s)—**

38—Labour and Employment. : pp. 448-450.

**Singh, Shri Satya Narayan —**

**Demand(s) for Grant(s)—**

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. : pp. 155-156.

38—Labour and Employment. : pp. 466-468.

**Singhababu, Shri Phani Bhushan—**

**Demand(s) for Grant(s)—**

34—Co-operation. : pp. 127-128.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : pp. 229-230.

অঞ্চলভিত্তিক রেশন দোকান। (Q) : p. 1446.

ইন্দপুর থানা এলাকাধীন গ্রামসমূহে বৈদ্যুতীকরণ। (Q) p. 926.

কৃষি-ঋণ। (Q) : pp. 1175-1177.

ডালড্যাংরা অঞ্চল পঞ্চায়েত। (Q) : p. 1538-1539.

তালড্যাংরা কেন্দ্রে লিফ্‌ট ইরিগেশন। (Q) : p. 526.

বাঁকুড়া-ঝাড়গ্রাম রাস্তা। (Q) : p. 913.

বাঁকুড়া জেলায় খয়রাতি সাহায্য। (Q) : p. 626.

বাঁকুড়া জেলায় শিল্প। Q) : p. 1561.

সিমলাপাল থানার কো-অপারেটিভ রাইস মিল। (Q) : p. 105.

**Singha Roy, Shri Probodh Kumar—**

**Demand(s) for Grant(s)—**

37—Community Development Projects, National Extension Service ar Local Development Works, 109—Capital Outlay on other Works· Community Development Projects, etc. : pp. 1376-1377.

71—Miscellaneous—Irrecoverable· loans to displaced persons, et( 64—Famine Relief. : pp. 359-360.

Mention Case. : p. 1593.

কুমারগঞ্জ ও গঙ্গারামপুর ব্লকে পাকা রাস্তা। (Q) : pp. 1535-1536.

**Sinha, Shri Nirmal Krishna—**

**Demand(s) for Grant(s)—**

50—Public Works, 103—Capital Outlay on Public Works. : pp. 260-26

বক্রেশ্বর নদীর ধারে মজুত ইট, পাথরকুচি। (Q) : pp. 1551-1552.

**Sinha, Shri Panchanan—**

**Demand(s) for Grant(s)—**

28—Education. : pp. 682-683.

**Sinha Roy, Shri Bhawani Prosad—**

**Demand(s) for Grant(s)—**

19—General Administration : pp. 1505-1506.

35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industria and Economic Development—Cottage Industries. : pp. 52-53.

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. : pp. 154-155.

38—Labour and Employment. : pp. 468—470.

71—Miscellaneous—Panchayats : p. 860.

**Soren, Shri Jalram—**

**Demand(s) for Grant(s)—**

70—Forests. : pp. 1599-1601.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System : pp. 219-220.

**Speaker, Mr.**

Arrest of Members. : p. 753.

Observation by—regarding allotment of time for putting Supplementaries of a question. pp. 376, 395, 396.

Observation by—regarding non given of Calling Attention Statement before the House in due date. : pp. 306-307.

Observation by—regarding a point of Privilege raised by Shri Abdul Bari Biswas. : p. 198.

Observation by—regarding the time for raising of Privilege or point of order. : p. 898.

Presentation by—the 8th Report of the Business Advisory Committee. pp. 1238-1239.

**Statement under Rule 346—**

On the appointmeni of a Commission of Inquiry to enquire into the alleged possession of two lakh bighas of land by one Shri Gopal Chandra Guha alias Shri Amiya Guha of Village Gopalpur, Police Station Haroa, District 24-Parganas. : pp. 1383-1384.

On the clash between police and public who came to the maidar collecting tickets for Mohan Bagan and East Bengal football ch match on the 14th July, 1972. : pp. 846-847.

On the death of Shri Charu Majumdar. : p. 1587.

On the ownership of the black Ambassadar car referred to in the an to the starred question No. *176 of the 14th July 1972.
p.

On the supply of sugar. pp. 1587-1588.

On the taking over through an Ordinance of the management c Indian Iron and Steel Co. Ltd. by the Govenment of India period of two years. : pp. 812-813.

On the withdrawal of hunger-strike by Primary School teachers. :
p.

**Sur, Shri Ganapati—**

**Demand(s) for Grant(s)—**

71—Miscellaneous—Contributions. : pp. 844-846.

**Tirkey, Shri Iswar Chandra—**

**Demand(s) for Grant(s)—**

29—Medical,
30A—Family Planning. : pp. 808-810.

**Tudu, Shri Budhan Chandra—**

জেলা সমবায় শিক্ষা নির্দেশক। (Q) : pp. 1568-1569.

পশ্চিমবঙ্গ সমবায় ইউনিয়ন। (Q) : p. 1568.

**Wilson-De Rozes, Shri George Albert—**

**Demand(s) for Grant(s)—**

19—General Administration. : pp. 1509-1510.

51A—Greater Calcutta Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcutta Development Scheme· : pp. 888-889.

35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development. pp. 162-163, 166.

38—Labour and Employment. pp. 470-471.

9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to Land-holders, etc., on the abolition of the Zamindari System. : pp. 239-241.

29—Medical,

30A—Family Planning. pp. 797-799.

39—Miscellaneous Social and Developmental Organisations Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes. : pp. 292-293.

23—Police. : pp. 1227-1229.

Government Resolution on the taken over through an Ordinance of the management of the Indian Iron and Steel Co. Ltd. by the Government of India for a period of two years. : p. 324